শ্রীমনোরঞ্জন রায়: মাননীয় মন্ত্রিমহাশয় রাঙ্গামাটির কথা বললেন, সেখানে শ্রমিকরা জমি চাষ করছে, সেজন্য সেই জমিগুলি নেন নি, কিন্তু শ্রমিকদের জমি চাষ করার কোন কারণ নাই, শ্রমিকরা বেতন যা পায়, তা বাড়াবার জন্য আন্দোলন করছে, সেটা বাড়িয়ে দিলে জমি চাষের প্রয়োজন নাই। এবং হয়ত জমি নেওয়া ব্যাপারে মন্ত্রিমহাশয় জানেন না, শ্রমিকদের মধ্যে বিভেদ সৃষ্টি হয় এবং নানারকম দুর্নীতি হয় এবং ঐ শ্রমিকদের ক্ষেতে কাজ করার জন্য চা বাগানের কাজের ক্ষতি হয় সেদিক থেকে যারা ট্রেড ইউনিয়ন করেন তাঁরা শ্রমিকদের জমি দেওয়া হোক এটা চান্ না, বরং আপনারা এই জমি নিয়ে যেসমস্ত কৃষক ভূমিহীন তাদের দিলে ভাল ফসল উৎপাদন করতে পারে, সেদিক থেকে উৎপাদনের দিক থেকে উপকার হতে পারে এবং ভারত সরকার একবার এটা স্থিরও করেছিলেন যে অতিরিক্ত যেসমস্ত জমি আছে, চা বাগানে যা চা-চাষ বাড়াবার জন্য রাখেন না অথবা বাড়াবার কোন পরিকল্পনা নাই সেই সমস্ত জমি শ্রমিকদের দিয়ে চাষবাস করিয়ে নিচ্ছে সেগুলি ভূমিরাজস্ব বিভাগ কর্তৃক গৃহীত হবে এবং যেগুলি বণ্টন করা হবে ভূমিহীন কৃষকদের মধ্যে সেই নীতি পরিত্যাগ করলেন মালিকদের প্রেসারে এখন যে-সমস্ত জমি আছে আপনি বললেন রাঙ্গামাটির একটা উদাহরণ দিয়েছেন, এইরকম বহু

উদাহরণ আমি দিতে পারি, যেখানে চা বাগানের মালিকদের সম্প্রসারণের পরিকল্পনা নেই, সেই বাগানগুলি রেখেছেন নামে মাত্র কর দিয়ে অথবা বিনা করে, এই সমস্ত ইয়োরোপীয়ান বাগানে কর আগে ছিল না, বিনা করেই বাগানগুলি ভোগ করছে, এগুলি নেবেন না কেন, কি নীতি আছে? চা বাগানের মালিকদের সম্প্রসারণ ছাড়া যে জমিগুলি আছে সেগুলি কেন নিচ্ছেন না?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: সমস্ত জায়গায় বোধ হয় এক সূত্র প্রয়োগ করা যাবে না, যে জায়গায় বেশী পরিমাণ চাষের জমি আছে তা নিয়ে যেখানে ভূমিহীন কৃষকদের মধ্যে স্থানীয় অধিবাসী-দের মধ্যে বণ্টন করতে পারব সেখানে নিশ্চয়ই গ্রহণ করি। মোটামুটি এটাই নীতি। কিন্তু এমন অনেক জায়গা আছে সেখানে সেই জমিতে আমরা নিজেরা কিছু করতে পারব না, হয়ত আইসোলেটেড পকেট আছে, চারিদিকে চা বাগান, শ্রমিকরা চিরকাল চাষ করে চলেছে এবং তার বিনিময়ে তাদের পয়সা দিতে হয় নি, বাড়তি পারিশ্রমিক অর্জন করে বহু জায়গায়, এইরকম জায়গায় নেওয়া প্রয়োজন মনে করি না। অর্থাৎ শ্রমিকদের কল্যাণের দিকে দৃষ্টি রাখতে হবে এবং জমি নিয়ে ব্যবহার করতে পারি ভূমিহীন কৃষকদের মধ্যে বণ্টন করতে পারি অবস্থান এমন হওয়া উচিত শুধু মাত্র ধান চাষ হচ্ছে বলেই নিয়ে নেওয়া, এই নীতি গ্রহণ করলে ঠিক হবে না।

শ্রীমনোরঞ্জন রায়: শ্রমিকদের এতে অকল্যাণ হয়, শ্রমমন্ত্রিমহাশয় বলুন, যারা ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার শিল্পে কাজ করতে তাদের ঐ বাগানের মালিকরা এখনও পর্যন্ত সামন্ততন্ত্র বজায় রাখবার জন্য ইচ্ছামত বণ্টন করছে নিজেদের লোকদের ইউনিয়ন ভাঙ্গবার জন্য কাজে লাগাচ্ছে এগুলি নিয়ে কেন ভূমিহীন কৃষকদের দেবেন না, যে পকেটের কথা বলেছেন এইরকম জমি নয়, তদন্ত করার পর যে জমি বেরিয়েছে পরে আবার সেগুলি ফেরত দিয়েছেন।

(কোন উত্তর দেওয়া হয় নি।)

শ্রীভদ্র বাহাদুর হামাল: চা বাগানে যত জমি আছে সেই জমি সমস্ত চা-চাষে লাগে না। অনেক বস্তী আছে, যে জায়গায় চা হয় না, বড় বড় বাজার হয়ে গেছে, ছোট ছোট বাজার হয়ে গেছে সেই বাজারগুলি নিচ্ছেন না কেন? বাজার অনেক হয়েছে, অলরেডি অনেক বস্তী হয়েছে, মিডল ক্লাস বস্তী হয়েছে, অন্য লোক এসে ভোগ করছে, সেই জায়গাগুলি নিচ্ছেন না কেন সেটা জানতে চাই।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: যেসমস্ত জায়গা চা বাগানের অন্তর্ভুক্ত, আজকে বাজার গড়ে উঠেছে, তার কিছু কিছু আজকে গ্রহণ করেছি, সব বিবেচনা করে সঙ্গতি অসঙ্গতি লক্ষ্য রেখে কতকগুলি বাজার গ্রহণ করেছি।

[1-50—2 p.m.]

শ্রীভদ্র বাহাদুর হামাল: চা বাগানের ভেতর ওই রিদার্ন দেবার সময় চাষের জমি দিচ্ছেন না ওরা বলেছে চা বাগান করবো, আপনারা এনকোয়ারী করতে গেছেন, এনকোয়ারী করতে গিয়ে বলেছেন অমুক জায়গায় জমি আছে তাতে নূতন চা চাষ করবে। এইভাবে এটা বাদ পড়েছে, কিন্তু নূতন সে জমিতে চা চাষ করছেন না কৃষক তা পাচ্ছে না। এই ব্যাপারে সরকারের পলিসি কি জানতে চাই?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: চা বাগানের যে হিসাব দিয়েছে তা ভুল দিয়েছে, তারা মিথ্যা করে দিয়েছে কি অন্যায় করে দিয়েছে এটা মাননীয় সদস্যের সাজেশন এবং যেখানে চা বাগান হয় নি তাতে চা হতে পারে না। এমন জায়গায় চা হয় সেরকম জায়গার কথা বলা হয়েছে। মাননীয় সদস্য এ সম্বন্ধে অনেক কিছু বলেছেন কিন্তু আমি মাননীয় সদস্যকে বলছি আমাদের চা বাগানের মোটামুটি পরিমাণ চার লক্ষ ৮০ হাজার একর, তার মধ্যে আমার হিসাব ওদের দেওয়া হিসাব নয়, কারণ আমাদের সরকারী-কর্মচারীরা ওখানে গিয়ে মাপজোখ করে তবে হিসাব নিয়ে এসেছে, এক লক্ষ ৯২ হাজার ৬ শত ১৮ একর চায়ের জন্য ব্যবহৃত হয় অর্থাৎ চার লক্ষ ৮০ হাজার একরের মধ্যে দুই লক্ষ একর জায়গায় চা-গাছ [illegible] এবং বাকী জায়গাগুলির ক্ষেত ১৪ হাজার একর পতিত জমি চায়ের অযোগ্য বলে গণ্য হয়েছে। ১০ হাজার ৪ শত ৪০ একর চায়ের জন্য ৯৭ হাজার ৩ শত ৭৩ একর, বনজঙ্গলে ৮০ হাজার একর এবং অন্যান্যরকম যেমন

বাঁশের বন, নালা, ডোবা ইত্যাদি, এইসব নিয়ে আছে এক লক্ষ ৫৩ হাজার ৪ শত ১৬ একর। সুতরাং ওরা ব্যবসার জন্য মালিকরা রিটার্ন দিলেই সেটাই যে আমরা মেনে নেব তা নয়, আমরা নিজেরা দেখে তবে ঠিক করি। আমরা কারুর কথা মানি না।

Mayna-Paramanandapur-Pingla Road

***356.** (Admitted question No. *1868.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না-পরমানন্দপুর-পিংলা রাস্তা প্রস্তুতির জন্য কত লোকের মোট কত জমি সরকার দখল লইয়াছেন;

(খ) উক্ত রাস্তার জমির ক্ষতিপূরণ বাবত কতজনকে কত টাকা দেওয়া হইয়াছে; এবং

(গ) বাকী কয়জনকে এখনও টাকা দেওয়া হয় নাই?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

(ক) আনুমানিক পনের শত জনের প্রায় এক শত চার একর।

(খ) আনুমানিক বার শত জনকে প্রায় দুই লক্ষ পাঁচ শত চুয়াত্তর টাকা।

(গ) আনুমানিক তিন শত জন।

শ্রীঅনঙ্গমোহন দাস:

এই যে রাস্তা এগুলি দ্বিতীয় পরিকল্পনায় দখল নেওয়া হয়েছিল অর্থাৎ আজ থেকে ১০ বৎসর পূর্বে যে জমি দখল নেওয়া হয়েছে সেই সব লোকেদের আজও টাকা দেওয়া হচ্ছে না কেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

প্রায় ১,৫০০ জন লোক ক্ষতিপূরণ পাবে, তার মধ্যে প্রায় ১,২০০ জন লোককে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে, অবশিষ্ট যারা আছেন তাদের বিষয়ে আমরা দেখছি। যারা চার মাইলে রাস্তার মধ্যে আছেন তাদের ক্ষতিপূরণ দেওয়ার দিন ধার্য হয়েছে ১৯এ মার্চ এবং আমরা আশা করছি এর মধ্যে তাদের টাকা দিয়ে দেওয়া হয়েছে। বাকী দুই মাইলের জন্য আমাদের এস্টিমেট পূর্ত বিভাগের কাছে পাঠান হয়েছে, মঞ্জুরী না হলে দিতে পারব না।

শ্রীঅনঙ্গমোহন দাস:

এই যে লোকেদের দাম দীর্ঘদিন ধরে দেওয়া হচ্ছে না তাঁরা ফসল থেকে বঞ্চিত হচ্ছে কিন্তু তাদের আজ পর্যন্ত খাজনা বহন করতে হচ্ছে এই খাজনা বন্ধ করবার কোন বন্দোবস্ত করবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

আইনমত যে তারিখ থেকে তাদের জমি দখল নেওয়া হয়েছে সে তারিখ থেকে তাদের খাজনা দিতে হবে না কিন্তু যদি কেউ দিয়ে থাকে তবে তা ফেরত দেওয়া হবে।

শ্রীঅনঙ্গমোহন দাস:

এই খাজনার টাকা তারা ফেরত পেতে পারে তার জন্য আপনারা প্রচার করবার একটা ব্যবস্থা করবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

আমরা সবাই মিলে করলে তবে হবে।

High-level committee for the implementation of land reform measures

***357.** (Admitted question No. *1976.) **Shri Sanat Kumar Raha** Will the Minister-in-charge of the Land Revenue Department be please to state—

(a) whether any high-level committee to advise the Government fo achieving the real objective of land reform, has been consti tuted;

(b) If so, who are the members of the committee; and

(c) What are its recommendations?

Shri Syamadas Bhattacharyya: (a), (b) and (c) It has been decide to constitute a high-level committee with the following members in thi State to advise the Government on the implementation of the land reforn measures:

(1) Shri S. Bhattacharyya, Minister, Land and Land Revenue and Irrigation and Waterways Departments;

(2) Shri K. N. Das Gupta, Minister, Departments of Public Works, Roads, Construction Board and Housing;

(3) Shrimati Purabi Mukhopadhyay, Minister, Health Department;

(4) Shrimati Abha Maiti, Minister, Refugee, Relief and Rehabilitation Department;

(5) Shri T. Wangdi, Minister-in-charge, Tribal Welfare Department;

(6) Shri Ajoy Kumar Mukherjee, President, West Bengal Pradesh Congress Committee;

(7) Shri Dinabandhu Das, M.L.A.;

(8) Shri Arabinda Roy, M.L.A.;

(9) Shri Asoke Krishna Datta, M.L.A.;

(10) Shri Hemanta Kumar Basu, M.L.A.;

(11) Shri Shamsuddin Ahmed, M.L.A.;

(12) Shri Upendra Nath Barman, M.L.C.;

(13) Shri Sasanka Sekhar Sanyal, M.L.C.

(14) Shri Sukamal Kanti Ghosh, Editor, Jugantar;

(15) Shri Asoke Kumar Sarkar, Editor, Ananda Bazar Patrika;

with Secretary, Land and Land Revenue as convener.

The Committee has not started functioning and hence no question abou its recommendation arises.

শ্রীসনৎকুমার রাহা:

ভূমি সংস্কার সম্বন্ধে উচ্চ পর্যায়ের যে কমিটি গঠিত হয়েছে এটা মোটামুটি ক্যাবিনেট মিটিং-এ সিদ্ধান্ত নিয়েই করা হয়েছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, এই সম্পর্কে কোন নীতিগত ভিত্তি আছে কিনা যে কি ধরনের কার্য বাংলাদেশের ভূমি সংস্কারের জন্য কমিটির যোগ্য হতে পারে এইরূপ কোন নীতির ব্যাখ্যা দিতে পারেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

মাননীয় সদস্য যদি ক্যাবিনেট মিটিং-এর ভেতরের কথা জিজ্ঞাসা করেন তাহলে বলতে পারব না। তবে মোটামুটি প্ল্যানিং কমিশন যা বলেছিলেন যে ভূমি সংস্কারের কার্য যাতে ঠিকভাবে হয় বা ভূমি সংস্কার সম্পর্কিত নীতি যাতে ঠিকভাবে হয় সেই সম্পর্কে রিভিউ করবার জন্য একটা হাই পাওয়ার কমিটি করা দরকার। তারা বলেছিলেন ক্যাবিনেট-এর সদস্য এবং অন্যান্য সদস্যরা এই কমিটিতে থাকতে পারবেন। সেই জন্যই এই ধরনের কমিটি গঠিত হয়েছে।

শ্রীসনৎকুমার রাহা:

এখন আমরা দেখছি যে এর মধ্যে অনেক মিনিস্টারই আছেন যেমন খগেনবাবু আছেন; হেল্থ, রিলিফ-এর দুজন মিনিস্টার আছেন, উপজাতির মিনিস্টার আছেন এবং অজয়বাবু আছেন কংগ্রেস প্রেসিডেন্ট হিসেবে। শশাঙ্কশেখর সান্যাল আছেন, হেমন্তবাবু আছেন, ইত্যাদি এরা সব আছেন কিন্তু আমার বক্তব্য হল অজয়বাবুকে কি কংগ্রেস প্রেসিডেণ্ট হিসাবে রাখা হয়েছে না এম-এল-এ হিসাবে রাখা হয়েছে। দ্বিতীয় কথা হল ভূমিসংস্কার সম্বন্ধে বিশেষ দলের যাদের অভিজ্ঞতা আছে বা যারা এক্সপার্ট অপিনিয়ন দিতে পারেন বা রাখেন তাঁদের নেবার এতে কোনো সুযোগ আছে কিনা তাছাড়া এতগুলি মন্ত্রী রিলিফ-এর, হেল্থ-এর, উপজাতির ইত্যাদি সব নিয়ে এত ঢাকঢোল বাজাবার কি প্রয়োজন আছে তা জানতে চাই। এত বড় একটা উচ্চপর্যায়ের কমিটি যার সংগে হাউসের স্বার্থ নিয়োজিত আছে। আমি সেজন ——— করছি যে হাউস-এর এ সম্পর্কে কিছু জানার অধিকার আছে কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

মাননীয় সদস্য এই হাই লেভেল কমিটির কথা যা বলেছেন। আমি বলছি যে মতামত সম্পর্কে তাদের সংগে মতামত আমাদের নিশ্চয়ই পার্থক্য থাকতে পারে।

শ্রীজীবনকৃষ্ণ দে:

হাই লেভেল কমিটি যেটা মোটামুটি নাম করলেন তার, ঐ সমস্ত লোকেদের কবে বসাতে পারবেন [নো রিপ্লাই]

শ্রীসনৎকুমার রাহা:

এখানে কৃষি মন্ত্রিমহাশয় নেই, এটা আপনারা নীতিগতভাবে বলবেন যে আমাদের হাউস-এর সকলের এতে অনুমতি দরকার কিনা এবং বর্তমানে কৃষকসভা তা কংগ্রেসেরও আছে এবং বামপন্থীদেরও আছে তারা ভূমি এবং কৃষক নিয়ে কাজ করেন তাদের মতামত নেবার ব্যবস্থা আছে কিনা ঐ কমিটি গঠন করার ব্যাপারে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

কমিটি ইচ্ছা করলেই এ সব পারেন কমিটির মধ্যে কোন বাধ্যবাধকতা নেই।

শ্রীননী ভট্টাচার্য:

মন্ত্রিমহাশয় কমিটির কথা বললেন এবং কমিটি গঠন করার ব্যাপারে তারই উপর আমি সাপ্লিমেণ্টারী করছি যে এই যে হাই-লেভেল কমিটি তৈরী হয়েছে এর টার্মস অব রেফারেন্স কি এটা কি ক্যাবিনেট-এ বসে ঠিক হয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

The Committee should review the progress of implementation of land reforms measures periodically so that timely steps are taken to fill the gaps that might be noticed in the implementation of the programme.

শ্রীকমলকান্তি গুহ:

পত্রিকার সম্পাদকদের এতে রাখবার কি কারণ বা যুক্তি আছে বলবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

এটা মতামতের প্রশ্ন, মতামতের প্রশ্নর উপর সাপ্লিমেণ্টারী হয় না।

[2—2-10 p.m.]

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:

আমার সাপ্লিমেণ্টারী হচ্ছে এই যে, এই হাই পাওয়ার কমিটি কাজ আরম্ভ করার আগে এই কমিটি কিভাবে হওয়া উচিত সে সম্বন্ধে এসেম্বলীতে একটা আলোচনা হওয়া উচিত—সে সম্বন্ধে আমি স্পীকার মহাশয় আপনাকে বলছি। এবং মাননীয় মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করছি যে, তিনি কি মনে করেন যে এই কমিটি সিট করার আগে মোটামুটি সমস্ত-পক্ষের এসেম্বলীর সদস্যরা যাতে মত ব্যক্ত করতে পারেন সেই রকম একটা আলোচনার সুযোগ দেওয়া উচিত।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:
আমি মাননীয় সদস্যদের কাছে বলেছি যে, এই কমিটি কি উদ্দেশ্যে গঠিত হয়েছে। একচুয়েলী সেটাকে আমাদের এই কমিটির টার্মস অব রেফারেন্স বলা যেতে পারে। মাননীয় সদস্যগণ ভূমি সংস্কার সম্পর্কে যদি কোন মতামত প্রকাশ করেন তাহলে আমাদের নিশ্চয় বিশ্বাস আছে যে কমিটি সেই সমস্ত মতামত যথেষ্ট সম্মানের সঙ্গে এবং মনোযোগের সঙ্গে বিচার করে দেখবেন।

ডাঃ আবু আশাদ মহম্মদ ওবাইদুল গনি:
এই কমিটি কবে গঠিত হয়েছে এবং আজ পর্যন্ত কয়টি মিটিং করেছেন এ'রা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:
এই কমিটি অতি সম্প্রতি গঠিত হয়েছে—গত ক্যাবিনেটে বোধ হয় গঠিত হয়েছে এবং এখনও পর্যন্ত কোনও মিটিং হয় নি।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Financial assistance to the goldsmiths and Schedule Caste and Schedule Tribes students in West Bengal

768. (Admitted question No. 48.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কতজন স্বর্ণশিল্পী পরিবারের সন্তান এবং কয়জন আদিবাসী মঙ্গল বিষয়ে ছাত্রছাত্রী সরকারী সাহায্য লেখাপড়ার জন্য পাইতেছে?

The Minister for Education:

১৯৬৩-৬৪ সালে যাহারা লেখাপড়ার জন্য সরকারী সাহায্য পাইয়াছে তাহাদের সংখ্যা নিম্নে দেওয়া হইল:

জেলা		স্বর্ণশিল্পী পরিবারের সন্তানগণ	আদিবাসী ছাত্রছাত্রী
বাঁকুড়া	...	৫১৯	২,৯৫২
বীরভূম	...	৬২৬	২৫৫
বর্ধমান	...	৫৫৫	২৬৩
কোচবিহার	...	২৮২	৮১
দার্জিলিঙ	...	২৩৩	১,৭৮২
হুগলী	...	৪২৪	২৯৪
হাওড়া	...	৫৬৮	৬
জলপাইগুড়ি	...	১৪৬	১,৭০২
কলিকাতা	...	৩,১০২	১৮
মালদহ	...	২২৪	২৯৫
মেদিনীপুর	...	২,৩৮৪	৩,৬৬৭
মুর্শিদাবাদ	...	১,১৯৫	১০৮
নদিয়া	...	৮৩৪	১১৯
পুরুলিয়া	...	৫৭৯	২,০২৫
২৪-পরগনা	...	১,৮১০	৮১৬
পঃ দিনাজপুর	...	২৫৯	১,২১১
মোট	...	১৩,৭৪০	১৫,৭৩৪

Khas lands in Charkodla Mauza, Beldanga Circle

769. (Admitted question No. 584.)

প্রশ্ন ... মাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা সার্কেলের চরকোদলা মৌজার খাস জমি কত;

(খ) উক্ত জমিতে চাষ-আবাদ হইতেছে কিনা; এবং হইলে কারা আবাদ করিতেছে;

(গ) উক্ত জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে কিনা; এবং

(ঘ) বন্দোবস্ত দেওয়া হইলে কাহাকে কাহাকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) মোট ৩০·২৩ একর।

(খ) উক্ত জমির মধ্যে ১৬·৮৩ একর আবাদযোগ্য কৃষি জমিতে চাষ হইতেছে। যাহারা চাষ করিতেছে, তাহাদের নামের [illegible] এতৎসহ প্রদত্ত হইল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 769

Names of cultivators of khas lands of Mauza Charkodla for the year 1371 B.S.

1. Shri Nakul Sarkar, son of Hiru Sarkar of Char Mahula.
2. Shri Manmatha Sarkar, son of Nakul Sarkar of Char Mahula.
3. Shri Bagu Sarkar son of Gurudas Sarkar of Char Mahula.
4. Shri Sripati Sarkar, son of Hiru Sarkar of Char Mahula.
5. Shri Pagal Sarkar, son of Gour Sarkar of Char Mahula.
6. Shri Gour Sarkar, son of Hiru Sarkar of Char Mahula.
7. Shri Kalachand Sarkar, son of Debu Sarkar of Char Mahula.
8. Shri Nibaran Sarkar, son of Rasik Sarkar of Char Mahula.
9. Shri Banamali Sarkar, son of Bhakti Sarkar of Char Mahula.
10. Shri Dukhiram Sarkar, son of Badi Sarkar of Char Mahula.
11. Shri Tinkari Sarkar, son of Pada Sarkar of Char Mahula.
12. Shri Baikuntha Sarkar, son of Purna Sarkar of Char Mahula.
13. Shri Basan Sarkar, son of Mukunda Sarkar of Char Mahula.
14. Shri Rajani Sarkar, son of Felu Sarkar of Char Mahula.
15. Shri Bharat Sarkar, son of Shrihari Sarkar of Char Mahula.
16. Shri Pagal Sarkar, son of Rakhal Sarkar of Char Mahula.
17. Shri Bhupati Sarkar, son of Hiru Sarkar of Char Mahula.
18. Shri Bejo Sarkar, son of Gopi Sarkar of Char Mahula.
19. Shri Supinda Sarkar, son of Gurudas Sarkar of Char Mahula.
20. Shri Bhasai Sarkar, son of Gurudas Sarkar of Char Mahula.
21. Shri Amulya Sarkar, son of Rakhal Sarkar of Char Mahula.
22. Shri Jyotish Sarkar, son of Fatik Sarkar of Char Mahula.
23. Shri Gobinda Sarkar, son of Gostapada Sarkar of Char Mahula.
24. Shri Kanai Sarkar son of Ghatu Sarkar of Char Mahula.

25. Shri Dhananjoy Sarkar, son of Fatik Sarkar of Char Mahula.
26. Shri Gobordhan Sarkar, son of Joyram Sarkar of Char Mahula.
27. Shri Dasu Sarkar, son of Makhan Sarkar of Char Mahula.
28. Shri Kuber Sarkar, son of Gangaram Sarkar of Char Mahula.
29. Shri Bharat Sarkar, son of Karam Sarkar of Char Mahula.
30. Shri Khepachand Sarkar, son of Rakhal Sarkar of Char Mahula.
31. Shri Sadhu Sarkar, son of Krishna Sarkar of Char Mahula.
32. Shri Sudhir Sarkar, son of Tarapada Sarkar of Char Mahula.
33. Shri Kamal Sarkar, son of Gostha Sarkar of Char Mahula.
34. Shri Upen Sarkar, son of Biren Sarkar of Char Mahula.
35. Shri Sasthi Sarkar, son of Bagala Sarkar of Char Mahula.
36. Mahula Krishi Samabay Samity.
37. Shri Satan Ghosh, son of Kedar Ghosh of Mahula.
38. Shri Kalipada Pramanik of Kodla.
39. Shri Anadi Pramanik of Kodla.
40. Shri Kalipada Sarkar, son of Bhusan Sarkar of Char Mahula.
41. Shri Radha Nath Nandi of Mahula.
42. Shri Jadunath Nandy of Mahula.
43. Shri Baidya Nath Mondal, son of Jyotish Mondal of Mahula.
44. Shri Sudep Sarkar, son of Raghunath of Char Mahula.
45. Shri Protap Sarkar, son of Raghunath of Char Mahula.
46. Shri Situ Sarkar, son of Jharu Sarkar of Char Mahula.
47. Shri Bhudeb Sarkar, son of Jharu Sarkar of Char Mahula.
48. Shri Shyamapada Sarkar, son of Rishi Sarkar of Char Mahula.
49. Shri Bholanath Sarkar, of Char Mahula.
50. Shri Rishi Sarkar of Char Mahula.
51. Shri Shyamapada Nandi, son of Abinash of Mahula.
52. Shri Tarapada Nandi, son of Ganga Nandi of Mahula.
53. Shri Subrata Nandi of Mahula.
54. Shri Jitendra Kumar Nandi of Mahula.
55. Shri Dilip Nandi of Mahula.
56. Shri Satan Ghosh, son of Kedar of Mahula.
57. Shri Jamuna Singh, son of Rambridge of Pakamati Mahula.
58. Shri Gadadhar Sarkar of Char Mahula.
59. Mahula Krishi Samabay Samity.
60. Shri Ram Sarkar, son of Janaki of Char Mahula.

Public Sector Undertaking

770. (Admitted question No. 925.)

শ্রীসনৎকুমার রাহাঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারের আয়ত্তে (পাবলিক সেক্টর) কতগুলি কারখানা আছে;

(খ) এই কারখানাগুলির নাম কি;

(গ) কোন্ কোন্ কারখানা ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে লাভ করিতে পারিয়াছে;

(ঘ) কোন্ কোন্ কারখানায় লোকসান হইয়াছে; এবং

(ঙ) এই লোকসানের কারণ কি?

The Minister for Commerce and Industries:

(ক) ১১টি।

(খ), (গ) এবং (ঘ) সংলগ্ন তালিকায় বর্ণিত হইল।

(ঙ) সম্প্রসারণমূলক পরিকল্পনা চালু করার জন্য এবং উৎপাদিত দ্রব্যের মূল্য নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক হওয়ায় দুর্গাপুর প্রকল্পে লোকসান হইয়াছে। অন্যান্য সংস্থাগুলি প্রধানত ক্ষুদ্রশিল্পের উন্নয়নে সহায়তা বিধানের জন্য স্থাপিত হইয়াছে। তজ্জন্য ইহাদের পক্ষে লাভ করিবার মত প্রয়োজনীয় উৎপাদন করা সম্ভব নহে।

Statement referred to in reply to clauses (kha), (ga) and (gha) of unstarred question No. 770.

মিক নং	শিল্প সংস্থাগুলির নাম	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
		াভ অথবা লোকসান।	লাভ অথবা লোকসান।
১	কল্যাণী স্পিনিং মিলস্ লিঃ	লাভ	লাভ।
২	ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীজ আণ্ডার-টেকিং।	লাভ	লাভ।
৩	কাটলারী সারভিসিং ষ্টেশন	লাভ	লাভ।
৪	মেকানিক্যাল টয় মেকিং সেণ্টার	লাভ	লাভ-লোকসান হয় নাই।
৫	সেণ্ট্রাল লক ফ্যাক্টরী	লাভ-লোকসান হয় নাই	লাভ।
৬	সার্জিক্যাল ইন্‌স্ট্রুমেণ্ট সেণ্টার, বারুইপুর।	লাভ-লোকসান হয় নাই	লাভ-লোকসান হয় নাই।
৭	ইন্টিগ্রেটেড স্কিম ফর উড ইণ্ডাষ্ট্রীজ	লোকসান	লোকসান।
	স্কিম ফর ডেভোলপমেণ্ট অব বোন চায়না এণ্ড ফাইন আর্দেনওয়ারস।	লোকসান	লোকসান।
	সাপ্লাই অব প্রোসেস্‌ড ক্লে ফর সেনিটারী ওয়ার্কস।	লোকসান	লোকসান।
	দুর্গাপুর প্রাজেক্টস লিমিটেড	লোকসান	লোকসান।
	ব্রীক এণ্ড টাইল বোর্ড	লাভ	লোকসান।

Recruitment of teachers in Primary Schools

771. (Admitted question No. 974.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্য: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা অনুসারে শিক্ষক নিযুক্তির নিয়ম কি;

(খ) ইহা কি সত্য যে, উক্ত নিয়মানুসারে মেদিনীপুর স্কুল বোর্ড শিক্ষক নিয়োগ করিতেছেন না; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Education:

(গ) ছাত্রসংখ্যা অনুসারে শিক্ষক নিযুক্তির নীতি নিম্নরূপঃ

(১) ৫০ জন ছাত্রসংখ্যা পর্যন্ত ১ জন শিক্ষক।

(২) ৫০ হইতে ৯০ জন ছাত্রসংখ্যায় ২ জন শিক্ষক।

(৩) ৯০ হইতে ১৩৫ জন ছাত্রসংখ্যায় ৩ জন শিক্ষক।

(৪) ১৩৫ জন ছাত্রের উর্ধ্বে প্রতি ৪০ জন বা তদংশ সংখ্যক ছাত্রের জন্যে ১ জন করিয়া বাড়তি শিক্ষক।

(খ) না।

(গ) এই প্রশ্ন উঠে না।

Profit and Loss Account of the Public Sector Industries

772. (Admitted question No. 1041.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে সরকারী পরিচালনায় শিল্পসমূহে ঐ শিল্পসমূহ স্থাপন সময় হইতে ১৯৬৪ সাল পর্যন্ত লাভ-লোকসানের খতিয়ান কি?

The Minister for Commerce and Industries:

সংলগ্ন তালিকায় বর্ণিত হইল।

Statement referred to in reply to unstarred question N

ক্রমিক নং এবং শিল্প সংস্থার নাম	১৯৫৬-৫৭		১৯৫৭-৫৮		১৯৫৮ ৫৯		১৯৫৯-৬০	
	লাভ	লোকসান	লাভ	লোকসান	লাভ	লোকসান	লাভ	লোকসান
(১) কল্যাণী স্পিনিং মিলস লিমিটেড।	..	..	..	..	..	..	..	..
(২) ওরয়েন্টাল গ্যাস কোম্পানীজ আণ্ডার-টেকি।	..	..	..	..	..	..	..	..
(৩) কাটলারী সারভিসিং স্টেশান।	..	..	..	..	..	১৬,০০০	..	২৬,০০০
(৪) মেকানিক্যাল টয় মেকিং সেণ্টার।	..	..	..	..	..	..	..	..
(৫) সেণ্ট্রাল লক ফ্যাক্টরী	..	..	..	..	..	২৩,০০০	..	২১,,০০০
(৬) সার্জিক্যাল ইনস্ট্রু-মেণ্ট সেণ্টার, বারুইপুর।	..	..	..	..	..	৩২,০০০	..	৩৭,০০০
(৭) ইন্টিগ্রেটেড্ স্কিম ফর উড ইণ্ডাষ্ট্রীজ।	..	১০,০০০	..	৫৪,০০০	..	১,৯১,০০০	২২,০০০	..
(৮) স্কিম ফর ডেভালাপ-মেণ্ট অব বোন চায়না এণ্ড ফাইন আর্দেন ওয়্যারস।	..	..	..	..	..	..	..	৬২,০০০
(৯) সাপ্লাই অব প্রোসেস্ড ক্লে ফর সেনিটারী ওয়্যারস্।	..	..	..	..	..	..	..	৪৫,০০০
(১০) দুর্গাপুর প্রোজেক্ট লিঃ	..							..
(১১) ব্রীক এণ্ড টাইল বোর্ড	..							..

ক্রমিক নং এবং শিল্পসংস্থার নাম	১৯৬০-৬১		১৯৬১-৬২		১৯৬২-৬৩		১৯৬৩-৬৪	
	লাভ	লোকসান	লাভ	লোকসান	লাভ	লোকসান	লাভ	লোকসান
(১) কল্যাণী স্পিনিং মিলস লিমিটেড।	..	৩,০২,০০০	..	৮,৮৭,০০০	১৮,৮৭,০০০	..	২৬,৯৫,০০০	..
(২) ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীজ আণ্ডারটেকিং।	..	..	৭,৪৮,০০০ (১৭-১১-৬০ হইতে ৩১-৩-৬২ পর্যন্ত প্রভিশনাল)	..	১,২১,০০০ (প্রভিশনাল)	..	৪,৬৯,০০০ (প্রভিশনাল)	..
(৩) কাটলারী সারভিসিং স্টেশান।	..	১৩,০০০	..	১৮,০০০	১,০০০	..	৪,০০০	..
(৪) মেকানিক্যাল টয় মেকিং সেণ্টার।	৪,০০০	..	৪,০০০	..	২,০০০	..	..	..
(৫) সেণ্ট্রাল লক ফ্যাক্টরী	..	৩৭,০০০	..	৫১,০০০	..	..	৬,০০০	..
(৬) সাজিক্যাল ইনস্ট্রুমেণ্ট সেণ্টার, বারুইপুর।	..	১০,০০০	..	..	..	..	..	..
(৭) ইন্টিগ্রেটেড স্কিম ফর উড ইণ্ডাষ্ট্রীজ।	..	১,৫৯,০০০	..	২,৬০,০০০	..	৩,০৩,০০০	..	১,৫৭,০০০
(৮) স্কিম ফর ডেভোলাপমেণ্ট অব্ বোন চায়না এণ্ড ফাইন আর্দেন ওয়ারস।	..	৬১,০০০	..	৬০,০০০	..	৩২,০০০	..	৪৯,০০০
(৯) সাপ্লাই অব্ প্রোসেস্‌ড ক্লে ফর সেনিটারী ওয়ারস।	১,০০০	..	..	২,০০০	..	১১,০০০	..	১,২৬,০০০
(১০) দুর্গাপুর প্রোজেক্টস লিঃ	..	..	*২,২৭,০০০ (*১৫-৯-৬১ হইতে ৩১-৩-৬২ পর্যন্ত)	..	..	৩৮,৭২,০০০	..	১,০৫,২৫,০০০
(১১) ব্রীক এণ্ড টাইল বোর্ড	..	..	..	..	৩৮,০০০	..	..	২,৮৭,০০০

Mustard seed

773. (Admitted question No. 1047.

শ্রীশম্ভুচরণ ঘোষ: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এই বৎসর কত পরিমাণ সরিষা উৎপন্ন হইয়াছে; এবং

(খ) পশ্চিমবঙ্গে এই বৎসরে অন্য রাজ্য হইতে কত পরিমাণ সরিষা আমদানি হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ১৯৬৩-৬৪ ফসল বৎসরে সরিষার মোট উৎপাদন ২৮·১ হাজার টন। ১৯৬৪-৬৫ সালের ফসলের হিসাব এ যাবত প্রস্তুত হয় নাই। তবে আশা করা যাইতেছে যে, ইহার মোট উৎপাদন এই বৎসরে বৃদ্ধি পাইয়াছে।

(খ) ১৯৬৩-৬৪ সালে আমদানির পরিমাণ ১৮০·৩ হাজার টন ও ১৯৬৪-৬৫ প্রথম পাঁচ মাসে যথা, এপ্রিল হইতে অগাস্ট ১৯৬৪, ৫৮ হাজার টন আমদানি হইয়াছে।

Subsidised Food Shop

774. (Admitted question No. 1057.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন কল-কারখানায় যেখানে কমপক্ষে ৩০০ শ্রমিক নিযুক্ত আছে, সেখানে সাবসিডাইজড খাদ্য বিপণি খোলার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা; এবং

(ক) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কবে নাগাদ তাহা কার্যকর হইতে পারে?

The Minister for Food and Supplies:

(ক) সাবসিডাইজড খাদ্য বিপণি খোলার কথা এ যাবত স্থিরীকৃত হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

Primary Schools in Midnapore district

775. (Admitted question No. 1214.)

শ্রীনগেন দোলুই: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গ্রাম ও শহরে কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে; এবং

(খ) ঘাটাল ও দাসপুর থানায় ১৯৬৫-৬৬ সালে শহরে ও গ্রামে কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদিত হইবার প্রস্তাব আছে?

The Minister for Education:

(ক) মেদিনীপুর জেলায় গ্রাম ও শহরের বিদ্যালয়গুলির সংখ্যা নিম্নে দেওয়া হইল:

প্রাক্-প্রাথমিক—২২
প্রাথমিক—৫,৫৬৯
নিম্ন বুনিয়াদী—১৪২
উচ্চ বুনিয়াদী—২৫
নিম্ন মাধ্যমিক—৩৫৯
উচ্চ বিদ্যালয়—১৪৮
উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়—১৯৭

মোট—৬,৪৬২

(খ) ১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ শহরাঞ্চল প্রাথমিক শিক্ষা আইনের ৩নং ধারা অনুযায়ী (১) ঘাটাল, (২) চন্দ্রকোণা, (৩) রামজীবনপুর, (৪) ক্ষীরপাই, (৫) খড়ার পৌর এলাকাগুলিতে অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু করার জন্য ঐসকল পৌর-কর্তৃপক্ষকে প্রয়োজনীয় তথ্যাদি পেশ করিতে অনুরোধ করা হইয়াছে। উপরি-উক্ত পৌর-কর্তৃপক্ষদিগের নিকট হইতে তথ্যাদি পাওয়ার পর সংশ্লিষ্ট এলাকায় নূতন বিদ্যালয়ের প্রস্তাব বিবেচনা করা যাইবে।

এক মাইলের মধ্যে কোন অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় নাই, এবং ৬—১১ বৎসর বয়স্ক শিশুর সংখ্যা কমপক্ষে ১৫ জন—ঘাটাল থানায় এরূপ ৯টি গ্রামের জন্য নূতন প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরীর বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। দাসপুর থানায় এইরূপ কোন গ্রাম না থাকায়, নূতন বিদ্যালয় স্থাপনের কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

Bridge over the Tangon River in Malda district

776. (Admitted question No. 1311.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মালদহ জেলার মালদহ কোর্ট স্টেশন ফেরীঘাট হইতে সিঙ্গাবাদ পর্যন্ত যে পাকা রাস্তা তৈয়ারি হইতেছে তাহার মধ্যস্থলে টাঙ্গন নদীতে ব্রীজ নির্মাণ না হওয়ার জন্য যানবাহন চলাচলের ভীষণ অসুবিধার সৃষ্টি হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে কতদিনের মধ্যে উক্ত ব্রীজের নির্মাণকাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) মাসেকের মধ্যে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

Bhagirathi Bridge at Murshidabad

777. (Admitted question No. 1584.)

শ্রীশম্ভুগোপাল দাস: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় ভাগীরথী নদীর উপর ব্রীজটির নির্মাণকার্য কতদিনে সমাপ্ত হইবে?

The Minister for Public Works (Roads):

১৯৬৫ সালের মধ্যে সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

Bharatpur-Lohadahaghat Road in Murshidabad district

778. (Admitted question No. 1589.)

শ্রীশম্ভুগোপাল দাস: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার 'ভরতপুর' থানার ভরতপুর হইতে লোহাদহঘাট পর্যন্ত পাকা রাস্তা নির্মাণ করার কোন প্রস্তাব সরকারের আছে কিনা; এবং

(খ) প্রস্তাব থাকিলে, কতদিনের মধ্যে কাজ শুরু হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Jalangi-Berhampore Road in Jalangi police-station, Murshidabad

779. (Admitted question No. 1635.)

শ্রীআবদুল বারী মোক্তার: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার সাদিখাঁর দেয়াড়স্থিত জলঙ্গী প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্র হইতে জলঙ্গী বহরমপুর পাকা রাস্তা পর্যন্ত যে সংযোগ সড়ক আছে, উহাকে পাকা রাস্তা করার কোন সরকারী প্রস্তাব আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে তাহা কতদিনের মধ্যে কার্যকরী হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Paddy Purchasing Centres in Jhargram subdivision, Midnapore

780. (Admitted question No. 1667.)

শ্রী[illegible] মাহাত: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কোন্ কোন্ থানায়, কোথায় কোথায় ধান্যক্রয় সেণ্টার স্থাপন করিয়াছেন;

(খ) কোন্ কোন্ সেন্টারে আজ পর্যন্ত কত পরিমাণ ধান্য ক্রয় হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, নয়াগ্রাম থানায় এখনও কোন সেণ্টার খোলা হয় নাই; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) এবং (খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) না।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 780

Names of approved paddy-purchasing centres of the Government in Jhargram subdivision in Midnapore district and quantity of paddy purchased up to 28th February, 1965 from 1st January, 1965 at each centre.

Name of Thana.	Name of Centre.	Quantity of paddy purchased from 1-1-65 to 28 2 65.
1. Jhargram	Jhargram Surdiah	Nil
2. Sankrail	Kultikri	
3. Binpur	Silda Binpur	
4. Gopiballavpore	Gopiballavpore	
5. Nayagram	Kharikamathani	
6. Jamboni	Jamboni	

Drinking water at Raybandh Santal Pally in Ausgram police-station

781. (Admitted question No. 1687.)

শ্রীমনোরঞ্জন বক্সী: আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার আউসগ্রাম থানায় দেবশালা অঞ্চল পঞ্চায়েতের অধীন রায়বাঁধ সাঁওতাল পল্লীতে পানীয় জলের কোন ব্যবস্থাই সরকার করেন নাই; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কখন এবং কি ব্যবস্থা অবলম্বন করিবেন?

The Minister of State for Tribal Welfare:

(ক) বর্ধমান জেলার আউসগ্রাম থানায় দেবশালা অঞ্চল পঞ্চায়েতের অধীন রায়বাঁধ সাঁওতাল পল্লীতে পানীয় জলের কূপ খননের কোন প্রস্তাব বা আবেদন সরকারের নিকট আসে নাই।

(খ) অনুসন্ধান করিয়া উপযুক্ত বিবেচিত হইলে ১৯৬৫-৬৬ সালে পানীয় জলের ব্যবস্থা করা হইবে।

Purulia-Jhilimili Road

782. (Admitted question No. 1693.)

শ্রীঅম্বিকা মণ্ডল: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার পুরুলিয়া হইতে বাঁকুড়া জেলার ঝিলিমিলি পর্যন্ত যে রাস্তাটি আছে, তাহা বর্তমানে পিচ রাস্তায় উন্নীত করার কোন প্রস্তাব আছে কিনা; এবং

(খ) যদি থাকে, তাহা হইলে কতদিনে হবে বলে আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

(ক) পুরুলিয়া হইতে ঝিলিমিলি পর্যন্ত যে সরাসরি রাস্তাটির কিয়দংশ বিহারের মধ্য দিয়া যাইতেছে, তাহা উন্নয়নের কোন পরিকল্পনা নাই। তবে বলরামপুর বীরভূম-সিন্দ্রি বানদওয়ান হইয়া কুইলাপল পর্যন্ত রাস্তাটি তৃতীয় পরিকল্পনাভুক্ত করা হইয়াছে, উহা পুরুলিয়ার সহিত ঝিলিমিলির সংযোগ সাধন করিবে।

(খ) কাজ আরম্ভ হইয়াছে এবং জমির দখল পাইলে আগামী তিন বৎসরে রাস্তাটি শেষ হইবে আশা করা যায়।

Sugar for Id festival in Sadar subdivision, Burdwan

783. (Admitted question No. 1749.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার সদর মহকুমার সদর থানার বেলকাশ অঞ্চলে ইদ উপলক্ষে ইসলাম [illegible] জন্য সদর মহকুমা নিয়ামক পাঁচজন সভ্যবিশিষ্ট প্রতি পরিবারকে দুই কেজি ও পাঁচজনের অতিরিক্ত সভ্যবিশিষ্ট পরিবারকে অতিরিক্ত তিন কেজি চিনি সরবরাহের নির্দেশ দেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি:

(১) ফাগুপুর মডিফায়েড রেশন শপের জন্য উক্ত উপলক্ষে কি পরিমাণ চিনি বরাদ্দ করা হইয়াছিল; এবং

(২) উক্ত রেশন শপ হইতে পাঁচজন সভ্যবিশিষ্ট ও পাঁচজনের অধিক সভ্যবিশিষ্ট কয়টি মুসলমান পরিবার এই অতিরিক্ত চিনি পাইবার সুযোগ লাভ করিয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) ফাগুপুরের রেশন দোকানদার শ্রীআবদুল গণিকে ঈদ উপলক্ষে দুই দফায় ছয় কুইন্টাল অতিরিক্ত চিনি বরাদ্দ করা হইয়াছিল।

(২) পাঁচজন সভ্যবিশিষ্ট পরিবারের সংখ্যা ৭ এক কেজি হিসাবে এবং ১৬৩ দুই কেজি হিসাবে; পাঁচজনের অধিক সভ্যবিশিষ্ট পরিবার ৫১ তিন কেজি হিসাবে—মোট ২২১।

Corrugated iron sheet

784. (Admitted question No. 1761.)

শ্রীঅনন্তমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) করোগেটেড আয়রন সীট জনসাধারণকে সরবরাহ করার ক্ষেত্রে কি কি বিষয় বিবেচনা করা হয়;

(খ) বন্যা ও ঝড়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের গৃহ মেরামতের ক্ষেত্রে কোন বিশেষ বিবেচনা করা হয় কিনা;

(গ) এই টিন সরবরাহের ব্যাপারে মাথাপিছু বা পরিবার পিছু কোন নির্দিষ্ট কোটা আছে কিনা; এবং

(ঘ) প্রয়োজনানুসারে একজন ম্যাক্সিমাম ও মিনিমাম কি পরিমাণ টিন পাইতে পারে?

The Minister for Food and Supplies:

(ক) করোগেটেড আয়রন সীট সরবরাহের ক্ষেত্রে কেবলমাত্র চাহিদার যৌক্তিকতার বিষয় বিবেচনা করা হয়।

(খ) হ্যাঁ।

(গ) না।

(ঘ) ইহা নির্দিষ্ট কিছুই নাই। যেরূপ স্টক থাকে ইন্সপেকশন রিপোর্ট-এর উপর ভিত্তি করিয়া সেই পরিমাণ টিন দেওয়া হয়।

Visit of foreign countries by the officers of Commerce and Industries Department

785. (Admitted question No. 1770.) **Shri Monoranjan Roy:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the names of the officers of the Commerce and Industries Department who visited foreign countries in their official capacities during the period from April, 1961 to February, 1965;

(b) for what purpose and which countries the respective officers visited and the duration of their stay in those countries; and

(c) the amount of expenses incurred by the Government for each of the officer's tour to foreign countries during the said period?

The Minister for Commerce and Industries: (a) The following officers of the Commerce and Industries Department visited foreign countries in their official capacity during the period in question:

(1) Shri P. M. Das Gupta, I.A.S. (Retd.), Ex-Deputy Secretary to the Government of West Bengal.

(2) Shri S. L. Chakraborty, Mining Adviser to the Government of West Bengal.

(3) Shri S. N. Banerjee, Chief Mining Officer.

(4) Shri S. K. Mukherjee, Mining Officer.

(b) (1) and (2) above—For examining the possibility of securing foreign assistance (e.g., equipment and technical know-how) for opening up coalmines under the State Government.

Countries visited—(i) The Polish People's Republic, (ii) The Czechoslovak Socialist Republic.

Duration of stay—18th July 1961 to 16th August 1961.

(3) and (4) above—For undergoing training in coalmining under the Colombo Plan.

Countries visited—The United Kingdom.

Duration of stay—(3) 23rd September 1964 to 6th January 1965, (4) left India on 27th January 1965 for six months.

(c) (1) and (2) in (a) above—Rs. 6,030.29 p. for each including passages.

(3) and (4)—Nil. Entire expenditure including passages borne in respect of (3) and being borne in respect of (4) by the U. K. Government.

Tubewells in Tamluk Subdivision, Midnapore

786. (Admitted question No. 1866.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমার বিভিন্ন থানার অঞ্চলওয়ারী কতগুলি নলকূপ আছে এবং উক্ত অঞ্চলগুলির প্রত্যেকটি লোকসংখ্যা কত;

(খ) ঐ অঞ্চল নলকূপের মধ্যে কতগুলি ভাল আছে এবং কতগুলি অকেজো হইয়া পড়িয়াছে;

(গ) অকেজো নলকূপগুলিকে অবিলম্বে সংস্কারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) যেসকল ক্ষেত্রে জনসাধারণ নিজ ব্যয়ে নলকূপগুলি সংস্কার করিতে চায়, সেরূপ ক্ষেত্রে বিনামূল্যে নলকূপের সরঞ্জামাদি সরবরাহের ব্যবস্থা আছে কিনা?

The Minister for Health:

(ক) ও (খ) এতৎসংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(গ) প্রতি বৎসর রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সমপক্ষ প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি জল-উৎস স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী এবং প্রয়োজনানুগ অগ্রাধিকারের ভিত্তিতে অকেজো নলকূপগুলি ক্রমশ পুনর্খনন করা হয়। ১৯৬৪-৬৫ সালের উক্ত প্রোগ্রামে তমলুক মহকুমার বিভিন্ন থানায় ৬২টি অকেজো নলকূপ পুনর্খননের ব্যবস্থা করা হইতেছে।

(ঘ) হাঁ আছে, জনসাধারণ নলকূপের সাজসরঞ্জাম পরিবহণের খরচা দিতে এবং বিনামূল্যে শ্রমদান করিতে রাজী হইলে উপরে বর্ণিত নীতি অনুযায়ী ডিপার্টমেণ্টাল বোরিং সেট দ্বারা অকেজো নলকূপগুলি সংস্কার করা হয়।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 786.

Serial No.	Name of police-station	U.B. or Anchal.	Population as per 1961 census.	No. of existing tubewells.	No. of working tubewells.	No. of derelict tubewells.
1	2	3	4	5	6	7
1.	Tomluk	1	14,756	31	20	11
		2	10,662	26	19	7
		3	10,666	24	18	6
		4	12,940	28	26	2
		5	11,311	28	28	..
		6	12,621	23	21	2
		7	11,973	23	16	7
		8	12,257	43	37	6
		9	11,495	29	25	4
		10	10,362	26	22	4
		11	14,045	30	26	4
		12	15,096	33	30	3
		13	9,370	28	24	4
2.	Moyna	1	14,410	35	32	3
		2	15,174	34	31	3
		3	9,656	25	21	4
		4	8,012	29	23	6
		5	7,950	24	21	3
		6	9,400	23	19	4
		7	11,662	26	20	6
		8	15,121	34	28	6
3.	Nandigram	1	17,450	47	33	14
		2	15,692	50	28	22
		3	12,480	39	22	17
		4	14,479	34	15	19
		5	7,234	25	13	12
		6	10,748	16	6	10
		7	10,605	25	23	2
		8	13,738	27	21	6
		9	15,568	28	13	15
		10	14,868	34	18	16

Serial No.	Name of police station.	U. B. or Anchal.	Population as per 1961 census.	No. of existing tubewells.	No. of working tubewells.	No. of derelict tubewells.
		3	4	5	6	7
		11	12,446	19	7	12
		12	15,238	20	12	8
		13	9,274	19	14	5
		14	13,362	22	12	10
		15	12,668	23	19	4
4.	Mahisadal	1	14,974	31	22	9
		2	16,557	26	21	5
		3	15,407	20	13	7
		4	16,139	21	16	5
		5	20,059	24	22	2
		6	14.986	27	25	2
		7	11,998	18	14	4
		8	13,841	30	28	2
		9	14,438	22	17	5
		10	14,017	24	22	2
		11	12,342	20	18	2
		12	10,848	16	13	3
5.	Panskura	1	11,217	37	30	7
		2	10,057	27	24	3
		3	9,352	27	25	2
		4	9,403	21	17	4
		5	13,502	31	26	5
		6	16,191	41	38	3
		7	13,406	64	53	11
		8	16,634	46	41	5
		9	10,845	28	26	2
		10	15,643	32	24	8
		11	7,608	28	24	4
		12	10,116	40	37	3
		13	12,992	33	29	
		14	12,302	23	18	5
		15	19,460	36	30	6
		16	11,282	34	33	1
		17	16,211	30	[illegible]	[illegible]

Serial No.	Name of police station.	U. B. or Anchal.	Population as per 1961 census.	No. of existing tubewells.	No. of working tubewells.	No. of derelict tubewells.
1	2	3	4	5	6	7
6.	Sutahata	1	11,436	23	21	2
		2	13,031	23	21	2
		3	11,424	22	20	2
		4	10,982	20	18	2
		5	11,087	21	18	3
		6	10,789	20	18	2
		7	12,439	19	17	2
		8	10,700	21	18	3
		9	14,245	22	18	4
		10	4,367	18	17	1
		11	6,921	16	14	2

Primary vaccination at Jalachak in Pingla police-station, Midnapore

787. (Admitted question No. 1891.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার টিংলা থানার জলচক গ্রামে এ বছর কতজনকে প্রাথমিক টিকা দেওয়া হইয়াছে; এবং

(খ) উহার মধ্যে কতজনের বয়স পাঁচ বৎসরের বেশি?

The Minister for Health:

(ক) মেদিনীপুর জেলায় টিংলা নামে কোন থানা নাই। তবে পিংলা নামে একটি থানা আছে। ঐ থানার অন্তর্গত জলচক গ্রামে ১৯৬৫ সালে কোন প্রাথমিক টিকা দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Lady Brabourne College Library

788. (Admitted question No. 1909.) **Dr. Abu Asad Mahammad Obaidul Ghani:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact—

(a) (1) that Lady Brabourne College was closed from 12th February 1965 to 27th February 1965 by a public notification by the D.P.I.; and (2) that the said college authorities are now demanding 7 nP. for the first week, 14 nP. for the second week and 21 nP. for the third week as delay library fine for the period of 12th February 1965 to 27th February 1965 when the College was closed?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) if any notification that during the closed period the library and the College office would be kept open was made; and

(ii) if not, the reason for such realisation of fines?

The Minister for Education: (a) (1) Yes.

(2) Library fines at the rate of 7 paise (not 14 or 21) were realised according to rules, but in consideration of the fact that the College remained closed during the period from the 12th to the 27th February, the amounts collected have since been refunded to the students.

(b) Does not arise.

Issue of licences from Raigunj Supply Office

789. (Admitted question No. 1567.)

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ সাপ্লাই অফিসে রাইস অ্যান্ড প্যাডি কন্ট্রোল অর্ডার, ১৯৬৪ হওয়ার পর আজ পর্যন্ত জোতদারদের, হোলসেলারদের এবং রিটেলার-দের কতগুলি দরখাস্ত লাইসেন্স পাইবার জন্য পড়িয়াছে; এবং

(খ) ইহার মধ্যে কতজন জোতদার, কতজন হোলসেলার এবং কতজন রিটেলার লাইসেন্স পাইয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক) জোতদারদের ৩১৭খানি, হোলসেলারদের ১৫২খানি এবং রিটেলারদের ৪১৫ খানি দরখাস্ত পড়িয়াছে।

(খ) জোতদার ২৮২ জন, হোলসেলার ১১৭ জন এবং রিটেলার ৩১৪ জন লাইসেন্স পাইয়াছেন।

Appointment of Primary Teachers for Adibasis

790. (Admitted question No. 1914.)

শ্রীদেবনাথ হাঁসদাঃ আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অষ্টম শ্রেণী পাশ আদিবাসী শিক্ষকেরা প্রাথমিক শিক্ষক পদে নিয়োগ হইতে পারিবে এইরূপ কোন নির্দেশ আছে; এবং

(খ) সত্য হইলে, ঐ নির্দেশ চালু হওয়ার পর হইতে ১৯৬৪ সাল পর্যন্ত মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় অষ্টম শ্রেণী পাশ কতজন আদিবাসী শিক্ষক আদিবাসীপ্রধান গ্রামে শিক্ষকতা করিবার জন্য

(১) আবেদন করিয়াছিলেন;

(২) কতজনকে নিয়োগ করা হইয়াছে; এবং

(৩) কতজনের আবেদন বিবেচনাধীন আছে?

The Minister of State for Tribal Welfare:

(ক) হ্যাঁ।

(খ) (১) ২০ জন।

(২) গোপীবল্লভপুর থানায় ৭ জন এবং নয়াগ্রাম থানায় ৩ জন।

(৩) ১০ জন। ইহার মধ্যে পাঁচজনকে ১৯৬৫ সালে নিয়োগ করা হইয়াছে।

Advisory Committee of Midnapore District Hospital

791. (Admitted question No. 1919.) **Dr. Santosh Kumar Mukherji :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any Advisory Committee of Midnapore District Hospital;

(b) if so, when it was constituted; and

(c) who are the members;

The Minister for Health: (a) Yes.

(b) 24th August 1960.

(c) (1) District Magistrate, Midnapore—President, (2) Chief Medical Officer of Health, Midnapore—Secretary, (3) Superintendent of Police, Midnapore, (4) Subdivisional Officer, Sadar (North), (5) Executive Engineer (P.W.D.), Midnapore, (6) District Medical Officer, Midnapore, (7) Chairman, Midnapore Municipality, (8) Chairman, District Board, Midnapore, (9) Shri Bankim Ch. Paul, (10) Shri Sudhir Kr. Ghosh, (11) Capt. B. K. Dutta, (12) Shrimati Nihar Bala Ganguli, Head-mistress, Aligunj Girls' School, and (13) Shri Bhabani Prasad Sarkar.

Employees' State Insurance Scheme

792. (Admitted question No. 1947.)

শ্রীমনোরঞ্জন রায়ঃ শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এমপ্লয়িজ স্টেট ইনস্যুরেন্স খাতে পশ্চিমবঙ্গে শ্রমিক কর্মচারী আজ পর্যন্ত কত টাকা দিয়াছে, রাজ্য সরকার কত টাকা দিয়াছে এবং মালিকরা কত টাকা দিয়াছে; এবং

(খ) আজ পর্যন্ত কি কি বাবদে উক্ত বীমার মোট কত টাকা এই রাজ্যের জন্য খরচ হইয়াছে?

The Minister for Labour:

(ক) ১৯৫৩-৫৪ সাল হইতে ১৯৬৫ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গে শ্রমিকদের নিকট হইতে ৭,৯২·৫১ লক্ষ টাকা এবং মালিকপক্ষের নিকট হইতে ১১,৪০·২২ লক্ষ টাকা আদায় করা হইয়াছে। ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত শ্রমিকদের চিকিৎসার নিমিত্ত সামগ্রিক ব্যয়ের অংশ হিসাবে রাজ্য সরকার ১,২২·২৩ লক্ষ টাকা খরচ করিয়াছেন।

(খ) ১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত বিভিন্ন খাতে নিম্নলিখিত টাকা খরচ করা হইয়াছেঃ

(১) অসুস্থতা সাহায্য—৩৬৯·৪৭ লক্ষ

(২) প্রসূতি সাহায্য—৪·৭৪ লক্ষ

(৩) নির্যোগ্যতা সাহায্য—১১৫·১১ লক্ষ

(৪) পোষ্যবর্গ সাহায্য—১৩·৩২ লক্ষ

(৫) চিকিৎসা ব্যয়—৬০২·৫৭ লক্ষ

(৬) প্রশাসনিক ব্যয়—১৬০·৮৪ লক্ষ

(৭) হাসপাতাল নির্মাণ—২২৩·৪৪ লক্ষ

(৮) বিবিধ ব্যয়—২·৫৫ লক্ষ

মোট—১,৪৯২·০৪ লক্ষ

Sanitary Inspectors' Office

793. (Admitted question No. 1956.)

শ্রীবলাইলাল দাশ মহাপাত্র: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা বোর্ডের পরিচালনাধীন স্যানিটারী ইন্সপেক্টরের অফিসগুলি সরকারী জনস্বাস্থ্য বিভাগ কোন্ সাল হইতে স্বীয় পরিচালনাধীনে গ্রহণ করিয়াছেন;

(খ) স্যানিটারী ইন্সপেক্টরের অফিসগুলি সরকারী পরিচালনাধীনে গ্রহণ করার পর প্রতি অফিসের জন্য কোন আসবাবপত্র দেওয়া হইয়াছিল কিনা; এবং

(গ) যদি কোন আসবাবপত্র দেওয়া হইয়া থাকে, তাহা হইলে কি কি?

The Minister for Health:

(ক) ১৯৫৯ সাল হইতে।

(খ) না, নূতন কোন আসবাবপত্র হয় নাই। পূর্বে ব্যবহৃত আসবাবপত্রেই কার্য নির্বাহ হইতেছে।

(গ) প্রশ্ন উঠে না।

Advisory Committee in Debra Thana Primary Health Centre, Midnapore

794. (Admitted question No. 1965.) **Dr. Santosh Kumar Mukherji:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(1) whether there is any Advisory Committee in Debra Thana Primary Health Centre in Midnapore district; and

(2) if so, who are the members and when the Committee last met?

The Minister for Health: (1) and (2) There is at present no Advisory Committee for the Debra Primary Health Centre. Steps are being taken to constitute such a Committee as per revised policy of Government regarding constitution of such committees.

Midnapore Municipality Waterworks Reorganisation Scheme

795. (Admitted question No. 1966.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Midnapore Municipality Waterworks Reorganisation Scheme (Second Waterworks Scheme) has been sanctioned by the State Government; and

(b) if so, when will the work start and when it is expected to be completed?

The Minister for Health: (a) No.

(b) Does not arise.

Minimum Wages for Biri labourers in Kaliachawk police-station, Malda

796. (Admitted question No. 1994.)

শ্রীপ্রমোদরঞ্জন বোস: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার কালিয়াচক থানায় বিড়ি শ্রমিকদের জন্য সর্বনিম্ন মজুরী নির্ধারিত আছে কিনা;

(খ) হইয়া থাকিলে, তাহা কত এবং কোন্ সালে তাহা নির্ধারিত হয়;

(গ) বর্তমানে কালিয়াচক থানার বিড়ি শ্রমিকরা কিরূপ মজুরী পাইয়া থাকে; এবং

(ঘ) কালিয়াচকের কোন্ কোন্ বিড়ি কোম্পানীর মালিকদের কারখানা আছে এবং কোন্ কোন্ মালিকদের অধীন কয়জন কন্ট্রাক্টর আছে? উক্ত কারখানায় এবং কন্ট্রাক্টরদের অধীনে বিড়ি শ্রমিকগণ কিরূপ মজুরী পাইয়া থাকেন?

The Minister for Labour:

(ক) হ্যাঁ।

(খ) দৈনিক বেতন মহার্ঘ ভাতা সহ ১ টাকা ৮০ পয়সা অথবা প্রতি হাজার ১ টাকা ৮৮ পয়সা। উক্ত মজুরীর হার ১৯৬০ সালের ২রা ডিসেম্বর নির্ধারিত হয়।

(গ) ও (ঘ) বর্তমানে সরকারের নিকট এই সংক্রান্ত কোন তথ্য নাই।

Tubewells in the Blocks of Kaliachawk police-station, Malda

797. (Admitted question No. 1996.)

শ্রীপ্রমোদরঞ্জন বোস: আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মালদহ জেলার কালিয়াচক থানার ১নং ও ৩নং ব্লকে আদিবাসী মঙ্গল দপ্তর হইতে যে পানীয় জলের নলকূপ প্রস্তুত করা হইয়াছে তাহার সংখ্যা কত?

The Minister of State for Tribal Welfare:

দুই।

T.B. and cancer cases admitted in hospitals during 1963 and 1964

798. (Admitted question No. 2010.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) গত ১৯৬৩ এবং ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে কত ব্যক্তি—

(ক) টি বি রোগের এবং

(খ) ক্যান্সার রোগের চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি হইবার নিমিত্ত আবেদন করিয়াছিল; এবং

(২) তাহাদের মধ্যে উক্ত বৎসরে কতজন হাসপাতালে ভর্তি হইয়াছে এবং তাহাদের মধ্যে কতজন এক বৎসর পূর্বের দরখাস্তকারী?

The Minister for Health:

(১) (ক) টি বি রোগের চিকিৎসার্থে হাসপাতালে ভর্তি হইবার জন্য স্বাস্থ্যাধিকারের নিকট ১৯৬৩ সালে ২,১৯৯ জন এবং ১৯৬৪ সালে ১,৮৪৫ জন আবেদন করিয়াছিলেন।

(খ) ক্যান্সার রোগের চিকিৎসার্থে হাসপাতালে ভর্তি হইবার জন্য স্বাস্থ্যাধিকারের নিকট ১৯৬৩ সালে ৪৮০ জন এবং ১৯৬৪ সালে ৫০০ জন আবেদন করিয়াছিলেন।

(২) (১) ১৯৬৩ সালে টি বি রোগের চিকিৎসার জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী এবং সরকার সংরক্ষিত বে-সরকারী হাসপাতালের বেডে মোট ৯২৭ জন রোগী ভর্তি হন। তাঁহাদের মধ্যে ১৯৬৩ সালের আবেদনকারী ৬৫১ জন এবং বাকি ২৭৬ জন পূর্ব বৎসরের আবেদনকারী।

১৯৬৪ সালে টি বি রোগের চিকিৎসার জন্য পশ্চিমবঙ্গের ঐরূপ বিভিন্ন হাসপাতালের বেডে মোট ১,০০৮ জন রোগী ভর্তি হন। তাঁহাদের মধ্যে ১৯৬৪ সালের আবেদনকারী ৫৬৪ জন এবং বাকি ৪৩৪ জন পূর্ব বৎসরের আবেদনকারী।

(২) ১৯৬৩ সালের ক্যান্সার রোগের চিকিৎসার আবেদনকারীদের মধ্যে ১৭৮ জন ১৯৬৩ সালে চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালে সরকারী বেডে ভর্তি হন এবং ১৯৬৪ সালের আবেদনকারীদের মধ্যে ২২৫ জন উক্ত হাসপাতালের সরকারী বেডে ভর্তি হন।

যাঁহারা ভর্তি হইয়াছেন তাঁহাদের মধ্যে কেহই এক বৎসর পূর্বের দরখাস্তকারী নহেন।

যেসব আবেদনকারীদের ঐ হাসপাতালের সরকারী বেডে ভর্তি করা সম্ভব হয় না বা প্রয়োজন হয় না, তাঁহারা যথাক্রমে ঐ হাসপাতালের সরকারী ফ্রি বেডে ছাড়া অন্যান্য বেডে ভর্তি হন অথবা বহির্বিভাগে চিকিৎসিত হন। ইহা ছাড়া মেডিক্যাল কলেজে ক্যান্সার রোগের চিকিৎসার জন্য সরকারের নিজস্ব ব্যবস্থা আছে। তথায় ভর্তি হইবার জন্য স্বাস্থ্যাধিকারে দরখাস্ত করা প্রয়োজন হয় না। ঐ হাসপাতালে সুপারিন্টেন্ডেন্ট ক্যান্সার বোর্ডের সুপারিশমত চিকিৎসার বন্দোবস্ত করেন।

Government advertisement in newspaper of Midnapore district

799. (Admitted question No. 2028.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ সংবাদপত্রে ১৯৬৩-৬৪ সালে সরকারী বিজ্ঞাপন দেওয়া হইয়াছে; এবং

(খ) ঐসকল বিজ্ঞাপনের জন্য কোন্‌টিকে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Home (Publicity):

(ক) (১) মেদিনীপুর, (২) মেদিনীপুর হিতৈষী, (৩) স্বরাজ ও সংগঠন, (৪) প্রদীপ, (৫) আরো আগে এবং (৬) নির্ভীক।

(খ)

(১) মেদিনীপুর—৫৪২·০০ টাকা

(২) মেদিনীপুর হিতৈষী—৪৩·৭৫ টাকা

(৩) স্বরাজ ও সংগঠন—৯০·৫৯ টাকা

(৪) প্রদীপ—২৩৩·৭৫ টাকা

(৫) আরো আগে—৩৮·৫০ টাকা

(৬) নির্ভীক—৮৬·০০ টাকা

ইহা ছাড়াও বিভিন্ন এজেন্সি মারফত সাময়িক পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হইয়াছে। উহাদের পূর্ণ তালিকা প্রস্তুত করা সময়সাপেক্ষ। কেবলমাত্র সরাসরি প্রদত্ত বিজ্ঞাপনের হিসাব প্রদান করা হইল।

Number of convicts sentenced to transportation for life

800. (Admitted question No. 2086.)

শ্রীসুবোধ চৌধুরী: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশে কারাগারসমূহে যাবজ্জীবন দ্বীপান্তরে দণ্ডিত কয়েদীর সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) ১৯৪৪-৪৫ সালে বৃটিশ আমলে ইহাদের সংখ্যা কত ছিল?

The Minister for Home (Jails):

(ক) পশ্চিমবঙ্গ কারাগারসমূহে যাবজ্জীবন দ্বীপান্তরে দণ্ডিত কয়েদীর বর্তমান সংখ্যা ৮৬০ জন (ইংরেজী ১০ই মার্চ, ১৯৬৫ তারিখে)।

(খ) ইংরেজী ১৯৪৪-৪৫ সালে বৃটিশ আমলে ইহাদের সংখ্যা ছিল ৭০১ জন (ইংরেজী ৩১এ মার্চ ১৯৪৫ তারিখে)।

Advisory Board in Jails

801. (Admitted question No. 2089.)

শ্রীসুবোধ চৌধুরী: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দীর্ঘ দণ্ডে দণ্ডিত কয়েদীদের মুক্তি দেওয়ার বিষয় বিবেচনা করিবার জন্য জেলে কোন স্থায়ী উপদেষ্টা বোর্ড আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে এ বোর্ডের নিকট কোন্ কোন্ ধারায় দণ্ডিত দীর্ঘ-মেয়াদী কয়েদীদের মুক্তির বিষয় বিবেচনা করিবার জন্য উত্থাপিত হয়?

The Minister for Home (Jails):

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৩ সালের ২৩এ অক্টোবর তারিখের অতিরিক্ত (এক্সট্রা-অর্ডিনারি) কলিকাতা গেজেট প্রকাশিত স্বরাষ্ট্র (কারা) বিভাগের ২২এ অক্টোবর, ১৯৬৩ তারিখের ৩১৪০-এইচ জে নং প্রজ্ঞাপনের (নোটিফিকেশন) ১৬ হইতে ২২নং নিয়মাবলী দ্রষ্টব্য।

Establishment of new Municipalities in Midnapore district

802. (Admitted question No. 2108.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনাকালে মেদিনীপুর জেলায় আগামী বৎসরে কয়টি নূতন মিউনিসি-প্যালিটি স্থাপনের পরিকল্পনা আছে ও তাহা কোথায় কোথায় হইবে; এবং

(খ) মিউনিসিপ্যালিটি স্থাপনের জন্য এ পর্যন্ত কোন্ কোন্ স্থান হইতে কয়টি প্রস্তাব পাইয়াছেন?

The Minister for Local Self-Government:

(ক) এরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) এরূপ কোন প্রস্তাব পাওয়া যায় নাই।

Cooch Behar District Jail

803. (Admitted question No. 2110.)

শ্রীজীবনকৃষ্ণ দে: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার ডিস্ট্রিক্ট জেলে সারা বছর গড়পড়তা কয়েদীর সংখ্যা থাকে কত;

(খ) কতজন কয়েদীর থাকিবার ব্যবস্থা এই জেলে আছে;

(গ) জেলের অভ্যন্তরে কোন হাসপাতাল আছে কিনা;

(ঘ) (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, ডাক্তার এবং কম্পাউন্ডারের সংখ্যা কত;

(ঙ) একথা কি সত্য, রাজার আমলে জেল হাসপাতালে কম্পাউন্ডার থাকিলেও এখন আর নেই;

(চ) রিটার্ন লেখা, ড্রেসিং, ঔষধ তৈরি এবং বিতরণের কাজগুলি এখানে কে করে; এবং

(ছ) একথা কি সত্যি, জেল হাসপাতালে ছোটখাট অপারেশন করা হয়?

The Minister for Home (Jails):

(ক) কোচবিহার জেলে গত তিন বৎসরের দৈনিক গড়পড়তা কয়েদীর সংখ্যা:

বৎসর এবং দৈনিক গড়ে কয়েদীর সংখ্যা যথাক্রমে—

১৯৬২—১৬০·৩১

১৯৬৩—১৬২·৪০

১৯৬৪—২০৪·৫২

(খ) এই জেলে ১৪৪ জন কয়েদীর থাকিবার ব্যবস্থা আছে।

(গ) হ্যাঁ, জেলের অভ্যন্তরে হাসপাতাল আছে।

(ঘ) এই হাসপাতালে একজন হোলটাইম ডাক্তার আছেন এবং কোন কম্পাউন্ডার নাই।

(ঙ) রাজার আমলে এই জেল হাসপাতালে একজন কম্পাউন্ডার ছিলেন; এখন আর নাই।

(চ) রিটার্ন লেখা, ড্রেসিং, ঔষধ তৈরি এবং বিতরণের কাজগুলি ডাক্তার নিজেই করেন।

(ছ) হ্যাঁ, এই জেল হাসপাতালে ছোটখাট অপারেশন করা হয়।

Low Income Group Housing Scheme in Cooch Behar district

804. (Admitted question No. 2111.)

শ্রীজীবনকৃষ্ণ দে: গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় লো ইনকাম গ্রুপ হাউসিং স্কীমে কতগুলি ক্ষেত্রে টাকা দেওয়া হইয়াছে;

(খ) কেস এবং টাকার পরিমাণ কত;

(গ) আদায়ী টাকার পরিমাণ কত; এবং

(ঘ) কতগুলি ক্ষেত্রে সার্টিফিকেট করতে হয়?

The Minister for Housing:

(ক) ২৩টি ক্ষেত্রে টাকা দেওয়া হইয়াছে।

(খ) ২৩টি কেসে ১,২০,৩২৯ টাকা দেওয়া হইয়াছে।

(গ) এবং (ঘ) প্রয়োজনীয় তথ্য জেলাশাসকের নিকট চাহিয়া পাঠানো হইয়াছে; এখনও উত্তর পাওয়া যায় নাই।

Scheduled Castes and Tribes people in Cooch Behar district

805. (Admitted question No. 2113).

শ্রীজীবনকৃষ্ণ দে: আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় তফসিলী সম্প্রদায়ভুক্ত জনসাধারণের সংখ্যা কোন্ মহকুমায় কত;

(খ) ট্রাইব্যাল বা উপজাতীয় কতজন; এবং

(গ) ১৯৬৪ সালে ইহাদের কল্যাণে সরকার কোন অর্থ বরাদ্দ ও ব্যয় করে থাকলে কোন্ খাতে কত?

The Minister of State for Tribal Welfare:

(ক) ও (খ) ১৯৬১ সালের লোকগণনার হিসাব অনুযায়ী নিম্নে রক্ষিত বিবরণীতে উল্লেখ করা হইল।

(গ) ১৯৬৪ সাল বলিতে ১৯৬৪-৬৫ আর্থিক বৎসর ধরিয়া লইয়া প্রয়োজনীয় তথ্য নিম্নে প্রদত্ত হইলঃ—

আদিবাসী

	বরাদ্দ	ব্যয়
	টাকা	টাকা
(১) শিক্ষা খাতে	১৬,৭৭০	১২,৩৯০
(২) আর্থিক উন্নয়ন, স্বাস্থ্য ও অন্যান্য খাতে	৬৯,৫০১	৬৪,২৮১

তফসিলী

	বরাদ্দ	ব্যয়
	টাকা	টাকা
(১) শিক্ষা খাতে	১,১৭,৩৬০	১,১১,৫৯১
(২) আর্থিক উন্নয়ন, স্বাস্থ্য ও অন্যান্য খাতে	৩৭,৫৫২	৩৪,০৫২

আশা করা যায় যে, চলতি আর্থিক বৎসরের মধ্যে বরাদ্দকৃত সম্পূর্ণ অর্থই ব্যয় হইবে।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 805.

মহকুমা	তফসিলী জনসংখ্যা	আদিবাসী জনসংখ্যা
কোচবিহার সদর	১০৫,০২২	৪,১৩৬
তুফানগঞ্জ	৭৪,৮৩৪	১,৯৮৭
দিনহাটা	১০৩,৬৯১	৮৬৩
মাথাভাঙ্গা	১৩৯,৫৫২	১,৫৫০
মেখলিগঞ্জ	৫৫,২১৪	২৭৩

Persons arrested in Tufangunge subdivision for adulteration of oil and milk

806. (Admitted question No. 2115.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে তুফানগঞ্জ মহকুমায় দুধে জল দিবার অপরাধে মোট কতজনের দুধ আটক করা হয়;

(খ) তেলের নমুনা একই উদ্দেশ্যে গ্রহণ করা হয়ে থাকলে, সংখ্যা কত;

(গ) দুধ ও তেল ভেজাল করার অপরাধে কোন লোকের শাস্তি হয়ে থাকলে সংখ্যা ও শাস্তির বিবরণ; এবং

(ঘ) উক্ত সংখ্যা ১৯৬০ সালে কত ছিল?

The Minister for Health:

(ক) ও (খ) ১৯৬৪ সালে তুফানগঞ্জ মহকুমায় কাহারও নিকট হইতে দুধ কিংবা তেল আটক করা হয় নাই।

(গ) ১৯৬৪ সালে তুফানগঞ্জ মহকুমায় দুধে ভেজাল দেওয়ার জন্য দুইজনের প্রত্যেকের ১০০ টাকা করিয়া জরিমানা হয়। ঐ সময় তেলে ভেজাল দেওয়ার জন্য একজনের ১০০ টাকা জরিমানা হয়।

(ঘ) ১৯৬০ সালে দুধ এবং তেলের কোনও নমুনা ভেজাল প্রমাণিত হয় নাই।

Loan given to industrial concerns of Asansol in Burdwan district

807. (Admitted question No. 2143.)

শ্রীবিজয় পাল: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমা তথা বর্ধমান জেলার বিভিন্ন শিল্প-প্রতিষ্ঠানকে আজ পর্যন্ত কত টাকা ঋণ দেওয়া হইয়াছে;

(খ) সেই সব প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা কি; এবং

(গ) এক-একজন শিল্পপতিকে কি পরিমাণ টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) হইতে (গ) বঙ্গীয় শিল্প ঋণ আইন অনুসারে ১৯৩১ সাল হইতে ঋণ দেওয়া হইতেছে। যদি প্রয়োজনীয় তথ্যাদি ১৯৩১ সাল হইতে দিতে হয়, তবে তাহা সময়সাপেক্ষ। মাননীয় সদস্য যদি কোন বিশেষ সময়ের জন্য কোন সংবাদ চান, তাহা জানানো যাইতে পারে।

Cattle Development schemes

808. (Admitted question No. 1816.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়া: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার গাভীগুলি যাহাতে দুগ্ধবতী হয় এবং বলদগুলি যাহাতে শক্তিমান হয় তাহার জন্য সরকার কি কি ব্যবস্থা করিতেছেন?

(খ) প্রজননের দ্বারা গোজাতির উন্নতি করিবার জন্য কোন্ কোন্ জেলার কোথায় কোথায় উন্নত ধরনের ষাঁড় দেওয়া হইয়াছে এবং কোথায় কোথায় বৈজ্ঞানিক প্রথায় প্রজননের ব্যবস্থা করা হইয়াছে; এবং

(গ) প্রত্যেক ব্লকে যাহাতে উন্নত ধরনের প্রজনন ব্যবস্থা চালু হইতে পারে তাহার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) গাভীর দুধ দেবার ক্ষমতা এবং বলদের শ্রমশক্তি প্রধানত দুটি বিষয়ের উপর নির্ভরশীল। প্রথমত, উন্নত জাতের ষাঁড়ের দ্বারা প্রজনন ও দ্বিতীয়ত পর্যাপ্ত পরিমাণ সুষম খাদ্য সরবরাহ।

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় সম্ভাব্য সম্পদ দ্বারা গোজাতির উন্নয়নের জন্য বহুবিধ প্রকল্প এই রাজ্যের বিভিন্ন এলাকায় গ্রহণ করা হয়েছে। এইসকল প্রকল্পের মধ্যে বিশেষ করে "কী-ভিলেজ" পরিকল্পনার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়েছে। এই প্রকল্পের আওতায় এ পর্যন্ত মোট ৩২৭টি বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্র ও উপকেন্দ্র স্থাপিত হয়েছে। এই পরিকল্পনা এই রাজ্যের কতকগুলি নির্বাচিত এলাকায় চালু করা হয়েছে। এই অঞ্চল নির্বাচন করতে কয়েকটি বিষয়ের উপর বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। যথা, উৎপাদিত দুধের ন্যায্য বাজার পাওয়া, যাতে উৎপাদকগণ উপযুক্ত দর পেয়ে লাভবান হন এবং তাঁদের গো-সম্পদ উন্নতির প্রতি দৃষ্টি দেন। যেসকল অঞ্চলে বৈজ্ঞানিক গো-প্রজননের প্রকল্প চালু করা সম্ভব হয়ে ওঠে নি সেসকল স্থানে উন্নত প্রজননের জন্য ৯৮০টি সরকারী ষাঁড় বিতরণ করা হয়েছে। আমাদের দেশে উন্নত জাতের ষাঁড়ের অত্যন্ত অভাব—সেই ঘাটতি পূরণের উদ্দেশ্যে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে হরিণঘাটায় একটি ষাঁড় প্রতিপালন কেন্দ্র ইদানীং স্থাপন করা হয়েছে।

উপযুক্ত খাদ্য ছাড়া কেবলমাত্র উন্নত প্রজনন ব্যবস্থা দ্বারা গো-উন্নয়ন সম্ভবপর নয় ব'লে গো-খাদ্য উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে কয়েকটি প্রকল্পও গৃহীত হয়েছে, যথা স্বল্পমূল্যে সবুজ ঘাসের বীজ ও কাটিং সরবরাহ, সবুজ ঘাসের বীজ উৎপাদন ও প্রদর্শন ক্ষেত্র স্থাপন, সবুজ ঘাস সংরক্ষণে সাইলোপিট তৈয়ারি করায় অর্থসাহায্য ও কৃষকের জমিতে সরকারী সাহায্যে ঘাস চাষের প্রদর্শনক্ষেত্র স্থাপন করা।

(খ) এই রাজ্যের বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্রসমূহ এবং সরকারী ষাঁড়ের অবস্থিতি সম্পর্কে দুটি তালিকা পেশ করা হ'ল

(গ) সম্ভাব্য সম্পদ দ্বারা রাজ্যের সর্বত্র সমভাবে গো-উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ অসম্ভব ব'লে কেন্দ্রীয় ও রাজ্যসরকার কর্তৃক গৃহীত নীতি অনুসারে কেবলমাত্র সেইসব অঞ্চলেই গো-উন্নয়নমূলক প্রকল্পগুলি কার্যকর করার ব্যবস্থা করা হয়েছে, যেখানকার পারিপার্শ্বিক অবস্থা এই কাজের অনুকূল এবং যেখানে প্রকল্পগুলি সার্থকভাবে দ্রুত রূপায়িত হ'তে পারে। এই কারণে বর্তমান নীতি অনুযায়ী প্রত্যেকটি জাতীয় সম্প্রসারণ কেন্দ্রে উন্নত গো-প্রজনন কেন্দ্র স্থাপন করা সঙ্গত ব'লে বিবেচিত হয় নি।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 808.

পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলার বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্রসমূহের তালিকা

ক্রমিক সংখ্যা	জেলা		যে সকল স্থানে বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্রসমূহ স্থাপিত হয়েছে	গো-প্রজনন কেন্দ্রের সংখ্যা।
(১)	২৪-পরগনা	..	(১) আমডাঙ্গা, (২) হাবড়া, (৩) বারাসাত, (৪) দেগঙ্গা, (৫) বনগাঁ, (৬) বাগদা, (৭) গাইঘাটা, (৮) বারুইপুর, (৯) সোনারপুর, (১০) টালিগঞ্জ, (১১) বজবজ ও (১২) ব্যারাকপুর।	৪৬
(২)	নদীয়া	..	(১) হরিণঘাটা, (২) রানাঘাট, (৩) শান্তিপুর, (৪) নাকাশীপাড়া, (৫) কৃষ্ণনগর, (৬) কালিগঞ্জ ও (৭) তেহাট্টা।	৪৪

ক্রমিক সংখ্যা	জেলা		যেসকল থানায় বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্রসমূহ স্থাপিত হয়েছে	গো-প্রজনন কেন্দ্রের সংখ্যা
(৩)	মুর্শিদাবাদ	..	(১) রঘুনাথগঞ্জ, (২) লালগোলা, (৩) ভগবানগোলা, (৪) জিয়াগঞ্জ, (৫) লালবাগ, (৬) বহরমপুর, (৭) বেলডাঙ্গা, (৮) নওদা ও (৯) হরিহরপাড়া।	৫৬
(৪)	হুগলী	..	(১) চুঁচুড়া, (২) চন্দননগর, (৩) পাণ্ডুয়া, (৪) মগরা, (৫) পোলবা, (৬) বাঁশবেড়িয়া, (৭) ধনিয়াখালি, (৮) তারকেশ্বর, (৯) হরিপাল ও (১০) সিঙ্গুর।	৫৩
(৫)	বর্ধমান	..	(১) বর্ধমান, (২) মেমারি ও (৩) গলসী	৪৪
(৬)	বাঁকুড়া	..	(১) বিষ্ণুপুর, (২) ওন্দাগ্রাম, (৩) সোনামুখী ও (৪) পাত্রসায়ের	৩২
(৭)	বীরভূম	..	(১) আহমেদপুর ও (২) বোলপুর	৬
(৮)	পুরুলিয়া	..	(১) পুরুলিয়া, (২) হুরা, (৩) পুঞ্চ ও মানবাজার ..	১০
(৯)	মালদহ	..	(১) মালদহ, (২) কালিয়াচক ও (৩) মাণিকচক ..	২১
(১০)	দার্জিলিং	..	(১) দার্জিলিং, (২) কার্সিয়াং, (৩) কালিম্পং, (৪) বিজনবাড় (৫) তাকদণ্ড ও (৬) সুকিয়াপুকরি।	১২

সংক্ষিপ্ত-সার

(১) বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্রসমূহের মোট সংখ্যা--৩২৪।

(২) যেক'টি থানায় গো-প্রজনন কেন্দ্র স্থাপিত হয়েছে তার সংখ্যা--৬১।

পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় উন্নত গো-প্রজননে নিয়োজিত সরকারী ষাঁড়ের তালিকা

ক্রমিক সংখ্যা	জেলা।		যেসকল থানায় সরকারী ষাঁড় বিতরণ করা হয়েছে।	সরকারী ষাঁড়ের সংখ্যা।
(১)	হাওড়া	..	(১) আমতা, (২) বাগনান, (৩) উলুবেড়িয়া ও (৪) শ্যামপুর ..	১৩
(২)	হুগলী	..	(১) খানাকুল, (২) পোলবা, (৩) ধনিয়াখালি, (৪) জঙ্গীপাড়া, (৫) সিঙ্গুর, (৬) মগরা, (৭) পাণ্ডুয়া, ও (৮) চণ্ডিতলা।	৭৪
(৩)	২৪-পরগণা	..	(১) গাইঘাটা, (২) বারাসাত, (৩) হাবড়া, (৪) সোনারপুর, (৫) সন্দেশখালি, (৬) মগরাহাট ও (৭) বাগদা।	..

ক্রমিক সংখ্যা	জেলা	যেসকল থানায় সরকারী ষাঁড় বিতরণ করা হয়েছে।	সরকারী ষাঁড়ের সংখ্যা।
(৪)	নদীয়া ..	(১) নাকাশীপাড়া, (২) চাপড়া, (৩) কোতোয়ালি, (৪) কালিগঞ্জ, (৫) তে-হাট্টা, (৬) হাঁসখালি, (৭) করিমপুর, (৮) রানাঘাট, (৯) চাকদা ও (১০) শান্তিপুর।	৭২
(৫)	মুর্শিদাবাদ ..	(১) বারওয়ান, (২) কান্দি, (৩) ভারতপুর, (৪) বেলডাঙ্গা, (৫) বহরমপুর, (৬) লালগোলা, (৭) ভগবানগোলা, (৮) জিয়াগঞ্জ, (৯) রঘুনাথগঞ্জ, (১০) খড়গ্রাম, (১১) হরিহরপুর, (১২) ডোমকল, (১৩) নওদা, (১৪) নবগ্রাম, (১৫) সাগরদীঘি ও (১৬) মুর্শিদাবাদ।	১২৯
(৬)	বর্ধমান ..	(১) বর্ধমান, (২) কেতুগ্রাম, (৩) আউসগ্রাম, (৪) ভাতার, (৫) গলসী, (৬) ফরিদপুর, (৭) আসানসোল ও (৮) কালনা।	১৮৫
(৭)	বীরভূম ..	(১) বোলপুর, (২) মহম্মদবাজার ও (৩) নলহাটি ..	৭১
(৮)	বাঁকড়া ..	(১) খাতরা, (২) রাণীবাঁধ, (৩) বিষ্ণুপুর, (৪) ওন্দাগ্রাম, (৫) তালডাঙ্গারা, (৬) বরজোড়া, (৭) রায়পুর, (৮) ইন্দাশ ও (৯) জয়পুর।	২৭
(৯)	মেদিনীপুর ..	(১) এগরা, (২) কনটাই, (৩) চন্দ্রকোনা, (৪) ঝাড়গ্রাম ও (৫) নারায়ণগঞ্জ।	৬৭
(১০)	পুরুলিয়া ..	পুরুলিয়া	১৩
(১১)	দার্জিলিং ..	(১) কালিম্পঙ ও (২) শিলিগুড়ি	৭৪
(১২)	জলপাইগুড়ি ..	(১) ধূপগুড়ি, (২) ফলাকাটা, (৩) জলপাইগুড়ি, (৪) রায়গড় ও (৫) ময়নাগুড়ি।	৫৭
(১৩)	কোচবিহার ..	(১) কোতোয়ালি, (২) মাথাভাঙ্গা, (৩) দিনহাটা ও (৪) তুফানগঞ্জ	৭৭
(১৪)	মালদহ ..	(১) মাণিকচক, (২) রতুয়া, (৩) হরিশ্চন্দ্রপুর ও (৪) খরবা ..	৬৮
(১৫)	পশ্চিম দিনাজপুর	(১) রায়গঞ্জ, (২) হেমতাবাদ ও (৩) কালিগঞ্জ	৪২

সংক্ষিপ্তসার

মোট সরকারী ষাঁড়ের সংখ্যা--৯৮০।

যেসকল থানায় বিতরণ করা হয়েছে--৮৯।

Practising Medical Officers in the West Bengal Health Service

809. (Admitted question No. 1614.)

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, স্বাস্থ্যবিভাগের কর্মরত ডাক্তারদের মধ্যে কে কে প্র্যাকটিসিং, তাঁহাদের নাম এবং বর্তমানে কোন্ পদে কাজ করিতেছেন?

The Minister for Health:

১৯৫৮ সালের ওয়েস্ট বেঙ্গল হেল্‌থ সার্ভিসএর নূতন শর্তাদি যেসকল ডাক্তার গ্রহণ করেন নাই এবং পূর্ববর্তী নিয়ম অনুযায়ী প্রাইভেট প্র্যাকটিস করিবার সুযোগ লাভ করিয়াছেন, তাঁহাদের নাম এবং বতমান পদ লাইব্রেরি টেবিলে রক্ষিত বিবরণীতে প্রদত্ত হইল।

জেলা ও মহকুমা হাসপাতালে নিযুক্ত ওয়েস্ট বেঙ্গল হেল্‌থ সার্ভিস-এর যে ডাক্তারগণ ১৯৫৮ সালের নূতন নিয়ম অনুযায়ী প্রাইভেট প্র্যাকটিস করিতে পারেন তাঁহাদের নাম এবং সরকারী হাসপাতালের অবৈতনিক ডাক্তারদের নাম উক্ত বিবরণীতে দেওয়া হয় নাই।

Marketing Co-operative Societies in Purulia district

810. (Admitted question No. 1920.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পুরুলিয়া জেলায় কোন্ কোন্ মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি গত ১৯৬৪ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কি পরিমাণ ধান ও চাউল সংগ্রহ করিয়াছে;

(২) উক্ত মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটিগুলির কোন্ কোন্‌টির কত মূলধন আছে এবং রেজিস্ট্রেশন হইবার পর হইতে বর্তমান সময় পর্যন্ত উহাদের প্রত্যেককে সরকার কত টাকা করিয়া প্রতি বৎসর লোন বা সাহায্য দিয়াছেন; এবং

(৩) ঐসকল সোসাইটি গত ১৯৬৪ সালে বর্তমান সময় পর্যন্ত কি মূল্যে বিভিন্ন ব্যক্তির নিকট ধান্য ও চাউল ক্রয় করিয়াছিল, এবং কত মূল্যে কতজনকে কি হারে উহা বিক্রয় করিয়াছিল?

The Minister for Co-operation :

১নং, ২নং, ৩নং ও ৪নং ক্রোড়পত্রে লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

Tubewells in Contai police-station, Midnapore

811. (Admitted question No. 1934.)

শ্রীহৃষীকেশ চক্রবর্তীঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ১৯৬৪-৬৫ সালে কাঁথি মহকুমায় কোন্ কোন্ ব্লকে কতটি আর ডাবলু এস-এর নলকূপ নূতন প্রোথিত ও পুরাতন চোক্‌ড নলকূপগুলি সংস্কারের পরিকল্পনা রহিয়াছে;

(খ) এই কার্য কবে কার্যকর করার নির্দেশ রহিয়াছে; এবং

(গ) স্থান নির্বাচন হইয়া থাকিলে, কোথায়?

The Minister for Health :

(ক) নূতন নলকূপের সংখ্যা—৯০

অকেজো নলকূপ পুনর্খননের সংখ্যা—৬০

এ সম্পর্কে বিস্তৃত বিবরণ লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

(খ) ১৯৬৪-৬৫ সালের মধ্যে।

(গ) 'ক' প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Minister-in-charge of Agriculture will please make a statement on the Calling Attention notice of Shri Abul Mansur Habibullah regarding Mayapur Political Conference and its effect upon agriculture.

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় সদস্য শ্রীমনসুর হাবিবুল্লা সাহেবের দৃষ্টি আকর্ষণ বিজ্ঞপ্তি সম্পর্কে আমি নিম্নলিখিত বিবৃতি দিতে চাইঃ

পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের মায়াপুরের রাজনৈতিক সম্মেলনের বিগত ৪৮তম অধিবেশনে যে প্রস্তাব গৃহীত হইয়াছে তাহা পর্যালোচনা করিলে দেখা যাইবে যে, ঐগুলি সম্যকভাবে অনুসৃত হইলে সামগ্রিকভাবে দেশের এবং বিশেষ করিয়া কৃষকদের পক্ষে মঙ্গলজনক।

উক্ত সম্মেলনের অর্থনৈতিক প্রস্তাবে কৃষি সম্পর্কে যেসকল কথা বলা হইয়াছে, ইহা হইতে এইরূপ ভ্রান্ত ধারণার কোনরূপ অবকাশ নাই যে, তাহাতে ব্যাপকভাবে ভাগচাষী উচ্ছেদের সম্ভাবনা আছে বা জোতদারগণ এই চৈত্রের মধ্যেই ভাগচাষীদের হাত হইতে সমগ্র জমি ছাড়াইয়া লইবেন। এ পর্যন্ত কৃষিবিভাগে উপরোক্ত ধারণার সমর্থনে কোন তথ্য পেঁছায় নাই বরং যেসকল প্রস্তাব উক্ত সম্মেলনে গৃহীত হইয়াছে কৃষকদের উপর সেগুলির প্রতিক্রিয়া বেশ অনুকূলই হইয়াছে বলিয়া জানা গিয়াছে।

Mr. Speaker: I have received two notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Retrenchment of 40 permanent employees of the Board of Secondary Education, West Bengal—by Shri Sambhu Charan Ghosh; and

(2) Maladministration of relief in Jiaganj and Bhagabangola police-stations of Murshidabad district—by Shri Sailendra Nath Adhikary.

I have selected the notice of Shri Sambhu Charan Ghosh on the subject of retrenchment of 40 permanent employees of the Board of Secondary Education, West Bengal. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Rabindralal Sinha: I shall make the statement on Monday.

Shri Prafulla Chandra Sen: Sir, as I promised the other day, I would like to make a statement today. I made a statement in the Assembly on the 22nd March, 1965, giving the whole background of the recent trouble over the Pakistani enclave Dahagram consequent upon heavy concentration of Pakistani forces in Pakistan territory adjoining Mekliganj subdivision of Cooch Behar district and the subsequent resorting to firing by Pakistani forces from 3-30 a.m. in the morning of 17th March, 1965. On the 22nd evening, however, an agreement was arrived at between the Governments of India and Pakistan which contained the following provisions:—

(1) that Pakistan should immediately ask the commandants of the border police to contact their Indian opposite numbers and arrange cease-fire;

(2) that a group of Pakistani officials with necessary travel documents to be issued to them by the Indian Deputy High Commission in Pakistan will be allowed to go to Dahagram provided cease-fire had been established by that time, and they will be allowed safe transit over Indian territory in their journeys from Pakistan mainland to Dahagram enclave and back;

(3) that there should be a Chief Secretaries' Conference which will discuss the general question of egress and ingress into enclaves on both sides;

(4) that Pakistani nationals who had earlier left Dahagram should be allowed to come back to Dahagram on some sort of travel document over the Indian mainland.

Sir, as will be noted, the most important part of the agreement was that there should be immediate cease-fire for which the Commandants of the Pakistani forces would contact their Indian counterparts and arrange the cease-fire. Necessary instructions were issued to our border police on the 22nd itself that whenever such an approach was made by the Commandants of the Pakistani forces for the purpose of effecting a cease-fire that should be agreed to so that cease-fire would actually be effected on both sides. Unfortunately, this most important part of the agreement has not yet been acted upon by the East Pakistan Government. Reports have been received of intermittent firing by Pakistani forces from the 22nd night on the following border outposts: Jhikabari, Tinbigha, Bagdokra, Kharkharia and Par Mekliganj. In Jhikabari, Tinbigha and Bagdokra firing was by light machine guns and rifles. In Kharkharia and Par Mekliganj mortar and grenades were also used. Firing also continued throughout yesterday, that is the 23rd. There was firing at Bagdokra, Kharkharia and Tinbigha yesterday. Report received on telephone this morning indicate that till 10 a.m. today firing by the Pakistanis have continued.

Non-implementation by the Pakistanis of the most important part of the agreement is unfortunate. Not only has firing by the Pakistani forces not stopped there has been no approach so far from the Commandants of the Pakistani forces to their Indian opposite numbers for arranging the cease-fire as was decided in the agreement. In a telegram sent yesterday to the Chief Secretary of East Pakistan by the Chief Secretary of West Bengal the former's attention as drawn to the continuation of firing by the Pakistani forces. Today also the Chief Secretary, West Bengal, has lodged a strong telegraphic protest with his counterpart in East Pakistan describing this continuation of firing by the Pakistani forces despite the agreement as being most unfortunate, and requesting him to issue immediate instructions to the Commandants of the East Pakistan Police to get in touch with their Indian opposite numbers to arrange for immediate cease fire.

The situation is under close watch. The West Bengal Police personnel have been doing their duty in an excellent way and are returning the fire and repulsing any attempt on the part of Pakistani nationals backed by East Pakistan Rifles to trespass into India to commit arson and loot. Severe casualties were inflicted on the Pakistanis who had attempted to do acts of brigandage in Indian territory.

The State Government has also received repoprts of heavy concentration of Pakistani forces elsewhere along the border. Reports so far received by the State Government indicate that there has been concentration of a large number of Pakistani Rifles men at different places within Pak territory opposite South Berubari.

[2-10—2-20 p.m.]

The East Pakistan Rifles are reported to have dug new trenches and set up bunkers opposite South Berubari, Daikhata and Satkura. The situation there is also under close watch and I can assure this House that there is no cause for apprehension whatsoever. As I had firmly assured the members before, not an inch of Indian territory will be allowed to be raided or encroached upon by the Pakistanis.

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার, স্যার, মুখ্যমন্ত্রী মহাশয়, আমাদের কাছে তার রিপোর্ট রাখলেন, তিনি আমাদের আশ্বস্ত হবার জন্য বলেছেন এবং নিশ্চিন্ত থাকতে বলেছেন যে, তারা এক ইঞ্চি জমি নিতে পারবে না, কিন্তু ব্যাপার হচ্ছে, তারা ক্রমাগত গুলি চালাচ্ছে তারা সশস্ত্রভাবে গুলি চালাচ্ছে। সেখানে আমরা দেখছি আমাদের সীমান্ত শূন্য হয়ে যাচ্ছে। এক মাইল, দুই মাইল, তিন মাইল থেকে দূরে লোক পিছিয়ে যাচ্ছে। প্র্যাকটিক্যালি সীমান্ত খালি হয়ে যাচ্ছে সেইসব জায়গায় যাতে আমাদের লোক থাকতে পারে, বসবাস করতে পারে, তার ব্যবস্থা করুন। আমরা শুধু স্ট্রং টেলিগ্রাম না পাঠিয়ে স্ট্রং গুলি কি করে পাঠাতে পারি, সেইজন্য তিনি কোনও ব্যবস্থা করছেন কিনা? আমাদের যারা সীমান্ত বাহিনী তাদের হাতে পুরানো রাইফেল ছাড়া কিছুই নেই, মরটার নেই, লাইট মেসিনগান নেই, কিছুই নেই, সেকথা আমি গতদিনেও বলেছিলাম। সেইজন্য কিছু ব্যবস্থা করা দরকার। আর একটা কথা বলছি বর্ডার ক্যাম্পএ যারা আছে, তাদের সাথে স্থানীয় পুলিশ, স্থানীয় থানা অফিসারদের এবং ম্যাজিস্ট্রেটদের সঙ্গে কোনও যোগাযোগ থাকে না। কাজেই এরা অনেক সময় নিজেরা ডিসিশন নিতে পারে না যে কি করা যায়, সেদিক থেকে দেখা উচিত যাতে জেলা শাসক বা মহকুমা শাসকের সাথে যোগাযোগ রাখতে পারে যাতে জেলা শাসক, মহকুমা শাসক ইনস্ট্রাকশন দিলে এরা কাজ করতে পারে, সেই ব্যবস্থা করার দরকার। কারণ আক্রমণ হচ্ছে, আমরা সরে যাচ্ছি, গ্রাম খালি হয়ে যাচ্ছে, এটা আমাদের পক্ষে ক্ষতি হয়ে যাচ্ছে। সেদিক থেকে দৃষ্টি দেওয়া উচিত।

Memorandum of the Health Department

Shri Bijesh Chandra Sen:

মাননীয় স্পীকার মহাশয়, আমার এই বিধানসভার প্রচার দপ্তর থেকে, পাবলিকেশন কাউন্টার থেকে হেলথ ডিপার্টমেন্ট-এর সেক্রেটারীর সই করা একটা মেমোরেন্ডাম পেলাম। তাতে এ্যাসেম্বিব্র মেম্বারস এবং কাউন্সিল-এর মেম্বারসদের জন্য এস এস কে এম হসপিটাল-এ ২টি করে বেড রাখা হয়েছে। সেই মেমোরেন্ডাম-এ লিখছে এক জায়গায়

for the purpose of this order, 'family' shall mean the wife or husband and legitimate children including step children of the member.

আমি আপনার কাছে এই কথা জিজ্ঞাসা করতে চাই, এখানে লেজিটিমেট চিলড্রেন কথাটা কি মিন করছে? আপনি কলকাতার একজন প্রখ্যাত আইনজ্ঞ, আপনার কাছে অনুরোধ যাতে করে এই সার্কুলারটা ক্যানসেল করে ভদ্র ভাষায় লিখে আবার বিভিন্ন জায়গায় পাঠান হয়।

Mr. Speaker:

মিঃ সেন, ঐ লেজিটিমেট কথাটা বাদ দিয়ে শুধু চিলড্রেন কথাটা বলে দিতে হবে।

Shri Bijesh Chandra Sen:

এটা সদস্যদের উপরে একটা সন্দেহ আরোপ করা হচ্ছে লোকের ভুল ধারণা হতে পারে।

Mr. Speaker:

সেইজন্য বাদ দিতে বলছি।

Scarcity of rice in Domjur Thana

Shri Anadi Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খবর পাওয়া যাচ্ছে—আমি ডোমজুড় থানায় গিয়েছিলাম, সেখানে গত ২।৩ দিন যাবত চাল পাওয়া যাচ্ছে না। চালের দাম মাঝে ১·১২ পয়সা পর্যন্ত উঠেছিল। সম্প্রতি গভর্নমেন্ট থেকে কিছু চাল পাঠিয়ে দিলেন মডিফাইড রেশনিং-এর মারফত, কিন্তু তাতে হাফ ইউনিট যারা তাদের চাল দেওয়া হচ্ছে না, আর এক ইউনিট যারা তাদের সপ্তাহে এক কেজি চাল দেওয়া হচ্ছে। লোকে ৫—১০ মাইল করে ছুটাছুটি করছে, কোথাও চাল পাওয়া যাচ্ছে না। এই বিষয়ে খাদ্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যেন সেখানে কিছু চাল অবিলম্বে পাঠানোর ব্যবস্থা করা হোক।

Shri Haridas Chakraborty:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হল আসানসোলে হিন্দুস্থান পিলকিংটন গ্ল্যাস ওয়ার্কস-এ সম্প্রতি প্রায় ৮৭ জন কর্মচারীকে ছাঁটাই করা হয়েছে এবং তাতে দেখা যাচ্ছে যে তাদের যে রোল প্লেট সেকশনটা ছিল, সেটা তুলে দিয়ে ৮৭ জন ওয়র্কার্সকে ছাঁটাই করার ফলে, এই ৮৭ জন শ্রমিক কর্মচারী, তাদের পরিবারবর্গ নিয়ে পথে বসেছেন. সুতরাং এই বিষয়ে অবিলম্বে আপনি দেখুন. আমি একটা টেলিগ্রাম পেয়েছি, তাতে লেখা আছে, শ্রমমন্ত্রী আপনাকেও একটা দেওয়া হয়েছে। এই বিষয়ে কিছু করুন। এই আমার বক্তব্য।

SUPPLEMENTARY ESTIMATES FOR THE YEAR 1964-65

Mr. Speaker: I would request Hon'ble Ministers to move their Demands for Grants one after another. After the Demands for Grants are moved there will be discussion on the Supplementary Demands. I shall put the Demands for Grants to vote at 5-30 p.m. or earlier if the discussion is over before that time.

DEMANDS FOR GRANTS

GRANT No. 1

Major Head: 4—Taxes on Income other than Corporation tax

Shri Saila Kumar Mukherjee: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 22,000 be granted for expenditure under Grant No. 1, Major Head: "4—Taxes on Income other than Corporation Tax" during the current year.

GRANT No. 3

Major Head: 10—State Excise Duties

Shri Iswar Das Jalan: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,84,000 be granted for expenditure under Grant No. 3 Major Head: "10—State Excise Duties" during the current year.

GRANT No. 5

Major Head: 12—Sales Tax

Shri Saila Kumar Mukherjee: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,23,000 be granted for expenditure under Grant No. 5, Major Head: "12—Sales Tax" during the current year.

GRANT No. 6

Major Head: 13—Other Taxes and Duties

Shri Saila Kumar Mukherjee: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,05,000 be granted for expenditure under Grant No. 6, Major Head: "13—Other Taxes and Duties" during the current year.

GRANT No. 7

Major Head: 14—Stamps

Shri Saila Kumar Mukherjee: On the recommendation ... the Governor I beg to move that a sum of Rs. 1,73,000 be granted for expenditure under Grant No. 7, Major Head: "14—Stamps" during the current year.

GRANT No. 8

Major Head: 15—Registration Fees

Shri Iswar Das Jalan: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,87,600 be granted for expenditure under Grant No. 8, Major Head: "15—Registration Fees" during the current year.

GRANT No. 11

Major Head: 18—Parliament, State and Union Territory Legislatures

Shrimati Abha Maiti: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,91,000 be granted for expenditure under Grant No. 11, Major Head: "18—Paliament, State and Union Territory Legislatures" during the current year.

GRANT No. 12

Major Head: 19—General Administration

Shri Prafulla Chandra Sen: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 32,75,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" during the current year.

GRANT No. 13

Major Head: 21—Administration of Justice

Shri Iswar Das Jalan: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,45,000 be granted for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" during the current year.

GRANT No. 14

Major Head: 22—Jails

Shri Jagannath Kolay: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 20,34,000 be granted for expenditure under Grant No. 14, Major Head: "22—Jails" during the current year.

GRANT No. 15

Major Head: 23—Police

Shri Prafulla Chandra Sen: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,21,48,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year.

GRANT No. 17

Major Head: 26—Miscellaneous Departments Excluding Fire Services

Shri Jagannath Kolay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 92,57,000 be granted for expenditure under Grant No. 17, Major Head: "26—Miscellaneous Departments—Excluding Fire Services" during the current year.

GRANT No. 18

Major Head: 27—Scientific Departments

Shri Rabindralal Sinha: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,000 be granted for expenditure under Grant No. 18, Major Head: "27—Scientific Departments" during the current year.

GRANT No. 19

Major Head: 28—Education

Shri Rabindralal Sinha: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,20,46,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year.

GRANT No. 20

Major Head: 29—Medical

Shri Jagannath Kolay: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 55,74,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year.

GRANT No. 25

Major Head: 95A—Capital Outlay on Consumer Co-operatives

Shri Tarun Kanti Ghosh: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 6,15,000 be granted for expenditure under Grant No. 25, Major Head: "95A—Capital Outlay on Consumer Co-operatives" during the current year.

[2-20—2-30 p.m.]

GRANT No. 26

Major Head: 96—Capital Outlay on Industrial Development

Shri Tarun Kanti Ghosh: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Re. 1 be granted for expenditure under Grant No. 26, Major Head: "96—Capital Outlay on Industrial Development" during the current year.

GRANT No. 28

Major Head: 35—Industries—Cinchona

Shri Tarun Kanti Ghosh: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,12,000 be granted for expenditure under Grant No. 28, Major Head: "35—Industries—Cinchona" during the current year.

GRANT No. 32

Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations —Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.

Shri Bijoy Singh Nahar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 18,90,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "39—Miscellaneous, Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" during the current year.

GRANT No. 33

Major Head: 42—Multipurpose River Schemes

Shri Jagannath Kolay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,96,23,000 be granted for expenditure under Grant No. 33, Major Head: "42—Multipurpose River Schemes" during the current year.

GRANT No. 34

Major Head: 50—Public Works

Shri Jagannath Kolay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,29,84,000 be granted for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year.

GRANT No. 34A

Major Heads: 51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme.

Shri Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,46,12,000 be granted for expenditure under Grant No. 34A, Major Heads: "51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme" during the current year.

GRANT No. 35

Major Head: 53—Ports and Pilotage

Shri Saila Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,11,000 be granted for expenditure under Grant No. 35, Major Head: "53—Ports and Pilotage" during the current year.

GRANT No. 37

Major Head: 64—Famine Relief

Shrimati Abha Maiti: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,47,29,000 be granted for expenditure under Grant No. 37, Major Head: "64—Famine Relief" during the current year.

GRANT No. 40

Major Head: 68—Stationery and Printing

Shri Tarun Kanti Ghosh: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,48,000 be granted for expenditure under Grant No. 40, Major Head: "68—Stationery and Printing" during the current year.

GRANT No. 42

Major Head: 71—Miscellaneous - Contributions

Shri Jagannath Kolay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 39,40,000 be granted for expenditure under Grant No. 42, Major Head: "71—Miscellaneous—Contributions" during the current year.

GRANT No. 44

Major Heads: 71—Micellaneous—Expenditure on Displaced Persons and 109—Capital Outlay on Other Works—Expenditure on Displaced Persons. Loans and Advances by State and Union Territory Governments—Loans and Advances to Displaced Persons.

Shrimati Abha Maiti: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,20,68,000 be granted for expenditure under Grant No. 44, Major Heads: "71—Miscellaneous—Expenditure on Displaced Persons and 109—Capital Outlay on Other Works—Expenditure on Displaced Persons. Loans and Advances by State and Union Territory Governments—Loans and Advances to Displaced Persons" during the current year.

GRANT No. 46

Major Head: 78—Pre-Partition Payments

Shri Saila Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 26,000 be granted for expenditure under Grant No. 46, Major Head: "78—Pre-Partition Payments" during the current year.

GRANT No. 50

Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading

Shri Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 18,41,05,000 be granted for expenditure under Grant No. 50, Major Head: "124—Capital Outlay on Schemes of Government Trading" during the current year.

Mr. Speaker: Honourable Members, I may inform that the following cut motions are out of order:

Under Grant No. 11—cut motion No. 2.

Under Grant No. 12—cut motions Nos. 2, 3, 6, 7, 8.

Under Grant No. 13—cut motions Nos. 2 and 3.

Under Grant No. 15—cut motion No. 3.

Under Grant No. 19—cut motions Nos. 3, 4, 8, 9, 10, 17 and 20.

Under Grant No. 25—cut motion No. 2.

Under Grant No. 26—cut motion No. 2.

Under Grant No. 33—cut motion No. 2.

Under Grant No. 37—cut motions Nos. 3 and 4.

The remaining cut motions are in order and they are taken as moved.

I also inform the honourable members that the following are the grants on which there are no cut motions:

Grant No. 1
Grant No. 3
Grant No. 6
Grant No. 11
Grant No. 13
Grant No. 18
Grant No. 25
Grant No. 26
Grant No. 28
Grant No. 32
Grant No. 33
Grant No. 35
Grant No. 44 and
Grant No. 46.

GRANT No. 5

The following cut motion was taken as moved:

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 7

The following cut motion was taken as moved:

Shri Gour Chandra Kundu: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 8

The following cut motions were taken as moved:

Dr. Golam Yazdani: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 12

The following cut motion were taken as moved:

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: That the demand be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 14

The following cut motions were taken as moved:

Shri Gour Chandra Kundu: That the demand be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 15

The following cut motion was taken as moved:

Shri Sunil Das Gupta: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 17

The following cut motion was taken as moved:

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 19

The following cut motions were taken as moved:

Shri Sunil Das Gupta: That the demand be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100.

Shri Aswini Roy: That the demand be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: That the demand be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 20

The following cut motions were taken as moved:

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 34

The following cut motions were taken as moved:

Shri A. H. Besterwitch: That the demand be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 34A

The following cut motions were taken as moved:

Shri Abhoy Pada Saha: That the demand be reduced by Rs. 100.

Shri Aswini Roy: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 37

The following cut motions were taken as moved:

Shri Sunil Das Gupta: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 40

The following cut motion was taken as moved:

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 42

The following cut motions were taken as moved:

Shri Aswini Roy: That the demand be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced by Rs. 100.

GRANT No. 50

The following cut motions were taken as moved:

Shri Aswini Roy: That the demand be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: That the demand be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: That the demand be reduced by Rs. 100.

Shri Khagendra Kumar Roy Chowdhury:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দের এই হিসেব নিতেশগুলি আমার বুদ্ধি দিয়ে যতটা বোঝা যায় তা বুঝবার আমি চেষ্টা করেছিলাম। তাতে একটা জিনিস বুঝলাম—তা হোল এই—কোন খাতে ব্যয় সংকোচ করবার যে চেষ্টা তা এর মধ্যে নাই। পরন্তু বেশী বেশী খরচ, প্রয়োজনের অতিরিক্ত খরচ করা হয়েছে। আমি শুনছি আমাদের দেশে এমারজেন্সি—তার জন্য রোজ লোককে স্বার্থত্যাগ করবার কথা বলা হয়, কষ্ট সহ্য করবার কথা বলা হয়। কিন্তু এই ব্যয় বরাদ্দের মধ্য দিয়ে সেটা প্রমাণ হয় না যে দেশে এমারজেন্সি আছে। তবে এটা বোঝা যায় যে এই এমারজেন্সি কথাটা ও'রা দলীয় স্বার্থে ব্যবহার করবার জন্য ওটা তারা বজায় রেখে দিয়েছে। আমি পূর্বে পুলিশ খাতে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের বিষয় আপনার সামনে উপস্থিত করবো। এখানে যে বেশী টাকা, অতিরিক্ত ব্যয়-বরাদ্দের মঞ্জুরী চাওয়া হয়েছে এবং আমরা ধরে নিই—যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ যেটা উপস্থিত করা হয়, সেটা যে আগে ও'রা ধারণা করতে পারেন না—সেইজন্য সেই সমস্ত খরচ পরে ও'রা উপস্থিত করেন যার জন্য অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রশ্ন আসে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশেষ করে পুলিশ খাতে আমি দেখছিলাম অতিরিক্ত ব্যয় কি কি হয়েছে। এক জায়গায় দেখলাম "এ"-তে আছে

Additional provisions are necessary on account of the larger establishment charges including payment of dearness allowance, cost of launches for the Port Police, etc.

আর "সি"-তে আছে ডিস্ট্রিক্ট এক্সিকিউটিভ ফোর্সেস বলে—

"Additional provisions are mainly necessary on account of raising of an armed police battalion, purchase and maintenance of vehicles, replacement of condemned vehicles, creation of emergency forces, sanction of dearness allowance and purchase of wireless sets in connection with the border reorganisation."

স্যার, আমি ১৯৬১-৬২ সালে যখন পুলিশ বাজেটের জন্য যখন অতিরিক্ত ব্যয়-বরাদ্দ চাওয়া হয়েছিল, সেই সময় কি বলে সেটা চাওয়া হয়েছিল, সেটা এই প্রসঙ্গে এ্যাসেমব্লি প্রসিডিংস

পড়ছিলাম, তাতে দেখলাম মুভ করছেন প্রফুল্লচন্দ্র সেন, তাতে আছে ঠিক সেখানে "এ" ও "সি"-তে যে যে কারণে টাকা চাওয়া হয়েছিল এখানেও সেই সেই কারণ বর্তমান—

"Additional provision is required for repairs and replacement of a large number of police vehicles and launches, purchase of additional wireless equipments, arms and ammunitions, etc."

সমস্তই আছে। সুতরাং এটা থেকে এ জিনিস বোঝা যায় যে এই যে খরচ অতিরিক্ত হবে এটা এঁরা জানতেন না, তা নয়। ১৯৬১-৬২ সালে যখন ঐ একই কথা বলে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের মধ্যে যে আইটেম আছে, এই সমস্ত জিনিসের প্রয়োজন আছে—এই উল্লেখ করে টাকা চাওয়া হয়েছে। ১৯৬৪-৬৫ সালেও দেখছি ঐ একই কারণে টাকা চাওয়া হয়েছে। কাজেই এটা থেকে বোঝা যায় তাঁরা যে এই খরচটা এ্যান্টিসিপেট করেন নাই তা নয়, খরচ হবে তা জানতেন, তা সত্ত্বেও মূল বাজেট বরাদ্দের সময় সেটা চান নাই কেন? তার প্রধান কারণ হচ্ছে পুলিশ বাজেটে যদি অনেক টাকা চাওয়া হয়, তাহলে ও'রা দেশের লোকের কাছে নিন্দনীয় হন এবং বিরোধী সদস্যরাও তাঁদের ছি ছি করবেন। সেইজন্য চক্ষু লজ্জার খাতিরে জেনে শুনে এই হিসেবের কারচুপি করে এ'রা দফায় দফায় এই হিসেব উপস্থিত করেন, অন্ততঃ বেশী টাকা পুলিশ খাতে খরচ হচ্ছে এটা যাতে লোকের কাছে প্রমাণ না হয়, যার জন্য ও'রা এইভাবে খরচটা উপস্থিত করছেন।

দ্বিতীয়তঃ হচ্ছে কয়েকদিন আগে প্রফুল্লবাবু পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ উপস্থিত করবার সময় একটা কথা বললেন, তিনি একটা পারসেন্টেজ দিতে আরম্ভ করলেন—শিক্ষা খাতে এত পারসেন্ট বেড়েছে, অমুক খাতে এত পারসেন্ট বেড়েছে, আর পুলিশ খাতে এত পারসেন্ট কমেছে। তিনি এ্যামাউন্ট না দিয়ে পারসেন্টেজ দিলেন। এইরকম কি কোন নিয়ম আছে যে দেশের যত উন্নতি হবে, দেশের জনসংখ্যা যত বাড়বে সমস্ত খাতে খরচ বাড়লে পুলিশ খাতেও খরচ বাড়বে? এমন কি কোন কথা আছে যে জনসংখ্যা বাড়লে, অপরাধ বাড়বে? সুতরাং পুলিশ খাতেও বেশী খরচ পড়বে! যদি ধরে নেই জনসংখ্যা যদি বাড়ে, অন্য খাতে যদি খরচ বাড়ে, তাহলে পুলিশ খাতে খরচ অবশ্যই বাড়বে; অপরাধ বাড়বে, ডাকাতি বাড়বে, গুণ্ডামী বাড়বে, জাল-জুয়াচুরি বাড়বে—এক কথায় সমস্ত কিছুই বাড়বে সেটা ধরে নেওয়া হচ্ছে। সেই অনুপাতে ও'রা দেখিয়েছেন আগের তুলনায় পুলিশ খাতে ব্যয়ের পারসেন্টেজ কম। আর এ্যামাউন্ট না দেখিয়ে আর একরকমে বিধানসভার সদস্যদের বিভ্রান্ত করবার কায়দা একটা, এই সম্পর্কে পুলিশ খাতে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের ব্যাপারে পুলিশের ব্যাপারে আমি আরো কয়েকটি কথা বলতে চাই।

[2-30—2-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই ডিপার্টমেন্ট সম্পর্কে অনেক আলোচনা হয়, অনেক জায়গায় নানারকম তথ্য দেওয়া হয় যে, ক্রাইম কমেছে বা বেড়েছে। এক কথায় বলা যায় এই ডিপার্টমেন্ট আজকে দেশের নিরাপত্তার জন্য যত প্রয়োজন তার চেয়ে বেশী প্রয়োজন এই কংগ্রেস সংগঠনের নিরাপত্তার জন্য। দেশের যে সমস্ত জায়গায় তাদের প্রয়োজন আছে, যেখানে পুলিশের যোগ্যতার সঙ্গে কাজ করা উচিত সেখানে তারা তা করে না। আমি ক্যালকাটা পুলিশের কথা বলতে পারব না, কিন্তু বেঙ্গল পুলিশ যারা গ্রামে আছে তাদের কথা জানি যে, গ্রামের কোন চাষী বা সাধারণ মানুষ যদি পুলিশের কাছে ডায়েরি করতে যায় তাহলে সেই ডায়রী বেশীর ভাগ জায়গাতেই নেওয়া হয় না এবং কোথাও যদি নেওয়া হয় তাহলে সেটা ঘুস নিয়ে নেওয়া হয়। এটা সকলেই জানেন, মন্ত্রিমহাশয় জানেন এবং ঐ পক্ষের সদস্যেরাও জানেন যে এটাই হচ্ছে নিয়ম। শুধু তাই নয়, পুলিশ লোকের উপকার করা দূরের কথা, আমরা দেখেছি বিশেষ করে এই ধান কাটার সময় যদি কোন গরীব লোকের ধান কেউ জোর করে কেটে নিয়ে যায় এবং তার জন্য সে থানায় যায় তখন থানা থেকে বলেন তুমি কোর্টে যাও। অর্থাৎ যার জমির ধান কেটে নিয়ে গেল সে থানায় গেলে তাকে বলা হচ্ছে তুমি কোর্টে যাও। কিন্তু একটি বড়-লোকের বাড়ীতে যদি চুরি বা ডাকাতি হয় তাহলে তখন কিন্তু পুলিশ একথা বলেন না যে, তুমি কোর্টে যাও। স্যার, আমি কয়েকটি ঘটনা জানি যেখানে চাষীর ধান জমিদার বা জোতদারপক্ষ জোর করে কেটে নিয়ে যাওয়া সত্ত্বেও সেখানে বাধা দেওয়া হোল না এবং যদি পুলিশকে ঘুস দেওয়া যায় তাহলে তারা কি করল, না ১৪৪-এর একটা নোটিশ দিয়ে দিল যার মেয়াদ ২৪ ঘণ্টার

বেশী নয়। অর্থাৎ লোক দেখান একটা নোটিশ দিয়ে দিল। তারপর ধান উদ্ধারের ব্যাপারে দেখেছি জমিদার-জোতদারের কাছ থেকে যেহেতু টাকা নিয়েছে সেহেতু বলল তোমরা বেমালুম কাট, আমরা বাধা দেব না। কিন্তু যখন একজন গরীব চাষী বা ভাগচাষী গিয়ে বলল যে আমার ধান অমুক জায়গায় রাখা হয়েছে তখন বলা হচ্ছে ঐ ধানের গোলা বা গাদা আমরা সিজ করিয়ে দেব যদি কিছু টাকা দাও। পুলিশের কাজ এইভাবে যে চলে এটা আমরা যেমন দেখি ঠিক তেমনি ঐপক্ষের বন্ধুরাও জানেন। আপনি, আমি কিংবা সাধারণ মানুষ যখন থানায় যায় তখন তাঁদের কথা কেউ শোনে না, কিন্তু সেই এলাকার মণ্ডল কংগ্রেসের কোন লোক যদি থানায় যায় তখন দাঁত বার করে পুলিশ বলবে, এসেছেন স্যার, বসুন স্যার। তখনকার অবস্থা দেখে মনে হয় যেন এস পি এসেছেন—এইভাবে তার পায়ে তেল মাখে। মণ্ডল কংগ্রেসের সম্পাদক গেলে যেভাবে পায়ের উপর নেতিয়ে পড়ে সেরকম আর কারুর ক্ষেত্রে দেখা যায় না। তারপর স্ট্রাইকের ব্যাপারে দেখেছি স্ট্রাইক ভাঙ্গবার জন্য মালিকপক্ষ যদি খবর দেয় তাহলে মন্ত্রিমহাশয় থেকে আরম্ভ করে এস পি, আই জি পর্যন্ত একেবারে তটস্থ। জয়ার ব্যাপারে এটা দেখেছি এবং গড়িয়ায় হিন্দুস্থান স্মল স্টীল ফ্যাক্টরীতে যখন ম্যানেজমেন্ট লক-আউট ঘোষণা করল তখন দেখেছি ওয়ার্কার্সদের উপর ডি আই আর থেকে আরম্ভ করে তাদের বাড়ী বাড়ী যেতে আরম্ভ করল এবং বলল তোমরা যদি কারখানায় যোগদান না কর তাহলে তোমাদের ডি আই আর-এ গ্রেপ্তার করব। কি প্রতাপ! সাধারণ ওয়ার্কারকে ধরবার জন্য পুলিশের প্রতাপ দেখে শ্রমিকরা তো একেবারে তটস্থ। কাজেই এই যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করা হয়েছে তাতে আমি মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করি আপনি একটু বিবেচনা করে দেখুন পুলিশ দপ্তর কিভাবে চলছে, কিভাবে তারা জনসাধারণের সেবায় নিয়োজিত হয়েছে। স্বাধীনতার পর রোজ রোজ আমরা শুনি, তাদের মনোভাব বদলে গেছে, তারা এখন জনসাধারণের সঙ্গে মিশে কাজ করছে।

শৈলবাবু কিছুদিন আগে বলেছেন এখানে দাঁড়িয়ে, আমি শিক্ষকদের মাইনে বাড়াতে পারব না, আমাদের পক্ষে অসম্ভব যদিও তাদের দাবী ন্যায্য। একজন পুলিশ সাব-ইন্সপেক্টার প্রথম যারা আসে, একজন প্রফেসারের চেয়ে বেশী মাইনে পায়, একজন কনষ্টেবল একজন প্রাইমারী টীচারের চেয়ে বেশী মাইনে পায়, কই তাদের মাইনে বাড়াবার জন্য তো আন্দোলনের প্রয়োজন হয় না। কোন মেমোরেন্ডামের দরকার হয় না, কোন ডেপুটেশনের দরকার হয় না? তখন গড়গড় করে দেখা গেল টাকা বাড়ান হল, পারসেন্টেজ দেখান হল—আমরা কত কম দিই, এই অতিরিক্ত বরাদ্দ কায়দা করে দেখান হয়, বহু আগেই রাখতে পারতেন কিন্তু জেনেশুনে ভাগে ভাগে রাখলেন।

তারপর পুলিশের পর জেলের ব্যাপার, জেলে অবশ্য বেশী টাকা বরাদ্দ করেন নি, দেখলাম বন্দীদের খাবারের জন্য ওরা বেশী টাকা ধরেছেন। এটা ঠিক যে এই সমস্ত বন্দীদের ধরবেন এটা আগে থাকতে ঠিক ছিল না। কেননা ১৯৬৩ সালে ডিসেম্বর মাসে ছেড়ে দিলেন, ভেবে-ছিলেন কোমর ভেঙ্গে দিয়েছেন, আর বোধ হয় দরকার হবে না, পরে অবশ্য প্রয়োজন হল, খরচ দেখাতে গিয়ে দেখালেন তাতে আমি খুসী হয়েছি। এতে লেখা আছে—দি জেল ম্যানুফ্যাকচার, Additional grants is necessary due mainly to rise in prices of all kinds of raw materials for manufacturing purpose.

তবে একটা জিনিস, যখন আমরা এখানে দর বৃদ্ধির কথা বলি, লোকের ভীষণ অসুবিধা হচ্ছে তখন ও'র সব সময় পারসেন্টেজ দেখান দর বাড়েনি। তবে জেল মন্ত্রী অন্ততঃ বিভিন্ন জিনিসের দর যে বেড়েছে এটা স্বীকার করেছেন।

তারপর খগেন দাশগুপ্ত মহাশয় সম্বন্ধে একটু বলি। এখানে ঘর ভাড়া—রিপেয়ার্স ১০ লক্ষ ৮০ হাজার টাকা। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই, খগেনবাবু থাকলে ভাল হত, আমরা পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের কর্মীটর্মী কিছু জানি, তাতে এটুকু বলতে পারি বিল্ডিংস ডিপার্টমেন্টে যা কাজ হয় সেখানেতো কন্ট্রাক্টারদের রাজত্ব চলে, দু হাতে তারা টাকা লুটে, যে জিনিস দেবার কথা, তা তাঁরা দিচ্ছেন না। অনেক জায়গায় আমি জানি বাড়ী তৈরী হয় এবং সঙ্গে সঙ্গে সেখানে উপর থেকে জল পড়ে, এই যে ডিপার্টমেন্টের টাকা খরচ হচ্ছে এবং বিভিন্ন দফায় দেখান হয় এতে দেখা যাবে এর বেশীর ভাগ টাকাই কন্ট্রাক্টারদের পকেটে

যাচ্ছে, এবং এই ডিপার্টমেন্টের হোমড়াচোমড়া কর্তা ব্যক্তি সমাজে যারা প্রতিষ্ঠিত যারা মোটরে করে বেড়ান তাদের সঙ্গে বন্দোবস্ত আছে, ফলে সেখানে বেশীর ভাগ টাকাই কন্ট্রাক্টার এবং ঐ কর্তা ব্যক্তিদের মধ্যে ভাগ হয়। এর চেয়ে এই দপ্তর সম্বন্ধে আর বলার কিছু নাই। এটা সকলেই জানে রাস্তা যখন তৈরী হয়, তখন কন্ট্রাক্টার এবং একজিকিউটিভদের মধ্যে বন্দোবস্ত হয় যে এত টাকা খরচ দেখাবেন। এটা সর্বজন স্বীকৃত। আমাদের ও পক্ষের বন্ধুরা একথা জানেন যে যখন রাস্তাঘাট করেন তখন এই ডিপার্টমেন্টকে কন্ট্রাক্টাররা ঘুষ দেন। তাদের সঙ্গে বন্দোবস্ত আছে।

তারপর ডিসপ্লেসড পার্সনস, তার এই বাবদ খরচ করছেন কিন্তু আমি গত ৪।৫ বছর ধরে এই বিধানসভায় বলছি যে আমার কনস্টিটিউয়েন্সীতে যে এলুমিনিয়ম হাট আছে তাতে গরমের সময় ১০৫।১০৭ ডিগ্রী তাপ যখন উঠে তখন এই এলুমিনিয়াম হাটে লোক বাস করতে পারে কিনা। আমি মন্ত্রীদের জিজ্ঞাসা না করে ঐ পক্ষের সাধারণ সদস্যদের জিজ্ঞাসা করি, মন্ত্রীদের জন্য তো তাপ নিয়ন্ত্রিত কক্ষ রয়েছে, কিন্তু এই ১০৫।১০৬।১০৭ ডিগ্রী গরমে মানুষ কি এই হাটে থাকতে পারে? যেহেতু তারা উদ্বাস্তু সেইজন্য কি তাদের এলুমিনিয়াম হাটে থাকতে হবে? কেন? এই বিভাগের মন্ত্রিমহোদয়ার কাছে গিয়েছি, তিনি বার বার বলেছেন, যা এখানে খরচ করা যায় না, এটা সেন্ট্রাল গভর্নমেন্ট স্যাংশন দেয় না, ও'রা লিখেছেন কিনা জানি না, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট যদি কোন স্যাংশন না দেন তাহলে কি এ'রা খরচ করতে পারেন না? একটা এলুমিনিয়াম হাট রিপ্লেস করতে কত টাকা লাগে? কত হাজার টাকা লাগে?

[2-40—2-50 p.m.]

প্রশ্ন হচ্ছে এখানে এর জন্য টাকা ওরা খরচ করবেন কিনা, টাকা খরচ করা যায় না কিম্বা খরচ করা অসম্ভব কি ওদের সাধ্যের মধ্যে নেই? প্রশ্ন হচ্ছে—মনোভাব—যে কোনখানে আমরা টাকা খরচ করবো এবং কোনখানে করবো না। অর্থাৎ ওদের দলীয় রাজনীতি কার্যকরী করার জন্য টাকা খরচ করবেন, বিরোধীদলের কোন কনস্টিটিউয়েন্সীতে টাকা খরচ করতে অসুবিধা হবে। সেজন্য ও'রা অন্য সমস্ত জায়গায় টাকা খরচ করতে পারেন কিন্তু এ ব্যাপারে করবেন না। দৃষ্টিভঙ্গী কোথায় নামলে এ ধরনের মনোভাব হয় সেটা দেখুন। টিউবওয়েলের জল উদ্বাস্তুদের জন্য পাওয়া যাবে না যেহেতু তাঁরা জবরদখল করে বসে আছেন এবং তারা দেখিয়ে দেন আর ডবলিউ এ এস. সি এম পি ও-কে যেখানে এক লক্ষ লোক বাস করে সেখানে টিউবওয়েল একটাও দেবেন না এবং প্রথম দিকে যাও দিয়েছিলেন তাও সব চোকড হয়ে গেছে। বারবার বলা সত্ত্বেও টিউবওয়েল দেবেন না দেওয়া সম্ভব হয় না, অথচ মন্ত্রীদের শীততাপ নিয়ন্ত্রিত ঘরের জন্য সবই সম্ভব হয়। বাংলাদেশে একটা কথা আছে যে শত্রুকেও যেন জল দেওয়া হয়, কিন্তু সেখানে আপনারা জল দেবেন না যেহেতু এটা বিরোধী দলের কনস্টিটিউয়েন্সি, তাহলে এই কথাই বলবো যে বিরোধীদলের যে কনস্টিটিউয়েন্সি আছে সেখান থেকে রাজস্ব নেবেন না। আপনারা যেখান থেকে নির্বাচিত হয়েছেন সেখান থেকে টাকা নিয়ে খরচ করুন তাহলে বুঝবো। কিন্তু অন্য লোকের কাছ থেকে টাকা নিয়ে যাবেন তা তছরূপ করবেন এটা কোন রাজনীতি নয়, এটা দলীয় নীতি। তার স্টেট ট্রেডিং সম্পর্কে ২।১টা কথা বলবো। ড্রেনসের ব্যাপারে অনেক টাকা নিয়েছেন কিন্তু এর আগে ত্রাণ বিভাগ সম্পর্কে কয়েকটা কথা বলতে চাই। ত্রাণ বিভাগ সম্বন্ধে আগেই বলেছি যে এটা হচ্ছে কংগ্রেসের ত্রাণ বিভাগ। রিলিফের কথা আপনারা সকলেই জানেন যে এই রিলিফ লিস্ট তৈরী হয় তাতে মৃত পর্যন্ত বাদ যায় না, এটা ওদের নিয়ম অনুযায়ী তৈরী হবে। আমরা যখন বলি যে দুর্ভিক্ষ কি পারসেণ্ট তখন প্রফুল্লবাবু বলেন আমরা কোন নির্দেশ দিই না। সেদিন কে বলেছিলেন বি ডি ও-দের পারসেণ্টেজ দেওয়া হচ্ছে, পারসেণ্টেজ কোথায় তা দেখুন। বি ডি ও লিস্ট পাঠিয়ে দিলেন কিন্তু এখান থেকে আপনারা বললেন লিস্টে বড় বেশী নাম হয়ে গেছে একটু কমিয়ে দাও, সেখানে পারসেন্টেজ-এর কথা বলা হয় না। কিন্তু কংগ্রেস যেখানে জিতেছে সেখানে পারসেন্টেজ এর কোন প্রশ্ন নেই—লিস্ট পাশ হয়ে গেল। ও'রা বারবার বলেন ও'রা কোন রাজনীতি করেন না। আগে ইউনিয়ন বোর্ডএ আমাদের নমিনি ছিল গভর্নমেন্ট-এর সোস্যাল ওয়ার্কার যে ছিলেন এখন পঞ্চায়েত থেকে তলব করা হচ্ছে রিলিফের ব্যাপারে। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই পঞ্চায়েত কিভাবে হয়েছে তা সকলে জানেন।

বি ডি ও বেটো মণ্ডল কংগ্রেসের অফিসিয়াল সেটা যদি না থাকতো ডিলিমিটেসা- না হত এবং ভোটার তালিকা যেভাবে হয়েছে সেভাবে যদি না হত. তাহলে অনেকের বারোটা বেজে যেত। এই পঞ্চায়েত এভাবে তৈরী হয়েছে এটা একটা জোচ্চুরীর জিনিস, কংগ্রেসের যে সমস্ত আপ টু ডেট ওয়ার্কার তাদের সেখান থেকে সব ব্যবস্থা হয় এবং সেভাবে তালিকা তৈরী হয়। আমি দেখিয়ে দিতে পারি যে সে তালিকার মধ্যে একই নাম কবার আছে। কোন সময় বাবা হিসাবে, কোন সময় মা হিসাবে, কোন সময় ছেলে হিসাবে নাম আছে, এবং সেখানে অনেক ডেথ পারসেনেরও নাম দেখতে পাবেন। সুতরাং কোন অসুবিধা নেই। কেউ যদি আমার কনস্টিটিউয়েন্সিতে যান তাহলে দেখবেন কটা মৃতের নাম সেখানে আছে। দুই-তিনবার করে দেখান হয়, একবার এ কলোনীতে আর একবার ঐ কলোনীতে এইভাবে এই সমস্ত জিনিস চলছে, এরপর আমি স্টেট ট্রেডিং সম্বন্ধে কিছু বলবো। তেল তো ও'রা দিতে পারেন না। প্রফুল্লবাবু বললেন আমরা মন্ত্রীরা ঠিক তেল পেয়েছি মন্ত্রীমহোদয়রা যে ঠিক পেয়েছেনও কংগ্রেস সদস্যরা যে তেল ঠিক পেয়েছেন এটা ঠিক কিনা আমরা পাই নি। সে তেল কোথায় গিয়েছিল এখন যেটা সবাই পাচ্ছে। ও'রা বারবার বলেন পুলিশ ভাল কাজ করছে। পুলিশ চোরা কারবার ধরছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি চোরাকারবারে দমন করাতে পেরেছেন? তা পারেন নি। তাদের আধিপত্য যেই তেলে গেল অমনি খেলা দেখালেন ডালের বেলায় পুলিশ কিছু লোককে ধরলো অমনি খবরের কাগজে বলা হল মুখ্যমন্ত্রী এ ব্যাপারে বদ্ধপরিকর যে তিনি চোরাকারবার ধরবেন, কাগজের সংগে বেশ একটা গাঁটছড়া বাঁধা আছে। সেখানেই সব কিছুই হল গোঁড়াকল, যখন বাজার দর কমে গেল তখন ওরা বললেন এই দেখ কিরূপ বাজার দর কমিয়ে এনেছি। আরেকটা নূতন যখন চাল ওঠে তখন বাজার দর কমাতে হয় না সেটা আপনা থেকেই কমে, আবার বাজার দর যখন বাড়ে তখন তারা বললেন আমরা জেন্টলম্যান এগ্রিমেন্ট করছি। আমরা জনসাধারণের জন্য খুব ব্যবস্থা করছি, কিন্তু আসলে যেমন ঠক তেমনি আছেন। শুধু এই কথা বলতে চাই অনেকরকম ধাপ্পাবাজী করলে এমারজেন্সির নাম দিয়ে, ওয়েলফেয়ার-এর নাম দিয়ে, সমাজতন্ত্রের নাম দিয়ে, কিন্তু সমাজতন্ত্রের জনসাধারণ ব্যতিব্যস্ত। শুধু এই কথা বলবো যে বাংলায় একটা প্রবাদ আছে "মা ঠাকরুন তোমার আর ভিক্ষার দরকার নেই, তোমার সমাজতন্ত্রের কুকুর সামলাও—আমাদের আর ভিক্ষার দরকার নেই।"

Shri Sunil Das Gupta:

আমি প্রথমে গ্রান্ট নং ৫০—ক্যাপিটাল আউটলে অন স্কিম অফ গভর্নমেন্ট ট্রেডিং খাতে ১৮ কোটি ৪৪ লক্ষ ৫ হাজার টাকা চাওয়া হয়েছে সেই সম্পর্কে কয়েকটা কথা বলবো। আমরা কিছু-দিন আগে দেখলাম মন্ত্রিমহাশয় হাউসে ঘোষণা করলেন খাদ্যশস্য, চাল, ধান এ সবের ব্যাপারে তারা স্টেট ট্রেডিং করবেন। তিনি আমাদের আরো বললেন যে খাদ্যশস্যের রাষ্ট্রীয় ব্যবসা করতে গেলে যে টাকার দরকার, সে টাকার বিশেষ অভাব হবে না কারণ স্টেট ব্যাংক অব ইন্ডিয়া বলেছেন তাদের টাকা দাদন দেবেন। জনসাধারণ ভাবলো আমরা যে বামপন্থী তার চেয়ে বেশী বামপন্থী এই প্রফুল্ল সেন। কিন্তু আমরা দেখলাম বহ্বারম্ভে লঘু ক্রিয়া। শেষ পর্যন্ত হল ঐ রাইস মিল-এর উপর ৫০ পারসেন্ট লেভী যে লেভী করে শেষ পর্যন্ত হল যে রাইস মিল-এর উপর ৫০ পারসেন্ট লেভী করা হল। সে লেভী করে চাল নিয়ে, সমস্তরকম স্টেট ট্রেডিং-এর কাজ এখানেই শেষ করতে বাধ্য হল। এর ফলে মাঝারী এবং ছোট কৃষকদের তারা মজুতদার এবং চোরাকারবারীদের হাতে তুলে দিতে বাধ্য হলেন। যার ফলে ছোট মাঝারি কৃষকদের যেরকম আর্থিক দুরবস্থা ছিল তার চেয়ে বেশী আর্থিক দুরবস্থার মধ্যে পড়েছে।

[2-50—3 p.m.]

আমরা কি দেখলাম যে সরকার থেকে স্টেট ট্রেডিং না করে তারা ঘোষণা করলেন গ্রামের মধ্যে ধানের ব্যাপারে প্রাইস সাপোর্টিং পলিসি করে কৃষকরা যাতে সরকারী ন্যায্য দরের চেয়ে কম দরে ধান বিক্রি করতে বাধ্য না হন তার থেকে তাদের রক্ষা করবেন। কিন্তু সেই ব্যাপারে এমন গড়িমসি দেখলাম যাতে কৃষকরা ঐ সমস্ত মহাজনদের কাছে সমস্ত ধান অল্প দরে তুলে দিতে বাধ্য হলেও ঐ প্রাইস সাপোর্টিং পলিসির দ্বারা কোন রকমে রক্ষা করতে পারলেন না। দ্বিতীয় কথা এই গ্রান্টের উপর বলতে চাই যে বিভিন্ন এলাকার রেশন কার্ড করার ব্যাপারে যেরকম বৈষম্যমূলক ব্যবস্থা রয়েছে তাকে যদি দূর করতে না পারা যায় তাহলে সাধারণ মানুষকে

সুবিধা দিতে পারা যায় না। রেশন কার্ড বিলির ব্যাপারে সারা বাংলাদেশের মধ্যে কোচবিহার এবং পুরুলিয়া জেলা ছাড়া অন্যান্য জেলাতে একই রকম নীতি নেওয়া হয়। কিন্তু কোচবিহার এবং পুরুলিয়া জেলাতে আলাদা রকম নীতি নেওয়া হয়। মাননীয় স্পীকার স্যার, আপনি বুঝতে পারবেন যে কোচবিহার এবং পুরুলিয়া জেলাতে শহরাঞ্চলে এ ক্লাস রেশন তারা নিতে পারে যাদের একশত টাকা পর্যন্ত আয়। বি ক্লাস তারা নিতে পারে যাদের আয় ১৫০ টাকার নীচে—আর সি ক্লাস তার ঊর্ধ্বে। এবং গ্রামাঞ্চলে চৌকিদারী ট্যাক্স যারা ৫০ পয়সা দেন তারা এ ক্লাস, আর বি ক্লাস যারা চৌকিদারী ট্যাক্স ২ টাকা দেয় এবং তার ঊর্ধ্বে সকলেই সি ক্লাস কিন্তু আমরা কোচবিহারে দেখি যে ৫০ টাকা যাদের আয় তারা হচ্ছে এ ক্লাস এবং দুইশত টাকা পর্যন্ত যাদের আয় তারা হচ্ছে বি ক্লাস, এটা হচ্ছে শহরাঞ্চলে—গ্রামাঞ্চলেও এক অদ্ভুত অবস্থা কোচবিহার জেলাতে রয়েছে—তিন বিঘা পর্যন্ত জমি যাদের তারা এ ক্লাস। তিন বিঘা থেকে পাঁচ বিঘা জমি যাদের তারা বি ক্লাস এবং পাঁচ বিঘার উপর যাদের জমি আছে তারা হচ্ছে সি ক্লাস। এর ফলে দাঁড়িয়েছে এই যে ঐ তিন বিঘার উপর অধিকাংশ ছোট কৃষকের সম্পত্তি রয়েছে—ঐ পাঁচ বিঘার উপর অধিকাংশ মাঝারী কৃষক ছোট কৃষকের জমি রয়েছে, তার ফলে তারা সেখানে এম আর সপের এ্যাডভানটেজ মোটেই পাচ্ছে না। মাননীয় স্পীকার, স্যার, আমি একটা ফিগার দিলে আপনি বুঝতে পারবেন যে ১০ই ফেব্রুয়ারী ১৯৬৫ তারিখে বিভিন্ন জেলাতে যতগুলি রেশনের দোকান খোলা ছিল—কোচবিহার জেলাতে সেই পরিমাণ কম সংখ্যক দোকান খোলা ছিল। যতগুলি ডিস্ট্রিক্টকে সারপ্লাস বলে ডিক্লেয়ার করেছেন সেখানে এম আর সপের সংখ্যা হচ্ছে ৫৬৬ বর্ধমান, বীরভূম ৭৩৩, বাঁকুড়া ৭২৯, মেদিনীপুর ৪৮৩, ওয়েস্ট দিনাজপুর ৩১০, পুরুলিয়া ৩২১। পশ্চিমবঙ্গ সরকার এই কয়টি জেলাকে সারপ্লাস জেলা বলে ঘোষণা করেছেন। এবং অত্যন্ত আশ্চর্যের কথা যে সকলেই জানেন যে কোচবিহার ডেফিসিট জেলা—সেখানে মাত্র ৫৭ খানি এম আর সপের দোকান চালু আছে। এর একমাত্র কারণ এই রেশন কার্ডের শ্রেণী বিভাগ করতে গিয়ে যে অর্থনৈতিক তালিকা তারা সৃষ্টি করেছেন তার ফলে অধিকাংশ লোক এম আর সপের সুবিধা নিতে পারছে না। আমি আপনার মাধ্যমে দাবী করছি সমস্ত বাংলাদেশে রেশন কার্ড বিলি করার ব্যাপারে যে আর্থিক ব্যবস্থা তা যেন একইভাবে করেন। দ্বিতীয় কথা আমি বলতে চাই যে ১৯৬৫ সালে এই সমস্ত জেলাগুলিকে সারপ্লাস জেলা বলে ঘোষণা করা হয়েছিল—যেমন বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর, ওয়েস্ট দিনাজপুর, পুরুলিয়া —সেখানকার রাইস মিল থেকে যে ৫০ শতাংশ লেভি করা হয় সেই চালগুলিকে কলকাতায় নিয়ে আসবার একটা যৌক্তিকতা আছে। কিন্তু যে সমস্ত জেলা ডেফিসিট সেই সমস্ত জেলা যেমন জলপাইগুড়ি, কোচবিহার, সেখানকার ৫০ শতাংশ মিলের লেভি করা চাল কলকাতায় নিয়ে আসবার কি যুক্তিকতা থাকতে পারে আমি জানি না। কারণ ঐ সমস্ত এলাকাতে মডিফায়েড রেশনিং চালাবার জন্য কলকাতা সেন্ট্রাল স্টক থেকে পাঠাতে হয়। একবার ওদিকে থেকে এদিক চাল নিয়ে আসবেন আবার এদিক থেকে ওদিকে পাঠাবেন—এই যে বাড়তি খরচ এই খরচ—কাকে বহন করতে হবে। এই বাড়তি খরচ—করভার প্রপীড়িত জনসাধারণকে বহন করতে হবে। সেই কারণে আমি দাবী করছি যে ঐ সমস্ত ডেফিসিট এলাকা থেকে যে চাল আপনারা লেভি করছেন মিল থেকে সেই চালকে আপনারা আর কলকাতায় নিয়ে আসবেন না।

মাননীয় স্পীকার স্যার, কিছুদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের এই হাউসে একটা মজার কথা বলেছিলেন যে কলকাতার লোক ভাল চাল খেতে ভালবাসে—সেই কারণে মফঃস্বলের সেই ভাল চালগুলি কলকাতার রেশনিং এলাকাতে আমরা বিতরণ করবো। আর উড়িষ্যা, বার্মার যে মোটা খারাপ চাল সেটা বাংলাদেশের অন্যান্য অঞ্চলে বিলি করবো। আমি একথার তীব্র প্রতিবাদ করি। আমি মনে করি গণতান্ত্রিক সরকারের উচিত সমস্ত এলাকাকে একই দৃষ্টি-ভঙ্গীতে দেখা এবং একই ভাল চাল সব এলাকায় যাতে সুষ্ঠুভাবে বণ্টন করা হয় তার ব্যবস্থা করা উচিত। এর পরে আমি গ্রান্ট নং ১৫—পুলিশ সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। এতে ২ কোটি ২১ লক্ষ ৪৮ হাজার টাকা চাওয়া হয়েছে। মাননীয় স্পীকার স্যার, আজ কয়েকদিন ধরে আমরা সকলেই শুনে আসছি যে সীমান্তে কি বিরাট গোলযোগ বেধেছে। পাকিস্তান থেকে সমানে গুলী চালানো হচ্ছে—আমাদের হাজার হাজার ভারতীয় নাগরিক ঐ কোচবিহারের সীমান্তে নিজেদের বাড়ীঘর ছেড়ে পালিয়ে এসেছে। আমরা বার বার দাবী জানিয়েছি যে পাঞ্জাব এবং

রাজস্থানের পাক সীমান্তে যদি কেন্দ্রীয় সরকার দায়িত্ব নিতে পারেন তাহলে পশ্চিমবঙ্গের পাক সীমান্তে কেন কেন্দ্রীয় সরকার দায়িত্ব নেবেন না। আজকে এ ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে তাদের কর্তব্য নির্ধারণ করবার ব্যাপারে পুরোপুরি ব্যর্থ হয়েছেন। আমি এই কারণে দাবী জানাচ্ছি—এখনও সময় আছে—আপনাদের যদি সামর্থে না কুলায়—আপনাদের যদি যোগ্যতা না থাকে তাহলে কেন্দ্রীয় সরকারের উপর আমাদের এই পশ্চিমবঙ্গের সীমান্ত রক্ষা করার দায়িত্ব বা তার খরচের দায়িত্ব পুরোপুরিভাবে যাতে কেন্দ্রীয় সরকারের উপর দেওয়া যায় তার জন্য আপনারা চেষ্টা করুন। এবং আসুন আমরা সকলে এক সাথে যাতে সেই দাবী করতে পারি সেইরকম একটা প্রস্তাব নিয়ে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাই। মাননীয় স্পীকার স্যার, এই পুলিশের যোগ্যতার ব্যাপারে আমি একটি ঘটনা আপনার কাছে রাখতে চাই। গত ২৫এ জানুয়ারি তারিখে শালিমার রেলওয়ে গুডস সেডে একটা ঘটনা ঘটেছে—৫।১ হাতী বাগান রোড, এন্টালী, এখানে ফকির আমেদ বলে একজন লোক তিনি ডি এন বোস পরিচয় নিয়ে হিরা ট্রেডিংয়ের আর আর নিয়ে মাল ছাড় করতে যান, ওখানকার গুডস ক্লার্কের সন্দেহ হয় এবং তিনি চ্যালেঞ্জ করেন—তখন লোকটা যখন পালিয়ে যাবার চেষ্টা করছিলো তখন তাঁরা দৌড়ে ধরে ফেলেন। মাননীয় স্পীকার স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যে ঐ ফকির আমেদের কাছে একটা পাকিস্তানের পাসপোর্ট পাওয়া যায় এবং আরও দুটো জিনিস পাওয়া যায় সেটা হচ্ছে কলকাতার বেবী ট্যাক্সির দুইটি লাইসেন্স। আমি জিজ্ঞাসা করছি যে কলকাতার বেবী ট্যাক্সি লাইসেন্স কি করে পুলিশ ঐ পাকিস্তানের নাগরিককে দেয়? মাননীয় স্পীকার, স্যার, আপনি আরও আশ্চর্য হবেন যে ডিটেকটিভ ডিপার্টমেন্ট থেকে কয়েকদিন আগে এই ফকির আমেদের বাড়ী সার্চ করা হয় এবং পরে পাকিস্তান গভর্নমেন্টের প্রহিবিটেড এলাকায় যাবার একটা স্পেশাল পারমিট পাওয়া যায়। এবং ঐ ফকির আমেদকে বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী সুরাবর্দীর দেওয়া একটি ক্যারেকটার সার্টিফিকেট তার কাছে পাওয়া যায়। এই ফকির আমেদ পরিষ্কার বুঝা যাচ্ছে যে তিনি পাকিস্তানের স্পাই, তাঁকে কি করে পশ্চিমবঙ্গ সরকারের এই পুলিশ তদন্ত করে বেবী ট্যাক্সি দিতে পারে একথা ভেবে আমরা অত্যন্ত আশ্চর্যান্বিত হচ্ছি। আমার দাবী হচ্ছে এ সম্পর্কে যথাবিহিত তদন্ত করে ঐব্যক্তির যাতে শাস্তি হয় এবং তাকে কেন্দ্র করে যে পাকিস্তানী চক্র গড়ে উঠেছে তাকে ভাঙ্গবার জন্য সমস্ত রকম ব্যবস্থা অবলম্বন করা উচিত। মাননীয় স্পীকার স্যার, এর পরে ৩৭ নং গ্রান্ট ফেমিন রিলিফ সম্বন্ধে আমি বলবো। এতে ২ কোটি ৪৭ লক্ষ ২৯ হাজার টাকা চাওয়া হয়েছে। এই রিলিফ বিভাগ সম্পর্কে এর আগে বহু কথা বলা হয়েছে—আমি এ সম্পর্কে আর বিশেষ কিছু বলতে চাই না—কিন্তু আমি একটা জিনিস গত তিনদিন ধরে দাবী করে আসছি যে ঐ কোচবিহার সীমান্তে যেসমস্ত ভারতীয় নাগরিক নিজেদের ভিটামাটি ছেড়ে গাছতলায় আশ্রয় নিয়েছে তাদের যেন উপযুক্ত রিলিফের ব্যবস্থা করা হয়।

আজকে "বসুমতি" পত্রিকায় এ সম্পর্কে ছবি দিয়ে ছাপিয়ে দিয়েছে। "নিষ্ক্রীয় নিঃসহ স[illegible]র শোচনীয় অবস্থা। হাটে মাঠে স্কুলগৃহে আশ্রয় গ্রহণ।" আজকে এই অবস্থায় রিলিফ মন্ত্রী সেখানে একবার যাবার প্রয়োজন বোধ করেননি বা তাদের আশ্রয় দেবার ব্যবস্থা করেননি, এমন কি তাদের রিলিফের ব্যবস্থা করেননি। আমি সেই কারণেই এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3—3-10 p.m.]

Shri Radhakrishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সাপ্লিমেণ্টারি এস্টিমেট বাজেট-এ আমার সবচেয়ে যেটা অসংগত মনে হয়েছে সেটাই আমি আপনার কাছে রাখতে চাইছি। কৃষিতে আমরা দেখেছি ১৯৬৩-৬৪ সালে ৭ কোটি ২১ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছিল, কিন্তু খরচ করা হয়েছে ৫ কোটি ৯৪ লক্ষ টাকা এবং ১৯৬৪-৬৫ সালে ধরা হয়েছিল ১০ কোটি ৩১ লক্ষ তাতেও আমরা ১ কোটি টাকা খরচ করতে পারিনি। অথচ দুর্ভিক্ষের বাজেটে যা আমরা ধরেছি তার ২।৩ গুণ বেশী খরচ করেছি। সরকারের মতে এবারে ফসল ভালো হয়েছে। স্বাধীনতার পরে এত ভালো ফসল আর কোন বছর হয়নি। কিন্তু এবারেও আমরা ফেমিন রিলিফ খাতে ৫ কোটি টাকা রেখেছি।

আজকে আমি ত্রাণমন্ত্রীকে বলব এই দুর্ভিক্ষ খয়রাতি সাহায্য দেশ থেকে তুলে দিতে। খয়রাতি সাহায্য বলে আমাদের দেশে যে জিনিসটা আছে, আমার মনে হয় এটা অত্যন্ত হীনতার জিনিস বা লোককে একেবারে পঙ্গু করে দিচ্ছে। আমরা জানি এই সাহায্য যেখানে দেওয়া উচিত বা যাদের পাওয়া উচিত তারা পায় না। পায় কতকগুলি দলীয় লোক এবং তাদের দালাল। তারা বুদ্ধিমান, দলের স্বার্থের জন্য তারা ঐ টাকাটা খরচ করে। তা ছাড়া, দুর্ভিক্ষ দপ্তরে যেসব কর্মচারী মাহিনা পায়, আর কৃষি দপ্তরে যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ সেখানের কর্মচারীরা একই মাহিনা পায়। সেও ৪৮ লক্ষ এও ৪৮ লক্ষ। এইগুলির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আমি হাসপাতাল সম্বন্ধে কয়েকটি কথা বলব। পশ্চিমবঙ্গের কতকগুলি শহর সাব-ডিভিসনাল নয় অথচ অত্যন্ত বড় হয়ে উঠেছে, এমনকি অনেক সাবডিভিসনাল টাউন-এর চেয়েও। যেমন কালনা বা কাটোয়ার চেয়ে বোলপুর শহর অনেক বড়। এবং এই বোলপুর শহরের একটা ইন্টারনেশনাল ইম্পর্টেন্স এবং ব্যাকগ্রাউন্ড আছে। বাইরে থেকে বহু দর্শক বা পরিব্রাজক সেখানে যান। কিন্তু সেখানে গিয়ে কেউ অসুস্থ হয়ে পড়লে হাসপাতালে যথাযথ সাহায্য পায় না। রিসেন্টলি একটা ঘটনা সেখানে ঘটে গেছে। দোল উৎসব বা বসন্ত উৎসবের সময় বাইরে থেকে বহু লোক সেখানে যান। তাঁরা অবশ্য অনেক গাড়ী করেই সেখানে যান। তাঁদের মধ্যে একজন অসুস্থ হয়ে পড়েন। বোলপুরে তাঁর ব্যবস্থা না হওয়ায় তাঁকে বর্ধমানে পাঠাতে হয়। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে বলব যে, বোলপুর হাসপাতালকে সাবডিভিসনাল স্ট্যান্ডার্ড-এ উন্নীত করা হোক। সেখানে মাত্র ৫০টি বেড আছে। সেটা সাবডিভিসনাল স্ট্যান্ডার্ড-এ আপ লিফট করে সমস্ত রকম এ্যামিনিটিস দেওয়া হোক। তারপর মেডিক্যাল এইড বলে যা আমাদের কর্মচারীদের দিচ্ছেন সে সম্পর্কে বলব। একটা মস্তবড় দুর্নীতি আমাদের দেশে ঢুকে গেল। আমি জানি অনেক ডাক্তার ফি নিয়ে নকল বিল তৈরি করছেন। এই যে নূতন করে দুর্নীতির সৃষ্টি হচ্ছে আমার মনে হয় এটাকে বন্ধ করতে হলে তাদের মাহিনার সঙ্গে এই টাকাটা এ্যাডজাস্ট করে দিন। যা আপনারা দেন, ৫।১০।১৫ টাকা, যেমন চতুর্থ শ্রেণী কর্মচারীদের বেলায় করা হয় সেটা এবারে করুন। আর একটা কথা অজয় বাঁধ সম্বন্ধে আমি বলব। আমি আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়কে বহুবার বলেছিলাম যে রিভার স্কিম-এ বিহার গভর্নমেণ্ট যদি অজয় বাঁধকে উপরে বাঁধেন তাহলে পশ্চিমবঙ্গ বাঁচে। আর বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ জেলা বন্যা থেকে রক্ষা পায়। আমি শুনতে পেলাম বিহারের মন্ত্রী নাকি রাজী হচ্ছেন না বাঁধটাকে বাঁধতে। আমরা জানি বহু বিহারী কর্মসংস্থানের জন্য এখানে আসেন, অথচ বিহার সরকারের এই রকম বিমাতৃসুলভ মনোভাব কি করে আমরা সহ্য করি বুঝতে পারছি না। আমার মনে হয়, অতি সত্বর যাতে অজয় বাঁধটাকে বাঁধা যায় এবং বন্যা কণ্ট্রোল করা যায় সেদিকে দৃষ্টি দেওয়া সরকারের কর্তব্য। আহমদপুরে একটা চিনির কল আছে। অত্যন্ত আনন্দের কথা গভর্নমেণ্ট সেটাকে নিজের হাতে নিয়ে নিয়েছেন, কিন্তু সেই চিনির কলটাকে চালু করবার কোন ব্যবস্থা সংশোধিত বাজেটে দেখলাম না। এটা গভর্নমেণ্টই নিক বা কো-অপারেটিভ নিক, এটা যথাসম্ভব শীঘ্র চালু করলে চিনির এই যে ক্রাইসিস এটা কিছুটা লাঘব করা যায়। তারপর একটা মস্তবড় জিনিস আমি বলব। গভর্নমেণ্ট সংশোধিত বাজেটে ২৯ হাজার টাকা চিনির খেসারত বাবদ ধরেছেন। একটা মামলাতে এটা আদালত থেকে ডিক্রি পেয়েছেন, গভর্নমেণ্টকে এই ২৯ হাজার টাকা দিতে হবে। চিনির ব্যবসায় এই তো আমাদের লাভ। সেই জন্য বলব বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে এগিয়ে আসা দরকার। আর এই যে টাকা নেই টাকা নেই করছেন, টাকা এ্যাডজাস্টমেণ্ট করবার সময় দেখতে হবে কোন খাতে টাকা খরচ করলে জনসাধারণের উপকার হবে—সেই খাতে আগে খরচ হওয়া উচিত। সেই জন্যই আগে কৃষির সাথে দুর্ভিক্ষের একটা তুলনামূলক আলোচনা করলাম। তারপর, আমরা দেখেছি, শিল্পপতিদের শিল্পে বাড়ী তৈরী করবার জন্য ৫০।৬০ লক্ষ টাকা ধরা হয়। গভর্নমেন্টের টাকা শিল্পপতিদের আমরা কেন দেবো? তাঁরা বোনাস হিসাবে যে টাকাটা কর্মচারীদের দেন সেই টাকায় বাড়ী করতে পারেন। এগুলো গভর্নমেন্টের দেখা উচিত। কল্যাণীতে টাকা খরচ করা হচ্ছে, অতএব সেখানে জমির দাম বাড়িয়ে দেওয়া হোক। সাধারণ বাজেট থেকে কেন সেখানে টাকা খরচ করা হবে? লবণ হ্রদে এক কোটি ৭০ লক্ষ টাকা খরচ হচ্ছে, সেখানে জমির দাম বাড়িয়ে দেওয়া উচিত। সমস্ত দিকে বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে এগিয়ে যাবার জন্য আমার নিবেদন আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সংশোধীত বাজেটের ব্যয়-বরাদ্দ মাননীয় অর্থমন্ত্রিমহাশয় উপস্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি। অবশ্য সেদিন উনি যেরকম চমকপ্রদভাবে বক্তব্য রেখেছিলেন, তাতে তাঁকে প্রশংসা করা উচিত কিন্তু আমি তা পারছি না, কারণ এরকম মুন্সিয়ানা সম্পর্কে তাঁর যথেষ্ট অভিজ্ঞতা বা পারদর্শিতা বহুদিন থেকেই আছে। বিলাতী একচেটিয়া কোম্পানি ম্যাকলিওড, বার্ড প্রভৃতি কোম্পানির বহুদিন যাবত তিনি পরামর্শদাতা ছিলেন। সেখানে কিভাবে শ্রমিকদের অতিরিক্ত খাটিয়ে বেশী মুনাফা করা যায় বা শ্রমিকদের ধর্মঘট কিভাবে ভাঙ্গা যায় এ সবের পরামর্শ উনি দিতেন। কাজেই এদিকে তাঁর অভিজ্ঞতা আছে। প্রথমে, উনি ক্যাপিটাল আউট লে অন গভর্নমেন্ট ট্রেডিং-এ যে ১৮ কোটি টাকা ব্যয়-বরাদ্দ চেয়েছেন সে সম্পর্কে বলব। এই খাতে ১৯৬৪-৬৫ সালের আদি বাজেটে (অরিজিনাল বাজেটে) ১১ কোটি টাকা চেয়েছিলেন কিন্তু দেখছি ৩৫ কোটি টাকা ব্যয় হয়েছে। এটা কেবলমাত্র চাল কেনার জন্য ব্যয় হয়েছে, আর চাল বিক্রী করে পেয়েছেন ৩৩ কোটি টাকা, এক কোটি ৪৭ লক্ষ টাকা তাতে লোকসান দিয়েছেন। তার কারণ হিসাবে বলেছেন স্মলার প্রভিশন ফর ইন্টারনাল পার্চেজ যে আমাদের বাংলাদেশে কিনতে হবে, এটার জন্য কম টাকা বরাদ্দ থাকায় কেনা যায়নি। তার ফল কি হয়েছে? বাইরে থেকে অর্থাৎ উড়িষ্যা, অন্ধ্র ইত্যাদি প্রদেশ থেকে বেশী দামে চাল কিনতে হয়েছে, কাজেই লোকসান হয়েছে। তাহলে এই যে স্মলার প্রভিসন কথাটা বলেছেন, সেটার কারণ কি? গত বছর এঁরা যে খাদ্যনীতি নিয়েছিলেন তাতে এপ্রিল মাস থেকে ৩ লক্ষ টন সংগ্রহ করার কথা। কিন্তু করলেন কত? না ১·৬ লক্ষ টন। অর্থাৎ ১ লক্ষ ৬০ হাজার টন। এখন এই সংগ্রহ না করতে পারায় দেশের গ্রামাঞ্চলেই বলুন, মফস্বল সহরেই বলুন, আর কোলকাতায় বলুন দেখা গেল কি? সেপ্টেম্বর মাস থেকে নভেম্বর মাস পর্যন্ত খাদ্যাভাবে কোলকাতায় যেন প্রফুল্লবাবুর রাজত্ব থাকল না, চোরাকারবারী আর মুনাফাখোরদের রাজত্ব চলতে লাগল।

[3-10—3-20 p.m.]

এর কারণ কি? এঁদের যে পদ্ধতিতে সংগ্রহ করা উচিত ছিল সেটা হচ্ছে বছরের ফসল উঠবার সঙ্গে সঙ্গে সংগ্রহ সুষ্ঠু নীতি যদি এঁদের থাকত তাহলে এঁরা বহু ফসল সংগ্রহ করতে পারতেন। কিন্তু এঁরা এপ্রিল মাসের পর থেকে সংগ্রহ নীতি নিলেন এবং মিল মালিকের কাছ থেকে শতকরা ২৫ ভাগ আদায় করলেন। কিন্তু মিল মালিকরা ফাঁকি দিতে জানে, সেখানে কোন বক্তব্য রাখলেন না। কারণ, তাদের উপর যদি চাপ দিতেন, বড় বড় মজুতদারদের উপর চাপ দিতেন তাহলে ওঁদের যারা পৃষ্ঠপোষক যারা দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে হাজার হাজার টাকা চাঁদা দিয়েছে সেই চাঁদার পরিমাণ কমে যেত, দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের জন্য যে ১৬ লক্ষ টাকা চাঁদা আদায় করেছিলেন সেটা পাওয়া যেত না। সেজন্য বর্ধমান, বীরভূম ইত্যাদি জেলার মজুতদারদের উপর মিল মালিকদের উপর চাপ দিতে পারলেন না। কাজেই শৈলবাবুর ঐতিহ্য রয়েছে, আগে একচেটিয়া বিদেশী পুঁজিপতিদের মুনসিগিরি করতেন, আজকে দেশী যেসব একচেটিয়া ব্যবসাদার রয়েছে তিনি তাদের মুনসিয়ানা করে তাদের স্বার্থ রাখলেন। আপনারা কি যে নীতি নিয়েছেন তা বুঝি না। ধান চালের একটা এলোপাথাড়ি দর বেঁধে দিলেন, ২৯এ ডিসেম্বর গেজেটে বলা হল কমন প্যাডির দর কুইন্টাল প্রতি ৩৮:৫০ পয়সা এবং চালের দাম বাঁধা হল ৬৪·৩০ পয়সা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং অধিকাংশ সদস্যরা জানেন যে এক মণ ধানে ৩০ সের চাল হয়। সেই হিসাব করলে দেখা যাবে ৪৮·৫০ টাকা এক কুইনটলে চালের দাম হতে পারে। অথচ চালের দর বাঁধা হয়েছে ৬৭·৩০ পয়সা। বর্ধমান জেলায় ধান চালের যে দর দিয়েছেন তাতে আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি সেই ভাতার থেকে বর্ধমান শহর ১৯ কিলোমিটার, সেখানকার আড়তদারদের থেকে যে ধান কিনলেন সেই ধান মিলে পাঠালেন, তারপর মিলিং হল, তারপর কনভেয়ান্স চার্জের যে হার সরকার থেকে বন্দোবস্ত আছে সেই হার যদি হয় তাহলে এক কুইন্টাল ৫২ টাকার বেশী উৎপাদন খরচ পড়ে না। এই ৫৪ টাকার জায়গায় দাম বাঁধা হয়েছে ৬২·৩০ টাকা। কাজেই ১০ টাকার তফাত রেখে দিলেন। এই তফাত থাকার ফলে কি হল—চাষী যে ধান তৈরি করেছে, ফেব্রুয়ারি মাস পর্যন্ত যেটা হিসাব দিয়েছেন, সেই ফেব্রুয়ারি মাস পর্যন্ত গ্রামের শতকরা ৮০ থেকে ৮৫ ভাগ

গরীব চাষী ধান বিক্রি করে ফেলেছে, তারা সেই দাম পেল না। কিন্তু দাম বাঁধার সংগে সংগে সরকার যদি নিজে থেকে ধান কেনার ব্যবস্থা করতেন তাহলে চাষীরা ধানের দাম পেত। তা করলেন না, ফলে প্রত্যেক চাষীকে ১ টাকা থেকে ১·৫০ পয়সা কম দামে ধান বিক্রি করতে হয়েছে। অবশ্য মুখ্যমন্ত্রী প্রশ্নোত্তরে স্বীকার করেছেন এ বছরে তাঁরা সেটা করতে পারেন নি যদিও কৃষি-মন্ত্রী সেটা স্বীকার করেননি। এইভাবে সংগ্রহ করেছেন কত, না, কালকে প্রশ্নোত্তরে বলেছেন ১ লক্ষ টন সংগ্রহ করতে পারিনি। অথচ সরকারের টার্গেট আছে ৪ লক্ষ টন। এ বছরে শৈল বাবু যে ১৮ কোটি টাকা ব্যয়-বরাদ্দ করেছেন সেই ব্যয়-বরাদ্দের ক্ষেত্রে তিনি যুক্তি দেখিয়েছেন যে বৃহত্তর কলকাতায় রেশনিং ব্যবস্থা চালু রাখার জন্য ১৮ কোটি টাকার দরকার হবে। এখন এই যে ১৮ কোটি টাকার দরকার হবে এতে, সাধারণ চাষী দাম পেল না, আবার দেখছি শতকরা ৫০ ভাগ মিল থেকে লেভি করবেন অর্থাৎ ৫০ ভাগ মিল মালিক বিক্রি করতে পারবে। এখানে উৎপাদকের ভূমিকা কি—চাষী যেহেতু চালের উৎপাদক নয় সে ধানের উৎপাদক সেহেতু সে এখন ৬৪·৩০ পয়সা কুইনটাল প্রতি চাল কিনবেন সেই ৫০ ভাগ, মিল মালিকের আড়তদারের কাছ থেকে। বড় বড় আড়তদাররা বিক্রী করবে ৬৪·৩০ পয়সা কুইনটাল দরে চাল। সুতরাং একটা বিশিষ্ট শ্রেণীকে রক্ষা করার জন্য ওঁরা এই খাতে ব্যয়-বরাদ্দ করেছেন। আমি এখানে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই সেটা হচ্ছে প্রত্যেকটি কমিশান, এমনকি আমাদের কেন্দ্রীয় খাদ্য-মন্ত্রী এবং কৃষিমন্ত্রী সুব্রহ্মনিয়াম বলেছেন উৎপাদকের উৎপাদন মূল্য যাতে ন্যায্য হয় সে দিকে যেন দৃষ্টি রাখা হয়।

সেই জন্য কিছুদিন আগে গমের যে দাম ছিল সারা ভারতবর্ষে, সেই গমের দাম বাড়িয়েছেন, এ'রা সেকথা বলছেন না। ধানের দাম যাতে বাড়ে, উৎপাদন যাতে বাড়ে, কৃষক যাতে উদ্যোগ নিতে পারে সেকথা এ'রা বলছেন না। অথচ এ'রা অতিরিক্ত ব্যয় মঞ্জুরী করছেন।

এখন আমি দেখছি যে সামগ্রিকভাবে লেভী করে মাত্র এক লক্ষ টনও সংগ্রহ করতে পারেননি। কাজেই এই রেশনিং ব্যবস্থা কতখানি তাঁরা রাখতে পারবেন, সেটা আমার সন্দেহজনক। বিশেষ করে ওঁরা বৃহত্তর কলকাতার ৬০ লক্ষ লোকের জন্য রেশনিং ব্যবস্থা করলেন। কিন্তু বাকী যে অঞ্চল বাংলাদেশে আছে সেখানে কোন রেশনিং ব্যবস্থা বা মডিফায়েড রেশনিং ব্যবস্থা চালু আজ পর্যন্ত সমগ্র জায়গায় করেন নাই। আমরা জানি বর্ধমান শহরে, আসানসোল শহরে গম তো উধাও হয়ে গেছে। এখন শতকরা ২৫ ভাগ লোকে আছে, যেখানে একশো ভাগ দেবার কথা। সেখানে এক কেজির জায়গায় দুশো গ্রাম দিচ্ছে। যে সমস্ত কয়লাখনির শ্রমিক, আসানসোল অঞ্চলে এক লক্ষ কাজ করে, তাদের পরিবারবর্গ ধরে ৪ লক্ষ হবে। তারা ২৫২টি কয়লাখনিতে কাজ করে। সেখানে মাত্র ২৫টিতে মডিফায়েড রেশনিং সপ চালু আছে। সেখানে এক কেজি করে তারা চাল পাচ্ছে। বাকীদের জন্য আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নাই। অর্থ-মন্ত্রী তাঁর বক্তৃতায় ইকনমিক রিভিউ থেকে উধৃতি দিয়ে বলেছে, আমাদের কয়লা শিল্প খুব গুরুত্বপূর্ণ শিল্প, তাতে উৎপাদন বৃদ্ধি হচ্ছে না। আমি বলি সেই উৎপাদন বৃদ্ধি হবে কি করে? সাধারণ মানুষকে খাওয়ানোর যে দায়িত্ব ছিল মডিফায়েড রেশনিং চালু করে, সেটাও করতে পারছেন না, ফলে অতিরিক্ত দামে তাদের কিনতে হচ্ছে। কলকাতা শহরে রেশনিং-এ যা পাওয়া যায়, তাতে হয় না। সেজন্য লোকে ব্ল্যাক মার্কেট থেকে ১·১০ পয়সা করে চাল কিনে খেতে হচ্ছে। সমস্ত আসানসোল অঞ্চলে, কয়লা খনি অঞ্চলের মজুরদের ১·১০ পয়সা করে চাল কিনতে হচ্ছে। তা সরবরাহ হচ্ছে কোথা থেকে? না, ঐ যে ৫০ ভাগ যা রেহাই দিয়েছেন মিলমালিকদের লেভী থেকে, সেখান থেকে হচ্ছে। কাজেই এই যে ১৮ কোটী টাকার অতিরিক্ত যে ব্যয়-বরাদ্দ চেয়েছেন, তা আমি সমর্থন করতে পারছি না।

দ্বিতীয়তঃ সামগ্রিকভাবে অতিরিক্ত বাজেটে ৪১ কোটী ৪৫ লক্ষ টাকা বেশী ব্যয় আপনারা করবেন। তার মধ্যে তিন কোটী টাকা মাত্র রেভিনিউ খাতে আয় বেড়েছে। তার মধ্যে এখানে শৈলবাবুর একটু কৃতিত্ব যে এক কোটী ৩০ লক্ষ টাকা বিক্রয়-কর থেকে উশুল করছেন। আদায় করছেন যা সাধারণ মানুষ দেয়। অথচ বড় বড় কোটীপতি রয়েছে তাদের বিক্রয়-কর দিতে হয় না। আর আপনারা সাধারণ মানুষের উপর জুলুম করে এই বিক্রয়-কর আদায় করছেন। কিসের উপর? না, ছোটখাটো কাঁশা-পিতলের ব্যবসায়, কাঠের ব্যবসায় ফার্নিচার তৈরী করে

যারা কুটীর শিল্পী, তাদের উপর থেকে এই সেল্‌স ট্যাক্স আদায় করে তিনি কৃতিত্ব দেখাচ্ছেন এক কোটী ৩০ লক্ষ টাকা অতিরিক্ত আদায় করতে পেরেছেন। কিন্তু এই রকম যদি অতিরিক্ত আদায় করতে থাকেন, তাহলে কিছু দিন পরে ঐ সমস্ত শিল্প একদম লুপ্ত হয়ে যাবে। তখন আর আদায় করবার কোন অবস্থা থাকবে না।

উনি দেখিয়েছেন ল্যান্ড রেভিনিউ দপ্তরে আয়টা কমেছে, সেচ কর কমেছে। তার কারণ কী? ভূমিরাজস্ব এবং সেচ-কর সাধারণ চাষীদের উপর অতিরিক্ত বসাবার ফলে, কৃষকদের ফসলের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত করবার ফলে তারা তা দিতে পারছে না, ক্রমে ক্রমে অনাদায় থেকে যাচ্ছে।

[3-20—3-30 p.m.]

এখন সেই ক্ষেত্রে ও'রা দেখছেন সেই টাকা আদায় করতে হবে এবং সেই টাকা আদায় করবার জন্য পুলিশ খাতে দুই কোটি ৮৬ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় করছেন। যদি পারসেণ্টেজ কষা যায় তাহলে দেখা যাবে আদি বাজেটে যে টাকা ছিল তার চেয়ে ২১ ভাগ আরও বেড়েছে এই পুলিশ খাতে। এখন প্রশ্ন হোল এই খরচ পুলিশ খাতে কেন চাই? রাজস্বমন্ত্রী যে টাকা আদায় করতে পারেননি, সেচ করের যে টাকা আদায় করতে পারেননি বা চাষীরা যে ঋণ শোধ দিতে পারছে না সেটা এইভাবে পুলিশী জুলুমের. মধ্য দিয়ে আদায় করবেন। গতকাল ইলা মিত্র একটা উদাহরণ দিয়েছিলেন মালদহতে কিভাবে চাষীদের কাছ থেকে ঋণের টাকা আদায় করবার জন্য ক্রোক করে নিলামের ব্যবস্থা হয়েছে। আমি দেখলাম আমাদের জেলায় কেতুগ্রাম থানায় যেখানে ময়ূরাক্ষীর জল যায় সদর থানার ঐ টি গোবিন্দপুরে সেখানে চাষীরা টাকা দিতে পারেনি বলে পুলিশ ক্যাম্প বসিয়ে সেই টাকা আদায় করবার বন্দোবস্ত হয়েছে। তারপর, আমরা কয়েকদিন ধরে আলোচনা করছি যে, আমাদের বিকল্প পার্টির বহু সদস্যকে ভারত রক্ষা আইনের ৩০ ধারায় আটক করে রেখেছেন, কিন্তু কৃষককে ফসলের ন্যায্য মূল্য দেবার ব্যাপারে একটা নীতি তাঁরা করতে পারলেন না। তারপর, শিক্ষাখাতে চার কোটি টাকা বেশী ব্যয় করছেন—অর্থাৎ শিক্ষাখাতে অরিজিন্যাল বাজেটের ১৯ পয়েণ্ট ৩ ভাগ বেশী খরচ করেছেন এবং পুলিশ খাতে ২১ ভাগ। কিন্তু দেশের শিক্ষা ব্যবস্থায় কি সংকট সৃষ্টি হয়েছে সেটা দেখেছেন কি? প্রাথমিক শিক্ষক, মাধ্যমিক শিক্ষক এবং এমনকি কলেজের রেসপেক্টেড প্রফেসরদের পর্যন্ত আজকে ধর্মঘট বা আন্দোলন করতে বাধ্য হতে হচ্ছে। আপনারা তাঁদের ধর্মঘট বা আন্দোলন ভাঙবার জন্য পুলিশ খাতে টাকা ব্যয় করলেন, কিন্তু কয়েক লক্ষ টাকা দিয়ে তাঁরা যাতে ধর্মঘট এবং আন্দোলনের পথে না যান তার ব্যবস্থা করলেন না। কাজেই পুলিশ খাতের এই যে ব্যয় বরাদ্দ আমি তার বিরোধিতা করছি। শিক্ষামন্ত্রিমহাশয় অবশ্য ৪ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় করেছেন, কিন্তু আরও কিছুটা চাপ দিয়ে যদি শিক্ষা খাতে কিছুটা ব্যয় করতেন তাহলে এই শিক্ষক শিক্ষিকাদের আর ধর্মঘট করতে হোত না। এবারে আমি শিক্ষা ব্যবস্থায় যে অসুবিধা রয়েছে তার কথা একটু বলব। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞানের উন্নতির ক্ষেত্রে যা থাকা দরকার তার মধ্যে দেখছি জুলজি, ফিজিওলজী এবং রাষ্ট্র বিজ্ঞানে পোস্ট গ্রাজুয়েট ক্লাশ-এ নেই। এগুলি আপনাদের করা উচিত ছিল, কিন্তু আপনারা তা না করে পুলিশ খাতে টাকা ব্যয় করলেন। স্যার, আমি এটাকে চমকপ্রদ বলছি এই কারণে যে, এ'রা যে টাকা অতিরিক্ত ব্যয় করেছেন তার মধ্যে দেখতে পাচ্ছি কোলকাতার বেশনিং ব্যবস্থা এবং বৃহত্তর কলিকাতার উন্নয়ন—এর জন্য প্রায় ৬০ ভাগ ব্যয় করেছেন। আমরাও চাই কোলকাতা মহানগরীর উন্নতি হোক। কিন্তু তাছাড়া এই যে বৃহত্তর অঞ্চল আসানসোল, দুর্গাপুর প্রভৃতি রয়েছে তার উন্নয়নের জন্য অত্যন্ত তৎপরতার সঙ্গে আপনাদের পরিকল্পনা নেওয়া উচিত ছিল। কিন্তু সেক্ষেত্রে দেখছি আপনারা গড়িমাসি করছেন। এই সব কারণে আমি এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri A. H. Besterwitch: Sir, honourable members here have said a lot of things. So I am not going to deal with those points. I will deal with one of the most important factors, i.e., regarding foodgrains. The collection of foodgrains in Jalpaiguri and Cooch Behar is such that it requires a little bit consideration. The other day the Hon'ble Chief Minister stated that foodgrains will not be collected from deficit areas,

whereas in Cooch Behar 553 quintals have been purchased by Government and in Jalpaiguri 851 quintals have been purchased by them. That rice should not be brought here because the crisis in Jalpaiguri is such that I don't know what is going to happen.

Now, I come to the supplementary grant that the Education Minister has asked for. Sir, you must have heard the other day regarding the Asoka Art Gallery. The exhibits of that Art Gallery mostly belong to the West Bengal Government. But it is surprising that when the House was in session this Art Gallery, a property of West Bengal, had been handed over to the Central Government. It had been handed over yesterday. We had repeatedly brought it to the notice of the Education Minister but he had not said a single word in this House that he would hand over that gallery to the Central Government. Even the Press is not aware of it and, I think, they are also taken by surprise. Sir, it was handed over yesterday evening by the Education Department. I don't know who was the officer who went to hand it over. Any way, Sir, the whole of that Art Gallery belongs to the Government of West Bengal and not to the Central Government. The students were repeatedly demanding that it should be handed over to the Art and Crafts College but in vain. Then, Sir, there had been regular thefts in that Asoka Art Gallery and all the important and very valuable articles have disappeared. What action the police have taken so far in bringing the culprits to book when this Government is spending a lot of money on police? Sir, this Government is not taking action against the culprits who have stolen the properties for the simple reason that they are very big persons and slippery and the Ministers know that whenever they will go and put their hands on them automatically their guddi will go. That is the reason why they have not touched them. In our country the police immediately goes and puts its hands upon the small persons whereas the big persons are never touched.

Then, Sir, in this House and even in the Press it was many times challenged that the treasures of that Art Gallery were of Bengal because these were collected during the last 100 years. I think, in 1886 a list of all those articles in the Art Gallery was prepared. But that list too was missing. Later on, a new list was made. But thereafter the old list was suddenly found and on comparison between those two lists it was found that all the articles mentioned in the new list were bogus. For instance, Sir, there was a gold ornament of Maharani of Cossimbazar—a beautiful article with jewels. But in the new list it has been stated to be a gilded article. Similarly, there were lots of jewells from Sikkim too but in the new list these have been changed to some other articles. All the genuine and precious articles which are made of gold and jewels have been stolen away. Who are the persons who have been stolen these? Sir, the West Bengal Government says that these articles belong to the Central Government. Why has not the Central Government taken action against these people? I say, Sir, all these articles belong to the West Bengal Government.

[3-40 p.m.]

Sir, a huge sum of money has been spent in this way and at the same time this supplementary demand has been brought for an extraordinary expenditure.

Up till now the schools and colleges have not received the grants. Only the other day I received information from St. Peters School that it had not received the grant although Rs. 1,500 were to be paid yearly as grant.

Then, Sir, as regards Public Works, the Minister has asked for a very huge amount. He told us the other day that he had not spent the money already allocated for the department. He said the other day that he had not acquired a certain portion of the land of Birpara-Madarihat Road. It was not handed over by the Forest Department and the Forest Department did not hand over the land to the Public Works Department. So there is not sufficient co-ordination between the different departments of Government. Regarding the Dinbazar Bridge he has not spent the money. What he has done about it? It is required for public convenience and it is very urgently needed. Now, with regard to the Medical Department, if they have to spend more money for buying utensils and providing for better services, it would have been a good thing. Again, money is required for Tribals. Up till now many schools and colleges have not received stipends as yet. Because of this irregularity in these departments, I cannot support this supplementary demand.

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয় সাপ্লিমেণ্টারী এস্টিমেট যা আমাদের সামনে উপস্থিত করা হয়েছে আমি এর বিরোধিতা করছি এর পূর্বেও বার বার এর বিরোধিতা করেছি কারণ সরকারের স্বেচ্ছাচারীতা, খামখেয়ালী আমরা যা লক্ষ্য করে এসেছি তা ঠিক একইভাবে চলেছে। এবারেও দেখতে পাচ্ছি ৪৪টি খাতে ৩৮ কোটী ৩৬ লক্ষ ৩২ হাজার ৩২১ টাকা খরচ হয়েছে। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি প্রত্যেক বৎসরে বাড়িয়ে বাড়িয়ে চলেছেন। গত বৎসরে আমরা দেখলাম ৩৪ কোটী ২২ লক্ষ ৮২ হাজার টাকা খরচ করেছেন। তখনও আমরা এর বিরোধিতা করেছিলাম, ৬২ সালে সাপ্লিমেণ্টারী এস্টিমেট-এর জন্য খরচ করেছিলেন ৬ কোটী ৭২ লক্ষ ৮১ হাজার ৫৬৭ টাকা। এভাবে ৬২ সাল থেকে এটা ক্রমাগত বেড়েই চলেছে, অর্থাৎ আমরা যে মূল বাজেট এখানে পাশ করি তার প্রায় তিন থেকে ৪ ভাগ টাকা কেবল সাপ্লিমেণ্টারী এস্টিমেটে খরচ করেন, অর্থাৎ বিনা অ্যাসেমব্লীর কোন রকম সম্মতি না নিয়ে খরচ করেন, আমরা বার বার সাজেসান দিয়েছি আপনারা যেটুকুন অতিরিক্ত খরচ করতে চান বিধান সভার মারফৎ সেটা বরাদ্দ করিয়ে নেবেন, ওঁরা এ বিষয়ে সংবিধানের কথা দেখিয়ে বলেন যে আমরা সংবিধানের ২০৫ অনুচ্ছেদ অনুসারে করছি কিন্তু আমি বলবো আপনারা সংবিধানের এই অনুচ্ছেদকে অপপ্রয়োগ করেছেন। আমরা যদি জানতাম যে বিশেষ বিশেষ ২।৪টি খাতে খরচা করছেন তাহলেও হত, কিন্তু গাঁজা ভাং থেকে আরম্ভ করে সাপ্লিমেণ্টারী এস্টিমেট সব জায়গায় খরচ করেছেন এবং যদি জানতাম যে ইমারজেন্সীর জন্য নিয়েছেন তাহলেও হত।

কিন্তু কোন কাজ বাদ দেননি। এগুলি যা আপনারা সাপ্লিমেণ্টারী বাজেট-এর মাধ্যমে করতে পারতেন। এর মধ্যে আমি পড়ে দেখলাম ওয়েস্ট বেঙ্গল বাজেট মধ্যে একটা জিনিস আছে সেটা হচ্ছে মেডিক্যাল বেনিফিট, এই যে মেডিক্যাল বেনিফিট সকলের জন্য করেছেন কিন্তু তাও এমন ধরনের ব্যবস্থা করেছেন যে অধিকাংশ লোক এটা পাবে না, ডাক্তারের কাছে গেলে সেখানে ঘুস দিতে হবে। সেজন্য বেতনের সঙ্গে যদি ৫ টাকা করে করতেন তাহলেও কিছু পেত কিন্তু তা করলেন এতে অধিকাংশ লোকই এই টাকা নিতে পারবেন না। সেজন্য আমি এর প্রতিবাদ করছি। বিশেষ যদি কোন এমারজেন্সি ব্যাপার থাকতো এবং তার জন্য যদি ২ টাকা, ৫ টাকা, ১০ লক্ষ টাকা নিতেন নিশ্চয়ই তা আমরা সমর্থন করতে পারতাম। এখানে আমি দু-একটা খাত সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি। প্রশাসন খাতে ৩১ লক্ষ ৫৬ হাজার টাকা নূতন বেশী খরচ করেছেন। এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে পরিবহন খাতে পাঁচ হাজার টাকা বেশী নিয়েছেন। আপনি জানেন যে যানবাহনের অবস্থা কি এবং মানুষের জীবন বিপন্ন হতে চলেছে। এটা শহরের কথা মফস্বলের খবর সকলে জানেন না। কিন্তু মফস্বলেও এরূপ অবস্থা সেখানেও বাসের অভাব। বাসের পারমিট পেতে হলে ঘুস দিতে হয়। ট্রাকের ব্যবস্থাও এরূপ. সেজন্য আমি এর প্রতিবাদ করে মেদিনীপুরের কথা বিশেষভাবে বলেছিলাম। মেদিনীপুরে কংগ্রেসের বিশিষ্ট সভা পরীর জন্য সম্বন্ধে বলেছিলাম। সেখানে কংগ্রেস ভবন

হয়েছে প্রায় ৭০।৮০ হাজার টাকা খরচ করে, আপনি কল্পনা করতে পারবেন না যে সেখানে পায়খানা পর্যন্ত মোজেকের হয়েছে। বাস পারমিট যারা নিয়েছে তাদের কাছ থেকে ১০।১২ হাজার করে ঘ্রুস নিয়েছেন। এইভাবে বিভিন্ন জায়গায় এই জিনিসই চলছে। সংগে সংগে কিছু ভাল কথা মুখ্যমন্ত্রীকে বলবো এবং শৈলবাবুকে অভিনন্দন জানাবো যে তাঁরা এই আর, টি, এ এটা ভেংগে দিয়েছেন। এই আর, টি, এ দুর্নীতির আড্ডা ছিল। যে আর, টি, এ তাঁরা ভেংগে দিয়েছেন সেজন্য বলছি এই আর, টি, এ ভেংগে দিয়ে ভালই কাজ করেছেন। আপনি মফস্বলের দিকে যদি যান তাহলে দেখবেন লোক সব ঝুলে ঝুলে যায়, বাসে জায়গা থাকে না। সেখানে বাসের প্রয়োজন আছে। কালকে দিঘা সম্পর্কে বলেছিলাম যে আরামপ্রদ বাসের ব্যবস্থা করতে। আপনি নিজে ডিক্লেয়ারর্ড করেছিলেন যে ৬ খানা বাস দেবেন কিন্তু তা আজও দেন নি। রাধাবর যার নম্বর ডাবলিউ জি বি ১৪০৯।১ বা ১২ বৎসর ধরে টেম্পরারি দেওয়া হয়েছে তাকে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের গভর্নমেন্ট অফিসার পর্যন্ত রেকমেন্ড করেছে কিন্তু তাকে দেওয়া হচ্ছে না। এই বাসের সিটগুলো এমনই যে এতে চড়লে ঘুম ঘুম লাগে। যানবাহনের ব্যবস্থার জন্য আপনারা লাক্সারী বাসের ব্যবস্থা করেছেন অথচ এর চেয়ে এই বাস অনেক ভাল। আপনাদের বাসে সাড়ে পাঁচ টাকা না হলে যেতে পাবে না কিন্তু এ'রা সাড়ে তিন টাকা নেয়। আমি বলছি এর মধ্যে গোপন রহস্য রয়েছে সেজন্য বলছি ট্রান্সপোর্ট ব্যবস্থা দুর্নীতিতে ভরে গেছে এটার দিকে লক্ষ্য রাখুন। তারপর বলবো যে প্রশাসন খাতে এত টাকা খরচা করলেন কিন্তু নিম্ন কর্মচারীদের জন্য কিছু করতে পারলেন না। এবার আপনারা মায়াপুরে নতুন শাখার সৃষ্টি করলেন লাঙ্গল যার জমি তার।

[3-40—4-10 p.m.]

অর্থাৎ এতদিন ও'রা জমি দিতে পারছেন না লাংগল নেই বলে এবারে ও'রা লাঙ্গল দিতে সুরু করবেন। তারপর জমি দিতে কত বছর যাবে জানি না। ও'রা আবার নূতন শ্লোগান দিয়েছেন যে লাংগল যার জমি তার। কাজেই আমি বলছি যে ১ লক্ষ ৭০ হাজার যে সরকারী কর্মচারী—তাদের বেতন সম্বন্ধে আপনারা ভাবতে পারলেন না—কিন্তু প্রশাসন খাতে টাকা আপনারা বাড়িয়ে দিলেন। তারপর পুলিশ খাতে বলবো—গ্রান্ট নং ১৫—এতে ২ কোটি ২৪ লক্ষ ৫২ হাজার টাকা দাবী করেছেন এবং এই টাকা বাড়াবার মূলে পরিষ্কার বলেছেন যে সীমান্ত রক্ষা ব্যবস্থা সুদৃঢ় করবার জন্য এবং আভ্যন্তরীণ নিরাপত্তার জন্য করেছেন। এই পুলিশ সম্বন্ধে অনেকে বলেছেন আমি আর বিশেষ সময় নষ্ট করবো না—তবে আমি বলবো এ সমস্ত দুর্নীতি চোরাকারবারীতে যে দেশ ভরে গেছে তাকে তারা সামলাতে পারছে না। অথচ কোটি কোটি বাড়িয়ে চলেছেন। কিন্তু সরকারী কর্মচারীদের, বা প্রাথমিক শিক্ষকদের যারা ৬০।৭০ টাকা বেতন পাচ্ছেন তাদের কিছু করতে পারলেন না। তারপর ১৭নং গ্রান্ট-এ বিশেষ করে ফুডের সম্বন্ধে আমি বলতে চাই যে আঞ্চলিক গুদাম এখনও করতে পারেন নি। শ্রীমতী আভা মাইতি মেদিনীপুরের জন্য ভার নিয়েছেন। কিন্তু এখনও পর্যন্ত প্রকিওরমেন্ট ভালভাবে হতে পারছে না। এবং আমি আপনাকে বিশেষ করে বলছি যে মিলওয়ালারা যারা ধান নিচ্ছে তাদের মধ্যে অধিকাংশই চাল গোপনে পাঠিয়ে দিচ্ছে—সেখানে প্রাকাশ্যভাবে যতটুকু পাঠাচ্ছে তার চেয়ে বেশী পাঠাচ্ছে চা-বাগানে, সেখান থেকে ধান চাল সরিয়ে নিয়ে যাচ্ছে। আমরা জানি যে সামনে যে ক্রাইসিস আসছে সে ক্রাইসিসকে ও'রা সামলাতে পারবেন না। আর একটা কথা বলছি হাস্কিং মেশিন সম্বন্ধে। এর উপর যেভাবে লেভি করেছেন যার ফলে যারা ধান ভেনে খায় তারা আজকে খেতে পাচ্ছে না। কারণ পঞ্চায়েতের কাছে অনুমতি আনতে হবে যারা ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায়ী তারা মুসকিল পড়েছে কারণ তাদের ২৫ শতাংশ দিতে হবে চাল। তারা চাল তৈরী করতে না পারার জন্য চাল হচ্ছে না—এবং বাজারে চালের অভাব সৃষ্টি হচ্ছে। আমি বলছি এটাকে যতক্ষণ পর্যন্ত উইথড্র না করবেন ততক্ষণ পর্যন্ত বাংলা দেশে চালের বাজারে সঙ্কট সৃষ্টি হবে। তারপর স্কুলের ব্যাপারে আমি আসছি—গ্রান্ট নং ১৯। সেখানে ৪ কোটি ২০ লক্ষ ৪৬ হাজার টাকা বরাদ্দ হয়েছে। কিন্ত যতক্ষণ পর্যন্ত না স্কুলবোর্ডের দুর্নীতি আপনারা বন্ধ করতে পারেন ততক্ষণ পর্যন্ত সমস্ত টাকাই জলে যাবে। আপনি জানেন সর্বার্থসাধক বিদ্যালয়,—আপনারা ৩৪ লক্ষ ৬৫ হাজার টাকা রেখেছেন। কিন্ত আপনি জানেন আজ সেখানে শিক্ষা দপ্তর এবং মধ্যশিক্ষা পর্ষদের মধ্যে যে দুর্নীতি রয়েছে সেখানে বিল্ডিং গ্রান্ট নিতে হলে ১০ শতাংশ ছাড়া নেওয়া যায় না। আপনি জানেন সিমেন্ট নিতে

গেলে টাকা ছাড়া হয় না। এটা আমার কথা নয়, "বসুমতী" একথা পরিষ্কার করে বলেছেন—প্রবীরবাবু সম্বন্ধে তাতে ফটোস্টেট বেরিয়েছিল—তিনি পত্র লিখেছিলেন শ্রীমতী আভা মাইতির বাড়ী থেকে—এক জায়গায় থাকেন—পি ১৪ দুর্গাচরণ মিত্র স্ট্রীট থেকে পত্রখানি লেখা হয়েছিল—পত্রের উপর লেখা ছিল স্ট্রিক্টলি কনফিডেন্সিয়াল অ্যান্ড পারসোনাল। সেই পত্রে তিনি লিখেছিলেনঃ শ্রদ্ধাস্পদেষু রবিদা, বিল্ডিং গ্রান্ট আটক পড়েছে— কিছুতেই ফাইল মুভ করছে না—যে ভদ্রলোকের সংগে কথা বলেছিলাম তিনি রাজী আছেন দুই হলে দেবেন কথা দিয়েছেন—কি করবেন চিন্তা করুন। ডাক্তারবাবুর সংগে কথা বলবেন—যা করবেন তাড়াতাড়ি করবেন। কাজেই আমি বলছি এইভাবে সত্যই ফাইল মুভ করে না এবং সেখানে দুই মানে দু হাজার টাকা—অর্থাৎ ২৫ থেকে ৩০ হাজার টাকা যে বিল্ডিং গ্রান্ট দেয় তার ১০ শতাংশ না দিলে এটা হয় না। এই হচ্ছে অবস্থা। এবং প্রবীর দাবী করেছেন যখন শম্ভুবাবু প্রশ্ন তুলেছিলেন—তিনি বলেছিলেন উকিলের সংগে পরামর্শ করছি—জ্যোতি বসু মহাশয় তুলেছিলেন তাতে বলা হয়েছিল আমি এ সম্বন্ধে ব্যবস্থা করবো—কিন্তু আজ পর্যন্ত তা করলেন না। শ্রীমতী আভা মাইতি সেদিন বলেছিলেন, আমাকে চ্যালেঞ্জ করছিলেন যে বাইরে এসে বলুন—এই তো এখন "বসুমতী" দিয়েছে—কিন্তু আজ পর্যন্ত কোন কেস করতে পারছেন না। শ্রীমতী আভা মাইতি এবং প্রবীর জানা এই দুইজনের তহবিল এক—কিন্তু কোন কেস হচ্ছে না।

[At this stage the House was adjourned for twenty minutes]
After adjournment

[4-10—4-20 p.m.]

Shri Amarendra Nath Roy Prodhan:
মাননীয় স্পীকার মহাশয়, আমি এই মাত্র মেকলিগঞ্জ থেকে আসছি। এখানে কিছুক্ষণ আগে মুখ্যমন্ত্রী এই হাউসের সামনে বলেছেন যে, গুলিগোলা যা চলছে সেটা বন্ধ হবার মুখে এবং তিনি আশ্বাস দিয়েছেন জনসাধারণকে—যে কোন ভয় নেই। কিন্তু আমি বলছি যে এই আশ্বাস ভাঁওতা মাত্র। আমি সেখান থেকে ফিরে আসছি, আমি দেখেছি মেকলিগঞ্জের সীমান্ত আজ শ্মশানে পরিণত হয়েছে এবং মেকলিগঞ্জের কুচলিবাড়ী এবং খড় খড়িয়া এলাকা আজ ভারতের সংগে সম্পূর্ণ বিচ্ছিন্ন। সম্পূর্ণ এলাকা একটা যুদ্ধক্ষেত্রে পরিণত হয়েছে। এই জন্যই বলছি, মুখ্যমন্ত্রী মেকলিগঞ্জের খবর রাখেন না। মুখ্যমন্ত্রী এখানে বসে স্টেটমেন্ট করছেন, কিন্তু তিনি যদি নিজে না যেতে পারেন, মন্ত্রিসভার কাউকে যদি সেখানে পাঠাতেন তাহলে বুঝতে পারতেন সেখানকার কি শোচনীয় পরিস্থিতি। সেখানকার সিভিল অ্যাডমিনিস্ট্রেশন পুরোপুরি ব্যর্থ হয়ে গেছে এবং প্র্যাকটিক্যালি ফেল করেছে। কোন অ্যাডমিনিস্ট্রেশন সেখানে নেই। কুচলিবাড়ী এবং বাগডোগরা-ফুলকাডাবরী অঞ্চল থেকে পোস্ট অফিস তুলে নেওয়া হয়েছে সেখানে জনপ্রাণী নেই। ১৭ তারিখের পর থেকে ফায়ারিং হচ্ছে এবং সেখানে ৫০০ বাড়ীতে আগুন লাগিয়ে দিয়েছে পাকিস্তানীরা। কিন্তু এর বিরুদ্ধে কোন ব্যবস্থা আমাদের সরকার গ্রহণ করেন নি—এখান থেকে লোক সব চলে যাচ্ছে। স্যার, আমি খবরের কাগজে দেখেছি মুখ্যমন্ত্রী গত পরশু দিন স্টেটমেণ্ট করছেন যে—"না, আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছি এবং যাতে তারা ভালভাবে আসতে পারে তার ব্যবস্থা করেছি।" আমি বলতে চাই যে সরকার সে সম্বন্ধে কোন ব্যবস্থাই করেন নি এবং সেখানকার লোকেরা যে বাসে আসবে সেই ব্যবস্থা পর্যন্ত নেই। সেখানে যে একটা মাত্র রাস্তা সেই রাস্তা বন্ধ হবার জন্য মানুষ আসতে পারছে না—বাস, মোটর চলতে পারছে না। আমি জানি না যে আজও সেই সব এলাকার লোকজন বেঁচে আছে কি না। আজকে এঁরা বলছেন যে আমরা পুলিস অ্যাডমিনিস্ট্রেশন-এর ব্যবস্থা করেছি। একথা সত্য যে সেখানকার সাধারণ যারা পুলিস তারা আপ্রাণ চেষ্টা করছে পাকিস্তানের আক্রমণ প্রতিরোধের জন্য—আমি নিজে বহু ট্রেঞ্চে গেছি এবং ১৭ তারিখে যে অবস্থার সৃষ্টি হয়েছিল, সেদিন আমাদের ফরওয়ার্ড ব্লকের বহু কর্মীকে ট্রেঞ্চের মধ্যে গিয়ে পুলিশের কাছে খাবার পেঁৗছে দিতে হয়েছিল এবং আমি জানি ৩।৪ দিন ধরে বহু পুলিস এই ট্রেঞ্চের মধ্যে পড়ে আছে। তারা পাকিস্তান পুলিসের গোলাবর্ষণের প্রত্যুত্তর দিচ্ছে বটে, কিন্তু সেটাই যথেষ্ট নয়। স্যার, আপনি শুনলে

অবাক হয়ে যাবেন যে বর্তমান ব্যবস্থার মধ্যে আমাদের পুলিস অপারেশন ফেল করছে ধীরে ধীরে। গর ২৩শে মার্চ ১৯৬৫ তারিখে রাত্রি ৯।১০টার সময় আমাদের পুলিস খড়খড়িয়া ক্যাম্প এবং ভোটভাড়ি ক্যাম্প পরিত্যাগ করে চলে আসে—পাকিস্তান যখন মর্টার দিয়ে আক্রমণ চালায় তখন আমাদের পুলিসরা সেই মর্টারের সামনে দাঁড়াতে না পেরে বাধ্য হয়ে ফিরে চলে আসে। ২১শে মার্চ ১৯৬৫ তারিখে হলদিবাড়ী থানায় পার মেকলিগঞ্জ তালুকের উপর যখন ফায়ারিং শুরু হল তখন পাকিস্তানের তুলনায় আমাদের দিকের পুলিস প্রস্তুত ছিল না। তার ফলে পার-মেকলিগঞ্জ থেকে পুলিস ছুটে আসে হলদিবাড়ীতে। সেখানে গোলাগুলি ছিল না, রাইফেল ছিল না, এমন কি ব্রেন গান যেটা ছিল সেটাও ভোঁতা, তাতে আওয়াজ হচ্ছে না এই তো আমাদের অবস্থা। কাজেই সব দিক থেকে যদি লক্ষ্য করা যায় তাহলে দেখা যাবে যে সেই এলাকায় আজকে শোচনীয় পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আমাদের পুলিস কেন পারছে না? তার কারণ, আমি দেখেছি যে পাকিস্তান ব্রেন গান, মর্টার ব্যবহার করছে তার একটি অংশ আমার কাছে আছে এবং সেই মর্টারের যে গুলি, তার অংশ আমি নিয়ে এসেছি এবং এইরকম মর্টারগুলি তারা সীমান্তের বিভিন্ন এলাকায় চালাচ্ছে। তার ফলে সেখানে কোন মানুষ থাকতে পারছে না এবং এই অবস্থা গোটা মেকলীগঞ্জ, হলদিবাড়ী থানায় সৃষ্টি হয়েছে। সেই জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে তিনি নিজে একবার সেই এলাকায় যান এবং রিলিফ মেজারস বলে তিনি যা বলতে চান, দেখে আসুন যে সেখানে তার কিছুই নেই। আমি নিজে সেখানে গেছি এবং সেখানে সরকারের বিভাগীয় কমিশনার রয়েছেন, ডি আই জি রয়েছেন এবং তাঁরা বলেছেন যে তাদের পক্ষে এখন রিলিফ মেজারস দেরা সম্ভব নয়। একটা ওয়ার ফ্রন্ট—সেই ওয়ার ফ্রন্ট থেকে যুদ্ধ চালাবো, গুলি চালাবো, ঠিক কি করতে পারবো, শত্রুপক্ষকে কিভাবে ঠেকাবো, এ অবস্থা আমরা সেখানে দেখেছি। তাই আমি মুখ্যমন্ত্রীকে বলছি যেকোন কারণেই হোক এই যুদ্ধের বিরুদ্ধে আজকে সরকারের রুখে দাঁড়ান দরকার আছে এবং তার জন্য পূর্ণ প্রস্তুতি গ্রহণ করার প্রয়োজন আছে।

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার, স্যার, মুখ্যমন্ত্রী সেদিন কাউন্সিলে বলেছিলেন যে বিরোধী দলের নেতাদের নিয়ে তিনি বসবেন এবং এ সম্বন্ধে আলোচনা করবেন। আমরা এতকাল নিশ্চিন্ত হয়েছিলাম এবং মনে হয়েছিল যে বোধ হয় এই সমস্ত গোলমাল হবে না। মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন এবং অমর রায় প্রধান পরে এসে যে বক্তব্য এখানে রেখেছেন তা বুঝতে পেরেছেন। কাজেই আমি আপনার মারফত মুখ্যমন্ত্রীর কাছে এই বক্তব্য রাখতে চাচ্ছি যে তিনি সর্বদলীয় নেতাদের সাথে বসে একটা পথ ঠিক করে নিতে পারেন। কারণ, আমরা এই অবহেলা করবার জন্য নেফায় চড় খেয়েছি, সেই চড়ের তিক্ত অভিজ্ঞতা এখনও ভুলি নি। এখন দেখছি সেই একই দোষ করা হচ্ছে, একই অবহেলা করা হচ্ছে। আপনি জানেন উত্তর-বঙ্গের ব্যাপার, এক দিক থেকে চীন এবং আর একদিক থেকে পাকিস্তান আক্রমণ করেছে। সেই জন্য আমরা অত্যন্ত উদ্বিগ্ন হয়ে আছি। যদি তারা কিষানগঞ্জের ওখানে রাস্তা দখল করে নিতে পারে তাহলে আমরা সম্পূর্ণ ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন হয়ে যাব। এরা সকলে মিলে এক সঙ্গে চারি পাশ থেকে এগিয়ে এসে সাঁড়াশী আক্রমণ করছে। অথচ এই সময় গতবার ১৯৬২-৬৩ সালে দেখেছিলাম যে মন্ত্রী, উপমন্ত্রীরা নেচে-কুঁদে কতই না দেশপ্রেম দেখিয়েছিলেন। একজন মন্ত্রী, একজন কংগ্রেসী এম এল এ বা একজন কেউ সেখানে যাওয়ার প্রয়োজন অনুভব করছেন না? কিন্তু অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে গেছে। হয়ত এঁরা নিশ্চিত আছেন যে আমাদের কোন জমিতে পাকিস্তান আসে নি। কিন্তু প্র্যাকটিক্যালি যে অবস্থা দাঁড়িয়েছে জমিতে পাকিস্তান সৈন্য আসে নি, কিন্তু সমস্ত গ্রাম-গুলি খালি হয়ে গেছে, কোন মানুষ বসবাস করছে না সেখানে। পাকিস্তানের যারা বন্ধু আমাদের দেশে রয়েছে, সেসব অঞ্চল তাদের হাতের মধ্যে রয়ে গেছে। সেই জন্য স্যার, আমি বলছি যে জিনিসটা অত্যন্ত শোচনীয় অবস্থার মধ্যে পড়ে রয়েছে। সেদিক থেকে আমি আপনাকে বলব, আপনি মুখ্যমন্ত্রীকে বা সরকারকে বলুন, তাঁরা এমন একটা মেজার নিন যাতে আমরা নিশ্চিন্ত হতে পারি এবং আমরা বুঝতে পারি যে সরকার সচেতন হয়েছে।

Shri Kanai Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। আমার বক্তব্য প্রধানতঃ পুলিস বাজেটের বিরুদ্ধে সীমাবদ্ধ থাকবে। আপনি জানেন যে পুলিস

খাতে সরকার ব্যয়-বরাদ্দ করেছেন, সেই পুলিস ফোর্স দেশের শান্তি শৃঙ্খলা বজায় রাখবার জন্য গঠন করা হয় নি, ধনিক গোষ্ঠী তাদের স্বার্থ রক্ষার উদ্দেশ্যে শোষণ অব্যাহত রাখার জন্যই এই ব্যবস্থা করেছে। এটা আজ খুব পরিষ্কার যে চাষী ও মজুরদের বাঁচার সংগ্রামের বিরুদ্ধে এই পুলিশের ভূমিকা–ধনিক শ্রেণীর স্বার্থে মিথ্যা অজুহাতে বিরোধী দলের লোকদের ও চাষী মজুরের উপর পুলিসী জুলুমই এটাকে সুস্পষ্ট করে তুলেছে।

অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকটি ঘটনার কথা আপনার মাধ্যমে হাউসের কাছে রাখতে চাচ্ছি। শান্তিপুর থানার অধীন বেলগড়িয়া অঞ্চল পঞ্চায়েতের উপপ্রধান, শ্রীতারাপদ বিশ্বাস একজন কংগ্রেসী চাঁই, পুলিসের দালাল। তিনি নিজে মিথ্যা লোক খাড়া করে তাদের আসল লোক বলে সনাক্ত করে অনেক লোকের নামে গ্রুপ লোন নিয়ে আত্মসাৎ করেছেন। ৬ই মার্চ ১৯৬৫ তারিখে রানাঘাটে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কোর্টে একটি মামলা, ঘোড়ালিয়ার বিষ্ণুপদ বিশ্বাস উক্ত তারাপদ বিশ্বাসের বিরুদ্ধে দায়ের করেছেন। সেই মামলা হচ্ছে ৪১৯।৪২০।৪৬৫ এবং ৪৬৭ ধারা মতে—সরকারী টাকার তছরুপের মামলা—ম্যাজিস্ট্রেট শান্তিপুর থানার ও সি-কে কগনিজেন্স নেবার জন্য লিখিতভাবে নির্দেশ দিয়েছেন। কিন্তু ২০ তারিখের সকাল পর্যন্ত কোন ব্যবস্থাই ও সি অবলম্বন করেন নি। দেখা গেল যে ভূতপূর্ব এম এল এ হরিপদ দে, কয়েকজন কংগ্রেসী চাঁই, আর আসামী থানায় বসে কি করে কেসটাকে হাস-আপ করা যায় তার চেষ্টা করছে। আমি ২০শে মার্চ ১৯৬৫ তারিখে সকালে নিজে এ সম্পর্কে সংবাদ জানার জন্য থানায় ও সি-র কাছে যাই। ও সি বলেন যে তাঁরা নাকি কেসটা অনেক পূর্বেই এনফোর্সমেন্ট বিভাগকে দিয়ে দিয়েছেন। আমি তখন ও সি-কে বলি যে আপনি যখন এনফোর্সমেন্ট বিভাগে এই কেস দিয়েছেন বলছেন, আমি তাঁদের সঙ্গে যোগাযোগ করতে চাই এবং এস পি-কে ফোন করার জন্য থানার ফোনটা ব্যবহার করতে চাই। তিনি তখন বললেন যে তিনি ঐ ফোন ব্যবহার করতে দেবেন না, আমি তখন তাঁর কাছে ফোনটা ব্যবহার করার জন্য লিখিতভাবে আবেদন করি ও লিখিত উত্তর চাই—কিন্তু তিনি তার উত্তর দেওয়ারও প্রয়োজন মনে করেন না।

আমি সঙ্গে সঙ্গে কৃষ্ণনগরে যাই এবং এস, পি-র সঙ্গে দেখা করতে চেষ্টা করি। এস, পি, তখন ছুটিতে ছিলেন। তারপরে আমি ডি এস পি এবং এনফোর্সমেন্ট বিভাগে যাই। এনফোর্সমেন্ট বিভাগে গিয়ে দেখা গেল যে তাঁরা এ ব্যাপারে কোন খবরই দিতে পারছেন না। তাঁরা তখন ট্রাংক কল করে শান্তিপুর থানা থেকে খবর নেন। সেই খবরটা হচ্ছে এই, যে এতদিন পরে এই মামলা ঐ দিনই বেলা ১টার সময় অর্থাৎ আমি থানা থেকে চলে আসার পর শান্তিপুর থানার ও সি এনফোর্সমেন্ট বিভাগে পাঠিয়েছেন। আমি ৩টা ৩০মিঃ পর্যন্ত এনফোর্সমেন্ট বিভাগে বসে থাকি। তখনও পর্যন্ত এই মামলা সংক্রান্ত কাগজপত্র সেখানে পৌঁছায় নি। এই যে সরকারী টাকা তছরুপ কংগ্রেস কর্মীরা, কংগ্রেসী দালালরা করেছে এবং কংগ্রেস নেতারা সেটাকে প্রশ্রয় দিচ্ছেন, পুলিশ সেটা প্রশ্রয় দিচ্ছে, ও সি সেটা প্রশ্রয় দিচ্ছে। একজন নির্বাচিত প্রতিনিধি এ ব্যাপারে থানায় গেলে তাঁকে ফোন পর্যন্ত ব্যবহার করতে দেওয়া হচ্ছে না এবং ফোন ব্যবহার না করতে দেওয়ার জন্য একটা সদুত্তর পর্যন্ত দেওয়ার প্রয়োজন বলে ও সি মনে করছেন না। এই পুলিসের খাতে আপনারা কি উদ্দেশ্যে টাকা ব্যয়-বরাদ্দ করতে যাচ্ছেন সেটা পরিষ্কার বোঝা যাচ্ছে। আমি আর একটি বিষয় সম্পর্কে বলতে চাই, এই হাউসে আমি এর আগেও এ বিষয়ে একাধিকবার বলেছি। পশ্চিমবঙ্গে যে তিনটি সরকারী টি বি হাসপাতাল আছে সেখানে রোগীদের উপর চরম নির্যাতন চলছে। এই সব টি বি হাসপাতালে রোগীদের পথ্য চুরি হয়,

[4-20—4-30 p.m.]

ওষুধ চুরি হয়। এ নিয়ে রোগীদের অনেক দিনের অভিযোগ আছে কিন্তু সরকার তার প্রতিকারের চেষ্টা না করে এই পুলিস দিয়ে রোগীদের উপর হামলা করে এক বস্ত্রে এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে চালান করে এমন কি মুমূর্ষু রোগীদের জেলের মধ্যে নিয়ে যেতেও ইতস্ততঃ করে না। কাঁচরাপাড়া টি বি হাসপাতালে বরাবর চুরি হচ্ছিল, সে কথা কর্তৃপক্ষের কাছে বলায় কর্তৃপক্ষ বললেন—হাতে-নাতে ধরিয়ে দাও। গত ২৭এ ফেব্রুয়ারি রাত্রিতে যখন দুটো রিক্সা বোঝাই করে মাল-মশলা পাচার হচ্ছিল—তখন রোগীরা সেটা ধরেন এবং সঙ্গে সঙ্গে কর্তৃপক্ষকে জানায়। কিন্তু কর্তৃপক্ষ কোন রেসপন্স করেন নি। তখন রোগীরা একজন ডাক্তারকে

দিয়ে বিষয়টি কল বইতে লিখিয়ে সেক্রেটারীকে জানান, তাতেও কোন রেসপন্স পাওয়া যায় নি। তখন বাধ্য হয়ে ১লা মার্চ ১-৩০ মিনিটের সময় রোগীরা নদীয়া জেলা ম্যাজিস্ট্রেট এবং পশ্চিমবঙ্গ স্বাস্থ্য অধিকর্তাকে এক্সপ্রেস টেলিগ্রাম করেন এবং সেখানে কল্যাণী থানা থেকে যে পুলিস অফিসার এসেছিলেন তাঁকে এই সমস্ত ঘটনা জানান। আমি নিজে গিয়েও দেখে এসেছি, তখন পর্যন্ত সেই সব চোরাইমাল আটক অবস্থায় রিক্সার মধ্যে পড়ে রয়েছে। কিন্তু সরকার তার কোন প্রতিকারের ব্যবস্থা না করে রাত্রি তিনটার সময় সেখানে লাঠিধারী পুলিস পাঠিয়ে মুমূর্ষু রোগীদের উপর অমানুষিক নির্যাতন চালিয়ে এক বস্ত্রে তাঁদের টেনে নিয়ে গেল রানাঘাট এ জি হাসপাতালে ও রানাঘাট সাব জেলে। এ জি হাসপাতালের রোগীদের মধ্যে ৬ জনের মুখ দিয়ে রক্ত উঠছে, সেকথা সরকারও পরে স্বীকার করেছে। আজকে যারা রোগীদের পথ্য ও ঔষধ চুরি করছে, সেই নরপশুদের এই সরকার এবং সরকারের পুলিসবাহিনী সাহায্য করছে। তাদের এই চুরি কেসে না ফেলে রোগীদেরই মিথ্যা অভিযোগের ভিত্তিতে ১০৭ ধারায় ১১৭ ধারায় গ্রেপ্তার করে জেলে টেনে নিয়ে যাচ্ছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং সঙ্গে সঙ্গে এই ব্যয়-বরাদ্দেরও বিরোধিতা করছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডল:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সাপ্লিমেন্টারী বাজেট সম্বন্ধে বলতে গিয়ে একটা কথা প্রথমেই বলতে চাই সেটা হচ্ছে আমরা পাঞ্জাবে এস্টিমেট কমিটির মিটিংএ গিয়েছিলাম, সেখানে দেখলাম একটা নতুন ব্যবস্থা চালু হয়েছে এবং আমরা মনে করি যে এখানে সাপ্লিমেণ্টারী বাজেটে ঠিক সেই রকম ব্যবস্থা অবলম্বন করলে ভাল হয়। আমি তাই আমাদের ফাইনান্স মিনিস্টারকে সে সম্বন্ধে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি। সেখানকার এস্টিমেট কমিটির চেয়ারম্যানের সঙ্গে আমাদের কথাবার্ত্তা হয়েছিল, সেখানে ওয়েস্ট বেঙ্গল এস্টিমেট কমিটি গিয়েছিলেন, তাঁরা সমস্ত বিষয়টা আমাদের কাছে অ্যানালাইজ করেন এবং পুঙ্খানুপুঙ্খভাবে এক্সপ্লেন করেন। তাঁরা আমাদের বললেন যে সাপ্লিমেণ্টারী বাজেটে অনেক টাকা পয়সা আছে যেটা বলা যায় না, এতে বেশী হচ্ছে আবার কোন জায়গায় কমে যাচ্ছে। সেখানে এই রকম একটা বিধি আছে এবং সেখানকার এস্টিমেট কমিটি ঠিক এইভাবে সাপ্লিমেন্টারী বাজেটকে সার্টিফাই করলে তবে সেটা অ্যাসেমব্লীতে আসে। আমার মনে হয় সে দিক থেকে আমাদের বিবেচনা করা দরকার। এবং এটা করলে কোনটায় টাকা বেশী নেওয়া হচ্ছে এবং কোনটায় না নিলেও চলত সেটা আমরা ক্লোজলি স্ক্রুটিনি করতে পারব যেটা আমরা অফহ্যান্ড এখানে দাঁড়িয়ে করতে পারি না। তাই আমি বলছি সেই প্রসেস সেই মেথড আমাদের এখানে অ্যাডপ্ট করা উচিত। এখানে দেখছি প্রায় প্রত্যেকটি ডিপার্টমেণ্ট-এর জন্য সাপ্লিমেণ্টারী বাজেটে টাকা চাওয়া হয়েছে। কিন্তু প্রত্যেকটি ডিপার্টমেন্ট সম্বন্ধে যদি বলতে হয় তাহলে অনেক সময় যাবে। কাজেই আমি বেছে বেছে কয়েকটি ডিপার্টমেন্ট সম্বন্ধে বলব। কারণ, এর আগে জেনারেল বাজেটে আমরা সব সময় বলেছি ডিপার্টমেন্টগুলি কিভাবে চলছে এবং বিশেষ করে স্পেসিফিক কতকগুলি ঘটনা দিয়ে আমরা দেখিয়েছি এই সরকারের অ্যাডমিনিস্ট্রেসান অ্যাপার্ট ফ্রম পলিসি অত্যন্ত বাজেভাবে চলছে এবং সারা ভারতবর্ষের কোন রাজ্যের অ্যাডমিনিস্ট্রেসন এত খারাপভাবে চলে না।

অনেক স্পেসিফিক ইনস্ট্যান্স তাঁদের আমরা দিয়েছি। দু-চারটি ডিপার্টমেন্টের সম্বন্ধে স্পেসিফিক ইনস্ট্যান্স দিতে পারি -যেমন ধরুন জেল। জেলের জন্য বরাদ্দ চাওয়া হয়েছে। আমরা জানি আইনে লিপিবদ্ধ করা আছে জেল কোডে যে যদি পলিটিক্যাল মুভমেন্ট বা ডেমক্রেটিক মুভমেণ্ট-এ কোন লোককে ধরা হয়, তাহলে তাকে প্রথম শ্রেণী দিতে হবে। অনেকবার এ সম্বন্ধে তাঁদের বলা হয়েছে, জেল কোডে লেখা থাকা সত্ত্বেও তাঁরা এটা মানেন নাই; ফলো করা তা হয় নাই কেন বুঝি না। জেল কোডে বলা আছে, গভর্নমেন্টের আইন করা আছে। অথচ সেখানে দেখি কোন জায়গায় যদি কায়দা করতে হয় পলিটিক্যাল কেসে এস ডি ও দয়াপরবশ হয়ে কোন কোন ক্ষেত্রে প্রথম শ্রেণী দেন আন্ডার ট্রায়াল প্রিজনারদের, তবে বদ মেজাজী হলে বলেন আমি তো দিলাম—সাবজেক্ট টু অ্যাপ্রুভাল অফ দি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অর্থাৎ সাবজেক্ট টু দি অ্যাপ্রুভাল অফ দি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, মানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কাছে এক মাস পড়ে থাকলো। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আজ এখানে কাল সেখানে ঘুরছেন, অথচ আইনে স্পেসিফিক প্রভিশন করে দেওয়া সত্ত্বেও এটা ভায়লেশন করা হয়। আরো অনেক কিছু আছে। এক এক

করে বলে যাচ্ছি। যেমন ধরুন জুডিসিয়াল ডিপার্টমেন্ট সেখানে কি অবস্থা চলছে—সেটা শৈলবাবু ভাল করে জানেন। এক এক সময় আইন করা হচ্ছে ফর স্পিডি ডিসপোজাল অফ দি কেসেস অথচ দেখা যাচ্ছে এই স্পিডি ডিসপোজাল-এর নামে ডিসমিস করা হচ্ছে। আবার সংগে সংগে কেস ছানি করে রিভাইভ করা হচ্ছে, স্পিডি ডিসপোজাল আর হচ্ছে না। প্রত্যেক জায়গায় এই রকম ফ্রড অ্যান্ড করাপশন চলছে। শুধু তাই নয়, আমরা জানি—বিশেষ করে আমার জেলার কথা, মানুষ কল্পনা করতে পারে না—গত চার-পাঁচ মাস যাবত ইংলিশ ফলিও পাওয়া যায় না। পিটিশন করা হলো কপির জন্য, হয়ত সেটা ফাঁসির আসামীর কেস, কিন্তু কপি পাওয়া যায় না। জাজমেন্ট এমনি পাওয়া যায়, বিনা পয়সায়। কিন্তু সার্টিফায়েড কপি অফ এভিডেন্স পাওয়া যায় না। আগে সেই কপি পাওয়ার জন্য ইংলিশ ফলিও আনতে কলকাতায় লোক পাঠাতে হয়। এই হচ্ছে জুডিশিয়াল ডিপার্টমেন্টএর ব্যাপার।

তারপর আমি লোকাল সেল্ফ গভর্নমেন্ট সম্বন্ধে বলছি, কলকাতা কর্পোরেশনের ইলেকশন আসছে। এর আগে ইলেকশন অফিসারকে প্রক্সি ভোটের সম্পর্কে হুঁসিয়ার করে লেখা হয়েছে। সকলে জানেন যে, সাধু সজাগ কেন, কলকাতা করপোরেশন হচ্ছে কসমোপলিটন এরিয়া সেখানে যাঁরা বেশী প্রক্সি ভোট দিতে পারবেন তাঁদের জয় অবশ্যম্ভাবী। ইলেকশন কমিশনারকে লিখেও উত্তর পাওয়া যায় না। আমরা মনে করি ও'রা এ সম্বন্ধে ওয়াকিবহাল আছেন। তার জন্য যে কিছু মেজার নেওয়া উচিত। যদি ডেমোক্রেসির উপর বিশ্বাস থাকে তাহলে এটা বিশ্বাস করা উচিত। এই যে প্রক্সি ভোট হচ্ছে, প্র্যাকটিক্যালী ফোরজড ভোট হচ্ছে, এটা যিনি বেশী পারেন তিনি জিতে যাবেন। তাঁদের যদি ডেমোক্রেসিতে এতটুকু বিশ্বাস থাকে, রিয়েল ভোটিং হোক এটা চান, তাদের যদি অনেস্টি অফ পারপাজ হয় এবং পারলিয়ামেন্টারী ডেমোক্রেসিতে বিশ্বাস থাকে, তাহলে তাঁদের কর্তব্য হচ্ছে এটা দেখা। তাঁরা দেখুন কিভাবে তাঁদের ডিপার্টমেন্ট চলে। এটা দলের জেতার কথা নয়। আজকে প্রক্সি ভোটে কংগ্রেস দল জিতে যাচ্ছে। কিন্তু এমন একদিন আসতে পারে যখন ওদের বিষয়টা নিয়ে ওদের ডিফিট দিয়ে দিল। বার বার করে এই সব কথা বলা সত্বেও তাঁরা দেখছেন না। প্রত্যেকটা ডিপার্টমেন্ট যদি আমরা খুঁটিনাটি করে দেখি, তাহলে দেখতে পাব সমস্ত ডিপার্টমেন্টই এই রকমভাবে চলছে। আমি বীরভূম জেলার কথা জানি, আপনারা মুখে গণতন্ত্রের কথা বলেন, গণতন্ত্রের কথা মুখে বলেন তখন যখন জিতে গেছেন ভোটে। আর যদি ভোটে হেরে যান, তখন বলবেন এটা গণতন্ত্র নয়, আমরা জানি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর প্রেসিডেন্ট আজ সেখানে তের বছর ধরে একজন আছেন। একটা ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর প্রেসিডেন্টের মেয়াদ হচ্ছে বার বছর। তা হলে এটা কি রকম গণতন্ত্র হচ্ছে। একটু ভেবে দেখুন সেখানে তের বছর ধরে তিনি জেলা স্কুল বোর্ডের প্রেসিডেন্ট আছেন। ইলেকসন হচ্ছে এখান থেকে নমিনেশন যাচ্ছে না। (এ ভয়েসঃ খুব পপুলার?) না, পপুলার নয়। একবার জিতেছেন, তারপর চার বার চার টার্মস চালাচ্ছেন। আগে আমাদের বৈদ্যনাথবাবু ছিলেন, গভর্নমেন্টের নমিনেটেড হয়ে এগারো বছর চালিয়ে গেলেন। এই যদি ডেমোক্রেসি হয়, তাহলে এই রকম ডেমোক্রেসি কতদিন চলবে—তা ভেবে দেখবেন।

[4-30—4-40 p.m.]

প্রত্যেক ডিপার্টমেন্টে আমরা এটা দেখি। আর একটা ডিপার্টমেন্ট হচ্ছে আভা মাইতির যেটা সম্বন্ধে দিনরাত অনেক কিছু বলা হয় এবং চন্দননগরের একটা ব্যাপারে আমার কাছে কাগজপত্র আছে। স্যার, আমি নাম করে বলছি কমলকুমার মুখার্জী এবং সুরেন্দ্র দাস চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের শ্রমিক ইউনিয়নের যুগ্ম সম্পাদক। যাঁরা কংগ্রেসের খবর রাখেন তাঁরা জানেন রিলিফের কতগুলি টাকা তাঁদের কাছে দেওয়া হয়েছিল কাপড় বিলি করবার জন্য। কিন্তু কাপড় বিলি করা হোল না। তারপর এস ডি ও অনেক তাগাদা করবার পর তাঁরা কতগুলি ফোর্জড মাস্টার-রোল এবং ভাউচার দিলেন। এস ডি ও সেগুলি দেখে ফেরত দিয়ে বললেন, এগুলি হয় নি। কিন্তু আশ্চর্যের বিষয় কোন কেস হোল না। তারপর জানি না দুজনের মধ্যে ঝগড়া ছিল কিনা, কিন্তু সুরেন্দ্র দাস এই জিনিস ডি আই বি, আই বি-র কাছে রেফার করলেন। কিন্তু তার ফল কি হোল? শেষ পর্যন্ত দেখা গেল সুরেন্দ্র দাসকে বলছে

তুমি ফলস পার্সোনিফিকেসন করেছ তুমি জয়েন্ট সেক্রেটারী নও এবং তার বিরুদ্ধে মামলা হোল। সেই মামলায় তিনি খালাস পেলেন এবং হাকিমের শেষ বক্তব্য হচ্ছে.

Heard despatcher. Shri Suren Das claims to be the Joint Secretary of the Union in question. There is no document from the side of the prosecution to rebut this. Drop the matter.

তিনি একটা জিনিস হাতে নাতে ধরিয়ে দিচ্ছেন এবং আপনি যদি দেখতে চান তাহলে আমি আপনাকে দেখাতে পারি, আমার কাছে কাগজপত্র আছে—আমি খেলো এলিগেশন করতে চাই না। যাহোক, সেই কেস ড্রপড হোল এবং যে কেস দিয়েছিল তার বিরুদ্ধে প্রসিকিউসন হোল। এইভাবে আমরা দেখছি গভর্নমেন্ট-এর অধিকাংশ ডিপার্টমেন্টই হচ্ছে ফুল অফ করাপসন, ব্রাইবারী অ্যান্ড নেপোটিজম। কাজেই আমি মনে করি এই সাপ্লিমেন্টারী বাজেটে যে টাকা চাওয়া হয়েছে সেটা জলে ফেলে দেওয়া ছাড়া আর কিছুই নয় এবং সেইজন্য আমি এর বিরোধীতা করছি।

Shri Girish Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, কোন শাসনযন্ত্রে যদি পরিপূর্ণভাবে বিচারের [illegible] তবে সেই শাসনের অধীনে সত্যই বিচার হতে পারে। কিন্তু আমরা দেখছি কংগ্রেস শাসনের মূল মন্ত্র হচ্ছে অবিচার। কংগ্রেস শাসনে আমরা দেখছি শঠতা, ষড়যন্ত্র, মিথ্যাচার, চৌর্যবৃত্তি এবং দস্যুতা রয়েছে। কাজেই এই অবস্থায় বিচার বিভাগ যদি খাটি হয় তাহলে কংগ্রেস [illegible] কি করে এবং সেইজনাই আমরা দেখছি আজকে বিচার বিভাগে পূর্ণ অবিচার এবং দুর্নীতি রয়েছে। স্যার, আমি এই বিচার বিভাগের দুর্নীতি এবং অবিচার সম্বন্ধে অনেক তথ্য [illegible]। আমাদের পুরুলিয়া জেলার স্থানীয় পত্রিকা "মুক্তি"তে এই বিচার বিভাগের দুর্নীতি [illegible] প্রকাশিত হয়েছে, কিন্তু বিচার বিভাগের কোন বিচার হয় নি। এমন কি বিচারকের বিরুদ্ধে হাইকোর্টে মামলা হয়েছে এবং হাইকোর্টের সেই মামলার রায়ে আমরা যে অকাট্য প্রমাণ [illegible] বিচারক তাকে অস্বীকার করতে পারেন নি। কিন্তু দুঃখের বিষয় এরকম একটা [illegible] কোন তাতে কোন শাস্তি হোল না। আমরা রাজ্য সরকারের কাছে অকাট্য প্রমান দিয়েছি যে, বিচারক ফাইল থেকে প্রসিডিংস, রেকর্ড চুরী করেছে। কিন্তু আজ পর্যন্ত তার [illegible] খুলল না। এই হোল বিচার বিভাগের প্রহসন। তারপর এখন কি চলছে? এখন দেখছি [illegible] খালাস পাবে, সাজা হবে না সেই মামলা বছরের পর বছর হাইকোর্টে ঝুলছে [illegible] বিচারে দুদিন সাজা হবে সেই মামলা হাইকোর্টে বছরের পর বছর ঝুলছে। এর কারণ [illegible] শাসন বিভাগ এবং পুলিশ বিভাগের তাঁবেদার এবং শাসন বিভাগ তাদের খেয়াল খুসীমত [illegible] নিচ্ছে। যেদিন শাসন বিভাগের মর্জি হবে সেদিন বিচার হবে এবং তার অর্থ হচ্ছে পুলিশের [illegible] নির্ভর করে আমাদের বিচার বিভাগকে চলতে হচ্ছে। তারপর, বিচারের ধারা যে রকম চলছে তাতে দেখছি বহু ব্যাপারে গরীব জনসাধারণ বিচারের সুযোগ পাচ্ছে না। কিন্তু যারা কোটিপতি তারাই বিচারের সুযোগ পাচ্ছে, আমরা এটাই দেখতে পাচ্ছি যে বিচার বিভাগ শাসন বিভাগের তল্পীবাহক হয়ে দাঁড়িয়েছে। সেজন্য সমস্ত পল্লীর লোক চাইছে যে শাসনবিভাগ থেকে বিচার বিভাগকে পৃথক করে দেওয়া হোক। তাহলে এই হবে যে, বিচার বিভাগের বিচার করার শক্তি পাবে। তা না হলে বিচার বিভাগের সুবিচার করার সাহস হচ্ছে না. সেজন্য সরকারের কোন কোন মন্ত্রী অবিচার করছেন বা কোন কোন সরকারী কর্মচারী অবিচার ও দুর্নীতি করছেন, দুর্নীতির বিরুদ্ধে যাতে শক্তি প্রকাশ না করতে পারে সেজন্য হাকিমকে গদীতে রেখেছেন। বিচার বিভাগ কংগ্রেসের দলীয় রাজনীতির তল্পীবাহক হয়ে দাঁড়িয়েছে, ফলে বিচার বিভাগ দুর্নীতি রোধ করতে পারছে না। উচ্চতম রায় যা, সেই অনুসারে যদি কমিশন করে তদন্ত করা হয় তাহলেই দেখা যাবে নিম্নতম বিচারকগণ কিরকম কংগ্রেসী দলের মধ্যে ঢুকেছে, কি রকমে কংগ্রেসী দলীয় রাজনীতির মধ্যে পড়ে কংগ্রেসীদের সমর্থনে রায় দিতে হয়েছে। এটা উচ্চতম বিচারকের রায়েই প্রকাশ পাবে। আজকে বিচার বিভাগে বহু দুর্নীতি রয়েছে তা আমি আপনার সামনে তুলে ধরছি। আজকে আমাদের সরকারী টাকায় সরকারী দোকানে ধানচাল কেনবার ব্যবস্থা হয়েছে, কিন্তু কি হচ্ছে, চোরাকারবারে

রাজত্ব বন্ধ করার জন্য কোন ব্যবস্থা হচ্ছে না। সরকার এখনও সে ব্যবস্থা করলেন না। আজকে সরকারের উচিত প্রত্যেক অঞ্চলে সরকারী দোকানে ন্যায্যমূল্যে ধানচাল বিক্রীর ব্যবস্থা করা কিন্তু আজ পর্যন্ত সরকার সে ব্যবস্থা করেন নি। জনসাধারণের একটা বিশ্বাস থাকা দরকার যে ন্যায্যমূল্যে সরকার সরকারী দোকানে ধানচাল বিক্রী করবেন। কিন্তু সে ব্যবস্থা আজও পর্যন্ত হয় নি। জেলায় জেলায় সরকারের ধানচাল রাখবার কোন ব্যবস্থা হয় নি। সরকারের উচিত জেলায় জেলায় যে চাল এবং ধান সংগ্রহ করা হবে তা ন্যায্য দরে বিক্রীর ব্যবস্থা করা, সমস্ত লোক তাই দাবী করছে, কিন্তু আজ পর্যন্ত কংগ্রেস সরকার সে ব্যবস্থা কিছুই করেন নি। তারই জন্য আমরা দেখলাম সর্ষের তেল দশ টাকা কেজিতে লোককে কিনতে হয়েছে, বার আনা কেজির চাল দুই টাকায় কিনতে হচ্ছে। এইভাবে কংগ্রেসী রাজত্বে চোরাকারবারী চলছে, সমস্ত জিনিস ব্লক হচ্ছে, দুর্নীতি এবং অবাধ চোরাকারবার চলছে এবং পুলিশ কিছু করছে না। কত দুর্নীতি চলছে, জঙ্গল তো প্রায় শেষ হয়ে গেল, জঙ্গল রক্ষার কোন ব্যবস্থাই হল না—অথচ বনবিভাগের জন্য কোটি কোটি টাকা খরচ হচ্ছে, সরকারের প্রত্যেক বিভাগে চোরাকারবার এবং লুঠতরাজ চলেছে। গতবারেও একথা বলেছিলাম যে বিচার বিভাগকে ঢেলে সাজুন, পৃথক করুন। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Shri Jiban Krishna Dey:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য প্রধানত আমি গ্র্যান্ট নং ৩৪--পাবলিক ওয়ার্কস-এর উপর বক্তব্য রাখবো। তার আগে একটা কথা বলবো। এই হাউসে দাঁড়িয়ে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন পুলিশ মন্ত্রী হিসাবে বিভিন্ন প্রশ্নোত্তর—যখন নাকি গণতান্ত্রিক আন্দোলন হয়, শ্রমিক বা কৃষক আন্দোলন হয়, এমন কি খাদ্য আন্দোলন হয় এবং সেইসমস্ত আন্দোলনে যারা ধরা পড়ে তাদের গণতান্ত্রিক অধিকার হিসাবে জেলখানায় ক্লাসিফিকেশন দিয়ে থাকেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনার বোধ হয় মনে আছে সেদিন আমি তীব্র প্রতিবাদ করেছি এবং বলেছি যে বহু নজীর আছে যেখানে তা দেওয়া হয় না। আমি বলেছিলাম যে সময়মত তা আমি তুলে ধরবো, আমি তাই তুলে ধরছি। গত ২৫এ সেপ্টেম্বর সারা ভারতবর্ষব্যাপী খাদ্যের দাবীতে আন্দোলন হয়েছিল আপনার তা মনে আছে।

[4-40—4-50 p.m.]

সেদিন আমরা দেখলাম বিরাট মিছিল এবং হরতাল উপলক্ষে তিনজনকে পুলিশ গ্রেপ্তার করলো, তার মধ্যে ২৩ জন এখনও কোচবিহার জেলে আছে এবং সে ২৩ জনকে আজ পর্যন্ত কোন ক্লাসিফিকেশন বা মর্যাদা দেওয়া হয় নি—ক্লাস থ্রি প্রিজনার হিসাবে ফেলে রাখা হয়েছে এবং তারা নিদারুন কষ্টে দিন কাটাচ্ছে। হাউসের মধ্যে মুখ্যমন্ত্রী একটা কথা বললেন এবং সেটা যদি এভাবে লঙ্ঘিত হয় তাহলে স্বভাবতই যা হওয়া উচিত তা হচ্ছে আইনের প্রতি এবং সরকারের প্রতি জনসাধারণের কিছুমাত্র বিশ্বাস থাকে না। আমাদের সরকারের বিভিন্ন খাতে তাই যে পচন ধরছে সাধারণ মানুষের উপর তার যে প্রতিক্রিয়া হওয়া উচিত তাই হয়েছে। পুলিশ খাতে আমরা জানি অতিরিক্ত ব্যয় বরাদ্দের প্রয়োজন হয়েছে, কিন্তু টাকা যখন ব্যয় করা হয় দেশের প্রয়োজনেই তা করা হয়, কিন্তু আমরা দেখছি যে বহুরকমভাবে জনসাধারণকে পীড়ন, সেদিক থেকে প্রস্তুতি যা হওয়া দরকার পুলিশ সেভাবে কাজ করে যাচ্ছে। ১৯৬৩ সালে একটা বিরাট সাইক্লোন তুফানগঞ্জ মহকুমার একটা বর্ডার আউটপোস্টকে ঝড়ে উঠিয়ে নিয়ে যায়, তারপর দুই বৎসর চলে যায় সে আউটপোস্টের দ্বারা পুলিশ যেভাবে বর্ডার রক্ষা করছে সেটা দেখলে অবাক হতে হয়। এর ভেতরে মানুষ কেন ছাগলও থাকতে পারে না। গ্রাম থেকে বাঁশ ইত্যাদি সংগ্রহ করে নিয়ে এসে পুলিশ কোনমতে সেখানে রয়ে গেছে। এই বর্ডার আউটপোস্ট সম্বন্ধে এই হাউসে একাধিকবার বলা হয়েছে, কিন্তু এই আউটপোস্টের প্রতি তারা কোন নজর দেন নি বা এই আউটপোস্টকে ভাল করেন নি। তুফানগঞ্জে ঝাঁউকুঠী একটা কন্ট্রোভারসিয়াল এরিয়া, সেখানে তো যাবার কোন ব্যবস্থা নেই। সেটা মাত্র ৮ মাইল রাস্তা, কিন্তু সেখানে যেতে গেলে পুলিশ ইন্সপেক্টর যিনি আছেন শুধু তিনি কেন আজকে পুলিশমন্ত্রী যদি সেখানে যেতে চান, তাহলে আসামের মধ্য দিয়ে আগমনী হয়ে ৪০ মাইল ঘুরে সে আউটপোস্টে যেতে হবে। সেখানে কোন রাস্তাঘাট নেই। টাউন থেকে একটা রাস্তা ঝাঁউকুঠী পর্যন্ত বরাদ্দ

হয়েছে। তার জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ হয়ে পড়ে আছে, কিন্তু আজ পর্যন্ত ১০ ফুট কাজও হয় নি। সেই রাস্তার মধ্যে বিরাট একটা পুল লোহাঘিড়ী পুল আছে সেটার জন্য বরাদ্দ হয়ে আছে, কিন্তু তার কোন কাজ হয় নি, ঘটা করে সেদিন আমাদের পি ডবলিউ ডি মিনিস্টার রিপ্লাই দিয়েছেন যে এটা বরাদ্দ আছে রাস্তা হবে। ১৯৬২ সাল থেকে আজ পর্যন্ত কিছু হয় নি এটাই বাস্তব ঘটনা। রাস্তা যখন তাঁরা করেন দেশের প্রয়োজনে জাতীয় স্বার্থ তাঁরা দেখেন না। এই অবস্থায় মন্ত্রিমহাশয় বললেন যে আমরা এত কাজ করছি। ঠিক এইভাবে তিনি বললেন যে আমরা আলিপুরদুয়ারে একটা রাস্তা করেছি, ২০ লক্ষ টাকা ব্যয় করে আসাম পর্যন্ত তাঁরা একটা রাস্তা করেছেন, আমরা জানি সে রাস্তা এমন জায়গায় হয়েছে যে জায়গা দিয়ে ব্রডগেজ রেললাইন, মিটারগেজ রেললাইন গেছে। নূতন করে ২০ লক্ষ টাকা খরচ করে যে ন্যাশনাল হাইওয়ের কথা বললেন সেখান থেকে আসাম যাওয়ার যে অ্যাডজেসেণ্ট এরিয়া যেটা কোচবিহার থেকে গেছে সেটা থাকা সত্ত্বেও তাঁরা এটা করলেন। সেজন্য আমরা এই ২০ লক্ষ টাকা যে বরাদ্দ চেয়েছেন সে বরাদ্দ আমরা সমর্থন করতে পারি না।

তারপর আর একটা বিষয় এখানে বহুবার বলা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার কিছুই হয় নি। এন আর এস হসপিটাল-এর ভেতরে বিরাট একটা খাটাল রয়ে গেছে। সরকারের এত বড় একটা হাসপাতাল তার মধ্যে গভর্নমেন্ট এনক্লোজার-এর মধ্যে খাটাল কি করে থাকে জানি না। এটা সেন্ট্রাল স্টোরস-এর পেছনে, এ বিষয়ে হেলথ ডিপার্টমেন্টকে বলেছি, তারা বলছে এটা পি ডবলিউ ডি জানে আবার পি ডবলিউ ডি-কে বললে তারা বলে হেলথ জানে। কিন্তু আমরা দেখছি, হসপিট্যাল-এর কম্পাউন্ড-এর মধ্যে যে নার্সেস কোয়ার্টার, পেছনে ১৫০—২০০ গরু মোষ বেশ ভালভাবে আছে। আমাদের পি ডবলিউ ডি-র মন্ত্রীকে কিম্বা হেলথ বিভাগের লোকেদের তারা দুধ-ঘি খাওয়াচ্ছেন না কি করছেন জানি না। কিন্তু আমরা জানি সেখানে এগুলি আছে এবং তা দূর করবার কোন ব্যবস্থা হয় নি এবং এ বিষয়ে যখন বলা হয় তখন একে অপরের দোষ দেয়। এই হাসপাতালে চতুর্থ শ্রেণীর স্টাফ সিঁড়ির নীচে থাকে তাদের থাকবার কোন জায়গা নেই—ছাগল-গরুর মত, এদের রাখা হয়েছে। পাঁচ টাকা বাড়ি ভাড়া বাবদ বরাদ্দ হয়েছে অথচ বিরাট জায়গা যেখানে খাটাল রয়েছে তার কোন প্রতিকার হচ্ছে না। এগুলি সম্বন্ধে নূতন করে চিন্তা করা প্রয়োজন আছে। আমাদের ভূতপূর্ব স্বাস্থ্যমন্ত্রী শ্রীঅনাথবাবুর সঙ্গে আমি সেই হাসপাতালে গিয়েছিলাম। তিনিও বলেছিলেন যে এটা তিনি দেখবেন, কিন্তু আজ পর্যন্ত কোনকিছু হয় নি। তারপর তুফানগঞ্জ হাসপাতাল সম্বন্ধে বলবো এখানে ১৬টা সিট আছে জেনারেল ওয়ার্ডে এবং আইসোলেশন ৪টা সিট আছে—তার মানে সর্ব-সমেত ২০টা, এখানে লোকসংখ্যা ১ লক্ষ ৭৪ হাজার। আমি যখন এ বিষয়ে অ্যাসেম্বলীতে একটা কোয়েশ্চেন দিয়েছিলাম তখন আমাদের স্বাস্থ্যদপ্তর থেকে উত্তর দেওয়া হয়েছে যে ২৮টা সিট আছে। নির্লজ্জতার একটা মাত্রা থাকা দরকার, কিন্তু আমাদের শাসক সম্প্রদায় ক্রমাগত এ থেকে বহু দূরে চলে যাচ্ছেন। আমি চ্যালেঞ্জ করে বলছি স্বাস্থ্যমন্ত্রী যদি দেখাতে পারেন তুফানগঞ্জে ২৮টা সিট আছে, তাহলে আমি আমি এম এল এ-র থেকে ৭ দিনের মধ্যে পদত্যাগ করবো। আর যদি না থাকে তাহলে আমি তাকে পদত্যাগ করতে বলছি না, কিন্তু তিনি ২৮টা সিটের ব্যবস্থা করুন কারণ লোকসংখ্যা সেখানে ১ লক্ষ ৭৪ হাজার। তারপর আমরা জানি পি ডবলিউ ডি ডিপার্টমেন্ট থেকে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা ব্যয় হয়, কিন্তু সেই বরাদ্দের মধ্যে ব্যয়ের মধ্যে কোন চিন্তাভাবনা নেই। কোন্ কাজ আগে করা উচিত সেদিকে সামগ্রিক লক্ষ্য রেখে টাকা ব্যয় করা হয় নি এবং যেখানে বড় বড় কাজ হয় সেখানে বিরাট ব্যবস্থা আছে, আমি এর আগেই টালা পুল সম্বন্ধে বলেছিলাম এই টালা পুলে কনস্ট্রাকশন-এর জন্য ৪২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল এবং এই কাজ নির্দিষ্ট সময়ের পূর্বেই কয়েক মাস আগে কনস্ট্রাকশন শেষ হয়ে গেছে এই অজুহাতে কন্ট্রাক্টরদের এক লক্ষ টাকা পুরস্কার দেওয়া হয়, কিন্তু আমরা কি জানি? আমরা দেখেছি এক মাস কেন, ৬ মাস আগে কাজ শেষ হতে পারতো সে পুলের ওয়ার্কের জন্য ফাউন্ডেসান ওয়ার্কের দরকার পড়ে নি। পূর্তমন্ত্রীর যদি সাহস থাকে তিনি আমার সঙ্গে চলুন ও এখান থেকে কমিটি হোক। তারা সেখানে কি দেখতে পারেন, তারা পরিষ্কার দেখতে পারেন পুরাতন যে টালা ব্রীজ, ও তার যে ফাউন্ডেসান সে ফাউন্ডেসানের

উপরে নূতন ফাউন্ডেসান করা হয়েছে, নিচেকার পুরান ফাউন্ডেসানে হাত দেওয়া হয় নি। পুরাতন ফাউন্ডেসান সেটা হল ইট ও সুরকির গাঁথুনী এবং নূতন ফাউন্ডেসান সেটাও সিমেন্ট ও ইঁটের গাঁথুনী। পরিস্কার ভাবেই এটা আছে এবং যে কোন একটা লেম্যানও গেলে বুঝবে যে কোথা থেকে সুরকির গাঁথুনী এবং কোন স্তর থেকে সিমেণ্টের গাঁথুনী আরম্ভ হয়েছে। এ সম্বন্ধে পরিস্কার যখন বলা হয়, আমরা জানি তার কোন প্রতিকার হয় না। শুধু যে প্রতিকার হয় না তা নয়, উপরন্তু সে সব কোম্পানীদের গভর্নমেন্ট নূতন করে পুরস্কার ঘোষণা করেন এবং তারপর অতিরিক্ত বরাদ্দ নিয়ে আমাদের কাছে হাজির হন যে এটা খরচ হয়ে গেছে এবং এর বাড়তি টাকা খরচ হবে তোমরা একে সমর্থন কর। মাননীয় স্পীকার স্যার, এই বরাদ্দটা এর পেছনে কোন সমর্থন থাকতে পারে না। আমরা এটা সমর্থন করতে পারি না। তৃতীয়ত আমরা দেখেছি কোচবিহার জেলার রাস্তার ব্যাপার। এখানে রাস্তার ব্যাপারে দুই কোটি ২৯ লক্ষ টাকা যে চাওয়া হয়েছে, যে বন্যা নিয়ন্ত্রণে গভর্নমেণ্ট হাত দেয় নি, যার ফলে ন্যাশনাল হাইওয়ে যেটা ছিল ৩১ তার মধ্যে বহু রাস্তা আছে আজকে করে যাচ্ছেন আর কালকে বন্যায় সে রাস্তা তুলে নিয়ে যাচ্ছে। সেখানে টাকা রাস্তার ব্যাপারে বরাদ্দ করার সাথে সাথে যদি বন্যা নিয়ন্ত্রণের কাজে সরকার হাত দিতেন তাহলে এই সামান্য কিছু মাইল রাস্তার জন্য লক্ষ লক্ষ টাকা সরকারের অপচয় হত না, কিন্তু যতদিন পর্যন্ত বন্যা নিয়ন্ত্রণের কাজ না হবে এবং তাতে হাত দেওয়া না হবে ততক্ষণ পর্যন্ত শুধু রাস্তা করে গেলে টিকবে না বা টিকতে পারে না। রাস্তার নীচে জল ঢুকে যায়, উপর দিয়ে যখন গাড়ি যায় তখন পীচ পাথর সব উঠে যায়—ফুলে উঠে চলে যায়। সেখানে টাকার কোন দাম থাকে না। নোট যেমন জলে ভিজে যায় সেরূপ পাথর বস্তার মুখে চলে যায় তার কোন প্রতিকার হয় না। সুতরাং সরকারের বিভিন্ন ডিপার্টমেন্ট তার সাথে কোন সামঞ্জস্য থাকে না, যে যার যেমন খুসী টাকা ব্যয় করে যায় এবং এ বরাদ্দের কোন মায়াদয়া, হিসাব নেই, যার যেরূপ খেয়াল খুশী সেরূপ কাজ করে যাচ্ছেন।

[4-50—5 p.m.]

সুতরাং সরকারের বিভিন্ন ডিপার্টমেন্ট পরস্পরের সঙ্গে কোন সামঞ্জস্য থাকে না, যে যা খুশী সেইভাবে ব্যয় করে যায়—ব্যয়বরাদ্দের কোন হিসাব নেই—খেয়ালখুশী মত কাজ করে যাচ্ছে। এর আগে আমি বলেছিলাম এন এইচ—৩১ নূতন টাকা বরাদ্দ চাওয়া হয়েছে ডাইভার্সন করবার জন্য। আমরা জানি ৬০,০০০ টাকা লাগতো না—সে বিভাগ যে কাজে হাত দিয়েছিলেন বাঁধ করার জন্য সেই বাঁধকে তারা করলেন না—না করে সেখানে গ্রামের সম্পূর্ণ বাজারটা নদীতে ছেড়ে দিলেন। ফলে বাজার চলে গেল, জমি চলে গেল—ন্যাশনাল হাইওয়ে চলে গেল। খগেনবাবু বললেন যে আমার সেখানে দেখার দরকার নেই—যেন নদী যদি এগিয়ে যায় রাস্তা যদি ভেংগে যায় তাহলে খগেনবাবু নিজের টাকায় রাস্তা সারিয়ে নেবেন। দেশের টাকা নয়, মানুষের টাকা নয়, নিজের টাকা হলে যেভাবে ব্যয় করে সেইভাবে করলেন। কিন্তু সেচ বিভাগের সাথে পূর্ত বিভাগের যদি সামঞ্জস্য থাকতো তাহলে হাজার হাজার বিঘা জমি বা বাজার সবই রক্ষা হোত এবং সেখানে নূতন রাস্তা না করার জন্য আবাদী জমি ধ্বংস হোত না। কাজেই এইভাবে কোনরকম সামঞ্জস্য থাকে না। সরকারের বিভিন্ন বিভাগ যে টাকা ব্যয় করে তারা খেয়ালখুশী মত ব্যয় করে যান—তাই এই অতিরিক্ত ব্যয়বরাদ্দের বিভিন্ন বিভাগ সম্বন্ধে আপত্তি রয়ে গেছে। তারপর রিলিফ সম্বন্ধে বাড়তি টাকা চাওয়া হয়েছে—মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে, রিলিফের টাকার মধ্যে টেস্ট রিলিফে ব্যয় করা হয়। এটা একটা বিচিত্র ব্যাপার—এ নিয়ে বহু আলোচনা হয়েছে। টেস্ট রিলিফের যে কাজ তাতে রাস্তার খাল-নালা পড়ুক—সেখানে পুলের ব্যবস্থা হয় না। এইভাবে সমস্ত টাকাটা চলে যায়। আমার পরিস্কার বক্তব্য যে এই টেস্ট রিলিফের টাকা দিয়ে যদি পুল না করা হয়—এই টেস্ট রিলিফের টাকায় পুলের বরাদ্দ না থাকলে পর সমস্ত টাকা জলে যায়। টেস্ট রিলিফে মাটি ফেলা হয় সাথে সাথে সেখানে রাস্তা এবং পুলেরও দরকার আছে। এখানে যদি পুলের জন্য টাকা বরাদ্দ করা হয়, তাহলে বিশেষ করে যারা বহু গ্রাম্য মজুর আছে তারা কাজ পায়—গ্রামে গ্রামে যে হাজার হাজার মিস্ত্রী বসে রয়েছে —সেখানে তাদের যদি কাজ দেওয়া হয় তাহলে ঐ খয়রাতি সাহায্য আর দিতে হয় না। এইভাবে বহু টেস্ট রিলিফের কাজের মধ্যে দিয়ে তারা পুলের কাজও পাবে এবং তারা বাঁচবে।

এবং টেস্ট রিলিফের টাকাও সদ্ব্যবহার হবে এবং এতো টাকা ব্যয় করার পর যে রাস্তা তৈরী হবে তাতে মানুষ গাড়ি চড়তে পারে এবং রাস্তাগুলির উদ্দেশ্য সফল হয়। তা যদি না হয়, তাহলে টেস্ট রিলিফ করার কোন অর্থ হয় না। বরং বন্ধ করা দরকার। তাই আমার সুস্পষ্ট বক্তব্য মন্ত্রী দপ্তরের কাছে যে আমরা একটা আশ্বাস চাই যে এর পরে টেস্ট রিলিফে রাস্তার জন্য টাকা দেওয়া দরকার। খগেনবাবু কবে টাকা দেবেন তদন্ত করে—ঐ রাস্তা পি ডবলিউ ডি থেকে নেবে কিনা—তা বিচার করতে ১০ বছর লেগে যাবে—রাস্তা হবে না, পুল হবে না—এই ভরসা না রেখে টেস্ট রিলিফে যদি রাস্তা করা হয় তাহলে এটা সদ্ব্যবহার হবে—কিন্তু যেহেতু অতিরিক্ত ব্যয়বরাদ্দে তার কোনরকম ব্যবস্থা নেই সেইজন্য আমি একে সমর্থন করি না। আমি এর তীব্র প্রতিবাদ জানাই।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় সভাপতি মহাশয়, আমার বক্তব্য খুব ছোট, আমি গত বাজেট প্রসঙ্গে মেডিক্যাল খাতে একটা প্রস্তাব দিয়েছিলাম, সেই প্রস্তাব আমাদের মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী হয়ত বুঝতে পারেন নি। সেজন্য আমি তাঁর অনুমতি নিয়েছিলাম কিন্তু আই এ্যাম সরি, তিনি আজ উপস্থিত নেই। আমি যেটা দিয়েছিলাম সেটা আবার আপনার সামনে রাখছি। আমি যে প্রস্তাবটা দিয়েছিলাম এবং যেটা বলতে চেয়েছিলাম সেটা হচ্ছে টিউবারকিউলোসীস চিকিৎসাটা আয়ত্বের মধ্যে এসেছে। মানুষ যদি একটু ভাল খাবার পায়, ওষুধ ভাল পায় তাহলে এই মহামারীটা এখন আমাদের যে অবস্থায় আছে তার মধ্যে খানিকটা বেশ ভালভাবে আমরা ওকে সংযত করতে পারবো। এ কথাটার জন্য একটা প্রস্তাব দিয়েছিলাম যেটা দ্বিমুখী—প্রথমে একটা সরকারের কাছে দাবী রেখেছিলাম, সেটা হচ্ছে সত্যিকারের নিষ্ঠার সঙ্গে ডোমিসিলারী ট্রিটমেন্ট বলে যেটা প্রচার করা হয়েছে এবং যেটা বাস্তবে বিভিন্ন হাসপাতালে করা হচ্ছে সেটাকে খুব জোর দিয়ে এবং কঠিনভাবে নজর রেখে করার কথা বলেছিলাম। মানুষকে যদি তার বাড়িতে রেখে করা হয়, সরকারের তরফ থেকে তাদের যদি সাধ্য না থাকে সরকার ঘরবাড়ি করে নূতন হাসপাতাল করে তাদের আশ্রয় দিয়ে টি বি-র চিকিৎসা করায় তাহলে আমি অন্তত এটা আবেদন করবো যে টি বি বলে যারা হাসপাতালে এবং অন্য জায়গায় প্রমাণিত হয়েছে সরকার তাদের কাছে নিয়মিতভাবে এবং প্রচুর পরিমাণে যেন অ্যান্টিবায়োটিক ড্রাগগুলি এবং মুখের ওষুধগুলি পৌঁছে দেন এবং সে সম্বন্ধে যেন কোন কৃপণতা না হয়। এক একটা মানুষকে কয়েকটা দেবার পর একটু সামলে গেলে আর দরকার নেই বলে যে ফিরিয়ে দেওয়া হয়, এগুলি অত্যন্ত অন্যায় এবং চিকিৎসাক্ষেত্রে এগুলি ক্রিমিন্যাল নেগলেক্ট। সেজন্য যেমন বাড়িতে ও বাইরে রেখে চিকিৎসার কথাটা মন দিয়ে নিতে বলেছিলাম ঠিক তেমনি আর একটা কথা বলেছিলাম, যেটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বুঝতে পারেন নি। আমি একটা কমিটির কথা বলেছিলাম—আমি এক্সপার্ট কমিটির কথা বলি নি, এক একটা হাসপাতালে ঐ যে টি বি এক্সপার্ট কমিটি আছে তার কথা বলি নি, টিউবারকিউলোসীস বাড়িতে হোক যেখানে হোক, এর জন্য হাসপাতাল চারিধারে করবার দরকার নেই, মানুষকে বেশী বেশী দামের খাবার দিতে যদি না পারেন তাহলে বীজানুনাশক চিকিৎসা করে অনেক কম খরচে মানুষকে সারিয়ে দেওয়া যায়। বিভিন্ন দেশে টিউবারকিউলোসীস সম্পর্কে নূতন চিন্তাধারা এসেছে। আমাদের দেশে যক্ষ্মা বললে যেমন মানুষের মৃত্যুপণ লিখে দেওয়া হল যেন মনে হল খাট নিয়ে নিমতলায় গেলে ভাল হয়, সেই জায়গায় তা নয়। জানি জানি বহু মানুষ আছে উত্তর কোলকাতায় যাদের স্ট্রেপটোমাইসিন লিখে দিয়েছি, তাদের বাড়ির লোক স্বামী স্ত্রীকে, স্ত্রী স্বামীকে তা দিয়ে দেয় কম্পাউন্ডার, ডাক্তারকে বাদ দিয়ে—এইভাবে তারা এই শিক্ষাটাকে নিরুপায় করেছে। আজ সেটুক যদি করা যায়, টিউবারকিউলোসীস সম্বন্ধে আমাদের যে বাঁচাবার কোন সম্ভাবনা নেই এইরূপ একটা মনস্তত্ত্ব যে মানুষের মধ্যে আছে সেটার একটা প্রতিবিধান করা দরকার বলে আমি বলেছিলাম একটা কমিটি নিয়োগ করা দরকার। সেই কমিটি শুধু টিউবারকিউলোসীস এক্সপার্টদের নিয়ে নয়—টিউবারকিউলোসীস এক্সপার্টরা থাকবেন, যাঁরা সেখানে জনস্বাস্থ্যের কাজ করেন তাঁরা থাকবে, সোস্যাল সার্ভিস ওয়ার্কার যাঁরা আছেন তাঁরা থাকবেন, এবং ধরুন সরকারী কর্মচারী দিয়ে করালে সকল লোকে অবিশ্বাস করবে যে হাসপাতালগুলি খালি করবার জন্য এসব লোকদের দিয়ে বলিয়ে

নেয়া হচ্ছে. সেজন্যই এমন একটা বন্দোবস্ত করা দরকার, সেই কমিটির কথাই আমি বলেছিলাম সেখানে ডাক্তার থাকবেন, জনসেবক থাকবেন এবং বিভিন্ন লোক থাকবেন যাঁদের ঐতিহ্য সম্বন্ধে, ইন্টিগ্রিটি সম্বন্ধে কোন মানুষের কোন প্রশ্ন থাকবে না। সেখানে আউটলুক অন টিউবারকিউলোসীস, এ সম্বন্ধে একটা ব্যাখ্যা দেবেন—সত্যিকারের সেই বিবৃতি বাংলাদেশের ঘরে ঘরে পেঁছে দেয়া দরকার। আমরা আর একটা নীতি নিতে পারি যে হাসপাতালের অর্থনৈতিক কারণ. রোগীর কারণ শুধু নয়, একজন মেয়েছেলে হাসপাতালে ভর্তি হবার পর সে যদি নন-ইনফেকটেড হয়ে যায়, বাড়িতে রেখে চিকিৎসা করার উপযুক্ত হয়ে যায়, তাহলে সে হাসপাতাল ছেড়ে আসতে চায় না, সে নিজেকে অত্যন্ত অসহায় বলে মনে করে—আমরা যদি এই বন্দোবস্ত করতে পারি যে তুমি বাড়িতে থেকে তোমার নিজের চিকিৎসা করো যেটাকে আমরা রিহ্যাবিলিটেশন বলে বলি—আমাদের গভর্নরের যেমন হল. সেরকম এত খরচ না করে সেই মানুষ নিজের ট্রিটমেন্ট করে যাবে নিজের সমস্যার সমাধান করবে সেই রিহ্যাবিলিটেশনের কথা ভেবে সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এই কমিটি মারফত জনসাধারণের সামনে রাখলে আমাদের হাসপাতালে লিমিটেশন করে দেয়া যেতে পারে যে, হ্যাঁ, এই এই ক্যাটিগরী হলে এক বছর, দেড় বছর বা দুই বছর পরে বলতে পারি যে তোমাদের হাসপাতালে থাকার দরকার নেই, তোমরা যাতে বাড়িতে ট্রিটমেন্ট করতে পার সে সম্বন্ধে আমরা ব্যবস্থা করছি এবং সুনিশ্চিতভাবে তোমাদের সাপ্লিমেন্টারী ডায়েট, মাল্টি ভিটামিন, ইঞ্জেকসান, ইত্যাদি সব বাড়িতে বসে পাবে, আমরা সরকার থেকে সেই বন্দোবস্ত করে দিচ্ছি।

[5—5-10 p.m.]

আমি এর পূর্বে বর্তমান সমস্যা ও পরিস্থিতি নিয়ে আলোচনা করেছি এবং এ নিয়ে আমাদের যে সংগঠন আছে তার কথাও আমি বলেছি। আমার মনে হয় এই পলিসি নিয়ে যদি আমরা চলি তাহলে এই প্রবলেমকে সফল করবার জন্য আমাদের যে চেষ্টা সে দিকে আমরা এগিয়ে যেতে পারি এবং সেই কারণে আমি যে বক্তব্য রেখেছিলাম তা ছিল দ্বিমুখী। আমাদের সরকারের কর্তব্য হওয়া উচিত যে মানুষ যাতে ডোমিসিয়ালিটি পায় বা থিওরি যেটা সেটা যাতে ভাল বুঝতে পারে সেটা দেখা দরকার। এটা দেখা দরকার যাতে সে বুঝতে পারে এই কথা। এ ছাড়া তার সাপ্লিমেন্টারী ডায়েটের যাতে ব্যবস্থা হয় এবং এই টি বি সম্বন্ধে যাতে বাংলা দেশের মানুষ নূতন পথের নির্দেশ দিতে পারে সেটা আমাদের দেখা দরকার। এই বক্তব্যগুলি রেখেই আমি আমার বক্তব্য শেষ করছি। আমি আশা করি স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমার বক্তব্যগুলি শুনে আমার বক্তব্যগুলির ব্যবস্থা করবেন।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Mr. Speaker, Sir, I would like to speak on the demand for Medical and Public Health, but I do not find any trace of Health in the Treasury Branches. I hope the Hon'ble Finance Minister will please convey this health message to the proper quarters. Sir, I shall try to restrict myself to criticism of the Supplementary Demand, basing my observations on the recommendations of the Estimates Committee for 1964-65.

Sir, you know that there is a Missionary Hospital at Kalimpong. It is a difficult area for communication purposes and it has a large population. Sir, do the Government want that the people of Kalimpong should think that any health service that they can expect will not come from the State Government but it will come only from the foreign missionaries? Sir, there is a Missionary Hospital there. I do not want to criticize that hospital. It is run very well. But there should be a State Hospital, and that was the opinion of the Estimates Committee also which went there to investigate into the matter and it came to this conclusion. Sir, you can very well imagine that in the present emergency the situation there is very delicate and in the border areas—particularly in the hill areas of North Bengal—we do not want any influence working under the cover of charity or any such missionary work because it might be detrimental to the interests of the State. Of course, I do not want to cast any

aspersion on the present missionary people there. But you cannot deny that there is such a possibility. The entire country is in a state of emergency and entrance to and exit from Kalimpong has been restricted to a certain extent for this important reason. I think for that reason there should be a State Hospital started there as soon as possible. Moreover, one hospital is not enough for a big subdivision like Kalimpong which has got difficulties of communication and conveyance. So, I want that a State Hospital should be started there and that was also the recommendation of the Estimates Committee. But, Sir, I do not find any mention of this either in the speech of the Health Minister or in the Supplementary Demand.

Sir, there is another thing—and that is also the recommendation of the Estimates Committee—that the diet allowance for the patients in Hospitals and Health Centres in West Bengal should be increased. This allowance differs from place to place. The Hon'ble Health Minister said that in certain State Hospitals in Calcutta the rate is Rs. 2.50 paise, but mostly it is Rs. 2. In mofussil hospitals the rate is Re.1.50 paise. During the last 10 or 15 year, this amount has been increased. Formerly, the rate was Re. 1.25 paise and in some places Re. 1 or something like that. Now, it has been increased mostly to Rs. 2, but in the district hospitals it is Re. 1.50 paise. But, considering the rise in prices of essential articles, particularly food-stuff, milk and other things, I think—and the Estimates Committee also recommended—that these rates need revision in order to make them more realistic. Sir, I want to draw the attention of the Government this matter so that they may make immediate revision of these rates.

Sir, there is another matter to which also I would like to draw the attention of the Hon'ble Health Minister and in connection with which also the Estimates Committee made a recommendation—that is the cost of drugs per day per patient in the hospitals of the State. It is only 12 paise. It is a fantastic rate. The cost of drugs is rising continuously in the market. Moreover, the policy regarding the administration of drugs—the supply of drugs—in hospitals has also been changed. Previously, most of the drugs supplied in the Outdoor Department of the hospitals used to be prepared according to certain set formulas, according to certain special prescriptions and generally stock mixtures were supplied. Now, there are so many proprietory drugs, so many special drugs, so many anti-biotics, so many drugs of the sulpha group and they are being prescribed in different hospitals according to the needs of the individual cases. Now, if the scheduled rate is only 12 paise per day per head, it is simply fantastic—it cannot meet even small fraction of the cost of drugs. Naturally, the result is that in many hospitals where, say, anti-biotics should be supplied, they are not being supplied and the patients have to buy them. So, I want that the State Government—the Health Ministry—should revise this rate immediately. It is very essential—12 paise per head per day for cost of medicines is a fantastic proposition today.

Sir, with these few words, I conclude my criticism of the supplementary demands in these two heads.

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অতিরিক্ত ব্যয়বরাদ্দ ১৯৬৪-৬৫ সালের জন্য যে আলোচনা এখন হয়ে গেল, আমি মনে করি যে যখন আমি ১৯৬৫-৬৬ সালের বাজেট এবং ১৯৬৪-৬৫ সালের সংশোধিত বাজেট এই হাউসের সামনে পেশ করি তারপর দীর্ঘদিন ধরে সাধারণ আলোচনা এবং ১৮ দিন ধরে প্রত্যেক বিভাগীয় ব্যয়কের দফাওয়ারী আলোচনার মাধ্যমে আর যেসমস্ত নূতন কথা বলা হয়েছে, সেসমস্ত সম্বন্ধে আমার উত্তর দেবার কোনও প্রয়োজন হবে না, যেহেতু মাননীয়

মন্ত্রীমণ্ডলীদের সে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যাবে এবং তার বহু উত্তর এই দীর্ঘ আলোচনার মাধ্যমে দেওয়া হয়েছে, কিন্তু একটা মূল প্রশ্ন এতে অনেকেই রেখেছেন—খগেনবাবু বললেন যে কেন আমরা আগে থেকে ফোর্স করতে পারি নি, আমাদের দূরদৃষ্টির অভাব, আমি তাঁকে বলছি. এটা দূরদৃষ্টির অভাব নয়, ফারসাইটেডনেস-এর পরিচয়, প্রত্যেক সভ্যদেশে এতো আছেই. আপনারা শুধু বুঝুন, যদি আপনারা ফ্যামিলি বাজেট করেন, খেতে কত, শিক্ষায় ছেলেদের কত. গরুবাছুর বাবদ কত, বাড়ি ভাড়া বাবদ কত প্রভৃতি, এমন কেউ বলতে পারেন যে পাই পয়সা মিলে যায়? যেতে পারে না, সেই জন্য কনস্টিটিউশন-এ প্রভিশন করা হয়েছে, ৫১-এ ধারায় যে সংসদের অনুমতি নিতে হবে, কোন বিভাগে একটি যদি পয়সাও খরচ হয়, আপনাদের কাছে আসতে হবে, সেইজন্যই আমরা, আমি, এটা এমন নয় যেখানে সাপ্লিমেন্টারী বাজেট-এ আমরা ৩৮ কোটি টাকা চাচ্ছি, তার মানে যে ১৮ কোটি টাকা বেশী খরচ করে ফেলেছি। আপনারা সংশোধিত বাজেট, যেটা বলাইবাবু অনেকবার বলেছেন, আমরা নাকি আগে থেকে দৃষ্টি দিইনি, আপনাদের কাছে বার বার আগে অনুমতি নিয়ে খরচ করেন নি। অসম্ভব, হয় না—সেইজন্য সংবিধানে বলা হয়েছে যে, বছরের শেষে, প্রথমে যেটা বাজেট দেওয়া হয়, সেটা হচ্ছে বাজেট স্টেটমেন্ট অনুমানিক আয়-ব্যয়ের হিসাব। সেই অনুমানটা খুব ইনটেলিজেন্ট গেস হয়েছে কিনা সেটা বছরের শেষে আবার পরীক্ষা করা হয় কোন খাতে কত,

[5-10—5-20 p.m.]

যে কোন বিভাগে কত। আমরা যখন সংশোধিত বাজেট পেশ করি তখন তাতে কি দেখলাম—অরিজিন্যাল বাজেট ১৯৬৪-৬৫ সালের সঙ্গে আমাদের আয় ২০৯ কোটি থেকে ২২৮ কোটি টাকা, অর্থাৎ প্রায় ১৯ কোটি টাকা বেশী হয়েছে। সেটা কোন দূরবুদ্ধিতার পরিচয় নয়, সেটা প্রশংসনীয়। তেমনি খরচের দিক দেখুন। খরচের আপনাদের কি অনুমতি নিয়েছি, ১৯৬৪-৬৫ সালে মার্চ মাসে যখন বাজেট প্রণয়ন করি তখন আপনারা কি অনুমোদন দিয়েছিলেন—২১৮ কোটি টাকা খরচ করবেন। আজ ১৯৬৫ সালের মার্চ মাসে আপনাদের কাছে ২৩১ কোটি টাকা চেয়ে নিয়েছি, আপনারা দিয়ে দিয়েছেন আলোচনার মাধ্যমে। কিন্তু তবুও আমরা প্রায় ১১ কোটি টাকা বেশী খরচ করেছি। এটার অনুমোদন দিয়ে দিয়েছেন। আমরা প্রত্যেক বিভাগে ৩৮ কোটি টাকা যেটা চাইছি তার মানে এই নয় যে সেই ৩৮ কোটি টাকা বেশী খরচ হয়ে গেল। এর মধ্যে জমার দিকের কথা ধরিনি। ইট ইজ এ স্টেটমেন্ট অফ এক্সপেন্ডিচার—বাজেটে যেমন আয় এবং ব্যয় এটা হবে এক্সপেন্ডিচার গুটি ৫/৭ বিভাগে। আপনাদের কাছে অনুমোদন নিয়েছি, অন্তত ৪০/৫০টি বিভাগের জন্য দিয়ে দিয়েছেন। অন্য বিভাগে টাকা কম খরচ হয়েছে, সারপ্লাস আছে অর্থাৎ বছরের মধ্যে যেখানে ২৫০ কোটি তিনশো কোটি টাকা নিয়ে কারবার সেখানে ৩০ কোটি টাকা ৫/৭টা বিভাগে এদিক-ওদিক বেশী খরচের প্রয়োজন হবে এটা স্বাভাবিক। কিন্তু প্রয়োজন হলেই আমরা খরচ করতে পারি না। একটা পয়সা বেশী খরচ করলে তার জন্য আপনাদের কাছে বিধানসভায় আসতে হবে। তা না হলে কনস্টিটিউসান আছে, পাবলিক অ্যাকাউন্টস কমিটি আছে, তারা মন্ত্রীমণ্ডলীকে চার্জ করবে কেন বিধানসভার অনুমতি না নিয়ে খরচ করেছ। সুতরাং এই ৩৮ কোটি টাকার জন্য এসেছি। ধরুন ১৮ কোটি ৪১ লক্ষ টাকার ফুড গ্রেন্স আছে। গ্রেটার ক্যালকাটার ৭০ লক্ষ লোককে খাওয়াবার জন্য ফেব্রুয়ারি মাসের গোড়া থেকে স্ট্যাটুটরী রেশনিং চালু হয়েছে। আমাদের চাল কিনতে হচ্ছে, গম কিনতে হচ্ছে, সঙ্গে সঙ্গে টাকা খরচ হচ্ছে, এগুলির ব্যবস্থা করতে হচ্ছে। কিন্তু সঙ্গে সঙ্গে চাল বিক্রি হচ্ছে, তার জমাও রয়েছে, সেগুলির হিসাব এখন তো আসে নি। সেটা যখন বাজেট করেছি তার মধ্যে ধরে নিয়েছি। কিন্তু ১৮ কোটি টাকা কম ধরা হয়েছিল, সেই ১৮ কোটি টাকা আজ বেশী খরচ হচ্ছে, সেগুলির অনুমোদনের জন্য আপনাদের কাছে আসতে হবে। এটা কোন বেহিসাবী বা দূরদৃষ্টির অভাব নয়, রাষ্ট্রের প্রয়োজনে বেশী খরচ একেবারে অপরিহার্য। প্রত্যেক সভ্য গণতান্ত্রিক দেশে আয়-ব্যয়ের হিসাবে চুল চিরে খরচ করা যায় না—কেউ ব্যক্তিগত সংসারে পারেন না, সরকার তো পারেনই না। সুতরাং বেশী খরচের জন্য বিধানসভার কাছে আসতে হবে। এখন এই দৃষ্টিভঙ্গীতে সাপ্লিমেন্টারী এস্টিমেটগুলি দেখলে দেখবেন কনস্টিটিউসানের ধারা মতে আমাদের বিধানসভার কাছে আসতে হয়, আমরা বেহিসাবী খরচ করেছি বলে নয়। যখন আপনাদের কাছে আসি তখন দৃষ্টিভঙ্গীর অভাবের জন্য নয়, রাষ্ট্রের প্রয়োজনে, দেশের প্রয়োজনে আসতে হয়। এমন একটা

সিচুয়েশান আসে—যখন খাদ্যসংকট হয়েছিল তখন পশ্চিমবঙ্গ সরকার সাহসের সঙ্গে এমন একটা খাদ্যনীতি নিয়েছিলেন যা ভারতবর্ষের কেউ নিতে পারেন নি। আমরা কম্পালসারী স্ট্যাটুটরী রেশনিং, শহরাঞ্চলে ৭০ লক্ষ লোককে বিধিবদ্ধ রেশনিং দেওয়ার ভার নিয়েছি। এত বড় দৃঢ় বলিষ্ঠ পদক্ষেপের কথা ১৯৬৪ সালের মার্চ মাসে আমাদের চিন্তা করবার প্রয়োজন ছিল না, এ বছরে প্রয়োজন হয়েছে বলে খরচ বেশী হবে, সেজন্য আপনাদের কাছে অনুমোদন চাইছি। কিন্তু তার দিকে জমা পড়ছে, ১৮ কোটি টাকা চাল বিক্রির জমা পড়েছে, সেটা বাজেটে অনুমোদন করেছেন, বাজেটে সেটা দেখিয়ে দিয়েছি। খরচ যা বাজেটে ছিল তার চেয়ে এক পয়সা বেশী হলেই বিধানসভার কাছে আসতে হবে, তাই আমরা আপনাদের কাছে এসেছি। দুটো বিষয়ে আলোচনা মৌলিকভাবে হয়েছে, একটা হচ্ছে পুলিশ বাজেট সম্পর্কে এবং আর একটা ১৮ কোটি টাকা খাদ্য সম্বন্ধে যা আমি বললাম। নিশ্চয়ই ১৮ কোটি টাকা হবে যেখানে পশ্চিমবঙ্গ সরকার সারা ভারতবর্ষের মধ্যে সাহসের সঙ্গে কলকাতার মত শহরে ৭০ লক্ষ লোককে খাদ্য সাপ্লাই দেওয়ার ব্যবস্থা নিয়েছেন এবং আমরা সাফল্যের সঙ্গে এই রেশনিং চালু করেছি। এটা আমাদের কৃতিত্ব, এতে আমরা সারা ভারতবর্ষের প্রশংসা অর্জন করেছি, এটা বাংলার গৌরব। তারপর আর একটা বিষয়ে আপনারা বলেছেন অনেকে যে শিক্ষার জন্য ৪ কোটি ২০ লক্ষ টাকা ধরা হয়েছে, আরো খরচ করলে ভাল হত। যা আপনারা দিয়েছিলেন তার চেয়ে ঐ শিক্ষকদের মাগ্‌গিভাতা দেওয়ার জন্য ৪ কোটি ২০ লক্ষ টাকা খরচ বেশী করেছি, এটার জন্য আপনাদের কাছে অনুমোদনের জন্য আসতে হবে। তাই আজকে এসেছে সাপ্লিমেন্টারী এস্টিমেট অফ এক্সপেন্ডিচার।

আর একটা বিভাগের কথা নিয়ে সমালোচনা করা হয়েছে, সে হচ্ছে পুলিশ খাত সম্পর্কে। আপনারা সকলে পুলিশ বাজেটের সময় বহু সমালোচনা করেছেন। সকলে আপনারা স্বীকার করেছেন যে পশ্চিমবঙ্গের বর্ডার সমস্যা আজ অত্যন্ত সংকটপূর্ণ। বর্তমান পরিস্থিতিতে আজ আর সে বিষয়ে কোন সন্দেহ নাই। বর্ডার পুলিশ বেড়ে চলেছে—কেউ এ বিষয়ে সমালোচনা করেন নি, অন্যায় করেছেন। তাঁরা সকলেই বলেছেন বর্ডার পুলিশের ব্যবস্থা আরো দৃঢ়তর করা উচিত। সেই ব্যবস্থা চীনের হামলার পরিপ্রেক্ষিতে, দেশের এমারজেন্সীর পরিপ্রেক্ষিতে আমরা আজ নিতে বাধ্য হয়েছি।

Shri Sunil Das Gupta:

তবুও তো বর্ডার সুরক্ষিত হয় নাই।

Shri Saila Kumar Mukherjee:

এখন আপনি যদি বলেন হয় নাই, তাহলে বলুন আরো নিশ্চয়ই খরচ এজন্য বেশী করে করা উচিত।

Don't blow hot and cold in the same breath. Either spend more, we agree, or say, "don't spend".

Shri Sunil Das Gupta:

আমি বলছি আরো দৃঢ়তরভাবে ঠিকমত করুন।

Shri Saila Kumar Mukherjee:

হ্যাঁ, তাই করছি। তবে পুলিশ বাজেটের তীব্র সমালোচনা বিরোধীদলের সদস্যরা করেছেন—পুলিশের জন্য বেশী খরচ করছি বলে, বর্ডার পুলিশের জন্য বেশী খরচ হচ্ছে বলে। কাজেই এইসব কথা বলে ডোন্ট ইন্টারাপ্ট মি।

Shri Sunil Das Gupta:

তা করেন না। আমরা বলছি বর্ডার পুলিশের জন্য আরো খরচ করুন, ভাল করে ব্যবস্থা করুন।

Shri Saila Kumar Mukherjee:

তাহলে কি ফরওয়ার্ড ব্লকের মত বলে এটা ধরে নেব যে, ঐ টাকা খরচ করা অন্যায় হয়েছে? Let it be recorded that they protest against this expenditure for border police.

Shri Kamal Kanti Guha:

না, না, বাজে কথা বলবেন না।

Shri Sunil Das Gupta:

ওয়ারলেস ইত্যাদি বর্ডার পুলিশের কিছু নাই। বর্ডার পুলিশকে শক্তিশালী করা উচিত।

Shri Saila Kumar Mukherjee:

আমি সীমান্ত থেকে ফিরে এসে বলছি—আমি মনে করি আরো বেশী এই পুলিশের জন্য খরচ হওয়া উচিত। কিন্তু আপনাদের কথায় প্রমান হয়ে গেল আপনারা বর্ডার পুলিশের খরচের জন্য বাধা দিচ্ছেন।

(Noise and interruptions.)

Dr. Kanai Lal Bhattacharya:

স্পীকার মহাশয়, আমরা কি বলেছি না বলেছি দ্যাট হ্যাজ বিন রেকর্ডেড এবং ফাইন্যান্স মিনিস্টার কি বলেছেন তাও ওঁর মুখ থেকে শোনবার প্রয়োজন নাই। তা ওখানে রেকর্ডেড হয়ে গেছে। আর জবাব দেবার দরকার নাই।

Shri Saila Kumar Mukherjee:

আপনারা যে ইন্টারাপ্ট করেছেন, তার জবাব দেওয়ার প্রয়োজন। আমি আশা করি—খাদ্য ব্যাপারে ৩১ কোটি টাকা; সীমান্ত পুলিশের জন্য অতিরিক্ত দুই কোটি টাকা—যা চাওয়া হয়েছে, সে সম্বন্ধে সকলের একমত হওয়া উচিত। এইজন্য এই ৩৮ কোটি টাকা বরাদ্দের মঞ্জুরী চাই।

[শ্রীকমলকান্তি গুহ: আকবরের আমলের বন্দুক দিয়ে সীমান্ত রক্ষা করছেন।]

GRANT No. 1

The motion of Shri Saila Kumar Mukherjee that a sum of Rs. 22,000 be granted for expenditure under Grant No. 1, Major Head: "4—Taxes on Income other than Corporation Tax" during the current year was then put and agreed to.

GRANT No. 3

The motion of Shri Iswar Das Jalan that a sum of Rs. 4,84,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: "10—State Excise Duties" during the current year was then put and agreed to.

GRANT No. 5

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that a sum of Rs. 1,23,000 be granted for expenditure under Grant No. 5, Major Head: "12—Sales Tax" during the current year, was then put and agreed to.

[5-20—5-30 p.m.]

GRANT No. 6

The motion of Shri Saila Kumar Mukherjee that a sum of Rs. 1,05,000 be granted for expenditure under Grant No. 6, Major Head: "13—Other Taxes and Duties" during the current year, was then put and agreed to.

GRANT No. 7

The motion of Shri Gour Chandra Kundu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that a sum of Rs. 1,73,000 be granted for expenditure under Grant No. 7, Major Head: "14—Stamps" during the current year, was then put and agreed to.

GRANT No. 8

The motion of Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Iswar Das Jalan that a sum of Rs. 3,87,000 be granted for expenditure under Grant No. 8, Major Head: "15—Registration Fees" during the current year, was then put and agreed to.

GRANT No. 11

The motion of Shrimati Abha Maiti that a sum of Rs. 1,91,000 be granted for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament, State and Union Territory Legislatures" during the current year, was then put and agreed to.

GRANT No. 12

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:

AYES—35

Abdul Mansur Habibullah, Shri Syed
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balailal
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhusan
Mondal, Shri Bijoy Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel

Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Thakur, Shri Shreemohan

NOES—101

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.

Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Noronha, Shri Clifford
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badriprasad
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Arabinda
Roy, Shri Ganesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Prafulla Chandra
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

The Ayes being 35 and the Noes 101, the motion was lost

The motion of Shri Prafulla Chandra Sen that a sum of Rs. 32,75,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" during the current year, was then put and ageed to.

GRANT No. 13

Major Head: 21—Administration of Justice

The motion of Shri Iswar Das Jalan that a sum of Rs. 11,45,000 be granted for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice" during the current year, was then put and agreed to.

GRANT No. 14

Major Head: 22—Jails

The motion of Shri Gour Chandra Kundu that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—36

Abul Mansur Habibullah, Shri Syed
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balailal
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Thakur, Shri Shreemohan

NOES—101

Abdul Bari Moktar, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri haralal
Hansda, Shri Debnath
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar

Maiti, Shrimati Abha
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Noronha, Shri Clifford
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badriprasad
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Prafulla Chandra
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Singh, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

The Ayes being 36 and Noes 101, the motion was lost.

The motion of Shri Jagannath Kolay that a sum of Rs. 20,34,000 be granted for expenditure under Grant No. 14, Major Head: "22—Jails" during the current year, was then put and agreed to.

GRANT No. 15

Major Head: 23—Police

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Prafulla Chandra Sen that a sum of Rs. 2,21,48,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year, was then put and agreed to.

GRANT No. 17

Major Head: 26—Miascellaneous Departments—Excluding Fire Service

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Prafulla Chandra Sen that a sum of Rs. 92,57,000 be granted for expenditure under Grant No. 17, Major Head: "26—Miscellaneous Departments—Excluding Fire Services" during the current year, was then put and agreed to.

[5-30—5-40 p.m.]

GRANT No. 18

Major Head: 27—Scientific Departments

The motion of Shri Rabindralal Sinha that a sum of Rs. 1,000 be granted for expenditure under Grant No. 18, Major Head: "27—Scientific Departments" during the current year, was then put and agreed to.

GRANT No. 19

Major Head: 28—Education

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be Rs. 100, was then put and lost.

The motion of Shri Rabindralal Sinha that a sum of Rs. 4,20,46,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", during the current year, was then put and agreed to.

GRANT No. 20

Major Head:...29—Medical

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jagannath Kolay that a sum of Rs. 55,74,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year, was then put and agreed to.

GRANT No. 25

Major Head: 95—Capital Outlay on Consumer Co-operatives

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Rs. 6,15,000 be granted for expenditure under Grant No. 25, Major Head: "95—Capital Outlay on Consumer Co-operatives" during the current year, was then put and agreed to.

Grant No. 26

Major Head: 96—Capital Outlay on Industrial Development

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Re. 1 be granted for expenditure under Grant No. 26, Major Head: "96—Capital Outlay on Industrial Development", during the current year, was then put and agreed to.

GRANT No. 28

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Rs. 3,12,000 be granted for expenditure under Grant No. 28, Major Head: "35—Industries—Cinchona" during the current year was then put and agreed to.

GRANT No. 32

The motion of Shri Bijoy Singh Nahar that a sum of Rs. 18,90,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "39—Miscellaenous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" during the current year was then put and agreed to.

GRANT No. 33

The motion of Shri Jagannath Kolay that a sum of Rs. 1,96,23,000 be granted for expenditure under Grant No. 33, Major Head: "42—Multipurpose River Schemes" during the current year was then put and agreed to.

GRANT No. 34

Mr. Speaker: I put all the cut motions under Grant No. 34 to vote.

The motion of Shri A. H. Besterwitch that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jagannath Kolay that a sum of Rs. 2,29,84,000 be granted for a expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year was then put and agreed to.

GRANT No. 34A

Mr. Speaker: I put all the cut motions under Grant No. 34A to vote.

The motion of Shri Abhoy Pada Saha that the dmand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Prafulla Chandra Sen that a sum of Rs. 1,46,12,000 be granted for expenditure under Grant No. 34A, Major Heads: "51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme" during the current year, was then put and agreed to.

GRANT No. 35

The motion of Shri Saila Kumar Mukherjee that a sum of Rs. 5,11,000 be granted for expenditure under Grant No. 35, Major Head: "53—Ports and Pilotage" during the current year was then put and agreed to.

GRANT No. 37

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that a sum of Rs. 2,47,29,000 be granted for expenditure under Grant No. 37, Major Head: "64—Famine Relief" during the current year was then pu and agreed to.

GRANT No. 40

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs.100 was put and lost.

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Rs. 2,48,000 be granted for expenditure under Grant No. 40, Major Head: "68—Stationery and Printing" during the current year was then put and agreed to.

[5-40—5-45 p.m.]

GRANT No. 42

The moton of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jagannath Kolay that the sum of Rs. 39,40,000 be granted for expenditure under Grant No. 42, Major Head: "71—Miscellaneous—Contributions" during the current year, was than put and agreed to.

GRANT No. 44

The motion of Shrimati Abha Maiti that a sum of Rs. 1,20,68,000 be granted for expenditure under Grant No. 44, Major Head: "71—Miscellaneous—Expenditure on Displaced Persons and 109—Capital Outlay on Other Works—Expenditure on Displaced Persons, Loans and Advances by State and Union Territory Governments—Loans and Advances to Displaced Persons" during the current year, was then put and agreed to.

GRANT No. 46

The motion of Shri Saila Kumar Mukherjee that a sum of Rs. 26,000 be granted for expenditure under Grant No. 46, Major Head: "78—Pre-partition Payments" during the current year, was then put and agreed to.

GRANT No. 50

Mr. Speaker: I put to vote all the cut motions excepting cut motion No. 8 on which division has been claimed.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Abhoypada Saha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—37

Abul Mansur Habibullah, Shri Syed
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das, Mahapatra, Shri Balailal
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Thakur, Shri Shreemohan

NOES—102

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri

Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanchf, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika

Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Noronha, Shri Clifford
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Prafulla Chandra
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

The Ayes being 37 and the Noes 102, the motion was lost.

The motion of Shri Prafulla Chandra Sen that a sum of Rs. 18,41,05,000 be granted for expenditure under Grant No.50, Major Head: "124—Capital Outlay on Schemes of Government Trading" during the current year, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-45 p.m. till 1 p.m. on Thursday, the 25th March, 1965, at the Assembly House Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 25th March, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, eight Ministers, two Ministers of State and one hundred and sixty-nine Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Radiologist in Howrah T. B. Hospital

*358. (Admitted question No. *1876.) **Dr. Kanailal Bhattacharyya:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state what action, if any, has since been taken by the Government following the suggestion given to the Governing Body of Howrah T. B. Hospital by the Administrative Medical Officer of the E.S.I. Corporation in his letter No. 3840, dated the 21st August, 1963, and subsequently reminder No. AMO/28-61-63/3404, dated the 27th May, 1964, in connection with the appointment of a new Radiologist in Howrah T. B. Hospital?

Shri Bijoy Singh Nahar:

হাওড়া যক্ষ্মা হাসপাতালে অবস্থিত কর্মচারী রাজ্য বীমা পরিকল্পনার অধীন রেডিওলজি কেন্দ্রগুলির জন্য অপর একজন রেডিওলজিস্ট নিয়োগ করার ব্যাপারে হাসপাতাল কর্তৃপক্ষকে যে অনুরোধ করা হইয়াছে তাহার এখনও কোন উত্তর পাওয়া যায় নাই। পুনরায় তাগিদ দেওয়া হইতেছে।

শ্রীকমলকান্তি গুহ: আপনারা অনুরোধটা কি করেছেন?

শ্রীবিজয় সিংহ নাহার: আর একটা রেডিওলজিস্ট রাখতে হবে।

শ্রীসুনীল দাশগুপ্ত: কতদিন ধরে ওখানে রেডিওলজিস্ট নেই?

শ্রীবিজয় সিংহ নাহার: রেডিওলজিস্ট আছে, তবে তাঁকে বদলে আর একজনকে রাখার জন্য অনুরোধ করা হয়েছে।

[illegible] দাস: লাস্ট তাগিদপত্র কবে দিয়েছিলেন?

শ্রীবিজয় সিংহ নাহার: তাগিদ দেওয়া হইতেছে, এখনও দেওয়া হয় নি।

Lay-off in spinning mills for failure of electricity

*359. (Admitted question No. *1946.)

শ্রীমনোরঞ্জন রায়: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্রমবিভাগ ১৯৬৩ সালে কলিকাতার পার্শ্ববর্তী অঞ্চলগুলিতে সাময়িকভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হইয়া গেলে সেই সময়ের জন্য বিনা নোটিসে কেবলমাত্র লে অফ-এর পয়সা দিতে সুতাকলগুলিতে নির্দেশ দিয়াছিল;

(খ) সত্য হইয়া থাকিলে, কতগুলি কারখানা উক্ত নোটিস কার্যকরী করিয়াছিল এবং আজ পর্যন্ত উক্ত নোটিস অনুযায়ী মোট কত ঘণ্টার জন্য শ্রমিকদের বিনা নোটিসে লে অফ করা হইয়াছে?

শ্রীবিজয় সিংহ নাহার:

(ক) সাময়িকভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হইয়া গেলে ঐ সময়কে 'লে অফ'-রূপে গণ্য করিবার জন্য অনুমোদন প্রার্থনা করিয়া বেঙ্গল মিলওনার্স এসোসিয়েশন শ্রমদপ্তরে আবেদন জানায়। সরকার ঐ আবেদন অনুমোদন করেন।

(খ) এই বিষয়ে কোন তথ্য সংগৃহীত নাই।

শ্রীমনোরঞ্জন রায়: এর ফলে ওয়ার্কার্সদের কত টাকা লস হয়েছে? হঠাৎ বন্ধ হয়ে গেল তখন লে অফ ডিক্লেয়ার করে দিলেন এটা যে আইনবিরোধী সেটা মন্ত্রিমহাশয় জানেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: আইনবিরোধী নয়। ইলেকট্রিক সাপ্লাই যদি না থাকে তাহলে কাজ করা যায় না। এখন বৈদ্যুতিক পাওয়ার এসে গেছে, কোন লে অফ হচ্ছে না।

শ্রীমনোরঞ্জন রায়: ১৯৬২-৬৩ সালে ওয়ারকারদের হিউজ পয়সা মারা গেল। হঠাৎ বন্ধ হয়ে গেল আধ ঘণ্টা, ১৫ মিনিট, বললে লে অফ-এর পয়সা পাবে, এমনি পয়সা পাবে না। তাতে যে উৎপাদন ব্যাহত হচ্ছে অর্থাৎ যারা ফুরানে কাজ করে তাদের উৎপাদন ব্যাহত হয়, তার জন্য তারা রোজটা ড্র করতে পারেন না। তার ফলে প্রোডাকশন বোনাস ইত্যাদি সব কাটা যায়। মন্ত্রিমহাশয় এটা জেনেও কি ডিপার্টমেন্ট থেকে অর্ডার দিয়েছিলেন যে, হ্যাঁ আইনে যাই থাকুক শুধু লে অফ-এর পয়সা দিয়ে দিলেই হবে?

শ্রীবিজয় সিংহ নাহার: পাওয়ার বন্ধ হলে—হঠাৎ যদি কিছু হয় তাহলে লে অফ দেওয়ার ক্ষমতা আছে।

শ্রীমনোরঞ্জন রায়: নোটিস না দিয়ে কিন্তু সেটা করা যায় না—অ্যাকর্ডিং টু দি অ্যাক্ট নোটিস দিতে হবে যে, অমুক সময় থেকে অমুক সময় লে অফ থাকবে এবং তার পয়সা দেওয়া হবে। আপনারা নোটিস দেওয়ার বাধ্যবাধকতা তুলে দিয়েছিলেন। তার ফলে শ্রমিকদের যে ক্ষতি হয়েছে সেই ক্ষতিপূরণ দেওয়ার জন্য আপনারা সুপারিশ করবেন কি? দ্বিতীয় প্রশ্ন হচ্ছে বিদ্যুৎ, এখন শুনছি ঠিকমত পাওয়া যাচ্ছে, তা যদি হয় তাহলে ব্যারাকপুর হাওড়া অঞ্চলে যেসব কারখানা আছে রবিবার যেসমস্ত কারখানায় ছুটি ছিল সেখানে দেওয়ার ব্যবস্থা করবেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: আপনি দুটো প্রশ্ন জড়িয়ে ফেলেছেন। আমি এটুকু বলতে পারি যে, অনুমোদন আমরা দিয়েছি, কিন্তু সেই অনুমোদন আমরা আইনসাপেক্ষে দিয়েছি। দ্বিতীয় প্রশ্নের জবাব নোটিস দিলে বলতে পারব।

Jiagunj Health Centre

***360.** (Admitted question No. *1968.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জিয়াগঞ্জ হেল্থ সেন্টারে বর্তমানে কয়টি ডাক্তার ও নার্স আছেন;

(খ) রোগীর সংখ্যা (আউটডোর ও ইনডোর) কত; এবং

(গ) ঐ হেলথ সেন্টার-এ ইলেকট্রিফিকেশন না হইবার কারণ কি?

Shri Jagannath Kolay:

(ক) একজন ডাক্তার ও চারজন নার্স আছেন।

(খ) দৈনিক গড়ে বহির্বিভাগে ২৪৮ জন ও অন্তর্বিভাগে ২০ জন।

(গ) এই স্বাস্থ্যকেন্দ্রটির বৈদ্যুতীকরণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

Shri Deb Saran Ghosh:

ওখানে বর্তমানে যে ডাক্তার আছেন, তিনি কি এম বি?

Shri Jagannath Kolay:

তিনি এম বি কি না নোটিস না দিলে বলতে পারছি না।

Shri Sanat Kumar Raha:

এই যে জিয়াগঞ্জ আউটডোরে ২৪৮টি বেড এবং ইনডোরে ২০টি বেড আছে, এ কি একজন ডাক্তারের পক্ষে সামলানো সম্ভব?

Shri Jagannath Kolay:

না, একজন ডাক্তারের পক্ষে তা সম্ভব নয়। প্রাইমারি হেলথ সেন্টারে তিনজন করে ডাক্তার নিযুক্ত হয়। আপনারা সকলে জানেন আমাদের যেসব স্বাস্থ্যকেন্দ্র তৈরি করা হয়েছে, তার জন্য ৩৯০ জন ডাক্তার এখনই দরকার। পাবলিক সার্ভিস কমিশনের মারফত অ্যাডভারটাইজমেন্ট করা হয়েছে, যখনই তাঁরা ডাক্তার নির্বাচন করে পাঠাবেন, তখনই সেখানে ডাক্তার নিযুক্ত করব।

Shri Deb Saran Ghosh:

কিছুদিন আগে পর্যন্ত দুজন ডাক্তার ছিল, একজনকে বদলি করবার পর সেখানে এখন পর্যন্ত আর কোন এম বি ডাক্তার দেওয়া হয় নাই—তা কি আপনি জানেন?

Shri Jagannath Kolay:

আমি সঠিক বলতে পারছি না।

Shri Balai Lal Das Mahapatra:

সেখানে যখন ইনডোর আছে, তখন এটা প্রাইমারি হেল্‌থ সেন্টার। সুতরাং আপনি কতদিনের মধ্যে আর একজন ডাক্তার সেখানে পাঠাবেন?

Shri Jagannath Kolay:

এই যে কতদিনের মধ্যে ডাক্তার পাঠানো হবে—সেটা ডিপার্টমেন্ট জানেন। এখানে স্বাস্থ্যমন্ত্রী ইতিপূর্বে বলেছেন আমাদের অনেক ডাক্তার প্রয়োজন। প্রত্যেকবার পাবলিক সার্ভিস কমিশন অনেক ডাক্তার নিয়োগের সুপারিশ করে থাকেন। তাঁদের আপয়েন্টমেন্টও দেওয়া হয়, তাঁদের প্লেস করা হয়—অমুক হেল্‌থ সেন্টারে নিয়োগ করা হয়েছে, কিন্তু অনেকে জয়েন করেন না। তার জন্য প্রত্যেকবারই শর্ট হয়ে যায়। জয়েন না করলে আমরা আর কি করতে পারি. ডাক্তার নিযুক্ত করতে পারি না। এবারও ৩৯০ জন ডাক্তারের জন্য অ্যাডভার্টাইজমেন্ট করা হয়েছিল। পাবলিক সার্ভিস কমিশনে তাদের ইন্টারভিউ হয়ে গেছে। এখন কমিশন আমাদের কাছে নাম পাঠালেই আমরা তাদের নিয়োগ করতে পারি।

Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রিমহাশয় মুর্শিদাবাদ জেলা সম্পর্কে আরও কয়টি প্রশ্নেরও ঐ একই উত্তর দিয়েছেন। মুর্শিদাবাদে অনেক ডাক্তার আছেন, তাঁদের পার্ট টাইম হিসেবে নিয়ে কি কাজ চালাতে পারেন না?

Shri Jagannath Kolay:

এটা পার্টটাইমএর ব্যাপার নয়, হোলটাইমএর ব্যাপার।

Shri Birendra Narayan Ray:

যেখানে আপনারা ডাক্তার পাচ্ছেন না, টেম্পোরারি পারপাসএ যখন লোক্যাল ডক্টর অ্যাভেলেবল হচ্ছে, তখন যতদিন না পাকাপাকিভাবে ডাক্তার আসছেন, ততদিন আপনি এই লোক্যাল ডাক্তার দিয়ে কাজ চালাচ্ছেন না কেন?

Shri Jagannath Kolay:

একটা জায়গায় যদি এই পার্টটাইম ব্যবস্থা চালু করি এবং সেই হিসেবে ডাক্তার নিযুক্ত করি তাহলে আর কোন হেলথ সেন্টারে ডাক্তার পাব না, প্রত্যেক জায়গায় ঐ রকম হবে।

Shri Abdul Bari Moktar:

সদর সাবডিভিশনে হাসপাতালের গুরুত্ব অনেক। জিয়াগঞ্জ হেলথ সেন্টারে মাত্র ২০টি ইনডোর বেড আছে, এই বেডের সংখ্যা বাড়াবার কোন পরিকল্পনা আপনাদের আছে কী?

Shri Jagannath Kolay:

বেডের সংখ্যা বাড়াবার এখন পরিকল্পনা নাই, যেখানে আজ ডাক্তার পাচ্ছি না।

Shri Abhoy Pada Saha:

একথা সত্য যে, ঐ প্রাইমারি হেলথ সেন্টারে অসম্ভব রকম কাজের চাপ থাকার দরুন অনেক সময় ওখানকার ডাক্তার অসুস্থ হয়ে পড়েন এবং তার জন্য ঐ হেলথ সেন্টার বন্ধ হয়ে থাকে?

Shri Jagannath Kolay:

এটা আমার জানা নাই।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসএ যে পরিমাণ ডাক্তার দরকার, তার চেয়ে কম ডাক্তার থাকার জন্য এইসব হাসপাতালে ডাক্তার কম আছে, না, ডাক্তার থেকেও গ্রামাঞ্চলে যেতে চাচ্ছে না বলে ডাক্তার কম আছে?

[1-10—1-20 p.m.]

শ্রীজগন্নাথ কোলেঃ মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সেটা ঠিক। ডাক্তাররা পাবলিক সার্ভিস কমিশন-এর দ্বারা অ্যাপয়েন্টেড হবার পর যখনই তাঁদের গ্রামে প্লেস করা হয় তখন দেখা যায়, বেশির ভাগ ডাক্তার সেখানে যেতে চান না। এটা আমাদের একটা প্রব্লেম।

শ্রীসনৎকুমার রাহাঃ গ্রাম এলাকার ডাক্তারখানাগুলিতে ডাক্তার অভাবে যে সমস্যা সৃষ্টি হয়েছে তাতে উনি যা বললেন তাতে দেখছি সমস্যার সমাধান হবে না। আমার প্রশ্ন হচ্ছে এই যখন অবস্থা তখন এর সমাধান কি করে হবে?

শ্রীজগন্নাথ কোলেঃ ডাক্তাররা যদি তাঁদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন করেন তাহলে এর সমাধান হবে।

শ্রীসনৎকুমার রাহাঃ তাঁদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন না হওয়া পর্যন্ত রোগীর চিকিৎসার ব্যবস্থা কিভাবে হবে জানাবেন কি?

শ্রীজগন্নাথ কোলেঃ যতক্ষণ পর্যন্ত ডাক্তার না পাওয়া যাবে ততক্ষণ পর্যন্ত চিকিৎসার অসুবিধা হবে।

শ্রীকানাই পালঃ আমাদের প্রাইমারি হেল্‌থ সেন্টারে আউটডোর এবং ইনডোর চিকিৎসার ব্যবস্থা আছে জানি। আমার প্রশ্ন হচ্ছে এ ছাড়া গ্রামে গ্রামে ঘুরে ঘুরে চিকিৎসা এবং স্বাস্থ্য সম্পর্কে জ্ঞান দান করবার ব্যবস্থা চালু আছে কিনা?

শ্রীজগন্নাথ কোলেঃ স্বাস্থ্য সম্পর্কে কি জ্ঞান দেবে?

মিঃ স্পীকারঃ আপনি এর জন্য একটা সেপারেট নোটিশ দেবেন। অন্যান্য বিষয় জ্ঞান দান করবার ব্যবস্থা আছে কিনা তার জবাব এই প্রশ্ন থেকে. কি করে দেবেন?

শ্রীকানাই পাল: এই যে প্রাইমারি হেল্‌থ সেন্টার, দিস ইজ নট এ হসপিট্যাল। রোগের চিকিৎসা ছাড়া রোগ যাতে না হয় সেটা হচ্ছে বড় ফ্যাক্টর এবং সেদিক থেকে আমার প্রশ্ন হচ্ছে এই প্রাইমারি হেল্‌থ সেন্টারগুলোতে যেমন ইনডোর পেসেন্ট রাখার ব্যবস্থা আছে, আউটডোর চিকিৎসার ব্যবস্থা আছে, ঠিক তেমনি গ্রামে গ্রামে ঘুরে চিকিৎসা সম্বন্ধে জ্ঞান দেবার ব্যবস্থা আছে কিনা?

মিঃ স্পীকার: আপনার প্রশ্ন কি ডোমিসিলিয়ারি ট্রিটমেন্ট সম্বন্ধে, না প্রিভেন্টিভ ট্রিট-মেন্ট সম্বন্ধে?

শ্রীকানাই পাল: আমি প্রিভেন্টিভ সম্বন্ধে জানতে চাই।

শ্রীজগন্নাথ কোলে: আপনি বললেই পারতেন প্রিভেনটিভ সম্বন্ধে জানতে চাই। যা হোক, প্রিভেনটিভ সম্বন্ধে নিশ্চয়ই আমাদের ব্যবস্থা আছে, কিন্তু জ্ঞান দেবার কথা যেটা বলছেন সেই জ্ঞান কাকে দেবে?

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় জানাবেন কি, ডাক্তারের অভাবে যখন মফঃস্বলের হাসপাতাল এবং হেল্‌থ সেন্টারগুলোতে অচল অবস্থা সৃষ্টি হয়েছে তখন......

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: এই প্রশ্ন জিয়াগঞ্জ হেল্‌থ সেন্টার সম্বন্ধে, কাজেই সমগ্র পশ্চিম বাংলা সম্বন্ধে কি করে বলবেন?

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় ডাক্তারের অভাবের কথা বললেন বলেই আমি প্রশ্ন করছিলাম। যা হোক, এখন আমার প্রশ্ন হচ্ছে, ডাক্তারদের উপযুক্ত বেতন দিয়ে বাধ্যতা-মূলকভাবে মফঃস্বলে পাঠাবার কথা বিবেচনা করছেন কিনা?

শ্রীজগন্নাথ কোলে: এটা জিয়াগঞ্জের প্রশ্ন, সমগ্র বাংলাদেশের নয়।

শ্রীদেবশরণ ঘোষ: উনি বললেন ডাক্তারের সংখ্যা যথেষ্ট কম থাকার জন্য এই হাসপাতালে বা অন্যান্য হাসপাতালে ডাক্তার দেওয়া সম্ভবপর হচ্ছে না। আমার প্রশ্ন হচ্ছে যে, হাসপাতালে একজন এম-বি এবং একজন এল-এম-এফ আছেন, সেখানে ডাক্তার কম থাকা সত্ত্বেও এম-বিকে সেখান থেকে সরানো হল কেন?

শ্রীজগন্নাথ কোলে: নোটিস চাই।

ডঃ আবু আসাদ মোহাম্মদ ওবেইদুল গনি: এই যে জিয়াগঞ্জ-প্রশ্ন সম্বন্ধে বললেন ডাক্তারদের দৃষ্টিভঙ্গির অভাব, এর পরিবর্তন দরকার সেজন্য ডিফিকাল্টি হচ্ছে, এটা সবই গুরুত্বপূর্ণ ব্যাপার মেনশন করেছেন, শুধু যে ডাক্তার নাই তা নয়, নার্সও পাওয়া যায় না, আপনাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করার জন্য আপনারা কি করছেন, আপনাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন প্রয়োজন আছে কিনা তার কি করছেন, যেভাবে চলছে তাতে দেখছেন হেল্‌থ সেন্টারে লোকজন যাচ্ছে না।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: এই প্রশ্ন থেকে এইভাবে এইরকম অতিরিক্ত প্রশ্ন হয় না, মাননীয় সদস্য যদি পৃথক প্রশ্ন দেন তাহলে নিশ্চয়ই উত্তর দেব।

শ্রীসনৎকুমার রাহা: ইলেকট্রিফিকেশন দিচ্ছেন, হবে, কিন্তু কেন এতদিন হয় নি?

শ্রীজগন্নাথ কোলে: এটা বিবেচনাধীন আছে।

শ্রীসনৎকুমার রাহা: এতদিন কেন হয় নি?

শ্রীজগন্নাথ কোলে: এটা হবে আমি বলেছি, পরিকল্পনা আছে।

শ্রীকমলকান্তি গুহ: এটা কি এতদিন ঠিক ছিল যে, প্রাইমারি হেল্‌থ সেন্টারগুলি ইলেকট্রিফিকেশন করা হবে না এবং যারা সমস্ত কস্ট-এর ওয়ান-ফোর্থ খরচ দিতে পারবে, সেই সব হেল্‌থ সেন্টারগুলি ইলিকট্রিফিকেশন করা হবে, এই নীতি আপনাদের ছিল, সেই নীতি পরিবর্তন করে সরকার সমস্ত খরচ দেবে এটা কবে থেকে কার্যকরী করবেন?

শ্রীজগন্নাথ কোলে: আমরা এখন সেই নীতি পরিবর্তন করেছি এবং সেই নীতি অনুযায়ী কাজ চলছে, সেজন্য খুব তাড়াতাড়ি এখানে কাজ আরম্ভ হবে।

Instruction of India Government regarding retrenchment of staffs in Private Oil Companies

***361.** (Admitted question No. *2006.) **Shri Girija Bhusan Mukherjee.** (a) Will the Minister-in-charge of the Labour Department be pleased to state whether it is fact that Government of West Bengal has received an instruction from the Government of India in December, 1964, in connection with the retrenchment of staffs in Private Oil Companies, namely, Burmah Shell Oil Storage Company, ESSO and Caltex as a consequance of introduction of Electronic Computor?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) what is that instruction; and

(ii) what steps have since been taken by the State Government in this respect?

শ্রীবিজয় সিংহ নাহার: (এ) এরূপ কোন নির্দেশ রাজ্যসরকার পান নাই।

(বি) প্রশ্ন উঠে না।

শ্রীগিরিজাভূষণ মুখার্জি: কেন্দ্রীয় সরকার রেশনেলাইজেশন সংক্রান্ত যে ডিসপিউট বার্মা শেল বা অন্যান্য কোম্পানীর ক্ষেত্রে সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকার কোন কুইয়ারী করে পাঠিয়েছেন কিংবা এখান থেকে কোন রিপোর্ট চেয়ে পাঠিয়েছেন কিনা জানাবেন?

শ্রীবিজয় সিংহ নাহার: নোটিশ দিলে বলতে পারি।

শ্রীগিরিজাভূষণ মুখার্জি: মন্ত্রিমহাশয় এটা কি বলতে পারেন কেন্দ্রীয় সরকার বাংলা সরকারের কাছ থেকে বার্মা শেল-এর রেশনেলাইজেশন সংক্রান্ত বিষয়ে যে ডিসপিউট পেন্ডিং সে সম্বন্ধে কোন রিপোর্ট বাংলাদেশের সরকারের কাছে চেয়ে পাঠিয়েছেন?

শ্রীবিজয় সিংহ নাহার: এইরকম কোন নির্দেশ দেন নি এবং কোন কিছু চান নি।

শ্রীগিরিজাভূষণ মুখার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি লেবার দপ্তর থেকে বার্মা-শেলের কাছে তাদের ডিসপিউট অন রেশনেলাইজেশন সম্বন্ধে কোন রিপোর্ট চেয়ে পাঠিয়েছিলেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: এর পূর্বে একটা প্রশ্নের খবরের জন্য লেখা হয়েছিল, সেখানে কোন ছাঁটাই হয়েছে কিনা?

শ্রীগিরিজাভূষণ মুখার্জি: ছাঁটাইয়ের প্রশ্ন নয়, রেশনেলাইজেশন সম্পর্কে ডিসপিউট সংক্রান্ত বিষয়ে আপনার দপ্তর বার্মাশেলের কাছ থেকে রিপোর্ট চেয়ে পাঠিয়েছিল কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: সেখানে রেশনাইলেজেশনের জন্য কোন ছাঁটাই হয় নি, সুতরাং প্রশ্ন উঠতে পারে না।

শ্রীগিরিজাভূষণ মুখার্জি: সেটা প্রশ্ন নয়, কোন রিপোর্ট আপনার দপ্তর থেকে চেয়ে পাঠান হয়েছে কি হয় নি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ে যখন যেমন দরকার হয় তখন চেয়ে পাঠাই।

শ্রীগিরিজাভূষণ মুখার্জিঃ ডিসপিউট অন রেশনেলাইজেশন বিষয়ে বার্মাশেলের নিকট কোন রিপোর্ট আপনার দপ্তর থেকে চেয়ে পাঠিয়েছেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহারঃ র‍্যাশনালাইজেশনের কোন রিপোর্ট এখন পর্যন্ত অসে নি, রিপোর্ট কি চাইব?

শ্রীগিরিজাভূষণ মুখার্জিঃ ট্রেড ইউনিয়ন থেকে কিছু দেয় নি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ এখনও রেশনেলাইজেশন কিছু হয় নি, কি রিপোর্ট চাইব?

[1-20—1-30 p.m.]

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ইলেকট্রোনিক কম্পিউটর ইন্ট্রোডিউস হলে ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্ট এ ধরনের কোন পলিসি আছে যে এটা ইন্ট্রোডিউস হলে তারা তা বন্ধ করবেন?

শ্রীবিজয় সিংহ নাহারঃ যদি চায়, যদি হয়, তাহলে দেখা যাবে।

শ্রীগিরিজাভূষণ মুখার্জিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন র‍্যাশনালাইজেশন ইস্যুর উপর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রিডাকসন ইন স্টাফ এই ব্যাপারে বাংলা সরকারের কাছ থেকে পেট্রোলিয়াম শিল্পের ব্যাপারে কিছু ডিসপিউট হয়েছে কিনা এর রিপোর্ট চেয়ে পাঠিয়েছিলেন কিনা এবং পাঠালে সে রিপোর্ট পাঠানো হয়েছে কিনা?

শ্রীবিজয় সিংহ নাহারঃ রিপোর্ট-এর কথা আমার জানা নেই।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ আপনি বললেন র‍্যাশনালাইজেশন হয় নি, কিন্তু র‍্যাশনালাইজেশন-এর কারণ ও রিডাকশন ইন স্টাফ এই রকম হেডিং-এর উপর লেবার ডিপার্টমেন্টকে বার্মাশেল-এর কাছে কোন রিপোর্ট চেয়ে পাঠান হয়েছে?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আমি আগেই বলেছি র‍্যাশনালাইজেশন হয় নি এবং রিডাকশন ইন স্টাফ এই বলে কোন কিছু চাওয়া হয় নি।

শ্রীহরিপদ চক্রবর্তীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, লেবার ডিপার্টমেন্ট ডেপুটি লেবার কমিশনার ২২-২-৬৫ তারিখে বার্মা শেল কোম্পানীর চিঠি চেয়ে পাঠিয়েছেন কিনা যে কেন্দ্রীয় সরকার আমাদের উপর চাপ দিচ্ছে এবং সেইজন্য এই সম্পর্কে রিপোর্ট চাই এই ধরনের কোন চিঠি গেছে কিনা এবং রিডাকশন ইন স্টাফ অ্যান্ড র‍্যাশনালাইজেশন-এর রিপোর্ট কোন পেয়েছেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহারঃ নোটিশ চাই, তবে তারিখ বলতে পারব।

Supply of filtered water at Santipur

***362.** (Admitted question No. *2040.)

শ্রীকানাই পালঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শান্তিপুরে পানীয় জলের কল স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, কোন্ তারিখে উক্ত সিদ্ধান্ত গৃহীত হইয়াছে;

(গ) এই জলের কল স্থাপনের জন্য কোন অর্থ মঞ্জুর করা হইয়াছে কিনা;

(ঘ) অর্থ মঞ্জুর করা হইলে তাহা কত ও কোন্ তারিখে মঞ্জুর করা হইয়াছে; এবং

(ঙ) এই সিদ্ধান্তকে কার্যকরী করিতে এখনও কত সময় লাগিবে?

Shri Jagannath Kolay:

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৩ সালের মে মাসে।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

(ঙ) শান্তিপুর জল সরবরাহ পরিকল্পনাটির কার্য সর্বতোভাবে শেষ করিতে প্রায় তিন বৎসর লাগিবে।

শ্রীকানাই পাল: আপনি বললেন যে ঐ অঞ্চলে এখনও হয় নি, এই সম্পর্কে আমার প্রশ্ন হচ্ছে যে একথাটি সত্য নয়।

শ্রীজগন্নাথ কোলে: আপনি যে প্রশ্ন করেছেন, তার আমি উত্তর দিয়েছি আপনি জিজ্ঞাসা করেছেন জলের কল স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে কিনা, আমি তার উত্তরে বলেছি হ্যাঁ, আপনি তারপর জিজ্ঞাসা করেছেন যে কোন তারিখে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, আমি তার উত্তরে বলেছি ১৯৬৩ সালের মে মাসে এবং আপনি যে জিজ্ঞাসা করেছেন কোন অর্থ মঞ্জুরী হয়েছে কিনা, আমি তার উত্তরে বলেছি এখনও হয় নি এবং আপনি যে জিজ্ঞাসা করেছেন যে কার্যকরী করতে কতদিন লাগবে তার উত্তরে আমি জানিয়েছি প্রায় ৩ বৎসর লাগবে, সুতরাং আপনার প্রতিটি প্রশ্নের জবাব এখানে দেওয়া হয়েছে।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় কি একথা জানেন যে শান্তিপুরের ঐ অঞ্চলে বহু জলের পাইপ লাইন পড়ে আছে?

শ্রীজগন্নাথ কোলে: আমি আপনাকে সমস্ত জিনিসটা পড়ে দিচ্ছি, অ্যাডমিনিস্ট্রেটিভ সেকশন-এ কিছু কিছু মাল সরবরাহ করা হয়েছে শান্তিপুরে। আমি এটা আপনাকে পড়ে দিলেই আপনি বুঝতে পারবেন।

Santipur Water Supply Scheme estimated to cost Rs. 13.17 lakhs is one of the Water Supply Schemes decided to be taken up under the Urban Water Supply Programme of the Third Plan from out of the loan assistance of Rs. 1.50 crores to be available from the Government of India. The scheme is proposed to be financed in accordance with the existing policy of Government, viz., two-third of the cost (Rs. 8,78,000) as grant and the balance one-third as loan from Government.

The annual maintenance cost of the scheme is Rs. 48,875. The scheme has been recommended by the local officers as well as by the Local Self-Government Department. Originally the estimated cost of the scheme was Rs. 11.07 lakhs. The scheme was, however, revised to meet the needs of the growing population of the municipality as also to provide amenities on a greater scale than those provided in the original scheme. This naturally took some time. Furthermore, the municipal finances were not then sound enough to undertake the scheme so revised. Government had, therefore, to explore whether a modest scheme compatible with the financial capacity of Santipur Municipality should not be undertaken in place of the big scheme. Meanwhile, the financial condition of the municipality improved and it has been decided to adhere to the earlier decision to take up the big scheme. Under the old Sanitary Project Rules, the time consuming paraphernalia had to be observed before a water supply scheme could be put into execution. The old rules have since been revised in which the aforesaid dilatory procedure has been dispensed with. It will now be possible to sanction a water supply scheme very quickly and then start its execution.

শ্রীকানাই পাল: আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, আমরা যখন সাপ্লিমেন্টারী প্রশ্ন বাংলায় করছি তখন বাংলায় তার উত্তর দেওয়া হয় না কেন, কারণ অ্যাসেম্বলীতে আমাদের বিল পাশ হয়ে গেছে বাংলা ভাষা চালু হবার সুতরাং এখনও ইংরাজীতে উত্তর দেওয়া হচ্ছে কেন?

মিঃ স্পীকার: আপনি সাপ্লিমেন্টারী কোশ্চেন করেছেন এবং উনি তার উত্তর দিয়েছেন। ন্যাচারালি একটু আধটু এদিক ওদিক হতে পারে। আপনি যেটা চেয়েছেন সেটা রেফার করতে গেলে ইংরাজীতে যে নোটটা আছে সেটা পড়তে হয়। আমি আশা করি
The Honourable member should accept the answer.

শ্রীকানাই পাল: আমি জিজ্ঞাসা করছি যে নোট এসেছে সে নোট ইংরাজীতে এল কেন? কর্মচারীরা কি সব বিলাত থেকে এসেছেন যে ইংরাজীতে সেটা দেবেন?

মিঃ স্পীকার: তাহলে ফাইল সমস্ত ট্রানস্লেট করে এখানে আনতে হয়।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আমার পয়েন্ট অফ অর্ডার হল এর আগে বিধানসভায় স্থিরীকৃত হয়েছিল বাংলায় প্রশ্ন করলে সমস্ত উত্তর বাংলায় যাবে এবং ইংরাজীতে করলে ইংরাজীতে হবে, বাংলায় সাপ্লিমেন্টারী করলে ইংরাজীতে উত্তর দেওয়া হবে কেন?

মিঃ স্পীকার: প্রশ্ন হচ্ছে বাংলায় বাংলার জবাব দেওয়া হবে এবং এখানেও তাই হয়েছে এবং আপনারা লক্ষ্য করবেন যে সাপ্লিমেন্টারী করলে সেই অনুসারে সব সময় বাংলায় উত্তর দেওয়া পসিবল হয়ে ওঠে না। আপনারা কনভেনিয়েন্স দেখবেন, অ্যানসার দেখবেন; ফর্মালিটি দেখবেন না; কারণ, যে কোশ্চেন করা হয় তার জবাব সেইমত ভাষাতেই দেওয়া হয় এবং এখানে মন্ত্রিমহাশয় তাই দিয়েছেন। কিন্তু সাপ্লিমেন্টারী করলে সব সময় ইংরাজীতে উত্তর দেওয়া হয়। তখন ফর্মালিটি রাখতে গেলে ইনকনভেনিয়েন্ট হবে। ফর্মালিটি মেইন কনসার্ন নয়। এরূপ ইনকনভেনিয়েন্স হলে ডিলে হবে। সুতরাং আপনারা এদিকেও একটু লক্ষ্য রাখবেন।

শ্রীকানাই পাল: স্যার, আমার কথা হচ্ছে যে কাজের অসুবিধার কথা আপনি বললেন, কিন্তু উনি যে উদ্দেশ্য নিয়ে নোট পড়লেন ধরুন তাতে যা বলা আছে তা যদি বুঝতে না পারা যায় তাহলে আমি তা থেকে কি করে সাপ্লিমেন্টারী করতে পারি?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: মাননীয় সদস্য কানাই পাল মহাশয় খুব ভাল ইংরাজী জানেন।

মিঃ স্পীকার: মিঃ পাল, হাউস হল ন্যাচারালি ফর আস, ফর দি স্টেট অ্যান্ড ফর দি পিপল, আপনি যে কথা বললেন, ও'র নোট আগে এসেছে এবং ফাইল-এ ডিপার্টমেন্ট এই নোট দিয়েছেন। এখন তাহলে ডিপার্টমেন্টকে বলতে হয় যে বাংলায় করতে হবে। এতে টাইম ওয়েস্ট হবে, সুতরাং আপনারা সেদিকে লক্ষ্য রাখবেন; এগুলি করতে সময়ের দরকার।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: স্যার, এই হাউস-এ সরকারী ভাষা হিসাবে বাংলাভাষা গৃহীত হয়েছে এবং তারপর অনারেবল মেম্বাররা যদি ইংরাজীতে উত্তর দেন তাহলে এর দ্বারা কি প্রমাণিত হচ্ছে না যে হাউস-এর উইস এরা মানেন না?

শ্রীজগন্নাথ কোলে: হোওয়াই আর ইউ ইয়ুজিং দি ওয়ার্ড "উইশ"?

[1-30—1-40 p.m.]

মিঃ স্পীকার: তাহলে বলা হোত এই যে বাংলা কম্পালসরি হয়ে গেল।

শ্রীকানাই পাল: প্রশ্ন হচ্ছে মন্ত্রিমহাশয়, একথা জানেন কিনা যে টাকা মঞ্জুর হবার পূর্বে বেশ কয়েক বছর আগে পাইপ এসে পড়েছিল--তাই-ই নয় এবং আজও পড়ে আছে এবং সেই পাইপ থেকে অনেক পাইপ অন্য জায়গায় নবদ্বীপে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে একথা কি সত্য?

শ্রীজগন্নাথ কোলে: আমার মনে হয় মাননীয় সদস্য ভুল করেছেন—ওখানে পাইপগুলি পড়ে থাকলে যে সেগুলি ঐ কার্যের জন্য তা নয়, অন্য জায়গার কাজের জন্য বোধহয় নিয়ে গিয়েছিল।

শ্রীকানাই পাল: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি প্রশ্ন করছি কংক্রীট যে ওখানকার পাইপ অন্য জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে—উনি এ খবর জানেন কিনা? আমরা বোধ হয় বললে আমাদের বলতে দেওয়া হয় না আর উনি উত্তর দিচ্ছেন বোধ হয় অন্য জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে—এটা চলতে পারে কিনা?

শ্রীজগন্নাথ কোলে: স্যার, উনি বললেন কংক্রীট প্রশ্ন করেছেন—এই কংক্রীটের বাংলাটা কি?

শ্রীকানাই পাল: আমি পরিষ্কার জানতে চেয়েছি যে ওখানকার নলগুলি অন্য জায়গায় নবদ্বীপে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে একথা সত্য কিনা?

শ্রীজগন্নাথ কোলে: আপনি কি করে জানলেন যে পাইপগুলি ওখানকার জন্য নিয়ে যাওয়া হয়েছিল। নবদ্বীপে প্রয়োজন হয়েছে বলে নিয়ে গেছে আবার ওখানকার কাজের জন্য দরকার হলে নিয়ে যাবে—এটা কিছুই নয়।

Suspension cases of factory workers

***363.** (Admitted question No. *2047.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Minister-in-charge of the Labour Department be pleased state—

(a) whether there is any time-limit for the disposal of suspension cases of workers in the factories of West Bengal; and

(b) whether such workers are paid any portion of their wages during such period of suspension?

Shri Bijoy Singh Nahar:

(ক) না।

(খ) যেসকল সংস্থায় তদন্ত সাপেক্ষে নিলম্বি কর্মীগণকে খোরাকী দানের জন্য মালিক ও শ্রমিক পক্ষের মধ্যে চুক্তি আছে, সেখানে নিলম্বিত কর্মীগণ নিলম্বনকালীন খোরাকী পান।

শ্রীরবীন্দ্রনাথ মুখার্জী: ব্যাপারটা হচ্ছে এটা ডিসপোজাল অফ সাসপেনসন কেসেস। সাসপেনসন যে সমস্ত কেসেস আছে সেইসমস্ত কেসে আপনি কি জানেন মাসের পর মাস পার হয়ে যায়, সাসপেনসন কেসগুলি ডিসপোজ অফ হয় না এটা কি সত্য?

শ্রীবিজয় সিংহ নাহার: বহু জায়গায় হয় না।

শ্রীরবীন্দ্রনাথ মুখার্জি: আমি বলছি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের মধ্যে এইরকম কোন প্রভিসন আছে কি যে সাসপেনসন কেসেতে একটা পিরিয়ড অফ টাইমের মধ্যে ডিসপোজ অফ করতে হবে।

শ্রীবিজয় সিংহ নাহার: নেই।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: সুতরাং মাননীয় মন্ত্রিমহাশয়, এ সম্পর্কে যাতে শ্রমিকদের স্বার্থ রক্ষিত হয় এবং দীর্ঘকাল যাবত সাসপেন্ডেড অবস্থায় তারা পড়ে না থাকে সেইজন্য আমার এই 'বি' প্রশ্নের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেই সময় পিরিয়ড অফ সাসপেনসন যেটা সেই পিরিয়ডের জন্য তারা পোরসন অফ দেয়ার ওয়েজেস যাতে পায় তার ব্যবস্থা করবেন?

শ্রীবিজয় সিংহ নাহার: এ বিষয়ে পরীক্ষা করা হচ্ছে মডেল স্ট্যান্ডিং অর্ডার যদি কিছু বদলানো যায়।

শ্রীআনন্দগোপাল মুখার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে যেহেতু এই সাসপেনসন পিরিয়ডের কোন লিমিট ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট-এ নেই এবং যেহেতু সাসপেনসন পিরিয়ডে কি মজুরী সেই কর্মীকে দেওয়া হবে তার কোন বিধান নেই, সেই হেতু এর দায়িত্ব মূলত ইউনিয়ন এবং মালিকের মধ্যে সমঝোতার মাধ্যমে স্ট্যান্ডিং অর্ডার গঠনের মাধ্যমে হবে না, সরকার গিয়ে করবেন?

শ্রীবিজয় সিংহ নাহার: এখন যা নিয়ম আছে তাতে স্ট্যান্ডিং অর্ডারের মাধ্যমে সরকার চেষ্টা করছেন যদি কোন কিছু বদলানো যায়—সেটা পরীক্ষা চলছে—ইতিমধ্যে যদি কোন এগ্রিমেন্ট মালিক এবং শ্রমিকদের মধ্যে থাকে তাহলে সেই এগ্রিমেন্টের মধ্যে হবে যদি এগ্রিমেন্ট না থাকে তাহলে হবে না।

শ্রীরবীন্দ্রনাথ মুখার্জি: আমি যেটা বলতে চেয়েছি পশ্চিমবাংলার যেসমস্ত কলকারখানায় শ্রমিকরা কাজ করে সেইসমস্ত কলকারখানায় যদি শ্রমিকরা সাসপেন্ড হয় তার কোন টাইম লিমিট নেই। কাজেই ৬ মাস ১০ মাস এবং অনেক সময় এক বছরও থাকতে পারে। সুতরাং তাদের যাতে মালিকদের হাত থেকে রক্ষা করা যায় তার জন্য সরকার আপাতত কি বিবেচনা করছেন? আর একটা কথা আমি যেটা বলছি—অন্যান্য জায়গায় যেমন ইন্ডিয়ান ইঞ্জিনীয়ারিং অ্যাসোসিয়েশনে সেখানে আগে ছিল চার দিনের মধ্যে সাসপেনসন কেস ডিসপোজ অফ করতে হবে। বর্তমানে চার মাস হতে পারে, আট মাস হতে পারে, এক বছরও হতে পারে, তার কোন ঠিকানা নেই—সেইজন্য একটা টাইম লিমিট বেঁধে দেবেন কিনা—আপাতত সাসপেনসন কেস সম্বন্ধে, দ্বিতীয়ত যাতে মালিকরা সুযোগ না নিতে পারে সেইজন্য তার একটা পোরসন অফ ওয়েজেস ডিউরিং দি পিরিয়ড অফ সাসপেনসন ব্যবস্থা করবেন কিনা? তাহলে তারা বেঁচে যেতে পারে।

শ্রীবিজয় সিংহ নাহার: এটা অনুগ্রহ করে যে লেবার স্ট্যান্ডিং কমিটি আছে তাতে আপনাদেরও প্রতিনিধি আছেন। সেখানে যদি তুলে ব্যবস্থা করতে পারেন ট্রাইপারটাইট, তাহলে সম্ভব হবে। তা না হলে আমরা কেবল মডেল রুলস যেটা আছে স্ট্যান্ডিং অর্ডার তাতে বদলাতে পারা যায় কিনা—আইনগতভাবে এটা আমরা পরীক্ষা করে দেখছি।

শ্রীরবীন্দ্রনাথ মুখার্জি: এটা তো আপনারই ব্যাপার, কথাটা খুবই সহজ। স্ট্যান্ডিং লেবার কমিটি ১ বছর দু বছরের মধ্যে নাও বসতে পারে এবং এটা তাদের বিজনেসও নয়। স্ট্যান্ডিং লেবার কমিটি, আপনি যদি মডেল স্ট্যান্ডিং অর্ডার বা রুলস ফ্রেম করে দেন তাহলে এর থেকে তারা রক্ষা পেতে পারে। এর জন্য দিল্লী পর্যন্ত যাবার দরকার নেই। একেবারে প্লেয়ারিং কেস, এইগুলি আপনার ডিপার্টমেন্ট, আপনি করতে পারেন, এগুলি স্ট্যান্ডিং লেবার কমিটির ব্যাপার নয়, আপনিই রুলস ফ্রেম করে দিন।

শ্রীবিজয় সিংহ নাহার: এটা হচ্ছে রিকোয়েস্ট ফর এ্যাকসন। আমি আপনাকে বললাম আইনগতভাবে যাতে কিছুটা করতে পারি তার পরীক্ষা চলছে আর যদি নীতিগতভাবে সমস্ত করতে হয় তাহলে স্ট্যান্ডিং লেবার কমিটির মাধ্যমে করতে হবে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় শ্রমমন্ত্রী বোধ হয় স্মরণ করবেন যে ঠিক এই বিষয়ে আমি একটা বিল উত্থাপন করতে চেয়েছিলাম যেটা তিনি অপোজ করার সময় বলেছিলেন দেড় বছর আগে যে অনুরূপ বিষয়ে তারা কোন আইন বা ব্যবস্থা করতে পারেন। এ সম্পর্কে তাড়াতাড়ি কোন আইন বা বিল আনবার কোন প্রস্তাব আছে কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: আমি তো বললাম আইন এবং বিল-এর নূতন কোন ব্যবস্থা করা সম্ভব হচ্ছে না, আমরা পরীক্ষা করেছিলাম। কেবল স্ট্যান্ডিং অর্ডার বদলানো যায় কিনা সেটা আমরা আইন বিভাগ থেকে পরীক্ষা করছি এবং যদি সম্ভব হয় তাহলে আমরা করে দিতে পারবো।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: আই ডি অ্যাক্টে লে-অফ সংক্রান্ত আইনের সঙ্গে একটা উপধারা যোগ করা যায় যে সাসপেনসন পিরিয়ডে অর্ধেক ওয়েজ দেওয়া হবে—এইভাবে সংশোধন করার কথা চিন্তা করছেন কি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আমরা দেখতে পারি—এটা এখনও দেখি নি।

শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কোন শিল্প সংস্থায় সার্টিফায়েড স্ট্যান্ডিং অর্ডার হওয়া বাধ্যতামূলক কিনা? শ্রমিক এবং মালিকপক্ষের মধ্যে আলোচনা করে রেজিস্ট্রার ট্রেড ইউনিয়নের সার্টিফিকেট দিয়ে স্ট্যান্ডিং অর্ডার থাকা বাধ্যতা-মূলক কিনা?

শ্রীবিজয় সিংহ নাহারঃ স্ট্যান্ডিং অর্ডার সব জায়গায় থাকে এবং যারা রাখেন না সেখানে সরকার থেকে মডেল স্ট্যান্ডিং অর্ডার করে দেওয়া হয়েছে এবং সেটাই সেখানে চালু আছে।

শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন যে যদি কোন স্ট্যান্ডিং অর্ডারে এই ধরনের প্রভিসন না থাকে যে সাসপেনসন পিরিয়ডে লিমিট বা সাসপেনসন পিরিয়ডের পে কি হবে—ইউনিয়নের সব সময় ক্ষমতা আছে কিনা সেই স্ট্যান্ডিং অর্ডারের প্রভিসনকে রিভাইজ করবার?

শ্রীবিজয় সিংহ নাহারঃ স্ট্যান্ডিং অর্ডারের প্রভিসন যদি দ্বিপক্ষীয় হয় তাহলে সব সময় অধিকার আছে বদলে নেবার।

শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে স্ট্যান্ডিং অর্ডার যেখানে আছে এবং ইউনিয়ন যদি দ্বিপক্ষীয় হয়--ইউনিয়ন যদি রেজিস্ট্রার ট্রেড ইউনিয়নের কাছে তাদের যে প্রতিবাদ তা জানায় এবং সেটা ন্যায্য বলে যদি প্রতিপাদ্য হয় তাহলে সেখানে সেটা গৃহীত হবে কিনা?

শ্রীবিজয় সিংহ নাহারঃ এক পক্ষের হলে কি করে গৃহীত হবে? দুই পক্ষ যদি রাজী না হয় তাহলে গ্রহণ করা সম্ভবপর নয়।

[1-40—1-50 p.m.]

শ্রীভদ্রবাহাদুর হামালঃ চা-বাগানে স্ট্যান্ডিং অর্ডার আছে এটা মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন। শ্রমিকদের যদি সাসপেন্ড করে তাহলে ওয়ার্কারদের ওয়ান-থার্ড দেওয়ার নিয়ম আছে। কিন্তু এমারজেন্সীর সুযোগ নিয়ে ১৯৬৪ সাল থেকে সেই সাসপেনসানের টাকা একেবারে দিচ্ছে না এ খবর কি মন্ত্রিমহাশয় জানেন?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আমার জানা নেই। তবে এইটুকু বলতে পারি এই নিয়মের কোন পরিবর্তন হয় নি এমারজেন্সীর জন্য। তারা দিতে বাধ্য।

শ্রীভদ্রবাহাদুর হামালঃ পরিবর্তন হয়েছে কিনা আমি সেই প্রশ্ন বলি নি। এমারজেন্সীর সুযোগ নিয়ে মালিকরা সাসপেনসানের টাকা দিচ্ছে না, এটা জানেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহারঃ যদি না দেয় তাহলে অন্যায় করছে।

শ্রীভদ্রবাহাদুর হামালঃ মালিক দিচ্ছে না বলে আপনার কাছে কি রিপ্রেজেনটেসান দিয়েছে?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আপাতত আমার জানা নেই।

Industries having more than hundred workers in Asansol police-station

***364.** (Admitted question No. *2082.)

শ্রীহরিদাস চক্রবর্তীঃ শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় দুই শতাধিক শ্রমিক আছে এমন কতগুলি শিল্প প্রতিষ্ঠান আছে; এবং

(খ) কোন্ কোন্ শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদের জন্য ন্যায্যমূল্যের দোকান খুলিয়াছেন?

Shri Bijoy Singh Nahar:

(ক) তেইশটি।

(খ) নিম্নলিখিত দুইটি শিল্প প্রতিষ্ঠানে ন্যায্যমূল্যের দোকান খোলা হইয়াছে;

(১) এ সি সি—ভিকার্স-ব্যবকক্ লিমিটেড, দুর্গাপুর।

(২) হিন্দ্ রিফ্রাকটরিজ লিঃ, দুর্গাপুর।

নিম্নলিখিত নয়টি শিল্প প্রতিষ্ঠানে কনজিউমার্স কো-অপারেটিভ স্টোরস খোলা হইয়াছেঃ

(১) হিন্দুস্থান স্টীল লিঃ, দুর্গাপুর।

(২) দুর্গাপুর থার্মাল পাওয়ার স্টেশন, দুর্গাপুর।

(৩) চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস, চিত্তরঞ্জন।

(৪) ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোম্পানী লিঃ, বার্নপুর।

(৫) হিন্দুস্থান কেবলস্ লিঃ, রূপনারায়ণপুর।

(৬) ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোম্পানী লিঃ, কুলটি।

(৭) বেঙ্গল পেপার মিলস কোঃ লিঃ, রানীগঞ্জ।

(৮) অ্যালুমিনিয়ম কর্পোরেশন অফ ইন্ডিয়া লিঃ, জে কে নগর।

(৯) সেন র‍্যালে লিঃ, কন্যাপুর।

এ ছাড়া দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডে একটা কো-অপারেটিভ সোসাইটি চালু আছে।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ আপনি যে বললেন ৯টা আর ২টা, এছাড়া বাকি যে শিল্পপ্রতিষ্ঠানগুলি আছে সেখানে তাহলে কোনরকম ন্যায্যমূল্যের দোকান খোলা হয় নি? কো-অপারেটিভের যে সংখ্যা আপনি দিলেন সেটা প্রশ্ন ছিল না, সেটা আলাদা জিনিস। কিন্তু কেন্দ্রীয় স্ট্যান্ডিং লেবার কনফারেন্সের যে প্রস্তাব সেই প্রস্তাব অনুযায়ী দুই শতাধিক কর্মচারী নিয়োগ করেন যে প্রতিষ্ঠান সেই প্রতিষ্ঠানগুলির ন্যায্যমূল্যের দোকান খোলার কথা ছিল। আপনি তার জবাবে বলেছেন দুটি। বাকি শিল্প প্রতিষ্ঠানগুলিতে যে ন্যায্যমূল্যের দোকান খোলা হয় নি এজন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আপনি একটু ভুল করছেন, সেটা সংশোধন করে দিই। আমাদের কো-অপারেটিভ সোসাইটি কিংবা ফেয়ার প্রাইস সপ যেটা খোলার কথা সেটা ২শো জন কর্মীদের নিয়ে নয়, তিনশো জন নিয়ে। তিনশো জন কর্মী যেখানে আছে সেইরকম ১৮টি এস্টাবলিসমেন্ট আছে এবং ১৮টিতে ফেয়ার প্রাইস সপ এবং কো-অপারেটিভ দুটোই আছে। ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউসানের মধ্যে এইরকম নেই যে সকলকেই ফেয়ার প্রাইস সপ করতে হবে। প্রথমে যেটা ছিল কো-অপারেটিভ সেই কো-অপারেটিভ যখন হল না তখন মালিক পক্ষ যাতে ফেয়ার প্রাইস সপ করেন এই নির্দেশ দেওয়া হয়েছে। ফেয়ার প্রাইস সপ কিংবা কো-অপারেটিভ যেটাই হোক কার্যকরী করছে।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ মিঃ স্পীকার, স্যার, আমার যেটা সাপ্লিমেন্টারী ছিল তার যা জবাব মন্ত্রিমহাশয় দিলেন সেটা আমি ঠিক বুঝতে পারছি না। আই স্ট্যান্ড কারেকটেড যে ওটা তিনশো জন। এখন তিনশো জন কর্মী নিয়োগ করে এমন শিল্প প্রতিষ্ঠানকে ঐ প্রস্তাবের মর্ম এই ছিল যে দায়িত্ব গ্রহণ করতে হবে। কিন্তু আপনি কো-অপারেটিভের কথা বললেন, সেটা সেই প্রস্তাবে ছিল না। সেখানকার শ্রমিকরা নিজেরাই কো-অপারেটিভ স্টোর্স করতে পারে। কিন্তু মালিককে সেখানকার শ্রমিক কর্মচারীদের ন্যায্যমূল্যে জিনিসপত্র সরবরাহের দায়িত্ব নিতে হবে এই স্পিরিট রেজলিউসানে ছিল। আমরা বিভিন্ন জায়গায় দেখছি ১০-১৫ জন লোক নিয়ে কো-অপারেটিভ করে দেওয়া হচ্ছে, মালিক সেখানে কোন দায়িত্ব নিচ্ছে না। সেজন্য আমার প্রশ্ন

ছিল তিনশো জন কর্মচারী নিয়োগ করে এমন শিল্প প্রতিষ্ঠানের কয়জন মালিক তাদের শ্রমিকদের ন্যায্য মূল্যে খাদ্যদ্রব্য সরবরাহের দায়িত্ব নিয়েছেন, তাতে দুটো উল্লেখ করেছেন। বাকি যারা করেন নি, তাদের করার জন্য বাধ্য করার কোন ব্যবস্থা করেছেন কিনা?

Shri Bijoy Singh Nahar:

বাধ্য করবার জন্য এখনো কোন আইন হয় নাই। দ্বিতীয়ত যেখানে কো-অপারেটিভ নাই, সরকার চান যে সেখানে কো-অপারেটিভ হোক এবং আমরা কো-অপারেটিভ সেখানে এনকারেজ করছি। সেইজন্য সেখানে দুটো দোকান থাকবার কথা থাকতে পারে না।

Shri Aswini Kumar Roy:

এই যে আপনি বললেন বাকী জায়গাতে কো-অপারেটিভ নেই— বা মডিফায়েড রেশনিং থেকেও দেওয়া হচ্ছে না। তাহলে এটা কি জানেন বাকি জায়গাতে শ্রমিকরা উদ্যোগ নিয়ে কো-অপারেটিভ করবার চেষ্টা করলে মালিকপক্ষ থেকে কোনরকম সাহায্য করা হয় না, কো-অপারেটিভ-এর জন্য ঘর ইত্যাদি এইসব দেওয়া হচ্ছে না?

Shri Bijoy Singh Nahar:

আমার জানা নাই। তবে এটা বলতে পারি আমার কাছে যদি জানান কোথাও কর্মীরা কো-অপারেটিভ করতে চান, সরকার পক্ষ থেকে কো-অপারেটিভ-এর জন্য সহায়তা ও সাহায্য করা হবে। মালিকপক্ষকে অনুরোধ করা হয়েছে—এই সম্পর্কে যেটুকু সুযোগ-সুবিধা দেওয়া দরকার তা যেন দেওয়া হয়।

Shri Girija Bhusan Mukherjee:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি—ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজোলিউশান অনুযায়ী ফেয়ার প্রাইস সপ খোলার যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত বাংলা সরকারের পক্ষ থেকে প্রত্যেক মিল মালিকের কাছে সেই সাজেশন বা ইনস্ট্রাকশন পাঠিয়েছেন, প্রত্যেক কোম্পানীর কাছে পাঠিয়েছেন?

Shri Bijoy Singh Nahar:

সেটা প্রত্যেক প্রতিষ্ঠানে পাঠান হয়েছে, বারে বারে প্রত্যেক চেম্বারকে অনুরোধ করে বলা হয়েছে।

Dr. Gopika Ranjan Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় এই যে কো-অপারেটিভ-এর কথা বললেন, যাতে মালিকরা এই কো-অপারেটিভ-এর শেয়ার কেনে তার জন্য কোন চেষ্টা আপনারা করেছেন কি?

Shri Bijoy Singh Nahar:

সেটা আমি বলতে পারবো না, কো-অপারেটিভ আইন বলতে পারবে।

Shri Haridas Chakravarty:

এই যে আপনি বললেন প্রত্যেক মালিকের কাছে ন্যায্যমূল্যের দোকান খোলার নির্দেশ পাঠিয়েছেন, অথচ তারা তা খোলে নাই, তাহলে এর অর্থ কি এই দাঁড়ালো যে আপনার নির্দেশ মালিকরা উপেক্ষা করেছে?

Shri Bijoy Singh Nahar:

নির্দেশ নয়, অনুরোধ। যেখানে কো-অপারেটিভ হয়েছে, সেখানে আর ন্যায্যমূল্যের দোকান খোলার আবশ্যকতা নাই।

Shri Jaynarayan Sarma:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন কুলটিতে কয়টা ন্যায্যমূল্যের দোকান করা হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

সে আলাদা প্রশ্ন, আমি তা এখন বলতে পারবো না।

Prisoners sentenced to life imprisonment

***365.** (Admitted question No. *2161.)

[illegible] সেনগুপ্তঃ স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম বাংলার বিভিন্ন কারাগারে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত ব্যক্তিদের মধ্যে যাদের চৌদ্দ বৎসরের অধিক সময় কারাবাস হইয়াছে তাদের অনেককে মুক্তি দেওয়া হয় নাই ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে উক্ত ধরনের কতজন ব্যক্তি পশ্চিম বাংলার বিভিন্ন কারাগারে বর্তমানে আটক আছেন এবং তাঁদের মুক্তি দেওয়ার কোন সরকারী পরিকল্পনা আছে কিনাথ; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, তাহা কি ধরনের?

Shri Jagannath Kolay:

(ক) বর্তমানে ১০ জন বন্দী আটক আছে, যাদের ১৪ বছরের অধিক কারাবাস হয়েছে। উঁহাদের মুক্তি দেওয়ার কোন পরিকল্পনা নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Shri Kanai Pal:

এটা মন্ত্রিমহাশয় জানেন যে এইসমস্ত আসামীদের আগেই মুক্তি দেওয়া হবে রেমিশন দেওয়া হবে এই সর্তে এই লাইফার আসামীদের কাছ থেকে রক্ত নেওয়া হচ্ছে?

Shri Jagannath Kolay:

কোন সর্ত দেওয়া হয়েছে বলে আমি কিছু জানি না।

Shri Kanai Pal:

এ খবর কি তিনি জানেন যে এই বন্দীরা যখন রক্ত দেয় প্রথমবার, তখন ২০ দিন রেমিশন পায় এবং পরবর্তী কালে যতবার রক্ত দেবে ততবারই দু-দিন দু-দিন করে রেমিশন বেড়ে যাবে?

Shri Jagannath Kolay:

এ প্রশ্ন এখানে ওঠে না।

Shri Kanai Pal:

মিঃ স্পীকার, স্যার, আমার পরিষ্কার প্রশ্ন হচ্ছে লাইফার আসামী ১৪ বছর খাটবার পর রেমিশন শুদ্ধ যে মুক্তি দেওয়ার ব্যবস্থা ইংরেজ আমলে চালু ছিল, আজকে সেই অনুযায়ী অনেককে মুক্তি দেওয়া হয় না। এখন নিয়ম করেছেন আপনারা যে যতদিন ন্যাচারাল ডেথ না হচ্ছে, ততদিন এই লাইফার ছাড়া পাবে না। আমার এখানে প্রশ্ন হচ্ছে, যদি ছাড়া না দেওয়া হয়, সে ক্ষেত্রে আগে থেকে ছাড়া পাবে বলে এই যে রক্ত তাঁরা দিচ্ছেন, তার সুযোগ থেকে তাঁরা বঞ্চিত হচ্ছেন কেন এবং সে ক্ষেত্রে রক্ত বা নেওয়া হচ্ছে কেন যদি আর্লিয়ার তাঁদের মুক্তি দেওয়া না হয়? আমার প্রশ্ন যদি ন্যাচারাল ডেথ পর্যন্তই থাকতে হয়, মুক্তি দেওয়া না হয়, তাহলে তাদের কাছ থেকে রক্ত নেওয়া হচ্ছে কেন?

Amirabad Health Centre

***366.** (Admitted question No. *2278.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার আমিরাবাদে স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য ২।৩ বৎসর পূর্বে শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি চালু হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, কারণ কি?

[1-50—2 p.m.]

Shri Jagannath Kolay:

(ক) ও (খ) ১৯৬৪ সালের জুন মাসে এই স্বাস্থ্য কেন্দ্রটির নির্মাণকার্য শেষ হইয়াছে। কিন্তু ডাক্তারের স্বল্পতা হেতু স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা সম্ভব হয় নাই। পাবলিক সার্ভিস কমিশনকে ইতিপূর্বেই ডাক্তার মনোনীত করিতে বলা হইয়াছে। তাঁহারা যে সমস্ত ডাক্তার মনোনীত করিয়া পাঠাইবেন তাঁহাদের একজনকে এখানে নিয়োগ করিয়া স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা হইবে।

শ্রীবি[illegible] রায়ঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, কতদিন আগে এটা শেষ হয়েছে এবং কতদিন আগে আপনারা সার্টিফিকেট পেয়েছেন?

শ্রীজগন্নাথ কোলেঃ ১৯৬৪ সালের জুন মাসে এটা কমপ্লিট হয়েছে।

Rules for providing the tea garden labourers with blankets, rain-coats, etc.

***367.** (Admitted question No. *1948.)

শ্রীমনোরঞ্জন রায়ঃ শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাগিচা শ্রম আইনের নিয়ম (রুল) অনুযায়ী যে ধারায় শ্রমিকদের কম্বল, বর্ষাতি বা ছাতা প্রভৃতি পাইবার ব্যবস্থা আছে সেই ধারা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কবে নাগাদ চালু করা হইবে?

Shri Bijoy Singh Nahar:

পশ্চিমবঙ্গ বাগিচা শ্রম বিধান অনুযায়ী এ সম্পর্কে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করিবার জন্য তথ্যাদি সংগৃহীত হইয়াছে। বিজ্ঞপ্তিটি শীঘ্রই প্রকাশিত হইবে এবং উহা প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গেই বাগিচা শ্রমিকগণ সুবিধাগুলি পাইবার হকদার হইবেন।

শ্রীমনোরঞ্জন রায়ঃ মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন ১১তম বাগিচা শ্রম সম্মেলনে এই প্রশ্ন ওঠে এবং আমি যখন প্রতিনিধি হিসেবে এই প্রশ্ন তুলি তখন পশ্চিমবাঙ্গলার তরফ থেকে আপনাদের দপ্তরের যিনি প্রতিনিধি ছিলেন তিনি বলেছিলেন ১৯৬৪ সালের নভেম্বরএর মধ্যে আমরা এই ধারাগুলো চালু করবার ব্যবস্থা করব। আমি জানতে চাই তাহলে এতদিন দেরী হবার কারণ কি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ তিনি কি বলেছিলেন আমি জানি না। তবে এটুকু বলতে পারি এটা পাশ হবার পর অন্যান্য স্টেটএ যেভাবে চালু হয়েছে তাতে তারা কিভাবে চালাচ্ছে, কি রুলস করেছে সেটা আমরা দেখছি, পরীক্ষা করছি এবং আশা করি তাড়াতাড়ি নোটিফাই করে দিতে পারব।

শ্রীমনোরঞ্জন রায়ঃ আপনি বোধ হয় জানেন এগুলি অন্যান্য প্রদেশে ৩ বছর আগে চালু হয়েছে। আসামে হয়েছে, পাঞ্জাব যেখানের অবস্থা সব চেয়ে খারাপ সেখানে হয়েছে, মাদ্রাজে চালু হয়েছে, কেরালায় চালু হয়েছে—অর্থাৎ পশ্চিমবাঙ্গলা ছাড়া সব জায়গাতেই চালু হয়েছে। অক্টোবর মাসে শ্রম সম্মেলনে যখন এটা পাশ হোল তারপর এতদিন চলে যাওয়া সত্ত্বেও আপনারা পশ্চিমবাঙ্গলায় কোন রুলস্ ফ্রেম করতে পারলেন না কেন? আপনারা এই যে করতে পারলেন না তার ফলে তারা শীতের কম্বল পাওয়া থেকে বঞ্চিত হোল এবং অপর দিকে বাগিচার মালিকের লাভ হোল। আমার প্রশ্ন হোল কবে পর্যন্ত পাওয়া যাবে?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আসামে হয় নি—রেজলিউসন রেফার্ড টু ওয়েস্ট বেঙ্গল অ্যান্ড আসাম গভর্নমেন্ট। অর্থাৎ আসাম নূতন করছে, আমরাও নূতন করছি। যাহোক, শীঘ্রই প্রকাশ করব এবং শীতের আগেই তারা পাবে।

শ্রীমনোরঞ্জন রায়ঃ কবে পর্যন্ত হতে পারে।

শ্রীবিজয় সিংহ নাহারঃ তারিখ বলতে পারব না।

শ্রীভদ্রবাহাদুর হামালঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, প্ল্যানটেশন লেবারের ক্ষেত্রে এই আইনের ধারা কবে পর্যন্ত চালু হবে?

শ্রীবিজয় সিংহ নাহারঃ কোন সময় বলতে পারব না।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি বললেন প্রত্যেক মালিককে অর্ডার দিয়েছিলেন ছাতা, বর্ষাতি প্রভৃতি দেবার জন্য। আমি জানতে চাই এটা বর্ষার আগে তারা পাবে কি না?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আমরা শীঘ্রই নোটিফিকেশন দিচ্ছি, নোটিফিকেশন হলেই পাবে।

Strike in the Hooghly Jute Mill on the demand of bonus

***368.** (Admitted question No. *2071.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether there was a strike on 5th February, 1965, in the Hooghly Jute Mill on the demand of bonus payable according to the decision of the Jute Wage Board;

(b) if so, whether proper notice was given for the said strike;

(c) if so, on which date; and

(d) whether the demand of bonus has been finally settled?

শ্রীবিজয় সিংহ নাহারঃ (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

(ঘ) মালিক পক্ষ জানাইয়াছেন যে বোনাস দেওয়া হইয়াছে।

শ্রীগিরিজাভূষণ মুখার্জীঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি ৫-২-৬৫ তারিখে এই মিলের কোন অংশের শ্রমিকরা স্ট্রাইক করেছেন কি না?

শ্রীবিজয় সিংহ নাহারঃ যে রিপোর্ট আছে কোন স্ট্রাইক হয় নি।

শ্রীগিরিজাভূষণ মুখার্জীঃ এই মিলের ফিনিশিং ডিপার্টমেন্টের পীস রেটের শ্রমিকরা নোটিশ দিয়ে স্ট্রাইক করেছে কি না?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আমার কাছে রিপোর্ট রয়েছে কোন স্ট্রাইক হয় নি।

শ্রীগিরিজাভূষণ মুখার্জীঃ যদি রিপোর্ট না থাকতো সেই রিপোর্ট লিখে নিন, নোটিস দিয়ে ৫-২-৬৫ তারিখে ফিনিশিং ডিপার্টমেন্টের পিস-রেট ওয়ার্কাররা বোনাসের দাবীতে স্ট্রাইক করেছিলেন, স্ট্রাইক করার কয়েক ঘন্টা পর তাদের সংগে চুক্তি হয় যে অ্যাভারেজ আর্নিং-এর ভিত্তিতে বোনাস দেওয়া হবে, কিন্তু অন্যান্য ডিপার্টমেন্টের পিস-রেট ওয়ার্কারদের মত তাদের অ্যাভারেজ আর্নিং-এর ভিত্তিতে বোনাস দেওয়া হয় নি, সেজন্য জানতে চাই, অন্যান্য ডিপার্টমেন্টের পিস-রেট ওয়ার্কারদের মত অ্যাভারেজ আর্নিং-এর ভিত্তিতে বোনাস পাবার জন্য কি স্ট্রাইকে তাদের নোটিশ দিতে হবে?

শ্রীবিজয় সিংহ নাহারঃ এই সম্বন্ধে ইউনিয়ন আমাদের কাছে কিছু জানান নি এই পর্যন্ত।

শ্রীগিরিজাভূষণ মুখার্জীঃ লেবার দপ্তরে ফর্মাল স্ট্রাইক দেওয়া হয়েছিল এবং স্ট্রাইকও হয়েছিল এটা কি ঠিক নয়?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আপনি ঠিকই বলেছেন, ফর্মাল নোটিশ দিয়েছিলেন কিন্তু স্ট্রাইক হয় নি, স্ট্রাইক হবার আগেই তারা নিজেদের মধ্যে মীমাংসা করে নিয়েছেন।

Illness of Shri Muzaffar Ahmed and others in Jail

***369.** (Admitted question No. *2248.)

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডি আই রুলস (৩০) অনুযায়ী আটক বন্দী শ্রীমুজাফর আহ্‌মদ, শ্রীসুবোধ চৌধুরী, এম এল এ, শ্রীনরেন্দ্রনাথ সেন, শ্রীজহ্ন‌ান গাঙ্গুলী গুরুতররূপে পীড়িত ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ই'হারা কি ব্যাধিতে ভুগিতেছেন, এবং

(২) ই'হাদের চিকিৎসার কি ব্যবস্থা হইয়াছে?

Shri Jagannath Kolay:

(ক) হ্যাঁ পীড়িত সত্য, তবে পীড়া গুরুতর বলিয়া মনে করিবার কারণ নাই।

(খ) (১) ও (২) শ্রীমুজাফর আহমদকে গত ১-১-৬৫ তারিখে সি এম ও ক্রনিক অ্যামোবিয়াসিস-এর জন্য পরীক্ষা করেন এবং প্রয়োজনীয় ঔষধপত্র দেওয়ায় রোগের উপশম হয়। কনস্টিপেশন-এর জন্যও ঔষধ দেওয়া হয়।

৫-৩-৬৫ তারিখে মাথা ঘোরা ও পা ফোলার জন্য ঔষধ দেওয়া হয়।

১৮-৩-৬৫ তারিখে জেলের মেডিকেল স্পেশালিস্ট পরীক্ষা করেন ও ঔষধের ব্যবস্থা করেন। এখনও চিকিৎসাধীন আছেন। বিশেষ পথ্যেরও ব্যবস্থা করা হইয়াছে।

শ্রীনরেন্দ্রনাথ সেনকে প্যালপিটেশন এবং শরীরের অস্বস্তিকর অবস্থার জন্য ২৩-১১-৬৪ হইতে ২-১২-৬৪ পর্যন্ত মেডিকেল কলেজে চিকিৎসাধীনে রাখা হয়, মেডিকেল কলেজের ডিসচার্জ সার্টিফিকেট-এ ওল্ড মাইওকার্ডিনাল ইনফ্রাকসন আছে বলিয়া বলা হইয়াছে।

পুনরায় ২০-১২-৬৪ হইতে ১৮-১-৬৫ পর্যন্ত প্যালপিটেশন ও অস্বস্তি ভোগের জন্য তাঁহাকে মেডিকেল কলেজে ভর্তি করা হয়। সেখানে প্রয়োজনীয় চিকিৎসার পর তিনি আরোগ্য লাভ করিতে থাকেন।

পুনরায় ঐ অসুখের জন্য ২-২-৬৫ হইতে ১৯-২-৬৫ পর্যন্ত মেডিকেল কলেজে ভর্তি করা হয়, ছাড়া পাইবার পর আরোগ্যের পথে যাইতে থাকেন। একই লক্ষণ দেখা দেওয়ায় পুনরায় ১৯-৩-৬৫ তারিখে তাঁহাকে মেডিকেল কলেজে স্থানান্তরিত করা হইয়াছে এবং বর্তমানে সেখানে চিকিৎসাধীন আছেন।

শ্রীসুবোধ চৌধুরীকে মেদিনীপুর জেলে আটক থাকাকালীন সদর হাসপাতালের মেডিকেল স্পেশালিস্ট

hypertension with pain in the precordial region and jungling sensation over the left arm.

এর জন্য পরীক্ষা এবং প্রয়োজনীয় চিকিৎসা করেন। ১৭-২-৬৫ তারিখে আলিপুর সেন্ট্রাল জেলে স্থানান্তরিত করার পর ঐ জেলের মেডিকেল স্পেশালিস্ট-এর চিকিৎসাধীনে থাকেন। তাঁহাকে মেডিকেল কলেজে ইলেকট্রো কার্ডিওগ্রাম-এর জন্য পাঠান হয় এবং রিপোর্ট নর্মাল পাওয়া যায় ২০-৩-৬৫ তারিখে মেডিকেল স্পেশালিস্টের উপদেশ অনুযায়ী জেল হাসপাতাল হইতে ছাড়িয়া দেওয়া হয় এবং জেলে পূর্বের প্রেসক্রিপশন অনুসারে চিকিৎসার ব্যবস্থা হয়।

শ্রীজহ্ন‌ান গাঙ্গুলী ১০-১-৬৫ তারিখে আটক হইবার পর

precordial pain, sense of distress over the chest and general weakness.

রোগে ভুগিতেছেন। তাঁহার ক্ষেত্রেও করা হয়। তিনি প্রেসিডেন্সি জেলের মেডিকেল স্পেশালিস্টের চিকিৎসাধীনে আছেন।

[2—2-10 p.m.]

শ্রীরবীন্দ্রনাথ মুখার্জী: আমাদের এই সম্পর্কে অনেক সাপ্লিমেন্টারী আছে কাজেই আপনি যদি টাইম চলে গেছে বলেন তাহলে এটা হেল্ড ওভার করলে ভাল হয় কারণ এখানে অনেক অসুখের কথা বললেন যে সব কথা তিনিও ভাল বোঝেন না এবং আমরাও ভাল জানি না তাই আমাদের অনেক কিছু জিজ্ঞাসা করতে হবে এবং বুঝতে হবে এর মধ্যে কি আছে কাজেই এটা হেল্ড ওভার করার জন্য অনুরোধ করছি।

মিঃ স্পীকার: এটা হেল্ড ওভার করবার কোন অধিকার আমার নেই তবে আপনারা দু'একটা সাপ্লিমেন্টারী করতে পারেন কিন্তু আনলিমিটেড কিছু করতে দেব না।

শ্রীরবীন্দ্রনাথ মুখার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় এমন অনেকগুলি কথা বললেন যা অনেক কষ্ট ক'রে পড়তে পারলেন না এবং আমরাও বুঝতে পারলুম না। তিনি জবাবে বললেন যে কেহই গুরুতররূপে পীড়িত নন বা বিশেষ কোন অসুখ নয় কিন্তু আমরা যখন কনসারন্ড তাই সিরিয়াসলি এটা জানতে চাই। কিসে গুরুতর হয় বলে তিনি মনে করেন, স্যার, আপনি জানেন উনি নরেন সেনের কথা বললেন তাঁর বুকের বেদনা এবং হাত, পা কাঁপছে কাজেই আমরা কেমন করে এটা বুঝতে পারি যে এটা গুরুতর নয়, এটা গুরুতর?

শ্রীজগন্নাথ কোলে: আমাদের বোঝবার কিছু নেই, মেডিকেল স্পেশালিস্ট যা বলেছেন আমরা সেটা বললাম।

ডাঃ নারায়ণচন্দ্র রায়: এটা অত্যন্ত ইমপর্টেন্ট জিনিব বুকে বেদনার কথা যদি বলেন তা হলে অ্যাজ এ ম্যাটার অফ ফ্যাক্ট ডাক্তাররা সেটা অত্যন্ত গ্রেভ বলে মনে করেন, বুকে ব্যথা, হাত কাঁপা এটা হল করোনারী থ্রমবসিসের লক্ষণ বলে মনে হয়, কাজেই এটা অত্যন্ত সিরিয়াস এবং এর ডিটেলস আলোচনা করবার প্রয়োজন আছে, এই যে করোনারী থ্রমবসিস এতে ইলেকট্রো কার্ডিওগ্রাম দরকার এবং সমস্ত কিছু করা হয়েছে কি না এটা জানা দরকার। কাজেই এটা দশ-পনেরো মিনিটে হবে না এর জন্য কালকে সময় দিন আমরা তাতে রাজী আছি কারণ আমরা জানতে চাই কি অসুখ ইত্যাদি সমস্ত কিছু।

মিঃ স্পীকার: ডাঃ রায়, এটা আলোচনার দরকার নেই, যে রোগ হয়েছে তার রিপোর্ট উনি যা পেয়েছেন তাই দিয়েছেন।

শ্রীজগন্নাথ কোলে: আমি যে সমস্ত অসুখের কথা পড়লাম তার সমস্ত কপি ত টেবিলে প্লেস করেছি সুতরাং আপনারা সেখানে দেখতে পারেন।

ডাঃ নারায়ণচন্দ্র রায়: স্যার, অ্যাজ এ ম্যাটার অফ আরজেন্ট ইমপর্টেন্স আপনি এটা দেখুন এবং এ সম্বন্ধে একটা ব্যবস্থা করুন।

শ্রীজগন্নাথ কোলে: স্যার, আমি একটা ফুল লিস্ট দিয়েছি, কি ট্রিটমেন্ট হয়েছে সেটা বলেছি এবং সে অ্যানসার আমি এলাবোরেট দিয়েছি।

শ্রীরবীন্দ্রনাথ মুখার্জী: স্যার, এলাবোরেট অ্যানসার দিয়েছেন মনে করছি কিন্তু আমরা দেখতে পাচ্ছি করোনারী থ্রমবোসিসের কথা বলা হয়েছে, আমরা যেটুকু জানি তাতে এই রোগ বলে মনে হচ্ছে, সুতরাং যেভাবে চিকিৎসা করছেন সে সম্পর্কে ডিটেলস আমরা জানতে চাই, আমরা জানতে চাই কেন চিকিৎসায় কাজ হচ্ছে না, কাজেই তিনি যে উত্তর দিলেন আমরা স্যাটিসফায়েড হতে পারছি না, করোনারী থ্রমবোসিস কাজেই এর ট্রিটমেন্টের জন্য এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে পাঠান এবং তার ট্রিটমেন্টএর সমস্ত কিছু জানতে চাই, তিনি বলেছেন পীড়া গুরুতর নয়, কিন্তু মুজাফর আমেদ কতগুলি অসুখের কথা বলেছেন এবং তার বয়স আজকে ৭৬।৭৭ বৎসর অথচ উনি বলছেন পীড়া গুরুতর নয়, কাজেই আমি মনে করি যেখানে লাইফ-এর প্রশ্ন সেখানে আরও রেসপনসিবিলিটি নিয়ে বলা দরকার।

প্রফুল্লচন্দ্র সেন: এই সম্বন্ধে কোন বোঝবার প্রশ্ন নেই, যারা অসুস্থ আছেন তাঁদের আমরা দেখাশুনা করছি এবং আপনারাও এ বিষয়ে ডাক্তারদের জিজ্ঞাসা করতে পারেন ও এ সম্পর্কে বাহিরে আলোচনা হতে পারে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে তিনি যতটা সম্ভব চেষ্টা করছেন, আমি জিজ্ঞাসা করছি এই সমস্ত রোগীদের বাহিরের এক্সপার্ট দিয়ে দেখাবার কোন ব্যবস্থা করছেন কি?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: যদি প্রয়োজন মনে করি তা হলে নিশ্চয়ই বাহিরের এক্সপার্ট দিয়ে দেখাব, কেন দেখাব না?

শ্রীজগন্নাথ কোলে: বাহিরের এক্সপার্টদের দিয়ে দেখান হচ্ছে, মেডিকেল কলেজএর সংগে অ্যাটাচড্ যে সমস্ত এক্সপার্ট তাদের দিয়ে দেখাচ্ছি।

শ্রীনাথানিয়েল মুরমু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে কলকাতার মেডিকেল কলেজএ প্রিন্স অফ ওয়েলস হসপিটাল-এ ৪৪নং কেবিনে ডি আই আর বন্দী একজন রোগী আছেন তাঁর হার্নিয়া অপারেশন হয়েছে ২।৩ দিন আগে, তাঁর সম্বন্ধে কিছু জানতে চাই, আপনারা কি দয়া করে জানাবেন।

Mr. Speaker: You should not put this question now, you can always go to the Minister; you have got the right to go to him and get the information.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table.)

Eye Bank

***370.** (Admitted question No. *2279.)

শ্রীবী[illegible] রায়: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চক্ষু ব্যাংক (আই ব্যাংক) প্রতিষ্ঠিত হইয়াছে কি না; এবং

(খ) প্রতিষ্ঠিত হইয়া থাকিলে, অদ্যাবধি কয়টি চক্ষু উক্ত ব্যাংকে কি কি ভাবে পাওয়া গিয়াছে?

The Minister for Health:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Wage Board for bidi workers

***371.** (Admitted question No. *2166.)

শ্রীমনোরঞ্জন রায়: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারতের বিভিন্ন রাজ্যের বিড়ি শ্রমিকদের আয়ের সমতা রক্ষার জন্য মধ্যপ্রদেশে যে মজুরি বেতন বোর্ড গঠিত হইয়াছে, তাহাতে পশ্চিমবঙ্গ শ্রম দপ্তরের কোন প্রতিনিধি আছে কি;

(খ) [illegible] বিড়ি শ্রমিকদের আয়ের সমতা রক্ষার ব্যাপারে সরকার পশ্চিমবঙ্গের বিড়ি শ্রমিকদের প্রতিনিধিদের সহিত কোন আলোচনা করিয়াছেন কি; এবং

(গ) ন্যূনতম বেতন আইনানুযায়ী পশ্চিমবঙ্গের বিড়ি শ্রমিকদের বেতনের হার পুনঃ [illegible] কোন পরিকল্পনা সরকারের আছে কি?

The Minister for Labour:

(ক) না।

(খ) না।

(গ) হ্যাঁ, মুর্শিদাবাদ জেলায় সুতি, সামসেরগঞ্জ ও ফরক্কা থানার বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরী পুনর্নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হইয়াছে। রাজ্যের অন্যান্য স্থানের শ্রমিকদের মজুরী পুনর্নির্ধারণের জন্যও অনুরূপ আর একটি কমিটি গঠনের সিদ্ধান্ত করা হইয়াছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table.)

Telephone charges of different Departments

812. (Admitted question No. 360.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১ সাল হইতে ১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গ-সরকারের কোন্ বিভাগে (ডিপার্টমেন্ট) কত টাকা টেলিফোন বাবত, খরচের বিল হইয়াছে;

(খ) উক্ত সমূহ টাকার বিল পরিশোধ করা হইয়াছে কিনা; এবং

(গ) পরিশোধ না হইলে কোন্ বিভাগের কত টাকা বাকি রহিয়াছে এবং বাকি রাখার কারণ কি?

The Minister for Finance:

(ক) ১৫-৩-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে নিম্নে একটি তালিকায় কোন্ কোন্ বিভাগে কত টাকা খরচ হইয়াছে তাহা দেখানো হইল।

(খ) অধিকসংখ্যক বিল পরিশোধ হইয়াছে। অল্প কিছু এখনও শোধ হয় নাই।

(গ) যে যে বিভাগের বিল পরিশোধ করা যায় নাই তাহা তালিকার চতুর্থ কলমে দেখান হইয়াছে। এই বিলগুলি দেরিতে পাওয়ার জন্য এবং কোন কোন ক্ষেত্রে ত্রুটিপূর্ণ থাকায় যথাসময়ে পরিশোধ করা যায় নাই।

Statement referred to in reply to clauses (Ka) and (Ga) of unstarred question No. 812.

Statement showing the expenditure incurred on account of Telephone charges by different Departments during the period 1961-64.

Serial No.	Name of Department.	Total amount of telephone bills.	Total amount outstanding.
1	2	3	4
		Rs.	Rs.
1.	Housing Department	62·00	....
2.	Cottage and Small Scale Industries Department ..	1,491·54	....
3.	Commerce and Industries Department ..	3,58,590·09	4,203·75
4.	Home Department	2,54,209·16	6,467·40
5.	Labour Department	1,55,336·89	518 64
6.	Excise Department	27,940·75	....
7.	Agriculture and Community Development Department.	10,815·01	....
8.	Health Department	55,027·82	....

		Rs.	Rs.
9.	Education Department	2,903·36	....
10.	Land and Land Revenue Department.. ..	5,22,815·62	234·70
11.	Judicial Department	16,362·74	....
12.	Public Works (Roads) Department	1,627·11	....
13.	Development and Planning Department ..	64,353·01	1,762·79
14.	Relief Department	8,434·96	....
15.	Irrigation and Waterways Department ..	1,28,467·31	1,097·60
16.	Co-operation Department	6,896·33	....
17.	Animal Husbandry Vand eterinary Services Department.	11,495·40	....
18.	Panchayats Department	2,155·03	....
19.	Forest Department	95,446·53	11,287·51
20.	Public Works Department..	19,83,449·06	37,857·41
21.	Refugee Relief and Rehabilitation Department ..	13,493·88	....
22.	Food and Supplies Department	3,36,516·12	1,868·03
23.	Finance Department	28,631·75	....
	Grand Total	40,86,521·47	65,297·83

Police personnel for Durgapur Congress Session

813. (Admitted question No. 694.)

শ্রীসুবোধ চৌধুরী: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দুর্গাপুর কংগ্রেস উপলক্ষে বিভিন্ন জেলা বিশেষভাবে বর্ধমান জেলার চারটি মহকুমা হইতে কত পুলিস দুর্গাপুরে লইয়া যাওয়া হইয়াছিল; এবং

(খ) সেই সময় বর্ধমানের মহকুমা শহরগুলিতে কত পুলিস মোতায়েন ছিল?

The Minister for Home (Police):

(ক) মোট ৩,০০০ জন, তন্মধ্যে ৫১৩ জন বর্ধমান জেলার বিভিন্ন মহকুমা হইতে পাঠানো হইয়াছিল।

(খ) মোট ৪৬২ জন।

Statutory Rationing in Calcutta

814. (Admitted question No. 1626.)

শ্রী[illegible] রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় বিধিবদ্ধ রেশনিং চালু করার জন্য সরকারের কত ব্যয় বৃদ্ধি হইয়াছে; এবং

(খ) এই কাজের জন্য অতিরিক্ত কত কর্মচারী প্রয়োজন হইবে?

The Minister for Food and Supplies:

(ক) ব্যয় বৃদ্ধির অনুমানিক হিসাব নিম্নলিখিত রূপঃ—

১৯৬৪-৬৫—৫০,৭৮,৬০০ টাকা।

১৯৬৫-৬৬—১,২৫,১৩,৪০০ টাকা।

(খ) গেজেটেড—৪২ জন।

নন-গেজেটেড—৫,৬০৯ জন।

মোট—৫,৬৫১ জন।

Bridge over the Kumari river on Purulia-Barrabazar Road, Purulia

815. (Admitted question No. 1694.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার পুরুলিয়া হইতে বরাবাজার (ভায়া চাকালতোড়) রাস্তাটির উপর কুমারী নদীতে বর্তমানে পুল তৈরি করার কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) প্রস্তাব থাকিলে তাহা কত দিনে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

(ক) বর্তমানে এইরূপ কোন প্রস্তাব নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Banduan-Purulia Road

816. (Admitted question No. 1695.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বনদোয়ান-পুরুলিয়া রাস্তার মাঝখানে যে রাস্তাটুকু বিহারের অংশে পড়িয়াছে, সেই রাস্তা ভয়াবহভাবে খারাপ হইয়া আছে; এবং

(খ) অবগত থাকিলে, এই পথের বাসরুটকে নিরাপদ করিবার জন্য পশ্চিমবঙ্গ-সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Public Works (Roads):

(ক) না, বিহার অংশের রাস্তার অবস্থার কোন খবর জানা নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Salary and allowances drawn by Ministers in 1963

817. (Admitted question No. 1855.)

শ্রীগোপাল ব্যানার্জিঃ অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালে প্রত্যেক মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী মাহিনা বাবত কত টাকা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) অন্যান্য খাতে প্রত্যেক মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীর জন্য ঐ সালের কত খরচ হইয়াছে?

The Minister for Finance:

(ক) ১৯৬৩ সালে প্রত্যেক মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী কত টাকা মাহিনা বাবত লইয়াছেন তাহা নিম্নে ১নং বিবরণীতে দেখান হইল।

(খ) অন্যান্য খাতে মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী মহোদয়গণের জন্য ঐ বৎসরে যে টাকা খরচ হইয়াছে, তাহা নিম্নে ২নং বিবরণীতে দেখান হইল।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 817.

STATEMENT I

Name.	Salary (inclusive of the amount short drawn as voluntary cut.)	House Rent Allowance.	Motor-car Allowance.	Sumptuary Allowance.	Total.
	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
Ministers.					
Shri P.C.Sen (C.M.) ..	15,000·00	..	..	6,000·00	21,000·00
Shri K.N.Das Gupta ..	12,000·00	..	..	3,000·00	15,000·00
Shri I.D. Jalan ..	12,000·00	4,200·00	..	3,000·00	19,200·00
Shri Rai H.N.Chaudhury	12,000·00	4,200·00	2,901·60	3,000·00	22,101·60
Shri T.K.Ghosh ..	12,000·00	4,200·00	3,600·00	3,000·00	22,800·00
Shrimati P.Mukhopadhyay	12,000·00	4,200·00	..	3,000·00	19,200·00
Shri S. Bhattacharya ..	12,000·00	4,200·00	..	3,000·00	19,200·00
Shri J. Kolay ..	12,000·00	4,200·00	3,600·00	3,000·00	22,800·00
Shri S.K.Mukherjee ..	12,000·00	4,200·00	..	3,000·00	19,200·00
Shrimati Abha Maiti ..	12,000·00	4,200·00	..	3,000·00	19,200·00
Shri S.M.Fazlur Rahman	12,000·00	..	..	3,000·00	15,000·00
Shri B.S.Nahar ..	12,000·00	4,200·00	..	3,000·00	19,200·00
Shri A. K. Mukherji ..	10,000·00	3,500·00	..	2,500·00	16,000·00
Shri S. Banerji ..	10,000·00	3,500·00	300·00	2,500·00	16,300·00
Late J.R.Dhar ..	1,612·90	564·52	..	403·23	2,580·65
Ministers of State					
Shri S.M.Misra ..	10,200·00	3,600·00	3,000·00	1,800·00	18,600·00
Shri T. Wangdi ..	10,200·00	3,600·00	3,000·00	1,800·00	18,600·00
Shri S.Bandopadhyay ..	10,200·00	3,600·00	3,000·00	1,800·00	18,600·00
Shri C.C.Mahanty ..	8,500·00	3,000·00	2,500·00	1,500·00	15,500·00
Shri C.R.Roy ..	8,500·00	3,000·00	2,500·00	1,500·00	15,000·00
Shri A.S.Naskar ..	10,200·00	3,600·00	3,000·00	1,800·00	18,600·00
Shri A. Ghosh ..	8,500·00	3,000·00	2,500·00	1,500·00	15,500·00
Shri B.C. Sen ..	8,500·00	3,000·00	2,500·00	1,500·00	15,500·00
Shri P.K.Guha ..	8,500·00	3,000·00	2,500·00	1,500·00	15,500·00
Shri S.R.Chattopadhyay	8,500·00	3,000·00	2,500·00	1,500·00	15,500·00
Shri P.R. Thakur ..	8,500·00	3,000·00	2,500·00	1,500·00	15,500·00
Total ..	2,68,912·90	80,764·52	39,901·60	62,103·23	4,51,682·25

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 817.

STATEMENT II

Statement of T.A. drawn by Ministers and Ministers of State.

Name	T.A. (excluding D.A.)	D.A.	Total T.A.** (including D.A.)
	Rs.	Rs.	Rs.
Ministers.			
Shri P. C. Sen (C.M.)	2,642·50	670·00	3,312·50
Shri K.N.Das Gupta	4,379·25	1,757·50	6,136·75
Shri I. D. Jalan	465 01	410 00	875 01
Shri Rai H.N.Chaudhury	413·55	730 00	1,143·55
Shri T. K. Ghosh	Nil	Nil	Nil
Shrimati P. Mukhopadhyay	874·25	547·50	1,421·75
Shri S. Bhattacharyya	1,784·95	1,697·50	3,482·45
Shri J. Kolay	376·00	210 00	586·00
Shri S. K. Mukherjee	2,824·80	1,040·00	3,864·80
Shrimati Abha Maiti	1,226·50	780·00	2,006·50
Shri S.M. Fazlur Rahman	3,830·67	1,830 00	5,660·67
Shri B. S. Nahar	532 00	570 00	1,102·00
Shri A. K. Mukherjee	3,564·45	875 00	4,439·45
Shri S. Banerjee	3,933 56	1,365 00	5,298·56
Late J.R.Dhar	Nil	Nil	Nil
Ministers of State			
Shri S.M.Misra	2,461·15	887·50	3,348·65
Shri T. Wangdi	3,330·85	1,700 00	5,030·85
Shri S. Bandopadhyay	1,184·13	863·75	2,047·88
Shri C. C. Mahanty	697·95	1,150·00	1,847·95
Shri C. R. Roy	1,050·97	1,135 00	2,185·97
Shri A. S. Naskar	715·02	337·50	1,052·52
Shri A. Ghosh	Nil	Nil	Nil
Shri B.C. Sen	572·00	190 00	762·00
Shri P.K.Guha	2,288·87	792·50	3,081·37
Shri S. R. Chattopadhyay	394·88	252·50	647·38
Shri P. R. Thakur	1,217·90	1,690 00	2,907·90
Total	40,761 21	21,481·25	62,242·46

**This is exclusive of the cost of H.O.R. where used.

Fish Seedling

818. (Admitted question No. 1857.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবাংলা হইতে মাছের চারা বিদেশে চালান দেওয়া হইতেছে; এবং

(খ) সত্য হইলে,

(১) কোন্ সাল হইতে,

(২) কোন্ কোন্ দেশে, এবং

(৩) কি পরিমাণে?

The Minister for Fisheries:

(ক) এরূপ কোন তথ্য জানা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

Deep tubewells in Contai subdivision, Midnapore

819. (Admitted question No. 1886.) **Shri Hrishikesh Chakraborty:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if any deep tubewell has been sanctioned for the Contai subdivision in the Midnapore district for the improvement of agriculture during the current financial year;

(b) if so, the number and locations of those tubewells; and

(c) when they are going to be installed?

The Minister of State for Agriculture and Community Development: (a), (b) and (c) Against the target for sinking 100 deep tubewells in the district of Midnapore during the remaining period of the Third Five-Year Plan, 49 sites have so far been selected by the District Site Selection Committee. None of the sites selected so far is, however, in the Contai subdivision. If any site/sites in Contai subdivision are selected by the said Committee for the remaining number of the targetted tubewell in the district, drilling may commence after the next monsoon. However, there has been already one exploratory deep tubewell at Egra in Contai subdivision.

Municipalities in Midnapore District

820. (Admitted question No. 1896.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কয়টি মিউনিসিপ্যালিটি আছে? উহাদের প্রত্যেকের লোকসংখ্যা ও ভোটার সংখ্যা কত;

(খ) উহাদের কোন্ কোন্‌টির নির্বাচন কতদিন পূর্বে অনুষ্ঠিত হইয়াছে;

(গ) বয়স্ক ব্যক্তির ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচনের জন্য কোন্ কোন্ পৌরসভার নির্বাচনী কেন্দ্রগুলির পুনর্বিন্যাস করা হইয়াছে; এবং

(ঘ) এই জেলায় আর কোথাও নূতন পৌরসভা স্থাপন করার প্রস্তাব আছে কি না?

The Minister for Local Self-Government:

(ক) মিউনিসিপ্যালিটির নাম	লোকসংখ্যা	ভোটার সংখ্যা
মেদিনীপুর	৫৯,২৫৮	৩৬,০৮৯
খড়্গপুর	৬১,৬৭২	৩৪,৮২৭
তমলুক	১৮,০২০	৯,৭৫৫
কাঁথি	২২,০৫৪	৯,৮২৪
ঘাটাল	২১,০৮৯	১১,৫৫৪
চন্দ্রকোণা	৭,৪৩৩	৩,৭৫৪
রামজীবনপুর	৭,৬৩৪	৪,৫০১
খড়ার	৫,৯২১	৩,৮৪৩
ক্ষীরপাই	৫,৭৯৭	২,৭০৯

(খ) মিউনিসিপ্যালিটির নাম ও নির্বাচনের তারিখ—

মেদিনীপুর—৯ই ফেব্রুয়ারি, ১৯৬৪।

খড়্গপুর—১৯এ জানুয়ারি, ১৯৬৪।

তমলুক—৩রা ফেব্রুয়ারি, ১৯৬০।

কাঁথি—২১এ ফেব্রুয়ারি, ১৯৬৫।

ঘাটাল—২রা জানুয়ারি, ১৯৬৪।

চন্দ্রকোণা—৩০এ ডিসেম্বর, ১৯৬৩।

রামজীবনপুর—৩রা মার্চ, ১৯৫৯।

খড়ার—১৮ই ফেব্রুয়ারি, ১৯৬১।

ক্ষীরপাই—২৮এ ডিসেম্বর, ১৯৬৩।

(গ) তমলুক পৌরসভা বাদে অন্য সব মিউনিসিপ্যালিটির নির্বাচনী কেন্দ্রগুলির পুনর্বিন্যাস বয়স্ক ব্যক্তির ভোটাধিকারের ভিত্তিতে করা হইয়াছে।

(ঘ) না।

State Hospitals in Asansole Subdivision

821. (Admitted question No. 1943.)

শ্রীবিজয় পাল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) আসানসোল মহকুমায় মোট সরকারী হাসপাতালের সংখ্যা কত;

(ক) এক একটি হাসপাতালের বেডের সংখ্যা কত;

(খ) নির্দিষ্ট বেড অপেক্ষা গড়ে কতজন অতিরিক্ত রোগীকে একটি হাসপাতালে ভর্তি করা হইয়া থাকে;

(২) উক্ত এক একটি হাসপাতালে ডাক্তার ও নার্সের সংখ্যা কত;

(ক) তাহার মধ্যে মহিলা ও পুরুষ নার্সের সংখ্যা কত;

(খ) এক একজন ডাক্তার ও নার্সের উপর কতজন রোগীকে দেখার দায়িত্ব দেওয়া হইয়া থাকে;

(গ) দৈনিক কত ঘণ্টা করিয়া ডাক্তার ও নার্সদের ডিউটি করিতে হয়;

(ঘ) অতিরিক্ত কাজের জন্য নার্স ও ডাক্তারদের ওভার-টাইম-এর বেতন দেওয়া হয় কি;

(ঙ) একজন রোগীকে প্রতিদিন যে খাদ্যদ্রব্য দেওয়া হয় তাহার মূল্য কত;

(চ) দুরারোগ্য গরীব রোগীদের জন্য ইনজেকসন ও পেটেন্ট ঔষধ দেওয়া হয় কি;

(৩) আসানসোল এল এম হাসপাতালে বাৎসরিক খরচ কত;

(ক) তাহার মধ্যে ডাক্তার, নার্স ও স্টাফ বাবদে কত খরচ করা হয়;

(খ) রোগীদের ঔষধ বাবত কত খরচ হয়; এবং

(গ) রোগীদের খাদ্যদ্রব্য সরবরাহের জন্য কি খরচ হয়?

The Minister for Health:

(১) ৪টি।

(ক) হাসপাতাল		শয্যাসংখ্যা
(১) আসানসোল মহকুমা হাসপাতাল	...	৭৪
(২) বরাকর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র	...	১০
(৩) রাণীগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র	...	২০
(৪) ইছাপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র	...	৪

(খ) আসানসোল মহকুমা হাসপাতালে দৈনিক গড়ে ১৪।১৫ জন অতিরিক্ত রোগী থাকে। স্বাস্থ্যকেন্দ্রগুলিতে সাধারণতঃ কোন অতিরিক্ত রোগী থাকে না।

(২) (ক)

হাসপাতাল	ডাক্তার	নার্সের সংখ্যা	
		পুরুষ	মহিলা
(১) আসানসোল মহকুমা হাসপাতাল	১১ অ	৭	১২
(২) বরাকর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র	২	..	৩
(৩) রাণীগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র	৩	..	৪
(৪) ইছাপুর উপ- স্বাস্থ্য কেন্দ্র	১	..	১

(অ) ৩ জন অবৈতনিক সহ।

(খ) সাধারণতঃ এক একজন ডাক্তারের উপর ১৫ জন রোগীর এবং এক একজন নার্সের উপর পাঁচজন রোগীর দায়িত্ব দেওয়া হয়।

(গ) ৮ ঘণ্টা।

(ঘ) না।

(ঙ) গড়ে ১·৫০ পয়সা। ১লা এপ্রিল ১৯৬৫ হইতে এই হার বৃদ্ধি করিয়া ১·৭৫ পয়সা করা হইবে।

(চ) ইনজেকসন এবং তালিকাভুক্ত সকল ঔষধ দেওয়া হয়।

(৩) প্রায় দেড় লক্ষ টাকা।

(ক) প্রায় ষাট হাজার টাকা।

(খ) প্রায় উনিশ হাজার টাকা।

(গ) প্রায় তেতাল্লিশ হাজার টাকা।

T.B. patients in Gajole and Old Malda police-stations, Malda

822. (Admitted question No. 1991.)

শ্রীকমলকৃষ্ণ রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত চার বছরে মালদহ জেলার গাজোল ও ওল্ড মালদহ থানা হইতে জেলার সরকারী ও বেসরকারী বিভিন্ন হাসপাতালে কতগুলি যক্ষ্মাগ্রস্ত রোগী চিকিৎসিত হইয়াছেন;

(খ) উক্ত চিকিৎসিত রোগীদের মধ্যে তপশীল উপজাতি ও তপশীলভুক্ত জাতির সংখ্যা কত;

(গ) উক্ত চিকিৎসিত রোগীদের মধ্যে কতজন মারা গিয়াছেন ও কতজন আরোগ্য লাভ করিয়াছেন; এবং

(ঘ) মৃত ব্যক্তিদের মধ্যে তপশীল উপজাতি ও তপশীল জাতির সংখ্যা কত?

The Minister for Health:

(ক) মাত্র পাঁচজন যক্ষ্মাগ্রস্ত হাসপাতালের অন্তর্বিভাগে চিকিৎসিত হইয়াছেন।

ঐ জেলায় যক্ষ্মারোগী চিকিৎসার জন্য কোন বেসরকারী হাসপাতাল নাই।

(খ) উক্ত রোগীর জন্য একজন তপশীলভুক্ত জাতির এবং তপশীলভুক্ত উপজাতির কেহ নহেন।

(গ) মৃতের সংখ্যা এক ও চারজন এখনও চিকিৎসিত হইতেছেন।

(ঘ) মৃত ব্যক্তি তপশীলভুক্ত জাতির ও উপজাতির নহেন।

Rural water-supply in Asansol subdivision

823. (Admitted question No. 2004.)

শ্রীবিজয় পাল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার গ্রামাঞ্চলে পানীয় জলের জন্য কি ব্যবস্থা আছে;

(খ) সরকার কি অবগত আছেন যে, গ্রীষ্মকালে এই মহকুমার গ্রামাঞ্চলে খুব জলকষ্ট হয়: এবং

(গ) অবগত থাকিলে, এই ব্যবস্থা দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Health:

(ক) ৯৭৭টি কূপ চালু অবস্থায় আছে।

(খ) হ্যাঁ, আছেন।

(গ) উক্ত এলাকা নলকূপ খননের উপযোগী নয়। ভূ-নিম্নস্থ কঠিন পাথরের জন্য সর্বত্র কূপ খননও সম্ভব হয় না, এবং বহু ব্যয়ে যেগুলি খনন করা হয় তাহাও গ্রীষ্মকালে শুকাইয়া যায়। সরকারের আর্থিক সংগতি সাপেক্ষ প্রতি বৎসরই রুর‍্যাল ওয়াটার-সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে কিছু কূপ খনন ও পুনর্খনন করা হয়। এ বৎসর (১৯৬৪-৬৫) ঐ মহকুমায় ৫৫টি কূপ খনন মঞ্জুর করা হইয়াছে। ইহাদের কাজ শীঘ্রই আরম্ভ হইবে। ইহা ছাড়া পূর্বে মঞ্জুরীকৃত ১৮টি কূপ খননের কাজও এই বৎসর সমাপ্ত হইবে। এতদ্ব্যতীত রানীগঞ্জ কয়লা খনি অঞ্চলে পাইপড ওয়াটার সরবরাহের জন্য একটি বড় পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের সহিত পরামর্শক্রমে প্রস্তুত করা হইতেছে। আশা করা যায় এই পরিকল্পনাটি রূপায়িত হইলে ঐ অঞ্চলের জলকষ্ট দূরীভূত হইবে।

State Hospitals in Midnapore district

824. (Admitted question No. 2018.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিভিন্ন সরকারী হাসপাতালে কতগুলি করিয়া শয্যা আছে;

(খ) উহাদের মধ্যে কতগুলিতে কোন পয়সা লাগে না (ফ্রি বেড); এবং

(গ) উক্ত বিভিন্ন হাসপাতালে যেসকল শয্যার জন্য টাকা দিতে হয় তাহাদের হার কি (পেইং বেড)?

The Minister for Health:

(ক) ও (খ) একটি তালিকা টেবিলে সন্নিবেশিত করা হইল।

(গ) জেলা ও মহকুমা হাসপাতালে

কেবিন প্রতি দৈনিক—৫ টাকা।

পেইং বেড প্রতি দৈনিক—২ টাকা।

ডিগ্রি স্যানাটোরিয়ামে

কেবিন প্রতি দৈনিক—৫ টাকা।

পেইং বেড প্রতি দৈনিক—৩ টাকা।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of **unstarred** question No. 824.

হাসপাতাল, মোট শয্যা সংখ্যা এবং ব্যয়শূন্য (ফ্রি) শয্যা সংখ্যা

১। মেদিনীপুর জেলা হাসপাতাল—৩০০, ২৭৪।

২। তমলুক মহকুমা হাসপাতাল—৬৮, ৬৪।

৩। কাঁথি মহকুমা হাসপাতাল—৪৪, ৪৪।

৪। ঝাড়গ্রাম মহকুমা হাসপাতাল—৬৮, ৬৪।

৫। ঘাটাল মহকুমা হাসপাতাল—১১, ১১।

৬। এম আর বাঙ্গুর স্যানাটোরিয়াম, ডিগ্রি—৩১৭, ১৪৫।

Tube-wells in Midnapore district

825. (Admitted question No. 2022.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ থানায় কতগুলি অকেজো নলকূপ আছে; এবং

(খ) ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কতগুলি পুনর্খননে ব্যবস্থা হইয়াছে?

The Minister for Health:

(ক) এতদসংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(খ) ১৯৬৩-৬৪ সালের রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এ মোট ২১৬টি নলকূপ পুনর্খনন মঞ্জুর করা হইয়াছিল। তন্মধ্যে ১৫৮টির কাজ সমাপ্ত হইয়াছে এবং পাঁচটির কাজ চলিতেছে উক্ত প্রোগ্রাম-এর বাকি ৫৩টি নলকূপ সহ ১৯৬৪-৬৫ সালের এ পর্যন্ত মঞ্জুরীকৃত ১১০টি নলকূপ পুনর্খননের কাজ শীঘ্রই আরম্ভ হইবে।

Statement referred to in reply to unstarred question No. 825.

Statement showing number of derelict tube-wells and number of resinking sanctioned in each thana, district Midnapore.

Name of police-station and No. of derelict tube-wells.

Contai—67
Egra—70
Pataspur—31
Bhagwanpore—38
Ramnagar—61
Khejuri—41
Tamluk—60
Mohisadal—48
Sutahata—25
Moyna—35
Panskura—78
Nandigram—172
Midnapore—63
Kharagpur—42
Narayangarh—29
Dantan—24
Mohonpur—18
Salboni—19
Garbetta—26
Debra—19
Sabong 42
Pingla—70
Keshiary—32
Keshpur—44
Jhargram—2
Ghatal—152
Daspur—160
Chandrakona—88

Refugee families in Asansol subdivision

826. (Admitted question No. 2033.)

শ্রীবিজয় পালঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বর্তমানে আসানসোল মহকুমায় মোট কত বাস্তুহারা পরিবার রহিয়াছেন;

(২) মহকুমার মধ্যে মোট কত বাস্তুহারাকে পুনর্বাসন দেওয়া হইয়াছে এবং তাঁহাদের মধ্যে কত ঘর চাষী পরিবার ও কত ঘর অ-চাষী পরিবার; এবং

(৩) আজ পর্যন্ত মোট কত জন বাস্তুহারাকে মহকুমার বিভিন্ন শিল্পে চাকরি দেওয়া হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(১) অনধিক ৪,০০০।

(২) পুনর্বাসিতের পরিবার সংখ্যা ৩,০২৮; এবং তাঁহাদের মধ্যে ৬০টি পরিবার কৃষিজীবী এবং বাকি ২,৯৬৮টি পরিবার অ-কৃষিজীবী;

(৩) মহকুমাস্থ বিভিন্ন শিল্পে প্রায় ২,৫০০ জন উদ্বাস্তুর কর্ম সংস্থান হইয়াছে।

Chhota Salbari Subsidiary Health Centre in Cooch Behar district

827. (Admitted question No. 2114.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ছোট শালবাড়ী হেল্‌থ সেন্টারে ১৯৬৪ সালে রোগীর সংখ্যা কত ছিল;

(খ) ঐ বছর মোট কত টাকার ঔষধ এই কেন্দ্র পায়;

(গ) একথা কি সত্য যে, কারমিনেটিভ মিক্সচার, ডেটল এবং আইওডিন বেশির ভাগ সময় এই স্বাস্থ্য কেন্দ্রে থাকে না; এবং

(ঘ) স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ঔষধ বেশি পরিমাণে সরবরাহ বিষয়ে সরকার কোন ব্যবস্থা অবলম্বনের কথা ভাবছেন কি না?

The Minister for Health:

(ক) ও (খ) প্রশ্ন উঠে না; কারণ স্বাস্থ্য কেন্দ্রটি চলতি বৎসরের জানুয়ারি মাস হইতে চালু হইয়াছে।

(গ) সত্য নহে।

(ঘ) এ বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

Protection from Hooghly River erosion at Khardah, 24-Parganas

828. (Admitted question No. 2131.)

শ্রীগোপাল ব্যানার্জীঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনা জেলার খড়দহের বাবুঘাট হইতে পরামাণিক ঘাট পর্যন্ত হুগলি নদীর পূর্বতীরে ভাঙ্গন রোধের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না;

(খ) পরিকল্পনা থাকিলে তাহার কতখানি এ পর্যন্ত কার্যকরী হইয়াছে; এবং

(গ) বাকি কাজ কবে শেষ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক), খ) ও (গ) হ্যাঁ। পরামাণিক ঘাট হইতে কুমারপাড়া ঘাটের উজানের দিকে কিছু অংশ পর্যন্ত নদীর তীর ভাঙ্গন হইতে প্রতিরোধের একটি প্রকল্প ১৯৬৩ সনে কার্যকরী করা হইয়াছে। কুমারপাড়া ঘাটের উজানের দিকে কিছুদূর হইতে নাথপালঘাট পর্যন্ত নদীর তীর ভাঙ্গন হইতে প্রতিরোধের জন্য একটি প্রকল্প প্রস্তুত হইতেছে। ইহা কার্যকরী করার জন্য কবে গ্রহণ করা হইবে এখন বলা সম্ভব নহে। নাথপালঘাট হইতে শ্যামসুন্দর ঘাট পর্যন্ত নদীর তীর ভাঙ্গন হইতে প্রতিরোধের প্রকল্পটি ইতিপূর্বেই ১৯৬০-৬১ সালে কার্যকরী করা হইয়াছে। শ্যামসুন্দর ঘাট হইতে বাবুঘাট পর্যন্ত নদীর তীর ভাঙ্গন হইতে প্রতিরোধের প্রস্তাবটি বর্তমানে বিবেচনাধীন আছে। ইহা কবে কার্যকরী করা হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

Government employees in Howrah district

829. (Admitted question No. 2133.) **Shri Tarapada Dey:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) what is the number of Government employees in the district of Howrah;

(b) how many of them are Gazetted Officer and how many of them belong to other categories, viz., Class III and Class IV staff;

(c) how many of them are engaged in N.E.S. or C.D. Blocks;

(d) how many of the employees of the district are permanent and how many are temporary; and

(e) how many temporary hands have been working for ten years?

The Minister for Finance: (a) According to the information available up to 20th March 1965 the number of Government employees in the district of Howrah is 6,784.

(b) Of these the number of Gazetted, Class III and Class IV staff are shown below:—

(1) Gazetted—261.

(2) Class III staff—2,783.

(3) Class IV staff—3,740.

(c) The number of employees engaged in N.E.S. or C.D. Blocks is 1,579.

(d) The number of permanent and temporary Government Servants are as follows:

(i) Permanent—3,696.

(ii) Temporary—3,088.

(e) The number of temporary hands serving for ten years is 611.

Niga Airport—Chittaranjan Road

830. (Admitted question No. 2154.)

শ্রীবিজয় পাল: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোলের সন্নিকট নিগা বিমান বন্দরের উত্তর দিক জি টি রোড হইতে যে নূতন রাস্তাটি চিত্তরঞ্জনে লইয়া যাওয়া হইতেছে, সেই রাস্তাটির নির্মাণকার্য কতদিনের মধ্যে সম্পূর্ণ হইবে;

(খ) উক্ত রাস্তার জন্য মোট কত জমি সংগ্রহ করা হইয়াছিল;

(গ) যাহাদের জমি লওয়া হইয়াছে তাহাদের সংখ্যায় কত;

(ঘ) তাহাদের ক্ষতিপূরণ কি দেওয়া হইয়াছে; এবং

(ঙ) ঐ রাস্তাটি নির্মাণ করিতে মোট কত টাকা ব্যয় হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) ১৯৬৮ সালের মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

(খ) এখনও ভূমি গ্রহণের নকশা প্রস্তুত করা হয় নাই; সুতরাং জমির পরিমাণ এখন বলা সম্ভব নয়।

(গ) এবং (ঘ) এ প্রশ্ন এখন উঠে না।

(ঙ) প্রায় ৫০ লক্ষ টাকা।

Keleghai River Flood, Midnapore

831. (Admitted question No. 2198.)

শ্রীঅনঙ্গমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেলেঘাই নদীর বন্যায় মেদিনীপুর জেলায় পটাশপুর, ভগবানপুর, সবং এবং ময়না থানায় কিয়দংশ প্রায়ই ক্ষতিগ্রস্ত হয়; এবং

(খ) উক্ত বিষয়ে স্থায়ী প্রতিকারের জন্য কোন পরিকল্পনা সরকার প্রস্তুত করিয়াছেন কি এবং করিয়া থাকিলে উহা কি নাগাদ কার্যকরী হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ। কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়।

(খ) বন্যা নিয়ন্ত্রণ কমিটির সুপারিশ অনুযায়ী বন্যা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে উপযুক্ত প্রকল্প প্রস্তুত করিবার জন্য জরীপ ও অনুসন্ধান কার্য গ্রহণ করা হইয়াছে এবং এই কাজ এখনও চলিতেছে। প্রকল্প কবে কার্যকরী হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

Government vested Jalkars in Midnapore district

832. (Admitted question No. 2201.)

শ্রীঅনঙ্গমোহন দাস: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ জলকর সরকারের হাতে ন্যস্ত;

(খ) এই সকল জলকর হইতে বৎসরে কত করিয়া মৎস্য উৎপাদন হয়; এবং

(গ) এই সকল জলকর অন্যকে বন্দোবস্ত দেওয়া আছে না সরকারী তত্ত্বাবধানে মৎস্য উৎপাদন করা হয়?

The Minister for Fisheries:

(ক) মেদিনীপুর জেলার মোট ১৩;৪৭ একর পরিমাণ জলকর সরকারের উপর ন্যস্ত; উহার মধ্যে নিম্নবর্ণিত জলকরসমূহ মৎস্য দপ্তরের অধীন আছে—

(১) জুনপুট—৫৭০ বিঘা।

(২) আলমপুর—১,৫৯১ বিঘা।

(৩) পলাসী—২২ বিঘা।

মোট—২,১৮৩ বিঘা।

(খ) মৎস্য বিভাগের অধীনে যেসমস্ত জলকর আছে, সেগুলি হইতে বৎসরে আনুমানিক ৬,০০০ মণ মৎস্য উৎপন্ন হয়।

(গ) উপরি-উক্ত জলকরগুলি হইতে মৎস্য উৎপাদন মৎস্য বিভাগের প্রত্যক্ষ তত্ত্বাবধানে হইয়া থাকে।

উক্ত জলকরগুলি ছাড়া সরকারের অধীনে অন্যান্য জলকর সম্বন্ধে তথ্যাবলী জানা যায় নাই। উহা সংগ্রহ করা হইতেছে।

Cinema Houses

833. (Admitted question No. 815.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসর পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কয়টি এবং কোথায় কোথায় (১) স্থায়ী এবং (২) অস্থায়ী সিনেমা হাউস চালাইবার অনুমতি সরকার দিয়াছেন;

(খ) বর্তমানে কোথায় কোথায় কয়টি স্থায়ী সিনেমা হাউস চালাইবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে;

(গ) উক্ত কোন্ স্থানের জন্য কয়জন দরখাস্ত করিয়াছেন; এবং

(ঘ) কি বিষয় বিবেচনা করিয়া সরকার উক্ত লাইসেন্স মঞ্জুর করেন?

The Minister for Home (Political):

(ক), (খ), (গ) ও (ঘ) এ সম্পর্কে একটি বিবৃতি লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Egra, Paniparul and Satmail Health Centres, Midnapore

834. (Admitted question No. 1882.)

শ্রীহৃষীকেশ চক্রবর্তী: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা স্বাস্থ্যকেন্দ্র ও পানিপারুল ও সাতমাইল স্বাস্থ্যকেন্দ্রে বর্তমান কোন্ কোন্ পদে কতজন কর্মচারী নিযুক্ত আছেন;

(খ) তাঁহাদের মাসিক বেতন ও ভাতা বাবতে কাহার জন্য কত ব্যয় হয়;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কোথায় কত বেড নির্দিষ্ট আছে ও সাধারণত কত রোগী থাকে;

(ঘ) ইহাদের মাথাপিছু পথ্য বাবতে কত টাকা নির্দিষ্ট আছে;

(ঙ) প্রয়োজনবোধে এই নির্দিষ্ট হার অপেক্ষা বেশি পথ্য দিবার কোনও অধিকার চিকিৎসকের আছে কিনা; এবং

(চ) এই স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বহির্বিভাগে গত এক বছরে গড়ে দৈনিক কত রোগী চিকিৎসিত হইয়াছে?

The Minister for Health:

(ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) এগরায় ৫০টি, পানিপারুল ৪টি এবং সাতমাইল এ জি হাসপাতালে ৩০টি শয্যা আছে।

গড়ে অন্তর্বিভাগে রোগীর সংখ্যা

এগরা	...	...	...	৪২·৫ জন।
পানিপারুল	...	...	...	৩·৫ জন।
সাতমাইল	...	...	...	১১·৭ জন।

(ঘ) দৈনিক এক টাকা পঞ্চাশ পয়সা।

(ঙ) না।

(চ) এগরায় ১৪০টি, পানিপারুলে ১৪৫টি এবং সাতমাইলে ১৫০টি।

Co-operative Societies in Murshidabad district

835. (Admitted qoestion No. 1978.)

শ্রীসনৎকুমার রাহা: গত ৩রা মার্চ, ১৯৬৫ তারিখের অতারকিত ৪০৬ নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ৯৪৩) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে, ছয়টি সমিতিকে সরকার হইতে টাকা দেওয়া হইয়াছিল, সেই সমিতিগুলির নাম ও সমিতির সদস্যগণের নাম কি?

The Minister for Co-operation:

সমিতিগুলির নাম নিম্নে দেওয়া হইল:

(১) মনীন্দ্রনগর কো-অপারেটিভ কটন ম্যানুফ্যাকচারার্স সোসাইটি লিঃ।

(২) মহানন্দী ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি লিঃ।

(৩) লক্ষ্মীনাথপুর বাজিতপুর কঙ্কশেল ওয়ার্কার্স কো-অপারেটিভ মাল্টিপারপাস সোসাইটি লিঃ।

(৪) মালগু সর্বার্থ সাধক সমবায় সমিতি লিঃ।

(৫) এরোয়ালী ইউনিয়ন কো-অপারেটিভ মাল্টিপার্পাস সোসাইটি লিঃ।

(৬) কো-অপারেটিভ মাল্টিপার্পাস অ্যান্ড মার্কেটিং সোসাইটি লিঃ, দক্ষিণ খণ্ড।

এই সমিতিগুলির সদস্যগণের নামের একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Supply of electricity in Asansol subdivision

836. (Admitted question No. 2142.)

শ্রীবিজয় পাল: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্টেট ইলেকট্রিসিটি বোর্ড হইতে কি পরিমাণ পাওয়ার কি রেটে আসানসোল মহকুমা তথা বর্ধমান জেলায় কোন্ কোন্ কোম্পানীগুলিকে সরবরাহ করা হইয়া থাকে;

(খ) ইহা কি সত্য যে, জে কে নগরের (আসানসোল মহকুমায় অবস্থিত) অ্যালুমিনিয়াম কর্পোরেশনকে বিশেষ সুবিধা দরে পাওয়ার সরবরাহ করা হয়; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Commerce and Industries:

(ক) বর্ধমান জেলার মোট ৭২টি বিভিন্ন কোম্পানীকে (তন্মধ্যে প্রথম ৩৯টি আসানসোল মহকুমায় অবস্থিত) স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কি পরিমাণ বিদ্যুৎ কি দরে সরবরাহ করে তাহার বিবরণ বিধানসভার লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(খ) হ্যাঁ।

(গ) সুবিধা দরে বিদ্যুৎ সরবরাহ করা না হইলে এই শিল্প প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গে স্থাপিত হইত না এবং ইহা এই রাজ্যের স্বার্থের পরিপন্থী হইত।

Registered Consumers' Co-operative Societies in Hooghly district

837. (Admitted question No. 2074.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state how many registered Consumers' Co-operative Societies there are in the Hooghly district showing names and addresses of each?

The Minister for Co-operation: 100.

A list showing names and addresses of the societies is placed on the library table.

Point of Privilege

শ্রীগিরিজাভূষণ মুখার্জী: আমি একটা পয়েন্ট রেইজ করছি সেটা হচ্ছে যে ২০০৬ নং প্রশ্নের উত্তরে মন্ত্রিমহাশয় যা বলেছেন সেই সম্বন্ধেই বলছি। আমার প্রশ্ন ছিল যে ভারত সরকার বার্মা শেলকে ইলেকট্রনিক কম্পুটর-এর পারমিশন দিয়েছেন কিনা? বার্মা শেল কোম্পানীতে এনকোয়ারী করলে এটা জানা যাবে যে তিনি এর উত্তর দিয়েছেন সেটা ঠিক কিনা? প্রশ্নে যা ছিল যে ডিসেম্বরএ এ ধরনের কোন চিঠি গিয়েছে কিনা তাতে তিনি বললেন যে কোন

নির্দেশ পাইনি। আমি বলছি যে ভারত সরকার নিশ্চয়ই এ ধরনের নির্দেশ দিয়েছেন এবং সে নির্দেশ আপনারা পেয়েছেন কিনা? আমি জানি যে ডেপুটি লেবার কমিশনার শ্রী এইচ, এন, ঘোষ ২১-১-৬৫ তারিখে বার্মা শেল কোম্পানীকে এই চিঠি দিয়েছেন। সুতরাং আমার প্রশ্নের জবাবে আমি যেটা জানতে চেয়েছিলাম যে ক্যাটেগোরিক্যালি সেটার সম্বন্ধে বাজে আপনি অপলাপ করেছেন এবং হাউস-এর মর্যাদা ক্ষুণ্ণ করেছেন। সেইজন্য আমি বলছি যে

India Government is pressing hard for this report. Please send it as early as possible.

আপনি যে করেসপনডেন্স-এর কথা এখানে বললেন না। এতে হাউসএ প্রিভিলেজ ভঙ্গ হয়েছে বলে মনে করি এবং আমি চাই যে এটা প্রিভিলেজ কমিটিতে যাক।

শ্রীবিজয় সিংহ নাহার: আমি এটুকু বলতে পারি যে আপনি যদি ফাইল দেখতে চান তাও আপনাকে দেখাতে পারি। আপনার প্রশ্নের জবাবে যা বলেছি সে কথার কোন নির্দেশ এখনও আসেনি।

মিঃ স্পীকার: আমি এ সম্বন্ধে আপনাদের অনেকবার বলেছি এবং লোকসভাতেও এ সম্বন্ধে আলোচনা হয়েছে। ঠিক এ ধরনের কোশ্চেনের উপর এনসারের প্রিভিলেজ আসে না যদিও আশা করা যায় যে কোশ্চেনের এনসার কারেকট টু দি নলেজ অফ দি মিনিষ্টারস, টু দি নলেজ অফ দি ডিপার্টমেন্ট, শুড বি গিভেন। তার মধ্যে যদি ভুল থাকে তাহলে দে ক্যান অলওয়েজ বি রেকটিফাইড অর করেকটেড। আপনারা সেটা রেফার করতে পারেন। আপনারা এখানে একটা কাগজ দিয়ে দেন, আপনাদের নিশ্চয়ই রাইট আছে বলবার এবং বলতে পারেন, এই একটা কপি পেয়েছি আপনি এটাকে এক্সপ্লেন করে দেবেন কি? লেট ইট কাম টু দি নলেজ অফ অল। নট দ্যাট যে একটা ভুল হয়েছে বলেই প্রিভিলেজ আসে—আর আপনি যেটা দিয়েছেন আপনি হাউসে সেটা রেফার করতে পারেন এবং বলতে পারেন আপনি যেটা বলেছেন আর যেটা নাকি একটা চিঠি রয়েছে তার সঙ্গে আপনি রিকনসাইল করে দিন।

[2-10—2-20 p.m.]

Shri Haridas Chakravarty:

মিষ্টার স্পীকার স্যার, প্রিভিলেজ মোশন যেটা গিরিজা মুখার্জী মহাশয় তুলেছেন, আমি সে সম্পর্কে আপনার পারমিশন নিয়ে কিছু বলছি। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। দিন দশেক আগে ঠিক ওই রকম ধরনের একটা প্রশ্ন তাঁকে করা হয়েছিল, তখনও তিনি বলেছিলেন ওরকম কিছু জানা নেই, এ প্রশ্ন উঠে না। অথচ বার্মাশেলের কোলকাতার অফিসের প্রত্যেকটি কর্মচারীকে বলা হচ্ছে যে তোমাদের কাউকে ২০ হাজার কাউকে ২৫ হাজার টাকা দিচ্ছি তোমরা ভলানটারি রিটায়ারমেন্ট হয়ে চলে যাও। তার প্রধান কারণ হচ্ছে ইলেকট্রনিক কম্পুটার এসে গেছে এবং বোম্বেতে ইতিমধ্যেই তাঁরা ইনস্টলেশন করবার চেষ্টা করছেন।

Mr. Speaker:

আপনি প্রিভিলেজ পয়েন্টটা বলুন।

Shri Haridas Chakravarty:

আমার প্রিভিলেজ পয়েন্টটা হচ্ছে এই যে, মাননীয় শ্রমমন্ত্রীকে——

Mr. Speaker:

এটা আপনার প্রিভিলেজ পয়েন্ট নয়।

It has been decided not only in this House but in other Houses also that—যদি ইনকরেকট রিপ্লাই হয়, দ্যাট ক্যান অলওয়েজ বি করেকটেড। তাতে প্রিভিলেজ পয়েন্ট হয় না। সেটা মিষ্টার মুখার্জীকে বলেছি।

Shri Haridas Chakravarty:

ইনকরেক্টটা উনি ডেলিবারেটলি চেপে যাচ্ছেন।

Mr. Speaker:

সেই চিঠিটা যা উনি পেয়েছেন সেটা ইম্মিডিয়েটলি প্লেস করে দিয়েছেন।

Shri Haridas Chakravarty:

আমরা সেকথা বলিনি। আমাদের কথা হচ্ছে, আপনি সে ধরনের কোন ইন্সট্রাকসন পেয়েছেন কিনা? আপনি বলছেন না, এরকম কিছু পাইনি। অথচ লেবার ডিপার্টমেন্ট লিখছেন, ইন্ডিয়া গভর্নমেন্ট প্রেসিং হার্ড, এ সম্পর্কে তোমরা তাড়াতাড়ি রিপোর্ট পাঠাও।

Shri Bijoy Singh Nahar:

আপনারা একটা ভুল ধারণা নিয়ে আছেন। কোন নির্দেশ আমাদের কাছে পাঠানো হয়নি। তাঁরা খবর জানতে চেয়েছিলেন যে এইসব কম্প্যুটর এখানে হয়েছে কিনা বা ছাঁটাই হয়েছে কিনা? আমরা জানতে চেয়েছিলাম কোম্পানীর কাছে। তাঁরা আমাদের জানিয়েছেন যে না এরকম কিছু হয়নি। এর মধ্যে কোন নির্দেশও নেই বা কোন ঘটনা চাপা দেবার ব্যবস্থাও নেই।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received two notices of Calling Attention—one from Shri Kashi Kanta Maitra on the death of two babies of coramine injection by a doctor in Churni area of Krishnagar and the other from Shri Bejoy Pal on accident in a Blast Furnance of the Indian Iron and Steel Company, Burnpur. I have selected the notice of Shri Kashi Kanta Maitra on the death of two babies of coramine injection by a doctor in Churni area of Krishnagar. The Hon'ble Minister may please make a statement today, if possible, or give a date for the same.

Shri Jagannath Kolay: On Monday next.

Disturbances in election meeting

Shri Nani Bhattacharjee:

মিস্টার স্পীকার স্যার, গতকাল আমি ১৪ নং ওয়ার্ডের নির্বাচনী সভায় গিয়েছিলাম। সেখানে দেখলাম কংগ্রেসপক্ষের প্রার্থী বাইরে থেকে কিছু গুন্ডা আমদানী করে মিটিংয়ে যিনি বক্তৃতা করছিলেন তাঁর উপর হামলা করেছেন এবং তাঁকে নানাভাবে অপমানিত করবার চেষ্টা করছেন। শ্রীনিখিল দাস মহাশয় সেই সভায় ছিলেন। বক্তৃতা দেবার পর তাঁকে ঘেরাও করা হয়। তাছাড়া শ্রীমতী ইলা মিত্র মহাশয়া সেই সভায় বক্তৃতা দেবার পর যখন মুরারীপুকুর অঞ্চলের দিকে মিটিংএর দিকে যাচ্ছিলেন, তখন তাঁকে ঘেরাও করা হয় এবং নানাভাবে অসম্মান করা হয়। এমনকি তাঁর কাপড় ধরেও টানা হয়। তারপর পাড়ার ছেলেরা বেরিয়ে এসে তাঁকে কর্ডন করে ট্যাক্সিতে তুলে দেয়। আমি যখন বক্তৃতা দিতে উঠি তখন সেই সমস্ত গুন্ডারা নানাভাবে গন্ডগোল করবার চেষ্টা করে। এরকম অবস্থা চলছে। ঠিক তেমনি ৪৯ নং যেখানে সুধাংশু মিত্র মহাশয় সংযুক্ত নাগরিক সমিতির প্রার্থী, সেখানে কংগ্রেস দলের লোকেরা তাঁর স্বেচ্ছাসেবকদের মারধোর করে। এর আগে বিশেষ করে ১৪ নং ওয়ার্ডের বিষয়ে সেখানে জ্যোতিবাবু, ইলা মিত্র, নিখিল দাস মহাশয় একটা ঘটনা ঘটায় চীফ মিনিস্টার মহাশয়ের সঙ্গে আলাপ করে একটা চিঠি দিয়েছিলেন। তার উত্তর জ্যোতিবাবুকে চীফ মিনিস্টার লেখেন যে, না, এরকম ধরনের ঘটনা যাতে না ঘটে তার জন্য তিনি ব্যবস্থা করবেন। কিন্তু তার পরেও এগুলি ঘটেছে এবং ঘটছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই ঘটনার দিকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের যেমন দৃষ্টি আকর্ষণ করছি তেমনি তাঁর কাছে জানতে চাচ্ছি, রবিবারের এই নির্বাচন তাঁরা শান্তিপূর্ণভাবে গণতান্ত্রিক উপায়ে হতে দেবেন কিনা? আর যেসমস্ত গন্ডগোল হচ্ছে সেগুলি প্রতিরোধ করবার জন্য তাঁর দিক থেকে কোন ব্যবস্থা অবলম্বন করছেন কিনা? আশা করি তিনি এবিষয়ে কিছু বলবেন।

Firing on Pakistan border

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে সকালবেলা যা খবর পেয়েছি তাতে দেখেছি যে, কোচবিহার জেলার মেখলীগঞ্জ সীমান্তে এখনও গুলী বর্ষণ থামেনি। পাকিস্তান এখনও সেখানে গুলী চালিয়ে যাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কয়েকদিন ধরে এই হাউসে আশ্বাস দিচ্ছেন যে, অল্প গুলী, মৃদু গুলী, গুলী বন্ধ হবে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা যে, এই সরকারের কোন কথার পরোয়া না করে পাকিস্তান গুলী চালিয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে রয়েছেন, তাঁকে পরিষ্কারভাবে জিজ্ঞাসা করতে চাই যে, গুলী বন্ধ হবে কিনা? আর তা যদি না হয় তাহলে সীমান্ত রক্ষার জন্য তাঁরা কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

Disturbances in election meetings

Shrimati Ila Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুদিন আগে ১৪ নং ওয়ার্ডের উল্টোডাঙ্গায় নির্বাচনী সভায়...........

Mr. Speaker:

মিসেস মিত্র, মিঃ ভট্টাচার্য, যেটা বলেছেন সেটাই আপনি বলছেন তো?

শ্রীমতী ইলা মিত্র: হ্যাঁ, সেটাই বলছি।

Mr. Speaker:

তাহলে দুবার আর বলবার দরকার নেই।

Shrimati Ila Mitra:

হ্যাঁ, একটু বলবার দরকার আছে। কারণ মুখ্যমন্ত্রী——

Mr. Speaker: There has been some disturbance to which you are drawing attention. Attention has already been drawn to it. There is no need of drawing attention to it again.

এখানে এটা দুবার বলবার দরকার নেই। কারণ কমপ্লেনটা রেকর্ড করা হচ্ছে না। তবে একটা গোলমাল হয়েছে সেটার জন্য সব সময় অ্যাটেনসন ড্র করবেন।

Shri Jyoti Basu:

স্পীকার মহোদয়, আমরা জানি এটা পুলিশ দপ্তর নয়। সেভাবে কোন কমপ্লেইনট লজ করা হচ্ছে না। কিন্তু ব্যক্তিগতভাবে উনি সেখানে ইনভলভড ছিলেন। সেখানে কোন কংগ্রেসের ভলানটিয়ার যদি কোন মহিলার কাপড় ধরে টানে তাহলে আপনি বলতে পারেন যে, ল এ্যান্ড অর্ডার এর প্রশ্ন ওখানে গিয়ে করুন। কিন্তু এটা একটা নির্বাচনের পরিপ্রেক্ষিতে হচ্ছে এবং এই একই জায়গার কথা নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছিলাম। মুখ্যমন্ত্রী ইনভেসটিগেট করেছিলেন এবং আমাকে লিখেছিলেন যে, হ্যাঁ এরকম একটা ঘটনা ঘটেছিল। অতর্কিতে একটা ইট পড়েছিল। পুলিশ পরবর্তীকালে ব্যবস্থা অবলম্বন করেন। এটা ঠিক, কারণ আমরা সেখানে উপস্থিত ছিলাম। তাছাড়া উনি আমাকে একথাও বলেছিলেন যে, এতবড় একটা নির্বাচনে আমরা চাই না কোন অশান্তি হোক। আর কংগ্রেস পক্ষেরও অসুবিধা হবে যদি এরকম কিছু হয় আমাদের পক্ষ থেকে। কিন্তু তা বলার পরও সেই একই জায়গায়—অবশ্য ৪৯ নং ওয়ার্ডের কথা নতুন করে শুনলাম, সেই ১৪ নং ওয়ার্ডের যেখানের প্রার্থী শ্রীনরেন সেন, সেখানে বাগমারীতে এই জিনিস হচ্ছে। এখন গুণ্ডারা যদি মিটিংএর পরে একজন মহিলাকে ঘেরোয়া করে এইরকম অসভ্য ব্যবহার করেন তাহলে সেটা নিয়ে নিশ্চয় বলা দরকার। আর এটা নির্বাচনের পরিপ্রেক্ষিতে হচ্ছে বলেই বলছি। তা না হলে কে কোথায় গুণ্ডামি করছে তা নিয়ে এখানে সত্যই আলোচনা হতে পারে না। এটা আপনি জানেন—কারণ আপনিও অনেক জায়গায় নির্বাচন করেছেন, যদি এক জায়গায় হয় তাহলে আর এক জায়গায়ও হবে। এখন আমাদের পক্ষে অসুবিধাটা কি?

আমরা যদি প্রতিবাদ করতে যাই তাহলে তার আগেই আমাদের ধরে নিয়ে যাবে। এমনিতেই তো বিনা বিচারে আটক করে রেখেছেন। নির্বাচনটা যাতে শান্তিপূর্ণভাবে হয় সেইজন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে। মাত্র ২।৩ দিন বাকি আছে। আজও আমার কাছে খবর এসেছে কতকগুলো স্পেশাল জায়গায় তারা তৈরী হচ্ছেন মিটিং ভাঙ্গবার জন্য বা অন্য কিছু করবার জন্য। কিন্তু এসব জায়গায় কংগ্রেসেরও মিটিং হচ্ছে কেউতো ভাঙ্গতে যাচ্ছে না। এই তো আসবার সময় দেখলাম হরিশ পার্কে মুখ্যমন্ত্রী বক্তৃতা দিচ্ছেন। সেখানে কি কেউ যাবে মিটিং ভাঙ্গতে, না কেউ বলবে কেন মিটিং করছেন? মিটিং তো শোনার জন্যই, এইভাবেই তো নির্বাচন হয়। সেইজন্যই আমি বলছি কেন ওঁকে বলতে দিচ্ছেন না? তাঁরও হয়ত বিশেষ কিছু বলবার নেই। কিন্তু ওটা বলবেন না যে, এটা কমপ্লেইনট লজ করার জায়গা নয়।

Mr. Speaker:

অন্য জায়গার কথা হলে নিশ্চয়ই বলবেন। কিন্তু ঠিক একই জায়গার একই কথা যে ওনার কাপড় ধরে টানা হয়েছে বা ও'নাকে অসম্মান করা হয়েছে—যেটার সম্বন্ধে আগেই অ্যাটেনশন ড্র করা হয়েছে, সেটাই তিনি বলছিলেন। সেইজন্যই আমি বলেছি সেটা আর রিপিট করবার দরকার নেই। ন্যাচারালি আর এক জায়গায় যদি হয়—যেমন আপনি বললেন, সেগুলো আপনারা নিশ্চয়ই বলবেন। আমিও সেগুলো বলবার জন্য সব সময় স্কোপ দেবো।

[2-20—2-30 p.m.]

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় স্পীকার মহাশয়, আমি ব্যক্তিগতভাবে জিনিসটা বলছি না, এবং সেদিন এখানে এই এসেম্বলীতে কোন কথা বলিনি। আমি মুখ্যমন্ত্রীর ঘরে গিয়ে বলেছিলাম যে এই ধরণের ঘটনা ঘটছে। আমি আপনাকে বলছি যে আমি এগুলি এসেম্বলীতে তুলতে চাই না—আমি তাঁকে বললাম যে আপনি তো সবার উপরে রয়েছেন -আপনি এটার ব্যবস্থা করুন। তখন তিনি বলছিলেন যে এটা এসেম্বলীতে রেফারেন্স করার দরকার নেই। আমি নিশ্চয় দেখবো এবং এ সম্পর্কে জ্যোতিবাবু যেকথা বললেন—তিনি বলেছিলেন যদি এইরকম করে থাকেন সে তো কংগ্রেস পক্ষেরই ক্ষতি। খুব ভাল কথা, আমি আশা করি এইরকম ধরণের ফেয়ার ইলেকসন হবে। কিন্তু এইরকম ঘটনা যাতে পুনরাবৃত্তি না ঘটে সেইজন্য আমার বক্তব্য যদি মুখ্যমন্ত্রী এই সম্পর্কে কিছু বলেন তাহলে ভাল হয়।

মিঃ স্পীকার: আপনারা অলওয়েজ দেশে ল এন্ড অর্ডার রক্ষার জন্য এই হাউসে বলতে পারেন।

শ্রীমতী ইলা মিত্র: সেদিন ঐ জায়গায়ই অজয়বাবু মিটিং করতে এসেছিলেন—সেখানে পিনড্রপ সাইলেন্স ছিল—ও'দের পক্ষের লোক শুনেছে, আমরাও ও'দের কথা শুনেছি।

শ্রীআনন্দ গোপাল মুখার্জি: স্যার, আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে এই করপোরেশনের ইলেকসনে কমিউনিস্ট পার্টির লোকরা কি করছেন। অবশ্য আমরা এসব কথা এখানে বলি না। গতকাল শ্রমমন্ত্রী ৪৮ নং কনস্টিটিউয়েন্সীতে গিয়েছিলেন সেখানে তাঁকে লক্ষ্য করে ঢিল ছোঁড়া হয়েছে এবং যাঁরা সেখানে উপস্থিত ছিলেন তাঁদের গায়েও সেই ঢিল লেগেছে এবং গতকাল নর্থ ক্যালকাটায় শ্রীরঞ্জিত মিত্র তাঁর নির্বাচনী অফিস কমিউনিস্ট পার্টির লোকরা গিয়ে পুড়িয়ে দিয়েছে। আমরা এসব কথা বলতে চাই না। আমি মুখ্যমন্ত্রীকে বলছি যে এখানে ল অ্যান্ড অর্ডার আরও রিজিডলি এনফোর্স করা হোক।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, আপনি বুঝতেই পারছেন যে এটা বানানো কথা যে কমিউনিস্ট পার্টি করেছে।

(তুমুল হট্টগোল)

আমরা মুখ্যমন্ত্রীর কথা শুনতে চাই। তিনি কি বলতে চান বলুন।

Mr. Speaker: I won't allow any one to speak any more in this connection. Now we will take up Legislation.

The West Bengal Appropriation Bill, 1965

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মিঃ স্পীকার স্যার, এই লেজিসলেসন সম্বন্ধে আমার একটা বক্তব্য আছে। আমরা আজকে নোটিশে দেখলাম যে দুটো বিল এক সঙ্গে রয়েছে। এপ্রোপ্রিয়েসন বিল নং ১ এবং ২। এতদিন ধরে যা হয়ে এসেছে আমরা এই এ্যাডভানটেজ পেয়েছিলাম যে এপ্রোপ্রিয়েসন বিল নং ১ পুরো একদিনের ডিবেটের সুযোগ পেয়েছিলাম এবং নং ২-তে অর্ধ দিবসের সুযোগ পেয়েছিলাম। সে অনুযায়ী আজকে যদি আমাদের এখানে ৪ ঘণ্টা এপ্রো-প্রিয়েসন বিলের উপর ডিবেট হয় নং ১-তে তাহলে নং ২টা আসতে পারে না। সুতরাং এটা কালকে করলে কেমন হয়। আমাদের যে নন-অফিসিয়াল রেজলিউশন আছে তা আমাদের বাদ-বাকী সময়টা এপ্রোপ্রিয়েসন বিল নং ২টা হবে।

মিঃ স্পীকার: ডাঃ ভট্টাচার্য, আপনারা দু ঘণ্টা চার ঘণ্টা আট ঘণ্টা চান, আমার কোন আপত্তি নেই। বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে বসে আপনারা সেটা করুন, এখন এখানে যেভাবে করেছেন সেইভাবে আমি হাউসে দিয়েছি। অর্ডার অব দি হাউস এইভাবে হয়েছে এবং আজকে সেইভাবেই প্রোগ্রাম এসেছে।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আপনার পরিবর্তন করার অধিকার আছে—সেজন্য আমি আপনাকে অনুরোধ করছি যে আমাদের একটা একজিসটিং রাইট ছিল এটা।

মিঃ স্পীকার: অর্ডার অব দি হাউস পরিবর্তন করবার ক্ষমতা আমার নেই; আমি আবার বলবো যে আপনারা যদি চান তাহলে অর্ডার অব দি হাউস আপনারা চেঞ্জ করুন উইথ দি কনসেন্ট অফ দি হাউস। কিন্তু হাউ ক্যান আই গো এগেনস্ট দ্যাট অর্ডার।

শ্রীননী ভট্টাচার্য: স্পীকার স্যার আপনি সেইভাবে করতে পারেন—বিশেষ করে কালকে নন-অফিসিয়াল বিজনেস ছাড়া এলটেড প্রোগ্রামের মধ্যে আর কিছু নেই এটা আমরা দেখেছি। সুতরাং নন-অফিসিয়াল রেজলিউসনের আগে দুই ঘণ্টার জন্য আমরা এপ্রোপ্রিয়েসন বিল দুটোকে টেক আপ করতে পারি। সুতরাং আমি আশা করবো এখানে পার্লামেন্টারী এ্যাফেয়ার্সের মিনিষ্টার আছেন তিনি এটা করবেন। এবং আমার মনে হয় এতে খুব বেশী অসুবিধা হবে না। বিশেষ করে এইজন্য বলছি যে ৪ ঘণ্টা এপ্রোপ্রিয়েসন বিলের উপর আলোচনা করার সুযোগ আমরা বরাবর পেয়েছি। আমার মনে হয় এতে খুব বেশী আপত্তি হবে না।

শ্রীজগন্নাথ কোলে: স্যার, আমি কিছু বুঝতে পারছি না। বিজনেস এ্যাডভাইসারী কমিটির মিটিং হয়েছে—এবং বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে প্রত্যেক দলের প্রতিনিধি থাকেন। কোন দলের প্রতিনিধি না থাকলেও আমরা কাউকে কাউকে ইনভাইট করি এবং সেই ইনভাইট করেই আমরা এটা স্থির করেছি এবং আপনারা দেখেছেন যে কিছু সময় আমরা বাড়িয়েছি ডিম্যান্ড ফর গ্রান্ট-এ। কাজেই যদি ৪ ঘণ্টা বসা হয় তাহলে আমরা যদি ৩ ঘণ্টা এপ্রোপ্রিয়েসন বিল নং ১ এবং ১ ঘণ্টা এপ্রোপ্রিয়েসন বিল নং ২ সম্বন্ধে আলোচনা করি তাহলে কিছু ক্ষতি হবে না। এ নিয়ে যথেষ্ট ডিসকাসন হয়ে গেছে। আমি এটুকু বলতে পারি যে আজকে আমাদের পাওনা দেড় ঘণ্টা সময় সেটা আমরা ছেড়ে দিতে পারি—কেবল মন্ত্রিমহাশয় বলবেন। কিন্তু এটা বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে ঠিক হয়েছে।

শ্রীকানাইলাল ভট্টাচার্য: আমরা এটা ওভার লুক করেছিলাম।

শ্রীজগন্নাথ কোলে: সে যাহোক এটা ঠিক হয়েছিল।

মিঃ স্পীকার: কথা হচ্ছে যে বিল দুটোকেই পাশ করাতে হবে। তাই আপনারা এটাকে একটু বিবেচনা করুন। আমি বলবো যে গভর্নমেন্ট বেঞ্চ এতে যে রাজী হবেন না তা নয়, কারণ আপনারা আপনাদের নন-অফিসিয়াল ডে থেকে ছেড়ে দেবেন। তবে মিঃ কোলে যা বলছেন They will let you have their time.
শেষ হয়ে যাক।

শ্রীজগন্নাথ কোলে: আমাদের টাইমটা আমরা ছেড়ে দিতে পারি কেবল মন্ত্রিমহাশয় কিছু বলবেন। আর একটা জিনিস কালকে সমস্ত দিনই নন-অফিসিয়াল বিজনেস আছে এবং নন-অফিসিয়াল বিজনেসে আমাদের যে ২ ঘণ্টা টাইম নষ্ট হয়েছিল সেটা আমি কালকে এর মধ্যে দিয়ে দিয়েছি। সেইজন্য আমি বলছি যে আমাদের জন্য যে টাইম এ্যালট করা আছে—আমাদের তরফ থেকে আমরা সেটা ছেড়ে দিচ্ছি।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: কিন্তু এটাকে আপনারা প্রিসিডেন্ট হিসাবে ধরবেন না।

শ্রীজগন্নাথ কোলে: না এটাকে প্রিসিডেন্ট হিসাবে ধরছি না। কারণ আমি গোড়াতেই বলেছিলাম যে ২৯ তারিখের মধ্যে ঐ হাউসে আমাদের এটা পাশ করাতে হবে বলেই করেছিলাম। যা হোক এটা যে প্রিসিডেন্ট হবে না তাতে কোন সন্দেহ নেই।

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1965, be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India, no moneys out of the consolidated fund of the State can be appropriated except in accordance with law and for the purpose and in the manner provided in the Constitution.

During the present Session the Assembly voted certain grants in respect of the estimated expenditure for the financial year 1965-66 under the provisions of Article 203 of the Constitution of India.

[2-30—2-40 p.m.]

The present Bill is accordingly being introduced under Article 204 of the Constitution of India to Provide for the appropriation out of the consolidated fund of West Bengal of the moneys required to meet the expenditure charged on the consolidated fund and the grants made by the Assembly in respect of the estimated expenditure of the West Bengal Government for the financial year 1965-66. The amount included in the Bill on account of charged expenditure does not in any case exceed the amount shown in the Statement previously laid before the House. The Constitution also provides that no amendment should be proposed to the Bill having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of any expenditure charged on the consolidated fund of the State. The details of the proposed appropriation as per sanctioned amount of this House will appear from the schedule to the Bill.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker: Will you please move also the West Bengal Appropriation (No. 2) Bill, 1965, so that the honourable members may speak on both the Bills?

The West Bengal Appropriation (No. 2) Bill, 1965

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1965, be taken into consideration, the reason

being what I have stated exactly before with regard to the West Bengal Appropriation Bill, 1965. With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker: There is no motion for the circulation of the Bills.

শ্রীজ্যোতি বসু: মাননীয় স্পীকার মহাশয়, এই শেষ অধ্যায়ে যখন অর্থ ব্যয় করবার অনুমোদন অর্থমন্ত্রী আমাদের কাছে চাইছেন তখন আমার শুধু এই কথা মনে হচ্ছে যে উপরের সমস্ত ঠাটই বজায় আছে যে সংবিধান মতে এই আইন এখানে পাশ করিয়ে নিতে হয় অনুমোদন করে নিতে হয় টাকা খরচ করবার জন্য কিন্তু এই সংসদীয় গণতন্ত্রের যে সমস্ত নিয়ম সেগুলোর উপরের খোলসটাই থেকে গেছে বলে আমার ধারণা। এই ১৭।১৮ বছরের মধ্যে আমরা দেখতে পাচ্ছি সরকার পক্ষ ভেতরের সমস্ত জিনিস একেবারে অন্তঃসারশূন্য করে দিয়েছেন এবং যেটুকু আমাদের গণতান্ত্রিক অধিকার ইত্যাদি ছিল এদের শাসনে তা সমস্তটাই প্রায় চলে গেছে। একদিকে আমরা শুনছি এখানে অনেক লম্বা-চওড়া বক্তৃতা হয়েছে যে কিভাবে গণতন্ত্র প্রসার লাভ করছে, আমাদের সমস্ত দেশে গ্রাম থেকে শহর পর্যন্ত তার জন্য অনেক টাকা চাওয়া হয়েছে খরচ করবার জন্য, এই সমস্ত কথা আমরা এখানে শুনেছি। কিন্তু ঐ যে গোড়ায় গলদের কথা বললাম প্রথমে সমস্ত জিনিস অন্তঃসারশূন্য হয়ে গেছে সেটা আগেও বলেছি আবার বলছি। এইরকম একটা বাজেট অধিবেশনে যেখানে এত টাকা ও'রা বরাদ্দ চাইছেন আমাদের কাছে সেখানে কিন্তু আমাদের এদিকের ১৫ জন সদস্যকে বিনা বিচারে আটক করে রেখেছেন। ১৯৬২-৬৩ সালে, আমি জানি না, যতই মিথ্যা হোক তবুও ও'দের হয়ত বলবার কথা ছিল আমাদের দেশের মধ্যে, দেশের বাইরে, অন্যান্য জায়গায়। কাজেই আমাদের এই সমস্ত গণতান্ত্রিক অধিকার সঙ্কুচিত করা হচ্ছে। কিন্তু আজকে একেবারে কোনরকম অজুহাত পর্যন্ত নেই, কোনরকম কারণ নেই, আজগুবি সমস্ত গল্প বলে নানারকম মিথ্যা রটনা করে যাঁরা নির্বাচিত প্রতিনিধি তাঁদের তাঁরা বিনা বিচারে জেলে আটক করে রাখলেন। কি মূল্য আছে গণতন্ত্রের? আজকে ১৭ জন আটক আছে, কালকে যদি সমস্ত বেঞ্চগুলি খালি হয়ে যায় তাতে কিছু এসে যাবে না, এইভাবে অনুমোদন করে নেবেন। আর বড় বড় কথা বলবেন—কিভাবে এখন অর্থনীতি হচ্ছে, সমাজবাদী অর্থনীতি হচ্ছে, জনগণের জন্য কিভাবে গণতন্ত্র প্রসারলাভ করছে এই সমস্ত বক্তৃতা—একই জিনিস আমরা বারে বারে শুনতে পাই। তাই আজকে মনে হচ্ছে পশ্চিম বাংলায় তো বটে, সমস্ত ভারতবর্ষব্যাপী আজকে দেখছি যে গণতন্ত্রের নিধন সুরু হয়ে গেছে এবং একটা ভয়াবহ অবস্থার মধ্যে আমরা চলে যাচ্ছি। এখন একমাত্র উপায় হচ্ছে জনসাধারণ যদি ঐক্যবদ্ধ হয়ে তাঁদের সেই গণতান্ত্রিক অধিকারগুলি পুনরুদ্ধার করবার ব্যবস্থা তাঁরা করেন, তাহলে আমরা সেগুলি পুনরুদ্ধার করে এগুতে পারবো। তা না হলে আমার যা মনে হচ্ছে আয়ুব খাঁ মিলিটারী রাজত্ব করে যেদিকে পাকিস্তানকে নিয়ে গেছে, সেখানে অবশ্য কিছু কিছু গণতন্ত্র আছে—যেমন এখানে আছে—এখন ঠিক সেই পথে আমরাও পা বাড়াচ্ছি। ও'দের অনুকরণ করে আমাদের কংগ্রেস পার্টি, কংগ্রেস সরকার—এইভাবে তাঁরা দেশকে নিয়ে যাচ্ছেন। শুধু তাই নয়, শুধু গণতন্ত্র নিধন হচ্ছে—সেকথা নয়, আজকে আমি আপনাকে একটা আশ্চর্য ঘটনার কথা বলবো এইসবের জন্য তবু আমাদের টাকা দিতে হয়। গতকাল ই এম এস নাম্বুদ্রিপাদ—তিনি আমাদের কমিউনিস্ট পার্টি অফিসে একটা প্রেস কনফারেন্স করেছিলেন এবং করে আমরা যখন বেরিয়ে এলাম, গাড়ি করে যখন আমি ফিরে আসছি—আমি দেখলাম একটা পুলিশের গাড়ি আমার গাড়ির অনুসরণ করছে। আমি বললাম কি ব্যাপার। আমি গাড়ি থামালাম, দেখলাম আই বি ডিপার্টমেন্ট-এর লোক তারা গাড়িতে আমার অনুসরণ করছে। ওরা কাছে এসে দেখলো ই এম এস নাম্বুদ্রিপাদ গাড়িতে নাই। আমি বুঝলাম এই গাড়িটা ই এম এস নাম্বুদ্রিপাদের জন্য পাঠানো হয়েছে, আই বি ওয়াচারস পাঠানো হয়েছে। যেহেতু ই এম এস নাম্বুদ্রিপাদ বাইরে থেকে এসেছে, তার পেছনে পুলিশ লাগাতে হবে, আই বি ওয়াচারস লাগাতে হবে। দমদম এরোড্রোমে যখন গেলেন, তখন একটা পুলিশের গাড়ি, তাঁর পেছনে আই বি ওয়াচারসরাও দমদমে গিয়েছিল। সেকথা আমি পরে শুনলাম। এদের জন্যই কি আমাদের কাছে কোটি কোটি টাকা চাওয়া হচ্ছে? যে দেশের নিরাপত্তা ল এন্ড অর্ডার, আইনকানুন এইসব নাকি রক্ষিত হবে এবং সেজন্য আমাদের টাকা অনুমোদন করতে হবে—শৈলবাবু খরচ করবেন বিভিন্ন ডিপার্টমেন্টে! তাহলে গণতন্ত্রের কি

এম পি'র টেলিফোন ট্যাপ করেছিল, তাই নিয়ে সেখানে হৈচৈ কান্ড হয়ে গেল। এ কি করে হতে পারে? বিলেতের মত জায়গায় কখনো এটা হতে পারে না। যেখানে সংসদীয় গণতন্ত্র রয়েছে, সেখানে এইভাবে পুলিশ কখনো ব্যবহার করতে পারে না। তারপর স্বরাষ্ট্র মন্ত্রীকে এ্যাপোলোজাইস করতে হয়।

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের নামের এমন একটা তালিকা আছে পুলিশের কাছে, যার মধ্যে আমার নামও আছে। আমার এমন কোন চিঠি আসে না—যা খোলা হয় নাই পুলিশ দপ্তরের দ্বারা। প্রতিটা চিঠি পুলিশ খোলে সে প্রাইভেট লেটারই হোক, আর যাই হোক—খুলে তবে রেকর্ড করবার পর আমার কাছে পাঠিয়ে দেয়। আমার টেলিফোনের খবরও তারা নেয়, সেখানেও যোগাযোগ আছে। লালবাজার থেকে ব্যবস্থা করা হয়েছে আমার টেলিফোন যে কোন মুহূর্তে তাঁরা ট্যাপ করেন। টেলিফোন তুললেই আমি টের পাই। এইভাবে সব কান্ডকারখানা হচ্ছে। তবু নামটা ঠিকই আছে লীডার অফ দি অপজিসন; বিলেতী নামটা ঠিকই রাখা হচ্ছে। বাইরে কাঠামোটা চমৎকার দেখায়। আমেরিকা সেইজন্য আমাদের প্রশংসা করে বলেন গ্রেটেস্ট ডেমোক্র্যাসি ইন দি ইস্ট। আমি জানি না আমেরিকাতে এই ধরণের জিনিস আছে কিনা! অন্ততঃ সেখানে বিনা বিচারে মানুষকে গ্রেপ্তার করা যায় না। ও'দের সংবিধানে এরকম কোন ধারা নাই যেখানে বিনা বিচারে গ্রেপ্তার করে লোককে জেলে রাখা যায়। সেটা কোথাও নাই—আমেরিকায় নাই, ফ্রান্সে নাই এবং যে সমস্ত জায়গায় সংসদীয় গণতন্ত্র আছে সেখানে নাই। কিন্তু আমরা এইরকম সংসদীয় গণতন্ত্র পেয়েছি এবং আমাদের অবস্থা হয়েছে যে আমাদের বাড়ীর সামনে পুলিশের লোক পুলিশের গাড়ী অফিসের সামনে পুলিশের গাড়ী করে আই বি'র লোক ঘুরে বেড়াচ্ছে, স্টেশনে যাচ্ছি সেখানেও দেখছি আই বি ওয়াচাররা নোট নিচ্ছে যা কিছু হচ্ছে। এই অবস্থার মধ্যে আমরা বাস করছি আমাদের দেশে।

[2-40—2-50 p.m.]

কিন্তু বাইরে আমরা দেখাচ্ছি যে কতবড় এক্সপেরিমেন্ট ইন ডেমোক্রেসী আমরা করছি। এই এক্সপেরিমেন্ট-এর কি অবস্থা হয়েছে সেটা আমরা ১৭।১৮ বছর ধরে দেখছি এবং কেরালায় আপনারা দেখেছেন—কাজেই সেকথা আর বললাম না। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, আমার কিছু করার নেই, আমি কিছু জানি না—নন্দজী করেছেন। অর্থাৎ তিনি বলছেন আপনাদের বিরুদ্ধে যা বলা হয়েছে তাতে আমি কিছু করিনি। তাই মনে হচ্ছে শুধু যে স্বৈরাচার প্রতিষ্ঠা করছেন এবং গণতন্ত্র খতম করছেন তা নয়, সমস্ত অসত্যের উপর এই রাজ্য প্রতিষ্ঠিত। যত রকম অসত্য আছে তার উপর কংগ্রেস এ্যাডমিনিস্ট্রেসন নিজেদের প্রতিষ্ঠা করেছেন এবং শুধু তাই নয়, তাঁদের রাজনৈতিক প্রতাপ যত কমে আসছে ততই দেখছি ঐ অসত্যের উপর নিজেদের প্রতিষ্ঠিত করছেন। আমি আগেই বলেছি এর জন্য চুনোপুটি সাব-ইন্সপেক্টর বা পুলিশকে দোষ দিয়ে লাভ নেই, আসল হচ্ছে কংগ্রেসের মন্ত্রীরা যাঁরা খদ্দরের টুপি পরে বসে আছেন। এ'রাই হচ্ছেন সমস্ত জিনিসের উৎস এবং ফাউন্টেন—হেড অব অল করাপসন ইন দি কানট্রি। এবং এ'রা উৎস বলেই আজকে দেখছি সমস্ত দেশে এরকম একটা অবস্থার সৃষ্টি হয়েছে। আজকে কোন মানুষ কোন মানুষকে বিশ্বাস করতে পারছে না এরকম একটা অবস্থার মধ্যে দেশকে এ'রা নিয়ে যাবার চেষ্টা করছেন। তবে ভাগ্য এই যে নিয়ে যেতে পারেনি এবং একেবারে মেরুদন্ড ভাঙ্গতে পারেনি। প্রশাসনিক ব্যয় বরাদ্দ সম্বন্ধে আলোচনাকালে অনেকে যখন বললেন আমাদের এ্যাডমিনিস্ট্রেসন-এর মধ্যে অনেক দুর্নীতি আছে তখন মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা বলেছিলেন, আমাকে লিখে দিন, সহি করে দিন—সব ব্যবস্থা হয়ে যাবে। কিন্তু আমরা তো গোয়েন্দা বিভাগের চাকুরী নেইনি। দেশময় মানুষ বলছে যদি সত্যই এরকম করাপসন থাকে যেটা সকলেই জানে বিভিন্নভাবে চলছে তাহলে সরকারের কর্তব্য সেগুলি খুঁজে বার করা, দেখা এবং ব্যবস্থা অবলম্বন করা। কে কার নাম সহি করে দেবে? এতো অত্যন্ত কঠিন ব্যাপার, কারণ আপনারাই তার পেছনে লাগবেন। একজন লোক বিড়লার ট্যাক্স ফাঁকি ধরিয়ে দিয়েছিলেন বলে আজকে তাঁর চাকুরী নেই, তিনি ঘুরে বেড়াচ্ছেন। কাজেই আমি যদি নাম-ধাম, ঠিকানা দিয়ে এরকম কাউকে ধরিয়ে দেই তাহলে আমাকেই হয়ত বিপদে পড়তে হবে, কোন ব্যবস্থা হবে না। তারপর, মুখ্যমন্ত্রী আমাদের সেই একই ভাষা আবার কেন শোনালেন জানিনা। তিনি বললেন কোন অফিসার কখন ঘুমোতে যায়, কোন স্ত্রীলোকের বাড়ী যায় তা দিয়ে আমার দরকার নেই—তিনি

কাজ করলেই হোল—১০টা—৫টা কাজ করলেই আমি সন্তুষ্ট, এরকম একটা মনোভাব তিনি দেখালেন। আমি একথা বলছি না যে, প্রত্যেকের প্রাইভেট লাইফ মন্ত্রীদের দেখতে হবে, এটা ঠিকও নয়। কিন্তু যদি বোটানিক্যাল গার্ডেনের মত ঘটনা হয়? সেগুলি তো এই কারণেই হয়। সেখানে যে ন্যাক্কারজনক ঘটনা ঘটেছিল সেগুলি এই কারণেই ঘটেছিল। এরকম বক্তৃতা যদি মুখ্যমন্ত্রী বা অন্যান্য মন্ত্রীরা দেন যে, আমাদের কিছু করণীয় নেই, তাঁরা যে রকম খুসী প্রাইভেট লাইফ লিড করুন, এটা সরকারের পক্ষে বলা শোভা পায় না তাহলে তার ফল এইই হয়। আমি সচরাচর কারুর বিষয় বলি না বা কোন অফিসারের ত্রুটি বলি না কারণ বললে তার প্রমোসন হয়—তাকে প্রমোসন দিয়ে লাভ কি? আর তাদের বিষয় বলবোই বা কি যেখানে মেইন কমপ্লেন্ট হচ্ছে মন্ত্রীদের বিষয় সেখানে অফিসারদের সম্বন্ধে কি বলব? তারপর, এ'দের মনোভাব আলোচনার মধ্যে যা দেখলাম তাতে দেখছি এগুলি শোধরাবার ব্যবস্থা নেই বা আত্ম-সমালোচনামূলক মনোভাব নেই, অথচ কোটি কোটি টাকা এ'রা আমাদের কাছে চাচ্ছেন। কিন্তু মানুষ সেই টাকা দিতে চাননা কারণ এ'রা টাকার অপব্যয় করবেন।

এবং আর একটা কথা সেটা দেখছি—খগেনবাবু বললেন খুসী হয়ে, কই এত টাকা খরচ হচ্ছে, রাস্তাঘাট ইত্যাদি করতে আপনারা তো কারও বিরুদ্ধে কোন নির্দিষ্ট অভিযোগ বিশেষ কিছু বলতে পারলেন না কি অন্যায় হয়েছে ইত্যাদি কথা বলতে পারলেন না, তাই তিনি খুব খুসী হয়েছেন। কিন্তু এটা একটা প্রচলিত কথা হচ্ছে আমাদের দেশে রাস্তাঘাট বাড়ীঘর যে সমস্ত গঠনমূলক কাজ হয় আমাদের দেশে গ্রামে বা শহরে, তাতে প্রচুর টাকা অপব্যয় হয়, অথচ জনসাধারণের সহযোগিতা নিয়ে, একটু নজর দিয়ে সেই সমস্ত কাজগুলি যদি করা যায় তাহলে এখন যে খরচ হয়, হয়ত তার টু-থার্ড খরচে এই কাজগুলি সম্পূর্ণ হতে পারে। কিন্তু মন্ত্রি-মহাশয়ের যদি এইরকম মনোভাব হয় তাহলে বাস্তবিকই কিছু করার নাই, এই সব বাজে কথা বললে কিছু হবে না বরং যা বললাম তাই হবে। আপনি একটু দেখুন লক্ষ লক্ষ টাকা অপব্যয় হচ্ছে, কখনো পাবলিক একাউন্টস কমিটির রিপোর্টে দেখি কখনো এষ্টিমেন্ট কমিটির রিপোর্টে দেখি এগুলি বেরোয়, কিন্তু এই যে রিপোর্ট বেরোয় এ সম্বন্ধে পরবর্তীকালে আজ অবধি কখনো দেখলাম না মন্ত্রিমহাশয়রা কখনো এসে এটা বলতে শুনলাম না যে এই রিপোর্ট, কমিটির রিপোর্ট যা ব্যক্তি বিশেষের রিপোর্ট নয়, সম্বন্ধে আমরা তদন্ত করে দেখলাম তাতে অমুক লোক দোষী কি অমুক লোকের দোষ নাই। এ ব্যাপার আমি কখনো দেখলাম না। অবশ্য এটা এখানে আলোচনা হয় না। পাবলিক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট কি এষ্টিমেন্ট কমিটির রিপোর্ট এখানে আলোচনা হয় না এবং আলোচনা হবে কিনা সেটা ভগবানই জানেন। কিন্তু যেগুলি বেরোয় সে সম্বন্ধে কখনো এদের বলতে দেখলাম না যে এই যে অন্যায় হয়েছে ভবিষ্যতে আর হবে না। তারপর এও দেখছি বিভিন্ন সময়ে কোর্টে জজেরা রায় দেন এবং ম্যাজিস্ট্রেটরা মন্তব্য করেন যে পুলিশ এটা ঠিক করেনি। তাদের অন্যায় হয়েছে, ডি আই রুলের ব্যাপারেও এটা দেখেছি এই রকম মন্তব্য হচ্ছে। কিন্তু এই যে এটা লিখে পাঠান হয় সে সম্বন্ধে কোথাও এটা শুনিনি যে আমরা এই অবস্থা অবলম্বন করেছি আপনি শুনে সুখী হবেন, এই রকম আজ অবধি দেখিনি।

আর একটা কথা আমি আবার আপনাকে বলতে চাই। এই যে এত টাকা খরচ করবেন এটা সরকারী কর্মচারীদের হাত দিয়েই তো হবে। সরকার অন্ততঃ এটুকু মেনে নেবেন যে সরকারী কর্মচারীরা অসন্তুষ্ট আছে, তাদের আপনারা সন্তুষ্ট করতে পারেননি। যারা ফোর্থ গ্রেডের কর্মচারী এবং তৃতীয় শ্রেণীরও অনেকে আছেন যারা অসন্তুষ্ট মহার্ঘ ভাতার ব্যাপারে, তাদের অস্থায়ীকে স্থায়ী করার ব্যাপারে, তারপর তাদের মেডিকেল এলাউন্সের ব্যাপারে তাদের যে নির্দিষ্ট সীমারেখা বেঁধে দিয়েছেন এজন্য, আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম কেন্দ্রীয় সরকার কোন সীমারেখা বাঁধেননি কিন্তু আপনারা বেঁধে দিয়েছেন। আপনারা কেন তারতম্য করলেন, কেন ভাবেননি দেবার বেলায় এইভাবে টাকা না দিয়ে সবাইকে কেন ১৫ টাকা করে দিলেন না, কাউকে দিলেন ৫ টাকা কাউকে দিলেন ১০ টাকা কাউকে দিলেন ৩০ টাকা, কিন্তু দাম তো একইভাবে বেড়েছে, এসব কেন করলেন এর কোন জবাব পাইনি। কিন্তু সরকার এটা নিশ্চয়ই জানেন আমাদের যাই বলুন ভয়ঙ্কর অসন্তোষ আছে এই কর্মচারীদের ভিতরে, তাদের এই সরকারের প্রতি রেসপেক্ট নাই এটাই আমি দেখতে পাচ্ছি। আমি শৈলবাবুকে একটা কথা জিজ্ঞাসা

করতে চাই, আমি তাদের স্মারক লিপিতে দেখেছি, উনি নাকি বলেছেন ডিসেম্বর মাসে ও'র সঙ্গে যখন তাঁরা দেখা করেন ইউনিয়নগত ব্যাপারে যেগুলো পড়ে আছে, ৩০ জনের যে চাকুরি গেছে এদের ধারণা যেহেতু কোন কারণ না দেখিয়ে এদের চাকুরি গেছে সেজন্য এদের ধারণা হয়েছে এসোসিয়েশন করার জন্যই এদের চাকুরি গেছে, তা না হলে বলা হত কি কারণ, এদের মধ্যে পারমানেন্ট কর্মচারী পর্যন্ত আছে, এদের সম্বন্ধে নাকি তিনি পুনর্বিবেচনা করবেন, বোধ হয় ২৪ কি ৩০টি কেস এইরকম আছে, সরকারের কাছে কেস দেওয়া আছে কিন্তু তিনি সেটা পুনর্বিবেচনা করলেন না, কোন সহানুভূতি সূচক কথা কিছু বললেন না যে এখন করতে পারলাম না, পরবর্তীকালে করবো।

[2-50—3 p.m.]

এজন্য আমরা পারিনি কিন্তু পরবর্তীকালে তাঁরা কোন কিছু করলেন না। ডিসেম্বর মাসে যখন দেখা করতে গেছেন একটা লিস্ট দিয়ে এলেন তখনও কিছু করলেন না, যেমন আমাদের বিনা বিচারে গ্রেপ্তার করে জেলে দিয়ে দিলেন ওদেরও ঠিক সেরকম করলেন। ঠিক সেইভাবে এখানে শিক্ষামন্ত্রী নেই অর স্টেট মিনিস্টারও নেই সেকেন্ডারী এডুকেশান বোর্ড-এর কথা যখন বলছিলাম তখন মন্ত্রী মহাশয় বলেছিলেন তদন্ত করবেন। কি মারাত্মক ব্যাপার ৪০ জনকে বিনা মেঘে বজ্রাঘাতের মতন সেকেন্ডারী এডুকেসান বোর্ড থেকে বলা হল যে তোমাদের চাকরী চলে গেল খাদ্য দপ্তরে চাকরী দিচ্ছি। এদের মধ্যে ১৮ জন পারমানেন্ট, কেন এদের চাকরী গেল, কে তদন্ত করে ঠিক করলেন যে লোকের দরকার নেই? এইভাবে অসন্তোষ এখানে বেড়ে গেল, কেননা যারা পারমানেন্ট তাঁরা গেলেন এবং যারা পারমানেন্ট নয় তাঁরা থেকে গেলেন। সেকেন্ডারী এডুকেসন বোর্ড-এর কে এটা ঠিক করলেন। ধরুন যদি সারপ্লাস হয় তাহলে তাদের চাকরী দিয়েছেন ভাল কথা, কিন্তু দে মাস্ট ফিল্ যে একটা জাস্টিস করা হচ্ছে। কিন্তু আপনি দেখবেন এভাবে একটা দারুণ অসন্তোষ চলেছে। কেবল ছাত্রদের পরীক্ষা হচ্ছে বলে সেকেন্ডারী এডুকেসন বোর্ড-এর কর্মচারীরা হরতাল করছেন না। এইভাবে একটা ডিপার্টমেন্ট থেকে আর একটা ডিপার্টমেন্ট-এ ছড়িয়ে অসন্তোষ ছড়িয়ে পড়ছে। এবার আমি ডি, ভি, সি, সম্পর্কে বলবো, ডি, ভি, সি-তে পশ্চিমবঙ্গ সরকারের একটা কনট্রিবিউসান আছে। তারা আজ বোনাস পাবে কিনা সেটাই আমাদের জিজ্ঞাস্য, পশ্চিমবাংলা সরকারের এ বিষয়ে একটা দায়িত্ব আছে, যে তারা বোনাস পাবে কিনা সেটা কেন্দ্রীয় সরকারের সঙ্গে ঠিক করা। কিন্তু তারা বারে বারে হাঙ্গার স্ট্রাইক করেন মিছিল করেন অথচ আমাদের সরকার সেখানে একটুও খোঁজ পর্যন্ত করেন না। অথচ এখানে তাঁদের ফাইনানসিয়াল ইমপ্লিকেসন আছে। এখানে তাঁরা ভাল কাজ করেছেন, গঠনমূলক কাজ করেছেন ডি, ভি, সি, কর্মচারীরা এইভাবে দেখলে আমরা দেখবো সরকারী কর্মচারী যারা আপনাদের নিজেদের লোক যাদের হাত দিয়ে আপনারা টাকা খরচ করবেন তাদের আপনারা সন্তুষ্ট করতে পারছেন না। তাদের কথা শুনুন ও আপনাদের যুক্তি বলুন কিন্তু কোন কিছু আপনারা করছেন না। অথচ কোন কিছুই আজ আটকাতে পাচ্ছেন না ডেমনস্ট্রেশন হচ্ছে মিটিং হচ্ছে যে সব কনডাক্ট রুলে বাঁধা সে সব আজ হচ্ছে। মুখ্যমন্ত্রী তাদের সঙ্গে আজ পর্যন্ত বসলেন না, শুনেছি অর্থমন্ত্রী তাদের অনেকবার বলেছিলেন কিন্তু যা তারা বলেছিলেন তা কিছুই হলো না, আর ইউনিয়নগুলো মানলেন না রুলস কিছু চেঞ্জ করলেন না। এটা খুবই গুরুতর ব্যাপার অনেক দিন ধরে এ সব ব্যাপার নিয়ে আলোচনা হচ্ছে। অমরা বাজেট পাশ করতে চলেছি তাতে খাদ্য পরিস্থিতি ও কৃষকদের সম্পর্কে কোন আলোচনাই হল না কারণ সব গিলোটিনের মধ্যে পড়ে গেল। কিন্তু এ বিষয়ে সন্দেহ নেই, কারণ আমরা যা কিছু শুনলাম তাতে আশঙ্কিত হবার কারণ আছে কারণ কোনরকম ব্যবস্থা যাতে জিনিষপত্রের দাম স্থায়ী হয় বা কমে তার কোনরকম কিছু কথা শুনলাম না, বরং আমরা শুনছি ডেফিসিট ফাইনানসিং হবে না এবং কেন্দ্র থেকে নাকি বলেছেন টাকা খরচ খুব, সাবধানে করবেন, খরচ যাতে না বাড়ে ইনফ্লেসান যাতে না হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য বলেছেন কিন্তু আমার ধারণা যেটা বিজয়লক্ষ্মী পণ্ডিত বলেছেন ইনডিসিসান কিন্তু আমি তা বলি না। আমি বলতে চাই ইনডিসিসান কথাটা ঠিক নয়, ডিসিসান হবে। কিন্তু উল্টো দিকে জিনিষপত্রের দাম বাড়ছে

তাতে এদের কিছু এসে যায় না কারণ এখানে ও'রা যাদের প্রতিনিধি তাদেরই লাভ হবে এবং সাধারণ মানুষ তার ফলে ডুববে। এখানে কোন ট্যাক্স বসেনি। পরোক্ষভাবে বসাবেন কারণ কেন্দ্র এর মধ্যে বসিয়েছেন এবং এরা নানাভাবে জিনিষপত্রের দাম এখানে বাড়িয়ে পরোক্ষভাবে ট্যাক্স বসাবেন। এরি মধ্যে আমরা দেখছি চাল গমের যে অবস্থা তাতে আপনি শুনলে আশ্চর্য হবেন। ৬০।৭০টা ধানকলের শ্রমিক আমাদের কাছে এসে বলেছে এগুলি বন্ধ হয়ে আছে চলছে না কারণ কোন সাপ্লাই নেই। তারা বাইরে থেকে জিনিষ আনতে পারছে না। এখানে মালিক হয়ত খুব বেশী নেই কিন্তু কর্মচারী যারা হাজার হাজার সেখানে কাজ করে তারা কোথায় যাবে কি করবে তার কোন ব্যবস্থা নেই। এইভাবে সমস্ত জিনিষ চলছে। সেই জন্য আমাদের আশংকা হয় যে খাদ্যের ব্যাপারে রেশনিং-এর ব্যাপারে কোন কিছু জিনিষেরই দাম যে কমছে তা দেখছি না। এর মধ্যে মাছ উধাও হয়ে গেছে। ৩, ৪, ৫ আনা যদি জিনিষের দাম বেড়ে যায় সেই দামটা বেড়েই যায় আর কমে না। সেজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি যে স্বেচ্ছাচারী সরকার হলেও মানুষকে সন্তুষ্ট করার জন্য যদি তাদের নজর থাকবে তাহলে ক্যাবিনেট একটা কিছু করতেন কিন্তু আমার মনে হচ্ছে সেই গা ঢেলে দেওয়া ঐ যাদের আমরা সার্ভ করছি তাদেরই ইণ্টারেস্ট দেখছি এবং তাদেরই আমরা করে যাব, জনগণকে দেখার দরকার নেই, আর কোন রকমে ভোট পেয়ে গেলেই আমাদের রাজত্ব চলবে এই মনোভাবই চলছে, কারণ তাঁরা এখন ঠিক করে নিয়েছেন যাতে পরিষ্কার বোঝা যাচ্ছে যে কংগ্রেস পার্টি হচ্ছে দেশ এবং যে কংগ্রেস পার্টি-কে যে কোন উপায়েই হোক আমাদের বাঁচাতে হবে, যদি গণতন্ত্র দিয়ে কংগ্রেস পার্টিকে বাঁচান যায় তা দিয়ে আমরা বাঁচাব গণতন্ত্রকে রক্ষা করে আর যদি গণতন্ত্রকে খতম করে কংগ্রেস পার্টিকে বাঁচাতে হয় তাই আমরা করবো যা নাকি কেরালায় শুরু হয়েছে এবং সমস্ত জায়গাতেই তাই হবে। এখানেও করপোরেশান নির্বাচন হচ্ছে আমাদের ৬।৭ জন বিরোধী পক্ষের লোক তারা জেলে আছেন। কাজেই ও'রা জানেন যে ঐ কেরালায় যেখানে সরাসরি কংগ্রেসী রাজত্ব হল না ও'রা পরোক্ষভাবে সেই কাজ করলেন, কারণ প্রেসিডেণ্টকে ক্যাবিনেটই এ্যাডভাইস করবেন এটা শুধু কেরালার ব্যাপার নয় এটা সমগ্র ভারতব্যাপীই এই সিদ্ধান্ত ও'রা গ্রহণ করেছেন এবং এই কারণেই আজকে আমাদের ব্লক-এর ১৭ জন বন্ধুরা আজকে তাঁরা য়্যাবসেণ্ট এখানে নেই তাঁদের আসতে দেওয়া হচ্ছে না, তাদের যারা ভোট দিয়েছেন বাজেট সেসান-এ তাঁদের কথা বলবার জন্য তা তাঁরা পাচ্ছেন না, এই প্রহসনে এ'রা পরিণত করেছেন যে এখানে গণতান্ত্রিক পথে তাঁরা কিছু করতে দেবেন না, এরূপ যাতে মানুষ সিদ্ধান্তে আসে সেই পদ্ধতিই তাঁরা অবলম্বন করেছেন। এদের তো আমার কিছু বলার নেই। কিন্তু আমার এ বিশ্বাস আছে জনসাধারণ ও'দের এ পথে যেতে দেবেন না। বাধা তাঁরা পেয়েছেন কেরালায়, আরো অসংখ্য বাধা তাঁরা পাবেন এবং আমরা জানি যে আমরা ঐ গণতন্ত্রকে বাঁচিয়ে রাখবার জন্য যা ব্যবস্থা অবলম্বন করবার তা জনসাধারণের পক্ষ থেকে করবো অর্থাৎ আমরা এই যে টাকা পয়সা খরচের কথা তাঁরা বলছেন, অন্তত তার বিরোধিতা করবো, এই কারণেই করবো কারণ আমরা জানি সেই অপব্যয় সেই দুর্নীতি, নিজেদের স্বার্থ প্রথম দেখা এইভাবেই তাঁরা চলবেন এবং জনসাধারণের সহযোগিতা তাঁরা নেবেন যেটুকু পয়সা খরচের ব্যাপারে নেওয়ার প্রয়োজন আছে এবং যেখানে তাঁরা দেখবেন জনসাধারণ তাঁদের বিরুদ্ধে যাচ্ছে যে জনসাধারণকে খতম করবার জন্য—গণতন্ত্রকে খতম করবার জন্য তাঁরা অগ্রসর হয়েছেন ও সেইভাবেই তাঁরা চলবেন, এই জন্য আমি এই ব্যয়-বরাদ্দের পক্ষে কখনই আমার অনুমোদন ভোট দিতে পাচ্ছি না।

শ্রী[illegible] বসু: মাননীয় স্পীকার স্যার, যে এ্যাপ্রোপ্রিয়েসান বিল হাউজ-এর সমর্থনে গেছে এটা হাউস-এর সম্মতি না পেলে সরকার টাকা খরচ করতে পারবেন না। এই বিল-এ যে টাকার মঞ্জুরী চাওয়া হয়েছে তার সম্বন্ধে আমি বলতে গিয়ে বলছি যে আমরা বাজেট সেসনে এই সমস্ত আলাপ-আলোচনা করেছি বিরোধী পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন দেওয়া হয়েছিল সরকার সেই সমস্ত ভোটের জোরে, মেজরিটির জোরে প্রত্যাখ্যান করেছেন। আজকে বাজেট-এ আমরা দেখতে পাচ্ছি যে এটা উল্লেখ করতে গিয়ে যে সমস্ত কথা বলেছেন তার সম্পূর্ণ বিপরীত, অপর দিকে কেন্দ্রের বাজেট-এর আলোচনা করতে গিয়ে শ্রীমতী বিজয়লক্ষ্মী পণ্ডিতের মুখ দিয়ে যে সত্য কথা বেরিয়ে গেছে সেই কথা বলছি। বাস্তবিক আজকে সমাজ-তন্ত্র কোথায় তা এই বাজেট-এ আমরা দেখতে পাচ্ছি না। আমরা দেখতে পাচ্ছি সমাজতন্ত্রের

নামে কতকগুলি বিত্তশালী এবং অর্থশালী লোক সুবিধাবাদী লোক তাদের পকেটে বেশী টাকা যাচ্ছে এবং প্রত্যেক বৎসরে আমরা দেখছি যে দেশের সাধারণ মানুষ দিনের পর দিন গরীব হয়ে যাচ্ছে। মহলানবীশ কমিটি যে রিপোর্ট তাতে পরিষ্কারভাবেই তিনি একথা বলেছেন যে দেশের কয়েকটি পরিবার দিনের পর দিন বিত্তশালী হচ্ছে, অর্থশালী হচ্ছে আর অপর দিকে আমাদের দেশের শতকরা ৮০ ভাগ লোক দুর্দশার চরম সীমায় গিয়ে পৌছেছে।

[3—3-10 p.m.]

কাজেই এই বাজেট বিল আমাদের সামনে যেভাবে এসেছে—আজ আমরা দেখতে পাচ্ছি যে এই বাজেট বিলটার তিনটি প্রিন্সিপ্যাল আছে। একটিও কোন বিশেষ বিষয়ে অ্যাপ্রোপ্রিয়েট না হলে এই টাকা খরচ করা সম্ভব নয়। অ্যাসেম্বলীতে যে সমস্ত টাকা স্যাঙসান হয়েছে, মঞ্জুর হয়েছে, তাও অ্যাপ্রোপ্রিয়েসান বিল পাশ না হলে সেই টাকা খরচ করতে পারবেন না। চার্জড অ্যামাউন্ট সম্বন্ধেও সেই কথা। আজ আমাদের দেশের বেশীর ভাগ লোকই কৃষক এবং ৫৭ ভাগ লোক এই কৃষিকার্য করে তাদের জীবিকার্জন করে। তারা মাত্র শতকরা ৩০ ভাগ ন্যাশন্যাল ইনকাম আয় করে। আর বাকি স্মল ইনডাস্ট্রি এবং বিগ ইনডাস্ট্রি আছে তাদের মধ্যে বেশীর ভাগ লোক এই স্মল ইনডাস্ট্রির মধ্যে আছে। চাষীদের অবস্থা, চাষের অবস্থা, খাদ্যের অবস্থা অত্যধিক শোচনীয় সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাদ্রাজ, অন্ধ্রপ্রদেশ যখন বিভক্ত হল তখন মাদ্রাজের ৪০ পারসেন্ট ডেফিসিট ছিল। আর বাংলা যখন বিভক্ত হল তখন বাংলাদেশের ৩০ পারসেণ্ট ডেফিসিট ছিল। মাদ্রাজ সেই ৪০ পারসেণ্ট ডেফিসিট মেক-আপ করেছে পূরণ করেছে। কিন্তু বাংলাদেশ আজও তার সেই ডেফিসিট পূরণ করতে পারেনি। এবং প্রত্যেক বছর এই খাদ্যের ডেফিসিট বেড়ে যাচ্ছে। তারপর কিভাবে সরকারের বিভিন্ন কাজ পরিচালিত হচ্ছে, কিভাবে খাদ্য উৎপন্ন সমস্যার সমাধান হচ্ছে, কিভাবে ইনডাস্ট্রি গড়ে উঠেছে এবং তাতে যে সমস্ত লোক কাজ করে—যারা বড় বড় ইন্ডাস্ট্রিতে কাজ করে তারা হয়ত কিছু বেশী বেতন পাচ্ছে। কিন্তু যাদের স্মল ইন্ডাস্ট্রি আছে তাদের বেতন অত্যধিক কম এবং তারা ৪ পারসেণ্ট কিম্বা ৫ পারসেণ্ট উপায় করে। কাজেই আমরা দেখতে পাচ্ছি যে এই অবস্থা চলেছে। যারা দরিদ্র জনসাধারণ তাদের বিশেষ কোন সুবিধা আমরা দেখতে পাচ্ছি না। তারপরে স্যার আরো কয়েকটি কথা আছে যে আমাদের এই অ্যাপ্রোপ্রিয়েসান বিলের অন্তর্ভুক্ত নয়। এরকম এই অ্যাপ্রোপ্রিয়েসান বিল, বলা যেতে পারে যে ডাঃ সুধীররঞ্জন দাস বলে একজন কংগ্রেস কর্মীর। সেই কর্মী ১৯৩০ সালে আইন অমান্য আন্দোলন, লবণ, সত্যাগ্রহে তার উপর পুলিশের অত্যাচার হয়—পণ্ডায়েতে তার একটি কান কালা হয়ে যায়। তারপরে কন্ট্রোলার অব ভ্যাগর‍্যান্সিতে সে একটি চাকরী পায়। সে যে একটু কালা এবং ৮ বছর চাকরী করার পর তার চাকরী সম্বন্ধে এতদিন কোন অভিযোগ হয়নি—সে চিকিৎসা করে গিয়েছে। কিন্তু হঠাৎ স্যার, ফরোয়ার্ড ব্লকের লোক বলে—কন্ট্রোলার অব ভ্যাগ্রান্সি তিনি আমাদের ভূপতি মজুমদারের ভাইপো—সুধীররঞ্জন দাস মহাশয় আমার কাছে যাতায়াত করেন এবং আমি তাঁকে সমর্থন করি। যেহেতু সে আমার কাছে যাতায়াত করে অতএব সে ফরোয়ার্ড ব্লক, তার চাকরী থাকা উচিত নয়। সেই জন্য তাঁকে মেডিক্যাল বোর্ডের কাছে পাঠান হল। ৮ বছর চাকরী করার পর কাজ সম্বন্ধে তার একটি ভালভাবে সার্টিফিকেট আছে এবং মেডিক্যাল বোর্ড তাঁকে স্পেসাল রেকমেন্ড করল। সে দরখাস্ত করল সরকারের কাছে যে স্পেশাল টাইপ অব স্টেথিসকোপ ছাড়া হয়েছিল, সাধারণ স্টেথিস্কোপ ও ফরেন এক্সচেঞ্জ পাওয়া যায়নি। কিন্তু সরকারের কাছে বহু আবেদন-নিবেদন করল, মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করল, কণ্ট্রোলার অব ভ্যাগ্রান্সির কাছে আবেদন করল, কিন্তু তার কোন কথা গ্রাহ্য করল না। তাকে বরখাস্ত করে অগ্রাহ্য করে দেওয়া হল। এই রকম একজন কংগ্রেস কর্মী ফরোয়ার্ড ব্লক-এর লোক নয়, যেহেতু আমি ৩০ বছর কংগ্রেসে ছিলাম সেহেতু তারা আমার কাছে আসেন এবং তাদের দুঃখ জানান। কাজেই তাদের জন্য যেটুকু করা প্রয়োজন আমি সেটুকু করে থাকি। তারপরে ফায়ার সার্ভিসের কথা। এই ফায়ার সার্ভিসের সম্বন্ধে আমরা বহু অভিযোগ শুনেছি এবং বহু দুর্নীতির কথা আমরা শুনেছি। বার বার দুর্নীতির কথা বলবার পরেও সেই বিভাগ থেকে একটা এনকোয়ারি ব্যবস্থা হল না, ডাইরেক্টর অব ফায়ার সার্ভিস-এর বিরুদ্ধে এনকোয়ারি হচ্ছে, কিন্তু তাকে সাসপেন্ড করা হয়নি যেহেতু তিনি একজন হাই অফিসার। একজন যদি নীচু সরকারী কর্মচারী—তার বিরুদ্ধে

দুর্নীতির অভিযোগ করা হত তাহলে তাকে সাসপেন্ড করা হত। তারপরে একজন এনকোয়ারি অফিসার—এনকোয়ারি করেছে হঠাৎ তাকে এখান থেকে চেঞ্জ করা হল। কাজেই এই অবস্থা চলেছে। এইভাবে যদি চলে তাহলে কি করে দুর্নীতি নিবারণ করবেন তা আমি বুঝে উঠতে পারছি না। যাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে সরকার থেকে এনকোয়ারি করতে দিলেন—অথচ তাকে সেখানেই রেখে দেওয়া হল সেখান থেকে সরান হল না। কিন্তু নিম্ন স্তরের কর্মচারীদের উপর যথেচ্ছ অত্যাচার চলেছে। তারপর স্যার কাঁচরাপাড়ার ব্যাপার। সেখানকার চুরির ব্যাপার রোগীরা ধরল এবং সুপারিনটেনডেন্ট-এর কাছে গিয়ে বললো আমরা চুরি ধরেছি। হঠাৎ গিয়ে পুলিশ সেই ১৭ জন টি, বি, রোগীকে ধরে নিয়ে যায় এ, জি, হসপিট্যাল থেকে এবং তাদের রানাঘাট সাব জেলে রেখে দেওয়া হয়েছে। তাদের মধ্যে ২ জনের ইনকিয়োরেবল ডিজিজ, অসুখ সারবে না। তারা যাবে কোথায়? তাদের বাড়ীতে রাখবে না, সরকার যদি স্থানের ব্যবস্থা না করেন তাহলে তারা কোথায় যাবে, যাদের ওখান থেকে ডিসচার্জ করে দেওয়া হয়েছে? সরকার পক্ষ থেকে কিছু টাকা দেবার কথা শুনেছিলাম। কিন্তু টাকা দেবেন কিনা জানি না। আর বাকি ৭ জন—যাদের এখনও অসুখ সারেনি তাদের এ, জি, হসপিট্যালে ফেলে রেখে দেওয়া হয়েছে। কাজেই এইরকম একটা অমানুষিক, নিষ্ঠুর ব্যবহার দেখে আমি [illegible] অবাক হয়ে যাচ্ছি। স্যার, তারপরে করপোরেশনের নির্বাচনের ব্যাপার। যে রোল নিয়ে নির্বাচন হচ্ছে—এই রোলের মধ্যে এত ভুল—এটা ১৯৬২ অ্যাসেম্বলীর রোল অনুসারে। সেই সমস্ত রোলে যাদের নাম ছিল, আজকে তাদের নাম নেই এবং ফাইন্যাল রোল পাব্লিস করা হয়নি, অনেকের নাম পাওয়া যায়নি। এই প্রিলিমিনারি ইলেকটোর্যাল রোল—যার উপর নির্বাচন চলেছে—আমি কয়েকটি জায়গায় পাড়ায় পাড়ায় ঘুরে দেখেছি যে অনেকে বলছে আমাদের ভোটের তালিকায় নাম ছিল এখন কোথায় গেল—এই অবস্থা দাঁড়িয়েছে। স্যার, আমি এই আগে বলেছি যে আমাদের পার্টির ৩ জন লোককে সরকার বিনা বিচারে জেলখানায় আটক করে রেখেছেন। তাদের বিরুদ্ধে অভিযোগ সম্বন্ধে আমরা বার বার জিজ্ঞাসা করেছি, এই গণতান্ত্রিক সরকার তাদের অভিযোগ সম্বন্ধে আমাদের কিছুই জানাতে পারেন নি। এইভাবে সরকার গণতন্ত্রের কথা বলেন। এই ৩ জন লোক—যাদের জেলে রাখা হয়েছে, তারা চীন আক্রমণের সময় যেভাবে অর্থ সংগ্রহ, রক্ত দান প্রভৃতি কাজ যেভাবে করল এবং তাদের বাড়ী থেকে গেঞ্জী তৈরী করে জোয়ানদের পাঠিয়েছিল—এদের বিরুদ্ধে কি অভিযোগ আমরা এ পর্যন্ত জানতে পারলাম না। সরকার ন্যায় বিচারের কথা বলেন, কিন্তু যেখানেই সরকারের দলীয় স্বার্থ খুন্ন হবে সেইখানেই তারা তাদের জোর করে জেলখানায় আটক করে রেখে দেবে, ছাড়বে না। কেরালায় যে অবস্থা ঘটল, নিশ্চয়ই সেখানে বিরোধী দলকে একটা সুযোগ দেওয়া উচিত ছিল, যদি গহতন্ত্রকে চালাতে হয়। হঠাৎ সেখানে এইরকমভাবে প্রেসিডেন্টস রুল প্রয়োগ করা উচিত ছিল না। সেখানে বিরোধী দলকে সুযোগ দেওয়া উচিত ছিল যাতে তারা সেখানে অ্যাসেম্বলীর মধ্য দিয়ে গণতান্ত্রিক সরকার চালাতে পারে। তার পরে স্যার এখানে সরকারী কর্মচারীদের কথা বলা হয়েছে। আমরা জেনারেল বাজেটে সেটেলমেন্ট কর্মচারীদের কথা বার বার বলেছি যে মাত্র ২৭ টাকা মাইনে পায়। সেই ২৭ টাকা মাইনেতে আজকের দিনে কি করে চলতে পারে সেটা সরকার বুঝতে পারেন। চাল, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম এত বেশী যে ২৭ টাকা মাইনেতে তাদের চলতে পারে না, চলা অসম্ভব হয়ে পড়েছে।

[3-10—3-20 p.m.]

কজেই এই বিষয়ে আমাদের অর্থমন্ত্রী মহাশয় কি ব্যবস্থা করলেন এটা বুঝতে পারছি না। প্রাইমারী শিক্ষকদের বিষয়ে তাঁরা বলেছেন যে নিশ্চয়ই তাদের কথা চিন্তা করবেন ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে একটা ব্যবস্থা করবেন শুনেছি, কিন্তু এ বিষয়ে কতখানি ব্যবস্থা হবে তাতে আমাদের যথেষ্ট সন্দেহ রয়েছে। তাই স্যার, এ্যাপ্রোপ্রিয়েসন বিলে যে টাকা চাওয়া হয়েছে—এই সমস্ত টাকা নিয়ে কিভাবে খরচ হবে তাতে কতখানি পশ্চিমবঙ্গের জনসাধারণের কল্যাণ, উপকার হবে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ রয়েছে। আজকে যে শাসন ব্যবস্থা চলেছে তাতে যদিও সরকার মনে করছেন যে ভোটের জোরে তাঁরা বরাবর গদিতে বসে থাকবেন—তা হবে না। পৃথিবীর ইতিহাসে দেখা গেছে যে এই রকম গায়ের জোরে চিরকাল বসে থাকা যায় না। আর চিরকাল এই রকম ভোট জনসাধারণ তাদের দেবে না। আজকে আমরা দেখছি যে লোকে

তাঁদের যথেষ্ট সমর্থন করছেন—কিন্তু এই চিত্র বরাবর থাকবে না। এই রকমভাবে তাঁরা যদি অন্যায় করেন, দুর্নীতি করেন, ক্ষমতার অপব্যবহার করেন এবং এইভাবে যদি সরকারী কর্মচারী দের প্রতি তাঁরা অসৎ ব্যবহার করেন জনসাধারণের প্রতি ন্যায় বিচার না করেন তাহলে ও'দের শাসন ব্যবস্থা কিভাবে চলবে—কত দিন তাঁরা গদিতে বসে থাকবেন সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। সেই জন্য আমি বলছি যে সরকারের উচিত তাঁদের শাসন ব্যবস্থার আমূল পরিবর্তন করা এবং সরকারী ব্যবস্থার মধ্যে যে সমস্ত দুর্নীতি আছে, অন্যায় আছে সেই সমস্ত সম্পূর্ণ পরিবর্তন না করে যদি বাস্তবিকই তাঁরা একটা সত্যই গণতন্ত্রসম্মত শাসন ব্যবস্থা কায়েম না করেন তাহলে পর এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলকে আমরা সমর্থন করতে পারি না।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: অধ্যক্ষ মহাশয়, বার্ষিক ভোগ দখলের জন্য যে বিলটা এসেছে এটা ঠিক কি লক্ষ্য পূরণের জন্য কোন নীতি অনুসরণ করে এই বরাদ্দের দাবী করা হচ্ছে এই প্রশ্ন নিশ্চয়ই সকলে করতে পারেন। এখন যদি এমনই হোত যেমন একটা পৌরাণিক গল্প মনে পড়ছে যে বশিষ্ঠ ঋষির আশ্রমে যেখানে কামধেনু ছিল সেখানে অত্যাচারী বিশ্বামিত্র রাজা এসে সেটা হরণ করতে চাইলেন অসহায় ধেনু যাকে পৃথিবীর সঙ্গে এক করে দেখা চলে সেই গরু তখন বশিষ্ঠের দিকে তাকিয়ে বললো আমি কি করবো। তখন তিনি বললেন তুমি যা পার কর। তখন সেই গরুর গুহ্যদেশ থেকে এবং ক্ষুর থেকে জবন পল্লব বেরুলো এবং অস্ত্র হাতে করে বিশ্বামিত্রকে রুখলো। এটা হচ্ছে বিশ্বামিত্র ভোগ দখলের যে পদ্ধতি নিলেন তাতে শুধু মাত্র বল প্রয়োগ প্রয়োজন। এবং তা করতে গেলে বশিষ্ঠের মত শান্ত ঋষিকে বলতে হোল যে বল প্রয়োগ করে প্রতিরোধ করো। যদি একচেটিয়া পুঁজিবাদের স্বেচ্ছাচারীর ভিত্তিতে নগ্ন ফ্যাসীবাদ আসে তাহলে তার যে শোষণ—সেই শোষণের বরাদ্দ তার একটা অ্যাপ্রোপ্রিয়েসন হবে। কিন্তু তাকে প্রতিরোধ করার অধিকার সমস্ত জনগণের আছে। এবং আমাদের দেশের জনসাধারণের গণতন্ত্রের উপর আস্থা আছে এবং শুধু জনগণ নয় জনগণের একাংশ তারা বিপুল সংখ্যায় কংগ্রেসের মধ্যেও আছেন, তাদের মধ্যেও একটা বড় সংখ্যক লোকের মধ্যে গণতন্ত্রের প্রতি প্রীতি আছে এবং তারা লড়েছেন এবং লড়তে প্রস্তুত। সেকথা মানি বলে সেজন্য আজকে যদিও অত্যন্ত দুর্দিন তবুও আমাদের বাজেটের যে লক্ষ্য এবং নীতি তা পশ্চিমবাংলায় ঠিক হচ্ছে না। আজকে সর্বভারতীয় স্তরে যেখানে সামগ্রিক বাজেট নীতি ঠিক হচ্ছে সেখানে দেখছি এবছরের বাজেটে টি টি কৃষ্ণমাচারী যা করেছেন সেটাকে বলা যেতে পারে নয়া উপনিবেশবাদের দিকে পদক্ষেপের বাজেট।

তিনি প্রাইভেট মনোপলি ক্যাপিটাল—বিদেশী মনোপলি ক্যাপিটালকে গ্রিন সিগন্যাল দিয়েছেন। তাঁদের তিনি বলেছেন যে তোমরা এখানে ভারতবর্ষে যে কোন কারবারের সঙ্গে সমান সর্তে ব্যবসা করতে পারবে এবং তোমাদের লভ্যাংশ—প্রফিট রিপ্যাট্রিয়েট করার ব্যাপারে সুবিধা আমরা দেবো একথা টি টি কৃষ্ণমাচারী বলছেন। এবং ঠিক বাজেট হবার আগে যে ইন্টারন্যাশনাল চেম্বার অফ কমার্সের লোকেরা এসেছিলেন তারা ধমক দিয়ে বলেছিলেন যে সোস্যালিজমের এতো কথা বলা ভাল নয়। তেমনি একথাও বলেছিলেন যে প্রাইভেট ক্যাপিটালকে সমস্ত স্ফিয়ারে স্থান দিতে হবে। আমরা দেখলাম যে চারটি সার কারখানা—সেখানে আগে ছিল সার কারখানা শুধু রাষ্ট্রীয় ক্ষেত্রে হবে—সেই চারটি সার কারখানা কালকের কাগজে বেরিয়েছে যে একটা আমেরিকান প্রতিষ্ঠান তার উপর ১০ লক্ষ টন নাইট্রোজেন উৎপাদনের ভার দেওয়া হয়েছিল। এবং তারা এখন বলছেন শুধু আমরা নয়, ঐ যে হলদিয়ায় তৈল শোধনাগার হবে সেখানেও বিদেশী কোম্পানীকে সমান অধিকারের শর্তে নিতে হবে। তবে আমরা এটা করতে পারবো এই কথা তারা বলছেন। অর্থাৎ আজকে সমস্ত বিদেশী কারবারীরা বলছেন যেখানে আমেরিকায় গড়ে লাভ ১০ পারসেন্ট-এর বেশী হয় না—সেখানে তাঁরা বলছেন ভারতবর্ষে আমরা ব্যবসা করবো মূলধন পুঁজি লগ্নি করবো কমসে কম ১৪ পারসেন্ট লাভ চাই। আমি একটা হিসাব দেখছিলাম ডানলপ কারখানার আমাদের পশ্চিমবঙ্গে তাতে ৫ কোটি ৩০ লক্ষ টাকা আদায়ীকৃত মূলধন; ১৯৬২ সালে তাতে লাভ হয়েছিল ১ কোটি ৫৬ লক্ষ টাকা, আর ১৯৬৩ সালে লাভ হয়েছে ২ কোটি ৩৩ লক্ষ টাকা এই ধরণের লাভ তারা করে থাকে এবং এইভাবে অন্যান্য কোম্পানীরা দেখে বলবেন যে তাদের লাভের পরিমাণ ৩০।৪০।৫০ পারসেন্ট আদায়ীকৃত মূলধনের প্রত্যেক বছর বছর তাদের ট্যাক্স দেবার পর লাভ উশুল হচ্ছে। এই জিনিস হচ্ছে। সমস্ত বিদেশী প্রাইভেট ক্যাপিটাল এই ধরণের লাভ। আর এর সঙ্গে যোগসাজস রয়েছে ভারতবর্ষের বৃহৎ ধনীদের যারা এখানকার

কোটিপতি এবং একচেটিয়া ভারতীয় ধনী এবং একচেটিয়া বিলাতী ধনী—এদের যোগসাজস হচ্ছে অত্যন্ত অকল্যাণকর যার জন্য আমি শুধু বিরোধী পক্ষকে অবহিত হতে বলি না—কংগ্রেস-এর মধ্যেও গণতন্ত্র প্রিয় বহু সদস্য আছেন বলে আমি মনে করি, তাঁদেরও এই সম্বন্ধে অবহিত হতে বলি। আপনারা যদি এ ব্যাপারে অবহিত না হন তাহলে এই জিনিসকে রোধ করা যাবে না এবং সেখানে যে জিনিসটা তারা করে চলেছেন আমরা একটা উপনিবেশবাদ থেকে রক্ষা পেয়ে বেঁচে এসেছি—আর একটা নয়া উপনিবেশবাদ সৃষ্টি করার দিকে তারা চলছেন। এবং সেই নয়া উপনিবেশবাদের কিছু কিছু লক্ষণ দেখা যাচ্ছে কৃষ্ণমাচারীর বাজেটে। তাতে একদিকে বিদেশী প্রাইভেট পুঁজি সম্বন্ধে আর এক দিকে দেশী একচেটিয়া পুঁজি সম্পর্কে তিনি দাক্ষিণ্য দেখিয়েছেন। ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ—তার অধিবেশনে শ্রী চিনাব যে প্রস্তাব করেছেন তাতে এই বাজেটকে তিনি কিছুটা অভিনন্দন জানিয়েছেন, সমর্থন জানিয়েছে। ইতিপূর্বে যেটা মহালানবীশ কমিটির রিপোর্টের ভিতর দেখা যায় যে ইতিমধ্যে ইনকাম ট্যাক্সের ভিতর বহু রকম সুবিধা ধনীদের দেওয়া হয়েছে। বৃহৎ ধনীদের জন্য প্রত্যেকটা বাজেটে ইনফ্লেসনের টেন্ডেন্সি দেখানো হয় এবং ধনীরা যাতে লং টার্ম ক্রেডিট নিতে পারে তার জন্য প্রচুর ব্যবস্থা করা হয়েছে এবং যে কনসেনট্রেশন হচ্ছে যা আমাদের সংবিধানবিরোধী কনসেনট্রেশন অফ ওয়েল্থ, কনসেনট্রেশন অফ পাওয়ার, কনসেনট্রেশন অফ প্রোডাকশন ইন এ ফিউ হ্যান্ডস এই সমস্ত হচ্ছে।

[3-20—3-30 p.m.]

কাজে কাজেই এই বিলের মধ্য দিয়ে একটা অশুভ চেতনা অশুভ সম্ভাবনা দেখা যাচ্ছে যার বিরুদ্ধে আমাদের দাঁড়াতে হবে। আমরা এখানে ভূমি রাজস্ব সম্পর্কে বাজেট অধিবেশনে আলোচনাতে অনেক কথা বলেছিলাম। ভূমি রাজস্ব সম্পর্কে যেসব আলোচনা তাতে কংগ্রেস পক্ষের বহু সদস্য বিরোধী পক্ষের বক্তব্যের প্রায় সমপর্যায়ের বক্তব্য বলেছিলেন এবং বহু বক্তৃতা সমর্থন করেছিলেন। তারপর দেখলাম মায়াপুর কংগ্রেস অধিবেশনে তাঁরা কয়েকটি ভাল ভাল প্রস্তাব করলেন। তারপর অনেকে হয়ত লক্ষ্য করেন নি আনন্দবাজার পত্রিকার ঐ ছোট স্বাধীন অধিকারসম্পন্ন স্বত্ববান কৃষক, মাঝারী কৃষকের বিরুদ্ধে সম্পাদকীয়তে লেখা হয়েছে। তারপর যে হাই লেভেল কমিটি হয়েছে তাতে আনন্দবাজারের সম্পাদক আছেন। কংগ্রেসের ভেতরে যাঁরা প্রগতিশীল মনোভাবের লোক যাঁরা ভেবেছিলেন ভূমি রাজস্বের আমূল পরিবর্তন আনতে পারবেন সেই ভূমি রাজস্বের আমূল পরিবর্তন আনার পথে বাধা দেবার মত প্রচুর লোক নিয়ে এই হাই লেভেল কমিটি হল। এখানে ভ্রূণ হত্যা হয়ে যাবে বলে সন্দেহ আছে, এ সম্বন্ধে আমি আপনাকে সজাগ করে দিচ্ছি। আর একটা ঘটনার কথা বলছি ১৯৪৯ সালে কুমারাপ্পা কমিটি ভূমি সংস্কারের যে আমূল পরিবর্তনের সুপারিশ করেছিলেন সেটা মানা হয় নি। তারপর ১৯৫৯ সালে এ আই সি সি-র অধিবেশনে যেসব সিদ্ধান্ত হয়েছিল কৃষি সমবায় করবার সেগুলি পালিত হয় নি কেন? পালিত হয় নি এজন্য ঐ যে একচেটিয়া পুঁজিতন্ত্র কংগ্রেসের বাইরে আছে সেই প্রকাশ্য পার্টি হচ্ছে স্বতন্ত্র পার্টি, তাদের লোকজন কংগ্রেসের মধ্যে প্রচুর পরিমাণে আছে এবং পশ্চিমবঙ্গ কংগ্রেসে আছে এবং লক্ষ্য করলে দেখবেন ঠিক যেসময় বিদেশী ধনীরা চাচ্ছে যে সমাজতন্ত্রের কথা অত বোলো না, সেই সময় আমাদের শ্রদ্ধেয় ভগ্ন বঙ্গেশ্বর অতুল্য ঘোষ দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে সোস্যালিস্ট ফোরাম-এর আলোচনা অধিবেশনে বন্ধ করে দিলেন এবং তাঁরই চেষ্টাতে সদাচার সমিতি একটা শুভেচ্ছা সমিতিতে পরিণত হয়েছে, তা ছাড়া আর কিছু নয়। অর্থাৎ ধনীদের টাচ করে করাপসান অ্যাট এনি লেভেল দূর করতে গেলে সত্য সত্যই হাই লেভেল থেকে সুরু করতে হবে, মন্ত্রী থেকে সুরু করতে হবে, তার বিরুদ্ধে এই যে সমস্ত ষড়যন্ত্র চক্রান্ত একচেটিয়া পুঁজিপতিদের এ সম্পর্কে আমাদের অবহিত হতে হবে। আমাদের বুঝতে হবে এই যুগ প্রতি বিপ্লবের যুগ নয়, এই যুগ সমাজতন্ত্র প্রতিষ্ঠার যুগ, আমাদের অনুন্নত দেশে অর্থনৈতিক স্বাধীনতার মধ্য দিয়ে সমাজতন্ত্র প্রতিষ্ঠার যুগ। তাই যদি হয় তাহলে আমরা দেখতে পাব এখানে সমাজতন্ত্র আপনা আপনি হবে, তাহলে দেখতে পাব রাষ্ট্রীয় সেক্টার বাড়তে বাড়তে ক্রমশঃ ক্রমশঃ প্রাইভেট সেক্টারকে খর্ব করছে ক্ষুন্ন করছে এবং তার প্রফিট সীমা বেঁধে দিয়ে জনসাধারণের পক্ষে সমাজতন্ত্রের একটা দিক রেখা পরিষ্কার করে দিচ্ছে। কিন্তু তা না হয়ে হতে চলেছে এই রাষ্ট্রীয় সেক্টারে যেসব ইন্ডাস্ট্রিজ করপোরেশন আছে তার যে পরিচালন ব্যবস্থা তার যে ম্যানেজমেন্ট তার ভেতরে একচেটিয়া পুঁজিতন্ত্রের লোকজন ঢুকে এই

সমস্ত রাষ্ট্রীয় সেক্টারকে ইনফ্রা স্ট্রাকচারে পরিণত করতে চাইছে তাদের তাঁবেদার প্রতিষ্ঠানে পরিণত করতে চাইছে। রাষ্ট্রীয় সেক্টারে ইন্ডাস্ট্রি আমেরিকায় আছে, জার্মানীতে আছে, জাপানে আছে। কিন্তু আমাদের শাসকবর্গ চেষ্টা করছেন রাষ্ট্রীয় দখলে যেসব ডিপার্টমেন্ট আছে যেমন পরিবহণ—পরিবহণে ১৪ হাজার কর্মচারী আছে, তাদের ইউনিয়ন স্বীকৃতি চেয়েছে, প্রাইভেট সেক্টারের কর্মচারীরা যে সুযোগ পায় সরকারী কর্মচারীরা সেই সুযোগ পায় না, সরকার তাঁর কর্মচারীদের প্রতি যে ব্যবহার করেন সেই ব্যবহার অত্যন্ত জঘন্য। যেমন ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী একটা প্রাইভেট কোম্পানী ছিল, সেটা এখন গভর্নমেন্টের হাতে এসেছে। গভর্নমেন্টের হাতে এসে তার কি হয়েছে না হয়েছে আমি বলতে পারব না, কিন্তু তার শ্রমিক শ্রেণীর প্রতি যে ব্যবহার সেটা ইউনিয়ন বিরোধী হয়েছে, শ্রমিকদের সম্পর্কে পক্ষপাতিত্বমূলক ব্যবহার করা হয়েছে। ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী সম্পর্কে সরকারের যে নীতি সেই নীতি ইউনিয়ন বিরোধী নীতি তথা সমাজতন্ত্র বিরোধী নীতি, তারই স্বরূপ এখানে ফুটে উঠেছে। আমাদের শ্রমদপ্তর যেটা, সেটা সমাজতন্ত্রের অগ্রগতির বিরুদ্ধে; এই সমাজতন্ত্র বিরোধী মনোভাব শ্রমদপ্তরে প্রকটিত বেশী হয়েছে। এই সম্পর্কে দু'-একটি কথা না বলে পারছি না।

এই যে চটকলগুলি রয়েছে, যা প্রধানতঃ বাংলাদেশে আছে, দু'-একটি যদিও বাইরে আছে, সেখানে চটকল বোনাস কমিশনের রায় মানে নি। এবং তাদের লাভ কি রকম হচ্ছে সেটা একটু নমুনা হিসেবে পড়ে দিচ্ছি—

বিড়লা জুট ম্যানুফ্যাকচারিং কোং—তার ২ কোটি ৮৪ লক্ষ টাকা আদায়ীকৃত মূলধন; ১৯৬৩-৬৪ সালে তার লাভ হয়েছে ২ কোটি ৩৫ লক্ষ টাকা। অসম্ভব রকম লাভ হয়েছে, অর্থাৎ লুমপিছু লাভ হয়েছে ১৭,১৩১ টাকা।

তারপর গ্যাঞ্জেস জুট মিল—তার ৯০ লক্ষ টাকা আদায়ীকৃত পুঁজি, আর ঐ সময় লাভ হয়েছে ৯৯ লক্ষ টাকা—১৯৬৩-৬৪ সালে।

তারপর হেস্টিংস জুট মিল—তার ৬৫ লক্ষ টাকা আদায়ীকৃত মূলধন। আর লাভ হয়েছে ৬৩ লক্ষ ৫৮ হাজার টাকা—ঐ ১৯৬৩-৬৪ সালে।

ইন্ডিয়া জুট মিল তার ২৭ লক্ষ টাকা আদায়ীকৃত মূলধন, আর ১৯৬৩-৬৪ সালে লাভ হয়েছে ৮৪ লক্ষ ৬২ হাজার টাকা। এই পরিমাণ টাকা যারা লাভ করেছে তাদের আপনারা বাধ্য করতে পারছেন না? তাদের উপর আপনারা ডি আই আর প্রয়োগ করতে পারছেন না, ন্যায্য বোনাস চটকল শ্রমিকদের দেবার জন্য? সেটা আপনারা সমস্ত পক্ষ মিলে সরকার পক্ষ, শ্রমিক পক্ষ ও মালিক পক্ষ অল ইন্ডিয়া সর্বভারতীয় স্তরে যা স্বীকার করেছেন তা তাঁরা করতে পারেন নি। আজ বাজেট বরাদ্দ সম্পর্কে বলতে গিয়ে যে জিনিসটা মনে হচ্ছে, যে জিনিসটা বলা উচিত বলে মনে হচ্ছে এই যুগ সম্পর্কে—, আমি মনে করি এটা হচ্ছে একটা বিপ্লবের যুগ। বিপ্লবের যুগ এবং এটা ধনতন্ত্র থেকে সমাজতন্ত্রে উন্নীত হবার যুগ, পৃথিবীর উপনিবেশ ব্যবস্থা তথা সাম্রাজ্যবাদ ভেঙ্গে পড়ার যুগ, বিশ্বব্যাপী পরিসরে সাম্যবাদ বা সমাজতন্ত্র প্রতিষ্ঠার যুগ। কিন্তু কয়েকটি অনুন্নত দেশের নমুনা এখানে দেখাতে চাই। যেমন বিদেশী পুঁজি তাঁবেদার ঐ দক্ষিণ কোরিয়া এবং দক্ষিণ ভিয়েতনাম—তাদের কি অবস্থা হয়েছে। পুরাপুরি ধনতন্ত্র হয়েও দক্ষিণ কোরিয়া ও দক্ষিণ ভিয়তনাম সমাজতন্ত্রের পথে পা বাড়িয়েছে, ধনতন্ত্রকে বিনাশ করে সমাজতন্ত্র প্রতিষ্ঠার দিকে চলেছে। অন্য দিকে সদ্য স্বাধীন দেশ কিউবা—অর্থনৈতিক বিকাশের পথে গিয়ে সমাজতন্ত্রের পথ ধরেছে। তারপর ইজিপ্ট প্রথম মহাযুদ্ধের সময় বৃটিশের তাঁবেদার হয়েছিল, দ্বিতীয় মহাযুদ্ধের সময় আমেরিকার তাঁবেদার হয়েছিল! আর ১৯৫৬ সাল থেকে স্বাধীন অর্থনৈতিক বিকাশের পথ ধরে আজ সে সমাজতন্ত্রের পথে পা বাড়িয়েছে। ব্রহ্ম বিচিত্রভাবে শ্রমিক শ্রেণী বা বুদ্ধিজীবী শ্রেণীর নেতৃত্ব ছাড়া সেখানে সে সমাজতন্ত্রের পথে পা বাড়িয়েছে। আলজেরিয়া ৭ বছর সশস্ত্র যুদ্ধের পরে স্বাধীন হবার পর থেকে সে সমাজতন্ত্রের পথে পা বাড়িয়েছে। কিন্তু ভারতবর্ষ হচ্ছে একমাত্র দেশ সেখানকার নিজস্ব পুঁজিপতিরা কিছুতেই অন্যান্য দেশের, যারা উন্নত দেশ ছিল—সেখানে তারা ভাবছে তাদের হাতে লং টার্ম ক্রেডিট নাই; আর ফিক্সড ক্যাপিটাল কম্পোনেন্ট-এর জন্য তারা বেশীর ভাগ বিদেশীর উপর সেখানে নির্ভর করে এবং তাদের সাহায্যে ও সহযোগিতায় তারা একটি নয়া উপনিবেশবাদ গড়বার দিকে যাচ্ছে—এই সম্ভাবনা এসে পড়ছে। কিন্তু দেশের

ব্যাপক জনসাধারণ—শ্রমিক, কৃষক, নিম্নমধ্যবিত্ত এবং বর্জোয়া শ্রেণীর লোকের বেশীরভাগ মহলানবিশ কমিটি বলছে যে সমস্ত জয়েন্ট স্টক কোম্পানীর মধ্যে ৮৬ পারসেন্ট তাদের, যাদের ৫ লক্ষ টাকার নীচে ক্যাপিটাল আছে এবং তারা মাত্র ষোল পারসেন্ট ক্যাপিটালের মালিক—তাদের হাতে রয়েছে। ১·৬ পারসেন্ট লোকের ৫৬ পারসেন্ট ক্যাপিটাল কনসেনট্রেট করেছেন। এই যে ক্যাপিটাল আজকে কনসেনট্রেট হচ্ছে—১·৬ পারসেন্ট অল্পস্বল্প প‍ুঁজিপতি বৃহৎ যে বিদেশী প‍ুঁজিপতি কোম্পানী তারা যেভাবে সমস্ত একচেটিয়া করছে, সেটা আমাদের ঐ যে বাকী প‍ুঁজি-পতি শ্রেণীর ভেতর বিরাট, ছোট এবং মাঝারী প‍ুঁজিপতি তাদের স্বার্থবিরোধী।

[3-30—3-40 p.m.]

কাজে কাজেই আমাদের দেশে যখন সেই বিরাট সমন্বয় হতে পারে তখন বর্জোয়াদের বিরুদ্ধে যারা সংগ্রাম হতে পারে সেই শ্রমিক, কৃষক এবং তাদের যারা প্রতিনিধিত্ব করে তাদের কথা ভেবে, সেই প্রেরণায় আমি কংগ্রেস বন্ধুদের কাছে আবেদন জানাই এর বিরুদ্ধে সংগ্রাম করুন, ভারত-বর্ষের অর্থনৈতিক বিকাশ করুন এবং সমাজতান্ত্রিক পথে যাতে যাওয়া যায় এবং তার জন্য যাতে বাজেট বরাদ্দ ব্যবহার করা হয় তার চেষ্টা করুন। তা ছাড়া অন্য যে পথ সেটা [illegible] পথ এবং সেটা কেরালায় প্রমাণিত হয়েছে, পশ্চিমবাংলায় কোলকাতা করপোরেশনের নির্বাচন বন্ধ করবার জন্য স্বেচ্ছাচারিতা চরম রূপ নিয়েছে। আমার বক্তব্য হচ্ছে এগুলি মানবতা বিরোধী। হুগলী জেলার দয়ালপ্রসন্ন কুমারকে ডি আই রুলে বন্দী করে রাখা হয়েছে যাঁর অবস্থা আমার মত—অর্থাৎ খাইয়ে দিতে হয়, চলতে পারেন না, হাটতে পারেন না। আমি জিজ্ঞাসা করি এর কারণ কি? তিনি কি একজন প্রচণ্ড বিপ্লবী কর্মী বা বাইরে তিনি এমন কি কাজ করেছেন যার জন্য তাঁকে বিপদজনক মনে করে বন্দী করে রাখা হয়েছে? সমস্ত বন্দীদের রাখাই গণতন্ত্র বিরোধী, কিন্তু দয়ালপ্রসন্ন কুমারের কেস মানবতা বিরোধী।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, এই বাজেটের সাধারণ আলোচনার সময় থেকে আমি লক্ষ্য করছি আমাদের অর্থমন্ত্রী তাঁর উদ্বোধনী বক্তৃতাতে যে নীতির কথা উল্লেখ করলেন এখন দেখছি বিতর্কের শেষে উত্তর দানের সময়ও সেই কথাগুলি পুনরায় বললেন। শুধু তাই নয়, যখন দফাওয়ারী আলোচনা হোল তখন দেখলাম বিরোধীপক্ষের তরফ থেকে যে সমস্ত নীতির ভিত্তিতে বরাদ্দ নির্ণয়ের কথা আমরা বলেছিলাম, যেভাবে আমরা তাঁদের অনুসৃত নীতির সমালোচনা করেছিলাম তার কিছুমাত্র তাঁরা গ্রহণ করেন নি। বিভিন্ন দফাওয়ারী আলোচনার শেষে তিনি তাঁর জবাবে যে সমস্ত কথা বললেন তার দিকে যদি লক্ষ্য করা যায় তাহলে দেখবেন তিনি পরিস্কারভাবে একথা জানিয়েছেন যে, গত কয়েক বছর ধরে বা গত ১৮ বছর ধরে তাঁরা যে ধরনের নীতি নিয়ে চলেছেন সেটা কৃষিক্ষেত্রেই হোক, শিল্পক্ষেত্রেই হোক, খাদ্য সংক্রান্ত ব্যাপারেই হোক, কর্মী নিয়োগের ক্ষেত্রেই হোক, রিফিউজী পুনর্বাসনের ক্ষেত্রেই হোক, সংসদীয় গণতন্ত্র বলে যে সমস্ত বড় বড় কথা তাঁরা বলেন তার ক্ষেত্রেই হোক তাঁরা কোন পরিবর্তন বা নড়চড় করতে প্রস্তুত নন। স্যার, তাঁরা এই যে অর্থ বরাদ্দ বিল এনেছেন তাতে তাঁরা আমাদের কোন সমর্থন পাবেন না কারণ মূলগতভাবে আমাদের সঙ্গে তাঁদের এই নীতির অনৈক্য আছে। খাদ্যের ব্যাপারে আমরা বারে বারে বলেছিলাম পাইকারী ব্যবসা সরকার তাঁর নিজের হাতে নিন, পাইকারী ব্যবসাকে রাষ্ট্রায়ত্ব করে সাধারণ লাইসেন্সড দোকান মারফত বা কো-অপারেটিভ মারফত খুচরা দরে যাতে সাধারণ মানুষ চাল পেতে পারে তার ব্যবস্থা করুন এবং এর সঙ্গে সঙ্গে চাষীদের ইনসেনটিভ প্রাইস দেবার কথাও আমরা বলেছিলাম। কিন্তু আমাদের এখানে ফাঁকে ফাঁকে বিভিন্নভাবে খাদ্য নীতি সম্পর্কে যে আভাষ তাঁরা দিয়েছেন তাতে দেখছি তাঁরা এই নীতি গ্রহণ তো করেনই নি, বরং আমরা লক্ষ্য করছি কোলকাতার রেশনিং এলাকা বলে যেগুলি করেছেন সেখানে সাধারণ মানুষের যতটুকু ন্যূনতম চাল এবং আটা প্রয়োজন সেটা সরবরাহ করা হচ্ছে না।

এমন কি কোটা যা প্রয়োজন তার চেয়ে কম করে দেওয়া হয়েছে। অন্য দিকে বিধিবদ্ধ রেশনিং এলাকার বাইরে যে দিকটা বাংলাদেশে প্রসারিত, সে দিকের প্রতি যদি তাকাই দেখা যাবে এখনই তের আনা, চৌদ্দ আনা, পনর আনা এবং কোন কোন পকেটে ১ টাকা পর্যন্ত প্রতি কেজি বিক্রী হচ্ছে। এই রিপোর্ট যে আমাদের মন্ত্রীরা রাখেন না বা খাদ্য দপ্তর রাখেন না তা নয়। অথচ তার প্রতিকারের কোন ব্যবস্থাই হয় নি। আমরা লক্ষ্য করেছি যে লেভি বসান হয়েছে বিভিন্ন

চালকলগুলির উপর সেই লেভি ব্যবস্থা বানচাল করার জন্য তারা নূতন নূতন কৌশল উদ্ভাবন করছে। চালকলের মালিকদের কৌশল এমনি যে ফুড ইনস্পেক্টর যারা যাচ্ছে, যাদের চলকলগুলি পরিদর্শন করার কথা তারা তাদের সংগে যোগসাজস করার জন্য চালকলগুলি লেভির ধানচাল পর্যন্ত ফাঁকি দেবার সুযোগ পাচ্ছে এবং এমন হয়েছে যে এখন আর চালকলগুলিতে চাল পর্যন্ত তৈরী হচ্ছে না, সেখানে চাল তারা কিনে রাখছে। বাইরের লোক বিভিন্ন জায়গায় ধান থেকে যে চাল তৈরী করছে ছোট ছোট হাস্কিং মেশিনের হোক আর বাড়ীতেই হোক সেই চাল তারা কিনে নিচ্ছে। আবার অনেক জায়গায় লেভির ব্যাপারই নাই, কেন না ধান থেকে চাল করলে পর লেভি হবার কথা, কিন্তু তারা কিনছে চাল। এইভাবে লেভির ব্যাপক ফাঁকি দেবার চেষ্টা করছে। অথচ খাদ্য দপ্তরে যারা ফুড ইনস্পেক্টর আছে কি কন্ট্রোলার অফ ফুড আছেন এবং সাব-ডিভিশনাল কন্ট্রোলার অফ ফুড আছেন, তাঁরা এসব দেখেও দেখছেন না। অন্য দিকে আমরা দেখছি বিশেষ করে যে সমস্ত এলাকা ডিফিসিট অঞ্চল যেমন জলপাইগুড়ি জেলার কথা বলতে পারা যায়, এই রকম ডিফিসিট অঞ্চলে লেভি করে চাল সংগ্রহ করছেন এবং সেই চাল কলকাতার বিধিবন্ধ রেশনিং এলাকায় নিয়ে আসবার চেষ্টা করছেন আর কেন্দ্র থেকে যে চাল দিচ্ছে হোক না কেন সেটা মোটা, সেই চাল ডিফিসিট জেলায় পাঠাবার চেষ্টা করছেন, বাংলাদেশের বিভিন্ন জেলায় পাঠাবার চেষ্টা করছেন। যখন এ বিষয়ে প্রশ্ন করা হয়েছিল, মুখ্যমন্ত্রী প্রশ্নোত্তরের সময় বললেন কলকাতার লোককে ভাল চাল খাওয়াবার নাকি তাঁর ইচ্ছা দেখা দিয়েছে, এজন্যই এই ব্যবস্থা হয়েছে। কলকাতা অঞ্চলের লোকদের শুধু ইচ্ছা ভাল চাল খাওয়াবার, মফঃস্বলের মানুষ কি এঁদের কাছে মানুষ নয়? তারা কি ভাল চাল খাবার যোগ্য নয়? তার জন্য বিধিবদ্ধ রেশনিং এলাকায় চাল আনতে যে খরচ হয়, কেন্দ্র থেকে যে চাল পাওয়া যায় তা বিভিন্ন জেলায় পাঠাতে যে খরচ হয় এই দুনো খরচ বহন করতেও রাজী আছেন। অথচ জেলায় জেলায় যে পরিমাণ চাল লেভির চাল জমা হয় সেই সমপরিমাণ কেন্দ্রীয় চাল নিলে যে খরচ বাঁচে সেই ইকনমিক নীতি গ্রহণ করতে তিনি তৈরী নন। অন্য দিকে আর একটা জিনিষ লক্ষ্য করছি। সরকারী প্রতিশ্রুতি সব সময় ফাঁকির প্রতিশ্রুতিতে পরিণত হয়। নানা রকম কারণ দেখিয়ে, অছিলা দেখিয়ে, ট্রান্সপোর্টএর অভাব দেখিয়ে, ওয়াগন ইত্যাদির অভাব দেখিয়ে—বিভিন্ন জেলা থেকে সংগৃহীত চাল বিধিবন্ধ রেশনিং এলাকায় চলে আসছে এবং আসবেও—সরকারী তরফ থেকে যে চাল আটা পাঠাবার কথা তা ঠিক ঠিক মত মফঃস্বল এলাকায় ঠিক সময়ে পেঁছায় না, যার ফলে ময়নাগুড়িতে ঘটনা ঘটেছে, যার ফলে এখন পর্যন্ত জানেন ডুয়ার্স এলাকায়, জলপাইগুড়ি, কুচবিহার এই সমস্ত অঞ্চলে চালের দাম আবার সাংঘাতিক রকমে বেড়ে গিয়েছে আজকে বাংলাদেশের সব পাউরুটি তৈরির কারখানা উঠে গেছে এটা বলতে পারা যায়। আটা দিচ্ছেন না, এ'রা বলছেন শীঘ্র পাঠান হচ্ছে, এরকম অনিশ্চিত অবস্থার মধ্যে বাংলাদেশকে ঠেলে দিচ্ছেন, এই অবস্থাই আমি লক্ষ্য করছি। এটা হচ্ছে এজন্য যে চালকলের মালিকদের তোষণ করতে হবে, যাঁরা আড়তদার ব্যবসায়ী তাদের স্বার্থের দিকে চেয়ে চলতে হবে তো! এবং তাদের স্বার্থের দিকে চেয়ে চলার নীতি গ্রহণ করেছেন বলেই চালকলের মালিকরা লেভি ফাঁকি দিচ্ছে, ধরবার ব্যবস্থা হচ্ছে না এবং যেভাবে লেভি বসিয়ে চাল সংগ্রহ করা উচিত ছিল তা তাঁরা করছেন না, এই অবস্থাই দেখছি। অন্য দিকে মূল্য নিয়ন্ত্রণ করার দিকে নজর নেই, সরকার তো মূল্য বেঁধে দিয়েই খালাস, অথচ সেই দরে চাল বিক্রী হচ্ছে না—প্রত্যেক মফঃস্বল জেলার খবর তাই, অথচ বলছেন বিক্রী হচ্ছে তো!

[3-40—4-10 p.m.]

এরূপ ধরনের একটা ভণ্ডামীর ব্যাপার আমরা লক্ষ্য করছি—ঠিক তেমনি খাদ্যের পর সাধারণভাবে যদি মূল্যনীতির ব্যাপার দেখি তা হলে সেখানে কেন্দ্রীয় সরকার সেখানে যে নীতি অনুসরণ করেছেন বাংলাদেশের ঠিক একই নীতি অনুসরণ করা হয়েছে, এর ফলে প্রতেকটি নিত্যব্যবহার্য জিনিষের দাম বৎসরের পর বৎসর বেড়ে যাচ্ছে অথচ তা রোখবার কোন ব্যবস্থা মন্ত্রিসভা থেকে দেখছি না, এর পর কর্ম-নিয়োগের ব্যাপারে লেবার আনএমপ্লয়মেন্ট অর এমপ্লয়মেন্টএর ব্যাপারে এই বরাদ্দের যখন আলোচনা হচ্ছিল তখন আমরা এই কথা বলছিলাম, আজকে এমপ্লয়মেন্ট কর্ম-নিয়োগের ব্যবস্থা সংকুচিত হয়ে যাচ্ছে যে সমস্ত বনেদী স্থায়ী বড় বড় শিল্প আছে সে চটকল হোক বা চা-বাগান হোক, জেসপ, বর্মাসেল হোক সেখানে গত ১০।১৫ বৎসর শ্রমিকের হিসাব যদি নেওয়া যায় তা হলে দেখা যাবে সেখানে আগে যে কর্ম-নিয়োগের যে সুযোগ ছিল আজকে

তা কমে গেছে; চা শিল্পে সেখানে ৩ লক্ষ ১০ হাজার কর্মে নিয়োগের সংখ্যা ছিল ১০।১৫ বৎসর আগে এখন সেটা হয়েছে ২ লক্ষ ৪০ হাজার। ইন্ডাস্ট্রিয়াল কমিটি অন প্লানটেশন এই নিয়ে আলোচনা হয়েছে। সেখানে ঠিক হয়েছে যে সমস্ত জায়গাগুলি খালি হবে সে খালি জায়গায় নূতন ভর্তি করতে হবে। কিন্তু বিভিন্ন জায়গায় আমরা দেখেছি, এমন কি ইমারজেন্সির সময় আমরা দেখেছি সে খালি জায়গাগুলি খালি থেকে গেছে এবং নূতন লোক সেখানে একটাও নেওয়া হয় নি, অন্য দিকে সরকারের তরফ থেকে ওয়ান ম্যান এনকোয়ারী কমিটি তৈরী হয়েছে বটে কিন্তু তা সত্ত্বেও খালি জায়গা কর্ম নিয়োগের ব্যবস্থা করতে হবে যেটা ঠিক হয়েছিল অথচ চা-বাগানের মালিকরা তা করেন নি, ঠিক এরকম চটকলগুলির ক্ষেত্রেও এবং অন্যান্য ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি পুরান শিল্প ক্ষেত্রে লক্ষ্য করছি যে ঠিক একই নীতি অনুষ্ঠিত হচ্ছে। আমরা যেসব কথা এ ব্যাপারে বলছিলাম সেগুলি তারা করেন নি, ব্যাঙ্ক জাতীয়করণের কথা আমরা বলেছিলাম, বড় বড় শিল্পগুলিকে জাতীয় সম্পত্তিতে পরিণত করার কথা বলেছিলাম কিন্তু কিছুই হয় নি। এর ফলে আমরা লক্ষ্য করেছি যে পরিমাণ মূলধন সঞ্চয় করে শিল্পায়ন দ্রুতগতিতে অগ্রসর হতে পারে বাংলাদেশে সে পরিমাণ অগ্রসর হচ্ছে না। যার ফলে আমরা দেখতে পাচ্ছি বেকার বাহিনী সম্বন্ধে যতই আমরা পরিকল্পনা গ্রহণ করি, এই বেকারবাহিনী বেড়ে চলেছে এবং শিক্ষিত বেকারের সংখ্যা সেখানে বেড়ে যাচ্ছে—শিল্পে এ অবস্থা আমরা লক্ষ্য করছি শিল্পনীতির ক্ষেত্রে। আমরা একই জিনিষ লক্ষ্য করছি প্রতিটি ব্যাপারে, তারপর শিল্পের ক্ষেত্রে বিকেন্দ্রীকরণের কথা ঘোষণা করেছিলেন উত্তরবঙ্গ সম্বন্ধে—বলতে পারি স্বাধীন গণতান্ত্রিক দেশের একটা নীতি হচ্ছে যে অনগ্রসর এলাকাগুলিতে অগ্রসর এলাকার কাছাকাছি নিয়ে আসতে হবে, অসামঞ্জস্য দূর করবার এটা একটা রাস্তা। উত্তরবঙ্গের বিভিন্ন এলাকায় কিছু শিল্পের সম্ভাবনা আছে কি না দেখে সেখানে শিল্প করার জন্য বার বার দাবী করা হয়েছে, অথচ আমরা দেখতে পাচ্ছি অর্থমন্ত্রী থেকে আরম্ভ করে সমস্ত মন্ত্রিসভাই উত্তরবঙ্গকে অবহেলিত অঞ্চল বলে ফেলে রেখে দিয়েছেন এবং শিল্পায়নের ম্যাপ তার বাইরে ফেলে রেখে দিয়েছেন। এবার শিল্পমন্ত্রী বললেন নিশ্চয়ই আমরা দেখবো, আমরা কমিটি ইত্যাদি করছি কিন্তু কি হয়েছে সরকারের তরফ থেকে উত্তরবঙ্গে তা জানি না, সরকারের নিজস্ব উদ্যোগে শিল্প গড়বার কতখানি চেষ্টা করা হয়েছে তা জানি না এবং এ সম্বন্ধে কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নি। কৃষির ক্ষেত্রে ফলন কমে যাচ্ছে এটা সকলেই জানেন, এই ফলন কি বাড়ান যায় না? কিন্তু যারা প্রকৃত চাষী তারা যদি উচ্ছেদের বিভীষিকার মধ্যে থাকে তারা যদি জমির মালিক না হয় এবং যারা অন্য লোক চাষী নয় তারা যদি জমির মালিক হয় তাহলে চাষীদের চাষের প্রতি দরদ থাকে না কাজেই কৃষি ক্ষেত্রে আমূল সংস্কারের দিকে তাকিয়ে ভূমি সংস্কারের দিকে লক্ষ্য রেখে ভূমি সংস্কার আইন যেভাবে করবার দরকার ছিল তা হয় নি। গণতন্ত্রের কথা এখানে বলা হয়, কালকে গণতন্ত্রের কিছু খেল আমরা দেখলাম। সেখানে দেখলাম সোজা দাঁড়িয়ে সরকারের বিভিন্ন নীতির বিষয়ে বলতে উঠি তখন এদিক ওদিক থেকে কিভাবে বাধা আসে সেটা শুনুন। কলকাতার সাধারণ মানুষের জীবনে, বাংলাদেশের জনসাধারণের জীবনে বিমুগ্ধ হয়ে উঠেছে, সমস্ত কথা যখন বলেছিলাম তখন কংগ্রেসের লোকেরা গিয়ে বাধা দেয় এবং তখন তারা বলেছিলো যে এসব কথা বলতে দেব না, এমন কি মাননীয়া ইলা মিত্র মহিলার যে সাধারণ সম্ভ্রম রাখার দরকার সেটাও তাঁরা রাখছেন না। এই নীতি একটা আইসোলেটেড ধরনের হিসাবে চলবে না, আজকে এই অবস্থায় চলছে ডি আই আর প্রয়োগ করে নির্বাচনএর মুখে সরোজ মুখার্জী কমিউনিস্ট পার্টির থেকে যাকে ইউ সি সি চার্জে তাকে বসান হয়েছিল তাকে কয়েকদিন আগে ধরা হল, তাকে ধরা হল কিন্তু নির্বাচনের মুখে কেন? আগে ত ধরা যেত? এর ফলে নির্বাচন একটা ধাক্কা খেল সুতরাং এইভাবে আমরা গণতন্ত্রের নমুনা দেখছি. তারপর সংশোধনীয় গণতন্ত্রের কথা বলেছেন, ৫ বৎসর যেহেতু সংখ্যা বেশী এবং মন্ত্রিসভা গঠন করেছেন সেহেতু ৫ বৎসরের জন্য যা ইচ্ছা তাই করবেন কারণ জনসাধারণ তাদের বেশী ভোট দিয়েছেন কিন্তু এই ৫ বৎসরের মধ্যে অপজিশন যে মর্যাদা দেবার তা দেন নি। এই সংশোধনীয় গণতন্ত্রকে একটা প্রহসনে পরিণত করছেন, ভরসা শুধু এদিকে নয়, ভরসা হচ্ছে আজকে জনসাধারণ বিক্ষুব্ধ হয়ে উঠছে এবং এর ভেতর দিয়ে তারা এই সরকারের নীতির পরিবর্তনের পথে এগিয়ে যাবে এই কথা বলে আমি শেষ করলাম।

[At this stage the House was adjourned for twenty minutes.]

[After adjournment]

[4-10—4-20 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহোদয় এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলএর উপর ৩ বছর ধরে আমরা প্রত্যেক বারেই বলে দিয়েছি এবং ঐ পক্ষ, যারা গভর্নমেন্ট চালাচ্ছেন, তারা সেই সনাতন বাক্য নিয়েই চলেছেন. কানে তুলো দিয়ে বসে আছেন এবং ভদ্রলোকের এককথা উনি বলে বসলেন, সেই জন্য ও'দের কাছে কিছু বলতে আর ইচ্ছে করে না। এবং তারপরই এই সদ্য আজকের কাগজে দেখলাম কেরলে যেভাবে গণতন্ত্রকে জবাই করেছেন, তারপরে আবার সংসদীয় গণতন্ত্র. এটাকে একটা প্রহসন বলে মনে হয়। তথাপি জনসাধারণ যখন আমাদের পাঠিয়েছে এবং আমাদের যখন একটা নৈতিক দায়িত্ব আছে. তখন এদের কিছু জ্ঞানদান করাই আমাদের কর্তব্য. অবশ্য এ'রা জ্ঞানের কথা নেবেন না। মাননীয় স্পীকার মহোদয়, কিন্তু সংমার চাইতে যদি মাসির দরদ বেশী হয়—এই অর্থমন্ত্রী মহাশয় সেদিন তাঁর স্বভাবসুলভ ভঙ্গিমায় অপজিশনএর উপর একচোট নিতে গিয়ে বললেন যে কো-অপারেটিভএর বিষয়ে বাংলাদেশ অনেক এগিয়ে আছে, অপজিশন কিছুই জানেন না। আমি শৈলবাবুকে ইউ এন টি-এর রিপোর্ট, প্যাম্ফ্লেটে যা বেরিয়েছে. সেটা আমি তাঁর কাছে তুলে ধরছি। তাতে বলছে

The Central Government felt that liquidation of weak societies was essential for the rationalisation of the Co-operative Agricultural Credit Structure at the primary level.

এবং সেখানে তারা ঐ মরিবান্ড সোসাইটির যে স্টেটওয়াইজ ব্রেক আপ করেছে. শৈলবাবু শুনলে খুবই খুশী হবেন যে বাংলাদেশ তাতে প্রথম স্থান অধিকার করেছে। এই মরিবান্ড সোসাইটির ব্যাপারে ৫১ পারসেন্ট ডরমেন্ট সোসাইটি বাংলাদেশে, আসামে ৪৩ পারসেন্ট, উড়িষ্যায় ৪০ পারসেন্ট, জম্মু-কাশ্মীরে ২৮ পারসেন্ট. বিহারে. রাজস্থানে ৩১ পারসেন্ট ডরমেন্ট আর বাংলাদেশে ৫১ পারসেন্ট। শৈলবাবু খুব বুক ফুলিয়ে বললেন কো-অপারেটিভ সম্বন্ধে অপজিশন যা বলছে. তা কিছুই ঠিক নয়। সেন্ট্রাল গভর্নমেন্ট কি বলেছেন, সেটাও বোধ হয় ঠিক নয় আমাদের হয়তো পরে বলবেন। এইবার অধ্যক্ষ মহাশয়, এই সরকারের হাতে অ্যাপ্রোপ্রিয়েশন করবার ক্ষমতা—তাদের হাতে সেই সুযোগ আমরা দেবো কেন? এ কোন ধরনের সরকার, এই জিনিসের চরিত্র বিশ্লেষণ করা দরকার। আমরা দেখেছি বারে বারে এই হাউসএ তুলে ধরা হয়েছে, যে এই সরকার হচ্ছে চোরাকারবারীদের প্রশ্রয়পুষ্ট একটি সরকার. চোরাকারবারীদের দমন করবার নামে ও'রা জনসাধারণের উপর অনেক বিড়ম্বনা এনেছেন, অথচ ও'রা চোরা কারবারীদেরকে আজও পর্যন্ত বাংলাদেশে দমন করতে পারেন নি এবং এই ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট এটা একটা চোরাকারবারের আড্ডাখানা হয়ে দাঁড়িয়েছে। আমি প্রথমে চিনির ব্যাপারে আপনার কাছে বলবো, চিনি যখন প্রথম কন্ট্রোল হল. তখন চিনি সম্বন্ধে ডাইরেক্টর অফ ফুড-কে ডিঙ্গিয়ে সেক্রেটারী. তিনি নিজেই চিনির অ্যালটমেন্ট-এর ভার নিয়ে নিলেন. নিশ্চয়ই তিনি করিৎকর্মা পুরুষ, মিলিটারীতে ছিলেন আই এ এস হয়েছেন. নিশ্চয়ই সবকিছু করতে পারেন, কিন্তু যে একটা চিরাচরিত নিয়ম ছিল, সেটা তিনি মানলেন না। এবং তারপর এসে জুটলেন পি কে সেন। এখন ব্যাপারটা হল এই যে একদিন মুখ্যমন্ত্রীকে এই চিনির ব্যাপারে অনেক কেলেঙ্কারী শুনে তাঁকে অর্ডার দিতে হল যে ইমপোর্টার এবং হোলসেলার একই ফার্ম বেনামীতে হতে পারে না এবং একই ফার্ম-কে ২টো লাইসেন্স দেওয়া হবে না। কিন্তু সেটা মুখ্যমন্ত্রীর অর্ডার, সেই অর্ডার পি কে সেন বা ঐ গাঙ্গুলী মহোদয় তারা শুনবার পাত্র নন। তাঁরা কি করলেন? তাঁরা ঐ চিনি বেনামীতে একই ফার্ম-কে না দিয়ে একই লোকের বিভিন্ন নামে ফার্ম করিয়ে দিলেন। আমি আরেকটা ঘটনা আপনার সামনে তুলে ধরছি, যেমন ধরুন সুরজমল বাহাদুরমল ইমপোর্টার, তার অফিস হচ্ছে ১ কনভেন্ট রোড আর হোলসেলার কে? কৃষ্ণ ট্রেডিং কোং, তার অফিস হচ্ছে কোথায়? ১ কনভেন্ট রোড। ২ নম্বর হচ্ছে কিশোরীলাল চৌধুরী ২১ চন্ডীতলা মেন রোড, ঐ সুরজমল বাহাদুরমলেরই একজন পার্টনার. ৩ নম্বর হচ্ছে—তাদের আবার একটা ক্যান্ডি ম্যানুফ্যাকচার কোং করিয়ে দিলেন, সেই ক্যান্ডি ম্যানুফ্যাকচার-এরও অফিস হচ্ছে ২১ চন্ডীতলা মেন রোড। এইভাবে চিনিটা নিয়ে বেশ কিছু মাখামাখি যখন তাঁরা করলেন, তখন কাশীবাবু আমাদের মাননীয় সদস্য এই নিয়ে এই হাউস-এ যখন তুললেন. আমার মনে হচ্ছিল কাশীবাবু একটা ভুল করলেন. কাশীবাবুকে অশেষ ধন্যবাদ যে তিনি অন্ততঃ ঐ ২ জন ভদ্রলোক বি সি

গাঙ্গুলী এবং পি কে সেন তাদের প্রোমোশন করিয়ে দিলেন অর্থাৎ কাশীবাবু যখন চুরির ব্যাপারটা ধরিয়ে দিলেন, ওরা তখন হাসছিলেন, আস্তিনে মুখ লুকিয়ে যে চুরির ব্যাপারটা যতই চলবে, এই কংগ্রেস রাজত্বে প্রোমোশন ততই তাড়াতাড়ি হবে এবং তাই হয়েছে। এই রকম ধরনের কয়েকগণ্ডা ফার্ম আছে, এবং তারা চিনির এই ব্যাপার করছে। আমার জিজ্ঞাস্য এই রকম সরকারের হাতে আমরা টাকা খরচ করবার ভার দেবো কেন। যারা এইভাবে চোরাকারবারীকে প্রশ্রয় দিচ্ছে! এইবার করোগেটেড টিন-এর ব্যাপার বলছি। আমার একটা কথা জানা আছে, এখানে এই হাউস-এর একজন মাননীয় সদস্য নরেশনাথ মুখার্জি, তিনি একটা ফ্রি টেক্সট বুক লাইব্রেরী খোলার চেষ্টা করলেন এবং সেটা হচ্ছে ইন্টারমিডিয়েট, গ্রাজুয়েট, পোস্ট-গ্রাজুয়েট-এর ফ্রি বুক সাপ্লাই করবার জন্য এবং তিনি ছিলেন সেই কমিটির প্রেসিডেন্ট এবং আমাদের মুখ্যমন্ত্রী ছিলেন প্যাট্রন। পদ্মপুকুর পার্কএ এন্টালীতে তার একটা একজিবিশন হয়েছিল, রাশিয়ান কনসাল-এর কাছে গিয়ে এই চ্যারিটির জন্য রাশিয়ান কনসাল ব্যালে আহ্বান করা হয়েছিল। ৫, ১০, ১৫ টাকার টিকিট বিক্রি হয়েছিল। টিকিট বিক্রি হওয়ার পরে কি হল জানি না, সাইক্লোস্টাইল "ল" আজ পর্যন্ত দেখা যায় নি কিন্তু যেটা দেখা গেছে, সেটা হচ্ছে এই যে প্রচার দপ্তর থেকে তাদের যে সমস্ত সাহায্য করা হয়েছিল এবং এই সরকার যেভাবে টিন ইত্যাদি একজিবিশনে দিয়েছিলেন সেই টিনগুলো আর সরকারের হেপাজতে ফিরে যায় নি। সেই টিন-গুলো বিক্রি হয়েছিল এবং সেটা ইউসড বলে বাজারে বেশ মোটা দামেই বিক্রি হয়েছিল। আমি জিজ্ঞাসা করছি যে এইভাবে একটা প্রতিষ্ঠানকে—যে প্রতিষ্ঠানের বোনাফাইড-এর সম্বন্ধে এতখানি সন্দেহ আছে, সেখানে মুখ্যমন্ত্রীর নাম জড়ানো হয় কেন, প্যাট্রন হিসাবে। এবং যেখানে টিন লোকে পায় না, সেই টিন এই রকম ভাবে বরবাদ করা হয় কেন? দ্বিতীয় কথা হচ্ছে যে এই দুর্গাপুর কংগ্রেসে হাজার হাজার বাণ্ডিল টিন গেছে এবং সেই টিন যাবার পর হুগলি পঞ্চায়েত পেপার-এ খবর উঠিয়েছে—মাননীয় শৈলবাবুকে আমি বলছি, ও'রা মাঝে মাঝে আমাদের বলেন যে এখানে ইমিউনিটির সুযোগ নিয়ে অনেক কথা বলেন, বাইরে বলেন না কেন? এটা বাইরেরই খবর। পঞ্চায়েত কাগজে যেটা বেরিয়েছে তার বিরুদ্ধে আপনারা মামলা করেন নি কেন? দুর্গা-পুরের যে টিন, সেই টিন মৃগাঙ্কমোহন সুর নামে একজন ভাগ্যবান কর্মী, তিনি নিজে কিনে নিয়েছেন। এবং সেটা বাজারে বেশ চড়া দরে বিক্রি হচ্ছে কখন, না, যখন টিন-এর অভাবে বাংলা-

[4-20—4-30 p.m.]

দেশের মানুষ তারা হায় হায় করছে। এবং যখন এই হাউসে দাঁড়িয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে টিন আমরা এখন দিতে পারবো না—সেই সময় একটা দলের জন্য এই সমস্ত ব্যাপার তখন করা হচ্ছে। সরকারের যে ভাণ্ডার তা থেকে টিন তো যাচ্ছেই উপরন্তু সেই টিনকে অপচয় করবার ব্যবস্থা করে দিয়ে ব্ল্যাকমার্কেটের সুযোগ করে দেওয়া হচ্ছে। এই চার্জ আমি করতে পারি। মাননীয় স্পীকার মহোদয়, এই রকম একটা সরকারের হাতে টাকা খরচ করতে দেওয়ার অধিকার দেবো কেন? তৃতীয় কথা হচ্ছে চিনির ব্যাপারে আমি বলছি—ডেভ্রিওয়াল মহাশয়ের কথা এর আগে বলা হয়েছে তার সঙ্গে প্রফুল্লবাবুর অনেক খাতির এবং সেই ডেভ্রিওয়াল কোম্পানীকে ৩ শত টন সিমেন্ট দেওয়া হয়েছে। যখন সিমেন্টের অভাবে হাসপাতাল, স্লুইসগেট ইত্যাদি হচ্ছে না বলে ও'রা কাতর ক্রন্দন করছেন ঠিক সেই সময় ডেভ্রিওয়ালের অরিয়েন্ট ইনভেস্ট-মেন্ট কোং লিমিটেডকে ৩ শত টন সিমেন্ট দেওয়া হোল কেন। কাজেই এই রকম সরকারের হাতে আমরা অ্যাপ্রোপ্রিয়েসনের ভার দেবো কেন? মাননীয় স্পীকার মহোদয়, সেদিন আমার বন্ধু শ্রীকাশীকান্ত মৈত্রের উপর খুব একটা ঝাল ঝাড়লেন। তিনি বললেন......

बाजार में हाथी चले और लाख-लाख कुत्ता भूके।

মাননীয় স্পীকার মহোদয়, তিনি স্ট্যাটিসটিক্স ভুলে গিয়েছিলেন বলে বোধ হয় একটা সত্য কথা বলে ফেলেছেন যে কংগ্রেস হাতী। নিশ্চয়ই, আমরা তো কোন দিন অস্বীকার করি না যে কংগ্রেস হাতী নয়। হাতী একটা জীব যে জীবের দেহ অনেক বড়, এবং মাথাটা ছোট আর চোখের তো বালাই নেই বললেই চলে। জীবটা অত্যন্ত নিষ্ঠাবান জীব সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু হাতী যদি মনে করে যে আমি আরামবাগে গিয়ে আশ্রম করবো এবং হাতী যদি মনে করে যে না বড়বাজারে সেঠজীর দরজায় দাঁড়িয়ে থাকবো তাকে হয়তো সেখানেই দাঁড়িয়ে থাকতে

হবে কিন্তু সে আশ্রমে যেতে পারে না। এই রকম হাতী যদি নিজেদের বলেন তাহলে নিশ্চয়ই আমরা সব মেনে নেবো। জনতা হচ্ছে ধর্মরাজ। স্যার, কুকুরকে ধর্মরাজ বলা হয়—জনতা ঘেউ ঘেউ করছে এবং এই জনসাধারণ এক দিন ঐ হাতীকে হয় বনে পাঠাবে না হয় ইতিহাসের চিড়িয়াখানায় তাকে পুরে রাখবে।

শ্রী[illegible] রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন আমি তার উপর দু'-একটি কথা বলবো। প্রথম কথা আমি বলছি এই অ্যাসেমব্লী এবং কাউন্সিল-এর তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের কথা। মাননীয় শৈলবাবু যখন স্পীকার ছিলেন তখন তিনি অনেক মায়া কান্না কেঁদেছিলেন ঐ কর্মীদের জন্য। এবং যখন তিনি অর্থমন্ত্রী হলেন তখন তাঁরা আশা করেছিলন যে নিশ্চয়ই তাঁদের ভাগ্যের পরিবর্তন হবে। কিন্তু তাঁরা জানেন না যে এই বিড়াল বনে গেলেই বন-বিড়াল হয়। স্যার, আমরা দেখছি এদের মাইনে হচ্ছে ৬০ থেকে ৭৫ টাকা। এটা প্রাক ঐতিহাসিক যুগের মাইনে এবং তা ছাড়া চতুর্থ শ্রেণীর কর্মীদের ওভার টাইম দেওয়া হয় মাত্র ৩৭ পয়সা করে। সেটা আবার ঘণ্টা হিসাবে নয়, যদি রাত্রি ১০টা পর্যন্ত অ্যাসেমব্লী চলে তাহলেও ৩৭ পয়সা তাঁরা পাবেন এবং যদি ১০ মিনিট হয় ৬-৩০ মিনিটের পর তাহলেও সেই পয়সা পাবেন। এই অ্যাসেমব্লী এবং কাউন্সিলের কতজনই বা কর্মী আছেন। সরকার কোটি কোটি টাকা অ্যাপ্রোপ্রিয়েশনের নাম করে মিস অ্যাপ্রোপ্রিয়েশন করছেন। যদি এই কয়টি লোককে আপনারা সহৃদয়তার সংগে দেখেন তাহলে কি মহাভারত অশুদ্ধ হয়ে যায়? আজকে এই যে কর্মীরা এখানে দাঁড়িয়ে আছেন তাঁরা হাসি মুখে আমাদের অভ্যর্থনা করেন—কিন্তু তাঁদের পেটের ক্ষুধার জ্বালায় তাঁরা পড়ে রয়েছেন। এঁদের জন্য দেওয়া হয়েছিল ৭৫ টাকা করে মেডিকেল অ্যালাউন্স—এখন শুনছি মাসের মাইনের সংগে এঁদের ৫ টাকা করে দেওয়া হয়। অর্থাৎ বছরে ৬০ টাকা আর ১৫ টাকা শৈলবাবুর ডিপার্টমেন্ট তাদের পকেটে রেখে দেন। এইভাবে গরীব কর্মীদের তাঁরা টাকা দিচ্ছেন না। স্যার, আর একটি কথা এই অ্যাসেমব্লী এবং কাউন্সিলের মার্শালদের অ্যালাউন্স হচ্ছে ৩০ এবং ২০ টাকা—এটা ১৯২৬ সালে হয়েছিল, আজকেও সেই টাকাই রয়েছে। এই ৩০ বা ২০ টাকা মার্শালদের যে অ্যালাউন্স—এটা যুক্তিযুক্ত কি না সেটা চিন্তা করে দেখবেন। স্যার, আর একটা কথা--পুলিস সম্বন্ধে আমি বলতে চাই। গতবার যখন সাম্প্রদায়িক হাঙ্গামা চলছিল তখন একজন সৎ কর্মীকে অর্থাৎ এস এম ঘোষকে সরিয়ে পি কে সেনকে নিয়ে আসা হোল। এই পি কে সেন সাংবাদিকদের ঠেঙ্গিয়ে তিনি প্রসিদ্ধি লাভ করেছিলেন এবং এঁর আর একটা গুণ হচ্ছে উনি আমাদের মুখ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর স্নেহভাজনরা যা বলেন ন্যায়ই হোক আর অন্যায়ই হোক সেইভাবে তিনি কাজ করেন। এই তাঁর একটি মাত্র কোয়ালিফিকেশন। আমি তাঁর ব্যক্তিগত চরিত্রের কথা কিছু বলতে চাই না। আমি শুধু তাঁর কাজের কয়েকটি কথা বলছি। স্যার, নাইট সাহেব বলে একজন ইন্সপেক্টার ছিলেন তাঁর বিরুদ্ধে বহু অভিযোগ ছিল এবং সেই অভিযোগ পুলিশ ডিপার্টমেন্টের অভিযোগ যে সরকারের রিভালবার [illegible] তিনি বিক্রি করেছিলেন। তাছাড়া তিনি মাল পাচার সম্বন্ধে সিদ্ধহস্ত. ডক থেকে বহু মাল তিনি পাচার করেছিলেন এইরকম বহু অভিযোগ আছে এবং তাঁকে একবার সাসপেন্ডও করা হয়েছিল। কিন্তু যে মুহূর্তে পি কে সেন সাহেব এলেন সেই মুহূর্তে কয়েক-জন অফিসারকে সুপারসিড করে তাঁকে অ্যাসিসটেন্ট কমিশনার করা হোল। কয়েক দিন আগে এই বিধানসভার প্রশ্নোত্তরের সময় মাননীয় মন্ত্রি বলেছিলেন যে তাঁরা বেটার মাইনের চাকুরি পাচ্ছেন বা অন্যান্য সুযোগসুবিধা পাচ্ছেন বলে তাঁরা পুলিশ সার্ভিস ছেড়ে দিচ্ছেন। আমি স্যার, সমস্ত দায়িত্ব নিয়ে বলছি যে এই কুশাসন এবং স্বজনপোষণের জন্য বহু সৎ কর্মী সেখান থেকে চলে যাচ্ছেন। আর একজন হচ্ছেন মিঃ নাইডু, তিনি আর্মড পুলিশের লোক। ওঁর আর কিছুই কাজ নেই—তিনি কেবল আমাদের চীফ সেক্রেটারী শ্রী আর গুপ্ত এবং তাঁর স্ত্রী যখন রেস খেলতে যান তখন তাঁর গাড়ি কোন জায়গায় থাকবে সেটা দেখাই তাঁর একমাত্র ডিউটি। আপনি স্যার, দেখবেন রেস খেলার দিন তিনি অফিসে অনুপস্থিত থাকেন এবং রেসের মাঠে গিয়ে দেখবেন তিনি এই কাজ করছেন। স্যার, গতবার যখন শহর পরিষ্কারের প্রশ্ন হোল সেই সময় এর ভার পড়লো এক ভদ্রলোকের উপর, তাঁর নাম হোল অরবিন্দ সেন সার্জেন্ট তিনি হচ্ছেন এই পি কে সেনের ভাইপো। তিনি করলেন কি ৩০-৪০-৫০ টাকার লরী ভাড়া করলেন এবং অনেক লরী বিনা পয়সায় পেয়েছিলেন—কিন্তু তিনি চার্জ করলেন ১০০ টাকা করে—এইভাবে

লক্ষ লক্ষ টাকা তিনি রোজগার করেছেন—সরকার কি এটা জানেন না? সরকারের পুলিশ কি এটা জানেন না? কিন্তু তাঁরা রিপোর্ট দিতে ভয় করেন চাকরী যাবে বলে। তার পর আমার জেলার কথা—আমি আগের বক্তৃতায় বলেছিলাম, মাননীয় মন্ত্রিমহাশয়রা বলেন যে বিরোধী পক্ষের কথা আমরা বিশ্বাস করি না। কিন্তু তাঁদেরই অফিসার নোট দেওয়া সত্ত্বেও একটা অসৎ লোককে কিভাবে ছাড়া হয়েছিল তার একটা নমুনা দিচ্ছি। মুর্শিদাবাদের রানীনগর থানার মোল্লাডাঙ্গায় গণি মণ্ডলকে ডি আই আর-এ অ্যারেস্ট করা হয়। তারপর ওখানকার বহু কংগ্রেসী নেতারা তার জন্য মুখ্যমন্ত্রীর কাছে দরবার করেন এবং আশ্চর্য ব্যাপার যে সেই ব্যক্তি ছাড়া পায়। স্যার, ডি আই আর-এ এই ব্ল্যাকমার্কেটিয়ার গণি মণ্ডলকে অ্যারেস্ট করা হয়েছিল। এই গণি মণ্ডল তিনি যে শুধু এভাবে ঠকাচ্ছেন তাই নয়, তিনি প্রায় হাজার হাজার বিঘা সরকারের জমি দখল করে খাচ্ছেন—সরকারী কর্মচারীরা রিপোর্ট দিয়েছিল, কিন্তু উপর থেকে কোন অ্যাকসন নেওয়া হয় নি। আমার ইনফরমেশন হচ্ছে যে তার কাছ থেকে জেলা কংগ্রেস বা প্রাদেশিক কংগ্রেস ১৫ হাজার টাকা নিয়ে তার মধ্যে ৫ হাজার টাকা দুর্গাপুর কংগ্রেসে এবং কিছু খাদ্যশস্য দুর্গাপুর কংগ্রেসে পাঠিয়েছিলেন। এই হচ্ছে তার অনলি কোয়ালিফিকেশন। স্যার, কলকাতায় আর এক ভদ্রলোক করে খাচ্ছেন, তার নাম হচ্ছে একবাল আদমী। ১৯৫০ সালে তিনি হঠাৎ কংগ্রেস কর্মী হয়ে পড়লেন। ১৯৫০ সালের আগে পর্যন্ত তার অবস্থা এমন কিছু ছিল না—কিন্তু কংগ্রেসে আসার পর থেকে হঠাৎ রহস্যজনক কারণে তার অবস্থার শ্রীবৃদ্ধি হতে শুরু করলো।

[4-30—4-40 p.m.]

তিনি উর্দুতে ভাল বলেন, মহরমের সময় উর্দুতে ভাল ভাল বক্তৃতা করেন, মিলাতসরিফ পড়েন, এই তাঁর কোয়ালিফিকেশান। সেজন্য তিনি কংগ্রেসী করছেন। তিনি দিনের বেলায় কংগ্রেসী করেন সত্য কিন্তু আপনারা পুলিশ রিপোর্ট নিয়ে দেখুন তিনি রাত্রি বেলায় কি কাজ করেন। তিনি রাত্রি বেলায় বিদেশী শক্তির এজেন্ট হিসাবে কাজ করেন। এটা আমার কথা নয়, এটা আই বি লোকের মুখ থেকে আমার শোনা। স্যার, কয়েকদিন আগে আমি একটা রিপোর্ট আই এফ এ সংক্রান্ত পড়েছিলাম, এই কংগ বঙ্গেশ্বর যার সভাপতি। স্যার, এম দত্ত রায় এবং একজন ফাইনান্স সেক্রেটারী সম্বন্ধে একটা কেস হয়েছিল। সেই কেসে জজ সাহেব বলছেন—

More thorough investigation should have been made by the police into the affairs of the I.F.A. for there are reasons to suspect the existence of a deep-seated conspiracy to defraud the I.F.A.

আমি এই কথা বলতে চাই এই ভদ্রলোক একজনকে স্কেপ গোট করেছিলেন তিনি হচ্ছেন এ্যাকাউন্ট-কাম-ক্যাশিয়ার, তিনি অপরাধ স্বীকার করে নিলেন। আর বাদবাকি অফিসার সম্বন্ধে বিশেষ করে যিনি দোষী অফিসার তাঁর সম্বন্ধে কোন ইনভেসটিগেসান হল না। সেজন্য জজ সাহেব তারপর বলছেন—

The I.F.A. has become a veritable Augean Stable requiring the efforts of one or more to clean it.

জজ সাহেব আরো বলছেন—

The investigation of this case, as revealed by the police papers which I have perused, has convinced me that after the accused's judicial confession, it came to be channelised, for reasons best known to the police, to the collection of materials sufficient to indict the accused only.

অর্থাৎ অন্যান্য যেসব অপরাধী পুলিশ তাদের সম্বন্ধে কোন কাগজপত্র দেয়নি। সেই ক্যাশিয়ারকে কিছু টাকাকড়ি দিয়ে কংগ্রেসীরা বললেন যে তুমি অপরাধ স্বীকার করে নাও। স্যার, কো-অপারেটিভ সম্বন্ধে মন্ত্রীরা বড় বড় কথা বলেন। আমার জেলায় একটা কো-অপারেটিভ আছে. নাম হচ্ছে রামকৃষ্ণ বিবেকানন্দ কো-অপারেটিভ সোসাইটি, সেটা জিয়াগঞ্জে আছে, কংগ বঙ্গেশ্বর অতুল্য ঘোষের একজন ডাইরেক্ট এজেন্ট লাইসেন্স চেয়েছিলেন। পরে আর এক দল অর্থাৎ কাশীমবাজার কো-অপারেটিভের ছাঁটাই কর্মী যারা এই ব্যাপারে এক্সপিরিয়েন্সড ছিল তারা একটা কো-অপারেটিভ করবার জন্য লাইসেন্স চেয়েছিল। আশ্চর্যের কথা তারা লাইসেন্স পেল না, লাইসেন্স পেলেন দুর্গাপদ সিংহ এবং রামকৃষ্ণ বিবেকানন্দ কো-অপারেটিভ সোসাইটিকে

হাজার হাজার টাকা গভর্নমেন্ট থেকে দেওয়া হল। আমি প্রশ্ন করেছিলাম এই কো-অপারেটিভ কত লাভ বা লোকসান করছে। আজ পর্যন্ত সেই কো-অপারেটিভ লাভের মুখ দেখেনি, তাদের লোকসান হয়ে যাচ্ছে। ঠিক একই জিনিস হয়েছে কো-অপারেটিভ প্রিন্টিং সোসাইটিতে। এদিক থেকে সামসুদ্দিন সাহেব কংগ্রেসে গেলেন এবং আর একজন যিনি নির্বাচিত হতে পারেননি, কংগ্রেসের নোমিনেসান পেয়েছিলেন, সেই আবদুস সাত্তার সাহেব, তাঁকে দিয়ে কো-অপারেটিভ করান হল। গভর্নমেন্টের যেসমস্ত কন্ট্রাক্ট সব তাঁরা পান। অথচ ছাপা যত খারাপ হোক তাঁদের ছাড়া কন্ট্রাক্ট দেওয়া হয় না। এটা একটা ইনডাইরেকটলি বকসিস দেওয়ার মত। স্যার, আমার আর সময় নেই, অবশেষে এই কথাই বলব যে, যে এ্যাপ্রোপ্রিয়েসান বিল মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এনেছেন আমি তার বিরোধিতা করছি। আমরা অর্থমন্ত্রী মহাশয়ের কাছে আর কি আশা করতে পারি যিনি নিজের ছেলের নামে ৩ লক্ষ টাকা নেওয়ার পর বিধানসভায় সগৌরবে বলেন যে বাঙালীর ছেলে এই রকম ব্যবসা করছে তার জন্য গর্বিত হওয়া উচিত? তিনি গর্বিত হতে পারেন। যিনি নিজের ছেলের নামে ৩ লক্ষ টাকা লোন বলে নিয়েছেন, যিনি আমাদের পাবলিক এক্সচেকারের টাকা নষ্ট করতে পারেন তাঁর কাছে আমরা এর চেয়ে বেশী কিছু আশা করতে পারি না। সেজন্য আমি এই বিলের বিরোধিতা করছি।

Shri Monoranjan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের এবারকার বাজেট অধিবেশন আরম্ভ হবার পর থেকে খাদ্যের উপর ও বিভিন্ন খাতে রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক এবং বাজেট পেশ করবার পর থেকে বাজেটের সাধারণ আলোচনার উপর খাদ্য পরিস্থিতির উপর বারবার আলোচনা হয়েছে। আমরা এই অপজিসন থেকে প্রথম দিন হতে যেটা দাবী করেছিলাম এবং এর পূর্বেও যেটা দাবী করেছি সেটা হচ্ছে খাদ্যশস্যকে রাষ্ট্রীয়করণ করা হোক। কিন্তু সরকার এ বিষয়ে কর্ণপাত করেন নাই এবং করবেন না বলে দৃঢ়প্রতিজ্ঞ হয়ে আছে। তাতে লোক মরুক বা লোকের যতই দুরবস্থা হোক, খাদ্য পাক বা না পাক গ্রামাঞ্চলে যেরকম খাদ্যাবস্থা হয়েছে তাতে কি যে দাঁড়াবে তা কেউ বলতে পারে না! আমেরিকায় কোথায় ধর্মঘট হয়েছে, তার জন্য ভারতবর্ষের লোক না খেয়ে আছে, গ্রামের লোক না খেয়ে আছে। যে গম আসতো, তা কম আসছে, এখন আটা দেওয়ার ব্যবস্থা হচ্ছে। আটা কেন দেওয়ার ব্যবস্থা হচ্ছে? হয়ত আটাকলের মালিকদের সুবিধার জন্য দেওয়া হচ্ছে। তা না হলে গম ভেঙ্গে ভাল আটা পেতে পারি। আটাকলের মালিককে গম দেওয়ার ফলে এখন তা ব্ল্যাকমার্কেটে বিক্রী হচ্ছে। আর জঘন্য জিনিস ভেজাল দিয়ে সেই আটা চালিয়ে দেওয়া হচ্ছে। এইরকম একটা কোম্পানী—শ্রীদুর্গা ডাল মিল ও আটা মিল বরাকরে আছে। এক হাজার নয়শো কুইন্টাল গম তারা ব্ল্যাকরার্কেটে বিক্রী করেছে। কারণ সেই সময় বরাকরে ঐ কোম্পানীর বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা ছিল না। তার সুযোগ নিয়ে কলকাতায় গম কিনে কলকাতাতে বিক্রী করে দিলেন। আমি জানিনা এই ব্যাপারে কোন তদন্ত হয়েছে কিনা! সম্প্রতি আমি শিলিগুড়ি ও ডুয়ার্সে গিয়েছিলাম। সেখানে দেখেছি চা-বাগানে শ্রমিক যারা কাজ করেন, নিজের স্বামী ও স্ত্রী কাজ করেন, তাদের জন্য চাল দেওয়া হয়। আর বাকী যারা চা-বাগানে থাকে তারা দোকান থেকে ৯০০ গ্রাম চাল টাকায় কিনছে। অর্থাৎ এক কিলো চালের দাম ১·১১ নঃ পঃ চা-বাগানের ভেতর বিক্রী হচ্ছে। শিলিগুড়িতে ৩৭ টাকা থেকে ৪০ টাকা চাল বিক্রী হচ্ছে। সেইজন্য বারবার আমরা বলেছিলাম রেশন শুধু আপনারা কলকাতায় করছেন কেন? আপনি কি গ্রামাঞ্চলের কৃষক জনসাধারণের দুরবস্থার দিকে লক্ষ্য রেখেছেন তাঁরা কি দুরবস্থায় পড়েছে? তবে সেদিকে যে আপনাদের লক্ষ্য আছে তা মনে করবার কোন কারণ নাই। এই সরকারের যিনি অর্থমন্ত্রী তিনি এই ব্যয়-বরাদ্দ পাশ করবার পর এ্যাপ্রোপ্রিয়েসন-এর জন্য অনুমোদন চাচ্ছেন, এটা এ্যাপ্রোপ্রিয়েসন নয়, এটাকে বলা উচিত ছিল মিস-এ্যাপ্রোপ্রিয়েসন এই মিস-এ্যাপ্রোপ্রিয়েসন-এর জন্য কেন ভোট দিয়ে আমরা টাকা পাশ করিয়ে দেব—এটা তো বুঝতে পারছি না। যে টাকা আমরা পাশ করিয়ে দেওয়ার পর তিনি খরচ করবেন এবং সেই খরচের মাধ্যমে সমস্ত রাষ্ট্রের—পশ্চিম বাংলায় শুধু নয় ভারতবর্ষের সব জায়গাতে, পশ্চিম বাংলা তা থেকে ব্যতিক্রম নয়, বরং পশ্চিমবঙ্গে খরচ তাদের চেয়ে বেশী হবে। আগাগোড়া এখানে এমন দুর্নীতিতে ছেয়ে গেছে তার উদাহরণ বহু বক্তা উল্লেখ করেছেন। আমি আর তার পুনরাবৃত্তি করে সভাকে ভারাক্রান্ত করতে চাই না। সরকারের এই নীতির অবশ্যম্ভাবী ফল হচ্ছে আজকে

যে যেখানে চাকুরীতে যাচ্ছে, তারই চিন্তা হচ্ছে কি করে টাকা মারা যায়, সে বড় বড় কারখানার ইঞ্জিনিয়ার হোক বা অন্যান্য যে কোন চাকুরীয়া হোক টাকা মারা ও লুট করা আজকে হচ্ছে একমাত্র তার কাজ। এই জন্যে বরাদ্দে আমরা ভোট দেব এই স্বভাবতঃ আশা তাঁরা করতে পারেন না। আমরা যা কিছু বিতর্কের সময় বলি তার একটি কথাও ও'দের কানে যায় বলে মনে হয় না এবং জবাব দেবার সময় আসল কথা এড়িয়ে গিয়ে আশেপাশের কথার জবাব দিয়ে যান। ঐ যে আয়রন, স্টিল দেখুন, লোহার অভাবে, লোহা কন্ট্রোলড, হাজার হাজার শ্রমিক বেকার হয়ে আছে। হাওড়ায় কত কারখানা বন্ধ হয়ে গেছে। অথচ সেই লোহা বাজারে ব্ল্যাক-মার্কেটে পাওয়া যায়। কি করে তা আসে? এদের নিজস্ব কিছু লোককে পারমিট দিয়ে এই ব্যবস্থা করে দেওয়া হয়। অথচ দেখা যায় তাদের নিজস্ব কোন কারখানা নাই। অন্যের মেশিন এনে দেখিয়ে ছিল ইন্সপেকসনের সময়, তারপর আবার সেগুলি ফেরত দিয়ে ছিল। এইরকম ঘটনা আমরা জানি। এবং সেই পারমিট নিয়ে যথারীতি ওখানে পর্যন্ত আনে না, ব্ল্যাকমার্কেটে

[4-40—4-50 p.m.]

লোহা বিক্রি করে এবং এটা অত্যন্ত সত্য কথা যে সত্যিকারের যারা চালায় তারা ব্ল্যাকমার্কেট থেকে এনে চালায়। জনসাধারণ পারমিটে সিমেন্ট পাবে না, কিন্তু ব্ল্যাকমার্কেটে ১২।১৪ টাকা দরে বস্তা পাবে। কাজেই দেখা যাচ্ছে প্রত্যেক জিনিস যা এ'দের হাতে পড়ছে সেখানেই চমৎকার ব্যবস্থা। ই এস আই-র ব্যাপারে আমরা শিল্প মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম এরকম জোচ্চুরী, এরকম দুর্নীতি যেখানে রয়েছে সেখানে কেন পারমিট, লাইসেন্স, সিমেন্ট ইত্যাদি দেওয়া হচ্ছে সেটা জানতে চাই? তারপর বরাকর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীর ক্ষেত্রে দেখা গেছে সেই একই মালিক ব্ল্যাকমার্কেটে সিমেন্ট বিক্রি করছে এবং খাতাপত্র অনবরত বদলাচ্ছে। তাদের একজন কর্মচারী পেনসন নেবার পর পি সি সেন, সদাচার সমিতি এবং নন্দর কাছে কমপ্লেন করেছেন, কিন্তু কোন ব্যবস্থা করা হয়নি। তিনি যে দরখাস্ত করেছিলেন তাতে তারিখ দিয়ে, নম্বর দিয়ে, কার মারফত পারমিট বিক্রি করেছে সেইসব দিয়েছিলেন। কিন্তু তৎসত্ত্বেও যখন তদন্ত হোল না তখন মনে হয় এই সরকারের তাঁবেদার এইসব লোকের কিছু হবে না এবং এরকম রাজত্বই তাঁরা চালাবেন। তারপর, শৈলবাবু জবাব দেবেন না জানি, কিন্তু ই এস আই-র প্রশ্নের জবাবে বলেছিলেন যখন থেকে ই এস আই চালু হয়েছে তখন থেকে শ্রমিকরা যে ৭ কোটি টাকা জমা দিয়েছিল সেটা ও'দের ঘরেই রয়েছে। শ্রমিকদের আজ দুরবস্থার, হয়রানীর সীমা নেই, কিন্তু তা সত্ত্বেও তাদের কিছু করলেন না। কাজেই আজ যদি ই এস আই-র ব্যাপারে শ্রমিকরা বিক্ষুব্ধ হয়ে কিছু করে তাহলে তার জন্য শ্রমিকরা দায়ী হবে না, দায়ী হবে এই সরকার। তারপর দেখুন শ্রমিকদের ব্যাপারে কি চমৎকার ব্যবস্থা এ'রা করেছেন। শিল্পমন্ত্রী এখান থেকে চলে গেলেন, কিন্তু শিল্প খাতে আলোচনার সময় আমরা তাঁকে বলেছিলাম কল্যাণী স্পিনিং মিল যেটা জনসাধারণের টাকায় গড়ে উঠেছে, যেটা রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে চলছে সেখানে শ্রমিকদের সঙ্গে কি রকম ব্যবহার করা হয় দেখুন। সেখানকার শ্রমিকরা বোনাস চেয়েছিল এই অপরাধে প্রথমে ৫০ জনকে সাসপেন্ড করে এবং ৬ মাস সাসপেন্ড করে রাখার পর আজকে টেলিফোন পেলাম যে ২৫ জনকে একেবারে ছাঁটাই করা হয়েছে। স্যার, ৬ মাস পর তাদের তদন্ত হোল। প্রথমে একবার তদন্ত হোল, তারপর সেটা নাকচ করে আবার তদন্ত হোল এবং আজকে সংবাদ পেলাম গতকাল না পরশুদিন ২৫ জনকে ছাঁটাই করা হয়েছে। সেদিন তরুণবাবু বলেছিলেন ছাঁটাই বোধহয় কেউ হবে না, ৭ দিনের মধ্যে ব্যবস্থা হবে। কিন্তু দেখা গেল কোন ব্যবস্থা হয়নি, ২০ দিন পর ২৫ জন ছাঁটাই হয়েছে। স্যার, এই হোল এ'দের সমাজতন্ত্রের নমুনা যে সমাজতন্ত্রে শ্রমিকরা রাষ্ট্রায়ত্ত শিল্প থেকে ছাঁটাই হবে বোনাস চেয়েছিল এই অপরাধে। আমি জানতে চাই যেহেতু সেটা রাষ্ট্রায়ত্ত শিল্প সেহেতু শিল্পমন্ত্রী বিধানসভায় এ সম্পর্কে বিবৃতি দেবেন কিনা?

চা-বাগানের শ্রমিকদের শ্রমকে যেভাবে বাড়িয়ে দেওয়া হয়েছে তার তুলনা হয় না। একটি তদন্ত কমিটি বসিয়েছেন, তার সামনে শ্রমিকরা তাদের বক্তব্য রেখেছে, জানিনা, তার ভবিষ্যত কি হবে? একদিক থেকে শ্রম বাড়িয়ে চলেছেন, বা লেবার ক্রমশঃ ইনটেনসিফাইড হচ্ছে, অন্যদিক থেকে তাদের যেসব মেডিক্যাল ফেসিলিটিজ ছিল সেগুলি কেটে দেওয়া হচ্ছে, ঐ শ্রমিকদের বেতন ৬ নঃ পঃ বাড়ান সত্ত্বেও দেখতে পাচ্ছি মোট বেতন তাদের গত বছরের চেয়ে কম দিচ্ছে। এটা কি করে হয়? ঐ টাকা তাদের ফাঁকি দিয়ে কোটি কোটি টাকা মুনাফা করছেন যে মালিকরা।

চা-বাগানের মালিকদের ফাইনানসিয়াল করপোরেশন থেকে নূতন করে টাকা দেওয়া হচ্ছে, হাউসিং-এর জন্য নূতন করে সরকার থেকে টাকা দিচ্ছেন. এই টাকাগুলি কার টাকা, গৌরী সেনের টাকা, জনসাধারণের ট্যাক্স নিয়ে ফাইনানসিয়াল করপোরেশন থেকে তাদের হাতে তুলে দেওয়া হচ্ছে। এই সমস্ত চা-বাগানের মালিকরা ১৯৫৪ সালে কিনেছিলেন ১৮ লক্ষ টাকায় এবং সেই বছরেই তাদের নেট মুনাফা হয়েছিল ২২ লক্ষ টাকা। সেই চা বাগানের মালিকদের আজ লক্ষ লক্ষ টাকা দেওয়া হচ্ছে, একজন নয়, ইংরেজ মালিক থেকে আরম্ভ করে সবাইকে, তাই ইংরেজ মালিকদের স্পর্ধা হবে না কেন? সরকার যদি এই নীতি নিয়ে চলেন। আজও দার্জিলিঙ-এর একটা চা-বাগানে ইউনিয়ন করতে দেওয়া হবে না বলে সেখানে একটা মিটিং হয়েছিল, সেখানকার মেয়ে শ্রমিককে লোক দিয়ে ধরে নিয়ে এসে মারধোর করা হল। আজকের দিনেও এই সাহস ম্যানেজারের হতে পারে কেন? এই সরকার যে তাঁবেদার সরকারে পরিণত হচ্ছে ক্রমশঃ! আমি যখন বাজেটের শিল্প খাতে বক্তৃতা দিয়েছিলাম তখন বলেছিলাম যে কিভাবে সমস্ত দেশের শিল্পের পেছনে ব্রিটিশ রাজনীতি প্রবেশ করছে আমেরিকার পিছনে এরা কিভাবে চলে যাচ্ছে শিল্পের ক্ষেত্রে—কিভাবে দেশকে তাদের কাছে বিক্রী করে দেওয়া হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, শুধু শিল্পের ক্ষেত্রে নয়, আপনি শুনে আশ্চর্য হয়ে যাবেন, আমরা দেখছি সরকার তাঁর নীতির দ্বারা সংস্কৃতিকেও আমেরিকা এবং ব্রিটেনের কাছে বিক্রী করে দিচ্ছে। আজকে যে পাবলিকেশন অর্থাৎ প্রকাশন হয় তাকে কিভাবে আমেরিকা ও বৃটিশের হাতে তুলে দেওয়া হচ্ছে। ৭।৮ বছর আগেও আমাদের দেশের পাঠ্যপুস্তক, কলেজের এবং স্কুলের অন্যান্য দেশে বাইরে চালান যেত ৭৫ লক্ষ টাকার। স্কুলের বই, ১৯৬০-৬১ সালে কমতে কমতে ১৯৬২-৬৩ সালে—দু বছরে কমে ৫৭ লক্ষ টাকায় পৌঁচেছে এবং শুধু তাই নয় এই সময় মধ্যে বৃটিশ এবং আমেরিকার বই বিক্রী কমে গেছল এবং সেজন্য বৃটিশ গভর্নমেন্ট থেকে হাফ মিলিয়ন স্টার্লিং সাবসিডি দিয়ে আমাদের দেশে কম দামে বই বিক্রী করতে আরম্ভ করে। পারটিঙ্গটন-এর কেমিস্ট্রি একদা আমরা যা কলেজে পড়তাম ১৯২৮-২৯ সালে, আমাদের মুখ্য-মন্ত্রীও কেমিস্ট্রির ছাত্র ছিলেন, নিশ্চয়ই পড়েছেন, সেই বইয়ের দাম তখনকার দিনে ছিল ১৪ টাকা। সেই বই আজকে বিক্রী হচ্ছে ৯.৬০ নঃ পয়সায়। কি করে হচ্ছে একথা বললে চলবে না। আমাদের দেশে পারটিঙ্গটন-এর মত লেখক নেই, এমন একজনও বৈজ্ঞানিক নেই একথা বলছি না। কিন্তু তারা সাবসিডি দিয়ে আমাদের বাজার দখল করার চেষ্টা করছে, যার ফলে আস্তে আস্তে পাবলিকেশনএ প্রকাশনীতে আমাদের কোণঠাসা করে দিচ্ছে। শুধু ব্রিটিশ নয় আমেরিকা এসেও আমাদের বাজার দখল করতে আরম্ভ করেছে। অনেকে বলছেন কম দামে পাঠ্য-পুস্তক পাওয়াতে ক্ষতি কি? কোন ক্ষতি নেই আমাদের দেশে সবই যদি হুড়হুড় করে আসে। এটা জেনে রাখুন ৭।৮ বছর আগেই বিলাতী বইয়ের দাম এখনকার তুলনায় তিনগুণ দাম ছিল কিন্তু আমাদের দেশে ওয়ান-থার্ড দামে বিক্রী হত, সেই বই বাজারে চলছে না আজ, সেজন্য বিলাতী বই কম দামে আমাদের দেশে বিক্রী হচ্ছে। আমেরিকার সঙ্গে নূতন এগ্রিমেন্ট হয়েছে পি এল ৪৮০, এতে ১ কোটি টাকা প্রকাশনী ব্যাপারে খরচ করেছিল ভারতবর্ষে এবং সাউথ ইন্ডিয়ান ল্যাঙ্গোয়েজ বুক ট্রাস্ট একটা খুলেছিলেন। আজকে আমরা জানি আমাদের এখানে কিভাবে আমেরিকার বই, বৃটিশের কদর্য বই সমস্ত বিক্রী হয়ে থাকে। পর্নোগ্রাফিক লিটারেচার এসপ্লানেডে চৌরঙ্গীতে যা পাওয়া যায় সেগুলির কথা আমি বলছি না সেগুলি তো আসছেই তাছাড়া পাঠ্য-পুস্তক ব্যাপারেও তারা ধরে নিয়েছে যে এই সমস্ত বই পাঠালে চলতে পারে, আর আমাদের দেশের যারা পলিসি মেকার তারা আস্তে আস্তে লাইব্রেরীতে স্কুলে কলেজে এই সমস্ত বই চালাবার চেষ্টা করছেন।

[4-50—5 p.m.]

কেরসামান প্রেস বলে একটা কোম্পানী আছে। এই কোম্পানী হচ্ছে যুক্ত কোম্পানী—ওয়েস্ট জার্মানী, ফ্রান্স, ব্রিটেন তারা সম্প্রতি ভরতবর্ষে একটা এগ্রিমেন্ট করে ভারতবর্ষে একটা বিরাট প্রিন্টিং প্রেস করেছেন এবং বই ছাপাবার ব্যবস্থা করেছেন। এর ফলে আমাদের দেশের যারা প্রকাশক তাঁরা কোণঠাসা হয়ে পড়বেন এবং আমাদের দেশের যারা লেখক তাঁরা কোণঠাসা হয়ে পড়বেন। তার কারণ এরা এই সমস্ত লেখকের লেখা প্রকাশ করবে না এবং বিদেশের লেখকের

যে যেখানে চাকুরীতে যাচ্ছে, তারই চিন্তা হচ্ছে কি করে টাকা মারা যায়, সে বড় বড় কারখানার ইঞ্জিনিয়ার হোক বা অন্যান্য যে কোন চাকুরীয়া হোক টাকা মারা ও লুট করা আজকে হচ্ছে একমাত্র তার কাজ। এই জন্যে বরাদ্দে আমরা ভোট দেব এই স্বভাবতঃ আশা তাঁরা করতে পারেন না। আমরা যা কিছু বিতর্কের সময় বলি তার একটি কথাও ও'দের কানে যায় বলে মনে হয় না এবং জবাব দেবার সময় আসল কথা এড়িয়ে গিয়ে আশেপাশের কথার জবাব দিয়ে যান। ঐ যে আয়রন, স্টিল দেখুন, লোহার অভাবে, লোহা কন্ট্রোলড, হাজার হাজার শ্রমিক বেকার হয়ে আছে। হাওড়ায় কত কারখানা বন্ধ হয়ে গেছে। অথচ সেই লোহা বাজারে ব্ল্যাক-মার্কেটে পাওয়া যায়। কি করে তা আসে? এদের নিজস্ব কিছু লোককে পারমিট দিয়ে এই ব্যবস্থা করে দেওয়া হয়। অথচ দেখা যায় তাদের নিজস্ব কোন কারখানা নাই। অন্যের মেশিন এনে দেখিয়ে ছিল ইন্সপেকসনের সময়, তারপর আবার সেগুলি ফেরত দিয়ে ছিল। এইরকম ঘটনা আমরা জানি। এবং সেই পারমিট নিয়ে যথারীতি ওখানে পর্যন্ত আনে না, ব্ল্যাকমার্কেটে

[4-40—4-50 p.m.]

লোহা বিক্রি করে এবং এটা অত্যন্ত সত্য কথা যে সত্যিকারের যারা চালায় তারা ব্ল্যাকমার্কেট থেকে এনে চালায়। জনসাধারণ পারমিটে সিমেন্ট পাবে না, কিন্তু ব্ল্যাকমার্কেটে ১২।১৪ টাকা দরে বস্তা পাবে। কাজেই দেখা যাচ্ছে প্রত্যেক জিনিস যা এ'দের হাতে পড়ছে সেখানেই চমৎকার ব্যবস্থা। ই এস আই-র ব্যাপারে আমরা শিল্প মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম এরকম জোচ্চুরী, এরকম দুর্নীতি যেখানে রয়েছে সেখানে কেন পারমিট, লাইসেন্স, সিমেন্ট ইত্যাদি দেওয়া হচ্ছে সেটা জানতে চাই? তারপর বরাকর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীর ক্ষেত্রে দেখা গেছে সেই একই মালিক ব্ল্যাকমার্কেটে সিমেন্ট বিক্রি করছে এবং খাতাপত্র অনবরত বদলাচ্ছে। তাদের একজন কর্মচারী পেনসন নেবার পর পি সি সেন, সদাচার সমিতি এবং নন্দর কাছে কমপ্লেন করেছেন, কিন্তু কোন ব্যবস্থা করা হয়নি। তিনি যে দরখাস্ত করেছিলেন তাতে তারিখ দিয়ে, নম্বর দিয়ে, কার মারফত পারমিট বিক্রি করেছে সেইসব দিয়েছিলেন। কিন্তু তৎসত্ত্বেও যখন তদন্ত হোল না তখন মনে হয় এই সরকারের তাঁবেদার এইসব লোকের কিছু হবে না এবং এরকম রাজত্বই তাঁরা চালাবেন। তারপর, শৈলবাবু জবাব দেবেন না জানি, কিন্তু ই এস আই-র প্রশ্নের জবাবে বলেছিলেন যখন থেকে ই এস আই চালু হয়েছে তখন থেকে শ্রমিকরা যে ৭ কোটি টাকা জমা দিয়েছিল সেটা ও'দের ঘরেই রয়েছে। শ্রমিকদের আজ দুরবস্থার, হয়রানীর সীমা নেই, কিন্তু তা সত্ত্বেও তাদের কিছু করলেন না। কাজেই আজ যদি ই এস আই-র ব্যাপারে শ্রমিকরা বিক্ষুব্ধ হয়ে কিছু করে তাহলে তার জন্য শ্রমিকরা দায়ী হবে না, দায়ী হবে এই সরকার। তারপর দেখুন শ্রমিকদের ব্যাপারে কি চমৎকার ব্যবস্থা এ'রা করেছেন। শিল্পমন্ত্রী এখান থেকে চলে গেলেন, কিন্তু শিল্প খাতে আলোচনার সময় আমরা তাঁকে বলেছিলাম কল্যাণী স্পিনিং মিল যেটা জনসাধারণের টাকায় গড়ে উঠেছে, যেটা রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে চলছে সেখানে শ্রমিকদের সঙ্গে কি রকম ব্যবহার করা হয় দেখুন। সেখানকার শ্রমিকরা বোনাস চেয়েছিল এই অপরাধে প্রথমে ৫০ জনকে সাসপেন্ড করে এবং ৬ মাস সাসপেন্ড করে রাখার পর আজকে টেলিফোন পেলাম যে ২৫ জনকে একেবারে ছাঁটাই করা হয়েছে। স্যার, ৬ মাস পর তাদের তদন্ত হোল। প্রথমে একবার তদন্ত হোল, তারপর সেটা নাকচ করে আবার তদন্ত হোল এবং আজকে সংবাদ পেলাম গতকাল না পরশুদিন ২৫ জনকে ছাঁটাই করা হয়েছে। সেদিন তরুণবাবু বলেছিলেন ছাঁটাই বোধহয় কেউ হবে না, ৭ দিনের মধ্যে ব্যবস্থা হবে। কিন্তু দেখা গেল কোন ব্যবস্থা হয়নি, ২০ দিন পর ২৫ জন ছাঁটাই হয়েছে। স্যার, এই হোল এ'দের সমাজতন্ত্রের নমুনা যে সমাজতন্ত্রে শ্রমিকরা রাষ্ট্রায়ত্ত শিল্প থেকে ছাঁটাই হবে বোনাস চেয়েছিল এই অপরাধে। আমি জানতে চাই যেহেতু সেটা রাষ্ট্রায়ত্ত শিল্প সেহেতু শিল্পমন্ত্রী বিধানসভায় এ সম্পর্কে বিবৃতি দেবেন কিনা?

চা-বাগানের শ্রমিকদের শ্রমকে যেভাবে বাড়িয়ে দেওয়া হয়েছে তার তুলনা হয় না। একটি তদন্ত কমিটি বসিয়েছেন, তার সামনে শ্রমিকরা তাদের বক্তব্য রেখেছে, জানিনা, তার ভবিষ্যত কি হবে? একদিক থেকে শ্রম বাড়িয়ে চলেছেন, বা লেবার ক্রমশঃ ইনটেনসিফাইড হচ্ছে, অন্যদিক থেকে তাদের যেসব মেডিক্যাল ফেসিলিটিজ ছিল সেগুলি কেটে দেওয়া হচ্ছে, ঐ শ্রমিকদের বেতন ৬ নঃ পঃ বাড়ান সত্ত্বেও দেখতে পাচ্ছি মোট বেতন তাদের গত বছরের চেয়ে কম দিচ্ছে। এটা কি করে হয়? ঐ টাকা তাদের ফাঁকি দিয়ে কোটি কোটি টাকা মুনাফা করছেন যে মালিকরা।

করবেন অর্থাৎ ডবলিউ বি এফ সি হোক অথবা সরকার অন্য যেভাবে হোক লোনের ব্যবস্থা করুন ব্যাঙ্ক-এর থ্রু দিয়ে যাতে আমাদের দেশের প্রকাশনী হতে পারে। আমাদের দেশে প্রকাশক আরো ডেভেলপ করতে পারে আমাদের দেশে বৈজ্ঞানিক লেখকরা আমাদের দেশের ছেলেমেয়েদের জন্য লিখতে পারেন এবং আমাদের দেশের সংস্কৃতি রক্ষা পায় তার ব্যবস্থা করবেন। আমি আর একটা কথা বলে শেষ করবো, আজকে যেভাবে মিস-এ্যাপ্রোপ্রিয়েসানের জন্য টাকা চাচ্ছেন সেই রিসএ্যাপ্রোপ্রিয়েসানের টাকার দাবীর বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅপূর্বলাল মজুমদার: মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি প্রথমে মিঃ আই ডি জালানের দপ্তর এবং তার সম্পর্কে কয়েকটা বক্তব্য রেখে আমি এই এ্যাপ্রোপ্রিয়েসান বিলের বিরোধীতা করবো। শ্রী আই ডি জালান—অশোক কুমারকে তাঁর পি এ হিসাবে নিযুক্ত করেছেন ইনি তাঁর নিজের ভাইপো। নিজের ভাইপোকে এভাবে ৩০০ টাকা মাইনা দিয়ে পি এ নিযুক্ত করেছেন—এই ভাইপো তাঁর কনফিডেন্সিয়াল এ্যাসিস্টেন্ট। এই অশোক কুমার কয়েকদিন আগে প্রায় তিনটি মদের দোকান ৩০ হাজার টাকা নিয়ে বিলি করে দিলেন। এই মদের দোকান বিলি করতে গিয়ে যে নরম্যাল প্রসিডিওর আছে সে নরম্যাল প্রসিডিওর মানা হল না। এইভাবে তিন-দিনের মধ্যে পুলিশের পারমিশান রেডি হয়ে গেল এবং তিনদিনের মধ্যে দোকান চালু হয়ে গেল।

[5—5-10 p.m.]

এর সঙ্গে জড়িত আছেন আর এন চ্যাটার্জি, এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, ফাইন্যান্স ডিপার্টমেন্ট। আমি শৈলবাবু ও সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী আই ডি জালান-এর কাছে জানতে চাচ্ছি যে কেন এইভাবে ৩টি মদের দোকান, বে-আইনীভাবে কোনরকম নরম্যাল প্রসিডিওর ফলো না করে তিনি বিলি করেছেন এবং তার ভাইপোর মাধ্যমে ৩০ হাজার টাকা বে-আইনীভাবে, দুর্নীতির পথে তিনি গ্রহণ করেছেন। কাজেই এ সম্পর্কে আমি একটি স্পষ্ট জবাব চাচ্ছি? নিশ্চয় আই ডি জালান মহাশয়, এখানে উপস্থিত না থাকলেও ঘরে বসে আছেন, আশা করি তিনি এসে জবাব দেবেন যে তাঁর ভাইপোকে সি এ অ্যাপয়েন্টমেন্ট করে এইভাবে ৩০ হাজার টাকা নিয়ে, কোনরকম নরম্যাল প্রসিডিওর ফলো না করে রাতারাতি ৩টি মদের দোকান চালু করে দিয়েছেন। তারপর পুলিশের পারমিশান—আমরা জানি সেই পুলিশের পারমিশান ৩ দিনের মধ্যে এসে গেল এবং দোকান চালু হয়ে গেল। যদি মন্ত্রিমহাশয় নিজের বেনামে বা তার ভাইপোর বেনামে এইভাবে কারবার চালান তাহলে এই এ্যাপ্রোপ্রিয়েসান বিল সম্পর্কে আমাদের কি ধারণা হবে। এইভাবে এক্সসাইজ ডিপার্টমেন্ট-এর ভারপ্রাপ্ত মন্ত্রী হয়ে, দুর্নীতির পথে নিজের ভাইপোকে সেখানে নিয়োগ করে তারই মাধ্যমে দোকান চালানোর যে নীতি সে নীতির বিরুদ্ধেই আমার বক্তব্য রাখছি।

তারপর শ্রীতরুণকান্তি ঘোষ মহাশয়ের সম্বন্ধে বলছি। তিনি হঠাৎ একদিন ষ্টার থিয়েটারে গেলেন থিয়েটার দেখতে। তখন সেখানে বই চলছিল "একক দশক শতক" এবং সেই বই এখনও চলছে। সেই বইয়ের কাহিনীকার বাংলাদেশের আধুনিক প্রসিদ্ধতম লেখক শ্রী বিমল মিত্র এবং নাট্যকার শ্রীদেবনারায়ণ গুপ্ত। সেই নাটকে একজন চোরাকারবারীর একটি চরিত্র আছে। সে চরিত্রে যিনি অভিনয় করছেন তিনি নাট্যকার এবং কাহিনীকারের নির্দেশে একটি খদ্দরের জামা গায়ে দেন, মাথায় একটি খদ্দরের টুপিও আছে। সেটাই হল তার দোষ। তরুণবাবু উঠে এলেন, মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করলেন। মুখ্যমন্ত্রী সঙ্গে সঙ্গে নির্দেশ দিলেন ষ্টার-এর মালিককে, যে তোমরা ওই বই চালাতে পারবে না। ওই নাটক তোমাদের সংশোধন করতে হবে। সাধারণভাবে খদ্দরের টুপি মাথায় দিয়ে যে নাটক সেখানে অভিনীত হচ্ছিল সে অভিনয়ের বিরুদ্ধে আপনারা নিষেধাজ্ঞা জারি করেছেন। আপনারা কাহিনীকারকে বাধ্য করেছেন সে নাটককে পরিবর্তন করতে। আপনারাই তো আইন করেছিলেন বাংলাদেশের নাট্যসমাজকে উন্নয়ন করতে হবে। এই নাটক যখন লালবাজারে পুলিশের কাছে গেল, সেখানে "কোন আপত্তি নাই" বলে সার্টিফাইড বলে তারপর স্টেজে করতে গেছে। কিন্তু দেখছি আপনারা বলেন ইন্টারফিয়ারেন্স—নাট্য জগতে বা সেখানে মানুষের সাংস্কৃতিক জীবনে আপনারা ইন্টারফিয়ারেন্স করেন না। কিন্তু এটা কোন ধরনের যে তাদের ডেকে এনে, ভয় দেখিয়ে নাট্যকার এবং কাহিনীকারকে বাধ্য করাচ্ছেন সে নাটককে পরিবর্তন করতে হবে এবং আপনারা তাদের নির্দেশ দিয়েছেন, ১লা এপ্রিল থেকে

তোমাদের ওই নাটক পরিবর্তন করতে হবে তা না হলে তোমাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে। এই করে আপনারা কি দাবিয়ে রাখতে পারবেন? খদ্দর পরে চোরাকারবারী করা যায় না এমন কোন আইন আছে বলে আমি জানি না। কিন্তু যেহেতু খদ্দরের টুপি মাথার আছে সেটাই তরুণবাবুর এত বেশী লেগে গেল যে তিনি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে নাট্যকার এবং কাহিনীকারের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে গিয়ে ষ্টার-এর মালিকের বিরুদ্ধে হুকুমনামা জারি করলেন যে এই বই তোমাদের চেঞ্জ করতে হবে এবং তা না করলে তোমাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে। এটা অত্যন্ত অন্যায় কথা। ইদানিংকালে আমরা দেখেছি যে এই সমস্ত দুর্নীতি বা বে-আইনীর উর্ধ্বে থাকা উচিত—অন্তত তাঁরা পোজ করেন, কাজে করুন বা না করুন। কিন্তু অনেক সময় অসত্য ভাষণ এখানে দাঁড়িয়ে যেভাবে দেন তাতে আমরা অবাক হয়ে যাই যে এইভাবে অসত্য ভাষণ দিতে তাঁদের জিভে একটু বাধে না। আমি একজামপল হিসাবে একটা কথা বলতে পারি মিষ্টার স্পীকার স্যার, আপনার নিশ্চয় মনে আছে যে সেদিন আমি যখন পুলিশ বাজেটে মুখ্যমন্ত্রীকে বলেছিলাম যে দেখুন আপনারা ডালের দর বেঁধে দেওয়া সত্ত্বেও সেই ডাল প্রকাশ্য বাজারে বেশী দামে বিক্রী হচ্ছে এবং তার সঙ্গে আমি একটা রিসিপ্ট দেখিয়ে বলেছিলাম এই দেখুন ক্যাশ মেমো কিভাবে নির্ধারিত দামের চেয়ে বেশী দামে অড়হর ডাল প্রকাশ্যে বিক্রী করা হয়েছে এবং যেহেতু আপনাদের নিজস্ব লোক তার মধ্যে ইনভলবড সেইজন্য ব্যবস্থা অবলম্বন করছেন না। মুখ্যমন্ত্রী জবাব দিতে উঠে বললেন যে অড়হর ডালের দাম আমরা বাঁধিনি। আমি সঙ্গে সঙ্গে সেক্রেটারী মহাশয়ের কাছে গিয়ে বলে-ছিলাম এর কপিটা আমাকে একটু দিন আমি এ বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। দশদিন তাঁকে অনুরোধ করে আমি চিঠি দিয়েছি, কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আজও সেক্রেটারী মহাশয় সেই কপি আমাকে দেননি। আমি বলেছিলাম যে ৫ই তারিখের গেজেটে এটা প্রকাশিত হয়েছে। আমি সেই ৫ই তারিখের ক্যালকাটা গেজেট নিয়ে এসেছি। এতে অড়হর ডালের দাম বাঁধা আছে—অড়হর ডালের দাম ১২৫ টাকা পার কুইন্টাল ১২৬ টাকা হোলসেলার এবং ১৩০ টাকা যদি রিটেইলার বিক্রী করে আমি সেখানে রিসিপ্ট প্রোডিউস করে দেখিয়েছি যে ওরিজিনাল রিসিপ্ট ১৪০ টাকা বিক্রী হচ্ছে প্রকাশ্যে ক্যাশমেমো দিচ্ছে এবং মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত পেশ করা হয়েছে যে আইনকে ফাঁকি দিয়ে, বে-আইনীভাবে যারা কারবার করছে তাদের রুখুন। মুখ্যমন্ত্রী, তিনি বলেন যে আমি চোরাকারবারীদের ধ্বংস করার জন্য ডি আই আর প্রয়োগ করছি। এখানে দাঁড়িয়ে অসত্য ভাষণ দিলেন যে ক্যালকাটা গেজেট পাবলিশড হয়নি। মিষ্টার স্পীকার স্যার, আমি ৫ তারিখের এই গেজেট আপনার কাছে পেশ করছি। যদি মুখ্যমন্ত্রী হাউসের মধ্যে অসত্য ভাষণ দিয়ে সমস্ত হাউসকে মিসলেড করার চেষ্টা করেন এবং কনটেমপট যদি কর'তে সাহস রাখেন তাহলে অন্যান্য মন্ত্রী বা কংগ্রেসী সদস্য তাঁদের সম্বন্ধে কি আর বলব। খদ্দর পরে সেখানে অভিনয় হচ্ছে বলে কষ্ট হচ্ছে আঁতে লেগেছে। আর মুখ্যমন্ত্রী স্বয়ং এখানে দাঁড়িয়ে অসত্য ভাষণ দিয়ে সমস্ত হাউসকে বিভ্রান্ত করছেন তার কি কৈফিয়ৎ আছে? এই তো আপনাদের নোংরা চেহারা আপনারা অতি সহজেই বলতে পারেন যে এই গেজেটটা অপূর্ববাবু ছাপিয়ে এনেছেন—এও বোধহয় বলতে আপনাদের বাঁধে না। কংগ্রেসী রাজত্বে কংগ্রেসী মন্ত্রীদের কাছ থেকে একথাও আসতে পারে আমি জানি। মিষ্টার স্পীকার স্যার, সেদিন মুখ্যমন্ত্রী যখন এখানে দাঁড়িয়ে অসত্য ভাষণ দিচ্ছিলেন তখন আমি দাঁড়িয়ে প্রতিবাদ করে বলেছিলাম যে ৫ তারিখের গেজেট পাবলিকেশন হয়েছে। সেদিন আমার কণ্ঠস্বরকে আপনারা চেপে দেবার চেষ্টা করেছিলেন। আজ আমি আপনাদের মুখের উপর এই ক্যালকাটা গেজেট ছুড়ে দিচ্ছি। এবার যদি আপনাদের কোন জবাব থাকে দিন এবং সেই অসত্য ভাষণের জন্য এই ম্যাটার রেফার করা উচিত যে সত্যিকারের তিনি হাউসের প্রিভিলেজ এবং হাউসকে কনটেম্পট করেছেন কিনা প্রিভিলেজ ব্রেক করে এবং আমি এটা প্রিভিলেজ কমিটিতে উত্থাপন করার জন্য অনুরোধ করছি। এবং আপনার কাছে উত্থাপন করে বলছি, এ সম্পর্কে আপনার বক্তব্য রাখবেন।

মিস্টার স্পীকার স্যার, শ্রীমতী আভা মাইতি সম্পর্কে একটি কথা বলবার আছে। তিনি এখানে আছেন। সেদিন আমি বার বার তাঁকে অনুরোধ করেছিলাম যে আপনি বলুন, যেসমস্ত উদ্বাস্তুরা পূর্ববাংলা থেকে আসছেন কোনরকম মাইগ্রেশন সার্টিফিকেট না নিয়ে—যেমন গত

ফেব্রুয়ারি মাসে আমি ফিগার দিয়েছিলাম যে ৫ হাজার উদ্বাস্তু পরিবার এসেছে তার মধ্যে মাত্র ৫০০ পরিবারের মাইগ্রেশন সার্টিফিকেট ছিল।

[5-10—5-20 p.m.]

এইভাবে সিটিজেনসিপ রাইট যারা মাইগ্রেশন সার্টিফিকেট নিয়ে না আসছে—আপনার ডিপার্টমেন্ট ঐ হোম ডিপার্টমেন্টের সঙ্গে কনাইভেন্স করে তাদের সিটিজেনসিপ রাইট দিচ্ছে না। আর আপনি এখানে দাঁড়িয়ে বলে দিলেন যে আমরা এইরকম কিছু করি নি। এইরকম অসত্য ভাষণ এই পটিয়সী মহিলা দিয়েছেন। আমি বলে দিয়েছি যে আপনারা অক্টোবর মাসে সার্কুলার দিয়েছেন—আমি দেখিয়েছি, লিখেছেন, "কিপ অল দি এপ্লিকেশনস পেন্ডিং টিল ফারদার অর্ডারস", অথচ এখানে দাঁড়িয়ে বললেন যে আমরা দপ্তর থেকে বা গভর্নমেন্টের তরফ থেকে কোনরকম চিঠি দিই নি এবং উদ্বাস্তুরা সার্টিফিকেট যাতে না পায় সে সম্পর্কে কোন ডাইরেকসনও নেই। আমি তাঁকে চ্যালেঞ্জ করছি ক্ষমতা আছে কি তাঁর—যে ম্যাটারটা প্রিভিলেজ কমিটিতে প্লেস করুন—সেখানে এনকোয়ারী হোক, আপনারা থাকুন, স্পীকার থাকুন এবং আমাদের তরফ থেকে একজন থাকুন। আমি যদি তা প্রমাণ করতে না পারি তাহলে আমি এই সদস্যপদ থেকে রিজাইন করবো। আমি পারতাম সেই সার্কুলারের কপি নিয়ে আসতে। কিন্তু আমি তা করি নি, কারণ যেখান থেকে নিয়ে আসবো তাদের উপর আপনাদের বেআইনীভাবে আক্রোশ হবে। কিন্তু গেজেটটা প্লেস করলে তো আর বলতে পারবেন না কারণ এটা আমাদের দেওয়া হয়। কিন্তু আমি চার্জ করছি যে এটা করেছেন। এইরকমভাবে অসত্য ভাষণ দিয়ে এই পটিয়সী মহিলা বিধানসভার ভিতর বহু বদনাম কিনেছেন। উদ্বাস্তুদের উপর মানবতার দিকে দৃষ্টি না রেখে কৃতকর্মকে অস্বীকার করে তিনি নিজে খুব নীচ দৃষ্টান্ত স্থাপন করেছেন। এতখানি নীচ জিনিস আমরা তাঁর কাছে আশা করি নি। মাননীয় স্পীকার মহাশয়, আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি এবার তরুণবাবুর কথা বলছি। এর আগেও বলেছিলাম যে, আপনার দপ্তর কতকগুলি বেআইনী কাজ দীর্ঘদিন ধরে করছে। সেগুলি অন্তত খানিকটা রুখবার চেষ্টা করুন। আমি বলেছিলাম ডি এন ঘোষ, অ্যাডিশনাল ডিরেক্টর অফ ইন্ডাস্ট্রিজ, ট্রেনিং, তার ফাইলের দিকে লক্ষ্য রাখুন। পাবলিক সার্ভিস কমিশন থেকে তার কেস রিজেক্ট করেছে। ২৭-৩-৬৩ তারিখে রিজেক্ট হয়েছে। আপনাদের কর্মচারীরা যে রিপোর্ট দেয় অন্তত তার বাইরে গিয়ে নিজের চোখে জিনিসগুলি দেখবার চেষ্টা করুন। ২৭-৩-৬৩ তারিখে পাবলিক সার্ভিস কমিশনে যে মিটিং হয়েছিল সেখানে সেই পাবলিক সার্ভিস কমিশনের তরফ থেকে বলে দিয়েছে যে ডি এন ঘোষকে আমরা সিলেক্ট করতে পারছি না। তার জায়গায় আমরা অন্য লোককে রেকমেন্ড করছি। কিন্তু আজ ১৯৬৫ সাল পর্যন্ত তাঁদের সেই রেকমেন্ডেশনকে মর্যাদা দিলেন না। কেন দিলেন না তা জানি না। এইটা নিশ্চয়ই আপনার মনে আছে—কারণ আপনি অনেক দিন থেকে এই ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টে আছেন—১৯৬২-৬৩ সালে যে third meeting of the State representatives.

নুতন দিল্লীতে হয়েছিল, সেখানে কারা অ্যাপয়েন্টমেন্ট পাবে—

appointment of suitable and administrative and technical staff at Headquarters of the State Directorates.

সেখানে আমাদের পশ্চিমবঙ্গের তরফ থেকে আপনার যে রিপ্রেজেনটেটিভ গিয়েছিলেন দিল্লীতে, সেখানে আপনারা রেজলিউসন নিয়েছেন যে—

It was agreed that without qualified and adequate technical staff at Headquarters, it would not be possible to ensure the required efficiency. The staffing pattern at Headquarters was settled at the meeting held in February, 1957. While several States have appointed the required staff, there are still a few States where the staff is wholly inadequate. In certain States, the staff appointed is not fully qualified to meet the requirements of the training programmes তার কোন technical qualification নেই। D. N. Ghosh -এর সেখানে technical qualification কে নির্ধারিত করে রেখেছেন। He must have a degree in Mechanical Engineering of a recognised University or an equivalent qualification. He must have about five years industrial experi-

ence subsequent to graduation in a supervisory capacity in workshops engaged in production, and some other teaching experience and other organising capacity in administration.

এর একটিও টেকনিক্যাল কোয়ালিফিকেসন নেই এবং এই টেকনিক্যাল কোয়ালিফিকেশন না থাকার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের তরফ থেকে যে ৬০ পার্সেন্ট অফ দি এক্সপেনসেস পাবার কথা—সেটা পাচ্ছেন না। তার পরে থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে আপনাদের টারগেট ছিল যে আপনাদের ৬টি ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট পশ্চিমবঙ্গে করবেন। যেহেতু তিনি নন-টেকনিক্যাল স্টাফ—আপনি বলুন যে সেই ছয়টা কি করতে পেরেছেন এক্সসেপ্ট ওয়ান আই টি আই ইন্ডাস্ট্রিয়াল ইনস্টিটিউট, সুরি, আপনারা কোথায়ও করতে পারেন নি। এইভাবে আমাদের প্রতি বছর ৬৫ হাজার টাকা এক্সপেন্ডিচার সেখানে দিতে হয়—এই একটা নন-এক্সপিরিয়েন্স লোকের জন্য।

Point of Personal Explanation

শ্রীতরুণকান্তি ঘোষঃ মিঃ স্পীকার স্যার, এখানে অপূর্ববাবু একটা থিয়েটার সম্বন্ধে যে কথা বলেছেন সে সম্বন্ধে আমার একটা পারসোন্যাল এক্সপ্ল্যানেসন দেওয়া উচিত বলে আমি মনে করি। ডি এন ঘোষ সম্বন্ধে উনি যেটা বললেন—আমি অপূর্ববাবুকে জানিয়ে দিই যে তিনি একটা মোটর অ্যাক্সিডেন্টে আহত হয়ে ৬ মাস প্যারালিসিসে ভুগছেন এবং তিনি হাসপাতালে পড়ে আছেন। কাজেই তাঁর সম্বন্ধে আমার মনে হয় কিছু বলা উচিত নয়।

I don't know whether he is on leave or not.

আফটার অল তার একটা দুর্ঘটনা ঘটেছে। তবে এটা আমি দেখবো—এখনই এর উত্তর দিতে পারছি না। তারপর আমি বলতে চাচ্ছি যে আমি স্টার থিয়েটারে গিয়েছিলাম এবং আমি নিজে যা দেখেছিলাম তাতে আমি অত্যন্ত ক্ষুব্ধ হয়েছিলাম এ বিষয়ে কোন সন্দেহ নেই। একটা লোককে সেখানে—হি ইজ এ ব্ল্যাকমার্কেটার। সে উদ্বাস্তুর উপর অত্যাচার করছে—সে ব্রথেল পর্যন্ত রান করছে। তার মাথায় একটা খদ্দরের টুপি, গায়ে খদ্দরের জামা পেছনে মহাত্মা গান্ধীর ছবি। আমি বলছি ভারতবর্ষের যে কোন মানুষ, নেতাজী সুভাষচন্দ্র বোস খদ্দর ব্যবহার করতেন। এখানে এই লোকটা গান্ধী টুপি পরেছে এবং মহাত্মা গান্ধীর ছবি নিয়ে আছে। এ জিনিস করবার দরকার নেই। ব্ল্যাকমার্কেটের জন্য একটা প্যান্ট একটা কোট পরালেই হোত। এই জিনিসটাতে আমি ক্ষুব্ধ হয়েছিলাম এবং আমি এখানে এসে জগন্নাথবাবুর সঙ্গে তাঁর আলাপ ছিল বলে তাঁকে ডেকে বলি—মহাশয়, এই জিনিসটা যদি দেখাতে চান দেখান, কিন্তু why do you put him in that dress ?

Shri Apurba Lal Majumdar:

Is there any legal bar?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এই ড্রেসের একটা স্যাংটিটি আছে। আমাদের দেশের সমস্ত বড় বড় নেতারা এই ড্রেস পরেছেন কিন্তু এখানে এইভাবে পরে মহাত্মা গান্ধীর ছবি পেছনে দিয়ে এইভাবে করাটা ঠিক নয়। অবশ্য এর জন্য কোন হুকুমনামা জারী করা হয় নি—কিংবা ১লা এপ্রিলের কথা কিছু বলা হয় নি। তাঁকে শুধু পয়েন্ট আউট করে দেওয়া হয়েছে যে, হোয়াই ডু ইউ পুট হিম ইন দ্যাট ড্রেস? কারণ আমরা মনে করি যে এই ড্রেসটা হচ্ছে আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামের মূর্ত প্রতীক এবং মহাত্মাজী যিনি আমাদের জাতির জনক তাঁর ছবি পিছনে রেখে একটা লোককে দিয়ে এই জিনিস করানো অন্যায়। এতে থিয়েটার করে পয়সা রোজগার করা যেতে পারে, কিন্তু এটা অন্যায়। তবে তাঁর উপর কোন জোর জবরদস্তি করা হয় নি।

শ্রীকমলকান্তি গুহঃ মিঃ স্পীকার স্যার, আজকে আমরা একটা গুরুত্বপূর্ণ অবস্থায় এসে দাঁড়িয়েছি। এর আগে যখন বিমল মিত্রের "কড়ি দিয়ে কিনলাম" বেরোয়, তখন তাকে আক্রমণ করার প্রচেষ্টা হয়েছিল সরকারের তরফ থেকে "একক দশক শতক" বইটা কি সেটা আমরা জানি যে আজকে বাংলাদেশে দেশসেবার নাম করে সমাজ সেবার নাম করে ও'রা যে খদ্দর পরে সরকারের নাম ভাঁড়িয়ে উদ্বাস্তুদের উপর অত্যাচার করছেন এবং এইভাবে উদ্বাস্তুদের ঠকাচ্ছেন এবং শোষণ

করছেন—মেয়েদের বেশ্যাবৃত্তি করতে বাধ্য করাচ্ছেন—এই হচ্ছে কাহিনী যেটা আজকে সত্যি-কারের ঘটছে। কিন্তু এইভাবে যদি সাহিত্যিকদের উপর সরকারের মন্ত্রীদের চাপ সৃষ্টি হয় তাহলে বাংলাদেশের সৎ সাহিত্য কখনও গড়ে উঠতে পারবে না।

[তুমুল হট্টগোল]

আমরা বলবো যে এইভাবে সাহিত্যের উপর—সাহিত্যিকদের উপর ফ্যাসিজিম করা চলবে না—আজকে ও'দের কথামত উপন্যাস হবে কি? ও'দের কথামত কি কাব্য হবে? আমরা ব্রিটিশ আমলে দেখেছিলাম যে, "পথের দাবী" বইটাকে বন্ধ করে দেওয়া হয়েছিল। এই জিনিস চলতে দেওয়া উচিত নয়।

[হট্টগোল]

[5-20—5-30 p.m.]

মিঃ স্পীকারঃ মিঃ গুহ, আপনাকে আমি অনুরোধ করছি আপনি বসুন। আপনার পাশে মিঃ রায় প্রধান আছেন, তিনি ২ মিনিট বাদেই বলবেন। আপনার এইরকম ফ্লুলি লিবার্টি নেই সমস্ত জবাব দেওয়ার। এইরকম লিবার্টি নিয়ে যা খুসী বলবেন না। আপনার পাশে যিনি বসে আছেন তাঁকে বলতে দিন।

Shri Apurba Lal Majumdar: There is a candid admission on the part of the Minister.

Mr. Speaker: Whatever it may be, sufficient number of members have replied to the point.

Shri Apurba Lal Majumdar: Whether the Minister has the right to interfere or whether it is illegal on the part of the theatre.

এটা মন্ত্রিমহাশয় বললেন যে হ্যাঁ, আমি ইন্টারফেয়ার করেছি এবং স্টার থিয়েটারের লোককে ডেকে এনে তাঁকে বলেছি যে, এইরকম নাটক করতে পারবেন না। যদি বন্ধ না করেন তাহলে আপনাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে। মিঃ স্পীকার, স্যার, আপনি জিনিসটা লাইটলি দেখবেন না। এর আগে তাঁরা বিল আনবার চেষ্টা করেছিলেন যে নাটক যাতে তাঁদের নিজেদের মনগড়া মত লেখা হয়। কিন্তু পাবলিক ওপিনিয়ান এত এগেনস্টে ছিল যে, সেই বিল চেপে দিতে বাধ্য হন। বাংলাদেশের সাহিত্যিকগোষ্ঠী তাঁরা এটাকে স্বীকার করে নেন নি। কিন্তু মিনিস্টারের কোন অধিকার আছে যে নাটক পাশ হয়ে গেছে সেই নাটকের উপর হস্তক্ষেপ করার? আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে এই কথাই বলতে চাই অন হোয়াট অথরিটি তিনি তাঁদের ডেকে পাঠিয়ে শাসন করবার চেষ্টা করেছেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি অনুরোধ করেছি।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ আপনি অনুরোধ করেন নি, তাঁদের ডেকে শাসন করবার চেষ্টা করেছেন।

শ্রীসুনীল দাসগুপ্তঃ মন্ত্রীরা বাংলাদেশের সাহিত্যিকদের আক্রমণ করবেন, নাট্যকারদের উপর আক্রমণ করবেন আর আমরা চুপ করে বসে থাকব? আমরা হিটলারকে নিন্দা করি, কিন্তু এ'রা হিটলারেরও অধম।

Mr. Speaker: Mr. Das Gupta, I warn you not to interrupt the business of the House in this manner, may be you are an honourable member.

West Bengal Appropriation Bill, 1965

ডঃ গোলাম য়াজদানীঃ মিঃ স্পীকার, স্যার, আজকে আমাদের সামনে যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল এসেছে আমি তার বিরোধীতা করছি। আমরা জানি যে যে টাকা বরাদ্দ হয়েছে সেই টাকা ঠিকমত ব্যয় হবে না। আমি অন্যান্য খাত সম্বন্ধে পরে বলছি, কিন্তু এখন আমি শিক্ষাদপ্তরকে

লক্ষ্য করে কিছু বলতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে নেই, আমি আশা করি মাননীয় অর্থ মন্ত্রী আমার কথার জবাব দেবেন। আমি বলতে চাই আমাদের সরকারের কাছে যেসমস্ত টাকা থাকে সেইসমস্ত টাকা তাঁরা অনেক ছাত্রকে বৃত্তি দেন এবং অনেক স্কুলকে সাহায্য করেন। আমি এখানে ছাত্রদের সম্পর্কে এবং ছাত্রদের বৃত্তি দেওয়া সম্পর্কে একটা কথা বলব সেটা হল এই যে, আমাদের মহসীন ফান্ড সম্বন্ধে গত সেপ্টেম্বর মাসে বিধানসভায় আমি একটা প্রশ্ন করেছিলাম। সেই প্রশ্নের নাম্বার হচ্ছে অ্যাডমিটেড কোয়েশ্চান নাম্বার ৩১৭। ১০ই অগাস্ট সেই প্রশ্নটা ছিল। তাতে আমি প্রশ্ন করেছিলাম যে মহসীন ফান্ডের কি হয়েছে? শিক্ষাদপ্তর থেকে মহসীন ফান্ড চালু করা হচ্ছে না কেন? শিক্ষাদপ্তর উত্তর দিয়েছিলেন দেশ বিভাগের সময় ৬০ হাজার টাকা বার্ষিক আয়ের সম্পত্তি পূর্ব পাকিস্তানের খুলনাতে এবং যশোহর জেলায় পড়েছে এবং নগদে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় জমা ছিল ১০ লক্ষ ২৭ হাজার ৮৮০ টাকা। সেই টাকা বার্ষিক সুদসহ ১৯৬৪ সালে হয়েছিল ১৩ লক্ষ ৯৬ হাজার ৮৮০ টাকা। এই টাকার বার্ষিক সুদ পাওয়া যাচ্ছে ৪৯ হাজার টাকা। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন এই টাকা আমরা ছাত্রকে বৃত্তি দেওয়ার কথা চিন্তা করছি। মিঃ স্পীকার, স্যার, আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হল না। আমি বলতে চাই যে হাজি মহম্মদ মহসীন গরীব মুসলমান ছাত্রদের সাহায্য করবার জন্য এই ফান্ডের সৃষ্টি করেছিলেন এবং গভর্নমেন্টের উপর ভার দেওয়া হয়েছিল যাতে গরীব মুসলমান ছাত্রদের এইসব বৃত্তি দেওয়া যায়। কিন্তু গভর্নমেন্ট এ সম্বন্ধে কোন কিছু করছেন না। আমি আশা করি গভর্নমেন্ট এ সম্বন্ধে মনোযোগ দেবেন।

মিস্টার স্পীকার স্যার, আমি এখন বলতে চাই যে, আমাদের গভর্নমেন্টের তরফ থেকে পুস্তক পাবলিকেশন-এর জন্য অনেক টাকা খরচ করা হয়, শিক্ষা দপ্তর ও অন্যান্য দপ্তর থেকেও করা হয়। কিন্তু এডুকেশন ডিপার্টমেন্ট যে টাকা খরচ করেন এবং তাঁরা যে বইগুলো পাবলিশ করেন, সেই বইগুলিতে যে কতরকম আপত্তিকর কথা থাকে--সেদিকে কারো দৃষ্টি পড়ে না কেন—সেই কথা আমি জিজ্ঞাসা করতে চাই। এখানে আমি দুখানি বই-এর কথা উল্লেখ করবো। এই দুখানা স্কুলের পাঠ্যপুস্তক। তাতে হজরত মহম্মদ সম্বন্ধে ঘোরতর আপত্তিজনক এবং ইসলাম বিরোধী অনেক কথা আছে। এই বই দুখানিতে হজরৎ মহম্মদকে চরম অবমাননা করা হয়েছে এবং ইসলাম ধর্মের উপর বিশেষ চরম আঘাত হানা হয়েছে। এই বই দুখানির একটির নাম হলো মাধ্যমিক সমাজবিদ্যা এবং এটা নবম ও দশম শ্রেণীর পাঠ্য। এই বইখানি যাঁরা লিখেছেন তাঁদের নাম হলো শ্রী বিশ্বাস এবং চক্রবর্তী, ১৯৬৩ সালে এটা প্রকাশিত। এই পুস্তকের দ্বিতীয় পরিচ্ছেদে ৩৮৬ পৃষ্ঠায় ইসলাম ধর্মের বিষয় যে আপত্তিকর প্রবন্ধ আছে, সেটা আমি এখানে একটু পড়ে শোনাচ্ছি। এখানে ৩৮৬ পৃষ্ঠায় তাঁরা লিখেছেন—

"হজরত মহম্মদ আরব দেশে মক্কা নগরে জন্মগ্রহণ করেন। আরবীগণ তখন বহু দেবতার উপাসক ছিলেন, তার মধ্যে বিশেষ প্রতিপত্তিশালী ছিলেন মক্কার আল্লাহ্। তিনি খদিজা নাম্নী এক ধনী বিধবা মহিলার অধীনে চাকুরী গ্রহণ করেন। এই সময় আরব দেশে কিছু ইহুদী বাস করিত। তাহারা একেশ্বরবাদে বিশ্বাসী। চাকুরী করা কালে মহম্মদ তাহাদের সংস্পর্শে আসেন ও একেশ্বরবাদের প্রতি আকৃষ্ট হন। কিন্তু তাহার জ্ঞাতিবর্গ উহার বিরোধীতা করেন। তাহাদের আশংকা ছিল যে একেশ্বরবাদ প্রচারের ফলে আল্লার পূজা কমিয়া যাইবে এবং তাহাদের উপার্জনে বিঘ্ন ঘটিবে। আল্লার উপাসনা ও একেশ্বরবাদের সমন্বয় করিয়া মহম্মদ ঘোষণা করিলেন—আল্লা একমাত্র উপাস্য দেবতা এবং মহম্মদ তাহার প্রতিনিধি।"

তারপর আছে—"মুসলমানদের প্রধান ধর্মগ্রন্থ কোরাণ—তাহারই রচনা। কোরাণ ভিন্ন তাঁহার আরো দুখানা ধর্মগ্রন্থ আছে—তাহার নাম হাদিস্।"

তারপর আছে—"মুসলমান ধর্মের বৈশিষ্ট্য হলো অন্যান্য ধর্মমত সম্বন্ধে অসহিষ্ণুতা। মুসলমান যেমন নিজেদের মধ্যে কোন বিভেদ স্বীকার করে না, তেমনি মুসলমান ভিন্ন অন্য সকলকে নিজেদের অপেক্ষা ঘৃণ্য মনে করে।"

তারপরেই আছে—"মুসলমানগণ অনককে বলপূর্বক ইসলামধর্ম গ্রহণে বাধ্য করে। ফলে বর্তমানে এদেশে প্রায় এক-তৃতীয়াংশ মুসলমান। কিন্তু ইসলামের পরম ধর্ম—পরধর্মে অসহিষ্ণুতার ফলে অন্যান্য সম্প্রদায়ের সহিত মিশিয়া চলিতে পারিতেছে না। ইহাতে বিশ্বাস আমাদের জাতীয় সমৃদ্ধি বিলুপ্ত হইতেছে।"

মিস্টার স্পীকার স্যার, এ সম্বন্ধে আমি বলতে চাই যে, আমাদের এইসমস্ত বই আজ স্কুলে পড়ান হচ্ছে এবং আমাদের ছেলেরা এইসমস্ত অশিক্ষা কুশিক্ষা পাচ্ছে। মুসলমান ধর্মের মধ্যে যা আছে, তাতে মুসলমান ছেলেরা এবং অমুসলমান ছেলেরা ভুল শিক্ষা পাচ্ছেই, উপরন্তু অ-মুসলমানদের মুসলমান ধর্ম সম্বন্ধে একটা বিতৃষ্ণার ভাব তাহাদের মধ্যে জাগিয়ে তোলা হচ্ছে। তাহলে জাতীয় সংহতি নষ্ট করছে কে? এই বইখানিই তার প্রমাণ। আপনি এই বইখানা দেখুন। দেখুন যে, আপত্তিকর কিছু আছে কি-না-আছে। এর লেখক হলো বিশ্বাস এবং চক্রবর্তী—নবম ও দশম শ্রেণীর জন্য, জ্যোৎস্নাকুমার বিশ্বাস ও বিশ্বেশ্বর চক্রবর্তী। এই বইখানি নিয়ে কাগজে অনেক লেখালেখি করা হয়েছে এবং গভর্নমেন্টের অনেকবার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

এবার আর একখানা বই-এর সম্বন্ধে বলবো—যেটা অন্য কেউ লেখে নি, এটা গভর্নমেন্ট থেকে প্রকাশিত। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা আধিকারিক এটা প্রকাশ করেছেন। এই বইখানি তৃতীয় শ্রেণীর পাঠ্য। ১৯৬৪ সালে প্রকাশিত। এই বই-এর মধ্যে হজরত মহম্মদ সম্বন্ধে যে প্রবন্ধটি আছে, তাতে অনেক আপত্তিকর কথা আছে। সে সম্বন্ধে আমি দু-একটি কথা বলছি। এর ৪৪ পাতায় রয়েছে যে, মহম্মদের উপদেশ ও বাণীর সংকলন গ্রন্থের নাম হলো কোরাণ। তাহাদের কাছে একটা কর্তব্য হলো মহম্মদের জন্মস্থান হজরতস্থান দর্শন।" তারপরে ৪২ পাতায় আছে—ইসলাম অর্থ মুক্তি।" আরো অনেক আপত্তিকর কথা আছে, যেগুলি আমার পড়ে শোনাবার সময় নাই। এই বইখানি পশ্চিমবঙ্গ শিক্ষা আধিকারিক প্রকাশিত করেছেন। এই বইখানি সম্বন্ধে গত সেপ্টেম্বর মাসে প্রশ্ন দিয়েছিলাম—এই সকলের প্রতি দৃষ্টি আকর্ষণ করে এবং মন্ত্রিমহাশয় তখন বলেছিলেন আচ্ছা—এ সম্বন্ধে আমরা দেখছি। এই বইখানা সম্বন্ধে মুর্শিদাবাদের ভাতয়াল থেকে জনসাধারণ একটা মাস পিটিসন করেছেন, তার কপি আমার কাছে রয়েছে। কিন্তু শিক্ষাদপ্তর এ সম্বন্ধে কোন জবাব আজো দেন নাই।

[5-30—5-40 p.m.]

কেন দেননা সেকথা আমি জানতে চাই? আমার কথা হল স্কুলের ছেলেদের যদি এইভাবে অশিক্ষা, কুশিক্ষা দেয়া হয়, তাদের মনের মধ্যে অন্য ধর্ম সম্বন্ধে যদি এরকম একটা ভাব জাগিয়ে তোলা হয় তাহলে জাতীয় সংহতি কিভাবে রক্ষিত হবে? আমি মনে করি এরকম হওয়া উচিত নয় এবং সেদিক থেকে আমি গভর্নমেন্ট, শিক্ষা দপ্তর এবং গভর্নমেন্টের যে পাবলিসিটি ডিপার্টমেন্ট রয়েছে যার জন্য আমরা হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা খরচ করছি তাঁদের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই তাঁরা এগুলি কেন দেখছেন না? এগুলি যখন প্রকাশিত হয়, তখন যে কোন মুসলমান যাঁরা ধর্ম সম্বন্ধে জানেন তাঁদের কেন দেখাননা, কোন কিছু করেননা বা যখন দৃষ্টি আকর্ষণ করা হয় তখন কেন কিছু বলেন না? আমরা জানি মহারাষ্ট্রে স্কুলের ছেলেদের বইয়ের মধ্যে বাংলাদেশ সম্বন্ধে যখন একটা ভুল তথ্য লেখা হয়েছিল তখন গভর্নমেন্টকে সমস্ত বই উইথড্র করতে হয়েছে এবং নিজেদের খরচে ছেলেদের মধ্যে বই ডিস্ট্রিবিউট করতে হয়েছে। কিন্তু এখানে গভর্নমেন্ট কোনরকম মনোযোগ দেন না বলে আমার ঘোর আপত্তি রয়েছে। এ সম্বন্ধে বহু চিঠি রয়েছে যাতে তাঁরা আমাকে অনুরোধ করেছেন শিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করবার জন্য। আমরা সেকুলার স্টেট প্রতিষ্ঠা করেছি, কিন্তু গভর্নমেন্টএর এবং অন্যান্য বইতে যখন এরকম জিনিস চলছে তখন গভর্নমেন্ট কেন কিছু করছেন না। সেটা জনসাধারণ জানতে চায়। মাননীয় স্পীকার মহাশয়, সমস্ত জিনিস বলা সত্ত্বেও যখন তাঁরা কিছু করছেন না, তখন আমি আবার তাঁদের দৃষ্টি আকর্ষণ করে কি বলার আছে সেটা শুনতে চাই। এবারে মহসীন ফান্ড সম্বন্ধে আমি কিছু বলব। আমি হিসেব করে দেখেছি এতে ২২৫ জন ছেলে উপকৃত হতে পারে—অর্থাৎ ১৫ টাকা হারে ১৫০ জন, ২০ টাকা হারে ৫০ জন এবং ২৫ টাকা হারে ২৫ জন এটা পেতে পারে। অর্থাৎ আমরা দেখছি দু শ'-তিন শ' গরিব মুসলমান ছেলে যারা পড়তে পারে না তারা এই স্টাইপেন্ড নিয়ে পড়তে

পারে। তারপর, দেখছি মুসলমানদের একটি পর্ব ইদুজ্জোহা ছুটির লিস্ট থেকে বাদ গেছে এবং শুধু তাই নয়, অনেকগুলো পর্বের মধ্যে বকরিদের ছুটি কেন নেই সেটাও আমি জানতে চাই। একথা বলে আমি এর বিরোধিতা করছি।

Shri Siddhartha Shankar Ray: Sir, I rise not so much to oppose the Bill but to place certain facts before this House. But before doing so, I must say that the statement that was made by the Hon'ble Minister of Industries with regard to what had happened at the Star Theatre surprised me a little because, after all, I do not yield to anybody in so far as the democratic method of life is concerned, and, if what the Hon'ble Minister of Industries said can be construed to mean that the Government has a right to interfere with regard to the manner in which a dramatic performance is to be performed, then I shall be the first person to oppose any such stand on the part of the Government. I am sure the Hon'ble Minister of Industries did not mean to say that. But if he meant to say that, then I must say that it is against all democratic notions. Anybody going to any of the democratic countries of the world will find plays—thousands of them—satires—thousands of them—parodying the Government, ridiculing the party in power and these are most enjoyed by the party in power because they give them great publicity. Anybody seeing, for example, "Reluctant Peer" that we saw in London, the manner in which the ex-Conservative Prime Minister, Douglas Home, was ridiculed, anybody seeing that, would have enjoyed it—I am sure Alec Douglas Home himself enjoyed it. Staire is a powerful weapon not so much politically but it is a powerful weapon for the purpose of properly propagating one's point of view and I do not see any reason why we should object to that. Of course, if we by holding a dramatic performance with regard to a person like Mahatma Gandhi, if by showing his picture in a particular way, we try to damage his memory, certainly that should be stopped. But if otherwise the Communist Party is ridiculed, or if the Forward Block is ridiculed or if the Praja Socialist Party—now it is the S.S.P.—I am getting a little out of date—these Left parties change so often that I lose count.

(Interruptions)

I am entitled to say that. My Left friend may not agree but I am entitled to say that. The fact that they are listening quitely shows that they believe in democracy. They are entitled to criticise me; I am also fully entitled to criticise them. So, if there is a play today showing the manner in which the Left parties are fighting amongst each other but none-the-less are trying to put up a united front before the people of Calcutta for the forthcoming Calcutta Corporation election, and if in that drama it is shown how hollow the claim of the Left parties is, nobody can object to it. It is perfect satire; one can do it. Nobody can object to it. It is a right in democracy. If in a particular place, the Congress party becomes the subject-matter of staire. I am sure no Congressmen will object to it. Therefore, I do not think that the Hon'ble Minister for Industries really wanted to say that Government has any power. Knowing the Chief Minister Shri Prafulla Chandra Sen as we have known him for the last two or three years, I have no doubt that it is farthest from his intention to interfere with any dramatic performance or, for that matter, to interfere with the rights of novelists or dramatists or to interfere in any way with the free expression of one's thoughts in the literary sphere.

The other fact which I wanted really to place before the House today is with regard to our Subordinate Judiciary. I am glad that the Finance Minister is here; I am glad that the ex-Finance Minister is also present in the House. I am sure everybody will agree that the Judiciary has to be

the strongest pillar in your temple of democracy, for, if the Judiciary becomes weak or if the Judiciary becomes inefficient the process of democracy will become a mere empty formality. Therefore, it is absolutely necessary to find out in what way the Subordinate Judiciary is being treated and as to whether the service conditions of the Subordinate Judiciary are such as can possibly attract really efficient, honest and clever individuals. In so far as the Subordinate Judiciary is concerned, I find that a Munsif today gets a salary of Rs. 325 per month and it goes up to Rs. 1,000 but there is no Selection Grade. I went into the history a little and I find that prior to 1931 the Munsif's pay was in fact higher than the pay of a Deputy Magistrate. In 1931 the pay became more or less the same but now I find that the Deputy Magistrate's pay is Rs. 325 to Rs. 1,000 but it has a right to a selection grade of Rs. 1,125. In so far as the Munsif is concerned up to Subordinate Judge his scale is Rs. 325 to Rs. 1,000. I have calculated this—there is an annual increment of Rs. 30 a month, and a Munsif or a member of the Subordinate Judiciary has worked for ten years, all that he gets is Rs. 600 a month. Is it possible that the best boys of our country will be attracted to a service with such a pay-scale and with such salary conditions. I would request the Finance Minister to take serious note of it, particularly because of the fact that I find that in the year 1949 when the pay of the Higher Judicial Service was fixed from Rs. 800 to 1,800 it was categorically stated that that is equal to the senior scale of the Indian Administrative Service. Therefore, the scale of pay which was fixed immediately after Independence in respect of the Higher Judicial Service of the Subordinate Judiciary, was fixed on the basis that it was equal to the senior scale of the Indian Administrative Service. From the year 1960 and also from the year 1962 the senior scale of the Indian Administrative Service has undergone changes—rightly—I do not question that. There have been changes and those shuold certainly be supported.

[5-40—5-57 p.m.]

But the point is that the basis that was previously existing, that is to say the Subordinate Judiciary, the Higher Judicial Service and the Indian Administrative Service should be put in the same category. That basis has been given a go-by. Whereas today the senior scale of I.A.S. Officers is Rs. 900—1,800, with the Selection Grade from Rs. 1,800—2,000, in so far as the Higher Judicial Service is concerned, the scale is from Rs. 800 to Rs. 1,800. Over and above this, the District Magistrate gets an additional allowance of Rs. 200 per month. So also the Superintendent of Police in the district get an additional allowance of Rs. 150 per month. But in so far as the Subordinate Judicial Service is concerned, there is no such allowance. Sir, it is on record that for the last ten or fifteen years not one Honours Graduate has applied to become a member of the Subordinate Judiciary, and I understand on very reliable authority—the Finance Minister will check it up—that, for the last three or four years, the majority of the candidates trying to come to the Subordinate Judiciary have passed their examination either in the Third Class or on a compartmental basis. Now this is something which we never had before, but in spite of this, I must say that there is no allegation of corruption against the Subordinate Judiciary. The high tradition of the Subordinate Judiciary is being maintained. I have not yet heard of any charges of corruption being levelled against the members of the Subordinate Judiciary as opposed to the Magistracy. If today this high standard still continues, it is because of the high standard that the Subordinate Judiciary did have and the great tradition that it had to follow in the days gone by. I would, therefore, request the Government to take up the question of Subordinate Judiciary seriously, for unless you have a strong Judiciary, an independent Judiciary, a clever Judiciary

and a Judiciary which is able not only to understand the facts and the law but also to express itself in the way which law wants them to understand, democracy in this country will become a farce.

One more word, Sir, about the Health Department. I understand that the Health Minister is ill. I tried to ring her up; I could not get her. I found last night a remarkable thing in the city of Calcutta. I did not know that it really existed. If an expectant mother prior to the delivery suddenly becomes ill or is attacked with some infectious disease, there is no hospital in Calcutta which will take her. Sir, last night two men from my constituency came to me saying—here is a lady who was attempting to get admission into the Chittaranjan Seva Sadan and who was an expectant mother—she wants immediate help because she might deliver any minute—she had either chicken pox or small-pox—and she cannot get admission. For one hour I tried my best and I found that nowhere in Calcutta can an exceptant mother suffering from infectious disease be admitted. Calcutta is a place where we have infectious diseases quite often, but an expectant mother suffering from an infectious disease cannot be admitted into any hospital, and it was only for the kind help of Lt.-Col. Chatterjee whom I must praise in every possible way—at about 10 or 10-30 at night in spite of being ill he tried his best and got her admitted in the Infectious Diseases Hospital. Sir, I would request the Government to pay attention to this aspect of the matter and see if there can be a ward in some hospital for expectant mothers suffering from infectious diseases.

শ্রীকানাই পাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার ব্যয়ের নামে অপব্যয়ের স্রোত চালিয়ে যাচ্ছেন, চুরি ও দুর্নীতির স্রোত বইয়ে দিচ্ছেন, ব্যয়ের নামে এই অপব্যয়কে কিছুতেই সমর্থন করতে পারি না এবং এই দুর্নীতি যারা চালাচ্ছে তাদের পেছনে মস্তবড় স্তম্ভস্বরূপ রয়েছে, খদ্দরপরা এবং খদ্দরের টুপি মাথায় দেওয়া কংগ্রেসী বাবুরা আগে যে খদ্দর মিটিংএর পোশাক ছিল এখন সেটা চিটিংএর পোশাক হয়েছে। তাঁরা নিজেদের আত্মসমালোচনার চেষ্টা না করে যাঁরা তাঁদের সমালোচনা করছেন তাঁদের উপর কংগ্রেসীদের রুষ্ট হবার কোন কারণ নেই। ধর্মের নামে দেশে একদিন অধর্ম ও দুর্নীতির স্রোত অবাধে চলেছিল। ধর্মের নামাবলী গায়ে দিয়ে ধর্মের ভেক নিয়েই যখন সেটা অপকর্ম চলত। লেখক ও নাট্যকার যখন জনসাধারণের সামনে সেই সব চরিত্র, সেই সব বেশবাসের মাধ্যমে ফুটিয়ে তোলেন তখন এই সব কংগ্রেসী বাবুরাই বাহবা দিয়ে থাকেন, কিন্তু আজকে কংগ্রেসীরা খদ্দরের আড়াল থেকে যে দুর্নীতির স্রোত বইয়ে দিয়েছেন তার চেহারা যখন লেখক ও নাট্যকার ফুটিয়ে তুলছেন তখন কংগ্রেসীরা সেটা দেখে ভীষণ শিউরে উঠছেন. এটা ভাল আর এই দুর্নীতি ও গলদ দূর করার চেষ্টা না করে প্রচণ্ডভাবে দুর্নীতির স্রোতে গা ভাসিয়ে দিয়েছেন এবং সরকারের প্রতিটা অর্থ যারা অপব্যয় ও চুরি করছে কংগ্রেসীরা তাদেরই সমর্থন করছেন। এটা চলতে পারে না।

এই সঙ্গে আর একটা কথা বলছি। আমাদের ভূতপূর্ব বন্ধুই বলব, তিনি ইচ্ছাকৃতভাবে কংগ্রেস দল ছেড়ে বামপন্থী দলে চলে এসেছিলেন এবং এখনও তিনি বামপন্থীদের ব্লকেই বসে থাকেন। কিন্তু নিরপেক্ষতার ছদ্মবেশে তিনি আজ এই প্রসঙ্গে বামপন্থীদের ইলেকশন করপোরেশনের নির্বাচনের ব্যাপারেও যে হলোনেসের কথা বললেন তাতে মন্ত্রিত্ব থেকে বেরিয়ে আসার পর এখন আবার তিনি যে ভূমিকা নিয়েছেন, তাঁর এই চরিত্রও যদি কোন লেখক বা নাট্যকার তুলে ধরেন, তাহলে সে চরিত্র দেখে তাঁর নিজের পরমাত্মাই শিউরে উঠবে। আজকে আমাদের অধিকার আছে জনসাধারণের কাছে কংগ্রেসের সরকারের ও কংগ্রেসীদেরও প্রকৃত চরিত্র ফুটিয়ে তোলার দুর্নীতির চেহারাকে ফুটিয়ে তোলার। আজকে খতিয়ে দেখা দরকার যে, সরকারপক্ষ এই টাকা নিয়ে কি করছেন। আজকে পাকিস্তান বোমা মেরে, মর্টার দিয়ে, মেসিন-গান দিয়ে ভারতের লোককে মেরে ছারখার করছেন, সেখানে কেন সরকার পারছেননা দেশকে ওদেশের লোককে রক্ষা করতে?

সরকার প্রচুর অর্থ ব্যয় করছেন টি বি রোগীদের চিকিৎসার নামে। কিন্তু তাঁরা টি বি রোগীদের শয্যা সমস্যার সমাধান করতে না পেরে, সমস্যার চাপে দিশেহারা হয়ে মুমূর্ষু টি বি

রোগীকে মিথ্যা কেসএ জড়িয়ে দিচ্ছেন। সুতরাং তাদের এ ব্যয়ের হুকুম দিতে আমরা রাজী নই।

উম্বাস্তুদের সাহায্যের নামে যে টাকা ব্যয় হচ্ছে তার দ্বারা উদ্বাস্তুদের কতটুকু কল্যাণ হচ্ছে? আমি সেদিন বলেছিলাম উদ্বাস্তুদের একটা অংশ এদেশের সংখ্যালঘু সে সম্পর্কে তিনি আলোচনা পর্যন্ত করেন নি, বরং তাদের নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। তাদের উদ্বাস্তু বলে স্বীকার করা সত্ত্বেও, তাদের পুনর্বসতির নামে টাকা মঞ্জুরী করা সত্ত্বেও তাদের সমস্যার সমাধান করার কোন আন্তরিক প্রচেষ্টা সরকারের নেই। অথচ এই সরকার ঘটা করে বলে থাকেন যে, তাঁরা নাকি সংখ্যালঘুদের অত্যন্ত দরদী। তাঁরা যে কোন মুখে ধর্মের কথা প্রচার করেন সেটা পরিষ্কার হয়ে গেছে।

এই সংগে সংগে আমরা দেখছি যে, পুলিসকে শান্তিরক্ষার জন্য রাখা হয়েছে সে পুলিসই আমার বাড়ি যেসব কংগ্রেসী গুন্ডারা লুঠ করেছে তাদের বিরুদ্ধে কোন কিছু না করে. তাদের বাঁচানোর জন্যই উল্টে সিকিউরিটি অ্যাক্টে আমাকে গ্রেপ্তার করে মামলায় ঝুলিয়ে রেখেছে। ভারত বন্ধ দিবস উপলক্ষে মিটিং ও প্রচার করার জন্য আমাকে মাইক ব্যবহারের পারমিশন এস-ডি-ও দিয়েছিলেন কিন্তু যে সময় আমি সভা করি আমার সে মিটিং থেকে তারা মাইক এবং মেসিনারি নিয়ে গেল আমার ২ জন সহকর্মীকে মিথ্যা অভিযোগে ধরে নিয়ে গেল এবং সংগে সংগে মাইকম্যানকেও ধরে নিয়ে গেল। তাদের সকলের বিরুদ্ধে মামলা ঝুলিয়ে দিয়েছিল, কিন্তু পরবর্তিকালে সে এই মামলা দাঁড় করাতে না পেরে মামলা কেস তুলে নিয়ে আবার নূতন করে মামলা করবার অপচেষ্টা করছে। আমরা দেখেছি যে, আমাদের ঐ এলাকার ধনঞ্জয় চক্রবর্তী, সংখ্যালঘু সম্প্রদায়ের সর্বনাশ করেছে এবং পুলিস অফিসার এসে বলেছেন যে, ধনঞ্জয় চক্রবর্তীর বিরুদ্ধে গুন্ডামিতে নাম আছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6 p.m.]

শ্রীকমলকান্তি গুহ: মিঃ স্পীকার, স্যার, আজকে এই হাউসে যে খবর অপূর্ববাবু পরিবেশন করেছেন এবং সেই খবর সম্বন্ধে তরুণবাবু যে বক্তব্য এখানে রেখেছেন, তা শুনে আমি খুব স্তম্ভিত হয়ে গেছি। পৃথিবীতে সাহিত্যের উপর আক্রমণ ঘটেছে—স্বৈরাচারী সরকার অনেক দেশে অনেক সময় আক্রমণ করেছেন, কিন্তু আমাদের দেশে আজকে যে এইভাবে সাহিত্যের উপর আক্রমণ করতে পারে সেকথা আমরা চিন্তা করতে পারিনি। সাহিত্য সমাজ থেকে, মানুষ থেকে কখনই বিচ্ছিন্ন নয়। কিন্তু যুগের অবস্থা এবং সেই যুগের মানুষের সুখ-দুঃখ, আশা-আকাঙ্খার বাস্তব অবস্থা সাহিত্যে প্রতিফলন ঘটবে। আজকে "একক দশক শতক"কে নিয়ে কথা উঠেছে। সেখানে কি অবস্থা হয়েছে? সেখানে আমরা দেখছি যে একজন সমাজসেবী—যিনি স্বদেশী আমলে স্বদেশের সেবা করেছেন। কিন্তু বর্তমানে সমাজ সেবার নাম করে তিনি অনেক খারাপ ব্যবসা করছেন, উদ্বাস্তুদের ঠকাচ্ছেন। তার মুখোশটা খুলে দেবার না আজকে সেই নাটকে এবং সেই উপন্যাসে সেই চরিত্রকে তুলে ধরা হয়েছে। সেখানে ব্যক্তিগতভাবে কাউকে আক্রমণ করা হয় নি, ব্যক্তিগতভাবে কারোর উপর দোষারোপ করা হয়নি। সেখানে যুগের অবস্থা দেখান হয়েছে, মানুষকে ঠকাবার ছবি দেখান হয়েছে, সমাজের ছবি দেখান হয়েছে এবং তরুণবাবু মহাত্মা গান্ধীর ছবি দেখে বলেছিলেন যে আমরা অবাক হয়ে গিয়েছিলাম—মহাত্মা গান্ধীর ছবি তো আজকাল পানের দোকান, চোরাকারবারী থেকে আরম্ভ করে প্রত্যেকেরই বাড়ীতে থাকতে পারে, তার জন্য আমাদের বিস্মিত হবার কিছু নেই, দুঃখিত হবার কিছু নেই। কিন্তু আমরা সেখানে কি দেখেছি? সেখানে মহাত্মা গান্ধীকে অপমানিত করা হয়নি? মহাত্মা গান্ধীর সেই ছবি রেখে তাঁর সেই সুনাম—সেটুকু আজকে যারা এক্সপ্লয়েট করবার চেষ্টা চেষ্টা করেছে, তাদের মুখোশ খুলে দেবার চেষ্টা হয়েছে। স্যার, সেটা যদি অন্যায় হয় তাহলে আজকে ধরুন শরৎবাবুর "পল্লী-সমাজ" অভিনীত হবে। সেখানে বেণীর চরিত্র যখন স্টেজ-এ আনা হবে তখন একটি টিকি থাকবে, পৈতে থাকবে। তখন যদি সমস্ত ব্রাহ্মণরা ঝাঁপিয়ে পড়ে যে এটা পাপ এটা অন্যায়, তাহলে শরৎবাবুর বেণী কোথায় গিয়ে দাঁড়াবে! সেটা আপনাকে চিন্তা করতে হবে। শরৎবাবুর 'দত্তায়' রাসবিহারী চরিত্রে সমস্ত ব্রাহ্মণরা গিয়ে যদি ঝাঁপিয়ে

পড়ে যে না এইভাবে আমাদের অপমানিত করা হবে না। তাহলে শরৎবাবুর 'দত্তা' কোথায় গিয়ে দাঁড়াবে? স্যার, ঠিক সেই রকম আমরা দেখেছি তারাশঙ্করের উপর বাগদী সমাজ একদিন ক্ষেপে গিয়েছিল, তারা তাঁকে মারধোরও করেছিল, আমরা সেদিন সবাই তাদের নিন্দা করেছিলাম। কিন্তু আজকে এঁরা "একক দশক শতক" নিয়ে এত শিউরে উঠেছেন কেন? কারণ, এটি আমাদের বাংলাদেশের একটি ঐতিহাসিক উপন্যাস। স্বাধীনতা আন্দোলনের সুরু থেকে আজ পর্যন্ত কি অবস্থাটা দাঁড়িয়েছে শ্রী মিত্র তাঁর উপন্যাসে সেটা দেখাবার চেষ্টা করেছেন। এঁরা সেখানে ভয় পাচ্ছেন কেন? এঁদের চরিত্র আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে? একদিন ঐ স্টার থিয়েটার-এ 'পথের দাবী' অভিনয় হচ্ছিল। ইংরাজ কমিশনার সেদিন তাদের পুলিশ দিয়ে, তাদের ক্ষমতা দিয়ে সেই 'পথের দাবী' নাটকটিকে বন্ধ করে দিয়েছিল। আজকে আমরা দেখতে পাচ্ছি যে ঠিক তরুণবাবুও তাঁর সরকারের ক্ষমতা নিয়ে এই চরিত্রকে আজকে নষ্ট করে দেবার চেষ্টা করেছেন। স্যার, আমি বলি, আজকে এঁরা বলছেন যে মাথায় গান্ধী টুপি এবং গায়ে খদ্দর পরা রয়েছে বলে এঁদের আপত্তি হয়েছে। এঁদের আপত্তি -বুঝতাম যে এঁদের মনে লেগেছে এটাও যদি বুঝতাম যে এটা ঠিক কথা—কিন্তু আমরা দেখেছি এই বছরে বীজু পট্টনায়ক, বীরেন মিত্র গান্ধী টুপি পরে, খদ্দর পরে কিরকমভাবে সরকারী টাকা তছনছ করেছেন। এর পরেও এঁরা এটা বলবেন যে খদ্দর আর গান্ধী টুপি থাকলেই আমরা সহ্য করব না? কিন্তু স্যার, আমি একটি কথা বলতে চাই যে এঁদের এই কুৎসিত মনোভাব প্রকাশ পেয়েছে। সেই জন্য এঁরা নাট্য সংশোধনী বিল আনতে চেয়েছিলেন। কিন্তু বাংলাদেশের লোক প্রতিবাদ করার ফলে সেই নাট্য সাহিত্য বিল বিধানসভার মুখ দেখতে পায়নি, সেটা এঁদের দপ্তরেই রয়ে গেছে। আবার যদি আনেন তাহলে সেদিন চামড়া তুলে নেওয়া হবে।

শ্রীসুধীর দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের বাজেট বিতর্কের শেষ সময় আমি প্রথমে, অর্থমন্ত্রিমহাশয় কালকে, একেবারে দম্ভ করে বলেছিলেন যে আমাদের টাকা বরাদ্দ করা হচ্ছে, মঞ্জুর করা হচ্ছে আপনারা দেখুন, আপনাদের কাছে আমরা প্লেস করছি এবং খাদ্যের জন্য যে কত টাকা এনেছেন—কলকাতাতে রেশনিং করবার জন্য যে দম্ভ প্রকাশ করেছেন, আমি সেইটা তাঁকে জানাতে চাই। তিনি সমস্ত জেলায় কলকাতার মত রেশনিং চেয়েছিলেন এই জন্য যে দাম কমিয়ে দিতে পারবেন বলে। কিন্তু কি লক্ষ্য করছি, না, বর্তমান বাজেট পেশ হবার পর থেকে ধানের দাম ক্রমশঃ বেড়ে যাচ্ছে দ্রব্যমূল্য আরো বাড়তে আরম্ভ করেছে এবং ধীরে ধীরে সমস্ত জিনিসপত্রের দাম বাড়তির দিকে আরম্ভ হয়েছে। আমার পূর্ববর্তী বক্তা প্রকাশ করেছেন যে জলপাইগুড়ি জেলাতে মার্চ মাসে ৩০।৩২।৩৫ টাকা পর্যন্ত চালের দাম হয়েছে এবং ভাল ফসলের বছরে এটা হয়েছে। সুতরাং তিনি কলকাতাতে ফুল রেশনিং বরাদ্দ করে যে দম্ভ প্রকাশ করেছিলেন, তা সত্যিকার যে কতটুকু দেশব্যাপী কার্যকরী হতে পারে তার ফলন আমরা দেখতে পাচ্ছি না। কেন দেখতে পাচ্ছি না? কেন না মিস-য়্যাপ্রোপ্রিয়েসান হচ্ছে। চালের খবর শুনুন, ৫০ হাজার মণ চাল সমস্ত চালকলগুলি পাচার করে দিয়েছে বর্ধমানে। খবর কি রাখেন যে বর্ধমানের কংগ্রেস মিউনিসিপ্যাল কমিশনার ধনপতি দত্ত, তিনি একজন কংগ্রেস পক্ষের মস্তবড় স্তম্ভ। তাকে চাউলের ৩টি ব্যবসা করতে দেওয়া হয়েছিল। উনি একজন বড় কলের মালিক, তিনি পাইকার হয়েছিলেন, খুচরা বিক্রেতাও হয়েছিলেন। খুচরা যারা চাল বেচতো তাদের সর্বনাশ করে সমস্ত লাভ হরণ করেছিলেন সেই ধনপতি দত্ত। খবর রাখেন যে সব চালকে পাচার করে দিয়েছে এবং তিনি অতুল্য ঘোষের হাতে ১৫ হাজার টাকা দুর্গাপুরে কংগ্রেসে দিয়েছেন। তিনি ৮ কাঠা ব্যাপী একটি বিরাট মার্কেট করে অতুল্য ঘোষকে দিয়ে তার উদ্বোধন করিয়েছেন। তিনি এখন কোথায়? চোরাকারবারী এবং চাল পাচারের জন্য ধরা পড়েছেন এবং ১৫ হাজার টাকা দিয়েছেন বলে আবার তিনি মুক্তি পেতে পারেন কিনা জানিনা, তাকে মেদিনীপুর জেলে একজন প্রথম শ্রেণীর কয়েদী হিসাবে রাখা হয়েছে কিনা জানিনা। সেদিন দেখি যে তাকে পুলিশ ধরে নিয়ে প্রথম শ্রেণীর কামরাতে নিয়ে যাচ্ছে। আমি জিজ্ঞাসা করি কি ব্যাপার মহাশয়? তিনি বললেন আসামী, মহাশয় এবং পুলিশ অফিসার যে তার গলায় মালা দেয় নাই এইটুকুই বাকি ছিল। তার পরে আমি জিজ্ঞাসা করলাম যে কত মণ চালের চোরাকারবারী? পুলিশ বললেন যে ৫০ হাজার মণ চাল পাচার করে দিয়েছে। সুতরাং আমি জানি যে আপনারা মিল মালিকদের সঙ্গে আট-ঘাট বেঁধে, তাদের

কাছ থেকে টাকা নিচ্ছেন এবং তাকে চাল পাচার করবার সুযোগ দিচ্ছেন। পুলিশের সঙ্গে কিরকম ধরনের সুপারিশ করে সমস্ত পাচার করে দিচ্ছে এবং কদাচিৎ ২।১টি ধরা পড়ছে এবং ১৫ হাজার টাকা সেলামী নিয়ে তাকে ছেড়ে দেবার জন্য ব্যবস্থা করেছেন কংগ্রেস এবং তারপরে দেখবেন যে সব চাপা হয়ে যাবে।

[6—6-10 p.m.]

তারপর দেখতে পাচ্ছি আমাদের ভাল ফসলের বছরে—আমি এটা সতর্ক করে দিতে চাই যে এই অবস্থা চলেছে তাকে আপনারা কখনও আয়ত্তে আনতে পারবেন না এবং এই মূল্য বৃদ্ধিকে প্রতিরোধ করতে পারবেন না যতই আপনারা কলকাতায় রেসনিং প্রবর্তন করে দম্ভ প্রকাশ করুন। মিল মালিকরা ৫০ ভাগ লেভি করার নামে ফাঁকি দিয়ে সব বের করে দিচ্ছে এবং ইন্সপেক্টারদের ঘুষ দিয়ে যেখানে ২ হাজার মণ চাল হয় সেখানে ২ শত মণ চাল দেখাচ্ছেন এবং এইভাবে পুলিশকে ফাঁকি দিয়ে চোরাকারবার করছে। এগুলি বন্ধ করতে না পারলে আপনারা দুর্ভিক্ষকে কখনও প্রতিরোধ করতে পারবেন না। শুধু তাই নয় আমি বলতে চাই যে দলের জন্য তাঁরা কিভাবে টাকা খরচ করেছেন। কাঁথি সেবাসংঘ বলে একটা প্রতিষ্ঠানকে ৫৭৮৪০ টাকা দিয়েছেন, এটা প্রশ্নোত্তরে বলা হয়েছে ১৭ আগষ্ট ১৯৬৪ সালে উত্তর দিয়েছেন। এবং ৩২০০ টকা তাদের রিবেট দেওয়া হয়েছে সরষের তেলের জন্য এই বলে যে ৬৪ হাজার মণ সরষের তেল তারা বেচেছে অর্থাৎ মাসে ৫ হাজারের বেশী মণ তারা বেচেছে। কাঁথি মহকুমায় মাসে ৫ হাজার মণের বেশী তেল তারা বেচেছে এবং ৩২০০ টাকা রিবেট পেয়েছে এটা পাগল ছাড়া আর কেউ বলতে পারে না। আমরা জানি যে তাঁদের নিজেদের দলের জন্য সেই টাকা দিয়েছেন। কাজেই এই এ্যাপ্রোপ্রিয়েসনের ভার আমরা কখনই তাদের দিতে পারি না। তাঁরা দলের নাম করে টাকা চুরি করবার সুযোগ করে দেয়—তছরূপ করবার সুযোগ করে দেয়—তারপর তারা মৃৎশিল্পে ২৮২৬০ টাকা দিয়েছেন ইঁট এবং টাইলের জন্য। সেই ব্যবসা করার জন্য তাঁরা দান করেছেন ১০৭৬০ টাকা এবং ১৭ হাজার ৫ শত টাকা তারা ঋণ দিয়েছেন। অথচ তাদের হাজার টাকার বেশী মাল নেই—তাদের কোন রকম জিনিসপত্র নেই। আমরা দেখতে পাই মেদিনীপুরে কংগ্রেসের যিনি নেতৃস্থানীয় শ্রীরাসবিহারী পাল এবং শ্রীমতী আভা মাইতির সুপারিশেই এই সব অর্থ দান করা হয়েছে। আবার দেখবেন কাঁথি সেবা সঙ্ঘের একজন ডিরেক্টার ২০।২৫ হাজার টাকা দিয়ে ঘর করেছেন। আমরা দেখতে পাই ৫ বিঘা জমিও তার ছিল না। এই বিরাট টাকা নেবার পর এবং মৃৎশিল্পের টাকা হাতে যাবার পর তিনি বড়লোক হয়েছেন। আপনারা এ ব্যাপারে খোঁজ নিন—তদারকী কমিশন বসান—আমি চ্যালেঞ্জ করছি ২৫ হাজার টাকায় অট্টালিকা হয়ে গেছে। তারপর তালগুড়ের নামে ১০ হাজার টাকা দিয়েছেন—আমরা ত্রাণমন্ত্রীকে দেখতে পাই যে প্রতিরক্ষা তহবিলের টাকা—গহনার হিসাব তিনি দিতে পারেন নি। তার পর শিক্ষা প্রতিষ্ঠানের নামে ব্যবসা প্রতিষ্ঠান চলেছে। মেদিনীপুর জেলায় এ নিয়ে মামলা-মকর্দমা চলেছে। শুধু শিক্ষা প্রতিষ্ঠানে নয়—আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন—আমি তদারকী কমিশনের কাছে আমার বক্তব্য পেশ করতে পারি এই সমস্ত দলের নাম করে শ্রীমতী আভা মাইতি এবং রাসবিহারী পাল বিরাট গর্তের সৃষ্টি করেছেন এবং তাতে হাজার হাজার টাকা মেরে দিয়েছেন—তাই আমি দাবী করছি যে এই সমস্ত ব্যাপার তদন্ত করা হোক।

Personal explanation on the allegation made by Shri Apurbalal Majumdar

Shri Iswar Das Jalan: With your permission, Sir, I wish to give an explanation with regard to an allegation made by Shri Apurba Lal Majumdar. I am sorry I was not present at that time but I heard that a wild allegation has been made. (Shri Apurba Lal Majumdar: I will give the details.) I challenge you, it is a white lie. It is a white lie, and I could not expect any member of the House with the slightest sense of responsibility to make such utterances in this House. I can say with confidence that this is the most reckless, mischievous and most irresponsible allegation which has been made, and I challenge him to prove it, even an iota of it. Who is Shri Ashoke Kumar? He is a poor C.A. He has got nothing

to do with the file. The licences have been given to the three most important restaurants—Mocambo, Trinca and Moulin Rouge. These three licences were recommended by the Licensing Board in 1963 to be given to these restaurants. Thereafter, for some time it was kept in abeyance on account of certain objections raised in certain quarters. Thereafter, the Department of Tourism of the Government of India pressed upon the Government of West Bengal to give licences to these restaurants as well as to some other hotels in the intrest of tourism. Shri Raj Bahadur, the Minister for Tourism, personally saw the Chief Minister, and it is not my humble self who has given these licences; they were given by the Chief Ministerr himself and decided at the highest level. What has poor Ashoke Kumar got to do with this? He is a pure C.A. Is it within his competence to give the licences? A question was asked about it in the Council yesterday by Shri Jatin Chakravorty. It was said that Mr. J. L. Kundu, Additional Secretary, Excise, Mr. R. N. Chatterjee, Joint Secretary or Deputy Secretary, Excise, and then Ashoke Kumar were present; these three persons tried to give the licences. I do not understand the A, B, C, D of such utterance and I could not expect any member of this House, far less Shri Apurba Lal Majumdar, who is a lawyer practising in the Howrah Court, to make such a wild allegation. It is the grossest abuse of the process of the privilege of this House, and it is the first time in the history of this House that such an allegation has been made against my C.A.,—incidentally he meant it against myself. This is the grotesque abuse of the privilege and I challenge him to prove it. Such an utterance should never have been made in this House. He knows quite well that these three licences had been given to the best restaurants approved by the Licensing Board in 1963 when I was not a member of the Excise Department. (Dr. Kanai Lal Bhattacharya: আপনি এত চটে যাচ্ছেন কেন?) Dr. Bhattacharya, he should be ashamed that he has made such an utterance in this House. It is the grossest piece of abuse.

[6-10—6-20 p.m.]

Shri Saila Kumar Mukherjee: Sir, my task has been made very easier by the Opposition speeches, as I am not called upon to reply to any of these allegations. Firstly, I am reading our rules. What do the rules provide about the discussion on Appropriation Bill? Rule 218(4) says: " debate on an Appropriation Bill shall be restricted to matters of public importance or administrative policy implied in the grants covered by the Bill which have not already been raised while the relevant demand for grants were under consideration."

Then, Sir, I come to the ruling of the Speaker of the House of the People on this identical point about the scope of discussion on the Appropriation Bill. It was given as far back as 1952 by the late G. V. Mavalankar. On the 3rd July, 1952, the Speaker of the House of the People made the following observations in regard to the scope of discussion on the Appropriation Bill:

> "I would request further that Opposition Members, parties or grounds, who wish to raise any points in the Appropriation Bill will do well to give me advance intimation of the specific points which they want to raise, so that I may be able to see as to whether the points are covered by the previous discussions for the last eighteen or twenty days. The whole idea is that there should not be any repetition of the debate on the Demands for Grants. That will be tantamount to a waste of the time of the House. If there be any really new points which required any further elucidation or consideration, certainly I would consider them and then I shall be in a position to say as to what discussion and up to what time it should be permitted."

Sir, I believe none of the members have chosen to give any prior notice of what special new points they want to ask which they have not asked during the discussion. Sir, during this session through questions and supplementary questions, through the debate on Governor's Address, during 18 days' discussion of the budget and also by the statement of the Chief Minister, through half-an-hour discussion and Calling Attention Notices, there has been ad nauseam repetition of the identical points. Sir, all the subjects have been touched and properly replied. They referred to সরকারী দুর্নীতি। It has been discussed ad nauseum. During the Police Budget —during the discussion on Demand for Grants--points had been raised with regard to সরকারী কর্মচারীদের অসন্তোষ ও তাদের কতকগুলির বরখাস্ত সম্বন্ধে and you know, Sir, how many times all these things have been debated and how many times both the Chief Minister and myself have replied. They raised some points with regard to শিক্ষার কথা, মূল্যবৃদ্ধি ও দামের স্থিতিশীলতা। I have in the budget discussion replied that it is not a rich man's budget, but it is a poor man's budget. Sir, some of my friends have said about ধনীর স্বার্থরক্ষা, শ্রমনীতি, খাদ্যনীতি and lastly about the favourite subject, i.e., Durgapur. Sir, I do not know how many times this House has discussed about Durgapur and how many times extensive replies have been given. Sir, elaborate replies had been given previously. Jyoti Babu raised one specific point to which I wish to reply. I think people ought to know about that. Some five Unions of the Government Employees' Association, at about the end of December, saw me for discussion of their grievances. I requested them to give in writing about the specific points of their grievances for discussion. They were good enough to reply to me. They did not non-co-operate with me. I can assure them that Government employees are loyal. They are not disloyal. We rely on their loyalty. We have full confidence in them and we have full faith in them. They replied to me giving the specific points for discussion. I discussed with them for five days consecutively for three hours every day, and they were satisfied that at no previous time they had an opportunity of discussion in such details with the Government. After that one of their points certainly was about the dismissal of about 20 or 25 Government employees. I made enquiries—extensive enquiries that I promised them, and what did I find? I found that the cases were hanging from 1956—from Dr. Roy's time. Once Dr. Roy made an enquiry. On enquiry it was found that out of 2 lakhs 30 thousand Government employees the demand was confined to only 20 or 25 men—I don't remember the exact number. In 1957, Dr. Roy made enquiry and their cases were rejected on the ground that they were guilty of gross violation of Government Servants' Conduct Rules. Then, Sir, further enquiries were made and Jyoti Babu knows it very well. In 1957 charges were levelled before the Government of India against the entire West Bengal Government's administration. Categorical charges were made, and one of the charges was the wrongful dismissal of the Government employees for trade union activities. The specific charges were investigated by the Government of India. Now, Sir, after 1957, in 1964 this question has again been raised. But I have got all the papers about enquiries which will show that their cases of reinstatement cannot be justified, which has been holding ground for the last 7 years since 1957.

Now, Sir, there is no other point. But I was surprised when Shri Apurba Lal Majumdar raised a point. He is a past master in the art of mud slinging every year—it is an annual tamasha with him to accuse individual member—which he cannot dare to repeat outside the House. He made the wildest and most dirty allegation, unworthy of a member of the legislature, against an honourable member and a poor clerk. (Noise and interruptions). I challenge him to repeat it outside.

Sir, on the question of appropriation nobody has said anything. All the allegations which have been made relate to the budget spending of 1964-65. I am here with the budget spending of 1964-65 which the members of this House by overwhelming majority after 20 days' discussion have sanctioned. Have they cited a single question that in the year 1965-66 you should spend the amount in this way. You should see whether the amount which has been sanctioned has been correctly spent. But not a single word about that. All the allegations relates to 1964-65—previous year. Therefore, I am not called upon to reply. I do hope that my Appropriation Bill be passed.

The motion of Shri Saila Kumar Mukherjee that the West Bengal Appropriation Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Mr. Speaker: There is no amendment to clauses and the preamble.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule and the Preamble

The question that the Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker: Now I will take up West Bengal Appropriation (No. 2) Bill, 1965.

The motion of Shri Saila Kumar Mukherjee that the West Bengal Appropriation (No. 2) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Mr. Speaker: There is no amendment to clauses and the preamble.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule and the Preamble

The question that the Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-20 p.m. till 1 p.m. on Friday, the 5th March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday the 26th March, 1965, at 1 p.m.

Present

Mr. Dy. Speaker (Shri ASHUTOSH MALLICK) in the Chair, nine Ministers, four Ministers of State and 161 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Demand of bonus by the workers of Cinchona Plantations and Medicinal Plant Scheme

***372.** (Admitted question No. *185.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether it is a fact that the workers of Cinchona Plantations and Medicinal Plant Scheme in the district of Darjeeling have recently demanded bonus;

(b) if so, when was the demand made; and

(c) if the answer to (a) above be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state when the bonus prayed for will be paid and, if so, at what rate?

Shri Tarun Kanti Ghosh: (a) Yes.

(b) In September, 1964.

(c) The Government has rejected the prayer for bonus.

Shri Deo Prakash Rai: Will the Hon'ble Minister kindly state whether the demand was made by the workers themselves or through any union and if they did so through any union, what is the name of the union?

Shri Tarun Kanti Ghosh: That is not in the file, but I am told that the workers made a demand for bonus in 1964.

Shri Deo Prakash Rai: Whether the workers made the demand by themselves or they did so through some union and if they did so through some union, what is the name of the union?

Shri Tarun Kanti Ghosh: I do not know, it is not written here.

Shri Deo Prakash Rai: The Hon'ble Minister in his reply has said that the Government has rejected the demand for bonus without knowing the fact whether the workers made the demand themselves or through some union.

Shri Tarun Kanti Ghosh: I said that the Government rejected the demand because there was no profit in the plantation. That is all that I can tell you.

Shri Deo Prakash Rai: The Hon'ble Minister said that Government rejected the demand on the ground of losing concern. Is the Hon'ble Minister aware of the fact that the Bonus Commission has recommended bonus to the workers of public undertakings whether they are losing concerns or profit-making concerns?

Shri Tarun Kanti Ghosh: I am afraid Shri Deo Prakash Rai is wrong. They did not recommend any bonus to any departmentally run concern.

Shri A. H. Besterwitch: Does the Cinchona Plantation come under the definition of Plantation?

Shri Tarun Kanti Ghosh: You have yourself answered the question.

Shri A. H. Besterwitch: The Bonus Commission has recommended bonus for the plantation workers. If the Cinchona Plantation comes under the plantation workers, why did the Government reject the bonus demand of the workers of Cinchona Plantation?

Shri Tarun Kanti Ghosh: First of all, Cinchona Plantation is departmentally run industrial undertaking and in the reference to the Bonus Commission they did not include departmentally run concern. So the Bonus Commission does not apply to this particular thing.

Shri A. H. Besterwitch: Unfortunately, the Minister is not aware of it, and the Department has not given proper notes on this. Every plantation, whether it is in the public sector or in the private sector, comes under the definition of plantation. The Bonus Commission has recommended bonus for plantation workers in India, irrespective of whether it is coffee, tea or cinchona. This is purely a plantation. That is why I want to know, why was this demand for bonus rejected.

Shri Tarun Kanti Ghosh: You may put this question to the Labour Minister, Mr. Nahar.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister said that the demand for bonus was rejected. Under what grounds was it rejected?

Shri Tarun Kanti Ghosh: I have already replied to that. It is due to loss.

Shri A. H. Besterwitch: If it is loss, how is it that the Cinchona Plantation is functioning up till now?

Shri Tarun Kanti Ghosh: We thought it was necessary for the welfare of the community that we should continue the plantation; so we continued it even though we were making a loss.

Shri A. H. Besterwitch: What is the quantum of the loss?

Shri Tarun Kanti Ghosh: The loss last year unfortunately was very heavy due to certain facts which were beyond our control. Last year, the total expenditure was Rs. 23 lakhs and the total receipt was Rs. 7,87,000. Obviously, this does not show the true picture of the working of the plantation because in the previous year the expenditure was Rs. 20 lakhs and the receipt was Rs. 16 lakhs. What happened is this. I am answering in detail so that there may not be any misunderstanding about the running of this Cinchona plantation. Last year, the Commission Agent who sell our product demanded 12 per cent. commission instead of 6¼ per cent. We could not agree to it. So, we had to find another Agent, and we had to

sell it through Government agencies departmentally. We could not sell more than this amount. But then we had to find another Selling Agent, and in 1964-65 the sale has been very good; it is more than Rs. 30 lakhs.

Shri Lakshmi Ranjan Josse: This question covers Cinchona Plantations and Medicinal Plant Scheme. We understand that the Medicinal Plant Scheme is making a profit. Is that true?

Shri Tarun Kanti Ghosh: We take it as a whole. One particular section of it may make a profit of 5 or 6 thousand rupees, but we cannot take it like that. The entire working of the plantation has to be considered, and I have given you the result of that.

Shri Lakshmi Ranjan Josse: It is a separate plantation, known as Rongo Medicinal Plantation.

Shri Tarun Kanti Ghosh: It is not possible for me to really remember all these details. If you want it, I can let you know afterwards.

Shri Deo Prakash Rai: To that effect I have a question which will come up in the future. It has been admitted already. Now, I want to know, will the Hon'ble Minister kindly tell us whether he accepts the principle of the recommendation of the Bonus Commission wherein it says that a minimum bonus will be paid to the workers of even losing concerns. Does he accept the principles of the Bonus Commsision recommendation?

Shri Tarun Kanti Ghosh: Does it arise out of this question? I refer it to the Deputy Speaker.

Shri Sailendra Nath Adhikary:

স্যার উনি বসে বসে বলছেন। এটা কি ঠিক ?

Shri Tarun Kanti Ghosh: I am sorry.

Shri Deo Prakash Rai: So far as I am concerned, I don't mind because he is senior to me. My supplementary question was and is this: whether the Hon'ble Minister accepts the principle of the recommendations of the Bonus Commission wherein it is laid down that a minimum bonus will be paid to the workers even of a losing concern. Would he accept that principle?

[1-10—1-20 p.m.]

Sir, as the Hon'ble Minister says that Government has rejected the prayer of the workers for bonus on the ground that the concern run by the Government is a losing concern, my supplementary question is whether he accepts the principle of the recommendation of the Bonus Commission that the workers should be paid a minimum bonus irrespective of loss or gain?

Shri Tarun Kanti Ghosh: This question should have been answered by the Labour Minister because he is in charge of the Labour Department whereas I am not, but as the honourable member has asked this question to me, I would like to say that the Government of West Bengal accept the recommendations of the Bonus Commission, as accepted by the Government of India.

Shri Deo Prakash Rai: If the Central Government accept the final recommendation of the Bonus Commission that the workers should be paid a minimum bonus, irrespective of loss or gain, will the Government of West Bengal pay bonus to the workers of the Cinchona Plantations?

Mr. Deputy Speaker: That question does not arise.

শ্রীনিখিল দাস: কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট এই সিংকোনা প্ল্যানেটেশন সম্পর্কে তাদের যে বোনাস-এর দাবী তার মালিকের লেবার ডিপার্টমেন্ট এটা দেন না। বোনাস সব সময় মালিকেরাই দেয়। গভর্নমেন্ট আন্ডারটেকিং কোন কিছুতেও লেবার ডিপার্টমেন্ট এটা দেয় না, বোনাস ঠিকমত দেওয়া হচ্ছে কিনা লেবার ডিপার্টমেন্ট সেটাই দেখে। আমার পরিষ্কার প্রশ্ন হচ্ছে যে, গভর্নমেন্ট আন্ডারটেকিং হওয়ায় সিংকোনা প্ল্যানটেশন-এর ওয়ার্কার্সরা বোনাস পাচ্ছে না। তারা বলেছেন যে, গভর্নমেন্ট আন্ডারটেকিং এটা হচ্ছে না। মিঃ বেস্টার উইচ যে কথা বলেছিলেন যে, অন্যান্য প্রাইভেট কনসার্ন যখন দিচ্ছে তখন গভর্নমেন্ট দেবেন না কেন?

মিঃ ডেপুটি স্পীকার: এর উত্তর আগেই দেওয়া হয়েছে।

শ্রীনিখিল দাস: কেউ বোনাস-এর কেস করলে গভর্নমেন্ট সে ব্যাপারে কি করবে? গভর্নমেন্ট এমপ্লয়িজ যারা সিংকোনা প্ল্যান্টেশন-এ কাজ করে তারা বোনাস পাবে কিনা অন্যান্য জায়গায় এইসমস্ত প্ল্যান্টেশন-এর ক্ষেত্রে এই সিংকোনার ব্যাপারে যে প্রাইভেট যেসমস্ত কনসার্ন আছে তারা বোনাস দিচ্ছে সুতরাং গভর্নমেন্ট দেবে না কেন?

শ্রীতরুণকান্তি ঘোষ: আমি এর উত্তর আগেই দিয়েছি যেহেতু লাভ হয় নি সেহেতু দেওয়া হচ্ছে না।

শ্রীনিখিল দাস: লস হল কেন এবং বোনাস কমিশন বোনাস-এর ব্যাপারে কি বলেন সে সম্বন্ধে জানতে চাই?

শ্রীতরুণকান্তি ঘোষ: বোনাস কমিশন-এর ব্যাপারে আপনি যেটা বলছেন এটা এখনও পার্লিয়ামেন্ট-এ পাস হয় নি।

শ্রীনিখিল দাস: এবার যে বোনাস কেস করলে সরকার ডিসাইড করেছেন এবং তার ঐ রেকমেন্ডেশন হয়ে গেছে, কিন্তু যদিও আইন হয় নি সেটা রেকমেন্ডেশন-এর বেসিসে হয়েছে। সুতরাং এই যে বোনাস ডিসপিউট যেটা রেকমেন্ডেশন হয়েছে সেখানে আমার স্ট্রেইট প্রশ্ন ছিল যে, বোনাস কমিশন এইসব গভর্নমেন্ট আন্ডার টেকিং হিসেবে গভর্নমেন্ট এমপ্লয়ার হয়ে এই বোনাস দেবার যে কথা সেই প্রিন্সিপ্যালটা অ্যাকসেপ্ট করেন কিনা?

মিঃ ডেপুটি স্পীকার: এটা থেকে ঐ প্রশ্ন আসে না, আপনি নোটিশ দিন। ফ্রেস প্রশ্ন করুন।

শ্রীসনৎকুমার রাহা: আপনি জানালেন যে, বিয়ন্ড কন্ট্রোল থাকার জন্য এটা হয়েছে এবং আপনি একথা বললেন এজেন্সী-এর মারফত এটা করার জন্য লস হয়েছে, আমার কথা হচ্ছে যে লসটা কেন এত বেশী হল সেটা অনুসন্ধান করেছেন কিনা এবং এই লস-এর সংগে দুর্নীতি ইনভলভড ছিল কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষ: আপনি বলেছিলেন গভর্নমেন্ট-এর সেলিং এজেন্ট সোয়া ছয় পার্সেন্ট কমিশন পেতেন, তারা জানালেন তারা ১২ পার্সেন্ট না পেলে তারা কাজ করতে পারবেন না এবং এর ফলে অনেক দেরী হয়ে যায় এবং এর জন্য বিক্রি অনেক এফেকটেড হয়ে যায়, তারপর নূতন এজেন্ট নেগোসিয়েশন-এর ফলে ঠিক হয় এবং তারা ঐ পুরান রেট অর্থাৎ সোয়া ছয় পার্সেন্ট কমিশন-এ বিক্রি করতে রাজি হয় এবং তারা ঐ যে পুরানো স্টক ছিল তাও বিক্রি করতে রাজী হয়, এর ফলে এটা দেরী হয়।

Shri A. H. Besterwitch: Sir, you were kind enough to enquire what is the principle of the bonuses. In a tripartite agreement it was agreed that even concerns which were losing have got to pay a minimum bonus. That will be passed very shortly by the Central Government. That is the principle. In the tripartite conference the labour, the industrialists and the Government side arrived at the formula according to which the plantation managements are paying the bonus. So because it belongs to the Government and it is a Government undertaking, that is no reason why Govern-

ment should not pay at least the minimum bonus. My supplementary question is, what is the number of workers working in the cinchona plantations?

Shri Tarun Kanti Ghosh: The number is 2,722 workers working in these plantations.

Shri A. H. Besterwitch: What is the acreage of the cinchona plantations?

Shri Tarun Kanti Ghosh: I want notice. It is not possible for me to remember everything.

শ্রীভদ্রবাহাদুর হামাল: আপনি জানেন কি যে এই লেবার কনফারেন্স-এর যে রিপোর্ট এই প্ল্যান্টেশন লেবার-এর ব্যাপারে ওয়ার্কারদের বোনাস-এর জন্য সেটা কি অবস্থায় আছে এবং আপনি জানেন কি যে সেখানে বোনাস দেবার নীতি ঠিক হয়েছিল?

Shri Tarun Kanti Ghosh: May I request my friend to put all these questions to the Labour Minister? It is not possible for me to answer them.

শ্রীভদ্রবাহাদুর হামাল: আপনি জানেন কি না জানি না ঐ সিঙ্কোনা মেডিসিনালপ্লান্ট-এর সম্বন্ধে যে বাগিচা আছে সেটা প্ল্যান্টেশন লেবার অ্যাক্ট-এর মধ্যে পড়ে।

Shri Tarun Kanti Ghosh: I do not understand how all these questions arise.

শ্রীভদ্রবাহাদুর হামাল: আমার কথা হচ্ছে এটা এর সংগে জড়িত। প্ল্যান্টেশন লেবার-এর আওতার মধ্যে আছে সেটা জানেন কিনা?

Shri Tarun Kanti Ghosh: If you know it, why do you ask the question.

Shri Deo Prakash Rai: In reply to (c), the Hon'ble Minister has said that they have rejected the prayer of the workers for bonus. My question is, whether they have informed the workers or the Union of their decision and, if so, when, because the demand was first made in September, 1964.

Shri Tarun Kanti Ghosh: The Labour Minister can answer these questions.

শ্রীবিজয় সিংহ নাহার: বোনাস কমিশনের যে ব্যাপার হয়েছে তাতে সরকারী যেগুলি রয়েছে সেগুলি এর মধ্যে আসে না, তবে আমরা লেবার ডিপার্টমেন্ট থেকে পশ্চিমবংগে যতগুলি এইরকম সংস্থা আছে ইন্ডাস্ট্রিজের আন্ডারে তাদের আমরা অনুরোধ করেছি যে আপনারা পরীক্ষা করে দেখুন কিছুটা বোনাস কিভাবে দেওয়া যায়, কারণ সব জায়গায় দিচ্ছে। সরকার যদি না দেন সেটা ঠিক হবে না। এখন এটা পরীক্ষাধীন আছে।

শ্রীমনোরঞ্জন রায়: বোনাস কমিশনের কোন ধারা অনুযায়ী আপনি বলছেন যে সিঙ্কোনাতে বোনাস দেওয়া যাবে না।

শ্রীবিজয় সিংহ নাহার: এটা ডিপার্টমেন্টাল ব্যাপার।

Complaint against the Honorary Secretary, Howrah T. B. Hospital

***373.** (Admitted question No. *1875.) **Dr. Kanailal Bhattacharyya:** (a) Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state whether the Registrar of Societies had received in July, 1964, a complaint of violation of rules of the Registered Societies Act by the Honorary Secretary of the Howrah Tuberculosis Hospital?

(b) If the answer to (a) be in the affirmative—

(1) whether any enquiry has been made in this respect; and

(2) if so, what is the result of the enquiry?

[1-20—1-30 p.m.]

Shri Tarun Kanti Ghosh: (a) Yes.

(b)(1) As a suit had been already filed by a member of the Society questioning the validity of the continuation of the office-bearers in office, the Registrar could not make any enquiry.

শ্রীশম্ভুচরণ ঘোষ: আপনি যে প্রথম প্রশ্নের উত্তরে ইয়েস বললেন, এখানে রুলস অফ সোসাইটিস রেজিস্ট্রেশন অ্যাক্ট-এর কি কি ভায়োলেসন হয়েছিল সেগুলি একটু বলবেন?

শ্রীতরুণকান্তি ঘোষ: ১৪, ১৫, ১৭ এগুলি ভায়োলেট করবার কথা তিনি জানিয়েছিলেন।

শ্রীশম্ভুচরণ ঘোষ: কোন্ কোন্ রুলসগুলি ভায়োলেশন হয়েছে সেগুলি একটু বিশদভাবে বলবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

শ্রীতরুণকান্তি ঘোষ: সেখানে যে রেজিস্ট্রার সেটা প্রপারলি মেন্টেন করা হয় নি, এটা তিনি বলেছিলেন।

That comes under the provision of section 14 of the Societies Registration Act.

আর ওঁরা ঠিক সময় অডিট করেন নি, বুক অফ অ্যাকাউন্টস প্লেস করতে পারেন নি, এইসমস্ত জিনিসগুলি তিনি জানিয়েছিলেন—এটা হচ্ছে সেকশন ১৫ অফ দি অ্যাক্ট-এর মধ্যে পড়ে—আর The Secretary is also said to be guilty of the provisions of section 17 of the Act for not filing the annual and other returns.

এই চার্জগুলি তাদের বিরুদ্ধে পাওয়া গিয়াছিল।

শ্রীআবু আশাদ মহম্মদ ওবাইদুল গণি: আপনি বললেন যে সোসাইটির সেক্রেটারী কেস করেছিল, এই কেসটা কবে ইনস্টিটিউটেড হয়েছে।

শ্রীতরুণকান্তি ঘোষ: সেক্রেটারী করেন নি, একজন মেম্বার অলরেডি সোসাইটির বিরুদ্ধে কেস করেছে। তিনি যে চিঠি লিখেছিলেন তাতেই লিখেছিলেন কেস করেছেন। ল্যাঙ্গোয়েজ যেটা আছে সেটা আমি বলছি

Title suit is said to have been filed praying for a declaration that the Constitution of the existing Governing Body is illegal.

ডাঃ আবু আশাদ মহম্মদ ওবাইদুল গণি: আমি জানতে চাই এই কেস ইনস্টিটিউটেড হবার আগে কোন এনকোয়ারী হয়েছিল কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষ: কেস হবার আগে তো কোন কমপ্লেন পাওয়া যায় নি। কমপ্লেন যিনি করেছিলেন তার মধ্যে তিনি এই ল্যাঙ্গোয়েজটা ইয়ুজ করেছিলেন যে অলরেডি স্যুট ফাইল হয়ে গেছে, তবে আমি আপনাকে জানাতে পারি যে সেখানে কোর্ট থেকে রিসিভার বসানো হয়ে গেছে।

Cobblers of Mayna police-station

***374.** (Admitted question No. *2103.)

শ্রীজনার্দনমোহন দাস: আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানায় কত জন চর্মকার আছে;

(খ) ঐ সকল চর্মকারদের সরকার হইতে সাহায্য দেওয়া হয় কিনা; এবং

(গ) সাহায্য দেওয়া হইলে গত বৎসর সরকার হইতে কিরূপ পরিমাণ সাহায্য করা হইয়াছে?

Shri Tenzing Wangdi:

(ক) ৩৯ জন।

(খ) সরকারের সাধারণ কার্যসূচী ও তফসিলীদের জন্য বিশেষ কার্যসূচীর সুযোগ-সুবিধা ইহারা পাইবার অধিকারী।

(গ) গত বৎসর ২ জন চর্মকার বি, ডি, ও, ময়নার নিকট হইতে ১০০ টাকা হিসাবে ঋণ লইয়াছেন। অপর চর্মকারগণ ঋণ লন নাই।

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি কি জানেন যে চর্মকারদের কোন জমি জায়গা নেই? তারা জুতা তৈরী করে, জুতা সারায় এবং তাদের মধ্যে দু-একজন বাঁকুড়া ট্রেনিং স্কুল থেকে পাশ করে এসেছে, তারা দরখাস্ত করছে গভর্নমেন্টের কাছে বারে বারে যে কো-অপারেটিভ সোসাইটির মত করবো—আমাদের লোন দেওয়া সাহায্য দেওয়া হোক। এ সম্বন্ধে কিছু করছেন না কেন?

Shri Tenzing Wangdi: Sir, the question concerns last year's activities. Unfortunately, last year the grant under this head was discontinued because of emergency.

শ্রীআবদুল বারি মোক্তার: এই যে চর্মকারগোষ্ঠী সাধারণভাবে দেখতে পাওয়া যায় যে তারা জুতার কাজ করে এবং কতকগুলি ধামাটামা ইত্যাদি বাঁধে, এদের এইসমস্ত কাজে কো-অপারেটিভ বেসিসে সাহায্য দিয়ে এদের সামগ্রিক উন্নতি করার কথা মন্ত্রিমহাশয় চিন্তা করছেন কিনা?

Shri Tenzing Wangdi: Sir, we had given serious consideraton to this aspect of the problem and as such grants were provided for those classes of people duirng the Third Plan period. But unfortunately, due to emergency, no provision was made under this head during last year. This year we have set apart the sum of rupees two lakhs to be given as financial assistance to Scheduled Caste artisans in selected trades and during the next year also we have made necessary provisions.

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি আপনার দলের লোক পাঠিয়ে যাতে সেখানে কো-অপারেটিভ সোসাইটি গ্রো করে এবং তাদের সাহায্য দেওয়া হয় তার জন্য যখন বাজেটে প্রোভাইড করেছেন তখন এইরকম ব্যবস্থা করবেন কি?

Will you send one of your officers to that place and see that a Co-operative Society is formed and proper help given by the Government?

Shri Tenzing Wangdi: As far as the subdivision of Midnapore is concerned, in order to overcome these difficulties and in order to give wide publicity to the different schemes we have got a Subdivisional Officer under our Department whose function is to give necessary publicity to all these things.

ডাঃ নারায়ণচন্দ্র রায়: আমার সাপ্লিমেন্টারিতে হয়তো আপনার কথা ক্লিয়ার হবে, আপনি ২ লক্ষ না কত টাকা বললেন, এটা কি অল ইন্ডিয়া ফিগার দিলেন, সিডিউল কাস্টদের মধ্যে পার হেড আধ পয়সা। এই এলাকা ময়না থানার চর্মকাররা যে টাকা পাবেন অল ইন্ডিয়া বেসিসে ২ লক্ষ টাকা দিলে হাফ প্রাইস পার হেড পড়েছে।

Shri Tenzing Wangdi: The honourable member has misunderstood me. The sum of Rs. 2 lakhs has been set apart for the State as a whole and not on all-India basis.

Dr. Narayan Chandra Roy: The question was about Moyna thana Charmakars. In reply to my question you say that a sum of Rs. 2 lakhs has been set apart. Do you say that the Moyna Thana Charmakar will get 2 lakhs? If so, on what ground you are giving the cobblers—I don't know whether you are aware that 'Charmakar' does not mean 'Charma Silpi'—how much you are giving, how you are forming co-operatives, how much deposit you are making and how much mortgage you are taking from them?

[1-30—1-40 p.m.]

Shri Tenzing Wangdi: This sum of two lakhs has been set apart to be given to the Scheduled Castes artisans individually and not through any co-operative.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Is this sum of two lakhs to be spent for the Scheduled Castes people of the State?

Shri Tenzing Wangdi: This sum of two lakhs has been set apart to be spent among Scheduled Castes people of the State.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be kind enough to state as to what amount has been spent for Moyna police-station.

Shri Tenzing Wangdi: I want notice. I have already answered that for the period 1964-65 there was no budget provision under this head.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Has he made any survey of the earned income of the cobblers of Moyna police-station?

Shri Tenzing Wangdi: I want notice.

Supply of glass tubes for the manufacture of ampules

***375.** (Admitted question No. *2130.)

শ্রীগোপাল ব্যানার্জী: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁচের নলের যথোপযুক্ত সরবরাহের অভাবে অ্যাম্পুল তৈরীর কারখানার শ্রমিকরা অধিকাংশ দিনই বেকার থাকিতেছেন; এবং

(খ) অবগত থাকিলে এই সমস্যা সমাধানের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রীতরুণকান্তি ঘোষ: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীগোপাল ব্যানার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তাঁরা জানেন না এইরকম কিছু অভাব আছে কিনা। আমার প্রশ্ন হচ্ছে কোনটা জানেন না—অভাব আছে সেটা জানেন না, না, শ্রমিকরা বেকার থাকছে সেটা জানেন না?

শ্রীতরুণকান্তি ঘোষ: আপনি বলেছেন কাঁচের নলের যথোপযুক্ত সরবরাহের অভাবের জন্য শ্রমিকরা বেকার থাকিতেছেন। তার উত্তরে বলেছি কাঁচের নল সরবরাহের কোন অভাব নাই।

শ্রীগোপাল ব্যানার্জী: পশ্চিমবঙ্গে কাঁচের নল তৈরি করবার জন্য, অ্যাম্পুল তৈরি করবার জন্য কয়টা কারখানা আছে?

শ্রীতরুণকান্তি ঘোষ: প্রথমে যারা নলটা তৈরি করে তার জন্য একটামাত্র কারখানা আছে। আপনারা নিশ্চয়ই জানেন কোন্নগরে একটা কারখানা আছে, তারা অ্যামপুল তৈরি করার জন্য যে কর্কটা সেটা তৈরি করে, আর তার থেকে অ্যামপুল তৈরি করবার জন্য ৭টি কারখানা আছে।

শ্রীগোপাল ব্যানার্জী: এই যে কোন্নগরে একটা কারখানা আছে, এ ছাড়া অন্য কোন কারখানায় কাঁচের নল তৈরি হয় না পশ্চিমবঙ্গে?

শ্রীতরুণকান্তি ঘোষ: পশ্চিমবঙ্গে আগে একটা কারখানায় তৈরি হত, এখন সেখানে তৈরি হচ্ছে না। এখন এই একটি কারখানায় আমাদের কাঁচের নল তৈরি হয়।

শ্রীগোপাল ব্যানার্জি: এর আগে যে কারখানায় তৈরি হত সেটার নাম কি জানেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এখন যখন তৈরি হয় না, তখন আমি জিজ্ঞাসা করিনি, সেজন্য আমি জানি না।

শ্রীগোপাল ব্যানার্জীঃ গত বছর এই কারখানাতে এবং যে কারখানায় আগে হত এটা মিলে প্রোডাকশান কত হয়েছিল কাঁচের টিউবের?

শ্রীতরুণকান্তি ঘোষঃ কাঁচের টিউব কত তৈরি হয় যদি বলেন তাহলে বলব প্রায় সাড়ে পাঁচ হাজার হতে ছয় হাজার কিলোগ্রাম।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ এই যে ৭টি ছোট ছোট কারখানা অ্যামপুল তৈরি করে তাদের কত কাঁচের নল দরকার হয়?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এরা তৈরি করে কাঁচের নলটাকে। আর অ্যামপুল যারা তৈরি করে—এক দিক বন্ধ করে করে এরা, এখান থেকে নিয়ে কলকাতা শহরে যেটা বিক্রি করে সেটা আপনাদের কাছে বলতে পারি। অ্যামপুল তৈরি করবার জন্য প্রয়োজনীয় কাঁচের নল কোন্নগরে যে কারখানাকে সরবরাহ করা হয় এই কারখানায় গত অক্টোবর মাসের শেষ থেকে ধর্মঘট হওয়ার ফলে ২-৩ সপ্তাহ উৎপাদন ব্যাহত হয়। এর পর থেকে উক্ত কারখানায় কাজ চালু আছে এবং সরবরাহ নিয়মিত হচ্ছে। শ্রমিক সংস্থা থেকে দৈনিক উৎপাদন ৬-৭ হাজার কিলোগ্রাম থেকে বর্তমানে ৫ হাজার হতে ৬ হাজার কিলোগ্রাম দাঁড়িয়েছে।

In spite of persistent labour trouble production of natural glass tubes at the Konnagar factory has gone down only marginally .Out of the total production of this factory 116 thousand Kg. approximately used to be sold in this area every month. On account of the drop in production towards the end of last year there has been panicky buying by the ampule manufacturers who are trying to build up stocks in apprehension of shortage. It is understood that currently the Konnagar factory is supplying 150 to 160 thousand Kg., i.e., 150 to 160 tons to the Calcutta market every month.

(কলকাতার বাইরে যেটা বিক্রি করতো, সেটা যখন এখানে বিক্রি হয়ে যাচ্ছে, তার মানে এখানে অভাব নাই)

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আপনি কি এটা জানেন তাঁরা রিকুইজিশন মত সব পান না, যা নূতন অর্ডার পান, তা তাঁরা মিট করতে পারেন না।

Shri Tarun Kanti Ghosh:

তা হবার কোন কারণ নাই। যে কাঁচের নল ১১৬ টন মাসে মাসে বিক্রি হতো কলকাতা শহরে, সেখানে হচ্ছে ১৫০-৬০ টন। সুতরাং অভাব হবার কোন কারণ নাই।

Shri Gopal Banerjee:

অ্যাম্পুল তৈরীর ৭টা কারখানা নয়—কলকাতা শহরে কয়েকশো কারখানা আছে—ছোট বড় মিলে। এছাড়া সমবায় নীতি, অ্যামপুলের ছোট ছোট বহু কারখানা গড়ে উঠেছে, সমস্যা তাদেরকে নিয়ে, ৭টা কারখানা নিয়ে সমস্যা নয়। ছোট ছোট কারখানা যা সমবায় নীতিতে গড়ে উঠেছে, তারা কি রিক্যুইজিট এ্যামাউন্ট সরবরাহ পচ্ছে?

Shri Tarun Kanti Ghosh:

১১৬ টনের জায়গায় এখন ১৫০।৬০ টন এখানে বিক্রি হচ্ছে, তখন আর অভাব হওয়ার কোন কারণ থাকতে পারে না। কম উৎপাদনের ফলে প্যানিক বায়িং হয়েছিল—গতবার লাস্ট ইয়ার য়েন্ড, কাজেই যদি অভাব হয় লেট দেম রাইট টু মি, আই উইল এনকোয়ার।

Shri Gopal Banerjee:

৭টি বড় বড় কারখানা, তারা যদি স্টক করে, তাহলে এই ছোট ছোট কারখানা যাবে কোথায়? আপনার কাছে তো অলরেডি তারা এ সম্বন্ধে লিখেছে।

Shri Tarun Kanti Ghosh:

আমি তো ফিগার দিয়ে দিলাম। আপনারা লিখেছেন কম পড়ছে।

Shri Kanai Pal:

মন্ত্রিমহাশয় কি জানেন এই শত শত কারখানা ছাড়াও কলকাতার আসেপাশে, কাঁচড়াপাড়া, চাকদা প্রভৃতি অঞ্চলে রিফ্যুইজি এলাকায় হাজার হাজার মেয়েরা ঘরে বসে অ্যামপ্যুল তৈরী করে এবং এই নলের অভাবে তাদের [illegible] বন্ধ হয়ে গেছে?

Shri Tarun Kanti Ghosh:

একথা ঠিক নয়—দ্যাট ইজ নট কারেক্ট।

Shri Gopal Banerjee:

ঐসব পরিবারের মেয়েরা ঘরে বসে কাঁচের নল থেকে অ্যামপ্যুল তৈরী করে কলকাতায় সাপ্লাই করে। কিন্তু এই নলের অভাবে তারা তা সাপ্লাই করতে পারছেন না। এটা আমরা জানি, এ ঘটনা কি আপনার জানা আছে?

Mr. Deputy Speaker:

আপনারা যখন জানেন, তখন আবার প্রশ্ন করছেন কেন?

Shri Kanai Pal:

শত শত উদ্বাস্তু পরিবারের মেয়েরা নিজেদের চেষ্টায় এই অ্যামপ্যুল তৈরী করে যাচ্ছিল, আর আজ কাঁচের নলের অভাবে শত শত রিফিউজি পরিবার আজ বেকার—এ খবর উনি রাখেন কিনা?

(নো রিপ্লাই)

Shri Gopal Banerjee:

এই ৭টা কারখানা কি ধরনের কারখানা? তারা কি রেজিস্টার্ড আন্ডার ফ্যাক্টরী অ্যাক্ট?

Shri Tarun Kanti Ghosh:

নিশ্চয়ই, আমি এই ৭টি কারখানার নাম আগেই বলেছি।
automatic machine made ampule manufacturers
তাদের কথা বলেছিলাম,

Besides there are some 25 to 30 major hand-made ampule manufacturers and a large number of cottage units scattered throughout Calcutta, Howrah, and 24-Parganas.

এরা হাত তৈরী করেন। শত শত নয়, কাজেই অবগতির জন্য আর একবার পড়ে, শোনাচ্ছি, আমার কাছে যে নোট আছে।

Out of the total production of these factories 116 thousand tons approximately used to be sold in this area every month. It is understood that currently the Konnagar factory is supplying 150 to 160 thousand Kg.

মানে ১১৬ টনের জায়গায় ১৫০-৬০ টন হয়েছে। যদি বলেন যে এখন ডিম্যান্ড বেড়ে গেছে, তা নয়। যেখানে লাস্ট ইয়ার ১১৬ টন বিক্রি হতো, সেখানে এখন হচ্ছে ১৫০-৬০ টন মাসে। কাজেই

I do not think it is fully correct.

[1-40—1-50 p.m.]

শ্রীগোপাল ব্যানার্জী: গত বছর কাঁচা মালের কিছু অংশ কোন কোন কারখানা তৈরী করত এবং তা বন্ধ করবার ফলে কোন্নগরে যেটা সাপ্লাই করছেন সেটা যথেষ্ট নয়। আমার প্রশ্ন হচ্ছে নিজেরা উৎপাদন বাড়িয়ে সরবরাহ করার ফলে টোট্যাল উৎপাদন যেটা আগে হোত তার চেয়ে কম হচ্ছে কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ তা নয়। টোট্যাল বাংলাদেশে যেটা তৈরী হোত এবং বাইরে যেটা এক্সপোর্ট হোত—বাংলার বাইরে—সেটা একটা বড় অংশ ছিল। আমাদের পশ্চিমবাংলায় যেটা তৈরী হচ্ছে সেটা কোয়াইট সাফিসিয়েন্ট। দ্যাট ইজ দি রিপোর্ট ইন মাই ডাইরেকটোরেট। ইট মে বি রং—ইফ ইউ সে দ্যাট।

শ্রীনিখিল দাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, কাঁচের নলের দাম বেড়েছে না আগের দর আছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ সেটা এখানে লেখা নেই।

শ্রীনিখিল দাসঃ উনি একটা কথা বলেছেন যে, লোক প্যানিক হয়ে কাঁচের নল স্টক করছে। আমার প্রশ্ন হচ্ছে দর কি বেড়ে যাচ্ছে যার ফলে কারখানাগুলি কাঁচ পাচ্ছে না?

মিঃ ডেপুটি স্পীকারঃ দ্যাট কোশ্চেন ডাজ নট অ্যারাইজ—দাম বেড়েছে কিনা সেই প্রশ্ন আসে না।

Resignation of members of Karkach Anchal Panchayat

***376.** (Admitted question No. *2211.)

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র, শ্রীপ্রমোদরঞ্জন বোস এবং শ্রীকমলকৃষ্ণ রায়ঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলার গাজোল ব্লকের করকচ অঞ্চল পঞ্চায়েতের সকল সদস্য পদত্যাগ করিয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তাহা হইলে উহার কারণ কি?

Shri Sowrindra Mohan Misra:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ যদি সকলে না করে থাকে তাহলে কে কে করেছেন জানাবেন কি?

শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্রঃ মালদহ জেলার গাজল ব্লক-এর অঞ্চল পঞ্চায়েতের মোট ১১ জন সদস্যের মধ্যে ৬ জন সদস্য ১২ই জানুয়ারী তারিখে প্রস্তাব গ্রহণ করেছেন যে, তাঁরা আর উক্ত অঞ্চল পঞ্চায়েতের সদস্য থাকবেন না এবং তাঁদের উক্ত প্রস্তাবকে যেন তাঁদের পদত্যাগপত্র বলে গণ্য করা হয়। উক্ত পঞ্চায়েতের সেক্রেটারীর বদলীর প্রতিবাদে এই ৬ জন সদস্য এরূপ পদত্যাগের অভিপ্রায় জানিয়েছেন।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ একথা কি সত্য যে, ও'রা একটা রেজলিউসন করবার পর জেলা পঞ্চায়েতের অফিসার একটা চিঠি লিখেছিলেন যেটা অপমানসূচক এবং সেইজন্য তাঁরা পদত্যাগ করেছেন?

শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্রঃ কোন চিঠি লিখেছেন কিনা সেই সংবাদ আমার জানা নেই। তাঁরা পদত্যাগপত্র দেননি, একটা প্রস্তাব মাত্র গ্রহণ করেছেন এবং শেষ খবর হচ্ছে এখন ওখানে তাঁরাই কাজ চালাচ্ছেন, তাঁদের পদত্যাগপত্র গ্রহণ করা হয়নি।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে খোঁজ করে দেখবেন কি, জেলা পঞ্চায়েত-এর অফিসার কোন অপমানসূচক পত্র লিখেছেন কিনা এবং যদি লিখে থাকেন তাহলে সেটা উচিত হয়েছে কিনা?

শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্রঃ আপনার দুটি প্রশ্নই "যদি" দিয়ে আছে।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ আমি ক্যাটিগরিক্যাল প্রশ্ন করে জানতে চাই যে, অঞ্চল পঞ্চায়েতের একজন সেক্রেটারীকে যদি ট্রান্সফার করা হয় তাহলে সেই ট্রান্সফার বন্ধ করবার জন্য কোন রেজলিউসন গ্রহণ করতে পারে কিনা?

মিঃ ডেপ্টি স্পীকারঃ এটা হাইপথেটিক্যাল কোশ্চেন।

শ্রীসৌরী[illegible] মিশ্রঃ মাননীয় সদস্য অঞ্চল পঞ্চায়েতের নিয়মাবলীর ৫৬ ধারার পর যে ধারাটি আছে সেটা পড়ে দেখবেন যে অঞ্চল পঞ্চায়েতের সম্পাদকের বদলীর ভার পঞ্চায়েত অধিকারিকের উপর নয়।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ আমি জানতে চাই এরকম ক্ষেত্রে ট্রান্সফার বন্ধ করবার বিরুদ্ধে রেজলিউসন গ্রহণ করবার ক্ষমতা আছে কিনা?

শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্রঃ আইনের মধ্যে নেই। কোন অঞ্চল পঞ্চায়েত কোন প্রস্তাব গ্রহণ করবেন কি করবেন না সে সম্বন্ধে আইনে কিছু লেখা থাকে না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ গাজোল থানার ৬ জন অঞ্চল পঞ্চায়েতের সদস্য ১১ জনের মধ্যে, প্রস্তাব গ্রহণ করেছে। অঞ্চল পঞ্চায়েতের যে রুলস আছে যে রুলসের অধীনে কিভাবে মিটিং ডাকতে হয়, কনডাক্ট করতে হয় আছে সেই রুলসের অনুযায়ী এই প্রস্তাব গ্রহণ করা হয়েছিল কিনা?

শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্রঃ কি প্রস্তাব গ্রহণ করা হয়েছে, আমার কাছে তথ্য নাই, কি কি নিয়ম আছে তাও নাই, মোটামুটি জানা আছে, তাঁরা বলেছেন ৬ জন মাত্র সদস্য উপস্থিত ছিলেন, আমরা পদত্যাগপত্র দিচ্ছি, এই খবরের বেশী কিছু নাই।

শ্রী[illegible] অধিকারীঃ আপনার কথাটা এলোমেলো হয়ে গেল, হয়তো আমি বুঝতেই ভুল করলাম, আপনি বলেছেন জানি না, রুলস মাফিক প্রস্তাব হয়েছে কিনা, সংগে সংগেই বলেছেন ইনফরমেশন এসেছে, হাউ দ্যাট ইনফরমেশন কামস্ টু ইউ—কিভাবে এসেছে?

শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্রঃ আমি মালদা জেলা থেকে টেলিগ্রাম পেয়েছি, তাতে জানতে পেরেছি তারা প্রস্তাব গ্রহণ করেছে, কিন্তু তাদের মিনিট বুক না পাওয়াতে কি হয়েছে না হয়েছে বলতে পারি না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ তাহলে আপনি পদত্যাগপত্র টেলিগ্রামের মধ্য দিয়ে পেয়েছেন, তাহলে কেন বলছেন পাননি?

শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্রঃ টেলিগ্রামের মধ্য দিয়ে পাইনি, আমি প্রশ্ন পাবার পর জেলাতে জানতে চেয়েছিলাম তাতে তারা টেলিগ্রামে জানিয়েছে, এরা প্রস্তাব গ্রহণ করেছে, কিন্তু সেই প্রস্তাবের বিশদ বিবরণী বলতে পারব না।

শ্রীকানাই পালঃ এই কজন পদত্যাগপত্র দাখিল করার পর সেই পদত্যাগপত্র গৃহীত হোক আর নাই হোক তারা পরবর্তী মিটিং-এ অংশ গ্রহণ করতে পারবে কিনা?

Mr. Deputy Speaker: That question does not arise.

Electric Supply Companies

***377.** (Admitted question No. *2243.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি বিদ্যুৎ-সরবরাহকারী প্রাইভেট কোম্পানী বর্তমান এবং কয়টি বিদ্যুৎ উৎপাদন করে;

(খ) সরকারী বিদ্যুৎ সরবরাহ সংস্থা হইতে কোন্ কোন্ প্রাইভেট কোম্পানীকে বিদ্যুৎ সরবরাহ করা হয়;

(গ) কি রেটে এই বিদ্যুৎ শক্তি সরবরাহ করা হয়; এবং

(ঘ) প্রাইভেট কোম্পানী কি দরে এই বিদ্যুৎ পাবলিককে সরবরাহ করে?

Shri Tarun Kanti Ghosh:

(ক) পশ্চিমবঙ্গে মোট ২১টি বিদ্যুৎ সরবরাহকারী প্রাইভেট কোম্পানী আছে এবং তন্মধ্যে ৫টি কোম্পানী বিদ্যুৎ উৎপাদন করে,

(খ) নিম্নোক্ত প্রাইভেট কোম্পানীগুলিকে বিদ্যুৎ সরবরাহ করা হয়,

(১) ন্যাশনাল পাওয়ার সাপ্লাই কর্পোরেশন লিঃ
(২) ওয়েস্ট বেঙ্গল পাওয়ার সাপ্লাই কোঃ লিঃ
(৩) ইস্ট ইন্ডিয়া ইলেকট্রিক সাপ্লাই অ্যান্ড ট্রাকশান কোঃ লিঃ
(৪) বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোঃ লিঃ
(৫) কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন লিঃ
(৬) জয়নগর-মজিলপুর ইলেকট্রিক সাপ্লাই কোঃ লিঃ
(৭) নৈহাটি ইলেকট্রিক সাপ্লাই কোঃ লিঃ
(৮) পুরুলিয়া ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন লিঃ
(৯) তারকেশ্বর ইলেকট্রিক সাপ্লাই কোঃ লিঃ
(১০) বিষ্ণুপুর ইলেকট্রিক সাপ্লাই অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কোঃ লিঃ
(১১) বনগাঁ ইলেকট্রিক সাপ্লাই কোঃ লিঃ

(গ) লাইব্রেরী টেবিলে বিবরণী রাখা হইল,

(ঘ) লাইব্রেরী টেবিলে বিবরণী রাখা হইল।

Statement referred to in reply to Clause (Ga) of starred question No. 377

The rate for supply of energy to the public by the private Electric Supply Companies.

	Name of licensees.	Net rate per unit—(in paise). Light and fan.	Heater, Radio and small power.	Industrial power (small and medium).
	(1)	(2)	(3)	(4)
1	Asansol Electric Supply Company ..	19	10	12/10
2	National Power Supply Company Limited ..	28·13	12·5	17·19/14·065/10·9473
3	West Bengal Power Supply Company Limietd.			
	Bankura	39·0625	10·9375	15·625/12·5
	Krishnagar	34·5	12·5	18·75/15·625/12·5
	Midnapore	34·5	10·9375	14·0525/12·5
	Nabadwip	37·5	12·5	18·75/15·625
4	Barakar Electric Supply Company ..	31	15	18/17/14
5	Berhampur Electric Supply Company ..	38	13	22/22·13
6	Riverside (Bhatpara) Electric Supply Company.	28·125	18·75	12·5
7	Bongaon Electric Supply Company ..	37·5	21·875	21·875/18·875/15·75
8	Calcutta Electric Supply Corporation Limited.	16·750	8·0	5·5/12·5/5·5·13·75 H. T. 2·955/9·773 paise net.
9	Associated Power Supply Company (Seebpur).	..	..	18·75—8·75
10	Chandannagar Electric Supply Company ..	28·125	15·625	18·75/15·625
11	Dishergarh Power Supply Company ..	..	..	18·75—8·75
12	East India Electric Supply and Traction Co. (Bansberia, Hooghly and Chinsura).	28·125	18·75	15·625
13	Jalpaiguri Electric Supply Company ..	45	25	25/22/19
14	Jamuria Electric Supply Company ..	37·5	21·875	18·75/15·625/14·06
15	Joynagar-Majilpur Electric Supply Company.	40·625	21·875	21·875/18·75/15·625
16	Kalimpong Electric Supply Company ..	63/505	38	35—30
17	Naihati Electric Supply Company ..	25	12·5	14/12·437/10·875
18	Purulia Electric Supply Company ..	31	16	13
19	Ranigunj Electric Supply Company ..	25	14·0625	26·5625/20·3125
20	Tarakeswar Electric Supply Company ..	43·75	25	25/21·875/18·75
21	Vishnupur Electric Supply Company ..	40·625	20·3075	20·3125/17·1875/ 14·0625

Statement referred to in reply to Clause (Gha) of starred question No. 377

Tariff Rate applicable to the Private licensees for supply of energy by the West Bengal State Electricity Board

Serial No.	Name of the private licensee	Demand charge per month		Energy charge per unit.		
		Monthly demand charge.				
1	Calcutta Electric Supply Corporation Limited ..		Rs. 13/- per KVA.			2·5 p. per unit.
2	Bongaon Electric Supply Company ..	For the first ..	50 Kw. Rs. 12	For the first ..	50,000 Kw. Hrs.	4·69 P. per Kw.HR.
3	Berhampore Electric Supply Co.	For the next ..	150 Kw. Rs. 10	For the next ..	150,000 ,, ,, ..	3·94 ,, ,, ,,
4	Joynagar-Majilpur Electric Supply Co. ..	For the next ..	300 Kw. Rs. 8	For the next ..	300,000 ,, ,, ..	3·50 ,, ,, ,,
5	West Bengal Power Supply Co. (at Krishnagar) ..	All over ..	500 Kw. Rs. 6	All over ..	500,000 ,, ,, ..	3·13 ,, ,,
6	National Power Supply Corpn. Ltd. (at Andul-Mouri, Jhorhat-Dullya).	For the first ..	100 Kw. Rs. 8	For the first ..	10,000 ,, ,, ..	4·06 ,, ,, ,,
		For the next ..	200 Kw. Rs. 6	For the next ..	20,000 ,, ,, ..	3·44 ,, ,, ,,
7	Tarakeswar Elec. Supply Co.	All over	300 Kw. Rs. 5	All over ..	30,000 ,, ,, ..	3·13 ,, ,, ,,
8	Purulia Elec. Supply Corpn. Ltd.	For the first ..	100 Kw. Rs. 8	For the first ..	10,000 ,, ,, ..	4·06 ,, ,, ,,
9	West Bengal Power Supply Co. Ltd. (at Midnapur).	For the next ..	200 Kw. Rs. 7	For the next ..	20,000 ,, ,, ..	3·75 ,, ,, ,,
		All over ..	300 Kw. Rs. 6	All over ..	30,000 ,, ,, ..	3·44 ,, ,, ,,
10	West Bengol Power Supply Co. Ltd. (at Bankura)	For the first ..	200 Kw. Rs. 9	For the first ..	20,000 ,, ,, ..	7·50 ,, ,, ,,
11	Bishnupur Electric Supply & Industrial Dev. Co. Ltd.	For the next ..	300 Kw. Rs. 8	For the next ..	30,000 ,, ,, ..	6·88 ,, ,, ,,
		All over ..	500 Kw. Rs. 7	All over ..	50,000 ,, ,, ..	6·25 ,, ,, ,,
12	East India Electric Supply and Traction Co. Ltd. (at Bansberia and Hooghly-Chinsura).	For the first ..	1000 Kw. Rs. 11	For the first ..	100,000 ,, ,, ..	2·09 ,, ,, ,,
		For the next ..	2000 Kw. Rs. 10	For the next ..	200,000 ,, ,, ..	2·80 ,, ,, ,,
13	Naihati Electric Supply Co.	All over ..	3000 Kw. Rs. 8	All over ..	300,000 ,, ,, ..	2·60 ,, ,, ,,

শ্রী[illegible] রাহাঃ মোট ২১টি কোম্পানী বিদ্যুৎ সরবরাহ করে পাবলিককে, ৫টি উৎপাদ করে, আপনি নাম দিয়েছেন ১১টি সরকারী সংস্থা থেকে বিদ্যুৎ দেওয়া হয়, ২১টির মধ্যে বাকি থাকে ১০টি, এই ১০টিকে কে করে বিদ্যুৎ সরবরাহ?

শ্রীতরুণকান্তি ঘোষঃ পাঁচটি নিজেরা উৎপাদন করে এবং ওরা বাকী ৫টিকে দেয়।

শ্রীসনৎকুমার রাহাঃ গভর্নমেন্ট কনসার্নগুলি থেকে যে এনার্জি সাপ্লাই করা হয়, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে তার মান্থলী ডিমান্ড চার্জ এক এক জায়গায় এক এক রকম, এটা কিসের ভিত্তিতে নির্ণীত হয়?

শ্রীতরুণকান্তি ঘোষঃ ভাল প্রশ্ন করেছেন, আগে এই রকম জিনিষ ছিল, আমাদের সারা ভারতবর্ষে একটা রেট কমিটি হয়েছিল, আমি তার মেম্বার ছিলাম, সব জায়গায়ই একই রকম রেট হবার কথা তারা রেকমেন্ড করেছে, আমরা যত শীঘ্র সম্ভব একই রেট করবার কথা চিন্তা করছি।

[1-50—2 p.m.]

শ্রীসনৎকুমার রাহাঃ যে রেট গভর্নমেন্ট কনসার্ন থেকে প্রাইভেট কনসার্নগুলো পায় তার থেকে অনেক বেশি রেটে তারা পাবলিককে বিক্রি করে এবং তার ভেরিয়েসান দেখুন কি রকম। কোথাও ৬৩ পয়সা, কোথাও ২৮ পয়সা, কোথাও ১৬ পয়সা। এভাবে এরা লাইট ফ্যানে চার্জ করে, রেডিও হিটার স্মল পাওয়ার একটা রেট চার্জ করেন, ইন্ডাস্ট্রিয়ালে একটা রেট চার্জ করেন, কিন্তু মফঃস্বলে অনেক সময় দেখা যায় প্রাইভেট কোম্পানীগুলো রেডিও হিটার স্মল পাওয়ারে ইউনিট কম করে নেয় না। এইরকম ধরনের ডিসপারিটি আছে। এগুলিকে ইউনিফর্ম বেসিসে আনবার জন্য কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমাদের যে রেট আছে বিভিন্ন জায়গায় তার খরচ খরচা রেখে তারা একটা প্রফিট করে, কিন্তু এই প্রফিটেরও একটা ইউনিফরমিটি রাখা হয়েছে। একটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন রিজার্ভ ব্যাঙ্ক রেট প্রায় টু পারসেন্ট, এটাই ম্যাক্সিমাম প্রফিট করতে পারেন। অতএব তাঁরা যাই রেট করুন না কেন এটাই হচ্ছে লিমিটেসান এবং এই লিমিটের মধ্যে যদি থাকে তাহলে রেট কমাবার প্রশ্ন উঠতে পারে না।

শ্রীসনৎকুমার রাহাঃ ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লাইট ফ্যানে চার্জ করে ১৬·৭৫ পয়সা আর কালিংপঙ ইলেকট্রিক সাপ্লাই করে ৬৩·৫০। এই চারগুণ বেশী পয়সা কি করে হলো? এটা যে কি করে সিডিউল্ড রেট অনুসারে হয় সেটা আমার সাধারণ বুদ্ধিতে আসে না।

শ্রীতরুণকান্তি ঘোষঃ চার্জ বেশী করায় আমাদের আপত্তি থাকতে পারে যদি তারা এটা নিয়ে বেশী মুনাফা করে। কিন্তু যদি দেখা যায় প্রফিটের রেট স্ট্যাটুটারী ফিকস্ট রিজার্ভ ব্যাঙ্ক রেট প্রায় টু পারসেন্ট তার বেশী করতে পারবে না তাতে ৬৪ পয়সাই হোক আর ১৩, ১৪ পয়সাই হোক তাতে আমাদের আপত্তি নেই।

শ্রীনারায়ণ রায়ঃ আপনি কি বলবেন ঐ যে পাঁচটা কোম্পানী বিদ্যুৎ উৎপাদন করে, তার মধ্যে বি এন ইলিয়াস কোম্পানী আছে কি?

Shri Tarun Kanti Ghosh: I am giving the names of five Companies—(1)The Calcutta Electric Supply Corporation Limited, (2) The Dishergarh Power Supply Company Limited, (3) The Associated Power Company Limited themselves generate steam power while (4) the Jalpaiguri Electric Supply Company and (5) the Kalimpong Electric Supply Company generate diesel power.

শ্রীনারায়ণ রায়ঃ আপনি কি জানেন বি এন ইলিয়াস কোম্পানীর তাদের প্রোডাকসান মেসিনারী আছে, তারা প্রডিউস করে এবং আজ ২০ বৎসরের মধ্যে যদিও নবদ্বীপ টাউন ডবলের উপর বেড়ে গেছে তারা কিন্তু প্রোডাকসান বাড়ায়নি এবং কোন ইমপ্রুভমেন্ট করেনি? সেজন্য আমার সেকেন্ড সাপ্লিমেন্টারী হচ্ছে আপনারা এদের সম্বন্ধে কোন নূতন নীতি নেবেন কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমাদের নীতি হচ্ছে যাতে প্রত্যেক লোকের কাছে বিদ্যুৎ পৌঁছান যায় তার ব্যবস্থা করা, তবে যদি দেখা যায় কোথাও লোক বিদ্যুৎ থেকে বিচ্যুত রয়েছে তাহলে সেটা সামগ্রিকভাবে দেখা হবে। আজকে যদি আমাদের মধ্যে না আসে তাহলে আমাদের পক্ষে করা সম্ভব হয় না। আপনি জানেন আমাদের ইলেকট্রিক সাপ্লাই এর অভাব ছিল। এখন আমরা যে অবস্থায় পৌঁচেছি তাতে কিন্তু এ জিনিস আশা করতে পারি।

শ্রীনারায়ণ রায়ঃ নবদ্বীপে এদের প্রোডাকসান ইউনিট থাকা সত্ত্বেও প্রডিউসিং ইউনিটের মধ্যে এদের নাম কেন পড়েনি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ খবর নেব।

Distribution of cloths and blankets by the Relief Department

***378.** (Admitted question No. *2293.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত রিলিফ বিভাগ হইতে কতকগুলি এলাকায় কাপড় ও কম্বল বিতরণ করা হইয়াছে; এবং

(খ) উত্তর "হ্যাঁ" হইলে, সেই এলাকাগুলির নাম কি ও কত কাপড় ও কম্বল বিতরণ করা হইয়াছে?

Shrimati Abha Maiti:

(ক) ও (খ) প্রশ্নে উল্লিখিত এলাকা শব্দটি কতটুকু স্থানের কথা নির্দেশ করে তাহা বোধগম্য নহে। যাহা হউক, ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত রিলিফ বিভাগ হইতে বিভিন্ন জেলায় দুঃস্থদের মধ্যে যে পরিমাণ কাপড় জামা ও কম্বল বিতরণ করা হয় তাহার একটি বিবরণী এতদসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clauses (ka and kha) of starred question No. 378

জেলার নাম	১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত দুঃস্থদের মধ্যে বিতরিত কাপড়, জামা ও কম্বলের পরিমাণ			
	ধুতি	শাড়ী	ছেলেমেয়েদের পোষাক	কম্বল
হাওড়া	২০৮ খানি	১৯৩ খানি	৪০৬ টি	২০১ খানি
জলপাইগুড়ি	১২৯৩ ,,	১১৮০ ,,	২০৩৪ ,,	১৬১৭ ,,
বাঁকুড়া	৫১২ ,,	৩৬৮ ,,	১০১৮ ,,	১১১৪ ,,
মুর্শিদাবাদ	৪১২ ,,	৪০০ ,,	১৯৯৮ ,,	২০২৮ ,,
পুরুলিয়া	১৪১ ,,	১২৮ ,,	২৭৪ ,,	৬২৩ ,,
মালদহ	১৫২৩ ,,	১৫৮৯ ,,	৩২১০ ,,	১৮৮৫ ,,
পশ্চিম দিনাজপুর	৬৫২ ,,	৬৪৭ ,,	৯১৫ ,,	৭১০ ,,
মেদিনীপুর	৬৭৫ ,,	৬৪৭ ,,	১১২৪ ,,	১৮৪১ ,,
নদীয়া	৩৫২৮ ,,	৩২২৬ ,,	৬৬৪৯ ,,	৫৮১২ ,,
হুগলী	৫৩৫ ,,	৩৬৮ ,,	৬৩২ ,,	১৪১৩ ,,
২৪-পরগনা	২৪০৯৫ ,,	১৬১৮৪ ,,	৬৮৫৬৬ ,,	২৬৬৩ ,,
বীরভূম	২৩৯ ,,	১৭২ ,,	৪৮৮ ,,	৮২৭ ,,
কোচবিহার	১১৪৫ ,,	১২৭৫ ,,	৬৬৯৮ ,,	১৫২০ ,,
দার্জিলিং	৩৩৫ ,,	৩৫৯ ,,	৫০৬ ,,	২৪৮ ,,
বর্ধমান	৩৭৫ ,,	৪১৫ ,,	১০৭১ ,,	২৭৯ ,,
কলিকাতা	৮৮৭ ,,	৮২৪ ,,	৫৭১ ,,	৩৬৪ ,,

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আপনি বললেন এলাকার শব্দটি নাকি বুঝতে পারেন নি। যা হোক টেবিলে যেটা রেখেছেন বলেছেন সেটা যদি দয়া করে পড়েন তাহলে ভাল হয়?

শ্রীমতী আভা মাইতিঃ জেলাওয়ারী হিসাব হচ্ছে.........

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমার প্রশ্ন হচ্ছে পুরুলিয়ায় দেখা যাচ্ছে ১৪৭টি ধুতি, ১২৮টি শাড়ী ২৭৪টি পোষাক এবং ৬২৩টি কম্বল দিয়েছেন অথচ সে জায়গায় ২৪-পরগনায় ২৪,০৯৫টি ধুতি,১৬,১৮৪টি শাড়ী, ৬৮,৫৬৬টি পোষাক এবং ২,৬৬৩টি কম্বল দিয়াছেন। পুরুলিয়া জেলা অতি দুঃস্থ এলাকা সেজন্য জানতে চাই আপনারা কোন ভিত্তিতে এগুলি দিয়াছেন এবং কার মারফত এগুলি দিয়েছেন?

শ্রীমতী আভা মাইতিঃ আপনি জানেন ১৯৬৪ সালের প্রথম দিকে আমাদের বাংলাদেশে দাঙ্গা-হাঙ্গামা কতকগুলি জায়গায় হয়েছিল। ২৪-পরগনা এবং কলকাতায় তার মধ্যে বেশী হয়েছিল সেজন্য এবং উদ্বাস্তু আসায় এ সমস্তগুলি দেওয়া হয়েছিল জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে।

[2-2-10 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমি জানতে চাচ্ছি যে কার মারফত—কোন এজেন্সি মারফত এটা দেওয়া হচ্ছে?

শ্রীমতী আভা মাইতিঃ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস ডি ও, বি ডি ও, স্থানীয় ক্লাব, অঞ্চল প্রধান, বিভিন্ন সমাজসেবী প্রতিষ্ঠান রয়েছে তাদের মারফত দেওয়া হয়।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ এটা কি সত্য যে, বহু জায়গায় কংগ্রেসী এম এল এ মারফত ৫০ খানা করে কম্বল বিতরণ করা হয়েছে?

শ্রীমতী আভা মাইতিঃ কোন কংগ্রেসী এম এল এ মারফত বা তাদের নিয়ে কিছুই করা হয় নি। যদি পার্টিকুলার কোন জায়গায় কথা বলেন—তাহলে নোটিশ দেবেন বলবো।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আপনি বলছেন দেওয়া হয় নি, কিন্তু এস ডি ও, ডি এম জানেন না ভগবানপুরে দেওয়া হয়েছে।

শ্রীমতী আভা মাইতিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলেছি কি কি এজেন্সী মারফত দেওয়া হয়েছে। তার মধ্যে অঞ্চল পঞ্চায়েত ইত্যাদি রয়েছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ কংগ্রেসী এম এল এদের মারফত দেওয়া হয়েছে এটা আমরা জানি।

শ্রীমতী আভা মাইতিঃ কোন কংগ্রেসী এম এল এ মারফত দেওয়া হয় নি।

STARRED QUESTION

(to which answer was laid on the table)

Vagrants

***379.** (Admited question No. *2338.)

শ্রীসনৎকুমার রাহাঃ ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ভবঘুরের সংখ্যা কত; এবং

(খ) বর্তমানে কতজন ভবঘুরেকে ক্যাম্পে রাখা হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) ভবঘুরেদের সঠিক পরিসংখ্যা জানা নাই। তবে ১৯৬১ সালের আদম সুমারী অনুযায়ী পশ্চিমবঙ্গে ১,৬০,০৯ জন ভবঘুরে ছিল।

(খ) পশ্চিমবঙ্গ চক্র-চর নিয়ামকের অধীনস্থ ভবঘুরে আবাস ও বিশেষ গ্রহণ কেন্দ্রগুলিতে ১।৩।৬৩ তারিখে ৩,৬০৮ জন (ভবঘুরে আবাস ২,০৪৭ জন এবং বিশেষ গ্রহণ কেন্দ্র ১,৫৬১ জন) আবাসিক ছিল।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Bus and lorry for Durgapur Congress Session

838. (Admited question No. 1073.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুরে কংগ্রেস অধিবেশন উপলক্ষে সরকারের পক্ষ হইতে বিভিন্ন জেলা হইতে বাস এবং লরি লওয়া হইয়াছিল (রিকুইজিশন); এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে উহাদের সংখ্যা কত?

The Minister for Home (Transport):

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Construction of Bundhs for irrigation in Chaukhola and Jogendrapur mouzas, Jalpaiguri

839. (Admitted question No. 1292.)

শ্রীহীরালাল সিংহ: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার ফলাকাটা থানার অন্তর্গত চুয়াখোলা ও যোগেন্দ্রপুর মৌজায় জলসেচের জন্য বাঁধ দেওয়ার পরিকল্পনা তদন্ত করা হইয়াছে; এবং

(খ) ইহা সত্য হইলে, অদ্যাবধি বাঁধের কাজ আরম্ভ না করার কারণ কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) যোগেন্দ্রপুর-চুয়াখোলা প্রকল্পটির প্রয়োজনীয় তদন্তের পর জানা যায় যে, প্রকল্পটির উপকৃত এলাকা সেচবিভাগের হোলং-বেলাকুবা প্রকল্পটির এলাকাভুক্ত। উক্ত কারণে প্রথমোক্ত প্রকল্পটি কার্যকরী করা সম্ভব হয় নাই।

Government grant to the Raiganj Municipality

840. (Admitted question No. 1539.)

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: স্বায়ত্তশাসনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়গঞ্জ মিউনিসিপ্যালিটিকে সরকার হইতে ১৯৬৩-৬৪ সনে কত টাকা কি বাবত দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত মিউনিসিপ্যালিটিকে উক্ত সনে রাস্তা বাবত কত টাকা দেওয়া হইয়াছে, ইহার মধ্যে কত টাকা খরচ হইয়াছে এবং কত ফুট রাস্তা পাকা করা হইয়াছে?

The Minister for Local Self-Government:

(ক) (১) উদ্বাস্তু-অধ্যুষিত এলাকার উন্নয়ন বাবত ঋণ—১,৭৮,৫৩৩ টাকা।

(২) রাস্তায় বিজলী বাতি বাবত অনুদান—২৫,৩৮৬ টাকা।

(৩) হরিজন শ্রমিকদের গৃহনির্মাণ বাবত অনুদান—২৪,৩০০ টাকা।

(খ) (১) রাস্তা বাবত ঋণ—১,৪৭,৮১৫ টাকা।

(২) ব্যয়—২৫,৩৬৫ টাকা।

(৩) রাস্তানির্মাণ ও মেরামত—০·৮২ মাইল।

Loan or subsidy to the fishermen in Moyna police-station, Midnapore

841. (Admitted question No. 1672.)

শ্রীঅনঙ্গমোহন দাস: মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানায় কোন্ কোন্ মৎস্যজীবীকে হাল ও নৌকা প্রস্তুতের জন্য গত ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সনে কত টাকা করিয়া ঋণ বা অনুদান দেওয়া হইয়াছে;

(খ) ঐ সকল ঋণগ্রহীতাগণ ঋণ গ্রহণের কত দিনের মধ্যে কোন্ সময়ে নৌকা প্রস্তুত করিয়াছেন তাহার হিসাব লইবার কোন ব্যবস্থা সরকারের আছে কি; এবং

(গ) ব্যবস্থা থাকিলে, তাহা কিরূপ?

The Minister for Fisheries:

(ক) দুঃস্থ মৎস্যজীবিগণকে সাহায্য দানের যে প্রকল্পটি চালু রহিয়াছে তাহার অধীনে মেদিনীপুর জেলার ময়না থানায় যেসকল মৎস্যজীবীকে ঋণ এবং অন্যান্য সাহায্য দেওয়া হইয়াছে তাহার একটি বিস্তারিত বিবরণ এতৎসহ পেশ করা হইল। জাতীয় জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে এই প্রকল্পটির কার্য ১৯৬৩-৬৪ সালে বন্ধ রাখা হয়।

(খ) নৌকা প্রস্তুতের জন্য ঐ সকল মৎসজীবীকে কোনরূপ ঋণ দান করা হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 841.

Mayna police-station.

Name.		Amount.	Boat/Net.	Subsidy granted. Prin.	Subsidy granted. Int.
		Rs.	Rs.	Rs.	Rs.
1960-61.					
(1) Lalu Hazra of Sudampur ..	..	125	Net	41·00	2·56
(2) Dhirendra Nath Hazra of Sudampur	..	150	"	50·00	3·12
(3) Bankim Ch. Mal of Sudampur ..	..	150	"	50·00	3·12
(4) Banamali Hazra of Kripanandapur	..	125	"	41·00	2·56
(5) Jatindra Nath Hazra of Sudampur	..	50	"	16·00	1·00
(6) Ananta Hazra of Sudampur ..	..	125	"	41·00	2·56
(7) Murari Hazra of Kripasindupur	..	125	"	41·00	2·56
(8) Bankim Ch. Hazra of Sudampur	..	150	"	50·00	3·12
(9) Gunadhar Hazra of Sudampur ..	..	150	"	50·00	3·12
(10) Gobinda Hazra of Kripanandapur	..	125	"	41·00	2·66
(11) Arjun Ch. Hazra of Kripanandapur	..	125	"	41·00	2·56
(12) Bibhuti Bhusan Barman of Sudampur	..	125	"	41·00	2·55
(13) Kanailal Hazra of Sudampur ..	..	125	"	41·00	2·56
1961-62.					
(1) Kunja Behari Bar of Bukcha ..	..	150	"	Nil	—
1962-63.					
(1) Bharat Haith of Dakshin Chongrachak	..	200	"	"	..
(2) Gopal Ch. Mura of Sridharpur ..	..	200	"	"	..
(3) Gunadhar Barai of Donachak ..	..	150	"	"	..
(4) Nayan Bar of Pairachak	..	200	"	"	..
(5) Kripasindhu Bar of Pairachak ..	..	150	"	"	..
(6) Sristidhar Barial of Pairachak ..	..	100	"	"	..
(7) Hanada Charan Hazra of Kripanandapur	..	100	"	"	..
(8) Amulya Charan Haith of Dakshinchongrachak.		200	"	"	..
(9) Nani Mura of Sridharpur ..	..	200	"	"	..
(10) Sudhangsu Sekhar Roy of Sridharpur	..	200	"	"	..
(11) Narendra Nath Roy of Sridharpur	..	200	"	"	..
(12) Bejoy Krishna Mondal of Pairachak	..	200	"	"	..

1963-64.—Scheme was not in operation during the year 1963-64.

1964-65.—No loan was advanced up to date during the year.

Tank reclamation grant for Jute Processiong in Barachandpur mouza, Nadia

842. (Admitted question No. 1776.)

শ্রীমহানন্দ হালদার: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জিলার কালিগঞ্জ থানার বড়চাঁদঘর মৌজায় এযাবত পাট পচাইবার জন্য কোন্ কোন্ ব্যক্তিকে পুষ্করিণী খননের টাকা সরকার হইতে দেওয়া হইয়াছে;

(খ) সমস্ত পুষ্করিণীই কি খনন করা হইয়াছিল; এবং

(গ) এ সম্পর্কে কোন সরেজমিনে তদন্ত করা হইয়াছিল কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) এই সম্পর্কে একটি তালিকা উপস্থাপিত করা হইল।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 842

মৌজা—বড়চাঁদঘর

নাম

১। শ্রীযতীশচন্দ্র গুপ্ত
২। শ্রীদয়াবসকো সেখ
৩। শ্রীনীতীশচন্দ্র দেব
৪। শ্রীরমেশচন্দ্র বৈদ্য
৫। শ্রীদেবেন্দ্রনাথ মণ্ডল
৬। শ্রীলালমোহন বিশ্বাস
৭। শ্রীযাদবচন্দ্র সেন
৮। শ্রীমুকুলবিকাশ গুহ
৯। শ্রীরাজেন্দ্রচন্দ্র ধর
১০। শ্রীমোহরালি পণ্ডিত
১১। শ্রীভগবান দীন
১২। শ্রীনানকু সেখ
১৩। শ্রীআজিমুদ্দিন সেখ
১৪। শ্রীরাইসুদ্দিন সেখ
১৫। শ্রীকালিমুদ্দিন সেখ
১৬। শ্রীহেকমত মণ্ডল
১৭। শ্রীবিলাত মণ্ডল
১৮। শ্রীযতীন্দ্রনাথ দে
১৯। শ্রীকুমুদবিহারী বৈদ্য
২০। শ্রীখুশি সেখ
২১। শ্রীরিয়াজুদ্দিন মণ্ডল
২২। শ্রীহরিপদ ঘটক
২৩। শ্রীশ্রীধামচন্দ্র ঠাকুর

মৌজা—বড়চাঁদঘর

নাম

২৪। শ্রীসুধীরকুমার বৈদ্য

২৫। শ্রীতামিজদ্দিন সেখ

২৬। শ্রীকেনারাম ঘটক

২৭। শ্রীসোমেশ্বর ঘটক

২৮। শ্রীঅবিনাশচন্দ্র ঘটক

২৯। শ্রীজগমোহন মাতব্বর

৩০। শ্রীআবদুল কাদের

৩১। শ্রীরমেশচন্দ্র সরকার

৩২। শ্রীনিশিতকান্ত রায়

৩৩। শ্রীযতীন্দ্রনাথ রায়

৩৪। শ্রীসকেদ আলি সেখ

৩৫। শ্রীজামাত আলি সেখ

৩৬। শ্রীগুরুপদ ঘোষ

৩৭। শ্রীযতীন্দ্রনাথ মণ্ডল

৩৮। শ্রীযোগেন্দ্রচন্দ্র মণ্ডল

৩৯। শ্রীদেবেন্দ্রনাথ মণ্ডল

৪০। শ্রীনীলকমল সরকার

৪১। শ্রীঅতুলকৃষ্ণ তালুকদার

Thana Agricultural Marketing Co-operative Societies in Midnapore district

843. (Admitted question No. 2020.)

শ্রীঅনন্তমোহন দাস: গত ১লা মার্চ তারিখে প্রদত্ত ৩৪৬নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ৯১২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পিংলা, এগরা এবং ভগবানপুর থানা কৃষি-বিপণন সমিতিগুলি ১৯৬৪ সালে কি মূল্যে ধান্য ক্রয় করিয়াছেন এবং সুতাহাটা, নন্দীগ্রাম, মহিষাদল, কোলাঘাট এবং পাঁশকুড়া থানা কৃষি বিপণন সমিতিগুলি ঐ সনে কি মূল্যে চাউল ক্রয় করিয়াছেন;

(খ) ঐ সকল ক্রীত দ্রব্য কি মূল্যে কতজনকে বিক্রয় করা হইয়াছে;

(গ) সমস্ত ক্রয় করা ধান ও চাউল বিক্রয় হইয়াছে কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর "না" হয়, তবে বাকি ধান ও চাউল কোথায় আছে?

The Minister for Co-operation

(ক) ১নং ক্রোড়পত্র দ্রষ্টব্য।

(খ) ২নং ক্রোড়পত্র দ্রষ্টব্য।

(গ) না।

(ঘ) ৩নং ক্রোড়পত্র দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 843

১ নং ক্রোড়পত্র

সমিতির নাম		কি মূল্যে ক্রয় করিয়াছে	ধান্য বা চাউল
১। পিংলা থানা কৃষি বিপণন সমিতি..	..	প্রতি কুইণ্টাল ৩৬.১৭ পয়সা হইতে ৪৬.২২ পয়সা পর্য্যন্ত।	ধান্য
২। এগরা থানা কৃষি বিপণন সমিতি	..	কোন ধান্য ক্রয় করে নাই	
৩। ভগবানপুর থানা কৃষি বিপণন সমিতি	..	কোন ধান্য ক্রয় করে নাই	
৪। সুতাহাটা থানা কৃষি বিপণন সমিতি	..	প্রতি কুইণ্ট্যাল ৬৮.৩৮ হইতে ৭৫.৯৭ পর্য্যন্ত।	চাউল
৫। নন্দীগ্রাম থানা কৃষি বিপণন সমিতি	..	ঐ	ঐ
৬। মহিষাদল থানা কৃষি বিপণন সমিতি	..	ঐ	ঐ
৭। কোলাঘাট থানা কৃষি বিপণন সমিতি	..	প্রতি কুইণ্ট্যাল ৬৮.৫৬ হইতে ৭৩.০৩ পর্য্যন্ত।	ঐ
৮। পাঁশকুড়া থানা কৃষি বিপণন সমিতি	..	প্রতি কুইণ্ট্যাল ৬১.০২ হইতে ৭৩.০২ পর্য্যন্ত।	ঐ

২নং ক্রোড়পত্র

সমিতির নাম		কি মূল্যে বিক্রয় করিয়াছে	কতজনকে বিক্রয় করিয়াছে।
১। পিংলা থানা কৃষি বিপণন সমিতি..	..	প্রতি কুইণ্টাল ৩৮.৮৫ হইতে ৪৩.৫৪ পয়সা পর্য্যন্ত।	৩৩ জন ব্যক্তি ও ১টি ধানকল।
২। সুতাহাটা থানা কৃষি বিপণন সমিতি	..	প্রতি কে জি ৬৮ পয়সা হইতে ৭৯ পয়সা পর্য্যন্ত।	১৪,১২২ জন
৩। নন্দীগ্রাম থানা কৃষি বিপণন সমিতি	..	ঐ	৪২টি ক্ষমতাপ্রাপ্ত ডিলার।
৪। মহিষাদল থানা কৃষি বিপণন সমিতি	..	ঐ	৮৫১ জন
৫। কোলাঘাট থানা কৃষি বিপণন সমিতি	..	সাড়ে ৭১ হইতে ৭৬ পয়সা পর্য্যন্ত	১৬টি ক্ষমতাপ্রাপ্ত ডিলার।
৬। পাঁশকুড়া থানা কৃষি বিপণন সমিতি	..	৬৫ পয়সা হইতে ৭৬ পয়সা পর্য্যন্ত।	৮২ জন ও ৪২টি ক্ষমতাপ্রাপ্ত ডিলার
৭। এগরা থানা কৃষি বিপণন সমিতি	..	বিক্রয় করে নাই	--
৮। ভগবানপুর থানা কৃষি বিপণন সমিতি	..	বিক্রয় করে নাই	--

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 843

৩ নং ক্রোড়পত্র

যে সকল সমিতির ধান্য বা চাউল সম্পূর্ণ বিক্রয় হয় নাই তাহার নাম	বাকি ধান্য বা চাউল কোথায় আছে
১। মহিষাদল কৃষি বিপণন সমিতি	সমিতির নিকট
২। কোলাঘাট কৃষি বিপণন সমিতি	সমিতির নিকট
৩। পাঁশকড়া কৃষি বিপণন সমিতি	সমিতির নিকট

Gazetted Officers in different Government departments

844. (Admitted question No. 2065.)

শ্রীঅপূর্বলাল মজুমদার: অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১, ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী দপ্তরে কতজন গেজেটেড অফিসার নিয়োগ হয়েছে; এবং

(খ) এর মধ্যে কতজন মুসলমান, কতজন তফসিলী সম্প্রদায়ভুক্ত এবং কতজন উপজাতীয় গোষ্ঠীর?

The Minister for Finance:

(ক) এবং (খ) ২০-৩-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে একটি বিবরণী এতৎসহ রাখা হইল।

Statement referred to in reply to unstarred question No. 844

সকল গেজেটেড অফিসারদের ১৯৬১ হইতে ১৯৬৪ সালের মধ্যে নিয়োগ করা হইয়াছে তাহাদের মধ্যে কয়জন মুসলমান/তপশীলি সম্প্রদায়ভুক্ত/উপজাতীয় গোষ্ঠীর তাহা এই তালিকায় দেখান হইল।

ক্রমিক নং	বিভাগের নাম	কোন বৎসরে কয়জন নিয়োগ করা হইয়াছে				মুসলমান/তপশীল সম্প্রদায়/উপজাতীয় গোষ্ঠীর কয়জন		কোন বৎসরে নিয়োগ করা হইয়াছে			
		১৯৬১	১৯৬২	১৯৬৩	১৯৬৪			১৯৬১	১৯৬২	১৯৬৩	১৯৬৪
১।	শরণার্থি-ত্রাণ ও পুনর্বাসন	..	..	৩	৩	কেহ নাই	..	..	..	..	..
২।	সমবায়	২০	২০	১৪	৫০	মুসলমান	৪	..	১	১	২
						তপশীল	৭	১	২	..	৪
						উপজাতীয়	..	..	..	..	..
৩।	স্বরাষ্ট্র	১৬৮	৩১৫	২৭২	১৯৯	মুসলমান	১০	১	৩	৪	২
						তপশীল	১৮	২	৩	৭	৬
						উপজাতীয়	১১	৫	২	২	২
৪।	কুটির ও ক্ষুদ্রশিল্প উটজ ও ক্ষুদ্রশিল্প	২	৩	১	..	কেহ নাই	..	..	..	..	..
৫।	বিচার বিভাগ	৭	১৪	১২	১১	তপশীল	৪	১	১	১	১
৬।	বাণিজ্য ও শিল্প	৪	৪	..	৬	উপজাতীয়	১	১	..	..	..
						তপশীল	১	..	..	..	১
৭।	উন্নয়ন ও পরিকল্পনা	৫	৪৫	১৬	৩৯	কেহ নাই	..	..	..	..	..
৮।	স্বাস্থ্য বিভাগ	৫১২	১৭০	৫৪	১৭১	মুসলমান	৯	৩	৩	১	২
৯।	আদিবাসী মঙ্গল বিভাগ	২	..	১	..	কেহ নাই	..	..	..	..	..
১০।	পূর্ত বিভাগ	৩০	১৯	১৩	৬	কেহ নাই	..	..	..	..	..
১১।	শ্রম বিভাগ	১৬	২৩	১৩	৩৩	তপশীল	২	১	১	..	..
১২।	ত্রাণ বিভাগ	৩	৩	১	১০	তপশীল	১	১	..	..	..
	মোট	৭৬৯	৬১৬	৪০০	৫৩০						

Wholesale Consumers' Co-operative Societies

845. (Admitted question No. 2165.)

শ্রীগোপাল ব্যানার্জি: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের পাইকারী ক্রেতা সমবায় সমিতিগুলির কোন্‌টি কত মূলধন সংগ্রহ করিয়াছেন এবং সরকার ঐগুলিতে কত টাকা শেয়ার ক্রয় করিয়াছেন;

(খ) কোন্‌ পাইকারী ক্রেতা সমবায় সমিতি গত অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে কত টাকার ব্যবসা করিয়াছেন; এবং

(গ) কোন্‌ পাইকারী ক্রেতা সমিতি সংশ্লিষ্ট প্রাথমিক ক্রেতা সমবায় সমিতিগুলিকে গত অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে কত টাকার মাল সরবরাহ করিয়াছেন?

The Minister for Co-operation:

(ক) প্রয়োজনীয় তথ্যাদি এতদ্‌সংলগ্ন 'ক' তালিকায় প্রদত্ত হইল।

(গ) প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

(খ) প্রয়োজনীয় তথ্যাদি এতদ্‌সংলগ্ন 'খ' তালিকায় প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 845

'ক' তালিকা

পাইকারী ক্রেতা সমবায় সমিতির নাম।		কার্যকরী মূলধন	সরকারী ক্রীত অংশীদারী মূলধন
		টাকা	টাকা
১। কলিকাতা পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	১৪,৬৯,০০০.০০	৬,০০,০০০.০০
২। আসানসোল পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	৪,৮৯,০০০.০০	১,০০,০০০.০০
৩। খরগপুর পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	৪,৩৭,০০০.০০	১,০০,০০০.০০
৪। শিলিগুড়ি পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	২,৬৮,০০০.০০	৫০,০০০.০০
৫। হাওড়া পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	৭,৪৫,০০০.০০	২,০০,০০০.০০
৬। শ্রীরামপুর পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	১,৬৩,০০০.০০	১,০০,০০০.০০
৭। চুঁচুড়া পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	৪,০০,০০০.০০	১,০০,০০০.০০
৮। বর্ধমান পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	২,১০,০০০.০০	৬০,০০০.০০
৯। বাঁকুড়া পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	৩,৭৬,০০০.০০	৫০,০০০.০০
১০। বেহালা পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	২,১৯,০০০.০০	১,০০,০০০.০০
১১। নর্থ সুবারবন পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	৪,০৪,০০০,০০	১,০০,০০০.০০
১২। কে, পি, কে, পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	৪,১১,০০০.০০	১,০০,০০০.০০
১৩। ব্যারাকপুর পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	১,৪৫,০০০.০০	১,০০,০০০.০০
১৪। ন্যাশানাল পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	১,৫০,০০০.০০	১,০০,০০০.০০
১৫। কৃষ্ণনগর পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	১,৪৪,০০০.০০	১,০০,০০০.০০
১৬। নবদ্বীপ পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	১,২৯,০০০.০০	১,০০,০০০.০০
১৭। মুর্শিদাবাদ পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	১,৮৩,০০০.০০	৫০,০০০.০০
১৮। বসিরহাট পাইকারী ক্রেতা সমবায় সমিতি লি:	..	৩,৬৫,০০০.০০	৬০,০০০.০০

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 845

পাইকারী ক্রেতা সমবায় সমিতির নাম	বিক্রয়ের পরিমাণ				
	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারী	ফেব্রুয়ারী
			(লক্ষ টাকা)		
১। কলিকাতা পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	৭.৮১	৮.৪৫	৫.২১	৪.৯৩	৪.১৪
২। আসানসোল পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	৩.৩৫	৩.১০	৩.৯২	৩.৪৪	২.১১
৩। খড়গপুর পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	২.৪০	২.৩৯	২.৫৮	২.২৬	১.০৭
৪। শিলিগুড়ি পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	০.৭৮	০.৭৪	০.৭১	১.২৫	১.৩৩
৫। হাওড়া পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	৪.১৬	৪.৫৮	৫.২৭	৩.২২	১.৪৪
৬। শ্রীরামপুর পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	০.৮৪	০.৬৫	০.৬৮	০.৫২	০.০৮
৭। চুঁচুড়া পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	১.৭৯	১.০৩	১.৭৯	০.৯৪	০.৬১
৮। বর্দ্ধমান পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	১.০৫	২.১৮	১.১৪	২.২৯	তথ্য সংগ্রহ করা হইতেছে
৯। বাঁকুড়া পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	২.০৯	৪.৭৪	৬.৪৫	৮.৬২	৪.১২
১০। বেহালা পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	১.১৫	০.৯০	১.৬৬	০.৬৪	১.৫৯
১১। নর্থ সুবার্বন পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	০.৬৫	০.৯২	১.০৮	১.০৬	০.২১
১২। কে পি কে পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	১.২৪	১.১৪	১.৪১	০.৭২	০.৬১
১৩। ব্যারাকপুর পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	০.২৫	০.৪০	০.৮৬	০.৪০	তথ্য সংগ্রহ করা হইতেছে
১৪। ন্যাশনাল পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	০.৭৪	০.৮১	০.৮৩	০.৪১	০.০৮
১৫। কৃষ্ণনগর পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	০.৩৭	০.৩৭	০.৭৪	০.৩৫	০.৬৬
১৬। নবদ্বীপ পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	১.১৪	০.৯৪	০.৯১	০.৪৯	তথ্য সংগ্রহ করা হইতেছে
১৭। মুর্শিদাবাদ পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	০.৯৬	০.৯৮	১.৩০	০.৯৭	ঐ
১৮। বসিরহাট পাইকারী ক্রেতা সমবায় সমিতি লিঃ।	০.৭৫	০.৬৯	০.৭২	০.৬৫	ঐ

Gazetted Officers in Food and Supplies Directorate

846. (Admitted question No. 816.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাদ্য ও সরবরাহ বিভাগের ডিরেক্টোরেটের গেজেটেড কর্মচারীদের নাম এবং পরিচয় কি;

(খ) তাঁহাদের মধ্যে কোনজন উক্ত পদে কোন্ তারিখ হইতে বহাল আছেন; এবং

(গ) উক্ত কর্মচারিগণ উক্ত পদে নিযুক্ত হওয়ার ঠিক পূর্বে কে কোন্ পদে বহাল ছিলেন?

The Minister for Food and Supplies:

(ক), (খ) এবং (গ) এতৎসংক্রান্ত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Contractors for Central and District Jails

847. (Admitted question No. 1485.)

শ্রীমনোরঞ্জন হাজরাঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কারা বিভাগের ইন্সপেক্টর-জেনারেল কি বিভিন্ন সেন্ট্রাল ও ডিস্ট্রিক্ট জেলসমূহের কন্ট্রাক্টারকে প্রতি বৎসর নিয়োগ করেন;

(খ) একই কন্ট্রাক্টরকে কি প্রতি বছর নিয়োগ করা হয় বা টেণ্ডারের ভিত্তিতে করা হয়; এবং

(গ) ১৯৬০-৬১ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত বাৎসরিক ভিত্তিতে কণ্ট্রাক্টরদের নাম কি?

The Minister for Home (Jails):

(ক) হ্যাঁ, তবে কোন কোন ক্ষেত্রে ছয় মাসের জন্য নিয়োগ করা হয়।

(খ) প্রতিবারই টেণ্ডারের ভিত্তিতে কণ্ট্রাক্টর নিয়োগ করা হয়।

(গ) কারা অধিকারে আর্থিক বৎসরের ভিত্তিতে টেণ্ডার আহ্বান করা হয় না। সে কারণে ক্যালেণ্ডার বৎসর হিসাবে ১৯৬০ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত নিযুক্ত কণ্ট্রাক্টরদের নামের তালিকা গ্রন্থাগারে রক্ষিত হইল।

Fair Price Shops in Bishnupur and Joypur police-stations, Bankura

848. (Admitted question No. 1551.)

শ্রীরাধিকা ধীবরঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও জয়পুর থানার কতগুলি ন্যায্যমূল্যের দোকান চালু আছে;

(খ) উক্ত ন্যায্যমূল্যের দোকানগুলি কোন্ কোন্ গ্রামে অবস্থিত;

(গ) উক্ত দোকানগুলির দোকানদারগণের নাম কি; এবং

(ঘ) উক্ত ন্যায্যমূল্যের দোকানগুলি হইতে বর্তমানে কি কি জিনিস কি হারে দেওয়া হইতেছে?

The Minister for Food and Supplies:

(ক) এতৎসংক্রান্ত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

(খ), (গ) এবং (ঘ) ঐ বিবরণীতে দেখান হইল।

Paddy purchased by the rice mills in Bankura district

849. (Admitted question No. 1552.)

শ্রীরাধিকা ধীবর: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সাল হইতে এ পর্যন্ত বাঁকুড়া জেলার রাইসমিলের মালিকগণ কত ধান্য সংগ্রহ করিয়াছেন; এবং

(খ) সংগৃহীত ধান্যের এ পর্যন্ত সরকারকে কোন্ মালিক কত চাউল সরবরাহ করিয়াছে এবং কত পরিমাণ চাউল মিল মালিকগণ ফ্রি সেল-এ বিক্রয় করিবার অধিকারী হইয়াছে।

The Minister for Food and Supplies:

(ক) এ সম্বন্ধে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) উপস্থাপিত বিবরণীতে উক্ত চাউলের পরিমাণ দেখান হইল।

Grant to Adibasi students of Jhargram subdivision, Midnapore

850. (Admitted question No. 1661.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় আদিবাসী ছাত্রদের জন্য বেতন ও বই কেনার জন্য কোন্ স্কুলের কতজন ছাত্রছাত্রীকে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

লাইব্রেরী টেবিলে একটি বিবরণী রক্ষিত হইল।

Tubewells in Egra police-station, Midnapore

851. (Admitted question No. 1933.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় এ পর্যন্ত কোন্ কোন্ স্থানে কত দিন ধরিয়া কতটি আর ডবলু এস-এর নলকূপ অকেজো (চোক্‌ড) অবস্থায় আছে;

(খ) এই অকেজো নলকূপগুলির এলাকায় পানীয় জলের কি বিকল্প ব্যবস্থা হইয়াছে; এবং

(গ) এইগুলি সংস্কারের কি ব্যবস্থা হইয়াছে এবং কবে উহা কার্যকরী হইবে?

The Minister for Health:

(ক) লাইব্রেরী টেবিলে রক্ষিত বিবরণী দ্রষ্টব্য।

(খ) ও (গ) প্রতি বৎসর রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষ এবং প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি জল-উৎস স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী প্রয়োজনানুগ অগ্রাধিকারের ভিত্তিতে অকেজো নলকূপগুলির পুনর্খনন করা হয়।

১৯৬৪-৬৫ সালের উক্ত প্রোগ্রাম-এ ঐ অকেজো নলকূপগুলির মধ্যে যে কয়টির পুনর্খনন মঞ্জুর করা হইয়াছে তাহা লাইব্রেরী টেবিলে রক্ষিত বিবরণীর ৬ষ্ঠ কলমে দেখান হইল।

G. R. in Moyna and Pingla police-stations, Midnapore

852. (Admitted question No. 2200.)

— [illegible]: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ময়না ও পিংলা থানায় গত ১৯৬৩ ও ১৯৬৪ সালে প্রতি অঞ্চলে কতজনকে খয়রাতি সাহায্য বরাদ্দ করা হইয়াছিল;

(খ) বরাদ্দ করা টাকা বিভিন্ন অঞ্চলে কত করিয়া খরচ করা হইয়াছে; এবং

(গ) যে অর্থ ব্যয় হইয়াছে তাহার কত অংশ গমে ও কত অংশ নগদ অর্থে খরচ হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক), (খ) ও (গ) কোন নির্দিষ্ট এলাকায় নির্দিষ্ট বৎসরে কি পরিমাণ খয়রাতি সাহায্য বিতরণ করা হইবে এবং কত সংখ্যক ব্যক্তিকে এরূপ সাহায্য দেওয়া হইবে তাহা পূর্ব হইতে স্থির করা হয় না। যাহা হউক ১৯৬৩ ও ১৯৬৪ সালে ময়না ও পিংলা থানার বিভিন্ন অঞ্চলে প্রয়োজন অনুসারে বিতরিত খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা ও ইহার পরিমাণ লাইব্রেরী টেবিলে উপস্থিত বিবরণীতে দেখান হইল।

Calling Attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: The Minister-in-charge of Education Department will please make a statement on the tense situation in Krishnagar Government College owing to intimidation of Professors, called attention by Shri Kashi Kanta Maitra on the 23rd March, 1965.

Shri Rabindralal Sinha: The State Government has received some reports about the Government College at Krishnagar. But the reports do not indicate that any serious situation has arisen there. An Assistaant Professor of the college has recently written to the Government and to the Director of Public Instruction saying that he has received threatening anonymous letters. A complaint has been lodged with the local police who are investigating this matter. The Principal of the college has also received a similar anonymous letter. The District Magistrate, Nadia, who happens to be the President of the Governing Body of the college is being requested to look into the question and report.

Mr. Deputy Speaker: I have received five notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Inordinate fear among students and guardians out of the conspiracy for murdering a student of Belur Ramkrishna Mission College—by Shri Sambhu Charan Ghosh;

(2) Discontentment among the small shopkeepers for the recent change in the weekly closure—by Shri Aswini Roy;

(3) Non-availability of fish and rise in price of egg and meat—by Shri Aswini Roy;

(4) Delay in payment of Higher Secondary Grant in Schools—by Shri Sanat Kumar Raha; and

(5) Unfavourable atmosphere in the Calcutta Corporation Election—by Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of unfavourable atmosphere in the Calcutta Corporation Election. The Hon'ble Minister-in-charge will please make a statement today, if possible.

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কলকাতা করপোরেশনের নির্বাচন পরশু হবে, কাজে কাজেই এ সম্বন্ধে আর সময় না নিয়ে আজকেই কিছু বলা সমীচীন বলে আমি মনে করি। কলকাতা করপোরেশনের ইলেকশন সম্বন্ধে এর পূর্বেও আমি নানা পক্ষ থেকে নানা দিক থেকে বিভিন্ন অভিযোগ পেয়েছি—কেউ বলছেন গুন্ডামী হচ্ছে, কেউ বলছেন পোস্টার ছিঁড়ে ফেলছে, কেউ বলছেন যে অফিস পুড়িয়ে দিচ্ছে, কেউ বলছেন ঢিল ছুঁড়ছে ইত্যাদি। এই সমস্ত খবর পেয়ে আমি কলকাতা পুলিশ কমিশনারকে বলে দিয়েছি যে এ সম্বন্ধে যে-ই হোন না কেন—কংগ্রেসই হোন, আর ইউনাইটেড সিটিজেন্স কমিটি হোন, প্রগ্রেসিভ ব্লকই হোন, জনসংঘ বা এস ইউ সি হোন যে কোন দলের হোন না কেন—আমাদের আইন শৃঙ্খলা বজায় রাখবার জন্য এবং এই নির্বাচন যাতে শান্তিপূর্ণ হয় তার জন্য সমীচীন ব্যবস্থা করবার জন্য।

শ্রীসোমনাথ লাহিড়ী: আর একটা কথা, এই পোলিং বুথগুলি খেয়ালখুশী মত হয়েছে অনেক জায়গায় এমন কি ৭১নং ওয়ার্ডে পোলিং বুথ ৯৩নং ওয়ার্ডে করা হয়েছে—এই রকম ঘটনা ঘটেছে—এই সমস্ত ব্যাপার সম্বন্ধে কিছু করতে হলে কালকের মধ্যেই করতে হয় তা না হলে কোন লাভ হবে না।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: এ সম্বন্ধে আমরা কিছু করতে পারি না, যে ডিপার্টমেন্ট এটা করেন তাদের অবগতিতে আমরা আনতে পারি।

শ্রীনারায়ণচন্দ্র রায়: আপনি যা বললেন—শুনলাম যে পুলিশ কমিশনারকে আপনি যথোপযুক্ত ব্যবস্থা করবার জন্য বলেছেন। আমি আপনার অবগতির জন্য এটা জানাচ্ছি, কিছু কিছু জায়গায় এ খবর হয়েছে যে মণ্ডল কংগ্রেস থেকে কিছু কিছু নাম দেওয়া হয়েছে যে এদের ইলেকশনের পূর্বাহ্ণে তুলে নেওয়া হবে। তার মানে হচ্ছে আজকে পুজো, হোলি ইত্যাদিতে কিছু গোলমাল করতে পারে এই বলে আমরা কিছু লোক তুলে দিই—আমরা কো-অর্ডিনেশন কমিটিতে মত দিই। কিন্তু এখানে সেটা করতে গেলে তাতে কি দুই পক্ষই থাকবেন—না, খালি আমাদেরই তুলবেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: আমার নির্দেশ এই আছে যদি কেউ সত্যিই মারামারি করবার সময় ধরা পড়েন তাহলে তাদের ছাড়বে না—কিন্তু কারও কথায়—সে মণ্ডলই হোন আর যেই হোন কারও কথায় আমরা ধরবো না।

শ্রীসোমনাথ লাহিড়ী: ধরা হয়েছে- আমরা কেস দিয়েছি। এর আগে ডি আই আর-এ তুলে নিয়ে যাওয়া হয়েছে এবং মণ্ডল কংগ্রেস অথবা নেপালবাবু এই রকম ধরনের লোকেরা এই সব ব্যবস্থা করছেন। আপনারা তার কিছুই করছেন না।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: আপনি তো জানেন তাহলে আর বলছেন কেন?

শ্রীসোমনাথ লাহিড়ী: এইভাবে আপনারা কি ইলেকশনটাকে একটা প্রহসনে পরিণত করতে চান? করপোরেশনের নির্বাচনেও একটু ভদ্রতা থাকবে না, স্বাধীনতা থাকবে না আপনারা ডি আই আর-এর নাম করে ধরে নিয়ে যাবেন—ব্যাপারটা কি?

শ্রীকাশিকান্ত মৈত্র: স্যার, মাননীয় মুখ্য মন্ত্রী যে স্টেটমেন্ট করলেন, সেটা তাঁর দৃষ্টিতে ডাঃ কানাই ভট্টাচার্য রেখেছিলেন বিশেষ করে ৫৭নং কনস্টিটিউয়েন্সিতে কংগ্রেস প্রার্থীর বাড়ীতে পোলিং বুথ হয়েছে—এই ব্যাপার নিয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে—সেখানে আমরা অবজেকশন দিয়েছি—কিন্তু কিছুই হচ্ছে না। আপনি অনুমান করতে পারেন নির্বাচনের একজন প্রতিদ্বন্দ্বীর বাড়ীতে যদি পোলিং বুথ বসে তাহলে সে নির্বাচন কি ফেয়ার হতে পারে? এটা আপনার বিবেচনা করা উচিত—তাই মুখ্যমন্ত্রী যদি একটা অ্যাসিওরেন্স দেন যে এ সম্বন্ধে ব্যবস্থা করবেন যাতে কোন ক্যান্ডিডেটের বাড়ীতে পোলিং বুথ হবে না তাহলে অনেক কাজ হবে বলে আমি মনে করি। এবং পোর্ট এলাকায় যদি সেদিন ছুটি না থাকে তাহলে হাজার হাজার পোর্ট শ্রমিকরা ভোট দিতে আসতে পারবে না—পাঁচ হাজার ভোটার সেখানে আছে—কাজেই পোর্ট এলাকায় সেদিন যাতে ছুটি ঘোষণা করা হয় সে ব্যাপারে মুখ্যমন্ত্রীর দায়িত্ব আছে বলে আমি মনে করি।

Message

Secretary (Shri P. Roy): I beg to report that a message has been received from the West Bengal Legislative Council for concurrence of the Assembly to the motion carried in the Council for constitution of a Joint Committee of both Houses on the West Bengal Cold Sotrage (Licensing and Regulation) Bill, 1965, and for the communication to the Council of the names of the Members appointed by the Assembly to the said Joint Committee.

I beg to lay the Message on the Table.

Firing at Indo-Pak border in Cooch Behar district

শ্রীকানাইলাল ভট্টাচার্য: ডেপুটি স্পীকার মহাশয়, গত সোমবার দিন মুখ্যমন্ত্রী মহাশয় বিধান পরিষদে বলেছিলেন পাকিস্তান সীমান্তের পরিস্থিতি সম্বন্ধে আলোচনা করার জন্য আমাদের বিরোধী দলের জনকতকের সংগে বসবেন। কিন্তু আজ শুক্রবার হতে চললো সীমান্তের কিছু অবস্থার পরিবর্তন হয়েছে বলে মনে হয় না। এখনও সেখানে সমানে উত্তেজনা আছে, পাকিস্তানের তরফ থেকে এখনও গুলি চালানো হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে আমরা কি জানতে পারি যে মুখ্যমন্ত্রী আমাদের সংগে বসতে রাজী আছেন কি না? যদি রাজী থাকেন তাহলে কবে বসবেন এটা জানতে পারলে ভাল হয়।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: এ সম্বন্ধে আমরা আর একটু অপেক্ষা করছি। আমরা যে সংবাদ পেয়েছি তাতে মনে হচ্ছে আজকে সন্ধ্যের মধ্যে বা কালকে সকালে সিজ ফায়ার হবে। অবশ্য আমি ঠিক বলতে পারছি না। কারণ তারা বলছে যে পূর্ব পাকিস্তানের চীফ সেক্রেটারী এবং গভর্নর সকলেই অনুপস্থিত থাকার জন্য সিজ ফায়ারের যে এগ্রিমেন্ট তারা সই করেছেন সেটা এফেকটিভ হচ্ছে না। আজকের মধ্যে না কি তারা সবাই পেঁছে যাবেন এবং এটা কার্যকরী হবার সম্ভাবনা আছে। সেটা দেখে আমি বসবো কি বসবো না সেটা ঠিক করবো।

[2-10—2-20 p.m.]

Meeting in Shoguna Colony

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: মিঃ স্পীকার, স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটা বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে নদীয়া জেলার সাগুনা কলোনীতে মিটিং হয়েছে ২৪শে তারিখে। সেই মিটিংয়ে আমরা দেখেছি যে হরিদাস মিত্র সভাপতি ছিলেন। তিনি একজন কংগ্রেসের লোক এবং তিনি বোধ হয় আগামী নির্বাচনে দাঁড়াবেন ওখানে শুনেছি। সেই মিটিংয়ে প্রধান অতিথি ছিলেন শ্রীশম্ভু বন্দ্যোপাধ্যায়, আই এ এস, রিলিফ ডিপার্টমেন্টের সেক্রেটারী। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে রিলিফ ডিপার্টমেন্টের সেক্রেটারী একজন আই এ এস অফিসার, তিনি কংগ্রেসের লোকের সভাপতিত্বে যে মিটিং হোল—সেটা সামাজিক মিটিং নয়—সম্পূর্ণ রাজনৈতিক মিটিং, কারণ উদ্বাস্তুদের সামনে গিয়ে তিনি জনসভা, বা বক্তৃতা করেছেন, সেটা করা সংগত হয়েছে কি না? আমার মনে হয় এটা করা সংগত নয়। বিশেষ করে নির্বাচন আসছে এই সময়ে গিয়ে একজন কংগ্রেস ক্যান্ডিডেটকে সাহায্য করবার জন্য যদি এই সমস্ত অফিসার গিয়ে কাজ করেন তাহলে কি করে চলবে? কাজেই এটার প্রতি আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ব্যাপারটা অনুসন্ধান করার জন্য যাতে ভবিষ্যতে এই রকম না হয়।

NON-OFFICIAL BUSINESS

PRIVATE MEMBERS' BILL

The West Bengal Exhibition of Obscene Posters (Control) Bill, 1965

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move for leave to introduce the West Bengal Exhibition of Obscene Posters (Control) Bill, 1965.

Shri Shambhu Charan Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার এই বেসরকারী বিলটি হাউস-এর সামনে উপস্থিত করবার জন্য যে অনুমতি দিয়েছেন, এই জন্য আপনাকে অশেষ ধন্যবাদ। ডেপুটি স্পীকার মহাশয়, ছাত্র এবং যুব সমাজের মধ্যে আজকাল প্রায়ই অভিযোগ শোনা যায় যে, তাদের নৈতিক অধঃপতন হয়েছে, নৈতিক চেতনা বোধের মান হ্রাস পেয়েছে, ফলে সমাজে দৌরাত্ম্য এবং উচ্ছৃংখলা বেড়ে গেছে। যাঁরা এই অভিযোগ করেন, তাঁরা আশংকা প্রকাশ করেন সমাজের ভবিষ্যৎ সম্পর্কে তাঁরা বলেন যে সমাজের এই উচ্ছৃংখলা এবং দৌরাত্ম্যকে যদি রোধ না করা হয়, তবে ভবিষ্যৎ সমাজের বুকে এর অন্তত ছায়ার প্রতিফলন হতে বাধ্য।

আমি আপনার কাছে স্পষ্টভাবে একটা জিনিষ রাখতে চাই, যে সমাজে উচ্ছৃংখল এবং দৌরাত্ম্য বৃদ্ধির জন্য ছাত্র সম্প্রদায় মূলতঃ দায়ী নয়। সমাজের কর্ণধার হিসাবে যাঁরা এর গতি নিয়ন্ত্রণ করেন, জাতির পুরোধার থেকে যাঁরা তার নেতৃত্ব দেন, তাঁরাই মুখ্যতঃ এই অবস্থার জন্য দায়ী, এই প্রসংগে আমি বিখ্যাত মনস্তত্ত্ববিদ ফ্রয়েড-এর কথা আলোচনা করতে চাই। তিনি তাঁর "থিওরি অফ ড্রিমস"এ আলোচনা প্রসংগে বলেছেন যে মানুষ রাত্রে খারাপ স্বপ্ন দেখে কেন? দার্শনিক ফ্রয়েড এই প্রসংগে আলোচনা করতে গিয়ে বলেছেন যে মানুষ যখন জাগ্রত অবস্থায় থাকে তখন তার সেন্সরশিপ অফ রিজন থাকে স্ট্রং, ফলে ঐ অবচেতন মনের স্তরে সুপ্ত কোনও জিনিষ মাথা-চাড়া দিতে পারে না, তাই জাগ্রত অবস্থায় মানুষ খারাপ কেন, কোন স্বপ্নই দেখে না। কিন্তু মানুষ যখন নিদ্রা যায়, তখন তার সেন্সরশীপ অফ রিজন হয় আলগা, চিন্তার বল্গা হয় আলগা তখন অবচেতন মনের স্তরে সুপ্ত কুপ্রবৃত্তিগুলো মাথা চাড়া দিয়ে ওঠে। ফলে মানুষ তখন খারাপ স্বপ্ন দেখে। ফ্রয়েড-এর এই তত্ত্বটি যদি সমাজের পটভূমিকায় প্রয়োগ করা যায়, তাহলে দেখা যাবে যে সমাজের অনুশাসনের বল্গা যখন হয় আলগা, তখন বিকৃত রুচির প্রতিফলন হয়, তখন কুরুচির আত্মপ্রকাশ হয় সমাজের বুকে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি বোধ হয় নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে পথেঘাটে, শহরে, গ্রামাঞ্চলে অশ্লীল পোস্টার-এর সমারোহ। এই ন্যুড, নেকেড, অবসিন পোস্টার ছাত্র সমাজকে কলুষিত করার চেষ্টা করছে। বিশেষভাবে জেমিনী মার্কা হিন্দী ছবি এবং হলিউড মার্কা ইংরাজী ছবির পোস্টারগুলো ছাত্র সমাজের তরুণ মনকে আজ বিভ্রান্ত করার চেষ্টা করছে। বিষাক্ত করে তোলার চেষ্টা করছে। আমি জানি এই সিনেমার মূল চিত্রে হয়তো ক্ষণিকের জন্য এই দৃশ্য আছে, কিন্তু সেই দৃশ্য অথবা হয়তো কোনও দৃশ্য নেই, কিন্তু প্রচার যন্ত্রের মাধ্যমে বিজ্ঞাপনকে এমনভাবে প্রদর্শন করা হয়, যার মধ্যে দিয়ে ছাত্র সমাজ সহজেই আকৃষ্ট হয়।

Shri Bijoy Singh Nahar: I oppose the introduction of this Bill in this House.

Shri Shambhu Charan Ghosh:

আপনি জানেন যে ছাত্র সমাজের মধ্যে আত্মস্ফুরণ সহজে হয় না, তাদের মধ্যে বুদ্ধির বিকাশ যথার্থভাবে হয় না, তাই তারা তাদের ইমোশন, ফিলিংস এবং সেন্টিমেন্ট-এর দ্বারা নাইডেড হয়। এবং এই সমস্ত অবসিন, নুড পশ্চারগুলি তাদের অতি সহজেই প্রলুব্ধ করে ক্ষণিকের জন্য, যদিও প্রলুব্ধ করে এবং মুহূর্তের জন্যও তাদের আকর্ষণ করে, কিন্তু তার জন্য তাদের মধ্যে সুদূরপ্রসারী প্রতিক্রিয়া জীবনের মধ্যে দেখা যায়, দেখা যায় যে তাদের মনের বালুচরে গভীর খাত সৃষ্টি করে, মনের আকাশে তাদের বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে, মনের পর্দায় দেখা যায় বিরূপ রুচির রেখাপাত করে, তাদের চরিত্রের মধ্যে দিয়ে আর ব্যবহারের মধ্যে দিয়ে রেখাপাত করে। পথে চলতে চলতে হয়তো নিশ্চয়ই আপনিও শুনেছেন, আমিও শুনেছি কলেজের অল্পবয়স্ক ছাত্রীর মুখে শোনা যায়—যখন সে গুণ গুণ করে গান গায়, "মন যে আমার কেমন কেমন করে, প্রাণেতে সয় না সখি নাগর গেছে পরের ঘরে"। এই রকম যে অশ্লীল মনোভাবের প্রতিফলন আমরা তাদের আচার ব্যবহারের মধ্যে দিয়ে দেখি এটা নিশ্চয়ই সমাজের পক্ষে সুস্থ লক্ষণ নয় বলে আমি মনে করি। আমরা মনে করি এই সম্পর্কে যদি সরকার এখনও অবহিত না হন, তাহলে যে বুনিয়াদ, সেই বুনিয়াদ সম্পর্কে যথেষ্ট চিন্তার কারণ আছে। আমি যে শুধু এই অশ্লীল পোস্টার সম্বন্ধে সকলের দৃষ্টি আকর্ষণ করছি তা নয়, এর পরিণতি সাধারণভাবে এক দারুণ প্রতিক্রিয়ার সৃষ্টি করতে পারে। এর পরে আমরা দেখবো এই ছাত্র সমাজের মধ্যে চিন্তার

স্তব্ধতা, বুদ্ধির ক্লীবতা—আমি শুধু হিন্দী বা ইংরেজীর পোস্টার-এর কথা শুধু আপনার কাছে রাখছি না, আমি রাখছি যে এমন সব পত্র-পত্রিকা আমাদের বাংলাদেশে রয়েছে দেশী এবং বিদেশী যেগুলো আমাদের দেশে ছাপা হয় না আমেরিকা থেকে আমদানী হয়ে আসে, তার মধ্যে এমন অবসিন ছবি ছাত্র সমাজকে আকৃষ্ট করে, যুবক সম্প্রদায়কে আকৃষ্ট করে, যার মধ্যে দিয়ে তাদের মনোজগতে একটা বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে। আমি একটা জিনিষের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, এই ব্লিৎস-এর কারেন্ট ইস্যু-তে একটি সংবাদ পরিবেশিত হয়েছে, সংবাদটির হেড লাইন হচ্ছে 'টপলেস গার্ল'—এক নগ্ন-দেহী মহিলা তিনি তার পাবলিক এক্সপোজার-এর জন্য আদালতে অভিযুক্ত হয়েছিলেন, নিম্ন আদালতে তার সাজা হয়েছিল, কিন্তু উচ্চ আদালতে তিনি মুক্তি পেয়েছেন। এই সংবাদ ব্লিৎস পত্রিকাতে খুব ফলাও করে ছাপান হয়েছে, শুধু প্রকাশ করেছে তা নয়, সেই নগ্ন-দেহী মহিলার চিত্রটি সাথে সাথে প্রকাশ করেছেন। আপনি জানেন যে ব্লিৎস-এর মধ্যে হয়তো অনেক ইম্পর্ট্যান্ট সংবাদ থাকে, অনেক হয়তো প্রয়োজনীয়, মূল্যবান সংবাদ থাকে কিন্তু সঙ্গে সঙ্গে এইরকম অশ্লীল ছবি এবং বিজ্ঞাপন সাধারণ ছাত্র এবং যুব সমাজের মনকে বিষাক্ত করে তোলার সহায়তা করে। তাই এ সম্বন্ধে আজকে চিন্তা করার সময় এসেছে। শুধু তাই নয়, ব্লিৎস-এর শেষ পৃষ্ঠায় যে ধরনের ছবি থাকে, সেই ধরনের ছবি নিয়ে পত্রিকাটি হাতে নিয়ে চলাফেরা পর্যন্ত অসম্ভব হয়ে দাঁড়ায়। আজকে আমি যখন অশ্লীল ছবি এবং পোস্টার নিয়ে আলোচনা করছি, তখন আমি জানি যে কোন কোন মহল থেকে হয়তো প্রশ্ন উঠতে পারে যে আমরা দেখেছি দেবদেবীর মন্দিরের গায়ে নানা রকম অশ্লীল ভঙ্গিমার মূর্তির উলঙ্গ প্রকাশ। সে সম্পর্কে আমাদের বক্তব্য কি?

ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে পরিষ্কার ভাবে রাখতে চাই যে, আমি ভারতবর্ষের অধিকাংশ স্থানের দেবদেবীর মন্দির পরিদর্শন করেছি, আমি দেখেছি সেখানে স্থাপত্য শিল্পের নিদর্শন, আমি দেখেছি সেখানে অনেক উলঙ্গ মূর্তির নগ্ন প্রাকাশ। কিন্তু শিল্পের মধ্যে যেখানে নগ্নতা আছে, সেখানে তার আবেদন থাকে মানুষের রুচি বোধের কাছে, শিল্পের মধ্যে যেখানে অশালীনতা বলে প্রতীয়মান হয়, সেখানে তার আবেদন থাকে মানুষের সৌন্দর্যবোধের কাছে, শিল্পী যখন তার শিল্পী মন নিয়ে, সাধারণ মানুষ যখন তার শিল্পীমন নিয়ে সেই শিল্পের সৃষ্টিকে বিচার করে তখন তার মধ্যে সেই সৌন্দর্য তত্ত্বের মূল্যকে আবিষ্কার করার চেষ্টা করে। তার মধ্যে সে পেতে চায় র‍্যাশনাল প্লেজার, রিফাইন্ড প্লেজার সে পেতে চায়, কিন্তু সাথে সাথে আমরা প্রায়ই দেখি ভেনাস নগ্ন মূর্তির যে সৃষ্টি, শিল্পী যেখানে ভেনাস-এর নগ্ন মূর্তির সৃষ্টি করে সেখানে ভেনাস-এর নগ্ন মূর্তি একটা সৌন্দর্য লাবণ্যময় লাবণ্যের প্রতীক হিসাবে শিল্পী মনের কাছে ফুটে ওঠে। কিন্তু তার পাশে সেই ভেনাস-এর নগ্ন মূর্তি, শিল্পীর সার্থক সৃষ্টি যার মধ্যে দিয়ে মানুষ তার শিল্পী মন নিয়ে শিল্প সৌন্দর্যকে আবিষ্কার করার চেষ্টা করে, সেই ভেনাস-এর মূর্তির পাশে যদি দেখা যায় যে কলকাতার রাজপথে যে ধরনের নোংরা, অশ্লীল, পোস্টার দেখা যাচ্ছে, যদি দেখা যায় যে ঐ "চাচাচা"-এর পোস্টার-এ হেলেন-এর নগ্ন মূর্তির পোস্টারের সঙ্গে সঙ্গে আজকে মনে হয় সেখানে ভেনাস-এর নগ্ন মূর্তি সৌন্দর্যের প্রতীক হিসাবে মানুষের শিল্পীমনের কাছে প্রতীয়মান হয়, সেই হেলেন-এর নগ্ন মূর্তি মানুষের যৌন মনোবৃত্তির কাছে আবেদন করে। স্পেনে ভেনাস-এর নগ্ন মূর্তির কারভেচার সাধারণ মানুষের কাছে রুচির একটা প্রতীক হিসাবে গণ্য হয় সেখানে আমরা দেখছি যে এর পেছনে কোনও রকম মটিভ বা মনোভাব থাকে না, সেখানে দেখা যায় ঐ হেলেন-এর নগ্ন মূর্তির পেছনে আছে ব্যবসায়ী মনোভাব।

[2-20—2-30 p.m.]

ব্যবসায়ী সম্প্রদায় তাদের স্বার্থকে চরিতার্থ করবার জন্য সাধারণ ছাত্র সমাজের তরুণ মনকে এক্সপ্লয়েট করবার জন্য এগুলি তাঁর হাতিয়ার হিসাবে ব্যবহার করেন, অবসিন ন্যুড পোস্টার-এর মাধ্যমে তাঁদের ব্যবসাকে ফুলিয়ে ফাঁপিয়ে তুলবার চেষ্টা করেন। কাজে কাজেই আমরা দেখছি শিল্পের মধ্যে একটা অশ্লীলতা আছে, আপাতদৃষ্টিতে মনে হলেও সেটা অশ্লীল নয়, তার আবেদন মানুষের অন্য বৃত্তির কাছে। কিন্তু বিজ্ঞাপনের পিছনে যে অশ্লীলতা আছে তার পিছনে আছে ব্যবসায়ী মনোভাব। দু'চারটি মহল থেকে হয়ত প্রশ্ন উঠতে পারে যে স্থাপত্য শিল্পে বা কারু-শিল্পে তো নগ্নতা থাকে। যদি আমি এই নগ্নতা স্বীকার করে নিই তাহলেও

সিনেমা শিল্পের এই নগ্নতার বিরুদ্ধে, বিজ্ঞাপনের এই নগ্নতার বিরুদ্ধে আমার আপত্তি। বিদগ্ধ মহল থেকে প্রশ্ন উঠতে পারে—আমি আপনার কাছে জানিয়ে দিতে চাই যে যেখানে মানুষের জীবনকে কেন্দ্র করে এই শিল্পের রচনা, যেখানে মানুষের জীবনকে ভিত্তি করে শিল্প তার সার্থক বিকাশ লাভের চেষ্টা করে সেখানে নিশ্চয়ই রুচি বোধের পার্থক্য বা তারতম্য ঘটাবার চেষ্টা করব। কিন্তু যদি দেখা যায় যে শিল্প শুধুমাত্র একটা অন্তঃসার-শূন্য ফ্যাশানে পরিণত হয়েছে, যদি দেখা যায় এর পিছনে ব্যবসায়ী মনোভাব কাজ করছে তাহলে নিশ্চয়ই সেটা শিল্প বলে পরিগণিত হবে না। সেদিক থেকে আমাদের বিচার করতে হবে যে আজকে এই ধরনের বিজ্ঞাপন এই ধরনের প্রদর্শনী যদি বন্ধ করার চেষ্টা না করা হয় তাহলে সমাজের ভবিষ্যত সম্পর্কে দেশের মানুষের কাছে যথেষ্ট চিন্তার কারণ হয়ে দাঁড়াবে। আমি সংগে সংগে আর একটা কথা রেখে আমার বক্তব্য শেষ করব সেটা হচ্ছে এই যে এই ধরনের অশ্লীল অবসিন ন্যুড পোস্টারকে শুধু যে বিজ্ঞাপনের হাতিয়ার হিসাবে ব্যবহার করছে তা নয়, এর পিছনে শুধুমাত্র যে ব্যবসায়ী মনোভাব কাজ করছে তা নয়, এর পিছনে শুধুমাত্র যে অন্তঃসারশূন্য ফ্যাসনের মহামারি কাজ করছে তা নয়, এর পিছনে সরকারের একটা নীরব পরোক্ষ সমর্থন আছে। সরকার আজকে চান না ছাত্র সমাজের মধ্যে যে একটা রেভলিউ-শনারী জিল আছে সেটা সার্থক ভাবে বিকশিত হয়ে উঠুক, সরকার চান ছাত্র সমাজের সেই রেভলিউশনারী স্পিরিটকে ডাইভার্ট করে দিতে, সেগুলিকে ক্রাশ করে দিতে, যাতে করে তারা নিজেদের ওগুলির মধ্যে মগ্ন রাখতে পারে, সংগ্রামের স্ফুরণ যাতে তারা না করতে পারে, যাতে তারা তাদের সেই সংগ্রামের বৃত্তিকে ঠিকভাবে বিকশিত করে তুলতে না পারে। সেজন্য সরকার ছাত্রদের অ্যাটেনশনকে ডাইভার্ট করবার চেষ্টা করেন, তাদের সমস্ত মনোভাবকে পরিবর্তন করবার চেষ্টা করেন। সেজন্য সরকারের পরোক্ষ হাত এর পিছনে আছে। কিন্তু পরোক্ষ হাত থাকলে হবে না, আজকে দেশের কথা, সমাজের কথা, শিক্ষা, সংস্কৃতির কথা চিন্তা করতে হবে। এই সমস্ত কথা চিন্তা করে আমি যে বিলটা এনেছি সেই বিলের বিরুদ্ধে নিশ্চয়ই কেউ কোন আপত্তি করবেন না, আশা করি সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ সর্বসম্মতিক্রমে এই বিলটা গ্রহণের জন্য অনুমতি প্রদান করবেন।

শ্রীবিজয় সিং নাহার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শম্ভুচরণ ঘোষ মহাশয় যে প্রস্তাব করেছেন আমি নিশ্চয়ই স্বীকার করি যে এই প্রস্তাবের উদ্দেশ্য মহৎ, এই রকম অশ্লীল কোনরকম প্রদর্শনী হওয়া উচিত নয়। কিন্তু আমি তাঁকে জানিয়ে দিতে চাই এই যে বিলটি নিয়ে আসার প্রচেষ্টা করেছেন সেটা রয়েছে, আজ থেকে নয় বহুদিন ধরে। ইন্ডিয়ান পেনাল কোড-এর ২৯২ সেকসনটা আমি আপনার সামনে পড়ে দিচ্ছি, তাহলে বুঝতে পারবেন যে উদ্দেশ্যে এটা নিয়ে এসেছেন সেই আইন এখনও রয়েছে। সেকসন ২৯২-তে রয়েছে—

Whoever sells, lets to hire, distributes, publicly exhibits or in any manner puts into circulation, or for purposes of sale, hire, distribution, public exhibition or circulation, makes, produces or has in his possession any obscene book, pamphlet, paper, drawing, painting, representation or figure or any other obscene object whatsoever.

তার মানে কেবল পোস্টার নয়, সমস্ত জিনিসকে নিয়ে যত রকমের অশ্লীল ব্যাখ্যা হতে পারে তা এই সেকসন ২৯২-তে রয়েছে। তার সংগে সংগে আমি আর একটা কথা বলতে পারি, ওষুধের বিজ্ঞাপনেও নানাভাবে অশ্লীল জিনিস হত বলে ১৯৪৮ সালে ওয়েস্ট বেংগল আনডিজায়রেবল অ্যাডভারটাইজমেন্ট কন্ট্রোল অ্যাক্ট করা হয়েছিল যাতে ওষুধের বিজ্ঞাপন অশ্লীল না হতে পারে। সেজন্য নতুন করে এই বিল আনার প্রয়োজন নেই, এটা রয়েছে। এই সংগে আমি এইটুকু বলতে পারি আমাদের যত আইন আছে প্রায় সমস্তই প্রয়োগ করা হয় যখন কাজ হয়ে যায় তার পরে। কোন পোস্টার ছাপিয়ে লাগিয়ে দিন, তারপর দেখা গেল যে অবসিন রয়েছে। তাকে হয়ত প্রোসিকিউট করতে পারা যায়। এই নিয়ে বহুবার বিধান সভায় আলোচনা হয়েছে এবং তার জন্য একটা ব্যবস্থাও গ্রহণ করা হয়েছিল। ১৯৫৯ সালে একটা কমিটি তৈরি হয়েছিল, তাতে ইন্ডিয়ান মোশান পিকচার্স অ্যাসোসিয়েশন, অন্যান্য ফিল্ম ডিস্ট্রিবিউটর্স, ডিরেক্টর অফ পাবলি-সিটি রয়েছে। এখানে প্রত্যেকটি ফিল্ম, পোস্টার এবং অন্যান্য যা কিছু প্রচারপত্র আসে সেগুলিকে পাশ করিয়ে নিতে হয় এবং সেটা এখনও পাশ হচ্ছে, এবং পাশ করার পর তবে তারা একজিবিট

করতে পারছেন আমি কয়েকটি ফিগার মাননীয় সদস্যদের জানিয়ে দিতে চাই—১৯৬৪ সালে এই কমিটির সামনে এসেছিল সিনেমা পাবলিসিটির জন্য, মেটিরিয়ালস ফর ফিল্মস ইন দি ইয়ার নাইনটিন হান্ড্রেড অ্যান্ড সিক্সটিফোর এবং স্টীল ফটোজ ৬ হাজার ১শো, তার মধ্যে পাশ হয়েছিল ৫ হাজার ৯০৭টি, ক্যানসেল হয়েছিল ৫০টি, মডিফায়েড হয়েছে ১৭টি আর লিমিটেড ডিসপ্লের জন্য ১২৬টি। পোস্টার এসেছে ৭২৮টি, তার মধ্যে পাস হয়েছে ৬৩২টি, ক্যানসেল হয়েছে ৭টি, মডিফায়েড করা হয়েছে ৮৯টি। শো-কার্ড এসেছে ২৭৪, পাস হয়েছে ২৬২টি, ক্যানসেল হয়েছে ৫, মডিফায়েড হয়েছে ১৭, লিমিটেড ডিসপ্লে-র জন্য পাস হয়েছে ১৪। প্রেস অ্যাডভারটাইজমেন্ট যেগ্লি ও'রা করেন যেগ্লি কমিটির কাছে দেখিয়ে নেওয়া হয় তাতে ১,৩৩৯টি প্রেস অ্যাডভারটাইজমেন্ট এসেছিল, তার মধ্যে ১০৮৮টি পাস হয়, ২৮টি ক্যানসেল হয়, আর ২২৩টি মডিফাইড করা হয়। স্লাইড যেগ্লি তাঁরা দেখান, তা কমিটির কাছে আগে আসে, ৭৯টি স্লাইড দেখান হয়েছিল তাতে সেগ্লি পাস করা হয়েছে। আর এনলার্জমেন্ট স্টিল ফটোগ্লি সেটাও আসে ১৯৬টি, ১৯১টি পাস হয়েছে, ৪টি লিমিটেড ডিসপ্লে-র জন্য দেখান হয়েছে, একটি ক্যানসেল হয়েছে। এই কমিটির বরাবরই অধিবেশন হয় এবং যতগ্লি বিজ্ঞাপন দেওয়া হয় সমস্ত এর মাধ্যমে পাস করিয়ে দেওয়া হয়। তাতে যদি মাননীয় সদস্যগণ মনে করেন যে অমুক বিজ্ঞাপন ঠিক হয় নি, অমুক পোস্টার অশ্লীল হয়েছে, নিশ্চয়ই আমরা সেগ্লি পুনরায় বিবেচনা করে দেখতে পারবো। কিন্তু এই বিল আনার কোন সার্থকতা নাই। কারণ এগ্লি অলরেডি কভারড হয়ে আছে ২৯২ সেকশন অফ দি ইন্ডিয়ান পেনাল কোডএ, সেই জন্য আমি এর বিরোধী।

মিঃ ডেপ্টি স্পীকার: মিঃ ঘোষ, আপনি আপনার প্রস্তাব উইথড্র করছেন তো?

Shri Shambhu Charan Ghosh:

মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় বক্তব্য যা রাখলেন, আমি তা শুনেছি। পেনাল কোড-এ এরকম একটা ধারা আছে—উনি যেটা বললেন ১৯৪৮এর অ্যাক্টএ, সেটা আমরা দেখেছি সেই হচ্ছে হেলথ ডিপার্টমেন্টএর একটা আইন: তার সাথে এই সাধারণ পোস্টারের কোন সম্পর্ক নাই। আমরা দেখেছি পেনাল কোডে ধারা থাকা সত্ত্বেও আপনি নিশ্চয়ই লক্ষ্য করছেন যে চা—চা—চা-এর যে পোস্টার তা একান্ত অশ্লীল, জঘন্য নোংরা, সভ্য সমাজে এর একটি প্রদর্শনী হতে পারে—কোন মানুষ তা কল্পনাও করতে পারে না। শিক্ষা-সংস্কৃতি সম্বন্ধে যাঁদের সামান্যতম রুচি আছে, তাঁরা এর বিরুদ্ধে নিশ্চয়ই প্রতিবাদ করবেন। আমি সেইজন্য আশা করেছিলাম যে এইরকম বিল তাঁরা আনবেন, তাতে কোন অসুবিধা নাই। পেনাল কোডে সেকশন থাকে, কিন্তু অনেক সময় দেখা গেছে পি ডি অ্যাক্টও ছিল, তা সত্ত্বেও ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস তাঁরা নূতনভাবে চালু করেছেন। কাজে কাজেই নূতনভাবে স্পেসিফিকালি এই পোস্টারগ্লি বন্ধ করবার জন্য, এই বিজ্ঞাপনগ্লি বন্ধ করবার জন্য যদি নূতন একটি আইন প্রণয়ন করেন, তাহলে আমি মনে করি না যে তাতে ক্ষতি ছিল। আমি এও আশা করেছিলাম যে সরকারের অন্তত এইটুকু শুভবুদ্ধি থাকবে যে তাঁরা এই প্রস্তাবটিকে গ্রহণ করবেন। অন্তত এইটুকু বলবেন যে তাঁরা অনুরূপ একটি বিল রচনা করবেন। এইটুকু বললেও আমি আমার বিলকে প্রত্যাহার করে নিতাম। কিন্তু সরাসরি যখন তাঁরা এই বিলটির বিরোধিতা করছেন, তখন আর আমি আমার বিলটি উইথড্র করছি না এবং প্রেস করছি যে হাউসের মত নেওয়া হোক।

The motion of Shri Sambhu Charan Ghosh for leave to introduce the West Bengal Exhibition of Obsence Posters (Control) Bill, 1965, was then put and a division taken with the following result:—

AYES—36

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhattacharya, Dr. Kanai Lal

Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Josse, Shri Lakshmi Ranjan
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Mandal, Shri Adwaita
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Rai, Shri Deo Prakash
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

NOES—57

Abdul Bari Moktar, Shri
Abdul Latif, Shri
Abul Hossain, Shri Syed
Ahmed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban

Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Ishaque, Shri A. K. M.
Joynal Abedin, Shri
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Manya, Shri Murari Mohan
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Dr. Gopikaranjan
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Saha, Shri Dhaneswar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Wangdi, Shri Tenzing

The Ayes being 36 and the Noes 57, **the motion was lost.**

[2-30—2-40 p.m.]

NON-OFFICIAL RESOLUTION

Shri Narendra Nath Sen: Mr. Deputy Speaker, Sir, although this resolution has been balloted in the name of Shri Abul Hashem, it is practically my resolution and was tabled by me and so I have been authorised by Shri Abul Hashem to move this resolution.

Sir, I beg to move that with a view to—

(i) remove the acute traffic problem of the city of Calcutta, particularly during the peak hours, and

(ii) minimise the risks of accidents to tramways and bus passengers;

This Assembly is of the opinion that the proposal for a circular railway for Calcutta, which is the only alternative to meet this problem effectively, should immediately be taken up by the West Bengal Government with the Union Government for its early implementation.

Mr. Deputy Speaker, Sir, the people of Calcutta have been for long years suffering from a very acute problem of passenger transport in this city. Everyone of us is fully aware of the difficulty that the passengers, the office

goers have to suffer from, particularly during the peak office hours when the office goers have to board trams and buses in a very dangerous manner. They have to hang on the foot-boards, on the handles and also on the sides which involve great risk to life. We are also fully aware that very often accidents do take place, and when a passenger tries to get down from a tram or a bus accidents very frequently occur when some of the passengers are crushing down by a running car or a lorry. Sir, this is the position of the transport facilities in the city. No doubt, the number of buses has increased; the State Government has increased its fleet of buses. No doubt, the number of trams has also been increased; but still they could not meet the growing demand of the people of this city, and from morning till night people have to travel in over-crowded buses and trams. The time factor is another difficulty which we have often to face. It often takes long hours for office goers to reach their office during office hours. There are very frequent occasions when it takes an hour even for a passenger to go from Shyambazar five-point crossing to the Dalhousie Square. The traffic jams are another factor which we have often to face. Sir, you are fully aware that we are also to face other difficulties. The passengers are practically at the mercy of the drivers and conductors of buses and trams. A simple altercation with a passenger leads to traffic jam. This is our position in the city. So, the question that arises in our mind is, how long are we to suffer this inconvenience? How long are the people to undergo these tribulations, and what is the remedy? In my mind, Circular Railway for Calcutta is the only practical solution of this problem, and unless it is implemented, unless we have a Circular Railway at a very early date, the sufferings of the people will go on increasing.

[2-40—2-50 p.m.]

Sir, our late Chief Minister, Dr. B. C. Roy, tried to remove this difficulty and give some relief to the people. He thought out of this plan of a Circular Railway or a Tunnel or Tube Railway for the city of Calcutta. He brought experts from foreign countries for this purpose who made elaborate survey and submitted Master Plans and schemes for this purpose. Dr. Roy took up this matter with the Central Government so that his dream of a Circular Railway for Calcutta might be fulfilled and the people of Calcutta might leave a sigh of relief. Sir, unfortunately for us. Dr. Roy is no more with us. Although the Central Government are fully aware of this problem in Calcutta and although we have had ample sympathies from the railway authorities and the Central Ministers we are still in the dark as to its fate. It is still uncertain whether we shall have a Circular Railway and, if so, when.

Sir, our Chief Minister recently took up this matter with the Central Government. The Railway Minister, Mr. Patil, expressed his sympathy and gave some assurance, but we do not as yet find this matter included in the next Five-Year Plan and unless it is so done at an early date and it is given the topmost priority, there is no chance of having our hopes fulfilled. Our Congress Chief, Shri Atulya Ghosh, also took up this matter with the railway authorities and we are happy to learn that the railway authorities have given some hope of taking up this matter at an early date.

Sir, it is a very pressing necessity for the people of Calcutta—it is a question of life and death for the people of Calcutta. It is the general demand of the people of Calcutta that a Circular Railway should be established in this city at a very early date and relieve them from this acute problem so that they can move from place to place at the earliest possible time. We request the West Bengal Government to take up this

matter and take more practical steps so that the Central Government may be moved to give this scheme top priority and include it in the next Five-Year Plan.

Sir, with these words, I commend this resolution to the House.

Shri Jyoti Basu: Sir, I beg to move that for the last paragraph the following paragraph be substituted, viz.:

"This Assembly is of the opinion that the proposal for a circular or underground railway for Calcutta, whichever is more advantageous, should be taken up by the West Bengal Government with the Union Government for its early implementation and that the decision with regard to the above should be arrived at by the time the Fourth Plan is finalised."

এ বিষয় নিশ্চয়ই আমরা সকলে এক মত যে আমাদের কলকাতায় হয় একটা সারকুলার রেল না হয় একটা আন্ডার গ্রাউন্ড রেল করা উচিত। কারণ এ ছাড়া যে একটা বিরাট সঙ্কট দেখা দিয়েছে যাত্রীদের এবং মানুষের জন্য এর কোন সমাধান নেই। এসব কথা আমরা অনেকদিন ধরেই বলছি। নরেনবাবু প্রস্তাব আনতে গিয়ে বললেন ডাঃ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি বাইরে থেকে এক্সপার্ট আনিয়ে তদন্ত করেছিলেন এবং সেই তদন্তের রিপোর্ট নরেনবাবু জানেন কিনা জানি না আমরা জানি না এই তদন্তের জন্য কিছু টাকাও খরচ হয়েছে, প্রথম তদন্ত ফ্রেঞ্চ এক্সপার্ট দিয়ে হয় যে আমাদের এখানে আন্ডার গ্রাউন্ড রেলওয়ে হতে পারে কি না। ডাঃ রায় এটা চেষ্টা করেছিলেন, তারপর কি হল সব এ্যাবানডান্ট হয়ে গেল, কেন এ্যাবানডান্ট হয়ে গেল তাও বুঝলাম না। পরবর্তীকালে আমরা শুনেছি অনেক খরচা হবে, কলকাতা সেরকম সাবসয়েল এখানকার আন্ডার গ্রাউন্ডের অবস্থা যা তাতে অনেক বেশী খরচ হবে, এজন্য তারা ভাবলেন যে সারকুলার রেলওয়ে করলে অনেক পরিমাণে ভীড় কম হবে এরকম পশ্চিম ইত্যাদি দেশে আছে। যা হোক সে সারকুলার রেলের কি হল আমরা তা জানি। ডাঃ রায় কি কথা বলেছিলেন কেন্দ্রের সঙ্গে সেসব আমরা জানি না। এসব হচ্ছে আমাদের অসুবিধা। এসব রিপোর্ট আমাদের দেওয়া হয় না, কখনও অ্যাসেম্বলীকে কনফিডেন্স নেওয়া হয় না, যদিও টাকা এর জন্য আমরা বরাদ্দ করি সি এম পি ও দীর্ঘ মেয়াদী, স্বল্প মেয়াদী ইত্যাদি বিভিন্ন রকম পরিকল্পনা করছেন কিন্তু সি এম পি ও-র কাছে টার্মস অফ রেফারেন্স হিসাবে এই সমস্যার কথা কিছু নেই কেন তা আমরা জানি না। আমি যদিও শুনেছি সি এম পি ও-র বড় কমিটির সভ্য হিসাবে, যাতে আমি আছি। কিন্তু আজ পর্যন্ত সে কমিটির মিটিং হয় নি। মাঝে মাঝে এক আধটা ইস্তাহার বা পুস্তিকা পাই। কিন্তু সি এম পি ও যারা এত সমস্যা দেখছেন কলকাতা স্বল্প মেয়াদী দীর্ঘ মেয়াদী পরিকল্পনা করছেন কিন্তু কেন সি এম পি ও যাত্রীদের এসব অসুবিধা ইত্যাদি সব নেন নি তা আমি বুঝতে পাচ্ছি না। যদি কেউ জানেন আমাদের একটু বুঝিয়ে বলবেন। আমি সোভিয়েট ইউনিয়নে যখন বেড়াতে গিয়েছিলাম তখন আমি লেলিনগ্রাডে ওদের কয়েকজনের সঙ্গে কথা বলে দেখলাম, সেখানে অনেকগুলি আইল্যান্ড আছে যেগুলি দেখলে মনে হয় পরিষ্কার জল এবং নানারকম অসংখ্য ব্রীজ আছে। সেখানে যদি এরূপ জায়গায় আন্ডার গ্রাউন্ড থাকতে পারে, তখন আমার মনে হল যে আমাদের কলকাতায় এটা থাকতে পারে না কেন? শুনেছিলাম তাদের সাবসয়েলও এরূপ। আমি সেখান থেকে ফিরে এসে ডাঃ রায়কে বলেছিলাম সেখানে গিয়ে দেখবার জন্য। অবশ্য ডাঃ রায়ের মস্কো যাবার তখন কথা ছিল যদিও যান নি। যা হোক লেলিনগ্রাডে দেখে মনে হল অনেক টাকা পয়সা খরচ করতে হতে পারে কিন্তু কত টাকা খরচ হবে না হবে সে সব কিছু জানলাম না। আমরা যেহেতু এক্সপার্ট নই, এসব কোন ফোর্সও আমরা চিন্তা করেনি। যা হোক এসব খুব বিবেচনার বস্তু। নরেনবাবু যে প্রস্তাব এনেছেন সেটা আমরা সকলে সমর্থন করছি। কিন্তু যেটা তিনি বলেছেন যে এটা কবে হবে সেটাই হল বিশেষ কথা সেজন্য আমি এটা নির্দিষ্টভাবে দিয়েছি যে চতুর্থ পরিকল্পনায় যখন এটা ফাইনালাইস করবেন তখন এটা চূড়ান্ত রূপ দেবেন।

[2-50—3 p.m.]

সেইজন্য আমি নির্দিষ্টভাবে বলতে চাই যে চতুর্থ পরিকল্পনা যখন ও'রা ফাইন্যালাইজ করবেন তখন অন্তত জানা দরকার পশ্চিমবাংলা সরকারের যে ও'রা ওটা গ্রহণ করলেন কিনা। যদি

গ্রহণও করেন তাহলেও আরও তদন্তের প্রয়োজন হবে। কারণ আমার মনে হয় না যে সমস্ত তদন্ত শেষ হয়ে গেছে। হয়তো আরও তদন্ত করবেন। সার্কুলার রেলওয়ে হোক আর আন্ডার গ্রাউন্ড হোক যদি একথা বলেন যে তদন্ত হলে ৫ বছর লাগবে তাহলে একেবারে অনিশ্চিত হয়ে যায়। তাহলে এই সব প্রস্তাব আনার কোন অর্থ হয় না। সেইজন্য আমার নির্দিষ্ট কথা হচ্ছে—আমার সংশোধনীর মধ্যে যেটা দিয়েছি যে চতুর্থ পরিকল্পনার চূড়ান্ত রূপ দেবার আগে বা সেই সময় যেন পশ্চিম বাংলা সরকার জানতে পারেন কেন্দ্রীয় সরকারের থেকে যে ও'রা ওটা গ্রহণ করলেন কিনা—হওয়া উচিত কিনা। আন্ডার গ্রাউন্ড রেলওয়ের কথা বলছি কারণ এটা আমরা এ্যাবানডান করে দিতে পারি না। আমি আগেই বলেছি আমার তথ্য জানা নেই কি রিপোর্ট হয়েছিল ফ্রেঞ্চ ইঞ্জিনীয়ারদের। কিন্তু আমি কাগজে দেখলাম শ্রী পাতিল বলেছেন আন্ডার গ্রাউন্ড রেলওয়েটা কনসিডার করা যেতে পারে। শ্রী পাতিল একটা খুব বিপদজনক কথা বলেছেন আমাদের পক্ষে যে সার্কুলার রেলওয়ে হলে বেশী সুবিধা হবে না। কারণ মাটির উপর তো সমস্ত জনসাধারণ থেকে যাবে। কিন্তু মাটির নীচে যদি জনসাধারণকে পাঠিয়ে দেওয়া যায় টিউব রেলওয়ে করে তাহলে সুবিধা হবে। এটা বোঝা যায়—সহজ পদ্ধতি এবং সত্যি কথা যে টিউব রেলওয়ে যদি হয়—সার্কুলার রেলওয়ে থেকে ভাল হবে। কারণ সার্কুলার রেলওয়ের অর্থ যা বুঝি সেগুলি ডালহাউসী স্কোয়ারে চলে আসতে পারবে না চার ধার থেকে। সেই জিনিস যদি হয় তাহলে খানিকটা সুরাহা হবে। কিন্তু আমরা যতটা চাই তা হবে না। আর এখানে মানুষ যেভাবে বাড়ছে—এতবড় একটা কান্ড-কারখানা আমাদের যদি করতে হয় তাহলে একটু সুদূরপ্রসারী চিন্তা করা দরকার। ১০।১৫ বছর পর কত সংখ্যা বাড়বে সেই চিন্তা থেকে আমি বলছি যে আন্ডার গ্রাউন্ড রেলওয়েটা যেন একেবারে এ্যাবানডান না হয়ে যায়। এমন যদি হয় প্রহিবিটেড কস্ট তাহলে গভর্নমেণ্ট সেটা কনসিডার করবেন। আমার মনে হহ যদি দূরদৃষ্টি দিয়ে জিনিসটা দেখি তাহলে এটা কনসিডার করা উচিত। তা না হলে ১০ বছব পরে আমরা আবার মুসকিলে পড়বো। সেইজন্য এই কথাগুলি আমি আমার সংশোধনীর মধ্যে রেখেছি। আমি আশা করি এতে নরেনবাবুর আপত্তি হবে না। সেইজন্য আমি বলছি যে আন্ডার গ্রাউন্ডটাও করা হোক। এটা বললে নরেনবাবুর দুটোই হতে পারে। ও'রা হয়তো বলবেন যে আমরা টাকার জন্য করবো না। সেইজন্য আমি অলটারনেটিভ রেখেছি। সার্কুলারটাও করেছি। কিন্তু যাই করুন আমাদের একটু দয়া করে জানিয়ে দেবেন যে আমরা এটা নিলাম। এখন কাজ বা তদন্ত আরম্ভ হবে। আর সি এম পি-ও মারফত এই তদন্ত কেন হতে পারে না জানি না। এগুলি আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে এই সিদ্ধান্ত আমরা যেন তাদের কাছে পেশছে দিতে পারি। যা হোক এটা যদি না করা হয় তাহলে আমি জানি না আর ১০ বছর পরে কি হবে। এখনই যা অবস্থা হয়েছে নানারকম মোটর গাড়ী এবং ঠেলাগাড়ী থেকে আরম্ভ করে রাস্তা আজ এমন অবস্থায় যে চলাফেরা করা যায় না। আমার তো মনে হয় না এটা কোন দিন হবে। ডাঃ রায় একটা কথা বলতেন যে আমি স্যাটিলাইট টাউন মিউনিসিপ্যাল অঞ্চলে করবো। সকলে যেন স্যাটেলার টাউন থেকে তাদের জীবিকা নির্বাহ করতে পারে—আর কলকাতায় আসতে হবে না জীবিকা নির্বাহের জন্য। সেই সব কিছুই দেখছি না। আমার মনে হয় যে ওটা একটা অবাস্তব জিনিস যে মানুষগুলোকে টেনে বাইরে নিয়ে যাবেন। সেখানে কাজের জন্য আবার তারা কলকাতায় আসবে—সারাদিন এখানে থাকবে। কাজেই এতে কোন সুরাহা হবে না। সেইজন্য এটা খুব সময়োপযোগী হয়েছে। এটা আগেই আনা উচিত ছিল। আমি এই প্রস্তাব নরেনবাবু যা এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানাই এবং আশা করি পশ্চিমবঙ্গ সরকার এটা টেক-আপ করবেন কেন্দ্রের সঙ্গে, উনি বলেছেন ডাঃ রায় এখন নেই—কিন্তু ও'র অন্যান্য বন্ধুরা তো আছেন—তাঁদের কথা কি একেবারে উড়িয়ে দেবেন কেন্দ্রীয় সরকার? অবশ্য আমি জানি না তাঁরা কতটা জোর করে বলেন বা না বলেন। কিন্তু আমরা সবাই মিলে যদি বাংলাদেশ থেকে এই দাবী পাঠাই তাহলে অনিবার্যভাবে এটা হতে পারে এবং আমার মনে হয় সেইভাবেই সরকারের এটা নেওয়া উচিত। এবং যা কাজ হোল সেটা করে আমাদের ইনফর্ম রাখবেন যাতে যদি প্রয়োজন হয় আমরা আর একটু প্রেসার সৃষ্টি করতে পারি তাদের উপর জনসাধারণের দাবী হিসাবে। এইটুকু বলে আমার সংশোধনী সহ আমি এই প্রস্তাব সমর্থন করছি।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্রঃ মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, শ্রদ্ধেয় নরেনবাবু যে প্রস্তাব আপনার সামনে উপস্থিত করেছেন আমি সেটার উপর একটা সংশোধনী প্রস্তাব দিয়েছি যেটা এখনও হাউসের সামনে বিতরণ করা হয় নি। আমার সংশোধনী প্রস্তাব হচ্ছে—

Sir, I beg to move that—

(1) in clause (i), for the word "and", the words "created by the heavy influx of commuted traffic at Howrah and Sealdah Stations", be substituted;

(2) in clause (ii), the word "and" be added at the end;

(3) after clause (ii), the following clause be inserted—

"(iii) relieve the present hazardous and intolerable crowding in the city's buses and trams;"; and

(4) in the main paragraph,—

(a) for the words, "which is the only alternative to", the words "which can effectively and immediately" be substituted;

(b) the words "effectively" and "immediately" be omitted; and

(c) the word "forthwith" be inserted after the words "Union Government".

তাহলে রেজলিউসনটা এই দাঁড়াল

This Assembly is of the opinion that the proposal for a circular railway for Calcutta which can effectively and immediately meet this problem should be taken up by the West Bengal Government with the Union Government forthwith for its early implementation.

আমি নরেনবাবুর প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং জ্যোতিবাবু যে সংশোধনী এনেছেন তার মধ্যে তিনি যে আন্ডার গ্রাউন্ড রেলওয়ের কথা বলেছেন সেটাও বাস্তবিকই আমাদের সমর্থন যোগ্য। এটা দেখা যাচ্ছে যে আন্ডার গ্রাউন্ড রেলওয়ে আর সার্কুলার রেলওয়ে এই দুটোর মধ্যে বিরোধ কিছুই নেই। এই সার্কুলার রেলওয়েটা খুব সহজ এবং তাড়াতাড়ি করা যায়। আর আন্ডার গ্রাউন্ড রেলওয়ে হতে হয়তো ১০।২০ বছর সময় লেগে যাবে। সেইজন্য আমি বলবো যে সার্কুলার রেলওয়ের দাবীটা যেন আমরা জোর করে করি। কেন না সার্কুলার রেলওয়ের মূল উদ্দেশ্য এই নয় যে কলকাতা শহরের ভিতর যাত্রী চলাচলের জন্য যে পরিবহণের ব্যবস্থা রয়েছে সেটার খুব সুবিধা হবে, কিছুটা সুবিধা হয়তো হবে—কেননা বাইরের যে সমস্ত যাত্রী শিয়ালদা এবং হাওড়া স্টেশনে আসছে তারা এখন কলকাতার যানবাহন ব্যবহার করছে, সেই চাপটা খানিকটা দূর করা যায় যদি সার্কুলার রেলওয়ে করা যায়। কিন্তু শহরের অভ্যন্তরে যাতায়াত করার জন্য যে পরিবহণ ব্যবস্থা তাতে সার্কুলার রেল কার্যকরী হবে বলে আমি মনে করি না। সেইজন্য জ্যোতিবাবুর প্রস্তাবে আন্ডার গ্রাউন্ড কেন করা উচিত এটা খুব ভাল প্রস্তাব। কিন্তু জ্যোতিবাবু নিজেই বলছেন এবং আমরা সহজ বুদ্ধিতে বুঝতে পারি যে মাটি খুঁড়ে নিচে জমিতে বিরাট গহ্বর তৈরী করে বরাবর ট্যানেল করে রেল লাইন পেতে করতে গেলে অনেক টাকা খরচ লাগবে। আপনি জানেন যে ৭২ ইঞ্চির জলের পাইপ বসাতে ৭২ বছর সময় লাগবে। আর এই করতে গিয়ে যে কত সময় লাগবে জানি না। কিন্তু এই যে সার্কুলার রেলের প্রস্তাব আছে—এখন কলকাতার চারিদিকে রেল লাইন পাতা আছে—নূতন করে পাতবার দরকার নেই—আপনি যদি কল্পনা করেন তাহলে দেখবেন যে শিয়ালদায় যে মেইন লাইনগুলি এসেছে, তা ছাড়া শহরের উত্তরাঞ্চলে বিরাট কতকগুলি লাইন পাতা আছে—বেলগাছিয়া অঞ্চলে দেখতে পাই এবং চীৎপুরে যেখানে আমরা গঙ্গা স্নান করতে যাই সেখানে দেখি পাশাপাশি অনেকগুলি লাইন পাতা আছে। আমরা দেখতে পাই এখানে বাবুঘাটের কাছে গঙ্গার ধার দিয়ে স্ট্যান্ড রোড দিয়ে যে লাইন গেছে—আমরা ছেলেবেলায় দেখেছি দুটো লাইন এখন একটা মাত্র লাইন রয়েছে। কাজেই অনায়াসে সেখানে দুটো লাইন করা যায়।

[3—3-10 p.m.]

এইরকম ব্যবস্থা যদি করা যায় তাহলে এই পাতা লাইন আর তৈরি জমির উপর সহজেই রেল চালানো যেতে পারে। এখন এতে যে আপত্তি উঠেছে সেটা হচ্ছে এই যে এতে পোর্ট কমিশনারর্স-এর ক্ষতি হবে। কিন্তু আমি মনে করি যদি পিক আওয়ারসএ অর্থাৎ ২৪ ঘণ্টার মধ্যে ধরুন ৬ ঘণ্টা, সকালবেলা অফিস যাবার সময় ৩ ঘণ্টা আর বিকালবেলা অফিস থেকে ফেরার সময় ৩ ঘণ্টা এই রেলগুলি চালানো যায় তাহলে যাঁরা শহরের উপকণ্ঠ থেকে আসছেন তাঁদের পক্ষে শহরের মাঝখানে, কাজের জায়গায় যাওয়া আসা খুব সহজ হয় এবং এতে খরচও খুব বেশী হয় না। এখন পোর্ট কমিশনারস আপত্তি শুনে রেলওয়ে বোর্ড বলছেন যে, যদি এইসব অঞ্চল দিয়ে রেল লাইন পাততেই হয় তাহলে এলিভেটেড লাইন করতে হবে, অর্থাৎ আকাশপথ দিয়ে রেল চালাতে হবে। আমার মনে হয় যে সেটা আকাশকুসুম গোছের তারপর তাঁরা বলেছেন যে এতে ৫০ কোটি টাকা খরচ হবে, আমার মনে হয় সে সবের কোন দরকার নেই। কারণ যে জায়গা তৈরি রয়েছে, যে লাইন পাতা রয়েছে সেটাকে একটু সময়ের এদিক ওদিক করে কিম্বা আর একটি নূতন লাইন যার জায়গা রয়েছে সেটাকে পেতে অল্প খরচে ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যান-এর আগেই এই থার্ড ফাইভ-ইয়র প্ল্যান-এর যে এক বছর এখন রয়েছে তার মধ্যে পরীক্ষামূলকভাবে সার্কুলার রেল চালানো যেতে পারে। আমার মনে হয় সার্কুলার রেল-এর মূল উদ্দেশ্য হচ্ছে কোলকাতার কাছাকাছি অঞ্চল থেকে যেসব যাত্রীরা আসছেন তাদের একটা সুযোগ সুবিধা করে দেওয়া। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করে দেখবেন যে কি অবস্থা হয়েছে এইসব যাত্রীদের যাঁরা শহরতলী অঞ্চল থেকে কোলকাতায় আসছেন। আমি যে শুধু নিজের চোখে দেখে বলছি তা নয় আমি রেলওয়ে বোর্ড-এর একটি সংখ্যাতত্ত্ব আপনার সামনে উল্লেখ করছি। এই সংখ্যাতত্ত্ব দিয়েছেন শ্রীঅশোক মিত্র তাঁর যে নতুন বই বেরিয়েছে "ক্যালকাটা ইন্ডিয়াজ সিটি" বলে তাতে তিনি দেখাচ্ছেন যে রেলওয়ে বোর্ড স্বীকার করেছেন যে ১৯৫০-৫১ সালে শহরতলী অঞ্চল থেকে কোলকাতায় আসবার জন্য সিজন টিকিটের ভিত্তিতে যাত্রী সংখ্যা ছিল বছরে ৪ কোটি ৪০ লক্ষ ৯৪ হাজার ৬০০ জন আর সাধারণ টিকিটের ভিত্তিতে যাত্রী ছিল ৩ কোটি ৮৩ লক্ষ ৬৮ হাজার ৩০০ জন। তারপর ১৯৬০-৬১ সালে এটা দাঁড়িয়েছে সিজন টিকিটের ভিত্তিতে ১২ কোটি ৫৬ লক্ষ ৬১ হাজার ৬০০ জন। আর সাধারণ টিকিট অনুসারে ৭ কোটি ৩৯ লক্ষ ১০ হাজার ৮০০ জন। আমি এগুলি যোগ করে দেখবার চেষ্টা করেছিলাম, তাতে দেখেছি ১৯৫০-৫১ সালে এই শহরতলী অঞ্চল থেকে যাঁরা কোলকাতা আসতেন এইরকম যাত্রীর মোট সংখ্যা ছিল ৮ কোটি ২৪ লক্ষ আর ১৯৬০-৬১ সালে সেখানে হয়েছে ১৯ কোটি ৯৫ লক্ষ আর সেখানে স্টেশন হচ্ছে মাত্র দুটি হাওড়া এবং শিয়ালদহ। কাজেই এই যে বিরাট যাত্রীসংখ্যা আসছেন তাঁরা ওই দুটি স্টেশনে নানারকমভাবে ভীড় করছেন। তারপর মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে, শহরতলী অঞ্চল যেগুলি গড়ে উঠেছে সেখান থেকে দলে দলে লোকেরা বাসে করেও আসছেন। আমি নিজে দেখেছি, দক্ষিণ কোলকাতায়, খিদিরপুর অঞ্চলে ডায়মন্ডহারবার রোডে যখন বাস এসে দাঁড়ায় তখন দলে দলে মানুষ বাসের মাথায় চড়ে আসেন কলে কারখানায় কাজের জন্য। এটা অত্যন্ত বিপদজনক। আমরা দেখেছি শহরের মাঝখান দিয়ে বাসে ঝুলতে ঝুলতে যেতে কিন্তু ওইরকম ছোট ছোট বাসের মাথায় যেভাবে যাত্রীরা আসেন তাতে বাস যদি কাত হয়ে যায় বা গাছের সঙ্গে ধাক্কা লাগে তাতে সেইসমস্ত যাত্রীদের যে কি অবস্থা হবে সে আমরা কল্পনাই করতে পারি। এটা কেন যে হয় না সেটাই আশ্চর্যের বিষয়। কাজেই এই হচ্ছে আমাদের শহরের পরিবহণের অবস্থা। সেইজন্য শহরের অভ্যন্তরে পরিবহণের সমস্যা সমাধানের জন্য কি ব্যবস্থা করা যায় সেটা নিয়ে নিশ্চয় আলোচনা করতে হবে। জ্যোতি-বাবু আন্ডার গ্রাউন্ড রেল-এর কথা বলেছেন। এগুলিও ভাবার কথা কিন্তু যেটা এখনি করা দরকার অর্থাৎ সার্কুলার রেলওয়ে যার জমি তৈরি আছে রেল লাইন প্রায় পাতাই আছে, সময়ের একটু এদিক ওদিক করে সেখানে এখনি রেল চালানো যেতে পারে। শুধু তাই নয় শহরতলী অঞ্চল থেকে যেসব ট্রেন আসে সেগুলি সব ওই শিয়ালদহ বা হাওড়ায় না এসে সরাসরি বড়বাজার, ডালহৌসী স্কোয়ার কাছাকাছি কি দক্ষিণ অঞ্চল থেকে যাঁরা আসছেন তাঁরা হাইকোর্ট-এর কাছা-কাছি যদি নামতে পারেন তাহলে শিয়ালদহ বা হাওড়ারও ভীড়ও কমবে এবং যাঁরা এইসব অঞ্চলে আসবার জন্য ওই শিয়ালদহ বা হাওড়ায় নেমে আবার বাসে ওঠবার চেষ্টা করেন কি ওই বালীগঞ্জ স্টেশনে নেমে তাড়াতাড়ি আসবার চেষ্টা করেন তাদের এই বাসে ওঠাবার সমস্যাগুলি দূর হবে।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র: মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, শ্রদ্ধেয় নরেনবাবু যে প্রস্তাব আপনার সামনে উপস্থিত করেছেন আমি সেটার উপর একটা সংশোধনী প্রস্তাব দিয়েছি যেটা এখনও হাউসের সামনে বিতরণ করা হয় নি। আমার সংশোধনী প্রস্তাব হচ্ছে—

Sir, I beg to move that—

(1) in clause (i), for the word "and", the words "created by the heavy influx of commuted traffic at Howrah and Sealdah Stations", be substituted;

(2) in clause (ii), the word "and" be added at the end;

(3) after clause (ii), the following clause be inserted—

"(iii) relieve the present hazardous and intolerable crowding in the city's buses and trams;"; and

(4) in the main paragraph,—

(a) for the words, "which is the only alternative to", the words "which can effectively and immediately" be substituted;

(b) the words "effectively" and "immediately" be omitted; and

(c) the word "forthwith" be inserted after the words "Union Government".

তাহলে রেজলিউসনটা এই দাঁড়াল

This Assembly is of the opinion that the proposal for a circular railway for Calcutta which can effectively and immediately meet this problem should be taken up by the West Bengal Government with the Union Government forthwith for its early implementation.

আমি নরেনবাবুর প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং জ্যোতিবাবু যে সংশোধনী এনেছেন তার মধ্যে তিনি যে আন্ডার গ্রাউন্ড রেলওয়ের কথা বলেছেন সেটাও বাস্তবিকই আমাদের সমর্থন যোগ্য। এটা দেখা যাচ্ছে যে আন্ডার গ্রাউন্ড রেলওয়ে আর সার্কুলার রেলওয়ে এই দুটোর মধ্যে বিরোধ কিছুই নেই। এই সার্কুলার রেলওয়েটা খুব সহজ এবং তাড়াতাড়ি করা যায়। আর আন্ডার গ্রাউন্ড রেলওয়ে হতে হয়তো ১০।২০ বছর সময় লেগে যাবে। সেইজন্য আমি বলবো যে সার্কুলার রেলওয়ের দাবীটা যেন আমরা জোর করে করি। কেন না সার্কুলার রেলওয়ের মূল উদ্দেশ্য এই নয় যে কলকাতা শহরের ভিতর যাত্রী চলাচলের জন্য যে পরিবহণের ব্যবস্থা রয়েছে সেটার খুব সুবিধা হবে, কিছুটা সুবিধা হয়তো হবে—কেননা বাইরের যে সমস্ত যাত্রী শিয়ালদা এবং হাওড়া স্টেশনে আসছে তারা এখন কলকাতার যানবাহন ব্যবহার করছে, সেই চাপটা খানিকটা দূর করা যায় যদি সার্কুলার রেলওয়ে করা যায়। কিন্তু শহরের অভ্যন্তরে যাতায়াত করার জন্য যে পরিবহণ ব্যবস্থা তাতে সার্কুলার রেল কার্যকরী হবে বলে আমি মনে করি না। সেইজন্য জ্যোতিবাবুর প্রস্তাবে আন্ডার গ্রাউন্ড কেন করা উচিত এটা খুব ভাল প্রস্তাব। কিন্তু জ্যোতিবাবু নিজেই বলছেন এবং আমরা সহজ বুদ্ধিতে বুঝতে পারি যে মাটি খুঁড়ে নিচে জমিতে বিরাট গহ্বর তৈরী করে বরাবর ট্যানেল করে রেল লাইন পেতে করতে গেলে অনেক টাকা খরচ লাগবে। আপনি জানেন যে ৭২ ইঞ্চির জলের পাইপ বসাতে ৭২ বছর সময় লাগবে। আর এই করতে গিয়ে যে কত সময় লাগবে জানি না। কিন্তু এই যে সার্কুলার রেলের প্রস্তাব আছে—এখন কলকাতার চারিদিকে রেল লাইন পাতা আছে—নূতন করে পাতবার দরকার নেই—আপনি যদি কল্পনা করেন তাহলে দেখবেন যে শিয়ালদায় যে মেইন লাইনগুলি এসেছে, তা ছাড়া শহরের উত্তরাঞ্চলে বিরাট কতকগুলি লাইন পাতা আছে—বেলগাছিয়া অঞ্চলে দেখতে পাই এবং চীৎপুরে যেখানে আমরা গঙ্গা স্নান করতে যাই সেখানে দেখি পাশাপাশি অনেকগুলি লাইন পাতা আছে। আমরা দেখতে পাই এখানে বাবুঘাটের কাছে গঙ্গার ধার দিয়ে স্ট্যান্ড রোড দিয়ে যে লাইন গেছে—আমরা ছেলেবেলায় দেখেছি দুটো লাইন এখন একটা মাত্র লাইন রয়েছে। কাজেই অনায়াসে সেখানে দুটো লাইন করা যায়।

তার দ্বারা সমস্যার অনেকখানি সমাধান হবে, সম্পূর্ণ হবে কিনা বলতে পারছি না। এই সার্কুলার রেল তৈরি করাটা আমাদের কলকাতায় সহজ হবে যে কোন রেলের চেয়ে। তার কারণ কলকাতার চারপাশ দিয়ে এখন রেললাইন আছে—কিছুটা পোর্ট কমিশনারের, কিছুটা ইস্টার্ন রেলওয়ে শিয়ালদহ ডিভিশনের। এই রেলের আশেপাশে রেল লাইন বসিয়ে যদি ইলেক্ট্রি-ফায়েড সার্কুলার রেলওয়ে করা যায় তাহলে এই পরিবহণ সমস্যা সমাধান হবে। কিন্তু প্রতাপবাবু যে কথা বললেন আমি অবশ্য তাঁর সঙ্গে ঠিক এই বিষয়ে একমত হতে পারলাম না যে, ঐ ৩ ঘণ্টা আর ৩ ঘণ্টা মোট ৬ ঘণ্টা মাত্র রেল চালিয়ে এই সমস্যা সমাধান করা যাবে। প্রথমতঃ এতে আংশিক সমস্যাও সমাধান হবে না, দ্বিতীয়তঃ রেলওয়ে বোর্ড যে কারণে আজকে এই সার্কুলার রেলওয়ে করতে চাইছেন না সেই কারণটা আরও সুস্পষ্ট হয়ে উঠবে। তাঁরা শুধু যে পোর্ট কমিশনার্স রেলওয়ের জন্য আপত্তি জানিয়েছেন তা নয়, তাঁরা আর একটা কথা বলেছেন যে, বছরে প্রায় পাঁচ কোটি টাকা লোকসান হবে। যদি তিন ঘণ্টা রেল চালাতে হয় তাহলে তার দ্বারা লোকসানের মাত্রা আরও বেড়ে যাবে বলে আমার মনে হয়। কাজেই রেল কতক্ষণ চলবে? যদি লোকসান হয় তাহলে সেই লোকসানের মাত্রা কি পরিমাণ কমানো যেতে পারে সেটা আমার মনে হয় বিশেষজ্ঞদের উপর ছেড়ে দেওয়া ভাল। তবে একথা অনস্বীকার্য প্রাথমিক যে তদন্ত, সমীক্ষা হয়েছে তার দ্বারা অন্তত এটা বোঝা গেছে যে, সার্কুলার রেলওয়ে কলকাতার উপর এখন কম ক্যাপিটালের মধ্য দিয়ে ফিজিবল। কাজেই এটার উপর আমাদের বেশি জোর দেওয়া উচিত। আমরা অন্তত খবরের কাগজ মারফত যেটুকু জানতে পেরেছি সেটা হচ্ছে রেলওয়ে বোর্ডের এই সার্কুলার রেলওয়ে করার কোন ইচ্ছা নেই। সরকারপক্ষ থেকে তাঁদের কাছে রিপ্রেজেনটেশন করা হয়েছিল আমরা শুনেছিলাম। আমাদের রেলওয়ে মন্ত্রী পাতিল সাহেব প্রথমে এটা এগিয়ে করেছিলেন। কিন্তু এখন দেখতে পাচ্ছি পরশুদিন তিনি পার্লামেন্টে রেলওয়ে সাপ্লিমেণ্টারী বাজেট এস্টিমেটের জবাবে যেকথা বলেছেন তাতে আমার অন্তত মনে হচ্ছে যে সমস্ত কেসটাকে ডিলে করার তাঁদের ইচ্ছা। তিনি বলেছেন যে টিউব রেলওয়ে করা যায় কিনা সেই বিষয়ে চিন্তা করতে হবে। জ্যোতিবাবু টিউব রেলওয়ের কথা বললেন, কিন্তু কলকাতায় আমরা যতদূর শুনেছি যে টিউব রেলওয়ে করার সম্ভবনা কম। কারণ, আমাদের কলকাতার মাটি অন্যান্য দেশের মাটির চেয়ে অনেক নরম এবং কলকাতায় কয়েক হাত খুঁড়লেই জল উঠে। আমার যতদূর মনে পড়ে ফরাসী বিশেষজ্ঞদের ডাঃ রায় ওপিনিয়ন নিয়েছিলেন, তাঁরা কলকাতায় এই টিউব রেলওয়ে করার বিপক্ষে মত দিয়েছেন। তাছাড়া টিউব রেলওয়ে ব্যয়সাপেক্ষ কলকাতার মত মাটিতে অন্তত এর অনেক খরচ হবে এবং সময়-সাপেক্ষও বটে। আমার মনে হয় পাতিল সাহেব যেটা পার্লামেন্ট বলেছেন টিউব রেলওয়ের সমীক্ষা চালান এটা আর কিছু নয় এটা সমস্ত সমস্যাটাকে ধামাচাপা দেওয়ার চেষ্টা করা, সমস্যা সমাধানের দিকে যাওয়া নয়। সমাধানের দিকে যদি যেতে চাইতেন তাহলে এই যে সার্কুলার রেলওয়ের প্রাথমিক সমীক্ষা হয়েছে এটা নিয়ে বিচার বিবেচনা করে এটাকে রূপায়িত করা যায় কিনা সেদিকে মন দিতেন। কিন্তু সেকথা না বলে তিনি বলছেন এরিয়্যাল রেল অথবা টিউব-রেলের কথা।

প্রথম কথা হচ্ছে তাতে ক্যাপিটাল কস্ট এত বেশি যে তা গ্রহণ করা গভর্নমেন্টের পক্ষে সম্ভব নয়। কিন্তু এই সার্কুলার রেলে ক্যাপিটাল কস্ট কম হবে। কারণ চারিদিকে যে রেললাইন ইত্যাদি আছে তার সুযোগ-সুবিধা পাওয়া যাবে। সেদিক থেকে আমি মনে করি সার্কুলার রেল হোক এটার উপরই জোর দিন। টিউব রেলের সুযোগ-সুবিধা তত নেই তা ছাড়া এখন টিউব রেলের কথা তুললে সমস্ত জিনিসটা ধামাচাপা পড়ে যাবে। তারপর এই সার্কুলার রেল হবার দশ-পনের বছর পরে যদি দেখা যায় টিউব রেল করা যেতে পারে, তখন তার পাশাপাশি করা যেতে পারবে। সার্কুলার রেলের যে ক্যাপিটাল কস্ট হবে, সেটা কিছুদিন চালানোর পরে, আমার মনে হয়, টিউব রেল করতে করতে সমস্ত মেটিরিয়্যালস্, ইলেকট্রিক কোচ ইত্যাদি সমস্ত সার্কুলার রেল থেকে পাওয়া যাবে, যা টিউব রেলেও ব্যবহার করা যেতে পারবে। সেইজন্য আমি প্রথমে জোর দিতে বলি—সারফেস সার্কুলার রেলের উপর। টিউব রেল যদি হয়, তা পরে বিবেচনা করা যেতে পারে। আমাদের পরিবহণ সমস্যা এখন এত অ্যাকিউট হয়েছে যে, ইমিডিয়েটলি এর সলিউশন দরকার। আমি জোতিবাবুর সঙ্গে একমত যে, চতুর্থ পরিকল্পনা যেটা করা হবে, সেই পরিকল্পনার মধ্যে এটাকে ধরতে হবে, এর মধ্যে রাখতে হবে এবং রেখে এই সার্কুলার রেল যাতে আমাদের কলকাতায় হয়, তার জন্য আমাদের সমস্ত পক্ষের সদস্যদের

সরকারের উপর চাপ দিতে হবে এবং সরকারকেও এদিকে বিশেষভাবে চিন্তা করে বিশেষভাবে প্ল্যানটা তৈরি করে কেন্দ্রীয় সরকারের কাছে রাখতে হবে এবং তাঁদের উপর চাপ সৃষ্টি করতে হবে—যাতে নাকি এই পরিকল্পনা অত্যন্ত কম সময়ের মধ্যে রূপায়িত হয়, সেই চেষ্টা আমাদের সরকারকে করতে হবে।

এই কথাগুলো বলে নরেনবাবু যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাব আমি সমর্থন করছি এবং জ্যোতিবাবুর অ্যামেন্ডমেন্টকেও সমর্থন করছি। তবে আমার মনে হয় টিউব রেলের কথাটা এখন এর মধ্য থেকে বাদ দিয়ে দিলে আরও ভাল হয়।

Shri Ananda Gopal Mukherjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, যে বেসরকারী প্রস্তাবটা আজ এখানে এসেছে, এই প্রস্তাবটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই প্রস্তাবটা শুধু আমি সমর্থন করছি না, আজকে বিধানসভায় একটা নূতন জিনিস দেখতে পাচ্ছি যে, আমাদের বিরুদ্ধপক্ষের বন্ধুরাও এই মূল প্রস্তাবের বিষয়বস্তুর সঙ্গে একমত। এই দেখে আমি অত্যন্ত আনন্দিত হচ্ছি। এর পরে এই সার্কুলার রেল হওয়ার পেছনে আর কোন যুক্তি দেখানোর প্রয়োজন আছে বলে আমি মনে করি না। কিন্তু তবুও আজ বাংলাদেশের বিধানসভা যখন এই প্রস্তাবটা গ্রহণ করেছে, তখন তার পেছনে যে বিশদ যুক্তি আছে, তা বিশদভাবে তুলে ধরা, দিল্লীর সামনে ঠিকভাবে যাতে উপস্থাপিত হয়, তার ব্যবস্থা হওয়া উচিত বলে আমি মনে করি। এবং সেই কারণে আমার যুক্তিগুলোও আমি তুলে ধরব।

এই গ্রেটার ক্যালকাটার লোকসংখ্যা ৬৫ লক্ষ, কি তার অল্প কিছু বেশিও হতে পারে। কিন্তু আগামী কুড়ি বছরের মধ্যে তা ১১০ লক্ষে গিয়ে দাঁড়াবে। বর্তমানে কলকাতার যে

[3-20—3-30 p.m.]

অবস্থা, যাত্রীসাধারণের যে অবস্থা তা অবর্ণনীয় এবং মাস ট্রান্সপোর্টেশনের যে অবস্থা, যে সিস্টেম তার দিকে যদি তাকাই তাহলে দেখতে পাব ক্যালকাটা ট্রামওয়েজ, স্টেট ট্রান্সপোর্ট, পাবলিক বাসের মাধ্যমে এবং হাওড়া স্টেশন ও শিয়ালদহ স্টেশনে সুবারবন এরিয়া থেকে ট্রেন-এর মাধ্যমে যাত্রীসাধারণ এসে পোঁছান। আর ইনডিভিজুয়াল পারমিটের যেসমস্ত ভেহিকল আছে তার হিসেব দেখলে দেখা যাবে যে, এই কলকাতার বুকে ৫০ হাজার রেজিস্টার্ড অটোমোবাইল আছে, ৩ হাজার লাইসেন্সড ট্যাক্সি আছে, ৬০০ রিক্সা আছে, ২০ হাজার সাইকেল আছে, ৮ হাজার মোটর সাইকেল আছে। ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানির ৪৫৯টি ট্রাম প্রায় ৪২ মাইল রাস্তাব্যাপী চলাচল করে এবং ১০ লক্ষ প্যাসেঞ্জার প্রতিদিন এই ট্রামে যাতায়াত করে। স্যার, আপনি যদি ট্রামের গতিবেগের হিসেব দেখেন তাহলে দেখতে পাবেন রাস্তায় ট্রাম কনজেসনের দরুন এবং রাস্তার সঙ্কীর্ণতার দরুন অ্যাভারেজে একটি ট্রাম ৬ থেকে ৮ মাইলের বেশি স্পীডএ যেতে পারে না। স্টেট ট্রান্সপোর্টের যে ৮৮৬টি ভেহিকেল আছে তার মধ্যে ৩০৬টি ডবল ডেকার এবং ৩২টি রুটে স্টেট ট্রান্সপোর্টের বাসগুলো চলাচল করতে থাকে। এই বাসগুলোও বেশি স্পীড দিতে পারে না এবং তার কারণ হচ্ছে কলকাতার রাস্তা সঙ্কীর্ণ থেকে সঙ্কীর্ণতর হয়ে উঠেছে এবং যাত্রীদের চলাচল এবং যানবাহন চলাচল খুব বেড়েছে: এই বাসগুলোর মাধ্যমে প্রতিদিন ১৫ লক্ষ যাত্রী যাতায়াত করে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এ ছাড়া ১৭৫টি পাবলিক বাস আছে যারা সুবারবন এরিয়া থেকে কলকাতাকে যুক্ত করে। এগুলিতে যে যাত্রী যাতায়াত করে তার হিসেব আমি পাই নি কিন্তু চলতি কথা যেটা আছে ঠিক সেই বাদুড়ের মত ঝুলতে ঝুলতে মানুষকে যাতায়াত করতে হয়। স্যার, সি এম পি ও পরীক্ষা করে একটা তথ্য গ্রহণ করেছিল—অর্থাৎ কলকাতার যেটা প্রাণকেন্দ্র সেই ইম্পরট্যান্ট বিজনেস সেন্টারে দেড় মাইলব্যাপী জায়গার একটা তথ্য গ্রহণ করেছিল। তাতে আমরা দেখছি ইনবাউন্ড ট্রাফিক, মর্নিং পিক আওয়ার্সে ৮৫ হাজার যাত্রী যাতায়াত করে এবং আউটবাউন্ডে ট্রাফিক, আফটারনুনে ৭৭ হাজার যাত্রী যাতায়াত করে। স্যার, মাত্র দেড় মাইল এলাকায় এই তথ্য গৃহীত হয়েছে। এর পর আমরা যদি কলকাতার অন্যান্য জায়গার হিসেব দেখি তাহলে আরও চাঞ্চল্যকর তথ্য দেখতে পাব। হাওড়া ব্রিজে যাত্রী যাতায়াতের হিসেব যদি দেখেন তাহলে দেখতে পাবেন হাওড়া ব্রিজের উপর দিয়ে প্রতিদিন ৫ লক্ষ যাত্রী আসে

এবং তার মধ্যে ৩ লক্ষ ট্রাম-বাসে আসে। এবং মর্নিং পিক আওয়ার্সে ১৯,৬৯৩ জন যাত্রী আসে—ট্রামে ৮,২৮৪ এবং বাসে ১১,৪০৯ জন, আমি মর্নিং পিক আওয়ার্সের কথা বলছি। চৌরঙ্গী রোড সেন্ট্রালে সেখানে হিসাব হল মর্নিং পীক আওয়ার্সে ১৩,১৭১, ট্রামে ৬,৩৪৬, বাসে ৬,২২৫, চিত্তরঞ্জন অ্যাভিনিউ ৮,১৬১, সার্কুলার রোড ৭,৩২৭। আর একটা দিকে যেখানে শিয়ালদা স্টেশন দিয়ে যাত্রীরা শহরে আসে এবং সেখান থেকে চারদিকে ছড়িয়ে পড়ে সেই যাত্রীদের সংখ্যার হিসাব যদি দেখি মর্নিং পীক আওয়ার্সে বিপিনবিহারী গাঙ্গুলী স্ট্রীটে ৯,৩১৭, মহাত্মা গান্ধী রোডে মর্নিং পীক আওয়ার্সে ৭,৪৬৯ এবং ধর্মতলায় মর্নিং পিক আওয়ার্সে ৫,৩৩২, এই হল কলকাতার মোটামুটি তথ্য এবং সে সম্বন্ধে একটা সংক্ষিপ্ত বর্ণনা আমি আপনার সামনে রাখলাম। আমি এখানে আর একটা চিত্র আপনার সামনে তুলে ধরতে চাই যা থেকে দেখবেন যে, কলকাতায় বর্তমানে যে অবস্থা, যানবাহনের সংখ্যা যেভাবে বেড়ে চলেছে, যাত্রী যেভাবে বাড়ছে, কলকাতায় নাম্বার অব ভেহিকলস যেভাবে বাড়ছে তাতে নাম্বার অব বাসেস বাড়িয়ে এই সমস্যার সমাধান হবে না, সমস্যা বেড়ে যাবে। ফলে হচ্ছে এই, বাস বাড়লে অ্যাক্সিডেন্টও বাড়বে, স্পীড কমবে, যদি ট্রামের সংখ্যা বাড়ে তাহলে স্পীড থাকবে না, শম্বুক গতিতে এগিয়ে যেতে পারবে, হয়ত শ্যামবাজার থেকে ডালহৌসী স্কোয়ার পর্যন্ত আসতে দু ঘন্টা সময় লেগে যাবে। আমি আপনার সামনে এবার রাস্তার উপর যে চাপ পড়ছে সেটা সম্বন্ধে তুলে ধরতে চাই। বৌবাজার স্ট্রীটের চওড়ার পরিমাণ মোটামুটি ৩৯·৪ ফুট, প্রাইভেট কার, ট্যাক্সি, মোটর সাইকেল, স্কুটার প্রতি ঘন্টায় ১৭৬টি করে যায়,

number of goods vehicles 338, number of slow moving vehicles 378, number of buses and tram 134

এর টোট্যাল হল ৭২৬, আর পেডেস্ট্রিয়ান ট্রাফিক পার আওয়ার ৬,২৩০, লোয়ার সার্কুলার রোড ৭২·০ ফুট, সেখানে নাম্বার অব প্রাইভেট ভেহিকলস ইনক্লুডিং ট্যাক্সি, মোটর কার, এই সবগুলি নিয়ে ৬৪২, নাম্বার অব গুডস ভেহিকল পার আওয়ার ১৬৮, স্লো মুভিং ভেহিকল ১৪৫, নাম্বার অব বাস অ্যান্ড ট্রাম ৩৯৩, টোট্যাল ১,৩৪৬, আর পেডেস্ট্রিয়ান ট্রাফিক পার আওয়ার ১৪,৪০৬, এইরকমভাবে চৌরংগী রোড, ধর্মতলা স্ট্রীট, চিত্তরঞ্জন অ্যাভিনিউ, মহাত্মা গান্ধী রোড, বিবেকানন্দ রোড, বিডন স্ট্রীট, কর্নওয়ালিশ স্ট্রীট এবং আর জি কর রোডের এই তথ্যগুলি আমার সামনে রয়েছে। আমি দেখতে পাচ্ছি রাস্তার উপর অত্যন্ত গুরুতর চাপ পড়ছে এবং এক একটি রাস্তার উপর যে চাপ পড়ছে তাতে আর একটুও ভেহিকল বাড়ানো চলে কিনা সেটা বিচার্য বিষয়, চালালে বিপদ হবে কিনা সেটা বিচার করতে হবে, চালালে স্পীড আরও কমবে কিনা সেটা বিচার করতে হবে, সমস্যা আরও বাড়বে কিনা, না সমস্যার সমাধান হবে সেটা বিচার করতে হবে। এই সমস্ত তথ্যগুলি বিচার করে বাংলার বিধানসভায় পশ্চিমবঙ্গ কংগ্রেসের পক্ষ থেকে যে প্রস্তাব এসেছে, কলকাতায় বৃত্তাকার রেলওয়ে করা হোক এবং সার্কুলার রেলওয়ে সৃষ্টি করা হোক, আমি মনে করি এই দাবি অত্যন্ত ন্যায্য দাবি, এটা আশু পূরণ হওয়া উচিত। আজ যদি ভারতবর্ষের অন্যান্য শহরে, বড় বড় শহরগুলিতে কি ব্যবস্থা আছে তার দিকে যদি চেয়ে দেখেন তাহলে দেখবেন বোম্বে এবং মাদ্রাজে, সুবার্বন এরিয়া থেকে একদম শহরের কেন্দ্রস্থলে পর্যন্ত পৌঁছে দেবার জন্য ইলেকট্রিক রেলওয়ের ব্যবস্থা

[3-30—3-40 p.m.]

আছে। আর কিছুদিন আগে দিল্লী সার্কুলার রেল দিয়ে ঘিরে যাত্রীসাধারণের যাতায়াতের সুবিধা করে দেওয়া হয়েছে, কিন্তু আশ্চর্যের বিষয় কলকাতা সম্বন্ধে এ ঔদাসীন্য কেন তা বুঝতে পারছি না। স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ রায় গত ৫।৬ বৎসর আগে নয় আরও পূর্বে থেকে কলকাতা যাত্রীসাধারণের সুবিধার জন্য নূতন কিছু ব্যবস্থা করা যায় কিনা আন্ডার গ্রাউন্ড রেল করা যায় কিনা একথা চিন্তা করে বিশেষজ্ঞদের ডেকে এনে পরীক্ষা-নিরীক্ষা করেছিলেন যদিও আজকে সে পরীক্ষা-নিরীক্ষার ফলে এমন কোন তথ্য বেরিয়ে থাকে যে তথ্যের উপর ভিত্তি করে কলকাতায় টিউব রেলওয়ে করা সম্ভব না হয় আর্থিক সংগতির জন্য সম্ভব না হয় তাহলে আমি বলব আবার পরীক্ষা চালানো হোক এবং টিউব রেলওয়ে ও আন্ডার গ্রাউন্ড রেলওয়ে করার জন্য ভবিষ্যৎ কর্মপন্থা গ্রহণ করা হোক এবং আশু এখানে সার্কুলার রেলওয়ে করা হোক। অত্যন্ত অল্প সময়ের মধ্যে এটা করা যাবে ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র বলেছেন, কলকাতায়

অনেক জায়গায় নূতন করে রেল লাইন পাতার দরকার হবে না। যাঁদের অভিজ্ঞতা আছে তাঁরা জানেন কলকাতায় অনেক জায়গায় রেলওয়ে ট্রাকস আছে এবং একটু চেষ্টা করলে সে ট্রাকসকে কার্যকরী করানো যায় এবং অর্থ অল্প ব্যয় করে রেলওয়ে লাইন করে, সার্কুলার রেল করে যাত্রীদের সুবিধা করা যেতে পারে। এ সমস্যা বাংলাদেশের সমস্যা। এ সমস্যাকে বাংলাদেশের সমস্যা মনে করে যদি কেন্দ্রীয় সরকার উদাসীন থাকেন তাহলে বাংলাদেশের প্রতি একটা অবিচার করা হবে। আগামী ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে এই সমস্যার সমাধান করার দায়িত্ব যাতে গ্রহণ করা হয়, সে দাবি পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা হোক। আমাদের বক্তব্যের মধ্যে যদি যুক্তি থাকে, বাংলাদেশের জনসাধারণের দুর্দশা যদি তাদের মর্মে গিয়ে পেঁাছে থাকে এবং যদি তাদের সাধ্য থাকে তাহলে আগামী ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান-এর মধ্যে এ সমস্যার সমাধান করবে এ আশা আমরা রাখি।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূগর্ভ রেল যদি হয় তাহলে কোলকাতায় কোন নাগরিক তাতে আপত্তি করবেন না। এখন অবস্থা যা দাঁড়িয়ে গেছে তাতে মনে হচ্ছে কেন্দ্রীয় সরকার সার্কুলার রেলের বদলে ভূগর্ভ রেল নামক গাজোর ঝুলিয়ে আমাদের লোভ দেখিয়ে দুটোই যাতে বানচাল হয় সেজন্য চেষ্টা করছেন। সেজন্য আমরা আশা করব আপাতত সার্কুলার রেল পরিকল্পনা গ্রহণ করা হোক। কারণ সেদিন কেন্দ্রীয় রেলমন্ত্রী এস কে পাতিল যা বলেছেন সেটা খুব ভাল লক্ষণ নয়। তিনি বলেন কলিকাতায় যান-বাহন ক্রমবর্ধমান ভীড়ের সমস্যা স্থায়ী সমাধান করতে হলে চক্রবেড়, না ভূগর্ভ রেল কোন্‌টা সবচেয়ে বেশী উপযোগী তা পরীক্ষা করে দেখা দরকার। তাহার মতে ভূগর্ভ রেলই সবচেয়ে উপযোগী। তিনি ইতিমধ্যেই এ বিষয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর সহিত আলোচনা করিয়াছেন, তারপর তিনি আরো বলেন, কলিকাতায় যেভাবে যানবাহন ও লোকের ভীড় বাড়িয়া চলিয়াছে তাহাতে চক্রবেড় রেল দ্বারা সমস্যার সুরাহা হইবে কিনা সে বিষয়ে তাহার সন্দেহ আছে। কাজেই তিনি প্রশ্নটি কোন যোগ্য সংস্থা দ্বারা পরীক্ষা করাইতে চাহেন এবং ফোর্ড ফাউন্ডেশনের দ্বারস্থ হন। এখানে তাঁর যে বিবৃতি তাতে তিনি পরিষ্কার নিজের মত জানিয়ে দিলেন ভূগর্ভ রেল হওয়া উচিত, চক্রবেড় রেল হওয়া উচিত নয়। এবং দ্বিতীয় চক্রবেড় হবে কি হবে না, ভূগর্ভ রেল হবে কিনা সে সম্বন্ধে তিনি ফোর্ড ফাউন্ডেশানের দ্বারস্থ হলেন। তখনই বুঝতে অসুবিধা হচ্ছে না যে চক্রবেড় হবে না। কারণ, আমরা জানি ফোর্ড ফাউন্ডেশান এখানে ১৯৬২ সাল থেকে কাজ করছেন সি এম পি ও-র সহযোগীতায়। ১৯৬২ সাল থেকে আজ পর্যন্ত তারা অনেক বিষয়ে পরিকল্পনা করেছেন ও অনেক বিষয়ে অর্থের অপচয়ও করেছেন। কিন্তু তারা সার্কুলার রেলওয়ে প্রস্তাব সম্বন্ধে সার্ভে করার প্রয়োজন বোধ করেন নি। তারপর এখানে যে এরো-রেলের সাজেসন দিয়েছেন যেটা প্রতাপবাবু বললেন আকাশ কুসুম। আমিও সেটা বলি। তাঁরা সার্কুলার রেলের কথা বলেন নি, কেন না সার্কুলার রেল করতে গেলে আমাদের দেশের বিশেষজ্ঞরা তা করতে পারবেন। যার জন্য বিদেশ থেকে বিশেষজ্ঞ আসার দরকার হবে না। দ্বিতীয়তঃ সার্কুলার রেল করার জন্য যেসমস্ত মালমসলা লাগে যন্ত্রপাতি ইত্যাদি তার জন্য আমেরিকা ব্রিটেন, ওয়ার্লড ব্যাঙ্ক ইত্যাদির কাছে অর্ডার দিতে হবে না। কিন্তু ফোর্ড ফাউন্ডে-শান কোন সময় কখনও কোন প্ল্যানে ইন্টারেস্টেড হন না, যদি না তারা ওয়ার্লড ব্যাঙ্ক-এর দ্বারা টাকা ধার করায় না, এবং আমেরিকা এবং ব্রিটেনের কাছে অর্ডার দেওয়া যায় এটাই হচ্ছে আমার অভিজ্ঞতা, সেজন্য ফোর্ড ফাউন্ডেশানকে দিয়ে যদি সার্কুলার রেলওয়ে রিপোর্ট করতে চান তাহলে তা হবে পুত্রকে ডাইনীর হাতে সমর্পণ করার মত। আমি বলবো সার্কুলার রেলওয়ে সুবিধাজনক হবে, কেন না তার তিনটা বিষয়ে সার্ভে কিছুটা হয়ে আছে। ১৯৪৭ সালে ক্যালকাটা টার্মিনাস ফেসিলিটি কমিটি যার চেয়ারম্যান ছিলেন শ্রীজৌনওয়ালা, তিনি একটা পরিকল্পনা রেকমেন্ড করেন। সেই কমিটি বলেন সুবারবন ইলেকট্রিফিকেশান করা হোক এবং চিৎপুর ইয়ার্ডে পোর্ট-কমিশনার্সের মারফৎ একটা সার্কুলার রেলওয়ে করা হোক। তারপর একটা সাজেসান দিয়েছিলেন মাঝেরহাটে একটা এলিভেটেড ট্র্যাক ঐদিক দিয়ে নিয়ে যাওয়া হোক। তারপর ফারদার আর একটা কমিটি রেলওয়ে মিনিস্ট্রি থেকে শ্রী এস এন রায়ের অধীনে করেন। সে কমিটি কিছু ডিফিকালটিস দেখান—তারপর ১৯৫৬ সালে শ্রী এস সারঙ্গপানীকে এই স্কীম সম্বন্ধে সাজেশন দিতে বলা হয় এবং রেলওয়ে মিনিস্টার ডিরেকশান অনুসারে তিনি সার্কুলার রেলওয়ের

এবং তার মধ্যে ৩ লক্ষ ট্রাম-বাসে আসে। এবং মর্নিং পিক আওয়ার্সে ১৯,৬৯৩ জন যাত্রী আসে—ট্রামে ৮,২৮৪ এবং বাসে ১১,৪০৯ জন, আমি মর্নিং পিক আওয়ার্সের কথা বলছি। চৌরঙ্গী রোড সেন্ট্রালে সেখানে হিসাব হল মর্নিং পীক আওয়ার্সে ১৩,১৭১, ট্রামে ৬,৩৪৬, বাসে ৬,২২৫, চিত্তরঞ্জন অ্যাভিনিউ ৮,১৬১, সার্কুলার রোড ৭,৩২৭। আর একটা দিকে যেখানে শিয়ালদা স্টেশন দিয়ে যাত্রীরা শহরে আসে এবং সেখান থেকে চারদিকে ছড়িয়ে পড়ে সেই যাত্রীদের সংখ্যার হিসাব যদি দেখি মর্নিং পীক আওয়ার্সে বিপিনবিহারী গাঙ্গুলী স্ট্রীটে ৯,৩১৭, মহাত্মা গান্ধী রোডে মর্নিং পীক আওয়ার্সে ৭,৪৬৯ এবং ধর্মতলায় মর্নিং পিক আওয়ার্সে ৫,৩৩২, এই হল কলকাতার মোটামুটি তথ্য এবং সে সম্বন্ধে একটা সংক্ষিপ্ত বর্ণনা আমি আপনার সামনে রাখলাম। আমি এখানে আর একটা চিত্র আপনার সামনে তুলে ধরতে চাই যা থেকে দেখবেন যে, কলকাতায় বর্তমানে যে অবস্থা, যানবাহনের সংখ্যা যেভাবে বেড়ে চলেছে, যাত্রী যেভাবে বাড়ছে, কলকাতায় নাম্বার অব ভেহিকলস যেভাবে বাড়ছে তাতে নাম্বার অব বাসেস বাড়িয়ে এই সমস্যার সমাধান হবে না, সমস্যা বেড়ে যাবে। ফলে হচ্ছে এই, বাস বাড়লে অ্যাক্সিডেন্টও বাড়বে, স্পীড কমবে, যদি ট্রামের সংখ্যা বাড়ে তাহলে স্পীড থাকবে না, শম্বুক গতিতে এগিয়ে যেতে পারবে, হয়ত শ্যামবাজার থেকে ডালহৌসী স্কোয়ার পর্যন্ত আসতে দু ঘণ্টা সময় লেগে যাবে। আমি আপনার সামনে এবার রাস্তার উপর যে চাপ পড়ছে সেটা সম্বন্ধে তুলে ধরতে চাই। বৌবাজার স্ট্রীটের চওড়ার পরিমাণ মোটামুটি ৩৯·৪ ফুট, প্রাইভেট কার, ট্যাক্সি, মোটর সাইকেল, স্কুটার প্রতি ঘণ্টায় ১৭৬টি করে যায়,

number of goods vehicles 338, number of slow moving vehicles 378, number of buses and tram 134

এর টোট্যাল হল ৭২৬, আর পেডেস্ট্রিয়ান ট্রাফিক পার আওয়ার ৬,২৩০, লোয়ার সার্কুলার রোড ৭২·০ ফুট, সেখানে নাম্বার অব প্রাইভেট ভেহিকলস ইনক্লুডিং ট্যাক্সি, মোটর কার, এই সবগুলি নিয়ে ৬৪২, নাম্বার অব গুডস ভেহিকল পার আওয়ার ১৬৮, স্লো মুভিং ভেহিকল ১৪৫, নাম্বার অব বাস অ্যান্ড ট্রাম ৩৯৩, টোট্যাল ১,৩৪৬, আর পেডেস্ট্রিয়ান ট্রাফিক পার আওয়ার ১৪,৪০৬, এইরকমভাবে চৌরঙ্গী রোড, ধর্মতলা স্ট্রীট, চিত্তরঞ্জন অ্যাভিনিউ, মহাত্মা গান্ধী রোড, বিবেকানন্দ রোড, বিডন স্ট্রীট, কর্নওয়ালিশ স্ট্রীট এবং আর জি কর রোডের এই তথ্যগুলি আমার সামনে রয়েছে। আমি দেখতে পাচ্ছি রাস্তার উপর অত্যন্ত গুরুতর চাপ পড়ছে এবং এক একটি রাস্তার উপর যে চাপ পড়ছে তাতে আর একটুও ভেহিকল বাড়ানো চলে কিনা সেটা বিচার্য বিষয়, চালালে বিপদ হবে কিনা সেটা বিচার করতে হবে, চালালে স্পীড আরও কমবে কিনা সেটা বিচার করতে হবে, সমস্যা আরও বাড়বে কিনা, না সমস্যার সমাধান হবে সেটা বিচার করতে হবে। এই সমস্ত তথ্যগুলি বিচার করে বাংলার বিধানসভায় পশ্চিমবঙ্গ কংগ্রেসের পক্ষ থেকে যে প্রস্তাব এসেছে, কলকাতায় বৃত্তাকার রেলওয়ে করা হোক এবং সার্কুলার রেলওয়ে সৃষ্টি করা হোক, আমি মনে করি এই দাবি অত্যন্ত ন্যায্য দাবি, এটা আশু পূরণ হওয়া উচিত। আজ যদি ভারতবর্ষের অন্যান্য শহরে, বড় বড় শহরগুলিতে কি ব্যবস্থা আছে তার দিকে যদি চেয়ে দেখেন তাহলে দেখবেন বোম্বে এবং মাদ্রাজে, সুবার্বন এরিয়া থেকে একদম শহরের কেন্দ্রস্থলে পর্যন্ত পৌঁছে দেবার জন্য ইলেকট্রিক রেলওয়ের ব্যবস্থা

[3-30—3-40 p.m.]

আছে। আর কিছুদিন আগে দিল্লী সার্কুলার রেল দিয়ে ঘিরে যাত্রীসাধারণের যাতায়াতের সুবিধা করে দেওয়া হয়েছে, কিন্তু আশ্চর্যের বিষয় কলকাতা সম্বন্ধে এ ঔদাসীন্য কেন তা বুঝতে পারছি না। স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ রায় গত ৫।৬ বৎসর আগে নয় আরও পূর্বে থেকে কলকাতা যাত্রীসাধারণের সুবিধার জন্য নূতন কিছু ব্যবস্থা করা যায় কিনা আন্ডার গ্রাউন্ড রেল করা যায় কিনা একথা চিন্তা করে বিশেষজ্ঞদের ডেকে এনে পরীক্ষা-নিরীক্ষা করেছিলেন যদিও আজকে সে পরীক্ষা-নিরীক্ষার ফলে এমন কোন তথ্য বেরিয়ে থাকে যে তথ্যের উপর ভিত্তি করে কলকাতায় টিউব রেলওয়ে করা সম্ভব না হয় আর্থিক সঙ্গতির জন্য সম্ভব না হয় তাহলে আমি বলব আবার পরীক্ষা চালানো হোক এবং টিউব রেলওয়ে ও আন্ডার গ্রাউন্ড রেলওয়ে করার জন্য ভবিষ্যৎ কর্মপন্থা গ্রহণ করা হোক এবং আশু এখানে সার্কুলার রেলওয়ে করা হোক। অত্যন্ত অল্প সময়ের মধ্যে এটা করা যাবে ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র বলেছেন, কলকাতায়

[After adjournment]

[4-5—4-15 p.m.]

শ্রীনিখিল দাসঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কলকাতার মানুষের চরম সৌভাগ্য উপস্থিত হয়েছে। কংগ্রেসের তরফ থেকে একটা প্রস্তাব এসেছে যে কলকাতায় চক্রবেড় রেল করা হোক। এবং কলকাতা মানুষের অত্যন্ত কষ্ট আছে—বাসে, ট্রামে লোকে বাদুড় ঝোলা হয়ে চলা-চল করে। তাই কলকাতা শহরে চক্রবেড় রেল হোক এই প্রস্তাবটা এসেছে কংগ্রেসের তরফ থেকে। এবং এটা কংগ্রেসের কোন মন্ত্রীবাবু আনেন নি। এটা এনেছেন কংগ্রেসের সদস্য।

শ্রীদেবশরণ ঘোষঃ অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, এখানে দেখছি যে একজনও মন্ত্রী নেই।

মিঃ ডেপুটি স্পীকারঃ আমি দেখছি।

শ্রীনিখিল দাসঃ আনন্দবাবু অত্যন্ত গর্ব, এবং দর্প ভরে বললেন এখানে দাঁড়িয়ে যে কংগ্রেস তরফ থেকে এই প্রস্তাব এনেছি। কিন্তু তার পাশাপাশি এই কথা বললেন না যে এই ১৭/১৮ বছর কেন্দ্রে কংগ্রেস সরকারই আছে এবং পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকারই আছে। আমরা এই ১৭/১৮ বছর চক্রবেড় রেল করতে পারি নি—এই কথাটা পাশাপাশি বলা দরকার ছিল। হঠাৎ এদের খেয়াল হয়েছে যে কলকাতার মানুষ ট্রামে-বাসে অত্যন্ত কষ্টে যায়। সুতরাং চক্রবেড় রেল কলকাতায় হওয়া উচিত। আমরা বিরোধী পক্ষের তরফ থেকে বার বার এই হাউসে বলেছি যে কলকাতা শহরে যে পরিবহণ ব্যবস্থা তা অত্যন্ত অপরিষাপ্ত। সেইজন্য কলকাতায় চক্রবেড় রেল করা হোক। প্রতিবার বাজেট অধিবেশনে চীৎকার করেছি এবং এই প্রশ্ন তুলেছি, তখন তারা এর উত্তরও ভালভাবে দিতে পারেন নি। সমীক্ষা বিধানবাবুর আমলে একবার হয়েছিল। কিন্তু তার ফল কি হয়েছে সেটা জানার সৌভাগ্য আমাদের হয় নি। আজকে হঠাৎ দেখছি কংগ্রেসের তরফ থেকে প্রস্তাবটা এসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খারাপ লোকরা খারাপ খারাপ কথা বলে। লবিতেও এই ধরনের কথা শুনতে পেলাম। এখানে প্রতাপবাবু হয়তো আমাকে বলবেন যে, নিখিলবাবু আপনি কোন ভাল জিনিস ভাল চোখে দেখেন না। আমার মনে হচ্ছে আগামী রবিবার দিন কর্পোরেশনের নির্বাচন—তাই তার আগে কংগ্রেসের তরফ থেকে একটা স্ট্যান্ট দেওয়া দরকার। এবং সেই স্ট্যান্ট হিসাবে এই প্রস্তাবটা এসেছে। কলকাতার মানুষকে তারা দেখাতে চান যে কংগ্রেসের চেয়ে বড় দরদী আর কেউ নেই। আমরা চক্রবেড় রেলের প্রস্তাব এনে কত উপকার করতে চাচ্ছি কলকাতা শহরের। আমার একটা প্রশ্ন আপনার মাধ্যমে আছে, ও'দের কাছে যে ১৭/১৮ বছর কংগ্রেস সরকারই ছিলেন কিন্তু তাঁরা এটা করতে পারেন নি। কেন পারেন নি, এই প্রশ্নের জবাব কেউ দেন নি। ও'রা বলবেন কেন্দ্র করে নি, কেন্দ্রের কলকাতার প্রতি পশ্চিমবাংলার প্রতি উপেক্ষা। এটা যদি কংগ্রেস তরফ থেকে বলেন তাহলে কি তাতে কংগ্রেস সংগঠনের সম্মান বাড়ে? কেন্দ্রে কংগ্রেস সরকার এবং পশ্চিমবাংলায়ও কংগ্রেস সরকার। কেন্দ্রের কলকাতার প্রতি একটা বিরূপ মনোভাব আছে একথা যদি ও'রা বলেন তাহলে কি সম্মান বাড়ে? এ'দের যেটা করা উচিত ছিল এতদিন তাঁরা কেন করেন নি আমি জানি না—কি কারণে হয় নি আমি জানি না। জোর করে ধরে এই চক্রবেড় রেল করা উচিত ছিল। এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে, চক্রবেড় রেলের যে প্রস্তাব রেখেছেন এ সম্পর্কে ও'রা সিরিয়াস কিনা। না, এই প্রস্তাবটা প্রস্তাব হিসাবে এলো এবং সেটা কেন্দ্রে পাঠিয়ে দিলেন এবং তারপর প্রস্তাবগুলির যে গতি হয় সেই গতিই হবে। আপনার মনে আছে কিনা জানি না, ন্যাশন্যালাই-জেশন অফ ব্যাঙ্ক সম্বন্ধে একটা সর্বসম্মত প্রস্তাব এই হাউস থেকে কেন্দ্রের কাছে পাঠানো হয়েছিল তার কি গতি হয়েছে তা আপনি জানেন। আপনি জানেন স্বর্ণশিল্পীদের সম্বন্ধে একটা সর্বসম্মত প্রস্তাব পাঠানো হয়েছিল তার গতি কি হয়েছে। তাই এই সর্বসম্মত প্রস্তাবের কি গতি হয় তা আপনি জানেন। কারণ তাঁরা যখন কাজ করা দরকার বলে মনে করেন তখন তাঁরা প্রস্তাব আনেন না—তখন তাঁরা নিজেরাই করেন, করে বলেন যে, আমরা কংগ্রেস থেকে করে দিলাম। আর যে কাজটা করার ইচ্ছা নেই, সেই কাজটা তাঁরা প্রস্তাবের মাধ্যমে আমাদের কাছে আনেন এবং সবাইকে দিয়ে পাশ করিয়ে দেখান যে, আমরা চেষ্টা করেছিলাম—প্রস্তাবটা কেন্দ্রের কাছে পাঠিয়েছিলাম কিন্তু কি করবো—আমাদের তো আন্তরিকতার অভাব নেই এবং এই যে ছুতো এটা আমরা বার বার তাঁদের কাছে থেকে শুনছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা বিরোধী পক্ষরা অত্যন্ত খুশী হবো যদি এই প্রস্তাবটা আনার পিছনে তাঁদের

নিষ্ঠা থেকে থাকে—সততা থেকে থাকে। এই প্রস্তাবটা যদি আন্তরিকতভাবে এনে থাকেন—তাঁরা যদি আন্তরিকভাবে চান যে কলকাতা শহরে চক্রবেড় রেল হোক, হওয়া দরকার এবং নিষ্ঠার সাথে, সততার সাথে এই প্রস্তাবকে কার্যকরী করবার জন্য যা কিছু দরকার তা করা প্রয়োজন বলে মনে করেন তাহলে আমি মনে করবো যে তাঁদের সততা ও নিষ্ঠা আছে। প্রতাপবাবু বলেছেন—তিনি জ্ঞানীগুনী লোক এবং মাননীয় সদস্য নরেনবাবু তিনিও খুব জ্ঞানীগুনী লোক—আমি শুধু একটা প্রশ্ন তাঁদের কাছে রাখবো যে, এই প্রস্তাবটা যদি কেন্দ্র প্রত্যাখ্যান করে দেয়—তাঁরা যদি এটা গ্রহণ না করেন, তাহলে তাঁরা কি করবেন? তাহলে কি কেন্দ্রের বিরুদ্ধে জনসাধারণকে নিয়ে যে সংগ্রাম করা প্রয়োজন—এই প্রস্তাবটা কেন্দ্রকে দিয়ে মানাতে গেলে যে সংগ্রামের প্রয়োজন সেই সংগ্রামে তাঁরা কি আমাদের সাথে মিলবেন? আমি আমার তরফ থেকে বলতে পারি—অন্য পার্টির কথা বলতে পারি না—সেই সংগ্রাম যদি করেন তাঁরা—কেন্দ্র যদি এই সর্বসম্মত প্রস্তাব প্রত্যাখ্যান করেন—তারপর এই প্রস্তাব কেন্দ্রকে দিয়ে মানাবার জন্য জনসাধারণকে নিয়ে যদি সংগ্রাম করেন তাহলে সেই সংগ্রামের প্রথম সারিতে তাঁরা আমাদের দেখবেন। কিন্তু তা কি করবেন তাঁরা এই প্রশ্নটাই রাখবো আপনার মাধ্যমে মাননীয় কংগ্রেসী সদস্যদের কাছে। এই প্রস্তাবটা যা এনেছেন এতে বাহবা বা হাততালি দেবার কিছু নেই। আসল কথা হচ্ছে কেন্দ্রকে দিয়ে তাঁরা এটা করাতে পারবেন কিনা? কলকাতার মানুষ একথা শুনবে না যে ৭২ ইঞ্চি পাইপ দিয়ে জল আসবে—তারা সেটা শুনেছিল, কিন্তু সেটা চলে গেছে। তারা চক্রবেড় রেলের কথা বহুদিন থেকে শুনছে। ফরাসী বিশেষজ্ঞরা এসে চলে গেল কয়েক লক্ষ টাকা খরচ হোল, কিন্তু কলকাতার অবস্থা যা ছিল তার চেয়েও খারাপ হয়ে গেছে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে যে এই প্রস্তাবটা কার্যকরী হবে কিনা। হলে কবের মধ্যে কার্যকরী করা হবে—সেই সততা সেই ন্যায়-নিষ্ঠা সেই মনের জোর কংগ্রেসী সদস্যের মধ্যে আছে কিনা? এই হাউসে দাঁড়িয়ে আমরা বলছি যে কলকাতার সুবিধার কথা চিন্তা করে চক্রবেড় রেল হওয়ার প্রয়োজনীয়তার কথা আমরা পূর্ণ সমর্থন করি, এই প্রস্তাবটার বিরুদ্ধে বলবার কিছু নেই, কিন্তু এই প্রস্তাবটা আনার পিছনে যেন দুষ্ট অভিসন্ধি না থাকে—যেন দুষ্ট চক্র এখানে কাজ না করে। এই প্রস্তাবটা আনার পিছনে কংগ্রেসের ভিতর যে অন্তর্দ্বন্দ্ব, তা যেন কার্যকরী না হয়। কারণ আমরা দেখেছি বিভিন্ন সময় যে কংগ্রেসের ভিতর অন্তর্দ্বন্দ্বের ফলে অনেক সময় অনেক ভাল জিনিস নষ্ট হয়ে গেছে। কিন্তু এই প্রস্তাব কার্যকরী হবে কিনা? আমাদের প্রশ্ন হচ্ছে এটা প্রস্তাবে লেখা নেই যে, কবে কার্যকরী করতে হবে। আমার বক্তব্য হচ্ছে এই প্রসঙ্গে যে চক্রবেড় রেল করতে হলে সময় কিছু বেশী দরকার হয়। কলকাতা শহরে চক্রবেড় রেল অর্ধেকটা, থ্রি-ফোর্থ প্রায় হয়েই আছে এবং সেটাকে যদি একটু গুছিয়ে গাছিয়ে করা যায় তাহলে এই চক্রবেড় রেল করতে এক বছরের বেশী সময় লাগা উচিত নয়। ও'রা হিসেব দিচ্ছেন, রেলওয়ে বোর্ড বলেছেন যে, ৫০ কোটি টাকা লাগবে। কত কোটি টাকা জলে চলে গেল, কত কোটি টাকা লোকসান হয়ে গেল সরকারী ব্যবস্থায় —ব্যবসায় লোকসান, বিভিন্ন ক্ষেত্রে লোকসান, সেখানে যদি ৫০ কোটি টাকা খরচ হয় তাহলে কলকাতা শহরের জন্য যেখানে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গা থেকে, প্রতিটি জায়গা থেকে লোক আসে, সেখানে কলকাতা শহরের পরিবহণের কিছু উন্নতি করা দরকার। সেখানে যদি এই টাকা দরকার হয় সেটা ব্যয় করা দরকার, খরচ করা দরকার। লাভ লোকসানের প্রশ্ন আমি চাচ্ছি না যদি লোকসান হয়, তবুও কলকাতা শহরের যা অসুবিধার কথা এই প্রস্তাবে লেখা আছে এগুলি যদি ঠিক মন দিয়ে কংগ্রেস পক্ষের সদস্যরা বিশ্বাস করেন তাহলে লোকসান হলেও লোকসান করতে হবে মানুষের সুবিধার জন্য। লোকে সরকারকে যে টাকা দেয় সে টাকা কেন দেয়? লোকে টাকা দেয় দেশের লোকের সুবিধার জন্য এবং সেই দেশের লোকের সুবিধা করতে গিয়ে কোন কাজে যদি লোকসান হয়, সে লোকসান সরকারকে নিতে হবে, দেশ মেনে নেবে আমরা মেনে নেব। অতএব লোকসানের প্রশ্ন আমাদের কাছে বড় প্রশ্ন নয়। ভয় মনে মনে হয়, আজ কংগ্রেস সংগঠনের ভিতরের অবস্থা দেখে, আজ কংগ্রেস সরকারের ভিতরের অবস্থা দেখে এবং এখানে প্রস্তাব আনার যে প্রকৃতি সেগুলি দেখে। এর পিছনে কোন দুষ্ট রাজনীতি কাজ করছে কিনা এই ভয়টা এই আশঙ্কাটা বার বার আমার মনে হচ্ছে। কিন্তু এই আশঙ্কা উদয় হওয়া সত্ত্বেও অত্যন্ত আনন্দিত হয়েছি এই জন্য যে, আজ কংগ্রেস তরফ থেকে এই কথা বলা হয়েছে। কেন্দ্রে তাদের সরকার থাকা সত্ত্বেও পশ্চিমবাংলায় তাদের সরকার থাকা সত্ত্বেও যে কাজটা এই ১৭/১৮ বছরের ভিতর তাদের করা প্রয়োজন ছিল সে কাজ তারা করতে পারে নি। তাই কংগ্রেস তরফ থেকে এই প্রস্তাব

এসেছে, তাই কংগ্রেস তরফের এই যে ধিক্কার কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এবং এই যে ধিক্কার পশ্চিম বাংলা সরকারের বিরুদ্ধে এ ধিক্কার আমরা চিরকাল দিয়ে এসেছি এবং এই প্রস্তাবের মাধ্যমে এই ধিক্কারের সুর বেজে উঠেছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, বিজ্ঞানের যুগে মঙ্গল গ্রহে লোক চলে যাচ্ছে। বিজ্ঞানের যুগে, এ্যাটোম বোমার যুগে এই কলকাতা শহর নাকি এশিয়ার মধ্যে সবচেয়ে বড় শহর। সেই কলকাতা শহরে সার্কুলার রেল না টিউব রেল, এটা চিন্তা করতে, ভাবনা করতে ৫ থেকে সাত বছর চলে গেল। এখন আবার শুনছি টিউব রেল হওয়া অসম্ভব ছিল, সার্কুলার রেল সম্বন্ধে কিছু শুনলাম। আবার শুনছি সার্কুলার রেলে হবে না, টিউব রেল কর। কম যেটা সেটাই কর। নাচ একটু দেখি, তারপরে ভাল করে নেচো। আগে সার্কুলার রেলটা কর তারপরে পারলে টিউব রেল করো। ভাল জিনিস করো তাতে আমরা আপত্তি একটুও করব না। কিন্তু এই যে ছোট কাজটুকু সার্কুলার রেল, যাতে টাকা বেশী দরকার নেই, যা করতে হাঙ্গামার বেশী দরকার নেই, যা করতে বিদেশের দিকে মুখ চেয়ে থাকতে হবে না, সেটুকু কাজ কর তো, লোকে দেখুক তো। শুধু কথার কথা না বলে এই কাজটুকু কর। তাই মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমার মনে আশঙ্কা যদি অমূলক হয় তাহলে আমার চেয়ে বেশী কেউ খুশী হবে না। আমি যে আশঙ্কা এখানে দাঁড়িয়ে প্রকাশ করলাম কংগ্রেস সদস্যদের সততা এবং ন্যায়-নিষ্ঠা সম্পর্কে বা তাদের যে ধূর্ত চাতুরি সেখানে আছে এ সম্পর্কে, এটা যদি অসত্য হয় এবং আমার আশংকা যদি অসত্য হয়, তাহলে আমার চেয়ে বেশী খুশী আর কেউ হবে না। তাই আমি আপনার মাধ্যমে আবার তাদের কাছে, কংগ্রেস সদস্যদের কাছে, সরকারের কাছে আবেদন করব যে, চাতুরি দিয়ে মহত কাজ করা যায় না। লোককে কিছুদিন ভুলিয়ে রাখা যায়, লোকের কাছ থেকে কিছুদিন বাহবা আদায় করা যায়, কিন্তু শেষ পর্যন্ত সেটা টেকে না। তাই বাস্তবিক ভাবে যদি অন্তর দিয়ে বিশ্বাস করেন যে চক্রবেড় রেল করতে হবে তাহলে আমি এই বিশ্বাস করি যে, কলকাতা শহরে ৬ মাসের ভিতর চক্রবেড় রেল করা যায়। করা যায় না? কংগ্রেসী দল যারা ক্ষমতায় আছেন যাদের দল কেন্দ্রে ক্ষমতায় আছেন তাঁরা জোর দিয়ে দাঁড়িয়ে যদি বলেন যে, চক্রবেড় রেল করতে হবে, তা না হলে আমাদের যে সহযোগিতা, সে সহযোগিতা তোমরা পাবে না, সাধ্য আছে কেন্দ্রীয় সরকারের যে তাদের কথা না শুনে পারে? সাধ্য আছে রেলওয়ে বোর্ডের যে তাদের কথা না শুনে পারে? একথা আমাদের বোঝালে তো হবে না, আমরা তো আর ছোট শিশু নই যে এখন আমাদের ঝিনুক নিয়ে দুধ খাইয়ে দিতে হবে? আমরা তো দেখেছি, শুনেছি, বুঝেছি কিছু কথা। তাই বাংলাদেশের সরকার, বাংলাদেশের কংগ্রেস পক্ষ যদি এটা চান, সবাই যদি এটা চান যে কলকাতা শহরে চক্রবেড় রেল হওয়া দরকার, তাহলে দুই দিনে চক্রবেড় রেলের প্রস্তাব পাশ হতে পারে এবং দুদিনে কাজে লাগাবার ব্যবস্থা হতে পারে। রেলওয়ে বোর্ডের কোন ক্ষমতা নেই, এর বিরুদ্ধে যেতে পারে। তাই মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমার বক্তব্যের শেষে আমি বলছি যে, এই প্রস্তাব সমর্থন করার প্রশ্নই ওঠে না, সবাই সমর্থন করবে। কে না চায় কলকাতার উন্নতি? শেষ কথা কংগ্রেস সদস্যদের আবার বলছি কেন্দ্র যদি উপেক্ষা করে, কেন্দ্র যদি প্রত্যাখ্যান করে, তাহলে তাঁরা আমাদের সাথে মিলে এই প্রস্তাবকে কার্যকরী করতে যে সংগ্রাম হবে সে সংগ্রামে তাঁরা নেতৃত্ব করবেন কিনা, কেন্দ্রের বিরুদ্ধে এই নেতৃত্ব নেবেন কিনা? যদি এই প্রস্তাবকে কেন্দ্র উপেক্ষা করে, কার্যকরী না করে, তাহলে জনতাকে সাথে নিয়ে যদি তাঁরা সংগ্রাম করেন সেই সংগ্রামের প্রথম সারিতে আমাকে তাঁরা পাবেন। এই কথা আমি জোর দিয়ে আজকে এখানে বলে যেতে চাই। এই কথা বলে এই প্রস্তাব সমর্থন করছি এবং চাচ্ছি আমার আশংকা যেন অমূলক হয়।

[4-15—4-25 p.m.]

Shri Susil Kumar Das Gupta:

মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে শ্রীনরেন সেন মহাশয় সার্কুলার রেলওয়ে সম্বন্ধে যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করি এবং জ্যোতিবাবু যেটুকু বলেছেন তার শেষ অংশে এই প্রস্তাব যাতে চতুর্থ পরিকল্পনার ভিতর কার্যকরী হয় সেটাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে আমি খুবই সুখী যে গত ২ বছর থেকে কলিকাতাতে আমাদের একটি প্যাসেঞ্জারস' এ্যাসোসিয়েসন প্রতিষ্ঠান আছে যে প্রতিষ্ঠানের সঙ্গে আমরা জড়িত এবং আমাদের শ্রদ্ধেয় শ্রীকুমারবাবু সেই প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষভাবে জড়িত আছেন এবং তার মাধ্যমে আমরা রেলওয়ে বোর্ডের সঙ্গে অনেক চিঠি-পত্রের আদান-প্রদান সার্কুলার রেল সম্বন্ধে করেছি। তাতে

আমরা বুঝতে পেরেছি যে তাঁরা কি কি অসুবিধার কথা তুলে আমাদের এই ক্ষুদ্র প্রতিষ্ঠানের যে প্রচেষ্টা তাঁকে বার বার বানচাল করে দেবার চেষ্টা করেছেন। কাজেই এই বিধানসভার সমস্ত সদস্যরা এই প্রস্তাবের মাধ্যমে যে দাবী রেখেছেন, বাংলাদেশের পক্ষে আজকে সবচেয়ে মস্তবড় সমস্যা হচ্ছে কলকাতার সমস্যা, তার সমর্থন জানিয়েছেন, তার জন্য এই সমস্ত সভ্যদের আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কলকাতা যখন পত্তন হয়েছিল তখন মাত্র ৮/১০ লক্ষ লোকের জন্য কলকাতা পত্তন হয়েছিল। তখন বোধ হয় কেউই চিন্তা করতে পারেনি যে কলকাতায় ৩০ লক্ষ লোক বাস করবে এবং ১০ লক্ষ ফ্লোটিং পপুলেসন রোজ এই কলকাতাতে আসবে, যে কথা আনন্দবাবু বিশেষভাবে আলোচনা করেছেন। বর্তমান যানবাহন কি অবস্থায় এসেছে তার আলোচনার কোন দরকার নেই, আজকে প্রত্যক্ষ অভিজ্ঞতা প্রত্যেকেরই আছে এবং একথা আজকে সকলে স্বীকার করবেন যে যদি এই সমস্যার কিছুমাত্র সমাধান আমরা করতে চাই তাহলে একমাত্র উপায় হচ্ছে সার্কুলার রেলওয়ে ইমিডিয়েট্‌লি করা এবং সার্কুলার রেল করার জন্য আর একটুমাত্র দেরি যেন না হয়। কারণ, কলকাতায় বর্ষাকালে আজকাল যে রকম অবস্থা হয় সেটা কিছু অস্বাভাবিক নয়, যদি বৃষ্টি দেবতার কৃপাদৃষ্টি একটু বেশীদিন ধরে হয় তাহলে কলকাতার সমস্ত মানুষ ঘরে অচল অবস্থায় বসে থাকতে বাধ্য হবে। এই প্রস্তাব সম্বন্ধে আমরা যে আলোচনা করেছিলাম তাতে রেলওয়ে বোর্ড আমাদের কাছে এই যুক্তি দেখিয়েছিলেন যে সার্কুলার রেল করতে ৫০ কোটি টাকা খরচ হবে এবং এর মেনটেন্যান্স-এর জন্য বছরে ৫ কোটি টাকা করে লোকসান হবে। যে সারঙ্গপানি কমিটির কথা শ্রদ্ধেয় সোমনাথবাবু বলেছিলেন, ১৯৫৬ সালে তাঁরা খুব ভালভাবে এটার সম্বন্ধে আলোচনা করেছিলেন এবং সেখানে তাঁরা বলেছিলেন যে এই সার্কুলার রেল যদি হয় তাহলে চীৎপুর ইয়ার্ড যেমন আমাদের শিয়ালদহ স্টেশন, হাওড়া স্টেশন হবে, সেইরকম এই চীৎপুর ইয়ার্ডটা সবচেয়ে বড় ভাইট্যাল পয়েন্ট হবে। তাঁরা যে অসুবিধার কথা চিন্তা করেছিলেন, চীৎপুর ইয়ার্ডে কিছু অসুবিধা আছে সেটা হচ্ছে যে আমাদের যত গুডস্‌ ট্রেন আছে সেগুলি দক্ষিণ কলকাতা থেকে, উত্তর কলকাতা থেকে, মধ্য কলকাতা থেকে টেনে আনা হয় কোন গাড়ী তার ভিতর এসে নর্দান রেলওয়েতে যাবে, কোন গাড়ী সাউথার্ন রেলওয়েতে যাবে, আবার কোন গাড়ী ওয়েস্টার্ন রেলওয়েতে যাবে। এগুলি চিৎপুর ইয়ার্ডের ভেতর ডামপিং হয় এবং তারপর মার্সালিং হয়ে বিভিন্ন স্থানে পাঠান হয়। তাই তাদের সবচেয়ে বড় আপত্তি ছিল চিৎপুর ইয়ার্ডের ভেতর এ করতে সময় যায়—এই মালগাড়ীগুলিকে সর্টিং করে বিভিন্ন স্থানে পাঠাতে তাদের অসুবিধার কথা তাঁরা বলেছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে চিৎপুরের ভেতর অনেক সাইডিং আছে, অনেক বিজনেসম্যানের রেলওয়ে স্টোর আছে এবং এই স্টোরের জন্য আলদা লাইন চিৎপুর ইয়ার্ডের ভেতর গিয়ে পড়েছে। পোর্ট কমিশনার যে আপত্তি তুলেছে সেটা হচ্ছে চিৎপুর ইয়ার্ড থেকে হাওড়া স্টেশন পর্যন্ত যেসমস্ত গুদাম আছে তাদের সাইডিং-এর অসুবিধা হবে। আমাদের বক্তব্য হচ্ছে যেখানে আমরা মনে করছি কলকাতা শহর ডুবে গেলে আর কোন পন্থা থাকবে না, যেখানে বৃহত্তর স্বার্থ জড়িত সেখানে বিজনেসম্যানদের ক্ষুদ্র স্বার্থের দিকে না ঝুঁকিয়ে এই প্রস্তাব পাশ করাতেই হবে। এটা যাতে কার্যকরী হয় সেজন্য বিশেষভাবে চেষ্টা করতে হবে। আমি মনে করি যে চিৎপুর ইয়ার্ডের কনজেস্‌সান যদি এখন কমাতে না পারেন তাহলে দমদমে আর একটা ইয়ার্ড করুন, এতে ৫ কোটি টাকার বেশী খরচ হবে না। দমদমে করতে পারেন, বরানগরে করতে পারেন, তাহলে সেই ইয়ার্ডের মাধ্যমে সার্কুলার রেলওয়ের টার্মিনাস হতে পারে। সেখান থেকে অতি সহজে চিৎপুর ইয়ার্ডের ভীড়ের ভেতর থেকে দুটো লাইনকে নেওয়া যায়। এটা খুব সহজ এবং পোর্ট কমিশনারের যে লাইন তার অবস্থা খুব খারাপ। কাজেই যদি কেউ মনে করে থাকেন যে ২ মাস ৬ মাসের ভেতর এটা কার্যকরী হতে পারে তাহলে আমি বলব তা সম্ভব নয়। কারণ, পোর্ট কমিশনারের যে লাইন রয়েছে সেই লাইন বাগবাজার থেকে সুরু করে হাওড়া ব্রীজ হয়ে হাই কোর্ট পর্যন্ত এই জায়গায় প্রয়োজন হচ্ছে সবচেয়ে বেশী। হাই কোর্টের পরে সাউথ ক্যালকাটার যখন সার্কেল করবে তখন সেখানে সমস্যা এত বেশী নেই। এই সমস্যা সামনে রেখে যদি রেল লাইন উন্নত করা যায় তাহলে সমস্যা সমাধান হবে। ঐ একমাত্র চিৎপুর ইয়ার্ডের কথা তাঁরা বলেছেন। সেখানে যদি দমদমে বা বরানগরে বা কাছাকাছি অন্য কোন স্থানে আর একটা ইয়ার্ড করেন তাহলে ভাল হয় এবং

সমস্ত লাইন ইলেকট্রিফিকেশান করা দরকার। আজকে ইলেকট্রিফিকেশান সব জায়গায় এসে গেছে। বোম্বে সুবার্বণ রেলওয়েতে হয়েছে, সিটির ভেতর দিয়ে রেল যাচ্ছে, মাদ্রাজে রেল চলছে। বাংলাদেশে কেন হবে না? কালকে পাতিল সাহেবের একটা মন্তব্য কাগজে পড়েছি, তাতে আমার মনে হয় এটা সুদূর পরিকল্পনা। কিন্তু আমাদের ইমিডিয়েট পরিকল্পনা যেটা সেটার

only answer is that the circular railway is the demand of the people of West Bengal.

এবং সুদূর পরিকল্পনা যদি পাতিল সাহেব বলেন যে আমরা আন্ডারগ্রাউন্ড রেলওয়ে করব তাতে রাজী আছি, কিন্তু এখন নয়। কারণ, কলকাতার জনসংখ্যা সামনে আরো বাড়বে। সেজন্য সুদূর পরিকল্পনা আন্ডারগ্রাউন্ড রেলওয়ে হতে পারে। কিন্তু ঐ যেটা ৫০ কোটি টাকা বলছেন আন্ডারগ্রাউন্ড করতে সেটা আমি বলছি ৫ শো কোটি টাকার দরকার হবে। সেখানে যেকথা মাননীয় সদস্যরা বলেছেন যে ফরেন এক্সপার্টের দরকার হবে অনেক ফরেন মালপত্র আনাতে হবে। কাজেই সেন্ট্রাল গভর্নমেন্টের এই যে প্রস্তাব পাতিল সাহেব রেখেছেন এটা আমরা সন্দেহ করি। এটা হচ্ছে বাংলাদেশের যে দাবি, সেই দাবিকে প্রত্যাখ্যান করার একটা সুযোগ খুঁজছেন এই সুযোগ নিয়ে তাঁরা বাংলাদেশের এই দাবিকে প্রত্যাখ্যান করবেন এই ভয় আমরা করি। আপনারা সকলে স্বীকার করবেন যে হাওড়া স্টেশানে কি দারুন ভীড়। প্রায়ই কাগজে বেরোয় যে প্যাসেঞ্জাররা বটলনেক হয়ে গিয়েছিল হাওড়া ব্রীজে উঠতে গিয়ে। বার বার আমাদের প্যাসেঞ্জার্স এ্যাসোসিয়েসান থেকে দাবি করা হয়েছিল যে আপনারা হাওড়া স্টেশানের কিছু ইম্পর্ট্যান্ট গাড়ী শিয়ালদহে পাঠিয়ে দিন। পাঠিয়ে তো দেবেন না, গতবার তাঁরা পাঠানকোট এক্সপ্রেস এবং নর্থ বেঙ্গল দার্জিলিং মেল যেটা তাকে পর্যন্ত নৈহাটি ঘুরিয়ে পাঠিয়েছেন। একমাত্র অজুহাত তাঁরা দিয়েছিলেন ইলেকট্রিসিটি। কেন হাওড়াতে তো ইলেকট্রিফিকেসান হয়ে গেল তখন তো কোন ট্রেণকে ডাইভার্ট করে শিয়ালদহে নিয়ে যেতে হয়নি। কেন তাহলে ইলেকট্রিফিকেসানের নাম করে এই দুটো ইম্পর্ট্যান্ট ট্রেণের ২॥ ঘন্টা টাইম-টেবল বাড়িয়ে দেওয়া হয়েছিল? আমাদের আন্দোলনের ফলে তাঁরা এপ্রিল থেকে সেই টাইম-টেবল চেঞ্জ করেছেন। আমরা এই দাবি তাঁদের কাছে রাখব যদি সত্যিকারে ডিসেন্ট্রালাইজ পলিসি নিতে হয় তাহলে হাওড়া স্টেশনের ভীড় কমিয়ে দিতে হবে, শিয়ালদহে ইম্পর্ট্যান্ট ট্রেণ নিয়ে আসতে হবে যাতে করে লোক বটলনেক না হয়ে যায়। এই পরিকল্পনা সামনে রেখে আমাদের অগ্রসর হতে হবে। কারণ, এই জিনিসটা আমরা মনে করি আজকে কলকাতার পক্ষে একটা মোস্ট ভাইট্যাল পয়েন্ট। তাঁরা গুদামের অজুহাত দেখাচ্ছেন। আমরা জানি লন্ডনে টেমস নদীতে যখন করা হয়েছিল টেমসের পাড়ে অনেক কলকারখানা আছে, তারা সেগুলি হটিয়ে দিতে পেরেছিল। কলকাতার পাড়ে যেখানে গঙ্গা আছে সেখানে একটু ভাল হাওয়া নেই। কেন আমরা গুদামকে সরিয়ে দিতে পারব না আমরা জানি না। যেখানে বৃহত্তর স্বার্থ, যেখানে কলকাতার মানুষের বাঁচবার দরকার সেখানে কেন কয়েকজন বিশিষ্ট ব্যবসায়ী গুদাম করে কলকাতার হাওয়াকে কলুষিত করবে আমরা বুঝতে পারছি না। কেন আমরা তাদের সরিয়ে দিতে পারব না বৃহত্তর স্বার্থের দিকে তাকিয়ে? এটা সহজেই করা যায়। আমরা বাংলা সরকারের কাছে আবেদন জানাব তাঁরা যেন এদিকে বিশেষ দৃষ্টি দেন।

[4-25—4-35 p.m.]

আর একটি কথা সেটা হয়ত এর ভেতর আসে না, কিন্তু খগেনবাবু এখানে উপস্থিত আছেন বলে তাঁকে জানাতে চাই। আপনি যে একটা রাস্তা করছেন বাই-পাস রোড, তার জন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি; আপনারা যেখানে আদি সপ্তগ্রাম থেকে বালি ব্রিজ পর্যন্ত একটা বাইপাস রোড করছেন তাতে আপনার ডিপার্টমেন্ট আপনাকে একটা জিনিস বলেছেন কিনা জানি না, ঐ বাই-পাস রোডের মেন ট্রাফিক চলে আসবে বালী ব্রীজ পর্যন্ত, ওখানে এসে আবার বটলনেক হবে ঐ দক্ষিণেশ্বরের পুলের তলায়। কারণ দু-দিকের ট্রাফিক এসে বালী ব্রীজের তলায় বন্ধ হয়ে যাচ্ছে। কাজেই বাই-পাস রোড বালী ব্রীজের দুপাশে যেমন রাস্তা আছে, ওখানে পি ডবলিউ ইয়ার্ডে ঢুকছে। ফলে ঐ বালী ব্রীজের তলায় আবার বটলনেক হয়ে যাবে। কাজেই এই জিনিসটা সুদূর পরিকল্পনার জন্য এখন যদি আপনারা পরিকল্পনা করে ডাইভারশন না

করেন, এখনো জমি খালি পড়ে রয়েছে, তাহলে ভবিষ্যতে আর তার জন্য জমি পাবেন না। সুতরাং আমাদের চিন্তা করতে হবে সমস্ত বিষয়গুলো নিয়ে। এর পর সমস্ত জমি দখল করা হয়ে যাবে, বাড়ি উঠে যাবে, তখন আর আমরা চিন্তা করতে পারবো না। কাজেই এই সব কথা আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এখানে রাখলাম এবং আমি আশা করি কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলা সরকারের এবং আমাদের সম্মিলিত বিধানসভার যে দাবী আজকে আমরা রাখলাম, তাকে কিছুতেই অগ্রাহ্য করতে পারবেন না। কাজেই নিখিলবাবু যে আন্দোলনের কথা বলেছেন, ঐ রকম কোন আন্দোলনের দরকার হবে বলে আমি মনে করি না। আমি মনে করি সত্যিকারের যদি দাবী আমরা রাখতে পারি, তা যদি অন্যায় না হয়, তাহলে তাঁরা এটা নিশ্চয় বুঝবেন এবং মেনে নিবেন।

পশ্চিমবাংলার সমস্যা একটি ভাইটাল সমস্যা। ফরাক্কা ব্যারেজ যেমন পশ্চিম বাংলার বাঁচবার পক্ষে একটা সমস্যা, এই সার্কুলার রেলওয়েও নিশ্চয়ই ইকোয়ালি ইম্পরট্যান্ট তেমনি একটি সমস্যা। আমরা স্টেটসম্যান কাগজে ও আনন্দবাজারে দেখেছিলাম আমাদের অর্থমন্ত্রী দিল্লীতে গিয়ে এ সম্বন্ধে আলোচনা করেছিলেন। তিনি যে কথা আমাদের প্রতিনিধি হয়ে বলে দিয়েছিলেন যে এই যে ৫০ কোটি টাকা লাগবে, এই যে ইনিশিয়াল এক্সপেন্ডিচার, তার ৫০ পারসেন্ট ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট সাবসিডাইস করবেন। যদি ভুল কিছু হয়ে থাকে, তাহলে আমাকে কারেক্ট করে দেবেন, আমি যতদূর কাগজে দেখেছিলাম, মনে পড়ছে যে তাঁরা যে লোকসানের কথা বলছেন, সেই ৫ কোটি টাকা লোকসান হবে না। তার কারণ তাহলে বোম্বে রেলেতে লোকসান হবে, মাদ্রাজের রেলেতেও লোকসান হবে। তাঁরা হিসেব রাখছেন শুধু প্যাসেঞ্জারের, কিন্তু সার্কুলার রেল যদি এখানে হয় তাহলে একথা বোধ হয় ভাবেন নি যে যে সমস্ত লোক ট্রামে-বাসে যায়, রিক্সায় যায় নর্থ ক্যালকাটায় তারা এই সার্কুলার রেল অ্যাভেল করবে। তাদের ভাড়াটাও সব পেয়ে যাচ্ছেন। তারপর গুডস, ভেন্ডারস আছে যে কথা প্রতাপবাবু বলেছেন। এই ভেন্ডারদের ভাড়া পেলে আর লোকসানের কোন কথা উঠতে পারে না। লোকসান কিসের? জাতীয় পরিকল্পনায় আবার লোকসান কিসের? তাহলে তো শিক্ষা খাতে ব্যয় করা লোকসান, স্বাস্থ্য খাতে ব্যয় করা লোকসান? যেটা আমাদের নেসেসিটি সেখানে লোকসানের কোন প্রশ্ন উঠতে পারে না। সুতরাং এই প্রস্তাব আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Firing at Indo-Pak border in Cooch Behar district

Shri Kamal Kanti Guha:

মাননীয় শৈলেন অধিকারী মহাশয় বক্তৃতা দেবার আগে একটা ব্যাপার সম্পর্কে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। চীফ মিনিস্টারের যে সুর ছিল তাতে মনে হয়েছিল সে সম্বন্ধে একটা আলোচনা হয়ে যাবে। কিন্তু এই মাত্র খবর এসেছে আজ কুচবিহারে পাকিস্তানীরা ব্যাপকভাবে ও নিয়মিতভাবে গুলিবর্ষণ সুরু করেছে। চীফ মিনিস্টার হাউসে বলেছেন আমাদের সঙ্গে এ ব্যাপারে তিনি আলোচনা করবেন কি করবেন না ভেবে দেখবেন। তিনি যেন আলোচনা তাঁর চেম্বারে না করে এখানে করেন, এটাই আমরা চাচ্ছি। আজও তিনি আমাদের সঙ্গে আলোচনায় বসলেন না। তিনি ভাবুন আমাদের সঙ্গে সেই আলোচনা করবেন কি না? কিন্তু আমাদের অধিকার আছে এই হাউসে আলোচনা করবার। আমরা আলোচনা চাই—সেই আলোচনার সুযোগ স্যার, আপনি আমাদের দেবেন।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় গত সোমবার থেকে বলে আসছেন গুলিবর্ষণ বন্ধ হবে—মৃদু গুলি, অল্প গুলি—স্টেটমেন্ট করলেন। কিন্তু আজ পর্যন্ত সেই গুলি বন্ধ হ'ল না। এখনো সেখানে গুলি চলছে। আজকে সর্বশেষ খবরে শুনতে পাচ্ছি সেখানে তারা স্টেনগান, ব্রেন-গান ইত্যাদি ইউস করছে। সেটা আমরা পরিষ্কার করে জানতে চাই। ঠিক যেরকমভাবে সাহস করে পাকিস্তান বেরুবাড়ি দখল করেছে, এমনিভাবে করে তারা হয়ত মেখলিগঞ্জ দখল করবে। তখন কি মুখ্যমন্ত্রী বিবৃতি দেবেন? তখন কি তিনি বিধানসভার বিরোধী দলের সঙ্গে আলোচনায় বসবেন? সেকথা আমি পরিষ্কার করে জানতে চাই। মুখ্যমন্ত্রী স্বীকার করেছিলেন তিনি আমাদের সঙ্গে বসবেন, তাই জানতে চাই তিনি কখন

বসবেন? আমরা জানি যতক্ষণ পর্যন্ত গুলী বন্ধ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত তাঁর সাহস নেই আমাদের সঙ্গে বসার। মুখ্যমন্ত্রী কোন বিবৃতি দেন নি, কিন্তু আমি আপনাদের জানাচ্ছি মেকলীগঞ্জে গুলি চলছে। কাজেই আমরা চাই হয় মুখ্যমন্ত্রী কোন বিবৃতি দিন অথবা হাউসে আমাদের ডিসকাসন করবার সুযোগ দেওয়া হোক।

শ্রীকমলকান্তি গুহ: আপনারা চীনের আক্রমণের সময় যে উদ্যম দেখিয়েছিলেন সেই উদ্যম আজ সীমান্তে ব্যাপকভাবে গুলী চলা সত্ত্বেও দেখছি না। আপনারা বলেছেন আমরা দেখছি, চিন্তা করছি। কিন্তু জেনে রাখুন তারা আপনাদের পরোয়া করে না। পাকিস্তানের চিফ সেক্রেটারী ঢাকায় বসে থাকা সত্ত্বেও কোন উত্তর দিচ্ছে না, আর আমাদের সরকার তাদের পায়ের কাছে হাত কচলাচ্ছেন আর বলছেন, হুজুর, আমাদের কথা শুনুন। কাজেই আমরা চাই আপনি চিফ মিনিস্টারকে এখানে ডাকুন।

মিঃ ডেপুটি স্পীকার: আমি চিফ হুইপ-এর সঙ্গে কথা বলছি।

শ্রীজ্যোতি বসু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই ব্যাপারে যখন আমরা পি সি সেনকে জিজ্ঞাসা করেছিলাম তখন তিনি বলেছিলেন, আর একটু দেখছি, ২।৩ দিন ধরে এটা চলছে, দিল্লীতে খবর গেছে। একদিন বললেন গুলি থেমেছে, আবার বললেন থামে নি। এখানে যে দুটি জিনিস ছিল তার মধ্যে একটা ছিল আলোচনার বিষয় অর্থাৎ উনি বিরোধী পক্ষকে ডেকে আলোচনা করবেন। কিন্তু আমরা দেখলাম কোনটাই হোল না। সকালে একরকম শুনলাম কিন্তু এখন আবার শুনছি ফায়ারিং চলছে। কাজেই মুখ্যমন্ত্রী দয়া করে এখানে এসে একবার বলুন যে ব্যাপারটা কি। ও'রা তো লেটেস্ট খবর নিয়েছেন, কাজেই এখানে এসে বলুন এ'রা যে খবর বলছেন সেটা কি সত্য কথা এবং তা যদি হয় তাহলে তিনি কি করছেন? এখানে আলোচনা করলে খবরের কাগজে ফলাও করে দেবে বলে যদি অসুবিধা হয় তাহলে তো আমাদের ডাকতে পারেন। ৩/৪ জন সাংবাদিক আমাকে জিজ্ঞাসা করেছিলেন, কি হোল বলুন, আলোচনা কবে হবে? আমি তাঁদের বললাম যে, আমি জানি না কারণ ও'রা এক এক সময় এক এক রকম কথা বলছেন এবং এরকম কথাও বলছেন যে, এইসব বিষয় নিয়ে আলোচনা করলে পাকিস্তানের সুবিধা হবে। আমার বক্তব্য হচ্ছে আপনিও যখন এসব জানেন তখন যে কোন উপায়ে হোক আমাদের বসা দরকার এবং জানা দরকার যে কি ঘটনা ঘটছে। যদি মুখ্যমন্ত্রী আমাদের বলতেন যে, দিল্লীতে ও'রা সজাগ আছে, সব ব্যবস্থা করছে তাহলে না হয় বুঝতাম। কিন্তু তা তো হচ্ছে না, বরং দেখছি উল্টো হোল। আমরা প্রতিদিন হাউসে এইসব কথা তুলছি এবং দেখছি কোন জবাব পাচ্ছি না। যাহোক, এখনও যখন সময় আছে তখন শৈলবাবুকে বলছি এরকম খবর যখন এসেছে তখন তিনি মুখ্যমন্ত্রীকে ডেকে আনুন।

Shri Saila Kumar Mukherjee: If the Deputy Speaker so directs, I shall communicate this to the Chief Minister. Dr. Kanai Lal Bhattacharya raised this question in the morning and the Chief Minister has already made a statement in this House as to what he is going to do. After that, if anything has happened.

শ্রীকমলকান্তি গুহ: চিফ মিনিস্টার যা বলেছেন তার অর্থ হচ্ছে মোটামুটিভাবে ও'রা মনে করছেন আজকে সন্ধ্যার সময় সিজ ফায়ার সম্বন্ধে ঢাকার সঙ্গে কথাবার্তা হবে এবং তারপর তিনি ভেবে দেখবেন আমাদের সঙ্গে বসবেন কি না। অর্থাৎ আলাপ-আলোচনার পর যদি ঠিক হয়ে যায় যে সিজ ফায়ার হবে তাহলে তখন চিন্তা করবেন আমাদের সঙ্গে বসবেন কি বসবেন না। কিন্তু স্যার, আমাদের লেটেস্ট খবর হচ্ছে সকাল থেকে ফায়ারিং সুরু হয়েছে—বাগডোগরা, খরখরিয়া এবং তিনবিঘাতে গুলি চলছে। আমার কথা হচ্ছে সিজ ফায়ার হলে তিনি কি বলতে পারবেন যে এত রাউন্ড গুলি চলেছে এবং এত আহত হয়েছে? সে খবর কেউ নেয় নি, আর এদিকে সিজ ফায়ার হয়ে গেল।

[4-35—4-45 p.m.]

এই অপারেশন মুহূর্তে সরকার কিভাবে চলছেন কি ব্যবস্থা করছেন এবং কিভাবে এখন এগিয়ে যাবেন সেটা আমরা জানতে চাই এবং দরকার হলে আমাদের বক্তব্য এখানে রাখতে চাই। সেজন্য বার বার দাবী করছি কয়েকদিন ধরে, আজও ডাঃ ভট্টাচার্য বলছিলেন আলোচনায় বসবেন কি না, তিনি বলেছেন ভেবে দেখবেন। এটা দেশের সমস্যা, জাতীয় সমস্যা, এবং জরুরী সমস্যা, আমাদের রাইট আছে এ বিষয়ে আলোচনা করবার, আপনি স্যার চীফ মিনিস্টারকে ডেকে পাঠান, আমাদের আলোচনার সুযোগ দিন।

শ্রীশৈলকুমার মুখার্জি: এখন আপনি যা বলছেন আমি নিশ্চয়ই চীফ মিনিস্টারকে জানাবো, তিনি এখন ঐ হাউসে আছেন।

He gives this assurance that he will sit with you. He has asked me to state that he is expecting complete cease fire. Therefore, he has not decided the exact time when he will sit with you.

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: গত বুধবার থেকে এ বিষয়ে বলছেন, হবে, সীজ ফায়ার হয় নি আজও পর্যন্ত, বেরুবাড়ীর ৬০ বিঘা জমি পাকিস্তান এখনও দখল করে বসে আছে, ঐতো খগেনবাবু বসে আছেন উনি বলুন ঠিক কি না, সমস্ত গ্রাস করার পর কি জবাব দেবেন?

শ্রীনিখিল দাস: কাউন্সিলের কথা উনি বললেন, কাউন্সিলে চীফ মিনিস্টার বলেছেন.........

শ্রীশৈলকুমার মুখার্জি: আপনাদের কাছেও সকালে বলেছেন, এখন ওখানে বলছেন।

শ্রীনিখিল দাস: শৈলবাবু নিশ্চয়ই শুনেছেন ক্যাবিনেটের মধ্যে পাকিস্তান-এর চর থাকায় নাকি ক্যাবিনেট বসতে রাজী হচ্ছে না, যতীনবাবু বলেছেন ঐ হাউসে একথা। আমি বুঝতে পাচ্ছি না কি হচ্ছে, আজকেও গুলি চলেছে এর পরও কি আপনারা মানুষের মনে আস্থা আনতে পারবেন? বলুন কারণটা কি, কেন বসছেন না কারণটা কি—

মিঃ ডেপুটি স্পীকার: কারণ জিজ্ঞাসা করবার কথা নয়।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই অবস্থার মধ্যে যখন আমাদের সীমান্ত বিপন্ন তখন পশ্চিমবঙ্গে সার্কুলার রেলওয়ে বিষয়ে আলোচনা করার মত মনের অবস্থা থাকে কি? আজকে এখনি মাননীয় সদস্যরা যেকথা বললেন খবর নিয়ে এসে সে সম্বন্ধে জানতে চাই সত্যই অবস্থাটা কি, তিনি কবে বিবৃতি দেবেন সেটা প্রশ্ন নয়, প্রশ্ন হল এই মুহূর্তে তাঁকে ডেকে আনুন না কেন, এখন কি এই অবস্থায় রেলওয়ে সম্বন্ধে আলোচনা চলবে? নিজের সীমান্ত রক্ষা করুন নইলে বিদেশী এসে সেই রেলওয়ে নিয়ে নেবে, আপনি স্যার এই হাউসের গার্জিয়ান এবং আমাদের কাস্টোডিয়ান, আপনি এই বিষয়ে ইন্টারফিয়ার করুন।

মিঃ ডেপুটি স্পীকার: এখনই চীফ মিনিস্টার আসছেন, এখন কাউন্সিল-এ উনি বলছেন, একটু পরে এসে এখানে বিবৃতি দেবেন।

শ্রীহেমন্তকুমার বসু: এ বিষয়টা নিয়ে কাল আলোচনা হয়েছিল, মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন পাকিস্তান যে গুলি চালাচ্ছে তার প্রতিকারের ব্যবস্থা করবেন, কিন্তু কি ব্যবস্থা করবেন তা কিছু দেখতে পাচ্ছি না। আজকে সীমান্তে গুলি চলছে, আজকে সীমান্তে অবস্থা অত্যন্ত জটিল হ'য়ে পড়ছে, আজকে বাংলার সীমান্ত রক্ষার কোন ব্যবস্থা না হয় তাহলে পাকিস্তানীরা অনুপ্রবেশ করবে এবং করছে, যাচ্ছেতাই করছে, আমাদের সীমান্ত রক্ষা করবার কোন ব্যবস্থা নাই, এই অবস্থায় মুখ্যমন্ত্রিমহাশয় যা বলেছেন তা কার্যকরী হচ্ছে না, আজকে তাই অবস্থা জটিল হওয়ার জন্য বাংলাদেশ বিপন্ন হওয়ার জন্য মুখ্যমন্ত্রিমহাশয়ের ইমিডিয়েটলী স্টেপ নেওয়া উচিত এবং যে বিষয়ে প্রশ্ন তোলা হয়েছে সে বিষয়ে এখানে বলা উচিত, একটা বিবৃতি দিয়ে তিনি কি করছেন সেটা জানিয়ে দেওয়া উচিত। কার্যতঃ আমরা দেখতে পাচ্ছি কোন ব্যবস্থাই হচ্ছে না, অ্যাসেমব্লীকে আজকে জানতে দেওয়া উচিত তাঁরা কি করছেন, অন্য যে সমস্যা আছে সেই সমস্যা বাদ দিয়ে মুখ্যমন্ত্রীর এ বিষয়ে আমাদের বলা উচিত।

শ্রীকমলকান্তি গুহঃ আর একটা দিক থেকে এটা চিন্তা করতে হবে। এই সময় চাষের সময়, কিন্তু এইভাবে যদি ১৫টা দিন চলে যায় তাহলে কুচবিহার জেলায় মেকলিগঞ্জে আউস ও পাটের চাষ হবে না। পাকিস্তান ডিলে করে যাচ্ছে—আলাপ-আলোচনায় তাঁরা খুব আগ্রহান্বিত বা লালায়িত নন। কিন্তু আমরা খুব আগ্রহান্বিত। আমাদের কি করতে হবে সেটা আমাদের জানার দরকার আছে। সরকার বড় বড় কথা বলছেন এবং শৈলবাবু সেদিন বললেন আমাদের পুলিশ বাহিনী বাড়াতে হবে। পুলিশ বলছে আমাদের মর্টার দেওয়া হচ্ছে না, খাদ্য সরবরাহ করা হচ্ছে না এবং তাতে তাদের মোরাল ব্রেক করছে। আমরা কোন আলোচনা শুনতে চাই না। চীফ মিনিস্টার এসে আমাদের কিছু বলুন তারপর সেই অনুসারে বিধানসভা থেকে আমরা নীতি স্থির করব যে কি করে মেকলীগঞ্জ মহকুমাকে বাঁচান যায়।

Shri Saila Kumar Mukherjee: I have communicated the message to the Chief Minister. He is on his legs in the other House. He will be coming as soon as he is free.

শ্রীঅনাদি দাসঃ দেশের লোকের এমন অবস্থা হয়েছে যে তারা জানতে চায় আসল ব্যাপার কি? চীন যখন আমাদের সীমান্ত আক্রমণ করে তখন যে অ্যাটিচুড নেওয়া হয়েছিল তাতে সেটা কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে ব্যবস্থা করা হয়েছিল। পাকিস্তান যখন সীমান্ত আক্রমণ করেছে কিন্তু সে রকম কিছু করা হচ্ছে না। সরকারের সীমান্তরক্ষার ব্যাপারে আমাদের সন্দেহ আছে। কাজেই এটা গুরুত্বপূর্ণ ব্যাপার, সুতরাং মুখ্যমন্ত্রীকে ডাকুন এবং তাঁকে বলতে বলুন।

[4-45—4-55 p.m.]

NON-OFFICIAL RESOLUTION

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, নরেনবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন সে প্রস্তাবটা মোটামুটি সমর্থন করি এবং এটা সমর্থন করতে গিয়ে জ্যোতিবাবু যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সে অ্যামেন্ডমেন্টও আমি অন্ততপক্ষে সমর্থন করি। এখন কলকাতা মহানগরীর সমস্যা এ কথাটা ঠিক পিসমিল ওয়েতে দেখলে চলবে না। এই সমস্যা হচ্ছে সমস্ত বাংলাদেশের একটা রূপক সমস্যা এবং কলকাতা মহানগরীর লোক সমস্যা, যাত্রী সমস্যা এটা প্রধানত আমাদের দেশের মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও যারা খেটে খাওয়া মানুষ তাদের সমস্যা। সুশীলবাবু, প্রতাপবাবু এদের সমস্যা খুব বেশী নয়, কারণ এদের ট্যাক্সি আছে যাতে করে চলে যেতে পারেন। সমস্যা হচ্ছে আমাদের মত নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর লোকের। জগন্নাথবাবু যদি স্টেট বাসের ব্যবস্থা না করেন তাহলে ঝুলতে ঝুলতে যেতে হবে। শৈলবাবু যে স্টেট বাস করেছেন এবং তা যেভাবে চালাচ্ছেন তাতে কলকাতায় দেখি ৮টার পর থেকে কি অবস্থায় বাংলাদেশের লোক যাতায়াত করছে যদি বাইরের কোন লোক এটা দেখে তাহলে তারা বলবে এটা একটা জাত বটে এরা খুব জিমনাস্টিক দেখাতে পারে। এ সময় একটা বৃদ্ধ লোককেও ঐভাবে যেতে হয় এটাও তার একটা ফিট, আমি যখন ডুয়ার্সে ছিলাম ফরেস্টে শিকার করতে যেতাম তখন দেখেছি আমাদের এদিকে ওদিকে তাকাতে তাকাতে যেতে হতো, কলকাতারও ঠিক সেই একই অবস্থা যাতে এর একটা অপব্যাখ্যা হচ্ছে যে এটা একটা মহানগরী নয় এটা একটা মহা অরণ্য বিশেষ করে মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত লোকের কাছে। কাজেই কলকাতার সমস্যা এটা শুধু ট্রাফিক সমস্যা বলে নয় এটা আমাদের বাংলাদেশের সাধারণ মানুষের সমস্যা ক্যালকাটা করপোরেশনের ইলেকশনের মুখে তারা যে এ বিষয়ে সচেতন হয়েছেন তার জন্য তাদের ধন্যবাদ দিচ্ছি। দো বিলেটেড তবুও তারা এ বিষয়ে এগিয়েছেন। আমরা খবরের কাগজে পড়েছিলাম যে সার্কুলার রেল হবার আগে ভূগর্ভ রেল, টিউব রেল সম্বন্ধে একটা সমীক্ষা হয়েছিল মাস কয়েক আগে। এবারো রেলের কথাও শুনেছিলাম কিন্তু আপনারা আকাশ মার্গে চলেন, আমরা তা চলতে চাই না। কিন্তু আসল সমস্যা কি? আসল সমস্যা হচ্ছে কলকাতা এবং আশেপাশের অঞ্চলে যেখান থেকে কলকাতায় প্রত্যেকদিন গড়ে ৫।৭ লক্ষ লোক আসে সেখানে কলকাতার মানুষ অন্ততপক্ষে কলকাতার অধিবাসীদের মধ্যে ৩০।৪০ পারসেন্ট লোক ডেলি রাস্তায় বেরোয়, সেখানে যে প্রবলেম সে প্রবলেমকে এভাবে দেখালে চলবে না, সারকুলার রেল সম্বন্ধে এটুকু বলতে পারি যে ভূগর্ভ রেলে এর চেয়ে বেশী টাকার দরকার কিন্তু সার্কুলার রেলওয়ের ⅓ কাজ হয়ে গেছে বাকি করার জন্য

টাকা বেশী দরকার হবে না। এই সার্কুলার রেল সম্পর্কে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ান রেলওয়েস, জুন ১৯৫৬ থেকে তোলা একটা রিপোর্ট টেবল দেখাচ্ছি টেবল নং ১ ক্যালকাটা সুবারবন রেলওয়েস প্ল্যান হয়েছে ১৯৫৬এ টারগেট হয়েছে ১৯৬৬এ শেষ করতে হবে। স্টেজ ওয়ান হাওড়া-বর্ধমান-লিলুয়া এই সমস্ত. স্টেজ টু বালি. শক্তিগড়, এইচ থি কর্ড শিয়ালদা, স্টেজ থ্রি হচ্ছে ফেজ ওয়ান কি—সার্কুলার রেলওয়ে দমদম টু হেস্টিংস। ফেজ টু হচ্ছে দমদম, মাঝেরহাট, ফেজ ফোর কল্যাণী রানাঘাট এই সমস্ত আছে। আমি বুঝতে পারছি না সার্কুলার রেলওয়েটা নূতন করে আমাদের বলার প্রয়োজন হচ্ছে কেন। যেহেতু আমি যে রিপোর্ট আপনার সামনে তুলে ধরছি, ইন্ডিয়ান গভর্নমেন্ট রেলওয়েজ, জুন, ১৯৫৬ এবং কোট করেছি যার থেকে সেটা আমি বলে দিচ্ছি প্যাসেঞ্জার ট্রান্সপোর্ট এজেন্সী ইন মেট্রোপলিটান ক্যালকাটা এরিয়া। এর একটা ভলিউম থেকে—এডিটেড বাই এম এন সিনহা অ্যান্ড অভীজিত দত্ত। আজ দেখা যাচ্ছে ১৯৫৬ সালে রেলওয়ে যে স্টেজ থ্রি—এটা করতে চেয়েছিলেন আজ পর্যন্ত করলেন না কেন। আজকে সেইটাই আমাদের ডিমান্ড করা উচিত। এবং কেন করলেন না সেটা আমরা জানি শৈলবাবুও জানেন। শৈলবাবু যেমন সেদিন বলেছিলেন যে দেখুন আমি চা বাগান এরিয়ার জন্য লড়াই করে ২ কোটি টাকা আদায় করলাম। এই রকম আমাকে বলেছিলেন। আমি বলেছিলাম —আপনি ধন্যবাদের পাত্র যে আপনি লড়াই করেছেন। সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে আমাদের দাবীটা ঠিকমত আমরা রাখতে না পারি তাহলে এই সার্কুলার রেল ১৯৫৬ সাল থেকে আজ পর্যন্ত যেমন হয়ে আছে তেমন হয়ে থাকবে। কাজেই আমার মত এই প্রস্তাবটা নিতেই হবে—এবং এটা আমরা সকলেই নিচ্ছি। কিন্তু নিতে গেলে আমাদের এটা অ্যাসিওর করতে হবে যে এই প্রস্তাবগুলি যেন একটা পায়র্স উইস হয়ে না দাঁড়ায়। এই প্রস্তাবকে কার্যকরী করার জন্য সেন্ট্রালে যারা বসে আছে বাংলার প্রতি এদের দরদ নেই, বাংলার টাকা ওখানে চলে যায়—কিন্তু বাংলার টাকা ফেরত দিয়ে বাংলার সুখ-সুবিধার জন্য এদের দরদ নেই। তাদের সংগে মোকাবেলা করবার দৃঢ় প্রতিজ্ঞা নিয়ে যদি মন্ত্রিসভা এগোয় তাহলে এটা সম্ভব হতে পারে এবং চতুর্থ পরিকল্পনার মধ্যে এটা সম্ভব হওয়া উচিত এবং সেদিক থেকে আমরা মনে করি যে সার্কুলার রেলওয়ে এই মুহূর্তে করবার জন্য হাউসের তরফ থেকে যে রিকোয়েস্ট এসেছে মন্ত্রিমহাশয় সেটাকে টেকআপ করে সেটা সম্বন্ধে তাড়াতাড়ি সেন্টারের সংগে কথা বলবেন।

FIRING AT INDO-PAK BORDER IN COOCH BEHAR DISTRICT

শ্রীনিখিল দাস: স্যার, চীফ মিনিস্টার এসেছেন, আমি ও'কে বলছি আমাদের খবর হচ্ছে যে মেকলিগঞ্জে এখনও গুলি চলছে।

শ্রীকমলকান্তি গুহ: স্যার, কিছুক্ষণ আগের খবর যে মেকলিগঞ্জে এখনও গুলি চলছে উনি এই হাউসে বলেছিলেন যে সন্ধ্যার দিকে আলাপ-আলোচনা হতে পারে—হয়তো সিজ ফায়ার হতে পারে—একথা আমরা ভাবছি। আমরা যে খবর পেয়েছি তাতে সেটা হওয়ার সম্ভাবনা নেই।

[4-55—5-5 p.m.]

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: এখানে সিজ ফায়ার হয়ে যাবে বলে আমাদের সকলেরই আশা ছিল কেন না পাকিস্তান গভর্নমেন্টের প্রতিনিধি আর ভারত গভর্নমেন্টের প্রতিনিধি তাঁরা একটা এগ্রিমেন্টে স্বাক্ষর করেছেন। এগ্রিমেন্টে স্বাক্ষর করলে সকলেই আশা করে যে একটা সার্বভৌম রাষ্ট্র পাকিস্তান তারা সেই এগ্রিমেন্ট অনার করবে, এটা সবাই বুঝতে পারে। প্রথম দিন আমরা মনে করলাম হয়তো কোন রকম খবর না যাবার জন্য তারা অনার করতে পারলো না। দ্বিতীয় দিন আমাদের খবর নেওয়া হোল তাই—যে কি ব্যাপার—কেন এটা হচ্ছে না বুঝতে পারছি না। তৃতীয় দিন খবর নেওয়া হোল ঐ একই কথা। এবং আজকে আমি যখন খবর নিলাম তখন জানতে পারলাম যেকথা সকালে আমি বলেছিলাম যে ইস্ট পাকিস্তানের গভর্নর এবং চীফ সেক্রেটারী ঢাকায় নেই রাওয়ালপিন্ডি গেছেন তাঁরা অনুপস্থিত। তাঁরা আজকে এসে পেঁছাবেন এবং পেঁছাবার পর আমাদের আশা হচ্ছে যে আজকে সন্ধ্যার মধ্যে কি কাল সকালের মধ্যে সিজ ফায়ার হতে পারে—একথা আমি অবশ্য আগেই বলেছি। আমি এই মাত্র ঐ হাউসেও বলে এলাম যে সিজ ফায়ার যদি হয় তাহলেও আমরা বিরোধী দলের নেতাদের সংগে বসছি। যদি সিজ ফায়ার না হয় তাহলে আমরা অন্য ভাব নিয়ে বসবো ভবিষ্যতের জন্য। আর যদি এগ্রিমেন্ট করবার

পর তাঁরা সেটা ভঙ্গ করেন তাহলে যে গুরুতর পরিস্থিতির উদ্ভব হবে তাতে নিশ্চয়ই আমাদের বসতে হবে এবং বসবার পূর্বে আমাদের অন্তত কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে নিতে হবে যে তারা তো এই চুক্তি করলো এবং সেই চুক্তি ভঙ্গ করলো এবং এই কথা আমি বলেছি এবং আমাদের অনেকের মনে সন্দেহ হয়েছে, আশঙ্কা হয়েছে যে তারা যদি সিজ ফায়ার না করে তাহলে কি আমাদের চীফ সেক্রেটারী ওদের দেশের চীফ সেক্রেটারীর সঙ্গে কথাবার্তা বলবেন? কখনও নয়. এটা হচ্ছে প্রথম সর্ত এগ্রিমেন্টের। যতক্ষণ পর্যন্ত সিজ ফায়ার না হচ্ছে গোলাগুলি বন্ধ না হচ্ছে—ওদের আগে বন্ধ করতে হবে—ততক্ষণ পর্যন্ত আমাদের চীফ সেক্রেটারী ওদের চীফ সেক্রেটারীর সঙ্গে কোন কথাই বলবেন না। আমি যেটা বলেছি সেটা হচ্ছে এই যে সিজ ফায়ার হবার যখন কথা হোল তখন একটা পরিস্থিতি আর ২২শে তারিখে যে পরিস্থিতি ছিল সেটা অন্য রকম। সিজ ফায়ার যদি হয়ে যায় তখন আমরা একভাবে আলোচনা করবো—এগ্রিমেন্ট সই করে যদি তারা সেটা ভঙ্গ করে তাহলে অন্যভাবে আমাদের বসে আলোচনা করতে হবে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী এইমাত্র যে বক্তব্য রাখলেন সেটা পরিষ্কার হোল না। যদি সিজ ফায়ার হয় তাহলে আমরা বসে কোর্স অফ অ্যাকসন ঠিক করবো। কিন্তু প্রশ্নটা তা নয়, এখানকার মাননীয় সদস্যরা বিশেষ করে কুচবিহার থেকে যাঁরা নির্বাচিত হয়েছেন তাঁরা অত্যন্ত উদ্বিগ্ন হয়ে আছেন, তাঁরা বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে বসতে চান এই "যদির" উপর নির্ভর না করে। এখন যা অবস্থা তাতে আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যে "যদি"র উপর নির্ভর না করে আমরা সকলেই অত্যন্ত শঙ্কিত এবং উদ্বিগ্ন যে বর্তমান অবস্থাকে স্বীকার করে আমরা বসতে পারি কি না সকল দলের প্রতিনিধিরা। আমরা আশ্চর্যান্বিত হচ্ছি যে আমরা দেখেছি যে কুচবিহারের নির্বাচনের সময় ওপক্ষের বহু মন্ত্রী এবং এম এল এ-রা সেখানে অর্থাৎ সেই এলাকায় গিয়েছিলেন। কিন্তু এখন সেখানে যে গুরুতর অবস্থা সেই অবস্থা সরেজমিনে তদন্ত করবার জন্য ওঁদের পক্ষ থেকে কেউ যান নি। আমি বলবো সকল দলের প্রতিনিধি নিয়ে তাঁরা সরেজমিনে তদন্ত করার জন্য সেখানে যান এবং বর্তমান অবস্থা কি সেটা দেখে এসে তাঁরা এই হাউসের সামনে রিপোর্ট করুন এটাই আমি মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: আমার এতে কোন আপত্তি নেই। আমি যে কথা বলেছি সেটা বোধ হয় মাননীয় সদস্য বুঝতে পারেন নি। আমি এই কথাই বলছি যে যদি আজকে সিজ ফায়ার হয়ে যায় তাহলে যারা ডিসপ্লেসড হয়েছে, এখুনিই আমি যাবো মাননীয় সদস্যরা আমার সঙ্গে যেতে পারেন, তাদের রিহ্যাবিলিটেশনের কথা ফিরিয়ে নেবার একটা পাকাপাকি কথা হবে। যদি সিজ ফায়ার না হয় তখন যে গুরুতর পরিস্থিতি হবে সেই পরিস্থিতির সম্মুখীন হবার জন্য নিশ্চয়ই আমরা বসবো এবং সেই পরিস্থিতি চলবার সময় আমরা যাদের রিলিফ দেওয়া দরকার তাদের দেবো। কিন্তু তখন পরিস্থিতিটা যে আকার ধারণ করবে সেটা অন্য রূপ। সেই জন্য আমি বলছি এখন আমরা হয়তো রিলিফের কথা বলবো, এখন সিজ ফায়ার হলে এক রকম আলোচনা হবে আর সিজ ফায়ার না হলে অন্য রকম আলোচনা হবে। আমরা এখন বসতে পারি যে আমাদের ওখানে রিলিফ দিতে হবে কিন্তু এই দুটো জিনিস আলাদা।

শ্রীকাশিকান্ত মৈত্র: দুটো জিনিস আলাদা নয়, আপনি বিরোধী পক্ষের সঙ্গে আলোচনা করতে পারেন এবং আমাদের এই যে মূল প্রশ্ন বিধান সভায় দীর্ঘ দিন ধরে আমরা রেখে আসছি যে পশ্চিমবাংলার সঙ্গে পূর্ব পাকিস্তানের সঙ্গে যে দীর্ঘ সীমানা, সেই সীমানা সম্পর্কে সম্পূর্ণ দায়িত্ব কেন্দ্রের হাতে দেওয়া উচিত। সেই সম্পর্কেও যদি আপনি আজকে বিরোধী পক্ষের সঙ্গে বসতেন তাহলে ভাল হোত। কেন না সিজ ফায়ার হোক বা না হোক এটা তার সঙ্গে আসে না।

মিঃ ডেপুটি স্পীকার: আপনি এ বিষয়ে এখন আর আলোচনা করবেন না।

শ্রীকাশিকান্ত মৈত্র: না স্যার, আমি বুঝতে পারছি না এটা কি করে আলাদা হচ্ছে। কারণ সীমান্ত সুরক্ষিত করাই আসল সমস্যা এবং সীমান্তের লোকদের একটা অ্যাসিওরেন্স দেওয়া দরকার। কিন্তু কথা হচ্ছে যদি বিরোধীপক্ষের সঙ্গে মুখ্যমন্ত্রী না বসেন তাহলে আজকে

কেন্দ্রের কাছে বাংলার দাবী কি করে তিনি জোরালো করে তুলবেন? আজকে সিজ ফায়ার হোক বা না হোক বাংলাদেশের এই সমস্যার সম্পূর্ণ দায়িত্ব কেন্দ্রের নেওয়া উচিত। এই দাবীকে জোরালো করে তোলবার জন্যই এই প্রশ্নটা আসে।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা যে জিনিষ আলোচনা করছি, সেটা এ জিনিষ নয়, অন্য জিনিষ।

কাশিকান্ত মৈত্র: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এটা বুঝতে পারছি না, কেন এটা অন্য জিনিষ হবে।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: এই রকম আলোচনায় আমরা যোগ দিতে রাজী নই।

শ্রীকাশিকান্ত মৈত্র: আপনি বলে দিলেই পারতেন যে শুনবো না, আপনারা তো এখানে গায়ের জোরে সব কিছু করছেন, আপনি তো কোন কথাই আমাদের শোনেন না। কিন্তু আপনি বলছেন যে যদি আমরা দেখি তবে আমরা করবো।

মিঃ ডেপুটি স্পীকার: এটা আলোচনার বিষয় নয়।

শ্রীকাশিকান্ত মৈত্র: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি জিজ্ঞাসা করছি, কেন এটা আলোচনার বিষয় নয়? যে এই যে বিরোধী পক্ষের সঙ্গে বসে আলোচনা, এটা একটা সীমান্তের প্রশ্ন......

মিঃ ডেপুটি স্পীকার: মিঃ মৈত্র, এখন এটা আলোচনার কোন প্রয়োজন নেই।

শ্রীকাশিকান্ত মৈত্র: আমি আলোচনা বলছি না, আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছিলাম যে উনি বিরোধী পক্ষের সঙ্গে কিছুতেই বসতে চাচ্ছেন না, কিন্তু বিরোধী পক্ষের সঙ্গে বসবার ও'র বাধাটা কোথায় ছিল? এই আলোচনা করে আজকে যুক্তভাবে যদি এই দাবিটা রাখতে পারতাম যে সিজ ফায়ার-এর ডিসিশন হবার আগে যদি আমরা এই বক্তব্য রাখতে পারতাম সিজ ফায়ার এগ্রিমেন্ট হোক বা না হোক কেন্দ্রীয় সরকার বাধ্য হতেন, বাংলার এই দাবিটাকে গ্রহণ করতে, সেই জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছিলাম যে বাংলার এই সীমান্ত সমস্যাকে গুরুত্ব দেবার জন্য তাঁর বসা উচিত।

Shri Deputy Speaker:

গুরুত্ব তিনি যথেষ্ট দিয়েছেন।

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, সিজ ফায়ার যদি কালকে সকালের মধ্যে না হয়, আলোচনা যদি আপনার ব্যর্থ হয়ে যায়, কাল দুপুরের মধ্যে, আপনার সঙ্গে কি আমরা বসতে পারি?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: ওরা যদি এগ্রিমেন্ট ভঙ্গ করে, আমরা নিশ্চয়ই বসতে পারি। এতে ২টো জিনিষ হতে পারে, (১) ওরা যদি এগ্রিমেন্ট ভঙ্গ করল, একটা তো এর মীমাংসা চাই, তাঁরা বলছেন আজকে সন্ধ্যা কিংবা কাল সকালের মধ্যে হবে। যদি না হয় তাহলে আমরা বুঝবো আমাদের এগ্রিমেন্ট ভঙ্গ হল তখন আমরা নিশ্চয়ই বসতে পারি।

[5-5—5-15 p.m.]

শ্রী... মুখোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, সার্কুলার রেলওয়ে সম্বন্ধে বলবার আগে আমি দুটি কথা এই সংক্রান্তে বলতে চাই। সেটা হচ্ছে এই যে, আজকে আমাদের সামনে একটা গুরুতর বিপদ এসে দাঁড়িয়েছে এবং এখানে সমালোচনা করেই এর কোন সমাধানই হবে না। এটা জানতে পারা যাচ্ছে যে, পাকিস্তান ইচ্ছা করলেও আমাদের সীজ ফায়ার করতে পারছে না। তার পিছনে চৌ এন-লাইয়ের মাথা এসে বসেছে এবং চৌ এন-লাই আসার পরই এই জিনিসটা হচ্ছে এবং আজকে আমরা এই সম্বন্ধে, অন্তত আমার ঘোর আপত্তি আছে যে আমরা এই বিরোধীপক্ষের সঙ্গে বসে সমালোচনায় যদি টপ সিক্রেট থাকে তাহলে এই জিনিসটা আমাদের ও আপনাদের বলা উচিত হবে না।

(গোলমাল)

শ্রীকমলকান্তি গুহঃ স্যার, ও'কে এটা উইথড্র করতে হবে।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এইমাত্র মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসের সামনে আমাদের আশ্বাস দিলেন যে, তিনি বিরোধী দলের সদস্যদের সাথে একসঙ্গে বসতে রাজী হয়েছেন এবং উনি বলেছেন যে, যদি আজ সীজ ফায়ার চুক্তি স্বাক্ষরিত হয় তাহলে আমরা অন্যভাবে বসব। মাননীয় মুখ্যমন্ত্রী যখন সমস্ত সদস্যদের এই আশ্বাস দিয়েছেন, সেখানে কংগ্রেসপক্ষের অন্যতম সদস্য এক্ষুনি আমাদের সম্পর্কে যে উক্তি করেছেন, আমি মনে করি সে উক্তি অপমানজনক। নরেশবাবু বলেছেন যে, কংগ্রেসপক্ষ থেকে বিরোধীদলের সদস্যদের সঙ্গে তাঁরা বসতে রাজী নন, তার কারণ চীনের কথা এনেছেন, পাকিস্তানী চরের কথা এনেছেন আমি মনে করি, অত্যন্ত আপত্তিজনক উক্তি তিনি করেছেন। তাঁর রাজনীতির চরিত্র আমরা জানি। দীর্ঘদিন ধরে বৃটিশ গোলামি করে, আজকে কংগ্রেসের খদ্দরের জামা গায়ে দিয়ে.........।

(গোলমাল)

শ্রীকমলকান্তি গুহঃ স্যার, এটা ও'কে প্রত্যাহার করতে বলুন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় সভাপাল মহাশয়, আজকে খদ্দর পরে কংগ্রেসের টিকিট নিয়ে আজকে আসন দখল করে বসে বামপন্থী বিরোধী দলের বিরুদ্ধে যে অসম্মানজনক উক্তি তিনি করেছেন তাকে ওটা প্রত্যাহার করতে হবে। আমি আপনাকে অনুরোধ করব, ঐ ভদ্রলোককে বলুন ঐ উক্তি প্রত্যাহার করতে, তা যদি না করেন আমরা এভাবে চলতে দেব না।

ডেপুটি স্পীকারঃ আমি ও'কে বলছি, আপনি বসুন।

শ্রীশঙ্করদাস ব্যানার্জীঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার ঐ বিষয়ে দু-একটি কথা বলবার আছে। সার্কুলার রেলওয়ে সম্বন্ধে আলোচনা নরেশবাবু করতে উঠেছেন। চীফ মিনিস্টার যা বলে গিয়েছেন যে, তিনি বিরোধীপক্ষের সকলের সঙ্গে আলোচনা করতে রাজী, এক্ষেত্রে দ্বিমত এই হাউসের কেউ হতে পারে না। কেন না, এই একটা বিষয়ে যাতে সমগ্র হাউসের যতগুলি মেম্বার আছে সকলেই আমরা উদ্বিগ্ন। আমরা জানতে চাই কেন না দেশের বিষয়ে প্রত্যেক লোকের জানবার অধিকার রয়েছে। বিরোধীপক্ষ বলে অন্তত এই বিষয়ে আমি নরেশবাবুর সাথে একমত হতে পারলাম না যে, আমরা এই জিনিস আলোচনা করব না। আমি মনে করি, আমি যে কথাগুলি বলছি কংগ্রেসের পূর্ণ সমর্থন আছে আমার কথাতে।

Deputy Speaker: I agree with Mr. Banerji

সংসদে আপনার মতে কোন ইন্ডিভিজুয়াল মেম্বারের কোন বিষয়ে বক্তব্য রাখা ঠিক নয়, আফটার লীডার অফ দি হাউস। তিনি যখন একথা বলে গেছেন তার পরে আপনার একথা বলা উচিত নয়। ইউ টআর নট ইন অর্ডার, আপনি সার্কুলার রেল সম্বন্ধে বলুন।

NON-OFFICIAL RESOLUTION

Shri Naresh Nath Mookerjee:

উপাধ্যক্ষ মহাশয়, এই সার্কুলার রেলওয়ে সম্বন্ধে আমি যা দেখেছি তাতে আমার মনে হয় যে, একটা ইমিডিয়েট রিলিফের জন্য এই জিনিস আমাদের সকলে মিলে একমত হয়ে গ্রহণ করা উচিত। আমি মনে করি এই সার্কুলার রেলওয়ে হলে কলকাতার পরিবহন সমস্যা যে দূর হয়ে যাবে একথা বলা যায় না। কিন্তু বর্তমানে যে অবস্থা এসে উপস্থিত হয়েছে তাতে আজকে আমাদের একটা কিছু করা প্রয়োজন। সমস্ত স্কীম তৈরি হয়ে রয়েছে এবং ট্রাকও লে করা হয়ে গেছে। এবং আজকে যেরকমভাবে কলকাতার জনসাধারণের পরিবহণ সমস্যা বেড়ে উঠেছে তাতে একটা শীঘ্র সমাধান করা প্রয়োজন। আপনিও জানেন, আমরাও সকালবেলায় দেখি যখন ডক থেকে আসি তখন কোন রকমে রাস্তা দিয়ে চলাচল করা যায় না। এত বাসের ভীড়, এত লোক দাঁড়িয়ে থাকে বাসে চড়বার জন্য ও বাস পায় না, ট্রাম ভর্তি, ট্রাম পাওয়াও যায় না। রাস্তা একেবারে জ্যাম হয়ে থাকে। এ শুধু ডকের রাস্তার কথা নয়, আজ কলকাতার সমস্ত রাজপথে এই ব্যাপার। আজকে আমার মনে হয়, এটা আমরা একমত হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেই। বলা হয়েছে যে, পাঁচ কোটি টাকা বছরে হয়ত ডেফিসিট হবে।

কিন্তু এই পাঁচ কোটি টাকা ডেফিসিট এটা যাঁরা বলেছেন তাঁরা হয়ত আমাদের ভয় দেখিয়েছেন। কিন্তু আমি তথাপি মনে করি যে, এটা "ওয়েলফেয়ার মেজার" হিসাবে আমাদের দেখতে হবে। এতে সামান্য ডেফিসিট হলেও এর পরিবর্তে কলকাতার জনসাধারণের যে সুবিধা হবে এবং মানুষের চলাচলের পক্ষে যে খানিকটা সিকিউরিটি থাকবে তার পক্ষে এই পাঁচ কোটি টাকা কিছুই নয়। তার সংগে সংগে আমি মনে করি যে, আমাদের একটা টিউব রেলওয়ের পরিকল্পনা করা উচিত এবং সেটা চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে হওয়া উচিত। আমাদের আন্ডার গ্রাউন্ড রেলওয়ে করতে, আমি জানি না, হাতে একটু সময় লাগবে, হয়ত সেখানে ৫০ কোটির জায়গায় ২৫০।৩০০ কোটি টাকা লাগবে। কিন্তু সেটা আমাদের কলকাতা শহরের পক্ষে একটা স্থায়ী সুব্যবস্থা হবে। আমি জানি অনেক এক্সপার্ট এখানে এসে বলেছেন যে, আন্ডার গ্রাউন্ড রেলওয়ে কলকাতায় হতে পারে না। এখানে চার ফুট খুঁড়লে জল আসে। এটা একটা ছেলেমানুষি কথা বলে আমি মনে করি। স্যার, টেমসের নিচে দিয়ে যখন টানেল হয়, যখন মার্সি নদীর নিচে দিয়ে টানেল হয়, যখন নিউইয়র্কের হাডসন রিভারের নিচে দিয়ে টানেল হয় তখনও জল উঠেছিল। সুতরাং জল উঠেছে বলে ভয় পেয়ে আমাদের আন্ডার-গ্রাউন্ড রেলওয়ে হবে না একথা আমি বিশ্বাস করতে পারি না। হয়ত খরচ বেশি হবে। তথাপি এই জিনিসটা আমাদের সামনে রাখা উচিত। টিউব রেলওয়ে কলকাতা শহরে হওয়া দরকার। তাতে যদি খরচ হয় তাহলেও আমাদের পরিবহনমন্ত্রী যেন এই নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে যথাসাধ্য চেষ্টা করেন। আমরা দেখতে চাই ও'র মত স্টলওয়ার্ট ফাইটার যেন এটা সেন্ট্রাল গভর্নমেন্টকে কনভিন্স করিয়ে এখানে যাতে আন্ডারগ্রাউন্ড টিউব রেলওয়ে হয় তার চেষ্টা করেন। এই কথা বলে আমি নরেনবাবুর এই প্রস্তাব সমর্থন করছি।

শ্রীঅনাদি দাস: মাননীয় ডেপুটি স্পীকার, মহাশয়, আজকে যে প্রস্তাব এসেছে, এই প্রস্তাব প্রত্যেকেই যে সমর্থন করবে এই বিষয়ে কোন সন্দেহ নেই, আমিও একে সমর্থন করছি। স্যার, যেভাবে এই প্রস্তাব রাখা হয়েছে তাতে কিন্তু একটা জিনিস যেন মনে হচ্ছে—স্টান্ট ইলেকশনের সময় যা আছে তা তো আছে, স্টেট গভর্নমেন্ট যেন কেন্দ্রীয় সরকারের কাছে এইরকম একটা প্রস্তাবের ব্যাপারে অসহায় বোধ করছেন। তাঁরা মনে করেছেন যে, এ তো হচ্ছে না, সুতরাং কংগ্রেস পার্টির কোন মাননীয় সদস্যকে দিয়ে এই প্রস্তাবটা তুলিয়ে সকলকে দিয়ে যদি একটা সর্বসম্মত প্রস্তাব করা যায় তা হলে তার একটা ওয়েট হয়। এই যদি হয় এবং যদি কেন এটাই সত্য, তাহলে কংগ্রেস সংগঠনের মধ্যে যে দুর্বলতা, সেটা অত্যন্ত পরিস্ফুট হয়ে যায়। তার ফল দাঁড়ায় এই যে, এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হলেও ফাইলবন্দী হয়ে থাকার আশঙ্কা থাকে। আমি এই ব্যাপারে দীর্ঘ কথা না বলে আমার পূর্বে মাননীয় সদস্য নিখিল-বাবু যা বলেছেন আমিও সেই মনোভাব এই ব্যাপারে পোষণ করি যে, দেশের মঙ্গল যাতে হবে, হাজার হাজার মানুষ, লক্ষ লক্ষ মানুষ যার দ্বারা উপকৃত হবে, অফিসের চাকুরিয়ারা যে কাজের দ্বারা অনেকখানি সুস্থতা অর্জন করবে, দেরি হয়ে গেলে এক্সপ্লানেশন দাও কেন লেট, লেট ফাইন, তার মাইনে কাটা, কত জিনিষ আছে তার ইয়ত্তা নেই। সেই কাজ আগে করা উচিৎ। মানুষ অ্যাক্সিডেন্টের বোঝা মাথায় নিয়ে ঘুরে বেড়াচ্ছে। সেদিন হাওড়া স্টেশনে যে অ্যাক্সিডেন্ট হল তাতে একটা যুবকের প্রাণ গেল, তারপর গভর্নমেন্টের স্টেট বাস চারখানা গেল। এই যেসমস্ত ঘটনাগুলি ঘটছে সমস্ত লোক বাড়ছে, ভিড় হচ্ছে এটার জন্য। সুতরাং সার্কুলার রেলওয়ে হোক, আমাদের কলকাতার পরিবহন ব্যবস্থার উন্নতি হোক এটা সবাই চায়। টিউব রেলওয়ে, সার্কুলার রেলওয়ে সম্পর্কে মাননীয় সদস্য সোমনাথ লাহিড়ী এবং অনেকে বলেছেন এবং আমিও সেটাই মনে করি যে, সার্কুলার প্রথম। টিউব রেলওয়ে আজকে আমাদের পক্ষে বিলাসিতা মাত্র। সেটা থেকে সার্কুলার রেল যার তিন-চতুর্থাংশ তৈরি হয়ে আছে সেটাকে হাতে নেওয়া উচিত। আমি স্যার, তার থেকে আর একটা কথা বলতে চাই যেটা এই প্রস্তাবের সংগে নয়, আবার সংগেও বটে, সেটা হচ্ছে কলকাতা শহরে লোক বাড়ছে বলে আজ এই সমস্যা। কিন্তু গভর্নমেন্টের পলিসি কি? আমরা কলকাতায় আকাশচুম্বী অট্টালিকা তৈরি করছি। অট্টালিকা হোক, কিন্তু যত অট্টালিকা হচ্ছে নিত্য-নূতন অফিস সেইসব জায়গায় বসছে। আমরা গ্রাম থেকে লোক টেনে টেনে কলকাতায় নিয়ে এসে ভর্তি করছি। যত দিন যাচ্ছে

[5-15—5-25 p.m.]

এই হচ্ছে অবস্থা। সমস্ত অফিস, সমস্ত কাজ-কারবার সেন্ট্রালাইজ হচ্ছে কলকাতায়। এই যদি হতে থাকে, তাহলে যতই সার্কুলার রেল হোক না কেন, একটা সার্কুলার রেলে এই সমস্যার সমাধান হবে না। এই স্ট্র্যান্ড রোডে প্রতিদিন যাঁরা এই রাস্তা ব্যবহার করে থাকেন, তাঁরা জানেন প্রতিদিন কত সময় অপচয় হয়। কারণ রাস্তা জ্যাম, লরীগুলিতে ভর্তি হয়ে থাকে। তবে আমার মতে একটা জিনিস এ সম্বন্ধে করা যেতে পারে। যদি এখনই ঐ যে জেটীগুলি আছে—এর মাল বের করবার, লরীতে চাপাবার, লরী করে বাইরে নিয়ে যাবার—এই ব্যবস্থা অন্তত দিনের বেলায় আপনারা বন্ধ করেন। রাত্রে এই সমস্ত কাজ হবে। আর দিনের বেলায় সমস্ত লেনদেন হবে। মাল তোলা, লরী করে বাইরে নিয়ে যাওয়া, সমস্ত কিছু হবে রাতের বেলায়। এইরকম যদি ব্যবস্থা করা যায়, তাহলে স্ট্র্যান্ড রোডের মত জায়গায় সহজে যাতায়াতের পক্ষে অনেকখানি সুরাহা হয়। আর একটা ব্যবস্থা এখনি করা উচিত—কলকাতা এবং তার আশেপাশে নূতন করে কোন ফ্যাক্টরি বা অফিসকে লাইসেন্স দেওয়া হবে না—যাতে লোকের ভিড় আর এদিকে না বাড়ে। তা না হলে কলকাতার পরিবহণের সুষ্ঠু ব্যবস্থা ঐ একটা সার্কুলার রেল করলে হবে না। আমরা এখন সকলে বুঝেছি যে, সার্কুলার রেল এখানে অবিলম্বে হওয়া দরকার। তবে আজকে দশ বছর পরের কথা চিন্তা করুন। কত সার্কুলার রেল আপনারা করবেন? কলকাতায় যদি এই হারে আকাশচুম্বী বাড়িতে ভর্তি হয়ে যায়, অফিসে যদি সব ভর্তি হয়ে যায় এবং বাংলাদেশের সমস্ত লোককে কলকাতায় টেনে টেনে নিয়ে আসা হয়, তাহলে কি করে এই পরিবহন সমস্যার সমাধান হবে? সেইজন্য আমি বলব, এই সমস্ত ডিসেন্ট্রালাইজ হওয়া দরকার। প্রত্যেক ডিস্ট্রিক্ট টাউনে টাউনে এখন যেসমস্ত ফ্যাক্টরি ও অফিস কলকাতার আশেপাশে হচ্ছে, সেগুলি ডাইভার্ট করে ডিসেন্ট্রালাইজ করে সরিয়ে নিয়ে যাওয়া দরকার। অন্তত আমি একটা সাজেশশন দিচ্ছিলাম। এটা তো আছেই, সর্বসম্মত-ভাবে পাশ করলাম। কোন নূতন ফ্যাক্টরি, কোন নূতন অফিস আর কলকাতায় করবার লাইসেন্স দেওয়া হবে না। এখানে যে জেটী আছে, পোর্ট কমিশনারের যে কাজগুলি হয় বা বড় বড় গুদামে যে মাল লেনদেন হয়, এগুলি লরীযোগে রাত্রে নিয়ে যাবার ব্যবস্থা হোক। যখন লোকে রাস্তায় বেরোয়, অন্যান্য যেসমস্ত কাজ বেশি লোক দিয়ে করা হয়, সেগুলি দিনের বেলায় করা হোক। সে ছাড়া আর কোন উপায় নাই। এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে—এই যে সার্কুলার রেল করার প্রস্তাব এসেছে, সেটা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং বলছি যে, এটা যেন ফাইলবন্দী হয়ে না থাকে, এটা যেন ইলেকশন স্টান্ট না হয় এবং যদি কেন্দ্রীয় সরকার শীঘ্র এ ব্যাপারে মত না দেন, ডিলে করেন তাহলে তার উপযুক্ত ব্যবস্থা যেন মন্ত্রিমহাশয় করেন। নিশ্চয়ই আমরা অন্তত এ ব্যাপারে আপনাদের সঙ্গে থাকবই।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় এখানে প্রস্তাব যেটা এসেছে তাতে কয়েকজন মাননীয় সদস্যের নাম আছে এবং এতে জ্যোতিবাবু এবং প্রতাপবাবু যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন আমি সেগুলি সহ এই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করছি। তবে এ সম্বন্ধে বলবার আগে আমি অন্য একটা ব্যাপার সম্বন্ধে কিছু বলতে চাই। একটু আগে চীফ মিনিস্টার যে বিবৃতি দিলেন আমি তা শুনেছি। কিন্তু এই ব্যাপারে আমাদের চিন্তা এবং উদ্বেগ আছে এবং তার কারণ হচ্ছে খবরের কাগজের মাধ্যমে আমরা যে খবরাখবর পাচ্ছি এবং মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিলেন তাতে সেটা যথেষ্ট বলে মনে হচ্ছে না। আমরা জানি ওখানে আমাদের বর্ডার পুলিশ রয়েছে, কিন্তু অপরদিকে ওখানে পাকিস্তানের রেগুলার মিলিটারি কনসেনট্রেসন রয়েছে এবং তার সঙ্গে ইস্ট পাকিস্তান রাইফেলস্ ওখানে বসে আছে। কাজেই এতে আমাদের মন শান্ত হয় না। আমরা আরও খবর জানি, কিন্তু সেগুলি ওপেনলি অ্যাসেম্বলিতে বলা উচিত নয়। যা হোক, আমার বক্তব্য হচ্ছে সিজ ফায়ার হোক বা না হোক মুখ্যমন্ত্রী আমাদের সঙ্গে বসুন যাতে আমাদের মন শান্ত হয় এবং আমরা যেন জানতে পারি আমাদের ডিফেন্স ব্যবস্থা ঠিক আছে।

মিঃ ডেপুটি স্পীকার: ডাঃ গনি, ইউ মাস্ট স্পীক অন দি সাবজেক্ট বিফোর আস ফর ডিসকাশন নাউ।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি সার্কুলার রেলওয়ে সাপোর্ট করছি এবং সে সম্বন্ধে কিছু বলতে চাই। আজকে কোন সভ্য দেশ নেই,

এমন কোন মেট্রোপলিটান টাউন নেই যেখানে শুধু সাধারণ রোড ট্রাফিক যেটা আছে তার উপরেই নির্ভর করছে। সব জায়গাতেই সার্কুলার রেলওয়ে বা টিউব রেলওয়ে বা ওভারহেড রেলওয়ে রয়েছে—এ ছাড়া সম্ভবও নয়। কলকাতায় টিউব রেলওয়ে হতে পারে কিনা সে সম্বন্ধে আমি কোন মতামত দেব না, কারণ এটা বিশেষজ্ঞদের ব্যাপার। তবে বর্তমানে যে হবে না সেটা ধরে নিচ্ছি, কারণ অনেক টাকা খরচের ব্যাপার আছে। তবে এটা ঠিক যে, পৃথিবীর বড় বড় রাষ্ট্রে, বড় বড় শহরে এমন কি ইস্ট জার্মানী যেটা ধনী রাষ্ট্র বলে স্বীকৃত নয় সেখানে বার্লিনে টিউব রেলওয়ে রয়েছে। আমাদের এখানে সেই টিউব রেলওয়ে লং-টার্ম প্রোগ্রামে হতে পারে, কিন্তু সার্কুলার রেলওয়ে যে হওয়া উচিত সে সম্বন্ধে কোন পরিসংখ্যান দেবার দরকার নেই যে, কোন্ রাস্তায় কত মানুষ কত ভেহিকেল চলাচল করে। আমাদের ডেইলী এক্সিপিরিয়েন্স হচ্ছে কিভাবে মানুষকে ঝুলে ঝুলে—শুধু পিক আওয়ার্সে নয়, রাত্রি ৯টায় ১০টার সময়ও ট্রাম এবং বাসে করে যেতে হয়। স্যার, আমি লক্ষ্য করলাম এই কারণে কত যে স্ট্রীট অ্যাক্সিডেন্ট হয় সেই পরিসংখ্যান এখানে কেউ দিলেন না। কলকাতায় যে স্ট্রীট অ্যাক্সিডেন্ট হয়, যে ভেহিকল অ্যাক্সিডেন্ট হয় তাতে আমি মনে করি সেটা অন্যান্য শহরের চেয়ে এখানে বেশি হয়। বোম্বের একটা জিওগ্রাফিকাল অ্যাডভান্টেজ হচ্ছে যেভাবে শহরটা লোকেটেড এবং যেভাবে মাঝখান দিয়ে রেলওয়ে লাইন গেছে তার দ্বারা শুধু সুবারবান এরিয়া সার্ভড হয় না, শহরের মধ্য দিয়ে ইলেকট্রিক ট্রেন চালিয়ে নিয়ে যায়। ওভারহেড লাইনে অসুবিধা আছে এবং আমি সেটাকে সম্পূর্ণ একটা স্বপ্ন বলে ধরব। কারণ ওভারহেড লাইনে ছোট ছোট ২-৩টি বগি ছাড়া বড় ট্রেন যাতায়াত করতে পারে না। সেটা এখন নয় এবং কলকাতা শহরে শুধু রেলওয়েতে হবে না। স্যার, পৃথিবীতে যত মেট্রোপলিটান টাউন আছে তার মধ্যে কলকাতা শহরের রাস্তা সবচেয়ে খারাপ এবং সঙ্কীর্ণ—এটা একটা প্রবলেম। তা ছাড়া স্লো ট্রাফিক কলকাতা শহরে যত আছে তাতে মনে হয় বোম্বে বা মাদ্রাজে এত বেশি নেই। কাজেই আমার বক্তব্য হচ্ছে সার্কুলার রেলওয়ের প্রস্তাব যেটা এসেছে সেটা ইমিডিয়েটলি করা দরকার এবং ফোর্থ প্ল্যানে শুধু টেক আপ নয়, যাতে কমপ্লিট হতে পারে সেই ব্যবস্থা যেন করা হয়। কংগ্রেস তরফ থেকে যে রেজলিউশন এসেছে সেটা আমরা একমন হয়ে গ্রহণ করেছি। কিন্তু তাঁদের কাছে আমার জিজ্ঞাস্য হচ্ছে ফোর্থ প্ল্যানে এটা যদি না হয়, বা কোন উল্লেখ না থাকে তাহলে তাঁরা কতদূর যেতে প্রস্তুত আছেন—অর্থাৎ কেন্দ্রীয় সরকারের সঙ্গে কতদূর লড়াই করতে প্রস্তুত আছেন? এটা আমাদের জানালে ভাল হত। যা হোক, আমি এই প্রস্তাব সমর্থন করে এখানেই বক্তব্য শেষ করছি।

[5-25—5-35 p.m.]

শ্রীকানাই পাল: এই যে বেসরকারী প্রস্তাব এসেছে এবং জ্যোতি বসু মহাশয় যে সংশোধনী (অ্যামেন্ডমেন্ট) রেখেছেন সেই অ্যামেন্ডমেন্ট শুধু এই প্রস্তাব আমি সমর্থন করি। কেবলমাত্র মূল প্রস্তাবটা কেন সমর্থন করি না এবং কোন্ কোন্ জায়গায় সমর্থন করি না সেটা আমি একটু বিশদভাবে এখানে বলতে চাই। প্রস্তাবে যে অ্যাকিউট ট্রাফিক প্রবলেমের কথা বলা হয়েছে, সেটা সকলেই জানেন, সেই সঙ্গে যে অ্যাক্সিডেন্টের কথা বলা হচ্ছে তারও প্রতিকার সকলেই চান। কিন্তু প্রস্তাবে যে দুটো কথার উপর জোর দেওয়া হয়েছে,

which is the only alternative to meet this problem effectively

আর ওনলি অলটারনেটিভ এই দুটো কথায় আমি আপত্তি জানাই এবং এইদিক থেকেই আমি আমার বক্তব্য রাখছি। প্রথমেই বলা প্রয়োজন যে, আমরা কেউই বিশেষজ্ঞ নই, আমিও না। সাধারণ ধ্যান ধারণা থেকেই আমি আমার বক্তব্য রাখছি।

আজকে যে সার্কুলার রেলওয়ে সম্বন্ধে কথা হচ্ছে, সেই সারকুলার রেলপথের এমন কোন ব্লু-প্রিন্ট আমাদের হাতে নেই, যার উপর নির্ভর করে বলা যাবে যে সার্কুলার রেল কিরূপ হবে, কোথা দিয়ে হবে। কোন কোন সদস্য অবশ্য বলেছেন যে শহরের বাইরে দিয়ে যেখানে যেখানে রেল লাইন আছে সেখান দিয়ে এই রেলপথ তৈরির কথা। কিন্তু প্রয়োজনবশত সেই পথ ছেড়ে যদি শহরের আর একটু ভিতর দিয়ে এই পথ তৈরি করতে হয়, তাহলে যেসমস্ত ঘরবাড়ি ও রাস্তাঘাটের উপর দিয়ে এই রেল পথ হবে তার জন্য প্রচুর ক্ষয়ক্ষতি হবে। কিন্তু যদি বাইরে দিয়ে হয় তাহলে ক্ষতির পরিমাণ কম হতে পারে কিন্তু শহরের ভিতরকার সমস্যার সমাধান বিশেষ হবে না বলেই আমি মনে করি। এই সমস্যার সমাধান সম্ভব একমাত্র যদি আন্ডার গ্রাউন্ড রেলওয়ে কলকাতার মাটির ভিতর দিয়ে করা সম্ভব হয়। সেদিক থেকে আমি বলতে

চাই সার্কুলার রেলওয়ে হোক, সেইসঙ্গে যদি আন্ডার গ্রাউন্ড রেলওয়ের প্রস্তবাও থাকে, তাতে আমার কোন আপত্তি নাই অথবা সার্কুলার রেলওয়ে কিংবা আন্ডারগ্রাউন্ড রেলওয়ে বিশেষজ্ঞ দ্বারা যেটা উপযুক্ত বিবেচিত হবে সেটাই গ্রহণ করা হোক এবং এখনই কার্যকরী করা হোক। এটা সকলেই চান, এটা শীঘ্রই করতে নির্দেশ দিন তাতে আমারও একমত রয়েছে।

আমি এখন অ্যাক্সিডেন্ট এবং ট্রাফিক জ্যামের আশু সমাধান সম্পর্কে গুটিকতক কথা রাখতে চাই। প্রথম কথা হচ্ছে—এই শহরে ট্রাফিক জ্যামের ও রাস্তা নষ্ট হওয়ার প্রধান কারণ হচ্ছে ট্রাম। একটা ট্রাম এক জায়গায় দাঁড়িয়ে গে'ল রাস্তায় ট্রাফিক অচল হয়, জনসাধারণের যাতায়াত অচল হয় সুতরাং এই ট্রামকে উঠিয়ে দিতে হবে এবং আজকে এই বিষয়ে আমাদের অন্যান্য কতকগুলি সিদ্ধান্তও নিতে হবে। এই যে অ্যাক্সিডেন্ট হচ্ছে, চলাচলের অসুবিধা হচ্ছে, তা দূর করার জন্য আমাদের সিদ্ধান্ত নিতেই হবে। দু নম্বর পয়েন্ট হচ্ছে সাব-ওয়ের ব্যবস্থা করতে হবে, যেসমস্ত রাস্তার মোড়ে সাংঘাতিক ভীড় আছে, অবিলম্বে সেই সমস্ত জায়গায় সাব-ওয়ের ব্যবস্থা করতেই হবে, যাতে অ্যাক্সিডেন্ট না হয় এবং যান চলাচলেরও যাতে অসুবিধা না হয়। তিন নম্বর পয়েন্ট হচ্ছে—ফিডার রোডের সংখ্যা আমাদের বাড়াতে হবে। আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, একসঙ্গে তিন-চার নম্বরের বাস পর পর ১৫-২০ খানা আসে, আবার কোন সময় ১৫ মিনিট কোন বাসই থাকে না। সেজন্য এখনই ফিডার রোডের সংখ্যা বাড়াবার জন্য সুচিন্তিত এবং সুপরিকল্পিত ব্যবস্থা করে বাসরুটগুলির পুনর্বন্টন করতে হবে। সেইসঙ্গে আমি আর একটা কথাও বলব। স্টেট বাসের বিরাট সংখ্যক বাস আইড্‌ল্ হয়ে পড়ে থাকে, এই সংখ্যা মোট বাসসংখ্যার তুলনায় আনুপাতিক হার কমাতে হবে। ৬ নম্বর পয়েন্ট হচ্ছে, যে অনাদিবাবু বলেছেন—মালবাহী ভারী গাড়ী রাত্রে চলাচলের ব্যবস্থা করতে হবে, এখন দিনমানে চলাচল করে যার ফলে জনসাধারণের চলাচলের অসুবিধা হচ্ছে অ্যাক্সিডেন্ট বাড়ছে। সাত নম্বর পয়েন্ট হচ্ছে যানবাহন চলাচল সংক্রান্ত যেসব আইন আছে তা কঠোরভাবে প্রয়োগ করতে হবে, আইনভঙ্গকারীদের কঠিন সাজা দিতে হবে। তাদের বিশেষভাবে আইনের আওতায় আনতে হবে। যেসব ট্রাফিক পুলিস আইন রক্ষা করার জন্য রাস্তার মোড়ে মোড়ে দাঁড়িয়ে থাকে, আপনি জানেন তারাই সর্বদা এ ব্যাপারে আইন ভঙ্গ করতে সাহায্য করে।

শ্রীনরেন্দ্রনাথ সেন: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, সার্কুলার রেলওয়ের সঙ্গে এর কি সম্পর্ক আছে।

শ্রীকানাই পাল: উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আপনাকে যদি বাড়ি বদল করতে হয় এবং মালপত্র এক বাসা থেকে আর এক বাসায় নিয়ে যেতে হয়, তাহলে তার জন্য যে লরী ভাড়া তার উপর ৫ টাকা লরীর মালিক আপনার কাছ থেকে চাইবে কারণ, যতগুলি মোড় দিয়ে যেতে হবে, ওভারলোডের জন্য ট্রাফিক পুলিশদেব মোড়ে মোড়ে ৮ আনা ১ টাকা করে ঘুষ দিতে হয়, এটা হল পাকা বন্দোবস্ত। যানবাহন চলাচলের যে আইন রক্ষা করার জন্য তাদের রাখা হয়েছে, তারা নিজেরাই এই ঘুষ নিয়ে সেই আইন ভঙ্গ করতে সাহায্য করছে। যারা আইনকে রক্ষা করবে তারাই যাতে আইন ভঙ্গ করতে সাহায্য না করে তার জন্য কঠিন ব্যবস্থা গ্রহণ করতে হবে।

নরেনবাবু বলেছেন যে, এই প্রস্তাবে নাকি এ বিষয়ে আলোচনার কোন স্থান নেই, কিন্তু আমি বলছি, আমার বক্তব্য খুবই প্রাসঙ্গিক কারণ, প্রস্তাবের শুরুতেই এক নম্বর ও দু' নম্বর ক্লজেতে রাস্তা চলাচলের অসুবিধা এবং অ্যাক্সিডেন্ট দূর করার উদ্দেশ্যেই সার্কুলার রেলের কথা বলা হয়েছে। আমিও সেইজন্যই এইসব কথা বললাম। চলাচলের অসুবিধা এবং অ্যাক্সিডেন্ট দূর করার পরিকল্পনাকে আমি দু'ভাগে ভাগ করছি। একটা দীর্ঘমেয়াদী পরিকল্পনা এবং অপরটি আশু পরিকল্পনা। দীর্ঘমেয়াদী পরিকল্পনার মধ্যে সার্কুলার রেলওয়ে এবং আন্ডারগ্রাউন্ড রেলওয়ে গঠনের কথা বলছি। এই দুটোকেই দীর্ঘমেয়াদী পরিকল্পনার মধ্যেই ফেলছি। কারণ সার্কুলার রেলওয়েও যে ইমিডিয়েটলি হয়ে যাবে এতটা আশা আমি পোষণ করি না। বাকি যে ব্যবস্থাগুলোর কথা বললাম, সেগুলো অবিলম্বে কার্যকরী করা সম্ভব এবং কার্যকরী করলে মানুষের চলাচলের সমস্যা, ট্রাফিকের সমস্যা এবং রাস্তায় চাপা পড়ে মরার যে সমস্যা সেইসব সমস্যার অনেকখানি সমাধান হবে। আমি আর

একটা কথা আরও স্পষ্টভাবে বলতে চাই যে, রেজলিউশন যেভাবে ছিল সেভাবে থাকা ঠিক নয়। আমি মনে করি সার্কুলার ট্রেন হলে কলকাতার বাইরে থেকে যাঁরা যাতায়াত করেন তাঁদের একটু সুবিধা হলেও ভেতরকার সমস্যার খুব বেশি সমাধান হবে না--আংশিক সমাধানই হবে। এটা যদি করা হয় তাতে আমার আপত্তি নেই, কিন্তু সমস্যা যে দ্রুতগতিতে বেড়ে চলেছে দিনের পর দিন তাতে পাঁচ বৎসর পরে যে কি অবস্থা হবে সে কথা ভেবেই অবিলম্বে আন্ডারগ্রাউন্ড ট্রেনের কথা চিন্তা করছি এবং সেই সঙ্গে সঙ্গে আমি মনে করিয়ে দিচ্ছি, যাঁরা কেবলমাত্র সার্কুলার রেলের দ্বারাই এই সমস্যার সমাধান হবে বলে ভাবছেন তাঁদের মনে হয়ত বোম্বাই শহরের কথা আছে। কিন্তু বোম্বে শহরের যে গঠন, তার যে আকৃতি তার সঙ্গে কলকাতা শহরের গঠন ও আকৃতি অনেক তফাৎ। সেটা লম্বা শহর, সেখানে অধিকাংশ এলাকার কাছ দিয়েই ইলেকট্রিক ট্রেন সর্বদা যাতায়াত করছে। সর্বোপরি আমি পুনরায় জোর দিয়ে বলছি আশু ব্যবস্থার মধ্যে আমি প্রধান যেটা দেখছি সেটা হচ্ছে যে অবিলম্বে ট্রাম উঠিয়ে দিতেই হবে। পাশ্চাত্যদেশে এক এক করে সকলেই ট্রাম উঠিয়ে দিয়েছে। আমরা এই ট্রামের অনুপ্রেরণা যেখান থেকে নিয়েছি সেই গ্রেট বৃটেনেও আর ট্রাম নেই। এই ট্রাম যেভাবে রাস্তা জ্যাম করে, যেভাবে রাস্তার ক্ষতি করে তাতে অন্য যানবাহন চলাচলেরও ক্ষতি হয়। সুতরাং আরও একবার বলছি এই ট্রাম এখনই তুলে দেওয়া হোক এবং সেই জায়গায় ট্রলিবাস চালু করা হোক। অন্য দেশে এই স্কীম অ্যাকসেপ্টেড হয়েছে। ট্রাম যদি রাস্তায় এক জায়গায় অনড় হয়ে যায় তাহলে সমস্ত যানবাহনকেই অচল করে দেয়। সেই জায়গায় ট্রামের বদলে ট্রলিবাস অবিলম্বে চালু করা হোক, এ প্রস্তাব আমি রাখছি। কারণ রাস্তায় ট্রলিবাস অচল হলেও অন্যান্য যানবাহন অচল করবে না, এমন কি অন্য ট্রলিবাসও অচল হবে না, আর রাস্তারও কোন ক্ষতি করবে না যেহেতু ট্রলিবাসের জন্য মাটিতে কোন লাইনেরই প্রয়োজন নেই।

[5-35—5-45 p.m.]

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় ডেপুটি চেয়ারম্যান, আজকে এই প্রস্তাব সার্কুলার রেলওয়ে সম্বন্ধে যেটা মাননীয় সদস্য নরেন সেন মহাশয় এনেছেন সে প্রস্তাব আমি সমর্থন করছি। এর আগে কলকাতার যানবাহনের কথা আমরা সকলে আলোচনা করেছি। আজকে দেখা যাচ্ছে, যদিও স্টেট ট্রান্সপোর্টের ৭০০খানা বাস আছে কিন্তু অনেক সময় বাস সব খারাপ হয়ে থাকে বা ড্যামেজ হয়ে থাকে। আরও দেখা যাচ্ছে সেখানে ভাড়া বাড়ছে কিন্তু ট্রাম বা বাস কলকাতা শহরের লোকসংখ্যার তুলনায় যথেষ্ট নয়, তা ছাড়া আজকে মানুষ দৈনন্দিন জীবন চালাবার জন্য স্ত্রী-পুরুষ সব বাইরে এসে গেছে। সবাই একসঙ্গে কাজে যাচ্ছে। ছেলেরা স্কুলে যাবার সময় বাসের বিশেষ ব্যবস্থা নেই, বাসের টাকা বেশি দিতে হয় বলে সাধারণ মধ্যবিত্ত পরিবারের ছেলেরা মাইনেই দিতে পারে না, তারা সেখানে বাসের ভাড়া দেবে কি করে? সেজন্য তাদের বাসে-ট্রামে যেতে হয় তাই ছেলেরা যখন স্কুল যায় তখন তাদের মায়েরা ভাবে তাদের ছেলেরা বাড়ি ফিরে আসবে কিনা এবং কলকাতার যে রাস্তা সে রাস্তার জন্য অনেক সময় অ্যাক্সিডেন্ট বেশি হয়। রাস্তা দিয়ে অনেক সময় গাড়ি নিয়ে যেতে পারা যায় না অনেক সময় এমন লাইন হয় যে হাওড়া স্টেশনএ যাবে কিন্তু তার জন্য অনেক সময় ট্রেন ফেল হয়ে যায়। সেজন্য আমি বলব কলকাতার সহরে ট্রেনস্পোর্ট বাড়ান দরকার তাই সারকুলার রেলের যে প্রস্তাব মাননীয় সদস্য নরেনবাবু এনেছেন, সে প্রস্তাবকে অভিনন্দন জানাচ্ছি। সার্কুলার রেল না হলে আমাদের যানবাহনের ব্যবস্থা সুষ্ঠুভাবে হবে না। সেজন্য আমি বলব কলকাতা শহরকে যদি উন্নত করতে হয় তাহলে তা সর্বদিক দিয়েই করতে হবে। যানবাহনের ব্যবস্থা উন্নত না হলে কর্মকেন্দ্র কলকাতার সেখানে সব জায়গা থেকে ব্যবসা-বাণিজ্য করতে লোক আসে, তাদের সুবিধামত যানবাহন থাকে না বলে অনেক অসুবিধা হয়। সেজন্য সার্কুলার রেলওয়ের যে স্কীম নেওয়া হয়েছে, আমি বলব এই স্কীমটা কলকাতার নাগরিকদের পক্ষে আনন্দের কথা। এই কথা যখন তারা শুনবে যে, কলকাতা শহরে সার্কুলার রেলওয়ের পরিকল্পনা নিয়ে আমরা এগিয়ে যাচ্ছি তখন তারা এই পরিকল্পনাকে অভিনন্দন জানাবে। আজকে গ্রেটার ক্যালকাটা যেভাবে বেড়ে যাচ্ছে তাতে ওখান থেকে আমাদের বাসে করে যেতে আসতে হলে ৪৫ মিনিটের বেশি সময় লাগে। সেজন্য আমি ট্রান্সপোর্ট মিনিস্টারকে অনেক জায়গা থেকে অনেক দরখাস্ত দিয়েছি যে, ওখান থেকে একটা বাসরুট বার করুন, এখান থেকে একটা বাস রুট বার করুন, কারণ মানুষ অনেক দূরে চলে যাচ্ছে। সেখান থেকে যানবাহনের ব্যবস্থা না করলে তারা কর্মকেন্দ্রে ঠিক সময়ে আসতে পারছে না। তারা ননাভাবে অসুবিধা ভোগ

করছে। ছাত্রছাত্রীরা স্কুলে যেতে পাচ্ছে না। তাই আমি বলব, আমাদের এই যে সার্কুলার রেলের যে প্রস্তাব এসেছে সেটা খুবই ভাল স্কীম এবং এই যে পরিকল্পনা নেওয়া হয়েছে এটা খুবই ভাল প্রস্তাব। এইজন্য আমি মাননীয় নরেন সেন যে প্রস্তাব এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই প্রস্তাব সমর্থন করছি।

Shri Saila Kumar Mukherjee: Mr. Deputy Speaker, Sir, I am extremely happy that there has been today a discussion over the Resolution that has been moved by Shri Narendra Nath Sen on the Circular Railway. The Resolution has been slightly modified by the amendment of Shri Pratap Chandra Chunder which only emphasises on the urgency of the matter and the immediate object for which Circular Railway is demanded. Sir, I would request Shri Jyoti Basu who has moved an amendment, after I give my grounds, to consider whether he will think it fit to send a unanimous resolution and to withdraw his amendment. Let me finish my arguments first.

There are two types of traffic in Calcutta—one, internal city traffic and the other, coming from outside Calcutta mostly to attend office and business here. The Calcutta Metropolitan Planning Organisation who has made a study of the traffic pattern, has found that the total number of transit passengers entering the core area is 737,915 daily; of these about 3 lakh passengers get down at the Howrah and Sealdah Railway Stations in the morning within a period of about one and a half hours. Most of these people use the existing transport facilities in the city for going to their places of work and for their return journey. During these rush hours the existing transport services have found it impossible to cope with the heavy traffic. To ease the situation the Government of West Bengal have suggested to the Ministry of Railways, the construction of a Circular Railway in Calcutta which is nothing but an extension of the Suburban Railway System, over the existing tracks and at some places on some elevated track construction which may be thought necessary. If there is a Circular Railway, this large number of passengers would be able to come from their place of living to their place of work direct and it will, to a great extent, ease the congestion in the present transport system in Calcutta which has almost reached saturation point. I may mention in this connection that this scheme of Circular Railway has been talked about since 1914 and reviewed by a succession of Expert Committees appointed by the Government of India. All of them were unanimous in their recommendation that Calcutta should be girdled by a Circular Railway to facilitate passenger traffic. My friends have heard from Shri Pratap Chandra Chunder that, only recently, the Government of India constructed a Ring Railway costing Rs. 10 crores round Delhi where the traffic pattern is much easier than Calcutta. The Sarangapani Report on railway electrification published in June, 1956, was categorical in its recommendation that the Circular Railway project should be taken up in the Railway's own interest to make the suburban electrification scheme a really paying proposition and a complete success. Both the Chief Minister and myself have taken up this matter with the Railway Minister. I have also had a discussion with the Railway Minister recently in Delhi. Railway Minister has realised the importance of the scheme but has not made any firm commitment so far in view of the apprehended recurring loss which the railway might suffer on this project. The estimate of Rs. 50 crores for the construction of the Circular Railway which he mentioned in reply to a question in Parliament is very approximate as it has been arrived at without any detailed survey. The Railway Officials here who have been associated with the preparation of the Circular Railway project feels that the scheme is technically possible and wanted to give an estimate after a detailed survey for which they wanted a sum of Rs. 3.5 lakhs.

[5-45—5-55 p.m.]

The passengers, who come to their place of work from Howrah and Sealdah stations, are paying in addition to the railway fares, at least 10 nP. per trip per day. It will not cause any hardship to the travelling public if the same amount of 10 nP. is charged for each trip, i.e., 20 nP. per day per passenger for both trips. This additional amount will considerably reduce the recurring loss, if any. I have written to Shri Patil requesting him to ask the Railway officials to take up the survey immediately so that the scheme could be included in the Fourth Plan. In view of the great importance of the scheme, Government of West Bengal have also agreed to pay the amount which will be required for the project survey as it is so vital not only to the problems of Calcutta but to the entire West Bengal. I have also pointed out both to Shri S. K. Patil, Minister for Railways, and to Dr. Ram Subha., Singh, Minister of State, that the Circular Railway would primarily be the facility for the suburban population who are now coming from outside and get down at the Howrah and Sealdah Railway stations. The Calcutta Metropolitan Planning Organisation is engaged at present in planning a grade separated rapid transit system within the city for internal traffic which will cater to the needs of the people living in Calcutta proper. Incidentally I may mention that the West Bengal Government got the underground Railway system examined both by the French and British experts and had to shelve the idea for the present in view of the prohibitive costs which must have gone up further and which the present economy of the country is unable to bear. I may mention that in 1956 a probable estimate of over 400 crores was made by the British and French experts. I have also pointed out that the number of commuter traffic of daily passengers which is coming from outside has been increasing with the introduction of electric railways and the situation will get completely out of hands if the Circular Railway project for Greater Calcutta is not implemented forthwith.

Sir, in view of the urgency and in view of the confusion and confused ideas that are coming from different sources, the Railway Board and the Centre, it is absolutely imperative that West Bengal's categorical and unanimous views must be conveyed to Delhi about the emergency and immediate urgency of the problem which has been hanging fire since 1914. Therefore, I am grateful to the members for this unanimous resolution. In this connection I may also mention that the cost as at present estimated for an underground railway is approximately rupees 10 crores per mile, whereas according to the Railway estimates the cost of the circular railway would be only rupees two crores per mile. In that view of the matter and in view of the fact that the Centre may not get any hand to postpone the matter for reconsideration of the question, I would request Shri Jyoti Basu to withdraw his amendment so that we can make our clear recommendation about the urgency of the circular railway. If this alternative arrangement is mixed up with the resolution, it may give a handle to the Railway Board to defer the matter for reconsideration. The question of underground railway has already been taken up by the Planning Commission and it will come in due course. It is a problem for the State's internal services immediately to take up this question and if it is technically feasible, it should not be allowed to be shelved by the Railway Board. I hope Shri Sen will accept the amendment of my friend Dr. Chunder and I also hope Shri Jyoti Basu will agree to withdraw his amenment so that we may send to the Centre a unanimous resolution. I shall request you, Mr. Deputy Speaker to ask your Secretary to prepare a complete record of today's debate, a valuable discussion, and the entire resolution so that they may be communicated to the Centre at a very early date.

Shri Narendra Nath Sen: Sir, I am very happy that my resolution has received almost unanimous support from all quarters. There has been some suggestion from some honourable members including Shri Jyoti Basu regarding an underground railway. Sir, I have every sympathy and support for this proposal of underground railway, but it will take a number of years if the proposal is accepted. What we need today is an immediate relief in the shape of a circular railway which can remove the congestion and remove the overcrowed passenger traffic in Calcutta. If the proposal of underground railway is accepted as an additional measure, I shall be very happy. It may be taken up at a later stage. But we immediately require and we immediately need the establishment of a circular railway which may be completed in the course of a year even. The railway tracks are there all around the city and if only the railway authorities be earnest in the matter, we may have circular railway in the course of a year, if not earlier. Shri Sailendra Nath Adhikary has read out a report of India Government Railway of 1956 which includes circular railway in different phases. But even in spite of that report the matter of circular railway has not yet been taken up by the railway authorities. Therefore I think my proposal for a circular railway has been a very urgent and timely proposal which has been considered by the House and accepted by all of us.

Mr. Kanai Pal in his speech said, "ট্রাম তুলে দিতে হবে"। I do not know whether that is feasible or practicable. That is a matter for the Government to consider.

[5-55—6-5 p.m.]

Sir, I accept the amendment moved by Shri Pratap Chandra Chunder. Shri Jyoti Basu in his amendment wanted the inclusion of the words "or underground railway". I have some apprehension in this matter because I think that if we accept this amendment it may be utilised for delaying or rather it may delay the establishment of even the circular railway in Calcutta, on the plea of finding out and ascertaining which proposal is acceptable and which proposal is less costly. Therefore, let us have a proposal against which the railway authorities will have no say, and the railway authorities will, in consideration of the unanimous demand of this House, be compelled to give their serious consideration to the proposal. While circular railway may be effected within a very short time the underground or tunnel railway will take at least 10 to 15 years to be completed. We cannot wait for so long a period; we must have some relief at the earliest opportunity. In this view of the matter I hope Shri Jyoti Basu will withdraw his amendment so that we may have an unanimous resolution accepted by this House.

Before I conclude I would like to refer to a passage appearing in the first Report, 1962, of the Calcutta Metropolitan Planning Organisation where some mention has been made with regard to both circular railway and underground railway in Calcutta. It is paragraph 221, page 65 of the Report, and it runs as follows:

> **"In Calcutta the movement of people by public transportation is also extremely critical. New ways of moving people rapidly and efficiently must be found. One solution was suggested by a team of French experts about 15 years ago. They recommended the construction of an underground rapid railway system. Such a system will be evaluated along with other alternative such as an elevated rail system or a mono rail. Another proposal put forth concerns diversion of some trains from Howrah and Sealdah stations to the central part of Calcutta via Port Trust Railway. This scheme is referred to as the circular railway**

system. The main factor here is the distribution of passenger traffic within Calcutta. In this connection, the C.M.P.O. is carrying out a survey among the railway passengers at Sealdah and Howrah stations. Data concerning the destinations of passsengers within Calcutta will be collected. This will determine the number of trains to be re-allocated to the circular railway system and the optimum allocation of stations......"

"......In the meantime, the C.M.P.O. is also proceeding with the development of fundamental plans to determine the engineering feasibility of constructing the system."

Sir, I would request the C.M.P.O. not to sit idle over the matter in finding out and determining the engineering feasibility of constructing the sysetm. They have admitted the necessity of quick transportation of pasesngers from different places in the city. Therefore, it is very urgent that the C.M.P.O. should immediately take up the survey work and complete it within a very short time and then submit their report so that the matter may be taken up in right earnest by the Government who may proceed in accordance with that report at the earliest opportunity. Sir, we have heard many things about the activities of the C.M.P.O., but let them not proceed in a snail-like way in this matter. Let them be up and doing and finish this work at the earliest possible time and opportunity.

Sir, with these words, I commend my resolution to the House and I hope it will be passed unanimously by the House as it has received unanimous support from the House.

শ্রীজ্যোতি বসু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি অর্থমন্ত্রী মহাশয়ের বক্তৃতা, নরেনবাবু এবং অন্যান্য সদস্যদের বক্তৃতা শুনলাম এবং আমার যে সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম সেটা আমি উঠিয়ে নিচ্ছি। উঠিয়ে নিচ্ছি এই কারণে যে, আমি এখনও মনে করি মৌলিক সমস্যার যে সমাধান সেটা করতে হলে আজ না হোক দশ বছর কুড়ি বছর পরে হোক এতে হাত দিতেই হবে। কলকাতা না হলে টিকবে না। তথাপি আমি বলছি যে আশঙ্কা এখানে প্রকাশ করা হচ্ছে প্রস্তাব যদি সর্বসম্মত না হয় তাহলে কেন্দ্রীয় সরকার এটা অন্যভাবে বিবেচনা করবে, দেরি করবে, তাহলে আমি বলব যেটুকু সার্কুলার রেলওয়ে তাও আমাদের অত্যন্ত জরুরীভাবে দরকার, আমি সেটার সঙ্গে একমত। সেটাই হোক, একমত হয়ে পাঠানো যাক, বাকিটা পরবর্তিকালে দেখা যাবে। আমি সেজন্য আমার অ্যামেন্ডমেন্ট উঠিয়ে নিচ্ছি।

Mr. Deputy Speaker: Mr. Basu has expressed a desire to withdraw his amendment. I think the House has no objection to it.

The motion of Shri Jyoti Basu that for the last paragraph the following paragraph be substituted, **viz.**:

"This Assembly is of the opinion that the proposal for a circluar or underground railway for Calcutta, whichever is more advatageous, should be taken up by the West Bengal Government with the Union Government for its early implementation and that the decision with regard to the above should be arrived at by the time the Fourth Plan is finalised."

was then, by leave of the House, withdrawn.

The motion of Dr. Pratap Chandra Chunder that—

(1) in clause (i) for the word "and", the words "created by the heavy influx of commuted traffic at Howrah and Sealdah Stations", be substituted;

(2) in clause (ii), the word "and" be added at the end;

(3) after clause (ii), the following clause be inserted—

"(iii) relieve the present hazardous and intolerable crowding in the city's buses and trams;"; and

(4) in the main paragraph,—

(a) for the words, "which is the only alternative to", the words "which can effectively and immediately" be substituted;

(b) the words "effectively" and "immediately" be omitted; and

(c) the word "forthwith" be inserted after the words "Union Government",

was then put and agreed to.

The motion of Shri Narendra Nath Sen, as amended, viz.:

"that with a view to—

(i) remove the acute traffic problem of the city of Calcutta, particularly during the peak hours, created by the heavy influx of commuted traffic at Howrah and Sealdah stations;

(ii) minimise the risks of accidents to tramways and bus passengers; and

(iii) relieve the present hazardous and intolerable crowding in the city's buses and trams;

This Assembly is of the opinion that the proposal for a circular railway for Calcutta, which can effectively and immediately meet this problem should be taken up by the West Bengal Government with the Union Government forthwith for its early implementation."

was then put and agred to.

Mr. Deputy Speaker: The resolution is passed unanimously.

The House stands adjourned till 1 p.m. on Monday next.

Adjournment

The House was accordingly adjourned at 6-5 p.m. till 1 p.m. on Monday, the 29th March 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday the 29th March, 1965, at 1 p.m.

Present

Mr.Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 10 Ministers, 2 Ministers of State and 129 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1·10 p.m.]

Introduction of Compulsory Free Primary Education in Asansol Municipal Area

***331.** (Admitted question No. *2150.)

শ্রীঅশ্বিনী রায়: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১লা এপ্রিল (১৯৬৪) সাল হইতে আসানসোল পৌর এলাকায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) ১৯৬৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কোন্ কোন্ প্রাথমিক স্কুলে অবৈতনিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে; এবং

(২) অবশিষ্ট কোন্ কোন্ স্কুলে কতদিনের মধ্যে অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু হইবে বলিয়া আশা করা যায়?

Shri Rabindralal Sinha:

(ক) ১৯৬৪ সালের ১লা এপ্রিল হইতে আসানসোল পৌর কর্তৃপক্ষ অবৈতনিক আবশ্যিক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিয়া সেই মর্মে বিজ্ঞপ্তি দিয়াছেন এবং পৌর পরিচালিত প্রাথমিক নিম্ন বুনিয়াদী বিদ্যালয়সমূহে অবৈতনিক শিক্ষা চালু করিয়াছেন।

(খ) (১) নিম্নে প্রদত্ত ২১টি পৌর পরিচালিত প্রাথমিক/নিম্ন বুনিয়াদী বিদ্যালয়গুলিতে অবৈতনিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে:

(১) রাসডাঙ্গা প্রাথমিক বিদ্যালয়, (২) নদীপার ইসলামিয়া প্রাথমিক বিদ্যালয়, (৩) রেলপার বালিকা প্রাথমিক বিদ্যালয়, (৪) শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়, (৫) রব্বানিয়া প্রাথমিক বিদ্যালয়, (৬) আসানসোল প্রাথমিক বিদ্যালয়, (৭) অরুণোদয় প্রাথমিক বিদ্যালয়, (৮) কদম রসুল প্রাথমিক বিদ্যালয়, (৯) নদীপার মুসলিম প্রাথমিক বিদ্যালয়, (১০) রহমানিয়া প্রাথমিক বিদ্যালয়, (১১) বালবোধন প্রাথমিক বিদ্যালয়, (১২) বুধা মুসলিম প্রাথমিক বিদ্যালয়, (১৩) আদর্শ বিদ্যাপীঠ প্রাথমিক বিদ্যালয়, (চেলিডাঙ্গা), (১৪) ডঃ শ্যামাপ্রসাদ প্রাথমিক বিদ্যালয়, (১৫) শ্রীহরি পাঠশালা প্রাথমিক বিদ্যালয়, (১৬) আগাবেগ জুনিয়র বেসিক বিদ্যালয়, (১৭) জন ব্যারেট জুনিয়ার বেসিক বিদ্যালয়, (১৮) কালীপাণ্ডে প্রাথমিক বিদ্যালয়, (১৯) কারনানী প্রাথমিক বিদ্যালয়, (২০) বুধা জি এস এফ প্রাথমিক বিদ্যালয়, এবং (২১) শ্রীগুরু পাঠশালা জি এস এফ প্রাথমিক বিদ্যালয়।

(খ) (২) নিম্নে প্রদত্ত অবশিষ্ট ১৬টি প্রাথমিক বিদ্যালয় এখনও কার্য নির্বাহক সমিতির (ম্যানেজিং কমিটি) পরিচালনাধীনে আছে।

সংশ্লিষ্ট কার্য নির্বাহক সমিতি যখনই স্ব স্ব বিদ্যালয়ের পরিচালনভার পৌর কর্তৃপক্ষের হস্তে ন্যস্ত করিবেন তখন হইতে ঐ সকল বিদ্যালয়ে অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু হইবে। এই মর্মে পৌর কর্তৃপক্ষ প্রয়োজনীয় কার্যক্রম ইতিমধ্যেই গ্রহণ করিয়াছেন।

(১) দুর্গা প্রাথমিক বিদ্যালয়, (২) মাধোলাল প্রাথমিক বিদ্যালয়, (৩) শিশুভারতী প্রাথমিক বিদ্যালয়, (৪) সেন্ট মেরী গরেথী প্রাথমিক বিদ্যালয়, (৫) লক্ষ্মীদেবী প্রাথমিক বিদ্যালয়, (৬) আদর্শ বিদ্যাপীঠ (ধাদুকা), (৭) গুজরাটি প্রাথমিক বিদ্যালয়, (৮) চুয়ালাল প্রাথমিক বিদ্যালয়, (৯) ডি এ ভি প্রাথমিক বিদ্যালয়, (১০) ওল্ড স্টেশন প্রাথমিক বিদ্যালয়, (১১) মনিমালা বলিকা বিদ্যালয় (প্রাথমিক বিভাগ), (১২) উমারানী গড়াই মহিলা কল্যাণ বিদ্যালয় (প্রাথমিক বিভাগ), (১৩) আর্যকন্যা বিদ্যালয় (প্রাথমিক বিভাগ), (১৪) বেঙ্গলী ডে স্কুল (প্রাথমিক বিভাগ), (১৫) রবীন্দ্র শিশু প্রাথমিক বিদ্যালয় এবং (১৬) রামকৃষ্ণ মিশন নিম্ন বুনিয়াদী বিদ্যালয় ১নং এবং ২নং।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি যে তালিকা দিলেন তাতে দেখছি খালি বুনিয়াদি স্কুলগুলোতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়েছে এবং এর মধ্যে একটিও নেই যেগুলি বুনিয়াদি নয়। এর কারণ জানাবেন কি?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ এর মধ্যে ১৫টি বুনিয়াদি নয় ২টি বুনিয়াদি জুনিয়র বেসিক স্কুল এবং ২টি আছে গভর্নমেন্ট স্পনসর্ড।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি বললেন যখন পৌর কর্তৃপক্ষ ঐ ম্যানেজিং কমিটিকে ন্যস্ত করবে তারপর থেকে এগুলিতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করা যাবে। আমার প্রশ্ন হচ্ছে তা যদি না করে তাহলে এমন কি কোন বাধ্যবাধকতা নেই যে, এগুলো অর্থাৎ বাকি ১৬টি এই বছর ম্যানেজিং কমিটির কাছ থেকে নিয়ে পৌর কর্তৃপক্ষ চালু করবে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ এইরকম কোন বিধান নেই, তবে পৌর কর্তৃপক্ষ অ্যাপ্রোচ করেছে, যদি দিয়ে দেন মিউনিসিপ্যালিটির অধীনে ফ্রী প্রাইমারী স্কুল থাকবে এবং আন্ডার দি কন্ট্রোল অ্যান্ড ডাইরেকশান অফ দি মিউনিসিপ্যালিটি ফ্রি স্কুল হিসাবে কন্টিনিউ করবে, আমরা যেটা লস অফ ফি ইনকাম সেটা গ্র্যান্ট হিসাবে দিয়ে দেব, তা না হলে আমরা নিশ্চয়ই নূতন বিদ্যালয় স্থাপন করবো, এক্জিসটিং বিদ্যালয়ে অলরেডি ডাবল শিফটে কাজ করবার জন্য ডিরেকশন দিয়েছি, এক্জিস্টিং বিদ্যালয়ে যদি ডাবল শিফট করে না হয় তাহলে নূতন বিদ্যালয় স্থাপন করতে হবে।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই শিক্ষকদের বেতন দান সম্পর্কে ২১টি স্কুলে প্রাথমিক বাধ্যতামূলক বিদ্যালয় চালু হয়েছে এতে কি শিক্ষকদের বেতন সব স্কুলে সমান হয়েছে না কম বেশী হয়েছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ সেটা বলতে পারব না, তবে যখন মিউনিসিপ্যালিটির আন্ডারে তখন ধরে নিতে পারি সমান হয়েছে। নোটিশ দিলে আমি বলতে পারি।

শ্রীঅশ্বিনী রায়ঃ যেখানে এই বিদ্যালয় চালু হয়েছে সেখানে বিনা পয়সায় পাঠ্যপুস্তক দেবার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ না।

Paper for Government published Primary School text books

***380.** (Admitted question No. *2250.) **Shri Monorajan Roy:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state--

(a) since when the Government has started publishing primary school textbooks like Kishalaya, etc.;

(b) if it is a fact that primary school text books like Kishalaya, etc., were printed on paper donated by some foreign Governments who had expressed their desire that such text books would be distributed free of cost to school children;

(c) if so, why the Government has chosen to fix a price on the said publications;

(d) whether the Government has made any profits out of the said primary school textbooks;

(e) if so, what is the amount of profit every year; and

(f) if the answer to (d) be in the negative, what is the extent of loss?

Shri Rabindralal Sinha: (a) Since the year 1949-50.

(b) The foreign Governments who donated the paper desired that the books might be distributed free or sold at a reduced price after taking into consideration the value of the paper received as gift.

(c) Besides the paper received as gift, the State Government has to purchase additional quantities of paper from the local markets for these publications. Other costs on printing, binding, etc., have also to be incurred.

The Government has also a scheme for the distribution of these books free of cost to needy students in areas where primary education has been made free and compulsory. The price of the books is fixed at a reduced level after taking into consideration all the factors.

(d) The books are published, distributed and sold on a "no-profit-no-loss' basis.

(e) and (f) Do not arise.

শ্রীমনোরঞ্জন রায়ঃ আপনি বললেন যে এডিশনাল পেপার লাগে ছাপতে, তাতে বেশী সংখ্যক বই ছাপাবার জন্য না কি যে পেপার আছে তা থেকেই ঐ সংখ্যক বই ছাপান হয়, না কি মলাট-টলাটের জন্য আলাদা কাগজ লাগে।

শ্রীরবীন্দ্রলাল সিন্‌হাঃ গত বছর থেকে পেপার পাচ্ছি, গত বছর যা পেয়েছিলাম এই বছর তা থেকে কম পাচ্ছি, এ বছর আমাদের হাতে এখনও পেপার পেঁছায়নি, যা জেনেছি, অনেক কম পাব, সুতরাং প্রতি বছর যে পাব তারও স্থিরতা নেই। কি ধরনের কাগজ কিনতে হয় তা বলতে পারি না, কাগজ এই বছর আড়াই লক্ষের মত কিনতে হয়েছে জানি।

শ্রীমনোরঞ্জন রায়ঃ আপনি যা বললেন তাতে সামনের বছর থেকে পেপার পাব কিনা ঠিক নাই, এই বছর ইণ্টিমেশন এসেছে যা পাচ্ছেন গত বছর থেকে কম পাচ্ছেন, তাহলে সামনের বছর থেকে পাবেন কিনা এসব বিষয় বিবেচনা করে কম্টিং ঠিক করেন না কি আড়াই লক্ষ টাকার যা কাগজ কিনেছেন এ কাগজ এখনও পৌছায় নি বলে ছাপিয়ে ফেলেছেন, সামনের বছর যাতে সেটা ইউজ করতে পারেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ মোট যা পাব তাতে সম্পূর্ণ হবে না, গত বছর অনেক বেশী দিয়েছিল, এ বছর কমিয়ে দিচ্ছে, একবার দাম কমালে পরে দাম বাড়ান যায় না। আমরা ৩-৪-৫ বছরের পিরিয়ড ধরে গড় ধরে, কস্ট ক্যালকুলেট করি নো প্রফিট নো লস ব্যাসিসে। কাগজ ফ্রি পাবার ফলে আমরা সব বইয়ের দাম গড়ে দশ পয়সা করে কমিয়ে দিয়েছি এবং আর একটা কাজ করেছি, ২৫ পার্সেণ্ট নীডি স্টুডেণ্টদের জন্য যেখানে ফ্রি অ্যাণ্ড কম্পালসরি এডুকেশন চালু আছে, তার জন্য স্কুল বোর্ডের হাতে দিয়েছি।

শ্রীমনোরঞ্জন রায়ঃ কোন্ কোন্ দেশ থেকে ফ্রী কাগজ দেওয়া হয়েছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ নরওয়ে এবং অস্ট্রেলিয়া।

শ্রীরাধাকৃষ্ণ সিংহঃ আপনি কি জানাবেন যে কাগজওয়ালারা বলেছেন যদি আমাদের না দেন তাহলে কি পাঠ্যপুস্তকের দাম বাড়াবেন না কি এইরকম ব্যবস্থা রাখবেন?

মিঃ স্পীকারঃ যদির কথা জিজ্ঞাসা করা যায় না।

Ranaghat Rabindra Bhawan

***381.** (Admitted question No. *2274.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ শিক্ষাবিভগের মন্ত্রিমহশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়ায় রানাঘাট রবীন্দ্রভবন নির্মাণ করিবার জন্য পশ্চিমবঙ্গ-সরকারের পক্ষ হইতে মোট কত টাকা সাহায্য দেওয়া হইয়াছে; এবং

(খ) এই রবীন্দ্রভবন নির্মাণকার্য সমাপ্ত হইয়াছে কি?

[1-10—1-20 p.m.]

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ (ক) নদীয়ার রানাঘাট রবীন্দ্রভবন নির্মাণকল্পে এ পর্যন্ত মোট ৬৪,০০০ টাকা অনুদান প্রদান করা হইয়াছে। ইহার মধ্যে ২৯,৮১৫ টাকা কেন্দ্রীয় সরকার প্রদত্ত।

(খ) রবীন্দ্রভবনের মূল দালানের নির্মাণকার্য শেষ হইয়াছে। বৈদ্যুতিকরণ এবং অন্যান্য অপ্রধান নির্মাণকার্য (মাইনর ওয়ার্কস) চলিতেছে।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ আপনি কি কোন রিপোর্ট পেয়েছেন যে ঐ রবীন্দ্রভবন যেটা তৈরী হয়েছে সেটার মধ্যে ফাটল ধরেছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ সেরকম কোন রিপোর্ট পাই নি।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ বাহিরে থেকে কত চাঁদা উঠেছে সেটা জানেন কি?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ এ্যাকচুয়াল কি উঠেছে নোটিশ না দিলে বলতে পারব না—তবে ও'দের ৪৭ হাজার টাকা সংগ্রহ করার কথা ছিল।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ আপনি বললেন বৈদ্যুতিক পাখা ইত্যাদি কমপ্লিট হচ্ছে। কিন্তু আমি আপনাকে বলছি বাহিরে ও ভিতরে এখনও কোন প্লাস্টারিং হয় নি এবং হল-এ কোন চেয়ার, বেঞ্চ নেই। এ সম্পর্কে কি কোন রিপোর্ট পেয়েছেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: আমি ইতিপূর্বে আপনার প্রশ্নোত্তরে বলেছি মূল দালানের নির্মাণ-কার্য শেষ হয়েছে—মাইনর ওয়ার্ক বাকি আছে।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: প্লাস্টারিংটা মাইনর ওয়ার্ক-এর মধ্যে পড়ল কিনা?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: ইট ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন—অনেকে যাকে বলেন মাইনর সেটা অনেকের কাছে নাও হতে পারে।

শ্রীকাশীকান্ত মৈত্র: কৃষ্ণনগরে রবীন্দ্র ভবনে ব্যালকনি ইত্যাদি এখনও হয়নি এটা কি জানা আছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: জানা নেই।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: রবীন্দ্র ভবনে কি কোন লাইব্রেরী স্থাপন করা হয়েছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: এ প্রশ্ন থেকে বলা মুশকিল, তবে আমি যতদূর জানি সাবডিভি-শনাল লাইব্রেরী এখানে হবার কথা। সুতরাং নোটিশ দিলে বলতে পারব।

শ্রীকাশীকান্ত মৈত্র: রবীন্দ্র ভবন যখন তৈরী হয় তখন আপনি বলেছিলেন এগুলির একটা ম্যানেজিং কমিটি হবে এবং কিভাবে ম্যানেজিং কমিটি হবে তার একটা খসড়াও তৈরী করে-ছিলেন। আমি কৃষ্ণনগর রবীন্দ্র ভবনের কথা বলতে পারি যে, কোন ম্যানেজিং কমিটি তাঁরা করেন নি। আমি জিজ্ঞাসা করছি আপনার আগেকার যে পরিকল্পনা ছিল ম্যানেজিং কমিটি বিভিন্ন শ্রেণীর ক্যাটাগরির লোককে ইলেক্ট করে নিয়ে এসে ম্যানেজিং কমিটি করবেন—কিন্তু এটা কেন এখনও কার্যকরী করেন নি?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: আমি অনুসন্ধান না করে বলতে পারব না। রানাঘাট ম্যানেজিং কমিটির সম্বন্ধে গৌরবাবু প্রশ্ন করেছিলেন এবং এ সম্বন্ধে পুরাপুরি কথা গত সিজন-এ বলা হয়েছিল।

Youth Welfare Council of Darjeeling district

***382.** (Admitted question No. *2287.) **Shri Lakshmi Ranjan Josse:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) details of activities of the Youth Welfare Council of Darjeeling district since 1960;

(b) the quantum of grant allocated to the above Council annually since 1960, mentioning the specific heads; and

(c) how many meetings of the above Council have been held since 1960?

Shri Rabindralal Sinha: (a) (i) The Youth Welfare Council at Darjeeling endeavours to promote the welfare of the youths of the district by encouraging games, sports and other allied activities, through the various clubs and sports associations at Darjeeling;

(ii) The Council distributes the grant received from the Education Directorate to the various Youth Welfare Organisations in the district;

(iii) The Council has directly sponsored two schemes relating to sports in the district.

(b) The following grants were sanctioned by Government to the Council for distribution to the various clubs and associations since 1960:—

1960-61—Rs. 500.
1961-62—Rs. 600.
1962-63—Rs. 1,000.
1963-64—Rs. 1,000.
1964-65—Rs. 900.

The charge was debited to the head "T—Miscellaneous—Youth Welfare Works under Physical Director—Grants-in-aid, Contributions etc." in the 28—Education Budget.

(c) The Council has held some 12 meetings since 1960.

Shri Deo Praksh Rai: Will the Hon'ble Minister kindly state who are the members of the District Youth Welfare Council?

Shri Rabindralal Sinha: This question was asked in this session and I answered it. On that day Mr. Rai was not present.

Shri Deo Prakash Rai: You were not prepared to answer certain question on that day. So I am putting them again. May I know who are the members of the Council?

Shri Rabindralal Sinha: This very session I have answered this question specifically. If the honourable member wants the question to be answered again, let me have notice.

Shri Deo Prakash Rai: We asked about the details of activities of the Youth Welfare Conucil of Darjeeling and the Hon'ble Minister kindly stated that he was not ready for the answer. That is why we have put this question again. May I know in short the names of members of the District Youth Welfare Council?

Shri Rabindralal Sinha: You can very well put the question, but it is very difficult to give answer from memory.

Shri Deo Prakash Rai: In reply to (a)(i) the Minister has stated that the Youth Welfare Council at Darjeeling endeavours to promote the welfare of the youths of the district by encouraging games, sports and other allied activities, through various clubs and sports associations at Darjeeling and in reply to (b) he has stated that Rs. 500 has been given to the Council for 1960-61. May I know from the Hon'ble Minister what were the activities of the Youth Welfare Council of Darjeeling in 1960-61 to justify such a huge expenditure?

Shri Rabindralal Sinha: This grant was given to Youth Welfare Council for distribution among various clubs and sports associations at Darjeeling as I have already stated.

Shri Deo Prakash Rai: My supplementary relates to a particular year. What are the activities of the Council in that particular year, 1960-61 to justify such a huge expenditure of Rs. 500?

Mr. Speaker: I think you cannot ask for such a detail of all the activities.

Shri Deo Prakash Rai: Which were the associations which received allotment out of this Rs. 500?

Shri Rabindralal Sinha: The honourable member will remember that this is altogether a different organisation sponsored by the Government comprising of officials and non-officials. We pay them lump grant for distribution among different clubs and organizatons. They pay it to such organizations and clubs whom they consider to be desirable. It is impossible for me to state here the details as to the actual work of distribution by the organizations. If a specific question is put, then I can bring the report from the Youth Welfare Council.

[1-20—1-30 p.m.]

Shri Deo Prakash Rai: I thought, when the question was admitted, the Hon'ble Minister had collected all the necessary information. Unfortunately, he has not.

Mr. Speaker: You cannot say, 'unfortunately he has not.' Whatever the question is and whatever reasonable supplementaries are there, if he is unable to answer, then you can make such remarks; otherwise by asking some distant question far from the main question, you should not make such a remark.

Shri Deo Prakash Rai: In reply to (c), it has been said, "The Council has held some 12 meetings since 1960". I understand, I also happen to be a member of this District Council, but I have never been invited to any of the so-called 12 meetings. How is it?

Shri Rabindralal Sinha: I am really sory to know it. I will certainly enquire about it.

Complaints against the South Suburban Municipality

***383.** (Admitted question No. *2295.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** (a) Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state if it is a fact that the Government has recently received allegations about the working and the corrupt practices of the South Suburban Municipality?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state what action, if any, has been taken or proposed to be taken in this regard?

Shri Jagannath Kolay: (a) and (b) No such allegations have been received by Government recently. In May, 1964 some Commissioners of the Municipality made certain allegations against the municipal administration. These were duly enquired into and the Chairman of the Municipality was requested to take necessary steps to rectify the defects revealed in the enquiry.

শ্রীমনোরঞ্জন রায়: তাহলে এই এনকোয়ারী কিসের ভিত্তিতে হয়েছিল—সেটা বোঝা গেল না।

শ্রীজগন্নাথ কোলে: আমরা তো কিছু এলিগেশন পাই নি—কিন্তু ইন মে, ১৯৬৪ কতকগুলি কমিশনার্স অফ দি মিউনিসিপ্যালিটি কিছু কিছু এলিগেশন করেছিলেন।

শ্রীমনোরঞ্জন রায়: কি কি ইরেগুলারিটি সেগুলি জানতে পারি কি?

Shri Jagannath Kolay:

অ্যালিগেশন যেগুলি করেছিল তার মধ্যে যেমন

annual budget for 1964-65 not placed within the statutory time limit, illegal drawing of Government subvention.........non-payment of Government dues, non-submission of annual administration report, non-reply to audit report, illegal and irregular payment from municipal fund, non-assessment of big holdings, non-payment of P. F. amounts, illegal appointments, accumulation of cases, non-compliance with the direction of unanimous resolutions of the Commissioners, non-submission of quarterly review, payment and collection register, delay in submission of schemes under the Third Five-Year Plan, complete failure of conservancy, etc.

শ্রীমনোরঞ্জন রায়: মন্ত্রিমহাশয় প্রথমে বলেছিলেন কিছু অ্যালিগেশন পাওয়া যায় নি—এখন বলছেন কিছু কিছু পাওয়া গিয়েছিল।

শ্রীজগন্নাথ কোলেঃ কমিশনাররা অ্যালিগেশন করেছিলেন—আমরা বাইরের থেকে কোন অ্যালিগেশন পাই নি।

শ্রীমনোরঞ্জন রায়ঃ আপনি ওদের বলছেন ইরেগুলারিটিগুলা সংশোধন করে নিতে, কিন্তু সেই ইরেগুলারিটি কি সংশোধন করা যায়? বাজেট সাবমিট করলো না, কোন অ্যাকাউন্ট করলো না, আরও যেসমস্ত দুর্নীতির ব্যাপার আছে সেগুলি সংশোধন কিভাবে করবেন একটু বুঝিয়ে দিন।

শ্রীজগন্নাথ কোলেঃ তাঁদের আমরা চিঠি দিয়েছি এবং রিমাইন্ডারও দিয়েছি যে ইরেগুলারিটিগুলি আছে সেগুলি সংশোধন করতে এবং এগুলি কেন করা হয়েছে সেটা আমাদের জানাতে—কিন্তু আজ পর্যন্ত তাঁদের কাছ থেকে কিছু পাই নি এবং আগামী মে মাসে এ'দের ইলেকশন হচ্ছে, সেজন্য আমরা এ বিষয়ে আর কিছু করি নি, তা না হলে আমাদের সুপারসিড করতে হোত।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মন্ত্রিমহাশয় বললেন যে, ইরেগুলারিটি পাওয়া গেছে..........

শ্রীজগন্নাথ কোলেঃ কমপ্লেন যেগুলি পাওয়া গিয়াছিল তার মধ্যে কোনটা ডিফেক্ট আছে না আছে তার জন্য চিঠি দেওয়া হয়েছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ একটা এনকোয়ারী হয়েছিল কি?

শ্রীজগন্নাথ কোলেঃ হ্যাঁ, এনকোয়ারী হয়ে গেছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি—মিউনিসিপ্যালিটির ব্যাপারে উনি অবশ্য উত্তর দিচ্ছেন, কিন্তু অনেক ব্যাপার আছে এই মিউনিসিপ্যালিটি সম্বন্ধে। এখন এই যে এনকোয়ারী করতে আপনারা পাঠিয়েছিলেন এটা স্পেসিফিক্যালি এই কাগজে যেটা কমপ্লেন্ট পেয়েছিলেন, আপনারা মনে করেছিলেন এরকম একটা এনকোয়ারী হওয়া উচিত সেজন্যই কি এনকোয়ারী করতে পাঠিয়েছিলেন, অথবা যেভাবে মিউনিসিপ্যালিটিতে অডিট হয়, তারপরে অফিসার গিয়ে বিভিন্ন ডিপার্টমেন্ট দেখে এসে রেগুলার ওয়েতে সেইভাবে গিয়ে তাঁরা রিপোর্ট দিয়েছেন?

শ্রীজগন্নাথ কোলেঃ অ্যালিগেশন পাবার পরে আমরা যে অ্যালিগেশনগুলি ছিল সেগুলি এনকোয়ারী করতে পাঠিয়েছিলাম এবং তাদের যা অ্যালিগেশন ছিল, তা ছাড়াও আমরা আরো সব এনকোয়ারী করে যে ডিফেক্টগুলি পেয়েছি সেগুলি সম্বন্ধে লিখেছি যে, এই তোমাদের ডিফেক্ট আছে, তোমরা এগুলি রেকটিফাই করো এবং কেন হয় নি জানাও, কিন্তু এখনও পর্যন্ত মিউনিসিপ্যালিটি থেকে আমাদের জানায় নি, তারপরে আমরা রিমাইন্ডার দিয়েছি, কিন্তু এখনও পর্যন্ত কোন উত্তর পাই নি। আগামী মে মাসে এই মিউনিসিপ্যালিটির ইলেকশন হচ্ছে—যদি তা না হত তাহলে বোধ হয় আমরা সুপারসীড করতাম।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মে মাসে ইলেকশন হোক, আমি সেটা জিজ্ঞাসা করছি না—আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে ডিফেক্টগুলি পেয়েছেন—অ্যালিগেশনগুলি যা শুনলাম যে নেচারে তাতে তো অ্যাকশন ফোর্থ উইথ নেয়া উচিত ছিল যদি বিন্দুমাত্র প্রাইমাফেসি কেস এস্টাবলিসড হয়ে থাকে—আপনারা যাঁদের এগেনস্টে রিপোর্ট হয়েছে তাঁদের সুপারসীড করলেন না কেন? মে মাসে ইলেকশন হবে কিন্তু তার আগেই তো এনকোয়ারী হয়েছে?

শ্রীজগন্নাথ কোলেঃ আপনি জানেন যে, মিউনিসিপ্যালিটির এগেনস্টে যদি কোন অ্যালিগেশন পাওয়া যায় তাহলে তার এনকোয়ারী হয় এবং এনকোয়ারী করে মিউনিসিপ্যাল অথোরিটিকে চান্স দিতে হয় যে তাদের কিছু বলবার আছে কিনা। যদি তারা কিছু না করেন বা কোন অ্যাকশন না নেন বা আমাদের কোন জবাব না দেন, তাহলে আমরা সুপারসীড করতে পারি। এখনও পর্যন্ত তাঁরা কোন জবাব দেন নি রিমাইন্ডার পাঠানো সত্ত্বেও, কিন্তু যেহেতু আগামী মে মাসে ইলেকশন হচ্ছে সেহেতু আমরা সুপারসীড করছি না। ইলেকশন যদি না হত তাহলে আমরা সুপারসীড করতাম।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মন্ত্রিমহাশয় প্রথমে না বললেন, তারপরে সাপ্লিমেন্টারীর উত্তরে অনেক ভাল কথা বললেন...............

শ্রীজগন্নাথ কোলেঃ বীরেনবাবু কোশ্চেনটা বোধ হয় ভাল করে দেখেন নি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ আমি ভাল করেই দেখেছি—এখানে আছে received allegations about the working and the corrupt practices of the South Suburban Municipality এতে বাইরের লোক মিউনিসিপ্যালিটির কমিশনার নন ইংরাজী আমি কতদূর বুঝি—ইংরাজীটা আপনি ভাল করে বুঝবেন। চিন্তার কথা হচ্ছে এই অ্যালিগেশনগুলি কিছু কিছু কারেক্ট হওয়া সত্ত্বেও আপনারা কোন স্টেপ নিলেন না, যে মাসে ইলেকশন হবে বলে। এখন এটা কি একমাত্র কারণ নয় স্টেপ না নেবার যে, এই মিউনিসিপ্যালিটি কংগ্রেস কন্ট্রোলড্?

শ্রীজগন্নাথ কোলেঃ এটা কংগ্রেস কন্ট্রোলড কিনা আমি ঠিক জানি না। বীরেনবাবু মিউনিসিপ্যালিটি সম্বন্ধে কিছুই জানেন না বলে এসব কথা বলছেন।

শ্রী[illegible] রায়ঃ আপনার চেয়েও ভাল জানি।

শ্রীজগন্নাথ কোলেঃ তাহলে এরকম কথা বলতেন না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মন্ত্রিমহোদয় বললেন যে, এগুলি এনকোয়ারীর পর মিউনিসিপ্যাল অথোরিটিকে গভর্নমেন্টের তরফ থেকে চিঠি দেয়া হয়েছে এবং চিঠির কোন জবাব না পাওয়ায় তাদের রিমাইন্ডার দেয়া হয়েছে—আপনারা প্রথম চিঠিটা কবে দিয়েছিলেন এবং কটা রিমাইন্ডার কবে কবে দিয়েছেন সেটা দয়া করে জানাবেন কি?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি অফ হ্যান্ড তারিখগুলি বলতে পারছি না।

শ্রীগৌরচন্দ্র কুন্ডুঃ কোন সালে অ্যালিগেশন এসেছে এবং কোন মাসের মধ্যে এনকোয়ারী কমপ্লিট হয়েছে?

শ্রীজগন্নাথ কোলেঃ ঐ যে বললাম ১৯৬৪ সালে।

Award of Scholarships on the result of Primary School Scholarship Examination, 1963

***384.** (Admitted question No. *2341.)

শ্রীবিজয়কুমার রায়ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ ইংরেজী সনের প্রাইমারী বৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের বৃত্তি দেওয়া হইয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কোন্ জেলায় কত ছাত্রছাত্রী বৃত্তি পাইয়াছে এবং তাহা কবে হইতে দেওয়া হইতেছে; এবং

(গ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে না দেওয়ার কারণ কি?

[1-30—1-40 p.m.]

Shri Rabindralal Sinha:

(ক) হ্যাঁ।

(খ) বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা নির্দেশ করিয়া জেলাওয়ারী বিবরণী লাইব্রেরী টেবিলে স্থাপিত হইল। ১৯৬৪ খ্রীস্টাব্দের ১লা জানুয়ারী হইতে এই বৃত্তি দেওয়া হইতেছে।

(গ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (kha) of starred question No. 384

১৯৬৩ সালের প্রাথমিক শেষ পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা।

ক্রমিক সংখ্যা	জেলা	বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা		
		ছাত্র	ছাত্রী	মোট
১।	জলপাইগুড়ি	৪	৪	৮
২।	মুর্শিদাবাদ	৮	৭	১৫
৩।	বীরভূম	১০	১১	২১
৪।	দার্জিলিং	৪	২	৬
৫।	বর্ধমান	১৬	১৫	৩১
৬।	পশ্চিম দিনাজপুর	৬	৪	১০
৭।	পুরুলিয়া	৫	১	৬
৮।	কুচবিহার	১৯	৭	২৬
৯।	কলিকাতা	৭	৪	১১
১০।	হুগলী	১৩	১৩	২৬
১১।	মেদিনীপুর	২৫	৩০	৫৫
১২।	হাওড়া	১২	১৩	২৫
১৩।	চব্বিশপরগনা	৪৫	৩০	৭৫
১৪।	নদীয়া	৭	৪	১১
১৫।	মালদহ	৫	৩	৮
১৬।	বাঁকুড়া	১০	১১	২১
		১৯৬	১৫৯	৩৫৫

শ্রীবিজয়কুমার রায়ঃ জেলা ভিত্তিক ছাত্রছাত্রীদের বৃত্তি দেওয়ার নিয়মটা মন্ত্রিমহাশয় বলবেন কি?

শ্রী[illegible] সিংহঃ সাধারণতঃ যে জেলায় যত প্রাথমিক বিদ্যালয় আছে সেই ভিত্তিতে এটা নির্ধারণ করা হয়েছে। তবে এটা নির্ধারিত হয়েছে ১৯৬৫ সালে, এখন এটাকে আমরা রিভাইজ করবার ব্যবস্থা করছি।

শ্রীবিজয়কুমার রায়ঃ জেলা ভিত্তিক কোন বরাদ্দ আছে কিনা যে কি পরিমাণ দেওয়া হবে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ আমার স্টেটমেন্টে সেটা পাবেন।

শ্রীদমন কুইরিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন প্রতি ছাত্রছাত্রীকে কত টাকা দেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ সেটা আমি বলতে পারব না।

শ্রীকমলকান্তি গুহঃ প্রাথমিক স্কুলের ছাত্রদের বরাদ্দ কত?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ ৩ টাকা।

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ৩ টাকা যে বরাদ্দ বহুকাল ধরে দিয়ে আসছেন সেটা বাড়াবার কথা চিন্তা করছেন কি?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ বর্তমানে কিছু নেই।

Stadium in Calcutta

***385.** (Admitted question No. *2352.)

শ্রীঅশ্বিনী রায়ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভারত-সরকারের দেশরক্ষা দপ্তর কলিকাতায় স্টেডিয়াম নির্মাণের জন্য জমি দিতে রাজি হইয়াছেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত প্রস্তাবিত জমির পরিমাণ কত এবং উহা কোথায় অবস্থিত, এবং

(২) ঐ জমি কি মূল্যে বা শর্তে পাওয়া যাইবে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) ২২·২৭২ একর এবং ইহা কলিকাতা ময়দানের এলেনবরো কোর্সে অবস্থিত।

(খ) (২) নামমাত্র খাজনায় দীর্ঘমেয়াদী ইজারায় পাওয়া যাইবে।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে নামমাত্র খাজনা, এটার রেট ঠিক হয়েছে কিনা?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ নমিন্যাল রেন্ট বছরে ১ টাকা। তবে আমাদের যে টার্ম ও'দের সঙ্গে হয়েছে সেটা আপনাদের অবগতির জন্য বলে দিতে পারি, সেটা হচ্ছে বছরে নমিন্যাল রেন্ট এক টাকা করে ৩০ বছর যাবত
in the first instance lease with two options of renewals for thirty years each
হবে। তার মানে ৯০ বছর চলে যাচ্ছে। তা ছাড়া
West Bengal Government will recommend to the bodies set up for running the Stadium a suitable annual grant to be made to the Ministry of Defence for the purpose of troops welfare.
এ হচ্ছে পয়সাকড়ির ব্যাপার। স্টেডিয়ামকে মিলিটারী ফাংশনের জন্য বছরে দুবার দিতে হবে এবং যখন খালি থাকবে তখন মিলিটারী ইউজ করতে পারবে।

শ্রীঅশ্বিনী রায়ঃ এটার নির্মাণকার্যের জন্য কত টাকা খরচ হবে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ এখন কিছু বলতে পারব না।

শ্রীসুনীল দাসগুপ্তঃ এবারে কি স্টেডিয়াম কলকাতায় হবে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ সেই চেষ্টাই তো করছি।

শ্রীসুনীল দাসগুপ্তঃ মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের বললেন যে, দেশরক্ষা দপ্তর জমি দিতে রাজী হয়েছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, এরপরে ওয়াগনের অভাবে স্টেডিয়াম কনস্ট্রাকশনের কাজ ঠেকে থাকবে না তো?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ হাইপথোটিক্যাল কোয়েশ্চেনের জবাব হয় না।

শ্রীবিজেশচন্দ্র সেনঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে স্টেডিয়ামটা হচ্ছে এটা কি কম্পোজিট স্টেডিয়াম হবে, না এটা শুধু ফুটবলের জন্য হবে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ যতদূর মনে হয় এখন পর্যন্ত এটাকে বিশেষজ্ঞদের দিয়ে আরো ভাল করে এগজামিন করাতে হবে, আমরা কিভাবে কি করতে পারি। তবে ফুটবল স্টেডিয়াম হবে, তার মধ্যে অ্যাথেলিটিকস যাতে যোগ করা যায় সেটাও বিবেচনা করা হবে, যদি সেটা টেকনিক্যালি ফিজিবল হয়, তাহলে তার মধ্যে সেটা করা যেতে পারে। তবে ক্রিকেট এখানে হবে না।

শ্রীবিজেশচন্দ্র সেন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ফুটবল ও হকি ছাড়া অলিম্পিকে যেমন আছে সেরকম কোন স্টেডিয়ামের পরিকল্পনা আছে কিনা?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: বর্তমানে এ ছাড়া আর কোন পরিকল্পনা নাই।

শ্রীকমলকান্তি গুহ: ক্রিকেট হবে না, এটা কি বিশেষজ্ঞদের মত?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: আমরা অনেক বিশেষজ্ঞের মত নিয়েছি, তাঁরা মনে করেন ক্রিকেট এর সংগে হওয়া উচিত নয়। তার জন্য ক্রিকেট এখানে করা হবে না বলে মনে করছি।

শ্রীসুনীল দাসগুপ্ত: ডাঃ রায় যখন জীবিত ছিলেন, তিনি একজন ইটালীয়ান বিশেষজ্ঞের মত এই স্টেডিয়াম করার ব্যাপারে নিয়েছিলেন এবং একটা মডেল নক্সা পশ্চিমবংগের জনসাধারণকে দেখিয়েছিলেন। সেই নক্সা ও প্ল্যান আজকে কি অবস্থায় আছে—বলবেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: নক্সা এবং প্ল্যান আছে, সেটা ফের নূতন করে এক্সামিন করতে হবে। কারণ নূতন পরিস্থিতিতে জমি যা পাচ্ছি সেকেন্ড ক্যালকাটা রিভার ক্রসিং-এর পাশ দিয়ে তার পরিপ্রেক্ষিতে প্ল্যানটা বিবেচনা করা হবে পুনর্বার।

Shri Bijesh Chandra Sen:

মন্ত্রিমহাশয় জানাবেন কি—এই যে উনি বললেন ক্রিকেট এখানে হবে না, তাহলে সি এ বি-র ইডেন গার্ডেনে যে টেম্পোরারী স্টেডিয়াম রয়েছে, তাঁরা সরকারের কাছে তাদের খরচে স্টেডিয়াম করবার জন্য অনেকবার বলেছেন। এ সম্বন্ধে সরকার বিবেচনা করবেন কিনা? কারণ আগামী ডিসেম্বর মাসে ওয়েস্ট ইন্ডিজের খেলা হবে, লোকে টিকিট পাচ্ছে না। যাঁরা নিজেদের খরচে স্টেডিয়াম করতে যান, তাঁদের গভর্নমেন্ট পারমিসান দেবেন কিনা?

Shri Rabindralal Sinha:

ইডেন গার্ডেনের মধ্যের ব্যাপারটা সরকারের বিবেচনাধীন আছে।

Pay-scales of B.Com., B.T. Teachers

***386.** (Admitted question No. *2382.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ-সরকারের 'এড'-প্রাপ্ত স্কুলগুলির বি-কম, বি টি, শিক্ষাপ্রাপ্ত শিক্ষকগণ বর্তমানে ঐরূপ শিক্ষাপ্রাপ্ত গভর্নমেন্ট স্কুলের শিক্ষকগণের অপেক্ষা বেশি মাহিনা পান; এবং

(খ) সত্য হইলে, গভর্নমেন্ট স্কুলগুলির শিক্ষকদের কম মাহিনা পাওয়ার কারণ কি?

Shri Rabindralal Sinha:

(ক) হ্যাঁ।

(খ) এ যাবৎ বি কম পাশ সরকারী স্কুলের শিক্ষকদিগকে অনার্সের বেতন দেওয়া হয় নাই। পে কমিটির সুপারিশ মত তাঁহাদের বেতন নির্ধারিত হইয়াছে। বে-সরকারী 'এড' প্রাপ্ত স্কুলের বি কম পাশ শিক্ষকদিগকে যে হারে বেতন দেওয়া হইতেছে তাহার পরিপ্রেক্ষিতে সরকারী বিদ্যালয়ের অনুরূপ যোগ্যতাসম্পন্ন শিক্ষকদিগকে বর্ধিত হারে বেতন দিবার বিষয়টি বর্তমানে বিবেচনাধীন।

Shri Birendra Narayan Ray:

বর্তমানে এডেড স্কুল ও গভর্নমেন্ট স্কুলের বি কম এবং বি টি পাশ শিক্ষকদের গ্রেড কত?

Shri Rabindralal Sinha:

এডেড স্কুলে বি টি পাশ শিক্ষকদের অনার্স গ্র্যাজুয়েটদের বেতনক্রম দেওয়া হয় এবং সেটা হচ্ছে ২১০—৪৫০। আর সরকারী বিদ্যালয়ে সাধারণ গ্র্যাজুয়েট যে বেতনক্রম পান, তা হচ্ছে ১৭৫ থেকে ৩২৫ টাকা।

Shri Birendra Narayan Ray:

এতদিন পরে বলছেন যে বিষয়টা বিবেচনাধীন আছে, কিন্তু গভর্নমেন্টের যেখানে আইডিয়াল এমপ্লয়ার হওয়া উচিত, ১৮ বছর স্বাধীনতার পরে আপনারা দিচ্ছেন এইডেড স্কুলে ২১০ টাকা থেকে ৪৫০ টাকা এবং ১৭৫ টাকা থেকে ৩২৫ টাকা। এর কারণ কি?

Shri Rabindralal Sinha:

প্রথম এডেড স্কুলের বি টি, বি কম পাশ শিক্ষকদের মধ্যে ডিফারেন্স করা হয়েছিল। সেই অনুসারে তাদের বেতনক্রমও ধরা হয়েছিল। তারপরে এটা হয়েছে। আর কোন পরিবর্তন হয় নাই।

Supply of Peacock Reader Primer to the District Inspector of Schools, Darjeeling

***387.** (Admitted question No. *2421.) **Shri Bhadra Bahadur Hamal:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether District Inspector of Schools of Darjeeling has been supplied by the Government the following book for primary schools during the current academic session:

Peacock Reader Primer for Class III; and

(b) if so, the date and the total number of copies supplied?

Shri Rabindralal Sinha: (a) Yes.

(b) 2,000 copies of Peacock Reader Primer were supplied on 8th March, 1965. Besides the District Inspector of Schools had 2,250 copies in his stock from last year's supply.

Shri Monoranjan Roy:

এখানে ভদ্রবাহাদুর হামাল এই অ্যাসেম্বলীতে বলার পূর্ব থেকে ফেব্রুয়ারী মাসের পর থেকে বার বার করে চীৎকার করেছেন। এডুকেশন মিনিস্টার বলেছেন—ঐ পিকক রিডার পাওয়া যাচ্ছে না। দু হাজারের বেশী কপি যখন আগের বছরে স্টক জমেছিল, তখন সেগুলি কোথায় গেল এবং জানুয়ারী মাসে কেন তা পাঠালেন না? মার্চ মাসের ৮ তারিখ থেকে পাঠান হচ্ছে কেন? তিন মাসের পড়া শেষ হয়ে গেল। আবার তার উপর পনের দিন তো সব বন্ধ করে রাখলেন। বর্তমানে আপনারা কি এইভাবে পড়াশোনা করাবেন? যতটা আপনারা ছাপিয়েছেন, কেন সেটা মার্চ মাসে পাঠাচ্ছেন?

[1-40—1-50 p.m.]

শ্রীরবীন্দ্রলাল সিংহ: প্রথম কথা হচ্ছে ডিসেম্বর-এর শেষে জেলা ইন্সপেক্টর অফ স্কুলস সমস্ত বই যখন নিয়ে যান তখন তিনি বলেন পিকক রিডার তাঁর কাছে ২ হাজার কপি আছে কাজেই এখন আর দরকার নেই। আর দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় সদস্যেরা জানেন উইন্টার ভ্যাকেশন-এ ওখানে জানুয়ারী, ফেব্রুয়ারী বন্ধ থাকে এবং ১লা মার্চ থেকে স্কুল আরম্ভ হয়।

শ্রীমনোরঞ্জন রায়: আপনি বললেন প্রথমে ডিসেম্বর মাসে যখন ইন্সপেক্টর অফ স্কুলস এসে বই নিয়ে গেলেন তখন তাঁর কাছে স্টক ছিল। কিন্তু মিঃ হামাল বারে বারে বলছেন কোন বই পাওয়া যাচ্ছে না এবং তিনি ফেব্রুয়ারী মাসে বলেছেন, মার্চ মাসেও বলেছেন। কাজেই আমি জানতে চাই কবে পাঠিয়েছেন এবং ছেলেরা কবে পেয়েছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: ৮ তারিখে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুলস নিয়ে গেছেন—অর্থাৎ ঐ তারিখেই পাঠান হয়েছে। ২ হাজার কপি যা ছিল সেটা আগেই ডিস্ট্রিবিউটেড হয়েছে এবং তারপর ১লা মার্চ যখন হিল স্কুল খোলা হয়েছে তখন ডিমান্ড বেশী হয়েছে বলে তিনি নিয়ে গেছেন।

শ্রীমনোরঞ্জন রায়ঃ দার্জিলিং-এ স্কুল খুললে বই দিতে হবে এবং সেক্ষেত্রে ২ হাজার বই যে সাফিসিয়েন্ট নয় এটা কি স্কুল ইন্সপেক্টর জানতেন না? তাঁর গাফিলতির জন্য দেখছি পড়ার ক্ষতি হোল। যাহোক, এখন প্রশ্ন হোল কোন্ তারিখে বই গিয়ে পৌঁছেছে সেটা জানাতে পারবেন কি?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ ২,২৫০ কপি যেটা ছিল সেটা ছাত্ররা আগেই পেয়েছে, যদি নিয়ে থাকে এবং ২ হাজার কপি নিয়েছেন ৮-৩-৬৫ তারিখে। আর পড়াশুনা সম্বন্ধে আমি আগেই বলেছি সেখানে ১লা মার্চ স্কুল খুলেছে।

শ্রীসনৎকুমার রাহাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, দার্জিলিং-এ পিকক রিডার যেটা মার্চ মাসে আপনারা পাঠিয়েছেন সেটা কি স্থানীয় এলাকা থেকে অভিযোগ পাবার পর ইন্সপেক্টর আপনাদের বলেছেন যে ছেলেরা বই পাচ্ছে না এবং তারপর আপনারা পাঠিয়েছেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ এটা বলা মুস্কিল। মেন অন দি স্পট দেখেছেন বইর দরকার আছে এবং সেইজন্য তিনি এসে নিয়ে গেছেন।

শ্রীসনৎকুমার রাহাঃ পিকক রিডার-এর ছাত্রসংখ্যা কত জানাবেন কি?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ আগের বছরের বই পরের বছর চলে এবং অনেক ছেলে আছে যারা বই না কিনে দাদা-ভাই-র বই পড়ে। প্রত্যেক জেলায় ইন্সপেক্টর অফ স্কুলস একটা অ্যাসেসমেন্ট করে ইন্ডেন্ট পাঠায় যে কত বই লাগবে এবং আমরা সেই অনুসারে ব্যবস্থা করি।

Sales Tax returns of the book-sellers

***388.** (Admitted question No. *2251.)

শ্রীমনোরঞ্জন রায়ঃ অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বইয়ের উপর বিক্রয় কর (সেলস্ ট্যাক্স) উঠিয়া যাওয়া সত্ত্বেও প্রতি বছর পুস্তক বিক্রেতাদের সেলস্ ট্যাক্স অফিসে নিল রিটার্ন পাঠাইতে হয়, এবং খাতাপত্র দেখাইবার জন্য সেলস্ ট্যাক্স অফিসারের নির্দেশে হাজির হইতে হয়; এবং

(খ) সত্য হইয়া থাকিলে, বইয়ের উপর সেলস্ ট্যাক্স উঠিয়া যাওয়া সত্ত্বেও পুস্তক বিক্রেতা ও প্রকাশকদের এই নিল রিটার্ন দেওয়া এবং খাতাপত্র লইয়া হাজির হইতে রেহাই দেওয়া হইতেছে না কেন?

Shri Saila Kumar Mukherjee:

(ক) সত্য।

(খ) নিবন্ধনভুক্ত (রেজিস্টার্ড) ব্যবসায়ীগণকে আইনানুগ 'রিটার্ন' দাখিল বা কর নিরূপণ-কার্যাংগ (অ্যাসেসমেন্ট প্রসিডিংস) হইতে রেহাই দিবার কোন বিধান বঙ্গীয় অর্থ (বিক্রয় কর) আইনে (১৯৪১) নাই।

শ্রীমনোরঞ্জন রায়ঃ অর্থমন্ত্রিমহাশয় বলবেন কি, যাদের আপনারা রেহাই দিয়েছেন তাদের এই রিটার্ন সাবমিট করবার প্রয়োজনীয়তা কি? আর একটি প্রশ্ন হচ্ছে এই আইন কেন করেছেন এবং এটা সংশোধন করবার ব্যবস্থা আছে কিনা?

শ্রীশৈলকুমার মুখার্জীঃ এই প্রশ্ন ঠিকই করেছেন এবং সেইজন্য আমি কৃতজ্ঞ। এ বিষয়ে আইনে বাধা আছে। সেকশন ৭(৬) এবং সেকশন ৪(৩) যেখানে ডি-রেজিস্ট্রেশন করা হয় সেখানে কতগুলি বাধা আছে। একটা বই বার করলেই ট্যাক্স লাগবে না। ডি-রেজিস্ট্রেশন আইনটা বদলান হয় নি। সেলস ট্যাক্স অথরিটিস প্রোপোজড অ্যামেন্ডমেন্ট দিয়েছেন যে, কমারসিয়াল ট্যাক্স অফিসারকে এরকম ক্ষেত্রে ডি-রেজিস্ট্রেশন করবার ক্ষমতা দেওয়া হোক।' যত·

দিন না ডি-রেজিস্ট্রেশন হচ্ছে আইনের আওতায়, তাদের বাৎসরিক রিটার্ন দাখিল করতে হবে। আমরা অ্যামেন্ডমেন্ট করে ডি-রেজিস্ট্রেশন করবার ক্ষমতা কমার্সিয়াল ট্যাক্স অফিসারের হাতে দেব।

শ্রীমনোরঞ্জন রায়ঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সেসন-এর মধ্যে অ্যামেন্ড করার কথা ভাবছেন কিনা?

শ্রীশৈলকুমার মুখার্জীঃ সেসন থাকতে থাকতে হবে না।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ অর্ডিন্যান্স করবেন কি?

শ্রীশৈলকুমার মুখার্জিঃ সেসন থাকতে থাকতে অর্ডিন্যান্স হবে না। প্রোপোজাল ল ডিপার্টমেন্ট-এ গেছে এবং মুভ হ্যাজ বিন টেকেন বাই দি ডিপার্টমেন্ট। সুবিধা হচ্ছে আইনে ক্ষমতা ছিল না এবং সেইজন্য পরিবর্তন করবার স্টেপ নেওয়া হচ্ছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Misuse of wheat in some flour mills in Calcutta

853. (Admitted question No. 14.)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রীসুব্রহ্মণ্যম গত ৭ই ডিসেম্বর (১৯৬৪) পার্লামেন্টে (রাজ্যসভায়) কলিকাতায় কয়েকটা ময়দাকলে আমদানি করা গমের অপব্যবহার সম্বন্ধে কোন বিবৃতি দিয়েছেন;

(খ) সত্য হইলে—

(১) সে বিষয়ের প্রতি রাজ্যসরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে কিনা;

(২) কি কি ধরনের এই অপব্যবহারের কথা তিনি বলেছেন;

(গ) এই গমের পরিমাণ কত; এবং

(ঘ) এইসব ময়দাকলের নাম ঠিকানা ও মালিকের নাম?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী এ বিষয়ে যে বিবৃতি দিয়েছিলেন এবং স্থানীয় খবরের কাগজ মাধ্যমে যাহা প্রকাশিত হইয়াছিল তাহার পূর্ব হইতেই রাজ্যসরকার সংশ্লিষ্ট মিল মালিকগণের গতিবিধির উপর সতর্ক দৃষ্টি রাখিতেছিলেন। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী ইহাও উল্লেখ করেন যে পশ্চিমবঙ্গ সরকার মিল মালিকদের বিরুদ্ধে যথাবিধি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

(২) কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর উক্ত বিবৃতিতে আমদানীকৃত গমের অপব্যবহার ভিন্ন অপর কোন অপরাধের উল্লেখ রাজ্যসরকারের গোচরে আসে নাই। উক্ত সব মিলমালিকগণ সরকার কর্তৃক বরাদ্দকৃত গম হইতে উৎপন্ন ময়দা নির্দিষ্ট মূল্যে বিক্রয় না করিয়া অতি মুনাফা লাভে অসাধু উপায়ে উহা বিক্রয় করিতেছিল।

(গ) গমের পরিমাণ দেওয়া সম্ভবপর নহে।

(ঘ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (gha) of unstarred question No. 853

বিবরণী

মিলের নাম ও ঠিকানা	অংশীদার বা মালিকের নাম	
১। নিউ ইণ্ডিয়া ফ্লাওয়ার মিল, ৪১ সিমলা রোড়।	১। পিয়ারসি লাল সা ..	অংশীদার।
২। মহাবীর ফ্লাওয়ার মিল, ১০২ রাজা দীনেন্দ্র ষ্ট্রীট।	২। তুলসী প্রসাদ সা ..	
	৩। ফুল চাঁদ সা	
	৪। সীতারাম সা	
	৫। সত্যনারায়ণ সা ..	
	৬। নন্দলাল সা	
৩। ওয়েষ্টবেঙ্গল ফ্লাওয়ার মিলস, ১০৫।১ উল্টা-ডাঙ্গা মেইন রোড ও ৮ লায়ন্স রেঞ্জ।	৭। বালমুকুন্দ বাজোরিয়া ..	অংশীদার।
	৮। বালকিষেণ বাজোরিয়া ..	
৪। কল্কা ফ্লাওয়ার মিলস, ৮ লায়ন্স রেঞ্জ ও ৬।১।৩ কুইন্স পার্ক।		
৫। শ্রীগঙ্গা ফ্লাওয়ার মিলস, ১২ ও ১৫ গ্রাণ্ড কোরশোর রোড়, রামকৃষ্ণপুর হাওড়া।	৯। কিষণ কুমার ভাইটার ..	অংশীদার।
৬। শ্রীলক্ষ্মী ফ্লাওয়ার মিলস ২৪৩ আপার চিৎপুর রোড (রবীন্দ্র সরণী)।	১০। পরমানন্দ চুড়িওয়ালা ..	অংশীদার।
৭। ইম্পিরিয়াল রোলার ফ্লাওয়ার মিলস, ২৪৩এ মানিকতলা মেন রোড।	১১। হরিশচন্দ্র কেজরীওয়াল ..	অংশীদার।
	১২। লক্ষীচাঁদ সোয়াইক ..	

উপরোক্ত সকল ব্যক্তিকেই ভারতরক্ষা বিধি বলে আটক করা হইয়াছে।

Election to the Nabagram Junior High School

854. (Admitted question No. 387.)

[illegible] **রায়ঃ** গত ১৯৬৪ সালের ১৩ই ফেব্রুয়ারি তারিখের তারকাহীন ২৬নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ৩৭) প্রশ্নোত্তরের উল্লেখ করিয়া শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত নবগ্রাম জুনিয়ার হাইস্কুলের নির্বাচন হইয়াছে কি না;

(২) নির্বাচন হইয়া থাকিলে কোন্ তারিখে হইয়াছে; এবং

(৩) উক্ত স্কুলের বর্তমান কার্যনির্বাহক সমিতির নাম ও পরিচয় কি?

The Minister for Education:

(১) না।

(২) প্রশ্ন উঠে না।

(৩) (ক) নবগ্রাম আঞ্চলিক আধিকারিক—সভাপতি।

(খ) শ্রীনলিকম । মণ্ডল—সম্পাদক।

(গ) প্রাক্তন নবগ্রাম ইউনিয়ন বোর্ডের সভাপতি—সদস্য।

(ঘ) শ্রীদুর্গাপদ সিংহ—সদস্য।

(ঙ) স্কুলের প্রধান শিক্ষক—সদস্য।

Old age pension

855. (Admitted question No. 650.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দুই বৎসরে কোন বৎসর জেলাওয়ারী কয়জন বৃদ্ধকে এবং কত টাকা করিয়া পেনসন দেওয়া হইয়াছে;

(খ) উক্ত সময়ে কয়জন বৃদ্ধ মারা গিয়াছেন; এবং

(গ) বর্তমান বৎসরে কতজন বৃদ্ধ আবেদন করিয়াছেন এবং বর্তমান সময় পর্যন্ত কয়জনের কেস মঞ্জুর হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) জেলার নাম	১৯৬৩-৬৪		১৯৬৪-৬৫	
	১৫ টাকা হারে	১২ টাকা হারে	১৫ টাকা হারে	১২ টাকা হারে
১। কলিকাতা	..	..	৭৪	..
২। ২৪-পরগনা	৮	১১	৪	৫
৩। বর্ধমান	১	১	৮	১১
৪। মেদিনীপুর	..	৩	..	১
৫। হাওড়া	..	..	৬	১
৬। হুগলী	১	১	৯	৩
৭। মুর্শিদাবাদ	..	..	..	১৯
৮। জলপাইগুড়ি	..	..	৩	২
৯। পশ্চিম দিনাজপুর	১	৩	..	..
১০। বাঁকুড়া	..	..	..	১
১১। বীরভূম	..	..	..	১
১২। মালদহ	..	..	..	..
১৩। কুচবিহার	..	..	..	..
১৪। পুরুলিয়া	..	..	..	..
১৫। দার্জিলিং	..	..	..	..
১৬। নদীয়া	..	১	৮	৪
	১১	২১	১১২	৪৮

(খ) ১২ জন ভাতা পাইবার পর মারা গিয়াছেন।

(গ) ৭৪৪ জন, ৫-৩-৬৫ পর্যন্ত ১৯১ জন আবেদনকারীকে ভাতা মঞ্জুর করা হইয়াছে।

Berhampore Commerce College

856. (Admitted question No. 1297.)

শ্রী[illegible] রাহা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর কমার্স কলেজের ছাত্র বর্তমানে কত;

(খ) এই কলেজটির জন্য সরকার অদ্যাবধি কত সাহায্য করিয়াছেন: এবং

(গ) এই কলেজের জন্য আর্থিক সাহায্য চাহিয়া কোন স্মারকলিপি সরকার সম্প্রতি পাইয়াছেন কি না?

The Minister for Education:

(ক) ৪২৪ জন ছাত্র।

(খ) কোনরূপ অনুদান মঞ্জুর করা হয় নাই।

(গ) এই কলেজ কেন্দ্রীয় সরকারের ইভনিং কলেজ স্কীম অনুযায়ী সাহায্যের জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মারফত আবেদন করিয়াছেন। ইহা বিবেচনাধীন আছে।

Girls' Schools at Jhilimili, Bankura

857. (Admitted question No. 1400.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সদর মহকুমার অধীন রানীবাঁধ থানার অন্তর্গত ঝিলিমিলি গ্রামে কোন বালিকা বিদ্যালয় সংস্থাপিত হইয়াছে কি;

(খ) যদি সংস্থাপিত হইয়া থাকে তবে কখন কোন্ সালে; এবং

(গ) এ পর্যন্ত উক্ত স্কুলে সরকার কি কি বাবত কত টাকা সাহায্য দিয়াছেন?

The Minister for Education:

(ক) ও (খ) ১৯৬০ সালের মার্চ মাসে কল্যাণ নিকেতন নামক সংস্থার পরিচালনাধীনে উক্ত গ্রামে বালিকাদের জন্য একটি উচ্চ বুনিয়াদী বিদ্যালয় স্থাপিত হইয়াছে।

(গ)

	মঞ্জুরীকৃত সাহায্যের পরিমাণ টাকা	এ বাবত প্রদত্ত অর্থ টাকা
(১) গৃহাদি নির্মাণ বাবত	৩০,৯১০	২৭,৬৫০
(২) আসবাবপত্র ও সাজসরঞ্জাম ক্রয় বাবত	৮,৭৫০	২,০০০
(৩) পরিচালন ব্যয় বাবত—		
১৯৬১-৬২		২,৩৭৫
১৯৬২-৬৩		৪,৭৫০
১৯৬৩-৬৪		৩,১০০
১৯৬৪-৬৫		৬,৮৭০

Import of Groundnut Seed and Groundnut Oil in West Bengal

858. (Admitted question No. 1405.)

শ্রীঅশ্বিনী রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে বাদাম ও বাদামজাত তৈল আমদানির কোনও তথ্য আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬২, ১৯৬৩ ও ১৯৬৪ সালের প্রতি বৎসর আমদানীকৃত বাদাম ও বাদামজাত তৈলের পরিমাণ কত; এবং

(২) উক্ত বৎসরগুলিতে বাদাম তৈল কি দরে বিক্রীত হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) আছে।

(খ) এতৎসহ দুইটি বিবরণীতে উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 858

বিবরণী—১

Statement showing import of Groundnut seed and Groundnut oil into West Bengal from other States during 1961-62 to 1963-64 in thousand metric tonne.

Year			Groundnut seed	Groundnut oil
1961-62	..	..	19·8	52·1
1962-63	..	..	20·9	62·5
1963-64	..	..	19·9	52·3

Sources: Director General of Commercial Intelligence and Statistics, Calcutta.

বিবরণী—২

Statement showing the average annual price of groundnut oil at Calcutta during 1962, 1963 and 1964.

			1962 Quintal	1963 Quintal	1964 Quintal
January ..	..	..	202·50	172·25	197·80
February ..	..	..	207·25	179·00	204·25
March ..	..	..	203·00	172·20	211·50
April ..	..	..	199·50	175·75	214·50
May ..	..	..	199·25	189·60	220·60
June ..	..	..	196·20	198·75	246·25
July ..	..	..	199·25	198·25	266·80
August ..	..	..	205·40	210·20	270·00
September	..	..	203·25	210·25	286·50
October ..	..	..	199·75	205·00	304·00
November..	..	..	199·80	195·00	276·25
December	..	..	177·50	185·75	277·00
Total	..	..	2,392·65	2,293·00	2,975·45
Average price per quintal ..		..	199·39	191·08	247·91

Orderlies

350. (Admitted question No. 1518.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্য: অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলা সরকারের "আরদালির" সংখ্যা কত জন;

(খ) মন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রীদের কয়জন করিয়া "আরদালি" আছে;

(গ) কোন্ কোন্ সরকারী কর্মচারী "আরদালি" পাইতে পারেন এবং কয় জন পাইতে পারেন;

(ঘ) আরদালিদের বেতন, ভাতা প্রভৃতি সর্বসাকুল্যে মাসিক কত টাকা দেওয়া হয়;

(ঙ) ইহাদের চাকরী স্থায়ী কি না এবং অন্যান্য সরকারী কর্মচারীদের ন্যায় সুযোগ-সুবিধা অবসর পর পেনসন পায় কি না; এবং

(চ) কতজন 'আরদালি' কত বৎসর 'অস্থায়ী' হিসাবে কাজ করিতেছেন এবং তাঁদের স্থায়ী না করার কারণ কি?

The Minister for Finance:

(ক) ১৮-৩-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে পশ্চিমবঙ্গ সরকারে ৬,১৫৮ জন আরদালি (জমাদার সমেত) নিয়োজিত আছেন।

(খ) প্রত্যেক মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীর একজন জমাদার ও তিনজন আরদালি আছে। ইহা ছাড়া যে সকল মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীর উপর একাধিক বিভাগের ভার ন্যস্ত, তাঁহাদিগকে অতিরিক্ত আরদালি দেওয়া হইয়াছে।

(গ) কোন্ কোন্ কর্মচারী আরদালি পাইতে পারেন এবং কি হারে পাইতে পারেন তাহা অর্থ বিভাগের ৯-১১-৬৪ সালের ৪৫৬ এফ-আই- নং নির্দেশনামার সহিত যুক্ত তালিকাটিতে বলা আছে। আদেশের একটি নকল এতৎসহ রাখা হইল।

(ঘ) বিভিন্ন শ্রেণীর আরদালিদের বেতন, ভাতা প্রভৃতি নিম্নে দেখান হইল:—

১। জমাদার—

	সর্বনিম্ন	সর্বোচ্চ
মাহিনা	৬৫	৮৫
মহার্ঘভাতা	১০	১০
বাড়ী ভাতা	৭	৯
চিকিৎসা বাবদ ভাতা	৫	৫
মোট	৮৭	১০৯

২। আরদালি—

	কলিকাতা ও হাওড়া সর্বনিম্ন	কলিকাতা ও হাওড়া সর্বোচ্চ	অন্যান্য স্থানে সর্বনিম্ন	অন্যান্য স্থানে সর্বোচ্চ
মাহিনা	৬০	৭৫	৬০	৭৫
মহার্ঘভাতা	১০	১০	১০	১০
বাড়ীভাতা	৬	৮	×	×
চিকিৎসাভাতা	৫	৫	৫	৫
মোট	৮১	৯৮	৭৫	৯০

৩। পুলিশ বিভাগে কনস্টেবল আরদালি—

	সর্বনিম্ন	সর্বোচ্চ
মাহিনা	৮০	১১২
মহার্ঘভাতা	১০	১০
চিকিৎসাভাতা	৫	৫
মোট	৯৫	১২৭

যে সকল আরদালি কনস্টেবলকে বিনামূল্যে বাসস্থান দেওয়া যায় না তাহারা ভাড়া বাড়ীতে থাকিলে কলিকাতায় ৮ টাকা ও অন্যান্য স্থানে ৫ টাকা পান। ইহা ছাড়া কনস্টেবলদের বিনা-মূল্যে পোষাক সরবরাহ করা হইয়া থাকে।

(ঙ) আরদালিরা প্রযে সকল অফিসারে র সহিত যুক্ত আছেন তাঁহাদের পদ স্থায়ী হইলে আরদালিদের পদও স্থায়ী হয় এবং তাঁহারা অন্যান্য স্থায়ী চাকুরীয়াদের ন্যায় সকল প্রকার সুযোগ-সুবিধা, অবসরের পর পেনসন প্রভৃতি ভোগ করিয়া থাকেন।

(চ) ৩,১৯৬ জন আরদালি অস্থায়ী হিসাবে কাজ করিতেছেন। ইহাদের মধ্যে কেহ কেহ প্রায় ১৮ বৎসর যাবত কাজ করিতেছেন।

অধিকাংশ আরদালি অস্থায়ী অফিসার অথবা অস্থায়ী বিভাগে যুক্ত থাকায় তাহাদের স্থায়ী করা সম্ভব হইতেছে না।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 859

GOVERNMENT OF WEST BENGAL

FINANCE DEPARTMENT

Audit

MEMORANDUM

Subject: Employment-standard for jamadars, orderlies and office peons.

No. 456-FI.—9th November 1964.—The question of revision of the employment-standard for jamadars, orderlies and office peons on the lines recommended by the West Bengal Pay Committee (1960-61) has been under consideration of Government for sometime past. A reference is invited to Finance Department Memo. No. 485-F.I., dated the 27th September, 1962, in which it was intimated that Government had accepted the recommendations of the Pay Committee in principle and directed that the yard-sticks proposed by the Pay Committee be reviewed in consultation with all departments. The undersigned is directed by order of the Governor to state that after careful consideration of the views of the departments, the Governor has been pleased to order as follows:

(i) All offices and posts having more than one peon will have the existing number uniformly reduced by one, except in the case of Heads of Directorates who have two orderlies each;

(ii) if two officers of the same department or establishment who work in contiguous rooms have one peon each, they will have one peon between the two. If one of these officers goes on tour and has to take the peon along with him for unavoidable reasons another peon from leave reserve will be brought in to fill the gap.

This clause will not, however, apply to Court Rooms where every sitting officer shall have at least one peon attached to the room or to the post;

(iii) for every 12 clerks or class III employees in a department/office inclusive of Superintendents and Head Assistants, there should be one peon, with the proviso that no office or establishment, however small, shall be deprived of its only existing peon;

(iv) offices, posts, or establishments which have no peon attached to them at present shall have none in future without specific sanction from the Government;

(v) reduction of the posts of peons shall not be made good by the appointment of workcharged men or of persons paid from office contingencies;

(vi) on the total numer of the sanctioned posts of peons thus reduced, a leave reserve will be worked out at 12 per cent. (twelve per cent.) and added to the cadre;

(vii) there shall be no retrenchment of the existing peons who may be rendered surplus on the basis of the new scale of strength as indicated herein;

(viii) the number of peons rendered surplus under these provisions should be reported to the Finance Department within one month of the introduction of this order through the concerned administrative departments of the Government;

(ix) the district surplus shall be formed into a district pool held under the control of the District Magistrate and no office or officer shall appoint or recruit any new peon without the consent of the District Magistrate as long as the surplus lasts;

(x) the pool of surplus peons in Calcutta shall be held under the control of the Director, National Employment Service, and no new recruitment shall be made without his consent till the entire surplus is worked out.

N.B.—The term "peon" as expressed above includes orderlies, attendants, constables and jamadars.

2. The Governor has also been pleased to decide—

(i) that the number of peons is more important than the designation of a peon, meaning thereby that if it is necessary that an officer should have three peons, it is not necessary that one of them should be called a jamadar, but the number of jamadars will be proportioned to the total number of peons so as to allow an avenue of promotion and that would be an internal matter among the peons without any relation to the status of the officer;

(ii) that with the improvement of roads and road transport and the introduction of air travel the necessity of peons accompanying an officer on tour has definitely diminished, and it should be the acknowledged duty of a touring officer and also of his controlling officer to see that a peon is not taken on tour unless it is absolutely essential.

3. A statement is enclosed showing the existing standard and the revised standard of employment of peons, etc., on the basis of the present order.

4. The order shall come into force with immediate effect.

K. K. RAY,
Financial Commissioner and Secretary.

Employment-standard for Jamadars, Orderlies including Orderly-Constables and Office Peons

(i) Jamadars and Orderlies (including Orderly-Constables).

Name of the Department/Offices. (1)	Name of the posts. (2)	Existing standard. (3)	Revised standard. (4)
Secretariat Departments/Board of Revenue/Public Service Commission.	(a) Chief Secretary; Member and Additional Member, Board of Revenue; Chairman, Public Service Commission; Secretaries; Additional Secretaries; Joint Secretaries-in-charge of Departments.	(a) 1 Jamadar and 2 Orderly Peons each.	(a) 1 Jamadar and 1 Orderly Peon each.
	(b) Members and Secretary, Public Service Commission; Joint Secretaries not in-charge of Departments; Deputy Secretaries; Under Secretaries; Assistant Secretaries; Registrars.	(b) 2 Orderly Peons each.	(b) 1 Orderly Peon each.
	(c) Other Gazetted Officers ..	.. (c) 1 Orderly Peon each.	.. (c) 1 Orderly Peon each (*).
Offices directly subordinate to Government.	(a) Heads of Offices ..	.. (a) 2 Orderly Peons each	.. (a) 2 Orderly Peons each.
	(b) Other Gazetted Officers	.. (b) 1 Orderly Peon each	.. (b) 1 Orderly Peon each (*).

(*) If two officers work in contiguous rooms they will have one Peon. If one of them goes on tour and takes the Peon along with him for unavoidable reasons, another Peon from leave reserve will be brought in to fill the gap.

Other offices	(a) Commissioners of Divisions and District Magistrates.	(a) 4 Orderly Peons each	(a) 3 Orderly Peons each.
	(b) Additional District Magistrates	(b) 3 Orderly Peons each	(b) 2 Orderly Peons each.
	(c) (i) District and Sessions Judges	(c) 3 Orderly Peons each	(c) (i) District and Sessions Judges—2 Orderly Peons each.
	(ii) Additional District and Sessions Judges and Sub-Judges.	2 Orderly Peons each	(ii) Others—1Orderly Peon each.
	(d) Subdivisional Officers in Sadar and outlying Subdivisions.	(d) 2 Orderly Peons aeach	(d) 1 Orderly Peon each.
	(e) Other Gazetted Officers	(e) One Orderly Peon each	(e) 1 Orderly Peon each. Two Officers accommodated in 1 or 2 contiguous rooms will have 1 Orderly Peon between the two.
			If one of these Officers goes on tour and has to take the Peon alone with him for unavoidable reasons another from leave reserve will be brought in to fill the gap.
			In Court Rooms, every sitting Officer shall have at least 1 Peon, attached to the room or to the post.

Name of the Department/Offices.	Name of the posts.	Existing standard.	Revised standard.
(1)	(2)	(3)	(4)
Home (Police) Department, West Bengal Police.	Inspector-General of Police, West Bengal.	1 Head Constable and 3 Constables	1 Head Constable and 2 Constables.
	Deputy Inspectors-General	4 Constables	3 Constables.
	Assistant Inspectors-General	2 Constables	1 Constable.
	Superintendents of Police	4 Constables	3 Constables.
	Additional Superintendents of Police	3 Constables	2 Constables.
	Deputy or Assistant Superintendents of Police at Headquarters.	1 Constable	1 Constable.
	Deputy or Assistant Superintendents of Police at Subdivisions.	2 Constables	1 Constable.
	Inspectors	1 Constable	1 Constable.
(b) Calcutta Police	Commissioner of Police	6 Constables	5 Constables.
	Deputy Commissioners	4 Constables	3 Constables.
	Assistant Commissioners	2 Constables	1 Constable.

N.B.—On the total number of the sanctioned posts of Orderly Peons (including Orderly-Constables) thus reduced, a leave reserve will be worked at 1 2 per cent.(twelve per cent). and added to the cadre.

(II) Office Peons.

Name of the Department/Office.	Existing standard.	Revised standard.
(a) Secretariat Departments/Governor's Establishment-Board of Revenue/Public Service Commission.	(a) One Peon for every eight Assistants (including Typists. Mohurrirs and Record Suppliers).	One Peon for every 12 (twelve) Clerks or Class III employees in a Department-Office. In a smaller office the only existing Peon may continue.
(b) Offices directly subordinate to Government	(b) One Peon for every eight Clerks (including Typists.).	
(c) Other Offices	(c) One Peon for every eight Clerks and Tpists.	

N.B.—On the total number of the sanctioned posts of Peons thus reduced, a leave reserve will be worked at 12 per cent. and added to the cadre.

Free Primary School at Sarenga Uttarpara in Sankrail police-station, Howrah

860. (Admitted question No. 1583.) **Shri Dulal Chandra Mondal:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that no teachers have yet been sent to the recognised free Primary School of Sarenga Uttarpara under Sankrail P.S. District Howrah, by the District School Board, Howrah; and

(b) if so, the reasons therefor?

The Minister for Education: (a) and (b) The District School Board, Howrah, sanctioned the establishment of this school on usual conditions that land and building be provided by the local people.

As the conditions were not fulfilled, the District School Board subsequently withdrew the sanction. The question of the posting of a teacher at the said school did not, therefore, arise.

Belpahari Adibasi Samaj Shikshya Kendra

861. (Admitted question No. 1629.)

শ্রীমঙ্গলচন্দ্র সরেন: আদিবাসীমঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলপাহাড়ী আদিবাসী সমাজ-শিক্ষাকেন্দ্রে বর্তমানে কতজন শিক্ষার্থী আছে;

(খ) তাহাদিগকে শিক্ষা দিবার জন্য কতজন অধ্যাপক রহিয়াছেন;

(গ) সেখানে মাসে কত টাকা ব্যয় হচ্ছে; এবং

(ঘ) ঐ শিক্ষা প্রতিষ্ঠান সম্প্রসারণের উদ্দেশ্যে সেখানে কারিগরি শিক্ষা দিবার কোন পরিকল্পনা আদিবাসী মঙ্গল বিভাগের আছে কিনা?

The Minister of State for Tribal Welfare:

(ক) ৫ জন।

(খ) ৩ জন।

(গ) গড়ে ৩,৬০০ টাকা।

(ঘ) না।

Bridges on Raidak and Kalijani Rivers in Tufanganj subdivision

862. (Admitted question No. 1650.)

শ্রীজীবনকৃষ্ণ দে: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চতুর্থ পরিকল্পনায় তুফানগঞ্জ মহকুমার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের জন্য জলধোয়ার নিকট রায়ডাক নদী এবং বলরামপুরের নিকট কালজানি নদীতে পুল তৈরির প্রস্তাব আছে কিনা?

The Minister for Public Works (Roads):

চতুর্থ পরিকল্পনার কর্মসূচি এখনও তৈরি হয় নাই। তাই এ সম্বন্ধে এখন কিছু বলা যায় না।

Scale of pay for trained B. Com. teachers

863. (Admitted question No. 1654.)

শ্রীখলিল সৈয়দঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বি কম (সেকেন্ড ক্লাস) শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত শিক্ষকদের বেতন হার (স্কেল) নির্ধারিত হইয়াছে কি ; এবং

(খ) হইয়া থাকিলে, উহা কিরূপ?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) ২১০—১০—৪৫০ টাকা।

Bridge over the Kangsabati river on Bankura-Jhilimili Road, Bankura

864. (Admitted qhestion No. 1688.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বাঁকুড়া-ঝিলিমিলি রাস্তায় কংসাবতী নদীর উপর সেতু নির্মাণের কোন প্রস্তাব আছে কি ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে উহা কতদিনে নির্মিত হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) ইহা কি সত্য যে, উক্ত কংসাবতী নদীতে প্রতি বৎসর জুন মাস হইতে নভেম্বর মাস পর্যন্ত বন্যা থাকে এবং তাহার জন্য জনগণের অশেষ দুর্গতি হয় ; এবং

(ঘ) সত্য হইলে, এই অসুবিধা দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) আনুমানিক তিন বৎসরের মধ্যে।

(গ) কংসাবতী নদীতে প্রতি বৎসর জুন মাস হইতে নভেম্বর মাস পর্যন্ত একটানা বন্যা থাকে না ; তবে মাঝে মাঝে হয় এবং সেজন্য জনগণের অসুবিধা হয়।

(ঘ) যাতায়াতের অসুবিধা কংসাবতীর উপর সেতুটি নির্মিত হইলে দূর হইবে; এবং কংসাবতী পরিকল্পনা বন্যাজনিত অন্যান্য অসুবিধা দূর করিতে সক্ষম হইবে।

Government employees in the Blocks under Egra police-station, Midnapore

865. (Admitted question No. 1700.)

শ্রীঋষিকেশ চক্রবর্তীঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানার ১নং ও ২নং ব্লকের এলাকার সংশ্লিষ্ট কোন ব্লকে কোন্ কোন্ বিভাগীয় সরকারী কর্মচারী কয়জন কি পদে আছেন ; এবং

(খ) তাঁহাদের জন্য বার্ষিক কি পরিমাণ অর্থ ব্যয় হয়?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) একটি বিবৃতি এতৎসহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to unstarred question No. 865

বিবৃতি

সংশ্লিষ্ট বিভাগ	বহাল কর্মচারী যে পদে অবস্থিত তাহার নাম।	তাহাদের সংখ্যা		তাহাদের জন্য মোট ব্যয় ১৯৬৪-৬৫ সালে (২৮।২।৬৫) পর্যন্ত হিসাব।	
		এগরা ১নং	এগরা ২নং	এগরা ১ নং (টাকা)	এগরা ২ নং (টাকা)
কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন)	(১) বি, ডি, ও ..	১	১	৮,৯১৭.৫৫	৮,৮৬৫.০০
	(২) টাইপিষ্ট ক্লার্ক ..	১	১		
	(৩) গ্রাম সেবক ..	২	২		
	(৪) বি, ডি, ও,র অর্ডালি ..	১	১		
	(৫) অফিস পিয়ন ..	১	১		
	(৬) দারওয়ান-কাম নাইট গার্ড	১	১		
কৃষি ও সমষ্টি উন্নয়ন (কৃষি)	(১) এ, ই, ও ..	১	..	১২,৯৩০.৯৫	৪,১৬০.০০
	(২) এ্যাসিষ্ট্যাণ্ট এ, ই, ও ..	১	১		
	(৩) ক্লার্ক-টাইপিষ্ট ..	১	১		
	(৪) এগ্রিকালচারাল ডিমনস্ট্রেটর।	১	১		
	(৫) ফিটার-মেকানিক ..	১	..		
	(৬) ওয়াটার ট্রান্সমিশন এ্যাসিষ্ট্যাণ্ট।	১	..		
	(৭) পাম্প ড্রাইভার ..	১	..		
	(৮) ক্যাটল কীপার ..	১	..		
	(৯) চৌকিদার ..	২	১		
	(১০) দারওয়ান-কাম-নাইট গার্ড	১	..		
	(১১) এ, ই, ও,র অর্ডালি ..	১	১		
পঞ্চায়েত ..	(১) এক্সটেনশন অফিসার (প)	১	১	৪,৫০৪.১২	৬,০৫৩.৯৭
	(২) পঞ্চায়েত ক্লার্ক ..	১	১		
	(৩) ই, ও, র অর্ডালি ..	১	১		
			মোট ..	২৬,৩৫২.৬২	১৯,০৭৮.৯৭

Bridge over Dulung river at Chilkigarh, Midnapore

866. (Admitted question No. 1718.)

শ্রী[illegible] মাহাত: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার জামবনী থানার চিলকিগড় নামক স্থানে ডুলুং নদীতে পুল নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) পরিকল্পনা থাকিলে ইহার ব্যয় কত হইবে এবং কবে কাজ আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) চিলকীগড়ের কাছে ডুলুং নদীর (ডুলুর নহে) উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা আপাততঃ নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Subdivision-wise quota of cement for Midnapore district

867. (Admitted question No. 1883.)

শ্রীঋষিকেশ চক্রবর্তী: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সিমেন্ট সরবরাহের জন্য মেদিনীপুর জেলায় মহকুমা-ওয়ারী কোনও কোটা নির্দিষ্ট আছে কি না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে তাহা কি এবং কোন্ মহকুমার জন্য কি কি দফায় ১৯৬৪ সালে কত পরিমাণ সিমেন্ট সরবরাহ হইয়াছে;

(গ) উক্ত কোটা বাড়াইবার পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) এ পর্যন্ত কাঁথি মহকুমা অফিসে কত দরখাস্ত গত বছর হইতে জমা আছে যাহা মঞ্জুর করা হয় নাই?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সহিত কথাবার্তা চলিতেছে।

(ঘ) ১,৪১০টি।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 867.

Subdivision.	Quarter.	Allotment (in m./tonnes).	Arrival against allotment (in m./tonnes).
Midnapore (Sadar)	1st	1,590	1,414·0
	2nd	1,590	344·4
	3rd	1,584	296·5
	4th	1,584	855·0
Contai	1st	240	240·0
	2nd	240	240·0
	3rd	240	216·0
	4th	240	192·0
Ghatal	1st	655	610·8
	2nd	655	236·75
	3rd	644	118·5
	4th	644	307·3
Tamluk	1st	990	638·85
	2nd	990	1,232·9
	3rd	884	545·65
	4th	984	1,048·65
Jhargram	1st	200	71·5
	2nd	200	47·4
	3rd	192	95·9
	4th	192	113·65

Egra-Ramnagar Road, Midnapore

868. (Admitted question No. 1884.)

শ্রীহৃষীকেশ চক্রবর্তীঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা-রামনগর রাস্তাটি প্রস্তুতের জন্য এস্টিমেট কত;

(খ) রাস্তাটির জন্য আজ পর্যন্ত কত পরিমাণ অর্থ ব্যয়িত হইয়াছে;

(গ) ভূমিগ্রহণের জন্য কি ব্যবস্থা করা হইয়াছে;

(ঘ) মাটির কাজ কতদিনে আরম্ভ হইতে পারে;

(ঙ) রাস্তাটির জন্য পরিকল্পনাভুক্ত কতগুলি ও কোথায় কোথায় পুল নির্মাণের স্থান নির্দিষ্ট হইয়াছে;

(চ) ঐ পুলগুলির নির্মাণকার্য কবে নাগাদ আরম্ভ হইতে পারে; এবং

(ছ) এই রাস্তায় পানিপারুল উড়িষ্যা কোস্ট ক্যানেলের উপর ব্রীজ নির্মাণের ব্যবস্থা কবে আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) ৪০,৪৩,৬০০ টাকা।

(খ) ৪,৬৮,৬১৯ টাকা।

(গ) ভূমি গ্রহণের জন্য নকশা ইত্যাদি প্রস্তুতের কাজ ত্বরান্বিত করা হইতেছে, কিছু কিছু অংশে ভূমিগ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে সংশ্লিষ্ট জেলা সমাহর্তাকে ইতিমধ্যেই নির্দেশ দেওয়া হইয়াছে।

(ঘ) প্রয়োজনীয় ভূমির দখল পাওয়া গেলেই মাটির কাজ আরম্ভ করা হইবে।

(ঙ) নিম্নোক্ত স্থানসমূহে পুল নির্মাণ করিবার পরিকল্পনা আছেঃ—

(১) অষ্টম মাইলে নিগুয়া খালের উপরে।

(২) ত্রয়োদশ মাইলে উড়িষ্যা ক্যানেলের উপর।

(৩) সপ্তদশ মাইলে দুইটি পুল।

(৪) বিভিন্ন প্রয়োজনীয় স্থানে ৩ ফুট হইতে ২০ ফুট লম্বা আরও ৫০টি পুল।

(চ) ভূমির দখল পাওয়া গেলে আগামী বৎসর কিছু কিছু পুলের কাজ আরম্ভ হইবে আশা করা যায়।

(ছ) ইহার কাজ আগামী বৎসর শুরু হইবে বলিয়া আশা করা যায়।

Tubewells in Midnapore district

869. (Admitted question No. 1890.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ গত ২৬এ ফেব্রুয়ারি ১৯৬৫ তারিখে প্রদত্ত অ-তারকিত ২৯০ (অ্যাডমিটেড প্রশ্ন নং ৮৭৯) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত প্রশ্নের (খ) ও (গ) অংশের উত্তরে যে নলকূপগুলির কাজ আরম্ভের আদেশ দেওয়া হয় নাই, ঐগুলি কোন্ থানায় অবস্থিত; এবং

(খ) ঐগুলির কাজ করে আরম্ভ হইবে?

The Minister for Health:

(ক) ঝাড়গ্রাম থানায় ... ... ৮টি
ডেবরা থানায় ... ... ৪টি

(খ) শীঘ্রই আরম্ভ হইবে।

Medicinal plants in Darjeeling district

870. (Admitted question No. 1907.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what are the medicinal plants grown under the Medicinal Plants Scheme in the district of Darjeeling;

(b) if any of the above items is exported: if so, to which countries and what quality; and

(c) the total amount of sale proceeds fetched up-to-date from internal and external markets since 1957?

The Minister for Commerce and Industries: (a) (1) Ipecac, (2) Ergot, (3) Ammi Majue, (4) Atropa acuminata, (5) Atropa belladona, (6) Acorus calamus, (7) Chenopodium ambrosioides, (8) Digitalis purpurea, (9) Digitalis Lanata, (10) Datura Stramonium, (11) Datura Metal, (12) Eupatorium ayapanes, (13) Hyoscymus niger, (14) Mentha Piperita, (15) Mentha arvensis, (16) Ocimum Kilimandscharicum, (17) Ocimum basilicum, (18) Rauvolfia serpentine, (19) Rauvolfia canescene, (20) Securinaga suffruticosa, and (21) Dioscorea prazeri.

(b) No. Does not arise.

(c) From Internal market—

1957-58—Rs. 1,26,554.
1958-59—Rs. 89,721.
1959-60—Rs. 1,65,190.
1960-61—Rs. 2,68,988.
1961-62—Rs. 2,83,702.
1962-63—Rs. 7,94,728.
1963-64—Rs. 7,93,408.
1964-65—Rs. 10,80,134 (Up to February, 1965).

External market—Nil.

Cultivation of Subsidiary Crops

871. (Admitted question No. 1908.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what are the subsidiary crops cultivated in the plantations of Cinchona Plantations and Medicinal Plants Scheme—showing them in acreage and/or quantity;

(b) how these yields are disposed; and

(c) total amount of money earned from these yields since 1957?

The Minister for Commerce and Industries:

		Acreage (during 1963-64)	Quantity (during 1963-64)
(a)	Coffee ..	91.58	4,285 kg.
	Cardamom ..	272.95	20,262 kg.
	Tung ..	718.25	44,398 kg.

(b) The crops are sold by inviting tenders.

(c) (i) For 1960-61 to 1963-64—Rs. 2,22,057 (separate accounts were not maintained prior to 1960-61), (ii) Unsold stock of cherry coffee on 1st April, 1964—10,550 kgs.

Bridges over Canals Basinda and Rangugiakh on Gopiballavpur-Nayagram Road, Midnapore

872. (Admitted question No. 1912.)

শ্রীদেবনাথ হাঁসদাঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার অন্তর্গত ঝাড়গ্রাম মহকুমার গোপীবল্লভপুর হইতে নয়াগ্রাম রাস্তায় বাসিন্দা নামক খালের উপর এবং রাঙুগিয়াখ নামক খালের উপর পুলের কার্য আরম্ভ হয় নাই;

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তাহা হইলে ১৯৬৫ সালে উহা কার্যকরী হইবে কিনা?

The Minister for Public Works (Roads):

(ক) ও (খ) হাঁ।

(গ) আশা করা যায় যে, ১৯৬৫ সালের মধ্যেই উক্ত দুইটি পুলের নির্মাণকার্য আরম্ভ হইবে।

Land Distribution Committee meetings of the Gopiballavpur Land Reforms Circle, Midnapore

873. (Admitted question No. 1916). **Shri Deb Nath Hansda:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) how many times the Land Distribution Committee meetings were held by the Advisory Committee of the Gopiballavpur Land Reforms Circle of the Midnapore district in the year 1964-65 (up-to-date); and

(b) number of cases recommended for settlement with area in each meeting?

The Minister for Land and Land Revenue: (a) Six times.

(b) The particulars are given below.

No. of meetings.	No. of cases recommended.	Area in acres.
1	14	12.30
2	9	14.50
3	39	31.26
4	12	8.15
5	77	66.06
6	174	129.28
6	325	261.55

Deep tubewells for Debra Block, Midnapore

874. (Admitted question No. 1918.) **Dr. Santosh Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if any deep tube-well has been sanctioned for the "Debra Block" in Midnapore district;

(b) if so, the number and location of these deep tube-wells; and

(c) when they are going to be installed?

The Minister of State for Agriculture and Community Development:

(a), (b) and (c) The District Site Selection Committee has not selected any site in Debra Block so far.

There is a target for drilling 100 deep tube-wells in the district of Midnapore during the next financial year (1965-66) and if any site is selected in Debra Block by the District Site Selection Committee, the work will be undertaken within that year.

Dharampota (Mayapur)-Carerghat and Chakrapur-Jhikrira Road, Arambagh subdivision

875. (Admitted question No. 1923.)

শ্রীকৃষ্ণপদ পণ্ডিত: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার আরামবাগ সাবডিভিসনে "ধরমপোতা" (মায়াপুর) হইতে গড়েরঘাট পর্যন্ত যে সরকারী সড়কটি আছে, তাহা কোন্ সালের কত তারিখে বন্যাবিধ্বস্ত হইয়াছিল ;

(খ) এই সড়কটি পুনঃসংস্কার করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন এবং এই কাজ কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(গ) হুগলি জেলার আরামবাগ মহকুমার খানাকুল থানার অন্তর্গত "চক্রপুর" নামক স্থান হইতে হাওড়া জেলার আমতা থানার অন্তর্গত ঝিখিরা গ্রাম পর্যন্ত পাকা সড়ক নির্মাণের কাজ কতদিনে আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) ১৯৫৯ সালের সেপ্টেম্বর ও অক্টোবর মাসের প্রথম দিকে দুইবার বন্যাবিধ্বস্ত হইয়াছিল।

(খ) রাস্তাটির অধিকাংশ স্থানেই সংস্কার করা হইয়াছে এবং অবশিষ্ট সংস্কারের কাজ অগ্রসর হইতেছে।

(গ) বর্তমানে রাস্তাটি শুধু কাঁচা পর্যায়ে উন্নীত করিবার প্রস্তাবই আছে এবং এই সম্পর্কে প্রাক্কলন প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর যত শীঘ্র সম্ভব রাস্তাটির কাজ আরম্ভ করা হইবে।

Non-payment of deficit grants to the recognised Schools

876. (Admitted question No. 1941.)

শ্রীভবানী মুখোপাধ্যায়: গত ২৩-২-৬৫ তারিখে প্রদত্ত অ-তারকিত ২১১নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১৫৩) প্রশ্নোত্তর (খ) প্রশ্নের উল্লেখ করিয়া শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আর্থিক সাহায্য না দেওয়ার কারণ কি ;

(খ) উক্ত বিদ্যালয়ের শিক্ষকগণ কোন্ সময় হইতে নির্ধারিত বেতন স্কেলের ভিত্তিতে মাহিনা পাওয়ার উপযোগী বলিয়া গণ্য হইবেন ; এবং

(গ) কবে নাগাদ তাঁহাদের প্রাপ্য মাহিনা মেটানোর জন্য আর্থিক সাহায্য দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Education:

(ক) ১৯৬৪ সালে অনুমোদিত হাই স্কুলগুলিকে গ্র্যান্ট-ইন-এইড দেওয়ার বরাদ্দ বর্তমান বৎসরের বাজেটে নাই।

(খ) যে তারিখ হইতে বিদ্যালয়গুলি গ্র্যান্ট-ইন-এইড পাইবে, সেই তারিখ হইতে নির্ধারিত স্কেল অনুযায়ী বেতন দেওয়া বাধ্যতামূলক হইবে।

(গ) বিদ্যালয়ের পরীক্ষার ফল সন্তোষজনক হইলে আর্থিক সামর্থ্য অনুযায়ী [illegible] ১৯৬৫-৬৬ সাল হইতে সাহায্যের বিষয় বিবেচনা করা হইবে।

Government aided Secondary Schools in West Bengal

877. (Admitted question No. 1973.)

শ্রীরাধানাথ দাস অধিকারীঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) কতগুলি সরকারী সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের ১৯৬২-৬৩-র প্রাপ্য টাকার পরীক্ষিত হিসাব মধ্যশিক্ষা পর্ষৎ দিয়াছেন;

(গ) বাকীগুলির হিসাব পাওয়ার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(ঘ) নির্দিষ্ট তারিখের মধ্যে উক্ত হিসাব দেওয়ার জন্য সরকার কি মধ্যশিক্ষা পর্ষৎকে কোন নির্দেশ দিয়াছেন?

The Minister for Education:

(ক) ১৮০০ বিদ্যালয় ডেফিসিট গ্র্যান্ট-ইন-এইড স্কীম-এর অন্তর্ভুক্ত আছে।

(খ) ৭১৫।

(গ) মধ্যশিক্ষা পর্ষৎকে বাকী হিসাব দেওয়ার জন্য লেখা হইয়াছে।

(ঘ) মধ্যশিক্ষা পর্ষৎকে অবিলম্বে হিসাব দিতে বলা হইয়াছে।

Salt

878. (Admitted question No. 1984.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জনাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার জন্য সর্বমোট কি পরিমাণ লবণের প্রয়োজন হয়;

(খ) উক্ত লবণের মধ্যে পশ্চিমবাংলায় কোন্ কোন্ অঞ্চলে কত লবণ উৎপাদন হয়;

(গ) অবশিষ্ট লবণ পশ্চিমবাংলার বাহিরের কোন্ কোন্ স্থান হইতে কত পরিমাণ আমদানি করিতে হয়;

(ঘ) বাহির হইতে আমদানীকৃত লবণের জন্য কত টাকা ব্যয় করিতে হয়; এবং

(ঙ) পশ্চিমবাংলার ঘাটতি লবণ পূরণের জন্য এই রাজ্যে উৎপাদন বাড়াইবার উদ্দেশ্যে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Commerce and Industries:

(ক) বর্তমান বৎসরে (১৯৬৫) পশ্চিমবাংলার জন্য প্রায় ৩,৩৫,২১৭ মেট্রিক টন লবণের প্রয়োজন হইবে।

(খ) উক্ত লবণের মধ্যে ১৯৬৪ সালে কাঁথি অঞ্চলে ১২,৯৬৪ মেট্রিক টন এবং সুন্দরবন অঞ্চলে ২৭০ মেট্রিক টন লবণ প্রস্তুত হইয়াছে।

(গ) ভারতের পশ্চিম উপকূল হইতে ১৯৬৪ সালে ১,৮১,৪১৭ মেট্রিক টন ও টিউটিকোরিন অঞ্চল হইতে ১,৮৩,৪৫৪ মেট্রিক টন লবণ পশ্চিমবাংলায় আমদানি করা হইয়াছে।

(ঘ) আমদানীকৃত উপরি-উক্ত লবণের জন্য আনুমানিক ২,৪১,৩০,৭১৬ টাকা ব্যয় হইয়াছে।

(ঙ) (১) ১৯৫১ সালে মেদিনীপুর জেলার অন্তর্গত কাঁথির সমুদ্রোপকূলবর্তী লবণ শিল্পের উপযোগী 'ক', 'খ' ও 'গ' ব্লকের জমি লবণ শিল্পের উন্নয়নের জন্য গ্রহণের (অ্যাকুইজিশন) নোটিশ দেওয়া হইয়াছে।

(২) 'ক' ব্লকের অন্তর্ভুক্ত জমির মধ্যে ১৯৫৯ সালে ১,০২১·৯৮ একর এবং ১৯৫·০৭ একর জমি যথাক্রমে বেঙ্গল সল্ট কোম্পানী লিঃ এবং গ্রেট বেঙ্গল সল্ট কোম্পানী লিঃ-কে তাহাদের কারখানা প্রসারের জন্য বণ্টন করা হইয়াছে।

(৩) রাজ্যসরকার বৃহত্তম লবণ উৎপাদন প্রতিষ্ঠান বেঙ্গল সল্ট কোম্পানীর শেয়ার ১,৭০,০০০ টাকা বিনিয়োগ করিয়াছেন।

(৪) 'খ' ও 'গ' ব্লকের অন্তর্গত জমি (প্রায় ৫,০০০ একর) বেসরকারী প্রতিষ্ঠানকে লবণ উৎপাদনের জন্য বণ্টন করা হইবে বলিয়া রাজ্য-সরকার স্থির করিয়াছেন। এই বিষয়ে বেসরকারী প্রতিষ্ঠান হইতে যে দরখাস্ত পাওয়া গিয়াছে, তাহা বর্তমানে একটি বিশেষ কমিটির পরীক্ষাধীন আছে।

Application for Cement in Kandi Subdivision, Murshidabad

879. (Admitted question No. 2055.)

শ্রীশম্ভুগোপাল দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের কান্দী মহকুমায় ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরের বর্তমান সময় পর্যন্ত মোট কত জন ব্যক্তি সিমেন্টের জন্য দরখাস্ত করিয়াছে;

(খ) উক্ত সময়ের মধ্যে মোট কত সিমেন্ট জনসাধারণকে দেওয়া হইয়াছে; এবং

(গ) সিমেন্টের আবেদন মঞ্জুরের ব্যাপারে কি কি বিষয় বিবেচনা করা হয়?

The Minister for Food and Supplies:

(ক) ২,০২৪ জন।

(খ) ৯৫০·৫ মেট্রিক টন।

(গ) সাধারণত দরখাস্তের ক্রমানুসারে যথাযথ অনুসন্ধানের পর আবেদন মঞ্জুর করা হয়। তবে জিলাশাসক বা মহকুমাশাসক অনুমোদন করিলে সেগুলিকে বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়। তাহা ছাড়া মেরামত, পায়খানা বা কূপ খননের কাজের জন্য সাবডিভিসনাল কণ্ট্রোলার প্রত্যেক ক্ষেত্রে ১০ ব্যাগ পর্যন্ত সিমেন্ট অগ্রে দিতে পারেন।

Dewatering of Mines in Asansol

880. (Admitted question No. 2144.)

শ্রীবিজয় পাল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল মহকুমায় প্রায় ১৫০টি কয়লাখনি হইতে প্রত্যহ প্রচুর পরিমাণে জল-নিষ্কাষণ (ডিওয়াটারিং) করিয়া ফেলিয়া দিতে হয়; এবং

(খ) অবগত থাকিলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি যে, ঐসব খনিসমূহের পরিত্যক্ত জল যাহাতে গ্রামবাসীরা ব্যবহার করিতে পারেন তাহার প্রয়োজনীয় ব্যবস্থা করিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কি না?

The Minister for Health:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Peons for Tahasildars

881. (Admitted question No. 2156.)

শ্রীজনার্দনমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাজনা আদায়কারী তহশীলদারের কোন পিওন আছে কি না;

(খ) উক্ত পিওনের মাসিক বেতন কত; এবং

(গ) উহারা কত করিয়া মাগ্‌গী ভাতা (ডিয়ারনেস অ্যালাউন্স) পাইবে?

The Minister for Land and Land Revenue:

(ক) আছে।

(খ) পিওনদের কোনও নির্দিষ্ট মাহিনা নাই। তাঁহারা যে ব্লকে কাজ করেন সেই ব্লকের আদায়যোগ্য টাকার পরিমাণ অনুযায়ী বেতন নির্ধারিত হয়, ১২ টাকা হইতে ১৬ টাকার মধ্যে।

(গ) উহারা কোন মাগ্‌গী ভাতা পান না।

Establishment of a Primary Thana Health Centre at Pingla, Midnapore

882. (Admitted question No. 2169.) **Dr. Santosh Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any proposal for Primary Thana Health Centre at Pingla under Pingla Block in Midnapore district; and

(b) if so, when the work will start and when it will be finished?

The Minister for Health: (a) and (b) Yes; there is a proposal for establishment of a Primary Health Centre at Pingla by conversion of the existing Zilla Parishad dispensary at the place.

Steps are being taken to take over the said dispensary with its assets. After this is completed orders for constructional works will issue.

Government advertisements in weekly papers published from Murshidabad district

883. (Admitted question No. 2174.)

শ্রী [illegible] রায়: স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সাপ্তাহিক পত্র-পত্রিকার বর্তমান সংখ্যা কত এবং তাহাদের নাম কি;

(খ) গত ১৯৬০ সাল হইতে বর্তমান সময় অবধি কোন্‌টিকে কত টাকার বিজ্ঞাপন দিয়াছেন;

(গ) উহাদের কোন্‌টিকে প্রচার সংখ্যা কত; এবং

(ঘ) কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া মফস্বলের সাপ্তাহিক পত্র-পত্রিকাগুলিকে সরকারী বিজ্ঞাপন দেওয়া হয়?

The Minister for Home (Publicity):

(ক) নয়টি। (১) মুর্শিদাবাদ পত্রিকা, (২) জনমত, (৩) জঙ্গীপুর সংবাদ, (৪) কান্দী বান্ধব, (৫) মুশিদাবাদ সমাচার, (৬) পরিক্রমা, (৭) আমাদের পত্রিকা, (৮) মুর্শিদাবাদ হিতৈষী এবং (৯) মুর্শিদাবাদ বার্তা।

(খ) পরিক্রমা—৩,৫৩৪·০০ টাকা, জঙ্গীপুর সংবাদ—৯৩৮;০০ টাকা, মুর্শিদাবাদ হিতৈষী—৪১৮·৮৭ টাকা, কান্দী বান্ধব—৯৮১·১৭ টাকা, জনমত—৭৩৪·৫৫ টাকা, মুর্শিদাবাদ সমাচার—১,২৩৩·৫০ টাকা, ভারতী—৩৬৮·৬২ টাকা, মুর্শিদাবাদ পত্রিকা—৬৪৪·৪৫ টাকা, আমাদের পত্রিকা—২৯০·০০ টাকা। ইহা ছাড়াও বিভিন্ন এজেন্সি মারফত সাময়িক পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হইয়াছে। উহাদের পূর্ণ তালিকা প্রস্তুত করা সময়সাপেক্ষ। কেবলমাত্র সরাসরি প্রদত্ত বিজ্ঞাপনের হিসাব প্রদান করা হইল।

(গ) মুর্শিদাবাদ পত্রিকা—১,৫০০, জনমত—১,৯০০, জঙ্গীপুর সংবাদ—৪০০, কান্দী বান্ধব—৪৪৫, মুর্শিদাবাদ সমাচার—১,৪০০, পরিক্রমা—১,৬৫৭, আমাদের পত্রিকা—৪৫৫, মুর্শিদাবাদ হিতৈষী—৫০০, মুর্শিদাবাদ বার্তা—৯০০।

(ঘ) সরকারের নীতি এবং কর্মপ্রচেষ্টার প্রচার এবং গণসংযোগের স্বার্থের দিকে লক্ষ্য রাখিয়া প্রধানত এইসকল সাপ্তাহিক পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হইয়া থাকে। ইহা ছাড়া সংশ্লিষ্ট পত্র-পত্রিকার পাঠকশ্রেণী, পত্রিকার মর্যাদা, জনপ্রিয়তা প্রভৃতির দিকেও বিজ্ঞাপন দেওয়ার সময় লক্ষ্য দেওয়া হয়।

Papers published from Midnapore district

884. (Admitted question No. 2197.)

শ্রীঅনংগমোহন দাস: স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় প্রতি মহকুমায় কতগুলি করিয়া সাপ্তাহিক, পাক্ষিক বা মাসিক পত্রিকা প্রকাশিত হয়;

(খ) উহাদের প্রত্যেকের প্রচার সংখ্যা কত;

(গ) উহাদের কোন্ কোন্‌টিতে গত ১৯৬৩ ও ১৯৬৪ সালে সরকারী বিজ্ঞাপন দেওয়া হইয়াছে এবং এ বাবত কাহাকে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Home (Publicity):

(ক) মহকুমা-ভিত্তিক পত্র-পত্রিকার প্রকাশের হিসাব এ বিভাগে রাখা হয় না। মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমা হইতে ১৪টি সাপ্তাহিক, ১টি পাক্ষিক ও ২টি মাসিক পত্রিকা প্রকাশিত হয়।

(খ)

(১) প্রলাপ	৪৭৫
(২) স্বরাজ ও সংগঠন	৬৫০
(৩) মেদিনীপুর	৪০০
(৪) দেশপ্রাণ	৫০০
(৫) নির্ভীক	১,২০০
(৬) খড়্গপুর সমাচার	৭০০
(৭) জনমত	৮৭২
(৮) আরো আগে	৬৩৮
(৯) প্রদীপ	১,১০০
(১০) হিজলী হিতৈষী	৪০০
(১১) মেদিনীপুরের কথা	৬৯০
(১২) কাঁথি বার্তা	জানা নাই
(১৩) নারায়ণ	জানা নাই
(১৪) নীহার	১,০০০
(১৫) অভ্যুদয়	২৩৬
(১৬) অবদান	৩০০
(১৭) বাংলার আইন	৫০০

(গ) ১৯৬৩

	টাকা
(১) মেদিনীপুর হিতৈষী	২৪৪·৬১
(২) স্বরাজ ও সংগঠন	২২৫·২৬
(৩) প্রদীপ	২৭৭·০০
(৪) নির্ভীক	৮৬·০০
(৫) আরো আগে	২৫·০০

১৯৬৪

	টাকা
(১) মেদিনীপুর	৯১৪·০০
(২) স্বরাজ ও সংগঠন	২৯৫·১৪
(৩) প্রদীপ	৬৮৬·২৫
(৪) মেদিনীপুর হিতৈষী	১২২·৩০
(৫) নির্ভীক	৪৮·০০
(৬) আরো আগে	১৮·০০

ইহা ছাড়াও বিভিন্ন এজেন্সি মারফত সাময়িক পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হইয়াছে। উহাদের পূর্ণ তালিকা প্রস্তুত করা সময়সাপেক্ষ। কেলমাত্র সরাসরি প্রদত্ত বিজ্ঞাপনের হিসাব প্রদান করা হইল।

Bridges over Midnapore Canal and Kapaleswari River on Debra-Sabang Road, Midnapore

885. (Admitted question No. 2199.)

শ্রীঅনঙ্গমোহন দাস: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ডেবরা-সবং রাস্তার মেদিনীপুর ক্যানেলের উপর পুলটি পুনর্নির্মাণ জন্য কত টাকা বরাদ্দ আছে;

(খ) উক্ত রাস্তার কপালেশ্বরী নদীর পুলটিতে পুনর্নির্মাণ জন্য কত টাকা বরাদ্দ আছে; এবং

(গ) ঐ দুইটি পুলের কাজ কবে আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) আনুমানিক ২,২৫,০০০ টাকা।

(খ) উক্ত রাস্তায় কপালেশ্বরী নদীর উপর পুলটির পুনর্নির্মাণের কোন প্রস্তাব বর্তমানে নাই।

(গ) মেদিনীপুর ক্যানেলের উপর সেতুটি নির্মাণের জন্য প্রয়োজনীয় নক্সা অঙ্কন ও জরীপ কার্য ত্বরান্বিত করা হইতেছে। ঐ কার্য শেষ হইলেই এবং প্রয়োজনীয় ভূমির দখল পাওয়া গেলেই সেতুটির কাজ আরম্ভ করা হইবে।

কপালেশ্বরী নদীর উপর পুলটির পুনর্নির্মাণের কোন প্রস্তাব বর্তমানে না থাকায় উহার কাজ আরম্ভ করার প্রশ্ন উঠে না।

Monthly allowance given to each nurse undergoing training at training centres

886. (Admitted question No. 2214.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) what is the amount of present monthly allowance given to each nurse undergoing training at different training centres; and

(b) if any additional dearness allowance is given to the nurses who are living outside?

The Minister for Health: (a) The trainee-nurses are entitled to pay in the scale of Rs. 40-1-60. In addition they get the following allowances and facilities as admissible to the members of the West Bengal Nursing Service:—

(i) Uniform allowance at Rs. 5 per month.

(ii) Washing allowance at Rs. 5 per month.

(iii) Free food at Rs. 2 per diem or the following allowances in lieu of free food:—

Dearness allowance at Rs. 30 per month

Additional Dearness allowance at Rs. 10 per month

Cash allowance at Rs. 5 per month

(iv) Free furnished accommodation or the following allowances in lieu thereof:

House rent allowance at Rs. 10 per month.

Amenity allowance at Rs. 10 per month.

(b) Nurses living outside are entitled to get dearness allowance including the additional dearness allowance.

Statistics of births and deaths in Jhargram Subdivision, Midnapore

887. (Admitted question No. 2222.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে সরকারী হিসাব অনুযায়ী মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন্ থানায় কত ব্যক্তি (১) জন্মগ্রহণ করিয়াছেন, এবং (২) মারা গিয়াছেন; এবং

(খ) ১৯৬৩ সালে সরকারী হিসাব অনুযায়ী মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন্ থানায় কত ব্যক্তি (১) জন্মগ্রহণ করিয়াছেন, এবং (২) মারা গিয়াছেন?

The Minister for Health

(ক) (১), (২) এবং (খ) (১), (২) সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to unstarred question No. 887.

থানা	জন্ম		মৃত্যু	
	১৯৬৩	*১৯৬৪	১৯৬৩	*১৯৬৪
১। ঝাড়গ্রাম	২,১৬৫	১,৯২৫	৭৮৬	৮১১
২। জামবনী	১,২১৩	১,১৭৪	৪০৭	৪৮৬
৩। বিনপুর	৩,৬২৭	২,৮৭৯	১,২৯০	১,২২১
৪। গোপীবল্লভপুর	২,৩১৫	১,৮৭১	৮৫১	৮২৩
৫। সাঁকরাইল	১,৪৮৬	১,৩৫০	৫৭৯	৬৭০
৬। নয়াগ্রাম	১,৬০০	১,৪৯১	৭৫৩	৬২৪

*১৯৬৪ সালের সংখ্যাগুলি পরীক্ষা সাপেক্ষ (প্রভিশন্যাল)।

Construction of Bundh on Kathua Khal in Gopiballavpur police-station, Midnapore

888. (Admitted question No. 2226.)

শ্রী[illegible] মাহাত: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপিবল্লভপুর থানার কাথুয়া খালে বাঁধ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে—

(১) ইহার ইনভেস্টিগেশন কার্য সমাপ্ত হইয়াছে কি না,

(২) কত টাকা এই পরিকল্পনায় মঞ্জুর হইয়াছে,

(৩) ইহা কোন্ মৌজায় নির্মাণ করা হইবে,

(৪) ইহার কার্য কবে আরম্ভ হইবে, এবং

(৫) কোন্ মৌজার কত জমিতে জল সেচ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হাঁ, আছে।

(খ) (১) ইনভেস্টিগেশন কার্য এখনও চলিতেছে।

(২) (৩), (৪) এবং (৫) ইনভেস্টিগেশন কার্য সমাপ্ত করিয়া পরিকল্পনা প্রস্তুত না হওয়া পর্যন্ত এই সব প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নহে।

Construction of Bundh over Saria Khal in Gopiballavpur police-station, Midnapore

889. (Admitted question No. 2228.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার সারিয়া খালে বাঁধ-নির্মাণের সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে—

(১) ইহার ইনভেস্টিগেশন কার্য সমাপ্ত হইয়াছে কিনা;

(২) ইহা কোন্ মৌজায় নির্মাণ করা হইবে;

(৩) কত টাকা মঞ্জুর হইয়াছে; এবং

(৪) কোন্ গ্রামের কত জমিতে জলসেচ হইবে।

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ, আছে।

(খ) (১) ইনভেস্টিগেশন কার্য এখনও চলিতেছে।

(২), (৩) এবং (৪) ইনভেস্টিগেশন কার্য সমাপ্ত করিয়া প্রকল্প প্রস্তুত না হওয়া পর্যন্ত এই সব প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নহে।

Site for Primary Health Centre at Chandra in Midnapore Block

890. (Admitted question No. 2285.) **Shri Syed Shamshul Bari:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state if any site has been selected for the proposed Primary Health Centre at Chandra in Midnapore Block?

The Minister for Health: No. A site will be selected for the purpose after loctaion of the Headquarters for the Block is finally settled.

Tubewells and ring wells in Midnapore Block

891. (Admitted question No. 2286.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number and locations of the tubewells and ringwells sanctioned in Midnapore Block during the current financial year; and

(b) when the work of their installation will be completed?

The Minister for Health:

(a) Name of mauza		Number of tube-well for resinking.	Number of ring-wells.
Srirampur	...	1	1
Bagageria	...	1	—
Fulpahari	...	1	1
Dherua	...	—	1
Dhajidhara	...	—	1
Tikarpara	...	—	1
Gopigarh	...	—	1
Simuldanga	...	—	1
Magurgeria	..	—	1
Mahatapnagar	...	—	1
Panjasole	...	—	1
Kukurmari	...	—	1
Birbira	...	—	1
Muchiberia	...	—	1
Talkui	...	—	1
Birsinghpur (Jankunda)	...	—	1
Nigullara	...	—	1
Jagal	...	—	1
		3	17

(b) These works are expected to be completed in course of the next few months.

Construction of Bhatar Thana Health Centre in Burdwan district

892. (Admitted question No. 2392.)

শ্রীঅশ্বিনী রায়: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার সদর মহকুমায় ভাতাড় থানা স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণকার্য শেষ হইয়াছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে—

(১) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের কাজ কখন হইতে চালু হইবে; এবং

(২) ইহাতে শয্যা-সংখ্যা কত হইবে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) (১) আশা করা যায় যে, আগামী মে মাসে চালু হইবে।

(২) দশ।

Upper and Lower Primary Schools in Midnapore district

893. (Admitted question No. 358.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়গুলিকে কয়টি সেকশনের অন্তর্ভুক্ত করা হইয়াছে; তাহাদের নাম এবং এলাকার বিবরণ কি;

(খ) উক্ত জেলার ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কোন্ সেকসনের অন্তর্ভুক্ত কয়টি প্রাথমিক বিদ্যালয় ছিল;

(গ) উক্ত জেলার ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে কোন্ সেকশনে কয়টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরির আবেদন পাইয়াছিলেন এবং এদের মধ্যে কয়টিকে মঞ্জুরি দেওয়া হয়;

(ঘ) যে স্কুলগুলিকে মঞ্জুরি দেওয়া হয় নাই তাহার কারণ কি; এবং

(ঙ) উক্ত জেলায় ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত কতগুলি প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরির আবেদনপত্র বিবেচনাধীন রাখা হইয়াছে?

The Minister for Education:

(ক), (খ) ও (গ) প্রাথমিক শিক্ষা পর্যায়ে 'নিম্ন প্রাথমিক' ও 'উচ্চ প্রাথমিক'—এইরূপ কোন বিভাগ বর্তমানে নাই। সংশ্লিষ্ট তথ্যাদি লাইব্রেরি টেবিলে স্থাপিত হইল।

(ঘ) ১৯৩০ সনের বঙ্গীয় গ্রামীণ প্রাথমিক শিক্ষা আইনের বিধিবদ্ধ নিয়মানুযায়ী লোক-সংখ্যার বা এলাকার ভিত্তিতে মঞ্জুরি দেওয়া হয়। ঐ মানদণ্ডে প্রয়োজন স্বীকৃত না হইলে মঞ্জুরি দেওয়া হয় না।

(ঙ) ৬৩টি নূতন বিদ্যালয়ের মঞ্জুরির বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

Adjournment Motion

Mr. Speaker: I have received notice of an Adjournment Motion from Shri Sunil Das Gupta, Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha on the extension of Pakistani firing on the Cooch Behar and Jalpaiguri border.

I have withheld consent.

শ্রীসুনীল দাশগুপ্ত: মিঃ স্পীকার, স্যার, আপনি আমাদের এই অ্যাডজোর্নমেন্ট মোশন আলোচনা করবার সুযোগ কেন দিলেন না বুঝলাম না। তবে আমি কয়েকটি কথা বলতে চাই। গত ১৫ দিন ধরে কোচবিহার সীমান্তে পাকিস্তান মেশিনগান এবং মর্টার থেকে গুলী চালিয়ে যাচ্ছে, বহু ভারতীয় নাগরিক উম্বাস্তু হয়ে তাদের নিজেদের ঘরবাড়ি জমিজমা ছেড়ে ভারতের অন্যান্য অঞ্চলে এসে আশ্রয় গ্রহণ করেছে। কিছুদিন আগে আমাদের মুখ্য-মন্ত্রী বলেছিলেন যে, কেন্দ্রীয় সরকারের একটা সীজ ফায়ার প্রপোজাল পাকিস্তান সরকার গ্রহণ করেছে, দু-এক দিনের মধ্যেই সীজ ফায়ার হয়ে যাবে। তারপর কয়েকদিন পর বললেন যেহেতু পূর্ব পাকিস্তানের চীফ সেক্রেটারি এবং গভর্নর উপস্থিত নেই পূর্ব-পাকিস্তানে সেই হেতু সীজ ফায়ার অর্ডার কার্যকরী হচ্ছে না। কিন্তু আজকে দেখছি তাঁরা ফিরে আসার পরও কোচবিহার সীমান্তে গুলী চালানো বন্ধ হয় নি। এমন কি আজকের কাগজে দেখলাম জলপাইগুড়ি সীমান্তেও গুলীবর্ষণ শুরু হয়েছে আমি দেখতে পাচ্ছি। চীফ মিনিস্টার বললেন বিরোধী নেতাদের সঙ্গে আলোচনা করবেন কিন্তু আজ পর্যন্ত করেন নি। আমরা

চাই আমাদের হাউসে সমস্ত জিনিস প্লেস করা হোক এবং আলোচনা করা হোক, আমি আরও দাবি করি যে, এই হাউস থেকে সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হোক— পাকিস্তানকে আমরা আল্টিমেটাম দিচ্ছি যে, এত ঘণ্টার মধ্যে যদি তারা গুলীচালনা বন্ধ না করে আমরা একতরফা মঙ্গলজনক যা মনে করব, সেটাই আমরা গ্রহণ করব।

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান: মাননীয় স্পীকার মহাশয় জিনিসটা খুব গুরুত্বপূর্ণ। আজ ১৫ দিন ধরে গুলী চলেছে সীমান্তে। হাউসে নানারকম প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে। গত শুক্রবার মুখ্যমন্ত্রী নিজে বলেছেন, আশা করি বন্ধ হবে, কিন্তু বন্ধ হয় নি, গুলী চলছে, এটা শুধুমাত্র সীমান্ত সংঘর্ষ নয়, অবস্থা যেভাবে ঘোরালো হয়ে উঠেছে যাতে ফায়ারিং এরিয়া যেভাবে বেড়ে যাচ্ছে, কোচবিহারের মেখলিগঞ্জ, হলদিবাড়ি থেকে আরম্ভ করে এখন জলপাই-গুড়ির বেরুবাড়ি, সাতক্ষীরায় হচ্ছে অর্থাৎ পাকিস্তান সমস্ত উত্তরবঙ্গের সীমান্ত এলাকায় হানা দিচ্ছে এবং মনে হচ্ছে এই সঙ্কট যেটা এসেছে সেটা শুধু সীমান্তের অভিযোগ নয়, পাকিস্তান যেভাবে অভিযোগ করছে তাতে মনে হচ্ছে বুঝি ভারতবর্ষ মিথ্যা অভিযোগ করছে, এইভাবে প্রচার করে তারা এটাকে সীমান্ত পর্যায় থেকে অন্য পর্যায়ে নিয়ে যাচ্ছে, এই অবস্থায় যদি এখনও সচেতন না হন এবং মাননীয় সদস্যরা যদি সকলে মিলে সিদ্ধান্ত না নেন, তাহলে শুধু উত্তরবঙ্গের সীমান্ত নয়, সমস্ত পশ্চিম বাংলার সীমান্ত বিপন্ন হবে, এই অবস্থার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে আমি অনুরোধ করছি এই বিষয়টা আলোচনার জন্য।

শ্রীকমলকান্তি গুহ: স্যার, আজকে পাকিস্তান থেকে বার বার করে প্রচার করা হচ্ছে ভারতবর্ষ ডাহাগ্রাম অধিকার করে নিয়েছে, কিন্তু আমাদের ভারতবর্ষের তরফ থেকে এতটুকু পাল্টা প্রচার করা হচ্ছে না যে, আমরা ডাহাগ্রাম অধিকার করি নি, আমরা আমাদের জমির উপর দিয়ে যেতে চেয়েছিলাম, তিন বিঘার উপর দিয়ে তারা দেয় নি, এটা প্রচার করা হচ্ছে না। যত দিন যাচ্ছে তাদের এই প্রচারের ফলে অবস্থা খারাপ হচ্ছে আপনি শুনে আশ্চর্য হবেন যে ভারতবর্ষ ডাহাগ্রাম অধিকার করেছে এই প্রচারের ফলে ঢাকা শহর থেকে ফুলছড়ি পর্যন্ত বিস্তীর্ণ এলাকা জুড়ে এক বিরাট দাঙ্গা হয়ে গেছে, ফলে সংখ্যালঘুদের জীবন সেখানে বিপন্ন হয়ে পড়েছে এবং তারা দলে দলে ভারতবর্ষে ছুটে আসছে। পাকিস্তান ভারতবর্ষ ডাহাগ্রাম অধিকার করেছে এই কথা বলে ভারতবর্ষের সীমান্ত আক্রমণ করেছে এবং এই আক্রমণ আজকে সম্প্রসারিত হচ্ছে এবং দিনের পর দিন তা বেড়ে যাচ্ছে, আসাম পর্যন্ত তা ছড়িয়ে গেছে। আর আমাদের সরকার আজ পর্যন্ত কয়েকটি পুলিশ দিয়ে রেখেছে এবং আজও বলা হচ্ছে আমাদের ঘাঁটিতে যে পুলিস রয়েছে তাদের উপর পাকিস্তান থেকে গুলী ছুঁড়ছে। আমাদের পুলিস এগিয়ে যাচ্ছে না, কিন্তু তারা এগিয়ে আসছে। আমাদের সমস্ত বর্ডার এলাকা খালি হয়ে গেছে। তাই আজকে পরিষ্কার কথা হচ্ছে আমাদের চীফ মিনিস্টার করে দয়া করে তিনি তাঁর চেম্বারে ডাকবেন সেজন্য আমরা অপেক্ষা করে থাকতে পারি না, আমরা এ সম্বন্ধে সিদ্ধান্ত চাই, উত্তরবঙ্গে আমরা দেখছি মানুষ আজ ঘুমুতে পাচ্ছে না, চাষবাস করতে পাচ্ছে না, সব সময় তারা বিপদের আশঙ্কা করছে, ঘরবাড়ি ছেড়ে যাওয়ায় সেই ঘরবাড়ি সব নষ্ট হয়ে গেছে। তাদের উপর আক্রমণ হচ্ছে, আর উনি বসে থাকবেন চীফ মিনিস্টার আমাদের ডাকবেন এবং তাঁর মুখের বাণী শুনে আমরা নিশ্চিন্ত হয়ে যাব? তিনি বলেছেন কেন্দ্রীয় সরকারের অনুমতি নিতে হবে, তিনি কেন্দ্রীয় সরকারের অনুমতির জন্য তাকিয়ে থাকুন, কিন্তু আপনি আমাদের হাউসে এই বিষয়ে আলোচনার জন্য সুযোগ দিন, আমরা কেন্দ্রীয় সরকার কখন অনুমতি দেবেন তার জন্য অপেক্ষা করে থাকতে পারি না। সেজন্য আমি আপনাকে অনুরোধ করি যে, এটা পুনর্বিবেচনা করে আলোচনার সুযোগ দিন।

[1-50—2 p.m.]

শ্রীহেমন্তকুমার বসু: স্যার, এটা একটা গুরুতর প্রশ্ন—বারবার এই হাউসে সীমান্ত ব্যাপার নিয়ে, পাকিস্তানী হামলার ব্যাপার নিয়ে যেমন মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে তেমনি এই হাউসেরও দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। আজকে মুখ্যমন্ত্রীকে দেখতে পাচ্ছি না, অথচ ওখানকার অবস্থা দিন দিন ঘোরালো হয়ে এসেছে। তারা অনবরত গুলী চালিয়ে যাচ্ছে,

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) (১) আশা করা যায় যে, আগামী মে মাসে চালু হইবে।

(২) দশ।

Upper and Lower Primary Schools in Midnapore district

893. (Admitted question No. 358.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়গুলিকে কয়টি সেকশনের অন্তর্ভুক্ত করা হইয়াছে; তাহাদের নাম এবং এলাকার বিবরণ কি;

(খ) উক্ত জেলার ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কোন্ সেকসনের অন্তর্ভুক্ত কয়টি প্রাথমিক বিদ্যালয় ছিল;

(গ) উক্ত জেলার ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে কোন্ সেকশনে কয়টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরির আবেদন পাইয়াছিলেন এবং এদের মধ্যে কয়টিকে মঞ্জুরি দেওয়া হয়;

(ঘ) যে স্কুলগুলিকে মঞ্জুরি দেওয়া হয় নাই তাহার কারণ কি; এবং

(ঙ) উক্ত জেলায় ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত কতগুলি প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরির আবেদনপত্র বিবেচনাধীন রাখা হইয়াছে?

The Minister for Education:

(ক), (খ) ও (গ) প্রাথমিক শিক্ষা পর্যায়ে 'নিম্ন প্রাথমিক' ও 'উচ্চ প্রাথমিক'—এইরূপ কোন বিভাগ বর্তমানে নাই। সংশ্লিষ্ট তথ্যাদি লাইব্রেরি টেবিলে স্থাপিত হইল।

(ঘ) ১৯৩০ সনের বঙ্গীয় গ্রামীণ প্রাথমিক শিক্ষা আইনের বিধিবদ্ধ নিয়মানুযায়ী লোক-সংখ্যার বা এলাকার ভিত্তিতে মঞ্জুরি দেওয়া হয়। ঐ মানদণ্ডে প্রয়োজন স্বীকৃত না হইলে মঞ্জুরি দেওয়া হয় না।

(ঙ) ৬৩টি নূতন বিদ্যালয়ের মঞ্জুরির বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

Adjournment Motion

Mr. Speaker: I have received notice of an Adjournment Motion from Shri Sunil Das Gupta, Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha on the extension of Pakistani firing on the Cooch Behar and Jalpaiguri border.

I have withheld consent.

শ্রীসুনীল দাশগুপ্ত: মিঃ স্পীকার, স্যার, আপনি আমাদের এই অ্যাডজোর্নমেন্ট মোশন আলোচনা করবার সুযোগ কেন দিলেন না বুঝলাম না। তবে আমি কয়েকটি কথা বলতে চাই। গত ১৫ দিন ধরে কোচবিহার সীমান্তে পাকিস্তান মেশিনগান এবং মর্টার থেকে গুলী চালিয়ে যাচ্ছে, বহু ভারতীয় নাগরিক উদ্বাস্তু হয়ে তাদের নিজেদের ঘরবাড়ি জমিজমা ছেড়ে ভারতের অন্যান্য অঞ্চলে এসে আশ্রয় গ্রহণ করেছে। কিছুদিন আগে আমাদের মুখ্য-মন্ত্রী বলেছিলেন যে, কেন্দ্রীয় সরকারের একটা সীজ ফায়ার প্রপোজাল পাকিস্তান সরকার গ্রহণ করেছে, দু-এক দিনের মধ্যেই সীজ ফায়ার হয়ে যাবে। তারপর কয়েকদিন পর বললেন যেহেতু পূর্ব পাকিস্তানের চীফ সেক্রেটারি এবং গভর্নর উপস্থিত নেই পূর্ব-পাকিস্তানে সেই হেতু সীজ ফায়ার অর্ডার কার্যকরী হচ্ছে না। কিন্তু আজকে দেখছি তাঁরা ফিরে আসার পরও কোচবিহার সীমান্তে গুলী চালানো বন্ধ হয় নি। এমন কি আজকের কাগজে দেখলাম জলপাইগুড়ি সীমান্তেও গুলীবর্ষণ শুরু হয়েছে আমি দেখতে পাচ্ছি। চীফ মিনিস্টার বলেছিলেন বিরোধী নেতাদের সঙ্গে আলোচনা করবেন কিন্তু আজ পর্যন্ত করেন নি। আমরা

Shri Lakshmi Ranjan Josse: Sir, I come from another border area which is still more explosive. This kind of attitude on the part of the Government will have a very demoralising effect on the morale of the people in our area as well. Whatever is happening in Pakistan today or whatever is happening in Cooch Behar and Jalpaiguri—these are not isolated incidents, these are planned, concerted and pre-medicated actions. Therefore, steps should be taken to have a debate or anything of that kind in the House so that we may be conscious of the gravity of the situation, otherwise it will have a great demoralising effect on the people.

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয় এইমাত্র আমি একটি চিঠি পেলাম, শ্রী কোলে দিয়ে গেলেন, বোধহয় অনেককেই দিয়েছেন। সেটি হচ্ছে এই.

"May I request you to kindly meet me and other Group Leaders in my chamber this evening at 6 p.m.

Yours sincerely,
Prafulla Chandra Sen."

এটা কি এই ব্যাপারে, না অন্য কোন ব্যাপারে, যেটা আমরা আলোচনা করছি। তাহলে আমরা চুপ করে থাকি।

Mr. Speaker:

মিঃ বাসু, ওটা মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করুন। আমি তো এই ব্যাপারে কিছু জানি না, কারণ এটা ওনারা দিয়েছেন।

Shri Saila Kumar Mukherjee: This conference is in connection with the promise made by the Chief Minister in this House.

Shri A. H. Besterwitch: Sir, the Chief Minister should say something in the House. Sir, it is a very burning issue for Cooch Behar and Jalpaiguri and our Chief Minister is playing the flute in Calcutta. Sir, is it not the duty of the Chief Minister that he should be at the border when the border is in such a turmoil. Sir, nobody appreciates our fellings. We are feeling the pinch of the whole thing. Sir, no Minister on the Treasury benches has yet gone to the borders to see for himself what is going on there.

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার, স্যার, আমরা একটি চিঠি এখানে দেখেছি, প্রফুল্ল সেন কিজন্য ডেকেছেন জানি না।

মিঃ স্পীকার: মিঃ গুহ, সেটা তো উনি বলে দিয়েছেন যে, কিজন্য ডেকেছেন।

শ্রীকমলকান্তি গুহ:...মিঃ স্পীকার, স্যার, ডাকলেও বড় কথা হচ্ছে, আমরা অবাক হয়ে গেলাম যে. আমরা নর্থ বেঙ্গলের সদস্যরা যদিও এ সম্বন্ধে ইন্টারেস্টেড—আমাদের ডাকা হয় নি। এখানে লীডারদের ডাকা হয়েছে।

শ্রীবিজয় সিং নাহার: মাননীয় স্পীকার মহাশয়, সমস্ত লীডারদের ডাকা হয়েছে।

শ্রীকমলকান্তি গুহ: ডাকতে পারেন, কিন্তু নর্থ বেঙ্গলের ব্যাপারে সমস্ত লীডাররা বুঝবেন না। আর যদি ডাকা হয় তাহলে হাউসেই আলোচনা হয়ে যাক। কেননা, উনি ৬টার সময় বসবেন। কাজেই হাউসেই হয়ে যাক, আমরাও আলোচনা করবার সুযোগ পাই।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: স্পীকার মহাশয়, আমার একটি জিজ্ঞাসা আছে। আপনি যে অ্যাডজোর্নমেন্ট মোশন ডিসঅ্যালাউ করেছেন, তার সম্বন্ধে আমি আলোচনা করতে চাই না। আমি শুধু আপনার কাছে জানতে চাই যে, তাহলে অ্যাডজোর্নমেন্ট মোশন অ্যাডমিটেড হবে কবে? তার কারণ, আজকে পাকিস্তান গত ১৫ দিন যাবৎ আমাদের বর্ডারের উপর হামলা করছে এবং বর্ডারের যেসমস্ত জায়গায় হামলা করছে, সেই সমস্ত জায়গা থেকে লোকজনকে সরিয়ে আনতে হচ্ছে। অথচ বর্ডারে যে আমাদের পুলিসের ব্যবস্থা আছে দ্যাট ইজ নট সাফিসিয়েন্ট, নিজে বলেছেন। উনি বলেছেন যে, এর দায়িত্ব সেন্ট্রাল গভর্নমেন্টের আছে এবং নেওয়া উচিত। কিন্তু সে দায়িত্ব সেন্ট্রাল গভর্নমেন্ট নেন নি এবং এ'রা ঠিকমত সেই হামলায় বাধা দিতে পারছেন না। আপনার কাছে আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, প্রফুল্লবাবু এর আগের দিন বলেছিলেন ওদের সঙ্গে একটা চুক্তি হয়েছে। দ্বিতীয় দিন যে উনি বললেন চুক্তি ওরা মানছে না—তাহলে এখন আমাদের কি করতে হবে? আমরা দেখছিলাম যে চুক্তি ওরা তখনই মানবে যখনই তিন বিঘার উপর দিয়ে দাহাগ্রামে ওদের অফিসিয়ালস এবং তার সঙ্গে দাহাগ্রামে ৪ হাজার অধিবাসীদের যখন ভিসা—ঢাকার ডেপুটি হাই কমিশনার যতক্ষণ না দেবেন ততক্ষণ পর্যন্ত ওরা অস্ত্র সম্বরণ করবে না। এই যে একটা কথা—যে কথাটা অত্যন্ত সাহসভরে ওরা বলতে পারল এবং তার উপর গুলী চালানোর যে নূতন এরিয়া করেছে—তাহলে আমরা আমাদের বাংলাদেশের প্রতিনিধিরা—যখন এইরকম একটা অবস্থা হচ্ছে, পাশের দেশ যখন এইভাবে আক্রমণ করেছে, সেন্ট্রাল গভর্নমেন্ট যখন সেটা নিচ্ছে না, যখন সমস্ত জিনিসটা আমাদের উপর বর্তাচ্ছে তখন কোন পরিস্থিতি হলে আপনি অ্যাডজোর্নমেন্ট মোশান অ্যালাউ করবেন আমরা সেটা বুঝতে পারছি না।

[2—2-10 p.m.]

Mr. Speaker: I fully appreciate your view, and the apprehension in the minds of the honourable members, particularly of the people living on the border side, but after all you are all responsible honourable members of the House. The Chief Minister has given the assurance that he will be sitting with the leaders of the different parties, and notice has been issued just now. I feel that the House should remain quite for the time being. After all, the conference has been called and all parties' representatives will be there. It is better that we do not discuss this matter at this stage.

শ্রীকমল গুহ: মিঃ স্পীকার, স্যার, যেকথা ডঃ ভট্টাচার্য আপনাকে বলেছেন আমিও সেই কথাই বলতে চাই যে, চীফ মিনিস্টারএর চিঠি আপনার ডিসিশন নেবার পর এসেছে।

মিঃ স্পীকার: চিঠিটা ছেপে এসেছে এবং আপনাদের কাছে তো গেছে।

শ্রীকমল গুহ: চীফ মিনিস্টার লীডারদের সঙ্গে আলোচনা করবেন এবং আমরা যদি সেটা হাউসএ আজ আলোচনা করার সুযোগ না পাই তাহলে সেটা কবে পাব? আপনি কেন দিয়েছেন সেটা বুঝতে পারছি না। এত বড় একটা সিরিয়াস ব্যাপার এটা সম্বন্ধে আপনি একটু চিন্তা করুন।

শ্রীঅমরেন্দ্র রায়প্রধান: এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আমি মেকলিগঞ্জ কেন্দ্র থেকে নির্বাচিত। আমার এলাকায় যেসব লোক আমাদের ভোট দিয়েছে তারা সব চলে গেলে, শূন্য হয়ে গেলে আমি এখানে এসে কি করব? এইভাবে সমস্ত পশ্চিমবঙ্গ যখন সম্পূর্ণভাবে পাকিস্তানে চলে যাবে তখন কি আমরা এ বিষয় নিয়ে আলোচনা করব?

মিঃ স্পীকার:

I think honourable members should appreciate what I have said.

শ্রীসুনীল দাশগুপ্ত: আমি একটা জিনিসের বিষয়ে আপনার কাছ থেকে পরিষ্কার হতে চাই। আপনি অ্যাডজোর্নমেন্ট মোশন ডিসঅ্যালাউ করার পর চীফ মিনিস্টার ইনভিটেশন লেটারগুলি বিলি করলেন। আমার জিজ্ঞাস্য, আপনি জানতেন না যে, চীফ মিনিস্টার ডাকবেন তখন আপনি কেন ডিসঅ্যালাউ করলেন?

মিঃ স্পীকার: আমি এখানে ডেফ হয়ে বসে নেই। অনারেবল শ্রীজ্যোতি বসু সেটার ক্লারিফিকেশন চেয়েছেন এবং তার উপর হোম মিনিস্টার দিয়ে দিলেন।

শ্রীজ্যোতি বসু: ও'রা যেটা বলছেন সেটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনি যে ডিস-অ্যালাউ করলেন মুলতুবী প্রস্তাব আলোচনার বহির্ভূত করে দিলেন সেটা সম্বন্ধে আপনি কি জানতেন যে, একটা সম্মেলন হবে? বা আপনি কি জানতেন যে, উনি আমাদের ডাকবেন? কারণ তা যদি না হয় তাহলে এ বিষয়ে তো সন্দেহ নেই যে, ওর চেয়ে বড় ফিট সাবজেক্ট কি হবে?

মিঃ স্পীকার: আমি জানতাম না। তবে এর আগে তিনি শুক্রবার বলেছিলেন যে, আমি বসব এবং আজ তিনি বসছেন। সুতরাং
It is too early to consider the motion. The Chief Minister has given an assurance, and I, as the Speaker and also as a member of the House, feel that the assurance given by him should be considered.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister in charge of Education will now please make a statement on the retrenchment of forty permanent employees of the Board of Secondary Education.

Shri Rabindralal Sinha: When the West Bengal Board of Secondary Education Act, 1965, came into force on the 1st January, 1964, the work relating to the distribution of grants-in-aid to Secondary Schools, previously done by the Board, devolved on the Education Directorate of the State Government. As a result, some of the staff employed by the old Board became surplus to the requirement of the new Board.

Section 46(2)(c) of the new Act provides that all officers and other persons in the employment of the old Board of Secondary Education immediately before the commencement of the new Act shall, untill other provision is made, continue in the service of the new Board.

The present Board made attempts to secure alternative employment for the surplus employees, and forty such surplus employees of the Board were selected for appointment under the Food Department of the State Government. The Board, therefore, released these forty persons to enable them to join their new appointments. The posts held by these persons under the Board being surplus to the requirement, have been abolished.

It is learnt that some of the persons concerned have filed a case in the Hon'ble High Court, and the matter is pending there.

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, আপনি আমাদের কোনরকম প্রশ্ন করতে দেন না, কলিং অ্যাটেনশনের পর।

মিঃ স্পীকার: আমি দিই না নয়, রুলস পারমিট করে না।

শ্রীজ্যোতি বসু: যা হোক আমি আপনাকে বলছি প্র্যাকটিস কি হবে পরে আলোচনা করব, কিন্তু পার্লামেন্টে বোধ হয় তিনটি অবধি প্রশ্ন করতে দেয় কলিং অ্যাটেনশনের পর। সেটা অন্য ব্যাপার আমি সেটা বলছি না—কিন্তু এই গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে একটা কথা বলতে চাই—সেটা হচ্ছে এই যে, ৪০ জন এমপ্লয়েড এদের কোন চয়েজ দেওয়া হোল না—যারা পার্মানেন্ট এমপ্লয়ী এই বোর্ডের তাদের কোন চয়েজ করতে না দিয়ে আর টেম্পোরারী লোকদের রেখে তাদের ফুড ডিপার্টমেন্টে ট্রান্সফার করে দেওয়া হোল যার সংগে কোন সম্পর্ক নেই, সেকেন্ডারী এডুকেশন বোর্ডের—এটা নীতি বহির্ভূত কাজ করেছেন। আমি এইসব প্রশ্ন করেছিলাম কলিং অ্যাটেনশনে—কিন্তু কিছুই দেখলাম না। সেইজন্য আমি শিক্ষামন্ত্রী—তিনি হয়তো জানেন না

যে, আমি একটা এনকোয়ারী করেছিলাম ও'র স্টেট মিনিস্টার মারফত—আমি দেখছি কোন নীতিই নেই—পার্মানেন্ট সব চলে গেল টেম্পোরারীরা থেকে গেল—কোন চয়েজ করতে দেওয়া হোল না এমপ্লয়ীদের—তাই তারা মনে করছে যে অ্যাসোসিয়েশন ভাঙ্গবার জন্য এইভাবে নীতি বহির্ভূত কাজ করা হচ্ছে। তারা কোন কিছুই বুঝতে পারলো না—যদি তাদের অল্টারনেটিভ অ্যাপয়েন্ট-মেন্ট দিতে হয় তাহলে একটা নীতি থাকবে তো—ফার্স্ট কাম ফার্স্ট গো, লাস্ট কাম লাস্ট গো—কি নীতিতে হচ্ছে তা বোঝা গেল না—এই করে একটা বিক্ষোভের সৃষ্টি করেন কর্মচারীদের মনে। অতবড় অন্যায় কাজ যেখানে হচ্ছে আশা করি শিক্ষামন্ত্রী এটা এনকোয়ারী করবেন।

Mr. Speaker: The Hon'ble Minister in charge of the Health Department will please make a statement on the death of two babies by coramin injection by a doctor in Ghurni area of Krishnagar, called attention by Shri Kashi Kanta Maitra.

Shri Jagannath Kolay: A statement will be made tomorrow.

Mr. Speaker: I have received four notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Publicity of the recent increase of weekly quota of ration for manual workers—by Shri Anadi Das.

(2) Outbreak of chicken-pox and small-pox in West Bengal—by Shri Gour Chandra Kundu.

(3) Grievous assault on a student of Belur Ramkrishna Mission College and consternation in the student community—by Shri Sambhu Charan Ghosh.

(4) Bus accident on Grand Trunk Road near Memari on 24th March, 1965—by Shri Aswini Roy.

I have selected the notice of Shri Sambhu Charan Ghosh on the subject of grievous assault on a student of Belur Ramkrishna Mission College and consternation in the student community. The Hon'ble Minister in charge will please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Rabindralal Sinha: A statement will be made on Monday.

Message from Council

Secretary (Shri P. Roy): Sir, the following Message has been received from the West Bengal Legislative Council, namely:—

"Message

The West Bengal Appropriation Bill, 1965 was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 26th March, 1965, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

PRATAP GUHA RAY,

Deputy Chairman,

West Bengal Legislative Council."

Calcutta:

The 26th March, 1965.

Sir, I beg to lay the Message on the table.

Laying of Appropriation and Finance Accounts of the Government of West Bengal for 1962-63 and Audit Report, 1964

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to lay before the Assembly—

(a) the Appropriation Accounts of the Government of West Bengal for 1962-63;

(b) the Finance Accounts of the Government of West Bengal for 1962-63; and

(c) the Audit Report, 1964.

[2-10—2-20 p.m.]

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা ট্রেলিগ্রাম পেয়েছি কুলটি থেকে—সেটার প্রতি আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—

Production bonus of nine hundred G. C. shop workers of Kulti Works whimsically slashed down from 122 pc to 64 pc giving worst production by ISCO management resulting stoppage of production since 23rd.

শ্রীকাশীকান্ত মৈত্রঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা কথা বলতে চাচ্ছি, হাউসে শৈলবাবু উপস্থিত রয়েছেন—তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এই হাউসে কিছুদিন আগে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে, টেম্পোরারী সারভেন্টদের পার্মানেন্ট করা হবে। আমি এ সম্পর্কে একটা নোটিশ পড়ে আপনাকে শুনাচ্ছি—

Governmnet of West Bengal, Office of the Executive Engineers.

শম্ভু দত্ত এবং আরও ছয় জন কর্মচারীকে নোটিশ দিচ্ছেন '

The Brick and Tile Board, Development Department.

এই নোটিশ পাবার পর ঠিক একই দিনে তাদের যে সরকারী অফিস সেই অফিস থেকে ছাড়িয়ে দিয়ে নোটিশ এলো আর একটা জায়গায় জয়েন করো। কিন্তু আর একটা নোটিশ দেওয়া হচ্ছে শ্রীশম্ভু দত্ত

"The following persons are hereby released with effect from 19th March, 1965 afternoon from this Division with the direction to report for duties to the Special Officer (Bricks) and Member Secretary, Palta Sub-Committee, Brick and Tile Board."

এই হাউসে মুখ্যমন্ত্রী বলছেন—এদের চাকুরীগুলি পার্মানেন্ট করবো ছাটাই করবো না—কিন্তু একই দিনে সরকারী কর্মচারীদের নোটিশ দিলেন যে তোমাদের একটা ডিপার্টমেন্ট থেকে রিলিজ করছি তোমরা আর একটা ডিপার্টমেন্টে গিয়ে রিজিউম করো ডিউটি—কিন্তু একই দিনে এই রকম নোটিশ দেওয়া হচ্ছে। আপনি যদি চান আমি দিতে পারি ১৯এ মার্চের নোটিশে বলা হচ্ছে

"His services will not be required with effect from 19th April, 1965. He is accordingly given one month's notice of termination of his services from 20th March, 1965.".

স্যার, এই যদি রাজত্ব চলে তাহলে আমি বলবো রামরাজত্ব নয় হনুমান রাজত্ব চলছে।

শ্রীশৈলকুমার মুখার্জীঃ আপনি দয়া করে নামগুলি পাঠিয়ে দেবেন।

শ্রীগৌরচন্দ্র কুন্ডুঃ স্যার, আমি জেল মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আমি কালকে বহরমপুর সেন্ট্রাল জেলে গিয়েছিলাম, সেখানে যা দেখে এলাম—মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে অনেক ফিরিস্তি দিলেন যে, সেখানে কাপড়চোপড় অনেক কিছুই দেওয়া হয়। আমি মাননীয় জেল মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, সেখানে যে সমস্ত ডি আই আর-এ প্রিজনার আছেন তাদের কাপড় গামছা কিছুই দেওয়া হয় নি, যদিও আমি যখন দমদম জেলে ছিলাম তখন সেখানে গিয়ে একটা কাপড়-জামা গামছাটামছা পেয়েছিলাম এবং সেটা দেওয়ার নিয়ম আছে। কিন্তু বহরমপুর জেলে তা দেওয়া হয় না। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম

যে, মহাশয় কেন দেন না—জেল কোডে তো নিয়ম আছে। তারা বললেন অর্ডার নেই—অর্ডার না হলে আমরা দিতে পারি না। ২নং সেখানে শতকরা ৫০ ভাগ ফ্যামিলি এ্যালাউন্স পান নি—তাদের কোন এনকোয়ারী হোল কিনা তার কোন ইন্টিমেশন তারা পান নি। তৃতীয়ত কয়েদীদের এখান থেকে বই পাঠিয়েছেন সেই বইগুলি ডি আই জি অফিসে গেছে ডিসেম্বর মাসে কিন্তু আজ প্রায় এপ্রিল মাস হতে চলল, সেই বইগুলি ফেরত এল না—সেই বইগুলি লেনিন মার্কসের বই, চীনটীনের নয়। ৪নং সেখানে মানিক ঝাঁ বলে একজন বন্দী—তিনি করোনারী থ্রম্বসিসে ভুগছেন, তার কোন চিকিৎসা হচ্ছে না, তিনি মারা যাবেন—আমি অনুরোধ করবো তাকে কলকাতায় এনে চিকিৎসা করবার জন্য। এই কয়েকটি বিষয়ের প্রতি আমি জেল মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী[illegible] রায়ঃ মিঃ স্পীকার স্যার, আজকে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে কিছু বলতে চাচ্ছিলাম—কিন্তু উনি এখানে নেই—কাজেই ও'র ছায়ার কাছে কিছু বলতে চাই। গত ২৩এ তারিখে মুর্শিদাবাদে সাইক্লোন হয়েছে এবং বহু ঘরবাড়ি নষ্ট হয়েছে, বহু লোক মারা গেছে। গভর্নমেন্ট থেকে কোন সাহায্য দেওয়া হচ্ছে না এবং সবচেয়ে অসুবিধার কথা হচ্ছে, সেখানে কয়েক হাজার গবাদিপশু মারা গেছে। আমি বলবো যে এখন থেকে যদি ঠিক মত সংবাদ না নেন বা গরুগুলিকে রিপ্লেস করবার চেষ্টা না করেন তাহলে আসছে বছর গরুর অভাবে ফসল ভাল হবে না। আমি প্রায় ৪,০০০ রিপোর্ট পেয়েছি—আরও কয় হাজার মারা গেছে জানি না। আশা করি মন্ত্রিমহাশয় এ দিকে দৃষ্টি দেবেন।

শ্রীহেমন্তকুমার বসুঃ স্যার, কালকে কর্পোরেশন ইলেকশনে ৫৯নং ওয়ার্ডে পি সি বি ক্যান্ডিডেট শ্রীঅখিল মুখার্জি যেহেতু কংগ্রেস থেকে অনেক ফলস ভোট দেওয়া হচ্ছিল—তিনি তাতে বিশেষভাবে আপত্তি করেন এবং এই আপত্তি করার ফলে প্রায় এক ঘণ্টা পোলিং বন্ধ থাকে। আজকে স্যার, অখিল মুখার্জির বাড়িতে বম্ব চার্জ করা হয়েছে এবং তার ভলেন্টিয়ারদের গ্রেপ্তার করা হচ্ছে। এ কি রকম ব্যাপার বুঝতে পারছি না এবং তার একজন এজেন্টকে মারা হয়েছে—এই বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এ বিষয়ে তাঁর কি বক্তব্য বলুন।

শ্রীঅনাদি দাসঃ স্যার, কালকে আমি ১৬ নম্বর ওয়ার্ডে ক্যালকাটা কর্পোরেশনের ইলেকশানে উপস্থিত ছিলাম। কংগ্রেস থেকে কিরকম গুণ্ডামী করা হয়েছে, বিরোধী পক্ষকে কিভাবে মারধোর করা হয়েছে তার কয়েকটি ঘটনা আপনার সামনে তুলে ধরছি। ৪টার সময় সেন্ট্রাল কলেজিয়েট স্কুলে বুথের সামনে যখন বিরোধীপক্ষের ভোটাররা এসে দাঁড়িয়েছে সেই সময় তাদের সরাবার জন্য বৃষ্টির মত সোডার বোতল পড়তে থাকে। ৪টার সময় কর্নওয়ালিস স্ট্রীটে পুলিস দাঁড়িয়ে, কিন্তু পুলিশ কোন প্রতিবিধান করে নি। সকাল বেলায় সাড়ে ছয়টার সময় বিশিষ্ট ট্রেড ইউনিয়ন কর্মী শ্রী সনাতন মণ্ডলকে হাওড়া থেকে আনা গুণ্ডারা মারে কংগ্রেস পক্ষ থেকে। আমি নাম করে দিচ্ছি—জহর রায়, অরুণ সান্যাল, বিশ্বনাথ দাস, এইরকম পাকা পাকা গুণ্ডাদের নিয়ে যাওয়া হয়েছিল ভলেন্টিয়ার করে। সকাল বেলায় সনাতন মণ্ডলকে তারা ১৬ নম্বর ওয়ার্ডে মারে। সেখানে যে ফলস ভোট দেওয়া হচ্ছিল একথা আগেই উল্লেখ করা হয়েছে। বাণী চক্রবর্তী ফলস ভোট দেওয়ার বিরুদ্ধে বললে তাঁকে মারল, পুলিশ দাঁড়িয়ে কিছু করল না। তারপর তারা দল বেঁধে ছোটাছুটি করতে লাগল বাণী চক্রবর্তীকে খুঁজে বের করবার জন্য। এই যদি চলে তাহলে ইলেকশানের কি সার্থকতা আছে? এগুলি মন্ত্রিমহাশয় যদি এনকোয়ারী করেন তাহলে বুঝতে পারবেন।

শ্রীমতী বিভা মিত্রঃ স্যার, কালকে ৭৭ নম্বর ওয়ার্ডে ইলেকশান হয়েছে। সেখানে কমিউনিস্ট পার্টি ক্যান্ডিডেট দিল, কংগ্রেস ক্যান্ডিডেট দিল। কিন্তু কমিউনিস্টরা সেখানে এজেন্টদের মারধোর করবেন বলে টেরোরাইজ করেছেন এবং সেই এজেন্টদের আজো সকাল বেলায় টেরোরাইজ করা হয়েছে—কাউকে বলা হয়েছে পা ভেঙ্গে দেওয়া হবে, কাউকে বলা হয়েছে মাথা ফাটিয়ে দেওয়া হবে। ২-৩ জায়গায় ফলস ভোট চলছিল, পুলিশ সেখানে অ্যারেস্ট করেছে। তারপর ছেলেদের মারধোর আরম্ভ করেছেন।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ স্যার, আমার ব্যাপারটা অন্য রকম। হেমিপ্রসাদ বসু যিনি ডি আই আর-এ বন্দী আছেন তিনি হচ্ছেন ক্যান্ডিডেট। কালকে সেখানে সমস্ত দিন ছিলাম। সেখানে কংগ্রেস গুণ্ডারা ইলেকশানের আগের দিন তাঁরাই বাড়িতে বোমা মারে। হেমিপ্রসাদ বসুর ভাই হচ্ছে তাঁর ইলেকশান এজেন্ট, তাঁকে কালকে সাড়ে চারটার সময় রাস্তার উপর গুণ্ডারা অ্যাটাক করল, তারপর বুথ ভেঙ্গে দিয়ে সেখানে তাঁকে মারল। আমি তাঁকে সঙ্গে করে নিয়ে গিয়ে মাথা ফাটা অবস্থায় থানায় ডাইরি করেছি। কালকে ১০টা থেকে বার বার থানায় গেছি এবং বলেছি এরা থ্রেট করছে যে ৩টা সাড়ে তিনটার সময় মারামারি করবে। উনি যেটা বললেন তার পাশের এলাকায় যারা নটোরিয়াস গুণ্ডা বলে পরিচিত তাদের প্রত্যেককে ব্যবহার করা হয়েছে। যাদের আমরা জেলখানায় দেখেছি তাদেরও সেখানে জমা করা হয়েছে এবং বলা হয়েছে তোরা যদি ভোট না দিবি তাহলে তোদের উপর ডি আই আর প্রয়োগ করা হবে। এইভাবে জেলখানার সেইসমস্ত লোককে সেখানে মোবিলাইজ করা হয়েছে। এই হচ্ছে ইলেকশানের পজিসান. এই হচ্ছে কংগ্রেসের ষড়যন্ত্র।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ স্যার, আমি নিজে ঘটনাটা কালকে দেখে এসেছি। ক্যালকাটা নর্থ রোডে কালকে আমি যখন গিয়েছিলাম তখন দেখলাম আমার ঠিক যাওয়ার কয়েক মিনিট আগে, ডাঃ সুবোধ দে প্রগতিশীল নাগরিক ব্লকের ক্যান্ডিডেট ছিলেন. সেখানে তাঁর যেটা অফিস ছিল সেই অফিসের উপর হামলা হল এবং তার পাশে একটা রেশনের দোকান ছিল, তার উপর বোমা ফেলা হল। অথচ পুলিশ সেখানে দাঁড়িয়ে আছে। আরো আশ্চর্যের কথা এই যে, এক ভদ্রলোক একটু প্রতিবাদ করেছিলেন বলে তাঁর একটা প্রেস ছিল সেই প্রেসটাকে তছনছ করে দেওয়া হল, পুলিশ দাঁড়িয়ে আছে। ১৬ নম্বর ওয়ার্ডে গেছি, দেখি সেখানে ফলস ভোট হচ্ছে। একজন দেখাল যে ঐ লাল বাড়ি থেকে ফলস ভোট তৈরি হয়ে আসছে এবং তার পাশে দেখলাম মাননীয় ত্রাণমন্ত্রী বসে। ও'র অবশ্য অনেক রকমের দক্ষতা আছে, অনেক অভিজ্ঞতা আছে এবং উনি রন্ধনশালায় কি করেন জানি না, তবে এইসব বিষয়ে তাঁর অনেক কারুকার্য করার আছে। আমি নিজে কালকে দেখে এলাম। স্যার, আরো দেখলাম যে কতকগুলি গুণ্ডা ঘুরে বেড়াচ্ছে। এই যদি কর্পোরেশান ইলেকশানের অবস্থা হয় তাহলে ১৯৬৭ সালে কি হবে? আমি আপনাদের এইজন্য বলছি যে, আপনারা নিজেরাই এটা চিন্তা করুন। এটা কি গণতন্ত্র? আপনি এই বিষয়ে খুব পারদর্শিনী, আপনি এবং বিজয়বাবু ছাড়া এই বিষয়ে খুব কম লোকই জানেন।

[2-20—2-30 p.m.]

Shri Jiban Krishna Dey:

স্যার, আমি ২৮ নম্বর ওয়ার্ডের কথা বলছি। আমি সেখানে ছিলাম, আমি দেখেছি—হাওড়ার কুখ্যাত গুণ্ডার ৪০ জনের একটা দল, আমি তাদের চিনি, ১৯৬৩ সালে আমরা যখন ডি আই আর-এ জেলে ছিলাম, তখন তারা গুণ্ডামির অপরাধে দমদম জেলে ছিল, দেখলাম তারা সেখানে ঘুরে বেড়াচ্ছে এবং তারা বলছে যে, আমাদের যদি ভবিষ্যতে ধরা না হয়, তাহলে আমরা কংগ্রেসের পক্ষে ফলস ভোট দিতে পারি। কালকে এখানে আমরা মফঃস্বলের লোকেরা কলকাতা কর্পোরেশনের নির্বাচন সাধারণত দেখার সুযোগ পাই না, গতকাল যা দেখলাম—যেভাবে ফলস ভোট দেওয়া হলো, তাতে আমার মনে হয় আর দু-চার বছর পরে অরিজিন্যাল ভোটার থাকবে না, তাদের খুঁজে পাওয়া যাবে না। এইসব গুণ্ডা বদমায়েস পিকপকেট ধরে যদি লাইনে দাঁড় করিয়ে দেওয়া হতো, তাহলে দেখা যেত—চন্দননগরের তিনশো গুণ্ডা এবং হাওড়ার ৪০ জন গুণ্ডার এক দল সেখানে আনা হয়েছে এবং তাদের দিয়ে ফলস ভোট দেওয়া হয়েছে। আমি তাদের নামধাম জানিয়ে দিতে পারি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

স্যার, আমি ওসব কিছু বলছি না, আমি একটা হ্যান্ড বিল পড়ে শোনাচ্ছি। হ্যান্ডবিলে ঠিকানা আছে মন্ত্রী নিবাস, রাজভবন,

March 18, 1965, Shri Ram Dulal Ghosh is our Congress candidate from ward No. 57 in the ensuing Corporation election. Shri Ram Dulal Ghose is known to me for many years as a devoted social worker in the Entally

area. He has sacrificed his entire career and has dedicated his life to the service of the local people in this area for many years. He knows the working of the Corporation and also the civic problems of this Entally area. He is a very capable and an honest youngman, and I hope the people of Entally will accord their fullest support to Shri Ram Dulal Ghose and to the Congress which they have consistently done in the past years.

এটা আমার এলাকায় পড়ে।

Shri Somnath Lahiri:

মিঃ স্পীকার স্যার, আমার দুটি জিজ্ঞাসা—প্রথম হচ্ছে, যে মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন—প্রফুল্লচন্দ্র সেন হিসেবে যা হচ্ছে তাই বলতে পারেন। কিন্তু যখন তিনি বিজ্ঞাপিত করেন মন্ত্রীনিবাসের অধিবাসী হিসেবে, মন্ত্রী হিসেবে তিনি এখানে বাস করছেন। এগুলি সংবিধান সম্মত হোক বা না হোক—এটা নীতিসঙ্গত কিনা সেই প্রশ্ন নিশ্চয়ই উঠতে পারে।

আর একটা হচ্ছে—২৮ তারিখে কর্পোরেশন নির্বাচন হলো, কিন্তু ২৯ তারিখে কাউন্টিং না হয়ে ৩০ তারিখে কেন কাউন্টিং হচ্ছে? ও'দের ২৪ ঘণ্টা সময় না পেলে কি ব্যালট বক্স-এর তালা খুলে ব্যবস্থাদি সম্পূর্ণ তাঁরা করে উঠতে পারবেন না? সেইজন্য কি ২৪ ঘণ্টা সময় নিয়েছেন? একটু তাড়াতাড়ি করতে পারেন, রবিবার থেকে সোমবারের মধ্যে করতে পারেন। তার জন্য এত সময় নেবার কি কারণ থাকতে পারে? এটা আপনার মাধ্যমে আমি ওদের দৃষ্টি আকর্ষণ করছি।

Motion on West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965

Shri Smarajit Bandopadhyay: I beg to move that this Assembly concurs in the recommendation of the Legislative Council that the Assembly do join in the Joint Committee of the Houses on the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, and resolves that the following Members of the Assembly be nominated to serve on the said Joint Committee, namely:—

(1) Shri Parbati Charan Hazra,
(2) Shri Probhakar Pal,
(3) Shri Radhanath Das,
(4) Shri Birendra Nath Chowdhury,
(5) Shri Abani Kumar Basu,
(6) Shri Sushil Kumar Dhara,
(7) Shri Ramendra Kishore Mallick,
(8) Shri Sishuram Mondal,
(9) Shri Jaharlal Banerjee,
(10) Shri Gopikaranjan Mitra,
(11) Shri Ananga Mohan Das,
(12) Shri Syed Abul Mansur Habibullah,
(13) Shri Aswini Roy,
(14) Dr. Kanai Lal Bhattacharya,
(15) Shri A. H. Besterwitch,
(16) Shri Girish Mahatao,
(17) Shri Kashi Kanta Maitra, and
(18) Shri Smarajit Bandopadhyay: (the mover).

স্যার, কোল্ড স্টোরেজ বিল সম্পর্কে আমার মনে হয় যে, বিশেষ বিরোধীতা বা দ্বিমত থাকতে পারে না। কারণ এই হাউসে এবং হাউসের বাইরেও এই কোলড স্টোরেজগুলো নিয়ন্ত্রণের জন্য বহু দাবী বহুবার উত্থাপিত হয়েছে। যারা কৃষির উন্নতি এবং কৃষক কৃষিপণ্যের ন্যায্য মূল্য যাতে পায়, সে বিষয়ে আগ্রহী, তাঁরা এই বিলকে সর্বতোভাবে সমর্থন করবেন। তবে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী এই কোলড স্টোরেজ-এর সুযোগ নিয়ে যে অনেক সময়ে কৃত্রিম মূল্য বৃদ্ধি করে থাকে এবং যার জন্য জনসাধারণ শোষিত হয়—এর অভিজ্ঞতা অনেকের আছে। বিশেষ করে কোলড স্টোরেজ শিল্প, আলু, যে এলাকায় হয় সেখানে যেভাবে সম্প্রসারণ লাভ করছে, তাতে কোলড স্টোরেজ-এর মালিকেরা যাতে কোনরকম দুর্নীতি, কোনরকম অসাধু পন্থা গ্রহণ করতে না পারে, তার জন্য সেই কোলড স্টোরেজ নিয়ন্ত্রণের জন্য আমি এই বিল এনেছি।

বিশেষ করে মাছের ব্যাপারে সম্প্রতি আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে কোলড স্টোরেজ নিয়ন্ত্রণ বিল অত্যন্ত প্রয়োজন, এ বিষয়ে কোন সন্দেহ নেই। তাছাড়া পশুপালন বিভাগের যে-সমস্ত জিনিস আছে, যেমন ডিম, তার জন্যও কোলড স্টোরেজ করতে হয় এবং সেইজন্য আমরা কোলড স্টোরেজ বিল এনেছি। ভারত সরকারের কোলড স্টোরেজ অর্ডার পাশ হয়েছে বটে, কিন্তু সেটা কম্প্রিহেনসিভ নয়। আমাদের রাজ্যে যে বিশেষ অবস্থা আছে তার বিশেষ ব্যবস্থা করবার জন্যই এই বিল এনেছি এবং আশা করি এই বিল হাউসের সকল সাইডের সমর্থন লাভ করবে। আমরা এখন এটাকে সিলেক্ট কমিটিতে প্রেরণ করছি।

Dr. Radhakrishna Singha: Sir, We Independents, consist of 11 members—we are in a group. We find that not even one member of this Group has been included in the Select Committee. We have been completely ignored by the Ruling Party. I do not know why. Sir, this is very deplorable. This is against all decency and decorum of the House.

Shri Jagannath Kolay:

ইন্ডিপেন্ডেন্ট গ্রুপ-এর একজনকে নিয়ে নিতে বলছেন, আমি খগেনবাবুকে দিয়েছিলাম, ওরা এল এস এস পার্টির একজনকে দিয়েছেন কমিটিতে, সেইজন্য অন্যায় করি নি। এল এস এস পার্টির থেকে একজন যেতে চেয়েছেন, সেইজন্যই ইন্ডিপেন্ডেন্টদের বাদ দিয়ে এটা করেছি।

Dr. Radhakrishna Singha: Sir, I cannot accept this explanation because L.S.S. is a completely different Party. Other Opposition Parties, consisting of 5, 6, 11 or 12 members are getting a chance. So, why not we, the Independents, consisting of 11 members get a chance?

Shri Jagannath Kolay:

আপনি যা বলেছেন শুনেছি, অন্যান্য পার্টিদের আমরা গ্রুপ হিসাবে স্বীকার করবো, কিন্তু ইন্ডিপেনডেন্ট যারা তাদের স্ব স্ব পার্টি বলে স্বীকার করতে পারি না। এই বিলে যদিও নেওয়া হয় নি, পরে যে বিল আসবে তাতে নিশ্চয় নেওয়া হবে।

Shri Lakshmi Ranjan Josse: Sir, we have been told by the Minister that we cannot be included on the ground that we are Independent and the Minister speaks as if we are alternate to L.S.S.. Sir, we are not alternate to L.S.S.

Shri Jagannath Kolay: You can join any Party—I have no objection.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, before you put it to vote, may I point out that we do not find this matter included in the list of business which was supplied to us on the 22nd March. This Bill was not included in that list.

[2-30—2-40 p.m.]

২২এ তারিখের যে প্রোগ্রাম দিয়েছেন সেই প্রোগ্রামে এটা ইনক্লুডেড হয় নি, বিজনেস অ্যাডভাইসরি কমিটির তরফ থেকে যেটা দেওয়া হয়েছিল সেই প্রোগ্রাম আমার কাছে আছে, সেই অনুযায়ী তৈরি হয়ে আমরা এসেছি এবং তাতে ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং এরিয়া এটাই কনসিডারেশন এবং পাসিং হবে, এই যে কোল্ড স্টোরেজ বিল এটাতে আমি কিছু বলতে চাচ্ছি না, এটা তো সিলেক্ট কমিটিতে যাচ্ছে। কিন্তু কিছু কিছু সদস্য যারা সিলেক্ট কমিটিতে যাচ্ছেন না, সেই সমস্ত মেম্বাররা বিলটিকে অ্যামেন্ড করার জন্য বিলটি কি শেপ হওয়া উচিত, সে সম্বন্ধে তাঁদের বক্তব্য কি আছে সেটা জানা উচিত, তা না করে এইরকম হুট করে সব পালটে দিয়ে দেওয়া হয় তাহলে অন্যান্য মেম্বারদের উপর ইনজাস্টিস করা হয়। সেজন্য এভাবে পাশ করে নিয়ে যাওয়া যায় না। আমার প্রস্তাব হচ্ছে আর একদিন প্রোগ্রাম করুন, অন্যান্য মেম্বাররা কি বলবে সেটা শুনুন, হুগলির অনেক মেম্বার আছেন যারা সিলেক্ট কমিটিতে ইনক্লুডেড হন নি, তাঁরা এ সম্বন্ধে কি বক্তব্য রাখেন সেটা শুনতে হবে। তারপরে এটা হবে। আর এই বিলটা ২০এ এপ্রিল তারিখের লিস্ট অফ বিজনেসে ইনক্লুডেড আছে, এটা এইরকম ভাবে দিলেন এটা আমাদের বলা উচিত ছিল, আমরা তো প্রস্তুত নই।

শ্রীজগন্নাথ কোলেঃ এই হাউসে এটা ইন্ট্রোডিউস হবার কথা, ঐ হাউসে এটা পাশ হবার পর এখানে আসবার কথা ছিল। তার মধ্যে অনেক মেম্বাররা বললেন যে এটা সিলেক্ট কমিটির থ্রু দিয়ে গেলে অনেক ভাল হয়, এর মধ্যে যে সময় পাওয়া যাবে তার মধ্যে বিবেচনা করে ভাল করে হবে, সেজন্য এটাকে সিলেক্ট কমিটিতে পাঠান হচ্ছে কনসিডার করার জন্য, আর সিলেক্ট কমিটি সমস্ত পার্টির মেম্বারদের নিয়েই করা হচ্ছে।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ কিন্তু হাউসে যেভাবে প্রোগ্রামটা দেওয়া হয়েছিল তা উইদাউট প্রিভিয়াস ইন্টিমেশন-এ তা ক্যানসেল করতে পারেন না, আমাদের ইন্টিমেশন দিতে হবে। উনি অর্ডার পেপার দেখুন এটাই রয়েছে। আমার যতদূর স্মরণ আছে, কাউন্সিলে যেটা পাশ হয়েছে, আগে যেটা পড়েছিলাম তাতে ছিল ২০এ এপ্রিলের মধ্যে রিপোর্ট দিতে হবে, তা সম্ভব নয়। এত স্ট্রেনুয়াস প্রোগ্রামের পর বিশেষ করে কদিন ছুটি থাকছে, আমরা অবশ্য যাচ্ছি ৯ তারিখে ফারাক্কা, সেখান থেকে ফিরতে ১১-১২ তারিখ হয়ে যাবে, তারপর ৫-৭ দিনের মধ্যে এটা করা সম্ভব নয়, ২০এ এপ্রিলের মধ্যে দিতে পারা যাবে না, তাছাড়া এ সম্বন্ধে কোন ডিসকাশন না হয়ে পাঠাতেও পারবেন না, তাহলে আমাদের উপর ইনজাস্টিস হবে। অনেক মেম্বার এ সম্বন্ধে বলতে চান।

শ্রীজ্যোতি বসুঃ এটা পরে করে দিন না।

শ্রীজগন্নাথ কোলেঃ আমার কোন আপত্তি নেই, তবে কথা হচ্ছে এই কানাইবাবু হচ্ছেন সিলেক্ট কমিটির মেম্বার, অথচ তিনিই আপত্তি দিলেন, আমরা এটাই কনভেনশন ঠিক করি যারা নাকি সিলেক্ট কমিটির মেম্বার তারা বেশী কিছু বলবো না।

শ্রীঅশ্বিনী রায়ঃ সিলেক্ট কমিটির মেম্বার থাকলেও বিল সম্বন্ধে হাউসের একটা ওপিনিয়ন থাকা দরকার।

Mr. Speaker: Let it be taken up after the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1964, is passed.

The Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1964.

Mr. Speaker: There are two circulation motions in the name of Shri Balai Lal Das Mahapatra and Shri Sailendra Nath Adhikary. Both are in order and they are taken as moved. Other motions had already been moved on the last occasion.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th May, 1965.

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমার খুব অল্প কথা এটার উপর বলার আছে, কারণ মন্ত্রিমহাশয়, শৈলবাবু যখন সেদিন এই বিলটা আনেন, তখন উনি আমাদের এটা বলেছিলেন যে যেহেতু রিপোর্টটা দেওয়া হয়েছে শ্রী এস কে গুপ্ত, কমিশনার—সেই রিপোর্টটা নিয়ে ও'রা এখনও আলোচনা করছেন, এবং সময় একটু লাগবে সমস্ত বিষয়টা একটা সিদ্ধান্তে পে'ছাতে, সেইজন্য একটা ইন্টারিম মেজার হিসাবে এই আইনটাকে এখানে একটা খসড়া আইন হিসাবে রাখা হয়েছে যাতে সরকার কতকগুলো ক্ষমতা পেতে পারেন, যাতে জমির ব্যবহার উন্নয়ন হয়, এই সব সম্পর্কে। সেদিক থেকে আমার খুব বেশী বলার নেই, কিন্তু আমার একটা আশঙ্কা হচ্ছে কারণ ইতিমধ্যে আমাদের এখানে সেসন চলতে চলতে কয়েকবার সি এম পি ও-র বিভিন্ন বিষয়ের উপর এখানে আলোচনা হয়েছে এবং একটা প্রশ্নোত্তর বোধ হয় এখানে ছিল, শ্রীরবীন মুখার্জির একটা প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী মহাশয়, তিনি কতকগুলো কথা বলেছিলেন তাতে আমার আশঙ্কা হচ্ছে যে সি এম পি ও-র যে পরিকল্পনা, তার কোনও স্থিরতা নেই, তার কোনটা কবে হবে এবং কিভাবে সেগুলো আমরা পরিপূর্ণ করবো এবং কবে সুরু হবে, কবে শেষ হবে, এইগুলো কেউ জানে না। সেইজন্য আজকে আমরা সি এম পি ও-র রিপোর্টে আমরা দেখছি যে দীর্ঘমেয়াদী কতকগুলো বিষয়বস্তু আছে আর স্বল্পমেয়াদী কতকগুলো বিষয়বস্তু আছে। এখন এমন কি স্বল্পমেয়াদী যেগুলো, সেগুলোও কেউ আমরা জানি না আজ অবধি যে সেগুলো কি হবে? ফেটটা কি? কোথায় গিয়ে তারা দাঁড়াবে? কবে কি হবে আমরা কিছুই বুঝতে পারছি না। এখন এই কারণে আমাদের এই যে জমি ব্যবহার নিয়ন্ত্রণ করা, এইগুলো প্রাইভেট কোনও ব্যক্তি কারা বা সরকারের কেউ যারা এই সব করবেন কলকাতায় এবং তার আশেপাশে এতবড় একটা অঞ্চল নিয়ে, সেগুলো সরকার বাধা দিতে পারবেন ঠিক, যখন ও'রা বলছেন হেফাজার্ড গ্রোথ যাতে না হয়, ঠিক কথা, কারণ যেভাবে এটা হচ্ছে এতদিন ধরে, আইন হয়তো অনেক আগেই করা উচিত ছিল যাতে এইভাবে না হয়, কারণ আমরা কলকাতার দক্ষিণদিকে দেখতে পাই যেমন টালিগঞ্জ, যাদবপুর এইসব অঞ্চল যে হয়েছে, যেহেতু সরকার কোনওরকম হস্তক্ষেপ কোনওদিন করেন নি, সেইজন্য সেখানে ইতিমধ্যে বস্তী দাঁড়িয়ে গেছে। সেখানে মধ্যবিত্ত অধ্যুষিত সমস্ত অঞ্চল—পাকিস্তান থেকে এসেছেন হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ সেখানে বাস করেন, কিন্তু সেখানে যদি গিয়ে আমরা দেখি, দেখবো যে ২টো বাস সেখানে পাশাপাশি চলতে পারে না, ফুটপাথ নেই এমন অবস্থার মধ্যে তাঁরা রয়েছেন এবং ঐ অঞ্চলে জীবনে কখনও যতই পরিকল্পনা করুন, কিছুই হবে না—বস্তী দাঁড়িয়ে গেল। যেমন ৫০ বছর ৬০ বছরের বস্তী আছে, সেইরকম বস্তী ওখানে দাঁড়িয়ে গেল, এটা আমরা দেখেছি। সেইজন্য এটা সবাই নিশ্চয়ই চাইবো যে আর একটু পরিকল্পিতভাবে, নতুন অন্তত এলাকার আশেপাশে কলকাতার যেসমস্ত আছে, সেখানে ব্যবস্থা হবে এবং অন্তত এইভাবে যাতে গ্রোথ না হয় সেখানে যাতে পার্ক হয়, একটু বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে সেখানে যাতে আলো বাতাসের ব্যবস্থা থাকে এইরকমভাবে বসতি গড়ে উঠুক, সেখানে কলকারখানা কোথায় হবে, সেই এলাকা ঠিক কি, আর মানুষ কোথায় বাস করবে, সেই এলাকাগুলো এইরকমভাবে আলাদা হ'ক, এইরকম আমি চাই, কিন্তু দুঃখের বিষয় সুষ্ঠু পরিকল্পনা সরকারের যা আমরা দেখছি, বিশেষ করে সি এম পি ও-র কথা আমি বলছি, কিছুই আমি বুঝতে পারছি না, তাহলে এমন কিছু হতে পারে, যেটা আমার আশঙ্কা, যার জন্য আমি বলতে উঠেছি যে সরকারও কিছু করলেন না, আর এমনভাবে কন্ট্রোল করলেন যেখানে লিখেছেন ইনডিভিডুয়েল এরিয়া আমরা করে দেবো, যে সেখানে কোনও রাস্তাঘাট বা ঘরবাড়ী এই সব করতে হলে সরকারের অনুমতি নিতে হবে, কন্ট্রোলার-এর অনুমতি নিতে হবে। তাই যদি হয় সরকারও কিছু করলেন না আর ও'রাও কিছু করলেন না। ও'রাও যদি বলেন আপনাদের কি পরিকল্পনা বলুন সেই অনুযায়ী আমরা প্রাইভেট যা ব্যবস্থা করার করবো, সেই ব্যবস্থার মধ্যে

ওদের যেতে দেবেন না। যাঁরা প্রাইভেট কিছু করতে চান, ব্যক্তিগতভাবে কিছু করতে চান, তাঁদের তাঁরা দেবেন না। আর সরকার নিজে থেকে কিছু করবেন না। বছরের পর বছর তাহলে কি দাঁড়াবে? এটা আমরা বুঝতে পারছি না, সরকার সমস্ত আটকে রেখে দেবে? সমস্ত ডেভেলপ-মেন্ট ওয়ার্ক প্রাইভেট-এ যদি কেউ করতে চায়, আর সরকার নিজে কিছু করবেন না, আর পারমিশান সম্পূর্ণ সরকারের উপর নির্ভর করবে? সরকার সেটা দিতেও পারেন, নাও দিতে পারেন। এই যে একটা অনিশ্চিৎ অবস্থার মধ্যে আমরা যাচ্ছি, এই অবস্থা আমার একেবারে ভাল লাগছে না। এবং আমার আশঙ্কা হচ্ছে যে যেটুকু প্রাইভেট ইনিসিয়েটিভ-এ, প্রাইভেট-এর উদ্যোগে যেটুকু হতে পারে, তাও হয়তো সরকার বাধা দেবেন, কারণ আমি মনে করি যে সরকার তো সবকিছু করে দেবেন না, কাজেই যদি এমন হয় যে, প্রাইভেট ইনিসিয়েটিভ-এ যদি কেউ কিছু করতে পারেন, সরকার সেটা নিয়ন্ত্রণ করতে পারেন, কিন্তু সরকার তার অনুমতিটা সেই নিয়ন্ত্রণের মধ্যেই সেটা নিশ্চয়ই দেওয়া উচিত। কিন্তু আমার আশঙ্কা হচ্ছে, সরকার যেভাবে সব কাজ করেন, যে এইগুলো হয়তো তারা দেখেন না, সেইজন্য এই যে একটা অথরিটি বা পাওয়ার আমরা দিচ্ছি সরকারকে আইনের মাধ্যমে, এটা দেবার পর যদি এইরকম কাণ্ডকারখানা হয়, তাহলে আমার মনে হয় যে খুব মারাত্মক ঘটনা ঘটবে। এবং এটা শুধু কলকাতার জায়গায় নয়, কলকাতার হয়তো বেশী জমি নেই যে কিছু করতে পারবে, কিন্তু আশেপাশে যে একটা বিরাট বিস্তৃত অঞ্চল জুড়ে এই মেট্রোপলিটান যে এরিয়া, যেটাকে বলা হচ্ছে, তাহলে এখানে কোনও গ্রোথ, কোনও এডভান্সমেন্ট কোনও ডেভেলপমেন্ট হয়তো হবে না, সি এম পি ও করবে না, অন্য কিছু হবে না, সেইজন্য আমার একটা মনে হচ্ছিল যদিও আমি এখানে এটার জন্য কোনও অ্যামেন্ডমেন্ট দিইনি, কিন্তু এটা আমি মন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে বলি যদি আমাদের এই এখান থেকে এইরকম কোনও একটা বডি জনসাধারণের প্রতিনিধি হিসাবে আমাদের বিরোধীপক্ষ বা সরকারপক্ষের যাঁরা আছেন, এইসব নিয়ে যদি একটা কমিটি করতে পারেন, যাঁরা অন্তত নাকি অ্যাডভাইসরি ক্যাপাসিটিতে ঐ কন্ট্রোলার বা যিনি এইসব নিয়ন্ত্রণ করবেন, তাঁর সঙ্গে যদি থাকতে পারতেন তাহলে হয়তো ভাল হত। তা না হলে একেবারে ডিপার্টমেন্ট এইরকম একটা সুপ্রীম অথরিটি করে দিলে, এইরকম একটা লোক নিয়ে তাহলে আমার মনে হয় যে আশঙ্কা থেকে যাচ্ছে যে সরকারও কিছু করবেন না, কারণ সি এম পি ও-র কিছু হল না আর প্রাইভেট-এ যাঁরা করতে চান, তাঁরাও করবেন না, একটা অদ্ভুত ব্যাপার দাঁড়াবে। আবার তাদেরই মধ্যে ফেভারিটিজম আসবে নেপোটিজম আসবে, এসে একটা মারাত্মক ঘটনা এই বিল-এর মারফত এসে দেখা দিতে পারে, যখন আইনে পরিণত হবে, এই হচ্ছে আমার আশঙ্কার কথা, তাই মন্ত্রিমহাশয়কে বলি যে এটা অন্তত ভেবে দেখবেন যে এইরকম একটা করা যায় কিনা, যাতে এই আশঙ্কাটা আমাদের না থাকে, আর আপনার সি এম পি ও, যার জন্য এটা করছেন, এটা দয়া করে বারবার বলছি, একটা কমিটি মিটিং তো ডাকলেন না কোনওদিন। সি এম পি ও-র যে একটা কমিটি আছে, একদিন অন্তত ডাকুন তাদের, আমরা তো একজন দুজন আছি, তার মধ্যে সবাই তো নেই, বিরোধীপক্ষের যাঁরা আছেন তাঁরাও কিছু জানেন না, যে কি দাঁড়াবে? কি হবে? কি করা হবে? কিছুই আমরা বুঝতে পারছি না। এই জিনিস আমি দেখছি, অথচ ইতিমধ্যেই আমি আবার বলছি যে কতকগুলো অঞ্চল দেখেছি কলকাতার আশেপাশে, জানি না এরপর কোনও উন্নতি হবে কিনা? কিন্তু সেখানে সেই বস্তী গড়তে আরম্ভ করেছে, বস্তী গড়ছে, এখানে বস্তী এইজন্য গড়ছে না, তারা বস্তী গড়তে চান বলে, কারণ কেউ তো জানেন না এমন জায়গায়

[2-40—2-50 p.m.]

বাড়ী ঘরদোর হচ্ছে, যখন পরে হয়তো সি এম পি ও থেকে—এরই মধ্যে এলাইনমেন্ট-এর মধ্যে পড়ে গেছে বা পরবর্তীকালে হয়তো সরকার বলবেন যে এইগুলো আমাদের চাই, এইগুলো কেন আপনারা গড়লেন? আমি এইরকম জায়গাও দেখেছি, যে তারা জিজ্ঞাসা করেন আমরা বলতে পারি না যে আমরা শুনেছি এইগুলো হয়তো করতে পারে, করবে কিনা, ইত্যাদি—মেপেজুপে গেছে, সি এম পি ও থেকে এসে, কিন্তু তা তো আমরা শুনিনি এইরকম কথা পর্যন্ত আমার বিভিন্ন অঞ্চলে শুনেছি। আর ল্যান্ড স্পেকুলেশন-এর কথাই তো নেই, সে তো নানাভাবে—সেখানে অন্তত মধ্যবিত্ত বাঙ্গালীর জমি জমা কেনা সুদূর পরাহত, এই সমস্ত হয়ে যাচ্ছে চারিধারে আমরা দেখতে পাচ্ছি, সেইজন্য আমার মনে হয় যে সম্পূর্ণ পরিকল্পনার অভাব

সরকারের। তারা কখন কি করবেন, কি কো-অর্ডিনেটেড পলিসি সরকারের, কোনও জিনিস তারা আজ পর্যন্ত ঠিক করে নিতে পারেন নি, হঠাৎ কেউ মাথায় দিয়ে দিয়েছে, যে এইরকম একটা আইন করুন, অন্তত ক্ষমতাটা নিয়ে রাখুন, আইনটা এখানে নিয়ে এসেছেন, কিন্তু আইনের সঙ্গে যে কত কি জড়িত, সেটা আজ অবধি কেউ চিন্তা করে দেখেন নি।

আমি বলব যে এখনও সময় আছে, অন্তত এইভাবে যদি করেন একটু সিরিয়াসলি তাহলে অনেক জিনিস ত্বরান্বিত হতে পারে। এইভাবে আর হোল্ড আপ করে রাখবেন না, যেহেতু সি এম পি ও কিছু করছেন না। এই কথাগুলি আশা করি মন্ত্রিমহাশয় চিন্তা করে দেখবেন।

শ্রীহেমন্তকুমার বসু: স্যার, এস কে গুপ্ত কমিশন-এর রিপোর্ট আমরা পেলাম না—সেই রিপোর্ট প্রচারিত করা হল না। অথচ সেই রিপোর্ট-এর বেসিসে একটা বিল আমাদের সামনে হাজির করা হল। এই বিল যে উদ্দেশ্যে আনা হয়েছে সেই উদ্দেশ্যের সঙ্গে আমাদের দ্বিমত নেই। কিন্তু আইনে যেভাবে ক্ষমতা নেওয়া হচ্ছে সেই ক্ষমতা সম্পূর্ণভাবে কন্ট্রোলার-এর হাতে দেওয়া হচ্ছে এবং জমিজমা রেসিডেন্সিয়াল, ইন্ডাস্ট্রিয়াল, কমার্সিয়াল, এগ্রিকালচারাল ইত্যাদির সমস্ত জমি নেবার অধিকার তাঁর থাকবে। এর দ্বারা বহু লোক বাড়ীহারা হবে, অনেকের ব্যবসা-বাণিজ্য নষ্ট হবে, অনেক শিল্প নষ্ট হবে এবং অনেক চাষের জমি নেওয়া হবে। এই যে সমস্ত নেওয়া হবে এর বিরুদ্ধে যে একটা অলটারনেটিভ করা নেই অলটারনেটিভ কোন ব্যবস্থা করা হবে না। কাজেই এদিক থেকে ভয় হচ্ছে আইনে বিধিবদ্ধ করা হচ্ছে। কিন্তু সি এম পি ও এ পর্যন্ত কি করেছে তার কোন রিপোর্ট আমাদের সামনে নেই এবং এস কে গুপ্ত কমিশন-এর রিপোর্ট আমাদের কাছে নেই। অথচ এইরকম আইন হচ্ছে। সরকার অনেকের অনেক জমি নিচ্ছেন, কিন্তু তাঁরা কমপেনসেসান পাচ্ছেন না, তাঁরা কোন অলটারনেটিভ ব্যবস্থা পাচ্ছেন না। স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট-এ বলা হয়েছিল তাদের বাসস্থানের ব্যবস্থা করবেন। আমরা বলেছিলাম যে সমস্ত বস্তীবাসী সরকারের প্ল্যান অনুসারে তারা নিজেরাই ডেভেলপমেন্ট করে নেবে তাদের সেই সুযোগ দেওয়া উচিত। কিন্তু সরকার সেটা গ্রহণ করেন নি—রিজেক্ট করেছিলেন। অথচ স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অনুসারে যে ডেভেলপমেন্ট হওয়া উচিত সেইভাবে হয়নি। বস্তীগুলির অত্যধিক দুর্দশা—অস্বাস্থ্যকর অবস্থায় চারিধারে বসন্ত আরম্ভ হয়েছে। কাজেই এই যে জমি, ঘরবাড়ী নেওয়া হবে, চাষের জমি নেওয়া হবে, ইন্ডাস্ট্রি নেওয়া হবে, কমার্সিয়াল ব্যাপার যেগুলো, সেগুলো নেওয়া হবে, কিন্তু নিয়ে তাদের জন্য অলটারনেটিভ কোন ব্যবস্থার কথা নেই। তারা যে জীবিকা থেকে, ব্যবসা থেকে, ইন্ডাস্ট্রি থেকে বঞ্চিত হবে তার কি ব্যবস্থা হবে? তারা তো আশ্রয়শূন্য হবে, এগ্রিকালচারাল-এর জমি নেওয়া হবে তাদের কি অলটারনেটিভ ব্যবস্থা করা হবে সে সম্বন্ধে কোন কথা নেই। সরকার নোটিশ দিয়ে জমি দখল করবেন, অথচ বহুদিক প্ল্যান মত কাজ হবে না এবং তাতে বহুলোকের এই আইনের দ্বারা ক্ষতি হবে। এই জমিগুলি যদি তাদের কাছে থাকতো তাহলে হয়ত সরকার যে প্ল্যান অনুসারে কাজ করবেন তার পূর্বে তারা সেখানে চাষ করতে পারে, ব্যবসা করতে পারে। কিন্তু সেই জমিগুলি নিয়ে ফেলে রাখা অন্যায়। সেদিক থেকে আমি মনে করি এই যে বিল এসেছে এই বিলের সঙ্গে একটা প্ল্যান, এস কে গুপ্ত কমিশন-এর রিপোর্ট আমাদের কাছে না দিয়ে এটা আইনে পাশ করে দেওয়া ঠিক নয়। এই বিলে কিছু নেই খালি কতকগুলি জমি দখল করা হবে। কমার্স, ইন্ডাস্ট্রি ইত্যাদি জমিগুলি কি করে দখল করবে এই ব্যাপারে বিল আনা হয়েছে।

[2-50—3 p.m.]

কিন্তু এই জমিগুলি দখল করে কি প্ল্যান মত তারা কাজ করবেন—কিভাবে কলকাতার শহরের ডেভেলপমেন্ট করবেন সে বিষয়ে এর মধ্যে কিছু নেই—এইজন্য আমার এই বিলে যথেষ্ট আপত্তি রয়েছে এবং যতদিন পর্যন্ত এই বিলেতে যে সমস্ত লোকের জমি বা ঘরবাড়ী নেওয়া হবে যাদের শিল্প নষ্ট হবে তাদের অলটারনেটিভ এ্যাকমডেসন না হয় ততদিন পর্যন্ত আমরা এই বিলকে সমর্থন করতে পারি না। কারণ কতকগুলি তাদের আশ্রয় থেকে বঞ্চিত হবে তাদের জীবিকা থেকে বঞ্চিত হবে এই আইনের দ্বারা—এবং সেখানে অলটারনেটিভ কোন ব্যবস্থা নেই। অনেক সময় বলা হয়েছে যে তাদের যদি জমি নেওয়া হয় তাদের ব্যবসা থেকে যদি বঞ্চিত করা হয় তাহলে তাদের অলটারনেটিভ ব্যবস্থা করা হবে—কিন্তু তা করা হয়নি। সেইজন্য ভয় হচ্ছে—

নিশ্চয়ই এই আইন সঙ্গত আইন এবং বাস্তবিকই কলকাতা শহরের যেসব জায়গা এখনও ডেভেলপমেন্ট হয়নি—নিশ্চয়ই ডেভেলপমেন্ট হওয়া উচিত। কিন্তু আমাদের ভয় হচ্ছে জমিজমা যাদের নেওয়া হবে—সেই সমস্ত লোকই এ্যাফেকটেড হবে—তাদের জন্য কোন ব্যবস্থাই এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি না। সেই জন্য বিল সম্বন্ধে আমাদের যথেষ্ট আপত্তি রয়েছে।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় স্পীকার মহাশয়, এই বিল জনমত সংগ্রহের জন্য প্রচারিত হোক এই হচ্ছে আমার সাজেসসন। এই বিল কলকাতা মেট্রোপলিটন অঞ্চলে ২৪-পরগনা, হাওড়া, হুগলী, নদীয়া এবং কলকাতা এই এতগুলি জেলার বিরাট অংশ মেট্রোপলিটন অঞ্চলে সেই বিরাট অঞ্চলে জমি ব্যবহার সম্পূর্ণরূপে নিয়ন্ত্রণ করবার ক্ষমতা একজন সরকারী অফিসারের অর্থাৎ কন্ট্রোলারের হাতে তুলে দেওয়া হচ্ছে—এই হচ্ছে মোদ্দা কথা এই বিলের। এখন যদি উন্নয়নের উদ্দেশ্যে এই নিয়ন্ত্রণ করা হয় তাহলে কেউ আপত্তি করবে না। কিন্তু মুসকিল হচ্ছে এই যে, যে উন্নয়নের কথা তোলা হয়েছে এখন সি এম পি ও মারফত সেই উন্নয়ন কি—তার চেহারা কি দাঁড়াবে তা আমরা কেউ জানি না—এমন কি যে সি এম পি ও অর্গানাইজেসন করা হয়েছে এবং তার ভবিষ্যত কি তা আমরা এখনও জানি না। এবারের বাজেট বক্তৃতায় শৈলবাবু বলেছিলেন যে আমরা ১০১ কোটি টাকা সি এম পি ও-র জন্য বরাদ্দ করতে চাই। কিন্তু চাইলেই যে করা যাবে তার কোন গ্যারান্টি নেই। কারণ তাঁর কথা হোল যে এই ১০১ কোটি টাকার মধ্যে ৭০ কোটি যদি কেন্দ্রীয় সরকার দেন—তবে তাঁরা ৩০ কোটি টাকা দেবেন। এবং প্ল্যান অনুসারে কাজ হবে। এখন কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত একবারও বলেন নি যে ৭০ কোটি টাকা দেবেন। সুতরাং যদি ঐ ১০১ কোটির পরিকল্পনা এ্যাট অল নাও হয় তাহলে আমাদের বলতে পারি না যে সে সব মিথ্যাও হতে আবার নাও হতে পারে ৫ কোটি টাকা দিতে পারি—কিছুই আমরা জানি না। একটা সম্পূর্ণ আন্দাজের উপর। কাজেই সি এম পি ও-র উদ্দেশ্য কি—কি উন্নয়ন তারা করবেন তা আমরা এখনও পর্যন্ত আন্দাজ করতে পারলাম না অথচ সেই উদ্দেশ্যে পশ্চিম বাংলার প্রায় ½ অংশ জমি, জমির ব্যবহার একজন সরকারী অফিসারের হাতে তুলে দেওয়া হোল—এ একটা অদ্ভুত ব্যাপার। ধরুন সি এম পি ও যেটুকু হয়েছে তার যে সমস্ত পরিকল্পনার কাজ আরম্ভ হয়েছে--সেগুলি এখনও পর্যন্ত পাবলিকের কাছে বিশেষ কিছু প্রকাশিত করা হয় নি। এর আগে আমি একদিন বক্তৃতাপ্রসঙ্গে যেসব পয়েন্ট তুলেছিলাম তার জবাবে আমাকে শৈলবাবু বলেছিলেন যে আমরা কয়েকটি এক্সিকিউট করেছি—যেমন দমদম ওয়াটার সাপ্লাই অমুক তমুক। এখন এগুলি কোনটাই সি এম পি ও-র আমলের পরিকল্পনা নয়। এগুলি সব আগের দিনের ভোর কমিটির বা অন্যান্য যে সমস্ত সুপারিশ, প্ল্যান ছিল সেগুলি একটু অদলবদল করে ছোটখাটো কয়েকটি প্ল্যান এক্সিকিউট করা হয় সি এম পি ও-কে দিয়ে। কিন্তু সি এম পি ও এমন কিছু ব্যাপক পরিকল্পনা এখনও পর্যন্ত তৈরী করে পাবলিকের কাছে জানান নি এবং তাঁর একজিকিউসন আরম্ভ করেন নি যার জন্য সি এম পি ও-র পরিকল্পনা কি হবে তা বুঝতে পারছি না। যা এদিক ওদিক শুনি তাতে মনে হয় তাদের কলকাতা শহরে বহু পরিকল্পনা আছে যা পিওর গাঁজার ভিত্তিতে প্রস্তুত কারণ এর আগে একদিন উল্লেখ করেছিলাম যে তাদের একটা পরিকল্পনা আছে যেটা মহম্মদ তোগলকের মত একটা সমান পরিকল্পনা যে গঙ্গার দু ধার থেকে সমস্ত কারখানা ইত্যাদি উঠিয়ে অন্যত্র চালান করে দেওয়া হবে—এবং গঙ্গার দুই ধারে প্রকাণ্ড রাস্তা হবে, কুঞ্জবন হবে ইত্যাদি এই ধরনের সব আকাশকুসুম পরিকল্পনা যা আকাশেই পাকবে মাটিতে কোনদিনই নামতে পারবে না যা একমাত্র মহম্মদ তোগলকের মত লোক করতে পারে। তার পর একটা শুনেছি স্যাটেলায়েট টাউন পরিকল্পনা করবেন—তাতে ৫ পারসেন্ট রেখেছেন কারখানা ইত্যাদি করবার জন্য। সুতরাং সেই পরিকল্পনাগুলি যেহেতু স্যাটেলায়েট টাউনে সেখানের অধিবাসীদের রুজিরোজগারের কোন ব্যবস্থা করতে পারবেন না—কারণ তারা কারখানা স্থাপন করতে পারছেন না সেইহেতু তারা সব কোলকাতায় চলে আসবে রুজিরোজগারের জন্য। কাজেই সেই পরিকল্পনা যে বানচাল হবে এ আন্দাজ করা খুব কঠিন নয়। সে যাহোক আমরা মোটের উপর পরিকল্পনাগুলিকে এখনও পর্যন্ত জানি না। অথচ সি এম পি ও-র পরিকল্পনাগুলি আমাদের জানানো হোল না—কি উন্নয়ন হবে লোককে জানানো হোল না। কিন্তু তার আগে তুমি তোমার বাড়ী করতে পারবে না, তুমি ওখানে বাড়ী করতে পারবে কি না পারবে ওখানে পুকুর কাটতে পারবে কি না পারবে—কৃষি কার্যের জন্য ওখানে তুমি জমি নিয়োগ করতে পারবে কিনা—তার সম্পূর্ণ ক্ষমতা তুলে দেওয়া হচ্ছে একজন সরকারী অফিসারের হাতে

যার নাম দেওয়া হয়েছে কন্ট্রোলার। অর্থাৎ ঘোড়ার কোন খোঁজ নেই—চাবুক হয়ে গেল খুব মজবুত এবং সে চাবুক পাবলিকের গায়ে অনবরত চালাবার জন্য একজন ঘোড় সোয়ার তৈরী হয়ে গেল তার নাম কন্ট্রোলার তিনি ঘোড়া ব্যতিরেকে চাবুক চালাবেন লোকের উপর এই হোল এই পরিকল্পনার কথা। সুতরাং জ্যোতিবাবু যে কথা বলেছেন সেটাও সত্য যে সি এম পি ও কবে কোথায় কি হবে জানি না। ইতিমধ্যে লোক যদি নিজেদের চেষ্টায় কিছুটা উন্নতি করবার চেষ্টা করে, নিজেদের আশ্রয় তৈরী করার চেষ্টা করে নিজের কৃষি জমি বলুন বাস জমি বলুন কারখানা করার কথা বলুন—সেই ক্ষমতা থেকে তাকে বঞ্চিত করা হচ্ছে। সুতরাং সি এম পি ও নিজে আজ পর্যন্ত কিছু করেন নি এবং ভবিষ্যতে কি করবেন তারও কিছু নিশ্চয়তা নেই—কিন্তু তোমাদের কোন ক্ষমতা থাকবে না কিছু করবার আমার অনুমতি ছাড়া। এটা অত্যন্ত অন্যায় জিনিস বলে আমরা মনে করি। তাছাড়া এতে কি হবে?—সি এম পি ও তাদের উন্নয়ন পরিকল্পনার কথা কিছু প্রচার করেন নি অথচ ক্ষমতা নিয়ে রাখছেন। এখন লোকে জমি কিনে যখন কিছু করতে যাবে সেই জমিতে তখন তারা গিয়ে মুসকিলে পড়বে—কন্ট্রোলার চাবুক নিয়ে গিয়ে হাজির হবেন—তুমি জমি কিনেছো—কিন্তু তোমাকে কিছু করতে দেওয়া হবে না। কাজেই লোকদের শুধু শুধু মুসকিলে ফেলা হবে এই হচ্ছে ব্যাপার। তার পর দেখুন কলকাতার যে অবস্থা তাতে তার উন্নয়ন করতে হলে শুধু জমির ব্যবহার নিয়ন্ত্রণ করলেই হয় না, জমির মালিকানা নিয়ন্ত্রণ করাও প্রয়োজন। কলকাতায় এতো বস্তি আছে যে বস্তির মালিক হলেন বড় বড় জমিদার এবং কৃষক অঞ্চলে জমিদারী আইনের বলে ঠিকা প্রজা আইনের সুবিধা নিয়ে তারা একেবারে দণ্ডমুণ্ডের কর্তা হয়ে বসে আছেন। বস্তির অধিবাসীদের যখন খুশী তুলে দিতে পারেন—সেই যে ক্ষমতা—লক্ষ লক্ষ বিঘা জমির উপর এক একজন মানুষের কর্তৃত্ব সেই জমির মালিকানার উপর নিয়ন্ত্রণের কোন ব্যবস্থাই তো এর মধ্যে আসছে না এবং জমির যে দাম হচ্ছে কলকাতায় তাও আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন। সেদিন দেখলাম ৪ লক্ষ টাকা দিয়ে এক এক কাঠা জমি কোথায় বিক্রি হয়েছে। অত্যন্ত বাজে এলাকাতেও ২০।৩০।৪০ হাজার টাকার কমে জমি পাওয়া যায় না। এই যে জমির দাম কলকাতায় প্রচণ্ড রকম বেড়ে যাচ্ছে—তারা একটা নিয়ন্ত্রণের বিল আনলেন অথচ জমির দাম নিয়ন্ত্রণের জন্য কোন ব্যবস্থা করছেন না, জমির মালিকানাও নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা হচ্ছে না। অর্থাৎ মালিকশ্রেণীর যাদের ভোটের উপর কংগ্রেসের অস্তিত্ব নির্ভর করছে সেই সমস্ত কালো টাকার মালিকরা যথেচ্ছভাবে জমির দাম বাড়িয়ে যেতে পারেন—কিন্তু তাদের গায়ে হাত দেবেন না। আমি একজন ছাপোষা গেরস্থ যদি বাড়ীটা বাড়াতে চাই বা ছোট্ট একটা কারখানা করতে চাই, আমার গলার টুঁটি টিপে ধরবেন তার জন্য এই বিলটা আসছে, এটা একটা অবাক কাণ্ড। কাজেই এই বিলের উদ্দেশ্যের সাধুতা সম্বন্ধে এবং বাস্তবতা সম্বন্ধে আমাদের কিছুটা আশা হোত যদি আমরা দেখতাম যে জমি ব্যবহারের সঙ্গে সঙ্গে জমির দাম ও মালিকানা নিয়ন্ত্রণের ব্যবস্থা এর মধ্যে গ্রহণ করছেন।

[3—3-10 p.m.]

কিন্তু সেখানে রাইট টু বিগ প্রাইভেট প্রোপার্টি সম্পূর্ণরূপে সুরক্ষিত করে রেখেছি, আর অন্য ব্যাপারে আমরা নিজেদের ক্ষমতা নিয়ে মানুষকে বঞ্চিত করবার দিকে এগিয়ে যাচ্ছি। আমি আশা করেছিলাম ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেসান এবং এই বিলে অন্তত কলকাতা শহরে যেখানে জমি পাওয়া খুবই মুসকিল এবং জমির প্রচণ্ড দাম সেখানে জমির উচ্চতম সীমা নির্ধারণ করে দেওয়া হবে, এইরকম কোন কথা এর মধ্যে আসবে। কিন্তু তার পর্যন্ত কোন উল্লেখ নেই। মালিকানা নিয়ন্ত্রণ দূরের কথা মালিকানার সীমা বেঁধে দেওয়ার কোন ইচ্ছা এর মধ্য দিয়ে প্রকাশিত হল না। সম্প্রতি কলকাতা সম্বন্ধে প্রশ্নোত্তোর থেকে জানা গেছে ৪ কোটি টাকা মূল্যের জমি দখল করে আছে এইরকম একজন লোকও কলকাতায় আছে, অবশ্য তার নাম প্রকাশিত হয় নি। ফলে জমির দাম অত্যন্ত চড়ে যাচ্ছে, তার উপর কোন কন্ট্রোল আনা যাচ্ছে না। তারপর এই যে নিয়ন্ত্রণ ব্যবস্থা করেছেন সেই ব্যবস্থা খুব ক্ষতি করবে এইজন্য যে একজন কর্মচারী যাঁকে কংগ্রেস সরকার নিযুক্ত করবেন সেই কর্মচারী হবেন জমির মূল্যের সম্পূর্ণ দণ্ডমুণ্ডের কর্তা, তাঁর উপর আর কেউ নাই, তিনি যা ইচ্ছে করতে পারবেন। কেন এমন হবে? এতবড় একটা এলাকা যেখানে পশ্চিমবঙ্গের ⅓ অংশ লোক বাস করে, যেটা পশ্চিমবঙ্গের সবচেয়ে সমৃদ্ধ অঞ্চল তার উন্নয়নের জন্য যে পরিকল্পনা হবে সেই পরিকল্পনায় অন্যান্য যেসব স্বায়ত্ত-

শাসনশীল প্রতিষ্ঠান তাদের কোন বক্তব্য রইল না, তাদের কোন অধিকার রইল না। তার কারণ বিভিন্ন মিউনিসিপ্যালিটি তাদের আইন অনুসারে কিছু কিছু জমি নিয়ন্ত্রণ করে ব্যবহার করতে পারে কিন্তু উন্নয়ন কাজে তাকে সম্পূর্ণরূপে প্রয়োগ করতে পারে না। তার কারণ তাদের হাতে যথেষ্ট টাকা নেই। সরকার আইন করে এমন সুবিধা করে দেননি যাতে তারা টাকা পেতে পারে। তাদের সেই অর্থাভাবের অজুহাত নিয়ে তাদের বঞ্চিত করে সমস্ত অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। এতবড় অঞ্চলের জমি ব্যবহার করার অধিকার দিয়ে দেওয়া হচ্ছে একজন আই এ এস বা আই সি এস অফিসারের হাতে যাঁকে স্বভাবতই কংগ্রেস মন্ত্রীমণ্ডলী পরিচালিত করবেন অর্থাৎ কংগ্রেস দ্বারা চালিত একজন অফিসারের হাতে কলকাতা শহর থেকে আরম্ভ করে পশ্চিমবঙ্গের সমস্ত অঞ্চল এই প্রকাণ্ড অঞ্চলের জমি নিয়ন্ত্রণের ক্ষমতা তুলে দেওয়া হচ্ছে।

আমি বুঝতাম যদি তার মধ্যে অন্তত স্বায়ত্তশাসনশীল প্রতিষ্ঠান যে সমস্ত বিভিন্ন এলাকার আছে, এগুলি তাদের অঞ্চলে ন্যস্ত থাকতো, তাঁদের অধিকার পর্যন্ত সম্পূর্ণরূপে কেড়ে নেওয়া হচ্ছে এবং কেড়ে নিয়ে একটা কোটারীর আণ্ডারে একটি অফিসারকে দাঁড় করান হচ্ছে সম্পূর্ণ দণ্ডমুণ্ডের কর্তা হিসেবে। এর মত সম্পূর্ণ অগণতান্ত্রিক, এর মত জবরদস্ত, এর মত আমলাতান্ত্রিক এবং স্বেচ্ছাচার কংগ্রেসের আর কিছু হতে পারে না। সেইজন্য আমি সাজেস্ট করছি আপনারা অন্তত একটা কো-অর্ডিনেশন কাউন্সিল করতে পারতেন, যে কো-অর্ডিনেশন কাউন্সিল-এ বিভিন্ন স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা থাকতে পারতেন, রাজনৈতিক দলের ও যথাসম্ভব প্রতিনিধিরা থাকতে পারতেন, বিভিন্ন জনপ্রতিষ্ঠানের প্রতিনিধিদেরও রাখতে পারতেন এবং রেখে যাতে একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে কলকাতার উন্নয়ন ব্যবস্থা সম্বন্ধে একটি পরিকল্পনা রচিত হতে পারে এবং সেইভাবে জমির ব্যবহার মানুষের স্বার্থে সুনিয়ন্ত্রিত হতে পারে—তারও একটা ব্যবস্থা করতে পারতেন; তাহলে এর একটি অর্থ থাকতে পারে। তার কোন ব্যবস্থা না রেখে সম্পূর্ণরূপে একটি কন্ট্রোল তুলে দেওয়া হচ্ছে একটি কন্ট্রোলারের হাতে। এটা খুব অন্যায় হচ্ছে। সেই জন্য আমি সাজেস্ট করছি যে এটা জনমত সংগ্রহের জন্য প্রচার করা হোক এবং প্রস্তাব করছি যে প্রথমতঃ মন্ত্রিমহাশয় উঠে গেছেন, তাঁর জায়গায় আর একজন এসে বসেছেন এবং অন্য আর একজনের সঙ্গে গল্প করছেন, এসব কথা শোনার দরকার মনে করছেন না।

(এ ভয়েসঃ আমি নোট নিচ্ছি।)

হ্যাঁ, দু-হাত অমনি করে নোট নিচ্ছেন; আর কান দিয়ে লিখছেন।

মিঃ স্পীকার স্যার, মন্ত্রিমহাশয়ের কর্ণ আমি আকর্ষণ করতে চাচ্ছি আপনার হাত দিয়ে। কারণ কর্ণ আকর্ষণ না করলে এঁদের চৈতন্য হয় না। যা হোক সেজন্য আমার সাজেসন হচ্ছে যে প্রথমতঃ যে সমস্ত প্ল্যান সি এম পি ও করবেন, যার মধ্যে ব্যবহার নিয়ন্ত্রণও বটে এবং যে উদ্দেশ্যে ব্যবহার নিয়ন্ত্রণ অর্থাৎ সি এম পি ও-র কি পরিকল্পনা আছে, সেই প্ল্যান সহ এই বিলের যে উদ্দেশ্যটা তা সমস্ত স্বায়ত্তশাসনশীল প্রতিষ্ঠান, সি আই টি, গভর্নমেন্ট ডেভেলপমেন্ট বোর্ড ইত্যাদির কাছে প্রচার করা হোক। তারপরে ফাইনাল যে ডেভেলপমেন্ট প্ল্যান, তাদের সেই প্ল্যান এই অ্যাসেমব্লীর কাছে উপস্থিত করা হোক এবং শহরের এই অঞ্চলের জমির সর্বত্র সর্বোচ্চ সীমানা নির্ধারিত করে দেওয়া হোক। তারপরে জমি নিয়ে যাতে ফাটকাবাজি না হয়, এখনই হচ্ছে উত্তরপাড়ায় সি এম পি ও-র স্কীম হবে শুনেই বিড়লারা উত্তরপাড়ার আশেপাশের সমস্ত জমি কিনে ফেলতে আরম্ভ করেছে একথা সবাই জানে সেই জমির স্পেকুলেশান বন্ধ করবার জন্য স্টেপ নেওয়া হোক এবং সমস্ত সেলফ গভর্নিং বডি, সি আই টি, এবং গভর্নমেন্টের যতগুলি ডিপার্টমেন্ট এবং এখানকার মেজোরিটি পার্টি, অপোজিশন পার্টিজ ও আরো কোন কোন জন-সংগঠনের প্রতিনিধিকে নিয়ে একটি কো-অর্ডিনেশন কাউন্সিল বা পরামর্শদাতা বোর্ড তৈরী করা হোক এবং এই বিলের প্রচারের পরে যা যা মতামত পাওয়া যাবে এবং তার ভিত্তিতে বিল রচনা করে অ্যাসেমব্লীতে পেশ করুন। তাহলে তার মধ্যে উন্নয়নের উদ্দেশ্য সাধিত হবার সম্ভাবনা থাকবে। তা না হলে এই বিলে হবে শুধু একজন অফিসার এবং তার উপর কংগ্রেস পার্টির কর্তৃত্ব। তাঁরা ওখানকার সমস্ত জমি নিয়ে পশ্চিম বাংলার ⅓ অংশ জমি নিয়ে ছিনিমিনি খেলতে পারবেন—এই দাঁড়াচ্ছে এই বিলের উদ্দেশ্য।

শ্রীঅনাদি দাস : মাননীয় স্পীকার মহাশয়, যে বিল আমাদের কাছে এসেছে তার উদ্দেশ্য সম্পর্কে আমার খুব বিরোধিতা নেই—এর উদ্দেশ্য আমি সমর্থন করি। কিন্তু অন্যান্য জায়গা থেকে আমরা যে এক্সপিরিয়েন্স সংগ্রহ করেছি তাতে দেখেছি এই বিলের দ্বারা প্রাইভেট্ যে সমস্ত উদ্যোগ সেগুলি নষ্ট হবে। আমরা হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট থেকে অভিজ্ঞতা পেতে পারি। হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট যখন তাদের ১।২।৩ নম্বর স্কীম করতে লাগল এবং হাওড়ায় নূতন বাড়ি করতে লাগল তখন লোকের মনে আশঙ্কা জাগল, তাই তো, যদি কিছু করি তাহলে সেটা হয়ত নূতন স্কীমের মধ্যে পড়ে যাবে এবং তখন আমার অবস্থা কি হবে? এর ফলে আমরা দেখলাম অনেকেই আতঙ্কিত হয়ে কাজকর্ম বন্ধ করতে লাগলেন। এখানেও সেইরকম একটা আশঙ্কা দেখা যাচ্ছে। ১৯৬২ সালে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে আমরা বলেছিলাম যে, কলকাতার আশেপাশে যে জায়গাগুলো আছে সেখানে খানা-ডোবা, বন-জঙ্গল পরিষ্কার করে লোকেরা বসেছে এবং এই বসবাস করবার সময় তাদের কোন পরিকল্পনা ছিল না—যে যেমন পেরেছে হ্যাফাজার্ডলি ঘরবাড়ি তৈরি করেছে। কিন্তু তার ফল কি হল? তার ফলে হল ড্রেন, জলনিকাশী ব্যবস্থা বন্ধ হয়েছে, রাস্তা সরু হয়েছে। এখন সেই সরু রাস্তা আমাদের চওড়া করতে হবে এবং কেই পরিকল্পনা নেবার জন্য বহু বাড়িঘর ধূলিসাৎ হবে। তার জন্য দাম দেওয়া হচ্ছে বটে, কিন্তু তারা কোথায় যাবে তার জন্য কোন পরিকল্পনা নেই। তারা হয়ত হাওড়ার আশেপাশে অল্প দামে বাড়িঘর করে বসবাস করবার ব্যবস্থা করবে, কিন্তু সেটা যখন দুদিন বাদে আবার কনজেস্টেড হবে তখন আবার আমাদের উন্নয়ন করতে হবে এবং তার ফলে আবার তাদের উদ্বাস্তু হতে হবে। আমার বক্তব্য হচ্ছে এরকম একটা অবস্থার হাত থেকে আপনারা মানুষকে রেহাই দিন। এরকম একটা পরিকল্পনা করা উচিত ছিল যাতে মানুষের এরকম অবস্থা না হয়, কিন্তু কিভাবে সেটা কার্যে পরিণত করা যাবে সরকার সেটা ভাবেন না। রেলওয়ের যেসমস্ত জায়গা নেওয়া হয়েছে তাতে আমরা দেখেছি সাউথ ইস্টার্ন রেলওয়ের বহু জায়গায় নোটিস পড়েছে এবং তার ফলে চাষবাস বন্ধ হয়ে গেছে। তারা কম্পেনসেশনএর টাকা পাচ্ছে না. ২।৩।৪ বছর চলে গেল জমি ব্যবহার করা হল না বা চাষ হল না। এরকম অবস্থা হলে কি করে চলবে? আমরা দুবেলা দেখছি কত কমপ্লেন আসছে যে, জমির উপর নোটিস পড়েছে অথচ জমি ব্যবহার করা হচ্ছে না এবং আমরা যে ব্যবহার করব তাও হচ্ছে না। শুধু তাই নয়, তারা বলছে আমরা কিভাবে ব্যবহার করব সেটা বুঝতে পারছি না এবং নূতনভাবে ব্যবহার করব কিনা সেটাও নির্ধারিত করা হচ্ছে না। কাজেই সকলেই আজ বলছে একটা নির্দিষ্ট পরিকল্পনা যদি না করা হয় তাহলে এরকম অবস্থা সৃষ্টি তো হবেই। আমার বক্তব্য হচ্ছে একটা ফাইনাল বা ডিটেল পরিকল্পনা কি করা যায় না যাতে একটা জেনারেল আউটলে করে মানুষকে দেওয়া যায় এবং সে সেইভাবে তৈরি করতে পারে? মাস্টার প্ল্যান তৈরি করা সম্পর্কে আমি হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের অ্যাক্টিভিটি জানি বলে একথা বললাম এবং দেখছি এটা এবং সেটা প্রায় একই জিনিস। একটু তফাৎ যেটা আছে সেটা হচ্ছে হাওড়া একটা ছোট জায়গার জন্য এবং এটা একটা বৃহত্তর জায়গার জন্য। এক একটা জায়গায় প্ল্যান করা হচ্ছে, কিন্তু মানুষ কোথায় গিয়ে ঘর করবে? আমার একথা বলার অর্থ হচ্ছে তারা তো জানে না আবার আপনারা সেটা নেবেন কিনা। তাঁদের বলেছিলাম তাহলে আপনারা একটা মাস্টার প্ল্যান করুন। তখন তাঁরা বললেন. তাহলে মাড়োয়ারীরা সব জমি কিনে নেবে—আপনি বাঙ্গালী হয়ে একথা বলবেন না। এগুলি করার সঙ্গে সঙ্গে যেটা করা দরকার সেটা হচ্ছে জমিগুলোর মালিকানা কোথায় যাবে এবং তার সীমাবদ্ধতা থাকবে কিনা? যখনই পরিকল্পনা হল এবং সেই পরিকল্পনাটা যদি বিশেষ করে লে আউট হয়ে যায় তাহলে সমস্ত জমিগুলি বড়লোকরা কেনে এবং সেটা নিয়ে ফাটকাবাজী করবার চেষ্টা করে। কাজেই সমস্তটাই বহ্বারম্ভে লঘুক্রিয়ায় পরিণত হবে বা সেই অশ্বডিম্বই প্রসব হবে। স্যার, সেদিন আমি সার্কুলার রেলওয়ে নিয়ে আলোচনা করেছি এবং আমাদের পলিসি হচ্ছে কলকাতায় সমস্ত লোককে টেনে নিয়ে আসা উচিত নয়। ডিসেন্ট্রালাইজ করে চারিদিকে বাইরে ছড়িয়ে দাও. বাইরে কার্যক্ষেত্র তৈরি কর এবং তা না করলে এই সার্কুলার রেলওয়েতেও হবে না। আমরা দেখছি জমি কিভাবে ব্যবহার করবে বা না করবে তার জন্য একজন কন্ট্রোলারের কাছ থেকে পার্মিশন নিতে হবে এবং সেই কন্ট্রোলারের সীট নিশ্চয়ই কলকাতাতে হবে। এর অর্থ কি? এর অর্থ হচ্ছে সমস্ত লোককে কলকাতায় টেনে নিয়ে আসবে এবং কন্ট্রোলার বাড়াবার চেষ্টা করবে এবং তার ফল হবে কনজেশন। মিউনিসি-

প্যালিটির ক্ষেত্রে এক্সপিরিয়েন্স হচ্ছে একটা বিল্ডিং প্ল্যান মিউনিসিপ্যালিটিকে দিলে প্রথমে সাতদিন খোসামোদ কর, তারপর কিছু নজরানা দাও, তবে সেই প্ল্যান স্যাংশন হবে। স্যার, চারিদিকে এরকম অবস্থা যখন চলছে তখন এই জমির প্ল্যান সম্পর্কেও সেই অবস্থার সৃষ্টি হবে। সিভিল সাপ্লাই অফিস থেকে সিমেন্টএর পার্মিট পেতে গেলে মানুষের যেমন দুর্ভোগ হয় ঠিক তেমনি আর একটা ডিপার্টমেন্ট তৈরি হবে।

কনসেনট্রেশন অব পাওয়ার সমস্ত কিছু একটা জায়গায় যদি কেন্দ্রীভূত করতে চান তবে তার পরিণতি এই রকমই হয়। আমি সেজন্য এগুলি সম্পর্কে পুরাদস্তুর সচেতন না হয়ে না জেনে এইরকম একটা বিল পাশ হোক এটা আমি গভর্নমেন্টকে বলি না। কি রকমভাবে কলকাতার জমিগুলি কনসেনট্রেশন হয়েছে, তিন কোটি টাকার সম্পত্তি একজন লোক এবং এক কোটি টাকার সম্পত্তি এরকম মাত্র ৬ জন লোক, আর ৪০ লক্ষ টাকার সম্পত্তি ৩০ জন, সম্পত্তির এইরকম একটা হিসাব আমি পাচ্ছি। এইরকম অন্যান্য জায়গায়ও হবে। পল্লী-অঞ্চলে কিছু কিছু জায়গা বাদ আছে। এখন ইলেকট্রিসিটি গ্রামে দেওয়া হচ্ছে, এটা হুগলির প্রায় অর্ধেক এবং হাওড়ায় অর্ধেকের বেশি হবে। ২৪-পরগনা জেলায়, হাওড়ায়, নদিয়ায়, কলকাতায়, এত বড় এলাকায় যে ইকনমিক অ্যাক্টিভিটি আছে তার কি হবে, গ্রামে ইলেকট্রিক দিচ্ছেন কিন্তু যেসমস্ত ইকনমিক অ্যাক্টিভিটিগুলি আছে কলকাতার আশেপাশে এবং বিস্তৃত হওয়ার সম্ভাবনা আছে সেগুলির কি হবে, কিন্তু আপনারা যা করছেন এর ফলে সেই সব ইকনমিক অ্যাক্টিভিটিগুলি পর্যন্ত ক্ষুন্ন হবে। ক্যালকাটা মেট্রোপলিটান এরিয়ায় কেউ যদি ইকনমিক অ্যাক্টিভিটি করতে চায়, কোন কারখানা করতে চায়, তাদের আপনি পাওয়ার কবে দেবেন, নোটিস দিলে কোথায় তারা নোটিস দেবে জানি না, আর নোটিস দিলে পর কতদিনে দেবেন তা জানি না, এটা একটা বহু সমস্যার ব্যাপার। সেজন্য এখানে ইকনমিক অ্যাক্টিভিটি ক্ষুন্ন হবার সম্ভাবনা আছে। কাজেই এইসব এলাকায় যেসমস্ত বেকার আছে তাদের প্রত্যেকের জীবিকার ব্যবস্থা, থাকার ব্যবস্থা নিতে হবে। একটা সমগ্র প্ল্যান এখানে রাখা হোক। আমি আগে অতটা ভাবি নি। এখন মাননীয় সোমনাথবাবু বলার পর মনে হচ্ছে এসেম্বলির কাছে সমগ্র পরিকল্পনা রাখা হোক। তাতে দেরি হবার কথা নয়, দু-একদিন এ নিয়ে আলোচনা হতে পারে। অন্তত পলিসি গভর্নমেন্ট কি করতে চান সেটার কথা হতে পারে, আর বিভিন্ন জায়গায় কমিটি করে দেওয়া যেতে পারে। একটা সামগ্রিক প্ল্যানের পরিপ্রেক্ষিতে লোকাল কমিটি অন্তত ডিস্ট্রিক্টে ডিস্ট্রিক্টে করা যেতে পারে। তাহলে তার ঝামেলা কলকাতায় এসে করতে হবে না, এটা করা উচিত, বিভিন্ন পার্টির প্রতিনিধি নিয়ে লোকাল বডিজ যেগুলো আছে তার প্রতিনিধি নিয়ে একটা কমিটির ব্যবস্থা করা উচিত এ যদি করা হয় তাহলে এটা সম্পর্কে একটা সম্ভাবনা দেখা যাবে। তা না হলে এর কোন সম্ভাবনা দেখছি না, এ কেবল আকাশকুসুম হবে আপনারা যা করছেন। একটা বৃহত্তর জায়গা নিয়ে একটা পরিকল্পনা এইরকম সোসিয়ালিস্টিক ইকনমি কি সম্ভব? সমাজতান্ত্রিক অর্থনীতির মধ্য দিয়ে যদি না যাওয়া যায় তাহলে এইরকম পরিকল্পনার মাঝে মাঝে শখ একটা হতে পারে, এ'রা অন্য লোককে দেখিয়ে এইরকম একটা কিছু করব এটা মনে জাগাতে পারেন, কিন্তু তার পরিণতি ভাল হয় না কোনদিন। সমাজতান্ত্রিক অর্থনীতি যা দিয়ে সমগ্র দেশের সম্পদকে মানুষের কল্যাণে লাগান যায় সেটা না করে এইরকম একটা পরিকল্পনা করার মানে সমস্ত কলকাতার মধ্যে যে বিস্তৃত এলাকা সেটা বৃহৎ অর্থনৈতিক গোষ্ঠীর কাছে এই এলাকাকে ফেলে দেওয়া ছাড়া আর কিছু নয়। সেজন্য বলছি এই বিল সার্কুলেশনে দিয়ে জনমত সংগ্রহের ব্যবস্থা করা হোক।

[3-20—3-30 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিল সম্পর্কে বলতে গিয়ে প্রথমে এই কথাই বলব যে, সরকারপক্ষ এই হাউসের প্রতি বড্ড অবিচার করছেন। একটা সামগ্রিক রিপোর্ট এই হাউসের সামনে উপস্থিত করবার আগে এরকম একটা ক্ষমতা একটা লোকের হাতে দেবার এই চেষ্টা করাটা একটু বাড়াবাড়ি হচ্ছে। কাজে কাজেই প্রথমে যেটা করা উচিত সেটা হচ্ছে তাদের কি এস্টিমেট, কি খবর বা তাঁরা ঐ এলাকা সম্পর্কে কি সমীক্ষা করেছেন, তার একটা সামগ্রিক রিপোর্ট এই হাউসের সামনে পেশ করা। আর তা করলে পরও একটিমাত্র আই-এ-এস

অফিসারের হাতে এতখানি ক্ষমতা দেবার কোন কারণ নেই। কারণ, আই-এ-এস পাশ করলেও তাঁকে নির্ভর করতে হবে ক্যাবিনেটএর উপর। কাজে কাজেই অফিসিয়ালডোম এবং ক্যাবিনেটের উপর নির্ভরশীল একটি অফিসারের হাতে এতখানি ক্ষমতা তুলে দেওয়াটা আজকের দিনে সরকারের পলিসি যে ট্রেন্ড তার সংগে খাপ খায় না। যদি সরকারের ঘোষিত পলিসি —নীতি এবং লক্ষ্য হয় সমজাতন্ত্র এবং বিকেন্দ্রীকরণ তাহলে যে বিকেন্দ্রীকরণ সি আই টি হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট এবং গোটা ৩০টা মিউনিসিপ্যালিটির মধ্যে এটা ছড়িয়ে আছে, তাতে তাদের কাছ থেকে ক্ষমতা কেড়ে নিয়ে এরকম একটা অফিসারের হাতে দেওয়া নিশ্চয়ই আজকের দিনে ট্রেন্ডএর সম্পূর্ণ বিপরীত হবে। তবে কয়েকটা উদ্দেশ্য সম্পর্কে, কয়েকটা বিষয়ে আমি একমত। জমি নিয়ে এখন থেকেই স্পেকুলেশন আরম্ভ হয়ে গিয়েছে। কোথায় কোথায় সি এম পি ও-র ডেভেলপমেন্ট হবে সেটা জানতে পেরে আমাদের শ্রীরামপুরের পাশে, শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, এবং শুনেছি শ্রমমন্ত্রী শ্রীবিজয়সিং নাহারের আনুকূল্যে সেখানে শতাধিক অবাঙ্গালী লোকের হাউসিং এস্টেট, হাউসিং কো-অপারেটিভ গড়ে তোলার জন্য ১০০ বিঘা জমি তাঁরা অ্যাকোয়ার করেছেন—অথচ এই জায়গাটা শহরের মধ্যে এসে যাবে, ডেভেলপমেন্ট করবে বা সি এম পি ও-র মধ্যে আসবে সেটা আমরা জানি না, কিন্তু ওয়াকিবহাল মহল জানেন। বোধহয় শ্রমমন্ত্রী জানেন আর শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান জানেন। আর শোনা যাচ্ছে এরকম একটা স্পেকুলেশনএর পেছনে তাঁরা আছেন। একথাটা ঠিক যে আমাদের দরকার ছিল শহরাঞ্চলের জমির সিলিং বেঁধে দেওয়া। আর জমি দখলের কনসেনট্রেশন যেটা সভাপাল মহাশয়, আপনি দেখেছেন মহলানবীশ কমিটির রিপোর্টএ ২১ পৃষ্ঠায় আছে যে, শহরাঞ্চলে শতকরা ৫টি বাড়িওয়ালার হাতে ৫২ ভাগ জমি আছে এবং তাঁরা ৭৫ ভাগ জমি পরিচালনা করে দখলীয়ানা প্রতিষ্ঠা করেন। আর উপরীতম মাত্র ২০ পরিবারের হাতে ৯৩ ভাগ জমি আছে এবং তাঁরা শতকরা ১০০ ভাগ জমি পরিচালনা করে থাকেন। শহরাঞ্চলের এই যে জমি দখলের কনসেনট্রেশন এটা ভাঙ্গা এবং শহরাঞ্চলের জমি দখলের উপর সিলিং বেঁধে দেওয়া দরকার। আর ১৯৫১ সাল থেকে আজ পর্যন্ত জমির ভ্যালুর যে গ্রোথ হয়েছে তার জন্য জমির মালিকরা মোটেই দায়ী নয়। এই যে ২০ হাজার কোটি টাকা ডেভেলপমেন্ট-এ এক্সপেন্ডিচার হয়েছে তার যেটুকু শহরাঞ্চলের মধ্যে এসে পড়েছে তার জন্যই জমির মূল্য ভয়ানক বেড়ে গিয়েছে। কিন্তু জমির স্পেকুলেশন থেকে মুষ্টিমেয় পরিবারই লাভ করছে। সেদিক থেকে এই জমি দখল করার বা জমির উপর সিলিং আনার কাজটা আগে প্রিসিড করা উচিত। আর কি করা হবে বা কি করতে যাচ্ছেন সে সম্পর্কে সম্পূর্ণভাবে হাউসএর কনফিডেন্স নেওয়া উচিত। যতদিন তা না হয়, যতদিন না কাজের সামগ্রিক রিপোর্ট উপস্থিত করা হয় এবং যতদিন না এইরকম একটিমাত্র অফিসারের হাতে ক্ষমতা কনসেনট্রেট করার কোন কারণ থাকছে ততদিন পর্যন্ত লোকে এটাকে সন্দেহের চোখে দেখবে। একথা সত্যি যে, প্রায় ৩০।৩৫টা বড় মিউনিসিপ্যালিটির একটা বড় ফাংসন চলে যাবে, ইম্প্রুভমেন্ট ট্রাস্ট তাদের একটা ফাংশন চলে যাবে। কাজে কাজেই এটা নিয়ে ভাববার প্রয়োজন আছে। হঠাৎ চট করে ৬ ঘণ্টা আলোচনা করে মেজরিটিতে পাশ করিয়ে নেবার জিনিস এটা নয়। তাই আমি অনুরোধ করব, এই বিলটিকে তাঁরা ফিরিয়ে নিন এবং এটা আলোচনার জন্য জনসাধারণের কাছে পাঠান।

Shri Bijoy Singh Nahar:

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় সদস্য পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় আমার সম্বন্ধে বললেন যে, আমার কোন রিলেশন ১০০ বিঘা জমি অ্যাকোয়ার করেছেন। আমি এইটুকু বলতে পারি, তিনি ঐ অঞ্চল থেকে নির্বাচিত হতে পারেন কিন্তু কোন খবর রাখেন না। আমি যতটুকু জানি—সঠিক জানি না, তাতে বলতে পারি আমার কোন রিলেশন বলে নয়, আমার এক জামাই ওয়ান অফ দি মেম্বারস অফ দি কো-অপারেটিভ সোসাইটি—এটা অ্যাকোয়ার্ড হয় নি। সমস্ত জমি তাঁরা কিনে কো-অপারেটিভএর মারফতে নিজেদের মেম্বারদের জমি ডিস্ট্রিবিউট করে বাড়ি তৈরি করবেন। তাতে বাঙ্গালী আছে, নন-বেঙ্গলী আছে, নানারকম লোক রয়েছে। আর ঐ অঞ্চলের অনেক লোক তাতে সদস্য হয়েছেন। উনি যদি খবর নিয়ে দেখেন তাহলে দেখবেন যে, একটা শুভ কাজই হয়েছে। এতে আমাকে অ্যাটাক করবার কিছু নেই।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা জনসাধারণের মতামত সংগ্রহের উদ্দেশ্যে পাঠানোর প্রস্তাব করে আমি একটি দুটি কথা বলতে চাই। এখানে ঘোষিত উদ্দেশ্যের মধ্যে বলা হয়েছে যে, যদিও এস কে গুপ্ত মহাশয়ের রিপোর্ট পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিবেচনার স্তরে আছে, তথাপি বৃহত্তর কলকাতা অঞ্চলে যেভাবে বিশৃঙ্খলার সংগে এখানে সেখানে বাড়ি গড়ে উঠছে তাতে সেটাকে মনে করা হচ্ছে কলকাতা এবং তার চারিপাশের এলাকার ব্যাপারে অন্তরায় হতে পারে। সুতরাং তাকে অবিলম্বে নিয়ন্ত্রণ করা দরকার। মাননীয় স্পীকার মহাশয়, একথা সবাই যেমন বলেছেন আমরাও তেমন বলছি যে, বিলের উদ্দেশ্যটা ভালো। আর শুধু কলকাতা নয়, তার আশেপাশে বিভিন্ন জেলাকে একটি পরিকল্পনার মধ্যে নিয়ে এসে—কিভাবে জমির ব্যবহার হবে, কিভাবে সেই জমির উন্নয়ন সাধিত হবে, সেটার ক্ষেত্রে পরিকল্পনা রচনা করে তাকে কার্যে পরিণত করাটা নিশ্চয়ই মহৎ উদ্দেশ্য। কিন্তু সেই মহৎ উদ্দেশ্যকে যদি কাজে পরিণত করতে হয় তাহলে কিভাবে এই মিউনিসিপ্যাল এলাকার পরিকল্পনা তাঁরা রচনা করেছেন সে সম্বন্ধে এই হাউসের একটা পরিষ্কার ধারণা থাকা দরকার। ২নং হচ্ছে আজকে যেরকম অবস্থা চলেছে, যেরকম ভূমি সম্পর্ক আছে তাতে তাঁকে এই জায়গায় রেখে কি ঐ ধরণের পরিকল্পনা রচনা করা যাবে? আমার নিজের ধারণা, যদি কনসেনট্রেশন অফ ল্যান্ড দূর না করতে পারা যায়—যদিও সেই নিয়ন্ত্রণ আইনের মধ্যে বা প্রস্তাবিত বিলে তার বিধান রাখা হয় নি, কিন্তু জমিদারী দখল আইন যদি শহরে চালু করেন—সে কলকাতা হোক বা যে কোন মিউনিসিপ্যাল শহরই হোক, সেখানে বসতবাড়ি থেকে আরম্ভ করে জমির সীমানা নির্ধারণ করবার—অর্থাৎ এই পরিমাণ জমি সে রাখতে পারবে, এইরকম ব্যবস্থা না করা হয় তাহলে যত মহৎ উদ্দেশ্যের কথাই এই বিলে বলা হোক না কেন তা হতে পারে না। যে কোন ভাল পরিকল্পনা—যেমন কোথাও শিল্প, কোথাও বসতবাড়ি, কোথাও স্কুল-কলেজ গড়ে উঠবে বা কিভাবে কলকাতার পপুলেশনকে অন্যান্য জায়গায় ডিসপার্স করার ব্যবস্থা হবে বা কিভাবে বাড়িগুলি তৈরি হবে এইরকম একটা সামগ্রিক পরিকল্পনার রূপ দেওয়া সম্ভব হবে না। আজকে যাঁরা জমির বড় বড় মালিক তাঁরা বিরাট এলাকার জমি কুক্ষিগত করে বসে আছেন। কিছুদিন আগে স্টেটস-ম্যান কাগজে কলকাতার একটা সমীক্ষা বেরিয়েছিল। সুতরাং সেদিক থেকে পরিষ্কার বোঝা যায় যে, কলকাতার জমি কি পরিমাণ কনসেনট্রেটেড হয়েছে। মহলানবীশ কমিটির রিপোর্টেও উল্লেখ করা হয়েছে। সেখানে অন্যান্য মিউনিসিপ্যাল শহর এলাকায় জমির কি পরিমাণ কনসেনট্রেশন হয়েছে সেটার একটা আভাষ পাওয়া যায়। আর এই কনসেনট্রেশন থাকার দরুণ সমস্ত শুভ কাজ বানচাল হয়ে যাবে।

[3-30—3-40 p.m.]

দুই নম্বর তাঁরা বিভিন্ন জমির মালিকানার উপর হস্তক্ষেপ না করে জমির মালিকানার উন্নতি করার কোন চেষ্টা ঠিক ঠিক করে যদি পরিকল্পনা চালু করার চেষ্টা হয় তাহলে একথা পরিষ্কার যে ঐ যারা ক্ষমতাশীল লোক যারা বড় বড় জমি, বৃহৎ বাটী ইত্যাদি দখল করে বসে আছে তারা এই আইন লঙ্ঘন করবে এবং কোনরকম উন্নয়নমূলক পরিকল্পনার পথে প্রচণ্ড অন্তরায় হয়ে দেখা দেবে। প্রথমে একথা বলা দরকার জমির কনসেনট্রেশন কলকাতা ও মিউনিসিপ্যাল এলাকায় ভাঙতে হবে। কিন্তু এই বিলে সেরকম কোন প্রভিশন নেই। অথবা জমি আইন সংশোধন করে ক্যালকাটা এবং মিউনি-সিপ্যাল এলাকায় প্রসারিত করা হোক। এ ছাড়া জমির কনসেনট্রেশন ভাঙার কোন উপায় নাই। এই কনসেনট্রেশন ডেঞ্জার যে দ্বিমুখী সেটা আমি আগেই বলেছি। বিলের উদ্দেশ্য মহৎ, কিন্তু সংগে সংগে কিভাবে লঘু করে দেওয়া হয়েছে দেখুন। এতে যদি কোনরকম ধরণের বাধা আসে তাহলে তা বড় বড় জমির যারা মালিক তাদের কাছ থেকেই আসবে, যারা স্বল্পবিত্ত তাদের কাছ থেকে বাধা আসবে না। বড় বড় তরফ থেকে যদি বাধা আসে তাহলে এই বিলে তার জন্য যেসমস্ত পেনাল ক্লজএর বন্দোবস্ত আছে সেগুলি যথেষ্ট নয়। জরিমানা যদি আদায় করতে চান তাহলে হাজার টাকার জায়গায় কয়েক হাজার টাকা দিতে চাইবে। অর্থাৎ কলকাতায় এই আইন লঙ্ঘন করে যারা বহু জমি দখল করে বসে আছে তারা জরিমানার টাকা দিয়ে নিশ্চিন্তভাবে আইন ফাঁকি দেবে এবং তার বিধানও এতে আছে। তিন নম্বর হচ্ছে, সি এম পি ও-র পরিকল্পনা আমরা জানলাম না, কিভাবে উন্নয়নের ব্যবস্থা করা হচ্ছে তার কিছু জানলাম না এবং হবে কিনা এইরকম একটা অনিশ্চিত অবস্থার মধ্যে আমরা পড়ে আছি।

ঠিক এই অবস্থা একজন কন্ট্রোলারের হাতে সব দায়িত্ব দেওয়া হয়েছে এবং এই কন্ট্রোলার তাঁর পাওয়ার ডেলিগেট করবেন একজন সাব-ডেপুটি কালেক্টর এবং তিনি আবার তাঁর অধঃস্তন অফিসার কোন এলাকার বিডি ও—এক্সিকিউটিভ অফিসার অফ এ পার্টিকুলার ব্লক—ইত্যাদিকে ক্ষমতা হস্তান্তর করবেন। এই কর্মচারীরাই সমস্ত কিছু নিয়ন্ত্রণ করবে এবং তাদের উপরে সমস্ত কিছু নির্ভর করবে। এজন্য এতে পরিষ্কার বলা যায় যে, দুর্নীতি বাড়বে, বড়রা আইন লঙ্ঘন করবে। এইরকম বন্দোবস্ত এই বিলের মধ্যে আছে এবং দফাওয়ারী আলোচনার সময় এগুলি উঠবে। এমন কিছু কিছু উন্নয়নমূলক পরিকল্পনা হচ্ছে, কিন্তু এগুলিতে এই বিল বাধা সৃষ্টি করবে। গভর্নমেন্ট সি এম পি ও কি করবেন জানা গেল না। অথচ যেখানে ব্যক্তিগত প্রচেষ্টায় কিছু উন্নয়ন পরিকল্পনার সুবিধা থাকতে পারে—কোন খানে চাষ হবে, কোনখানে পুকুর খুঁড়বে তা তাঁরা নিজেদের খুশিমত ঠিক করবেন। কিন্তু তার কোন সুযোগ এ'রা পাবেন না। এটাতেই মনে হচ্ছে সরকার কিছু করবেন কিনা বলছেন না, অথচ অন্যরাও কিছু করতে পারবেন না। কাজেই ডগ ইন দি মেঙ্গার পলিসি অবস্থা এই বিলের মধ্যে এসে যাচ্ছে যে, কি করবেন সরকার—তার সুস্পষ্ট কোন পরিকল্পনা না নিয়ে—আজকে তাদের সমস্ত ক্ষমতা তাদের নিজেদের হাতে নিয়ে জমির ব্যবহার সংক্রান্ত নিয়ন্ত্রণের ক্ষমতা নিজেদের হাতে নিয়ে নেবার প্রচেষ্টা সেই প্রচেষ্টার যে অসাধু দিক আছে সেগুলিকে নিশ্চয়ই নিয়ন্ত্রণ করা দরকার জমির কনসেনট্রেশন ভেঙ্গে যেগুলি পরে অন্তরায় সৃষ্টি করবে। এবং একজন ব্লক ডেভেলপমেন্ট অফিসার থেকে আরম্ভ করে কন্ট্রোলার পর্যন্ত তারা সেটাকে বেঁধে দিতে পারবে সেইরকম সর্বময় ক্ষমতা সরকারকে এবং সরকারের একজন অফিসার বা এক কথায় যারা এই গভর্নমেন্ট পরিচালনা করছেন তাদের হাতে যথেচ্ছ ক্ষমতা তুলে দেওয়া হচ্ছে এই বিলের মাধ্যমে। এর পরে আলোচনা হয়েছে একটা বিরাট কতকগুলি জেলার এলাকাকে জুড়ে এটা হচ্ছে, সুতরাং স্বভাবতই কলকাতা কর্পোরেশনের এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটির মতামত নেওয়া দরকার। এবং ঐ পরিকল্পনা থেকে আরম্ভ করে পরিকল্পনাকে কার্যকরী রূপ দেওয়ার চেষ্টা থেকে আরম্ভ করে এই বিলে যেসমস্ত বিধান আছে সেগুলি প্রয়োগ করার উদ্দেশ্যে সেখানে এই কন্ট্রোলার থেকে আরম্ভ করে এদের অ্যাডভাইস করার মত যে একটা রিপ্রেজেন্টেটিভ বডি হওয়া দরকার যে রিপ্রেজেন্টেটিভ বডি রিয়েলি রিপ্রেজেন্টেটিভ বডি হবে কোন এক দলীয় স্বেচ্ছাচারী ব্যবস্থা হবে না এইরকম ব্যবস্থা হওয়া দরকার। তা যদি না হয় তাহলে স্পীকার মহাশয়, এই বিলের উদ্দেশ্য সফল হবে এবং সাধারণ লোক তাতে ক্ষতিগ্রস্ত হবে এবং এই বিলকে জনসাধারণের মতামত নেবার জন্য প্রচার করা দরকার—বিশেষ করে করপোরেশন, মিউনিসিপ্যালিটি এবং পাবলিক বডি যেসমস্ত আছে জেলা পরিষদ থেকে আরম্ভ করে তাদের মতামত সংগ্রহ করা দরকার এবং তাঁদের মতামত নিয়ে এই বিলকে আরও ভালভাবে তৈরি করে এখানে আনা দরকার।

শ্রীসুশীল দাশগুপ্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সি এম পি ও সম্বন্ধে যে বিল উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করতে উঠে আমি কয়েকটি কথা বলতে চাই। যে বিলের মাধ্যমে যে কিছু লোকের হাতে যে ক্ষমতা দেওয়া হচ্ছে এটায় আমি বলতে চাই যে এটা কতটুকু যুক্তিযুক্ত সেটা একটু চিন্তা করে দেখুন। কারণ আমাদের অতীতের অভিজ্ঞতায়—বিশেষ করে কলকাতার কথা বলতে চাই যে শুধু যদি আমলাতন্ত্রের এই ক্ষমতা থাকে তাহলে তাদের অনেক জায়গায় তার অপব্যবহার হবে। আমি একটা উদাহরণ রাখতে চাই যে, আমার এলাকা কাশীপুর সেখানে কয়েকটি বস্তীর উপর এই বস্তী উচ্ছেদ স্লাম ক্লিয়ারেন্স আইনের নোটিস হয়েছে। সবচেয়ে আশ্চর্যের কথা—কাশীপুরের প্রায় অর্ধেক বস্তীবহুল এলাকা। কিন্তু সেই যে বস্তীর উপর এই যে আমলাতান্ত্রিক কৃপায় নোটিস হয়েছে তার পরিধি প্রায় আধ মাইল হবে। কিন্তু সেটা বস্তীর মাত্র একের ছয় ভাগ—বাদবাকি জমি হয় খালি বাড়ি না হয় পাকাবাড়ি ছিল, যে বাড়ি সাধারণ মধ্যবিত্ত মানুষ কিনেছিল তাদের নিজেদের বাড়িঘর তৈরি করার জন্য। কাজেই একেবারে আমলাতন্ত্রের হাতে যদি এইরকম ক্ষমতা ছেড়ে দেওয়া হয় তাহলে এর কিছু অপব্যবহার হওয়াটা অস্বাভাবিক নয়। সেইজন্য আমি অনুরোধ করব যাতে একটু শক্তভাবে যাদের হাতে ক্ষমতা থাকবে তারা যেন এইরকমভাবে অন্যায় অবিচার না করেন সেদিকে দৃষ্টি রাখেন। কলকাতা বস্তী সম্বন্ধে বলতে গেলে আজকে আমরা দেখতে পাচ্ছি যে, কলকাতার বস্তীর মালিক এর পূর্বে বেশির ভাগই ছিল বাঙ্গালীরা। এবং সেই বস্তীর যারা অধিবাসী বিভিন্ন স্থানে তাদের মধ্যে বাঙ্গালী আছে, হিন্দীভাষী আছে, মুসলমান আছে। কিন্তু

আজকে আমরা দেখতে পাচ্ছি যে, এই বস্তীর মালিকানা আস্তে আস্তে অবাঙ্গালীদের হাতে চলে যাচ্ছে। তারা বস্তীবাসীদের উপর নানারকম সত্যমিথ্যা মামলা করে তাদের উচ্ছেদ করে দেবার চেষ্টা করছে। আমাদের কাশীপুর এলাকার তিনটি বস্তীর উপর এই জিনিস হয়েছে। আমাদের সরকার গতবারে বলেছিলেন যে, বস্তী উচ্ছেদ না করে বস্তীর যাতে উন্নতি হয় তার চেষ্টা আমরা করব। আমরা সেদিকে লক্ষণ দেখতে পাচ্ছি না। কিন্তু আমরা এখন ভয় পাচ্ছি যে, সরকার কোনরকম উন্নতি করার আগে এই অবাঙ্গালী মালিকরা বস্তীকে জোর করে উচ্ছেদ করে দেবে। সেইজন্য সরকারের কাছে আমি অনুরোধ জানাই যে, তাঁরা যদি কোন পরিকল্পনা অনুসারে কাজ ভবিষ্যতে করতে চান তাহলে আজকে অন্তত যাতে উচ্ছেদ করতে না পারে বস্তীর মালিকরা সেইরকম কোন বিল বা অর্ডিন্যান্স যদি করতে হয় তা করা উচিত।

[3-40—3-50 p.m.]

কারণ আমি তিনটি বস্তীর কথা বলতে পারি, কাশীপুরে যেখানে আজকে অবাঙ্গালী মালিকানা নিয়ে তারা নানারকম অন্যায় করে সেই বস্তীর যে গরীব মানুষ তাদের তাঁরা তুলে দিয়েছেন এবং তাঁরা আজকে যে কোথায় চলে গেছেন তা আমরা জানি না। সেইসব মালিকের সঙ্গে আমরা আলাপ করেছি এবং আমরা দেখেছি যে তাদের ধারণা—তাঁরা স্পষ্টভাবে বলেন যে, কলকাতা গরিব লোকের থাকার স্থান নয়, গরিব লোককে কলকাতা ছেড়ে যেতে হবে। কাজেই তাঁদের, সেইসব গরিব লোকের প্রতি কোন দরদ নেই। আমরা সবাই স্বীকার করি যে, তাঁদের বস্তীতে থাকা উচিত নয়, স্লাম ভাল হোক এবং গরিব ভাইরা সেখানে ভালভাবে থাকুক—এপিডেমিক ডিজিস যাতে বস্তীতে না হয়, সেইসব যদি করতে হয় তাহলে বস্তীর উন্নতি করতে হবে। কিন্তু উন্নতি করার আগে যদি তাদের জোর-জবরদস্তি করে তাড়িয়ে দেওয়া হয় তাহলে আর বস্তীর উন্নতি করার দরকারই হবে না এবং কোন উন্নতিমূলক কাজ করা সম্ভব হবে না। কাজেই এই অনুরোধ আমি সরকারের কাছে জানাই যে অন্তত তাঁরা এই বিলটাকে পাশ করে যাতে নিয়ন্ত্রণটা খুব কঠিনভাবে হয় তার দিকে যেন নজর দেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, এই বিল সম্পর্কে জনসাধারণের মতামত গ্রহণের উদ্দেশ্যে প্রচারের জন্য যে মোসন এসেছে আমি সেটা সমর্থন করতে গিয়ে দু-চারটি কথা আপনার সামনে রাখবো। উনি বলেছেন যে সি, এম, পি-ও বৃহত্তর কলকাতার উন্নয়নের জন্য পরিকল্পনা রচনা করছেন এবং সেই পরিকল্পনাকে বাস্তবে সার্থকভাবে রূপ দেবার জন্য জমি নিয়ন্ত্রণ করা দরকার এবং সেই জন্যই নাকি এই বিল আনা হয়েছে। সি, এম, পি-ও যে বৃহত্তর কলকাতার উন্নয়নের জন্য পরিকল্পনা রচনা করছেন একথা আমরা বহুদিন ধরে শুনছি এবং এই সি, এম, পি-ও সম্বন্ধে বহু বার প্রশ্ন করেছি যে সি, এম, পি, ও-র জন্য এখনও পর্যন্ত একটা স্ট্যাটুটারী বডি করা হোল না—সি, এম, পি, ও কমিটির একটা স্ট্যাটাস এখনও পর্যন্ত দেওয়া হোল না, অথচ তাদের হাতে কতকগুলি ক্ষমতা দিয়ে দেওয়া হচ্ছে যে ক্ষমতার বলে সে শুধু কলকাতায় নয়, কলকাতা এবং আশেপাশে যে সমস্ত জেলাগুলি এই স্কীমের মধ্যে পড়ে তার জমিগুলি নিয়ন্ত্রণ করার জন্য সে এগিয়ে এসেছে। এ যেন গাছে কাঁঠাল গোঁপে তেল দেবার মত অবস্থা। কোন পরিকল্পনা নেই বা কোন স্ট্যাটাস আমরা বুঝতে পারলাম না—অথচ তাড়াহুড়া করে বিল পাশ করা হচ্ছে যে বিলের দ্বারা সি, এম, পি, ও-কে প্রচুর অধিকার দেওয়া হচ্ছে। সি, এম, পি, ও পরিকল্পনা রচনা করছেন আমরা শুনেছি এবং সংবাদপত্রে মাঝে মাঝে খবর পাই কিন্তু আজ পর্যন্ত সি, এম, পি, ও কোন মাষ্টার প্ল্যান রচনা করে আমাদের সামনে রাখতে পারেন নি।

সেজন্য অন্ততঃ একটা মাস্টার প্ল্যান সি, এম, পি, ও, রচনা করে যদি আমাদের সামনে রাখতে পারেন এবং তারপরে যদি এই বিল আসে তাহলে আমরা নিশ্চয়ই এটা চিন্তা করে দেখব এবং নিশ্চয়ই তাঁদের সঙ্গে আন্তরিকভাবে সহযোগিতা করব, তাঁদের পরিকল্পনা অনুযায়ী জমি নিয়ন্ত্রণ করুন বা আরো কোন ব্যবস্থা অবলম্বন করতে চান তাতে নিশ্চয়ই আমরা তাঁদের সাহায্য করব। কিন্তু ৬/৭ বছর হয়ে গেল আজ পর্যন্ত সি, এম, পি, ও-র কোন কাজের পরিচয় আমরা পেলাম না। কোথায় কি কাজ করেছেন—কোন এলাকায় ওয়াটার ডেভেলপমেন্ট স্কীম চালু করেছেন। এছাড়া কোন এলাকার কোন পরিকল্পনা তাঁরা তৈরি করতে গেছেন বা পরিকল্পনার হাত দিয়েছেন এই রকম কোন নমুনা পাইনি। সেজন্য গোড়ার কথা হচ্ছে মাষ্টার

প্ল্যান তৈরি যতক্ষণ পর্যন্ত না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই সমস্ত বিল এনে অযথা নতুন সমস্যা সৃষ্টি করার কোন প্রয়োজন নাই। আমরা ইতিমধ্যে দেখেছি সেই সব [illegible]। রয়ে গেছে যেমন জমি নিয়ন্ত্রণ-এর যদি প্রয়োজন হয় বা বাস গৃহের এক্সটেনসানের যদি প্রয়োজন হয় তাহলে একজন অফিসারের মারফত আমাকে আসতে হবে। আমি বলছি কলকাতা এবং আশে-পাশের যে অঞ্চলগুলি এই পরিকল্পনার অন্তর্ভুক্ত সেখানে আমরা দেখি কোন মধ্যবিত্ত মানুষকে যদি অতি কষ্টে তার বাড়ী তৈরি করতে হয় বা বাড়ীর কোন উন্নতি করতে হয় বা এক্সটেনসান করতে হয় তাহলে সেখানে তাকে পৌরসভার কাছে বা কর্পোরেশানের কাছে তাম্বির করতে হয় এবং তাকে বিল্ডিং প্ল্যান পেশ করতে হয় এবং তার জন্য তাকে কিছু ঘুষ দিতে হয় এবং তাতে বিরাট সময় লাগে। তারপর সিমেন্টের প্রশ্নে সেখানে ঘুষ লাগে এবং সময় লাগে। তারপর নতুন আইন বলে দেখা যাচ্ছে সেখানে সি, এম, পি, ও-র যে অফিসার থাকবে সেই অফিসারের মারফত আবার আর একটা অনুমতি নিতে হবে। আগে ছিল শুধুমাত্র পৌরসভা বা কর্পোরেশানের মধ্য দিয়ে আমরা প্ল্যান পাশ করিয়ে নিয়ে উন্নতিসাধনের ব্যবস্থা করতে পারতাম, এখন ৭ নম্বর ধারাতে যে কথা বলা হয়েছে তাতে হবে না, সি, এম, পি, ও-র অফিসারের মারফত সেই পরিকল্পনা পাশ করিয়ে নিতে হবে তারপর ডেভেলপ্‌মেন্টের কাজ করতে পারবে। এতে অযথা কতকগুলি সমস্যা সৃষ্টি করা হচ্ছে। আমরা বলতে চাই সি, এম, পি, ও যদি একটা সর্বাত্মক পরিকল্পনা মাষ্টার প্ল্যান আমাদের সামনে রাখেন এবং বিধান সভায় যদি আমরা সেটার আলোচনা করার সুযোগ পাই তাহলে অন্ততঃ কতকগুলি সাজেসান দিতে পারি। আমরা দেখেছি ইউজ অব ল্যান্ড সম্বন্ধে আপনারা বলেছেন যে সি, এম, পি, ও-র একজন মাত্র অফিসারের হাতে ক্ষমতা ন্যাস্ত থাকবে, তাঁর অনুমতি ব্যতিত জমি কেউ ইউজ করতে পারবে না। আমি অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে এই কথা রাখতে চাই যে আমরা দেখেছি ইতিমধ্যে বড় বড় ধনিক সম্প্রদায়ের লোক কিছু কিছু জমি উন্নয়নের কাজে লাতাবেন বলে আটক করে রেখেছেন। আমি বলছি হিন্দুস্থান মোটর কোম্পানী যেটা বিড়লার কোম্পানী তার সংলগ্ন বিরাট কৃষি এলাকা ইতিমধ্যে আটক্ করে রেখেছে উন্নয়নের নাম করে। আমরা দেখে এসেছি সেখানে উন্নয়ন হচ্ছে না, সেখানে কৃষিকার্য বন্ধ হয়ে গেছে। যাদের জমি তারা ক্ষতিগ্রস্ত হয়েছে। আমারা চোখের সামনে দেখেছি যে পরিকল্পনা রচনার নামে জমি একোয়ার করে ফেলে রাখা হয়েছে। কেশরাম কটন মিলের কাছে বহু জমি একোয়ার করে ফেলে রাখা হয়েছে, গ্রামের মানুষের কাছে বলা হয়েছে যে উন্নয়ন করা হবে, ফ্যাক্টরী এক্সপ্যানসান করা হবে, গ্রামের মানুষকে চাকরি দেওয়া হবে, এই সব কথা বলা হয়েছে। কাজে কাজেই সাধারণ মানুষের ধারণা হয়ে গেছে যে জমিগুলি উন্নয়নের নাম করে এ্যাকোয়ার করে ফেলে রাখা হয়। সি, এম, পি, ও সম্পর্কে আজকে মানুষের মনে এছাড়া অন্য কোন ধারণা নেই। এইভাবে জমি নিয়ন্ত্রণের নাম করে যদি জমি ফেলে রাখা হয় তাহলে আমরা বলব আমাদের যে গ্রামীন অর্থনীতি সাধারণ মানুষের যে আর্থিক অবস্থা সেটা ক্ষতিগ্রস্ত হবে। সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করব এই সমস্ত বিল আনবার আগে সি, এম, পি, ও-র একটা স্ট্যাটাস, একটা স্ট্যাটুটরী বডি হিসাবে স্বীকৃতি দেবার ব্যবস্থা করুন এবং একটা মাষ্টার প্ল্যান তৈরি করে আমাদের কাছে এনে আলোচনা করবার সুযোগ দিন। তারপরে এই বিল আনলে নিশ্চয়ই আমরা এ সম্বন্ধে চিন্তা করে দেখব এবং আপনাদের সাজেসান দিয়ে সহযোগিতা করব।

[3-50—4 p.m.]

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি প্রারম্ভিক ভাষণে যা বলেছিলাম এই বিলটি উত্থাপন করবার সময়, তার চেয়ে আর বেশী কিছু বলবার আছে বলে আমার মনে হয় না। তবে আনন্দের কথা যে অধিকাংশ সভ্যই এই বিলের মৌলিক নীতিকে সমর্থন জানিয়েছেন। তাছাড়া যখন তৃতীয় রিডিং হবে তখন আমি আশা করি দফা-ওয়ারী আলোচনার পর সে বিষয়ে বলতে পারবো। মোট কথা সকলের জানা দরকার এবং যত বহুল প্রচার হয়, তত ভাল। এ বিলের আলোচনা প্রসঙ্গে সি এম পি ও সম্বন্ধে নানা রকম সংশয়মূলক ধারণা প্রকাশ করেছেন যে সি এম পি ও নিজেই ইনিসিয়েটিভ নিয়েছে যা যা কথা শম্ভুবাবু বললেন, নানা ধরনের সন্দেহ প্রকাশ করেছেন

যে সি, এম, পি, ও-কে স্টেটুটরি অথরিটি দেওয়া হয় নাই। সত্যিই তো, যে কথা জ্যোতিবাবু বলেছেন বা আরো অন্যান্য অনেকে বলেছেন, আমি সেই জন্য আগ্রহান্বিত হইনি নানা কারণে। কেন হয় নাই? তার কারণ এত বড় বিরাট পরিকল্পনা, যেটা ৩২টি মিউনিসিপ্যালিটি ও অন্যান্য প্রতিষ্ঠান নিয়ে জড়িত, সকলের সঙ্গে সংশ্লিষ্টতা যুক্ত করে যে প্রতিষ্ঠান, তা নিয়ে একটি আইন প্রণয়ন করা খুব দুরূহ ব্যাপার, দ্বিতীয়তঃ সি এম পি ও অলরেডি যে সমস্ত লেজিসলেটিভ ইনিসিয়েসান নিয়েছে তার প্রথমটা হচ্ছে, এটা না হলে তো সবই বানচাল। একদিকে আপনারা বলছেন সি, এম, পি, ও কি করেছে আমরা জানিনা। সি, এম, পি, ও যা করছে, সেটা আইনের বলে প্রকাশ করতে চায়। এই সি, এম, পি, ও,-এর প্ল্যান যে মস্তবড় প্ল্যান তা আইনতঃ অগ্রাহ্য করার ক্ষমতা নাই। কাজেই আজকে এটা একটি ছোট্ট বিল। এই বিলটা শুধু যে এলাকায় কাজ করবেন, এটা একজন সদস্য বলেছেন, এটা জমি দখলের বিল। এটা জমি দখল বিল বা রিকুইজিসান বিল মোটেই নয়। সুশীলবাবু বলেছেন বস্তি মালিকদের কথা, কিন্তু বস্তি মালিকদের কোন কথা এই বিলে নাই। তার জন্য আর একটা সি, এম, পি, ও আর একটা বিল নিয়েছেন বস্তি ইমপ্রুভমেন্ট, আমাদের স্লাম ক্লিয়ারেন্স বিলে, আমরা কাজ এগুতে পারছি না। একটা স্লামকে ক্লিয়ার করে আর একটা জায়গায় বাড়ী করে সেই লোকগুলিকে হটান আমরা ৩।৪ বছর ধরে দেখেছি বিরাট সমস্যা। সেই স্লাম ইম্প্রুভমেন্ট বিল সি, এম, পি, ও, যে প্ল্যান দিয়েছে তা কেবিনেট গ্রহণ করেছে এবং সেই সম্পর্কে লেজিস্‌লেসন যথাসময়ে আসবে।

দ্বিতীয়ত ঐ যে শম্ভুবাবু বলেছেন ষ্টেটুটরি বডি করবার কথা তা করা সত্যিই দরকার। যাঁরা দিচ্ছেন ফোর্ড ফাউন্ডেসান এবং ওয়ার্লড ব্যাঙ্ক তাঁরা চাপ দিচ্ছেন তোমরা না যদি ষ্টেটুটরি কর, তাহলে আমরা সমস্ত অরগেনাইজেসান উইথড্র করে নিয়ে চলে যাব। তোমরা এতদিন ধরে না করছো, ইমপ্লিমেন্টেসান বডি মাত্র একজিকিউটিভ অর্ডারে চলেছে, সেটা চলা উচিত না। সেই জন্য এর একটা মেট্রোপলিটান ষ্টেটুটরি অথরিটি করবার জন্য সেটাও সি, এম, পি, ও দিয়েছে এবং কেবিনেট সেটা গ্রহণ করেছে, লেজিসলেটিভ ডিপার্টমেন্ট তার প্রয়োজনীয় ব্যবস্থাদি করছেন যে কলকাতা কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যালিটি ইত্যাদি ৩২টি মিউনিসিপ্যালিটি আছে, তাদের সঙ্গে কি কোথায় সংঘর্ষ হবে, কনফ্লিকট হবে সব নিয়ে, তার জন্য এক একটা ডেভেলপমেন্ট বোর্ড হবে বিলেতের মত। এদেশে সেটা বিরাট ব্যয় সাপেক্ষ; সে সব স্টেপ নেওয়া হচ্ছে, করা হচ্ছে। এটা প্রাথমিক কী করা হচ্ছে? কোন ক্ষমতা নেওয়া হচ্ছে না। উনি যেখানে বলছেন সকলেই স্বীকার করে গেছেন। এলোমেলোভাবে জমি নেবেন, আর একটা ঝপাৎ করে সহরের মাঝখানে একটি ইটখোলা করে দিলেন। কোথাও কিছু নেই টালার মাঝখানে একটা কারখানা খুলে দিলেন; দুর্গন্ধময় আবর্জনা, কোন অথরিটি নাই। সুতরাং সেখানে সি, এম, পি, ও, অথরিটি চাইছেন ল্যাণ্ড ইউজ-এর। আমরা বর্তমান দৃষ্টিভঙ্গীতে মডার্ন পরিকল্পনায় চারশো বর্গ-মাইল করতে চাই। তার জন্য প্রাথমিক ক্ষমতা নিচ্ছেন একটি কনট্রোলিং অথরিটি, সে কী করবে? সে ডিক্লেরেসান করে দেবে এই জায়গায় এলে আমাদের ডেভেলপমেণ্ট অথরিটি, তোমার বাড়ী করা বন্ধ হবে না, জমি দখল করা বন্ধ হবে না; জমির ক্রয়-বিক্রয় ক্ষমতা কাড়া হবে না। ধরুন শিলিগুড়ি বা আসানসোল একটি ডেভেলপমেণ্ট এলাকা হয়েছে এখন ধরুন আমাদের সি, এম, পি, ও সমগ্র কলকাতার কর্তৃত্ব নেবে—এখানে কোন সেটেলাইট টাউন হবে, বেহালায় ওরা সেটেলাইট টাউন করার প্ল্যান করেছে; কিন্তু সেটা করতে গেলেই যখন আইন হবে, যখন যাব, তখন দেখবো সমস্ত জমি দখল হয়ে গেছে। সেই জন্য একজন কন্ট্রোলার চাই, মূল কথা কন্ট্রোলার জেনারেল ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট হবে। তার উপর ক্ষমতা থাকবে ডাইরেকসান থাকবে, কি কি দেওয়া হবে একচুয়েলি নির্দেশ দেওয়া আছে অ্যাক্ট-এ এগুলি করতে পারবে না, তোমরা এগুলি করলে অনুমতি নিয়ে করতে হবে। যেমন একটা কারখানা হচ্ছে, আমরা একটা জোন্ করে দিলাম, এখানে একটা কারখানা হবে, ওখানে রেসিডেন্সিয়েল হাউস হবে, ওখানে স্কুল হবে, হাসপাতাল হবে; ইত্যাদি।

Dr. Kanai Lal Bhattacharyya:

তার জন্য একটি মাষ্টার প্ল্যান চাই; তা তো আপনারা করেন নাই।

Shri Saila Kumar Mukherjee:

এই যে প্ল্যানটা পাবলিস করবে, তার প্ল্যান অথরিটি কে হবে? সি, এম, পি, ও, একটা প্ল্যান করে সাবমিট করলো—কি তার কর্তৃত্ব? কে তাদের গ্রাহ্য করবে? তার জন্য তো এই আইন। হাউ ক্যান সি, এম, পি, ও, পাবলিস দিস অথরিটি? এই এই ডাইরেকসন তারা দেবেন, কোন্ কোন্ এরিয়া তারা ডেভেলপ করবে; সেটা তারা বলবে, সেই এরিয়ায় প্ল্যান মত কাজ করতে হবে। শৈবাল গুপ্ত কমিশনের টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং লেজিসলেসান এত বড় মোটা ভলিউম। অল ইন্ডিয়া কাউনসিল অফ লোকাল সেলফ্ গভর্নমেন্ট তাতে তাঁরা বলছেন, পশ্চিম-বাংলায় কোনরকম কানট্রি প্ল্যানিং লেজিসলেটিভ নাই। সেটা আমাদের দেরী হবে করতে। এটা আনতে দেরী হবে বলে ইন দি মিন টাইম এই সি, এম, পি, ও, কিছু কাজ করেছে—তার কোন অথরিটেটিভ রিকগনিসান নেই। তাঁরা প্ল্যান করেন, পাবলিস করে দেন। কাজেই আশা করি এটার আর সার্কুলেসানে দেবার প্রয়োজন নাই। সামান্য কয়েকটি সেকসান আছে তার দফাওয়ারী আলোচনা করে শেষ করে দিন। তবুও যদি কিছু বলার থাকে, তাহলে থার্ড রিডিং-এর আলোচনার উত্তরে বলবো।

[4—4-25 p.m.]

The motion that the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

AYES

Bakshi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Shambhu Gopal
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Adhar Chandra
Kisku, Shri Mangla
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Sen Gupta, Shri Niranjan
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

Noes

Abdul Gafur, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Dinabandhu
Das, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutt, Dr. Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Guha, Dr. Prabodh Kumar
Halder, Shri Jagadish Chandra
Hazra, Shri Parbati Charan
Ishaque, Shri A. K. M.
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Maitra, Shri Birendra Kumar
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mallick, Shri Ramendra Kishore
Mandal, Shri Krishna Prasad
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pramanik, Shri Rajani Kanta
Ray, Shri Kamini Mohan
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohan
Tudu, Shrimati Tushar

The Ayes being 34 and the Noes 52, the motion was lost.

The motion of Shri Prafulla Chandra Sen that the Bill be taken into consideration, was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

Laying of copy of judgment

[4-25—4-35 p.m.]

Shri Syamadas Bhattacharyya: I beg to lay before the Assembly a copy of the judgement of the Hon'ble High Court in Civil Rule Nos. 189 and 190 of 1962.

Shri Abani Kumar Basu: I want to raise a question of privilege in respect of the observations made in the judgment which has now been placed on your table. I am giving notice to the Secretary, and I would request you kindly to fix a date.

Mr. Speaker: Mr. Basu, I gave you direction the other day. You please place before me the papers in the formal way. I will give my ruling.

শ্রীভক্তিভূষণ মণ্ডল: এই যে ভিজিল্যান্স কমিশন যেটা আছে, তাদের কি ইনভেস্টিগেশন করার পাওয়ার দেওয়া হয়েছে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: হ্যাঁ, নিশ্চয়ই দেওয়া হয়েছে। একজন কমিশনারের উপর সম্পূর্ণ ভার দেওয়া আছে। এটা একটা ইন্ডিপেন্ডেন্ট বডি।

শ্রীঅবনীকুমার বসু: এই যে ভিজিল্যান্স কমিশন কলকাতা ছাড়া অন্যান্য জেলায় এই কমিশন-এর কি কোন ব্রাঞ্চ আছে বা ব্রাঞ্চ করা সম্বন্ধে সরকার কি চিন্তা করছেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: তারা সারা পশ্চিমবঙ্গের ভার গ্রহণ করেছেন।

Use of mike in public meetings

***390.** (Admitted question No. *2217.)

শ্রীনারায়ণ চৌবে: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য, বর্তমানে বহু জেলাতে জনসভায় মাইক ব্যবহার করিবার জন্য এস ডি ও-র অনুমতি লইতে হয়;

(খ) ইহা সত্য হইলে, কোন্ কোন্ জেলায় এই আইন বর্তমান; এবং

(গ) কবে হইতে এই আইন চালু করা হইয়াছে এবং কেন?

Mr. Speaker: Starred question No. 390 will be taken up on the next rotational day as the Hon'ble Minister-in-charge has not been able to collect all the information required.

Border incidents in Nadia district

***391.** (Admitted question No. *2237.)

শ্রীমহানন্দ হালদার: স্বরাষ্ট্র (পাসপোর্ট—সি আর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জিলার করিমপুর থানার ফুলবাড়ি, চকফুলবাড়ি প্রভৃতি সীমান্ত এলাকার মৌজাগুলিতে পাকিস্তানীদের অবৈধ প্রবেশে ও লুঠতরাজ প্রভৃতি অত্যাচারের ফলে ভারতীয় এলাকার বহু জমি অনাবাদী অবস্থায় পড়িয়া থাকে;

(খ) ঘটনা সত্য হইলে, ভারতীয় নাগরিকের নিরাপত্তা তথা অনাবাদী জমি সুষ্ঠু আবাদের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(গ) সীমান্ত এলাকায় এই সব উপদ্রবের স্থায়ী নিরসনের কোন সামগ্রিক ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন কি?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) না, ইহা সত্য নহে যে, পাকিস্তানীদের অবৈধ প্রবেশ বা তাহাদের উৎপাতের জন্য করিমপুর থানার ফুলবাড়ি ও চকফুলবাড়ি মৌজায় কোন জমি অনাবাদী অবস্থায় পড়িয়া রহিয়াছে।

(খ) স্বভাবতঃই সরকার ভারতীয় নাগরিকদের নিরাপত্তা ও জমির সুষ্ঠু আবাদের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করে থাকেন।

(গ) সীমান্ত এলাকায় পাকিস্তানী উপদ্রব বাড়ার জন্য সীমান্ত প্রহরার ব্যবস্থা আরও শক্তিশালী করা হয়েছে এবং প্রহরী দলের সজাগ দৃষ্টি বহু ক্ষেত্রেই পাক হামলা প্রতিহত করতে সমর্থ হয়েছে।

[1-10—1-20 p.m.]

শ্রীমহানন্দ হালদার: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, করিমপুর থানার ফুলবাড়ি, চক ফুলবাড়ি প্রভৃতি সীমান্ত এলাকার মৌজায় কোন জমি পড়ে নাই। এটা কতদিন আগেকার খবর বলছেন? এটা কি সাম্প্রতিক খবর বলছেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: ১০-১২ বছর ধরে এই ফুলবাড়ি এবং চক ফুলবাড়ির হাজার বিঘা জমি কুষ্ঠিয়া জেলার পাকিস্তানী নাগরিকদের দৌরাত্ম্যে বিঘ্নিত হত। ১৯৬৩ সালে আমরা ওখানে একটা পুলিশ ফাঁড়ি স্থাপন করেছি তাতে ভারতীয় নাগরিকরা পতিত জমি হাজার বিঘার মধ্যে ৭৫০ বিঘা চাষ করছে। আর বাকি জমির মালিকরা ঐ বর্ডার এলাকার জমি বিক্রি করে দেশের অভ্যন্তরে জমি কেনবার জন্য চেষ্টা করছে। সেজন্য বাকি জমি পড়ে আছে, তাদের মালিক চাষ করছে না, সেটা বিক্রি করবার জন্য ইচ্ছা প্রকাশ করেছে।

শ্রীমহানন্দ হালদার: এই যে ২৫০ বিঘা জমির মালিক চাষাবাদ করছে না, তারা কি চাষ করতে সাহস পাচ্ছে না?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: তারা নিজেরা ইচ্ছা করে করছে না। তাদের প্রোটেকশানের ব্যবস্থা করা হয়েছে। প্রোটেকশানের ব্যবস্থা করাতে ৭৫০ বিঘা জমিতে চাষাবাদ হচ্ছে। বাকি যেটা পড়ে আছে তার মালিক চাষ করছে না। তারা সেটা বিক্রি করে দিয়ে ভারতীয় এলাকার ভেতরে জমি কেনবার জন্য চেষ্টা করছে। এজন্য বাকি অংশটুকু পড়ে আছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তাঁরা প্রোটেকশান দিয়ে রেখেছেন। এই ২৫০ বিঘার জমির মালিক স্বেচ্ছায় জমি এক্সচেঞ্জ করতে চায় একথা ঠিক নয়। আমার প্রশ্ন হচ্ছে এই এলাকায় আপনি যে ব্যবস্থা করেছেন সেই ব্যবস্থা পর্যাপ্ত নয়, তারা তাদের জীবন বিপন্ন বলে মনে করছে, সেজন্য কি তারা ২৫০ বিঘা জমি চাষ করছে না?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: আমি মাননীয় সদস্যকে অনুরোধ করব বর্ডার সম্বন্ধে কোন প্রশ্ন করবেন না।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, সেখানে প্রোটেকশানের ব্যবস্থা করেছেন। কিন্তু ঐসব এলাকায় যেসব সংখ্যালঘুর জমি আছে তারা ঐসব এলাকার লোক, ভারতীয় নাগরিক। তারা ঐসব এলাকায় চাষ করতে গেলে তাদের পাকিস্তানী নাগরিক বলে নিয়ে গিয়ে জেলে দেওয়া হচ্ছে এবং তারা জমির পর্চা কাগজপত্র দেখান সত্বেও মাসের পর মাস জেলে আটক থাকছে। সেজন্য ঐসব এলাকায় সংখ্যালঘুরা গিয়ে চাষ করতে পারছে না, এই খবর কি জানেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: এ খবর জানা নেই। মাননীয় সদস্যের যদি এই সংবাদ জানা থাকে, তাহলে সেটা জানালে বিধি ব্যবস্থা করতে পারি।

Land on which the Congress Conference was held

***392.** (Admitted question No. *2241.)

শ্রী[illegible] রায়, শ্রীমহানন্দ হালদার ও শ্রীখলিল সৈয়দ: গত ৯ই মার্চ, ১৯৬৫ তারিখে প্রদত্ত তারকাবিহীন ৫৪১নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১৫৩১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত কংগ্রেস অধিবেশনে সরকার যে জমি সাময়িকভাবে ব্যবহার করিবার জন্য দিয়াছিলেন তাহার জন্য কোনও ভাড়া আদায় করা হইয়াছিল কি; এবং

(খ) আদায় না হইয়া থাকিলে তাহার কারণ কি?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) কংগ্রেস কর্তৃপক্ষ জমির ভাড়া, জল, বিদ্যুৎ এবং অন্যান্য খরচ বাবদ অগ্রিম (অ্যাডভান্স) দিয়াছিলেন।

(খ) জমির ভাড়া নির্ধারণ সাপেক্ষে জমির ভাড়া বাবদ টাকা এখনও হিসাবে সমন্বয় (অ্যাডজাস্টমেন্ট) সাধন করা হয় নাই।

Shri Nani Bhattacharya:

কত টাকা আগাম দিয়েছিলেন?

Shri Ardhendu Sekhar Naskar:

৪০ হাজার টাকা।

Shri Birendra Narayan Ray:

একটা রাজনৈতিক দলকে আপনারা সাময়িকভাবে জমি ব্যবহার করার জন্য দিয়েছিলেন, অথচ তার ভাড়া সেটেল করেন নি। এর জন্য দায়ী কে হবে?

Shri Ardhendu Sekhar Naskar:

এই নিয়ে এই হাউসে বহুবার আলোচনা হয়ে গেছে। আমি তো বলে দিয়েছি। (খ) প্রশ্নের জবাব দেখুন, জমির ভাড়া নির্ধারণ সাপেক্ষে জমির ভাড়া বাবদ টাকা এখনও হিসাবে সমন্বয় সাধন করা হয় নাই। তবুও ৪০ হাজার টাকা অ্যাডভান্স করেছে।

Development Scheme for the South Suburban Municipality

***693.** (Admitted question No. *2249.)

শ্রী... মুখোপাধ্যায়: উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যেসমস্ত মিউনিসিপ্যালিটি সি এম পি ও-র অধীনে আনা হইয়াছে তাহার মধ্যে দক্ষিণ শহরতলি পৌরসভা আছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে—

(১) উক্ত পৌরসভার পানীয় জল সরবরাহ, জলনিষ্কাশন, ময়লা ডিপো অপসারণ (ট্রেঞ্চিং গ্রাউন্ড) সমস্যাগুলি সি এম পি ও-র বিবেচনাধীন আছে কিনা; এবং

(২) এ পর্যন্ত উক্ত অঞ্চলের জন্য কোন প্ল্যান তৈয়ারি হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে উহা কি?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) দক্ষিণ শহরতলী পৌরসভা এলাকা সি এম পি ও-র পরিকল্পনা ক্ষেত্রের অন্তর্গত।

(খ) (১) আছে।

(২) দক্ষিণ শহরতলী পৌরসভা এলাকার জন্য পৃথক ভাবে কোন পরিকল্পনা তৈয়ারী করা হয় নাই। ঐ এলাকাসহ সমগ্র বৃহত্তর কলিকাতায় পানীয় জল সরবরাহ, জল নিষ্কাশন ও ময়লা অপসারণ প্রভৃতি সমস্যা সমাধানের জন্য একটি সামগ্রিক পরিকল্পনা প্রস্তুত করা হইতেছে, এখনও শেষ হয় নাই।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—সি এম পি ও-র কোন মাস্টার প্ল্যান তৈরী হয়েছে কিনা?

Shri Ardhendu Sekhar Naskar:

আজকে তার আলোচনা হচ্ছে, সমস্ত জিনিসটা জানতে পারবেন।

Granting of M. R. dealership to the Service Co-operative Societies of Nalhati police-station

***394.** (Admitted question No. *2266.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: খাদ্য সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নলহাটি থানার কোন্ সার্ভিস কো-অপারেটিভ সোসাইটিকে এম আর ডিলারশিপ দেওয়া হয় নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) কারণ এতদিন নলহাটি থানার কোন কো-অপারেটিভ সোসাইটি এম আর ডিলারসিপের জন্য আবেদন করে নাই। অবশ্য সম্প্রতি 'ভগবতীপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি' নামক উক্ত থানার একটি কো-অপারেটিভ সোসাইটি এম আর ডিলারসিপের জন্য আবেদন করিয়াছে। আবেদনটি বর্তমানের সরকারের বিবেচনাধীন।

Dr. Kanai Lal Bhattacharya:

ওখানে রিটেল ডিলারশিপ কাকে কাকে দেওয়া হয়েছে, তাদের নামগুলি জানতে পারি কি?

Shri Smarajit Bandyopadhyay:

এই রিটেল ডিলারশিপ কাকে কাকে দেওয়া হয়েছে তা বলতে পারবো না। কো-অপারেটিভ সোসাইটিকে কয়েকটি দেওয়া হয়েছে রামপুরহাট সাবডিভিসনে।

Dr. Kanai Lal Bhattacharya:

নলহাটি থানার রিটেল ডিলারশিপ কাকে দেওয়া হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

ডিলারশিপ নাই, কো-অপারেটিভ আছে, আমি ডিস্ট্রিক্ট ওয়াইজ ফিগার বলতে পারি।

Dr. Kanai Lal Bhattacharya:

আমি তা চাই না। আমি চাই রিটেল ডিলারশিপ।

Shri Smarajit Bandyopadhyay:

তা জানি না।

Dr. Kanai Lal Bhattacharya:

হোলসেল ডিলারসিপ কোন কো-অপারেটিভ সোসাইটিকে দেওয়া হয়েছে কি?

Shri Smarajit Bandyopadhyay:

না। এম আর সপ সম্বন্ধে প্রশ্ন ছিল, তাই তার ফিগার দিয়েছি। হোলসেল ডিলার সম্বন্ধে প্রশ্ন দিলে বলতে পারবো।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে নলহাটি থানার এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি যে দরখাস্ত করেছে—যেটা আপনাদের বিবেচনাধীন আছে, সেই দরখাস্তের তারিখটা বলতে পারবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

তারিখটা আমার কাছে নাই।

The application has been forwarded to the S.D.O., Rampurhat, for his final approval.

Dr. Kanai Lal Bhattacharya:

এটা কি সত্য যে, এই দরখাস্তটি যখন আপনারা ডিলারসিপ দিচ্ছিলেন তার আগে করা হয়েছিল এবং এটা চেপে রেখে দেওয়া হয়েছিল। যেহেতু ঐ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটির সেক্রেটারী গণেন্দ্রনাথ মুখার্জি ফরওয়ার্ড ব্লকের একজন সদস্য বলে?

Shri Smarajit Bandyopadhyay:

এইরকম সংবাদ আমার জানা নাই।

Courts' strictures on police officers

***395.** (Admitted question No. *2270.) **Shri Apurba Lal Majumdar:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) in how many cases, in the period from 1961 to 10th March, 1965, the courts passed strictures on police officers for their lapse and defective investigation and for their failure to carry out or perform their duties properly;

(b) whether actions have been taken against all of them in view of the strictures passed by the court; and

(c) if not, the reasons therefor?

Shri Ardhendu Sekhar Naskar: (a) 100 cases.

(b) and (c) Action was taken against the officers concerned in 63 cases. In two cases, the officers concerned having retired, no action against them could be taken. Thirteen cases are still under examination. In rest of the cases, the officers concerned were not found at fault on either departmental or magisterial enquiry.

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি বললেন দুজন যাঁরা রিটায়ার করে গেছেন, তাঁদের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া যায় নাই, তাঁরা কি পেনসন পাচ্ছেন?

Shri Ardhendu Sekhar Naskar:

রিটায়ার যখন করেছেন, তখন নিশ্চয়ই তারা পেনসন পাচ্ছেন।

Dr. Kanai Lal Bhattacharya:

পেনসন যখন পাচ্ছেন, তখন সার্ভিসে থাকাকালীন যে অন্যায় তাঁরা করেছিলেন তার জন্য কি এখন শাস্তি দেবার কোন নিয়ম নাই?

Shri Ardhendu Sekhar Naskar:

মাননীয় সদস্য যখন একথা উত্থাপন করেছেন, আমি এ সম্বন্ধে অনুসন্ধান করবো।

Declaration of the Chittaranjan industrial areas as a protected area

***397.** (Admitted question No. *2335.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চিত্তরঞ্জন শিল্প এলাকা কতদিন হইতে প্রোটেক্টেড এরিয়া বলিয়া ঘোষিত হইয়াছে এবং কি কারণে?

[1-20—1-30 p.m.]

Shri Ardhendu Sekhar Naskar:

চিত্তরঞ্জন লোকোমেটিভ ওয়ার্কস একটি অত্যাবশ্যকীয় জাতীয় সংস্থা।

ধ্বংসাত্মক কার্যকলাপ হইতে মুক্ত রাখার জন্য জাতীয় স্বার্থে পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনানুযায়ী ১৯৪৯ সালের ৬ই অগাস্ট তারিখ হইতে ইহা সংরক্ষিত এলাকা বলিয়া ঘোষিত হইয়া আছে।

শ্রী[illegible] রাহাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সংরক্ষিত এলাকায় এম এল এ এবং এম এল সি-রা যেতে পারেন কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ নিশ্চয়ই পারেন। চিত্তরঞ্জন লোকোমেটিভ ওয়ার্কস জাতীয় সম্পত্তি এবং ১৯৪৯ সালের ৬ই অগাস্ট থেকে এটা সংরক্ষিত এলাকা হয়েছে। তবে ওখানে নিয়ম হচ্ছে সেই এলাকাটা একটা পার্মিটের দ্বারা নিয়ন্ত্রিত। ওখানে যে যাবে তার ক্ষেত্রে এই পার্মিট প্রয়োজন হয় এবং এখনও সেই নিয়ম আছে। এরকম এলাকা সম্বন্ধে যে সমস্ত আইন আছে সেগুলি ওখানেও প্রযোজ্য।

শ্রী[illegible] রাহাঃ সংরক্ষিত এলাকায় পার্মিট না নিয়ে কেউ যেতে পারেন কি?

শ্রী[illegible] নস্করঃ পার্মিট না নিয়ে যেতে পারে এরকম ব্যবস্থা আছে বলে আমার জানা নেই। রেলওয়ের যেসমস্ত কর্মচারীরা আছেন তাঁদের জন্যও পার্মিটের ব্যবস্থা আছে।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ আপনি বললেন সেই এলাকায় প্রবেশ করতে গেলে পার্মিটের দরকার হয়। কিন্তু আপনি কি জানেন যে, সেই অঞ্চলের বিধানসভার নির্বাচিত প্রতিনিধি নির্বাচনের পর সেই শহরে প্রবেশ করবার জন্য সেখানকার সিকিউরিটি অফিসারের কাছে রেজিস্ট্রি সহকারে চিঠি দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত তাঁকে ভেতরে প্রবেশ করবার জন্য পার্মিট দেওয়া হয় নি?

শ্রী[illegible] নস্করঃ এরকম সংবাদ আমার জানা নেই।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ এই সংরক্ষিত এলাকায় প্রবেশ করবার জন্য দরখাস্ত করা সত্ত্বেও আজ পর্যন্ত তাঁকে ঢুকতে দেওয়া হয় নি, এই প্রশ্নের উত্তরে আপনি বললেন জানি না। আমার প্রশ্ন হচ্ছে তা যদি হয়ে থাকে তাহলে সেখানকার কর্তৃপক্ষ সিকিউরিটি আইন ভঙ্গ করবার দোষে দোষী একথা আপনি মনে করেন কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ ইট ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন।

মিঃ স্পীকারঃ কাকে ঢুকতে দেওয়া হয় নি?

শ্রীহরিদাস চক্রবর্তীঃ আমাকে ঢুকতে দেওয়া হয় নি অথচ আই অ্যাম দি ইলেকটেড মেম্বার অফ দ্যাট কনস্টিটিউয়েন্সী।

শ্রী[illegible] নস্করঃ আপনি যখন আপনার কথা উত্থাপন করলেন, আমি অনুসন্ধান করে দেখব।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ অফ দি মেম্বার্স। আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আপনি হচ্ছেন কাস্টোডিয়ান অফ দি প্রিভিলেজ অ্যান্ড রাইটস নট ওনলী ইন দিস হাউস, বাট আউটসাইড অলসো। আমার বক্তব্য হচ্ছে আমার কনস্টিটিয়েন্সীর মধ্যে কোন এলাকায় যদি গভর্নমেন্ট এইভাবে আইন করে আমাকে উইদাউট পার্মিট ঢুকতে না দেন তাহলে সেখানকার কাজকর্ম আমি কি করে করব? হরিদাসবাবু চিত্তরঞ্জন লোকোমেটিভ ওয়ার্কস থেকে ইলেকডেট হয়েছেন অথচ তিনি সেখানে উইদাউট পাস ঢুকতে পারেন না। কেন তাঁকে পাস দেওয়া হয় নি সেকথা মন্ত্রিমহাশয় যখন বলতে পারলেন না তখন এই ব্যাপারে আমি আপনার নির্দেশ চাই।

মিঃ স্পীকারঃ এটা খোঁজ করে বলে দেবেন।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: সেখানকার কর্মচারীদের আইডেনটিটি কার্ড দেওয়া হয় এবং তাঁদের পরিবারের জন্য ব্যবস্থা আছে। উনি সেখানকার এমপ্লয়ী নন, বাইরের লোক এবং সেই হিসেবে আউটসাইডার বলে গণ্য করা হবে। বাইরের লোকের জন্য যে ব্যবস্থা অবলম্বন করা হয়ে থাকে এক্ষেত্রে অথরিটি সেটাই করেছেন। ওখানকার যাঁরা এমপ্লয়ী এবং তাঁদের যে আত্মীয়স্বজন তাঁরা যে কেউ দেখা করতে আসতে পারেন এবং তাতে কোন বাধা নেই। উনি সেখানকার এমপ্লয়ী নন, জনপ্রতিনিধি হতে পারেন।

মিঃ স্পীকার: উনি কোশ্চেন করছেন যে, উনি যে কনস্টিটিউয়েন্সী থেকে ইলেকটেড হয়ে এসেছেন সেই কনস্টিটিউয়েন্সীর একটি একটি লোকালিটিতে ঢুকতে পারমিট দেওয়া না হলে উনি কাজ করবেন কি করে, তাঁকে দেওয়া উচিত না অনুচিত সেটাই তাঁর প্রশ্ন।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: ওখানে যে অথরিটি আছেন তারা বলতে পারে এ সম্বন্ধে, কেন দেওয়া হয় নি, ও'কে পারমিট কেন দেওয়া হয় নি। এটা আমি এখন বলতে পারি না।

শ্রীকানাইলাল ভট্টাচার্য: পশ্চিমবঙ্গ সরকারের সিকিউরিটি অ্যাক্টে আছে যে আইন অনুযায়ী বাইরের কোন লোককে ঢুকতে দিতে চান না, এখন এমপ্লয়ী না হলেও সেই এলাকার নির্বাচিত যে প্রতিনিধি, বিধানসভার সদস্য, তাঁকে সেখানে ঢুকতে দেবেন কিনা পাস দেবেন কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: এখন বলতে পারি না, সেখানে শুধু এম এল এ কেন, এম পি, এম এল সি-ও আছেন যাঁরা ঐ কনস্টিটিউয়েন্সীর।

মিঃ স্পীকার: আপনি খোঁজ নেবেন।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: ঐ অঞ্চলের বিধানসভার সদস্য নির্বাচনের পর চিত্তরঞ্জনের ভিতর ঢুকেছিলেন কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: এটা আমার জানা নাই।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই পারমিট দেওয়াটা কি ফর্মাল, কি কি সর্ত পূরণ করলে এই পারমিট দেওয়া হয়?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: সর্ত আমার জানা নাই।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: পারমিট ফর্মাল, আজ পর্যন্ত এম এল এ, এম পি-কে কোন বাধা দেওয়া উচিত হবে বলে কি মনে করেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: সেটা ম্যাটার অফ ওপিনিয়ন, এই প্রশ্ন থেকে বলতে পারি না।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: কোন ক্যাবিনেট মিনিস্টারের পারমিটের প্রয়োজন হলে সেখানে সেটা পেতে কোন বাধা হওয়ার কারণ আছে কি?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: আপনি প্রশ্নটা করছেন ঘুরিয়ে, এর পরে হয়ত বলবেন ক্যাবিনেট মিনিস্টার পারলে এম এল এ-রা পারবেন না কেন, বিরোধী দলেরই হউন আর কংগ্রেস দলেরই হউন প্রত্যেককে পারমিট দেবার সময় অনুসন্ধান করে দিয়ে থাকেন, ও'রা যদি মনে করেন ক্যাবিনেট মিনিস্টারের বেলায় তা প্রযোজ্য তাহলে তাঁর বেলায়ও তাই হবে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: কি কি সর্ত পূরণ করলে পারমিট দেওয়া হয় বলবেন কি?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: আগেই বলেছি সর্ত যেটা উত্থাপন করেছেন সেই সর্ত আমার কাছে নাই, নোটিশ দিলে বলতে পারি।

ডাঃ নারায়ণচন্দ্র রায়: সেই জায়গায় নির্বাচিত প্রতিনিধির সেখানে ঢুকতে দেওয়ার জন্য পারমিট দেওয়া সম্পর্কে আর অন্য কাউকে পারমিট দেওয়ার মধ্যে কোন কিছু স্বতন্ত্র আছে বলে মনে করেন কি?

মিঃ স্পীকারঃ উনি বলেছেন উনি খোঁজ করে দেখবেন।

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ ওখানকার নির্বাচিত প্রতিনিধিকে ঢুকতে না দিলে সেটা সংবিধান বিরোধী হয় কিনা।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ ও'কে কেন ঢুকতে দেওয়া হয় নি, এখন আমি উত্তর দিতে পারব না, নোটিশ দিলে অনুসন্ধান করে বলতে পারি।

[1-30—1-40 p.m.]

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ মন্ত্রিমহাশয় যদি এরূপ জবাব দেন যে, আমরা উত্তর দিতে পারবো না..................

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ যদি একথা বলা অনুচিত হয়ে থাকে আমি তার জন্য ক্ষমা প্রার্থনা করছি, কিন্তু তিনি প্রশ্ন করেছেন কেন তাঁকে দেওয়া হয় নি, সেটা আমার জানা নেই।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ তাহলে এই প্রসঙ্গে তিনি কিভাবে জবাব দিচ্ছেন যেখানে আমরা আসল প্রশ্নের জবাব পাচ্ছি না।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ তাঁর প্রশ্ন ছিল চিত্তরঞ্জন শিল্প এলাকার কতদিন হইতে প্রোটেক-টেড এরিয়া বলিয়া ঘোষিত হইয়া আছে এবং তাহা কি কারণে? তার উত্তর আমি দিয়েছি।

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ আমি স্পীকারের কাছে একটা আবেদন রাখছি যে, [illegible]। ক্যান্ডি-ডেট তিনি যেতে পারবেন কিনা?

Mr. Speaker: He will look into the matter. After all, it is a privilege of the members to go into his constituency.
এটা উনি দেখবেন এবং দেখে ব্যবস্থা করবেন।
unless there is something against it.
এবং তারপর সেটা হাউসকে জানান দরকার।

শ্রীঅমরেন্দ্রনাথ বসুঃ আপনি যেভাবে বললেন যে এই এলাকায় যিনি এম এল এ, তার সম্পর্কে তিনি জবাব দেবেন। আমি তাঁকে আরো একটু বিশেষভাবে বলছি প্রত্যেক এম এল এ যারা বাংলাদেশের সেখানে থাকা অসুবিধা হবে কিনা, এবং বিনা পারমিটে তাঁরা যেতে পারবেন কিনা সে জবাবটা দেবেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ প্রশ্ন করেছিলেন যে ঐ এলাকায় কতদিন হইতে প্রোটেকটেড এরিয়া বলে ঘোষিত হইয়া আছে এবং কি কারণে তার এ জবাব দিয়েছি, কিন্তু কি কারণে ঢুকতে তাঁকে দেওয়া হয় নি ভোটের সময়, এটা আমার জানা নেই। এটি আমি খোঁজ করে জানাব।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ আপনি এইমাত্র বললেন ইলেকশনের পূর্বে তিনি কাজ করেছিলেন এটা ভুল তথ্য আপনাদের সামনে পেশ করা হল। আমি আপনাদের মাধ্যমে বলতে চাই যে, মাত্র ২৪ ঘণ্টা পূর্বে এস ডি ও সেখানে ঢোকবার জন্য একটা পারমিশন দিয়েছিলেন, কিন্তু উনি যা বললেন তাতে হাউসকে মিসলিড করলেন।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ আপনাকে কেন দেওয়া হয় নি সেটা জেনে নিয়ে জানাব।

Community Development blocks of Midnapore district

***398.** (Admitted question No. *2361.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে মোট কতগুলি সমষ্টি-উন্নয়ন ব্লক আছে; এবং

(খ) ঐ ব্লকগুলিতে বর্তমানে মোট কতগুলি ব্লক অফিসার আছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ৫২টি।

(খ) ঐ জেলায় বর্তমানে ৪৭ জন ব্লক ডেভালপমেন্ট অফিসার আছেন। বাদবাকি পাঁচটি ব্লকের মধ্যে তিনটি ব্লকে ব্লক ডেভালপমেন্ট অফিসার নিয়োগ করা হইয়াছে। এই তিনজন অফিসার এখনও ব্লকে যোগদান করেন নাই। বাকি দুইটি ব্লকে অফিসার নিয়োগ করার ব্যবস্থা হইতেছে।

মাননীয় সদস্যকে জানাতে চাই যে, এরপর বি ডি ও নিয়োগের অর্ডার দেওয়া হয়েছে।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ এটা কি সত্য যে, ব্লক অফিসার পোস্ট-এ লোক খালি থাকে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ একজন বদলি হলে আর একজনের যেতে যে সময় লাগে সে সময়টা খালি থাকে এবং তার জন্য পার্শ্ববর্তী বি ডি ও-কে চার্জ দেওয়া হয়।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ এই যে ব্লক অফিসার তাদের গেজেটেড অফিসার করা হয়েছে এবং বহু কাজের দায়িত্ব দেওয়া হয়েছে। কিন্তু এরূপ ঘটনা আছে কিনা যে, কয়েকটা ব্লক-এ ৬-৭ মাস ধরে ব্লক অফিসার ছিল না।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ পার্শ্ববর্তী বি ডি ও-কে চার্জ দেওয়া হল বলা হল যে তার কাজ সেই বি ডি ও করবেন যতদিন না তিনি আসেন।

Accusation of Baby Taxi drivers

***399.** (Admitted question No. *2418.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে কলিকাতায় কয়জন বেবি ট্যাক্সি ড্রাইভারকে ট্র্যাফিক আইন ভঙ্গ এবং অ্যাক্সিডেন্ট ঘটানো প্রভৃতি চার্জে কোর্টে অভিযুক্ত করা হইয়াছে; এবং

(খ) যাহাদের শাস্তি হইয়াছে তাহাদের সংখ্যা কত?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) মোট ১১,৬০৬ জন ট্যাক্সি ড্রাইভারকে অভিযুক্ত করা হইয়াছে। বেবী ট্যাক্সি ড্রাইভারের সংখ্যা পৃথকভাবে রাখা হয় নাই।

(খ) ১,২৪৪ জন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আপনি বললেন যে, ১১ হাজার লোকের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে এবং পুলিশ এসব অনেক লোককে ছেড়ে দিয়েছে। আমার জিজ্ঞাস্য, তাদের কোর্টএ কি হাজির করা হয়েছে, না থানা থেকে ছেড়ে দেওয়া হয়েছে?

শ্রীঅর্দ্ধেন্দুশেখর নস্করঃ আমি ১৯৬৪ সালের ফিগারটা দিতে পারি। ১১,৪৮৩ জনের মত ড্রাইভার মেনলি ভায়োলেশন ইন ট্রাফিক রুলস এইসব ব্যাপারে আদালতে পাঠানো হয় এবং তাদের বিরুদ্ধে ১,১৯৬ জনকে অভিযুক্ত করা হয়। ৩০ জন অ্যাকুইটেড হয়েছে এবং ৩৫১টা কেস ফাইল করে দেওয়া হয়েছে। ৯,৯০৬টা কেস কোর্ট-এ পেন্ডিং আছে।

ডাঃ আব্দ্ল আলাম মোহম্মদ ওয়াহেদ্ল গণিঃ আপনি বললেন যে, ১১ হাজারের মতন কিছ্ কেস কোর্টে গিয়েছে, মাইনর ব্রিচেস অফ ট্র্যাফিক লজ-এর জন্য কিন্তু কটা অ্যাক্সিডেন্ট হয়েছে সেকথা বললেন না তো?

শ্রীঅর্ধেন্দ্‌শেখর নস্কর: ১২৩টি কেস অভিযুক্ত করে পাঠানো হয়েছে মোটর কলিশনে অভিযুক্ত করে কোর্টে। এবং এটা ১৯৬৪ সালের ফিগার বলছি। এতে ৪৮ জনকে কনভিক্টেড করা হয়েছে, ২৪ জনকে অ্যাকুইটেড করা হয়েছে, ৬৯টি কেস কোর্টে পেন্ডিং আছে।

Tourist Buses for Digha-Kharagpur and Digha-Belda routes

***460.** (Admitted question No. *2439.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ উন্নয়ন পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দীঘা-খড়্গপুর ও দীঘা-বেলদা রুটে কতগুলি টুরিস্ট বাস কোন্ তারিখ হইতে চাল্ করা হইয়াছে; এবং

(খ) প্রতিখানি বাস হইতে আজ পর্যন্ত কত টাকা আয় হইয়াছে ও উহাদের জন্য মোট কত টাকা খরচ হইয়াছে?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) একখানি বাস ৩রা এপ্রিল, ১৯৬৪ তারিখ হইতে এবং আর একখানি বাস ১০ই এপ্রিল ১৯৬৪ তারিখ হইতে চাল্ করা হইয়াছে।

(খ) চাল্ করার পর হইতে ২৮এ ফেব্রুয়ারি ১৯৬৫ তারিখ পর্যন্ত প্রথম বাসখানি হইতে ১৪,৪৬৫ টাকা ১১ পয়সা এবং দ্বিতীয় বাসখানি হইতে ১১,০৭৩ টাকা ২৪ পয়সা আয় হইয়াছে।

বাস দুইটির জন্য ২৮এ ফেব্রুয়ারি ১৯৬৫ তারিখ পর্যন্ত মূল্যসমেত মোট ১,৩৪,৬৪২ টাকা ২৪ পয়সা খরচ হইয়াছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আপনি বললেন যে, ১৯৬৪ সালে দুখানি বাস চাল্ করা হয়েছে। আমার প্রশ্ন ছিল প্রতিটা বাসে আজ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে, তাতে আপনি যা বললেন তাতে অনেক আয়ের কথাটাই বুঝলাম, খরচ যে কত হয়েছে তা পৃথকভাবে জানি না, এখন্ জানতে চাই যে, ২৫ হাজার টাকা যে আয় হয়েছে—কিন্তু খরচের কথা যা বললেন যে, ১,৩৪,৬৪২ টাকা কিন্তু আমি জিজ্ঞাসা করছি যে, চাল্ করবার জন্য কত টাকা খরচা হয়েছে? অর্থাৎ কথা হচ্ছে এই খরচা কি পেট্রল ইত্যাদি অন্য সব বাদ দিয়ে?

শ্রীঅর্ধেন্দ্‌শেখর নস্কর: আমি দুইখানা বাসের কথা বলেছি যা ক্রয় করা হয়েছে, ৭৭৩নং বাসের খরচ হচ্ছে ৪৯,৩৯৭ টাকা ১৫ পয়সা, কস্ট অফ ফুয়েল, মেনটেন্যান্স, মাহিনা ইত্যাদির জন্য খরচ হয় অপারেশন ইত্যাদি সমেত ১৭,১৭৮ টাকা ১৬ পয়সা টোট্যাল হচ্ছে। এইভাবে পুরা টোট্যাল হচ্ছে ৬৬,৫৮৪ টাকা ৩১ পয়সার কথা বলা হয়েছে। আর একটি বাসের কথা ডবলিউ বি জি ৭৩৮নং বসের ব্যাপারে এইসমস্ত জিনিস ঘটছে। কস্ট অফ দি বাস ইত্যাদি সব নিয়ে ৪৯,৩৯৭ টাকা ১৫ পয়সা কস্ট অফ দি অপারেশন ফ্রম ১০ই এপ্রিল ১৯৬৪ টু ২৮এ ফেব্রুয়ারি ১৯৬৫। এইসব হয়েছে কন্ডাক্টরসদের মাহিনা, ফুয়েল, মেনটেন্যান্স খরচ ইত্যাদি টোট্যাল হচ্ছে ৬৮,০৫৭ টাকা ৯৩ পয়সা।

[1-40—1-50 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ এই এক বছরের মধ্যে লোকসান কত হোল আপনাদের হিসাবে?

শ্রীঅর্ধেন্দ্‌শেখর নস্কর: সেই কস্টটা আমার কাছে ঠিক নেই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, সেখানে অন্যান্য যে বাসগুলি চলে তার ভাড়া হচ্ছে দীঘা থেকে খড়্গপুর পর্যন্ত সাড়ে তিন টাকা, আর এটার ভাড়া না হয় সাড়ে পাঁচ টাকা—এই যে বেশি ভাড়ানিয়েও এত লোকসান হচ্ছে কেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: এই যে বাসটা চলে এটাকে এক্সপ্রেস সার্ভিস স্টেজ ক্যারেজ বলা হয়, এর একটিমাত্র স্টপেজ আছে কন্টাই-বেলদা প্রথমে একটা স্টপেজ ছিল বেলদাতে আবার অ্যাডভাইসরি বোর্ড তার অনুমোদন আরও দুটো স্টপেজ বাড়িয়ে দিয়েছেন। আর যে ভাড়ার কথা বলছেন প্রথমে আর টি এ ৬ টাকা ৪০ পয়সা করে দীঘা থেকে খড়্গপুর পর্যন্ত স্থির করেন। আর দীঘা-বেলদা অবধি ভাড়া ছিল ৪·৫৯ পয়সা। আর প্রাইভেট বাসের ভাড়া যেটা উল্লেখ করেছেন আমরা জানি তার ভাড়া ৩·৬০ পয়সা। কিন্তু এর অনেক সুবিধা আছে —সময়মত পেঁছায়, ওভার লোডিং নেওয়া হয় না—অন্যান্য অনেক সুযোগ-সুবিধা আছে বলে এইরকম ভাড়া; কিন্তু ভাড়াটা আমরা রিডিউস করেছি, আমরা ৬·৪০ থেকে ৫·০৪ পয়সা করেছি। আর বেলদা অবধি যেটা ছিল ৪·৫৯—সেটাকে ৩·৬৭এ রিডিউস করেছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: যে সুবিধার কথা বলছেন—এক্সপ্রেস টাইমের মধ্যে পেঁছে দেয় ইত্যাদি—কিন্তু কাঁথি-বেলদা এবং দীঘা-খড়্গপুর থেকে এক্সপ্রেসের সংগে যোগাযোগ রক্ষা করে এর চেয়ে ভাল বাস চলে যেমন আমি সেদিন এই বিধানসভায় রাধাবরের কথা বলেছিলাম। সেখানে ড্রিঙ্কিং ওয়াটার, ল্যাট্রিনের ব্যবস্থা ইত্যাদি রয়েছে—সেইজন্য যাত্রীরা সেই বাসেই যায় এবং তারা বেশি ভাড়ায় আপনাদের বাসে উঠতে চায় না। সুতরাং এই ভাড়াটা কমাবার কথা বিবেচনা করবেন কি?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: এর জবাব আমার পক্ষে এখন দেওয়া সম্ভব নয়। তবে যে সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে তার জন্য এই ভাড়াটা করা হয়েছে। এবং এটা ৬·৪০ পয়সা থেকে ৫·০৪ পয়সা করেছি এবং আর একটা ৪·৫৯ থেকে ৩·৬৭ করেছি। অন্যান্য বাসে সুযোগ-সুবিধা কি আছে না আছে সেটা আমার জানা নেই এবং আমাদের এই বাস করার মেন কারণ ছিল টুরিস্টদের জন্য সেটা আমাদের সার্থক হয়েছে।

শ্রী[illegible] দাস মহাপাত্র: টুরিস্টরা যখন কলকাতা থেকে যান তখন তাঁরা আপনাদের টুরিস্ট বাসে না গিয়ে ঐ বাসে যাবার জন্য কলকাতা থেকে বুক করেন। কারণ সেখানে পানীয় জলের ব্যবস্থা, ল্যাট্রিনের ব্যবস্থা সেখানে আছে বলে—এটা কি জানেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: হতে পারে, তবে এ সংবাদ আমার জানা নেই।

Rice-mills of Howrah district

***401.** (Admitted question No. *2357.)

শ্রী[illegible]কুমার রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় বর্তমানে চাউলকলগুলি চলিতেছে কিনা; এবং

(খ) হাওড়া জেলায় ধানের দর বর্তমানে কত?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) না'

(খ) হাওড়া জেলায় কোথাও বর্তমানে ধান বিক্রয় হয় না। অতএব ঐ জেলায় ধানের বর্তমান দরের প্রশ্ন ওঠে না।

শ্রী[illegible] রাহা: হাওড়া জেলায় যেসব ধান তৈরি হয় সেখানে ধানগুলি কোন ক্ষেত্রে বাজারে বিক্রি হয় না?

শ্রীস্মরজিৎ ব্যানার্জি: ধান ওখানে আসে না—কারণ মেদিনীপুর, ২৪ পরগনা থেকে যে ধান আসে সেখান থেকে আনা বন্ধ করে দিয়েছে—ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পারমিশন না দিলে হয় না—সেজন্য ধান হাওড়ায় আসছে না এবং সেজন্য ধানের বাজার যাকে বলে সেটা এখানে নেই।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: আমার সাপ্লিমেন্টারি হচ্ছে—ঐ যে দ্বিতীয়তে বললেন যে, হাওড়া জেলায় ধানের দর বর্তমানে কত—আপনি বললেন যে হাওড়ায় ধান বিক্রি হয় না—এ খবরটা আপনি কোথা থেকে পেলেন?

শ্রীস্মরজিৎ ব্যানার্জি: হাওড়া জেলার ধানের যাকে মার্কেট বলে সেই ধরনের মার্কেট বর্তমানে কিছু নেই। কারণ ধান বেশির ভাগ মেদিনীপুর, ২৪ পরগনা থেকে আসত। সেই আসা বন্ধ হয়ে যাওয়ায় এখন বাজারে ধান বিক্রি হচ্ছে না।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, হাওড়া জেলার চালকলগুলি যে সরবরাহ পেত মেদিনীপুর এবং ২৪ পরগনা জেলা থেকে সেই সরবরাহ বন্ধ করবার জন্য কোন সরকারী আদেশ কিছু দেওয়া হয়েছে কিনা?

শ্রীস্মরজিৎ ব্যানার্জি: মেদিনীপুর এবং ২৪ পরগনা থেকে ধান আসা বন্ধ হয়েছে আগেই বলেছি।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এ বিষয়ে কোন সরকারী আদেশ কিছু দেওয়া হয়েছে কিনা।

শ্রীস্মরজিৎ ব্যানার্জি: ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের উপর নির্দেশ দেওয়া হয়েছে—তিনি আদেশ দিয়েছেন।

শ্রীঅবনীকুমার বসু: এ বিষয়ে কর্ডন করবার কোন অথরিটি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দেওয়া হয়েছে কিনা খাদ্য দপ্তর থেকে?

শ্রীস্মরজিৎ ব্যানার্জি: কর্ডন যাকে বলে সেরকম কিছু নেই—তবে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট প্যারমিট না দিলে ধান আসতে পারে না।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে পারমিট দেবার অথরিটি কে দিয়েছে—খাদ্য দপ্তর দিয়েছে, কিংবা সরকারী কোন নির্দেশবলে এই অথরিটি তিনি পেয়েছেন?

শ্রীস্মরজিৎ ব্যানার্জি: ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে সরকারই দিয়েছেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, হাওড়ায় কতগুলি চালকল ছিল এবং কলগুলি বন্ধ হওয়ায় কতগুলি শ্রমিক এতে অ্যাফেক্টেড হয়েছে?

শ্রীস্মরজিৎ ব্যানার্জি: এটা নোটিস না দিলে বলতে পারব না।

Scarcity of gram

***402.** (Admitted question No. *2362.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বর্তমানে সরকার কলিকাতা শহরে এবং পশ্চিম বাংলায় পল্লী-অঞ্চলে ছোলা ও ছোলার ডাল যাহা অধুনা দুষ্প্রাপ্য তাহা জনগণকে সরবরাহ করিবার কিরূপ ব্যবস্থা গ্রহণের চিন্তা করিতেছেন; এবং

(খ) যদি কোন ব্যবস্থা গ্রহণ করিবার কথা চিন্তা করেন তবে তাহা কি?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ও (খ) ছোলাডাল সরবরাহের জন্য পশ্চিমবঙ্গ অন্য রাজ্যের উপর নির্ভরশীল। সরকার ইতিমধ্যেই রাজস্থান হইতে এই রাজ্যে ১,২০০ টন ছোলাডাল আমদানি করিবার ব্যবস্থা করিয়াছেন। উহার মধ্যে ৪০ ওয়াগন (প্রায় ৮৫০ টন) ডাল ইতিমধ্যেই এই রাজ্যে আসিয়া পৌঁছিয়াছে। বাকি ডালও শীঘ্রই আসিয়া পৌঁছিবে। এই ডাল কলিকাতার ন্যায্যমূল্যের দোকান মারফৎ জনসাধারণকে সরবরাহ করিবার ব্যবস্থা হইতেছে। এই ডালের পরিমাণ খুব বেশি নহে বলিয়া আপাতত ইহা পল্লী-অঞ্চলে সরবরাহ করিবার প্রস্তাব সরকারের নাই।

ইহা ছাড়া পাঞ্জাব সরকারও ১,০০০ টন ছোলা/ছোলার ডাল পশ্চিমবঙ্গ সরকারের মনোনীত ব্যবসায়ীদের মারফৎ এই রাজ্যে পাঠাইতে স্বীকৃত হইয়াছেন। সেই অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ আপনি যে বললেন ছোলার ডাল বা ছোলার জন্য বাংলাদেশ অন্য রাজ্যের উপর নির্ভরশীল—কিন্তু সরষের তেলের দাম যে সময় বাড়ল তার আগে পর্যন্ত কোন সময় তো এইরকম ক্রাইসিস হয় নি—অর্থাৎ ছোলা এবং ছোলার ডাল আমরা বরাবরই পেতাম এবং শুধু কলকাতায় নয়, পল্লীগ্রামেও পাওয়া যেত—এই সময় হঠাৎ পরমুখাপেক্ষী হয়ে গেল, ব্যাপারটা কি বলুন।

শ্রীস্মরজিৎ ব্যানার্জিঃ যে কারণে সরষের তেল এবং সরষের দাম বাড়ালো অর্থাৎ সরষের সরবরাহ বাইরের উপর নির্ভরশীল বলে ঠিক সেই কারণেই ছোলার দামও বাড়ল। পাঞ্জাব উত্তরপ্রদেশ বিহারে গতবার বন্যা হওয়ায় ফসলহানি হয়েছে।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ আপনি বললেন যে, ব্যবসায়ীদের মারফৎ ১,০০০ টন ছোলার ডাল পাঞ্জাব থেকে আনার ব্যবস্থা হচ্ছে—তাতে এই রকম ধরনের আশঙ্কা আছে কিনা যে, ঐ ব্যবসায়ীরা আবার সেই ছোলার ডালকে স্টোরের মধ্যে লুকিয়ে রেখে অভাব সৃষ্টি করবে এবং অভাব যেমন ছিল তেমনই আবার হবে এই রকম আশঙ্কা আছে কিনা এবং যদি থাকে তাহলে তা দূর করবার জন্য কি ব্যবস্থা আছে?

শ্রীস্মরজিৎ ব্যানার্জিঃ তা ছাড়া রেশন শপ মারফৎ বিলি করা হবে আমি আগেই বলেছি।

শ্রীকানাই পালঃ মন্ত্রিমহাশয় প্রসঙ্গত বললেন যে, সরষে যে প্রদেশে সরবরাহ করে সেখানে বন্যা হওয়ার সেখান থেকে সরষে না আসায় সরষের তেলের দাম বেড়ে গেছে—আমার প্রশ্ন হচ্ছে যে আজকে যে সরষের তেলের দাম তিন টাকা হয়েছে, এটা কেন হয়েছে?

শ্রীস্মরজিৎ ব্যানার্জিঃ একই কথা—সরবরাহ কম ছিল বলে এই অবস্থা হয়েছিল, এখন সরবরাহ আছে দামও কমছে।

শ্রীকানাই পালঃ একথা কি স্বীকার করবেন যে, ব্যবসায়ীরা চক্রান্ত করে এই সরষের তেলের দাম বাড়িয়েছিল—আর আজকে জনসাধারণ তাদের জব্দ করে সরষের তেল খাওয়া বন্ধ করে সেই দাম নামিয়ে এনেছে সরকার যেটা পারেন নি এটা সত্য কিনা?

মিঃ স্পীকারঃ এটা তো ছোলার ডালের প্রশ্ন।

[1-50—2 p.m.]

শ্রীঅনঙ্গমোহন দাসঃ ছোলা অন্য জায়গায় তৈরি হয়, আমাদের বাংলাদেশে যাতে ছোলা প্রচুর উৎপন্ন হয়, তার জন্য সরকার থেকে কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা?

শ্রীস্মরজিৎ ব্যানার্জিঃ মেদিনীপুর জেলায় অনঙ্গবাবু যদি চেষ্টা করেন তাহলে আমরা নিশ্চয়ই সহযোগিতা করব।

Horses of the Calcutta Police

***403.** (Admitted question No. *2493.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পুলিসের অধীনে কতগুলি ঘোড়া আছে;

(খ) ১৯৬১-৬৪ সালের মধ্যে কোনও ঘোড়া খরিদ করা হইয়াছিল কি;

(গ) খরিদ করা হইলে, তাহাদের সংখ্যা ও দাম কত; এবং

(ঘ) বৎসরে উহাদের খাদ্য কি পরিমাণ লাগে এবং তাহার মূল্য কত?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) বর্তমানে প্রকৃত সংখ্যা ৮১।

(খ) হ্যাঁ।

(গ) সংখ্যা ১২টি, মোট দাম ২৭,৩৪২ টাকা।

(ঘ) বর্তমানে যে কয়টি ঘোড়া আছে তাহাদের জন্য বৎসরে মোট প্রায় ৪,৫১৪·২৮ কুইন্টাল খাদ্য লাগে; ঘোড়ার সংখ্যা অনুসারে প্রয়োজনভিত্তিক খাদ্যের বাৎসরিকগড় মূল্য ১,২৫,০০০ টাকা।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, এই ১২টি ঘোড়া কিনতে ২৭ হাজার কত টাকা খরচ হয়েছে। আমি জিজ্ঞাসা করছি, এই ঘোড়া কি ক্যালকাটা পুলিসের পম্প অ্যান্ড পেজ্যান্টি দেখাবার জন্য খরিদ করা হয়েছে, না পুলিসের যেসমস্ত গুরুত্বপূর্ণ কর্ম, তার সঙ্গে এটার কোন যোগাযোগ আছে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ পুলিসের কাজের জন্য ঘোড়ার সম্পূর্ণ প্রয়োজন আছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ কি কি কাজের জন্য?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ খেলাধুলার সময় মাঠের জন্য কিংবা ল' এন্ড অর্ডার রক্ষা করার জন্য মাউন্টেড পুলিসের দরকার হয়। এই কাজ তাঁরা করেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ এই যে ৮১টা ঘোড়া বললেন, এটাই মোট সংখ্যা, না আরও ১২টা খরিদ করা হয়েছে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ মোট ৮১টি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই যে ১২টি ঘোড়া কিনলেন এটা কি রিপ্লেস করলেন, না আবার নতুন করে অ্যাডিশন করলেন?

Shri Ardhendu Sekhar Naskar: The total sanctioned strength of horses for the Calcutta Mounted Police is 98. The actual strength on charge at present is 81. Since 1961 no horses were purchased till 1964, when 12 horses were purchased at a total cost of Rs. 27,342. Of these, two horses were purchased from the Royal Calcutta Turf Club and 10 from a dealer in Australia, of which nine horses have already arrived and one is due to arrive early next month.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ রয়েল ক্যালকাটা টার্ফ ক্লাব থেকে যে দুটি ঘোড়া কেনা হয়েছে, সেই দুটি কেনবার আগে এইরকম কোন কথা শোনা যায় কিনা যে, আপনাদের ডিপার্টমেন্টের সঙ্গে কোনরকম পরামর্শ না করে আপনাদের কোন অফিসার সেটাকে নেগোসিয়েট করেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ আমি মাননীয় সদস্যের সঙ্গে একমত নই।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সরকারের এই ঘোড়ারোগ কবে সারবে?

(নো রিপ্লাই)

Cases of murder in Midnapore district

***404.** (Admitted question No. *2497.) **Shri Narayan Chaubey:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many murders have been committed in each police-station of Midnapore district from 1st April, 1964 to 15th March, 1965;

(b) how many persons have been arrested in these connections; how many charge-sheeted; and

(c) how many, if any, have been convicted?

Shri Ardhendu Sekhar Naskar: (a), (b) and (c) A statement is placed below.

Statement referred to in Starred Question No. 404

STATEMENT

Name of Police Station.	No. of persons murdered.	No. of persons arrested.	No. of persons Charge-sheeted.	No. of persons convicted.
1. Kotwali	5	7	1	..
2. Garbeta	4	10	3	3
3. Keshpur	1	1	..	..
4. Jhargram	3	6	..	..
5. Binpur	1	3	..	..
6. Gopiballavpur	3	5	2	1
7. Sankrail	2	7	2	..
8. Jambani	3	30	1	..
9. Nayagram	2	12	..	..
10. Contai	1	1	..	..
11. Khejuri	1	5	..	..
12. Egra	1	3	3	..
13. Bhagbanpur	1	1	1	..
14. Kharagpur(T)	2	7	..	..
15. Kharagpur(L)	6	15	..	..
16. Sabong	1	2	..	..
17. Narayangarh	2	6	..	..
18. Tamluk	1	3	3	..
19. Panskura	6	4	..	..
20. Mayna	1	6	..	..
21. Nandigram	4	21	14	..
22. Sutahata	1	14	..	..
23. Ghatal	1	2	..	..
24. Daspur	2	3	..	..

Supply of C.I. sheets for Digha Congress Conference

***405.** (Admitted question No. *2502.)

বলাইলাল দাস মহাপাত্রঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন—

(ক) গত ১৯৬৩ সালে দীঘায় অনুষ্ঠিত কংগ্রেস দলের রাজনৈতিক সম্মেলনের জন্য সরবরাহ বিভাগ কত বান্ডিল করোগেট টিনের পারমিট মঞ্জুর করিয়াছিলেন;

(খ) কাহার নামে উক্ত পারমিট মঞ্জুর করা হইয়াছিল, পারমিট হোল্ডার মঞ্জুরীকৃত সমস্ত করোগেট টিন গ্রহণ করিয়াছিলেন কিনা এবং তজ্জন্য কত টাকা কোন্ ডিলারের নিকট জমা দেওয়া হইয়াছিল; এবং

(গ) সম্মেলনের কর্তৃপক্ষের সহিত পারমিট মঞ্জুর করার কালে শর্ত ছিল কিনা, থাকিলে তাহা কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: (ক) ২০০ বান্ডিল (অর্থাৎ ২০ মেট্রিক টন।)

(খ) (১) উক্ত পারমিট সাধারণ সম্পাদক অভ্যর্থনা সমিতি পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস রাজনৈতিক সম্মেলন, ১৯৬৩ কংগ্রেস ভবন, জেলা মেদিনীপুর, এই নামে মঞ্জুর করা হইয়াছিল।

(২) পারমিট হোল্ডার মঞ্জুরীকৃত সমস্ত করগেট টিন ডেলিভারি লইয়াছিলেন।

(৩) মেট্রিক টন করগেট টিন বাবদ ১০,০৮৮·০৬ টাকা রেজিস্টার্ড স্টকিস্ট মেসার্স কে সি ঘোষ এন্ড সন্সকে এবং বাকি ১০ মেট্রিক টন করগেট টিন বাবদ ১০,০৮৮·০৬ টাকা অপর রেজিস্টার্ড স্টকিস্ট মেসার্স জে এম সাহা এন্ড আর আর বনিককে পারমিট হোল্ডার জমা দিয়াছিল।

(গ) সর্ত ছিল যে সম্মেলন সমাপ্ত হইবার পর ব্যবহৃত করগেট সিটসমূহ ফুড এন্ড সাপ্লাই বিভাগে ফেরৎ দিতে হইবে।

Shri Balai Lal Das Mahapatra:

সেই অভ্যর্থনা সমিতির সাধারণ সম্পাদকের নাম কি?

Shri Smarajit Bandyopadhyay:

তখন কে ছিল, তার নাম কি ছিল আমার মনে নাই। তবে গভর্নমেন্টের কাছে তার রেকর্ড আছে।

Shri Balai Lal Das Mahapatra:

এই যে সম্মেলন শেষে ব্যবহৃত করগেটেড সিটগুলি ফুড এন্ড সাপ্লাইজ ডিপার্টমেন্টে ফেরৎ দেবার সর্ত ছিল, কত তারিখে ও কত নম্বর মেমোতে সেগুলি ফুড এন্ড সাপইজ ডিপার্টমেন্টে বা আপনাদের দুটো কোম্পানীকে ফেরৎ দেওয়া হয়েছিল?

Shri Smarajit Bandyopadhyay:

তাহলে ডিটেল তথ্য আপনাদের কাছে দিই—

After exhibition was over, the entire stock of 200 bundles of G.C.I. Sheets was disposed of by way of authorisation letter issued by the Sub-divisional Controllers of Food and Supplies, Midnapore, and Contai, to the following applicants with the quantity mentioned against each after proper verification and assessment of their requirements:—

(1) Shri Arun Kumar Sinha, Keranitola, post office and district Midnapore—35 bundles.

(2) Shri Ganapati Bose, Natunbazar, Kausalaya, Midnapore—23 bundles.

(3) Shri Anil Bhusan Das, for "Mahua Cinema", Subhasnagar, post office and district Midnapore—25 bundles.

(4) Shri Bhutnath Sinha, Chandrakona Road, post office Satbankura, district Midnapore—30 bundles.

(5) Shri Karuna Nidhan Maity, Kharaigarh, post office Egra, district Midnapore—8 bundles.

(6) Shri Sudhir Ch. Dinha, village Uttar Sitala, post office Chaulkhola, district Midnapore—10 bundles.

(7) Shri Sunil Kumar Giri, Anthilagari, post office Contai, district Midnapore—4 bundles.

(8) Shri Keshab Chandra Roy, for "Cine Supply Corporation", post office Contai, district Midnapore—30 bundles

(9) Shri Atul Chandra Mallick, for "Gouri Rice Mill", Kalinagar, ditrict Midnapore—40 bundles.

Shrj Balai Lal Das Mahapatra:

আপনার উত্তর থেকে সন্দেহ হচ্ছে আসলে সেগুলি ফেরৎ পেয়েছিলেন কিনা। তবে আমার জিজ্ঞাস্য হচ্ছে—আপনাদের সিভিল সাপ্লাইজ ডিপার্টমেন্ট অভ্যর্থনা সমিতির সম্পাদকের কাছ থেকে সেই করগেটেড সিটগুলি ফেরৎ পেয়েছিলেন কিনা? না, কেবল কাগজপত্রে দেওয়া হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

আমি আগেই বলেছি কে সি ঘোষ এন্ড সন্স এন্ড জে এন সাহা এবং আর আর বনিক—এ'দের কাছে ফেরৎ দেওয়া হয়েছিল। তারপরে এই এই লোকের দরখাস্ত অনুসারে সেগুলি কন্ট্রোলার অফ সাপ্লাইজ, মিদনাপুর এন্ড কন্টাই-এর নির্দেশক্রমে তাদের দেওয়া হয়েছিল।

Shri Sailendra Nath Adhikary:

এই যে দুশো বান্ডিল টিন দশ-বিশ-পঁচিশ-ত্রিশ করে ঢালাওভাবে দেওয়া হয়েছে, যখন এমারজেন্সি পিরিয়ড চলছে; কিন্তু আমি জানি সেই সময় মেদিনীপুর জেলায় প্রচুর টিনের চাহিদা ছিল এবং লোকেও এক বান্ডিলের জন্য দরখাস্ত বহু লোক করেছিল, সেই টিন তাদের না দিয়ে কয়েকজন শিল্পপতি বা সিনেমার মালিককে দেওয়ার কি কোন স্পেশ্যাল কারণ ঘটেছিল, না, দল রাখবার জন্য এটা করা হয়েছিল? এটা কি দলীয় লোকের ব্যাপার ছিল নাকি?

Shri Smarajit Bandyopadhyay:

দল রাখবার জন্য মোটেই না, সাপ্লাইজ কন্ট্রোলার সকল দরখাস্ত বিবেচনা করে দিয়েছিলেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, অভ্যর্থনা সমিতির যিনি সভাপতি ছিলেন সেই আভা মাইতি এই সমস্ত জিনিসগুলো বিক্রি করে দিয়েছেন?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: এই সমস্ত অসত্য কথা।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Annuity to Shebaits

894. (Admitted question No. 576.)

শ্রীধীরেন্দ্রনারায়ণ রায়: গত ৫ই এপ্রিল ১৯৬৩ সালের তারকাহীন ৬৫৮নং অ্যাডমিটেড প্রশ্ন নং ১০৮০ প্রশ্নোত্তর উল্লেখ করিয়া ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উক্ত প্রশ্নোত্তরে যে চুয়ান্নজন সেবাইতের নাম উল্লেখ আছে তাহাদের—

(১) কোন্ জন অদ্যাবধি অ্যানুইটি হিসাবে কত টাকা পাইয়াছেন; এবং

(২) উক্ত কোন দেবোত্তর সম্পত্তির নেট মুনাফা কত ছিল?

The Minister for Land and Land Revenue:

১) ও (২) একটি তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

Mahajantuli Brothel in Burdwan town

895. (Admitted question No. 1196.)

মনোরঞ্জন বক্সী: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান্ শহরের মহাজনটুলী পল্লীতে অবস্থিত পতিতালয়টিকে স্থানান্তরকরণ করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে তাহা কখন স্থানান্তরকরণ করা হইবে?

The Minister for Relief and Social Welfare:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Government grant to the Berhampore Municipality

896. (Admitted question No. 1207.)

সনৎকুমার রাহা: স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌরসভাকে রাস্তা সংস্কার ও নির্মাণের জন্য ১৯৬০-৬১ সাল হইতে অদ্যাবধি কত টাকা কোন্ বছরে দেওয়া হয়; এবং

(খ) [illegible] হরিজন শ্রমিকদের বস্তী নির্মাণের জন্য কত টাকা ১৯৬৩-৬৪ সালে দেওয়া হয়?

The Minister for Local Self-Government:

(ক) ১৯৬০-৬১—০।

১৯৬১-৬২—টাকা ৩২,৮১৩·১৪।

১৯৬২-৬৩—টাকা ১০,৪১৬·০০।

১৯৬৩-৬৪—টাকা ৪৫,৮৭৪·৩৬।

১৯৬৪-৬৫—টাকা ৫৬,৪৫৪·০০।

(খ) ১৯৬৩-৬৪—টাকা ১৩,৫০০·০০।

Bus Service on Chatal-Panchkura Road, Midnapore

897. (Admitted question No. 1348.)

গণেশ দোলই: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল হইতে পাঁশকুড়া পর্যন্ত যে রাস্তাটি নির্মিত হইয়াছে উক্ত রাস্তায় এখনও বোম্বাই রোড হইতে পাঁশকুড়া স্টেশন পর্যন্ত এক মাইল বাস চলাচল বন্ধ রাখার কারণ কি; এবং

(খ) কতদিনের মধ্যে উক্ত এক মাইল বাস চলাচলের ব্যবস্থা হইবে বলে আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

(ক) পূর্বে রাস্তাটির এই অংশটিতে বাস চলাচল করিত না; সুতরাং উহা বন্ধ রাখার উঠে না।

(খ) রাস্তাটির এই অংশটিতে রেলওয়ে কর্তৃপক্ষ কর্তৃক একটি লেভেল ক্রসিং নির্মাণের কাজ চলছে। উহা শেষ হইলে এ বিষয়ে বিবেচনা করা হইবে।

Kajla Janakalyan Samity in Contai police-station

898. (Admitted question No. 1516.)

শ্রী বীরেন্দ্র দাস: ত্রাণ এবং সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি থানার কাজলা জনকল্যাণ সমিতিকে সমাজ-কল্যাণ বোর্ড বিভিন্ন খাতে অর্থসাহায্য করিয়াছে; এবং

(খ) সত্য হইলে, এ পর্যন্ত কি কি কাজের জন্য কত টাকা কোন্ কোন্ তারিখে দেওয়া হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) হ্যাঁ।

(খ)

সময় কাল	অর্থের পরিমাণ। টাকা	বিষয়।
(১) ১৯৫৪-৫৫	১,০০০	দাতব্য চিকিৎসালয়ের উন্নতি ও প্রসারণ।
(২) ১৯৫৫-৫৬	৯,৫০০	প্রাক-জন্ম ও জন্মপরবর্তী যত্ন বিষয়ক কার্য্যকলাপ ও দাতব্য চিকিৎসালয়ের প্রসারণ।
(৩) ১৯৫৬-৫৭	১,০০০	ধাত্রীর বেতন ও ঔষধ সরবরাহ।
(৪) ১৯৫৮-৫৯	৪,০০০	দাতব্য চিকিৎসালয়, শিশুদের আমোদ-প্রমোদ ও মহিলাদিগের বৃত্তি প্রশিক্ষণ।
(৫) ১৯৫৯-৬০	২,০০০	দাতব্য চিকিৎসালয়, প্রসূত বিভাগ ও মহিলাদের বৃত্তি প্রশিক্ষণ।
(৬) ১৯৬০-৬১	২,০০০	ঐ
(৭) ১৯৬২-৬৩	৮,০০০	প্রসূতি সেবা ও কারুকলা কেন্দ্র।

(উপরি উক্ত ৮,০০০ টাকার মধ্যে ৬,০০০ টাকা ইতিমধ্যে দেওয়া হইয়াছে।))।

Loan for augmenting fish Production in Bankura district

899. (Admitted question No. 1550.)

শ্রীরাধিকা ধীবর: মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মৎস্য উন্নয়ন অফিস হইতে ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে অধিক চারা পোনা উৎপাদনকারী কতজন মৎস্যজীবীকে পুরস্কার দেওয়া হইয়াছে;

(খ) তাহাদের নাম কি ও তাহাদের বাসস্থান কোথায়; এবং

(গ) উক্ত অফিস হইতে সুতা, জাল ও নৌকাদি ক্রয় বাবত কোন্ কোন্ গ্রামের কোন্ কোন্ ব্যক্তিকে উক্ত ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে কত টাকা ঋণ দেওয়া হইয়াছে?

The Minister for Fisheries:

(ক) কোন পুরস্কার দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) দরিদ্র মৎস্যজীবী এবং তাহাদের সমবায় সমিতিগুলিকে মৎস্যবিভাগের জন্য ঋণদান করিয়া সাহায্য করিবার যে প্রকল্পটি সরকারের রহিয়াছে, তাহার অধীনে যেসকল মৎস্যজীবীকে গত ১৯৬২-৬৩ সালে সুতা ও জাল ক্রয় বাবত ঋণদান করা হইয়াছিল, তাহার একটি বিবরণী এতৎসহ পেশ করা হইল, নৌকা ক্রয় করার জন্য কোন ঋণ মঞ্জুর করা হয় নাই, জাতীয় জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে গত ১৯৬৩-৬৪ সালে এই প্রকল্পটির কার্য বন্ধ রাখা হয়।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 899

STATEMENT

Scheme for assisting Needy Fisherman of the State and their Co-operatives by giving loan for augmenting fish production, 1962-63.

	Name and address of the recipient.	Amount of loan advanced. For Yarn.	For boat.
1.	Shri Matilal Jele, s/o. late Natabar Jele, Vill. Jadabnagar, P. O. Baital.	200·00	..
2.	Shri Bhupati Jele, s/o. late Ram Chandra Jele, Vill. and P. O. Mirjapur.	200·00	..
3.	Shri Mrigendra Nath Jele, s/o late Dinanath Jele, Vill. and P. O. Kuchiakol.	200·00	..
4.	Shri Bankim Chandra Jele, s/o late Subal Ch. Jele, (2) Shri Bhuban Jele, s/o late Madhab Jele of Vill. and P. O. Kuchiakol.	200·00	..
5.	Shri Ratan Chandra Jele (Kotal), s/o late Keshab Chandra Jele (Kotal), Vill. and P. O. Kuchiakol.	200·00	..
6.	Shri Banshi Gopal Kundu (Jele), s/o late Purna Chandra Kundu (Jele), Vill. and P. O. Baital.	150·00	..
7.	Shri Guiram Dhibar, s/o late Behari Dhibar, (2) Shri Kalipada Dhibar, s/o late Ajodhya Nath Dhibar, Vill. and P. O. Uliara.	150·00	..
8.	Shri Dharmadas Kundu (Jele), s/o late Ram Pada Kundu (Jele), Vill. Uttarbarh, P. O. Baital.	200·00	..
	Total Rs. ..	1,500·00	..

Belpahari-Banspahari Road in Binpur police-station, Midnapore

900. (Admitted question No. 1631.)

[illegible] সরেন: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানার বেলপাহাড়ী হইতে বাঁশপাহাড়ী পর্যন্ত যে রাস্তা আছে, তাহা উন্নয়নের পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) যদি থাকে, তাহা চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় কার্যকরী করা হইবে কিনা; এবং

(গ) ঐ থানার শিলদা হইতে বাঁকুড়া জেলার বর্ডার পর্যন্ত যে রাস্তা গিয়াছে, ঐ রাস্তায় চলাচলের সুবিধার জন্য ফেণী নদীতে কবে পুল তৈয়ারি করা হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) উক্ত পুল সংক্রান্ত জরিপকার্য শেষ হইয়াছে। ডিজাইন তৈয়ারি শেষ হইলে সেতুর কার্য আরম্ভ হইবে।

Contai Seba Sangha

901. (Admitted question No. 1787.)

শ্রীসুধীরচন্দ্র দাস: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি সেবা সঙ্ঘ নামক প্রতিষ্ঠানকে মৃৎশিল্প বাদে অন্য যেসকল শিল্পের জন্য ঋণ দেওয়া হইয়াছে তাহার কোন্ কোন্ বাবতে কত টাকা পরিশোধ করিয়াছে এবং কোন্ কোন্ বাবতে কত টাকা বকেয়া ঋণ আছে;

(খ) অপরিশোধিত ঋণ আদায়ের কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে; এবং

(গ) ঐ প্রতিষ্ঠানের বর্তমান পরিচালকমণ্ডলীর সদস্যগণের নামের তালিকা কি?

The Minister for Cottage and Small-Scale Industries:

(ক) কাঁথি সেবা সঙ্ঘকে সরকার হইতে কোন শিল্পের জন্য ঋণ দেওয়া হয় না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ)

(১) শ্রীরঘুনাথ মাইতি—সভাপতি।

(২) শ্রীবিনয়কৃষ্ণ মাইতি—সহঃ-সভাপতি।

(৩) শ্রীকাঙ্গালচন্দ্র গিরি—সেক্রেটারী।

(৪) শ্রীসতীশচন্দ্র মাইতি—কোষাধ্যক্ষ।

(৫) শ্রীবসন্তকুমার দাস—সভ্য।

(৬) শ্রীপীতবাস দাস—সভ্য।

(৭) শ্রীমতী গীতা পাল—সভ্য।

Anchal Panchayats in Patashpore police-station

902. (Admitted question No. 1974.)

শ্রীরাধানাথ দাস অধিকারী: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পটাশপুর থানার অঞ্চল পঞ্চায়েত কোন্ বৎসর গঠিত হইয়াছিল; এবং

(খ) ঐ থানার কোন্ অঞ্চল পঞ্চায়েতকে সরকার এ বাবত প্রতি বৎসর কত টাকা সাহায্য দিয়াছেন?

The Minister of State for Panchayats:

(ক) পটাশপুর থানার পঞ্চায়েতগুলি ১৯৫৯ সালে গঠিত হইয়াছিল।

(খ) উক্ত থানার প্রত্যেকটি অঞ্চল পঞ্চায়েতকেই সরকার ১৯৫৯ সাল হইতে প্রতি বৎসর উন্নয়নমূলক কাজের জন্য ১,০০০ টাকা, দফাদার-চৌকিদারদের বেতন বাবত মোটামুটি ৯০০ টাকা এবং পঞ্চায়েত-সচিবের মাহিনা বাবত মোটামুটি ১,০২০ টাকা হিসাবে সাহায্য দিয়া আসিতেছেন।

Lands for Salt Production in Ramnagar police-station

903. (Admitted question No. 1979.)

শ্রীসুধীরচন্দ্র দাস: বাণিজ্য ও শিল্পবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামনগর থানায় লবণ উৎপাদনের জন্য কোন্ সালে কত জমি ভূমিরাজস্ব বিভাগের নিকট হইতে শিল্পবিভাগ গ্রহণ করিয়াছেন;

(খ) ঐ জমি লবণ উৎপাদনের জন্য কাহাকে কাহাকে কত জমি বণ্টন করা হইয়াছে; এবং কত জমি এখনও অবণ্টিত রহিয়াছে;

(গ) ঐ অবণ্টিত জমি বন্দোবস্ত দেওয়ার কি ব্যবস্থা হইতেছে;

(ঘ) ঐ অবণ্টিত জমি বন্দোবস্ত হইবার জন্য কোন দরখাস্ত পাওয়া গিয়াছে কিনা;

(ঙ) যদি (খ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে দরখাস্তের সংখ্যা কত এবং এখনও নূতন দরখাস্ত গ্রহণ করা হইতেছে কিনা; এবং

(চ) বন্দোবস্ত দেওয়ার কি শর্ত স্থির করা হইয়াছে, কবে বন্দোবস্ত দেওয়ার কাজ আরম্ভ হইবে?

The Minister for Commerce and Industries:

(ক) শিল্পবিভাগ ভূমিরাজস্ববিভাগের নিকট হইতে লবণ উৎপাদনের জন্য কোন জমি গ্রহণ করে নাই।

(খ) যদিও শিল্প বিভাগ ভূমিরাজস্ব বিভাগের নিকট হইতে লবণ উৎপাদনের জন্য কোন জমি গ্রহণ করেন নাই, কিন্তু দুইটি ক্ষেত্রে শিল্পবিভাগের অনুমোদনে নিম্নোক্ত প্রতিষ্ঠানগুলিকে ভূমিরাজস্ববিভাগ জমি বন্দোবস্ত দিয়াছেন—

(১) বেঙ্গল সল্ট কোম্পানি লিমিটেড—

১৯৫৫-৫৬ সালে—৩১·৩২ একর।

১৯৫৯ সালে—১০২১·৯৮ একর।

(২) গ্রেট বেঙ্গল সল্ট কোম্পানি লিমিটেড—

১৯৫৫-৫৬ সালে—২২৫ একর।

১৯৫৯ সালে—১৯৫·০৭ একর।

এখনও প্রায় ৫,০০০ একর লবণ উৎপাদনের উপযোগী জমি অবণ্টিত আছে।

(গ) ঐ অবণ্টিত জমি বণ্টনের জন্য পশ্চিমবঙ্গ-সরকার একটি বিশেষ কমিটি গঠন করিয়াছেন।

(ঘ) হ্যাঁ।

(ঙ) ঐ জমির জন্য ৪৫টি দরখাস্ত পাওয়া গিয়াছে। আপাতত কোন নূতন দরখাস্ত গ্রহণ করা হইতেছে না।

(চ) বর্তমানে জমি বণ্টনের ব্যবস্থা এবং শর্তাদি বিশেষ কমিটির পরীক্ষাধীন আছে।

Government khas lands for Salt Production in Ramnagar police-station, Midnapore

904. (Admitted question No. 1985.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার সমুদ্রোপকূলে লবণ উৎপাদনের জন্য সরকার কত জমি নিজ দখলে লইয়াছেন;

(খ) উক্ত খাস দখলী জমির পরিমাণ কত;

(গ) উক্ত জমি কিভাবে বিলি বণ্টনের ব্যবস্থা হইতেছে;

(ঘ) এক এক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সর্বাধিক কত পরিমাণ জমি বন্দোবস্ত দেওয়ার বিষয় সরকার স্থির করিয়াছেন; এবং

(ঙ) লবণ উৎপাদনে আগ্রহশীল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আর্থিক সাহায্যদানের কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা?

The Minister for Commerce and Industries:

(ক) লবণ উৎপাদনের জন্য সরকার কোন জমি নিজ দখলে গ্রহণ করেন নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

(ঘ) বিষয়টি একটি বিশেষ কমিটির পরীক্ষাধীন আছে।

(ঙ) প্রয়োজনবোধে উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে লবণ উৎপাদনের জন্য আর্থিক সাহায্য-দানের ব্যবস্থা রহিয়াছে।

Government Flats at Belgachia

905. (Admitted question No. 2021.)

শ্রীঅনঙ্গমোহন দাস: গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার মধ্যবিত্ত শ্রেণীর লোকেদের জন্য বেলগাছিয়া রোডে কতগুলি ফ্ল্যাট প্রস্তুত করিতেছেন;

(খ) উক্ত ফ্ল্যাটগুলির সংখ্যা কত হইবে এবং উহাদের দ্বারা কত পরিবারের বাসস্থানের সংস্থান হইবে; এবং

(গ) উক্ত ফ্ল্যাটগুলির মালিকানা বিক্রয় করা হইবে, না এগুলি ভাড়া দেওয়া হইবে?

The Minister for Housing:

(ক) হ্যাঁ।

(খ) ৪৮টি।

(গ) ভাড়া দেওয়া হইবে।

Daspur-Naya Road in Midnapore district

906. (Admitted question No. 2023.)

শ্রীঅনঙ্গমোহন দাস: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার দাশপুর হইতে নোয়াদা হইয়া নয়া পর্যন্ত রাস্তাটি তৃতীয় পরিকল্পনায় মঞ্জুর হইয়াছে;

(খ) সত্য হইলে, কতদিনে উহার সম্পূর্ণ অংশে কাজ আরম্ভ হইবে;

(গ) এই রাস্তার বিষ্ণুপুর হইতে নয়া পর্যন্ত রাস্তাটির কাজ কবে আরম্ভ হইবে; এবং

(ঘ) রাস্তাটির জমি গ্রহণের নোটিস কি কারণে একসঙ্গে দেওয়া হয় নাই?

The Minister for Public Works (Roads):

(ক) তৃতীয় পরিকল্পনায় বিষ্ণুপুর হইতে নোয়াদা হইয়া চককৃপাণ পর্যন্ত রাস্তাটি সংস্কার করিবার কথা আছে। ইহার মধ্যে বিষ্ণুপুর হইতে নোয়াদা পর্যন্ত অংশটি পাকা হইবে, নোয়াদা হইতে চককৃপাণ পর্যন্ত অংশটি আপাতত কাঁচাই থাকিবে। এই রাস্তাটি উত্তরে চককৃপাণ হইতে দাশপুর পর্যন্ত কিংবা দক্ষিণে বিষ্ণুপুর হইতে নয়া পর্যন্ত পরিবর্ধিত করার কোন পরিকল্পনা বর্তমানে নাই।

(খ) তৃতীয় পরিকল্পনায় গৃহীত অংশটুকুর জন্য প্রয়োজনীয় মালমশলা সংগ্রহ হইতেছে। পরিকল্পনাভুক্ত নহে এমন অংশের কাজ আরম্ভ করার প্রশ্ন উঠে না।

(গ) এই অংশটি তৃতীয় পরিকল্পনায় গৃহীত হয় নাই, কাজেই এ প্রশ্ন উঠে না।

(ঘ) সেটেলমেন্ট ম্যাপ সংগ্রহ করিয়া ডিটেইলড সার্ভে-র পর ভূমি গ্রহণের নোটিস জারি করা এখন পর্যন্ত সম্ভব হয় নাই।

Chowkidars and Dafadars in Moyna police-station, Midnapore

907. (Admitted question No. 2027.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানায় প্রতি অঞ্চলে কতজন করিয়া দফাদার ও চৌকিদার আছে ;

(খ) কতজন গৃহস্থের জন্য একজন করিয়া চৌকিদার রাখিবার নিয়ম আছে ; এবং

(গ) চৌকিদার ও দফাদারগণ কতদিন অন্তর ব্যাজ ও পোশাক পাইয়া থাকে?

The Minister of State for Panchayats:

(ক) মেদিনীপুর জেলার ময়না থানায় প্রতি অঞ্চলে চৌকিদার ও দফাদারগণের সংখ্যা সম্বলিত একটি তালিকা এতদ্‌সহ প্রদত্ত হইল।

(খ) পঞ্চায়েত আইন বা নিয়মাবলীতে এইরূপ কোন সুনির্দিষ্ট বিধি বা নিয়ম নাই।

(গ) চৌকিদার ও দফাদারগণ সাধারণত ব্যাজ প্রতি ১৬ বৎসর অন্তর এবং পোশাক প্রতি দুই বৎসর অন্তর পাইয়া থাকে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 907

Statement showing the name of Anchals in police-station Moyna, Midnapore, and number of Chowkidars and Dafadars serving under them

অঞ্চল	দফাদার	চৌকিদার
ময়না	১	১২
তিলখোজা	১	৭
শ্রীকান্ত	১	৯
গোকুলনগর	১	১০
পরমানন্দপুর	১	৮
বাঁকচক	১	৮
গোজিনা	১	৮
রামচক	১	১৪
নৈচনপুর	১	১৩

Applications under rule 5(Ka) in Cooch Behar district

908. (Admitted question No. 2116.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় ৫(ক) ধারায় মোট দরখাস্তের পরিমাণ কত ;

(খ) কতগুলি ক্ষেত্রে সরকার তদন্ত ও মামলা শেষ করিতে সক্ষম হইয়াছে ; এবং

(গ) অমীমাংসিত কোন কেস থাকিলে, বিবরণ, সংখ্যা ও কারণ কি?

The Minister for Land and Land Revenue:

(ক) ও (খ) ৫,৫৭৮।

(গ) এ প্রশ্ন উঠে না।

Clerks and Chowkidars of the Town Committees of Cooch Behar

909. (Admitted question No. 2120.)

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Mr. Speaker, Sir, I am just a little surprised to hear this inaugural speech of the Hon'ble Minister on the occasion of the third raeding of the Bill. It seems the Hon'ble Minister is particularly fond of putting the cart before the horse. This would have been an admirable speech at the time he introducing this Bill. Instead of doing that, like a magician he brings up something from under the table when, after all, we have wasted so much time and so much labour on all these amendments. Of course he has been able to establish that a lot of these amendments were not required. But then we should have known all these earlier and this would have beben an ideal introductory speech. But instead of that he is dishing it out now at this moment. Our misgiving is quite justified because we have seen so much of the CMPO working as the survey body. Do they make the necessary surveys for all these plannings which the Government had already enunciated, had already talked about in various aspects, in various departments and all that? The CMPO has done a very valuable survey about all that. But now we have our misgivings that it has already cost a huge sum of money to the Government in order to carry out these preliminary surveys which might have been done at much smaller cost if our experts were fully utilized, if too much reliance was not placed on foreign experts and specialists for this purpose. Any way, the thing is coming out. I saw only this morning in the papers many of the schemes which the Hon'ble Minister has mentioned, e.g., survey of the educational problem, primary and secondary education survey which has been done by this organization. It has given a very dull and a very poor picture parti-

cularly so far as primary education is concerned. I do not know how the Government is going to act according to the recommendation or according to the survey of the education problem. Any way, for these misgivings we wanted to have this authority, the Controller, who might be designated more or less as the executive secretary, working under the Planning Department of the Government. All that we wanted to ensure was that it should be guided by somebody, we do not mean that it should be a board or any such body which was going to interfere in the implementation of these plans as and when materialised after the survey has been carried on by the CMPO and the plans and different schemes worked out by it. All that we wanted to do, all that we wanted to ensure was that we should be in the know of things as to what is going on, where and how and what is the actual scheme and what is the actual implementation which we can expect from this organisation and from the Government implementation of these schemes so that we can discuss it, and review it in the Assembly here from time to time. These were our suggestions. Certainly we did not want to put any impediment in the working of the scheme or in the working of the plan. What we wanted is to ameliorate certain difficulties which might be faced while implementing the plan. A little while ago the Hon'ble Minister said that certain amendments were not workable. This may be difficult at the first sight. Local consultations will not impede it, rather it will clear up the difficulties which might crop up due to local inconveniences caused by the working of these plans, in the implementation of these plans. We want that the scheme should be set to work as soon as possible. We definitely want all these implementations to be simply achieved at the shortest possible time so that the difficulties which we are facing in various things—traffic problem, drainage problem, water-supply problem, and all other problems—should be worked out efficiently and quickly.

Assault on an honourable member

Shri Nani Bhattacharjee:

মিঃ স্পীকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটা কথা বলছি। এইমাত্র মাননীয় শম্ভুগোপাল দাসকে যেখানে ভোট কাউনটিং হচ্ছিল, সেখান থেকে তাঁকে আহত অবস্থায় পুলিশ এখানে পেঁৗছে দিয়ে গেছে। সেখানে আপনি জানেন ১৪ নম্বর ওয়ার্ডে নগেন্দ্র নাথ সেন কংগ্রেস প্রার্থী হিসেবে ভোটে জিতেছেন—আমরা খবর পরে পেয়েছি, কোন উত্তেজনা এদিক থেকে ছিল না। অথচ তাঁকে একা পেয়ে নগেনবাবুর সমর্থকেরা মারেন এবং এমন কি ড্যাগার দিয়ে তাঁকে আক্রমণ করবার চেষ্টা করেছিল। তিনি কোনরকম করে ড্যাগার ঠেকিয়ে রাখেন এবং পাবলিক এসে যায়, তাদের সংগে ও'র ধ্বস্তাধ্বস্তি হয় এবং সেই সময় পুলিশ এসে যায়। তখন পুলিশ ওখান থেকে পিক আপ করে নিয়ে লালবাজারে খবর দেন। তারপর আর একটা গাড়ি আসে এবং তাঁরা এসে এখানে তাঁকে পেঁৗছে দিয়ে গেছেন। এটা কোন আইসোলেটেড ঘটনা নয়। কংগ্রেস নানা কারণে নির্বাচনে জিতেছেন বলে খুব জয়োল্লাস করছেন। আমরা আজকে মনে করছি—বিভিন্ন এলাকায়—বিশেষ করে যারা ইউ সি সি প্রার্থী বা অপজিশন দলের প্রার্থী যাঁরা আছে, তাঁদের উপর বিক্ষিপ্তভাবে আক্রমণ করবার যে আশঙ্কা, তা সকাল বেলার বিভিন্ন ঘটনা থেকে প্রকাশ পেয়েছে। সুতরাং এখানকার সদস্যকে যদি কংগ্রেস প্রার্থীপক্ষীয় গুণ্ডারা এইরকমভাবে মারধোর করবার সাহস পায়, তাহলে সাধারণ মানুষের উপরও যে এইরকম আক্রমণ আসতে পারে তা স্বভাবতই বুঝতে পারি। এখানে চীফ মিনিস্টার এখন নেই, মুসকিল হচ্ছে সেখানটাতে। অবশ্য শৈলবাবু এখানে আছেন, তিনি কিছু বলুন। এটা শুধু বলার ব্যাপার নয়। এটা একটা বিহিত ব্যবস্থা করবার ব্যাপার। সুতরাং আমি আশা করবো আপনারা এ সম্বন্ধে যা অ্যাকশন নেবার নেবেন। এটা একটা গুরুতর ঘটনা বলে আমি বললাম এবং শম্ভুবাবু নিজেও এ ঘটনা বলতে পারেন।

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই ব্যাপার নিয়ে আজকে যেমন ঘটনা ঘটলো, কালকেও এরকম ঘটনার খবর আসতে পারে। এটা যে একটা অ্যাডজোর্নমেন্ট মোশন-এর ব্যাপার, তা আমরা জানি। সেই জন্য আগে থেকে যদি প্রিকশন না নেওয়া হয়, তাহলে কালকে হয়ত রক্তারক্তি কাণ্ড ঘটে যেতে পারে। কালকেও যদি এইরকম উত্তেজনা হয়, তাহলে অবস্থা আরও খারাপের দিকে যাবে। কিন্তু মুসকিল হচ্ছে—আমরা এ খবর পেয়েছিলাম—দু-একটা জায়গায় বোম্ব ছুড়েছে, ড্যাগার ছুড়েছে ইলেকশন-এর দিন বা তার রেজাল্ট বেরোবার দিন—এইরকম গণ্ডগোল হতে পারে বলে আমি ডেপুটি কমিশনার অফ পুলিশকে ফোন করে বলেছিলাম। তিনি বললেন আমাদের এখান থেকে খবর রাখা হচ্ছে, প্রিকশন হচ্ছে। এটা তো গেল কলকাতার ব্যাপার, এখন তো দক্ষিণ কলকাতার ব্যাপার নয়, যেখানে কাউন্টিং হচ্ছে, সেখানে এইরকম অবস্থা। যেখানে উত্তেজনাহীন অবস্থা, কাউন্টিং হয় নাই, কিন্তু ভিকটরি সেলিব্রেশন হচ্ছে, সেখানে পাড়ার মধ্যে কি হবে?

সেইজন্য আমি বলছি মুখ্যমন্ত্রী না থাকা সত্ত্বেও যখন অ্যাডমিনিস্ট্রেশন চলছে তখন সরকারের পক্ষ থেকে এখনই পুলিশ কমিশনারকে বলা দরকার যে, এইসমস্ত অবাঞ্ছিত জিনিস যেন আর না হয়। আমরা মন্ত্রিমহাশয়কে বললে হয়ত তিনি আমাদের কথা শুনবেন না, তাই আপনাকে বলছি, আপনি বললে হয়ত শুনবেন এবং এইসব কথা আবার যেন কাল এসে আমাদের বলতে না হয়।

[2-50—3 p.m.]

Shri Saila Kumar Mukherjee: Sir, I can assure the honourable members that I shall immediately convey their views, expressed here, to the Commissioner of Police and ask him to see that special arrangements are made so that the heat and excitement for victory or defeat may not hamper peace.

The Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1964

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Sir, after this serious interruption, I do not want to waste any time. I want to conclude my observations by saying that we welcome this Bill. We thank the Hon'ble Minister for accepting a few minor amendments, but we hope that on the major issues which we tried to raise in this House and as regards our misgivings about the working of this organisation under such authoritative conditions, he will assure us that the safeguards that we sought to incorporate in this Bill through our amendments will be there even though our amendments have not been accepted.

Sir, with these few words, I conclude.

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, এই আইনটির তৃতীয় দফার আলোচনায় আমি আবার মন্ত্রিমহাশয়কে বলব এই আইনটি প্রয়োগ করবার ব্যাপারে সরকার যেন কিছুটা সাবধানতা অবলম্বন করেন। এই বিলে আমরা দেখছি সরকারের পক্ষ থেকে একটা প্রহিবিটেড ল হিসেবে আজকে এটাকে তৈরি করা হোল। আমি পূর্বে যে কথা বলেছিলাম তার জবাবে মন্ত্রিমহাশয় সি এম পি ও-র কাজের ব্যাপারে বিরাট একটা ফিরিস্তি দিয়েছিলেন। আমি আবার বলব কোলকাতার এবং তার আশেপাশের মানুষ এখনও এমন কিছু প্রত্যাশা করে না যার জন্য এরকম ধরনের একটা প্রহিবিটিভ ল তারা সাধারণভাবে মেনে নেবে। সাধারণভাবে মেনে নেবার মনোভাব তাদের মধ্যে এখনও আসে নি তাই মনে হয় তারা মেনে নেবে না। মন্ত্রিমহাশয় বললেন সি এম পি ও, তাঁরা করেন গভর্নমেন্ট অর্ডার অনুযায়ী এবং সেখানে একটা কনসালটেটিভ কাউন্সিলই বলুন আর কো-অর্ডিনেটিং কাউন্সিলই বলুন ইনফর্মালি তাঁরা তা করেছেন এবং সেই কাউন্সিল-এর মাধ্যমে বিভিন্ন ডিপার্টমেন্ট-এর নামে এখান থেকে বাজেট পাশ করিয়ে লোক্যাল অথরিটিস-এর

মারফত সি এম পি ও-র প্ল্যানগুলি এক্সিকিউট করছেন। আমি মন্ত্রিমহাশয়কে বলছি এই সি এম পি ও-র প্রয়োজনীয়তা নিশ্চয়ই তাঁরা অনুভব করেছেন এবং সেইজন্য বিভিন্ন লোকাল অথরিটিস-এর মারফত কাজগুলি তাঁরা করিয়ে নিচ্ছেন। গভর্নমেন্ট অর্ডারে সি এম পি ও বলে একটা অথরিটি তৈরি করে তাঁদের দিয়ে এই যে কাজগুলি করছেন তাতে আমি জানতে চাই তাঁরা আইন করছেন না কেন? আমি জিজ্ঞাসা করছি লেজিসলেচারকে এইভাবে বাইপাশ করার উদ্দেশ্য মন্ত্রিমহাশয়ের এবং গভর্নমেন্টের কেন হোল? তাঁরা কি মনে করেছেন সি এম পি ও তৈরি করতে গেলে এই লেজিসলেচার-এর বেশী অপজিশন আসবে? তাঁদের এই ভয় কেন? তাঁরা যখন মেজরিটি তখন তাঁরা সহজেই পাশ করিয়ে নিতে পারবেন। এই যখন অবস্থা তখন তাঁরা কেন লেজিসলেচারকে বাই পাশ করে গভর্নমেন্ট অর্ডারে সি এম পি ও বলে একটা সংস্থা তৈরি করে, ইনফর্মালি কমিটি করে, তার স্টিয়ারিং কমিটি করে, সি এম পি ও-কে দিয়ে প্ল্যান তৈরি করে লোক্যাল অথরিটিসকে দিয়ে এইভাবে কাজ করিয়ে নিচ্ছেন? তবে তাঁরা এই যে করছেন তাতে আমার মনে হয় তাঁরা জানেন সি এম পি ও তৈরি করতে গেলে তাদের হাতে একটা ক্ষমতা দিতে হবে এবং ক্ষমতা দিতে হলে কিছু শেয়ার দিতে হবে।

অর্থাৎ ওয়াটার সাপ্লাই সিউয়ারেজ কিংবা যে কোন কাজ তাদের হাতে দিতে হবে। আজকে গভর্নমেন্ট ক্যালকাটা কর্পোরেশনই বলুন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বলুন আর বিভিন্ন কর্পোরেশনই বলুন তাদের আজ পর্যন্ত এগিয়ে করাতে পারেন নি। অর্থাৎ গভর্নমেন্ট এখন পর্যন্ত মন স্থিরই করতে পারেন নি। বর্তমানে গভর্নমেন্টের মনের স্থিরতা নেই, সি এম পি ও-কে দিয়ে কি করাবেন। ডেভলপমেন্ট প্ল্যানের কথা শৈলবাবু বলে গেলেন, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের কথা বলে গেলেন, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে যে ইঞ্জিনীয়ার আছে তাকে দিয়ে কি একটা সিউয়ারেজ ডিসপোজালের কাজ করাতে পারতেন না, যথেষ্ট পারতেন। আপনি স্কীমের কথা বলেছেন, কো-অর্ডিনেটিং মাস্টার প্ল্যানের কথা বলেছেন। যদি বলতেন একটা বড় ওয়াটার সাপ্লাই করবো, যদি বলতে পারতেন ১০টি মিউনিসিপ্যাল এলাকায় একটা স্কীম করেছেন তাহলে বুঝতাম, প্রয়োজন আছে। কিন্তু পীস্‌মীল ডেভালপমেন্টের কথা বললেন, কাজ দিয়ে গেলেন সি এম পি ও প্ল্যান তৈরি করছে। যে-কোন এজেন্সীকে বললে প্ল্যান তৈরি করে দেবে। বলতে পারেন সি এম পি ও সার্ভে করছে কোন কোন বিভাগ তাদের হাতে দেবেন সরকার সেটা বিবেচনা করছেন, কিন্তু সেকথা বলে সি এম পি ও-এর বড়াই করার কিছু নাই। এমন কিছু কাজ সি এম পি ও করতে পারবেন না। আমি যতদূর জানি গভর্নমেন্ট এখনও পর্যন্ত মন স্থিরই করতে পারেন নি। সেজন্য বলছিলাম এই যে প্রহিটিভ ল আপনারা করছেন এই আইন আপনারা করতে পারবেন না, শুধু শুধু কন্ট্রোলার করে তার হাতে ক্ষমতা দিয়ে জনসাধারণকে উত্যক্ত করা ছাড়া বিশেষ কিছু আর উদ্দেশ্য আছে বলে দেখতে পাচ্ছি না। আমি মনে করি সি এম পি ও গঠন করে সার্ভে করে সমস্ত ব্যাপার মাস্টার প্ল্যান তৈরি করতে পারবে কিনা তার একটা ব্যবস্থা করুন, সংগে সংগে ঠিক করুন সি এম পি ও-এর হাতে কি দেবেন, এই সমস্ত করে সি এম পি ও স্ট্যাটুটারী বডি করুন তারপর এইসমস্ত প্রহিটিভ ল নিয়ে আসবেন, নিয়ে এলে তখন জনসাধারণ মেনে নেবে। কাজেই বক্তব্য হচ্ছে এইরকম ধরনের প্রহিবিটিভ ল পাশ হলো বটে, কিন্তু আমি যা বললাম সে সম্বন্ধে বিচার বিবেচনা করবেন। এই বলে বক্তব্য শেষ করছি।

Shri Saila Kumar Mukherjee: Mr. Speaker, Sir, I do not think that there is anything further for me to add to what I have already said.

I want to disabuse the misconception in the mind of my friend Dr. Kanai Lal Bhattacharya. It is not a question of the Government not being able to make up their mind; it is not a question of indecision. The sources from which the CMPO is getting help are the Ford Foundation, World Bank and other agencies. They insist that the Government must provide very soon for statutory authority. Legislation has been drafted; it is a very comprehensive legislation, perhaps the newest of its kind in India. We are going to create Metropolitan Authority for water-supply, drainage and sewage. It involved about 32 statutory bodies functioning for identical purposes, water-supply, drainage and sewage. How the different functions

of the Metropolitan authorities, the Calcutta Corporation and the municipalities are to be adjusted, is a matter for serious legal, financial and economic consideration.

[3—3-10 p.m.]

We are all considering the Bill that has been drafted. The Bill was before the Cabient. It is being considered by the Legisltaive Department. Sir, I assured in my first speech that, perhaps in the next session, we will be able to introduce this Bill, but in any event that will be not a CMPO Authority—that will be a people's authority elected by the Legislature. Sir, CMPO is a planning body, an advisory body, an expert body to prepare something according to the most modern methods of Town Planning in the world which other civilised countries have. Therefore, we are spending some money on CMPO although the major portion of the money is coming from the foreign sources—countries which are friendly to us. We are utilising the CMPO experts for emergency water supply schemes. Emergency schemes cannot wait. Bustee Improvement Scheme cannot wait, Water Supply Scheme in this area cannot wait. Therefore, we are utilising their services for interim ameliorative measures in this Greater Area. They are also entrusted with the task of preparing a Master Plan which will cover at least an area of 40 Sq. miles—32 Municipalties and two Corporations. So far as my informafion goes, the Master Plan will be ready by the end of 1966. CMPO is actually engaged in that work. Sir, to help the CMPO in their work some legislative powers are necessary. Sir, all that is necessary is to control the haphazard growth of land which will impede planned development. Sir, the whole idea of the Bill is to stop the haphazard growth, and I do hope that this House will pass this Bill.

The motion of Shri Saila Kumar Mukherjee that the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1964, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Motion on West Bengal Cold Storage (Lincensing and Regulation) Bill, 1965

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কোল্ড স্টোরেজ (লাইসেন্সিং অ্যান্ড রেগুলেশন) যে বিলটি আমাদের সামনে এসেছে, এ সম্পর্কে বিলের ধারাগুলি এবং স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস দেখে একটু নার্ভাস হতে হয়। স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এ অনেক ভাল কথা আছে। ক্রেতা জনসাধারণের মুসকিল হচ্ছে এই কোলড স্টোরেজ হয়ে যে পেরিসেবল আর্টিকেল যেমন সারা বছর আলু একই ন্যায্য দামে পাবে, সেটা তারা পায় না। আগেকার দিনে যখন কোলড স্টোরেজ ছিল না তখন বাজারে প্রথম আলু এলে তার যে দাম হত, সেই দামে আজকাল আলু উঠলে পাওয়া যায় না। কিন্তু আলু যে চড়া দরেতে উঠত ১ টাকা বা তার উপরে, যে সময় আলু দুষ্প্রাপ্য হয়, এখন সেই দামেতে ওঠে প্রত্যেক বছর। অর্থাৎ ক্রেতাসাধারণের জন্য কোলড স্টোরেজ বিপক্ষ হয়ে দাঁড়িয়েছে। ব্যাপারীদের এটা প্রোটেক্ট করছে। যারা ব্যবসায়ী, যারা প্রফিট করতে চায় তাদের কিছু প্রফিট বাড়ছে, পেরিসেবল জিনিস কিছু বাঁচাচ্ছে, বাঁচিয়ে তাই রক্ষা করছে। অপর দিকে যে প্রোডিউসার, যারা ফসল তৈরি করে যেমন আলু ইত্যাদি যারা তৈরি করে তারা মার খাচ্ছে। যেখানে কোলড স্টোরেজ খোলা হল সেখানে সরকার কিছু কিছু আনুকূল্য করলেন তাদের, সুযোগ নিয়ে যারা লাভ করতে চায়। তাঁরা এর মধ্যে এসে পড়ে, বিশেষ করে প্রাইভেট সেক্টার-এর মালিকরা অনেক কোলড স্টোব খুলে প্রচুর লাভ করছে। এখন এই নালিশ বা এই অভিযোগ থাকা সত্ত্বেও গভর্নমেন্ট এই রেগুলেশন বিলটি এনেছেন। উদ্দেশ্য সাধু সে বিষয়ে কোন সন্দেহ নেই এবং উদ্দেশ্য বিবরণ করার সময় তারা বলেছেন যে, কোলড স্টোরেজগুলি কো-অপারেটিভ-এর ভিত্তিতে হবে, তাকে অগ্রাধিকার দেওয়া হবে। কিন্তু বিলের ধারা উপধারাগুলি পড়লে সেটা খুব ভাল মতন দেখা যায় না। বিলের মধ্যে কো-অপারেটিভকে

অগ্রাধিকার দেবার কোন প্রমাণ বা সদিচ্ছার কোন কিছু একটা প্রকাশ সেটা দেখা যায় না। সেদিক থেকে আমার যেটা মনে হচ্ছে যে কোলড স্টোরেজ যদি আমরা আইন করে কিছু কিছু রেগুলেশন করে প্রাইভেট সেকটার-এর হাতে সম্পূর্ণ ছেড়ে দিই, তাহলে কোলড স্টোরেজ-এ খুব বিশেষ উন্নতি হবে না। সেখানে বিশেষ বিশেষ ধারা রাখা দরকার। যেমন আলুর দর সারা বছরের কোন সময়ই ৮-৯ আনার বেশী এক্সিড করতে পারবে না। তেমনি তার নিম্নতম দাম এবং উচ্চতম দাম বেঁধে দেওয়া দরকার যাতে প্রোডাকশন-এর সঙ্গে আলু চাষের উৎপাদনের সঙ্গে প্রতি বছর সংগতি থাকে। তা না হলে এটা শুধু প্রফিট মেকিং-এর ব্যবস্থা হয়ে পড়ে। কো-অপারেটিভ সেকটার-এ গভর্নমেন্ট-এর সুপারভিশনে এইরকম কোলড স্টোরেজ খুব কমই আছে, কিম্বা হয়ত নেই। আমি বললাম এ বিষয়ে কোলড স্টোরেজ সুপারভিশন-এর কথা জানি না, যা আছে তা আমার জানাশোনা হচ্ছে প্রাইভেট সেকটর। এখন প্রাইভেট সেকটর-এ যদি আলু ফসল বা অন্যান্য ফসলের কথা ছেড়ে দেওয়া যায়, মাছের ক্ষেত্রে ধরা যায় তাহলে আমার মনে হয় মাছের ক্ষেত্রে একমাত্র সরকারের কোলড স্টোরেজ করবার দায়িত্ব নেওয়া উচিত। যাতে পরে কো-অপারেটিভ সেটা নিয়ে নেয়। তেমনি এখন থেকে নূতন যে কো-অপারেটিভ ডেভলপমেন্ট হবে সেটা প্রাইভেট সেকটর-এর মালিকদের হাতে না দিয়ে সম্পূর্ণভাবে সরকারের কর্তৃত্বে করা দরকার এবং কো-অপারেটিভ করলে সেটাকে ট্রান্সফার করা উচিত হবে। আর যে-সমস্ত প্রাইভেট মালিক আছেন যদি আলাদা ফসলের চাষী বা বিভিন্ন ফসলের চাষী কো-অপারে-রেটিভ মার্কেটিং সোসাইটি গড়ে তোলে এবং কোলড স্টোরেজ তার সঙ্গে যদি রাখা যায়, তাহলে প্রাইভেট সেকটার-এর ক্ষতিপূরণ সহ এলিমিনেট করে তাদের সঙ্গে দিয়ে দেওয়া উচিত হবে। এইসমস্ত বিবেচনা করে ধারা উপধারা এই বিলে সন্নিবেশিত হওয়া উচিত ছিল বা যখন এই বিলটা আবার উপস্থিত করা হবে অ্যাসেম্বলীর সামনে আমি অনুরোধ করব এইসমস্ত জিনিস বিবেচনা করে পরিবর্তিত করে যেন উপস্থিত করা হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, কোলড স্টোরেজ সংক্রান্ত যে বিলটা এখানে উপস্থাপিত করা হয়েছে এবং যেটা সিলেক্ট কমিটিতে পাঠান হয়েছে, আমি বুঝতে পারছি না যে কোন বিশেষ উদ্দেশ্য সাধন করবার জন্য এই বিলটা আনা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, কোলড স্টোরেজ বিলটির মধ্যে যেসমস্ত কথাগুলি বলা হয়েছে তাতে সেই সমস্ত পারপাস কি সার্ভ করে? আমরা দেখছি যে এসেনসিয়াল কমোডিটিস অ্যাক্ট, ১৯৫৫, সেকশন ৩-এর মধ্যে যেসমস্ত কথাগুলি আছে প্রায় হুবহু সেই কথাগুলি এই বিলের মধ্যে তুলে দেওয়া হয়েছে এবং এ্যাসোসিয়েশন কমোডিটিস অ্যাক্ট যখন আমাদের দেশে চালু রয়েছে এবং সেকশন ৩ এর উপর যখন ভিত্তি করে কোলড স্টোরেজ অর্ডার ১৯৬৫, ১লা জানুয়ারী বাংলাদেশে চালু করা হয়েছে তখন তারপর এই বিলটা আমি মনে করি ডুপ্লিকেট লেজিসলেসন ছাড়া আর কিছু নয়. এর অন্য কোন দাম আছে বলে মনে করি না। বাংলাদেশে যেসমস্ত কোলড স্টোরেজ আছে, সেগুলি আমরা যে উদ্দেশ্য নিয়ে কন্ট্রোল করার কথা চিন্তা করেছিলাম, দেখা গেল ঠিক তার বিপরীত কাজ এর মধ্য দিয়ে হয়েছে এবং কোলড স্টোরেজগুলি প্রকৃতপক্ষে এখন দুর্নীতির পীঠস্থান হয়েছে এবং মুনাফাবাজীদের স্বর্গরাজ্য ছাড়া আর কিছুই হয় নি। মুষ্টিমেয় ধনী ব্যবসায়ী এগুলি কন্ট্রোল করে। বাংলাদেশে আজকে প্রায় ৯৪টি কোলড স্টোরেজ আছে এবং এগুলো অধিকাংশই বড় বড় ধনী ব্যবসায়ীদের হাতে আছে এবং এর মধ্য দিয়ে সাধারণ গ্রামের কৃষকরা বিন্দুমাত্র উপকৃত হচ্ছে না। যখন আলুর মরশুম হয় তখন এতে আলু রাখার ব্যবস্থা আছে। কিন্তু দেখা যায় যে গ্রামের কৃষকরা সেখানে আলু রাখার বদলে, এই কোলড স্টোরেজ-এর মালিকরা তাদের দালাল দিয়ে গ্রামের সমস্ত কৃষকদের কাছ থেকে আলু কিনে নেন এবং সেগুলি কোল্ড স্টোরেজ-এ মজুত করে রাখেন। গত বছর যখন বাংলাদেশে দারুন খাদ্যসঙ্কট আমরা দেখলাম, তখন দেখা গেল যে বাংলাদেশে আলু ৩৪ থেকে ৩৫ টাকায় বিক্রি হয়েছিল। অথচ এই কোলড স্টোরেজ-এর মালিকরা ১৪-১৫ টাকায় আলু কিনে ওখানে মজুত করে রাখলেন এবং তারপর যখন ৩৪।৩৫ টাকা দর উঠল তখন সেগুলি বাজারে ছাড়লেন।

[3-10—3-20 p.m.]

আমার বক্তব্য হচ্ছে যে অ্যাসেনসিয়াল কমোডিটিস অ্যাক্ট চালু রয়েছে যখন আমরা দেখি কোলড স্টোরেজ অর্ডার সরকার নূতনভাবে এরূপ একটা আইন চালু করছেন, তখন দেখা যাচ্ছে যে কোলড স্টোরেজের মালিকরা নিজেদের খেয়াল খুশীমত বাজারের দর ওঠানামা করান এবং বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করেন। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যখন এটা সিলেক্ট কমিটিতে যাচ্ছে এবং সিলেক্ট কমিটির যারা মেম্বার আছেন তাঁরা এটা ভালভাবে চিন্তা করুন যে এই সমস্ত কোলড স্টোরেজগুলো ন্যাশানালাইজ করা যায় কিনা? এই কোলড স্টোরেজগুলো যদি ব্যক্তিগত মালিকানায় থাকে তাহলে সেখানে দুর্নীতি থাকবে, অনাচার ও অসৎকর্ম হবে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যদি সরকার কোলড স্টোরেজকে পুরাপুরিভাবে নিয়ন্ত্রণ না করতে পারেন তাহলে শুধু লাইসেন্স দেওয়া এবং লাইসেন্সগুলি রেগুলেট করে দেওয়ার মধ্য দিয়ে পারপাস সার্ভ করতে পারবেন না। আমরা জানি কোলড স্টোরেজে কোনরকম নিদৃষ্ট হার নেই, অধিকাংশ চাষী সেখানে আলু রাখতে পারে না, কিন্তু যেসমস্ত বৃহৎ চাষী যারা আলু রাখার সুযোগ পান তাদের কাছ থেকে বিভিন্ন হারে রেট নেন কোন কোলড স্টোরেজের মালিক ১ মণ আলু রাখার জন্য ৩ টাকা ধার্য করেন কোন মালিক আবার ৫ টাকা রেট ধার্য করেন। এই বিলে এরূপ কোন প্রভিশান নেই যে, সব কোলড স্টোরেজে একই রেট হবে। সেজন্য তাঁরা যেন এ বিষয়ে চিন্তা করেন যে একটা সমান রেট সব জায়গায় বাঁধা হবে। তারপর এই কোলড স্টোরেজের চেম্বারের মধ্যে দেখা গেছে যে এমোনিয়া প্ল্যান্ট চেম্বারের মধ্য দিয়ে এই কোলড স্টোরেজগুলি মেনটেন্ড করা হয়, কিন্তু দেখা গেছে এমোনিয়া প্ল্যান্ট থাকাতে অনেক সময় পাইপ লাইন লিক করার জন্য আলু ইত্যাদি নষ্ট হয়ে যায়। সেজন্য ফ্রি এয়ার সার্কুলেসান ব্যবস্থা করা যায় কিনা এটা চিন্তা করা দরকার। ফ্রি এয়ার স্কুলেসান যদি ব্যবস্থা করা যায় এমোনিয়া প্ল্যান্টের বদলে তাহলে আমার মনে হয় কোলড স্টোরেজের ব্যবস্থা সুন্দর করা যায়, এই বিলের মধ্যে দেখলাম একটা নির্দিষ্ট সীমা করে দিয়েছেন, তবে কিউবিক মিটার, সমস্ত কোলড স্টোরেজগুলো সরকার নিয়ন্ত্রণ করার চেষ্টা না করেন তাহলে কিছুই হবে না, শুধু কোলড স্টোরেজ করলেই হবে না, ফ্লোর স্পেসও নিয়ন্ত্রণ করা দরকার, কারণ সমস্ত কোলড স্টোরেজগুলো আমরা জানি মুষ্টিমেয় ধনী ব্যবসায়ীরা এগুলি পরিচালনা করেন। সেজন্য যখন এই বিল সম্বন্ধে চিন্তা করছেন তখন তারা যেন সমস্ত বাংলাদেশের কোলড স্টোরেজগুলির কথা চিন্তা করেন এবং দুর্নীতি বন্ধ করবার চেষ্টা করেন এবং একরকম রেট করেন। এছাড়া হিসাবপত্র চেক করার কোন বিশেষ ব্যবস্থা নেই। এসেনসিয়াল কমোডিটি অ্যাক্ট চালু করার জন্য অফিসার রেখেছেন কিন্তু তাঁরা অত্যন্ত দুর্নীতিপরায়ণ। সেজন্য চেক করার ব্যবস্থা ঠিক করে হচ্ছে না। এটা যাতে ঠিকভাবে চেক করা হয় তার ব্যবস্থা যেন করা হয়। আমি এখন আর বেশী কিছু বলতে চাই না, তবে সিলেক্ট কমিটি থেকে এ বিলটা যখন আবার এই হাউসে আসবে তখন আমি আবার বলবো।

Dr. Radhakrishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে হিমঘর নিয়ন্ত্রণ বিলের যে অ্যামেন্ডমেন্ট এসেছে সে অ্যামেন্ডমেন্ট করবার যথেষ্ট কারণ মন্ত্রিমহাশয় পেয়েছেন এবং অভিযোগ অনেক পেয়েছেন বলে এই অ্যামেন্ডমেন্ট এনেছেন। ১৯২৮ সাল থেকে এই হিমঘর নিয়ন্ত্রণ বিলের কল্পনা করা হচ্ছে এবং আমরা দেখতে পাচ্ছি দ্রুত পচনশীল এবং কৃষিজাত যেসমস্ত জিনিস সেগুলো সংরক্ষণের জন্য এ বিল দরকার। আমরা আরো দেখতে পাচ্ছি স্বাধীনতা পাবার পর বহু কোলড স্টোরেজ হয়েছে, কিন্তু যারা ওর মালিক তারা নানাভাবে কৃষকদের এক্সপ্লয়েট করছে। আপনি জানেন মরশুমী যেসমস্ত জিনিস তৈরী হয় সেগুলি বাজারে বেশী এলে কৃষক ন্যায্যমূল্য পায় না এবং যার জন্য এই কোলড স্টোরেজ সৃষ্টি হয়েছে। এবং পৃথিবীর সব জায়গায় কোলড স্টোরেজ আছে। আমাদের দেখতে হবে যে, কোলড স্টোরেজে কৃষকরা উপযুক্ত মূল্য ঠিকভাবে পায় কিনা আজকে যে অ্যামেন্ডমেন্ট নূতন আকারে তারা করছেন তাতে যেসমস্ত জিনিস আপনারা বলবৎ করছেন তাতে মোটামুটিভাবে নাটশেলে বলছি প্রত্যেক বৃহৎ হিমঘরের পরিচালককে এজন্য সরকার হইতে লাইসেন্স লইয়া এবং এই লাইসেন্সে ধার্য শর্তাদি পালন

করিয়া ব্যবসার পরিচালন করিতে হইবে। প্রত্যেক হিমঘরের পরিচালককে স্বাস্থ্যসম্মত উপায়ে পণ্যদ্রব্য মজুত রাখিতে হইবে। হিমঘরে যাহারা পণ্যদ্রব্য মজুত রাখিবেন তাহাদের যথা-যোগ্য রসিদ দিতে হইবে। আমি বলছি এই যে আকারে বিল আনতে যাচ্ছেন তাতে এগুলি কার্যকরী হবে কিনা সন্দেহ। আমার প্রথম কথা হচ্ছে, অফিসার এবং গভর্নমেন্ট-এর পক্ষের লোকেরা এসমস্ত শর্তকে যদি কঠিনভাবে পালন না করেন তাহলে কিছুই হবে না এবং কৃষকের কাছে যে সমস্যা সে সমস্যাই থেকে যাবে। আমরা সাধারণভাবে দেখি আলু, মাছ, মাংস, ইত্যাদি সমস্ত কৃষকদের কাছে একটা জাল রসিদ দিয়ে দেয়। এবং লাইসেন্সিং অফিসাররা হিমঘরের মালিকদের নিকট যেসমস্ত তথ্য চাইবেন তাহা প্রদান করা মালিকদের পক্ষে বাধ্যতামূলক হইবে। কিন্তু এই সমস্ত যদি ঠিকভাবে পালন করা না হয়, তাহলে সমস্ত জিনিসই বানচাল হয়ে যাবে। সিলেক্ট কমিটির মাননীয় সদস্যরা এসব বিষয়ে নিশ্চয়ই ভালভাবে আলোচনা করবেন। আমি শুধু এইটুকু বলবো যেসমস্ত নূতন সর্ত সরকার আরোপ করতে যাচ্ছেন সেগুলো যাতে অক্ষরে অক্ষরে পালন করা হয় সেদিকে সরকারের যেন সজাগ দৃষ্টি থাকে।

Shri Smarajit Bandopadhyay:

স্যার, এই বিলটা যে অত্যন্ত প্রয়োজনীয় এবং কৃষকদের অগ্রগতির ক্ষেত্রে বৈপ্লবিক পদক্ষেপ সে বিষয়ে সন্দেহ নেই। রাধাকৃষ্ণবাবু যে কথা বলেছেন যে অসাধু এবং এক শ্রেণীর দুর্নীতি-পরায়ণ কোলড স্টোরেজের মালিক জনসাধারণকে শোষণ করে এবং কৃষকদের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত করেন সেগুলি নিরোধ করার জন্য আমরা এই বিল এনেছি। ডাঃ সিংহ যেসমস্ত কথা বলেছেন আমার উদ্বোধনী বক্তৃতায় আমি সেই কথাই বলেছি। শ্রীশম্ভু ঘোষ মহাশয় এসেন-সিয়াল কমোডিটি অ্যাক্টের কথা বলেছেন। এসেনসিয়াল কমোডিটিস অনুযায়ী কোলড স্টোরেজ অর্ডার হবে অতএব এটা তিনি কেন বললেন তা জানি না। অথচ তিনি চাইলেন যে, সাধারণ এর দ্বারা উপকৃত হল না, দালালরা লাভবান হবে, ঠিকমত রেট নেই, চাষীরা ঠকছে ইত্যাদি। এরূপ একটা কমপ্রিহেনসিভ বিল এসেনসিয়াল কমোডিটি অ্যাক্ট অনুযায়ী কোলড স্টোরেজ অভাবে এত ব্যাপকভাবে ব্যবস্থা নেই। প্রভিসন অফ পেমেন্ট অফ কম্পেনসেশন, ড্রাইয়েজ অ্যান্ড লস, এসেনসিয়াল কমোডিটি অ্যাক্ট অনুযায়ী কোলড স্টোরেজে অর্ডার নেই। তারপর Inspection of cold storage, collection of samples for analysis, prohibition of over storage, maintenance ইত্যাদি এত ডিটেল ব্যবস্থা কেন্দ্রের যে অর্ডার সে অর্ডার-এ নেই। তাছাড়া ডুপ্লিকেশান অফ [illegible] প্রশ্ন উঠে না, এজন্য যে আমাদের এ বিল গৃহীত হলে কেন্দ্রীয় সরকার বলেছেন তাঁরা তাঁদের এ অর্ডার তুলে নেবেন।

মাননীয় সদস্য শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী—তিনি এর উদ্দেশ্যের সঙ্গে একমত হয়েছেন—তবে তিনি ন্যাশানালাইজেশনের কথা বলেছেন। যতদিন পর্যন্ত কো-অপারেটিভ সোসাইটি এগুলি গ্রহণ করবার মত উপযুক্ত না হচ্ছে ততদিন পর্যন্ত পাবলিক সেকটারে থাকা উচিত বলেছেন—আমরা এখানে পাবলিক সেকটারে কিছু কিছু কোলড স্টোরেজ করছি। কো-অপারেটিভ সোসাই-টিকেও উৎসাহ দিচ্ছি, তাতে কোন বাধা নেই এবং প্রাইভেট সেকটারও আছে আমাদের এখানে যখন মিশ্র অর্থনীতি চালু আছে তখন পাবলিক সেকটারে প্রাইভেট সেকটারে এবং কো-অপা-রেটিভ সেকটারে—এই তিনটি সেকটারই চালাতে চাই। সেইজন্য বলি আমার মনে হয় এই বিলের উদ্দেশ্য সম্পর্কে কারও দ্বিমত নেই। যেসমস্ত ছোটখাটো সংশোধনের কথা তাঁরা বলেছেন—সেগুলি জয়েন্ট সিলেক্ট কমিটিতে আলোচনা হবে—পরে তাঁরা সুযোগ পাবেন আলোচনার। আমার আর এ সম্বন্ধে বলার কিছু নেই।

শ্রীবীজেশচন্দ্র সেন: স্যার, এই হাউসের যে অবস্থা দেখছি তাতে সকলেই কর্পোরেশনের রেজাল্ট জানবার জন্য ছুটোছুটি করছেন। এখন যেভাবে খবর আসছে তাতে কংগ্রেস বিরাটভাবে জিতছেন। আমরা ভিক্টরি সেলিব্রেশন করতে যাবো আপনি যদি হাউসটা এখন অ্যাডজোর্ন করে দেন।

The motion of Shri Smarajit Bandyopadhyay that this Assembly concurs in the recommendation of the Legislative Council that the Assembly do join in the Joint Committee of the Houses on the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, and resolves that the following Members of the Assembly be nominated to serve on the said Joint Committee, namely:

(1) Shri Parbati Charan Hazra,
(2) Shri Probhakar Pal,
(3) Shri Radhanath Das,
(4) Shri Birendra Nath Chowdhury,
(5) Shri Abani Kumar Basu,
(6) Shri Sushil Kumar Dhara,
(7) Shri Ramendra Kishore Mallick,
(8) Shri Sishuram Mondal,
(9) Shri Jaharlal Banerjee,
(10) Shri Gopikaranjan Mitra,
(11) Shri Ananga Mohan Das,
(12) Shri Syed Abul Mansur Habibullah,
(13) Shri Aswini Roy,
(14) Dr. Kanai Lal Bhattacharya,
(15) Shri A. H. Besterwitch,
(16) Shri Girish Mahato,
(17) Shri Kashi Kanta Maitra, and
(18) Shri Smarajit Bandyopadhyay (the mover)

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 3-21 p.m. till 1 p.m. on Wednesday, the 31st March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 31st March, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 7 Ministers, 2 Ministers of State and 160 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Acquisition of land for the construction of an embankment at Dhanyaghori

***406.** (Admitted question No. *1769.) **Shri Arabinda Roy:** (a) Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state if it is a fact—

(i) that the Estate Acquisition Department constructed an embankment at Dhanyaghori, police-station Amta, district Howrah, in and around 1958; and

(ii) that there was acquisition of private lands for the purpose?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) what are the outstanding compensation dues for such lands;

(ii) if the said amounts have been disbursed; and

(iii) if not, when the disbursement will be done?

Shri Syamadas Bhattacharyya: (a)(i) Yes. The embankment was constructed during the year 1959-60.

(a)(ii) Yes.

(b)(i), (ii) and (iii) The compensation has not yet been assessed and sanctioned for payment. Steps are being taken for expediting assessment of compensation and payment thereof.

Requirement of citizenship certificate in the sale of land

***407.** (Admitted question No. *1982.)

শ্রীতারাপদ দে: বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুসলমানরা কোন জমি বিক্রয় করিতে গেলে তাহাদের নাগরিকত্বের জন্য সার্টিফিকেট দেখাইবার ব্যবস্থা করা হইয়াছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) মুসলমান ভিন্ন অন্য কোন সম্প্রদায়ের জন্য ঐ ব্যবস্থা আছে কি না; যদি থাকে তাহা কি জন্য?

Shri Iswar Das Jalan:

(ক) দলিল সম্পাদনকারীর নাগরিকত্ব সম্বন্ধে সন্দেহ হইলে নিবন্ধন কার্যে নিযুক্ত আধিকারিকগণ জাতি ধর্ম নির্বিশেষে সকল দলিল সম্পাদনকারীর নিকট হইতে নাগরিকত্বের প্রমাণপত্র চাহিয়া থাকেন।

(খ) পাকিস্তানী নাগরিকগণ যাহাতে ভারতবর্ষে অবস্থিত তাহাদের অস্থাবর সম্পত্তি বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ অবৈধভাবে ভারতের বাহিরে না লইয়া যাইতে পারে, তজ্জন্য এই ব্যবস্থা ভারত সরকারের নির্দেশমত অবলম্বন করা হইয়াছে।

(গ) জাতি ধর্ম নির্বিশেষে পাকিস্তানী নাগরিকের ক্ষেত্রে এই ব্যবস্থা অবলম্বন করা হয়।

শ্রীকমলকান্তি গুহ: আপনি বললেন পাকিস্তানী মুসলমান বা পাকিস্তানী নাগরিক যারা এই দেশে আছে তাদের জমি বিক্রি সম্বন্ধে এই ব্যবস্থা করা হয়েছে। কিন্তু মুসলমান হলেও যারা ভারতীয় নাগরিক তাদের জমি বিক্রি করতে হলে এবং কিনতে হলে এমন কি দান করতে হলেও এই সার্টিফিকেট নিতে হয় এই খবর কি আপনি জানেন?

শ্রীঈশ্বরদাস জালান: রেজিস্টারিং অফিসার যদি সন্দেহ করে যে রেজিস্ট্রেশান করছে সে ইন্ডিয়ান ন্যাশান্যাল নয় পাকিস্তানী ন্যাশান্যাল তাহলে সিটিজেনশিপ সার্টিফিকেটের ডিমান্ড করবেন অ্যান্ড ইট ইজ ওনলি ইন রিগার্ড টু সেল।

শ্রীকমলকান্তি গুহ: মা ছেলেকে জমি দান করছে। তারা যদি ধর্মে মুসলমান হয় তাহলে এই সার্টিফিকেট দেখাতে হয় এই খবর কি জানেন?

শ্রীঈশ্বরদাস জালান: আমার কাছে কোন খবর আসে নি।

শ্রীসনৎকুমার রাহা: আপনি বললেন যে, পাকিস্তানী নাগরিক যারা ভারতবর্ষে আছে তারা অস্থাবর সম্পত্তি বিক্রি বা ট্রান্সফার করতে গেলে তাদের নাগরিক সার্টিফিকেট দেখাতে হবে। এটা কোন অর্ডারে কার্যকরী হচ্ছে এবং কবে এই অর্ডার দেওয়া হয়েছে?

শ্রীঈশ্বরদাস জালান: ১৯৬১ সালে এই অর্ডার দেওয়া হয়েছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থেকে এইরকম যখন ট্রান্সফার হয় তখন সেই বিক্রি বা ট্রান্সফার যাতে তারা অবৈধভাবে না করে দেয় তার জন্য এই ব্যবস্থা হয়েছে। সিমিলার অর্ডার পাকিস্তান গভর্নমেন্ট করেছে। যখন পাকিস্তান গভর্নমেন্ট ঐ অর্ডার করে তারপরে ইন্ডিয়া গভর্নমেন্ট এই অর্ডার করে যে রেজিস্টারিং অফিসার যদি সন্দেহ করে যে এই লোকটা পাকিস্তানী ন্যাশন্যাল তাহলে ন্যাশন্যাল সার্টিফিকেট চেয়ে তবে রেজিস্ট্রি করে।

Shri Kamal Kanti Guha:

আপনি কি জানেন যিনি প্রধান—সার্টিফিকেট দেন, তাকে যদি জমি বিক্রি করতে হয়, এস ডি ও-র কাছ থেকে সার্টিফিকেট নিতে হয়? ভারতীয় নাগরিক না হলে প্রধান তো হতে পারেন না—এ খবর জানেন কি?

Shri Iswar Das Jalan:

আমার কাছে কোন খবর নাই। গেজেটেড অফিসার, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, পঞ্চায়েৎ প্রধান—এরা যদি সার্টিফিকেট দেন, ন্যাশন্যাল সার্টিফিকেট দেন, তাহলে রেজিস্টারিং অফিসার মান্য করেন।

Shri Kamal Kanti Guha:

প্রধান বা অধ্যক্ষ—বা গ্রাম পঞ্চায়েত ভারতীয় নাগরিক না হলে তো হতে পারবে না। আর এই প্রধান বা অধ্যক্ষ হতে হলে ভোটার হতে হবে, তাকে ইলেকশান-এ নির্বাচিত হতে হবে এবং শপথ নিতে হবে। আর ভারতীয় নাগরিক যিনি হবেন না, তিনি তো এই পঞ্চায়েত ব্যবস্থায় আসতে পারবেন না, কোন মুসলমান অধ্যক্ষ বা প্রধান তার যদি জমি বিক্রি করতে হয়, তাঁর

নাগরিকত্ব প্রমাণ করবার জন্য ম্যাজিস্ট্রেটের কাছ থেকে সার্টিফিকেট নিতে হয়—এই ব্যবস্থা রয়েছে। মন্ত্রিমহাশয় বলছেন ইন্ডিয়ান নাগরিকত্ব প্রমাণ করবার জন্য সার্টিফিকেট নিতে হয়। এ'রা সত্যই ভারতীয় নাগরিক, তাঁদের কেন ম্যাজিস্ট্রেটের সার্টিফিকেট নিতে হবে?

Shri Iswar Das Jalan:

সেটা রেজিস্টারিং অফিসারকে ডিসক্রিসান দেওয়া হয়েছে, যেখানে সন্দেহ আছে।

What I am saying is that discretion has been given to the Registering Officer to ask for a nationality certificate in those cases in which he is in doubt. But, as you say that under the law a person who is a Prodhan cannot but be an Indian National—to my mind, the Registering Authority should not ask for it. If any such case is brought to our notice, we shall certainly give necessary directions to the Registering Authority.

Shri Narayan Choubey:

আপনি দয়া করে বলতে পারবেন কি এই যে সার্টিফিকেট যা নেওয়া হয়, নাগরিকত্ব সার্টিফিকেট, আপনি বললেন জাতি-ধর্ম-নির্বিশেষে সবাই এর কাছ থেকে নেওয়া হয়, আপনি কি একটি উদাহরণ দেখাতে পারবেন যে, মুসলমান ছাড়া আর কোন সম্প্রদায়ের লোকের কাছ থেকে সার্টিফিকেট নেওয়া হয়েছে?

Shri Iswar Das Jalan: I have not got the figures about the number of cases in which certificates have been asked and cases in which certificates have not been asked. That collection has to be made before I say anything.

শ্রীকমলকান্তি গুহ: আপনি গত বছর আমার একটা প্রশ্নের উত্তরে বলেছিলেন যদি মুসলমানরা জমি বিক্রি করতে চায় তাহলে এম এল এ-রা সার্টিফিকেট দিতে পারবেন এবং আপনি একথাও বলেছিলেন যে, আপনি এ সম্বন্ধে সার্কুলার দেবেন। আমার প্রশ্ন হচ্ছে সেই সার্কুলার আজ পর্যন্ত পাঠান নি কেন?

[1-10—1-20 p.m.]

শ্রীঈশ্বরদাস জালান: আমার ঠিক মনে নেই। তবে আমার মনে হয় এম, এল, এ, এবং এম, পি-রা যদি সার্টিফিকেট দেন তাহলে সেটা অ্যাকসেপ্ট করা উচিত।

শ্রীসনৎকুমার রাহা: যে অর্ডার বলে এই রেজিস্টারিং অথরিটি আইডেনটিটি চাচ্ছে তার কপি কি আমরা দেখতে পারি এবং অর্ডার যেটা সার্কুলেট করা হয়েছে তার ডেট কত?

শ্রীঈশ্বরদাস জালান: এটা কনফিডেনসিয়াল হতে পারে, বিকজ ইট ইনভলভস দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া সার্কুলার। তবে যদি কনফিডেনসিয়াল না হয় তাহলে আমি দিতে পারি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় কি জানেন যে, পুরুষানুক্রমে যারা বাংলাদেশে বাস করছে তাদের জমি হস্তান্তর করতে গেলে পার্মিসনের জন্য ভয়ানক হয়রাণ হতে হয়?

শ্রীঈশ্বরদাস জালান: না, Non-resident.

শ্রীকানাইলাল পাল: মন্ত্রিমহাশয় কি জানেন যে, কেবল সন্দেহের ক্ষেত্রে নয়, এই সংখ্যালঘু সম্প্রদায়ের যে-কোন লোক যদি জমি বিক্রি বা বাড়ি বিক্রি করতে চায় তাহলে তাদের প্রত্যেকের এইভাবে সার্টিফিকেট জোগাড় করতে হয় এবং তার জন্য তাদের মোটামোটা ঘুস দিতে হচ্ছে?

শ্রীঈশ্বরদাস জালান: টাকার ব্যাপার আমি জানি না। ডিসক্রিশন-এর ভার দেওয়া হয়েছে টু দি রেজিস্টারিং অফিসার এবং আপনারা যদি প্রত্যেক অফিসার সম্বন্ধে এরকম অবিশ্বাস পোষণ করেন তাহলে তো শাসন চলে না।

Of course, the discretion should be exercised wisely and judiciously. But it all depends from one registering officer to another. There may be some registering officer who may not be so much strict but there may be some registering officer who may be very strict. That difficulty cannot be obviated.

Tanks in Governmenment khas possession

***408.** (Admitted question No. *1989.)

দাশ মহাপাত্রঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) সমগ্র পশ্চিম বাংলায় সরকারের খাস দখলে কতগুলি পুষ্করিণী রহিয়াছে;

(২) ঐ পুষ্করিণীর মধ্যে পাড় বাদে এক একর ও এক একরের অধিক জলের এলাকা বিশিষ্ট কতগুলি পুষ্করিণী রহিয়াছে; এবং

(৩) ঐ সকল পুষ্করিণী হইতে সরকারের বার্ষিক আয় কত হয়?

Shri Syamadas Bhattacharyya:

(১) ৮,৬১৫টি।

(২) সব জেলা হইতে তথ্য পাওয়া যায় নাই, পাঁচটি জেলা হইতে যে তথ্য পাওয়া গিয়াছে তাহাতে দেখা যায় যে মোট ২,৮৭৯টি ন্যস্ত পুষ্করিণীর মধ্যে এক একর ও এক একরের অধিক জলের এলাকা বিশিষ্ট পুষ্করিণীর সংখ্যা—৩৬০।

(৩) ঐ জেলাগুলিতে বার্ষিক আয় আনুমানিক ১৯,১৮৮ টাকা।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মন্ত্রিমহাশয় বললেন ২ হাজার ৮৭৯টি এক একর বা এক একরের বেশী জায়গা আছে। আমার প্রশ্ন হচ্ছে এগুলি সংস্কারের অভাবে যে নষ্ট হয়ে যাচ্ছে এ খবর জানেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমি বলেছি এক একর এবং তার বেশী হিসেব পেয়েছি ৩৬০টির। সংস্কারের অভাবে অনেকগুলো পুকুর হেজে, মজে গেছে এবং তাতে মৎস্য চাষ হয় নি। আমি মাননীয় সদস্যদের বলতে পারি নামমাত্র টাকায় বিলি করবার জন্য আমরা চেষ্টা করেছিলাম, কিন্তু বিলি নেবার জন্য লোক পাওয়া যায় নি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, বাংলাদেশে অধিক খাদ্য উৎপাদনের জন্য এই জমির পাশাপাশি এলাকা ১-২-৩ ফসলী করবার জন্য টাকা মঞ্জুর করবার ব্যবস্থা করবেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ এটা যদিও অন্য বিভাগের ব্যাপার, তবে এটুকু বলতে পারি নীতি-গতভাবে কোন বিরোধ নেই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ এই পুকুরগুলি তো আপনার অধীনে, অন্য বিভাগে কেন বলছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ মৎস্য বিভাগের সঙ্গে আমরা কথাবার্তা বলেছি এবং তাঁরা বলেছেন এই পুকুরগুলি সাধ্যমত সংস্কার করে মৎস্য চাষের উদ্দেশ্যে তাঁরা গ্রহণ করবেন।

N. H. 31 from Birpara to Falakata police-station

***409.** (Admitted question No. *2170.) **Shri Hiralal Singha:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) if it is a fact that the N. H. 31 from Birpara to Falakata police-station has been badly damaged during the last flood; and

(b) if so, what steps have been taken to repair that road?

Shri Jagannath Kolay: (a) Some portion of the road was badly damaged during the last flood.

(b) An estimate for permanent restoration to this section of the road is being prepared and will be sent to Government of India for sanction. In the meantime the road is being repaired as far as possible from the normal maintenance grant.

শ্রীসুনীল দাশগুপ্ত: বীরপাড়া ফলাকাটার মধ্যে বন্যা কোথায় হয়েছিল মন্ত্রিমহাশয় বলবেন কি?

শ্রীজগন্নাথ কোলে: ফলাকাটা থানার মধ্যে ফলাকাটা বীরপাড়া যে রাস্তা আছে সেটা গত বন্যায় ধ্বংস হয়েছিল অনেক জায়গায়, তাইতো আছে।

শ্রীসুনীল দাশগুপ্ত: ওখানে বীরপাড়া ফলাকাটার মধ্য স্থানে রাস্তা হয়েছিল ন্যাশনাল হাইওয়ে ৩১, তাতে বন্যা হয় নি, আপনি যে অজুহাত বন্যার দিচ্ছেন, বন্যার জন্য রাস্তা নষ্ট হয়েছে, সেটা ঠিক নয়, সেজন্য বলুন বীরপাড়া ফলাকাটায় বন্যা কোথায় হয়েছে?

শ্রীজগন্নাথ কোলে: ডালগাঁও থেকে বাসলখানা।

শ্রীকমলকান্তি গুহ: আপনাকে যে রিপোর্ট দেওয়া হয়েছে সেটা ভুল রিপোর্ট দেওয়া হয়েছে। আমি বলছি শুনুন—বীরপাড়া থেকে ফলাকাটা পাতলাখানার মধ্যে বন্যা হয়েছে। ফলাকাটা-বীরপাড়ায় বন্যা হয় নি, সেজন্য আপনাদের পক্ষের সদস্য হীরালাল সিংহ প্রশ্ন জিজ্ঞাসা করেছেন—ওখানে এই রাস্তাগুলি খারাপ হল কেন, বন্যায় যদি খারাপ হয়ে যেত তাহলে নিশ্চয়ই কোশ্চেন আসত না।

শ্রীজগন্নাথ কোলে: কোশ্চেনে ফ্লাডের ব্যাপারের কথা আছে।

Manikhali khal and Jinjira khal

***410.** (Admitted question No. *2296.)

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনা জেলার মণিখালি খাল ও জিঞ্জিরা খাল সংস্কারের জন্য কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকিলে উহা কবে কার্যকরী হইবে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

(খ) ১৯৬৬-৬৭ সনের মধ্যে কার্যকরী হইবে আশা করা যায়।

শ্রীজহরলাল ব্যানার্জি: খালটি কাটা হলে কি উপকার হবে?

(**শ্রীকমলকান্তি গুহ:** কুমীর আনা হবে।) (হাসির রোল)

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এই প্রকল্পটিতে ৩০ লক্ষ টাকা ব্যয় করা হবে ঠিক করা হয়েছে। এই টাকাটা পাওয়া যাবে মেট্রোপলিটান উন্নয়ন কাজের ভিতর থেকে। এই প্রকল্প পুরাতন এবং নূতন মনিখালী খাল, হেয়াৎপুর খাল এবং শাখাখাল সমূহ এবং জিঞ্জিরা খালের সংস্কারের ব্যবস্থা আছে, এ ছাড়া নূতন স্লুইস (ইনলেটস) রেগুলেটার নির্মাণ করা হবে, ২২ বর্গমাইল বেসিন এলাকার মধ্যে ১২ বর্গমাইল শহর এবং আধা শহর এলাকা এবং প্রায় ৬ বর্গমাইল কলকাতার সন্নিকটস্থ এলাকা (যা কৃষিযোগ্য জমি নয়) তার জলনিকাশী ব্যবস্থার উপকার হবে, বাকি ৪ বর্গমাইল কৃষিযোগ্য জমি আংশিকভাবে উপকৃত হবে, এর ফলে অধিক ফসল উৎপন্ন করার সুবিধা হবে।

Non-agricultural vested lands of Berhampore Town

***411.** (Admitted question No. *2331.)

শ্রীসনৎকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর শহরে কত পরিমাণ অকৃষি জমি সরকারে ন্যস্ত হইয়াছে; এই প্রকার জমির কত পরিমাণ এখনও মামলাধীন আছে;

(খ) ন্যস্ত জমির কত অংশ সরকারের দখলে; এবং

(গ) ন্যস্ত জমির খাজনা আদায় করা হয় কি না?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ (ক) বহরমপুর শহরে কোন অকৃষি জমি সরকারে ন্যস্ত হয় নাই।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

শ্রীসনৎকুমার রাহাঃ বহরমপুর শহরের বহু জমির মালিক খাজনা দেবার লোক পায় না কে খাজনা নেবে? জে, এল, আর, ও-র অফিসে গেলে পরে নাম খারিজ করে দেয়, খাজনা কেউ নিতে চায় না, এই ব্যাপার সম্বন্ধে অনুসন্ধান করবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ ইট ইজ এ রিকোয়েস্ট ফর অ্যাকশন, এটা প্রশ্নোত্তর থেকে আসে না।

Calcutta Municipal Amendment Act and West Bengal Co-operative Societies Act

***412.** (Admitted question No. *2356.)

শ্রীঅশ্বিনী রায়ঃ লেজিসলেটিভ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা পৌর আইন (ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট) ও পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন (ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট) বর্তমানে কিনিতে পাওয়া যাইতেছে না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি; এবং

(গ) কখন ঐ আইন পুস্তকদ্বয়ের পুনর্মুদ্রণ হইবে এবং বাংলা ভাষায় মুদ্রিত হইবে কি না?

শ্রীঈশ্বর দাস জালানঃ (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি কলকাতায় নির্বাচনকালে মনোনয়নপত্র দাখিল করতে হয়, সেই আইনে আজ পর্যন্ত যে সংশোধনী হয়েছে, সেই সংশোধনী আইনের বই বাংলায় আপনাদের সেলস ডিপোতে পাওয়া যায় না এটা জানেন কি?

Shri Iswar Das Jalan:

Amendment Act up to 1963 are available. Amendment Act, 1964, Calcutta Municipal Second Amendment Act, 1964, and Calcutta Municipal Amendment Act, 1965

এখনও রেডি হয় নি।

[1-20—1-30 p.m.]

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি নির্বাচিত পরিবর্তন সামগ্রিকভাবে সংশোধনী সহ পুস্তিকা পাওয়া উচিত ছিল কেন না এতবড় একটা গুরুত্বপূর্ণ নির্বাচন?

Shri Iswar Das Jalan:

অর্ডিনারিলি যে প্রিনটেড হয় সেটা অনেকবার গভর্নমেন্ট প্রেস-এ যায় এবং অনেক সময় লাগে ডিমান্ডটা এরূপ হয় নি যে, আপ টু ডেট অ্যামেন্ডমেন্ট দিয়ে দেওয়া হোক।

Shri Aswini Roy:

তাহলে সমস্ত সংশোধনী সহ একটি আইন ইংলিশ এবং বেঙ্গলী কবে পাওয়া যাবে।

Shri Iswar Das Jalan:

ইংলিশ শীঘ্র পাওয়া যাবে, বেঙ্গলী পেতে সময় লাগবে।

Erosion at the place of confluence of the Chandi and the Keleghai

***413.** (Admitted question No. *2359.)

শ্রীঅনঙ্গমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মেদিনীপুর জেলার চণ্ডীনদী ও কেলেঘাই নদীর সঙ্গম স্থলের সংলগ্ন জমি ও লোকেদের বাড়ীঘর ভাঙ্গনের মুখে বিপজ্জনক অবস্থায় পড়িয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত ভাঙ্গন রোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

Shri Syamadas Bhattacharyya:

(ক) চণ্ডী নদী ও কেলেঘাই নদীর সঙ্গমস্থল হইতে প্রায় ২,০০০ ফুট উপরে চণ্ডী নদীর বাম তীর গত দুই বৎসর হইতে ভাঙ্গিতেছে। এই ভাঙ্গনের ফলে প্রায় ৭-৮টি ঘর ও কিছু জমি নদীগর্ভে বিলীন হইয়াছে।

(খ) কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।

Shri Ananga Mohan Das:

ইতিমধ্যে ৭-৮টি ঘর চলে গেছে নদীগর্ভে, এবং আরো অনেকগুলি ঘর যেতে চলেছে, তাই আমি বলছি এ সম্বন্ধে ব্যবস্থা করবেন কি—কারণ চুণী কেলেঘাই যে জায়গায় বেঁকে গেছে সেখানে সোজা কেটে নিয়ে গেলে অনেক অসুবিধা হতে পারে এটা দেখবেন কি?

Shri Syamadas Bhattacharyya:

এটা রিকোয়েস্ট ফর অ্যাকশন, এটা সাপ্লিমেন্টারী নয়, তাহলেও আমি বলতে পারি, যে এলাকার কথা মাননীয় সদস্য বলেছেন স্পীল এরিয়ার কথা—নদীর মধ্যে যে চর জমে থাকে ঐ এমবেঙ্কমেন্ট মধ্যে। সেই স্পীল এরিয়ার মধ্যে কোন ঘরবাড়ি করা নিষিদ্ধ এবং সেই স্পীল এরিয়া রক্ষা করতে গেলে অনেকগুলি বিষয় বিবেচনা করতে হয়। মাননীয় সদস্য যে সোজা-সুজি ব্যবস্থা গ্রহণের কথা বলেছেন সেটা করা হবে।

Shri Ananga Mohan Das:

এটা স্পীল এরিয়া সত্য কথা, কিন্তু এটা প্রায় ৫০-৬০ বৎসর ধরে আছে এবং সেখানে পল্লী গড়ে উঠেছে সেখানে গাছপালা গড়ে উঠেছে। আমি একটা কথা বলতে চাই, আপনার ডিপার্ট-মেন্ট যদি এ ধরনের নিষেধাজ্ঞা বা অসুবিধা দূর করে প্রভিশান দেন, তাহলে লোকেরা নিজেরা জায়গা দিয়ে এটা সোজা চালিয়ে দেবে এবং নদী যে বেঁকে যাবে এবং যে জমি পাওয়া যাবে সেটা তাদের দেওয়া হবে এই কথা যদি দেওয়া হয় তাহলে তারা নিজেরা পয়সা দিয়ে কেটে নেবে।

Shri Syamadas Bhattacharyya:

নিশ্চয়ই বিবেচনা করা হবে শুধু দেখা এদের যে প্রস্তাবিত পরিকল্পনা তা কার্যকরী হলে বৃহত্তর ক্ষেত্রে অসুবিধা না হয়।

Road from Malda Court Station Ghat to Singabad

***414.** (Admitted question No. *2399.)

শ্রীনিমাইচাঁদ মূর্মূঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার মালদহ কোর্ট স্টেশন ঘাট হইতে সিঙ্গাবাদ পর্যন্ত রাস্তা নির্মাণের কাজ কোন্ বৎসর আরম্ভ করা হইয়াছিল;

(খ) বর্তমান সময় পর্যন্ত ঐ নির্মাণের কাজ কত দূর অগ্রসর হইয়াছে; এবং

(গ) কত দিনের মধ্যে উক্ত রাস্তার নির্মাণ কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়?

Shri Jagannath Kolay:

(ক) ১৯৬০ সালে।

(খ) মালদহ কোর্ট স্টেশন ঘাট হইতে টাঙ্গননন্দী পর্যন্ত অংশের কার্য ইতিমধ্যেই শেষ হইয়াছে। আহিও বাজার হইতে সিঙ্গাবাদ পর্যন্ত বাকি অংশের কার্যের অর্ধাংশেরও বেশী শেষ হইয়াছে।

১৯৬৫-৬৬ আর্থিক বৎসরের মধ্যেই বাকি কাজ শেষ করার চেষ্টা করা হইতেছে।

Payment of compensation for the Haldia Port area lands

***415.** (Admitted question No. *2474.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হল্দিয়া বন্দর এলাকায় জমির ক্ষতিপূরণ টাকা একর প্রতি ২,৬৮৫ টাকা হিসাবে যাহা প্রদান করা হইতেছিল তাহা বর্তমানে কমাইয়া একর প্রতি ১,৯৪৫ টাকা হিসাবে প্রদান করা হইতেছে ইহা কি সত্য; এবং

(খ) ইহা সত্য হইলে তাহার কারণ কি?

Shri Syamadas Bhattahcaryya:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, আপনি যে না বললেন আমি তার থেকেই জিজ্ঞাসা করছি ২,৬৮৫ টাকা একর হিসাব অঙ্ক সেটা বর্তমানে নেওয়া হয়েছে কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় সদস্যর অবগতির জন্য বলতে পারি, যে প্রশ্ন করা হয়েছে এবং যে টাকার অঙ্ক দেওয়া হয়েছে সেটা কমিয়ে দেওয়া হয়েছে। যে অঙ্কর হিসাবটা দেওয়া হয়েছে সেটা বাড়ানো হয়েছিল।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ তাহলে এখন জানাবেন যে, কত টাকা করে একরে দেওয়া হচ্ছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ দ্বিতীয় পর্যায়ে একর প্রতি ২,৩০০ টাকা এবং তার সঙ্গে শতকরা ১৫ টাকা করে সোলেটিয়াম দেওয়া হচ্ছে এটা মিলিয়ে ২,৬৪৫ টাকা হচ্ছে।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ এটা কি সত্য যে, যেখানে ঐ টাকা কমিয়ে দেবার জন্য সেখানে কানুনগো ২৮এ জানুয়ারি উপস্থিত হয়ে সকলকে বলেছিলেন এবং এর জন্য কানুনগোকে ঐ অঞ্চলের গ্রামবাসীরা বয়কট করেছে, এটা জানেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ এই কথা জানা নেই, এখনও পর্যন্ত আমরা ভূমি যা গ্রহণ করে থাকি, তাতে পুরোপুরি জনসাধারণের সহযোগিতা লাভ করেছি।

Irrigation of the arable lands

***416.** (Admitted question No. *2495.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) of the total arable land in this State, how many acres of land are irrigated;

(b) what amount of land gets water for irrigation for Rabi crops; and

(c) what is the target for irrigation of land in the Third Five-Year Plan and what is the actual performance up to date?

Shri Syamadas Bhattacharyya: (a) The total arable land in this State was 1,43,76,900 acres (net sown area 1,34,32,400 acres and current fallow 9,44,500 acres) in 1960-61, the latest year up to which such data are available and the total area irrigated in that year from all sources was 35,13,900 acres. Such comprehensive data for subsequent years are not readily available. The figure for areas irrigated under the schemes of the Irrigation and Waterways Department is 13,25,000 acres at the end of 1964-65.

(b) No accurate statistics regarding the land getting water for irrigation for rabi crops in the entire State are readily available. It is estimated that about 5 to 6 lakh acres are irrigated during rabi seasons. The area irrigated during rabi season under the schemes of the Irrigation and Waterways Department was 37,229 acres in 1963-64.

(c) The target of irrigation of land in the Third Five-Year Plan from schemes of the Irrigation and Waterways Department is 4,61,000 acres (additional) and the actual achievement up to the end of 1964-65 is 1,55,000 acres (additional). It is expected that by the end of 1965-66, that is, by the end of the Third Plan, this target of 4,61,000 acres (additional) will be achieved.

শ্রীনারায়ণ চোবেঃ আপনাকে আমার প্রশ্ন হল যে, ইরিগেটেড ল্যান্ড সব সোর্স থেকে ৩৫ লক্ষ একর আছে আপনার ডিপার্টমেন্ট যে ১৩ লক্ষ ২৫ হাজার একর, এই যে পার্থক্য অর্থাৎ আপনারা প্ল্যান অনুসারে এই পরিকল্পনার পরিমাণটা বাড়াতে পারেন না কেন। টোটাল ইরিগেটেড ল্যান্ড বাংলাদেশে ১৯৬১-৬২ পর্যন্ত ৩৫ লক্ষ একর মাত্র এবং তা থেকে বলছি আপনার ডিপার্টমেন্ট থেকে যে জল দেওয়া হয় ঐ ১৩ লক্ষ একর জমিতে, সুতরাং এর পরিমাণ এত কম কেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ এটা দুঃখের কথা, বাড়াতে পারলে সত্যই ভাল হত। মাননীয় সদস্য বলেছেন যে, ইরিগেশন এন্ড ওয়াটারওয়েজ ডিপার্টমেন্ট থেকে যে জমিতে জল দেওয়া হয় তার পরিমাণ এখন অনেকটা বেড়ে গেছে। আমরা তৃতীয় পরিকল্পনার শেষে ১৭ লক্ষ একরের বেশি জমিতে ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজ ডিপার্টমেন্ট থেকে জল দিতে পারব। আর অন্যান্য সোর্স থেকে যে জল দেওয়া হয় তাতে মোট ইরিগেশন ডিপার্টমেন্টএর জলসরবরাহের জায়গা সহ ৪০ লক্ষ একর জমিতে তৃতীয় পরিকল্পনার শেষে জল দেওয়া যাবে না। ইরিগেশন ডিপার্টমেন্ট সাধারণত মাইনর এবং মেজর ইরিগেশনএর যেসমস্ত বড় বড় কাজ তা করেন ছোট ছোট কাজগুলি কৃষিবিভাগ দ্বারা পরিচালিত হয় না দেখাশুনা করা হয়। এই সব কারণে অনেক জায়গায় তাঁরা ইরিগেশনএর ব্যবস্থা করেন। তাঁদের কাছেও কিছু কিছু জায়গা ধরা থাকে সেটা এখানে ধরা হয় নি, মোটামুটি যে হিসাব পাওয়া গিয়াছে এগ্রিকালচারাল এবং ইরিগেশন সোর্স থেকেই তা পাওয়া গেছে এবং সেইভাবেই এখানে একটা হিসাব দেওয়া হয়েছে।

[1-30—1-40 p.m.]

শ্রীনারায়ণ চোবেঃ রবিশস্যের জন্য সারা বাংলাদেশে ৫।৬ লক্ষ একর জমিতে জল পায়—তার মধ্যে আপনার ডিপার্টমেন্ট মাত্র ৩৭ হাজার একরে জল দেয়—বাকি জল কোথা থেকে আসে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ বাকি জল অন্যভাবে আসে—কৃষিবিভাগ কর্তৃক যেসমস্ত ছোটখাট কৃষি জমির সেচের যে পরিকল্পনা আছে সেখান থেকে দেওয়া হয়, আমাদের ডি ভি সি এরিয়া থেকে এবং ময়ূরাক্ষী কম্যান্ড এরিয়া থেকে যে জল দেওয়া হয় আমি তারই হিসাব দিয়েছি। এর সঙ্গে আমি বলতে পারি যে, এ ছাড়া ময়ূরাক্ষী কম্যান্ড এরিয়ায় বিনা করে রবিশস্যের জল দেওয়া হয়েছে।

শ্রীনারায়ণ চোবেঃ যে সময় ৫।৬ লক্ষ একর জমিতে রবিশস্যের জন্য জল পাচ্ছে সেই সময় জল দিচ্ছে ৩৭ হাজার একরে মাত্র—তাহলে আপনাদের কত প্ল্যান ছিল, টারগেট কত ছিল?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ প্রথম যখন ডি ভি সি পরিকল্পনা হয় তখন বোধ হয় এক লক্ষ একর টারগেট ছিল—তার পর যখন অন্যান্য প্রয়োজনে জলের দরকার হল, বিশেষ করে খারিফ শস্যের জন্য এবং সঙ্গে সঙ্গে ইন্ডাস্ট্রিয়াল নীড ফর ওয়াটার বেড়ে গেল। এইসব কারণে যে পরিমাণ জল রবিশস্যের জন্য দেওয়া যেতে পারে তার হিসাব কমে এল।

শ্রীনারায়ণ চোবেঃ আপনি বলেছেন যে, টারগেট ফর দি থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে আছে অ্যাডিশনাল ৪ লক্ষ ৬৩ হাজার একর। আপনি এ পর্যন্ত ১ লক্ষ ৫০ হাজার গিয়ে পেঁছেছেন বাকিটা এ বছর করবেন বলে আশ্বাস দিয়েছেন—কিভাবে করবেন জানাবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমাদের কংসাবতী পরিকল্পনার প্রথম পর্যায় শেষ হয়ে গেছে এবং এ বছর ২ লক্ষ একর জমিতে জল দিতে পারব। জলপাইগুড়ির করতোয়া পরিকল্পনা শেষ হয়ে গেছে, সেখান থেকে এ বছর জল দিতে পারব এবং এইরকম অনেকগুলি পরিকল্পনা যেগুলি শেষ পর্যায়ে এসে গেছে তার থেকে যে জল দিতে পারব সেই হিসাব করেই বলছি।

শ্রীনারায়ণ চোবেঃ আপনি অ্যাডিশনাল দিতে পারবেন বলছেন, তার মধ্যে রবিশস্যের জল পাবে কত একর?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমি সেটা বলতে পারছি না।

শ্রীসনৎ রাহাঃ আপনি ফ্যালো ল্যান্ড বললেন—এই ফ্যালো ল্যান্ডকে এরেবল করবার জন্য সেচবিভাগ থেকে কোন চিন্তা করা হচ্ছে কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ এই প্রশ্ন থেকে এই প্রশ্ন ওঠে না—তবে নিশ্চয়ই চেষ্টা করা হচ্ছে।

শ্রীভক্তিভূষণ মন্ডলঃ আপনাদের ময়ূরাক্ষী পরিকল্পনায় যেটা মেজর ইরিগেশন আছে তার অরিজিন্যাল স্কীমে কত লক্ষ একরে জল দেবার কথা ছিল? এবং বর্তমানে দিচ্ছেন কত?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমার নিজের যতদূর মনে পড়ে—আমি ঠিক চট করে বলতে পারছি না, হিসাব দেখলে বলতে পারি—প্রায় ৫ লক্ষ একরে জল দিতে পারছি, এবং ৫ লক্ষ একরের কিছু বেশি ছিল বোধ হয় টারগেট।

শ্রীভক্তিভূষণ মন্ডলঃ দো-ফসলী রবিশস্যের জন্য কত একারেজ দিচ্ছেন ঐ ময়ূরাক্ষী পরিকল্পনায়?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ অ্যাবাউট ফাইভ ল্যাকস-এ দিচ্ছি।

শ্রীভক্তিভূষণ মন্ডলঃ এটা তো টোট্যাল ইরিগেশনের টারগেট অ্যাবাউট ফাইভ ল্যাকস—রবিশস্যের জন্য যে এরিয়া সেটার জন্য কত আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ দুর্ভাগ্যক্রমে রবিশস্যের জন্য ময়ূরাক্ষী কম্যান্ড এরিয়া থেকে সামান্য জলই নেওয়া হত সেজন্য ২৫ হাজার একর জমিতে রবিশস্যের জন্য জল সরবরাহ করার ব্যবস্থা করেছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: বিনা করে যেটা দিচ্ছেন সেটা কোন কোন থানা বা জেলার মধ্যে দিচ্ছেন সেটা বলতে পারবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এটা নোটিস দিলে বলতে পারি।

শ্রীঅশ্বিনী রায়: আপনি বললেন যে, ডি ভি সি কম্যান্ড এরিয়ায় এ বছর কত জল দিতে পেরেছেন এবং ৩ ফাইভ-ইয়ার প্ল্যানের শেষ বছরে আরও কত বেশি জমিতে রবিশস্যের জন্য জল দিতে পারবেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এও হিসাব করতে হবে, তবে আমি যতদূর দেখতে পাচ্ছি, তাতে ৬ লক্ষ ১৭ হাজার একরের মত জমিতে এ বছর বোধ হয় জল দিতে পারা গেছে।

Bridge over the Tangan river in Malda district

***417.** (Admitted question No. *2516.)

শ্রীকমলকৃষ্ণ রায়: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার গাজোল বামন গোলা রাস্তার উপর টাঙ্গন নদীতে কোন সেতু নির্মাণের পরিকল্পনা বর্তমান তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর না হয়, তাহা হইলে উক্ত সেতুটি আগামী চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা?

Shri Jagannath Kolay:

(ক) না।

(খ) চতুর্থ পরিকল্পনায় মালদহ জেলায় টাঙ্গন নদীর উপর একটি সেতু নির্মাণের প্রস্তাব আছে। এই সেতুটি কোন্ রাস্তার উপর হইবে এখনও নির্দিষ্ট হয় নাই, তবে এই সেতুটি গাজোল-বামনগোলা রাস্তার উপরেই হওয়ার সম্ভাবনা আছে।

Shri Kamal Krishna Ray:

মন্ত্রিমহাশয় বললেন যে, চতুর্থ পরিকল্পনাকালে টাঙ্গন নদীর উপর একটা ব্রীজ হবে—এই ব্রীজটা কি ইংলিশবাজার বুলবুলচণ্ডী রাস্তার উপর আইহোঘাটের উপর হবার সম্ভাবনা আছে?

Shri Jagannath Kolay:

এখনও সেটা ঠিক হয় নি, তবে গাজোল ও বামনগোলা রাস্তার উপর হবার সম্ভাবনা আছে।

Bhatar-Nasigram Road

***418.** (Admitted question No. *2389.)

শ্রীঅশ্বিনী রায়: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ভাতাড়-নাসিগ্রাম রাস্তাটির নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে;

(খ) রাস্তাটির আর কি কাজ বাকী আছে; এবং

(গ) কতদিনের মধ্যে রাস্তাটির নির্মাণ কার্য সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

Shri Jagannath Kolay:

(ক) (খ) সাত মাইল দীর্ঘ উক্ত রাস্তাটির প্রারম্ভ হইতে তিন মাইল পর্যন্ত অংশের নির্মাণ-কার্য পুরোপুরিভাবে শেষ হইয়াছে। চতুর্থ মাইলে বড় বেলুন মৌজায় এবং সপ্তম মাইলে নসীগ্রাম মৌজার প্রয়োজনীয় বাস্তুজমির দখল না পাওয়ার জন্য কিছু অংশের নির্মাণকার্য আরম্ভ করা সম্ভব হয় নাই। অবশিষ্টাংশে পুল নির্মাণ সহ মুড়াম মাড়াইয়ের কাজ শেষ হইয়াছে।

(গ) চতুর্থ মাইলে বড় বেলুন মৌজায় এবং সপ্তম মাইলে নসীগ্রাম মৌজায় প্রয়োজনীয় বাস্তু জমির দখল পাইবার ৬ মাসের মধ্যেই উক্ত অংশের কাজ শেষ করা যাইবে বলিয়া আশা করা যায়। অবশিষ্টাংশের পাথর মাড়াইয়ের কাজ আগামী জুন মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Shri Aswini Roy:

এই সাত মাইল রাস্তা এটা দ্বিতীয় পরিকল্পনাতে আরম্ভ হয়েছে অথচ এই সাত মাইলের মধ্যে তিন মাইল মাত্র আপনারা করেছেন এবং বাকি চার মাইলের মেরামতের কাজ হচ্ছে। এখন এই দশ বছরে সাত মাইলের মধ্যে তিন মাইল করেছেন এবং অজুহাত দিচ্ছেন বড় বেলুন মৌজায় বাস্তু জমি অ্যাকোয়ার করা হয় নি—তাহলে এই অ্যাকোয়ারের নোটিসটা কবে দেওয়া হয়েছে এবং কখন সেটা অ্যাকোয়ার করা যেতে পারে?

Shri Jagannath Kolay:

কাজ আরম্ভ হয়েছে, তবে প্রত্যেক প্ল্যানে সব কাজ একসঙ্গে হয় না, প্রত্যেক বছর স্টেজ বাই স্টেজ ওয়ার্ক হয়। এক জায়গায় দুই জায়গায় আমরা আটকে গেছি এবং দুই জায়গায়ই বাস্তু জমি—একটা হচ্ছে ৪০০ ফুটের জন্য, আর একটা হচ্ছে ৪৫০ ফুটের জন্য। সেটা নিয়ে নোটিস দেওয়া হয়েছে, মোকর্দমা হচ্ছে। সেজন্য দেরি হচ্ছে এবং যদি পাওয়া যায় তো পাঁচ-ছয় মাসের মধ্যে আমরা করে দিতে পারব।

Shri Aswini Roy:

কবে নোটিশ দিয়েছেন?

Shri Jagannath Kolay:

সেটা ঠিক বলতে পারি না।

Shri Narayan Choubey:

উভয় ক্ষেত্রেই কি নোটিস দেওয়া হয়েছে এবং কবে নোটিস দেওয়া হয়েছে সেটা বলতে পারেন কি?

Shri Jagannath Kolay:

উভয় ক্ষেত্রেই তাদের নোটিস দেওয়া হয়েছে এবং তারা অ্যাকুইজিশান যদি কনটেস্ট করে আপনারা গিয়ে তাদের বলুন না একবার। ডেটটা আমি ঠিক বলতে পারছি না।

Agricultural and non-agricultural lands vested in Government

***419.** (Admitted question No. *2430.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার ভূমি দখল আইনানুসারে সারা পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট কত কৃষি ও অকৃষি জমি দখল পাইয়াছেন; এবং

(খ) এ পর্যন্ত কত কৃষি ও অকৃষি জমি বিলি করিয়াছেন?

Shri Syamadas Bhattacharyya:

(ক) কৃষি জমি ৩৪৭,০২৫·৪৫ একর এবং অ-কৃষি জমি ২২৪,৪৮০·৬৪ একর।

(খ) কৃষি জমি ১৪৬,৫১৪·৪৭ একর এবং অ-কৃষি জমি ১২,৫৫৮·৮৯ একর।

Shri Ananga Mohan Das:

যে জমিগুলি আপনারা বিলি করেছেন কৃষি এবং অ-কৃষি—এগুলি কি বরাবরের জন্য বিলি করেছেন, না অস্থায়ী বিলি করেছেন?

Shri Syamadas Bhattacharyya:

কৃষি জমি সাধারণত দু বছরের জন্য বিলি করা হয় সেসব জায়গাতে যেখানে ভূমিবণ্টন উপদেষ্টা কমিটি গঠিত হয়েছে। অন্যান্য জায়গায় যেখানে সরকারী কর্মচারীরা বণ্টন করেন সেখানে এক বছরের মেয়াদে বণ্টন করা হয়। অ-কৃষি জমি দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী হিসাবে বণ্টন করা হয়—দীর্ঘমেয়াদী বলতে ৫ বছর থেকে ৩০ বছর বুঝায়, স্বল্পমেয়াদী তার চেয়েও কম। দীর্ঘমেয়াদী হলে সেখানে তার মূল্যের শতকরা চার ভাগ রেন্ট দিতে হয় এবং রেন্টের দশগুণ সেলামি দিতে হয় আর অল্পমেয়াদী হলে প্রচলিত হারে রেন্ট দিতে হয়, কোন সেলামি দিতে হয় না।

[1-40—1-50 p.m.]

শ্রীঅনঙ্গমোহন দাসঃ আপনি বললেন, জমি বিলি করেছেন। কিন্তু এখনও বহু কৃষি জমি বাকি রয়ে গেছে, অকৃষি জমি আরও বেশি, মাত্র ১২ হাজার একর বিলি করা হয়েছে। এইসব জমি কবে বিলি করা হবে বলে আপনি মনে করছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ নানা কারণে বিলি করা হয় নি। একটা কারণ হচ্ছে আমাদের গ্রহণ করার পরেও কোন কোন জায়গায় মামলা-মোকদ্দমা হয়েছে। আর একটা জিনিস হচ্ছে যেসব জমি পাওয়া গেছে সমস্ত জমি এখনও কৃষিযোগ্য নয়, দেখা যাচ্ছে জমিতে হয়ত অনেক রকমভাবে উন্নয়নের ব্যবস্থা করতে হবে, রিক্লামেশন করতে হবে। সেজন্য সেগুলি বন্দোবস্ত দেওয়া যাচ্ছে না। তবে বেশির ভাগ জমিতে আমরা দ্রুত বন্দোবস্ত দেওয়ার জন্য নির্দেশ দিয়েছি ল্যান্ড রিফর্মস অ্যাডভাইসরি কমিটির কাছে এবং কালেক্টরের কাছেও বিশেষ নির্দেশ দেওয়া হয়েছে যে, যেসব জমি আবাদযোগ্য, সেগুলি সম্পূর্ণভাবে যেন বণ্টন করা হয়। কোন কোন জায়গায় দেখা গেছে আগে থেকে জমি দখল করে বসে আছে, সেই জমি তাকে বন্দোবস্ত দেওয়া উচিত নয়, এটা মনে করে তাকে বন্দোবস্ত দেওয়া হয় নি, আইন অনুসারে সেক্ষেত্রে তাকে উচ্ছেদ করার বন্দোবস্ত করা হয়েছে।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ আপনি তো জানেন, পশ্চিমবঙ্গে ভূমিহীন কৃষকের সংখ্যা বেশি। যেখানে আইনগত অসুবিধা আছে সেটা ছেড়ে দিলাম, কিন্তু যেখানে আইনগত অসুবিধা নেই সেখানে তাড়াতাড়ি যাতে বিলি করা হয় তার জন্য সেই কমিটি থেকে ব্যবস্থা অবলম্বন করা হবে কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ নিশ্চয়ই করা হবে।

শ্রীঅবনীকুমার বসুঃ মাননীয় মন্ত্রিমহাশয়ের উত্তরটা ঠিক বুঝতে পারলাম না। উনি জবাবে বলেছেন কৃষি জমি ৩ লক্ষ ৪৭ হাজার কত একর, তার মধ্যে কৃষি জমি বিতরিত হয়েছে ১ লক্ষ ৪৬ হাজার ৫৪০ একর। প্রশ্ন ছিল কত জমি দখল করে নিয়েছেন, উনি বলছেন ৩ লক্ষ ৪৭ হাজার একর জমি দখল করে নিয়েছেন। তারপরে কি ধরনের মামলা হয়েছে যার জন্য উনি জমি বিলি করতে পারছেন না, এটা উত্তর থেকে বুঝতে পারলাম না।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমরা জমি দখল নেওয়ার পরও আদালতে দরখাস্ত করেছে, যথারীতি মামলা-মোকদ্দমা হয়েছে, যার জন্য আমরা দখল নিতে পারি নি, তা নিয়ে কোন কোন জায়গায় আমরা অসুবিধায় পড়েছি। তা ছাড়া যে কথাগুলি বলছিলাম মামলা-মোকদ্দমার পরে যেসব জমি কৃষি জমি বলে সাধারণত বলে থাকি—হয়ত পাঁচ বছরে একটা ফসল হয় তাকেও কৃষি জমি বলি, সেই সব জমি বন্দোবস্ত নেওয়ার লোকের অভাব। এই প্রসঙ্গে বলতে পারি মেদিনীপুর জেলায় প্রায় ১ লক্ষ ২০ হাজার একর জমি গ্রহণ করেছিলাম. পরে দেখা গেল তার মধ্যে অনেক জমি ডাঙ্গা জমি, অত্যন্ত অনুর্বর জমি, কাঁকরে জমি, সেই সব জমি গ্রহণ করবার মত লোক পাওয়া যায় না। সেই সব জমি চেষ্টা করলেও বিলি করতে পারা যাবে না যদি না উপযুক্তভাবে উন্নয়নের ব্যবস্থা করে চাষের উপযোগী করে তুলতে পারি।

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে জমি নেওয়া হচ্ছে ৩ লক্ষ ৪৭ হাজার কত একর এই কৃষি জমির মধ্যে কি পরিমাণ জমি মামলা মোকদ্দমার দরুন আপনারা বিলি করতে পারেন নি? সঙ্গে সঙ্গে আর একটা সাপ্লিমেন্টারি করছি জেলাওয়ারী ব্রেক-আপ কিছু আছে কিনা—কৃষি জমি কত দখল পেয়েছেন, কত ডিস্ট্রিবিউশন করেছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: কত জমি মামলা-মোকদ্দমায় জড়িত আছে তা এখন বলতে পারব না। তবে কোন কোন জেলায় কত কত জমি পাওয়া গেছে তার হিসাব নিশ্চয়ই আনিয়েছি।

শ্রীননী ভট্টাচার্য: আমার আর একটা প্রশ্নের জবাব দিলেন না, সেটা হচ্ছে জেলাওয়ারী ব্রেক আপ কত? সেটা বোধ হয় খুব বেশি জেলায় নেই। প্রধান প্রধান কোন্ জেলায় গ্রহণ করেছেন, ডিস্ট্রিবিউশন কত হয়েছে সেটা যদি জানান তাহলে অবস্থাটা বুঝতে পারা যায়।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: সেটা আমি পরে হিসাব দিতে পারব।

Shri Abani Kumar Basu:

যে জমিগুলি আপনারা দখল নেন নাই, অ-কৃষি জমি প্রায় দু লক্ষ একর হবে এবং কৃষি জমি হবে এক লক্ষ একর, এই জমিগুলি কি বর্তমানে চাষ হচ্ছে এবং অ-কৃষি জমি কি কৃষি-কার্যের জন্য একেবারে অনুপযুক্ত? এই দুটো প্রশ্ন আমি তুলছি।

Shri Syamadas Bhattacharyya:

সমস্ত অ-কৃষি জমি যে কৃষিকার্যের জন্য একেবারে অনুপযুক্ত, তা নয়। আজকের দিনে অনেক অ-কৃষি জমিতেও কৃষিকার্য হতে পারে এবং হচ্ছেও। অ-কৃষি জমি সবগুলি দখল নিই নি: তাই বলে তা অব্যবহৃত হয়ে পড়ে আছে তা নয়। অনেক জায়গায় লোকে জমি জোর করে আগে থেকে চাষ করছে, এমনও উদাহরণ আছে। যাতে আমরা ভূমিবণ্টন কমিটির মাধ্যমে হোক, সরকারী কর্মচারীর মাধ্যমে হোক, বন্দোবস্ত দেওয়া সঙ্গত মনে করি নি, সেখানে বন্দোবস্ত দিই নাই। যেসমস্ত জমি গ্রহণ করেছি, অথচ বিলি করি নি, তারপর নানারকম জমি আছে, কতক জমি মামলা মোকদ্দমার জন্য বন্দোবস্ত দিতে পারি নি। আবার কতক জমি জোর করে দখল নিয়ে কেউ বসে আছে তার জন্য বন্দোবস্ত দিতে পারি নি। আবার কতক জমি কৃষিকার্যে ব্যবহার করা যায় না বলে বন্দোবস্ত দেওয়া হয় নি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, ইউনিয়ন অ্যাডভাইসরি কমিটি মারফত জমি বণ্টন করবার যে নীতি নিয়েছেন, সেই অঞ্চল অ্যাডভাইসরি কমিটির কোন মিটিং হয় নি বলে কিছু পরিমাণ জমিও ডিস্ট্রিবিউটেড বা বণ্টন করা হয় নি?

Shri Syamadas Bhattahcaryya:

আমরা ল্যান্ড রিফর্ম সার্কেল অ্যাডভাইসরি কমিটি একটি করে থাকি সেখানে, যেখানে বেশি পরিমাণ জমি পাওয়া গেছে। কোন কোন জায়গায়, সব জায়গায় নয়, অনেক জায়গায় উৎসাহ সহকারে সদস্যরা জমি বণ্টনের কাজ সম্পন্ন করেছেন. আবার কোন জায়গায় করেন নাই, যেখানে তাঁরা আসেন নি সেখানে সরকারী কর্মচারীরা নিজেরা করেছেন। ওখানে বিলি-বন্দোবস্ত এক বছরের জন্য করে থাকেন এবং কতখানি জমি এক বছরের জন্য বণ্টন করা হয়েছে বলতে পারি না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেসব জমি সরকার দখল নিয়েছেন ৫(ক) ধারার মামলার পরে বা হাইকোর্টে মামলা হয়ে যাবার পরে, সেইসব জমি দখল নেবার পরেও মামলা হচ্ছে আমাদের এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএর কোন্ ধারা অনুযায়ী?

Shri Syamadas Bhattacharyya:

নানা কারণে মামলা হচ্ছে, তার বর্ণনা করা কঠিন। মামলার বিচার্য বিষয় জটিল শুধু নয়, অনেকের কৌতুক উদ্রেকও করতে পারে মাননীয় সদস্যগণ যদি দেখেন। অত্যন্ত দুঃখের বিষয় যে জমিগুলি পাওয়া গেছে এবং যে জমি পাওয়ার কথা, সে জমিগুলি যাতে ফাঁকি দিয়ে নিতে পারে, তার জন্য মামলা-মোকদ্দমার অভাব হচ্ছে না, যাকে বলা যেতে পারে যোগসাজসের মামলা। যাকে প্রমাণ করা কঠিন হতে পারে। কিন্তু আমাদের সন্দেহ করবার কারণ আছে যে, সেইসব মামলা অত্যন্ত অভিসন্ধিপরায়ণ লোকের দ্বারা হচ্ছে নিম্ন আদালতে, উচ্চ আদালতে। অনেক জায়গায় জমি নেবার পরেও সেই কারণে বন্দোবস্ত দিতে পারি নি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সেইসব জমি হাইকোর্টের মামলার অধীন ছিল, সেই জমি, সেই জোতদার দখল করেছিল এবং মামলার পরে সরকার দখল পেয়েছেন. যতদিন সেই জোতদার জমি দখল করেছিল, তার কাছ থেকে তার জন্য ক্ষতিপূরণ আদায় করবার কোন ব্যবস্থা আছে সরকারের?

Shri Syamadas Bhattacharyya:

আমি ঠিক আইনঘটিত কথা বলতে পারছি না। তবে নিশ্চয়ই তার জন্য ক্ষতিপূরণ আদায় করা উচিত বলে আমি মনে করি।

Shri Balai Lal Das Mahapatra:

এই যে ১ লক্ষ ৪৬ হাজার ৫৪০ একর জমি বিতরণ করা হয়েছে বললেন—তার মধ্যে দীর্ঘমেয়াদী কত এবং স্বল্পমেয়াদী কত জমি এবং ভূমিহীন চাষীকেই বা কত জমি দেওয়া হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

একসঙ্গে আপনি অনেকগুলি প্রশ্ন করলেন। দীর্ঘমেয়াদী এর মধ্যে নাই। কৃষি জমি যা দেওয়া হয়েছে তা দু-এক বছরের জন্য আর স্বল্পমেয়াদী ও ভূমিহীন চাষীর সংখ্যা কত তা বলতে পারব না। তবে আমাদের নির্দেশ হচ্ছে কোন কৃষকই জমি পাবেন না—তার যে জমি ছিল ভাগচাষের জমি সহ, সেই জমির সঙ্গে আমাদের দেওয়া জমি যোগ করে, পাঁচ একরের বেশি যদি হয়।

[1-50—2 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ভূমি বণ্টনের ব্যাপারে এই জমিগুলি গভর্নমেন্ট যা পেয়েছেন সেগুলিকে ইনডিভিজুয়াল না দিয়ে কো-অপারেটিভ ফার্মিংকে একটা সিস্টেম হিসেবে দাঁড় করিয়ে তার মাধ্যমে আনঅর্গানাইজড ল্যান্ডলেস লেবারকে অর্গানাইজ করে তারপর দিলে কি ভাল হত না এবং সরকার এটা চিন্তা করছেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: নিশ্চয়ই ভাল হত। ভূমি সংস্কার আইনে একটা ধারা আছে, যদি কো-অপারেটিভ ফার্মিং সোসাইটি গঠন করা হয় তাহলে তাদের বিশেষ সুযোগ-সুবিধা এবং উৎসাহ দেওয়া হবে। আমাদেরও বলা আছে, যেসমস্ত কৃষক জমি পাবেন তাঁরা যদি কো-অপারেটিভ ফার্মিং সোসাইটি গঠন করেন তাহলে তাঁদের জমি এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া হবে। তবে অনেক সময় কো-অপারেটিভ সোসাইটিকে দিলে ভাল হয় না, কারণ কো-অপারেটিভ সোসাইটি এমন লোকের দ্বারা গঠিত যার মধ্যে সকলে কৃষক নয়, তাদের মধ্যে কেউ মধ্যবিত্ত এবং কেউ উচ্চবিত্ত। কাজেই প্রথমে তাদের দিলে নিষ্পেষণের যন্ত্র হয়ে পড়তে পারে।

Payment of compensation to the Bhagcasis of the Haldia Port areas

***420.** (Admitted question No. *2484.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া বন্দর এলাকার রেকর্ডভুক্ত ভাগচাষীগণকে ক্ষতিপূরণ বাবদ মোট কত টাকা এ পর্যন্ত প্রদান করা হইয়াছে;

(খ) ইহা কি সত্য ঐ রেকর্ডভুক্ত ভাগচাষীগণকে ক্ষতিপূরণের টাকা না দিয়া উচ্ছেদ করিবার নোটিশ জারী করা হইয়াছে;

(গ) (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, কোন্ কোন্ মৌজার কতজন ভাগচাষীর উপর ঐরূপ নোটিশ জারী করা হইয়াছে; এবং

(ঘ) উচ্ছেদের পূর্বে ক্ষতিপূরণ টাকা দেওয়া হইবে কি না?

Shri Syamadas Bhattacharyya:

(ক) মোট ৩,৭৭,৫৫৬ টাকা।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) হ্যাঁ।

শ্রীসুধীরচন্দ্র দাস: মন্ত্রিমহাশয় জানাবেন কি, ভাগচাষীকে সমূহ ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা, না বাকি আছে এবং বাকি থাকলে কত টাকা বাকি আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: সেটা এখন বলতে পারি না। তবে মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে চাই যে, মাননীয় সদস্যরা এখানে যে আইন পাশ করেছেন তাতে ভাগচাষীদের ক্ষতিপূরণ দেওয়া সম্ভব হচ্ছে এবং সেটা দেবার পর আমরা উচ্ছেদ করছি। অর্থাৎ উচ্ছেদের আগেই যাতে ক্ষতিপূরণ পান সেই নির্দেশ দেওয়া হয়েছে।

শ্রীসুধীরচন্দ্র দাস: মন্ত্রিমহাশয় এরকম একটা মনোভাব প্রকাশ করলেন যে, সেখানকার লোকের যেন কোন অভিযোগ নেই এবং ক্ষতিপূরণ দিচ্ছেন উচ্ছেদের পূর্বে। কিন্তু আপনি কি জানেন যে, মুরারিচক, সন্ধ্যাচক, তারামণিচক, গোকুলমণিচক প্রভৃতি গ্রামের ২০০ ভাগ-চাষীকে উচ্ছেদ করবার জন্য নোটিশ দেওয়া হয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: ভাগচাষী উচ্ছেদ করবার কথা নয়। যদি ভাগচাষী কেউ থাকেন তাহলে তিনি ক্ষতিপূরণ পান। নোটিস দেওয়া হয় মালিকের উপর এবং ভাগচাষী আছে কিনা সেটা তাঁকে প্রমাণ করতে হবে। বাংলাদেশের সব জায়গায় ভাগচাষী রেকর্ড হয় নি বা তাঁদের অধিকার দেওয়া হয় নি। সেক্ষেত্রে তাঁরা যাতে ক্ষতিপূরণ পান তার ব্যবস্থা আছে। তবে মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি এই ধারা বা নির্দেশের সুযোগ নিয়ে এরকম অনেক ঘটনা ঘটেছে, যে ভাগচাষী নন তিনি মালিকের সঙ্গে যোগসাজস করে কিংবা মালিক ভাগচাষীর সঙ্গে যোগসাজস করে সরকারের কাছ থেকে ভাগচাষীর নাম লিখিয়ে টাকা আদায় করবার চেষ্টা করেছে। আবার এরকম অভিযোগ আছে যে, আমি ভাগচাষী ছিলাম কিন্তু আমাকে টাকা দেওয়া হচ্ছে না। কিন্তু স্থানীয় জে এল আর ও, বি ডি ও এবং জনপ্রতিনিধির কাছে অনুসন্ধান করে দেখা গেছে এই সমস্ত অভিযোগ অধিকাংশ ক্ষেত্রে কাল্পনিক।

শ্রীননী ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় বললেন, ভাগচাষীকে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে। আমার প্রশ্ন হচ্ছে, তার বেসিসটা কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আপনারা এখানে যে আইন পাশ করেছেন সেটা ভুলে গেলে চলবে কেন?

শ্রীননী ভট্টাচার্য: জলপাইগুড়িতে মিলিটারি পারপাসএ যেসমস্ত জমি অ্যাকোয়ার করা হয়েছিল সেখানে জোতদারের অধীনে যেসমস্ত ভাগচাষী ছিল তারা ক্ষতিপূরণ পায় নি, বাড়িঘর তুলে নেবার জন্য কিছু টাকা পেয়েছে। আমার প্রশ্ন হচ্ছে হলদিয়ার ব্যাপারে জোত-দাররা এবং আধিয়াররা কি করে ক্ষতিপূরণ পাচ্ছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: হলদিয়ার আধিয়াররা ৩ লক্ষ ৭৮ হাজার টাকা পেয়েছে এবং তাদের আরও কয়েক লক্ষ টাকা ক্ষতিপূরণ হিসেবে দেওয়া হবে। তাদের জমি ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টএ নেওয়া হয়েছে। আমরা এখানে একটা অ্যামেন্ডমেন্ট করেছিলাম এবং তাতে বলা আছে থ্রি টাইমস্ দি নেট অ্যানুয়াল ইনকাম ক্ষতিপূরণ হিসেবে পাবে। অর্থাৎ নেট অ্যানুয়াল ইনকাম ধার্য করে ফিফটিন পারসেন্ট অব গ্রস প্রডিউস ধরে তার থ্রি টাইমস্ দেওয়া হবে কম্পেনসেশন এবং সেটা সর্বপ্রকার ভাগচাষীর ক্ষেত্রে, হোয়েদার রেকর্ডেড অর আনরেকর্ডেড।

শ্রীমহতাবচাঁদ দাস: ভুয়া ভাগচাষী সেজে অনেক লোক টাকা নেবার চেষ্টা করছেন এটা জানেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য যেটা বলেছেন সেটা জানি সেজন্য মাননীয় সদস্যদের কাছে সবিস্তারে বলেছি।

শ্রীমহাদেবানন্দ দাস: দু-তিন বিঘা জমির মালিক সেজে ভাগচাষী সেজে টাকা নেবার চেষ্টা করছে কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: একথা সত্য।

Appointment of surveyors in Purulia district

***421.** (Admitted question No. *2528.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় আমিনের (সারভেয়ার) কাজ কিছু যোগ্যতা সম্পন্ন বিভাগীয় পিয়নকে সার্ভে ট্রেনিং দিয়া নিযুক্ত করা হইয়াছে ইহা কি সত্য; এবং

(খ) সত্য হইলে, উক্ত ট্রেনিং প্রাপ্তদের কয়জনকে আমীনের কাজে নিযুক্ত করা হইয়াছে এবং কতজনকে এখনও উক্ত পদে নিযুক্ত করা হয়নি এবং নিয়োগ না করার কারণ কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীসনৎকুমার রাহা: আমার কাছে চিঠি আছে, গভর্নমেন্টের অর্ডার আছে, অর্ডার নম্বর ১২।১০২২৬।জি।কন।৬৩, ডেটেড পুরুলিয়া—এই অর্ডার আমি আপনার কাছে পড়ে দিচ্ছি। By virtue of the authority vested in me under Rule 181(2) of Survey and Settlement Manual, the following peons, attached to the Circles noted against each, are hereby appointed to act as Badar-Amins in the scale of pay of Rs. 100—3—136—4—140 with effect from 1st March 1964. They will join their new posts in the Circles to which they are now attached.

তারপর ১০ জন পিওনের নাম আছে যাদের আমীনের পদে উন্নীত করা হল, বাকি কয়জনকে করা হয় নি কেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য সম্ভবত প্রশ্নটা ভুলে গেছেন, পুরুলিয়া জেলার আমীনের সম্বন্ধে প্রশ্ন ছিল—(খ) প্রশ্ন বলছেন, সত্য হইলে উক্ত ট্রেনিংপ্রাপ্তদের কয়জনকে আমীনের কাজে নিযুক্ত করা হইয়াছে, মাননীয় সদস্য যে সার্কুলার পড়লেন নিশ্চয়ই তিনি তার অর্থ বুঝেছেন, তার মধ্যে এমন কিছু বলা হয় নি যে, তাদের সার্ভে ট্রেনিং দেওয়া হবে, বলা হয়েছে পিওনের কাজ করত, এখন তাদের আমীনের কাজে নিযুক্ত করা হল, তিনি জিজ্ঞাসা করেছেন সার্ভে ট্রেনিং দেওয়া হয়েছে কিনা সরকারী খরচে, আমি বলেছি না।

শ্রীনারায়ণ চৌবে: তাহলে ট্রেনিং দেওয়া হয় নি, কিন্তু নিযুক্ত করা হয়েছে, এটা তো সত্য?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: সদস্য মহাশয় যে বিজ্ঞপ্তি পেয়েছেন, তাতে এই এই পিওনকে এই কাজে নিযুক্ত করা হয়। মাননীয় সদস্যের প্রশ্ন ছিল সরকারী খরচে ট্রেনিং দেওয়া হয়েছিল কিনা, সরকারী খরচে ট্রেনিং দেওয়া হয় নি। এরা ট্রেনিংপ্রাপ্ত, সরকারী কাজ করতে করতে ট্রেনিং পেয়েছে যারা এই শিক্ষালাভ করেছে তাদের মধ্যে ম্যাট্রিক পাশও একজন আছে, কয়েকজন সপ্তম, অষ্টম শ্রেণী পর্যন্ত পড়েছে, আমীন হিসাবে কাজ করবার যোগ্যতা অর্জন করেছে। প্রশ্ন ছিল ট্রেনিং আমাদের খরচে দিয়েছি কি, দিই নাই। আমি বলেছি, সরকারী খরচে ট্রেনিং দেওয়া হয় নি।

শ্রীসনৎকুমার রাহা: নিজের খরচে সরকারী খরচে প্রশ্ন নয়, পিওনদের কাজ করার সময় এমন কোন পিরিয়ড দেওয়া হয়েছে কিনা যে, এই পিরিয়ড আন্ডারগো করলে পর তারা আমীনের কাজে নিযুক্ত হবে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: কিছু ছিল না। এরা নিজেরা যখন কাজ করত পিওন হিসাবে তাদের মধ্যে উৎসাহী লোক আছে যারা লেখাপড়া শিখেছে, আমীনের কাজ শিখেছে, এই সম্বন্ধে ব্যুৎপত্তি বা পারদর্শিতা লাভ করেছে, তাদের মধ্যে কয়েকজনকে নিযুক্ত করা গেছে, এখন প্রশ্ন হল সার্ভে ট্রেনিং দিয়ে নিযুক্ত করা হয়েছে কিনা, উত্তরে বলেছি—না।

শ্রীনারায়ণ চৌবে: একথা ঠিক, এরকম কিছু লোক আছে, যাদের নিযুক্ত করেছেন, কিন্তু যারা নিজেরা ট্রেনিং নিয়েছে নিজেদের খরচায় অথচ নিযুক্ত হয় নি, এইরকম যোগ্যতাসম্পন্ন লোক কি আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: ১০ জনকে নিযুক্ত করেছি, যা প্রয়োজন তা নিয়েছি, প্রয়োজন হলে এর মধ্য থেকে পরে নেব, বাইরে থেকে না নিয়ে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আপনি জবাবে বললেন এই সমস্ত লোক পুরুলিয়া জেলার তারা কিছু ট্রেনিং পেয়েছিলেন। এটা কি সরকারী নীতি যে, এইরকম ধরনের কোয়ালিফায়েড ক্যাটাগরি ফোর লোক যারা আপনার ডিপার্টমেন্ট-এ আছে তারা এইরকম ধরনের প্রোমোশন বা সার্ভিস-এর সুযোগ পাবে বলে সরকার মনে করছেন এবং সেটা কি আমরা ধরতে পারি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: যোগ্যতা অর্জন করলে বিদ্যা বৃদ্ধি করলে নিশ্চয় তাদের স্বীকৃতি দেওয়া হবে।

শ্রীসনৎকুমার রাহা: এদের সার্টিফিকেট আছে এবং এদের আমিনের পদে উন্নত করা যায়, কিন্তু আজ পর্যন্ত এদের উন্নত না করে বাহিরে থেকে নেওয়া হয়েছে এ বিষয়ে কি সংবাদ নেবেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: দেখব।

Mr. Speaker: Question hour is over.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Bridge over the Haldi river

***422.** (Admitted question No. *2533.)

শ্রীঅনঙ্গমোহন দাশ: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেছেদা, দীঘা রাস্তার নরঘাটের নিকট হলদী নদীর উপর পুল নির্মাণের জন্য কত টাকা এস্টিমেট হইয়াছে;

(খ) উক্ত কার্য কবে আরম্ভ হইয়াছে এবং কবে শেষ হইবে; এবং

(গ) উহা কি প্রকারের পুল হইবে এবং উহার কার্যভার কাহার উপর ন্যস্ত আছে?

The Minister for Public Works including Roads:

(ক) এই প্রকল্পটির এস্টিমেট প্রস্তুতের কাজ এখনও সম্পূর্ণ হয় নাই। কাজেই টাকার অঙ্ক এখন বলা সম্ভব নয়।

(খ) বিভাগীয় পরিকল্পনা অনুসারে এস্টিমেট তৈরীর কাজ চলিতেছে, তবে সেতুটির আসল নির্মাণকার্য এখনও আরম্ভ হয় নাই। আগামী শীতকালে এ কাজ আরম্ভ করার চেষ্টা চলিতেছে এবং কাজ আরম্ভ হওয়ার ৩ বৎসরের মধ্যে কাজটি শেষ করিতে পারা যাইবে বলিয়া আশা করা যায়।

(গ) পুলটি চারিটি স্তম্ভ (পিলার) সম্বলিত কংক্রীটের সেতু হবে। এই কার্যের জন্য এখনও কোন ঠিকাদার নিযুক্ত করা হয় নাই।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Road accidents on the National Highway in Murshidabad

927. (Admitted question No. 1681.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার জাতীয় সড়কে গত ১৯৬০ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ বৎসরে কয়টি পথ দুর্ঘটনা হইয়াছে?

The Minister for Home (Police):

বৎসর ও দুর্ঘটনার সংখ্যা

১৯৬০—২৬

১৯৬১—৪২

১৯৬২—৫১

১৯৬৩—৬০

১৯৬৪—৪২

১৯৬৫—৮

(২৮এ ফেব্রুয়ারি ১৯৬৫ পর্যন্ত)

Ghatal Rabindra Satabarshiki Mahavidyalaya

928. (Admitted question No. 1702.)

শ্রীনগেন দলুই: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমার ঘাটাল রবীন্দ্র শতবার্ষিকী মহাবিদ্যালয়টির ছাত্রাবাস নির্মাণের জন্য সরকার কোন অর্থ বরাদ্দ করিয়াছেন কিনা; এবং

(খ) উক্ত মহাবিদ্যালয়ের জন্য সরকার অদ্যাবধি কত টাকা অর্থসাহায্য করিয়াছেন?

The Minister for Education:

(ক) না, ছাত্রাবাস নির্মাণের জন্য কোন আবেদন পাওয়া যায় নাই।

(খ) কর্মচারীদের মহার্ঘ ভাতা হিসাবে ১৯৬৩-৬৪ সালে ৩,৫৬৯·৭৩ টাকা এবং ১৯৬৪-৬৫ সালে প্রথম ছয় মাসের জন্য ঐ বাবত ১,৯৯৫ টাকা মঞ্জুর করা হইয়াছে।

Arrival of Refugees in West Bengal

929. (Admitted question No. 1958.)

শ্রীনিখিল দাস: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৩ সালের ডিসেম্বর মাস হইতে বর্তমান সময় পর্যন্ত কতজন উদ্বাস্তু পূর্ব বাংলা হইতে পশ্চিম বাংলায় আসিয়াছেন;

(২) তাঁহাদের মধ্যে কতজনের পুনর্বাসনের ব্যবস্থা হইয়াছে; এবং

(৩) তাঁহাদের মধ্যে কতজন নাগরিক অধিকার পাইয়াছেন?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(১) ২৬এ ফেব্রুয়ারি, ১৯৬৫ পর্যন্ত ৭,২৪,৯৫৬ জন।

(২) ইঁহাদের মধ্যে পশ্চিম বাংলার বাহিরে পুনর্বাসন গ্রহণেচ্ছু ২,০৮,৯১৭ জনকে পুনর্বাসনের জন্য দণ্ডকারণ্যে প্রেরণ করা হইয়াছে। তাঁহাদের পুনর্বাসন সংক্রান্ত সকল ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করিবেন। আর যাঁহারা পশ্চিমবঙ্গে রহিয়া গিয়াছেন তাঁহাদিগকে এই রাজ্যে পুনর্বাসনের জন্য কোন সাহায্য দেওয়া হইবে না বলিয়া কেন্দ্রীয় সরকার পূর্বেই ঘোষণা করিয়াছেন। তবে তাঁহাদের মধ্যে যাঁহারা অত্যন্ত দুঃস্থ অথবা প্রায় অনশন অবস্থার সম্মুখীন হইয়াছিলেন তাঁহাদিগকে ১১ই জুন ১৯৬৪ তারিখ পর্যন্ত প্রাপ্ত-বয়স্ক শরণার্থীকে প্রতি মাসে ১৮ টাকা এবং অপ্রাপ্তবয়স্ককে প্রতি মাসে ৯ টাকা প্রয়োজনমত তিন মাস পর্যন্ত অর্থসাহায্য দেওয়া হইয়াছে। উক্ত তারিখের পর হইতে এইরূপ ক্ষেত্রে পশ্চিম-বঙ্গের সাধারণ দুর্গত নাগরিকগণের সহিত সমহারে (প্রাপ্তবয়স্ক প্রতি মাসে ৪ টাকা এবং অপ্রাপ্তবয়স্ক প্রতি মাসে ২ টাকা) খয়রাতি সাহায্য দেওয়া হইতেছে। ইহা ব্যতীত তাঁহাদিগকে এই রাজ্যে আগমনের অব্যবহিত পরে খাদ্য, পরিধেয় বস্ত্র, কম্বল, মাদুর প্রভৃতি সাধারণভাবে দেওয়া হইয়াছে।

(৩) ইহার হিসাব এই বিভাগে রাখা হয় না। কলিকাতা এলাকায় ৫,৯০১ জন আবেদন-কারীর মধ্যে ৪,১২৬ জনকে নাগরিক অধিকার দেওয়া হইয়াছে বলিয়া এই বিভাগ সংবাদ পাইয়াছেন।

Prisoners sentenced to life imprisonment

930. (Admitted question No. 2085.)

শ্রীসুবোধ চৌধুরী: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেল আইন অনুযায়ী জেল মকুব (রেমিশন্) সহ ২০ বৎসর অতিবাহিত হওয়া সত্ত্বেও যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত কোন ব্যক্তিকে জেলে আটক রাখা হয় কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কেন রাখা হয় এবং এরূপ ব্যক্তিদের বর্তমান সংখ্যা কত; এবং

(গ) জেল মকুব সহ ২০ বৎসর জেল খাটার পর যাহাদের মুক্তি দেওয়া হয় না তাহার কারণ বা কারণগুলি সংশ্লিষ্ট কয়েদীদের ও তাহার নিকট আত্মীয় ও অভিভাবককে জানাইবার কোন ব্যবস্থা সরকারের আছে কি?

The Minister for Home (Jails):

(ক) ও (খ) যাবজ্জীবন কারাদণ্ড বলিতে ইহাই বুঝায়, যে বন্দী দণ্ডকাল হইতে জীবনের অবশিষ্ট কাল পর্যন্ত দণ্ডভোগ করিবে। এইরূপ দণ্ডে দণ্ডিত কয়েদীরা মকুব সহ ২০ বৎসর অতিবাহিত হইলেই যে মুক্তি পাইবে এমন কোন আইন নাই এবং বন্দীর ২০ বৎসর কাল কারা যাপনের পর মুক্তি পাইবার কোন আইনত অধিকার নাই। তবে মকুব সহ ২০ বৎসর অতিবাহিত হইলে উক্ত শ্রেণীর প্রত্যেক কয়েদীর সম্পর্কে পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করিয়া দেখা হয় এবং সমস্ত অবস্থায় পর্যালোচনা করিয়া সম্ভাব্য ক্ষেত্রে তাহাদের অবশিষ্ট দণ্ডকাল মকুব করিয়া মুক্তি দেওয়া হয়।

ইং ১০ই মার্চ ১৯৬৫ তারিখে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত যেসমস্ত কয়েদী মকুব সহ ২০ বৎসর অথবা তাহার অধিককাল কারাগারে আবদ্ধ ছিল তাহাদের মোট সংখ্যা ১০।

(গ) না, এইরূপ কোন ব্যবস্থা নাই।

Upgrading of Primary Schools into Junior Basic Schools in Midnapore district

931. (Admitted question No. 305.)

শ্রীঅনংগমোহন দাস: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬০, ১৯৬১, ১৯৬২ এবং ১৯৬৩ সালে মেদিনীপুর জেলা স্কুল বোর্ড কতগুলি প্রাথমিক বিদ্যালয়কে নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ে উন্নীত করিবার জন্য প্রস্তাব পাঠাইয়াছিলেন;

(খ) উহাদের নাম ও থানা কি;

(গ) তন্মধ্যে ঐ চার বৎসরে কোন্ কোন্‌টিকে মঞ্জুরি দেওয়া হইয়াছে;

(ঘ) ঐগুলির কোন্ কোন্‌টির গৃহনির্মাণ শেষ হইয়াছে এবং বাকিগুলির গৃহনির্মাণের অবস্থা কি; এবং

(ঙ) গৃহনির্মাণ শেষ না হইলেও ঐগুলিতে নিম্ন বুনিয়াদি পাঠক্রম অনুসরণ করা হইতেছে কি; এবং যদি না হয়, তবে তাহার কারণ কি?

The Minister for Education:

(ক)

১৯৬০-৬১ সালে—৩১টি

১৯৬১-৬২ সালে—কোন প্রস্তাব আসে নাই।

১৯৬২-৬৩ সালে—৪১টি

১৯৬৩-৬৪ সালে—২৭টি

(খ) উহাদের নাম ও থানা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হইল।

(গ) যে সমুদয় বিদ্যালয় মঞ্জুর করা হইয়াছে তাহাদের নাম পরিশিষ্ট 'খ'-তে দেওয়া হইল।

(ঘ) বিস্তারিত তথ্য পরিশিষ্ট 'গ'-তে দেওয়া হইল।

(ঙ) হ্যাঁ।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 931

পরিশিষ্ট 'ক'

Proposals for conversion of Primary Schools into Junior Basic Schools arranged in order of priority submitted by the D.S.B., Midnapore

I—Proposals submitted during 1960-61

Part Basic School to be converted into Full Basic School

Purba-Bakulda Part Basic, police-station Panskura.

Primary Schools to be converted into Junior Basic Schools

Name of school and police-station.

1. Gaita Primary—Narayangarh
2. Bonai Primary—Sabong
3. Dubda Deshapran Primary—Egra
4. Sitasole Spl. Primary—Chandrakona
5. Sibarampore Primary—Nandigram
6. Swariberia (Boys)—Sutahata

Name of school and police-station

7. Laudaha—Sankrail
8. Tantigeria State Plan—Kotwali
9. Balageria—Contai
10. Dhanyaghar—Mahisadal
11. Nayaput—Contai
12. Bhadrakali—Narayangarh
13. Ranbania—Keshiary
14. Chak Kamina—Tamlook
15. Jardai—Panskura
16. Kore Kara Kandbani—Binpore
17. Kunjapore Sadhana—Pingla
18. Ualjhara—Narayangarh
19. Uttar Sukunia Spl.—Contai
20. Penua—Sabong
21. Sankarapore Surendra—Sutahata
22. Nabin Mahespore—Daspore
23. Dua—Debra
24. Dakshindiha—Keshiary
25. Dantunia—Mohanpore
26. Rukhnimara—Nayagram
27. Teghari—Ramnagar
28. Darbermela—Keshiary
29. Aharmunda Spl.—Narayangarh
30. Jotenarayan—Debra
31. Sahara No. II—Egra
32. Amratala No. II—Nandigram
33. Kechanda—Jhargram
34. Sargeria—Narayangarh
35. Binandapore—Keshiary
36. Bardai State Plan—Narayangarh
37. Neemdanga—Garbeta
38. Bandhgora—Jhargram
39. Borai—Pingla

II—Proposals submitted during 1962-63

Name and police-station

1. Mahespore—Dantan
2. Dantunda—Mohanpore
3. Takapura No. 1—Nandigram
4. Chaknarayanbati—Debra
5. Bar Dhanyaghata—Sutahata
6. Barkachun—Debra

Name and police-station

7. Jagannathpore—Egra
8. Gobindapore Pachimapali—Sutahata
9. Koreakara Kandhani—Binpore
10. Rukhaimara—Nayagram
11. Camartalia—Contai
12. Bhuspada—Contai
13. Randania—Keshiary
14. Golahat—Garbeta
15. Dobaria—Mohanpore
16. Maitati Bhuiara—Daspore
17. Snarpura—Binpore
18. Deuli—Narayangarh
19. Kechanda—Jhargram
20. Beucha—Debra
21. Bandhgora—Narayangarh
22. Aharmunda Spl.—Keshiary
23. Binandapore—Narayangarh
24. Sargeria—Barbeta
25. Neemdanga—Debra
26. Palasi—Daspore
27. Nabin Mahespore—Panskura
28. Jardai—Keshiary
29. Darbermela—Egra
30. Sahara No. II—Egra
31. Amratala No. II—Nandigram
32. Bardai State Plan—Narayangarh
33. Borai—Pingla
34. Naljhara—Narayangarh
35. Laudaha—Sankrail.

Proposals for conversion of Primary Schools in Tribal area into Junior Basic Schools during the year 1962-63

1. Dhoomshai—Nauagram
2. Chirakuti—Sankrail
3. Keundisole Special—Jhargram
4. Salua—Kharagpore
5. Durgapore State Plan—Sankrail
6. Daharpore Sarbapalli—Narayangarh.

III—Proposals submitted during 1963-64

Serial No.	Sl. in last year's proposal	name of school and police-station
1.	4	Chakghanashyambati—Debra
2.	6	Barkachua—Debra
3.	9	Korkora Kendboni—Binpur
4.	10	Rukhnimara—Nayagram
5.	13	Ranbania—Keshiary
6.	14	Golaghat—Garbeta
7.	15	Dobaria—Mohanpore
8.	17	Snarpura—Binpur
9.	20	Beuncha—Debra
10.	21	Bandogra—Jhargram
11.	22	Aharmunda—Narayangarh
12.	24	Sargeria—Narayangarh
13.	25	Nimdanga—Garbeta
14.	26	Palashi—Debra
15.	28	Jardai—Panskura
16.	29	Darbarmela—Keshiary
17.	30	Sahara No. II—Egra
18.	31	Amratola No. II—Nandigram
19.	32	Bardai S.P.—Narayangarh
20.	33	Barui—Pingla
21.	34	Naljhara—Narayangarh
22.	35	Laudaha—Sankrail.

Under Tribal Area

23.		Dhumsai—Nayagram
24.		Chirakuti—Sankrail
25.		Keundisol—Jhargram
26.		Salua—Kharagpore
27.		Durgapore S.P.—Sankrail.

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 931

পরিশিষ্ট 'খ'

Junior Basic Schools sanctioned under D.S.B., Midnapore

I—Schools sanctioned during 1961-62

Name of the school with address

1. Sitasole F. P. School, P.O. Tatarpore.
2. Dakshin Diha F. P. School, P.O. Kanpore.
3. Perua Primary School, P.O. Tilantapara.

4. Bhadrakali Primary School, P.O. Bhadrakali.
5. Tantigeria F. P. School, P.O. Midnapore.
6. Dubda Deshpran Primary School, P.O. Dubda.
7. Uttarsukunia Primary School, P.O. Nachinda Bazar.
8. Teghori Primary School, P.O. Kalindi.
9. Sankarpur Surendra Primary School, P.O. Barda.
10. Chakkamina F. P. School, P.O. Tamluk.
11. Balagaria F. P. School, P.O. Balageria.
12. Dwariberia Boys' F. P. School, P.O. Lakshya.

Upgrading of Post-Basic into Basic School (Full)

1. Purba Bakulda J.B.S.

II—Schools sanctioned during 1962-63

Serial No. in the statements, serial No., name of primary school to be converted into Junior Basic with address.

3.	1.	Takapura Pry. No. 1, P.O. Takapura.
7.	2.	Jagannathpur Pry., P.O. Paniparul.
11.	3.	Gamartolia Pry., P.O. Daudpur.
12.	4.	Bhuniapada Pry., P.O. Contai.
18.	5.	Deuli Pry., P.O. Belda.
19.	6.	Kechanda Pry., P.O. Jhargram.
41.	7.	Daharpur Sabarpalli S.P., P.O. Fulgeria.
23.	8.	Binandapur Pry., P.O. Kultikri, P.S. Keshiary.
1.	9.	Mohespore Pry., P.O. Jamirapalgarh.
2.	10.	Dantunia Pry., P.O. Begunia.
3.	11.	Gobindapur Paschimpalli, P.O. Barada.

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 931

পরিশিষ্ট 'গ'

Statement showing the progress of work of 23 school buildings of the schools sanctioned during 1961-62 and 1962-63

Year and progress of work done

1961-62

1. Sitasole, P.O. Tarrarpore—Construction has not yet been taken up as the contractor is not available.
2. Dakhin Diha, P.O. Kanpore—The construction of the school building is almost complete but the construction of the teachers' quarters has not yet been taken up.
3. Perua, P.O. Tilantapara—Tender has been accepted but the work has not started as yet.
4. Bhadrakali, P.O. Bhadrakali—As there is a dispute as to the site of the building, work has not been taken up.
5. Tantigeria, P.O. Mudpore—Tender has been accepted but the work has not yet been taken up for want of cement.

Year and progress of work done

1961-62

6. Dubda Deshapran, P.O. Dubda—Tender has been accepted but the work has not yet been taken up for want of cement.
7. Uttar Sukunia, P.O. Nachinda-Bazar—Completed.
8. Teghari, P.O. Kalindi—Revised plan is under consideration of the D.P.I.
9. Sankarpore Pry., P.O. Barada—Disputed land, hence work has not been taken up.
10. Chak-Kamina, P.O. Tamluk—Construction of school building is almost complete but the teachers' quarters has not been taken up as yet.
11. Balageria Pry., P.O. Balageria—Construction of school building is almost complete but the teachers' quarters has not been taken up as yet.
12. Dwariberia, P.O. Lakshya—Construction of school building is almost complete but the teachers' quarters has not been taken up as yet.

1962-63

1. Takapura No. 1, P.O. Takapura—Construction not taken up as the contractor is not available.
2. Jagannathpore, P.O. Paniparul—Disputed land, hence work not taken up.
3. Gamartalia, P.O. Daudpore—Construction up to lint level and no further work taken up for want of cement.
4. Bhuiapara Pry., P.O. Contai—Construction almost completed.
5. Deuli Pry., P.O. Belda—Land and local contribution not received.
6. Kechanda Pry., P.O. Jhargram—Work not taken up owing to dispute regarding local contribution.
7. Daharpore Pry., P.O. Fulgeria—Tender under acceptance and the work is expected to be taken up soon.
8. Binandapore Pry., P.O. Kultikri—Construction has not yet been taken up as local contribution has not yet been received in full.
9. Maheshpore Pry., P.O. Jamirpalgarh—Tender has been accepted and the work will be taken up as soon as cement is available.
10. Dantunia, P.O. Begnia—Tender has been accepted and the work will be taken up as soon as cement is available.
11. Govindapore Paschimpalli, P.O. Barda—Required land has not been yet received, and the work has not been taken up.

Bakery in Midnapore district

932. (Admitted question No. 2101.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মহকুমাওয়ারী কতগুলি রুটিবিস্কুট প্রস্তুতের কারখানা আছে;

(খ) ঐসকল কারখানার জন্য প্রতি মাসে কত আটা, ময়দা ও চিনির আবশ্যক; এবং

(গ) গত ১৯৬৪ সালে ঐসকল কারখানাকে কি পরিমাণ ঐসকল দ্রব্য সরবরাহ করা হইয়াছিল?

The Minister for Food and Supplies:

(ক) মহকুমা ও কারখানার সংখ্যা

মেদিনীপুর সদর	... ...	৪২
তমলুক	... ...	১১
ঘাটাল	... ...	১৭
কাঁথি	... ...	৮
ঝাড়গ্রাম	... ...	৭
	মোট ...	৮৫

(খ) আটা—x, ময়দা—২,৯১২ বস্তা, চিনি—৩১১·২০ কে জি।

(গ) আটা—x, ময়দা—৩,০৮৬ বস্তা, চিনি—২,৩৯৫ কুইন্ট্যাল।

Deep tubewells in Tamluk subdivision

933. (Admitted question No. 2105.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় তমলুক মহকুমায় কোন্ থানায় কয়টি সেচের জন্য গভীর নলকূপ আছে;

(খ) বর্তমান বৎসরে উক্ত নলকূপ বসাইবার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) পরিকল্পনা থাকিলে কোন্ স্থানে উহা বসান হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলায় তমলুক মহকুমার পাঁশকুড়া থানায় একটি গভীর নলকূপ আছে।

(খ) পরবর্তী আর্থিক বৎসরে (১৯৬৫-৬৬) মেদিনীপুর জেলায় ১০০টি গভীর নলকূপ বসানর পরিকল্পনা রহিয়াছে।

(গ) এ পর্যন্ত গভীর নলকূপ বসানর জন্য নিম্নলিখিত স্থান কয়টি নির্বাচিত হইয়াছে:

পাঁশকুড়া থানা

১। ফকিরগঞ্জ মৌজা।

২। বরবেড়িয়া মৌজা।

৩। গোগ্রাস কেতালুক মৌজা।

৪। পূর্ব পীতপুর মৌজা।

৫। হাতিশাল মৌজা।

তমলুক থানা

নাইকুড়ি মৌজা।

মহিষাদল থানা

লক্ষ্যা মৌজা।

Wet District

934. (Admitted question No. 2112.)

শ্রীজীবনকৃষ্ণ দে: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে, কোচবিহারকে ওয়েট ডিস্ট্রিক্ট হিসাবে গণ্য না করায় কর্মচারীদের টি এ কম করিয়া দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, কোন্ শ্রেণীর কোন্ কোন্ কর্মচারী পূর্বে কত পাইতেন এবং বর্তমানে কত দেওয়া হইতেছে;

(গ) এ আর ও-দের জন্য বাড়িভাড়া ও আসবাবপত্রের কোন বরাদ্দ আছে কিনা; এবং

(ঘ) বরাদ্দ থাকিলে কত?

The Minister for Land and Land Revenue:

(ক) ও (খ) কোচবিহার জেলার মাথাভাঙ্গা ও মেখলিগঞ্জকে ওয়েট এরিয়া হিসাবে গণ্য করার জন্য সমাহর্তা কর্তৃক ভুক্তিপতি মহাশয়ের নিকট বলা হইয়াছে। ভুক্তিপতি মহাশয়ের মতামত পাইবার পর সংশ্লিষ্ট কর্মচারীদের টি এ সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

(গ) হ্যাঁ

(ঘ) (১) বাড়িভাড়া মাসে ১২ টাকা।

(২) এ আর ও-দের অফিসের জন্য আসবাবপত্রের বরাদ্দ নিম্নরূপ:

(ক) একটি টেবিল,

(খ) একটি চেয়ার,

(গ) একটি হোয়াট্‌নট্‌,

(ঘ) একটি ছোট বেঞ্চ, এবং

(ঙ) একটি ক্যাসবাক্স।

Jhargram subdivisional Hospital, Midnapore

935. (Admitted question No. 2231.)

শ্রীসুরেন্দ্রনাথ মহাত: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমা হাসপাতালের শয্যাসংখ্যা বৃদ্ধি করিবার কোন প্রস্তাব সরকারের আছে কিনা;

(খ) থাকিলে তাহা কবে কার্যকরী হইবে;

(গ) এই হাসপাতালে 'এক্স-রে' ব্যবস্থা চালু আছে কিনা; এবং

(ঘ) চালু না থাকিলে তাহা কবে কার্যকরী করা হইবে?

The Minister for Health:

(ক) এবং (গ) না।

(খ) প্রশ্ন উঠে না।

(ঘ) সঠিক বলা সম্ভব নহে। যত শীঘ্র সম্ভব 'এক্স-রে' যন্ত্র বসাইবার চেষ্টা করা হইতেছে।

Revised pay-scale for the employees of Junior Technical Schools

936. (Admitted question No. 2135.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if the Government has drawn up a revised pay-scale for the employees employed in different Government Sponsored Junior Technical Schools in the State;

(b) if so, will the Minister be pleased to state the said revised pay-scales and the date from which the benefit of such pay-scales would be given effect to; and

(c) if the dearness allowance given this year to the different categories of employees employed in the Polytechnical Institutes would be made available to the employees employed in the Government Sponsored Junior Technical Schools in West Bengal?

The Minister for Education: (a) Yes.

(b) Revised pay-scales for different posts are given in the list attached.

The revised scales of pay would be effective from 1st April, 1964.

(c) In regard to dearness allowance Junior Technical Schools will be entitled to the same benefits as Secondary Schools.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 936.

Name of post with revised scales of pay

1. Superintendent—Rs. 325—30—475—35—1,000 (Efficiency bar after 8th and 16th stages).

2. Instructor in Engineering.

3. Instructor in Engineering and Drawing.

4. Workshop Supervisors.

4A. Draughtsman in Mechanical Engineering.

5. Instructors.

6. Foreman.

(i) For persons possessing a Diploma in Engineering—Rs. 225—10—325—15—475 (Efficiency bar after 10th stage).

(ii) For persons with qualification of Sub-overseer—Rs. 175—7—245—8—325 (Efficiency bar after 10th stage).

7. Workshop Instructor.

8. Mistry Instructor.

9. Skilled Workman.

Rs. 125—3—140—4—200 with higher initial start at Rs. 140 (Efficiency bar after 10th stage).

10. Laboratory Assistants—Rs. 100—3—136—4—140.

11. Instructor in Science and Mathematics.

12. Instructor in Humanities and Language.

For trained graduates in Arts or Science—Rs. 160—7—223—8—295.

Graduates with distinction will start with two advance increments.

The existing holders may be allowed the revised scale as personal to them.

13. Clerks—Rs. 80—3—134—4—150.

14. Store-clerk—Rs. 80—3—134—4—150.

15. Attendants—Rs. 45—½—55—1—60.

16. Head Clerks—Rs. 125—3—140—4—200 (Efficiency bar after 10th stage).

17. Head Clerk-cum-Cashier—Rs. 125—3—140—4—200 (plus special pay of Rs. 20 per month [Efficiency bar after 10th stage]).

18. Servants—Rs. 45—½—55—1—60.

19. Lower Grade Staff—Rs. 45—½—55—1—60.

Joshohari Anukhan Anchal Panchayat office building, Kandi subdivision

937. (Admitted question No. 2186.)

শ্রীসনৎকুমার রাহাঃ পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমার যশোহরী-আনুখাঁ অঞ্চলের নিজস্ব অফিস নির্মিত হইয়াছে কি না;

(খ) হইয়া থাকিলে কোথায় উক্ত অফিস নির্মিত হইয়াছে; এবং

(গ) উক্ত অফিস নির্মাণের জন্য কত টাকা ব্যয়িত হইয়াছে?

The Minister of State for Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) কান্দী থানার বহড়া পোস্ট অফিসের অন্তর্গত বহড়া গ্রামে।

(গ) ১০,৯৯৮·৯০ পয়সা (দশ হাজার নয় শত আটানব্বই টাকা নব্বই পয়সা মাত্র) ব্যয়িত হইয়াছে।

Wheat and wheat products supplied to Murshidabad and Nadia districts for distribution

938. (Admitted question No. 2189.)

শ্রীসনৎকুমার রাহাঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৪ সালের অক্টোবর মাস হইতে অদ্যাবধি মুর্শিদাবাদ ও নদীয়া জেলায় কোন্ মাসে কত গম, আটা, ময়দা আংশিক রেশনের জন্য এবং খয়রাতি সাহায্যের জন্য পাঠান হইয়াছে?

The Minister for Food and Supplies:

এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 92

Wheat and wheat products issued for distribution under M. R. and G. R.

1	2				3				4			
District.	October 1964.				November 1964.				December 1964.			
	Wheat in M.T.	Atta in Bags.	Flour in Bags.	Suji in Bags.	Wheat in M.T.	Atta in Bags.	Flour in Bags.	Suji in Bags.	Wheat in M.T.	Atta in Bags.	Flour in Bags.	Suji in Bags.
Murshidabad ..	..	2,585	940	90	403	4,800	1,900	173	291	460	36	..
Nadia ..	22	6,295	1,930	198	328	15,462	2,945	346	201	..	..	..

1	5				6				7			
District.	January 1965.				February 1965.				March 1965 (up to 18-3-65).			
	Wheat in M.T.	Atta in Bags.	Flour in Bags.	Suji in Bags.	Wheat in M.T	Atta in Bags.	Flour in Bags.	Suji in Bags.	Wheat in M.T.	Atta in Bags.	Flour in Bags.	Suji in Bags.
Murshidabad ..	107	1,500	77	45	..	3,000	649	100	..	1,125	40	25
Nadia ..	466	13,015	832	260	[illegible]	8,770	585	295	..	9,000	258	295

Husking Mills in Midnapore district

939. (Admitted question No. 2260.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কত হাস্‌কিং মেসিন চালু আছে; এবং

(খ) কোন্ থানায় কতগুলি লাইসেন্সপ্রাপ্ত ও কতগুলি লাইসেন্সবিহীন ধান ভানা হাস্‌কিং মেসিন রহিয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 939

Thanawise List of Husking Mills in Midnapore district

Name of the P.S.	No. of licensed husking mills.	No. of unlicensed husking mills.
Sutahata	53	24
Tamluk	106	54
Moyna	40	37
Nandigram	56	77
Panskura	169	82
Mahisadal	109	56
Contai	105	61
Bhagwanpur	55	66
Pataspur	68	49
Egra	47	24
Khajuri	37	21
Ramnagar	27	21
Jhargram	19	10
Benagora	21	8
Sankrail	14	4
Gopiballavpur	9	1
Tambani	7	5
Nayagram	8	6
Ghatal	77	32
Chandrakona	51	5
Daspore	152	44
Debra	97	27
Katwali	42	20
Salboni	19	10
Garbetta	40	19
Kharagpore	78	40
Mahanpore	18	16
Sabong	68	28
Danton	64	23
Keshiari	18	10
Narayangarh	68	31
Pingtar	38	44
Keshpore	39	20
Total	1,819	975

Illegal Collection of timber from Government Forests in Midnapore district

940. (Admitted question No. 2322.)

শ্রীঅনঙ্গমোহন দাস: বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ ফরেস্ট বিভাগের অধীনে ১৯৬৪ সালে কতজন ব্যক্তিকে বেআইনীভাবে কাঠ সংগ্রহ করিবার জন্য ধরা হইয়াছিল; এবং

(খ) উহাদের মধ্যে কতজন কিরূপ শাস্তি পাইয়াছে এবং কতজন খালাস পাইয়াছে?

The Minister of State for Forests:

(ক) (১) পূর্ব মেদিনীপুর বনভুক্তিতে ১,০৪৬ ব্যক্তিকে ধরা হইয়াছিল।

(২) পশ্চিম মেদিনীপুর বনভুক্তিতে ২,৪৬১ ব্যক্তিকে ধরা হইয়াছিল।

(খ) (১) পূর্ব মেদিনীপুর বনভুক্তির ১,০৪৬ ব্যক্তির মধ্যে ৮৮৮ ব্যক্তি মোট ১০,৬০৯ টাকা ৩২ পয়সা জরিমানা দিয়া মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছিল। অবশিষ্ট ১৫৮ জনকে দায়রা সোপর্দ করা হইয়াছিল এবং তাহাদের মধ্যে ৭৩ জনের মোকদ্দমা অদ্যাবধি আদালতে বিচারাধীন রহিয়াছে। অবশিষ্ট ৮৫ জনের কি কি শাস্তি হইয়াছে তাহা নিম্নে দেওয়া হইল:

(ক) জরিমানা অথবা কারাদণ্ড—৮১ জন।

(খ) বিনাশ্রম কারাদণ্ড—১ জন।

(গ) সশ্রম কারাদণ্ড—১ জন।

(ঘ) জরিমানা এবং কারাদণ্ড—১ জন।

(ঙ) মুক্তিদান—১ জন।

মোট—৮৫ জন।

(২) পশ্চিম মেদিনীপুর বনভুক্তির ২,৪৬১ ব্যক্তির মধ্যে ২,৩৫৩ জন মোট ২৭,৯৬২ টাকা জরিমানা দিয়া মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছিল। অবশিষ্ট ১০৮ জনকে দায়রা সোপর্দ করা হইয়াছিল। তার মধ্যে ২৭ জনকে জরিমানা অন্যথায় কারাদণ্ড বিধায় দণ্ডিত করা হয় এবং বাকি ৮১ জনের মোকদ্দমা অদ্যাবধি আদালতে বিচারাধীন রহিয়াছে।

Tourist Lodge in Murshidabad

941. (Admitted question No. 2337.)

[illegible] রাহা: উন্নয়ন (ট্যুরিজম) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন ট্যুরিস্ট লজ আছে কিনা;

(খ) থাকিলে কোথায়;

(গ) না থাকিলে, উক্ত ট্যুরিস্ট ভবন হইবে কিনা; এবং

(ঘ) হইলে, কোথায় এবং কবে হইবে?

The Minister for Development (Tourism):

(ক) না।

(খ) প্রশ্ন আসে না।

(গ) হ্যাঁ।

(ঘ) বহরমপুরে। আশা করা যায়, আগামী ১৯৬৫-৬৬ সালের মধ্যে উক্ত ভবনের নির্মাণ-কার্য সম্পন্ন হইবে।

Test Relief Schemes in Moyna and Pingla police-stations, Midnapore

942. (Admitted question No. 2366.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে মেদিনীপুর জিলার ময়না ও পিংলা থানাতে কতগুলি করিয়া টেস্ট রিলিফের স্কীম মঞ্জুর ছিল;

(খ) উক্ত স্কীমগুলির মধ্যে কতগুলির আরম্ভ হইয়াও শেষ হয় নাই;

(গ) অসম্পূর্ণ কাজগুলির কাজ আরম্ভের জন্য কবে অনুমতি দেওয়া হইবে; এবং

(ঘ) কোন স্কীমের কর্মিগণের মজুরি পাওনা থাকিলে তাহা কবে দেওয়া হইবে?

The Minister for Relief and Social Welfare:

(ক) ময়না থানায় পনেরটি এবং পিংলা থানায় দুইটি।

(খ) ময়না থানায় এরূপ কোন স্কীম নাই। পিংলা থানায় একটি।

(গ) প্রয়োজন হইলে ১৯৬৫-৬৬ সালে অসম্পূর্ণ কাজটি পুনরায় গ্রহণ করা যাইতে পারে।

(ঘ) ময়না থানার তিনটি স্কীমের ক্ষেত্রে কিছু মজুরি দেয় আছে তবে তাহা শীঘ্রই মিটাইয়া দেওয়া হইবে।

Calcutta Steel Co. Ltd., Khardah

943. (Admitted question No. 2462.)

শ্রীগোপাল ব্যানার্জি: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, খড়দহের ক্যালকাটা স্টীল কোম্পানী লিমিটেডের শ্রমিকগণ দীর্ঘদিন লে-অফ অবস্থায় আছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Labour:

(ক) হ্যাঁ। শ্রমিকগণের একাংশ দীর্ঘদিন লে-অফ অবস্থায় ছিলেন। কিন্তু গত প্রায় এক মাসের মধ্যে কাহাকেও লে-অফ অবস্থায় থাকিতে হয় নাই।

(খ) প্রয়োজনীয় কাঁচামালের অভাবই ইহার কারণ।

Felling of trees in Government Forests under the West Midnapore Forest Division

944. (Admitted question No. 2464.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ওয়েস্ট মেদিনীপুর ডিভিসনের অন্তর্গত বিনপুর থানার অধীন খেড়িয়ারাতা ও দেশমূল মৌজার জঙ্গলে গত জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে যে বড় বড় গাছ কাটান হইয়াছে, তাহা কাহার অনুমতিক্রমে কাটান হইয়াছে; এবং

(খ) কাঠগুলি সরকারের কোন্ কাজে ব্যবহৃত হইয়াছে এবং কি ভাবে ব্যবহার করা হইয়াছে?

The Minister of State for Forests:

(ক) ঐরূপ কোন গাছ কাটান হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

Hostel for the Members of the Legislature

945. (Admitted question No. 2498.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government have any proposal to construct a hostel for the M.L.A.s and M.L.C.s of the State in Calcutta; and

(b) if so, where and when the said hostel will be constructed?

The Minister for Public Works:

(a) Yes.

(b) The first instalment of the construction will be at 2 Kyd Street. The proposal will be given effect to as early as possible and additional hostels may be located at Queen's Park or Loudon Street which are under acquisition.

Deep tubewells installed in West Bengal

946. (Admitted question No. 565.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে কয়টি গভীর নলকূপ বসানো হইয়াছে;

(খ) উহাদের মধ্যে কয়টি এবং কোন্ কোন্‌টি চালু অবস্থায় আছে; এবং

(গ) বর্তমান বৎসরে উক্ত প্রকার নলকূপ কয়টি এবং কোথায় বসাইবার প্রস্তাব আছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) এই সম্পর্কীয় একটি বিবরণী গ্রন্থাগারের টেবিলে ন্যস্ত হইয়াছে।

(খ) যেসব নলকূপে বিদ্যুৎ সংযোজিত হইয়াছে, সেইগুলিই চালু আছে। উপরোক্ত বিবরণীতেই এই সম্পর্কীয় বিস্তারিত বিবরণ দেওয়া হইয়াছে।

(গ) বর্তমান বৎসরে নিম্নলিখিত জেলায় মোট ৩৫০টি গভীর নলকূপ বসাইবার পরিকল্পনা আছে:

১।	মুর্শিদাবাদ	৪০
২।	মালদা	২৫
৩।	পশ্চিম দিনাজপুর	২৫
৪।	মেদিনীপুর	১০০
৫।	জলপাইগুড়ি	৪০
৬।	বর্ধমান	১০
৭।	বীরভূম	১০
৮।	হুগলি	২০
৯।	কুচবিহার	৫০
১০।	হাওড়া	১৫
১১।	বাঁকুড়া	১৫
	মোট ...	৩৫০

নলকূপগুলি বসাইবার স্থান নির্বাচন এখনও সম্পূর্ণ হয় নাই।

M. R. Shops in the districts of West Bengal

947. (Admitted question No. 1160.)

শ্রীগিরিশ মাহাতঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ জেলায় কত এম আর সপ করা হইয়াছে;

(খ) পুরুলিয়া জেলায় কোন্ থানায় কত এম আর সপ আছে;

(গ) গত বৎসরে কোন্ এম আর সপ-এ কত খাদ্যশস্য দেওয়া হইয়াছে;

(ঘ) ইহা কি সত্য যে, দুর্গাপুর কংগ্রেসের সময় পুরুলিয়া জেলায় এম আর সপ-গুলিকে খাদ্যসামগ্রী সরবরাহ করা বন্ধ হইয়াছিল; এবং

(ঙ) সত্য হইলে, কি কি খাদ্যশস্য সরবরাহ বন্ধ রাখা হইয়াছিল এবং কয় সপ্তাহের জন্য?

The Minister for Food and Supplies:

(ক) এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

(খ) ও (গ) এতৎসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) ইহা সত্য নহে।

(ঙ) এ প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 947

Statement showing number of M. R. shops functioning up to 20th February, 1965

Serial No., district with No. of M. R. shops functioning

1. 24-Parganas—934
2. Nadia—763
3. Murshidabad—831
4. Jalpaiguri—201
5. Malda—302
6. West Dinajpur—310
7. Darjeeling—301
8. Cooch Behar—63
9. Bankura—729
10. Burdwan—1,068
11. Birbhum—733
12. Hooghly—522
13. Howrah—405
14. Midnapore—484
15. Purulia—352

Total—7,998

Taxi permits for Asansol subdivision

948. (Admitted question No. 2003.)

শ্রীবিজয় পালঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় মোট কতগুলি ট্যাক্সির পারমিট দেওয়া হইয়াছে;

(খ) ইহার মধ্যে আসানসোল শহর ও মহকুমার অন্যান্য শহরগুলিতে তার সংখ্যা কত;

(গ) পারমিট হোল্ডারদের নাম ও ঠিকানা কি;

(ঘ) কোন্ সালে কতগুলি পারমিট দেওয়া হইয়াছে;

(ঙ) সমস্ত ট্যাক্সিগুলির মিটার আছে কি; এবং

(চ) মিটার থাকিলে কি রেট-এ ভাড়া লওয়া হইয়া থাকে?

The Minister for Home (Transport):

(ক) আসানসোল মহকুমার জন্য পৃথক্‌ভাবে কোন পারমিট দেওয়া হয় না। সমস্ত পারমিটই বর্ধমান জেলার জন্য দেওয়া হইয়া থাকে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বর্ধমান জেলায় প্রদত্ত পারমিট হোল্ডারদের নাম ও ঠিকানার তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(ঘ) প্রয়োজনীয় তথ্য সহ তালিকা প্রদত্ত হইল।

(ঙ) আছে।

(চ) প্রথম ১·৫ কিলোমিটার-এর জন্য ৬০ পয়সা। পরবর্তী ২৫০ মিটারের জন্য ১০ পয়সা। ইহা ব্যতীত আসানসোল পৌর-এলাকা, বার্নপুর টাউনসিপ এলাকা ও গ্র্যান্ড ট্রাঙ্ক রোড এবং নুনিয়া সেতু এলাকা হইতে ১০ মাইল দূরবর্তী স্থানে যাইলে ট্যাক্সিওয়ালা মিটারের নির্ধারিত ভাড়ার উপর এক চতুর্থাংশ দাবী করিতে পারে।

Statement referred to in reply to clause (gha) of unstarred question No. 948

Statement showing number of Contract Carriage Permit issued

Year and No. of permits issued.

1940	80
1941	32
1942	11
1943	5
1944	4
1945	4
1946	5
1946-47	2
1947-48	2
1948-49	27
1949-50	9
1950-51	15
1951-52	15
1952-53	50
1953-54	40
1954-55	45
1955-56	51
1956-57	42
1957-58	14
1958-59	12
1959-60	11
1960-61	4
1961-62	6
1962-63	42
1963-64	37
1964-65	36
Total	601

Out of 601 permits issued so far only 176 permits are valid. The rest of the permits had lapsed due to non-renewal.

Adjournment Motion

[2—2-10 p.m.]

Mr. Speaker: I have received notice of an adjournment motion from Shri Nani Bhattacharjee on the subject of release of some of the detenus recently elected to the Calcutta Corporation. I have withheld my consent.

শ্রীননী ভট্টাচার্য: স্যার, আপনি এই মুলতবী প্রস্তাবটা নাকচ করে দিয়েছেন। কিন্তু আপনি কর্পোরেশন-এর নির্বাচনের ফলাফল জানেন। আপনি জানেন ২ জন কংগ্রেস প্রার্থী আন-কনটেস্টেড-এ গেছেন, ৪৭ জন নির্বাচিত হয়েছেন—মোট ৪৯ জন; অন্য দিকে সংযুক্ত নাগরিক কমিটির প্রার্থী ৩৫ জন নির্বাচিত হয়েছেন, পি সি বি-র ৬ জন প্রার্থী নির্বাচিত হয়েছেন এবং ইন্ডিপেন্ডেন্ট ১০ জন নির্বাচিত হয়েছেন। সুতরাং ৫১-৫২ জন মোট এইরকম হয়েছেন। অর্থাৎ আমার বক্তব্য হচ্ছে আজ এই সুযোগ এসে দেখা দিয়েছে যাতে করে ৫১ জন মিলিতভাবে তাঁরা কর্পোরেশনকে নূতন করে ঢেলে সাজতে পারেন। অন্ততপক্ষে অল্ডারম্যান নির্বাচনে সংযুক্তভাবে ইউ সি সি ও পি সি বি একত্রিত দাঁড়িয়ে কর্পোরেশনকে ঢেলে সাজতে পারেন তার প্রয়োজন দেখা দিয়েছে। কিন্তু সেখানে সবচেয়ে বড় অন্তরায় দেখা দিয়েছে যেসমস্ত প্রতিনিধি নির্বাচিত হয়েছেন তাঁদের মধ্যে ৬ জন জেলে আছেন। জেলের ভেতরে যাঁরা আছেন তাঁদের নির্বাচিত করে কোলকাতার নাগরিকরা প্রমাণ করে দিয়েছেন যে জনমত কোন দিকে। আপনাদের মত যাই হোক না কেন দেশের লোক তাঁদের মত ব্যক্ত করে তাঁদের পৌর প্রতিষ্ঠানে নির্বাচিত করেছেন। সুতরাং এদিক থেকে আমি মনে করি গণতান্ত্রিক প্রশ্ন এর মধ্যে জড়িত আছে। অবশ্য গণতন্ত্রকে এ'রা প্রতি পদে প্রহসন করছেন। যাই হোক আমি বলব অবিলম্বে ও'দের মুক্তি দেওয়া হোক এবং ক্যালকাটা কর্পোরেশনকে গণতান্ত্রিক পদ্ধতিতে গঠন করা হোক।

শ্রীসোমনাথ লাহিড়ী: স্যার, এ সম্বন্ধে যদিও একটা বিষয় উঠেছে যে, বিষয়টা জরুরী হওয়া সত্ত্বেও আপনি অনুমতি দেন নি। কিন্তু বিষয়টা পুনরায় বিবেচনা করলে ভাল হত এবং কংগ্রেস পক্ষের বিশেষ করে মন্ত্রীসভায় এটা বিবেচনা করা দরকার। কারণ ৬ জন ডেটিনিউ যাদের ও'রা বিনা বিচারে আটক করে রেখেছেন সে ৬ জন ডেটিনিউ ৭ জনের মধ্যে নির্বাচিত হয়েছেন, যা হোক, এটা বোঝা কঠিন নয়, অত্যন্ত স্থূল মস্তিস্ক না হলে যে কলকাতা শহরের নাগরিকরা ও'দের বিনা বিচারে আটক করার নীতি সমর্থন করতে পারেন নি। এখন সাধারণভাবে বিনা বিচারে আটক রাখার নীতির পরিবর্তন করবেন কিনা সে প্রশ্ন যদিও আমরা এখন মুলতবী রাখি অন্ততপক্ষে যে কয়েকজন নির্বাচিত তাদের সম্বন্ধে কলকাতা শহরের নাগরিকদের মতামত স্পষ্ট ভাবে ব্যক্ত হয়েছে সেদিক থেকে এটা বিবেচনা করা দরকার। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার কাছ থেকে এ প্রশ্নের জবাব এখনই চাই যে, তাঁরা এদের মুক্তি দিতে প্রস্তুত আছেন কি না এবং দেবার ব্যবস্থা করবেন কি না, কারণ এটা একটা গণতন্ত্রের প্রশ্ন। কর্পোরেশন চালানোর প্রশ্ন আছে। কর্পোরেশন-এ তাঁরা যথাবিহিতভাবে নির্বাচিত হয়েছেন। নির্বাচিত হবার অধিকার তাঁরা ডেটিনিউ হিসাবে পেয়েছেন। সরকার তাঁদের এ অধিকার অস্বীকার করতে পারেন নি, তখন নির্বাচিত হবার পর যে দায়িত্ব সে দায়িত্ব পালন করবার অধিকার সরকার দেবেন না, এটা কখনই গণতন্ত্রসম্মত হতে পারে না। কাজেই আমরা সকলে দাবী করছি এ বিষয়ে মন্ত্রীসভা থেকে কিছু বলুন। মুখ্যমন্ত্রীকে আমরা এখানে দেখছি না। তিনি বাইরে আছেন কিনা জানি না। তিনি না থাকলেও মন্ত্রিসভার পক্ষ থেকে আপনারা কেউ বলুন। এর আগে সেদিন জিজ্ঞাসা করেছিলাম যে, এদের যেসমস্ত বিনা বিচারে গ্রেপ্তার করে রাখা হয়েছে সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী সমস্ত অজুহাত দিয়েছেন দিল্লী সরকারের উপর। এ সম্পর্কে তিনি কি বলতে চান? তিনি বলেছেন আমি কিছু জানি না, অর্থাৎ এই বন্দী করার ব্যাপার সম্বন্ধে তাঁরা কোন দায়িত্ব গ্রহণ করছেন না। কিন্তু কলকাতা শহরে নাগরিকদের এই সুস্পষ্ট অভিমত ব্যক্ত হবার পর তিনি কেন তাঁদের বন্দী করে রাখার অন্যায় দায়িত্ব নিজের ঘাড়ে রাখতে চাইছেন। কাজেই আমি জিজ্ঞাসা করছি এই ঘটনার পর তারা এ সম্বন্ধে কি নীতি গ্রহণ করবেন। তাঁদের মুক্তি দেবার ব্যবস্থা করবেন কি না? কারণ আপনি জানেন আপনিও কর্পোরেশন-এ বহুদিন ছিলেন। আর কয়েক দিনের মধ্যেই অল্ডারম্যান নির্বাচন হবে। সেই অল্ডারম্যান নির্বাচনের

উপর কর্পোরেশন-এর ভবিষ্যৎ সংখ্যাগরিষ্ঠতা অনেকখানি পরিমাণে নির্ভর করে। এই অল্ডারম্যান নির্বাচনে যে ৬ জন ডেটিনিউ নির্বাচিত হয়েছেন তাঁরা যদি অংশগ্রহণ না করতে পারেন তাহলে বাস্তবিকপক্ষে নির্বাচিত প্রতিনিধিদের মতামত জানা যাবে না। গায়ের জোরে কংগ্রেস সরকার যদি নিজের দলের প্রতিনিধিদের নিয়ে অল্ডারম্যান নির্বাচন করেন তাহলে একটা অন্যায় নীচ সুযোগ নেওয়া হবে বলে মনে করি। কিন্তু ফেয়ারনেস যদি থাকে, গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র মর্যাদা যদি থাকে, তাহলে তাঁরা এটা করবেন না। আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছ থেকে এটা পরিষ্কার জবাব চাই, কারণ এর উপর অনেকখানি জিনিস নির্ভর করছে।

শ্রীঅমরেন্দ্রনাথ বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পৌরসভায় নির্বাচনের পূর্বে আমরা সরকার থেকে অনুরোধ করেছিলাম প্রার্থী যারা দাঁড়িয়েছে তাদের মুক্তি দিতে। এটাই ছিল সত্যকারের গণতান্ত্রিক পদ্ধতি অনুযায়ী কাজ, কিন্তু নির্বাচনের পর আজকে কলকাতার ভোটার সাধারণ মানুষ যারা জেলে আছেন তাদের মধ্যে ৬ জনকে নির্বাচিত করেছেন সাত জনের মধ্যে। কাজেই আমি সকল দলের পক্ষ থেকে এই দাবী রাখবো যে দাবী সোমনাথবাবু করেছেন যে সত্যকারের ক্যালকাটা কর্পোরেশনকে ভালভাবে চালাবার জন্য যে নূতন নীতি এবং আদর্শ নিয়ে ইউ সি সি কাজ করছে সেই ইউ সি সি-র নির্বাচিত যেসব প্রার্থী এবং ফরোয়ার্ড ব্লক-এর যেসব প্রার্থী বন্দী অবস্থায় নির্বাচিত হয়েছেন তাদের সকলকে মুক্তি দেবার জন্য আমি মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করছি। মুখ্যমন্ত্রী সেদিন বলেছিলেন দিল্লী এসব করেছেন আমার হাত নেই। আমি তাকে বলছি যে, তিনি এটা দিল্লীকে জানান যে, কলকাতার কর্পোরেশন-এর নির্বাচনের পর, রাজ্য-সরকার মনে করেন যে তাদের ছেড়ে দেওয়া উচিত এবং আপনার মাধ্যমে তাকে অনুরোধ করবো যে বিবেচনা করে তাদের ছাড়বার ব্যবস্থা করুন।

শ্রীননী ভট্টাচার্য: স্পীকার স্যার, আর একজন নির্বাচিত সদস্য মনোজ গাঙ্গুলী তাঁর নামে ওয়ারেন্ট আছে সেটাও তাঁরা তুলে নিতে পারেন। এই নির্বাচনের ব্যাপারে তাকে অ্যারেস্ট করা হয়েছে।

[2-10—2-20 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় স্পীকার স্যার, নিখিলবাবুর এটা নাকচ করে দিয়েছেন অথচ এটা খুব আরজেন্ট পাবলিক ইমপরটেন্স-এর ব্যাপার ছিল। আপনি একজন ক্যালকাটা কর্পোরেশন-এর এক্স-মেয়র, আপনি সবই জানেন। কথা হচ্ছে যে, যারা নির্বাচিত হয়েছেন অথচ জেলে আছেন এটা কোন্ ধরনের গণতন্ত্র যে জনসাধারণ যেখানে সভারিন্ যে রায় দিয়ে পাঠিয়েছেন এবং এখানে সুপার সভারিন্টি ক্রিয়েট করে আর একদল রেখে দেবেন এটা গণতন্ত্র হয় না। আমাদের এখানে কংগ্রেস যে গণতন্ত্র চালাচ্ছেন যেটা কেরালায় আমরা দেখলাম। সেটার মানে হচ্ছে কোন রকমে পাওয়ার ইউজারপ করা। আপনি চিন্তা করে দেখুন যেভাবে ও'রা করছেন যে স্টেটমেন্ট রাখবেন না, এটার দ্বারা কোন্ ধরনের গণতন্ত্র নিয়ে আসতে যাচ্ছেন তা বুঝতে পারছি না। কালকে সিদ্ধার্থবাবু বললেন এখানে একটা নূতন ধরনের গণতন্ত্র হবে—একটা ওয়ান পার্টি গণ-তন্ত্র আমি বললাম আয়ুবশাহী নাকি? তিনি বললেন এটা খানিকটা রাশিয়ার মত গণতন্ত্র।

সিদ্ধার্থবাবু কাল আমাকে বললেন যে. এখানে একটা নূতন ধরনের গণতন্ত্র হবে, সিদ্ধার্থবাবু এখানে নেই, উনি বললেন যেভাবে এ'রা নিয়ে যাচ্ছেন, আগামীবারে হয়তো স্পীকারও এ'রা রাখবেন না। এ'রা নাকি নূতন ধরনের গণতন্ত্র আনতে চাচ্ছেন—সেখানে ওয়ান পার্টি গণতন্ত্র, আমি বললাম তাহলে আয়ুবতন্ত্র নাকি? তিনি বললেন যে, আয়ুবতন্ত্রের মত নয়, খানিকটা রাশিয়ার মত তন্ত্র। আমি বললাম যে, ব্যাড এনালজি দেখাচ্ছেন কেন? বলুন যে কংগ্রেসতন্ত্র, এই ধরনের যদি হয়, স্পীকার স্যার, আজকে আমরা দেখছি কি? দেখছি এই হাউসে প্রাকটিক্যালি প্রত্যেকটা অপজিশন পার্টি থেকে ডিমান্ডেড হয়েছে. তার কারণ, প্রত্যেকটা অপজিশন পার্টি ডি আই আর-এর দ্বারা নিষ্পেশিত হচ্ছে, ফরোয়ার্ড ব্লক-এর কর্মী তাঁরা এখনও জেলে রয়ে গেছেন, কমিউনিস্ট পার্টির কর্মী তাঁরাও আছেন এবং আমাদের এস এস পি-র কিছু কিছু কর্মীকে জেলের মধ্যে রেখে দিয়েছেন এবং এইভাবে যদি হয় এবং কলকাতা কর্পোরেশনে এইরকমভাবে ক্লিয়ার ভার্ডিক্ট ইন ফেবার অফ আওয়ার প্রোপোজিশন হবার পরে আমরা এই কথা কংগ্রেসের কাছে, মন্ত্রিমহোদয়ের কাছে আপনার মাধ্যমে এটা রাখতে পারি কি না, এবং আপনি এটা চিন্তা

করে দেখুন মিঃ স্পীকার আজকে জনমতের রায়কে—গণতন্ত্রের প্রতি যদি বিন্দুমাত্র বিশ্বাস থাকে, গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধা থাকে, তাহলে জনমতের রায়কে মেনে নিয়ে এবং কলকাতা কর্পোরেশনকে এরা নিজেদের হাতে রাখবার জন্য এই যে নানারকম গেম খেলছেন যে গেমগুলো খুব ভালো নয়, এইভাবে তারা যাতে না রাখতে পারে, এইদিকে জনমত চেয়েছে, আপনি অন্ততপক্ষে যদি আমাদের কথাটা চিন্তা করে, অ্যাডজোর্নমেন্ট মোশানটা এলাউ করেন তাহলে ভাল হয়।

Shri Anadi Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার স্পেসিফিক পয়েন্ট যেটা উল্লিখিত হয় নি,

৮৫ পারসেন্ট অফ দি ডেটিনিউস

এটা কম কথা নয়, স্যার, এটা জেনারেল ইলেকশান, এখানে—

Mr. Speaker:

মিঃ দাস, আপনি যে কথাটা বলছেন এখানে রেসপেকটিভ পার্টির লিডাররা সেটার গুরুত্ব দেখিয়েছেন; তারপর ইন্ডিভিজুয়াল মেম্বারদের আর উল্লেখ করার প্রয়োজন নেই, particularly when I have given my decision. I have, however, given scope to all the leaders to say a few words.

Shri Jyoti Basu:

মিঃ স্পীকার, স্যার, এই যে বিষয়টা আলোচনা হয়েছিল সেটার তো কোনও জবাব পেলাম না, এখন কি হবে? বিশেষ করে নির্বাচনে যাঁরা জয়ী হলেন, জেলে যাঁরা আছেন তাঁদের তো আপনি জানেন, নিজে একজন করপোরেশন কাউন্সিলার ছিলেন, এ'দের জনসাধারণকে সার্ভিস দিতে হবে, ইলেকসান-এ যখন দাঁড়াতে পারেন, আর যখন গণতান্ত্রিক উপায়ে একটা ভারডিকট হয়ে গেছে, এদের তো কোর্ট-এ যাবার উপায় নেই, ডি আই ৩০তে তুললেন এদের। এ'রা যখন দাঁড়িয়ে নির্বাচিত হয়েছেন, লোকের ভালবাসার সমর্থন পেয়েছেন, তখন এ'দের নিশ্চয়ই ছেড়ে দেওয়া উচিত। আপনি নিশ্চয়ই একমত হবেন আমাদের সঙ্গে, অবশ্য গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র যদি কোনও শ্রদ্ধা থাকে, তাহলে মন্ত্রিমহাশয়কে একটু বলুন যে আমাদের এটা কি হবে? এটা আমাদের একটা দাবী যে এ'দের ছাড়তে হবে। কলকাতার মানুষ রায় দিয়েছে, না এইরকম চলবে? ও'দের জেলে রেখে দিয়ে, সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে, লোককে ব্রাইব করে, এইভাবে তাঁরা চালাবেন, তাঁদের কার্যক্রম তাঁরা করবেন, এটাই আমি জানতে চাচ্ছি যে কোন পর্যায়ে কংগ্রেস আমাদের নিয়ে যাবে। কেরালা একবার দেখিয়েছে, সেখানে অ্যাসেম্বলী বসবার আগে আপনি দেখলেন প্রেসিডেন্টস রুল হয়ে গেল। এখন আমরা অ্যাসেম্বলীতে আছি, আমরা নাকি বিলেতকে অনুসরণ করি, অনুকরণ করি এবং আমাদের সংবিধানে এই সব লেখা আছে, এখন আমাদের এই আস্থা, কি করণীয় আছে, আপনি যদি কিছু উপদেশ আমাদের দিতে পারেন তাহলে ভাল হয়, তা যদি না পারেন তাহ'লে অন্তত মন্ত্রিমহাশয়কে আমাদের হয়ে একটু বলুন—কালকে এত হম্বিতম্বি দেখছিলাম, মারধোরও করেছিলেন আমাদের আর এস পি-র এক বন্ধুকে, এখন একটু বলুন আমাদের—গণতন্ত্রের কথা তো আমরা এত শুনি, সততার কথা আমরা শুনি, তাহলে সেগুলো কোথায় যাবে, কি হবে, এইগুলো আমি জানতে চাচ্ছি। না, ও'রা ঠিক করেছেন যে গণতান্ত্রিক উপায়ে কিছু হতে দেবেন না, হয় কংগ্রেসীকে ভোট দিতে হবে, কংগ্রেসকে জেতাতে হবে, না হয় জেলে ভরে রাখবেন, নূতন করে জেলে ধরবেন, গণতন্ত্র নেই। যদি সাহস থাকে ভণ্ডামি না করে, সেই কথাটা অন্তত বলে দিতে হয়, আমাদের পক্ষের লোককে ভোট দিয়ে জেতাতে হবে, তা না হলে আমরা আয়ুব খানের মত রাজত্ব এখানে তৈরী করবো, সেই পথে আমরা যাবো, এই কথা আমাদের বলে দিতে হয়। কোন কিছু একটা বলুন, যদি সাহস থাকে। ভণ্ডামি যদি হয়, সেটাও বলুন। তা না যদি থাকে তাহলে জনসাধারণ বুঝে নেবে কি করতে হবে? আর তা যদি না হয় একটু অন্তত শ্রদ্ধা দেখান, গণতন্ত্র এখনও আছে। যখন ভারডিকটটা হয়ে গেল, আমরা ছেড়ে দিই, দেখি কি করেন ও'রা, ও'রা তো আর গেরিলা বাহিনী গড়ে তোলবার জন্য, হিমাচল প্রদেশে চলে যাবেন না? এখানে ঐ জল নর্দমা, পায়খানা ইত্যাদি যা করপোরেশন কাউন্সিলার-এর কাজ, এর দ্বারা সেবা করতে হবে সাধারণ মানুষের। সেইজন্য আমি বলছিলাম এখন কি হবে জানতে চাই, সমস্ত নীতিই তো ব্যর্থ হয়েছে, কলিকাতার মানুষ সচেতন মানুষ, তাঁরা বলেছিলেন, এইসব আমরা মানি না, মিথ্যা কথা বলছেন, কাজেই শুধু [illegible] সবাইকেই ছাড়া উচিত। ও'রা যে নীতি নিচ্ছেন, এই নীতি পরিবর্তন করা

উচিত। কিন্তু এখন তো দেখছি সবাই নির্বাক বিস্ময়ে তাকিয়ে আছেন আমাদের দিকে. তা করলে তো হবে না, কিছু বলতে হবে আমাদের, যে ঘটনাটা কি? আপনি একটু বলুন আপনি যদি পারেন আমার কথার তো উত্তর দিচ্ছেন না ও'রা, আপনি একটু বলুন না?

Mr. Speaker:

মিঃ বসু, আপনারাই তো বলছেন! আমি কি বলবো?

Shri Jyoti Basu:

আমরা যখন ব্যর্থ হই. তখন আপনার কাছে আবেদন করছি, আমরা জানি যে কি করে আপনি ওদের জোর করে বলাবেন? আমরা যখন ব্যর্থ হচ্ছি. তখন আপনাকে বলছি যে আপনি একটু হুকুম দিলে ও'রা কিছু বলতে পারেন হয়তো শুনি, ভণ্ডামির কথা হয় সেটাও শুনি আর যদি শ্রদ্ধা থাকে গণতন্ত্রের প্রতি তাহলে সেটা কি হবে. কি করণীয় সেটাও শুনি। আমি জিজ্ঞাসা করতে চাই মাননীয় স্পীকার মহাশয়, যিনি বলতে পারেন. তিনি তো এখানে নেই. মুখ্যমন্ত্রী তিনিই বা কোথায়? আপনি ও'দের একটু জিজ্ঞাসা করুন, মুখ্যমন্ত্রী কোথায়? আমরা একটু জানতে চাই।

Mr. Speaker:

মিঃ বসু, আপনি বসুন, উনি এলে হবে।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received three notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Destruction of houses due to storm of 23rd March, 1965, in Murshidabad district—by Shri Sanat Kumar Raha;

(2) Resolution of the managing committee of Telinipara Bhadreswar School for non-payment of salary of the teachers for the strike period—by Shri Girija Bhusan Mukherjee; and

(3) Concentration of Pakistani force in the border areas of West Dinajpur—by Shri Nathaniel Murmu.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of destruction of houses due to storm of 23rd March, 1965, in Murshidabad district. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Bijoy Singh Nahar: I shall make the statement on Monday.

Shri Sudhir Chandra Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে ননীবাবু যেরকম একটা ঘটনা এখানে তুলেছেন, সেরকম আর একটি দুর্ঘটনা একটা শোভাযাত্রার উপর হয়েছে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৬ নম্বর ওয়ার্ড-এ বিজয়ী প্রার্থী পান্নালাল দাস. তিনি জয়লাভ করার পর, তার সমর্থিত লোকেরা প্রায় ৩।৪ হাজার জন মিলে একটি শোভাযাত্রা বের করলেন, সেই শোভাযাত্রার উপর কারবালা ট্যাঙ্ক লেন-এর উপর দিয়ে যাবার সময় সোডাওয়াটার বটল এবং বোম্ব নিক্ষেপ করেছে. এটা অনেকেই দেখেছেন এবং পুলিশ অফিসার সেখানে ছিলেন, পুলিশ থাকা সত্ত্বেও, তাদের কোনও তৎপরতা প্রকাশ পায়নি, এবং নিষ্ক্রিয়তা লক্ষ্য করা গেছে। আমি অনুরোধ করবো যে গণতান্ত্রিক নির্বাচনের পরে শান্তিপূর্ণ উপায়ে যে সমস্ত ডিমনস্ট্রেসান হবে, তাকে শৃঙ্খলার সঙ্গে রক্ষা করার জন্য পুলিশ কর্তৃপক্ষকে অর্থমন্ত্রী মহাশয় যে নির্দেশ দিয়েছিলেন বা দেবেন বলে ভরসা দিয়েছিলেন. আমি আশা করি তাঁরা নিশ্চয়ই তদন্ত করবেন বিষয়টি এবং

যাতে পরে আর এইরকম ঘটনা না ঘটে তা আমরা দেখতে চাই। এবং এইটুকু অনুরোধ করবো তাঁকে যে তিনি তদন্ত করলে দেখতে পাবেন যে উপর তলার ছাদ থেকে বোম্ব এবং সোডার বোতল পড়েছে তা অনেকেই দেখেছেন। এবং এই সম্পর্কে নিশ্চয়ই তিনি ব্যবস্থা অবলম্বন করবেন।

[2-20—2-30 p.m.]

Implementation of Cease Fire Agreement

শ্রীসুনীল দাসগুপ্ত: স্যার, আজকের কাগজে দেখলাম যে আজকে সন্ধ্যা থেকে ঐ কোচ-বিহারে সীজ ফায়ার হবে। কিন্তু কয়েকদিন আগে আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের স্বরণ সিং যিনি কেন্দ্রীয় পররাষ্ট্র মন্ত্রী তাঁরা বারে বারে আমাদের জানিয়েছিলেন যে ঐ ফোর পয়েন্ট চুক্তি যদি পাকিস্তান পুরোপুরিভাবে ইমপ্লিমেন্ট না করে তাহলে পর কিছুতেই পাকিস্তানী অফিসারদের ঐ ভারতীয় টেরিটোরীর উপর দিয়ে দোহাগ্রামে যেতে দেওয়া হবে না। কিন্তু আমরা দেখে আশ্চর্য হয়ে যাচ্ছি যে ভারত সরকার তথা পশ্চিমবঙ্গ সরকার তাঁদের সেই কথা থেকে তাঁরা সরে এসেছেন। তাঁরা বলছেন যে পাকিস্তান ঐ ফোর পয়েন্ট এগ্রিমেন্ট যেটা হয়েছিল সেটা ইমপ্লিমেন্ট করবার আগেই পাকিস্তানী কর্মচারীদের তিন বিঘার উপর দিয়ে দোহাগ্রামে যেতে দেওয়া হবে না। আমরা বার বার দেখে আসছি যে ভারত সরকার পাকিস্তানের কূটনীতিতে পরাজয় স্বীকার করেন।

মিঃ স্পীকার: মিঃ দাসগুপ্ত এগুলি আমার মনে হয় আজকে প্রিম্যাচিওর হচ্ছে—কেন না মুখ্যমন্ত্রী এখন নেই—অতএব এটা আমার মনে হয় না বলা দরকার। আপনি যদি বলেন বলতে পারেন কিন্তু কথা হচ্ছে আজকে বলার কোন প্রয়োজন নেই। আপনি গ্রাভিটি অব দি সিচুয়েসনের প্রতি এ্যাটেনসন ড্র করেছেন আমার মনে হয় না যে ডিটেল-এর মধ্যে দি মেম্বারস সুড গো।

শ্রীসুনীল দাসগুপ্ত: স্যার, চীফ মিনিস্টার কালকে ঐ এলাকা থেকে ঘুরে এসেছেন—তাঁর উচিত ছিল আজকে হাউসে সমস্ত অবস্থাটা বিবেচনা করে বিবৃতি দেওয়া—তিনি সেই বিবৃতি দেওয়ার প্রয়োজন না মনে করে বর্ধমানে চলে গেলেন।

মিঃ স্পীকার: তিনি এখনও কলকাতায় পোঁছোন নি।

শ্রীসুনীল দাসগুপ্ত: তিনি কলকাতা থেকে বর্ধমানে গেছেন।

মিঃ স্পীকার: উনি এলে বলবেন।

শ্রীকমলকান্তি গুহ: মিঃ স্পীকার, স্যার, একটা কথা হচ্ছে আগে কথা ছিল সীজ ফায়ার হবার পর ভিসা দেওয়া হবে—পাকিস্তানীদের দোহাগ্রামে যাবার জন্য। এখন দেখছি যে তারা যাবে এবং পরে সীজ ফায়ার হবে কিংবা সাথে সাথে হবে—এইরকম যে ঘটনা হচ্ছে আমাদের ভয় হচ্ছে যে একবার যদি চুক্তি হয়ে যায় যেমন বেরুবাড়ী চুক্তি হয়ে গেল তার পর পশ্চিমবাংলার লোক জানতে পারলো এইরকম যদি আমাদের সরকার পিছিয়ে এসে নীতি স্বীকার করেন একটা চুক্তি করে দিলে তখন হাত কামড়ানো ছাড়া আর কোন উপায় থাকবে না। সেইজন্য চূড়ান্ত সিদ্ধান্তে পোঁছানোর আগে আমরা মন্ত্রীদের কাছে কিছু শুনতে চাচ্ছি যে কি ব্যাপার। মুখ্যমন্ত্রী না থাকলেও এখানে ক্যাবিনেটের অন্যান্য মিনিস্টাররা রয়েছেন তাঁরা হয়তো এ বিষয়ে ওয়াকিবহাল আছে এবং তাঁদের হওয়া উচিত।

মিঃ স্পীকার: মিঃ গুহ আপনি দৃষ্টি আকর্ষণ করে দিলেন—তারপর মুখ্যমন্ত্রী আসুন—যা বলবার বলবেন। আপনি তো আপনার এ্যাপ্রিহেনসন বলে দিলেন।

শ্রী[illegible] অধিকারী: স্পীকার মহাশয়, কমলবাবু যা বললেন আমি সেদিক দিয়ে কিছু বলছি না। সেদিন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় ডেকেছিলেন আপনি জানেন।

মিঃ স্পীকার: সেটা ইন ক্যামেরা ডেকেছিলেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ইন ক্যামেরা হলেও দেখলাম যে কাগজে সমস্ত প্রসিডিংস উঠে গেছে। এটা যদি ইন ক্যামেরা হয় তাহলে আমার মনে হয় আমাকে বেশী কিছু বলতে হবে না। আমি আপনাকে যেটা বলছি সেটা হচ্ছে যে মুখ্যমন্ত্রী সমস্ত পার্টি লিডারকে ডেকে এই কথাটা তিনি ক্যাটিগরীক্যালি বলেছিলেন যে যে ফোর পয়েন্ট এগ্রিমেন্ট হয়েছে......

মিঃ স্পীকার: মিঃ অধিকারী, এই কথাগুলির জন্য আমি বলছি যে আজকে উনি এখানে নেই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ঐ কথাটাই আমি বলছি স্যার, যে উনি এলেন কাগজে দেখলাম আপনি যেমন কাগজে দেখেছেন—কিন্তু কাগজে দেখার পর এইটুকু আমরা স্বভাবত আশা করেছিলাম যে ঐরকম একটা মিসন থেকে ফিরে এসে এইরকম একটা ক্রিটিক্যাল টাইমে উনি এসে কিছু বলবেন যে কি অবস্থা এবং এ বিষয়ে তাঁর মতামত বলবেন। কিন্তু সেটা দেখতে পাই নি। উলটে শুনলাম তিনি নাকি বর্ধমান গেছেন। এর দ্বারা প্রমাণ হচ্ছে যে বর্ডার ডিফেক্টস বা বর্ডারের ব্যাপারের চেয়ে অন্যান্য কাজগুলি ও'দের কাছে বড়। সেই জন্য আমার বক্তব্য যে আমরা যে ডিবেটটা চাচ্ছি সে সম্পর্কে আপনি মুখ্যমন্ত্রীকে বলুন যে সেই ডিবেটটা যেন তিনি এলাউ করেন।

Migration of East Bengal Refugees to India

শ্রীকমলকান্তি গুহ: স্যার, আমি যেটার জন্য আপনার অনুমতি চেয়েছিলাম সেটা হচ্ছে আগামী কাল থেকে পূর্ববঙ্গ থেকে যে সমস্ত উদ্বাস্তুরা আসবেন—যাঁদের ভ্যালিড ডকুমেন্ট থাকবে না—আমাদের সরকার তাঁদের আসা সম্পূর্ণ বন্ধ করে দেবেন। এটা স্যার, একদম মানবতাবিরোধী ব্যাপার এবং যে প্রতিশ্রুতি ১৯৪৭ সালের ১৫ই আগস্টের আগে দেওয়া হয়েছিল পূর্ববঙ্গের সংখ্যালঘুদের আজকে যদি তাঁদের কাছে আমাদের দুয়ার বন্ধ করে দেওয়া হয় তাহলে তাদের কি অসহনীয় অবস্থা হবে সেটা আমাদের সরকারকে চিন্তা করে দেখতে হবে। আজকে পূর্ববঙ্গে সেখানে আয়ুব সরকার যেভাবে অত্যাচার করছেন এবং সেখানে ইলেকসনের পর সংখ্যালঘুদের উপর যেভাবে ব্যাপকভাবে অত্যাচার করছে তার পরে পাকিস্তান সরকারের আমাদের সাথে যে মনোভাব তা থেকে আমরা ধারণা করতে পারি যে সেখানে সংখ্যালঘুদের উপর কি রকম অত্যাচার করা হচ্ছে। কাজেই এই অবস্থায় যখন লোকে নিজেদের বাস্তুভিটা নিজেদের জীবিকা ছেড়ে শুধু প্রাণ এবং সম্মানের ভয়ে ভারতবর্ষে আশ্রয় নিতে আসছেন তখন তাঁদের আসতে দেবেন না কেন বুঝতে পারছি না। টিবেটের যাঁরা ইভাকিউইস এসেছিলেন তাঁদের ও'রা রাজার হালে রেখেছেন—তাদের থাকা খাওয়া ফ্রি ট্রিটমেন্ট এই সমস্ত ব্যবস্থা করেছিলেন—আর যাঁরা নিজেদের রক্ত দিয়ে স্বাধীনতা এনেছেন যাঁদের কাছে আমাদের সরকারের প্রতিশ্রুতি রয়েছে যে সব সময় তাঁদের জন্য ভারতবর্ষের দুয়ার খোলা থাকবে—তাঁদের ব্যাপারে আগামী কাল থেকে তাঁদের জন্য দুয়ার বন্ধ করে দেওয়া হচ্ছে এটা আমরা কখনও টলারেট করতে পারি না। সেজন্য মন্ত্রীদের কাছ থেকে শুনতে চাই যে তাঁরা এ ব্যাপারে কি করবেন। আজকের রাত পোহালে তাঁদের দুয়ার বন্ধ হয়ে যাবে। কাজেই মন্ত্রীরা বলুন, এতে চীফ মিনিস্টারের দরকার হয় না। অনেক মন্ত্রী রয়েছেন তাঁরা পরিষ্কার করে বলুন যে তাঁরা কি করবেন।

মিঃ স্পীকার: অনারেবল মিনিস্টাররা—মিঃ গুহ যে সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করলেন সে সম্বন্ধে যদি কিছু জানেন তাহলে বলতে পারেন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এটা পরে বলবো।

শ্রীকমলকান্তি গুহ: এটা পরের ব্যাপার নয়।

মিঃ স্পীকার: তাহলে, মিঃ গুহ, আমি আপনাকে বলতে পারি যে আমি তো ও'দের বলাতে পারি না।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আজকে বোধ হয় কোন কথা বলা সম্ভব নয়, আজকে সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়া অথবা মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত নেই। কাজেই তাঁদের অনুপস্থিতিতে আমাদের পক্ষে কোন কথা বলা সম্ভব হবে না।

শ্রীকমলকান্তি গুহ: স্যার, হাজার হাজার লোকের দুয়ার বন্ধ করে দেওয়া হবে, আর উনি বলছেন পরে বলবো—তা হবে না। তাহলে সেই ডিপার্টমেন্টকে ধরা হোক। ক্যাবিনেটের যৌথ দায়িত্ব রয়ে গেছে। কালকে থেকে লোকগুলোকে ওপারে তাড়িয়ে দেওয়া হবে, আবার গুণ্ডাদের মুখে ছেড়ে দেওয়া হবে আর উনি বলছেন বলতে পারবো না। ও'রা আরামে বসে থাকতে পারেন ও'দের ভাবনা চিন্তা নেই—কিন্তু এ ব্যাপারে আমরা চুপচাপ বসে থাকতে পারছি না। আমরা একটা কিছু শুনতে চাই।

শ্রীদেবশরণ ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে আমাদের বিধানসভার সদস্য শ্রীনেপাল রায়—করপোরেশন ইলেকসন সম্পর্কে প্রতিজ্ঞা করেছিলেন যে সত্যানন্দ ভট্টাচার্য এবং হরপ্রসাদ চ্যাটার্জি জয়লাভ করলে তিনি এই হাউস থেকে শাড়ী এবং চুড়ি পরে বেরিয়ে যাবেন। সেইজন্য আপনার অনুমতি নিয়ে আমি একটা শাড়ী এবং চুড়ি নিয়ে এসেছি—নেপালবাবু এখানে উপস্থিত নেই—এটা স্যার আমি ও'র টেবিলে রেখে দিচ্ছি। এটা যতীনবাবু পাঠিয়ে দিয়েছেন।

মিঃ স্পীকার: দেখুন আমি আপনাদের সব সময় বলতে দিই—কিন্তু আমি আপনাদের রিকোয়েস্ট করেছি যে আমাকে একটু বলে রাখবেন। এইটুকু কার্টসি অন্তত হাউসের মেম্বারদের কাছ থেকে আমি আশা করি। যখনই আমার কাছে আসেন তখনই আমি পারমিসন দিই।

শ্রীকমলকান্তি গুহ: স্যার, আমি বলছিলাম যে আজকে কিছু বলতে না পারলে কালকে কি হবে—এটা সম্বন্ধে শ্রীগৌর কুণ্ডু মহাশয় আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলেন।

মিঃ স্পীকার: মিঃ গুহ, আপনি একটা এ্যাটেনসন ড্র করেছেন—তার পরে ও'রা দেখবেন। আপনি যদি এখুনিই বলতে বলেন তাহলে কি করে হবে?

শ্রীকমলকান্তি গুহ: সারাদিনের মধ্যে বলুন।

শ্রীননী ভট্টাচার্য: স্যার, মুসকিল হয়ে যাচ্ছে কালকে বর্ডার সিল হয়ে যাচ্ছে, সুতরাং আজকের মধ্যে তাঁরা কোন একটা সময়ে যদি না বলেন তাহলে তো কালকে বর্ডার সিল হয়ে যাবার পর কি বললেন—আবার কি নতুন করে ব্যবস্থা করবেন কিছুই বুঝতে পারছি না। সেই-জন্য আমার মনে হয় যে তাঁদের উচিত আজকে কোন একটা সময়ে এ বিষয়ে তাঁদের যা ডিসিসন সেই ডিসিসনটা পরিবর্তন করছেন কিনা সেটা জানানো উচিত।

শ্রীকাশীকান্ত মৈত্র: স্পীকার স্যার, আমি আপনার কাছে আবেদন করছি যে এই ব্যাপারটা মনে হয় ছেড়ে দেওয়া ঠিক হবে না। কারণ আমি আপনাকে স্মরণ করিয়ে দেবো আপনি অবশ্য জ্যোতিবাবুর প্রশ্নের উত্তরে বলেছিলেন ইউ ক্যাননট মেক দেম টক।
কিন্তু
in certain circumstances certainly the Speaker can make them talk.
আমি আপনাকে বলছি যে গত পরশুদিনের যে রুলিং সেটা আপনি দেখে থাকবেন শেখ আবদুল্লা পাসপোর্ট নিয়ে ভারতবর্ষের বাইরে গিয়েছিলেন। সেই পাসপোর্টে কিভাবে তাঁকে বর্ণনা করা হয়েছে সেই ব্যাপার নিয়ে যখন আলোচনা হয় তখন পররাষ্ট্র মন্ত্রী সর্দার স্বরণ সিং যে এক্স-প্লানেসান দিয়েছিলেন তার উত্তরে নিশ্চয়ই আপনি দেখে থাকবেন স্পীকার হিসাবে তিনি যে মন্তব্য করেছিলেন, এটা প্রতিটি সংবাদপত্রে বলেছিলেন, সেই মন্তব্যের মাধ্যমে সরকারকে সেখানে সেন্সার করেছেন। তাহলে কি ধরে নেওয়া যাবে এই যে ডেসক্রিপসান এইভাবে দেওয়া হল সেটা কোন অফিসারের গাফিলতির জন্য হয়েছে? মন্ত্রী পরিষদ যদি এর দায়িত্ব না নেন তাহলে কি

ধরে নিতে হবে তাঁরা নিয়েছেন? স্পীকার হিসাবে তিনি তাঁর বিশেষ কর্তব্য পালন করেছেন। স্যার, আপনিই বিবেচনা করে দেখুন যেখানে বর্ডার আগামী কাল সিলড হয়ে যাচ্ছে উইদাউট রেফারেন্স

to the West Bengal Government, without reference to Cabinet, without reference to the State Legislature.

তাঁরা এই জিনিস করতে যাচ্ছেন সেখানে এই লেজিসলেচারের কি অর্থ আছে সেটা আমি জিজ্ঞাসা করতে চাই? আমরা জানি এই হাউসে আলোচনা হবে, হাতি এবং পিঁপড়ে এই রেসিওতে আলোচনা হবে এবং প্রত্যেকটা ভোটে আমরা হেরে যাব।

[2-30—2-40 p.m.]

মিঃ স্পীকার: মিঃ মৈত্র, আপনাদের আলোচনাটাকে এত লোয়ার ডাউন করতে চান?

শ্রীকাশীকান্ত মৈত্র: তা নয়। আমি জিজ্ঞাসা করছি তাহলে এই হাউসের আর কি মর্যাদা আছে? আমাদের হাউসের কোন মর্যাদা রুলিং পার্টি, ট্রেজারী বেঞ্চ দেন নি। সেজন্য আপনার একটা বিশেষ দায়িত্ব রয়েছে।

মিঃ স্পীকার: দায়িত্ব থাকতে পারে। নিজেদের ডিসকাসান,

Don't bring the discussion so low.

শ্রীকাশীকান্ত মৈত্র: স্যার, আপনি কনভিনিয়েন্টলি এক এক সময় ভুলে যান। আপনি ভুলে যাচ্ছেন যে আমি যখন অপোজিসান থেকে বক্তৃতা করেছিলাম তখন এই হাউসে মুখ্যমন্ত্রী অপোজিসানকে ব্যানটার করেছিলেন এই বলে যে ও'রা পিঁপড়ে আমরা হাতি এবং এই হাতি এবং পিঁপড়ের এ্যালিউসান নিয়ে এই হাউসে এক ডজন বক্তা বক্তৃতা করে গেছেন। আপনি হঠাৎ এটা ভুলে যাচ্ছেন কেন?

মিঃ স্পীকার: আমি ভুলিনি। আমি হাউসের স্পীকার হিসাবে মেম্বারদের কাছে এইটুকু আশা করি মেম্বারদের জন্য এবং হাউসের রেসপেকটের জন্য যে যেখানে একটা ডিসকাসান হয় তার উপর

Members should not make a reflection.

—তাকে হাতি, ঘোড়া এই সব বলে।

শ্রীকাশীকান্ত মৈত্র: মিঃ স্পীকার, স্যার, আমিও আপনার কাছে আশা করি যে যখন মুখ্যমন্ত্রী আমাদের এইভাবে ব্যঙ্গ করেছিলেন তখন আমরা আপনার কাছে প্রোটেকসান চেয়েছিলাম, আপনি মুখ্যমন্ত্রীকে তখন সেনসার করে বলতে পারতেন যে এইভাবে বর্ণনা করবেন না, যদি অপোজিসানের একজন মেম্বারও হয় তাহলে সেই একটা মেম্বারের বক্তব্য শুনতে হবে। তারপরে দেখুন কোয়েশ্চেন আওয়ারে কোয়েশ্চেন করলে মন্ত্রীরা প্রত্যেকদিন বলছেন নোটিশ চাই, এ্যাভয়েড করছেন।

মিঃ স্পীকার: মিঃ মৈত্র, এখানে আপনাকে আমি কারেক্ট করে দেব। আজকাল কোয়েশ্চেনের উত্তর, আমার নিজের এক্সপিরিয়েন্সে বলছি, অনেক ভাল হয়। আজকে ১৫টা কোয়েশ্চেন ছিল, ক'টায় নোটিশ বলেছেন?

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি একদিনের কথা বলছেন, কিন্তু আমার প্রায় ৩ বছরের এক্সপিরিয়েন্স হয়ে গেল। এই ৩ বছরে কয়টা এ্যানসার পেয়েছি মন্ত্রীদের কাছ থেকে সেটা দেখেছি, সেটা ভুলতে পারিনি। একদিন ভাল করেছেন বটে, আর বাকি ৩৯০ দিন যেভাবে ফেল করেছেন, তাঁদের দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছেন সেটা আমি ভুলতে পারছি না। আমি বলছি সেদিন বর্ডারের উপর এ্যাডজোর্নমেন্ট মোশান ডিসএ্যালাওড হয়ে গেল। জ্যোতিবাবু বললেন এর চেয়ে ফিট সাবজেকট আর কি থাকতে পারে জানি না। সুতরাং এ্যাডজোর্নমেন্ট মোশান কখনও এ্যালাওড হবে না। একটা অকেসানে আপনি এ্যালাও করেছিলেন আমার মনে আছে সেটা হচ্ছে একটা ফুড এবং আর একটা গত বছর দাঙ্গার ব্যাপারএ। এছাড়া আমি জানি না এ্যাডজোর্নমেন্ট মোশান এই তিন বছরের মধ্যে এ্যালাউড হয়েছে কিনা। কোয়েশ্চেনের ব্যাপারে আমরা দেখছি

হ্যান্ডিক্যাপ্ট, এ্যাডজোর্নমেন্ট মোশান এ্যালাউড হয় না, সেন্সার মোশানে আমরা ফেল করব যেহেতু আমরা পিঁপড়ের দল আমাদের স্ট্রেন্থ নেই, তাহলে প্রশ্ন হচ্ছে লেজিসলেচারের দায়িত্ব কোথায়? আলোচনা আমরা তুলতে পারি, কিন্তু আলোচনা তুললেও বর্ডার সিল্ড হয়ে যাবে। তাহলে এই যে লক্ষ লক্ষ লোক এদের ভবিষ্যৎ কোথায়?

মিঃ স্পীকার: মিঃ মৈত্র, আপনি যে ইস্যু তুলেছিলেন সেই ইস্যু থেকে এখন অন্য ইস্যুতে চলে এলেন।

Shri Kashi Kanta Maitra:

আমি আবার ঘুরে ফিরে সেই সাবজেক্ট-এ এসে বলছি। আজকে যেখানে বর্ডার আগামীকাল সিল্ড হয়ে যাচ্ছে, আমি আপনার বিবেকের কাছে মানবতার দোহাই দিয়ে আবেদন করছি—কাল থেকে যখন বর্ডার সীল হয়ে যাচ্ছে, যার সংগে ওপারের হাজার হাজার মানুষের ভবিষ্যৎ জড়িত এমতাবস্থায় আজ যদি মন্ত্রীদের কাছ থেকে একটা স্টেটমেন্ট না পাই, একটা অ্যাসিওরেন্স না পাই, তাহলে আপনি বলুন স্যার, সরকারের কি মর্যাদা থাকতে পারে? এই হাউসের গুরুত্ববোধ থাকতে পারে? সেই সব লোকের এইটুকু সান্ত্বনা থাকতে পারে যে আমাদের পশ্চিমবঙ্গের বিধানসভার সদস্যরা আমাদের জন্য চেষ্টা করেছেন, আমাদের সম্বন্ধে আলোচনা করেছেন। কালকে মুখ্যমন্ত্রী এসে বলবেন বলছেন। কিন্তু এখানে দুজন কেবিনেট মিনিস্টার রয়েছেন। এখনই তাঁরা কিছু বলতে পারেন। আগে একদিন দুর্গাপুর প্রসংগে শ্রীমতী মুখার্জী বলেছিলেন।

Mr. Speaker:

আগের কথা ছেড়ে দিন। আজকে যে কথা উঠেছে, সেই কথার উপর দয়া করে যদি কিছু বলতে চান তো বলুন।

Shri Kashi Kanta Maitra:

দয়া করে নয়—আজ এ মেটার অফ রাইট বলবো—আমাদের কন্সটিটিউসনাল অবলিগেশান আছে— টু স্পীক আপ যে মানুষগুলি অসহায় অবস্থার মধ্যে পড়েছে, তাদের সম্বন্ধে আমাদের যে একটি নৈতিক কর্তব্য রয়েছে, একটা রাজনৈতিক দায়িত্ব রয়েছে, তা থেকে আমরা আজ পেছিয়ে যেতে পারি না। আমি মন্ত্রিমহাশয়ের তথা কংগ্রেস সরকারের কাছে দাবী করছি, অনুরোধ করছি—এই হাউসে সে সম্বন্ধে তিনি একটি স্টেটমেন্ট করুন। এ ব্যাপারে আপনার বাধা কোথায়?

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, ব্যাপারটা পরিষ্কার হয়ে যাচ্ছে—ও'রা বলছেন, কেন্দ্র বর্ডার সীল করছেন। আমি আপনার মাধ্যমে প্রশ্ন করবো—ও'রা এ সম্বন্ধে কী মনে করেন? আমাদের পশ্চিমবঙ্গের মন্ত্রিমণ্ডলী এই সম্পর্কে কী ভাবছেন যে বর্ডার সীল করে দেওয়া দরকার? কেন্দ্রীয় সরকার এই যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন, তা ঠিকভাবে গৃহীত হয়েছিল কিনা? যদি তা না হয়ে থাকে, তাহলে তাঁরা এর প্রতিবাদ করেছেন কিনা কেন্দ্রীয় সরকারের কাছে? সেই প্রতিবাদ যদি কেন্দ্রীয় সরকার না শুনে থাকেন, তাহলে তাঁরা কী করবেন? কাজেই এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে একটি বিবৃতি এখানে থাকা উচিত ছিল। কারণ আমরা শুনছি এ'রাও বলছেন যে এটা কেন্দ্রীয় সরকার করেছেন, আমরা কী করবো! ও'রা কি ভেবেছেন এটা করা উচিত-কি-উচিত নয়? কাল থেকে ওপারের লোক আসা বন্ধ হয়ে যাচ্ছে। অন্যদিকে বর্ডারে গুলি চলছে। কিছু লোক চলে এসেছে। এই সময় যদি সীমান্ত বন্ধ করে দেওয়া হয়, তাহলে অমানুষিক কাজ হবে।

Shri Jyoti Basu:

মিঃ স্পীকার, আমি বলছিলাম, এমতাবস্থায় আপনি কী করবেন? মন্ত্রীরা যদি এই রকম ভাবে ব্যবহার করেন, তাহলে আপনার পক্ষেও মুস্কিল, আমাদের পক্ষেও মুস্কিল। আমরাই বা আপনাকে কত প্রেসার দেব। আপনি কি করবেন জানি না। এখানে উপস্থিত মন্ত্রীরা এ সম্বন্ধে এই বর্ডার সীল সম্বন্ধে কোন কথা বলতে পারছেন না। যে হ্যাঁ, আমরা আধ ঘণ্টা পরে

এসে বলবো। এটাও তাঁরা বলছেন না। আজকে মুখ্যমন্ত্রীকেও দেখছি না, শৈলবাবুকেও দেখছি না। কেন্দ্রীয় সরকারের ব্যাপার হলেও আমি বলি ও'দের তো দায়িত্ব আছে। কারণ বাংলাদেশে যাঁরা এসেছেন, তাঁরা আগেই এখানে এসেছেন, ভবিষ্যতেও আরো আসবেন। তাঁরা বর্ডার সীল করুন আর যা করুন, এই রকম একটা নির্মম ঘটনা যদি এই রকমভাবে চলতে থাকে তাহলে তার ফল খুব ভাল হতে পারে না। তারা বর্ডার পার হয়ে এমনি আসেনি, তারা সেখানে থাকতে পারেনি বলেই বাধ্য হয়ে চলে এসেছে এ পারে। সেই জন্য আমি বলছি—মন্ত্রীদের এই রকমভাবে ব্যবহার করা একেবারেই ঠিক নয়। এইরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে তাঁরা এমন নির্মম হচ্ছেন কেন? ও'দের কাজ আমরা অবসম্ভাষ্ট করতে চাচ্ছি না। ও'রা বলুন না আমরা দিল্লীর সংগে আলোচনা করে বলছি। মুখ্যমন্ত্রী এখানে না থাকলেও এই রকম একটি গুরুত্বপূর্ণ বিষয়ে তাঁরা কোন কথা বলবেন না, এখনো এই কেবিনেট উঠে যায়নি। তাদের জয়েন্ট রেসপনসিবিলিটি কয়েকজন হয়ত এদিক-ওদিক আছেন, কেউ হয়ত চা খাচ্ছেন। অন্ততঃ পক্ষে একটা দায়িত্ব নিয়ে বলুন, ভয় পাচ্ছেন কেন? টেলিফোন করুন দিল্লীতে। যে সব কথা উঠেছে এই সম্পর্কে তার জবাব আপনাদের দিতে হবে। টেলিফোন করতে কতক্ষণ লাগবে?

Shri Jagannath Kolay:

মাননীয় সদস্যরা যে কথা বললেন, তা প্রণিধানযোগ্য ঠিকই। কিন্তু আজকে এখানে মুখ্যমন্ত্রী নাই, তিনি সন্ধ্যাবেলা ফিরবেন। রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেসন্ মিনিস্টারও এখানে নাই, কুচবিহার গেছেন; তিনিও আজ ফিরবেন। আমি মনে করি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেসন মিনিস্টার ফিরে এসে এ সম্বন্ধে একটি স্টেটমেন্ট দেবেন।

Shri Kamal Kanti Guha:

এই যে আপনি বলছেন চীফ মিনিস্টার এলে হবে, শ্রীমতী আভা মাইতি এলে হবে, এ প্রশ্ন নয়। আমাদের কথা হচ্ছে এটা কেবিনেটের যৌথ দায়িত্ব। এটা আভা মাইতির কোন ব্যাপার নয়।

Shri Jagannath Kolay:

এটা আমি অস্বীকার করছি না। আমরা কালকে এ সম্বন্ধে স্টেটমেন্ট দেব।

[নয়েজ অ্যান্ড ইন্টারাপশন]

[2-40—2-50 p.m.]

শ্রীজগন্নাথ কোলে: হাউসের একটা নিয়ম আছে নোটিশ দিতে হবে। কাজেই আমরা কালকে দেব।

শ্রীসুনীল দাশগুপ্ত: বর্ডার বন্ধ হয়ে যাচ্ছে কাজেই আমরা আজকেই স্টেটমেন্ট চাই।

শ্রীজগন্নাথ কোলে: আজকে কি করে দেব?

শ্রীহেমন্তকুমার বসু: স্যার, এটা অত্যন্ত অমানুষিক ব্যাপার দেখছি। দেশ যখন বিভক্ত হয়েছিল তখন পণ্ডিত নেহরু বলেছিলেন, যদিও দেশ বিভাগ হচ্ছে কিন্তু ওদিককার লোক যদি এখানে আসে তাহলে আমরা তাদের ভুলে যাব না। তাঁদের শরীরে যে রক্ত বইছে আমাদের শরীরেও সেই রক্ত বইছে এবং তাঁরা ভারতের স্বাধীনতা সংগ্রামে যোগদান করেছেন—কাজেই আমরা তাঁদের ভুলে যাব না। সেদিক থেকে আমি মনে করি এই যে সিল করা হচ্ছে এটা অন্যায় এবং অমানুষিক ব্যাপার। আজকে তাদের যে গুন্ডার হাতে ঠেলে দেওয়া হচ্ছে এটা অত্যন্ত অন্যায় এবং এটা কখনও সহ্য করা যায় না। আজকে মানুষকে যদি এইভাবে বিপদের মধ্যে ফেলে দেওয়া হয় তাহলে আমি বলব সরকার তাঁদের নীতি থেকে দূরে সরে যাচ্ছেন। আমি মনে করি সেই নীতি যাতে কার্যকরী হয় সেটা তাঁদের করা উচিত। পশ্চিম পাঞ্জাব থেকে সব লোক পূর্ব পাঞ্জাবে এসেছে, কিন্তু এখানে সব লোক আসেনি এবং আমরা তাদের আনি নি। আজকে সেখানে যারা রয়েছে তারা নিজেদের প্রাণ হাতে করে রয়েছে, কারণ সেখানে সাম্প্রদায়িক দাঙ্গা চলছে এবং

নানা রকম অন্যায় কার্য চলছে। আমি জিজ্ঞাসা করি এই অবস্থায় তারা সেখানে কি করে বাস করবে? কাজেই এই যে সিল করা হচ্ছে এতে বাংলা সরকার কি করে রাজী হলেন আমি বুঝতে পারছি না। আমার মনে হয় তাঁদের প্রতিবাদ করা উচিত এবং আমরা অ্যাসেম্বলীতে যে দাবী করছি সে সম্বন্ধে ক্যাবিনেট মিনিস্টার যাঁরা এখানে আছেন তাঁরা বর্ধমানে মুখ্যমন্ত্রীর সঙ্গে কনট্যাক্ট করে আধ ঘণ্টা বা এক ঘণ্টার মধ্যে তাঁদের বক্তব্য রাখুন।

শ্রীসোমনাথ লাহিড়ী: হেমন্তবাবু যে বক্তব্য রাখলেন আমি তা সমর্থন করি। স্যার, আপনি জানেন পাকিস্তান এবং হিন্দুস্থান গুলী বিনিময় চলছে এবং তার ফলে পাকিস্তানের ভেতর সাম্প্রদায়িক হাঙ্গামা বৃদ্ধি করবার চেষ্টা চলছে বলে সেখানকার সংখ্যালঘুরা নূতন করে বিপদের মুখে পড়েছে। কিন্তু এই সময় যদি বলা হয় আমরা বর্ডার সীল করব তাহলে তাদের বলা হোল তোমরা বিপদের মধ্যে থাক, মর এবং আমরা কোন রকম ব্যবস্থা করতে প্রস্তুত নই। কাজেই বুঝে দেখুন সেখানকার সংখ্যালঘুরা কি অসহায় অবস্থার মধ্যে পড়ে থাকবে। আমি মন্ত্রিসভার পক্ষ থেকে কৈফিয়ত চাই এই সময় এই জিনিস কি করে পাশ হোল? স্যার, আমরা শুনলাম এর জন্য দেরী করা সম্ভব নয়, কালকেই বর্ডার সীল হয়ে যাচ্ছে। এই যখন অবস্থা তখন কেন্দ্রীয় সরকারের উপর সমষ্টিগতভাবে চাপ দিয়ে যদি পরিবর্তন করা সম্ভব হয় তাহলে আজকেই আমাদের মন্ত্রিসভাকে বিরোধী পক্ষের সঙ্গে বসে সিদ্ধান্ত নিতে হবে। আর যখন সময় নেই, কালকেই এটা ঘটবে তখন আজকে বিরোধী পক্ষের সঙ্গে বসে, আলোচনা করে সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তকে পুনর্বিবেচনা করাবার চেষ্টা করতে হবে। কি করে এই সিদ্ধান্ত হোল সেটা তাঁরা যখন জানেন তখন তাঁরা এটা পুনর্বিবেচনা করবেন কিনা এবং আমরা কিভাবে সেদিক থেকে তাঁদের সাহায্য করতে পারি সেটা জানালে স্থির মনে আমরা আলোচনা করতে পারব।

শ্রীনিখিল দাস: উনি বললেন আমাদের নোটিশে আনি নি। কিন্তু আপনি যদি হাউসের রেকর্ড প্রসিডিংস খুলে দেখেন তাহলে দেখবেন রিফিউজী অ্যান্ড রিহ্যাবিলিটেসন্ বাজেটে আমরা বলেছিলাম বর্ডার সীল সম্পর্কে। দ্বিতীয় পয়েন্ট হচ্ছে কেন্দ্রীয় সরকার যে ফার্স্ট এপ্রিল থেকে সিল করছেন এটা কাগজে ১০।১২ দিন আগে কাগজে বেরিয়েছে এবং তাঁরা সেটা জানেন। আমরা রিফিউজী অ্যান্ড রিহ্যাবিলিটেশন-এর ব্যাপারে আলোচনার সময় আমরা একথা বলেছিলাম. কিন্তু আমাদের কথার জবাব পুনর্বাসন মন্ত্রী দেন নি। আমার তৃতীয় কথা জিজ্ঞাস্য হচ্ছে কেন্দ্রীয় সরকার এই যে সিদ্ধান্ত করেছেন সে সম্পর্কে পশ্চিমবাংলা সরকারের সিদ্ধান্ত কি? তাঁরা কি এই সিদ্ধান্তকে ওয়েলকাম করেছেন, না এর প্রতিবাদ করেছেন? জগন্নাথবাবু সেকথা বলতে পারলেন্ না এবং আমরা দেখলাম কেন্দ্রীয় সরকার এরকম একটা সিদ্ধান্ত নিলেন আর ও'রা চুপ করে বসে রইলেন।

চুপ করে বসে থাকলে হবে না। বাংলাদেশের ক্যাবিনেট মিনিস্টাররা, মন্ত্রিমণ্ডলী এই ব্যাপারে কি সিদ্ধান্ত নিয়েছেন, তাঁরা কি কেন্দ্রীয় সরকারের কাছে এর প্রতিবাদ পাঠিয়েছেন, না কি এটা ওয়েলকাম করেছেন, এটা পরিষ্কার করে বলবার জন্য নোটিশের প্রয়োজন নাই। যদি ও'রা মনে করেন কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত ন্যায়, তাহলে ও'রা বলুন যে আমরা কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত সমর্থন করি আর এ'রা যদি অন্যায় মনে করেন তাহলে সোমনাথবাবু যেকথা বলেছেন, এখান থেকে জয়েন্টলী টেলিগ্রাফিক্যালি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হোক তাদের উপর জয়েন্ট চাপ দিয়ে। এই দুটি অল্টারনেটিভ আছে, এ'রা কি এ সম্বন্ধে বলতে পারেন্ না, নিশ্চয়ই বলতে পারেন, দে মাস্ট বি বোল্ড এনাফ। যদি ক্যাবিনেটের সিদ্ধান্ত ঠিক থাকে। গোপনে বসে ঠিক করবেন কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত ঠিক হয়েছে বলে আর এই হাউসে সময় চাইবেন এটা চলবে না। এ'রা যদি মনে করে থাকেন কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত ঠিক হয়েছে, ন্যায় হয়েছে সেটা এখানে দাঁড়িয়ে বলে দিন, আর যদি মনে করেন ঠিক হয় নি তাহলে সেটাও দাঁড়িয়ে বলে দিন। ক্যাবিনেট কেন নীরব ছিল, এ সম্বন্ধে কেন চুপ ছিল, এই ঘটনাতো আজকে ঘটে নি, ১০।১২ দিন আগে কাগজে বেরিয়েছে। আমি তাদের অনুরোধ করবো, এটা পরিষ্কার করে বলুন, এটা গুরুত্বপূর্ণ ব্যাপার, এরা যদি না বলেন এবং জেনে শুনে ন্যাকা সাজেন তাহলে কিন্তু অসুবিধা হবে।

শ্রীসোমনাথ লাহিড়ী: মন্ত্রিসভার সদস্যদের দেখছি আলোচনা করছেন, পরস্পর পরামর্শ করছেন, এ বিষয়ে যদি চান, আমার সাজেসন হচ্ছে, ১৫।২০ মিনিটের জন্য হাউস অ্যাডজোর্ন করে দিন. তাঁরা নিজেদের মধ্যে আলাপ আলোচনা করে নিন, এবং হাউসের সামনে এসে বলুন। তাতে আমার কোন আপত্তি নাই, ১৫ মিনিট অ্যাডজোর্ন করে দিন আর এখনই যদি বলতে পারেন তো বলুন।

শ্রীকমলকান্তি গুহ: জগন্নাথবাবু বলেছেন শ্রীমতী আভা মাইতি নেই, সুতরাং বলতে পারবেন না, এটাতো চিড়া মুড়ির প্রশ্ন নয় যে রিলিফ দেবেন, এটা হচ্ছে সরকারী নীতির প্রশ্ন। রাষ্ট্রীয় নীতির প্রশ্ন, এটা একজন মন্ত্রীর ব্যাপার নয়, এটা যৌথ দায়িত্বের প্রশ্ন। এইভাবে যদি আপনারা সরে যান বা আমাদের কথার উত্তর না দিতে চান এবং যদি মনে করেন কাল বর্ডার সীল করে দেবেন, তাহলে আপনারা সহজে পার পাবেন না, আজকে এইকথা বলে আপনারা আমাদের বিভ্রান্ত করতে পারবেন না, পরিষ্কারভাবে নিখিলবাবু, সোমনাথবাবু যে কথা বলেছেন যে আপনারা হাউস অ্যাডজোর্ন করে দিয়ে নিজেদের মধ্যে আলোচনা করে নিন তারপর আমাদের জানান, এটা করুন, নইলে আমরা এ বিষয় নিয়ে আলোচনা করবো, এই অবস্থায় সীমান্তের অপর পারে লোকগুলো গুণ্ডাদের হাতে থাকবে আর এখানে বসে বসে আলোচনা চলবে ৫টা পর্যন্ত সেটা হবে না। আমি পরিষ্কার জানতে চাই আপনারা উত্তর দেবেন কি না, আমাদের সঙ্গে আলোচনা করে তাদের বাঁচাবার পথ যদি পরিষ্কার করতে না চান তাহলে হাউসের ভিতরেও আবহাওয়া পরিষ্কার থাকবে না।

(নয়েজ)

মিঃ স্পীকার: মিঃ গুহ, হাউসের ভিতরও আবহাওয়া পরিষ্কার থাকবে না—এটা বলা ঠিক নয়।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: স্যার, আপনিতো নির্বাক, ও'রাও বসে আছেন। আপনি যেমন আমাদের মাঝে মাঝে বলেন এখন ওদেরও একটু বলুন।

মিঃ স্পীকার: মিঃ অধিকারী, আমাকে আমার ডিউটি না দেখিয়ে, আপনাদের যা বলবার বলুন; আমি অনেকবার একথা শুনেছি যে আমি নির্বাক; সকলের মুখে একথা শোনা যায় না।

শৈলেন্দ্রনাথ অধিকারী: স্যার, এই রকম একটা প্রশ্ন, গুরুত্বপূর্ণ প্রশ্ন, মানবিকতার প্রশ্ন, সেজন্যই বলছি।

[2-50—3 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এটা শুধু গুরুত্বপূর্ণ প্রশ্ন নয়—এটা মানবিকতার প্রশ্ন। এখানে কেবিনেট মিনিস্টার সব বসে আছেন তাঁরা কথা বলছেন না কেন?

মিঃ স্পীকার: গুরুত্বপূর্ণ বলে আজকে মেইন বিজিনেস-এ আপনারা কেউ এটা আইটেম-এ দেন নি। আমি যখন শ্রীকমল গুহকে ডাকলাম যে আপনি কোন আইটেম-এ বলবেন বলেছিলেন খুব আরজেন্ট ম্যাটার, তিনি প্রথমে বললেন ভুলে গিয়েছিলেন এবং তারপর আমি তাঁকে সেটা বলে দিলাম।

শ্রীকমলকান্তি গুহ: আমি বিনয়ের সঙ্গে প্রতিবাদ করছি যে আপনি আমাদের জিনিষটাকে খেলো করার চেষ্টা করছেন। যখন শৈলবাবু দাঁড়িয়েছিলেন নিখিলবাবু বলেছিলেন চীফ মিনিস্টারের একটা স্টেটমেন্ট নিয়ে আপনি তখন আমাকে ডাকলেন এবং তখন আমি উঠে পড়লাম। সুতরাং আমি আমার দায়িত্ব পালন করিনি এটা ঠিক নয়।

মিঃ স্পীকার: এটা আরজেন্ট ম্যাটার—শ্রীগুহ বললেন এটা ভেরি ইম্পর্টেন্ট, ভেরি সিরিয়াস ম্যাটার। কিন্তু তাই বলে ইট ক্যান নট বি এক্সপেক্টেড দ্যাট দেন অ্যান্ড দেয়ার আপনারা অ্যানসার পাবেন।

শ্রীসুনীল দাশগুপ্ত: আপনি অ্যাডজোর্নমেন্ট মোশন অ্যালাউ করবেন না—তাহলে মোশন দিয়ে লাভ কি?

শ্রীজ্যোতি বসু: আপনি বললেন বটে, কিন্তু অসুবিধা কি হয়েছে সেটা বলছি। এটা কি বিশ্বাসযোগ্য কথা যে এতবড় ঘটনা ঘটল সিলিং অফ দি বর্ডার যেটা কালকে হবে সেটা কেবিনেট-এর ও'রা কেউ জানেন না? এটা সত্যি কথা বলব যে এটা আমার নোটিশ-এ ছিল না। নিখিল-বাবু এবং অন্যেরা আগে এটা বলেছিলেন। কালকে থেকে হচ্ছে—এটা সত্যি গুরুত্বপূর্ণ বিষয় যেটা কমলবাবু এনেছেন এবং অন্যেরাও বলেছেন। আপনি কি বিশ্বাস করতে বলেন যে বাংলা দেশের কেবিনেট কিছুই এ বিষয়ে জানেন না। এবিষয়ে কেন্দ্রীয় সরকার এ'দের কি কিছু জানান নি? এ'রা বলছেন খোঁজ নেব—প্রফুল্লবাবু, শ্রীমতী আভা মাইতি ইত্যাদি নেই। কিন্তু কথা হচ্ছে, কেবিনেট কি সত্যিই জিজ্ঞাসা করেন নি যে কেন্দ্রীয় সরকার এই রকম একটা ঘটনা করতে যাচ্ছেন যাতে পশ্চিমবাংলার উপর সবচেয়ে বেশী প্রথমে একটা আঘাত এসে পড়বে? এ'দের সঙ্গে কি কোন পরামর্শ করেন নি সেটাই আমরা জানতে চাই। সেজন্য মনে করেছিলাম এটা এমন কিছু নয় যে এটা নোটিশ দেওয়া দরকার হবে। মুখ্যমন্ত্রী নেই বলে যদি কোন বিপদে পড়েন তাহলে কি কোন উদ্ধার হবে না? তাহলে আমাদের পশ্চিমবাংলার কেবিনেট কি কেন্দ্রের সঙ্গে একমত হয়েছিলেন? এ'রা কি কোন প্রতিবাদ করেছিলেন সেটা আমরা জানতে চাই। এর আগে বহুবার ডাঃ রায় করেছিলেন, প্রফুল্লবাবু করেছেন। কেন্দ্রের সঙ্গে প্রায়রিটি আছে আমরা জানি, সুতরাং তাঁরা কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করতে পারেন। তাঁরা বলতে পারেন যে আমাদের অ্যাসেমব্লীতে এই প্রশ্ন উঠেছে বলে কয়েকদিন এটা স্থগিত রাখা যায় কি না? মুখ্যমন্ত্রী এখানে নেই, ভয়ানক আশঙ্কা দেখা দিয়েছে সাধারণ মানুষের মনে বলে এটা এখন পোস্টপন করুন। আমার মনে হয় এক ঘণ্টার মধ্যে দিল্লীর সঙ্গে আলোচনা করে ও'রা এটা আমাদের বলতে পারেন এবং তারপর আমরা দেখব কি করা যায়। আর বর্ডার সীল করার ব্যাপারে কি হবে সেটা পরে দেখব। কিন্তু এই দায়িত্ব নিচ্ছেন না কেন? কেন্দ্রকে এত ভয় করছেন কেন? ও'দের সেন্ট্রাল মিনিস্টারকে ভয় কিসের? টেলিফোন করে নিজেদের লোককে তো জিজ্ঞাসা করবেন। আর যখন এত বড় একটা ঘটনা হতে চলেছে তখন আমার মনে হয় শ্রীত্যাগীকে ও'রা ফোন করুন বা প্রাইম মিনিস্টারকে বলুন তাহলেই মনে হয় একটা উত্তর পাবেন। এই দায়িত্ব নিয়ে যোগাযোগ করলেই সব মিটে যায়।

Shri Saila Kumar Mukherjee: Sir, just now I got the sense of the debate that was going on in this House, and I ascertained the exact position from the department. I do not know wherefrom the honourable members got the information, but there is no order, there is no question of border sealing. What has happened is this. After the January riots large numbers of people used to come to India. At that time extensive relief arrangements were made, and provision was made for sending people to different States. Correspondence with the Government of India was going on since the 1st November, 1964.

The Government of India said that the situation has come to normalcy and the conditions of January, 1964, or February, 1964, are no longer there. So, the status quo should be maintained. They wanted to stop relief from 1st November. But we protested and said that so long as people are coming in the normal way, the grant of relief should be maintained. They agreed to this and relief is being given since November up to this time. But they have recently said that since absolute normalcy has been established, no further relief would be given from 1st April, 1965. Arrangements would be made by the Government of India for issuing necessary travel documents. So, normalcy about people coming in the usual way—as they did before 1964—has been restored and people can come with the usual passport and visa. That is the position. But there is no official order that the border is sealed and nobody can come.

(Noise and interruptions)

The honourable members wanted me to make a statement and I am making that statement. Let me finish the statement.

So, that is the position. There is no question of the border being sealed. But even if there is sealing of the border—only three days ago I spoke in the Council about the position—we have been protesting and protesting and we have not agreed to the Government of India's decision. But, after all, it is a Federal Government. If there is an order from the Union Government on some matter which concerns the refugees, the West Bengal Government cannot fight with the Centre and disobey that order. That is the position.

Sir, I do not know where my friends got this information. But I can tell the House that in our Department there is no official order regarding border sealing. The only thing they have said is as regards stopping of relief from the 1st of April which they were insisting upon from the 1st of November, 1964. So, this is the position.

(Noise and interruptions)

Shri Nikhil Das:

তিনি যা বলেছেন......

Mr. Speaker:

আপনারা একটা স্টেটমেন্ট চেয়েছেন সিরিয়াস মেটার-এ তিনি ভুল বলতে পারেন; বেশী বলতে পারেন, ঠিক বলতে পারেন কিন্তু বলাটা শেষ করতে দিন।

If you say that this is a serious matter, then you must hear what he has got to say. So long you were asking for a statement. Now, he is making that statement and you are interfering with that.

Shri Nikhil Das:

আসল প্রশ্নটা তিনি এড়িয়ে যাচ্ছেন।

Mr. Speaker:

এখনও বলা শেষ হয় নি, এখনও তিনি বসেন নি, তিনি যখন বলবেন যে বলা হয়েছে তখন আপনাদের কথা আপনারা বলবেন।

Shri Saila Kumar Mukherjee: Sir, I have finished and I have nothing further to add.

শ্রীকমলকান্তি গুহ: আমি পরিষ্কার জানতে চাই রিলিফের প্রশ্ন আমরা চাই না, এ টাকা নিয়ে মাস চলে না। যাঁরা আসবেন তাঁদের যদি পাশপোর্ট ভিসা না থাকে, উইদাউট মাইগ্রেশন-এ যদি তারা চলে আসেন তাঁদের ঢুকতে দেওয়া হবে কিনা সেটাই পরিষ্কার জানতে চাই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: উইদাউট মাইগ্রেসন-এ যদি আসে আপনারা তাদের আসতে দেবেন কি না এটাই প্রশ্ন। যারা উইদাউট মাইগ্রেসন-এ আসবেন এবং যাঁরা এসেছেন তাঁদের আপনারা অনেক জায়গা বন্ধ করে দিচ্ছেন। এটার সম্বন্ধে শৈলবাবু ক্যাটাগরিক্যালি বলুন যে উইদাউট মাইগ্রেসন-এ এলেও আমরা তাদের আসতে দেবো।

শ্রীনিখিল দাস: গত দাঙ্গার পর থেকে বহু লোক আসছিল, তাদের কাছে কোন ভ্যালিড ডকুমেন্ট থাকতো না, পাশপোর্ট থাকতো না। মাইগ্রেসন থাকতো না কিন্তু তাদের আপনারা এখানে আসতে অ্যালাউ করেছেন, আমার প্রশ্ন হচ্ছে এখন তাদের ভ্যালিড ডকুমেন্ট ছাড়া আসতে দেওয়া হবে কি না—এটা আমি বর্ডার সীল হিসাবে বলছি অর্থাৎ লোক যারা এপারে আসছিল উইদাউট ভ্যালিড ডকুমেন্ট সেটা ফার্স্ট এপ্রিল থেকে বন্ধ হয়ে গেছে এটার জবাব আমরা চাই।

শৈলবাবু বললেন না হোয়েদার দ্যাট ইজ এ ফ্যাক্ট অর্থাৎ ভ্যালিড ডকুমেন্ট না থাকলেও লোকেদের আপনারা আসতে দেবেন কি না—এ প্রশ্নের জবাব আপনারা দেননি, এ সম্পর্কে ক্যাবিনেট ডিসিশন কি?

[3—3-10 p.m.]

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: মাননীয় সভাপাল মহাশয়, শৈলবাবু অত্যন্ত ভুল কথা বলে গেলেন। কথা হচ্ছে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ঠিক করেছেন—প্রত্যেক কাগজে সেটা বেরিয়েছে, যে, যারা মাইগ্রেসন, পাসপোর্টস ছাড়া আসবে তাদের আমরা ঢুকতে দেব না। একথা সকলেই জানেন যে, পাকিস্তানে যখন দাঙ্গা হয় তখন অনেক লোক প্রাণের ভয়ে ভীত হয়ে এখানে চলে আসেন। আপনারা তাদের রিলিফ দিচ্ছেন না—বলছেন যাদের পাসপোর্ট বা মাইগ্রেসন নেই তাদের আমরা রিলিফ দেব না। রিলিফের কোন প্রশ্ন নয়। প্রশ্নটা হচ্ছে তাদের ইন্ডিয়ান টেরিটরিতে ঢুকতে দেওয়া হবে না, এইভাবে বর্ডার সীল করে দেওয়া হয়েছে। আর বর্ডার কোর্সকেও সেইভাবে নির্দেশ দেওয়া হয়েছে। এই রকম একটা মারাত্মক ঘটনা নিয়ে, শৈলবাবু—বিইং এ মিনিস্টার, যে অ্যাসেমব্লীকে মিসলিড করবার চেষ্টা করছেন এটা খুব অন্যায়। উনি তাঁর বক্তব্য উইথড্র করুন এবং সত্য ঘটনা জানান এটাই আমরা দাবি করছি।

শ্রীশৈলকুমার মুখোপাধ্যায়:

My friends cannot extract from me a statement by threat. I have stated facts what I have gathered from the official record.

শ্রীহেমন্তকুমার বসু: মাননীয় সভাপাল মহাশয়, কথা হচ্ছে যারা উইদাউট ভ্যালিড ডকুমেণ্টে এখানে আসতে বাধ্য হবে তাদের এখানে ঢুকতে দেওয়া হবে কি না? আর তাদের জোর করে বার করে দেওয়া হবে কি না?

Shri Saila Kumar Mukherjee: That is the whole crux of the problem. We have been quarrelling for the last one year. As long as abnormal condition continued there was no restriction by way of migration certificate or visa. But now the question of crossing the border is an international question.

(Noise and interruptions)

The matter relating to migration certificate, passport and visa is an External Affairs Ministry's matter; it is not controlled by the West Bengal Government. It is a matter relating to Central Government administration. They have now insisted on it; we have been protesting for the last one year. Now that normal condition has been restored they want to go back to the system which had been prevailing for the last 15 years. That is the position.

(Noise and interruptions)

There is no question of border-sealing. If there is border-sealing, nobody can come. That is not the position. I have categorically stated that.

শ্রীকাশীকান্ত মৈত্র: মিস্টার স্পীকার, স্যার, আমরা জানি উনি সিংহের মত গর্জন আরম্ভ করেন কিন্তু শেষে মেষের মত ব্যা ব্যা করেন। শৈলবাবু রোরিং লায়নের রিটিং ল্যাম্বের মত করছেন। উনি ভেবেছেন শিশু বালকদের সামনে বক্তৃতা করছেন। বর্ডার সীলিং মানে এখানে কেউ বলেননি যে গেদে এবং পেট্রোপলে দুটো ফুটো আছে, সেখানে গিয়ে কিছু ন্যাকড়া বা সিমেন্ট দিয়ে বন্ধ করে দিলেন। বর্ডার সীলিং মানে তা নয়। বর্ডার সীলিং মানে হচ্ছে—এই হাউসের প্রত্যেকটি সদস্য জানেন যে, উইদাউট ভ্যালিড ট্রাভেল ডকুমেণ্ট—পাসপোর্ট, মাইগ্রেসন সার্টিফিকেট ছাড়া যারা আসবেন তাদের ঢুকতে দেওয়া হবে না। রিলিফের কোন প্রশ্ন এখানে আসছে না। কারণ পশ্চিমবাংলা সরকার তো বলেই দিয়েছেন যে, পশ্চিমবাংলার ভেতরে পূর্ব-বাংলার যেসমস্ত উদ্বাস্তু আসবে তাদের পুনর্বাসনের দায়িত্ব তাঁরা নেবেন না। আমাদের

প্রশ্ন হচ্ছে ট্রাভেল ডকুমেন্ট না নিয়ে যারা আসবে তাদের ঢুকতে দেওয়া হবে কি না? সে সম্বন্ধে শৈলবাবু উত্তর দিলেন না। শৈলবাবু যদি বলতেন যে, না, পশ্চিমবঙ্গ সরকার এ কথায় একমত নয় এবং ভারত সরকার এই সিদ্ধান্ত নেন নি তাহলে কালকে অপভাষণের দায়ে এখানে ও'র বিচার হয়ে যেত। উনি এখানে জাগলারি করছেন এবং এখন বলছেন যে বর্ডার সীলিং মানে কাউকে আসতে দেওয়া হবে না, সে ক্ষমতা ও'দের নেই। মাননীয় স্পীকার মহাশয়, ব্যক্তিগতভাবে আমি মনে করি এই প্রশ্নের মীমাংসা এখানেই হওয়া উচিত। কেন না উনি বলেছেন এটা কেন্দ্রের দায়িত্ব। আমি বলছি আপনি সংবিধান পড়ে দেখতে পারেন, এই হাউসের কয়েকজন মাননীয় সদস্য যে কথা বলেছেন, আপনি ১০।১৫ মিনিট হাউস অ্যাডজোর্ন করে বসুন—কনস্টিটিউসনের সিডিউলগুলি পড়ে দেখুন—কনস্টিটিউসনের আর্টিকেলসগুলির মধ্যে কনস্টিটিউসনের কোন ধারায় অধিকার দিচ্ছে কেন্দ্রীয় সরকারকে যে, তারা ইচ্ছা মত ইউনিল্যাটেরালি Without reference to the State Government and the Legislature তারা ইচ্ছা মত ডিসিশন নেবেন এবং সেখানে কাউকে আসতে দেবেন না। এটা হতে পারে না। আমি সমস্ত দায়িত্ব নিয়েই একথা বলছি। আমাদের কেবিনেট মেম্বাররা ভুলে গিয়েছেন ১৯৪৭ সালের জুলাই মাসে পার্টিসান কাউন্সিলের রেজলিউশন তার কথা তাতে ৩ জন ছিলেন. একজন শ্রীরাজেন্দ্রপ্রসাদ, দ্বিতীয়জন শ্রীজিন্না, আর তৃতীয়জন লর্ড মাউন্টব্যাটেন। এই ৩ জনের সই সেই দলিলে রয়েছে। আজকে আমার কাছে সেই বইটা নেই, যদি ডিবেট চলে আমি এই হাউসে সেই বইটা পড়ে শুনিয়ে দেব। আর যে অ্যাসিওরেন্স ভারত সরকার এবং পাকিস্তান সরকার সংখ্যালঘুদের সেই দলিলে দিয়েছেন, তার উপরে ও'রা যদি এই সিদ্ধান্ত নিতে চান যে ট্রাভেল ডকুমেন্ট না নিয়ে কাউকে আসতে দেবেন না তাহলে সেই পার্টিসান কাউন্সিলের যে সলেম ডকুমেণ্ট এটা একটা ইণ্টারন্যাশন্যাল ডকুমেণ্ট এবং যার একটা মর্যাদা আছে, এটাকে কাগজের টুকরোর মত ফেলে দিতে পারেন না। সুতরাং সেই ডকুমেন্টে যখন রয়েছে তখন ভারত সরকার ইউনিল্যাটার্যালি এই রকম ডিসিশন নিতে পারেন না। আর ভারত সরকার পশ্চিমবঙ্গ সরকারের মতামত না নিয়েও এটা করতে পারেন না। পশ্চিমবঙ্গ সরকার যদি বলেন যে, কেন্দ্রই এটা করছেন সেটা আমি মানতে পারি না। নিশ্চয়ই তারা কেন্দ্রীয় সরকারকে মত দিয়েছেন। আজকে শৈলবাবুকে আর বিজয়বাবুকে বলছি, তাঁরা যদি ১৯৪৭ সালের পার্টিসান কাউন্সিলের মেমোরেবল রেজলিউশনটা পড়েন তাহলে দেখবেন যে ভারত সরকার যে অ্যাসিওরেন্স দিয়েছিলেন সেদিন নবগঠিত পাকিস্তান সরকার সেই অ্যাসিওরেন্স-এর মূলে কুঠারাঘাত করেছেন। আজকে শৈলবাবুকে এই হাউসে এই ডিসিশন ডিক্লেয়ার করতে হবে, যে ট্রাভেল ডকুমেণ্ট না নিয়েও যারা আসবে তাদের আমরা ঢুকতে দেব। রিলিফের প্রশ্নে আমরা আসছি না কিন্তু এই অ্যাসিওরেন্স হাউসে দিতে হবে যে গেদে পেট্রাপোলে বা বাংলাদেশের সীমান্তের বিভিন্ন জায়গায় যে সমস্ত চেকপোস্ট আছে—রেকগনাইজড, আনরেকগনাইজড যে সমস্ত জায়গা দিয়ে যে সমস্ত দুর্গত মানুষ এদিকে আসবে তারা ভারতবর্ষে আসতে পারবে। আর এই অ্যাসিওরেন্স দিন যে পশ্চিমবঙ্গের বর্ডার পুলিশ—এখানে মিলিটারী নেই, তাদের ধাক্কা দিয়ে ওধারে ঠেলে দেবে না। ওরা যদি আসতে চায় আসবে তারপর এখানে এসে পুনর্বাসন কোথায় নেবে, তাদের পলিটিক্যাল রাইট বা সিভিক রাইটস কি হবে সেটা তারা সরকারের সঙ্গে লড়াই করে বুঝে নেবে।

মিঃ স্পীকারঃ মিঃ মৈত্র আপনার যে পয়েন্টটা বলবার আছে সেটা বলে শেষ করুন।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমি সেই পয়েন্টেই বলছি। এই ডিসিশনের ব্যাক গ্রাউন্ডে পার্টিশন কাউন্সিলের যে রেজলিউসন তাতে ভারত সরকারের এই সিদ্ধান্ত নেবার অধিকার নেই। আর পশ্চিমবঙ্গ সরকারও এই দায়িত্ব এড়াতে পারেন না। আজকে শৈলবাবু আমাদের এই অ্যাসিওরেন্স দিন যে আমাদের বর্ডার পুলিশ, চেকপোস্ট পুলিশ, যদি কেউ ট্রাভেল ডকুমেন্ট না নিয়ে আসে তাহলে তাকে ঠেলে বার করে দেবে না।

শ্রীনিখিল দাসঃ মাননীয় স্পীকার মহাশয়, শৈলবাবু যে কথাগুলি বললেন তা থেকে দুটি কথা বুঝলাম, সেটা ঠিক কি না জিজ্ঞাসা করছি। প্রথমে উনি বলেছেন যে ১লা এপ্রিল থেকে যারা উইদাউট ভ্যালিড ট্রাভেল ডকুমেন্টে আসবে তাদের আসতে দেওয়া হবে না। এটা ঠিক কি না? আর ২ নং বললেন যে ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে এই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রটেস্ট

করেছি। এটা ফ্যাক্ট কি না? উনি ইংরাজীতে কি বললেন ঠিক বুঝতে পারলাম না। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে যে ১লা এপ্রিল থেকে যেটা কার্যকরী হতে যাচ্ছে সেটা ও'রা প্রটেস্ট করেন কি না? আর কেবিনেট সিদ্ধান্ত এটা প্রটেস্ট করে কি না? আর যদি করে থাকেন তাহলে সেটা কবে করেছিলেন? ৩ মাস আগে না ৬ মাস আগে? যদি তারা করে থাকেন তাহলে আমার আপনার মাধ্যমে আমি রিকোয়েস্ট করবো যে, ইন্ডিয়া গভর্নমেন্টের সঙ্গে কমউনিকেট করে ও'রা বলুন যে ১লা এপ্রিল থেকে যেটা কার্যকরী করা হচ্ছে সেটা হাউস অ্যাজ এ হোল প্রটেস্ট করছে। এটা কিছুদিন পোস্টপন্ড করা হোক এবং পরে যা হোক কিছু করা হোক। এই সাজেসানগুলি আপনার সামনে রাখছি, আমি আশা করি এর উত্তর পাবো।

[3-10—3-20 p.m.]

শ্রীশৈল মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় নিখিল দাস মহাশয় এক দুই তিন চার করে যা বল্লেন আমি সমস্তই গ্রহণ করছি। আমি ও'কে অনুরোধ করবো ঠিক এই পয়েন্ট-গুলি লিখে আপনাকে একটা কলিং এ্যাটেনসনের নোটিশ দিতে বলুন আমি বিস্তারিত জবাব দেবো।

শ্রীকমলকান্তি গুহ: মিঃ স্পীকার স্যার, শৈলবাবুর মনোভাব এবং এই সরকারের চরিত্র পরিষ্কার হয়ে গেছে, শৈলবাবু যখন বলেছেন যে ওটা ফরেন ডিপার্টমেন্টের ব্যাপার। কিন্তু এই সমস্ত সংখ্যালঘুরা আমাদের কাছে ফরেনার নয়, তাদের সঙ্গে আমাদের আত্মিক যোগাযোগ রয়েছে—তাদের সাথে আমাদের সম্পূর্ণরূপে মানসিক যোগাযোগ রয়েছে। কাজেই আমরা তাদের সেইভাবে চিন্তা করি না এবং শৈলবাবু যেকথা বলেছেন কলিং এ্যাটেনসন দিন আমরা তাহলে তো এতক্ষণ ধরে চীৎকার করতাম না। যদি এই হাউস থেকে আলোচনা করে একটা প্রস্তাব না পাঠান যে আমরা এটাকে সাসপেণ্ড করতে বলছি তার পর ১৫।২০ দিন বাদে হোক আলোচনা পরিষ্কারভাবে করা হোক তাহলে ঠিক হবে না। তা না হলে আমরা ঠিক নিশ্চিন্ত হতে পারছি না।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, শৈলবাবু ছাড়া তো সব ক্যাবিনেট মিনিস্টার চলে গেলেন।

(কংগ্রেস বেঞ্চ হইতে কণ্ঠস্বর—রয়েছেন, রয়েছেন, ভাল করে দেখুন)

যাক শৈলবাবু একাই পারবেন,
Like a boy who stood on the burning deck whence all but he had fled.
কিন্তু আমার কথা হচ্ছে শৈলবাবুকে চ্যালেঞ্জ করে এই কথা বলছি যে পশ্চিমবঙ্গ সরকার বা ক্যাবিনেট কোন দিন এই প্রতিবাদ করেন নি যখন ভারত সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেন যে আমরা ভ্যালিড ডকুমেণ্ট ছাড়া কাউকে ঢুকতে দেবো না; ওঁরা যা প্রতিবাদ করেছেন রিলিফের ব্যাপারে। একথা আমি বলছি যে আমাদের একটা চিঠিও দেখাতে পারেন না, একটা টেলিফোন কলও করেন নি, টেলিগ্রামও করেন নি যে না মানবতার দিক থেকে ঐভাবে বর্ডার বন্ধ করো না—ঐ নিয়ম করো না বা পুরানো নিয়মে ফিরে যেও না। কারণ এখনও হয়তো অনেকের আসতে হবে ভ্যালিড ডকুমেন্ট না নিয়ে। তারা এ বিষয়ে কোন দিন বলেন নি। আমি জানি না—তিনি না বুঝে এই সমস্ত কথা বলছেন, না বুঝে বলছেন। ওঁরা যেটা প্রতিবাদ করেছেন সেটা হচ্ছে রিলিফের ব্যাপারে।

শ্রীশৈলকুমার মুখার্জি: আমিও তো তাই বলছি।

শ্রীজ্যোতি বসু: তা যদি হয় তাহলে এই খুব পরিষ্কার হয়ে গেল যে উনি রিলিফের ব্যাপারে বলেছেন—অন্য ব্যাপারে কোন প্রতিবাদ করেন নি। তাহলে মন্ত্রিমহাশয় কি একথা মনে করেন না যে আমাদের এখান থেকে একটা প্রস্তাব পাঠানো দরকার যে না আমরা মনে করি যে অবস্থা দাঁড়িয়েছে তাতে ভ্যালিড ডকুমেণ্ট ছাড়া যদি কেউ আসেন পূর্ব পাকিস্তান থেকে

তাহলে তাদের আসতে দেওয়া উচিত। রিলিফের প্রশ্নটা এর সঙ্গে জোড়বার কোন দরকার নেই। এটা আমরা পরে করতে প্যার—অবশ্য রিলিফের প্রশ্নটাও এর সঙ্গে জড়িত। কারণ লোকে যদি এসে পড়ে তাহলে কি করবেন। তাদের তো ব্যবস্থা করতে হবে। আজই বাড়ী থেকে যখনই বেরোই, তখন দেখলাম কোথা থেকে এসেছেন কিছুই বুঝতে পারলাম না কতগুলি রিফিউজী পরিবার স্ত্রী-পুত্র-পরিবার নিয়ে ১৫।২০ জন ঐ হিন্দুস্থান পার্কে আছেন। অন্য জায়গায়ও গেছেন তারা আমার বাড়ীর সামনে বসে আছে—তারা নাকি পূর্ব পাকিস্তান থেকে এসেছেন। যাহোক আমাকে সব জিজ্ঞাসাবাদ করতে হবে—কিন্তু তাঁরা বল্লেন যে পাকিস্তান থেকে এসেছে—আমি যতদূর বুঝলাম তাদের কথা দেখে। সেইজন্য রিলিফের একটা ব্যবস্থা নিশ্চয়ই করতে হবে তারা তাদের যদি নিজেদের ব্যবস্থা না করতে পারেন। আর যদি করতে পারে—সেটা দূরের কথা। আমি বলছি যে ব্যাপারটা নিয়ে কথা বলেছেন যে আগামীকাল থেকে বর্ডার সিলিং না হয়ে যায় যদি ভ্যালিড ডকুমেণ্ট ছাড়া আসতে দেন তাহলে আর একটা আলোচনা করা যাবে আমাদের এসেম্বলীতে সবাই মিলে কংগ্রেসের বন্ধুরাও হয়তো বলবেন যে এটা করা উচিত এইভাবে সবাই মিলে বলতে পারি যে এটা করা উচিত তারপরে আমরা দেখবো রিলিফের ব্যাপার কি হয় না হয়। সেই জন্য আমি বলছি এই রকম যদি একটা প্রস্তাব পাঠাতে পারি পরবর্তীকালে যদি কোন কিছু না হয় তাহলে আমাদের অন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে। কারণ এই আন্দোলন করে একদিন ভারত সরকারকে এটা বাধ্য করা গিয়েছিল যাতে করে যারা আসবেন তাদের যেন বাধা না দেন। আমি রায়টের সময়ের কথা বলছি এবং ভারত সরকার রাজীও হয়েছিলেন যে ইচ্ছামত উইদাউট ভ্যালিড ডকুমেন্ট আসতে পারবেন। হঠাৎ যদি নর্মালাইজ হয়ে থাকে তাহলে তো দলে দলে লোক আসবে না সেখান থেকে। তাহলে কেন বন্ধ করে দেওয়া হচ্ছে তার তো কোন লজিক আমরা বুঝতে পারছি না। সেই জন্য আমি বলবো যে এটা ঠিক হচ্ছে না।

শ্রীনিখিল দাসঃ স্যার, একটা জয়েণ্টলি প্রস্তাব আমরা পাঠাতে পারি কিনা—এটা তো খুব সোজা প্রশ্ন।

শ্রীশৈলকুমার মুখার্জীঃ আমার যা বক্তব্য তা আমি বলেছি—আপনারা যদি কানে আঙ্গুল দিয়ে বসে থাকেন তাহলে আমি আর বোঝাবো কি করে?

শ্রীননী ভট্টাচার্যঃ মিঃ স্পীকার স্যার, মাননীয় শৈলবাবু যে কথা বলেছেন সেগুলি অনেক আলাপ আলোচনার পর পরিষ্কার হয়ে গেছে। সেটা হচ্ছে যে বর্ডার সিল বলে একটা কথা বলেছেন যে ভ্যালিড পাসপোর্ট নিয়ে যাঁরা আসছেন তাদের বন্ধ করবেন না। কিন্তু এ্যাবনরম্যাল সিচুয়েসনের দরুন তাঁরা ভ্যালীড পাসপোর্ট নিয়ে মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে যেমন আসতে পারেন তেমন ঐসব ছাড়া উইদাউট এনি ভ্যালিড ডকুমেণ্ট তাঁরা আসতে পারবেন কিনা এ ব্যাপারে আপান বা আপনাদের ক্যাবিনেট কোন কথা বলেন নি যে ১লা এপ্রিল থেকে ভ্যালিড ট্রাভেল ডকুমেণ্ট ছাড়া যাঁরা বাংলাদেশে বা ভারতবর্ষে আসবেন সে ব্যাপারে যে নিষেধাজ্ঞা জারী হয়ে গেল তার ফলে তাঁরা আসতে পারবেন কিনা এ সম্পর্কে আপনাদের ক্যাবিনেট থেকে কোন প্রতিবাদ কেন্দ্রীয় সরকারী সিদ্ধান্তের বিরুদ্ধে করা হয় নি।

শ্রীশৈলকুমার মুখার্জিঃ নো আই হ্যাভ নেভার সেইড দ্যাট।

শ্রীননী ভট্টাচার্যঃ যাক খুব পরিষ্কার হয়ে গেল, স্পীকার স্যার, যে শৈলবাবু ক্যাবিনেটের পক্ষ থেকে ডিসিসন যেটা জানাচ্ছেন যে ১লা এপ্রিল থেকে যদি কেউ কোন ভ্যালিড ডকুমেণ্ট না নিয়ে আসেন তাহলে এ ব্যাপারে যে কেন্দ্রীয় সরকারী সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত বাংলার ক্যাবিনেট মঞ্জুর করেন নি। তাঁরা তার প্রতিবাদ করেছেন।

শ্রীশৈলকুমার মুখার্জীঃ আই হ্যাড সেইড এনাফ।

শ্রীননী ভট্টাচার্যঃ স্পীকার স্যার, আপনার কাছে আমি এ্যাপিল করছি যে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তে তাঁরা প্রতিবাদ করেছেন না করেন নি—হ্যাঁ কি না বলুন। এটা খুব সাধারণ কথা। ৬ মাস আগের প্রতিবাদ নয়, তিন মাসের আগের নয়, জ্যোতিবাবু যেটা বল্লেন রিলিফের ব্যাপারে প্রতিবাদ করেছেন—বর্ডার সংক্রান্ত ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে সিদ্ধান্ত তার

প্রতিবাদ করেন নি, তখন উনি বল্লেন হ্যাঁ, যখন জিজ্ঞাসা করলাম কেন্দ্রীয় সরকারী সিদ্ধান্ত বলে তারা মনে করছেন। আর যদি বলেন প্রতিবাদ করেছি তাহলে আমরা বলবো যে আমরা সবাই এক মত হয়ে প্রতিবাদ করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার জোর করে ইউনিল্যাটা ়ালি এই ধরনের চিন্তা করেছেন। তখন কি করা যায় না যায় সেটা চিন্তা করা যাবে।

এখন দেখছি উনি বলছেন আমি যা বলেছি বলেছি। স্যার, আপনি ওঁর কাছ থেকে জেনে নিয়ে আমাদের জানান বর্ডার সংক্রান্ত ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্তের বিরুদ্ধে ক্যাবিনেট থেকে প্রতিবাদ হয়েছে কিনা বা চীফ মিনিস্টার প্রতিবাদ করেছেন কিনা? সেটা আপনি ওঁকে জিজ্ঞাসা করুন, জেনে আমাদের আপনি জানান। এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, বাংলা সরকার কি করছেন, এ সম্বন্ধে বাংলাদেশের মন্ত্রীসভার অভিমত কি সেটা আপনি জানাতে পারবেন না? এ ব্যাপারে তাঁরা কি সিদ্ধান্ত নিয়েছেন সেটা জানাতে পারবেন না?

[3-20—3-30 p.m.]

শ্রীশৈলকুমার মুখার্জী: আমি যা বলেছি সেটা রেকর্ড পড়ে দেখুন।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, মন্ত্রিমহাশয়ের কাছে একটা অত্যন্ত সহজ প্রশ্ন রাখতে চাই। মন্ত্রিমহাশয় যে কথা বলছেন যে রেকর্ড দেখুন, রেকর্ড দেখবার কোন প্রয়োজন নাই। আমরা শুনেছি, মনে আছে যেহেতু নরম্যালসি ফিরে এসেছে বলে আপনারা মনে করছেন সেজন্য সেন্ট্রাল গভর্নমেণ্ট ভ্যালিড ডকুমেণ্ট ছাড়া আর কাউকে আসতে দেবেন না এটা ঠিক করেছেন। এই ডিসিসনের মানে হচ্ছে ভ্যালিড ডকুমেন্ট ছাড়া যারা বর্ডার ক্রস করবে তাদের হয় আপনারা ক্রস করতে দেবেন না কিংবা আপনাদের অজান্তে যদি ক্রস করে থাকে তাহলে তাদের পুস ব্যাক করে দেবেন, না হয় তাদের সাজা দেবেন। এই তো ডিসিসান? কেন্দ্রীয় সরকারের এই যে অর্ডার এই অর্ডারের বিরুদ্ধে আপনারা প্রোটেস্ট করেছেন, না, আপনারা এই অর্ডারকে সমর্থন করেছেন এটা আমাদের জানিয়ে দিন।

শ্রীজগন্নাথ কোলে: স্টেটমেণ্ট দেওয়া হয়েছে, আপনারা দেখে নিন।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: স্টেটমেণ্টে উনি এই কথা বলেন নি। উনি বার বার বলেছেন যে প্রোটেস্ট করেছি। কোন্‌টায় প্রোটেস্ট করেছেন? আমরা জানি উনি রিলিফের ব্যাপারে প্রোটেস্ট করেছেন—যারা আসছে উইথ ভ্যালিড ডকুমেণ্ট তাদের রিলিফ দেওয়া হোক এটা উনি তুলেছেন। আর যারা ভ্যালিড ডকুমেণ্ট ছাড়া আসছে তাদের রিলিফ দেওয়ার ব্যাপারে প্রশ্ন তুলেননি কিন্তু এখন ভ্যালিড ডকুমেণ্ট নিয়েও যারা আসছে তাদের রিলিফের প্রশ্ন আছে, সেই রিলিফ বন্ধ করে দিচ্ছেন সেটা সম্বন্ধে প্রটেস্ট জানিনয়ছেন। আমাদের জিজ্ঞাসা সে সম্বন্ধে নয়। আমাদের জিজ্ঞাস্য হচ্ছে ভ্যালিড ডকুমেন্ট ছাড়া যারা আসছে তাদের সম্পর্কে আপনাদের মনোভাব কি, আপনাদের পশ্চিমবঙ্গ মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত কি এটা আমাদের জানিয়ে দিন।

শ্রীকমলকান্তি গুহ: উনি বলছেন স্টেটমেণ্টে সব আছে। আমি ধরে নিচ্ছি সব কিছু আছে। কিন্তু তা সত্ত্বেও বলতে চাই ওঁনার স্টেটমেণ্টের পরেও আজকে হাউস থেকে যৌথভাবে আমাদের বক্তব্যটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলছি, আমি লেজিসলেসান সম্পর্কে বলছি না, আমাকে মাননীয় অধ্যক্ষ মহাশয় লেজিসলেসান সম্পর্কে প্রস্তাব উত্থাপন করতে দিয়েছেন, কিন্তু মাননীয় সদস্যরা যদি এইভাবে বাধা দেন তাহলে আমার পক্ষে কাজ করা কতদূর সম্ভব হবে বলতে পারছি না। কিন্তু একটা কথা আমার মনে হচ্ছে যে মাননীয় সদস্যারা নর্মাল কাজে বাধা দেবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হয়েছেন।

(তুমুল হট্টগোল)

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। আমি যে প্রশ্নটা তুলেছি—সেটা পরিষ্কারভাবে রাখতে চাই, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, হাউসও সে সম্পর্কে অত্যন্ত বিচলিত। কিন্তু মন্ত্রিমহাশয় আমাদের প্রতি এই বলে এস্‌পারাসান করলেন যে নর্মাল কাজে আমরা বাধা দিতে দৃঢ়প্রতিজ্ঞ। আমি তার তীব্র প্রতিবাদ করে বলতে চাই, হাউস যখন মুডে নাই, অন্য কোন বিষয় নিয়ে আলোচনা করবার জন্য মিঃ স্পীকার, আপনিও সেটা উপলব্ধি করছেন যে হাউসের প্রত্যেকটি সদস্য আজ বিচলিত, তাঁরা এ বিষয়ে আলোচনা করতে চান, দে আর নট ইন এ মুড এবং হাউস ইজ নট ইন এ মুড আমি মন্ত্রিমণ্ডলীর কাছে প্রমাণ করে দিতে চাই যে আমরা হাউসের কাজে বাধা দিতে চাই না। এ বিষয়ে আমরা একটি পরিষ্কার বিবৃতি গভর্নমেন্টের তরফ থেকে এখানে রাখবার জন্য তাঁকে রিকোয়েস্ট করি। আমরা হাউসকে এডজর্ন করতে চাইনি। তাঁদের বক্তব্যটা পরিষ্কারভাবে রাখুন। শ্যামদাসবাবু যে কথা বললেন তা ঠিক নয়।

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই প্রস্তাব আনছি, আশা করি হাউস সেটা একসেপ্ট করবেনঃ

'The Assembly is of the opinion that the Government of India should immediately cancel its order, which comes into force from the 1st April, 1965, by which refugees from across the border from East Pakistan will not be permitted to cross into the Indian territory without valid travel documents.'

Shri Nani Bhattacharjee:

আমি এই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Shri Syamadas Bhattahcaryya:

মাননীয় স্পীকার মহাশয়, জ্যোতিবাবু যে প্রস্তাব উত্থাপন করলেন, আমি জানিনা, আমাদের হাউসের কার্যাদি পরিচালনা সম্পর্কে যে নিয়মাবলী রয়েছে, তার কোন্‌ নিয়মে উনি সেটা এখানে উপস্থিত করলেন। অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে যদি ওঁরা আলোচনা করতে চান, তাহলে তার জন্য একটা উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা দরকার, একটি উপযুক্ত নোটিস দেওয়া দরকার। এর সম্বন্ধে সকল দলের সদস্যদের সময় দেওয়া দরকার যাতে তাঁরা প্রস্তুত হয়ে আসতে পারেন। আজকের দিনে একটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে নর্মাল বিজিনেস্‌ বন্ধ রেখে এতক্ষণ ধরে আলোচনা করেছেন, এতে করে সরকারী কাজ সম্পর্কে যে সিরিয়াসনেস তাঁদের দেখান দরকার ছিল, তা তাঁরা দেখাচ্ছেন না। আমি আবার বলছি আজকে ওঁরা নর্মাল বিজিনেস বন্ধ করবেন বলে বদ্ধপরিকর হয়েছেন। কিন্তু যে উদ্দেশ্যসাধনের জন্য ওঁরা চেষ্টা করছেন, তাঁদের সে উদ্দেশ্য সাধিত হবে না। সেই উদ্দেশ্যসাধন যদি করতে হয়, তাহলে ওঁদের উচিত ছিল যে প্রস্তাব তাঁরা উত্থাপন করেছেন, সেটা প্রথমে আপনার কাছে উত্থাপন করা এবং আপনি যদি সেটা উচিত মনে করতেন, এই ধরনের একটি অস্বাভাবিক প্রশ্ন উত্থাপন করে নর্মাল বিজিনেস বন্ধ রেখে, আলোচনা করা, তাহলে কোন কথা বলার ছিল না, কিন্তু তাঁরা যেভাবে নর্মাল কাজে বাধা দিচ্ছেন, তাতে আমি মনে করি না কোন উদ্দেশ্য সাধিত হতে পারে।

[3-30—4-5 p.m.]

Shri Nikhil Das:

স্যার, আমাদের নর্মাল বিজিনেস ল্যান্ড রিফর্মস বিল-এ আড়াই দিন তিন দিন সময়ের মধ্যে আমরা সেটা পাশ করিয়ে দেব বক্তৃতা সর্ট করে। কারণ এটা জয়েন্ট সিলেক্ট কমিটি থেকে এসেছে। এই নর্মাল বিজিনেসে কারো বাধা দেবার ইচ্ছা নাই। কিন্তু প্রশ্ন হচ্ছে জবাব ওরা দিচ্ছেন না, কাল থেকে বর্ডার সীল হচ্ছে। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কী ভেবেছেন, কী করবেন, সেই সম্পর্কে যদি ওঁরা প্রতিবাদ করেন, তাহলে জ্যোতিবাবু যে প্রস্তাব এখন এনেছেন,

যা আমরা সবাই অপোজিসন থেকে সাপোর্ট করছি, তাঁরাও সেটা সাপোর্ট করুন এবং কেন্দ্রের কাছে তা পাঠিয়ে দেওয়া হোক। আর সেটা আমাদের নরমেল বিজিনেস আছে ল্যান্ড রিফর্ম বিল, সেটা আমরা অল্প সময়ে পাস করিয়ে দেব

We do not want to disturb the normal business

জ্যোতিবাবুর প্রস্তাব আমরা সকলে অপোজিসন থেকে তো সমর্থন করছিই, কিন্তু আমি জানি কংগ্রেস সদস্যরাও মনে মনে সেটা সমর্থন করছেন। তবে মুখ ফুটে তাঁরা প্রকাশ্যে বলতে পারছেন না হুইপের ভয়ে। এ একটি ইনোসেন্ট প্রস্তাব কেন আমরা উভয় পক্ষ থেকে সকলে তা মেনে নিতে পারবো না?

শ্রীজহরলাল ব্যানার্জি: মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখছি ও'রা আজকে কাজ চালাবেন না এরকমভাবে বদ্ধপরিকর হয়েছেন। এটা ১০।১২ দিন আগে কাগজে বেরিয়েছে কাজেই তাঁরা যদি সত্যই উৎকণ্ঠিত হতেন তাহলে তাঁরা নোটিস দিতেন। যা হোক, আমার বক্তব্য হচ্ছে নরম্যাল বিজনেস যেন চলে।

[At this stage the House was adjourned for half an hour.]

(After adjournment)

[4-5—4-15 p.m.]

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় স্পীকার মহাশয়, যে ব্যাপার নিয়ে আমরা আলোচনা করছিলাম সেটা আবার আপনার কাছে রাখতে চাই। জ্যোতিবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন তাতে যদি ও'দের অন্য কোন প্রস্তাব থাকে তাহলে সেটা আমরা দেখব। আমরা নর্মাল বিজনেস-এ ব্যাঘাত সৃষ্টি করতে চাই না এবং এটা ৫ মিনিটের ব্যাপার। আমরা এটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেব।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় স্পীকার মহাশয়, আমি কিছু বলতে চাই।

মিঃ স্পীকার: আপনি কি এটা আবার সাপোর্ট করবেন?

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আই বেগ টু লে মাই কনটেনসন বিফোর ইউ অ্যান্ড আই হোপ দ্যাট ইউ উইল হিয়ার মি। জ্যোতিবাবু হাউসে একটা প্রস্তাব এনেছেন এবং সে সম্বন্ধে শ্যামাদাসবাবু বলেছেন যে, এরকম প্রস্তাব আনতে পারে সেটা হাউসের রুলস-এ নেই। আমার বক্তব্য হচ্ছে আপনি যদি মনে করেন এবং ও'রা যদি বলেন জ্যোতিবাবুর প্রস্তাব যেটা আছে অন বিহাফ অফ দি গভর্নমেন্ট হুবহু সেটা মেনে নেবে তাহলে একটা অলোচনা হবে এবং তার জন্য যে দিন ধার্য হবে সেটা আপনাকে আজই বলতে হবে।

মিঃ স্পীকার: অনারেবল মেম্বার্স, কোন একটা রেজলিউশন যদি আসে তাহলে দি হোল হাউস ক্যান অ্যাডপট ইট অ্যাট এনি টাইম ইউন্যানিমাসলী, আদারওয়াইজ সেটা আমাদের রুলস মাফিক, নন-অফিসিয়াল রেজলিউশন মাফিক যাবে। জ্যোতিবাবু যেটা বলেছেন তাতে হোল হাউস হয়ত বলতে পারে উই অল এগ্রি—দিস ক্যান বি ডান।

শ্রীজগন্নাথ কোলে: স্যার, জ্যোতিবাবু হাউসে যে রেজলিউশন রাখলেন তাতে আমার বক্তব্য হচ্ছে যে, কোন রেজলিউশন হাউসে রাখা হয় এবং সেক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রীর উচিত তার উপর তাঁর বক্তব্য রাখা। এই কারণে আমি গোড়াতেই বলেছিলাম আজকে এটা স্থগিত থাক, কালকে মুখ্যমন্ত্রী এবং রিহ্যাবিলিটেশন মিনিস্টার যখন আসবেন তখন তাঁরা এটা বিবেচনা করবেন এবং তাতে আমাদের কোন আপত্তি নেই। মুখ্যমন্ত্রী এবং পুনর্বাসন মন্ত্রী আজকে নেই বলেই আমি এই অনুরোধ জানিয়েছিলাম। স্যার আমার আর একটা বক্তব্য হচ্ছে, আমি মনে করি আমদের এই হাউসের একটা ডেকোরাম থাকা উচিত। আমরা দেখছি যে কোন একটা ভাইটাল ম্যাটার যদি লিডার অব দি অপজিশন বা অন্য কোন মেম্বার আনেন তাহলে সে সম্বন্ধে সকলেই বলতে আরম্ভ করেন। এই জিনিসটা আমাদের সকলেরই মনে রাখা উচিত। আমি মনে করি লিডার অফ দি

অপজিশন যদি একটা জিনিস মুভ করেন তাহলে নেক্সট মেজরিটি পার্টি যাঁরা আছেন তাঁরা শুধু এটাকে সাপোর্ট করবেন এবং এটাই হওয়া উচিত। যদি প্রত্যেকেই বলতে থাকেন তাহলে আমরা বুঝতে পারি না কে কি বলছেন। যেমন, কাশীবাবুকে দেখলাম তিনি একটা থেকে আর একটায় চলে গেলেন—অর্থাৎ আবদুল্লা থেকে একেবারে দুর্গাপুরে চলে গেলেন।

Shri Kashi Kanta Maitra: He has no business to say that. Mr. Speaker, Sir, I appeal to you for justice. You should hold this case in an even fashion. You should weigh these things in the golden scale of justice. You cannot allow a member to malign me in this way without listening to what I said. You are not being fair to me either.

Mr. Speaker: Mr. Maitra, he may not have the right, but certainly the chair has got the right to know the position.

Shri Kashi Kanta Maitra: Mr. Speaker, Sir, if you like you can take any disciplinary action. I will bow down to it. When I say, I say not on the basis of any mercy. I do not stand as a charity boy of any political party or anybody else. I stand on my legal and constitutional right when such an important issue has been raised. Sir, he has no business to say all these things. Sir, is this the way in which this House should continue?

(Noise and interruptions)

Mr. Speaker: I say that is not really a decorum. When I ask an honourable member to take his seat, he should take his seat. You know that I always give chance to every member to speak.

শ্রীকাশীকান্ত মৈত্র: আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আমি দেখছি, আমার সম্বন্ধে ইঙ্গিত করছেন, এমন ভাষা ব্যবহার করছেন, যা আপনার কাছ থেকে আমি আশা করি নি।

মিঃ স্পীকার: আপনি যদি প্রসিডিংস দেখেন দেখবেন কতবার আপনি রোজ ইন্টারফিয়ার করেন।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি এটা মনে করি যে আমার সংবিধানের অধিকার আছে ইন্টারফিয়ার করার।

মিঃ স্পীকার: অধিকার এইরকম হয় যখন আপনি ফ্লোর নিয়ে বলেন, আমার পারমিশন নিয়ে বলেন, কিন্তু অনবরত ইন্টারফিয়ার করার কথা আমি বলছি, এই দেখুন আমি কথা বলছি আপনি উঠে দাঁড়িয়ে বলছেন, এটাও কি সংবিধানে আছে?
After all that was a serious matter.

(Noise and interruptions)

শ্রীকাশীকান্ত মৈত্র:
I can assure you that hard words will not break my bones, nor sweet words will butter parsnips.

জগন্নাথবাবু উঠে এটা কি বললেন জুরিশডিকশনের কথা, উনি ভাবছেন কড়া কথা বলে আমাকে ঠাণ্ডা করবেন, মিষ্টি কথা বলে আমাকে ঠাণ্ডা করবেন, তা হবে না, তিনি বললেন, কাশীবাবু আবদুল্লা থেকে চলে গেলেন দুর্গাপুরে সুতরাং এটা ফেয়ারনেস নয়।

শ্রীজগন্নাথ কোলে: আমি একথা বললুম, কাশীবাবু বলতে বলতে বললেন মন্ত্রীরা ঠিক উত্তর দেন না, কলিং অ্যাটেনশন কিম্বা দৃষ্টি আকর্ষণী বিষয়ে যদি আমাদের জানিয়ে দেওয়া হয় তাহলে আমরা প্রিপেয়ার্ড হয়ে আসতে পারি।

কিন্তু যদি হঠাৎ বলেন তাহলে আমরা উত্তর দিতে পারবো না। সেজন্য বলছি যদি কোন কোশ্চেন হয় তাহলে হতো। এটা কোশ্চেন-এর মধ্যে নেই কোশ্চেন-এর আউটসাইড-এ চলে যাচ্ছে, সেজন্য এখানে বলা শক্ত।

Shri Kamal Kanti Guha:

স্পীকার স্যার, আজকে উদ্বাস্তুর কথা বলতে দিয়ে আবদুল্লার কথা যেমন অবান্তর হতে পারে ঠিক ততোধিক অবান্তর যখন মানুষের মানবিকতার প্রশ্ন এবং ডেকোরামের প্রশ্ন জড়িত হয়।

Mr. Speaker:

যাতে অবান্তর হতে না পারে সেজন্যই বলা, কিন্তু কথা হচ্ছে একটা খুব সিরিয়াস ম্যাটার আপনি প্লেস করলেন কাল থেকে বর্ডার সীল হয়ে যাচ্ছে, লক্ষ লক্ষ লোক ঐ উদ্বাস্তু তারা আসতে পারবে না। ঠিক সেই পরিপ্রেক্ষিতে সেই পয়েন্ট থেকে দূরে না গিয়ে ঠিক ঐ সেন্টার রাখলে ভাল হত।

Shri Kashi Kanta Maitra:

হাউসকে এইভাবে বলে মিসলিড করলে হবে না। আবদুল্লার রেফারেন্স কেস হয়েছিল না Just to show the ruling given by the Speaker in the Central Parliament. সেখানে রেফারেন্স হিসাবে আবদুল্লার কথা আমি ধরে নিয়েছি। এক লক্ষ ভোটার ভোট দিয়ে একজন মুখ্য লোককে যখন এই হাউসে পাঠিয়েছে তখন আপনাদের এটা টলারেট করতেই হবে। আবদুল্লার রেফারেন্স এনেছিলাম তখন স্পীকারকে দেখা গেল—সর্দার হুকুম সিং নিজের দায়িত্বে তিনি রুলিং পার্টিকে সেন্সার করলেন সেজন্য আমি দেখাতে চেয়েছিলাম যে স্পীকার-এর পাওয়ার যদি তখন আনরিটেন পাওয়ার লিখিত নেই বটে, কনস্টিটিউশন-এ কিন্তু রেসিডিওরি পাওয়ার আছে। সেজন্য আবদুল্লার রেফারেন্স বলে বলেছিলাম যে যেমন পার্লিয়ামেন্ট-এ স্পীকার একটা নজীর সৃষ্টি করেছিলেন এবং সরকারকে সেন্সার করেছিলেন যে, সরকারকে জবাব দেওয়া দরকার —যেখানে তারা এভয়েড করছেন সেখানে তিনি তাঁদের উত্তর দিতে বাধ্য করেছিলেন। যে নজীর তুলে বলেছিলাম ইউ ক্যান অলসো মেক দেম স্পীক। কিন্তু আমি আবদুল্লা পাকিস্তান ইত্যাদি সমস্ত বাজে কথা বলি নি। আপনি যদি প্রসিডিংস দেখেন তাহলে আমি যদি সেরূপ মূর্খের মতন কোন উক্তি করে থাকি তাহলে আমি হাউস থেকে বেরিয়ে যাব।

Shri Jyoti Basu:

জগন্নাথবাবু আধ ঘণ্টার রিসেসের পর এখানে এসে বললেন যে নোটিশ দিলে আলোচনা হতে পারে। রুলস-এ সমস্ত লেখা আছে আমরা জানি, কিন্তু এত যে বাকবিতণ্ডা হল আপনি যে রিসেস দিলেন আধ ঘণ্টা, তখন সরকার পক্ষ থেকে আমাদের কাছে এসে কিছু বললেন না যে, এই যে প্রস্তাব রাখলেন এটাতে আমাদের এই অসুবিধা হচ্ছে, এই জিনিসটা করা যাক এই সমস্ত কথা কিছুই বললেন না। অন্য ব্যাপারে আমরা দেখেছি মাঝে মাঝে কনট্যাক্ট করেন কিভাবে বিজনেস হবে আলোচনা হবে ইত্যাদি, কিন্তু আপনারা আধ ঘণ্টা সময় পেলেন কোন জিনিসই করলেন না—এব্রাপটলি বন্ধ হয়ে গেল এখন এই যে ঘটনা ঘটছে এটা জানা কথা সেখানে ওরা কি জানেন না এটা আবার হবে। আমরা দেখছি ৪ লাইনের প্রস্তাব একটা এসেছে সেটা দেখবার পর কি হবে না হবে সেটা ঠিক করা যাবে, সেজন্য এটা এমন কিছু কঠিন ব্যাপার নয়, তবে যদি বুঝি এটা একটা পলিসির ব্যাপার ইন্ডিয়া গভর্নমেন্ট একটা পলিসি নিয়েছেন। আমরা মিসলিড হই নি এবং শৈলবাবু যাই বলুন যে এ'রা কোনদিন প্রতিবাদ করেন নি, এই অর্ডার-এর বিরুদ্ধে, যদি করতো তাহলে আলাদা কথা। সেজন্য কালকে বলা মুস্কিল আর এখন বলার কি আছে তাও বুঝতে পারছি না। আমি এটা বুঝতে পারছি যে, অন্য বিজিনেস হোল্ডআপ করে যাচ্ছে. অসুবিধা হচ্ছে চীফ মিনিস্টার নেই বলে। এজন্য তিনটা থেকে আমরা বলছি যে একটা টেলিফোন করতে পারেন কিনা যে, চিফ মিনিস্টার নেই, এরূপ প্রশ্ন অ্যাসেম্বলীতে উঠেছে এক বা ২ দিন আপনারা এটা পোসপন্ড করতে পারেন কিনা এবং তাহলে কালকে একটা চান্স পাওয়া যায় আলাপ আলোচনা করবার এবং সবাই মিলে একটা প্রস্তাব গ্রহণ করে পাঠাতে পারতাম। এখন উপায় কি আছে? তাই ভাবছিলাম আপনার অনুমতি নিয়ে এটা সব সময় করা

[4-15—4-25 p.m.]

যায় যে একটা প্রস্তাব আমরা করতে পারি। আর ও'রা যদি দেখতে চান ১০-১৫ মিনিট টাইম দিন এর যদি এটাতে কিছু ভাষার অদলবদল করতে চান তা হলে তা করতে পারেন। বিষয়বস্তু ও'রা বুঝে গিয়েছেন। আমরা একটা অনুরোধ করেছি, অনুরোধ করলেই যে রক্ষা করবেন তার মানে কিছু নেই। তবে আমরা সন্তুষ্ট হতাম যদি জানতাম যে পশ্চিমবঙ্গ সরকার আমাদের সঙ্গে একমত যে বর্ডার ঐভাবে বন্ধ করবার দরকার নেই। অর্থাৎ যাঁরা ঐভাবে আসছেন ভেলিড ডকুমেন্টস ছাড়া তারা এখানে আসতে পারবেন যেমন আগে হয়েছিল। সেজন্য এত কেন গোলমাল হচ্ছে বুঝতে পারছি না, এই প্রস্তাব পাঠাতে অসুবিধা কি? আর ও'দের যদি অসুবিধা হয় যে, আমরা কি প্রসিডিওর কেন্দ্রীয় সরকার করেছেন তাহলে অন্য জিনিস। আমরা এভাবে করলে এটা কি রকম হবে? সেজন্য আমি বলছিলাম আপনারা তাহলে টেলিফোন-এ কনট্যাক্ট করে দেখুন কিছু করতে পারা যায় কিনা? কিন্তু তাও করলেন না। নিজেরা ব্যাফেল্ড হয়ে গেছেন কিনা জানি না। কিন্তু প্রশ্ন যখন এসেছে যেন এইরকম একটা ডিসিসন নেওয়া যায় কিনা দেখুন। আমরা এইরকমভাবে হেলড আপ করি না বলেই এটা করছি। এ বিষয়ে আমার অজ্ঞতা স্বীকার করছি—আমার খেয়াল ছিল না, আমাকে গৌর কুন্ডু ওরা অন্যান্যরা বললেন। কিন্তু ডেট মনে ছিল না সেজন্য ত এত গোলমাল হচ্ছে। আমাদের এই রকম সাজেশন ছাড়া অন্য সাজেশন নেই। এটা মেনে নেওয়া বা আমাদের স্যাটিসফায়েড করা বড় কথা নয়। পরবর্তী কি স্টেপ নেওয়া হবে সেটাও আমরা দেখব। সুতরাং এটাতে কেন অসুবিধা হচ্ছে বুঝতে পারছি না। তা না হলে ওদের যদি কোন সাজেশন থাকে বলুন, কালকের ঘটনা, অথচ প্রতিবাদও পাঠালেন না, টেলিফোনও করলেন না, প্রস্তাবও গেল না। আপনাদের যদি কোন নূতন সাজেশন থাকে বলতে পারেন এবং তাহলেই আমরা অন্য কাজে প্রসিড করতে পারি।

শ্রীকাশীকান্ত মৈত্র: জ্যোতিবাবু যে কথা বললেন তাতে বলতে চাই যে আমার জ্ঞান খুব কম, কিন্তু আপনার একটা রুল-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার: রুল-এর নম্বর বলুন।

শ্রীকাশীকান্ত মৈত্র:

Rule 346: A statement may be made by a Minister on a matter of public importance with the consent of the Speaker but no quetsion shall be asked at the time the statement is made.

এইরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আজকে হাউসের অপজিশন-এর পক্ষ থেকে আমরা বলছি একটা প্রস্তাব রাখা হোক। জ্যোতিবাবু একটা কংক্রিট প্রস্তাব রেখেছেন এবং আমরা সকলে এই প্রস্তাব সমর্থন করছি, মাননীয় মন্ত্রী জগন্নাথবাবু বললেন—যাকে অথরিটি অন দি সাবজেক্ট ধরে নিচ্ছি এইরকম প্রস্তাব হাউসে আনা যেতে পারে না, আমি তর্কের খাতিরে এটা মেনে নিলাম, তবে এটা স্বীকার করছি যে, এই সিচুয়েশন-এ ওটা নিশ্চয়ই আনা যায়। মানুষের জীবনের জন্য রুলস, রুলসের জন্য মানুষ নয়। অ্যাসেম্বলী চলছে দেশের জন্য। সুতরাং দেশের স্বার্থে এটা করলে আমরা প্রিসিডেন্ট ক্রিয়েট করতে পারি। সেজন্য আমি বলছি—রেজলিউশন হতে পারে তারা যদি মনে করেন রেজলিউশন করতে বাধা হবে ভাবলে জ্যোতিবাবু প্রস্তাবের যে স্টেটমেন্ট এক্সপ্রেস হয়েছে সেটাকে মেনে নিতে কি আপত্তি আছে? তাহলে আজ শৈলবাবু কেবিনেট মিনিস্টারদের পক্ষ থেকে একথা বলা হোক, হয় এই হাউস-এর অপজিশন-এর পক্ষ থেকে যে রেজলিউশন আনা হয়েছে তারা সেটা মেনে নিচ্ছেন।

মিঃ স্পীকার: আপনি যে রুল দেখালেন তার সঙ্গে রেলিভ্যান্সি কোথায়?

শ্রীকাশীকান্ত মৈত্র: বড়ই দুঃখের কথা, আপনি আমার কথা শুনলেন না without hearing me you are giving a judgement.

মিঃ স্পীকারঃ আপনার কি কথা নয়। আপনি গোড়ায় বলেছিলেন আবদুল্লার কথা এবং তারপর আপনি যে রুল দেখালেন
346. With due respect I can say that a statement can be made by a Minister on a matter of public importance without the consent of the Speaker or **his direction.**

শ্রীকাশীকান্ত মৈত্র: আমার কথা ত শুনলেন না? আপনি আমার বক্তব্য না শুনে একটা আন-প্রেজুডাইসড মাইন্ড নিয়ে বিচার করলেন। এতে কে হারল, কে জিতল সেটা বড় প্রশ্ন নয়, আমি জ্যোতিবাবুর প্রস্তাবটা টেকনিক্যালি ও লিগ্যালিসটিক ওয়েতে যদি বাধা দেবার কারণ সরকার পক্ষের দেখা যায়, তা হলে তাঁরা দিন। কিন্তু বলছি সেটাকে সরিয়ে দিয়ে ৩৪৬ আমরেলার তলায় আমরা আসতে পারি আপনার অনুমতি নিয়ে, যেহেতু হাউসের সদস্য মাননীয় সদস্যরা বলেছেন আজকে বর্ডার সিলিং-এর ব্যাপারে এই অ্যাসিওরেন্স দেওয়া হোক এবং কেন্দ্রীয় সরকারের কাছে এই দাবী জানাচ্ছি, যেটা জ্যোতিবাবু বললেন ইউ পুট..
you put into moratorium for sometime in the meantime
আমরা আমাদের ভিউজ জনাচ্ছি যে আমাদের না জানিয়ে আপনারা কিছু করবেন না।

জ্যোতিবাবু যেটা বললেন যে, কিছুদিনের জন্য আমরা আমাদের ভিউজ তোমাদের জানাচ্ছি, তার আগে তোমরা কিছু করো না, এই মর্মে মিনিস্টার একটা স্টেটমেন্ট নিশ্চয়ই করতে পারেন। রুল ৩৪৬ দেখতে পারেন এবং কনসেন্ট দিতে পারলে....................

মিঃ স্পীকারঃ এই রুল দেখাবার দরকার নেই। জ্যোতিবাবু সেটাই বলেছেন মন্ত্রীদের কাছে। আপনার এতো বলবার প্রয়োজন ছিল না। জ্যোতিবাবু সেটা হালকা করে দিয়েছেন।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আপনি স্কুল মাস্টার মহাশয়ের মতন এভ্রি মোমেন্ট-এ, কে রাইট করল কে রঙ করল, বিচার করছেন। জ্যোতিবাবু কি বলেছেন না বলেছেন দ্যাট ইজ নট মাই কনসার্ন

মিঃ স্পীকারঃ
If that be your contention, you have no right to take the floor.
জ্যোতিবাবুর ম্যাটার শেষ হলে আপনি বলবেন। আপনি যদি বলেন জ্যোতিবাবু যেটা বলেছেন তার সংগে আপনার কনসার্ন নেই, তাহলে জ্যোতিবাবু যেটা বলেছেন সেটা আগে শেষ হোক তারপরে আপনি আপনার নতুন কনসার্ন বলবেন।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি শুধু আপনার হাউসকে হেল্প করবার জন্য বলেছি। আপনার রেজলিউশান পাশ না করতে পারলে জ্যোতিবাবুর বক্তব্য মিনিস্টার স্টেটমেন্ট করে বলতে পারবেন। এই সহজ জিনিসটা বোঝাবার চেষ্টা করেছি।

শ্রীজগন্নাথ কোলেঃ মিঃ স্পীকার, স্যার, আমি দেখেছি যখনই জ্যোতিবাবু কিছু বলেন, তখনই কাশীবাবু উঠে অন্য লাইনে বলবেন। জ্যোতিবাবু যে রেজলিউশানটা দিয়েছেন, সে রেজলিউশান হাউস নিলে—আমরা কেন বলেছি আর কেন বারন করেছি—আমাদের কোন আপত্তি নেই। আমাদের হাউসে যেমন মানবিকতার দিক দিয়ে আমরা সবাই ভাবছি এবং সেই জন্য কালকে চীফ মিনিস্টার, রিহ্যাবিলিটেশান মিনিস্টার আসছেন এবং আজকের দিনটা গেলে এমন কিছুই হবে না, কালকে ও'রা এটা নিতে পারবেন। যেখানে চীফ মিনিস্টার এখানে নেই, রিহ্যাবিলিটেশান মিনিস্টার এখানে নেই, সেখানে এই রেজলিউশান নেবার আপত্তি জানাচ্ছি।

শ্রীনিখিল দাসঃ মিঃ স্পীকার, স্যার, একটা কথা বুঝে দেখুন, জগন্নাথবাবু যে কথা বলেছেন এবং জ্যোতিবাবু যে প্রস্তাবটা এনেছেন তার সাথে ও'দের এতটুকু অমত নেই।

শ্রীজগন্নাথ কোলেঃ মিঃ স্পীকার, স্যার, কোন মেম্বারের মত আছে, কোন মেম্বারের মত নেই তা আমি জানি না। আপনাদের রেজলিউশন এসেছে, আমাদের জানা উচিত এবং কি পজিশান জানা উচিত এবং মিনিস্টারর্স কনসার্নড এবং চীফ মিনিস্টার ও'রা সবাই জানেন। সেইজন্য আমরা চাই যে কোন কিছু রেজলিউশান হলে সংগে সংগে এইরকম হ্যাপাজার্ডলি না নিয়ে চিন্তা করে যা কিছু প্রস্তাব হবে তা সবই পাঠাতে হবে। এই জন্য আমি বলছি যে কালকে এটা

করুন। নরম্যাল বিজনেস না হয় একটু পিছিয়েই যাবে। নিখিলবাবু যা বললেন তাতে হয়ত সময় লাগতে পারে অন্য বিজনেস-এ। এই জন্য আমি বলছি যে, আজকে চীফ মিনিস্টার এবং রিহ্যাবিলিটেশান মিনিস্টার এখানে নেই বলেই আমি কালকের কথা বলছি।

মিঃ স্পীকার: এবার আমি একটু বলে নিই। লিডার অব দি অপোজিশান এবং আপনারা সকলেই বলেছেন। আফটার অল মিনিস্টার কোলেও বললেন।
If you really feel that the matter is a serious one and if you really want to help this cause, you have ventilated your views, you have thrown the burden on the Government with the background of another resolution which has been proposed, or rather suggested by Shri Basu, and the difficulty also has been pointed out by Mr. Kolay. You also realise that the Chief Minister and the Rehabilitation Minister—don't talk of Cabinet joint responsibility because I am not going into the legal discussions here—these two Ministers are not here. If you really feel it is a serious matter and if you feel that something should be done, I would appeal to you, let us stop here; let us go through the rest of the work. Tomorrow will be coming; not that tomorrow will never come.

শ্রীননী ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, ক্ল্যারিফিকেশান-এর একটি ব্যাপার আছে। ব্যাপারটা সিরিয়াস বলেই আমি বলছি যে, ক্ল্যারিফিকেশান একটা নিচ্ছেন..................

মিঃ স্পীকার: আমি ক্ল্যারিফাই করবার জন্য বলি নি।

শ্রীননী ভট্টাচার্য: আপনি যেটা বলেছেন সেটা ও'দের এবং আমাদের কথাবার্তা শুনে।

মিঃ স্পীকার: আবার ওদের টানছেন কেন? আমি বলেছিলাম
The position as it stands today, up to the moment, serious. We should stop here. Tomorrow we can have a few hours.

শ্রীননী ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, ব্যাপারটা সিরিয়াস বলেই ঘটনাটা বলছি এবং কালকে চীফ মিনিস্টার আসার সঙ্গে সঙ্গে যদি আলোচনা হয় তাহলে অবশ্য ভেবে চিন্তে দেখা যেতে পারে।

মিঃ স্পীকার: আমি আপনাকে ভেবে চিন্তে দেখতে কিছু বলি নি, ওরাও বলেন নি যে, আপনি এটা ভেবে চিন্তে বলুন।
Whether the egg can be hatched before it is there. I have made an appeal to the House so that we can carry on the work of the House with decency and decorum. Keeping the serious matter serious.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, আপনি এটা সিরিয়াস ম্যাটার বলেছেন। অথচ এটাকে খুব লাইট করে দিচ্ছেন। আপনি বলেছেন সিরিয়াস ম্যাটার করে যে জিনিসটা করেছেন সেটা লাইট হয়ে যাচ্ছে। আমার বক্তব্যটা শুনুন, কেন আমি এই কথা বলছিলাম। আপনার কথার উপর যখন আমি বলছি তখন নিশ্চয়ই এর একটা গুরুত্ব আছে এবং আমরা সিরিয়াস ম্যাটার সম্বন্ধে গভর্নমেন্ট-এর কাছে একটা ওপিনিয়ন চেয়েছিলাম, নট টু স্পীক অফ দি রেজলিউশান আমরা চেয়েছিলাম—গভর্নমেন্ট এ সম্বন্ধে কি দৃষ্টিভঙ্গী, কি সিদ্ধান্ত ওদের কিছুই জানালেন না। দে রিমেন অ্যাডামেন্ট, একটা প্রশ্নের জবাব দিলেন না। জ্যোতিবাবু একটা প্রস্তাব তুললেন এখানে। আপনি বললেন সেটাকে ওরা কোন ক্যাটাগোরিক্যাল অ্যাসিওরেন্স দিচ্ছেন না। এবং উনি এ সম্বন্ধে কি বলেছেন তাও কিছু বললেন না। আপনি সিম্পল বলেছেন যে রেজলিউশানটা কালকে ননীবাবু যখন জিজ্ঞাসা করলেন যে এটা ডিসকাস হবে কি না চীফ মিনিস্টারকে, তখন তিনি কোন অ্যাসিওরেন্স দিলেন না। তাহলে সিরিয়াস জিনিসটার সিরিয়াসনেস রইলো কোথায়? সমস্ত জিনিসটা তো লাইট হয়ে গেল। তারপরে ২ ঘণ্টা ধরে যে আমরা অ্যাসেম্বলীর সময় নষ্ট করলাম শুধু এ সম্বন্ধে গভর্নমেন্টের কি বক্তব্য আছে তা জানবার জন্য যে, বর্ডার সিল কাল থেকে করে দিচ্ছেন এবং ইন্ডিয়া গভর্নমেন্ট বা আমাদের

বেংগল গভর্নমেন্টের তরফ থেকে কি ব্যবস্থা করা হয়েছে কিম্বা তারা কি করতে চান তার কোন জবাব দিলেন না। এন্টায়ার ক্যাবিনেটে ৮-১০ জন মিনিস্টার আছেন, পাবলিকের পয়সা নিচ্ছেন, অথচ একটা জবাব পর্যন্ত দিলেন না। আর আপনি স্যার বললেন যে ব্যাপারটা সিরিয়াস।

[4-25—4-35 p.m.]

মিঃ স্পীকারঃ মিঃ ভট্টাচার্য, মুসকিল হচ্ছে এই যে কথা বললেই আপনি আবার তার মানে করেন। আমার কথা হচ্ছে এই
If you feel this is serious.

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ
We feel it is serious.

মিঃ স্পীকারঃ আমি তা জানি। অতএব তারপরে যে কটি ঘটনা ঘটেছে, যে স্টেজ অবধি এসেছে, উনি যেটা বলেছেন—আমার মনে হয় আমিই এটা বলেছি। তাহলে আজকে এটা এখানে স্টপ করে কালকে করুন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ স্টপ কেন করবো ?

মিঃ স্পীকারঃ আপনারা না করলে আমি করতে বলছি না। আপনারা যত ইচ্ছা স্টেটমেন্ট করুন, আমি বারন করছি না। মিঃ ভট্টাচার্য, আমি বলছি যে এর পরে আরো বললে হেলপ হচ্ছে কি? অতএব আমাদের এটা যদি সিরিয়াস হয়, তাহলে এটা আজকে এখানে স্টপ রেখে সিরিয়াসনেসটা কাল অবধি রাখুন। উনি একটা রেজলিউশন সাজেস্ট করেছেন এবং এখানে বলেছেন যে চীফ মিনিস্টার, রিহ্যাবিলিটেশান মিনিস্টার নেই। অতএব এটা আপনারা এখানে এর চেয়ে বেশী হেলপ করতে পারবেন? যদি হেলপ করতে পারেন
You all speak and I am not going to stop you.

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ মিঃ স্পীকার স্যার, আপনি একটা সাজেশান দিচ্ছেন যে যদি গভর্নমেন্ট সিরিয়াস হন তাহলে ১৫ মিনিটের জন্য হাউস অ্যাডজোর্ন করে দিন। লেট আস সিট টুগেদার এবং তারপরে আমরা গভর্নমেণ্টের মাইণ্ড বুঝতে পারব যে গভর্ণমেণ্ট এ সম্বন্ধে কি করতে চেয়েছেন। তারপরে গভর্নমেণ্টের তরফ থেকে.................

মিঃ স্পীকারঃ জগন্নাথবাবু বললেন বলেই আমি এতোগুলো কথা বললাম।

শ্রীজগন্নাথ কোলেঃ আমি তো বলেছি চীফ মিনিস্টার কালকে এলে রেজলিউশন নেওয়া হবে। তারপরে স্পীকার যদি বলেন যে, ডিসকাশন হবে, তাহলে হবে। কিন্তু আমাদের ডিফিকাল্টি হচ্ছে কি যে, আজকে চীফ মিনিস্টার এবং রিহ্যাবিলিটেশান মিনিস্টার নেই। স্পীকার যদি বলেন তাহলে ডিসকাশন হবে তাতে আর কি হয়েছে। কিন্তু আমাদের ডিফিকাল্টিজ হচ্ছে যে, আমাদের চীফ মিনিস্টার এবং রিহ্যাবিলিটেশন মিনিস্টার নেই। সেইজন্যই বলছি।

শ্রীননী ভট্টাচার্যঃ আপনারা কি একটা অ্যাসিওরেন্স দিতে পারছেন যে, কালকে চীফ মিনিস্টার যখন আসবেন তখন আলোচনা হবে। যেহেতু চীফ মিনিস্টার চলে গেছেন, আভা মাইতি নেই—আপনাদের সবাইকে কি উলটে রেখে চলে গেছেন—আপনারা এখানে কেবল হাত-পা নাড়ছেন। আপনারা একটা অ্যাসিওরেন্স দিন যে কালকে ফাস্ট আওয়ারে আলোচনা হবে।

(হট্টগোল)

শ্রীবিজয় সিং নাহারঃ বাজে কথা বললে উত্তর হয় না।

শ্রীননী ভট্টাচার্য: এখানে এতোগ্নলো মিনিস্টার বসে আছেন অথচ একটা ক্যাবিনেট ডিসিসন কি হয়েছে তা জানাতে পারেন না—পাবলিকের টাকা নিচ্ছেন। যখন একটা প্রশ্ন উঠেছে তখন এটা সম্বন্ধে একটু গুরুত্ব দিয়ে আলোচনা করার কথা মনে করলেন না। আর আপনারা বলছেন যে এটা বাজে কথা হয়ে যাচ্ছে। লজ্জা করছে না, কালকে থেকে বর্ডার সিল করে দিচ্ছেন, আর এ ব্যাপারে একটা অ্যাসিওরেন্স দিচ্ছেন না, অতই অসহায় অবস্থা।

শ্রীকমলকান্তি গুহ: কানাইবাবু যে কথা বলেছেন যে, আমরা ওদের সাথে বসে যদি ওদের মনোভাবটা বুঝতে পারতাম যে ওরা কোন্ পথে যেতে চান তাহলে আমরা আগামী কালের জন্য অপেক্ষা করতে পারতাম। আমরা বুঝতে পারতাম যে আগামীকাল সরকার এ ব্যবস্থা করবেন। কিন্তু সে সম্বন্ধে কিছুই বলছেন না। আর বিজয়বাবু বলছেন যে বাজে কথা বললে উত্তর পাওয়া যায় না। আমি বলছি যে ভাল কথা বলে উত্তর পাওয়া যাচ্ছে না, তখন আমরা দেখছি যে আরও পন্থা কি আছে যাতে উত্তর পাওয়া যায়।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: স্পীকার মহোদয়, ওরা তো এখনও কিছুই বলছেন না। কানাইবাবু যেটা বললেন—আপনি তো স্যার অনেক উপদেশের কথাই বললেন...........

মিঃ স্পীকার: আমি কোন উপদেশের কথা বলি নি—আমি বলেছিলাম রেগুলার কাজটা হতে পারে কিনা।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: নিশ্চয় আপনি আমাদের উপদেশ দিলে অন্তত আমি মনে করি যে সেটা খুব লজ্জার কথা হবে না। কিন্তু কথা হচ্ছে আপনি দেখুন যে, এটা একটা ন্যাশন্যাল কোশ্চেন এবং ওরাও বলেছিলেন যে এটা ন্যাশন্যাল কোশ্চেন হিসাবে দেখবেন মানবিক কোশ্চেন আপনি তো জানেন স্যার, ফোর ফ্রেমস ডিক্লেয়ারেশনের পরে—তথাপি আমরা এইরকমভাবে বলেছিলাম এবং জগন্নাথবাবু বারে বারে ডিসেন্সি ডেকোরামের কথা বলছেন। আমি বলছি যে তিনি ইংল্যান্ডের পার্লামেন্টারী প্রসিডিওর থেকে দেখান যে কোন জায়গায় ওর মত পজিশনে ক আছেন তিনি এইরকমভাবে অপোজিশনকে উপদেশ দেন গ্র্যাটিসে। আবার তিনিই ডিসেন্সী ডেকোরামের কথা বলেন।

মিঃ স্পীকার: মিঃ অধিকারী, এটা তো উপদেশের জায়গা নয়, এটা অ্যাপিল করার জায়গা। আমি যেটা করেছিলাম—আই এ্যাপিলড টু দি হাউস। উনি যেটা করেছিলেন হি এ্যাপিলড টু দি হাউস। এটা হিতোপদেশ দেবার জায়গা নয় যে উপদেশ দেবেন।

[4-35—4-45 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আপনি যা বললেন সেটা আমি মানি। কিন্তু কথা হচ্ছে ক্যাবিনেট ডিসিশন হয়েছে, শৈলবাবু এর আগে বলেছেন। উনি যখন স্টেটমেন্ট দিলেন তখন উনি বলেছেন যে, এই এইগুলি করেছি। কিন্তু জ্যোতিবাবু পয়েন্ট ব্ল্যাঙ্ক বললেন যে, রিলিফের ব্যাপারে শুধু প্রটেস্ট করেছেন। ঐ প্রোটেস্টিং-এর ইংরাজী বললে মানে বাংলায় এই দাঁড়ায় যে রিলেফের ব্যাপার। তখন শৈলবাবু বললেন যে, হ্যাঁ। ওখান থেকে শুনলাম বিজয়বাবু বললেন বোধ হয় এটা সিক্রেট ডিসিশন। তাহলে কি সিক্রেট ডিসিশন দিয়ে যে রিফিউজি আসবে তাদের বন্ধ করে রাখতে হবে? কাজেই এইরকম অবস্থায় আমি বলতে চাই যে, আমরা ঐ বস্তাপচা ইংল্যান্ডের শুধু অনুকরণ করে চলব—এইরকম ধরণের গণতন্ত্রে আমি অন্তত বিশ্বাস করি না। সুতরাং রুলস মানে এই নয়—এতবড় একটা এক্সট্রা-অর্ডিনারি ব্যাপারে অপোজিশনের তরফ থেকে কোন রেজলিউশন নিয়ে আসলে ওটা শুধু ওয়েভ আউট করে দিতে হবে। That is not the intention of the rules রুলস যাঁরা ফ্রেম করেছেন তাঁদের ইনটেনশন এই ছিল না। কাজেই আপনার কাছে অনুরোধ আপনার যে ডিসক্রিশনারি পাওয়ার আছে সেটা ইউজ করে ওঁদের দিয়ে কিছু বলাতে পারেন কিনা। আপনি তো এই হাউসের কাস্টোডিয়ান।

মিঃ স্পীকার: দেখুন রেসিডিউয়ারি পাওয়ার ওখানে এক্সটেন্ড করে না যিনি ডাম্ব থাকেন বা যিনি কথা বলতে পারেন না, তাঁকে দিয়ে কথা বলানো যায় না—রেসিডিউয়ারি পাওয়ার যেটা রেফার করেছেন সেটা প্রসিডিওর চেঞ্জ করতে পারে। কথা বলাবার জন্য রেসিডিউয়ারি পাওয়ার নেই।

শ্রীকানাইলাল ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, এই রুল ছাড়া আমাদের লোকসভার স্পীকার যেভাবে তাঁর ক্ষমতা প্রয়োগ করেছেন আপনিও সেইভাবে ও'দের দু-একটা প্রশ্ন করে আপনার ক্ষমতা প্রয়োগ করে জিনিসটা যদি হাউসের কাছে প্লেস করাতে পারেন ও'দের দিয়ে তাহলে আমার মনে হয় সেটা খুব ভাল হবে। এটা অবশ্য কাশীবাবু বলেছেন, তা সত্ত্বেও আমি রিপিট করছি। সেখ আবদুল্লার ব্যাপারে লোকসভায় হুকুম সিং যেভাবে গভর্নমেন্টকে বাধ্য করিয়াছেন গোটাকতক প্রশ্নের জবাব দিতে এবং যেগুলি বলতে পারেন নি সে সম্বন্ধে খবর নিয়ে আসতে বলেছেন আমার মনে হয় আপনিও সেইভাবে প্রশ্ন করুন যে, এগুলির জবাব কি? যার দ্বারা এটা অত্যন্ত পরিস্কার হতে পারে যে, ঐ বর্ডার সিল সম্পর্কে সেণ্ট্রাল গভর্নমেণ্ট কি কি অর্ডার দিয়েছেন এবং এই অর্ডারগুলি সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের কি অভিমত ছিল এবং তাঁরা কি বলেছেন। ও'রা মুখে চাবিতালা মেরে বসে রয়েছেন একটা জবাব দিচ্ছেন না। আপনি স্যার, হাউসকে হেল্প করার জন্য এটা করুন। এগুলি পাবলিকের তরফ থেকে জানা দরকার, দেশের লোকের জানা উচিত যে, আমাদের সরকার এইভাবে বর্ডার সিল করে দিয়ে আমাদের প্রতিবেশী রাজ্য থেকে যাঁরা মাইনরিটি এখানে আসতে চান তাঁদের রাইটসগুলি কেড়ে নিচ্ছেন। আমাদের সরকারের সে সম্বন্ধে বক্তব্য কি, এটা যাতে আমরা জানতে পারি সেজন্য আপনি আপনার রাইট ইউজ করুন, এটাই আমার বক্তব্য।

শ্রীনিখিল দাস: এটা খুব সোজা। ও'রা বলছেন যে, চীফ মিনিস্টার না এলে এ ব্যাপারে জবাব দিতে পারবেন না। তাহলে দেখা যাচ্ছে যে, চীফ মিনিস্টারবিহীন হাউস চলার কোন অর্থ হয় না। চীফ মিনিস্টার না থাকলে ও'রা কোন ব্যাপারের জবাব দিতে পারেন না এই হচ্ছে অবস্থা। এই যদি হয় যে, চীফ মিনিস্টার ছাড়া আদার মিনিস্টারস কিছু করতে পারবেন না অথচ রেসপন্সিবিলিটি অব দি ক্যাবিনেট অ্যাজ এ হোল প্রত্যেক মিনিস্টারই আছেন, কিন্তু চীফ মিনিস্টার না থাকলে এই ধরনের উত্তর যদি দিতে না পারেন যে, ক্যাবিনেট ডিসিশন কি হয়েছিল তাহলে এই হাউসের কি অর্থ আমি বুঝতে পারছি না। ও'রা বার বার বলছেন যে, চীফ মিনিস্টার না এলে বলতে পারি না—ক্যাবিনেট ডিসিশন কি হয়েছিল তার জন্য চীফ মিনিস্টারের কি দরকার? এটা তো হয়ে গেছে। আপনারা বর্ডার সিল সাপোর্ট করেছেন কিনা এই প্রশ্নে চীফ মিনিস্টারের দরকার কেন? নতুন যদি কোন পলিসি নিতে হত তাহলে বুঝতে পারতাম যে, চীফ মিনিস্টার নেই একটা ভাইট্যাল ব্যাপার নতুন পলিসির ব্যাপার সেজন্য বলতে পারছেন না। কিন্তু এটা তো পুরাতন ব্যাপার, তাহলে কেন বলতে পারবেন না? তাহলে কি চীফ মিনিস্টার না হলে হাউস চলতে পারবে না? তাহলে এখন থেকে একটা আইন হওয়া উচিত যে, যেদিন চীফ মিনিস্টার থাকবে না সেদিন হাউস চলবে না। কেন না আমরা কোন প্রশ্নের জবাব পাব না, ক্যাবিনেট বলবেন যে চীফ মিনিস্টার নেই, ওয়েট করতে হবে, আমরা বলতে পারব না।

মিঃ স্পীকার: মিঃ দাস, রেগুলার যে ওয়ার্কগুলি—কলিং অ্যাটেনশন কোয়েশ্চেন সবই হয়। কিন্তু আর্জেন্ট ম্যাটারে যদি কোন কোয়েশ্চেন ওঠে অফ হুইচ দি মিনিস্টার ইজ নট অ্যাওয়ার অফ তাহলে যেটুকু জানেন সেটুকু বলবেন। আর্জেন্ট ম্যাটারে উই ক্যান নট কল অ্যান অ্যানসার দেন অ্যান দেয়ার।

শ্রীসোমনাথ লাহিড়ী: মিঃ স্পীকার, স্যার, আমি এটা জানতে চাই, আপনি যে কথা বললেন তাহলে ক্যাবিনেটে যাঁরা আছেন তাঁদের কি এই বক্তব্য যে সেণ্ট্রাল গভর্নমেন্ট যে অ্যানাউন্সমেন্ট করেছেন যা কাগজে বেরিয়েছে সে সম্বন্ধে ও'রা কিছু জানেন না? এটাই কি ও'দের বক্তব্য? তাহলে আপনার পজিশনটা আমরা বুঝতে পারি।

মিঃ স্পীকার: আমার পজিশন বোঝার দরকার নেই মিঃ লাহিড়ী। একটা আর্জেন্ট ম্যাটার মেনশন করবেন বলে আমি পারমিশন দিয়েছি; নট দ্যাট আর্জেন্ট ম্যাটারের জবাব আনিয়ে দেব। তার জন্য দিই নি। আমি সেটাই মিঃ দাসকে ক্লিয়ার করলুম। এবার আমাকে ছেড়ে দিন, ও'দের বলুন।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মিঃ স্পীকার, স্যার, আপনি সাজেস্ট করেছেন আর্জেন্ট ম্যাটারের ব্যাপারে ও'রা প্রস্তুত নন বলে জবাব না দিতে পারেন।

মিঃ স্পীকারঃ আমি তা বলিনি। আপনাদের জবাব চাওয়া হয় নি।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ ও'রা বলুন না জিনিসটা যা হয়েছে ক্যাবিনেট তার পক্ষে, না, ক্যাবিনেট সে সম্বন্ধে অন্য কিছু মত পোষণ করেন। কি মত পোষণ করেন সে সম্বন্ধে যদি মনে করেন বিরোধী পক্ষের সঙ্গে আজকে পাবলিকলি আলোচনা করা যায় না তাহলে প্রাইভেটলি আলোচনা করতে পারেন, তাতে আমার আপত্তি নেই। সেটা ও'রা সাজেস্ট করুন, আমরা সাজেস্ট করছি হাউস অ্যাডজোর্ন করা হোক, ও'রা আমাদের সঙ্গে আলাপ করুন।

মিঃ স্পীকারঃ ও'দের পজিশনটা আগেই বলেছেন। দরকার হলে হাউস আমি অ্যাডজোর্ন করতে বাধ্য। ও'রা যদি বেটার কিছু করতে পারেন তাহলে আমি হাউস অ্যাডজোর্ন করতে পারি। কিন্তু ও'রা বলছেন এর চেয়ে বেশি কিছু বলতে পারবেন না। সুতরাং হাউস অ্যাড-জোর্ন করে কি উপকার হবে বলুন?

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আহলেও হাউস আজকে অ্যাডজোর্ন করে দিন।

মিঃ স্পীকারঃ

As an old member of the House can you advise

যে, এজন্য হাউস অ্যাডজোর্ন করে দেব?

You are an old member of the House.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমি আপনার কাছে নিবেদন করছি।

মিঃ স্পীকারঃ

Then it comes to the same position where I appeal to the House that let us stop the matter here and let us go on with our regular business.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমাদের আপনার কাছে অ্যাপীল হচ্ছে এই, যেহেতু আজকে অধিকাংশ সদস্যের মনকে বিষয়টা চিন্তিত করেছে এবং বিষয়টা এমনই যার সঙ্গে পশ্চিমবঙ্গ এবং পূর্ব বঙ্গের সংখ্যালঘুদের ভাগ্য বিজড়িত সেহেতু আজকে নর্ম্যাল বিজনেস এমনিতেই পাঁচটা বাজে, আর না হয় আধ ঘণ্টা চলবে, কাজেই সেই ১৫ মিনিট বা আধ ঘণ্টা চালিয়ে......

মিঃ স্পীকারঃ

It is better that we should carry on with the regular business that is more decent.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ নর্মাল বিজনেস তাতে এমন কিছু এগোবে না যদি হাউস ১৫ মিনিট বা আধ ঘণ্টা চলে। তাঁরা যখন বলছেন যে, চীফ মিনিস্টার এলে তাঁরা বলতে পারবেন তখন আধ ঘণ্টা না হয় হাউস অ্যাডজোর্ন থাক, আমরা এই বিষয় নিয়ে আলোচনা করি। কালকে ফার্স্ট আওয়ারে সে সম্বন্ধে আলোচনা হয়ে যাবে তারপর নর্মাল বিজনেস চলবে, তাতে বিজনেসের এমন কিছু ক্ষতি হবে না। ক্ষতি যদি কিছু হওয়ার থাকে তো হয়ে গেছে। আর ফারদার আধ ঘণ্টায় এমন কিছু ইম্প্রুভমেন্ট হবে না। বিষয়টা আশু এবং জরুরী এবং বিষয়টা নিয়ে অনেকে উদ্বিগ্ন। কাজেই সেই বিষয়ে যখন ও'রা জবাব দিতে পারছেন না তখন আমরা হাউস অ্যাডজোর্ন করি, কালকে এসে জবাব দেবেন, তাতে অসুবিধা কি? আধ ঘণ্টায় কি এমন এসে যাবে?

[4-45—4-55 p.m.]

Shri Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, আমাদের স্মরণ আছে এর আগের হাউসে কংগ্রেস তরফ থেকে কোন মাননীয় সদস্য একটি প্রস্তাব এখানে উপস্থিত করেছিলেন এবং বক্তৃতাপ্রসঙ্গে তিনি বলেছিলেন যে, বর্ডারকে সীল করে দেওয়া দরকার। তখন সঙ্গে সঙ্গে এপাশ থেকে আমরা

আপত্তি জানিয়ে বলেছিলাম একথা যে, যে মাননীয় সদস্য বক্তৃতা করতে উঠে আজকে বর্ডার সীলের কথা বলছেন, এটা কি তাঁর ব্যক্তিগত মত, না ক্যাবিনেট বা ট্রেজারি বেঞ্চের এই মত, না, গভর্নমেন্টের এই মত যে বর্ডার সীল হয়ে যাক?

(এ ভয়েসঃ কে বলেছিলেন?)

ওপাশে ছিলেন তখনকার কংগ্রেস সদস্য শ্রী পি আর ঠাকুর। আপনাদের দলের লোক হিসেবে ওখান থেকে বক্তৃতা মারফৎ ঐ কথা বলেছিলেন। তখন আপনারা দাঁড়িয়ে বলেছিলেন ট্রেজারি বেঞ্চ থেকে যে, না, এটা গভর্নমেন্টের মত কখনও হতে পারে না। উনি তাঁর নিজের ব্যক্তিগত মত বলেছেন, আমরা বর্ডার সীল করার কথা সমর্থন করি না, আমরা তার বিরুদ্ধে। এটা তখন গভর্নমেন্টের তরফ থেকে জানানো হয়েছিল। আমরাও শুনে খুশি হয়েছিলাম। কারণ আমরা এই মত পোষণ করি যে, এই বর্ডার সীল হওয়া উচিত নয়। কিন্তু আজকে কেন্দ্রীয় সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, ১লা এপ্রিল থেকে অর্থাৎ আগামীকাল থেকে বর্ডার সীল করবেন। আমরা বাজেট ডিসকাশনের বক্তৃতার মাধ্যমে এ বিষয়ে শ্রীমতী আভা মাইতির দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং বলেছিলাম যে, এযাবৎ দেখছি কেন্দ্রীয় সরকার উদ্বাস্তুদের সম্পর্কে যে সমস্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন, তার বিরুদ্ধে আপনারা প্রতিবাদ করছেন না। আমরা বলেছিলাম, উদ্বাস্তুদের যদি দন্ডকারণ্যে নিয়ে যাওয়া হয় পুনর্বাসনের জন্য, তাহলে আমাদের কোন আপত্তি নাই। আমরা বামপন্থী দল হিসেবে বলেছিলাম—তারা যদি সেখানে জমি পায়, অন্যান্য সুযোগ পায়, তাহলে কেন তারা যাবে না? নিশ্চয়ই যাবে। কিন্তু আমরা সেখানে গিয়ে দেখে এসেছিলাম যে, জমি তারা পাচ্ছে না এবং তাদের চাষের জমি দেওয়ারও কোন বন্দোবস্ত হচ্ছে না। কেবল বিভিন্ন জায়গায় তাদের লেবার হিসেবে খাটাবার ব্যবস্থা হচ্ছে। আমরা বলেছিলাম যে, পশ্চিম বাংলায় মধ্যে শিল্পায়ন করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা যেতে পারে। অবশ্য মন্ত্রিমহোদয়া তার জবাব দেন নাই। আমরা সংগে সংগে একথাও বলেছিলাম সেই বাজেট আলোচনার সময় যে, আমরা দেখতে পাচ্ছি যে, কিছুসংখ্যক উদ্বাস্তু যারা মাইগ্রেশন সার্টিফিকেট না নিয়ে এসেছে, তাদের ক্ষেত্রে সিটিজেনসিপ রাইট দেওয়া হচ্ছে না এবং এটা আমাদের পশ্চিমবঙ্গ সরকার ১৬টি জেলায় সার্কুলার পাঠিয়ে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের জানিয়ে দিয়েছেন যে, তাদের সমস্ত অ্যাপ্লিকেশন পেন্ডিং রাখো, সিটিজেনশিপ রাইট তাদের দিও না যারা এমনি বর্ডার ক্রস করে এসেছে উইদাউট মাইগ্রেশন সার্টিফিকেট। শ্রীমতী মাইতি দাঁড়িয়ে বলবার চেষ্টা করলেন না। আমরা তো দিচ্ছি। আমরা সরাসরি জানতে চেয়েছিলাম এবং বলেছিলাম আমি দায়িত্ব নিয়ে বলছি এই হাউসের সদস্যপদ ত্যাগ করতে রাজী—যদি প্রমাণ করতে না পারি, আমি যদি অক্ষম হই। যার জবাব শ্রীমতী আভা মাইতি তখন দিলেন না। মিঃ স্পীকার, এ সম্বন্ধে একটি এনকোয়ারি করুন। আমাদের ভারত সরকার থেকে স্টেট গভর্নমেন্টের উপর এমন কোন নির্দেশ নাই যে, যারা বর্ডার ক্রস করে বিনা মাইগ্রেশনে এসেছে এবং তাদের সিটিজেনশীপ সার্টিফিকেট দেওয়া বন্ধ করে দেওয়া হোক বা পেন্ডিং রাখা হোক। এই ধরনের কোন নির্দেশ কেন্দ্রীয় সরকারের নাই। সেই নির্দেশ না থাকা সত্ত্বেও আমাদের পশ্চিমবঙ্গ সরকার এমন একটি নির্দেশ জারি করেছেন জেলা ম্যাজিস্ট্রেটদের কাছে যে, তোমরা সব দরখাস্ত পেন্ডিং রেখে দেও, ওদের সিটিজেনশীপ রাইট দিও না। এই যে অ্যাটিচুড, এই অ্যাটিচুড অত্যন্ত মারাত্মক। তার কারণ কেন্দ্রীয় সরকারের কোন নির্দেশ না থাকা সত্ত্বেও এই অঞ্চলে যেসমস্ত উদ্বাস্তু এসেছে এবং যারা নিজের পায়ে দাঁড়িয়ে রুজিরোজগার করতে চান, তাদের ক্ষেত্রে দেখছি উদ্বাস্তু দপ্তরকে হোম ডিপার্টমেন্ট ইনস্ট্রাকসন দিয়েছেন যাতে তারা নাগরিক অধিকার না পেতে পারে, কোন সুযোগ-সুবিধা না পেতে পারে এবং এইভাবে তাদের নাগরিকত্ব থেকে বঞ্চিত করছেন।

আবার আজকে দেখতে পাচ্ছি আগামীকাল থেকে কেন্দ্রীয় সরকার বর্ডার সীল করবার নীতি ঘোষণা করেছেন এবং পশ্চিমবঙ্গ সরকার সেখানে নীরব। আগে তাঁরা সমর্থন করেছিলেন যে, বর্ডার সীল করা উচিত নয়, কিন্তু আজকে সেই নীতি পরিবর্তন করার কারণ কি সেটা সদস্যেরা জানতে চায়। এই ব্যাপারে আমাদের মন উদ্বিগ্ন হয়েছে এবং আমরা জানতে চাই কংগ্রেস গভর্নমেন্টএর যে স্ট্যান্ড ছিল সেটা থেকে কেন তাঁরা সরে যাচ্ছেন? আমি জানতে চাই সেখানকার নিপীড়িত সংখ্যালঘু যারা সিকিউরিটির অভাবে এখানে আসতে

চায় তাদের আসার পথ কেন রুদ্ধ হবে? স্যার, ঢাকায় গিয়ে মাইগ্রেসন সার্টিফিকেট জোগাড় করতে হয়, কিন্তু প্রশ্ন হচ্ছে বিভিন্ন গ্রামে, বিভিন্ন অঞ্চলে যারা বাস করে তাদের পক্ষে অফিসে গিয়ে দরখাস্ত করে মাসের পর মাস অপেক্ষা করে মাইগ্রেশন সার্টিফিকেট বের করা সম্ভব নয়। এই বিষয়ে বহু তথ্য আমরা হাউসে পেশ করেছি এবং সরকার যে তা জানেন না তা নয়। সরকার জানেন যে, প্রত্যেকটি লোককে মাইগ্রেশন সার্টিফিকেট নিয়ে পাকিস্তান থেকে আসা সম্ভব নয়। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে এসব জানা সত্ত্বেও পূর্ব বাংলা থেকে যারা সিকিউরিটির অভাবে এখানে আসতে চায় তাদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে পীড়নমূলক নীতি গ্রহণ করেছেন সেটা পশ্চিমবঙ্গ সরকার নিশ্চয়ই সমর্থন করেন। আমার প্রশ্ন হচ্ছে কেন তাঁরা তাঁদের সেই নীতির বিরুদ্ধে কথা বলছেন না? কেন্দ্রীয় সরকার যখন এই নীতি গ্রহণ করেন তখন নিশ্চয়ই তাঁরা পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে আলোচনা করেছেন, তাঁদের বক্তব্য শুনেছিলেন। কাজেই জানতে চাই কি বক্তব্য সেখানে রাখা হয়েছিল বা কি কারণে সেই নীতি পরিবর্তন করবার জন্য চেষ্টা করছেন না বা কি ঘটনা যার জন্য রিফিউজিদের এখানে আসা বন্ধ করছেন? স্যার, কংগ্রেস সরকার সে সম্বন্ধে কোন জবাব দেন নি এবং হাউসে এসে মাননীয় সদস্যদের মধ্যে যে উত্তেজনা, চরম বিক্ষোভ এবং মনোবেদনা লক্ষ্য করলাম সেদিকে তাকিয়ে আমি ট্রেজারী বেঞ্চের কাছে জিজ্ঞাসা করছি কেন তাঁরা এটাকে অত্যন্ত লঘুভাবে দেখছেন? আমরা অনেক সময় কেন্দ্রীয় সরকারের সঙ্গে একমত হই না এবং আমরা দেখেছি শৈলবাবু যখন বাজেট উত্থাপন করেছিলেন তখন তিনি তাঁর বক্তৃতায় বলেছিলেন যে, ইনকাম ট্যাক্স শেয়ার ডিভিজেবল পুল থেকে আমাদের যেটা পাওয়া উচিত কেন্দ্রীয় সরকার সেই হিসেবে আমাদের টাকা দিচ্ছে না। শুধু তাই নয়, আমরা অনেক সময় তাঁদের নীতির বিরুদ্ধে গিয়ে সুবিচার প্রার্থনা করি কারণ আমরা জানি কেন্দ্র অনেক সময় আমাদের উপর অবিচার করেন। অর্থাৎ যত ক্ষীণই প্রতিবাদ হোক না কেন আপনারা তা মাঝে মাঝে করেন এবং বাজেট স্পীচএ তা উত্থাপন করেন। আজকে ওপারের লক্ষ লক্ষ মানুষ যারা লাঞ্ছিত, অপমানিত হয়ে এখানে ফিরে আসতে চায় তাতে আমি মানবতার দিক থেকে বিশ্বাস করি ঐ পক্ষের সদস্য যাঁরা আছেন তাঁরা আমাদের সঙ্গে একমত হবেন। গভর্নমেন্ট যদি মনে করেন, বিশেষ কোন কারণ আছে তাহলে সেটা তাঁরা আমাদের কাছে খুলে বলুন। কিন্তু সেটা যখন তাঁরা বলছেন না তখন আমার বক্তব্য হচ্ছে আজ কেন্দ্রীয় সরকার যে ডিসিসন নিচ্ছেন তার বিরুদ্ধে আপনারা প্রতিবাদ করেছিলেন কিনা এবং যদি দেখি আপনারা প্রতিবাদ করা সত্ত্বেও আপনাদের কথা না শুনে তাঁরা এটা করছেন তাহলে আসুন, সম্মিলিতভাবে আমরা প্রস্তাব গ্রহণ করি, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে লড়াই করি। আপনারা অনেক সময় বলেন আমাদের দিকে সহযোগিতার হস্ত প্রসারিত করুন। আপনাদের সেকথা মনে রেখে আপনাদের কাছে বলছি আমাদের এই পক্ষের সদস্যেরা যখন অত্যন্ত উদ্বিগ্ন তখন মন্ত্রী যাঁরা আছেন তাঁরা বলুন এর মধ্যে কোন সিক্রেট ম্যাটার আছে কিনা এবং আপনাদের উপর কোন চাপ সৃষ্টি হয়েছে কিনা। তা যদি হয়ে থাকে তাহলে মাননীয় স্পীকার মহাশয়, আপনি হাউস বন্ধ করতে পারেন এবং আমরা বাইরে এক টেবিলে বসে, আলোচনা করে একটা সিদ্ধান্তে আসতে পারি। আমরা কোন উত্তেজনা সৃষ্টি করতে চাই না বা কোনরকম আক্রমণ করতে চাই না, আমরা চাই যাঁরা পশ্চিম বাংলার রাজত্বভার নিয়ে বসে আছেন তাঁরা দলীয় স্বার্থের ঊর্ধ্বে উঠে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে এবং মানবতাবিরোধী দৃষ্টিভঙ্গীর বিরুদ্ধে দাঁড়িয়ে একসঙ্গে বসে চিন্তা করুন এবং কিভাবে তাঁদের নীতিকে পরিবর্তন করানো যায় সেই বক্তব্য তাঁদের কাছে পৌঁছে দিন। আমি আপনাদের মানবতা এবং হৃদয়ের কাছে আবেদন করছি এটাকে চেপে যাবার চেষ্টা করবেন না বা মুখ বন্ধ করে শুধু নীরব দর্শক হয়ে বসে থাকবেন না। এতবড় একটা নীতি যেটা লক্ষ লক্ষ মানুষের জীবনে দুঃখ এবং অবমাননা টেনে আনবে সেটাকে তাঁরা কেন নীরবে সহ্য করবেন? তাই আমি মনে করি ঐ পক্ষের সদস্যেরা নিশ্চয়ই আমাদের সঙ্গে একমত হবেন যে, আমরা কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে প্রতিবাদ করি এবং তাঁদের এই নীতি পরিবর্তন করাতে বাধ্য করি।

তারা যদি এখনও প্রস্তুত না হয়ে থাকে, মন্ত্রীরা প্রস্তুত না হয়ে থাকে এ সম্পর্কে তারা যদি আলোচনা করার প্রয়োজন মনে করেন, তাহলে হাউসটা বন্ধ করা যেতে পারে এবং যতক্ষণ না আপনাদের সহযোগিতা না পাই, যতক্ষণ না এই নীতির বিরুদ্ধে কথা বলতে পারেন আপনাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না করেন, ততক্ষণ পর্যন্ত হাউসের অন্যান্য বিজিনেসে

আসবার মত মানসিক অবস্থা আমাদের নেই এবং ও পক্ষেরও নেই এবং সেই প্রয়োজনও নাই। সেদিকে দৃষ্টি রেখে আবেদন করি, আপনার মাধ্যমে ওদের বলি যদি তা না পারেন আপাতত কোন কথা বলতে, আজ হাউস বন্ধ করে দিন, আগামীকাল প্রস্তুত হয়ে আসবেন। কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে আমাদের যে বিক্ষুব্ধ মনোভাব, বাইরে লক্ষ লক্ষ লোক যারা অনাহারে কারাগারে আবদ্ধ হয়ে গুমরে মরছে, তাদের প্রতি সহানুভূতি জানিয়ে এই নীতির বিরুদ্ধে আপনারা কথা বলুন। আমরা চাই সম্মিলিত হয়ে এই নীতির বিরুদ্ধে বর্ডার সিলিংয়ের বিরুদ্ধে দাঁড়াতে। আমি আবেদন করছি আপনার কাছে, আমি আশা করি তাঁদের দৃষ্টি আমার এই বক্তব্যের প্রতি আকৃষ্ট হবে। আমরা তাঁদের বক্তব্য শোনবার জন্য উদ্বিগ্ন হয়ে আছি।

[4-55—5-5 p.m.]

শ্রীগিরিশ মাহাতো: মাননীয় স্পীকার মহোদয়, আমরা এই হাউসে এক বিপদের কথা আলোচনা করছি। কংগ্রেস পক্ষের সদস্যরা এবং সরকারপক্ষও আমাদের বলে থাকেন তাঁরা উদ্বাস্তুদের প্রতি দরদী, তাদের বিপদের প্রতি দরদ আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাঁরা অনেক সময় বলেন একথা, আজকে সেই উদ্বাস্তুরা বিপদের মধ্যে পড়ে আছে। আপনি স্যার, জানেন আজ সমস্ত দিন ধরে এই আলোচনা হচ্ছে যে, কেন্দ্রীয় গভর্নমেন্ট লক্ষ লক্ষ উদ্বাস্তুদের রাস্তা বন্ধ করে দিচ্ছে, কেন বন্ধ করবে তার উত্তর আমরা চাইছি, এই যে ঘন্টার পর ঘন্টা আলোচনা হয়ে গেল, উদ্বাস্তুদের প্রতি এই কি আপনাদের উদারতার পরিচয়? লক্ষ লক্ষ মানুষ পথে ভিখারী হয়ে মারা যাচ্ছে, এই কি তাদের প্রতি আপনাদের দরদের পরিচয়? কেন কেন্দ্রীয় গভর্নমেন্ট তাদের রাস্তা বন্ধ করে দিচ্ছে? কেন এর উত্তর দিচ্ছেন না। এতেই বুঝা যাচ্ছে উদ্বাস্তুদের প্রতি আপনারা পাষাণ। ঐ পাষাণ মন্ত্রী উত্তর দিন কেন আপনারা কেন্দ্রীয় গভর্নমেন্টের এই নীতিকে সমর্থন করেন। যতক্ষণ না তার উত্তর দেন আমি আপনার মাধ্যমে তাঁদের বলতে চাই যে, এই হাউস চালাতে দেব না।

শ্রীননী ভট্টাচার্য: আমি বলছি, হাউসটাকে অ্যাডজোর্ন করে দিন।

মিঃ স্পীকার: হাউসে বিজিনেস রয়েছে

How can I adjourn the House? You make it impossible, you go on.

শ্রীননী ভট্টাচার্য: সিডিউল্ড টাইমের মধ্যে যাতে ল্যান্ড রিফর্মস বিল পাশ হয়ে যায়, আজকে এই আলোচনার দরুন যে সময় নষ্ট হয়েছে, সেটা বিবেচনা করে, আলোচনা আমরা কম করব, আমাদের প্রতিবাদ সংক্ষেপে জানাব, সুতরাং সেদিক থেকে রাজস্ব মন্ত্রীর খুব অসুবিধা হবে না, সেজন্য আমি বলছি আপনারা যদি একেবারেই মুখ বন্ধ করে রাখেন তাহলে দেখতে খারাপ লাগে, লোকই বা বলবে কি? কাল বর্ডার সীল হতে যাচ্ছে, আমরা মত জানতে চাই, একটা প্রস্তাব এসেছে সে সম্বন্ধে আপনাদের বক্তব্য জানতে চাই, সেজন্য আমি বলছি আজকে হাউসকে অ্যাডজোর্ন করে দিন।

মিঃ স্পীকার: আপনি একজন ভেটেরান পার্লামেন্টারিয়ান, প্রসিডিংস চলছে একটা সিরিয়াস পয়েন্ট আলোচনা চলছে, আপনি আপীল করছেন, এইভাবে মেম্বাররা যদি জোর করে বলেন হাউস অ্যাডজোর্ন করে দিন সুড দি চেয়ার সাবমিট টু ইট?

শ্রীজ্যোতি বসু: আপনি জোর করে এই ভাষাগুলি প্রয়োগ করলে মুশকিল হয়ে যাচ্ছে।

মিঃ স্পীকার: হাউসে যেখানে রেগুলার বিজিনেস রয়েছে......

শ্রীজ্যোতি বসু: এক ঘন্টা আলোচনা করলেও রেগুলার বিজিনেস বেশি কিছু এগুবে না। স্পীকার, স্যার, আজকে অফিসিয়াল বিজনেস আর হবে না। এটাতে আমাদের যে টাইম আছে সেটা অ্যাডজাস্ট করে নেব। কিন্তু আজকে যে অবস্থা দাঁড়িয়েছে এবং মন্ত্রিমহাশয় যা দেখালেন, আর হাউস চলবে না। সেজন্য আমি বলছি আপনারও সুবিধা হবে এবং আমাদেরও সুবিধা হবে আপনি বললেন এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, কিন্তু মন্ত্রিমহাশয় সেইভাবে দেখছেন না।

মিঃ স্পীকারঃ আমি সেই কথাই বলছি বিকজ ইউ অ্যাপ্রিসিয়েটেড সামথিং। আপনি চুপ করেছিলেন অ্যাজ এ ভেটারেন পার্লামেন্টারিয়ান তারপর আমি বলছিলাম যে, এভাবে ডিসকাশন করে প্রবলেম সল্ভ হচ্ছে না প্রবলেম হেল্পড হচ্ছে না। অতএব রেগুলার কোর্স অব বিজনেস-এ এটা করা উচিত।

After all we are sitting here as responsible members. I have appealed to the House.

আমি এটাকে সাট আউট করে অ্যাপীল করতাম তাহলে আপনি বলতে পারতেন।

Shri Kashi Kanta Maitra: If you permit me, I will raise a question of privilege. The question of privilege arises in this way. Every member of the House has a right or a privilege to know what is the exact Government policy or stand on each and every major, important, political, economic and social issue facing the country. The point that has been raised is with regard to the sealing of the border and the interpretation that has been put on the words "sealing of the border", as has been made clear before this House by several members from the Opposition parties. There is no dispute as to that between this side of the House or that side of the House,—regarding the interpretation of the term "sealing of the border". The question arose whether the West Bengal Government had opposed the decision of the Central Government to seal the border. Mr. Basu had thrown out a challenge at Mr. Saila Kumar Mukherji, the Minister, that "well, you have protested against the Central Government in regard to the Central Government's decision, viz., that henceforth no relief measures would be accorded or would be made available to the refugees coming from that side of the border"; but on the question of sealing the border or preventing persons coming across the border without travel documents from entering the country, he has thrown out a challenge at the Minister concerned that "I challenge that the State Government has so far not criticised the Central Government or protested against the Central Government's decision to to seal up the border." That was the point. Now, the Minister concerned said, "Yes, that is exactly what I meant". But thereafter Mr. Nani Bhattacharjee, Mr. Nikhil Das, Dr. Kanai Lal Bhattacharya and several other members wanted to pinpoint this, and the Minister said, "No, no, no. I did not want to make any statement. You can read my statement and find out what I have said". The question of privilege arises in this way.

দুঃখের কথা আপনি জ্যোতিবাবুর সঙ্গে গল্প করছিলেন। এভাবে হাউস চলে না।

Mr. Speaker:

আপনার কি পয়েন্ট বলুন। প্রিভিলেজ তোলবার রুলস আছে তাতে আপনাকে লিখে দিতে হবে। তা না হলে আপনাকে বলবার আগে আমার কাছ থেকে পারমিশন নিতে হবে।

Shri Kashi Kanta Maitra:

আপনি যদি আন এটেন্টিভ থাকেন আমি কি করবো।

With your permission I am raising a question of privilege. That is what I said.

[5-5—5-15 p.m.]

Mr. Speaker: With regard to the Point of Privilege I tell you that the ruling will be given, but that is not now. It will be given after due consideration.

Shri Kashi Kanta Maitra: On a point of privilege
আমি একটু বলতে চাই।

Mr. Speaker: Mr. Maitra, you have got the right to have my ruling. You will get the ruling in due course and that will be given after due consideration. Now I would request you to kindly take your seat. I want to know whether you will take your seat or not. You have asked for my ruling and the ruling will be given after due consideration.

Shri Kashi Kanta Maitra: I could not make my point. How can you give me your ruling?

Mr. Speaker: That is a matter left to me. You will get it. I ask you not to interrupt in this manner. If you do not get the ruling, then you can say that you have not got the ruling. You should not interfere in this way. If you please look into the records, you will find that you always interrupt in this manner. It is not fair that you will always interrupt in this way.

Shri Kashi Kanta Maitra: I am raising the question of Privilege because you have not followed me.

Mr. Speaker: Mr. Maitra, I have to warn you now, and I ask you to take your seat. I am giving you the last warning that if you interrupt in this way, then I will have the painful duty of taking action under the Rules of Procedure. I am appealing to you to take your seat. You cannot take the floor of the House without my permission. I will give you permission to speak later on.

শ্রীকমলকান্তি গুহ: কাশীবাবু আপনার অনুমতি নিয়ে প্রিভিলেজের প্রশ্ন তুলেছেন আপনি তাকে বলতে পারেন আপনি বসে পড়ুন।

মিঃ স্পীকার: প্রিভিলেজের রুলিং আপনি পরে পাবেন।

শ্রীকমলকান্তি গুহ: কথাটা তা হচ্ছে না। আপনি যদি বলতেন যে কাশীবাবুর শেষে রুলিং দেবেন তাহলে আলাদা কথা। কিন্তু কাশীবাবু একটা প্রিভিলেজের প্রশ্ন তুলেছেন।

মিঃ স্পীকার: তিনি কি পরের পর প্রিভিলেজের প্রশ্ন করবেন?

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি আমার প্রথম প্রিভিলেজের প্রশ্ন শোনেন নি।

মিঃ স্পীকার: আমি শুনি না শুনি আপনি আপনার প্রিভিলেজ পয়েন্টে বলেছেন।—আম সে সব দেখে নেব মিঃ মৈত্র I have said I will give you ruling.
মিঃ গুহ বললেন আর একটি কি সেকেণ্ড প্রিভিলেজ বলবেন সেটা বলুন।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি আগে যেটা বলছিলাম সেটা আমাকে বলতে দিন আমার প্রিভিলেজ-এর প্রশ্ন ছিল প্রত্যেক হাউসে প্রত্যেক সভ্যের এটা হল একটা প্রিভিলেজ যে সরকার পক্ষ একটা গুরুত্বপূর্ণ বিষয় যার উপর অনেক কিছু নির্ভর করে সেটা আমাদের জানবার অধিকার আছে মিনিস্টার কনর্সানের কাছ থেকে। আমার আর একটা প্রিভিলেজ হচ্ছে. মিনিস্টার স্টেটমেন্ট একটা করলেন বর্ডার সিলিং সম্বন্ধে এটা হাউসেব একজন মাননীয় সদস্য চ্যালেঞ্জ করে বললেন যে এর প্রতিবাদ তারা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন কিনা তারপর কেন্দ্রীয় সরকার উদ্বাস্তুদের রিলিফের ব্যাপারে, খয়রাতি-সাহায্য দিতে পারবেন না সেই ব্যাপারে প্রতিবাদ করেছেন কেন্দ্রীয় সরকারের কাছে কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছে আপনারা স্পষ্টভাষায় এর কোন প্রতিবাদ জানান নি যে বর্ডার সিল আপনারা এভাবে ইউনিলেটারালী করতে পারেন না। এখানে শৈলবাবু কিছু রাখলেন এবং তিনি বসে বসে বললেন যে হ্যাঁ তাই আমাদের চ্যালেঞ্জের উত্তরে অর্থাৎ আমি তাই বলেছি একথাই বললেন নিখিলবাবু ১, ২, ৩, ৪ করে পয়েন্ট তুলে মাননীয় মন্ত্রিমহাশয়

যেটা বলেছিলেন সেটা জানতে চেয়েছিলেন। তার উত্তরে তিনি বললেন যে আমি আর স্টেটমেন্ট দেবো না, কলিং এ্যাটেনসান ফরম-এ আসুক আমি তার রিপ্লাই দেবো, তা নিয়ে যথেষ্ট প্রতিবাদ হয়েছে এখানেই আমার প্রিভিলেজ যেটা সেটা বলছি।

When a statement given by an Hon'ble Minister on the floor of the House is capable of interpretation in diverse direction, then I feel that the Hon'ble Minister concerned owes it to the House and also to you, as the custodian of the rights and privileges of the members of the House, to explain whether he meant one or the other. Here we wanted to know categorically if the State of West Bengal—the Government of West Bengal—had categorically protested against the decision of the Central Government to seal up the border, as has been done with effect from 1st April, 1965. That was the categorical point. On that point Mr. Saila Kumar Mukherjee, the Minister concerned, said, "Well, I do not want to go into this question over again. Whatever I have said, I have said." Therefore, you can look up the proceedings and see what has been said. I am raising the privilege question in this way.

Is that the real and correct position? Are not the members entitled to know if really they have misconceived or misconstrued what the Minister said or really they understood or the Minister said something else? Therefore, instead of keeping the member in this state of confusion it is the duty of the Minister concerned to categorically say point blank whether the State of West Bengal had protested against Central Government's decision to seal up the border. That is the point on which we feel you can easily ask the Minister concerned to make a statement. It is a qestiuon of privilege.

Mr. Speaker:

মিঃ মৈত্র আমি তো প্রসিডিংস না দেখে এর জবাব দিতে পারবো না। আপনি বলে গেলেন, উনি এই বলেছেন, তিনি ঐ বলেছেন অতএব ঐ প্রিভিলেজটাই হল, সুতরাং আমি সেগুলো প্রসিডিংসএ দেখবো কে কি বলেছেন, যা বাকী আছে আমি পরে বলবো।

Shri Bijesh Chandra Sen:

মিঃ স্পীকার, স্যার, একটু আগে কাশীবাবু বললেন যে লিডার অফ দি অপোজিসান আপনার সঙ্গে যখন কথা বলছিলেন তখন উনি বললেন যে লিডার অফ দি অপোজিশন আপনার সঙ্গে গল্প করছেন. এটা আমার মনে হয় চেয়ার-এর উপর একটা রিফ্লেকসান এনেছে, স্পীকারের এত সময় নেই যে লিডার অফ দি অপোজিশান নিশ্চয়ই তিনি একজন রেসপনসিবল লোক এটা নিশ্চয়ই আড্ডাখানা নয়, নিশ্চয়ই আপনার ড্রইং রুম নয়, যে লিডার অফ দি অপোজিশন এসে আপনার সঙ্গে খোস গল্প করবেন, এই সময় তাঁর নেই, আর কাশীবাবু তিনি অপোজিশন-এর একজন মেম্বার, তাঁরই লিডার হচ্ছেন জ্যোতিবাবু, সুতরাং তিনি আপনাদের অপমান করেছেন জ্যোতিবাবুকেও অপমান করেছেন। সুতরাং ঐ পোরসানটা এক্সপাঞ্জ করে দিন।

Mr. Speaker: I also take exception to the remarks made by Mr. Maitra on the point. After all, he himself knows that on many occasions he comes to the Chair, and if I have sent for Mr. Basu, certainly I needed to consult the Leader of the Opposition. I needed him and he will admit that I asked him certain points as the Leader of the Opposition—he is still the Leader of the Opposition—and should another Hon'ble member make a remark on the Chair? So, I hope, Mr. Maitra should withdraw that remark.

Shri Kashi Kanta Maitra: I am not going to withdraw this remark. I did not make any reflection on you.

Mr. Speaker: In the midst of a serious matter if I ask the Leader of the Opposition—not an ordinary member, of course I also send for ordinary member, on many occasions on many matters—is it befitting for another Hon'ble member to remark that the Speaker with the Leader of the Opposition

গল্প করছেন?

Is it honourable? Is it respectable? Is it according to the parliamentary practice?

(Noise and interruptions)

Mr. Speaker: I cannot make you withdraw or regret but I can ask you to consider whether this is according to the parliamentary practice, whether this is decent, or whether it should be said by an Honourable member that the Speaker with the Leader of the Opposition

গল্প করছেন—আমি তাঁকে ডেকে পাঠিয়েছিলাম আপনি দেখেছেন

Shri Kashi Kanta Maitra:

With very great humility I can say that I never intended and I do not intend it now to cast any......

(Noise and interruptions)

Mr. Speaker:

আপনার ঐ যে রিমার্কসটা ও'র সঙ্গে আমি গল্প করছিলাম. ঐ রিমার্কসটা আপনাকে আমি উইথড্র করতে বলছিলাম. আপনার ইনটেনসানটা ভেতরে যাই থাকুক

I want to request you to withdraw that remark.

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও চাইবো, অনুরোধ জানাবো, যে আপনারও আমাকে বলা উচিত ছিল—আমি উইথড্র করে নিচ্ছি, কিন্তু আমাকে বলা উচিত ছিল যে

Mr Maitra, you raised a point of privilege and because I could not hear you, will you please resume your discussions? But that you did not do.

Mr. Speaker:

মিঃ মৈত্র, আমার কি উচিত ছিল আমি জানি, আপনি যে প্রিভিলেজ পয়েন্ট তুলেছেন সেটা without looking into the records it can never be answered

কেন না আপনি বলেছেন এর স্টেটমেন্ট ওর স্টেটমেন্ট, তারপর ইনি জবাব দিলেন, উনি জবাব দিলেন অতএব কেস অফ প্রিভিলেজ হচ্ছে কিনা, সেটা,

Without looking into the records no Speaker, not to speak of myself, can answer.

Shri Kashi Kanta Majtra:

মিঃ স্পীকার, স্যার, আপনার যা রায় নত মস্তকে আমি মেনে নিচ্ছি, আমি তো বলেছি, আপনার বিচারে দোষী হলে. আমি তো বলেছি মেনে নিচ্ছি. কিন্তু দুঃখ হচ্ছে যে আপনি ফোর্থরাইটলি আপনি বলবার সঙ্গে সঙ্গে বিজেশবাবু দাঁড়ালেন, আপনি আমাকে সেন্সার করলেন. মেনে নিলাম, কিন্তু মনে রাখবেন, অনুরোধ করবো, কিন্তু আমি দেখতে চাই, ন্যায়দণ্ড ঠিক ঐ তুলাদণ্ডের মত বিচারটা করবেন, যখন ও'রা ওখানে আমাকে চেক করে, আপনি তখন সেনসার করলেন না।

Shri Bijesh Chandra Sen:

মিঃ স্পীকার, স্যার, এটা আপনার প্রতি আবার একটা রিফ্লেকসান উনি বললেন যে আপান অ্যাজ ইফ তুলাদণ্ডের মত বিচার করেন না, এখনও চেয়ারের প্রতি একটা রিফ্লেকশন। এটা ওনাকে উইথড্র করতে হবে।

[5-15—5-25 p.m.]

Shri Girish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে একটা কথা বলতে চাই.........

Mr. Speaker:

আপনাদের আগের সাবজেক্টটাই বলবেন, না স্যাল আই গো টু দি লেজিসলেশন?—একসঙ্গে সকলে মিলে বললে কি করে হবে, একজন করে বলুন সকলের কথাই আমি শুনবো।

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার, স্যার, আমরা সকাল থেকে যে কথা বলছিলাম যে উনি এমন ভাব দেখাচ্ছেন, যে সেখানে একেবারে স্বাভাবিক অবস্থা হয়ে গেছে, আর উইদাউট ভ্যালিড ডকুমেন্ট সেখান থেকে সংখ্যালঘুদের আসতে দেওয়া যায় না। আজকে সকাল থেকে যখন চীফ মিনিস্টার এবং পদ্মজা নাইডু ঘুরে এলেন এবং পেপার-এর কাছে বললেন যে আজকে সন্ধ্যার মধ্যে সিজ ফায়ার হয়ে যাবে, সকাল থেকে সাউথ বেরুবাড়ীতে পাকিস্তানীরা নূতন উদ্যমে দারুণভাবে গুলি বর্ষণ করছে, এবং তারা অনেকখানি এগিয়ে এসেছে, এই যখন অবস্থা তখন সেখানে সংখ্যালঘুদের কি অবস্থা হতে পারে চিন্তা করে দেখুন এবং আগামীকাল তাঁরা বন্ধ করে দিচ্ছেন, সাউথ বেরুবাড়ীতে গুলি চলছে আজও এবং সকাল থেকে তারা দারুণভাবে সুরু করেছে আমরা তাই বলছিলাম যে তাদের আসা বন্ধ করে দেওয়া চলে না স্যার, আর একটা কথা যে সরকার তাদের পুস ব্যাক করে দেবেন বা ঢুকতে দেবেন না, আপনি জানেন যে সেখানে যারা সংখ্যালঘু তারা জমিজমা বিক্রি করতে পারে না, তারা কোনও জিনিষ বিক্রি করতে পারে না, তারা চুপচাপ যখন সেখান থেকে চলে আসে সেখানে অন্যদের জানতে দেয় না যে তারা চলে আসছে তাহলে তাদের উপর অত্যাচার করা হবে, তাদের উপর নির্যাতন করা হবে, তারা পালিয়ে আসে, সেই পালিয়ে আসা লোক-গুলোকে আবার যদি পুস ব্যাক করে ফিরিয়ে দেওয়া হয় তাদের কাছে, তাহলে তাদের উপর কি অমানুষিক অত্যাচার হবে, সেটা চিন্তা করাও যায় না। এই অবস্থায় আমরা সেইজন্য বলছিলাম যে সরকারের মনোভাবটা আমরা বুঝতে চাই, এবং সরকারের মনোভাব বুঝে তাহলে আমরা নিশ্চিন্ত হতে পারি যে আগামীকাল আমাদের এই চিন্তাধারা সেটা কোন পথে যাবে, আমাদের কর্তব্য কোন পথে যাবে, সেটা বুঝতে পারতাম, চীফ মিনিস্টার ফিরে এলে কাল কি বলা হবে? কিন্তু আজকে আদৌ আমরা বুঝতে পারছি না যে ক্যাবিনেট-এর মনোভাবটা কি? পশ্চিমবঙ্গ সরকারের মনোভাবটা কি? সেইজন্য আমি আবার বলছি, যে ওনাদের মনোভাবটা আমাদের বুঝিয়ে দিন তাহলে আবার আমরা সেই বিজিনেস করতে পারি, কালকে আবার আমরা এটা আলোচনা করে সবই সর্বসম্মতিক্রমে এটা দিল্লীর কাছে অনুমোদনের জন্য পাঠাতে পারি। কিন্তু ওরা তো মনোভাবই বুঝতে দিচ্ছেন না। ওনাদের এটা জেদের প্রশ্ন হয়ে গেছে। ওনারা দেখাতে চাচ্ছেন যে আমরা দেশের জন্য যদি কিছু বলি, আমরা জনসাধারণের জন্য যদি কিছু বলি, আমরা মানবতার জন্য যদি কিছু বলি, সেটা যেন তেন প্রকারেন চাপা দেওয়াই হচ্ছে সরকারের উদ্দেশ্য, এবং তাদের জিদ বজায় রাখবার জন্য তারা এই কাণ্ডটি করছেন। কাজেই আজকে জিদটা বড় কথা নয়, আজকে মানবতার প্রশ্নটাই বড় কথা। ডিকোরাম-এর কথা এরা বারবার বলছেন, ডিকোরাম কি স্যার, লাখ লাখ লোক মরে যাবে, লাখ লাখ লোকের কোনও ভবিষ্যত হবে না, দেশে তাদের আত্মীয়স্বজন—এমনও হয়েছে যে স্ত্রী চলে এসেছে স্বামী আসতে পারেনি, স্বামী চলে এসেছে, স্ত্রী আসতে পারেনি, হয়তো আসতে গেলে বাধা পড়বে। হয়তো ছেলে চলে এসেছে বাপ আসতে পারেনি, বাপ বাধা পাবে। মা চলে এসেছে—এইরকম অজস্র হয়েছে, সবাই ভ্যালিড ডকুমেন্ট পায় না, উনি জানেন না, অপদার্থ ঐ মন্ত্রী শৈলবাবু, অযোগ্য লোক একটা মন্ত্রী হয়ে বসে আছে। জানেন না যে একমাত্র ভিসা অফিস হচ্ছে ঢাকা শহরের উপরে, আর পূর্ব পাকিস্তানে গ্রামে গ্রামে ছড়িয়ে আছে সংখ্যালঘুরা, সেখানে থেকে যেয়ে দিনের পর দিন ঐ ঢাকা শহরে থেকে ভিসা বের করতে কত মাস লাগে কত অসুবিধা জানেন না, কত টাকা খরচ করতে হয় তিনি জানেন না। যখনই একটি সংখ্যালঘু পরিবার ভিসার জন্য যদি ঢাকায় গিয়ে বসে থাকে তাহলে সেখানকার গুণ্ডারা বুঝতে পারে যে এরা পাকিস্তান ছেড়ে যাচ্ছে, তাদের উপর তখনই তারা অমানুষিক অত্যাচার করে, এটা সম্ভব নয়—

আজকে কোচবিহারের সীমান্ত থেকে ঢাকা ৫ শত মাইল দূরে। সেখানে যেয়ে কোন পরিবারের ক্ষমতা হয় না ভিসা উদ্ধার করা। এই ভদ্রলোক জানেন। একটা অযোগ্য থার্ডক্লাস লোক বসে আছেন—কিছুই বোঝেন না। আবার বলছেন যে ডকুমেন্ট ছাড়া ঢুকতে দেবো না। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে যে আমাদের এই প্রস্তাবটা পাঠানো উচিত দিল্লীতে যাতে আগামীকাল এটা না হয়। তারপর মিলে বসে একটা সুচিন্তিত পরিকল্পনা নিয়ে কি করা যায় দেখা যাবে। উনি বলছেন যে আমি যা বলেছি তার মধ্যে যথেষ্ট আছে। আপনি যা বলেছেন সেটা একেবারে ফাঁকা ছাড়া আর কিছুই নয়। আপনার মগজে যে চিন্তাধারা আছে তাতে আপনি মনে করছেন যে যথেষ্ট আছে—কিন্তু সংখ্যালঘুরা বলবে যারা ওখান থেকে চলে আসছে যে এগুলি ধোকা দেওয়া ছাড়া আর কিছুই বলছেন না। সেইজন্য বারবার বলছি ও'দের কি মনোভাব সেটা ও'রা রাখুন।

শ্রীখগেন্দ্রকুমার রায় চৌধুরী: স্পীকার মহাশয়, আমি একটা কথা আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়কে বলছি যে একটু আগে উনি একটা স্টেটমেন্ট করলেন—তারপর বললেন আমি স্টেটমেন্ট করেছি। আমি এখনও বুঝতে পারছি না যে উনি যা স্টেটমেন্ট করেছেন তা যদি আমরা ভাল বুঝে না থাকি—সেই স্টেটমেন্টের সঙ্গে আমাদের যদি মতের পার্থক্য হয় তাহলে যেটা একবার পড়েছেন সেই স্টেটমেন্টটা দুবার করতে কি অসুবিধা থাকতে পারে। আপনি হয়তো মনে করছেন যে আমরা সকলেই বাধা দেবার চেষ্টা করছি কিন্তু আমাদের ধারণা গোড়া থেকে শেষ পর্যন্ত শৈলবাবুই এতে বাধা দিচ্ছেন। উনি যে স্টেটমেন্ট আগে করেছেন সেই স্টেটমেন্টটা যদি আবার করেন জানি না অসুবিধাটা কোথায়—জিদটা কেন করছেন বুঝতে পারছি না। একমাত্র অসুবিধা হতে পারে উনি যদি কোন উলটো বা পরস্পরবিরোধী কোন স্টেটমেন্ট করেন। তা না হলে কোন অসুবিধার কারণ নেই। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি যে তিক্ততা সৃষ্টি করে লাভ নেই। কার জন্য কি দরদ আছে সেটা দেশের লোক বুঝবে। তাই বলছি উনি আগে যে স্টেটমেন্ট করলেন সেটা আর একবার করুন।

শ্রীশৈলকুমার মুখার্জি: ইট ইজ এ ম্যাটার অফ রেকর্ড।

Mr. Speaker:

স্টেটমেন্টটা কালকে সকালে আমি রেকর্ড থেকে জানিয়ে দেবো।

After all this discussion extending over two hours.

ঐ স্টেটমেন্টটা

I will myself read it on the floor of the House tomorrow.

শ্রীজীবনকৃষ্ণ দে: স্যার এই সীমান্তের অবস্থা সম্বন্ধে এই হাউসে কয়েকদিন ধরে আলোচনা হয়েছে—তা আমরা জানি। এর পরে যদি জিদের উপর মান-অভিমানের উপর থাকা যায় তাহলে আগামীকাল কি হবে সেটা যদি স্পষ্টভাবে না বলেন তার একটা প্রতিকার সম্বন্ধে কোন সহানুভূতিসূচক মনোভাব যদি আমরা না পাই তাহলে তো আগামীকাল একই অবস্থা চলবে। এর কোন ব্যতিক্রম হবে না। আমরা দেখেছি গভর্নমেন্ট এক সময় এই জিনিসটার রিল্যাকসেসন দিয়েছিলেন বর্ডার ট্রাবল যখন হয়েছিল, আজকে যখন কোচবিহারের বর্ডারে হামলা হোল তার ফলে মানুষকে পালিয়ে আসতে হচ্ছে—এই বর্ডারের অবস্থা সম্বন্ধে যদি কোন প্রত্যক্ষ অভিজ্ঞতা না থাকে তাহলে পর এই কলকাতা থেকে বসে কিছুই বোঝা যাবে না। তাই মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করছি যে এতে কোন মান অভিমান জিদের কথা নেই—তারা একটা সহানুভূতি-সুলভ মনোভাব নিয়ে এই হাউসকে কিছু বলুন। এ সম্বন্ধে আমাদের নিশ্চিন্ত হতে দিন যাতে আমরা মানুষের কাছে বলতে পারি যে অবস্থাটা গভর্নমেন্টের কাছে তুলে ধরা হয়েছে এবং তারা সহানুভূতিসুলভ মনোভাব নিয়ে বিবেচনা করছেন। কারণ কাল থেকে লোকগুলো আসতে পারবে কিনা তা বুঝতে পারছি না। এখন যে অবস্থা ঘটেছে তাতে সিজ ফায়ার পুরাপুরি হয় নি। আর এটা হয়ে গেলেও যে মানুষ আবার সেখান থেকে আসবে না তারও কোন প্রতিশ্রুতি দিতে পারেন না। যদি এই বলেন যে তারা আসবে না তাহলে আমরা বলতাম যে দু এক মাস আমরা চুপ করে থাকবো। কিন্তু সবাই জানেন যে এমন অবস্থা চলেছে যে আজকে সেখানে চুপ করে বসে থাকা যায় না। কাজেই যারা সেখান থেকে পালিয়ে আসতে চায় প্রাণ নিয়ে তাদের

সেই রাস্তাকে বন্ধ করে দেবার কথা আমরা কখনও ভাবতে পারি না। বাংলাদেশের মন্ত্রিসভার এই জিনিসটা ভাল করে ভেবে দেখা উচিত। তাই আবার বলছি যে একটু আজকে স্পষ্টভাবে বলুন। কারণ তাহলে কালকে একই অবস্থা দাঁড়াবে। কারণ যা অবস্থা হয়েছে তাতে আমরা বাধ্য হবো এই সব কথা বলতে। এটা কোন দলের ব্যাপার নয়, জিদের ব্যাপার নয়; সুতরাং আমি সেইভাবেই জিনিসটাকে বিচার করবার জন্য মন্ত্রিসভাকে অনুরোধ জানাচ্ছি।

[5-25—5-35 p.m.]

শ্রীভক্তিভূষণ মণ্ডল: স্পীকার স্যার, আমি এখানে এই হাউসে প্রথমে মোটামুটি কয়েকটা কথা বলতে চাই, কারণ ও'র বলেন সংসদীয় গণতন্ত্রের কথা। কিন্তু প্রায় তিন ঘণ্টা এই হাউসে যে এইরকম চললো—এটা কি সংসদীয় গণতন্ত্রের নমুনা? আমি ঠিক এটা বুঝে উঠতে পারছি না। যদিও আমরা মাঝে মাঝে একটু ওভারল্যাপ করে ফেলি—কিন্তু আসলে জিনিসটা যাঁরা রুলিং পার্টি আছেন তাঁদের এ সম্বন্ধে বিবেচনা করা উচিত বলে আমি মনে করি। বিশেষ করে এখানে শৈলবাবু আছেন, স্মরজিতবাবু আছেন—আমি বলতে চাই আপনাদের ডিসেন্সি জ্ঞান আছে কিনা? কারণ অযথা কোন সময় আমরা গালাগাল দিতে চাই না এবং সেই টেস্টও আমাদের তৈরী হয় নি। কিন্তু আজকের ব্যাপারে দেখছি যে স্পীকার কি এতই অসমর্থ বা আইনের কি এমন ক্ষমতা নেই যে আজকে আমরা যে জিনিসটি জানতে চেয়েছি—সেই জিনিসটা অন্তত ও'দের কাছ থেকে জেনে আমাদের বলবেন। আমি স্পীকারের কাছে অনুরোধ শুধু করছি না—স্পীকারের মারফত আপনাদের কাছে অনুরোধ করছি যে আপনারা যে সংসদীয় গণতন্ত্রের কথা বলেন, আমরা অপোজিশন থেকে যে কথা বলতে চেয়েছিলাম আপনাদের কাছে আপনাদের কি কোনরকম লজ্জা হয় না এটা না বলতে পারার জন্য? আর একটা কথা বলছি বিবেচনা করে দেখুন যে আমরা তিনটি কথা আপনাদের কাছে জানতে চেয়েছি। একটা হচ্ছে বর্ডার সিলিং করা হচ্ছে—সেই ব্যাপারে আপনাদের মনোভাব কি? এই মনোভাব সম্বন্ধে আপনারা বলেছেন যে চীফ মিনিস্টার না এলে কিছু বলতে পারবেন না। আমি আপনাদের ডিফিকালটি বুঝতে পারছি হয়তো একটা এমন কিছু নিউ পলিসি আপনারা নিতে চেয়েছেন যেটা চীফ মিনিস্টার ছাড়া আর কারও বলার ক্ষমতা নেই। সেটা আপনাদের ডিফিকালটি থাকতে পারে বা আপনাদের পার্টির মধ্যে আলোচনা হওয়ার দরকার হতে পারে—কিন্তু এটুকু আপনাদের সৎ সাহস থাকা উচিত যে এই যে দু ঘণ্টা আড়াই ঘণ্টা নষ্ট করলেন তার মধ্যে পরিষ্কারভাবে বলা উচিত ছিল যে আমরা এই এই কারণে আপনাদের কাছে বলতে পারছি না। আমরা মানতাম যদি এইরকম সৎভাবে, পরিষ্কারভাবে বলতেন আপনাদের ডিফিকালটিটা যে এই ডিফিকালটির জন্য আমরা বলতে পারছি না। কারণ আমরা জানি এমন জঘন্য মনোবৃত্তির লোকদের নিয়ে থাকেন যে আজকে কায়দাকারণ করে সময়টা নষ্ট করতে চেয়েছেন। আমাদের আর্জেন্সি ছিল সিনসিয়ারিটি ছিল—কিন্তু আপনারা ডাইলেক-টরী মেথড এ্যাডপট করে আমাদের কাজ করতে দিলেন না। এবং আমরা জানি যে আজকে সাড়ে পাঁচটা ছয়টা পর্যন্ত কিছু বলবেন না। তার কারণ কালকে যখন এ্যাসেম্বলী বসবে তখন বলবেন যে এটা একটা অলরেডি ফ্যাকটাম ভ্যালেট-এর ব্যাপার হয়ে গেছে। আর কি করবো এটা একটা পোস্ট মর্টেম ডিসকাসন হবে। কিন্তু এই যে মনোবৃত্তি এই মনোবৃত্তিটাকে সাধারণতঃ বাংলা-দেশের লোক নিশ্চয়ই কনডেম করবে। কারণ, আপনাদের মনোবৃত্তি সুস্থ মনোবৃত্তি নয়। সেজন্য আমি আপনাদের কাছে বলছি যে সংসদীয় গণতন্ত্রের যদি কোন মর্যাদা থাকে তাহলে এই মনোবৃত্তি ত্যাগ করুন। কারণ, এর পরে আপনারা আমাদের ঠেলে দেবেন সংসদীয় গণতন্ত্রের বিরুদ্ধে যেটা আমরা অনেক সময় মনে করি। আপনাদের যদি এই রকম অবস্থা হয়, আপনাদের যদি কনডাকট এই রকম হয় তাহলে সংসদীয় গণতন্ত্রে কিছু হবে না এটা সারা বাংলাদেশের লোক বলবে। তখন লেফটিসট পার্টি বাধ্য হয়ে সংসদীয় গণতন্ত্রের পথ ত্যাগ করে অন্য পথে যাবে। কাজেই বাংলাদেশের জনসাধারণের প্রতিনিধি হয়ে আমরা আপনাদের কাছে বলছি যে আপনারা যদি গণতন্ত্রের মর্যাদা না রাখেন তাহলে আপনাদের ঘোর দুর্দিন আসবে, সেজন্য আপনারা প্রস্তুত থাকুন।

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে গুরুত্বপূর্ণ আবহাওয়ায় গাম্ভীর্য রক্ষা করবার জন্য আমাদের অনুরোধ করেছিলেন আমার মনে হচ্ছে এর পরে এই রকম বক্তৃতা চালালে সেই গুরুত্ব নষ্ট হয়ে যাবে। কাজেই আর বিজনেস চালান সম্ভব নয়। আমি অনুরোধ

করব এর পরে আপনি হাউস স্থগিত রেখে দিন। আবার কালকে তাঁরা আসুন, সেখানে আলোচনা হবে এটাই আমি অনুরোধ করছি। আমি ভেবেছিলাম যে শাসক পার্টি হিসাবে যে প্রশ্নটা আজকে হাউসের সামনে এসেছে তাঁদের পক্ষ থেকে আগাম কোন বক্তব্য তাঁরা বিতরণ করবেন। কিন্তু দুঃখের বিষয় প্রথমে বিরোধী পক্ষ এই বক্তব্যের সূত্রপাত করেন এবং শাসক পার্টিকে এমন কোণঠাসা অবস্থায় ফেলা হয়েছে যে তাঁরা সেই গর্ত থেকে উঠতে পারছেন না। হাউসে যদি একই ধরনের আলোচনা একই বিষয়ে চালান হয় তাহলে হাউসের মর্যাদা ক্ষুন্ন হয়। সেজন্য আমি আবার আপনাকে অনুরোধ করছি হাউস প্রায় শেষ হয়ে এসেছে, আলোচনা আর না করে আপনি হাউস স্থগিত রেখে দিন।

মিঃ স্পীকারঃ সেজন্যই তো আমি সাড়ে চারটার সময় বলেছিলাম একই কথার পুনরাবৃত্তি করা হয় বলে আজকে এখানে.........যা হোক বলুন, বলুন মিঃ মহাপাত্র।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ স্যার, আমি তো ঘণ্টার পর ঘণ্টা ধরে এই গণতন্ত্রের রূপ দেখছিলাম। আমরা অপোজিশনের সব সদস্যরা লক্ষ লক্ষ লোকের প্রতিনিধিরা একটা সাধারণ বিষয়ে দাবি করছি। সেই দাবির সঙ্গে সংখ্যালঘুদের সমস্যা জড়িত, কোন ব্যক্তিগত প্রশ্ন নেই, কোন মর্যাদার প্রশ্ন নেই, লক্ষ লক্ষ সংখ্যালঘুদের প্রশ্ন জড়িত। আমরা এইটুকু জানতে চাই বর্ডার সিল করা হচ্ছে কি হচ্ছে না। সেন্ট্রাল গভর্নমেন্ট কি বলতে চান, ও'রা কি বলতে চান সেটা আমাদের জানান, এই তো সামান্য একটা ব্যাপার। এতক্ষণ ধরে অনেক অনুরোধ করা গেছে, অনেক দাবি করা গেছে, কিন্তু আমাদের শৈলবাবু শৈলের মত পাহাড়ের মত বসে আছেন। তাঁর ঐ একটি কথা রেকর্ড দেখে নিন অর্থাৎ সেই ভদ্রলোকের একটি কথার মত তিনি আর কিছু বলবেন না। স্যার, এখানে একটি বিষয়ে বার বার স্টেটমেন্ট দেন, কিন্তু এটা এমন কি ব্যাপার যার জন্য আর দ্বিতীয় বার বলা যায় না? এই সমস্যা শুধু আমাদের নয়, এটা লক্ষ লক্ষ লোকের সমস্যা। আজকে বর্ডারের ভীষণ অবস্থা উত্তেজনাপূর্ণ অবস্থা, সেখানে গুলিগোলা চলছে, এই অবস্থার পরিপ্রেক্ষিতে আপনারা আলোচনা করতে পারতেন। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি নিবেদন করছি যে আপনি হাউস এ্যাডজোর্ন করুন, করে আপনার চেম্বারে সমস্ত অপোজিশন লিডারদের এবং ক্যাবিনেট মিনিস্টারদের নিয়ে একটা আলোচনা সুরু করুন এবং এ'রা কি করতে চান সেখানে সেটা স্থির করা হোক এবং সেখানে আমরা আমাদের বক্তব্য বলব। এই আবহাওয়ার মধ্যে ঠিক আলোচনা হচ্ছে না, সরকারপক্ষ শুনতে চাইছেন না। কেন না ও'দের প্রেসটিজের বড় প্রশ্ন। অপোজিশন থেকে যে কথা বলা হয় সেটা যাতে না হয় তার জন্য ও'রা চেষ্টা করেন। কিন্তু আপনার চেম্বারে গেলে হয়ত ও'দের মনোভাব অন্য রকম হতে পারে। সেজন্য আপনার কাছে অনুরোধ করছি আপনি হাউস এ্যাডজোর্ন করে আপনার ঘরে একটা কনফারেন্স ডাকুন, সেখানে অপোজিশনের লিডাররা থাকবেন এবং ও'রাও থাকবেন, তাতে এই গুরুত্বপূর্ণ সমস্যার সমাধান হতে পারে।

মিঃ স্পীকারঃ মিঃ মহাপাত্র, এটা সেই ম্যাটার নয় যে আমার চেম্বারে গেলে সলিউসান হবে। দরকার হলে আমি অনেকবার আপনাদের লিডারদের ডেকে আমার চেম্বারে নিয়ে গেছি। কিন্তু এটা ঠিক সেই সাবজেকট নয় যে আমার ঘরে গেলে সলিউসান হয়ে যাবে। আজকের যে প্রবলেম সেটা অন্য ধরনের।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ

তাহলে এখানে আলোচনা হবে না? সেইজন্য বাইরে এই আলোচনা আপনার ঘরে হোক বা মিনিস্টারের ঘরে হোক। তা না হলে হতে পারে না. ও'দের সেই একই কথা চীফ মিনিস্টার নাই, আর্তত্রাণ ও উদ্বাস্তু মন্ত্রীও নাই। আমরা জানি ও'দের উপরই সব নির্ভর করে। আমরা সংবাদপত্রে অনেকদিন আগে থেকে দেখেছি, কাজেই আজকে বৃহত্তর সমস্যা সমাধানের জন্য আপনারা সহানুভূতির সাথে বিবেচনা করুন। আপনাদের সামনে প্রাচীর হয়ে দাঁড়িয়েছে, আপনাদের প্রেসটিজ যেহেতু অপোজিশন থেকে বলছি, সেইহেতু আপনাদের প্রেসটিজটা প্রাচীর হয়ে দাঁড়িয়েছে। সেটা ভুলে যান এবং ভুলে গিয়ে লক্ষ লক্ষ লোকের এত বড় যে সমস্যা, যারা বিপন্ন অবস্থায় আছে, তাদের কথা চিন্তা করে সমস্যাটা সমাধানের জন্য আপনি হাউস এডজর্ন করুন এবং আলোচনা করুন।

[5-35—5-45 p.m.]

শ্রীদেবশরণ ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের এখন সূত্রপাত হয়েছে। আলোচনাটা বিধিবদ্ধভাবে না হলেও সারাদিন ধরে সে বিষয়ে আলোচনা হচ্ছে। আপনি স্পীকার হিসেবে চেয়ারে বসে আছেন। মন্ত্রিমণ্ডলীর সদস্যরা বসে বসে শুনছেন ও মাঝে মাঝে এক আধটু টিকাটিপ্পনী কাটছেন। কিন্তু সকলে স্বীকার করছন বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ এবং বিভিন্ন বক্তা তাঁর বক্তৃতার মাধ্যমে তার গুরুত্ব প্রকাশ করেছেন। আমি জানি না যে আপনি এই হাউস বন্ধ করা সম্পর্কে মোটামুটি যা সিদ্ধান্ত ঠিক হয়েছে, আপনার কাছে যেটা আবেদনের মাধ্যমে রাখা হচ্ছে. এর আগে আমরা দেখেছি আপনার নিজের দায়িত্বে হাউস এ্যাডজোর্ন করে দিয়েছেন বা দিয়ে থাকেন। আজকে দেখছি হাউসে যখন গুরুত্বপূর্ণ কাজ চলতে থাকে, সেই কনসারনড মিনিস্টার যিনি সমস্ত কাজকর্ম দেখেন, তখন তিনি বাইরে আড্ডা মারতে চলে যান, আপনাকে তখন সংশ্লিষ্ট মন্ত্রীদের হাউসে ডেকে আনতে হয়। আজকে সকল দায়িত্বপূর্ণ বিভিন্ন পদে অধিষ্ঠিত মন্ত্রী উপস্থিত আছেন, শৈলবাবু অর্থমন্ত্রী এখানে আছেন, অন্যান্য মন্ত্রীরাও আছেন। শৈলবাবু হন্তদন্ত হয়ে ছুটে এসে বাজি মাৎ করবার মত একটা স্টেটমেন্ট দেবার চেষ্টা করলেন। আমি অনুরোধ করি, হাউস অ্যাডজোর্ন করুন। আগেও এই ধরনের ঘটনা ঘটেছে। আজকে নূতন দেখছি, বার বার অনুরোধ করা সত্ত্বেও এতগুলি মাননীয় সদস্য এত অনুরোধ করছেন শৈলবাবুকে যে, তিনি যে স্টেটমেন্ট করেছেন সেটা আর একবার বলুন। তিনি একটা চার-পাঁচ পাতার কাগজ খুলে কি বললেন—আমরা তা কেউ বুঝতে পারি নি। আমাদের যোগ্যতা কম তো! কিন্তু পাশের কংগ্রেস সদস্য যাঁরা বসে আছেন তাঁরা কানাঘুষায় বলছেন—উনি কি বললেন তা আমরা ঠিক বুঝতে পারি নি। মাননীয় স্পীকার মহাশয়. আপনি তো অবস্থা দেখছেন, একটা অসহায় অবস্থার মধ্যে যখন হাউস চলছিল, তখন বিজয়বাবু কিছু একটা বলতে উঠেছিলেন, কিন্তু শৈলবাবু তাঁকে চাপ দিয়ে বসিয়ে দিলেন। আর তিনি উঠে কি আবোলতাবোল বললেন, তা আমরা কেউ বুঝতে পারি নি। আমার কথার সত্যতা প্রমাণিত হবে যে, কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের বক্তব্য কি, যেটা শৈলবাবু স্টেটমেন্ট করেছেন, সদস্যরা কে কি বুঝেছেন সে সম্বন্ধে আপনি যদি কাউকে জিজ্ঞাসা করেন। অর্থমন্ত্রী কি স্টেটমেন্ট করেছেন তার অর্থ যদি কংগ্রেসী সদস্যরা বুঝে থাকেন তাহলে আমি আর মন্ত্রি-মহাশয়কে পুনরায় স্টেটমেন্ট করতে অনুরোধ করবো না। আমি মাননীয় কংগ্রেসী সদস্যদের অনুরোধ করছি, তাঁরা দায়িত্ব নিয়ে উঠে দাঁড়িয়ে বলুন যে ঐ স্টেটমেন্টের অর্থ তাঁরা কিছু বুঝেছেন!

স্যার, এখানে আমি এই তিন বছর যা দেখছি তাতে এটুকু বলতে পারি সমস্ত মন্ত্রীরা এবং কংগ্রেস সদস্যেরা শুধু কাজের কথা বলেন, বাজে কথা বলেন না, তা নয়—তাঁরা যে হাজার হাজার বাজে কথা বলেন তার নজীর আমরা জানি। শৈলবাবু শিক্ষিত এবং জ্ঞানী, গুণী লোক এবং মন্ত্রী অন্যান্য যাঁরা আছেন তাঁদেরও দক্ষতা এবং শিক্ষাদীক্ষা আছে। কিন্তু এ কথাটা কেউ দাঁড়িয়ে বলতে পারছেন না। একটা কথা একবার বলেছেন, একটা আলোচনা হয়েছে, কাজেই সেটা দাঁড়িয়ে বললেই তো ল্যাঠা চুকে যায়। প্রসিডিংসটা আমাদের কাছে পাঠাচ্ছেন না কেন?

মিঃ স্পীকারঃ আমি কালকে দেব বলেছি।

শ্রীদেবশহরণ ঘোষঃ আপনি যে কথা বলেছেন তার পেছনে যুক্তি আছে এবং আমাদের সেটা মেনে নেওয়া উচিত। কিন্তু কথা হচ্ছে কালকে একটার আগে তো আমরা এখানে আসতে পারছি না।

মিঃ স্পীকারঃ আমি সেক্রেটারীকে ডাইরেকশন দিয়ে দেব, আপনারা দেখে নেবেন।

শ্রীদেবশরণ ঘোষঃ স্যার, কাল থেকে যে আদেশ কার্যকরী হচ্ছে তাতে আমাদের সেই স্টেটমেন্ট পড়ে কোন লাভ হচ্ছে না। কাজেই আমার বক্তব্য হচ্ছে এই অবস্থায় হাউস অ্যাডজোর্ন করা ছাড়া অন্য কোন উপায় নেই। আপনি নিজ দায়িত্বে অনেক সময় এটা করেছেন, কিন্তু

আজ সেই দায়িত্ব নিচ্ছেন না কেন? আমার আর একটা নূতন সাজেসন হচ্ছে মন্ত্রীরা তো অনেক সময় নানা কাজে ব্যস্ত থাকেন এবং অনেক গুরুত্বপূর্ণ কাজে বাইরে চলে যান। কাজেই তাঁদের কাছে অনুরোধ জানাচ্ছি তাঁরা দয়া করে এক এক করে বাইরে চলে যান এবং ৬টার পরে আবার আসবেন।

Deputation of Primary Teachers

শ্রীনিখিল দাসঃ স্যার, আমি অন্য একটা বিষয় উল্লেখ করতে চাই। প্রাইমারী টিচাররা একদিনের জন্য সিক ওয়ার্ক করেছেন এবং হাজার হাজার শিক্ষক প্রসেসন করে অ্যাসেম্বলীর কাছে এসেছেন। তাঁরা শিক্ষামন্ত্রীর কাছে তাঁদের দাবীনামা পেশ করতে চান এবং তাঁদের সেই দাবীনামায় ২২টি দফা আছে। আমার বক্তব্য হচ্ছে প্রাথমিক শিক্ষকরা তাঁদের দাবী বহুদিন আগে পেশ করেছেন এবং তাঁরা যে অত্যন্ত কম টাকা পান সেটা শিক্ষামন্ত্রিমহাশয়ও বলেছেন। আজকে তাঁরা যে দাবীপত্র দিতে এসেছেন তাতে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে এই অনুরোধ রাখছি যে, তারা যে দাবীগুলো নিয়ে এসেছেন সেটা গ্রহণ করুন এবং সেই দাবী সম্পর্কে তাঁর যে বক্তব্য সেটা আমাদের জানান। স্যার, মাধ্যমিক শিক্ষকদের ব্যাপার আপনি জানেন সেটা অনেক দূর গড়িয়েছিল। কিন্তু মাধ্যমিক শিক্ষকরা অনেক ধৈর্যের পরিচয় দিয়েছেন এবং একদিনের কর্ম বিরতি করে এঁদের কাছে আবেদন জানাতে এসেছেন। কাজেই আমি অনুরোধ করছি তাঁদের দাবীতে সাড়া দিয়ে সেটা গ্রহণ করুন।

[5-45—5-59 p.m.]

Migration of East Bengal refugees to India

শ্রী[illegible] রায়ঃ স্যার, একথা বহুদিন ধরে শুনছি, আমি বুঝতে পাচ্ছি না, একই উত্তর দিচ্ছেন, মুখ্যমন্ত্রী নেই, কিন্তু বাকি মন্ত্রীরা তো আছেন, তাঁরা পরিষ্কার বলুন, তারা কি মুখ্যমন্ত্রীর ছায়া আর মুখ্যমন্ত্রীর কায়া, মুখ্যমন্ত্রী পুরুষ আর তাঁরা কি প্রকৃতি? তা যদি বলেন তাহলে আমাদের আপত্তি নাই। কিন্তু স্যার, এঁরা ডিমোক্রেসীর বড় বড় কথা বলেন, তাই ওদের উত্তর দিতে হবে, যদি উত্তর না দেন, তাহলে অন্য বিজনেস হবে কি করে? আপনি বলছেন আমরা দায়ী, আমি বলছি ও'রাই দায়ী হাউসের এতখানি সময় নষ্ট করার জন্য।

মিঃ স্পীকারঃ আমি কাউকে দায়ী করি নি।

শ্রী [illegible] রায়ঃ আমি স্যার, ওদের দায়ী করছি। ও'রা বসে বসে হাসছেন, আর আড্ডা মারছেন, এইরকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, বর্ডার সীল করে দিচ্ছে, অথচ এক একবার এক এক কথা বলছেন, আবার বলছেন রেকর্ড দেখুন, আমাদের স্যার, কাণ আছে, বুদ্ধি আছে, ওদের মতন তো আমরা নির্বোধ নই, তাহলে তো আমরা মন্ত্রী হয়ে যেতাম।

শ্রীবীরেশচন্দ্র সেনঃ আপনি স্যার, হাউস অ্যাডজোর্ন করে দিন, ও'রা একটা শাড়ি আর চুড়ি নেপালবাবুকে দিয়ে গেছেন। দেবশরণবাবু বেশ বক্তৃতা করলেন, আমি কংগ্রেস তরফ থেকে শাড়ি এবং চুড়ি বৌমাকে প্রেজেন্ট করছি।

মিঃ স্পীকারঃ এটা প্রাইজ ডিস্ট্রিবিউশনের জায়গা নয়।

শ্রী[illegible] অধিকারীঃ স্যার, আপনি একটু আগে এখানে বলেছিলেন হাউসে ডেমোক্রেসী এবং ডেকোরামের কথা, দেখুন স্যার, অপোজিশন থেকে ভাল বক্তৃতা দিলে কংগ্রেস পক্ষ থেকে শাড়ি এবং চুড়ি উপহারের প্রস্তাব আসে। এটা কি ডেকোরামের কথা হল?

মিঃ স্পীকারঃ আমি আগেই এর জবাব দিয়ে দিয়েছি যে এটা প্রাইজ ডিস্ট্রিবিউশনের জায়গা নয়।

শিক্ষকদের কর্মবিরতি

শ্রীজ্যোতি বসু: এখন নিখিলবাবু যে কথা বললেন, সেটা নয়, আমি অন্য কথা বলছি। প্রাথমিক শিক্ষকরা কর্মবিরতির পর এসেছেন তাদের স্মারকলিপি দিতে, এখানে তো শিক্ষামন্ত্রী নেই, শৈলবাবু কি তাঁদের স্মারকলিপি নেবেন, এটাই আমি জিজ্ঞাসা করছি।

শ্রীশৈলকুমার মুখার্জি: শিক্ষামন্ত্রীর কাছে পাঠিয়ে দিলে নিশ্চয়ই সেটা গ্রহণ করা হবে।

মিঃ স্পীকার: এই সাবজেক্টে আর তো কারও কিছু বলার নেই আশা করি।

শ্রীকমলকান্তি গুহ: স্যার, আমার একটা কথা বলার আছে, আগামী কাল যখন হাউস চলবে তখন এ নিয়ে রোজই বলবো, যতদিন না এর উত্তর পাব।

Adjournment

The House was then adjourned at 5-49 p.m. till 1 p.m. on Thursday, the 1st April, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 1st April, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 175 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Telegram to Shri E.M.S. Nambudiripad from the detenus of Dum Dum Central Jail

***423.** (Admitted question No. *2302.)

শ্রীগোপাল বসু: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৬ই ফেব্রুয়ারি দমদম জেলে আটক কমিউনিস্ট বন্দীদের পক্ষ হইতে শ্রী ই, এম, এস, নাম্বুদ্রিপাদকে প্রেরিত একটি এক্সপ্রেস টেলিগ্রাম কর্তৃপক্ষ আটক করিয়াছেন;

(খ) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(গ) ইতিমধ্যে পাঠান হইয়া থাকিলে কবে পাঠান হইয়াছে?

Shri Jagannath Kolay:

(ক) না, ঐ তারিখে ঐরূপ কোন টেলিগ্রাম আটক করা হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

শ্রীসুনীল দাশগুপ্ত: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ঐ ৬ই ফেব্রুয়ারি তারিখটা ঠিক না থাকতে পারে তবে এর আগে কিংবা পরে কোন টেলিগ্রাম গিয়েছিল কি?

শ্রীজগন্নাথ কোলে: ৬ই ফেব্রুয়ারি তারিখ নয় ৬ই মার্চ তারিখে টেলিগ্রাম করেছিলেন সেটা ৭ই মার্চ রবিবার থাকায় ৮ই তারিখে সন্ধ্যাবেলা এটা ডি আই জি-এর কাছে যায় এবং এটা ৯ই তারিখে পাঠান হয়।

শ্রীজীবনকৃষ্ণ দে: এই টেলিগ্রামটা বিলি হয়েছিল কোন তারিখে?

শ্রীজগন্নাথ কোলে: এটা ৯ই তারিখে বিলি করা হয়েছিল।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে টেলিগ্রামটার বিষয়বস্তু কি ছিল?

শ্রীস[illegible] দাশগুপ্ত: অন এ পয়েন্ট অব অর্ডার, টেলিগ্রাম-এর ভেতরে কি লেখা ছিল অর্থাৎ নাম্বুদ্রিপাদের ঐ টেলিগ্রামে বিষয়বস্তু কি ছিল সেটা কি হাউস-এ আলোচনা হতে পারে?

মিঃ স্পীকার: কোয়েশ্চেন নয় একটা সাপ্লিমেন্টারী পুট করছেন এটা আলোচনা হচ্ছে না।

শ্রীজগন্নাথ কোলে: টেলিগ্রাম-এ কি ছিল বলতে পারব না, নোটিশ চাই।

শ্রী [illegible] বসু: একটা টেলিগ্রাম পাঠান হল এবং সে বিষয়ে প্রশ্ন করা হচ্ছে এবং তিনি বললেন টেলিগ্রাম ঐ তারিখে নয় অন্য তারিখে গেছে। আমি জিজ্ঞাসা করছি [illegible] বন্দী যাঁরা আছেন তাঁদের নাম্বুদ্রিপাদ কি টেলিগ্রাম করেছিলেন অর্থাৎ তার বিষয়বস্তু কি? সুতরাং এই সম্বন্ধে নোটিশ-এর কি প্রয়োজন?

মিঃ স্পীকার: টেলিগ্রাম-এর যে ফাইল সেটা নেই।

শ্রীঅবনীকুমার বসু: টেলিগ্রাম কি এই ছিল যে যাঁরা কংগ্রেসী আছেন এবং ডাঙ্গে পন্থী আছেন তাঁদের খতম করা সম্বন্ধে একসরটেশন্ হলে তবেই টেলিগ্রাম পাঠানো হয়েছিল?

Mr. Speaker: It is better not to put that question.

Sitai Thana Primary Health Centre

***424.** (Admitted question No. *2304.)

শ্রী[illegible] রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোচবিহার জেলার সিতাই থানা প্রাথমিক হাসপাতাল ভবনের চতুর্দিক বর্ষার কয়েক মাস জলে ডুবিয়া থাকে এবং ছোট ছোট ছেলেমেয়েরা ঐ জল অতিক্রম করিয়া ঔষধ আনিতে পারে না; এবং

(খ) সত্য হইলে, সরকার হইতে উহা দূরীকরণের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

Shri Jagannath Kolay:

(ক) ও (খ) স্বাস্থ্যকেন্দ্রটির জমি নীচু হওয়ায় প্রবল বর্ষণ হইলে কখনও কখনও সাময়িকভাবে জল জমে। স্বাস্থ্যকেন্দ্রটির পার্শ্ববর্তী জমি উঁচু করিবার বিষয় যথাযথ বিবেচনার জন্য প্রাক্‌কলন তৈয়ারি করা হইতেছে।

শ্রীকমলকান্তি গুহ: এই জমি উঁচু করবার কথা বলেন নি আমার কথা হচ্ছে এখানে যে পাকা রাস্তা আছে সেই পাকা রাস্তা থেকে হেলথ সেন্টারএ যেতে হলে প্রায় এক ফারলং যেতে হয় অথচ এক ফারলং এ জায়গায় কোন রাস্তা করা হয়নি। কিছু নীচু জমি জলে ডুবে আছে লোকে যেতে পারে না এটা করবেন কিনা জানাবেন?

শ্রীজগন্নাথ কোলে: যখন বৃষ্টি পড়ে অর্থাৎ খুব বৃষ্টি হলে দেখা যায় ঐ জমিতে জল জমে সেইজন্য রাস্তা করতে হবে উঁচু করে যাতে করে জল না জমে।

শ্রীকমলকান্তি গুহ: আগামী বর্ষার পূর্বে এই পরিকল্পনা কার্যকরী কি হবে?

শ্রীজগন্নাথ কোলে: হ্যাঁ, হবে বলে আশা করি।

Lalbagh Subdivisional Hospital

***425.** (Admitted question No. *2332.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, লালবাগ মহকুমা হাসপাতালটি কবে নির্মিত হইবে এবং ইহার জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে?

Shri Jagannath Kolay:

নূতন হাসপাতাল নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি ইজারা লইবার ব্যবস্থা করা হইতেছে। ইজারার শর্ত সম্বন্ধে কয়েকটি আইনগত প্রশ্নের মীমাংসা হইলে নির্মাণকার্য অনুমোদন করা হইবে।

এইজন্য প্রয়োজনীয় প্রাক্‌কলন ও নক্‌সা প্রস্তুত করান হইয়াছে। নির্মাণকার্যে আনুমানিক ব্যয় হইবে ১৬ লক্ষ ৪১ হাজার টাকা।

শ্রীসনৎকুমার রাহা: এই লালবাগ মহকুমার হাসপাতাল নিয়ে গত তিন বৎসর ধরে আলোচনা হচ্ছে। আমার জিজ্ঞাস্য যে এটা কি অবস্থায় আছে, আপনারা বলছেন আইনঘটিত অবস্থায় আছে, এর আশু সমাধান হবে। কিন্তু এই করতে প্রায় তিন বৎসর হয়ে গেল এটা কবে হবে জানতে চাই?

শ্রীজগন্নাথ কোলে: আইনঘটিত ব্যাপার হলেও টাকা মঞ্জুর করা হয়েছে। কোন জায়গায় হাসপাতাল হবে ঠিক হচ্ছে না। জায়গা পাওয়া যাচ্ছে না বলে সেইজন্য মুর্শিদাবাদের নবাবের ফৌজিবাদ উদ্যান আমরা রিকুইজিশন করলে তারা দিতে না চাওয়ায় সেটা ইজারা নিয়ে নেবার চেষ্টা হচ্ছে এবং সেইজন্য দলিলপত্র যা দিয়েছেন এবং সেগুলি আমাদের লিগ্যাল রিমেমব্রান্সার-এর দেখা হলে তাড়াতাড়ি কাজ হবে।

শ্রীসনৎকুমার রাহা: ইজারা সংক্রান্ত দলিল দেখা কি সম্পূর্ণ হয়েছে?

শ্রীজগন্নাথ কোলে: এখন পরীক্ষা করা হচ্ছে।

শ্রী[illegible] রায়: মাননীয় মন্ত্রিমহাশয় এটা ভুল তথ্য বলে মনে হয়। এর আগে প্রশ্ন উত্তরের সময় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন যে ঐ ফৌজীবাদ উদ্যানের বিষয় প্রশ্ন করলে যে সেটা নবাব বাহাদুরের সম্পত্তি এবং দান যেভাবে হয়েছিল এবং করবার সেটা রাইট ছিল না সেইজন্য আপনারা ৩০ বৎসরের লিজ নিয়ে ছিলেন। এবং লিজ আজ ২।৩ বৎসর হল নেওয়া হয়েছে এখন প্রশ্ন করায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রিমহাশয় বলেছিলেন যে এই বৎসর কাজ সুরু হবে, আমি যে কথা বলছি সেটা প্রসিডিংস খুলে দেখলেই দেখতে পারেন এখন আমার প্রশ্ন হচ্ছে লিজ নেওয়ায় আইনের কি গণ্ডগোল আছে এবং এ্যাকচুয়ালী কাজ কবে শেষ হবে?

শ্রীজগন্নাথ কোলে: লিজ পেলে এই বৎসর করা সম্ভব হবে বলে মনে করি।

Private practice by the medical officers posted in teaching institutions

***426** (Admitted question No. *2452.) **Sm. Santi Das:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the officers of the Institute of Post Graduate Medical Education and Research and the attached S.S.K.M. Hospital have been declared to be non-practising; and

(b) whether private practice have been allowed in other teaching institutions?

শ্রীজগন্নাথ কোলে: স্যার, এই বিভাগের মন্ত্রিমহাশয় এটার উত্তর দিতে চান যে তিনি লিখে জানিয়েছেন, সুতরাং এটা হেল্ডওভার করলে ভাল হয়।

Mr. Speaker: It is held over till the next rotational day.

শ্রীজগন্নাথ কোলে: তিনি স্যার, অসুস্থ, সেই কারণে লিখে জানিয়েছেন।

Mr. Speaker: All right, it is held over for a fortnight.

Closing down of Howrah Cotton Mills, Belgachia

***427.** (Admitted question No. *2456.) **Shri Tarapada Dey:** (a) Will the Minister-in-charge of the Labour Department be pleased to state if it is a fact that Assistant Labour Commissioner of Howrah and Deputy Labour Commissioner, West Bengal, were apprised of the closing down of Howrah Cotton Mills, Belgachia, Howrah, by the Management? and

(b) If the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) what is the cause of the closing down of the said Mill; and
(ii) what action, if any, has been taken by Government in this respect?

[1-10—1-20 p.m.]

Shri Bijoy Singh Nahar:

(ক) হ্যাঁ। মিল বন্ধ হইতে পারে এরূপ আশঙ্কা প্রকাশ করিয়া ইউনিয়ন কর্তৃক লিখিত ৪ঠা মার্চ ১৯৬৫ তারিখের পত্র ৫ই মার্চ ১৯৬৫ তারিখে এবং মিল কর্তৃক ৫ই মার্চ ১৯৬৫ তারিখে লিখিত মিল বন্ধের নোটিশ ৬ই মার্চ ১৯৬৫ তারিখে হাওড়ার সহ-শ্রমমহাধ্যক্ষের নিকট পৌঁছায়।

(খ) (১) মিলের নোটিশে বলা হইয়াছে যে, মিলের ব্যাঙ্ক অ্যাকাউন্ট-এ টাকা জমা দেওয়া বা উক্ত অ্যাকাউন্ট হইতে টাকা তোলার উপর কলিকাতা হাইকোর্ট হইতে নিষেধাজ্ঞা জারি করা হইয়াছে এবং এইজন্য মিল চালু রাখা সম্ভবপর নহে।

(২) পরিস্থিতি পর্যালোচনা করিয়া যথাযথ ব্যবস্থা অবলম্বনের জন্য হাওড়ার সহ-শ্রমমহাধ্যক্ষ ৯ই মার্চ ১৯৬৫ এবং ১৫ই মার্চ ১৯৬৫ তারিখে মালিক ও শ্রমিক উভয় পক্ষের প্রতিনিধিগণকে আলোচনাচক্রে উপস্থিত হইতে অনুরোধ করেন। ২৩এ মার্চ ১৯৬৫ তারিখে হাইকোর্টের শুনানীর দিন ধার্য হওয়ায় কোম্পানী সময় প্রার্থনা করে। ফলে ২৪এ মার্চ ১৯৬৫ তারিখে পুনরায় আলোচনার দিন ধার্য হয়। কিন্তু কোম্পানী উক্ত আলোচনাচক্রে উপস্থিত হয় নাই। সহ-শ্রমমহাধ্যক্ষ কোম্পানীকে ৫ই এপ্রিল ১৯৬৫ তারিখে হাইকোর্টের আদেশের প্রতিলিপি পেশ করিবার জন্য নির্দেশ দিয়াছেন।

শ্রীতারাপদ দেঃ ঐ ইনজাংসানটার কারণ কি—১১শত শ্রমিক বসে রয়েছে?

শ্রীবিজয়সিং নাহারঃ আমি বললাম তো এখনও আমাদের কাছে হাইকোর্টের রায় বা কোন কিছু এসে পৌঁছোয় নি সেইজন্য কারণটা বলতে পারবো না। তবে ইনজাংসান ছিল এটা বলতে পারি।

শ্রীতারাপদ দেঃ আপনি শ্রমিকদের তরফ থেকে কোন মেমোরেন্ডাম পেয়েছেন কিনা? এবং পেয়ে থাকলে কি কি দাবী তারা করেছে?

শ্রীবিজয়সিং নাহারঃ আমার কাছে এখন কোন মেমোরেন্ডামের নকল আপাতত নেই।

শ্রীনিখিল দাসঃ আপনার কাছে আমি একটা মেমোরেন্ডাম নিয়ে শ্রমিকদের সঙ্গে করে নিয়ে আপনার সঙ্গে দেখা করেছিলাম?

শ্রীবিজয়সিং নাহারঃ সেটা হতে পারে—আমার কাছে এখন ফাইল নেই—আমার কাছে যে মেমোরেন্ডাম আসে আমি সঙ্গে সঙ্গে সেগুলি পাঠিয়ে দিই রিপোর্ট নেবার জন্য।

শ্রীতারাপদ দেঃ একথা কি সত্য যে, ভারত কলাভাণ্ডার নামক কোন একটা কোম্পানী ৬০ হাজার টাকার দাবীতে ঐ মিলের উপর ইনজাংসন করেছে—হাইকোর্টে কেস করেছে?

শ্রীবিজয় সিং নাহারঃ কি দাবীতে হাইকোর্টে কেস হয়েছে—সে রকম আমাদের কাছে কিছু নেই—আমি বলতে পারবো না।

শ্রীতারাপদ দেঃ আপনি কি জানেন যে, ঐ মিলের কাছে শ্রমিকদের ওয়েজ বাবদ চার লক্ষ টাকা বাকী আছে।

শ্রীবিজয়সিং নাহারঃ কত টাকা দাবী আছে আমি বলতে পারি না—আমার কাছে যে রিপোর্ট তাতে টাকা বাকী আছে প্রভিডেন্ড ফান্ড, ওয়ার্কাস ওয়েজেস বাকী আছে—সে সম্বন্ধে আমাদের সহ-শ্রমমহাধ্যক্ষ তাদের বলেছেন যে পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট অনুযায়ী অ্যাপ্রোপ্রিয়েট অথরিটির কাছে এখনই দরখাস্ত করে দিতে—তা না হলে সে টাকা আদায়ে অসুবিধা হবে এবং প্রভিডেন্ড ফান্ড কমিশনারকেও জানিয়ে দিয়েছি। এখন তাড়াতাড়ি বিহিত ব্যবস্থা করার জন্য হাইকোর্টের মকর্দমায় এই দাবীগুলি যাতে আনা যায়—তাতে একটা ফয়সালা হতে পারে।

শ্রীতারাপদ দেঃ শ্রমিকদের ওয়েজ বাকী আছে সে সম্বন্ধে কি করছেন?

শ্রীবিজয়সিং নাহার: ওয়েজ সম্বন্ধে বললাম—অ্যাপ্রোপ্রিয়েট অথরিটির কাছে ওয়ার্কাস রিপ্রেজেনটেটিভ-এর তরফ থেকে দাবী জানিয়ে দেওয়া।

শ্রীতারাপদ দে: আপনি কি জানেন যে. এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার বলেছেন যে. এ বিষয়ে আমাদের কিছু করবার নেই এবং ডেপুটি লেবার কমিশনার এ সম্বন্ধে উত্তরই দেন নি একথা কি সত্য?

শ্রীবিজয়সিং নাহার: আমি তো আপনাকে বলেছি যে কেসটি তাঁদের কাছে জানিয়ে দেওয়া হয়েছে।

শ্রীতারাপদ দে: এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার বলেছেন নাকি যে আমরা কিছু করতে পারবো না—মিনিস্টারের কাছে যান।

শ্রীবিজয়সিং নাহার: এ বিষয়ে আমার কিছু জানা নেই—তবে লেবার কমিশনার একথা বলতে পারেন না।

শ্রীরবীন্দ্রনাথ মুখার্জি: মিসম্যানেজমেন্টের জন্য কি এই কারখানা বন্ধ হয়ে যাচ্ছে?

শ্রীবিজয়সিং নাহার: মিসম্যানেজমেন্টের জন্য কিনা জানি না—এটা একটা লিজ দেওয়া ছিল একটা কোম্পানীর কাছে—তাদের সংগে কি একটা গোলমাল হয়েছে—হাইকোর্টে কেস হয়েছে—হাইকোর্ট থেকে ইনজাংসন হয়েছে যে ব্যাঙ্ক থেকে টাকা তুলতে পারবে না, সেখান থেকে মাল বিক্রি করতে পারবে না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

শিল্প হিসাবে যাতে এটা রক্ষিত হয়, শ্রমিকদের স্বার্থ ছাড়া দেশের যা সাধারণ স্বার্থ রয়েছে তার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বনের কথা ভাবছেন?

Shri Bijoy Singh Nahar:

হাইকোর্টে কি কেস হয়েছে না হয়েছে, কি ইনজাংশন হয়েছে তা না জানলে আমি কিছু বলতে পারছি না।

Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য আপনার শ্রমদপ্তরকে গভর্নমেন্ট হাইকোর্টে একটা পার্টি করবার চেষ্টা করবেন কিনা—হাইকোর্টে দুটো পার্টি আছে, আর কোন পার্টি নেই?

Shri Bijoy Singh Nahar:

শ্রমদপ্তরের তো পার্টি হবার দরকার নেই। তার মধ্যে কে কেন আছে না আছে তা আমরা জানি না। কাজেই তার মধ্যে পার্টি হতে পারে না। তবে টাকা প্রভৃতি ব্যাপারে সহ-শ্রমমহাধ্যক্ষের যা করণীয় তিনি তা করছেন।

Shri Tarapada Dey:

হাইকোর্টে কেস চলছে—এর আগে কানাইবাবু বলেছেন যে সেখানে দুটো পক্ষ—একটা মালিক পক্ষ, আর একটা শ্রমিক পক্ষ। সরকারের পক্ষ থেকে শ্রমিকদের পক্ষে কোন ব্যারিস্টার নিয়োগ করতে পারেন না?

Shri Bijoy Singh Nahar:

শ্রমিকপক্ষ সেখানে আছেন কিনা জানি না, আমার যতদূর জানা আছে এটা মালিকপক্ষের দুই দলের ঝগড়া, শ্রমিকপক্ষ সেখানে নেই।

Shri Tarapada Dey:

শ্রমিকপক্ষ সেখানে নেই, হাইকোর্ট থেকে ইনজাংশন জারী হয়েছে, শ্রমিকপক্ষ উঠে যাচ্ছে, তাদের টাকা পাবার কোন ব্যবস্থা হচ্ছে না, অথচ তাদের চার লক্ষ টাকা বাকি আছে। সেজন্য আমি বলছি যে, শ্রমিকপক্ষের হয়ে লেবার ডিপার্টমেন্টের পক্ষ থেকে কোন ব্যারিস্টার দিতে পারেন কিনা? হাইকোর্টে শ্রমিকদের পক্ষে কেউ নেই। ইনজাংশন জারী করা হয়েছিল। কাজেই শ্রমিকদের দাবীটা সেখানে জানাবার জন্য হাইকোর্টে আপনাদের তরফ থেকে কোন চেষ্টা করা হবে কিনা?

Shri Bijoy Singh Nahar:

আমি তো পূর্বেই বলেছি যে, সেখানে যে মোকর্দমা হচ্ছে সেটা শ্রমিকপক্ষের সংগে খুব সম্ভব নয়, সেটা মালিকদের মধ্যে পরস্পর ঝগড়া হচ্ছে। শ্রমিকপক্ষের যে টাকার দাবী আছে সেটার জন্য পেমেন্ট অব ওয়েজেসের অ্যাপ্রোপ্রিয়েট অথরিটির কাছে দরখাস্ত করতে বলা হয়েছে এবং যদি হাইকোর্টে টাকাকড়ি সম্বন্ধে কোন নিষ্পত্তি হয় তাহলে শ্রমিকদের দাবীটা নিশ্চয়ই সেখানে প্লেস করা কর্তব্য যাতে সেই টাকা পাওয়া যায়—শ্রমিকরা যাতে অগ্রাধিকার পান সেই চেষ্টাই করতে হবে।

Shri Bhadra Bahadur Hamal:

গভর্নমেন্ট লেবার ডিপার্টমেন্ট এ ব্যাপারে কিছু করবেন না?

Shri Bijoy Singh Nahar:

আপনি বোধ হয় দেখেন নি নইলে শ্রমিকদের নিজেদের অধিকার দেয়া আছে কম্পিটেন্ট অথ-রিটির কাছে গিয়ে নিজেদের যা পাওনা আছে তা আদায় করার ব্যবস্থা করতে পারেন।

Shri Sanat Kumar Raha:

এই প্রশ্নটা সম্পর্কে আমি যেটুকু খবর রেখেছি যে, হাওড়া কটন মিল লীজ দিয়েছিলেন, চালাতে পারলেন না। ভবিষ্যতে একটা অন্ধকারের মত অবস্থা ইনজাংশনের ফলে কি হবে জানি না, কিন্তু শ্রমদপ্তর মজুরদের দায়িত্ব রক্ষা করা এবং মিলটাকে চালু রাখার ব্যবস্থা সম্পর্কে কি পরিমাণ সচেতন আছেন শ্রমমন্ত্রীর মুখ থেকে সে বিষয়ে কোন আশ্বাস পেলাম না।

Shri Bijoy Singh Nahar:

শ্রমদপ্তর মিল চালু করতে পারে না, শ্রমদপ্তর শ্রমিকদের যেগুলি অসুবিধা আছে তা দেখেন কিন্তু যেখানে হাইকোর্টের ইনজাংশন থাকে বা অন্য জিনিস থাকে সেখানে শ্রমদপ্তর যেতে পারে না।

Shri Girija Bhusan Mukherjee:

শ্রমমন্ত্রী কি জানেন যে আজকের দিনে মিলের আভ্যন্তরীণ ঝগড়া, বিবাদ, ইনজাংশন এবং মিল উঠে যাওয়াটা খুব কমন জিনিস হয়ে দাঁড়িয়েছে এবং এটা অনেক ক্ষেত্রে আমরা জানি যে, মিল মালিকরা যখন বেকায়দায় পড়ে তখন এরকম একটা চক্রান্ত করে মিলটাকে অনেক সস্তায় বন্ধ করে দেবার ব্যবস্থা করেন। আমি জানি হুগলী কটন মিল আমার জেলায় ছিল, সেখানে এই অবস্থা হয়েছিল, শ্রমিকদের স্বার্থ নিয়ে সেখানে নয়-ছয় করেছে, সেখানকার মালিকরা—এই রকম ঘটনা ঘটবে। এরকম কারখানাগুলিকে রিকুইজিশন করে দিতে পারেন কিনা, এ সম্বন্ধে লেবার ডিপার্টমেন্ট গভর্নমেন্টের কাছে রেকমেন্ড করতে পারেন কিনা এটা জানতে চাই।

Shri Bijoy Singh Nahar:

শ্রমিকপক্ষ যদি কো-অপারেটিভ করে কিছু ব্যবস্থা করতে বসে, তাহলে শ্রম দপ্তর থেকে যেটুকু সহযোগিতা করা দরকার, তা তারা নিশ্চয়ই করবে।

[1-20—1-30 p.m.]

শ্রীঅনাদি দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এই মিল যারা চালাচ্ছে তারা লিজের ভিত্তিতে চালাচ্ছে এবং কারখানা বন্ধ করটার পর তারা লিজ ছাড়েন নি?

শ্রীবিজয়সিং নাহারঃ লিজের ব্যাপারে ডিটেলস বলতে পারব না, আপনি যদি অন্য প্রশ্ন করেন তাহলে খোঁজ করে বলব।

শ্রীতারাপদ দেঃ আমরা যতদূর শুনেছি তাতে বলতে পারি মিল আর মালিকপক্ষ চালাবেন না। মিল বন্ধ হয়ে গেলে দেশের পক্ষে ভাল হবে না। সরকার পক্ষ থেকে সেটা চালাবার কোন পরিকল্পনা আছে কিনা
for the interest of 50 thousand people, for the interest of the country.

শ্রীবিজয়সিং নাহারঃ আমি এ সম্বন্ধে বহুবার বলেছি এবং চেষ্টা করেছি যেমন ক্লাইভ জুট মিল বন্ধ হয়ে রয়েছে, আরো কয়েকটি মিল এই পারস্পরিক ঝগড়ার জন্য বন্ধ হয়ে গেছে। আমরা চেষ্টা করছি মিল কর্তৃপক্ষ যাতে মিল চালু করেন। অনেক ক্ষেত্রে তাঁরা চালাতে পারেন না, টাকা নেই ইত্যাদি কারণের জন্য। এইসব ক্ষেত্রে আমরা কিভাবে করতে পারব, সরকার সবগুলি নিয়ে চালাতে পারবেন কি পারবেন না এবং সরকারকে চালাতে গেলে কেন্দ্রীয় সরকারের পার্মিশান নিতে হবে, অনেক রকমের হাঙ্গামা আছে। অনেক ক্ষেত্রে আমরা অনুরোধ করেছি যে আপনারা কো-অপারেটিভ ফর্ম করুন, আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যতটা সহযোগিতা সাহায্য দেওয়া দরকার তার জন্য চেষ্টা করব। আমি মনে করি যেভাবে অনেক ছোট ছোট এই রকম কোম্পানী বন্ধ হয়ে যাবার চেষ্টা করছে নিজেদের গোলমালের জন্য, তাতে যারা ক্যাপিটালিস্ট তাদের হাত থেকে নিয়ে শ্রমিকবর্গ যারা কাজ করেন তাদের হাতে দিয়ে চালান দরকার। সেটা কিভাবে কখন হবে বলতে পারি না। তবে যদি কেউ চেষ্টা করেন তাহলে আমরা পূর্ণ সহযোগিতা করব।

Discharge of poisonous water from the Priti Paper Mills, Baidyabati

***428.** (Admitted question No. *2460.) **Shri Girija Bhusan Mukherjee:** (a) Will the Minister-in-charge of the Health Department be pleased to state whether it is a fact that the authorities of Priti Paper Mills, Baidyabati, is allowing discharge of poisonous water having offensive smell in the Baidyabati khal creating danger to the people of the locality?

(b) If the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(1) whether the Public Health Department, Government of West Bengal, was consulted before such discharge of poisonous water;

(2) if not, what steps the State Government is going to take to stop it; and

(3) whether there is any system of testing the water to be discharged from this mill so as to examine the poisonous contents of the water, if any;

Shri Jagannath Kolay: (a) The effluent has not yet been chemically analysed; the discharge is turbid, frothy and has an offensive odour.

(b) (1) No.

(2) Baidyabati Municipality, the licensing authority of the Mills, has already served a notice to the proprietor of the Factory insisting on immediate arrangement for treatment of the effluent, alternatively to stop production.

(3) Yes, the sample of the effluents may be tested for poisonous contents in the West Bengal Public Health Laboratory.

Shri Girija Bhusan Mukherjee:

এই যে খালে পয়জনাস ওয়াটার ফেলছে এই খালের জল কমপক্ষে দুই হাজার লোক ব্যবহার করে। এজন্য বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটি নোটিশ সার্ভ করেছিল, কিন্তু কাউকে মানে নি। এ সম্পর্কে পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে যদি স্ট্রং স্টেপ না নেওয়া হয় তাহলে খুব খারাপ হবে। আমি ঘুরে দেখে এসেছি, সেখানে সমস্ত মরে গেছে, ঘাস পর্যন্ত নই, মানুষের মধ্যে ত্রাসের সৃষ্টি হয়েছে। এটা ইমিডিয়েটলি বন্ধ করার জন্য ব্যবস্থা করবেন কিনা?

(নো রিপ্লাই)

ডঃ কানাইলাল ভট্টাচার্য: আপনি বললেন এফ্লুয়েন্টেসের মধ্যে একটা অফেন্সিভ অর্ডার আছে। গভর্নমেন্ট যখন দেখলেন যে অফেনসিভ অর্ডার আছে তখন ওটাকে স্টপ করে এফ্লুয়েন্ট অ্যানালিসিস করার বন্দোবস্ত করা হল না কেন? যখন এই খালের জল পাবলিক ব্যবহার করে তখন গভর্নমেন্ট-এর পক্ষ থেকে এই নেগলিজিয়েন্স হল কেন?

শ্রীজগন্নাথ কোলে: লাইসেন্সিং অথরিটি মিউনিসিপ্যালিটি এবং মিউনিসিপ্যালিটি সংগে সংগে নোটিশ সার্ভ করেছেন এটা যাতে তাঁরা স্টপ করেন এবং এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট করে তারপর যেন ছাড়া হয়। আমরা চেয়ারম্যানের সংগে কথা বলে জানলাম তিনি এটা লিগ্যাল অ্যাডভাইজারের হাতে প্লেস করেছেন এবং তাঁরা এটা দেখছেন। যদি তাঁরা দু-এক দিনের মধ্যে কিছু না করেন তাহলে অ্যাকসান নেওয়া হবে এবং তাঁদের নোটিশ দিয়েছেন এটা স্টপ করার জন্য।

Shri Aswini Roy:

এই যে অফেনসিভ অর্ডার-এর কথা বললেন, এটা কোন কেমিক্যাল একজামিনার ডিটেক্ট করেছিল, না, যে অফেনসিভ ওডার আছে তা সাধারণভাবে গিয়ে বোঝা যায়?

Shri Jagannath Kolay:

সেটা ফিজিক্যালি তখনকার মিউনিসিপ্যাল অথরিটি করেছেন।

Shri Bhakti Bhusan Mondal:

সেই ব্যাডওডার বন্ধ করবার জন্য ইন্ডিয়ান পেনাল কোডের ১৩৩ ধারায় যে প্রভিশন আছে, সেই প্রসিডিওর আপনারা নিয়েছেন কি?

Shri Jagannath Kolay:

নোটিশ দেওয়া হয়েছে, তাতে যদি তাঁরা এমনি বন্ধ না করেন, তাহলে মিউনিসিপ্যালিটি ঐ ১৩৩ ধারা অনুযায়ী আইনানুগ স্টেপ নেবেন বলে তাঁরা টেলিফোনে জানিয়েছেন।

Shri Anadi Das:

এই যে আইনানুগ ব্যবস্থা করবেন বলেছেন, এই আইনানুগ ব্যবস্থা অবলম্বন করতে একটা সময় লাগবে। আর ইতিমধ্যে যদি..........................

Mr. Speaker:

মিঃ দাস, যদি আপনি কোয়েশ্চেন দেখেন, তাহলে দেখবেন সেখানে সাফিসিয়েন্ট অ্যানসার ছিল। কিন্তু ঐ "মে" কথাটার ক্লারিফিকেশন-এর দরকার ছিল। মিঃ মুখার্জির উত্তরের পরে আর সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন করবার প্রয়োজন হয় না। তবু যদি করতে চান করুন।

Shri Anadi Das:

এক বছর লাগবে কেস করতে, না, ইন দি মিনটাইম আপনারা কি ব্যবস্থা অবলম্বন করবেন।

Shri Jagannath Kolay:

আইন তো আছে!

Tunturi Health Centre

***429.** (Admitted question No. *2465.)

শ্রীদমন কুইরী: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বাঘমুণ্ডী থানার অন্তর্গত তুন্তুড়ী হেলথ সেন্টারের নির্মাণকার্য কি সম্পূর্ণ হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত হেলথ সেন্টারের নির্মাণকার্য সরকারী স্পেসিফিকেশন মতো হয় নাই; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

Shri Jagannath Kolay:

(ক) হ্যাঁ।

(খ) সরকারী স্পেসিফিকেশন অনুযায়ীই নির্মাণকার্য হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Daman Kuiry:

উক্ত হেলথ সেন্টারের নির্মাণকার্যে সরকারী স্পেসিফিকেশন মত কয় ইঞ্চি ইঁট গাথা ছিল?

Shri Jagannath Kolay:

স্পেসিফিকেশন যা ছিল, তাই ইট গাথা ছিল। স্পেসিফিকেশন যদি ৬ ইঞ্চি গাথা হবে কথা থাকে, তাহলে তাই হবে।

Shri Daman Kuiry:

তাতে সিমেন্টের ভাগ কত ছিল?

Shri Jagannath Kolay:

তা না জেনে বলতে পারবো না। নোটিশ চাই।

Shri Daman Kuiry:

ইহা কি সত্য যে, ঐ ছাদটি পড়ে গিয়েছিল কয়েকবার সিমেন্টের ভাগ কম ছিল বলে?

Shri Jagannath Kolay:

তা হতে পারে। অনেক ক্ষেত্রে ক্র্যাক হতে পারে, তবে স্পেসিফিকেশান যা ছিল, সেই স্পেসিফিকেশন অনুসারে সিমেন্ট দেওয়া হয়েছে। তবে কত কি সিমেন্ট দিয়েছিল কি না দিয়েছিল তা জানি না।

Shri Daman Kuiry:

এটা কি জানেন ঐ হেলথ সেন্টারের আধ মাইল দূরে আর একটা ঐরকম বাড়ি তৈরি হচ্ছে?

Shri Jagannath Kolay:

নোটিশ চাই, যদিও এ প্রশ্ন থেকে সেটা আসে না।

Shri Bhakti Bhusan Mondal:

আপনাদের স্পেসিফিকেশন স্কীমে কি আছে?

Shri Jagannath Kolay:

আমাদের স্পেসিফিকেশনটা একটা প্ল্যানড ওয়েতে করা হয়েছিল। তাতে—

(a) Dispensary building with accommodation for two non-dieted emergency maternity beds—one unit.

(b) Quarters for medical officer—two roomed unit.

(c) Quarters for pharmacist—1 single roomed twin quarters 2 blocks.

(d) Quarters for sanitary inspector/health assistant—1—single roomed twin quarters—2 blocks.

(e) Quarters for nurse—1—single roomed twin quarters—2 blocks.

(f) Quarters for midwife/trained Dai—single roomed twin quarters —2 blocks.

(g) Quarters for G.D.A.—1—single roomed twin quarters—1 block.

(h) Quarters for sweeper—1—single roomed twin quarters—1 block.

[1-30—1-40 p.m.]

শ্রীভক্তিভূষণ মণ্ডল: যে বিল্ডিং করা হয়েছে সেই বিল্ডিং সম্বন্ধেই যখন কোশ্চেন দেওয়া হয়েছে তখন আমরা আশা করি তার উত্তর পাব। এই বিল্ডিং-এর প্ল্যান এবং স্পেসিফিকেশন আপনাদের কাছে আছে কিনা এবং সেটা যদি থাকে তাহলে আমরা ধরতে পারি কি অবস্থায় ছিল।

শ্রীজগন্নাথ কোলে: স্পেসিফিকেশন বলতে কি বোঝেন?

মিঃ স্পীকার: স্পেসিফিকেশন বলতে ন্যাচার অফ দি কনস্ট্রাকশন কি করে হবে?

শ্রীজগন্নাথ কোলে: স্পেসিফিকেশন অফ দি মেটেরিয়ালস ইউসড ২০ ইঞ্চি কি ৬ ইঞ্চির গাথ্‌নী হবে সেটা আমার কাছে নেই। নোটিশ দিলে বলতে পারব।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: স্পেসিফিকেশন মানে তা নয়। স্পেসিফিকেশন মানে হচ্ছে একটা প্ল্যান থাকবে এবং তাতে বলে দেওয়া হবে যে, এত ইঞ্চি গাথ্‌নী হবে, এতগ্‌লো কাঠের জানালা হবে, এত পার্সেন্ট সিমেন্ট থাকবে, ইত্যাদি। আমি জানতে চাই এই জিনিসগ্‌লো ছিল কিনা?

শ্রীজগন্নাথ কোলে: আমি তো বলেছি নোটিশ না দিলে বলতে পারব না। তবে এট্‌কু বলতে পারি আমরা যে প্ল্যান করে দিয়েছিলাম সেই অন্‌যায়ী কাজ হয়েছে।

শ্রীসনৎকুমার রাহা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, অ্যাস পার স্পেসিফিকেশন কনস্ট্রাকশন-এর কমপ্লিসন সার্টিফিকেট পেয়েছেন কিনা?

শ্রীজগন্নাথ কোলে: হ্যাঁ, কমপ্লিসান সার্টিফিকেট পাওয়া গেছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: কত ভাগ বালি থাকবে, কত ভাগ সিমেন্ট থাকবে সেটা স্পেসিফিকেশন-এর মধ্যে থাকে। আমার প্রশ্ন হচ্ছে এই ছাদ ঢালাইতে যত পার্সেন্ট বালি থাকবে, ত পার্সেন্ট সিমেন্ট থাকবে সেটা যদি চুরি হয়, তাহলে সেটা চেক করবার ব্যবস্থা আছে কিনা? আপনি হয়ত বলবেন আমাদের যে ইন্সপেক্টর আছেন তাঁরা চেক করবার জন্য রাইটার্স বিল্ডিং থেকে গেছেন। আমার প্রশ্ন হচ্ছে এগ্‌লি দেখা হয় কি?

শ্রীজগন্নাথ কোলে: এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, পি ডবলিউ ডি, বা হাউসিং কনস্ট্রাকশন বোর্ড এটা চেক করে এবং চেক করা উচিত। তবে যদি না করে থাকে এবং ফাটে তাহলে অ্যাকশন নেওয়া হবে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন এই যে ছাদ ভেঙ্গে যায় তার কারণ হচ্ছে এই ব্যাপারে ইন্সপেক্টার-এর সঙ্গে কন্ট্রাক্টার-এর একটা গ্‌র্‌ত্বপ্‌র্ণ সম্পর্ক থাকে এবং তারা সিমেন্ট-এর ভাগ কম দেয় বলে অনেক সময় ভেঙ্গে যায়। আমার প্রশ্ন হচ্ছে এর প্রতিকারের ব্যবস্থা করবেন কিনা?

শ্রীজগন্নাথ কোলে: অনেক জায়গায় এটা হয় সত্যি কথা। আপনি যদি পি ডবলিউ ডিকে জিজ্ঞাসা করেন তাহলে উত্তর পাবেন কারণ এগ্‌লি হেলথ ডিপার্টমেন্ট করে না।

শ্রীশুদ্ধস্বত্ত্ব হালদার: কনট্রাক্ট নেবার সময় থ্রি ইসট্‌ ওয়ান এবং দেবার সময় সিমেন্ট এইট টু ওয়ান দিয়েছেন এটা জানেন কিনা?

শ্রীজগন্নাথ কোলেঃ ওয়ান ইসটু ওয়ান দিয়েছে, না কত দিয়েছে সেটা আমি বলতে পারব না। তবে এটা বলতে পারি তিন ভাগ বালি এবং এক ভাগ সিমেন্ট দিলে তা ভাঙ্গে না।

শ্রীগিরিজাভূষণ মুখার্জীঃ জিনিসটা স্পেসিফিকেশন অনুসারে হয়েছে কিনা এবং মেটেরিয়ালস স্পেসিফিকেশন অনুসারে দিয়েছে কিনা সেটা বলুন। তা যদি না হয়ে থাকে তাহলে কনট্রাকটাররা সাহস পেয়ে যাবে এবং ভাববে মিনিস্টার্স আর ডিফেন্ডিং আওয়ার কেস অ্যান্ড করাপসনস।

শ্রীজগন্নাথ কোলেঃ হেলথ ডিপার্টমেন্ট-এর কথা হচ্ছে আমাদের যে প্ল্যান দেওয়া হয় এবং সেই প্ল্যানের মধ্যে যে স্পেসিফিকেশন দেওয়া আছে সেই অনুসারে হয়েছে কিনা এবং যদি না হয়ে থাকে বা ভাঙ্গে বা ক্র্যাক হয় তাহলে আমরা জানাই। আগে এটা কনস্ট্রাকশন বোর্ড করতেন, এখন পি ডবলিউ ডি বা কনস্ট্রাকশন বোর্ড হয়ত করেন। যা হোক, এটা ডিপার্টমেন্টে যাবে এবং এনকোয়ারী হবে।

শ্রীগিরিজাভূষণ মুখার্জিঃ কনস্ট্রাকশন প্ল্যান অনুযায়ী হয় নি, বলা থাকে স্পেসিফিকেশনে টীক উড কিন্তু দেয় সব আম কাঠ, অথচ সেখানে লেখা থাকে টীক উড, সি পি উড, এগুলো একটু দেখবেন কি?

(নিরুত্তর)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ যেসমস্ত মালমশলা বরাদ্দ করা হয়েছে, এর অধিকাংশ মালমশলা যেমন ইট, সিমেন্ট, ইত্যাদি কনট্রাকটারের আত্মীয় হেলথ সেন্টারের কাছাকাছি বিশ্বনাথ চ্যাটার্জির নূতন বাড়িতে লাগান হয়েছে কিনা?

শ্রীজগন্নাথ কোলেঃ এইরকম অভিযোগ আছে কিনা বলতে পারি না, তবে অভিযোগ অনেক রকম হয়, কথা হচ্ছে আমাদের যে ভিজিলেন্স কমিশন অ্যাপয়েন্ট হয়েছে, সেখানে যদি এই সমস্ত অভিযোগগুলি পাঠান হয়, তাহলে নিশ্চয়ই তার ব্যবস্থা হবে, তাঁরা সাক্ষী নেবেন, ব্যবস্থা করবেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ এই সমস্ত অভিযোগ পান নি কি?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি বলতে পারি না।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ যদি না পেয়ে থাকেন দয়া করে অনুসন্ধান করবেন কি?

শ্রীজগন্নাথ কোলেঃ নিশ্চয়ই, আপনি একটু লিখে দেবেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ এই যে সরকারী তত্ত্বাবধানে ঘরবাড়ি তৈরি হয় কনট্রাকটারের সিডুলড যে রেট থাকে তার থেকে কম রেটে হয় বলে কি এরূপ হয়?

মিঃ স্পীকারঃ হেলথ ডিপার্টমেন্টের কোশ্চেনে এটা কি করে হবে।

Donation from Shri Sheikh Neheruddin for the establishment of a hospital

***430.** (Admitted question No. *2483.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সুতাহাটা থানার সেখ নেহেরুদ্দীন নামক জনৈক ব্যক্তি থানা হাসপাতাল প্রতিষ্ঠার জন্য স্বর্গীয় বিধানচন্দ্র রায়ের হাতে ২০,০০০ (কুড়ি হাজার) টাকা দান করিয়াছিলেন; এবং স্থানীয় এম এল এ, শ্রীমহতাব দাসকে একটি ট্রাস্টের সম্পাদক করিয়া কুড়ি বিঘা জমি দান করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ঐ থানা স্বাস্থ্য কেন্দ্রটি প্রতিষ্ঠার কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

Shri Jagannath Kolay:

(ক) কুড়ি হাজার টাকা দান হিসাবে পাওয়া গিয়াছে। স্থানীয় বেসরকারী কমিটি স্বাস্থ্য কেন্দ্রের জন্য কিছু খণ্ড খণ্ড জমি পাইয়াছিলেন এবং তাহা বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ (৮,১৫১ টাকা ৩ পয়সা) সরকারী খাতে জমা দিয়াছেন।

(খ) উপযুক্ত জমির অভাবে এ বিষয়ে অগ্রসর হওয়া সম্ভব হয় নাই। ভূমি অধিগ্রহ আইন বলে যে জমি সংগ্রহ করিবার চেষ্টা করা হইয়াছিল সে সম্বন্ধেও হাইকোর্টে একটি মামলা রুজু হইয়াছে এবং হাইকোর্টের সিদ্ধান্ত এখনও পাওয়া যায় নাই।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ এই যে ২০ বিঘা জমি মাত্র ৮ হাজার টাকায় বিক্রি করলেন, কোন কমিটি, স্থানীয় কোন বেসরকারী কমিটি কি এটা করেছিলেন না কে করেছিলেন?

শ্রীজগন্নাথ কোলেঃ ডাক্তার রায় যখন এখানে গেছলেন তখন তাঁরা ২০ হাজার টাকা তাঁকে দিয়েছিলেন, কিছু জমি সেখানকার স্থানীয় লোকেরা দিয়েছিলেন, কিন্তু সেই জমিগুলি এক জায়গায় নয়, খণ্ড খণ্ড জায়গায় নয়, সেজন্য সেখানে একটা স্থানীয় কমিটি করা হয়েছিল, সেই জমিগুলি বিক্রি করে গভর্নমেন্টকে ৮,১০০ না কত টাকা দিয়েছে, জমি কেউ দিতে চায় কিনা, ডোনেট করতে চায় কিনা সেটা দেখা হয়েছিল, কিন্তু যখন পাওয়া গেল না, তখন একুইজিশন করেছিলাম, কিন্তু সেই জমি একুইজিশন করা মাত্র হাইকোর্টে মামলা রুজু হয়েছে, এখনও পর্যন্ত সিদ্ধান্ত হয় নি, সিদ্ধান্ত হলে আমরা তাড়াতাড়ি করবো।

[1-40—1-50 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আমি জানতে চাই যে, এটা বিক্রি করল কে, ঐ যে বোর্ড অফ ট্রাস্ট—মহাতব দাস এম এল এ-এর সম্পাদক ২০ বিঘা জমি দান করলেন। ঐ মহাতব দাস বিক্রি করেছিলেন কিনা সেটা জানতে চাই?

শ্রীজগন্নাথ কোলেঃ মহাতব দাস ট্রাস্ট করেছেন এবং তারা বিক্রি করেছেন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ এই মহতাব দাস বিক্রি করলেন কবে, ট্রাস্ট কমিটি করলেন কবে, সে টাকা কবে জমা দিলেন?

শ্রীজগন্নাথ কোলেঃ ১৮ই অগাস্ট ১৯৬০ সালে বিক্রি করেছেন এবং টাকা জমা দিয়েছেন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ হাইকোর্ট-এ কেস রুজু হয়েছে এটা কত নিয়ে এবং কত মৌজা এবং ৮ হাজার টাকায় বিক্রি হয়েছে এটা জানেন কি?

শ্রীজগন্নাথ কোলেঃ কত নং মৌজা তা বলতে পারবো না, তবে বড় বাসুদেবপুর ডেভলপমেন্ট ব্লক ইন সুতাহাটা পুলিশ স্টেশন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আপনি জানেন যে ৮ হাজার টাকায় ২০ বিঘা জমি বিক্রি করেছেন, অথচ সে মৌজায় ১২-১৩ হাজার টাকায় বিঘায় জমি পাওয়া যায় না এবং মহতাব দাস ও ট্রাস্ট কমিটি তারা পেটোয়া লোকের কাছে বিক্রি করেছেন এটা জানেন কি?

শ্রীজগন্নাথ কোলেঃ না।

[illegible] অধিকারীঃ আপনি বললেন যে ২০ বিঘা জমি খণ্ড খণ্ড ছিল বলে তা বিক্রি করা হয়েছে, এই যে ২০ বিঘা জমি পেয়েছিলেন এটা গভর্নমেন্টকে যিনি দিয়েছেন অন্যান্য কন্ডিশন বলে দান হিসেবে দিয়েছেন এবং তাতে কি এই কন্ডিশন ফুলফিল করতে গিয়ে তারা ঐ জমি বিক্রি করেছেন না খেয়ালখুসীমত করেছেন?

শ্রীজগন্নাথ কোলেঃ ডাঃ রায় এটা যখন নিয়েছিলেন তার হাতে সেখ নেহেরুদ্দীন সাহেব ২০ হাজার টাকা দিয়েছিলেন এবং অনেকগুলি খণ্ড খণ্ড জমি দিয়েছিলেন এবং এই সম্বন্ধে আমিও মুভ করেছিলাম। ঐ খণ্ড খণ্ড জমিতে হেলথ সেণ্টার করা সম্ভব নয় তাই তিনি একটা ট্রাস্ট করেছিলেন এবং যখন জমি দেওয়া হয় তখন গভর্নমেণ্ট থেকে বলা হয় যে এই খণ্ড খণ্ড জমি আমরা নিতে পারব না, তাদের ঐ ডোনেট করা ঐ জিনিস এটা প্লট আমাদের করা হয় নি। এভাবে ডোনেট করবার জন্য কাউকে পাওয়া গেল না, তখন ট্রাস্টি বললেন যে ঐ জমি বিক্রয় করে যে টাকা হবে সেই টাকা আমরা নেব, তারপর আমরা জমি রিকুইজিশন করবো এবং সেই অনুসারেই রিকুইজিশন করেছি। এই রিকুইজিশন করা মাত্র হাইকোর্ট-এ একটা মামলা রুজু করে দিয়েছেন। আপনারা যদি এতই উদ্‌গ্রীব হয়ে থাকেন তাহলে এই মামলাটা উইথড্র করতে বলুন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, দাতা এই যে অর্থ দিলেন যে তার কি এরকম কোন ইচ্ছা ছিল তার জায়গার উপর হাসপাতাল করতে হবে ট্রাস্টিদের এইরকম কি কিছু ছিল?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি বলতে পারবো না।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আমি জানতে পেরেছি যে হাসপাতাল হবে না তবে স্বাস্থ্যবিভাগ থেকে একটা চিঠি গেছে এটা কি সত্য?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি ত বললাম হবে। হবে না কোথায় পেলেন, আমরা রিকুইজিশন করেছি হাইকোর্ট-এ কেস হচ্ছে এ কথা ত শুনলেন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ কুড়ি বিঘা জমির দাম ৮২ হাজার টাকা। এর আসলে বাজার মূল্য কত এটা কি আপনি তদন্ত করবেন। আমি জানতে চাই যে, ৮ হাজার টাকায় ২০ বিঘা জমি কোথায় পাওয়া যায়। সেইজন্য এ সম্বন্ধে দুর্নীতি রয়েছে কিনা এটা তদন্ত করবেন কি যে কে এই টাকা মেরেছে? আমরা এটা বুঝতে পারছি না যে ২০-২৫ বিঘার জিনিস ৮ হাজার টাকায় কি করে বিক্রি হয়?

শ্রীজগন্নাথ কোলেঃ আপনি কি বিক্রি হলে এটা তার বেশী মূল্য হলে নেবেন।

Contai Sadar Hospital

***431.** (Admitted question No. *2505.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমায় সদর হাসপাতালের জন্য মোট কতজন ডাক্তার, কত নার্স এবং অন্যান্য কর্মচারী মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত হাসপাতালের জন্য মঞ্জুরীকৃত ডাক্তারদের মধ্যে বর্তমানে কতজন কাজ করিতেছেন; এবং

(গ) উক্ত হাসপাতালে লেডী ডাক্তার আছেন কিনা, এবং যদি না থাকেন, কতদিন হইতে ঐ পদ শূন্য রহিয়াছে?

Shri Jagannath Kolay:

(ক) কাঁথি মহকুমা হাসপাতালের জন্য মঞ্জুরীকৃত ডাক্তার ও অন্যান্য কর্মচারীর সংখ্যা নিম্নরূপঃ—

ডাক্তার—৪

নার্স—৯

কেরাণী—১

স্টোরকিপার—১

ল্যাবরেটরী অ্যাসিস্ট্যান্ট—১

কম্পাউন্ডার—২

পাচক—১

ধোপা—১

জেনারেল ডিউটি অ্যাটেন্ড্যান্ট—২১

ঝাড়ুদার—৬

(খ) তিনজন ডাক্তার কাজ করিতেছেন।

(গ) প্রায় এক বৎসর যাবত এই হাসপাতালে লেডী ডাক্তার নাই।

[1-50—2 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, এই কাঁথি সদর হাসপাতালে মেল বেড, ফিমেল বেড এবং আউটডোরের দৈনন্দিন উপস্থিতির সংখ্যা কত?

শ্রীজগন্নাথ কোলেঃ এখানে সবশুদ্ধ বেড আছে ৪৪।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আউটডোরে দৈনন্দিন উপস্থিতির সংখ্যা কত?

শ্রীজগন্নাথ কোলেঃ আউটডোর তো আছেই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মন্ত্রিমহাশয় বলছেন সেখানে চারজন ডাক্তার আছে, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট মানে কাকে মিন করছেন? সেখানে যে রেডিওলজিস্ট তাকে মিন করছেন। এক্স-রে ডিপার্টমেন্ট কি আপনাদের আন্ডারে?

শ্রীজগন্নাথ কোলেঃ ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট বলতে যেটা বোঝায় পায়খানা কি প্রস্রাব একজামিন করা, সেগুলি একজামিন করার জন্য ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট থাকে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ সেখানে এক্স-রে ডিপার্টমেন্ট কি আপনাদের আন্ডারে?

শ্রীজগন্নাথ কোলেঃ সেখানে এক্স-রে ডিপার্টমেন্ট যদি থাকে নিশ্চয়ই আমাদের অধীনেই।

শ্রীকানাই পালঃ আমার প্রশ্ন হচ্ছে ঐ হাসপাতালে কোন পার্ট-টাইমার বা হোল টাইমার প্যাথলজিস্ট আছে কিনা?

শ্রীজগন্নাথ কোলেঃ কোন পার্ট টাইম কেউ নেই।

শ্রীকানাই পালঃ ল্যাবরেটরী এ্যাসিস্ট্যান্ট আছে কিন্তু পাইখানা বা মলমূত্রের ব্যাপারে কোন প্যাথলজিস্ট আছে কিনা সেটা জানতে চাই।

শ্রীজগন্নাথ কোলেঃ আপনার বোধ হয় ডাক্তারখানা সম্বন্ধে কোন আইডিয়া নেই। খুব বড় হাসপাতাল না হলে প্যাথলজিস্ট রেখে লাভ নেই। এগুলি ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট করে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় কি বলবেন যে, সেখানে আপনি বলছেন যে চারজন ডাক্তার ছিলেন এখন তিনজন আছেন। কিন্তু আপনি কি জানেন যে, একজন ডাক্তারই এতবড় হাসপাতালটা চালাচ্ছে এবং সেখানে রেডিওলজিস্ট তাঁকে হেল্প করছেন?

শ্রীজগন্নাথ কোলে: আমাদের ওখানে এখন তিনজন আছেন।

শ্রী[illegible] দাস মহাপাত্র: আপনি কি জানেন যে, সেখানে এক বছর ধরে কোন লেডী ডাক্তার নেই—সেখানে মহিলাদের চিকিৎসার কি ব্যবস্থা হচ্ছে—সেখানে মেটারনিটি আছে, অন্যান্য মহিলা রোগীও আউটডোরে আছেন।

শ্রীজগন্নাথ কোলে: ওখানে আমাদের যে ৪৪ বেডস আছে তাতে চারজন ডাক্তার থাকা দরকার। ওখানে একজন লেডী ডাক্তার ছিলেন, তিনি ওখান থেকে অন্য জায়গায় চলে গেছেন এবং এখন তিনজন ডাক্তার আছেন—সেখানে আমাদের সর্ট আছে। সেদিন আমি অ্যানসার দেবার সময় বলেছিলাম যে, ৪০০-র কাছাকাছি ডাক্তারের জন্য পি-এস-সিতে অ্যাডভারটাইজমেন্ট করা হয়েছে এবং ইন্টারভিউও হয়ে গেছে, তার মধ্যে লেডী ডাক্তারও আছেন এবং পি-এস-সি থেকে রেকমেন্ডেশন পেলেই আমরা একজন লেডী ডাক্তার ওখানে দিয়ে দেব।

শ্রী[illegible] দাস মহাপাত্র: আপনি বললেন তিনজন আছে—এটা কবে থেকে আছে?

শ্রীজগন্নাথ কোলে: এখন আছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আমি বলছি তা নেই, আপনাকে ভুল ইনফরমেশন দিয়েছে, সেখানে একজন ডাক্তার আছে এবং রেডিওলজিস্ট তাঁকে সাহায্য করছে। লেডী ডাক্তার নেই। এজন্য বলছি যে, তাড়াতাড়ি কি ব্যবস্থা করবেন?

শ্রীজগন্নাথ কোলে: রেডিওলজিস্ট কি ডাক্তার নয়?

শ্রীদেবশরণ ঘোষ: মন্ত্রিমহাশয় বলবেন কি যে, তিনি বললেন যে, ডাক্তারের সংখ্যা কম থাকার জন্য এইসব ডাক্তারখানায় ডাক্তার কম। ডাক্তারের সংখ্যা যখন কম আছে তখন হাসপাতাল থেকে ডাক্তার বদলি করা হল কেন?

শ্রীজগন্নাথ কোলে: আমার কথা হচ্ছে, সেখানে চারজন ডাক্তার ছিল—কিন্তু যদি আর একটা হাসপাতাল হয়ে যায় সেখানে একজনও পাওয়া যাচ্ছে না—তখন আমরা মনে করি যে, একটা জায়গায় চারজনের জায়গায় তিনজন রেখে আর একটা জায়গায় যেখানে ডাক্তার নেই সেখানে দেওয়া উচিত।

Prisoners sentenced to life imprisonment

***432** (Admitted question No. *2564.)

শ্রীকানাই পাল: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রেমিশন শুদ্ধ ২০ বৎসর কাল সাজা খাটা হইয়া গিয়াছে এইরূপ কতজন বন্দী পশ্চিমবঙ্গের বিভিন্ন কারাগারে আছেন;

(খ) এই শ্রেণীর বন্দীরা কে কোন্ কারাগারে আছেন, তাঁহাদের নাম কি এবং কোন্ ধারামতে তাঁহারা সাজাপ্রাপ্ত; এবং

(গ) ইঁহাদের মুক্তি দেওয়ার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

শ্রীজগন্নাথ কোলে:

(ক) রেমিশন সহ ২০ বৎসর অথবা তাহার অধিককাল সাজা খাটা হইয়াছে এমন বন্দীর মোট সংখ্যা দশজন।

(খ) একটি তালিকা নিম্নে সংস্থাপিত হইল।

(গ) ইহাদের সম্পর্কে পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করিয়া দেখা হইতেছে এবং সম্ভাব্য ক্ষেত্রেই দণ্ডকাল মকুব করিয়া মুক্তি দেওয়া হইবে।

Statement referred to in reply to clause (Kha) of starred question No. 432

Particulars of life convicts, who have completed 20 years or more of imprisonment including remission in Jail.

Sl. No.	Name of Jail.	Name of convict.	Section of Law under which convicted.
1	Presidency Jail ..	1. No. 8906-B, Ismail alias Rahamatulla	395, I.P.C./400 I.P.C.
2	Berhampore Central Jail.	1. No. 857-A, Wazul Haque	302/34, I.P.C./302/120-B, I.P.C.
		2. 3291-A, Raghu Nath Mondal ..	304 (Pt. I), I.P.C.
		3. No. 3026 A, Darbari Mahato ..	302, I.P.C.
		4. No. 743-A, Abdul Karim	302, I.P.C.
3	Midnapore Central Jail.	1. No. 1954-A, Ranjit Kumar Roy Sarkar	302/393, I.P.C.
		2. No. 2947-A, Sk. Yasin	302, I.P.C.
		3. No. 2199-A, Paresh Goala ..	396, I.P.C.
4	Alipore Central Jail	1. No. 3834-A, Krishna Chandra Santra	396, I.P.C.
		2. No. 8613-A, Maju alias Majid Sk. ..	304 (Pt. I)/324, I.P.C.

Shri Kanai Pal:

আমি জানতে চাচ্ছি যে, এই যে দশজনের কথা উল্লেখ করা হল এই দশজন যাবজ্জীবন সাজা-প্রাপ্ত বন্দী, না এ'দের মধ্যে কিছু কিছু আছেন যাঁরা ২২ কি ২৪ বৎসর কি ২৫ বৎসর সাজা অবস্থায় আছেন?

Shri Jagannath Kolay:

এটা যাবজ্জীবনের প্রশ্ন করেছেন কিনা সেজন্যই এটা বলেছি।

Shri Kanai Pal:

আমি সরাসরি যাবজ্জীবনের প্রশ্ন করি নি, আমার প্রশ্ন হচ্ছে রেমিশন শুদ্ধ ২০, বৎসরকাল সাজা খাটা হয়ে গেছে এরূপ কতজন বন্দী পশ্চিমবঙ্গে আছেন এবং লাইফার ছাড়াও যাঁদের নির্দেশ নেই যে, সারা জীবনের জন্য তাঁদের সাজা দেওয়া হল—এ ছাড়া ২০।২৫।২৬ বছর কনকারেন্ট হয় নি এইরকম সাজাপ্রাপ্ত বন্দী আছেন কিনা?

Shri Jagannath Kolay:

আপনি জিজ্ঞাসা করেছেন যে, রেমিশন শুদ্ধ কুড়ি বৎসরকাল সাজা খাটা হয়েছে এরূপ কতজন বন্দী পশ্চিমবঙ্গের বিভিন্ন কারাগারে আছেন—আমি বলছি রেমিশন শুদ্ধ যাঁদের কুড়ি বৎসর সাজা খাটা হয়ে গেছে তাঁদের সংখ্যা দশজন। এটা তো ঠিকই—এদের মধ্যে যাঁদের ২৪ বছর হচ্ছে তাঁদের হতে পারে, যাঁদের ২১ বছর তাঁদের হতে পারে—যাঁরা যাবজ্জীবন আছেন তাঁদেরও হতে পারে।

Shri Kanai Pal:

আমার পরবর্তী প্রশ্ন ছিল কত ধারায় তাঁরা সাজা খাটছেন। যাক আমার প্রশ্ন হচ্ছে যে, এই কুড়ি বছর রেমিশন সুদ্ধ বা ২০ বছরের বেশি যাঁদের খাটা হয়েছে তাঁদের মধ্যে কতজনকে এই যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া আছে আর কতজনকে কুড়ি বছরের বেশি সাজা দেওয়া হয়েছে—তা আমি পরিষ্কারভাবে জানতে চাচ্ছি।

Shri Jagannath Kolay:

আমার মনে হয় কানাইবাবু আমি যে লিস্টটা এর সংগে উত্থাপন করেছি সেটা যদি লাইব্রেরীতে গিয়ে দেখতেন তাহলে ভাল হত—সেখানে জেলার নাম আছে। কি সেকসান তার আছে, সব দেওয়া আছে।

Shri Kanai Pal:

যাবজ্জীবন কিনা কি এর পরিষ্কার জবাব দেখানো নেই—সেটা আপনি অনুগ্রহ করে বলুন।

Shri Jagannath Kolay:

আপনি তো সেটা চান নি।

Shri Kanai Pal:

যাঁদের দু-বছর রেমিশন নিয়ে সাজা খাটা হয়ে গেছে তাদের মধ্যে বেশির ভাগ যাবজ্জীবনে পড়বেন কিন্তু এর মধ্যে এমন কোন্ সাজাপ্রাপ্ত লোক আছেন কিনা যাঁদের যাবজ্জীবন সাজা দেওয়া নেই। অন্যরকম সাজা আছে—এরকম কোন বন্দী আছেন কিনা সেটা আমি পরিষ্কার করে জানতে চাচ্ছি।

[2—2-10 p.m.]

শ্রীজগন্নাথ কোলে: উনি প্রথমে ভুল করছেন। যাবজ্জীবন যাদের কারাদণ্ড হয়েছে তাদের কখন রিলিজ হবে, এটাই হচ্ছে প্রশ্ন। আমি বুঝিয়ে বলে দিচ্ছি। আমাদের একটা নিয়ম আছে, সেটা হচ্ছে যাদের যাবজ্জীবন কারাদণ্ড আছে তাদের ১৪ বছরের শাস্তির মেয়াদটা যখন হয় তখন সেই রেকর্ডসহ আমরা জুডিসিয়াল ডিপার্টমেন্টের কাছে পাঠিয়ে দিই। তাঁরা পুঙ্খানুপুঙ্খভাবে বিচার করে কাদের ছাড়বেন, কাদের ছাড়বেন না সেটা ঠিক করেন। তাঁরা যদি বলেন যে ইনি ছাড়া পাবেন না আমরা তাঁকে ছেড়ে দিতে পারি না। কুড়ি বছর যখন তাঁর সাজা হয়ে গেল তখন আবার তাঁর রেকর্ড পাঠিয়ে দিই এবং রেকর্ড পাঠিয়ে দেবার পর তাঁরা আবার বিবেচনা করেন এবং বিবেচনা করে যাঁদের ছাড়তে বলেন তাঁদের ছাড়ি যাঁদের ছাড়তে বলেন না তাঁদের আমরা ছেড়ে দিতে পারি না। কানাইবাবু যেটা বলছেন ২০ বছর যাঁদের সাজা হয়ে গেছে রেমিশন নিয়ে, এই যে দশজনের নাম করেছেন তাঁদের সেটা পাঠিয়ে দিচ্ছি এবং সেখানে জুডিসিয়াল ডিপার্টমেন্ট বিচার করবেন কাকে ছাড়া হবে কাকে ছাড়া হবে না।

শ্রীকানাই পাল: ১৪ বছর সাজা খাটবার পর আপনি বললেন জুডিসিয়াল ডিপার্টমেন্টে হয়। এটা আমি জানি। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে লোককে জুডিসিয়াল ডিপার্টমেন্ট ১৪ বছর আগে সাজা দিয়েছেন ১৪ বছর জেলে সাজা খাটবার পর তার কোন পরিবর্তন হচ্ছে কিনা, সে বাইরে গেলে সমাজের ক্ষতি করবে কিনা? জুডিসিয়াল ডিপার্টমেন্ট তার কি ব্যবস্থা করবেন? আমার প্রশ্ন হচ্ছে অন্যান্য দেশে জেল ডিপার্টমেন্টের বক্তব্য চূড়ান্তভাবে গৃহীত হয়, এইক্ষেত্রে আমাদের দেশের জেল ডিপার্টমেন্টের ভার্ডিক্ট থাকবে না কেন?

শ্রীজগন্নাথ কোলে: আমার মনে হয়, এটা জেল ডিপার্টমেন্টের ব্যাপার নয়, এটা জুডিসিয়াল ডিপার্টমেন্টের ব্যাপার। এই প্রশ্ন আপনি জুডিসিয়াল ডিপার্টমেন্টকে করুন, তাঁরা উত্তর দিতে পারবেন, আমি দিতে পারব না। আইনে যা আছে তাই হবে।

Mr. Speaker: Question hour over.

শ্রীগিরিজাভূষণ মুখার্জী: স্যার কোয়েশ্চেন নাম্বার ২৪৫৩ এবং ২৪৬১ একটা আই ব্যাঙ্ক সম্বন্ধে এবং আর একটা আলবার্ট ভিক্টর লেপ্রসি হসপিটাল সম্বন্ধে ছিল। এই দুটো ইম্পর্ট্যান্ট প্রশ্ন, এই প্রশ্ন হেল্ড ওভার করে হোক। . . .

Mr. Speaker: The answer will be laid on the table.

'**শ্রীগিরিজাভূষণ মুখার্জী:** স্যার, এই দুটো প্রশ্ন খুব ইম্পর্ট্যান্ট। সেজন্য হেল্ড ওভার করবার জন্য আপনাকে অনুরোধ করছি।

Mr. Speaker: All questions are important.

মি মুখার্জী, আপনারা আননেসেসারিলি একটা কোয়েশ্চেনে ১০-১৫টি সাপ্লিমেন্টারি করেন, তাতে সময় চলে যায়। আই কান্ট ক্রিয়েট এ প্রিসিডেন্ট। আপনারা প্রত্যেকে রিকোয়েস্ট করবেন সাপ্লিমেন্টারি করার জন্য। একটা কোয়েশ্চেন যেখানে তিন-চার মিনিটের বেশি সময় দেওয়া উচিত নয় সেখানে যদি আননেসেসারি সাপ্লিমেন্টারি করেন তাহলে সব কোয়েশ্চেন হবে না। You want some information, but you carry on and continue to carry on with supplementaries.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Berhampore General Hospital

***433.** (Admitted question No. *2333.)

শ্রী[illegible] রাহা: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর শহরে জেনারেল হাসপাতালটি নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ ও কত টাকা ব্যয়িত হইয়াছে; এবং

(খ) এই হাসপাতালটি কবে চালু হইবে?

Sm. Purabi Mukherjee:

(ক) হাসপাতালটির গৃহাদি নির্মাণের জন্য ৩৩,০২,৩৩২ টাকা বরাদ্দ হইয়াছে এবং গত ফেব্রুয়ারি মাস পর্যন্ত মোট ২২,৯৯,৯৪৭·৫৯ টাকা ব্যয় হইয়াছে।

(খ) ১৯৬৫-৬৬ সালের শেষদিকে চালু হইবে বলিয়া আশা করা যায়।

Eye Bank

***434.** (Admitted question No. *2453.) **Sm. Santi Das:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any proposal for establishing an Eye Bank in West Bengal;

(b) if the reply to (a) be in the affirmative, when it will be established; and

(c) whether any grafting of eyes have ever been done in any Government hospitals in West Bengal?

Sm. Purabi Mukherjee:

(a) Yes.

(b) It cannot be stated now.

(c) Yes.

Albert Victor Leprosy Hospital, Calcutta

***435.** (Admitted question No. *2461.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether it is a fact that Albert Victor Leprosy Hospital, Calcutta, has been abolished;

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(1) what was the reason of such abolition:

(2) for what purpose the building and the compound is now being used; and

(3) whether the State Government is prepared to lend it to non-official bodies having the object at preventing and curing Leprosy?

Sm. Purabi Mukherjee:

(a) Yes.

(b) (1) The hospital was abolished in accordance with the provisions of the Albert Victor Leper Hospital (Abolition) Act, 1956 (W.B. Act XV of 1956).

(2) It was decided to establish an Institute of Mental Diseases with 100 indoor beds in the premises. The existing buildings after necessary additions and alterations and the new buildings under construction will be used for the above purpose.

(3) No.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Different categories of lands vested in Government

949. (Admitted question No. 431.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী প্রথা রহিত হইবার পর সরকারের হাতে আজ পর্যন্ত কি পরিমাণ আমন ধানের জমি, আউস ধানের জমি পতিত জমি ও ডাঙ্গা ডহর ন্যস্ত হইয়াছে;

(খ) জমিদারের "চাকরান" সম্পত্তি কি সরকার গ্রহণ করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, সরকারের আইনকে ফাঁকি দিবার জন্য অনেক জমি বেনামী করিয়া রাখা হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, ঐ প্রকার জমি গ্রহণ করিবার জন্য সরকার কোনও ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি?

The Minister for Land and Land Revenue:

(ক) তথ্য সংগ্রহ করা সময়সাপেক্ষ।

(খ) হ্যাঁ।

(গ) ও (ঘ) কিছু ক্ষেত্রে বেনামী হস্তান্তর হইয়াছে। তবে জমিদারী গ্রহণ আইনের ৫-ক ধারা অনুযায়ী বেনামী জমি উদ্ধারের ব্যবস্থা করা হইয়াছে এবং হইতেছে।

Recommendation of the Habibpur Block Agricultural Sub-Committee, Malda

950. (Admitted question No. 670.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৯ সালে মালদহ জেলার হবিবপুর ব্লকের এগ্রিকালচারাল সাব-কমিটি উক্ত আদিবাসী-অধ্যুষিত এলাকার কৃষিকার্যের উন্নতির জন্য কয়েকটি সুপারিশ করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে বর্তমানে উহা কি পর্যায়ে আছে ; এবং

(গ) ইহা কি সত্য যে, গত ২৭এ জুন, ১৯৬৩ তারিখে উক্ত ব্লক হইতে ফারমার্স ফোরাম-এর সেক্রেটারীকে জানানো হইয়াছে যে, উক্ত স্কীমগুলির কাগজপত্র ব্লক অফিস হইতে হারাইয়া গিয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ হবিবপুর ব্লকের তদানীন্তন এগ্রিকালচারাল সাব-কমিটি কর্তৃক কতকগুলি ক্ষুদ্র ও বৃহৎ সেচ পরিকল্পনা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

(খ) গত ৩০-৯-৬৪ তারিখে হবিবপুর ব্লক ডেভেলপমেন্ট কমিটি বিশেষ পর্যালোচনা করিয়া উক্ত পরিকল্পনাগুলি নাকচ করেন এবং একটি সংশোধিত ব্যাপক পরিকল্পনা গ্রহণের সুপারিশ করেন।

(গ) না।

Prostitutes in West Bengal

951. (Admitted question No. 674.)

শ্রী[illegible]নারায়ণ রায়ঃ ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার পতিতাদের কোন পরিসংখ্যান রাখেন কি ; এবং

(খ) পরিসংখ্যান রাখিলে জেলাওয়ারী তাহা কি?

The Minister for Relief and Social Welfare:

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

T.A. and D.A. drawn by the Block Development Officers in Ghatal subdivision

952. (Admitted question No. 1523.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঘাটাল মহকুমার বি ডি ও-গণ ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে কে কত টাকা টি এ এবং ডি এ লইয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development: ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে ঘাটাল মহকুমার বিভিন্ন ব্লকের বি ডি ও-গণ কর্তৃক টি এ ও ডি এ বাবত মোট অর্থ ব্যয়ের পরিমাণ নিম্নে দেওয়া হইল:—

ব্লক	ব্যয় ১৯৬২-৬৩ টাকা।	ব্যয় ১৯৬৩-৬৪ টাকা।
ঘাটাল	১,৩১৫	৯৫১
দাসপুর ১নং	৫৮৩	৩০৫
দাসপুর ২নং	১,৮৬৪	১,৪৯৩
চন্দ্রকোণা ১নং	৬০৯	২৮১
চন্দ্রকোণা ২নং	৯২৬	১,৭৬৯

Waiting Hall near Krishhnagore Bus Stand, Nadia

953. (Admitted question No. 1845.)

শ্রীকাশীকান্ত মৈত্র: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার কৃষ্ণনগর শহরে বাস স্ট্যান্ডের নিকট বাসযাত্রীদের বিশ্রামের জন্য পানীয় জল, শৌচাগার, নারী ও পুরুষদের পৃথক বিশ্রামের ব্যবস্থা সম্বলিত যে বিশ্রামাগার নির্মাণের পরিকল্পনা ছিল, তাহা বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কোন্ সাল থেকে এই পরিকল্পনা রাজ্যসরকারের বিবেচনাধীন রয়েছে এবং পরিকল্পনাটিকে এ পর্যন্ত রূপ না দেওয়ার কারণ কি?

The Minister for Home (Transport):

(ক) বিশ্রামাগার ইত্যাদির নক্সা ও খরচের হিসাব অতি সম্প্রতি নদিয়া জেলা বাস অ্যাসোসিয়েশন কর্তৃক অনুমোদিত ও স্বাক্ষরিত হওয়ায় উক্ত নক্সা ও হিসাব সরকারের অনুমোদনের নিমিত্ত পাঠানো হইতেছে।

(খ) ১৯৫৯ সাল হইতে। পূর্ব পরিকল্পনা অনুসারে নদিয়া জেলা বাস অ্যাসোসিয়েশন এবং কৃষ্ণনগর পৌরসভা কর্তৃক সমহারে খরচ বহনের কথা ছিল। পৌর প্রতিষ্ঠান খরচ বহনে অপারগ হওয়ায় নদিয়া জেলা বাস অ্যাসোসিয়েশন্ এক্ষণে সম্পূর্ণ নির্মাণ খরচ বহন করিতে কতকগুলি শর্তে রাজি হইয়াছেন। এই শর্তগুলি বিবেচনার জন্য সরকারের নিকট পাঠান হইতেছে।

Reclamation of Khal, Bherry, etc., in Midnapore district

954. (Admitted question No. 1895.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলায় ভূমি ও ভূমিরাজস্ব বিভাগ হইতে কতগুলি (১) খাল সংস্কার, (২) বাঁধ মেরামত, (৩) গ্রাম্য ভেড়ী সংস্কার, এবং (৪) পুল নির্মাণ করা হইবে;

(খ) উহাদের জন্য মোট কত টাকা ব্যয় হইবে; এবং

(গ) উহাদের মধ্যে কয়টির কাজ আরম্ভ হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) (১) খাল সংস্কার—৩টি।

(২) বাঁধ মেরামত—৬৩টি।

(৩) গ্রাম্য ভেড়ী সংস্কার—১০৯টি।

(৪) পুল নির্মাণ—১৬টি।

(খ) ৩,০৯,০৭৩·০০ টাকা।

(গ) প্রায় সমস্ত কাজই আরম্ভ হইয়াছে, অবশিষ্ট কাজগুলিও শীঘ্রই আরম্ভ হইবে যাহাতে মার্চ মাসে কাজ শেষ হয়।

Bifurcation of Keshpore Block, Midnapore

955. (Admitted question No. 1964.) **Dr. Santosh Kumar Mukherji:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(1) whether there is any proposal for dividing Keshpur block in Midnapore district into two blocks; and

(2) if so, when the two blocks will function separately?

The Minister of State for Agriculture and Community Development:

(1) Yes.

(2) Preliminary action is being taken. The block will be divided into two separate blocks as soon as possible.

Compensation to Intermediaries

956. (Admitted question No. 1977.)

শ্রী[illegible] রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মোট কতগুলি মধ্যস্বত্বভোগীকে তাহাদের সম্পূর্ণ টাকা ক্ষতিপূরণ বাবদ পরিশোধ করা হইয়াছে;

(খ) কতজনের ক্ষতিপূরণ দিতে বাকী আছে এবং এই বাকী পরিশোধ ক্ষতিপূরণের টাকার পরিমাণ কত;

(গ) মোট দশ হাজার টাকা প্রাপ্য ছিল এরূপ মধ্যস্বত্বভোগীর বর্তমানে কত শতাংশ ক্ষতিপূরণ পাওনা আছে; এবং

(ঘ) কোন্ কোন্ জেলায় প্রধানতঃ ক্ষতিপূরণের টাকা দিতে বাকী আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ১৯৬৪ সাল পর্যন্ত মোট ৪,৭২,৪৮০ জনকে পরিশোধ করা হইয়াছে।

(খ) ও (গ) সমগ্র ক্ষতিপূরণ তালিকা প্রস্তুত না হওয়া পর্যন্ত বলা সম্ভবপর নহে।

(ঘ) সকল জেলাতেই বাকী আছে।

Non-payment of Revenue in Tamluk subdivision

957. (Admitted question No. 2009.)

[illegible] দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমার কোন্ থানার কতজন ব্যক্তির নিকট ১৯৬৩-৬৪ সন পর্যন্ত খাজনা বাকী আছে; এবং

(খ) উক্ত ব্যক্তিগণের মধ্যে কতজনের উপর সার্টিফিকেট করা হইয়াছে।

The Minister for Land and Land Revenue:

থানার নাম ও ব্যক্তির সংখ্যা

(ক) তমলুক—৩০,৭৫০
পাঁশকুড়া—৩০,২৮৫
ময়না—২,৭১৫
মহিষাদল—৩,৫৪৫
সুতাহাটা—২,০১৫
নন্দীগ্রাম—৩,৭৯০

(খ) তমলুক—৫,১৫০
পাঁশকুড়া—৫,০৫৭
ময়না—৪৬৩
মহিষাদল—৬৪৯
সুতাহাটা—৩৯৯
নন্দীগ্রাম—৭৩৮

Asansol Municipality

958. (Admitted question No. 2034.)

শ্রীবিজয় পাল: স্বায়ত্তশাসনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) আসানসোল পৌরসভার শ্রমিকদের জন্য কতদিন পূর্বে কত কোয়ার্টার মঞ্জুর করা হইয়াছিল;

(২) আজ পর্যন্ত কতগুলি কোয়ার্টার প্রস্তুত করা হইয়াছে, এবং তাহার মধ্যে কত কোয়ার্টার বিলি করা হইয়াছে;

(৩) আসানসোল পৌরসভার শ্রমিকদের জন্য গ্রাচুয়িটি ও প্রভিডেন্ট ফান্ড চালু হইয়াছে কি;

(৪) চালু হইয়া থাকিলে তাহা কতদিন হইতে চালু হইয়াছি;

(৫) পৌরসভার শ্রমিকদের কি হিসাবে মাগ্‌গী ভাতা দেওয়া হইয়া থাকে; এবং দ্রব্য-মূল্যের সূচীর (প্রাইস ইন্‌ডেক্স) সঙ্গে সমতা রক্ষা করিয়া তাহাদের কি মাগ্‌গী ভাতা দেওয়া হইয়া থাকে; এবং

(৬) উক্ত পৌরসভার শ্রমিকদের চিকিৎসার জন্য কোনো ব্যবস্থা থাকে কিনা?

The Minister for Local Self-Government:

(১) গত ১৯৬১ সালে আসানসোল পৌরসভা কেবলমাত্র হরিজন শ্রমিকদের জন্য ১০০টি কোয়ার্টার নির্মাণের প্রস্তাব গ্রহণ করিয়াছিল। প্রস্তাবিত কোয়ার্টারগুলির মধ্যে অদ্যাবধি ৪০টি কোয়ার্টার নির্মাণের প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে।

(২) অদ্যাবধি ১০টি কোয়ার্টার প্রস্তুত করা হইয়াছে। নির্মাণের সংখ্যা কম বলিয়া কোয়ার্টার বিলি করা সম্ভবপর হয় নাই।

(৩) আসানসোল পৌরসভার হরিজন শ্রমিক বাদে অন্যান্য শ্রমিকদের জন্য গ্রাচুইটি ও প্রভিডেন্ট ফান্ড চালু আছে। বিষয়টি সপ্তম ইন্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনালের বিবেচনাধীন থাকায় হরিজন শ্রমিকদের জন্য গ্রাচুয়িটি ও প্রভিডেন্ট ফান্ড চালু করা সম্ভবপর হয় নাই।

(৪) এই পৌরসভার শ্রমিকদের জন্য ১৯১৩-১৪ সালের বহু পূর্ব হইতে গ্রাচুয়িটি ও প্রভিডেন্ট ফান্ড চালু আছে।

(৫) পৌরসভার শ্রমিকদের বর্তমানে নিম্নে ৪০ টাকা হইতে উর্ধে ৭০ টাকা পর্যন্ত মাগ্‌গী ভাতা দেওয়া হইয়া থাকে। দ্রব্যমূল্যের সূচীর সহিত সমতা রক্ষা করিয়া তাহাদের মাগ্‌গী ভাতা দেওয়া হইয়া থাকে।

(৬) না।

Santipur-Baghanchra Road

959. (Admitted question No. 2038.)

শ্রীকানাই পাল: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শান্তিপুর বাগআঁচড়া রাস্তাটি পাকা করার সিদ্ধান্ত কার্যকরী করিতে আরও কত সময় লাগিবে?

The Minister for Public Works (Roads):

শান্তিপুর হইতে সরাসরি বাগআঁচড়া পর্যন্ত কোন রাস্তা নির্মাণের প্রস্তাব বর্তমানে নাই, তবে দিগনগর বেলিয়াডাঙ্গা বাগআঁচড়া নামে একটি রাস্তা ২য় পরিকল্পনায় গৃহীত হইয়াছে এবং ঐ রাস্তা শান্তিপুরের সহিত বাগআঁচড়ার সংযোগসাধন করিবে। ঐ রাস্তার প্রায় তিন মাইল ইতিমধ্যেই ব্রক স্টেপ পর্যন্ত সম্পূর্ণ হইয়াছে এবং ঐ রাস্তায় বিশেষতঃ ৫ মাইলে প্রয়োজনীয় ভূমিও দখল পাওয়ার ৭ মাসের মধ্যেই কাজটি শেষ করিতে পারা যাইবে বলিয়া আশা করা যায়।

Provident Fund of the teachers and other staff of the Berhampore Municipality

960. (Admitted question No. 2058.)

শ্রীসনৎকুমার রাহা: গত ২২-২-৬৫ তারিখে প্রদত্ত অ-তারকিত ১৯১নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ৫৮৫) প্রশ্নোত্তরের (ঘ) অংশের উত্তর উল্লেখ করিয়া স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌরসভার কর্মচারী ও শিক্ষকগণের মোট বেতন অর্থাৎ মূল বেতন মাগ্‌গী ভাতা ও ঘরভাড়া সহ মোট প্রাপ্য বেতন হইতে উক্ত উত্তর অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড কাটা হয় কিনা;

(খ) যদি হইয়া থাকে, তবে কখন হইতে কাটা হইতেছে; এবং

(গ) যদি না হইয়া থাকে, তাহার কারণ কি?

The Minister for Local Self-Government:

(ক), (খ) ও (গ) প্রভিডেন্ট ফান্ড নিয়মাবলী অনুযায়ী মাগ্‌গী ভাতা ও ঘর-ভাড়া ভাতা বেতন হিসাবে গণ্য হয় না। বহরমপুর পৌরসভার কর্মচারী ও শিক্ষকগণের মোট মূল বেতন হইতে প্রভিডেন্ট ফান্ড কাটা হয়।

Moyna Block in Midnapore district

961. (Admitted question No. 2196.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে গত ১৯৬৩ এবং ১৯৬৪ সালে নিম্নলিখিত বিষয়ে কত টাকা খরচ হইয়াছে—

(১) জীপগাড়ী মেরামত এবং তেল খরচ,

(২) বিভিন্ন কর্মচারীর রাহা খরচ ইত্যাদি;

(খ) কোন্ কোন্ কর্মচারী ঐ দুই সালে কতবার জীপ ব্যবহার করিয়াছে;

(গ) কর্মচারীরা জীপ ব্যবহার করিলে কোন ডি-এ পান কিনা; এবং

(ঘ) কর্মচারিগণের কাহার জন্য কত টাকা ঐ দুই সালে ঘর-ভাড়া বাবদ দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) উক্ত ব্যয়ের হিসাব নিম্নে দেওয়া হইল:

	১৯৬৩	১৯৬৪
	টা পঃ	টা পঃ
(১) জীপ গাড়ী মেরামত	৩৪.৫০	৫৭.১০
(২) তেল খরচ	৮৯৬.৯৫	৪৭১.৫৯
(৩) বিভিন্ন কর্মচারীর রাহা খরচ	৫,৮৯৩.৫৯	৭,৫১৫.১২

(খ) জীপ ব্যবহারকারী কর্মচারী ও জীপ ব্যবহারের সংখ্যার বিবরণ নিম্নে দেখানো হইল:

কর্মচারী	জীপ ব্যবহারের সংখ্যা	
	১৯৬৩	১৯৬৪
(১) ব্লক ডেভেলপমেণ্ট অফিসার	৮৮	৫৬
(২) এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার	১০	..
(৩) সোস্যাল এডুকেশন অরগ্যানাইজার	৭	৭
(৪) ইন্সপেক্টর অব কো-অপারেটিভ সোসাইটিজ্	১	১
(৫) ভেটেরিনারী এসিস্ট্যাণ্ট সার্জন	১	১
(৬) সাব এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনীয়ার	৬	..
(৭) মুখ্য সেবিকা	১	..

(গ) কর্মচারিগণ জীপ ব্যবহার করিলে সরকারের অনুমোদিত নিয়ম অনুযায়ী ডি-এ পান।

	১৯৬৩	১৯৬৪
	টা পঃ	টা পঃ
(১) গ্রামসেবক ও গ্রামসেবিকাদের জন্য	৬৬০.০০	৬০০.০০
(২) এগ্রিকালচারাল ডিমনস্ট্রেটরের জন্য	৬০.০০	৬০ ০০

River lift-Irrigation Scheme for Midnapore Block

962. (Admitted question No. 2212.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether any River Lift-Irrigation Scheme has been sanctioned for Midnapore Block; and

(b) if so, when it is going to be implemented?

The Minister of State for Agriculture and Community Development: (a) No River Lift-Irrigation Scheme has been sanctioned for Midnapore Block so far.

(b) Does not arise.

Deep tubewells in Jalpaiguri district

963. (Admitted question No. 2218.)

শ্রীহীরালাল সিংহ: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় কয়টি গভীর নলকূপ খনন করা হইয়াছে;

(খ) বর্তমান বৎসরের মধ্যে আর কয়টি খনন করার পরিকল্পনা আছে; এবং

(গ) ঐগুলি কোন্ কোন্ স্থানে খনন করা হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) এ পর্যন্ত জলপাইগুড়ি জেলায় ৪টি গভীর নলকূপ খনন করা হইয়াছে।

(খ) বর্তমান আর্থিক বৎসরের মধ্যে উক্ত জেলায় আরও ৯টি গভীর নলকূপ খননের পরিকল্পনা আছে।

(গ) এ পর্যন্ত যে স্থানসমূহ গভীর নলকূপ খননের জন্য জলপাইগুড়ি জেলা স্থান নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচিত হইয়াছে, তাহার একটি বিবরণী এতৎসহ সংযুক্ত হইল।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 963

Name of deep tubewell sites selected in the district of Jalpaiguri

Names of police-stations and mauzas.

Jalpaiguri police-station

1. Kharia Tarapara.
2. Kharia (Tarapara).
3. Kharia (Mohitnagar).
4. Kumarpara.
5. Kharia Sebagram (Sarkerpara).
6. Kharia (Fakirapara).
7. Kharia (Debnagar).
8. Kharia (Debnagar).
9. Kharia (Porapara).
10. Kharia (Shouvabari).
11. Bahadur (Sahebbari, Telipara).
12. Bahadur (Bhusapara).
13. Indranagar (Nagar Berubari).
14. Nagar Berubari Anchal.
15. Garalbari (Sarkerpara).
16. Kharija Berubari.
17. Mandalghat (Jhakrapara).
18. Belacoba.

19. Belacoba (Berubari).
20. Patkata (Dhaipara).
21. Belacoba (Dangapara).
22. Kharia (Kumarpara).
23. Mondalghat (Ahariataki).

Rajganj police-station

24. Binnaguri (Fulbari Anchal).
25. Sannyasikata (Bakridanga).
26. Rajgainj (Gusribari).
27. Shikarpur.
28. Shikarpur.

Dhupguri police-station

29. Purba Mallikpara.
30. Sakoajhora (Prodhanpara).
31. Dakshin Khorabari.

Mal police-station

32. Targhara.
33. Kantadighi (Kumarpara).

Metelli police-station

34. Mangalbari.

Madarihat police-station

35. Dakshin Madarihat.

Loyadah-Chakkripal Road, Midnapore

964. (Admitted question No. 2334.) **Dr. Santosh Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether the construction of Loyadah-Chakkripal Road of Debra police-station in Midnapore district will be completed within Third Five-Year Plan period; and

(b) if not,—

(i) how far it will be completed within this period; and

(ii) when its is expected to be completed?

The Minister for Public Works (Roads): (a) Construction of the Loyadah-Chakkripal Road up to Kutcha stage only is included in the Third Plan. It may not be fully completed within this Plan period.

(b) (i) Construction of bridges and culverts may be completed within this Plan period.

(ii) Within six months after getting full possession of lands.

Water supply in Mahishila Colony in Asansol police-station

965. (Admitted question No. 2256.)

শ্রীবিজয় পালঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল থানার অন্তর্গত মহিশীলা কলোনিতে গ্রীষ্মকালে পানীয় জলের অভাবের জন্য স্থানীয় অধিবাসীকে অশেষ কষ্ট ভোগ করিতে হয়; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) গ্রীষ্মকালে মহিশীলা কলোনি অঞ্চলে জলাভাব হইয়া থাকে;

(খ) উক্ত কলোনিস্থ ৬৭৬টি পরিবারের জন্য পনেরটি ইঁদারা তৈয়ারি করিয়া দেওয়া হইয়াছে। ইহা ব্যতীত কলোনি অঞ্চলে দুইটি পুকুরও আছে।

Egra-Ramnagar Road, Midnapore

966. (Admitted question No. 2261.)

শ্রীহৃষীকেশ চক্রবর্তীঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা-রামনগর রাস্তাটির দৈর্ঘ্য ও প্রস্থ কত;

(খ) উক্ত পরিকল্পনায় কোন্ বিষয়ে কত অর্থ ব্যয়-এর এস্টিমেট রহিয়াছে;

(গ) এ পর্যন্ত এই রাস্তা নির্মাণের জন্য কোন্ খাতে কত টাকা ব্যয় হইয়াছে;

(ঘ) এই রাস্তার জন্য ভূমি দখলের কার্য কত দূর অগ্রসর হইয়াছে; এবং

(ঙ) মাটির কার্য কবে আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) দৈর্ঘ্য ১৭ মাইল ২৯·৬০ চেন এবং প্রস্থ মোট ২৪ ফুট, তন্মধ্যে পাকা অংশ ১২ ফুট।

(খ) (১) ভূমি দখল, ক্ষতিপূরণ ইত্যাদি—৪,০৫,৪৮৭ টাকা।

(২) মাটির কাজ ইত্যাদি—৩,২৮,৬৮৩ টাকা।

(৩) পুল ও সেতু নির্মাণ এবং সংস্কার ইত্যাদি—৮,৮৮,৪৩১ টাকা।

(৪) রাস্তাটির পাকা কার্য ইত্যাদি—২১,২৮,৪৪০ টাকা।

(৫) বিভিন্ন মেরামতি কার্য—২৫,১৫৫ টাকা।

(৬) বিভাগীয় কর্মীদের বাসস্থান নির্মাণ ইত্যাদি—৩৭,৩৬৭ টাকা।

(৭) আনুষঙ্গিক ব্যয়—২,৩০,৩৩৪ টাকা।

(গ) (খ) অংশে বর্ণিত কেবলমাত্র ৪নং খাতে অগ্রিম মাল সংগ্রহ বাবত ৪,৬৮,৬১৯ টাকা ব্যয় হইয়াছে।

(ঘ) দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ মাইল এবং নবম হইতে ষোড়শ মাইল রাস্তার ভূমি সংগ্রহের জন্য জেলা সমাহর্তা মহাশয়কে লেখা হইয়াছে। বাকী অংশের ভূমি দখলের জন্য নক্সা ইত্যাদি প্রস্তুতের কাজ ত্বরান্বিত করা হইতেছে।

(ঙ) প্রয়োজনীয় ভূমির দখল পাওয়া গেলে বর্ষার পর মাটির কাজ আরম্ভ হইবে।

Site for Midnapore Block and Anchalik Parishad

967. (Admitted question No. 2284.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if any site has been selected for the permanent office of the Midnapore Block and the Midnapore Anchalik Parishad; and

(b) if so, when the work of construction will start and when it will be completed?

The Minister of State for Agriculture and Community Development: (a) No site for Midnapore Block and Anchalik Parishad has yet been selected.

(b) Does not arise.

Lease for collection of 'Kend' Leaves from Government Forests in Midnapore district

968. (Admitted question No. 2372.)

শ্রীনিরঞ্জন খামরাই: বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার সদর মহকুমায় সরকারের জঙ্গল হইতে 'ক্যান্দপাতা' লইবার জন্য কোন ব্যবসায়ীকে বন্দোবস্ত (লিজ) দেওয়া হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ ব্যবসায়ীর নাম কি এবং তাহাকে কি শর্তে বন্দোবস্ত দেওয়া হইয়াছে, এবং

(২) বর্তমান সনে ইহার জন্য কতজন প্রার্থী ছিল?

The Minister of State for Forests:

(ক) হ্যাঁ।

(খ) (১) মেসার্স হীরালাল অ্যান্ড কোম্পানী, ১৮, আর্মেনিয়ান স্ট্রীট, কলিকাতা। টেন্ডার ডাকিয়া তিন বৎসরের জন্য ইজারা দেওয়া হইয়াছে।

(২) সাত জন।

Hostel for the Members of Legislatures

969. (Admitted question No. 2379.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) if it is a fact that Government has a scheme for construction of a Hostel for the members of the West Bengal Legislatures; and

(b) if so, when the said scheme is going to be implemented?

The Minister for Public Works: (a) Yes.

(b) As early as possible.

Registration of Deeds in Registration offices in Midnapore district

970. (Admitted question No. 2447.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ রেজেষ্ট্রী অফিসে গত ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ ও ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত জমি হস্তান্তরের কত সংখ্যক দলিল রেজিষ্ট্রীকৃত হইয়াছে; এবং

(খ) ইহার মধ্যে এক একর বা এক একরের কম পরিমাণ হস্তান্তরিত জমির দলিলের সংখ্যা

The Minister for Judicial:

(ক) ১৯৬২ এবং ১৯৬৩ সালের হস্তান্তরিত জমির নিবন্ধীকৃত দলিলের সংখ্যা নিম্নে স্থাপিত হইল। ১৯৬৪ এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত এতৎসংক্রান্ত তথ্য মেদিনীপুরের জেলা নিবন্ধকের নিকট চাওয়া হইয়াছে। উহা এখনও পাওয়া যায় নাই।

(খ) নিবন্ধীকৃত প্রতিটি দলিল পরীক্ষা না করিয়া উত্তর দেওয়া সম্ভব নয় এবং ইহা বহু সময়সাপেক্ষ।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 970

মেদিনীপুর

হস্তান্তরিত জমির রেজিস্ট্রীকৃত দলিলের সংখ্যা

	১৯৬২	১৯৬৩
সদর	৪,৪০০	৪,৩৬৪
মেদিনীপুর	৫,২৬১	৬,০৪২
খড়গপুর	৩,২০৯	৩,৯৬৫
ঝাড়গ্রাম	৮,৭৬৪	৯,০৩৫
আনন্দপুর	৫,৭২৬	৭,১৯২
খালিচক	১২,৫২২	১৫,৯৭৩
নারায়ণগড়	৬,৬২০	৮,০৭৬
গড়বেতা	৫,৮৩৭	৬,৫৬০
দাঁতন	৮,৯৮৫	১০,৮১২
গোপীবল্লভপুর	৫,৩৮৬	৫,৭৭২
ঘাটাল	১৩,১৫১	১৬,২০৭
চন্দ্রকোনা	৫,২০১	৬,০২৩
তমলুক	৯,৬৫৫	১১,২৯২
ময়না	৪,৯০৪	৬,৩২৮
হাঁসচড়া	৫,৬৮০	৬,২৫৮
মহিষাদল	১২,৫৫৮	১৪,২০৩
সুতাহাটা	৭,১৪৯	৮,১২১
নন্দীগ্রাম	৬,৪৯৪	৮,৩৬৪
পাঁশকুড়া	১২,০০৪	১৪,২৫১
কাঁথি	৬,৩০৬	৮,৩৭৬
কাঁথিজয়েন্ট	৬,৯৫২	৮,৬৭৭
রামনগর	৪,৬৯৪	৫,৭৮৮
এগরা	৬,৭৫৮	৭,৯৯৮
পটাশপুর	৬,৬২৫	৮,৫১৩
ভগবানপুর	৮,৬৩৫	১১,৬৭০
খাজুরী	৫,১০৪	৬,৮৪০

Total acreage of forest and annual income derived therefrom in West Bengal

971. (Admitted question No. 2448.)

অবন. [illegible]ল দাস মহাপাত্র: বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে সমগ্র বনাঞ্চলের পরিমাণ কত;

(খ) উক্ত বনাঞ্চলের মধ্যে গত বৎসরে কোন্ কোন্ এলাকায় কত একর জায়গায় নূতন বন সৃষ্টি করা হইয়াছে; এবং

(গ) গত তিন বৎসরে বন সম্পদ হইতে বার্ষিক কত টাকা আয় হইয়াছে?

The Minister of State for Forests:

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে সমগ্র বনাঞ্চলের পরিমাণ হইতেছে ৪,৫৪৮ বর্গমাইল। ইহার মধ্যে ৭৩০ বর্গমাইল নদীনালা এবং ৬০ বর্গমাইল অন্য বিভাগের অধীনে আছে।

	বনভূক্তি	একর।
(খ)	দার্জিলিং	৩,৬৬৩.৭৫
	কালিম্পং	৫,৮৭০.১৪
	কার্সিয়াং	৫,০৭৩.৫০
	জলপাইগুড়ি	৫,৬৪৭.৩০
	বক্সা	৭,৭৪০.৫০
	কুচবিহার	৪,৬৩৩.৪৫
	বর্ধমান	৬,৩৮১.১০
	বাঁকুড়া	৮,৫৩৮.৭৬
	বীরভূম	৫,৮৯১.০৬
	পূর্ব মেদিনীপুর	৭,৯৭৯.২৮
	পশ্চিম মেদিনীপুর	৭,৩৬৯.০০
	পুরুলিয়া	৪,৩৫৮.১০
	মালদহ	৫,৭৩৪.৪৮
	২৪-পরগণা	৩,৩৫০.৫৯
	মোট	৮২,২৩১.০১

		টাকা।
(গ)	১৯৬১-৬২	১,৭০,৫৯,৩৩৩
	১৯৬২-৬৩	১,৯৪,৯৮,৮৮১
	১৯৬৩-৬৪	২,১১,৮৮,৭০২

Metalling of Road from Bonpas station to Bhota in Burdwan district

972. (Admitted question No. 2487.)

শ্রীঅশ্বিনী রায়: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান জেলার আউশগ্রাম থানার বিল্বগ্রাম অঞ্চলের বনপাস স্টেশন (বেলারী বাজার) হইতে ভোতা পর্যন্ত রাস্তাটি উন্নয়নের (পাকা করার) কোন্ প্রস্তাব ৪র্থ পরিকল্পনায় আছে কি;

(খ) পরিকল্পনা থাকিলে, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত প্রকল্প কখন কার্যকরী হইবে; এবং

(২) উহাতে আনুমানিক ব্যয় কত হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) চতুর্থ পরিকল্পনায় সড়ক উন্নয়নের প্রকল্প এখনও চূড়ান্তভাবে প্রণয়ন না হওয়ায় বর্তমানে বলা সম্ভব নয়।

(খ) এ প্রশ্ন উঠে না।

Cinemas in West Bengal

973. (Admitted question No. 1416.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কতগুলি স্থায়ী এবং অস্থায়ী সিনেমা আছে;

(খ) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে সিনেমা বাবত কোন্ জেলা হইতে কত টাকা পাওয়া গিয়াছে;

(গ) বর্তমানে কোন্ জেলায় কতগুলি অস্থায়ী সিনেমা ও স্থায়ী সিনেমার জন্য আবেদন সরকারের বিবেচনাধীন আছে; এবং

(ঘ) অস্থায়ী এবং স্থায়ী সিনেমার মঞ্জুরী কি কি শর্তে দেওয়া হইয়া থাকে?

The Minister for Home (Political):

(ক), (খ) এবং (গ) এ সম্পর্কে একটি বিবৃতি লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) অস্থায়ী ও স্থায়ী সিনেমার লাইসেন্সদানের নিয়মাবলী ১৯৫৬ সালের ওয়েস্ট বেঙ্গল সিনেমাস্ (রেগুলেশন অফ পাবলিক এক্সিবিশনস্) রুলস-এ লিপিবদ্ধ আছে।

Calling Attention to Matter of Urgent Public Importance

Mr. Speaker: I have received one notice of Calling Attention from Shri Gour Chandra Kundu on the subject of inadequate relief measures for storm-offccted people of Karimpur police-station, district Nadia. The Hon'ble Minister ill please make a statement today, if possible, or give a date for the same.

Shrimati Abha Maiti: Tomorrow.

Mr. Speaker: I have received information that the Hon'ble Chief Minister will be coming to this House at about 3 p.m. when he will inform the House about the point that was raised yesterday.

Goondaism after the Corporation election

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলব সেটা কয়দিন হাউসে বিভিন্ন সদস্য বলেছেন। আমি কর্পোরেশনের নির্বাচন হবার পর পর বিভিন্ন জায়গায় যে গ‍ুণ্ডামী হচ্ছে, কংগ্রেসের বির‍ুদ্ধে যারা ভোট দিয়েছে তাদের উপর মারধোর করা হচ্ছে—সে সম্বন্ধে একট‍ু বলব। আমি বিশেষ করে ২৮ নম্বর নির্বাচনকেন্দ্রের কথা বলব—হরতকিবাগান, স‍ুকিয়া রো—এইসব এলাকায় যারা কংগ্রেসের বির‍ুদ্ধে ভোট দিয়েছে বা ভোটের ব্যাপারে কাজকর্ম করেছে—তাদের এখন ধরে ধরে মারা হচ্ছে। পরশ‍ুদিন বোধহয় এই সম্পর্কে শৈলবাব‍ু প্রতিশ্র‍ুতি দিলেন প‍ুলিশ কমিশনারকে নির্দেশ দিয়ে জানিয়েছেন যাতে কোনর‍ুপ গণ্ডগোল কোনস্থানে না হয় এ নিয়ে। আমার কাছে রিপোর্ট এসেছে ২৮ নম্বর ওয়ার্ডের অপরেশ ভট্টাচার্য যিনি ওখানকার কংগ্রেসের বর্তমান কি প্রাক্তন প্রেসিডেণ্ট জানি না—তাঁর নেতৃত্বে এই জিনিসগ‍ুলি হচ্ছে। আমি এটা জানতে চাচ্ছি যে, কংগ্রেসের বির‍ুদ্ধে ভোট দিলে কি লোকের জীবন বিপন্ন হবে এবং প‍ুলিশ কমিশনার তাদের কোনরকম নিরাপত্তাবিধান করতে পারেন না? এ সম্বন্ধে তাঁরা কি ব্যবস্থা অবলম্বন করতে চাচ্ছেন? আপনি খবর নিলে জানতে পারবেন প্রত্যেক এলাকায় এই রকম গ‍ুণ্ডামি চলছে। তাদের হাজার প্রতিশ্র‍ুতি সত্ত্বেও কোন জায়গায় গ‍ুণ্ডামি থামে নি, পটকা ছ‍ুঁড়ছে, লোককে বাড়ি থেকে ধরে নিয়ে গিয়ে মারা হচ্ছে, ইত্যাদি হচ্ছে। এর প্রতিকার কি? কংগ্রেসের বির‍ুদ্ধে ভোট দিলে তাদের জীবন বিপন্ন হবে, মারা হবে—এ তো সাংঘাতিক ব্যাপার! এ সম্বন্ধে ও'রা রোজই প্রতিশ্র‍ুতি দিচ্ছেন। কিন্তু কোন প্রতিকার এর হচ্ছে না।

Foot disease in Ranaghat area

Shri Gour Chandra Kundu:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার অন‍ুমতি নিয়ে স্বাস্থ্যমন্ত্রী নাই, জগন্নাথবাব‍ু মন্ত্রীর কাজ করেছেন, তাঁর দ‍ৃষ্টি একটি গ‍ুর‍ুত্বপ‍ূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করতে চাই। আজকে খবরের কাগজে বেরিয়েছে আনন্দবাজার পত্রিকায় আমাদের রানাঘাট অঞ্চলে একটি দ‍ুরারোগ্য রোগ দেখা দিয়েছে, পায়ের তলা ফেটে যাচ্ছে। তাতে অনেক লোক মারা যাচ্ছে এবং অনেকে আক্রান্ত হচ্ছে। মোট ৬৪ জন থেকে ৭০ জন সেই রোগে আক্রান্ত হয়েছে এবং কয়েকজন মারাও গেছে। তা ছাড়া আরও দ‍ু-একটি গ্রামে এই রোগ দেখা দিয়েছিল ২৪-পরগনা অঞ্চলে। এটা নিয়ে কলকাতায় ট্রপিক্যাল স্কুল অব মেডিসিনএ রিসার্চ চলছে। তাঁরা এখনও পর্যন্ত আবিষ্কার করতে পারলেন না যে, কোথা থেকে কি রোগ হচ্ছে যার ফলে পায়ের তলা ফেটে যাচ্ছে, কালো হয়ে যাচ্ছে এবং শেষ পর্যন্ত অল্পদিনের মধ্যে লোক মারা যাচ্ছে এবং এর চিকিৎসাটাই বা কি? এ বিষয়ে কানাইবাব‍ু বলেছিলেন আপনারা এ পর্যন্ত কিছ‍ু করেন নাই, ট্রপিক্যাল স্কুলে পড়ে আছে। তারও কিছ‍ু হচ্ছে না। আপনারা এই সম্পর্কে বড় বড় ডাক্তারদের সঙ্গে পরামর্শ কর‍ুন; কথাবার্তা বল‍ুন যাতে ঐ রোগ আর না হয় তার ব্যবস্থা কর‍ুন। আর যাদের ঐ রোগ হয়েছে তাদের চিকিৎসার ব্যবস্থা কর‍ুন।

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধেয়ক এখানে ১৯৬৪ সনের সেপ্টেম্বর মাসে উপস্থিত করা হয়েছিল। সেই সময় আমি বলেছিলাম যে কতকগ‍ুলি ত্র‍ুটি সংশোধনের সঙ্গে ভূমি সংস্কারের যে ম‍ূল উদ্দেশ্য, সেই উদ্দেশ্যসাধনের জন্য কতকগ‍ুলি সংশোধন প্রয়োজন এবং সেই উদ্দেশ্যে এই সংশোধনী বিধেয়কটি আনতে হচ্ছে।

তারপরে বিধেয়ককে জয়েন্ট কমিটির কাছে প্রেরিত হয় এবং জয়েন্ট কমিটিতে সেটা বিচার-বিবেচনা করবার পর তাঁদের রিপোর্ট দাখিল করা হয়েছে। জয়েন্ট কমিটি রিপোর্টএ যে কথাগ‍ুলি বলা হয়েছে তার প্রধান প্রধান কথাগ‍ুলি আমি সংক্ষেপে বর্ণনা করছি।

[2-10—2-20 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এস্টেট অ্যাকুইজিশন আইনের ৬(২) ধারায় এই বিধান আছে যে চা-বাগানকে চা-শিল্পের জন্য যতখানি জমি প্রয়োজন ততখানি জমি রাখতে দেওয়া হবে। আর চা-বাগানের মালিক যাতে চা-বাগানের জমির সম্পূর্ণ মালিকানা স্বত্ব না পেতে পারেন সেজন্য চা-বাগানকে ভূমিসংস্কারের আইনের আওতার বাইরে রাখা হয়েছে। জয়েন্ট কমিটি প্রস্তাব করেছেন যে, ল্যান্ড কথাটার এমন সংজ্ঞা দেওয়া হোক যাতে ৬(৩) ধারামতে যতখানি জমি রাখতে দেওয়া হবে ঠিক ততখানি ভূমিসংস্কার আইনের আওতার বাইরে থাকবে। তারপর ৩নং প্রকরণে প্রস্তাব করা হয়েছে যে, রায়ত তার জমি থেকে ইট, টালি, তৈরি করার জন্য বা ব্যবসা করার জন্য মাটি নিতে পারবে না। জয়েন্ট কমিটি বলেছেন যে, কোন লোক যদি এই বিধান অমান্য করে তাহলে শাস্তিবিধান করা উচিত। দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে রায়তের উপর জমি ব্যবহার সম্পর্কে কতকগুলি বাধানিষেধ অনেকদিন ধরেই আছে। পাহাড়ী জমিতে যাতে ধ্বস না নামে বা ক্ষতিগ্রস্ত না হয় সেইজন্য এই বাধানিষেধ আরোপ করা হয়। জয়েন্ট কমিটি বলেছেন যে, কেউ যদি আইন লঙ্ঘন করে তাহলে তার জরিমানা ৫০০ টাকা থেকে কমিয়ে ১০০ টাকা করা উচিত। তারপর তপশীল উপজাতিদের জমি-জায়গা যাতে সহজে তাদের হাত থেকে অন্য লোকের হাতে—বিশেষ করে ধনবান অথবা অভিসন্ধিপরায়ণের হাতে চলে যেতে না পারে সেইজন্য ভূমিসংস্কার বিধেয়কের মধ্যে বেঙ্গল টেনেন্সি অ্যাক্টের বিধানগুলির অনুরূপ বিধানের প্রস্তাব করা হয়েছে। জয়েন্ট কমিটি বলেছেন যে, উপজাতিদের বাস্তু জমি যাতে সার্টিফিকেট ডিউয়ের জন্য বিক্রি না হয়, অথবা তাদের এই কারণে উচ্ছেদ না হয়ে যেতে হয় সেইজন্য কিছু বিধানের প্রস্তাব তাঁরা করেছেন। তাছাড়া [illegible] আরও বেশি অধিকার দেবার প্রস্তাব করা হয়েছে। এখানে এক বছরের অনাদায়ী ফসলের জন্য তাদের উচ্ছেদ করা চলবে না। জয়েন্ট কমিটি বলেছেন বর্গাদার এইসব ক্ষেত্রে তাদের প্রদেয় শস্যের ভাগ পরের বছরের মধ্যে দিতে পারে। বর্তমান ল্যান্ড রিফর্মস আইনে খাজনা ধার্যের যে বিধান আছে তা পরিবর্তন করে সংশোধিত বিধেয়কের মধ্যে কতকগুলি প্রস্তাব করা হয়েছিল। এই প্রস্তাবগুলির মধ্যে কোন কোন ক্ষেত্রে খাজনাবৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। জয়েন্ট কমিটি বলেছেন যে, খাজনা বৃদ্ধির প্রস্তাব যত কমই হোক না কেন সেটা বর্জন করা উচিত। তার বদলে তাঁরা বলেছেন, বর্তমানে যেভাবে খাজনার হার ধার্য করা হয় সেইভাবে খাজনা ধার্য করা যেতে পারে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আশা করি এই বিল বিবেচনার পর গৃহীত হবে।

Shri Balai Lal Das Mahapatra: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

Shri Sailendra Nath Adhikary: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1965.

Shri Bhakti Bhusan Mandal: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 21st June. 1965.

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা অনেকদিন থেকেই এই অ্যাসেমব্লিতে শুনেছিলাম একটা কম্প্রিহেনসিভ বিল আনা হবে। কিন্তু একটু আগেই আমাদের বিভাগীয় মন্ত্রিমহাশয় যে বিলটা আনলেন সেটা কিন্তু কম্প্রিহেনসিভ বিল নয়। কয়েকটি ধারা এ'রা নতুন করে করেছেন অর্থাৎ সংশোধন করছেন। যেমন উনি বললেন যে, পাহাড়ী এলাকায় উপজাতিদের কিছুটা সুবিধা দেওয়া হবে। আর বর্গাদারদের ব্যাপারে একটা ধারা পরিবর্তন করে নতুন করে সংশোধন করেছেন। সেটা হচ্ছে তারা যদি এক বছর ফসল না দিতে পারে তাহলে তাকে জমি থেকে উচ্ছেদ করা হবে না। সে যাতে পরের বছর দিতে পারে তার ব্যবস্থা থাকবে। এখন প্রশ্ন হচ্ছে, আমরা অন্তত ভেবেছিলাম এই বিলের মধ্যে—বিশেষ করে ও'রা যখন এটা সংশোধন করেছেন, তখন তিনটে জিনিসের উপর খুব বেশি জোর দেওয়া হবে। সেটা হচ্ছে বর্গাদারদের স্বার্থ যাতে রক্ষা করা যায়, অন্তত এই ল্যান্ড রিফরমস বিল পাশ হবার পর থেকে আমাদের দেশে এই আইন চালু হবার পর যে অভিজ্ঞতা হয় সেই অভিজ্ঞতার ভিত্তিতে বর্গাদারদের স্বার্থ কি করে রক্ষা করা যায় এই বিলের মধ্যে সেটা থাকবে। ২নং হচ্ছে খাজনা। আমরা অনেকেই বলেছি যে, কৃষকদের উপর ঋণের পরিমাণ বেড়ে গেছে. সুতরাং এই ঋণের বোঝা

যাতে কমে তার জন্য খাজনার হার কিছু কমাতে। আর যাদের ক্ষমতা বেশি—যাদের জমি বেশি তাদের আনুপাতিক হারে খাজনার হার বাড়ান। ৩নং হচ্ছে যেসমস্ত অলাভজনক জোত আছে সেগুলো যাতে খাজনা থেকে রেহাই পায় তার ব্যবস্থা করা। এই তিনটে দিকে লক্ষ্য রেখেই বিলটা সংশোধন করা দরকার। কিন্তু লক্ষ্য করলে দেখা যাবে যে, প্রথমতঃ খাজনার ব্যাপারে ও'রা কিছুই করলেন না। আগের খাজনাটাই ইন্ট্রোডিউস করতে চাচ্ছেন। তারপর যেসমস্ত অলাভজনক জোত আছে তাকেও রেহাই দিলেন না। তারপর ভাগচাষীদের ব্যাপার। কিছুদিন আগে মায়াপুরে যে সম্মেলন হল তাতে ও'রা এই শ্লোগান দিয়েছেন যে, "লাঙল যার জমি তার"। কিন্তু সেটা কার্যকরী করতে গেলে যে ধরনের সংশোধন আনা উচিত সেটা তাঁরা আনলেন না। এই লাঙল যার জমি তার এই শ্লোগান যখন আমরা ছেলেবেলায় দিতাম তখন গ্রামে, কংগ্রেস দলের লোকরা আমাদের বলতেন যে, ভারি সুবিধা হয়েছে না? লাঙল যার জমি তার—পালকি যার বউ তার—এটা যেন বললেই হল। আজকে এই আওয়াজের পরও যদি সত্যিকার জমি না দেওয়া যায়, তাহলে দেশের কোন উন্নতি হবে না, উৎপাদন বাড়বে না। আমরা জানি সেইদিকে লক্ষ্য রেখে এই আওয়াজটা দিলেও তাকে কার্যকরী করার কোন ইচ্ছা আপনাদের নেই। কারণ তা যদি থাকত তাহলে শুধু ল্যান্ড রিফরমস অ্যাক্ট অ্যামেন্ড করার প্রশ্ন আসত না, সাথে সাথে এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট সেটাও পরিবর্তন করার চেষ্টা করতেন। ফ্যামিলি সিলিং বেঁধে বা অন্য কোনভাবে কৃষকরা যাতে জমি পায় আপনারা তার ব্যবস্থা করতেন কিন্তু সে মতলব আপনাদের নেই। ২-১টি ধারা কৃষক, ভাগচাষী বা কোন কোন জায়গায় উপজাতিদের স্বার্থে পরিবর্তন করে আপনারা মূলতঃ যে ত্রুটি আগে ছিল সেই ত্রুটিই রেখে দিয়েছেন। যেমন, শ্যামাদাসবাবু নিশ্চয় জানেন যে, এটাতে বা এর আগরটাতে এমন কোন ধারা নেই যাতে ভাগচাষীদের বে-আইনী উচ্ছেদ রোধ করা যাবে বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে। একটু আগে এই যে টালি বা ইটের কথা বলা হল তাতে আছে যে, এই আইন যারা ভায়োলেট করবে তাদের শাস্তি দেওয়া হবে। সেখানে শাস্তি বা জরিমানার ব্যবস্থা আছে। কিন্তু যারা ভাগচাষীদের উচ্ছেদ করবে তাদের যদি আপনারা শাস্তির ব্যবস্থা করতেন তাহলে আমরা বুঝতাম যে, সত্যিকারের আপনারা [illegible] স্বার্থে—অন্তত যেটা সবচেয়ে বড় বিপদ বর্গাদারদের কাছে, সেইদিকে লক্ষ্য রেখে আপনারা একটা ধারা সংযোজন করবার চেষ্টা করেছেন। তা আপনারা করেন নি। তারপর রসিদের ব্যাপারে বর্গাদারকে অনেক অসুবিধার মধ্যে পড়তে হয়। বর্গাদার যদি মালিককে ফসল দিয়ে দেয় তাহলে রসিদ দেবার কথা, কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে জমির মালিক সে রসিদ দেন না।

[2-20—2-30 p.m.]

এবং রসিদ না দিয়ে তার পরের বছর যদি উচ্ছেদ করতে হয় তাহলে ফসল দাও নি একথা বলে নালিশ দায়ের করে এই অভিজ্ঞতা যদি গ্রামের দিকে যান তাহলে পেতে পারেন। আমি জানি না শ্যামাদাস-বাবুর এই অভিজ্ঞতা আছে কিনা। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে এই যে রসিদ দিচ্ছে না তার জন্য কোন সাজা হচ্ছে না বা ফসল যাতে ফাঁকি দিতে না পারে কিংবা ফসল নিয়ে ফসল দেয় নি এই অজুহাতে যাতে মামলা দায়ের করতে না পারে তারজন্য কোন রকম ব্যবস্থা—অর্থাৎ এই সমস্ত মালিকের হাত থেকে রক্ষা করবার জন্য কোন ব্যবস্থা এ'রা করছেন না। তাহলে আমরা জানতে চাই আপনি যে কম্প্রিহেনসিভ বিল আনলেন তার মধ্য দিয়ে সত্যিকারের গ্রামের ভূমিসমস্যার সমাধান করতে পারবেন কি? বাংলাদেশের বর্গাদারদের স্বার্থ রক্ষা না করে, তাদের শেষ করে দিয়ে, তাদের জমির মালিকের আক্রমণের সামনে রেখে দিয়ে বাংলাদেশের ভূমিসমস্যার সমাধান কি করে আপনারা করবেন সেটা আমাদের জানা নেই। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে, এই কয়েকদিন আগে ল্যান্ড-এর ব্যাপার নিয়ে আপনারা একটা হাই পাওয়ার কমিটি করেছেন এবং তার মধ্যে হেমন্তবাবু আছেন। তাঁকে নিয়েছেন ভাল কথা, কিন্তু হেমন্তবাবু ছাড়া বিরোধীপক্ষে অনেকগুলো যে ব্লক ছিল তার মধ্য থেকে কাউকে নিলেন না কেন? আপনারা কি মনে করেন শুধু হেমন্তবাবুকে নিলে বিরোধীপক্ষের মধ্যে একটা ঝগড়া বাধিয়ে দেওয়া যাবে এবং তাতে আপনাদের সুবিধা হবে? এটা যদি মনে করে থাকেন তাহলে আমি বলব আপনাদের খুব সুবিধা হবে না। তৃতীয় কথা হচ্ছে, উনি বললেন এটা এখানকার কমিটি নয়, তার মধ্যে বাইরের লোকও আছে। আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই আমরা এখানে যাঁরা বিভিন্ন দলের সদস্য আছি, যাঁরা বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিত্ব করি তাঁরা বাইরেও আছি। আপনারা এটা কখনও মনে করবেন না যে আমরা বাইরের নয়। এই যে কর্পোরেশনের নির্বাচন

হয়ে গেল তাতে আপনারা ভাল করেই বুঝতে পেরেছেন আমরা বাইরে আছি কিনা। কাজেই মন্ত্রিমহাশয় জবাব দেবার সময় বলবেন কি দৃষ্টিভঙ্গি নিয়ে এটা করলেন এবং বাইরের লোক যাঁদের নেওয়া হল তাঁরা জমির ব্যাপারি কি বোঝেন এবং তাঁরা এই জমির ব্যাপারে, ভূমি সমস্যার সমাধানের ব্যাপারে এই কমিটিকে কতখানি সাহায্য করতে পারবেন। আপনারা একজন পত্রিকার সম্পাদককে নিয়েছেন। সেই পত্রিকা সম্পাদকের কতখানি দক্ষতা আছে সে সম্পর্কে আমি কিছু বলতে চাই না, কিন্তু ভূমি সমস্যার সমাধান সম্বন্ধে জানে এরকম কয়টা লোক আছে সেটা যদি জানান তাহলে আমরা খুশি হব। তারপর, আপনারা যদি সত্যিকারের গ্রামের উন্নতি করতে চান, ভূমি সংস্কারের নীতির পরিবর্তন করতে চান তাহলে শ্যামাদাসবাবুকে আমি অনুরোধ জানাব শুধু এটার পরিবর্তন নয়, এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টকে সাইমালটেনিয়াসলি পরিবর্তন করুন। ১৯৫১ সালের সেন্সাস অনুযায়ী দেখা যাচ্ছে বাংলাদেশে ভাগচাষী ছিল সাত লক্ষ এবং আপনারা এনস্টট অ্যাকুইজিশন অ্যাক্ট মারফত যে জমি পেয়েছেন তার পরিমাণ হচ্ছে তিন-চার লক্ষ একর। কিন্তু কথা হচ্ছে যেটা আবাদযোগ্য জমি সেটা আপনারা ভাগচাষীকে দেন নি এবং কোথাও বলেন নি যে, এস্টেট অ্যাকুইজিশন মারফত যে জমি পাওয়া যাবে সেটা ভাগচাষীকে দিয়ে আপনারা সমাজতন্ত্র করবেন। তাহলে আমরা কি দেখলাম? আমরা দেখলাম বর্গাদারকে জমি দেবেন না, তাদের বেআইনী উচ্ছেদ রোধ করবার জন্য কোন আইন করবেন না বা যারা বে-আইনীভাবে উচ্ছেদ করছে তাদের সাজা দেবার জন্য কোন বন্দোবস্ত করবেন না বা সত্যিকারের কুসল নিয়ে যারা ফসল পেয়েছে বলে বলে না এবং রসিদ দেয় না তার জন্য কোন আইন করবেন না অথচ অনেকদিন আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, কম্প্রিহেনসিভ বিল আনবেন। কাজেই এই যখন অবস্থা তখন এর মধ্য দিয়ে গ্রামের বর্গাদারদের স্বার্থ রক্ষিত হবে তার কোন লক্ষণ দেখছি না।

যদি সত্যিকারের কোন কিছু করতে চান তাহলে আমি আপনাকে অনুরোধ করব যে অনেক অ্যামেন্ডমেন্ট আছে সেই সংশোধনী গ্রহণ করুন। আমি যেটা লক্ষ্য করেছি, আপনাদের যদি মতলব থাকে—বর্গাদারদের স্বার্থ রক্ষা করবেন এবং গ্রামে যেসমস্ত বড় বড় জোতদার খাদ্যসঙ্কট সৃষ্টি করবার জন্য চাল লুকিয়ে ফেলে দেশে খাদ্যসঙ্কট বাড়াবার চেষ্টা করছেন তাদের হাতকে যদি দুর্বল করতে চান, সত্যিকারের উৎপাদন বাড়াতে চান, তাহলে এই যে সমস্ত সংশোধনী জয়েন্ট সিলেক্ট কমিটিতে সদস্যরা আপনাদের কাছে দিয়েছে, যার সঙ্গে আপনারা একমত নন, যদি আপনাদের আন্তরিক উদ্দেশ্য থাকে তাহলে এই ল্যান্ড রিফর্ম বিলে সেই সংশোধনী গ্রহণ করবেন। তাঁরা বার বার বলেন যে, বিরোধীদের গঠনমূলক প্রস্তাব নেই বলে সমালোচনা করে এবং জিনিসটাকে খেলো করার চেষ্টা করেন, যদি বিরোধীদের সত্যিকারের গঠনমূলক যে দৃষ্টিভঙ্গি আছে সেটা গ্রহণ করতে চান ভূমি সংস্কার সাধন করতে যদি চান তাহলে যেসব সংশোধনী আছে সেগুলি গ্রহণ করুন তাহলে আপনাদের গঠনমূলক প্রস্তাব গ্রহণ করার মনোভাব আছে এটা বোঝা যাবে।

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের সম্বন্ধে বলবার আগে আমি একটা কথা বলতে চাই। আমরা কিছুদিন আগে দেখলাম কংগ্রেসের যে [illegible] সম্মেলন হয়েছিল তাতে তাঁরা পার্টি হিসাবে পাশ করেছেন যে লাঙল যার জমি তার, কিন্তু এই বিল যদি ভালভাবে অ্যানালাইস করে দেখি তাহলে এই বিলের টেকনিক্যাল অ্যাসপেক্ট ছাড়াও যে পলিসি, কংগ্রেস অ্যাজ এ পার্টি ফরমুলেট করেছেন তার কিছুই এই বিলের মধ্যে দেখতে পাওয়া যায় না। আমি বিশেষ করে বার বার বলেছি, শ্যামাদাসবাবু যতবারই এ সম্বন্ধে বক্তৃতা দিয়েছেন যে, ওয়েস্ট বেঙ্গল এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট এবং ওয়েস্ট বেঙ্গল রিফর্মস অ্যাক্ট এ দুটি অ্যাক্টকে একত্র করে কমবাইন্ড লেজিসলেশন যদি না করেন তাহলে ওয়েস্ট বেঙ্গল টেনেন্সিকে যে সাবস্টিটিউট করতে চাচ্ছেন সেটা সম্ভব হবে না। কারণ এমন অনেক প্রভিশন আছে বেঙ্গল টেনান্সি অ্যাক্ট যেটাকে রিপিল করে দিতে চাচ্ছে, সেই প্রভিশন কার্যকরী না করে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্ট এবং ওয়েস্ট বেঙ্গল এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টএ যে ধারাগুলি থাকলেও মানুষের রিয়েল রেমিডি পাবার কথা ছিল সেই রেমিডি পাবেন না। তিনি অনেকদিন মন্ত্রিপদে আছেন, আমার তাই মনে হচ্ছে এটা তিনি করছেন না. এ জিনিসটা বার বার কেন এরূপ করছেন আমি বুঝতে পারছি না। কারণ তাঁর বুদ্ধিশুদ্ধি আছে বলে মনে করি এবং বার বার বলার পর এবার যখন ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড

রিফর্মস অ্যাক্ট-এর কতকগুলি ধারা অ্যামেন্ড করলেন, এ তো প্যারিটি হয়েছে, আমি ডিসকাশনের সময় দেখাব আরও অনেক কিছু থেকে গেল যা আবার অ্যামেন্ড করতে হবে। অর্থাৎ গভর্নমেণ্টের পয়সা বার বার সিলেক্ট কমিটি, জয়েন্ট কমিটি করে খরচ করছেন অথচ মানুষের যে রেমিডি দেওয়া দরকার তা দিতে চাচ্ছেন না, এটা কেন যে করছেন না সেটা আমি আবার আপনার মাধ্যমে জানতে চাই। উনি কতকগুলি ধারা চেঞ্জ করার চেষ্টা করছেন কিন্তু তাতে কি সব হবে? যেমন ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এর সেকশন ৮, যেটা প্রি-এমসন সম্বন্ধে কিছু বলেন নি, না বললে আমরা অ্যামেন্ডমেণ্ট দিতে পারি না। দেয়ার ইজ নো প্রভিশন যাতে আড করতে পারি। সেকসন ৮ যেটায় প্রি-এমসনের কথা বলা হয়েছে সে সম্বন্ধে কতকগুলি ধারা আছে এমন কোন জায়গায় এটা সাবস্টিটিউট হচ্ছে যেটা বেঙ্গল টেনান্সি অ্যাক্টের অনুযায়ী? কিন্তু আমি দেখছি যেখানে পজেশন করা দরকার হবে টাকা দিয়ে তার আগেই পজেশন নিয়ে নিয়েছে, অন্য লোকে তারপরে প্রি-এমসনের টাকা দাখিল করার পর পজেশন থেকে ডিসলজ করা যাবে এমন কোন সেকশন আছে? যদি না থাকে, ক্লজ বা সাব-ক্লজ না থাকে, তবে যখনই জমি দখলে চলে গেল, যবার পর আমরা যদি সেই জমি না ছাড়ি, ছাড়াবার রেমিডি কি আছে? আমি মনে করি যেভাবে আইন করেছেন তাতে কোন রেমিডি নেই। যদি বদলোক হয় তবে টাকাও নেবে, জমিও ছাড়বে না, কোন কারণে জমি থেকে সরানো যাবে না।

[2-30—2-40 p.m.]

আমার মনে হয় এটা সম্বন্ধে যখন তিনি একটা থরো এ্যামেন্ডমেন্ট করছেন তখন চিন্তা করা উচিত ছিল। তারপর আমি বলছি এতে বলা হয়েছে জমি ডিস্ট্রিবিউট করা হবে, কিন্তু যদি সিলিং সম্বন্ধে চিন্তা না করেন তাহলে যেমন সিলিং-এর একটা ডিফেন্স আছে ইনডিভিজুয়ালের উপর সিলিং তখন দেখা যাচ্ছে জমিগুলি ম্যালাফায়েড ট্রান্সফার হবার চান্স আছে, অনেক লোকের এক একটা এলাকায় আমি জানি যার ২।৩ হাজার বিঘা জমি ছিল ইন ওয়ান ফরম অর আদার সে জমিগুলি রেখে দিয়েছে। কারণ দেখা যাবে একই খামারে ধান উঠছে। আমি স্পেসিফিকালি কতকগুলি নাম করে বলেছিলাম যে এই এই লোক জমিগুলো রেখেছে। ইনভেস্টিগেশন করা হোক, যে ইনভেস্টিগেশন করে যা দেখা গেছে তাতে এখনও পর্যন্ত আমরা জানি ২।৩টি লোকের জমি ধরেছেন, আরো বহু লোকের আমরা নাম দিয়েছি এবং আমরা চ্যালেঞ্জ করে বলতে পারি যে সেটলমেন্ট দেখা দরকার যে ট্রান্সফার হয়েছে কিনা, সেই জমিগুলি যদি না পাওয়া যায় তাহলে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস এ্যাক্ট এ্যামেন্ড করে কি হবে? আসলে যদি জমি না পাওয়া যায় তাহলে এসব করে কি হবে? আমি বলছি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড এ্যাকুইজিশন এ্যাক্ট এবং ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস এ্যাক্ট এই দুটা কম্পাউন্ড না করে একটি লেজিসলেসান যদি না করেন তাহলে এসব ডিফেক্ট আসবে যেমন একটা দেখান যে প্রিয়েমসন সম্বন্ধে। হয় তো দেখছি তিনি চেষ্টা করছেন বেঙ্গল টেন্যান্সি এ্যাক্ট অব ৪৮ ট্রাইবাল সম্বন্ধে এটা তিনি নিয়েছেন কিন্তু ৪৮-তে যে জিনিস আছে তা সব ইনকালকেট করেছেন কারণ প্রাকটিক্যাল ডিফিকালটি অনেক আছে বেঙ্গল টেনান্সি অ্যাক্ট-এ যে ধারাগুলি আছে যে ধারাগুলি সমস্ত এই দুই বই-এর মধ্যে ইনসারশন নেই। তখন এমন ডিফিকালটি হবে যে তখন লেজিসলেসান করলে এক্সিকিউশন-এর উপর থাকবে না। কিন্তু এ জিনিসগুলি পরিষ্কার হবে কিভাবে সেটা আমি তাঁকে জানিয়ে দিলাম। তার পর আমি ভাগচাষী সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই তিনি একটা লেজিলেসান করবার চেষ্টা করেছেন বর্গাদারদের সম্বধে। বার বার আমরা বলেছি বর্গাদারদের এভিকশন যদি না রোখা যায় তাহলে কিছুই হবে না. অথচ তাঁরা বলছেন লাঙ্গল যার জমি তার। কিন্তু বর্গাদারদের যে দুটো সেল প্রভিসান বহু আন্দোলন করার পর বেঙ্গল টেনান্সি এবং অকুপেন্সি রাইটস একোয়ার করা গিয়েছিল আজকের দিনে আমি বলছি. বর্গাদারদের যে আসল জিনিস সেটা তিনি দিলেন না—অর্থাৎ হেরিটেবিলিটি এবং ট্রান্সফারেবিলিটি এই দুটো যদি না দেন তাহলে যে কোন সময় বর্গাদারদের সরিয়ে দেওয়া যেতে পারে। আমি নানা রকম করে বলতে পারি যে হেরিটেবিলিটি

এবং ট্রান্সফারেবিলিটিস না থাকায় তাদের সরিয়ে দিচ্ছে। কিন্তু আমি আপনাকে বলে দিচ্ছি বর্গাদার
is very conscious about his rights
তা যদি না হয় তাহলে সেই জমি বেনামী করে আর একজন বিক্রি করছেন। বর্গাদারদের ইন্সিডেন্স অফ টেনেন্সি কোন অধিকার নেই এবং সেটা যখন পারসোনাল তখন সংগে সংগে বর্গাদার চলে গেল। তারপর ১ বৎসর পর তার মামা মেশো ইত্যাদিকে ট্রান্সফার করে দিলেন এই যে একটা আইনের মস্তবড় ফাঁক এটা বন্ধ করার জন্য কোন চেষ্টা করেছেন? শুধু তাই নয় এগুলো রিলিভড করারও কোন ব্যবস্থা করেন নি, আমরা এগুলি যদি আরো এ্যানালিসিস করি তাহলে দেখবো সত্যকারের বর্গাদার তাকে যে কোন সময় সরিয়ে দেওয়া যেতে পারে, এবং আরো ভালভাবে বলতে চাই, তিনি জানেন সারা বাংলাদেশে কত বর্গাদার আছে। রিভিশনাল সেটেলমেণ্টে বর্গাদারদের কি প্রকৃত নাম কি রেকর্ড আছে। বিশেষ করে আমি কতকগুলি অঞ্চলের কথা বলছি—যে বর্ধমান, বীরভুম, বাঁকুড়া, পুরুলিয়া ইত্যাদি জেলায় কৃষক বলে একটা পদ্ধতি আছে তাতে ওয়ান-থার্ড বলে একটা পদ্ধতি আছে এবং টু-থার্ড ওনারের একটা প্রভিসান সকলের আছে। কিন্তু এদের কার নামে রিভিসনাল সেটেলমেন্টের যে খতিয়ান-গুলো হয়েছে তা কেউ জানে না, এতে কারুর নাম ইনক্লুড করা নেই। নাম না থাকার মজা হচ্ছে যে তারা কোনদিন বর্গাদার থাকে না। তার জন্য ওয়ান-থার্ড শেয়ার ক্রপার নয়। ওয়ান-থার্ড শেয়ার ক্রপার হয় তাহলে আলটিমেটলি যেটা দাঁড়ায় তারাই বর্গাদার তারা যদি বর্গাদারের ক্লেম করতে যায় তাহলে সংগে সংগে কৃষাণদের জমি থেকে সরিয়ে দেওয়া যায়। কিন্ত এই যে আইন করা হচ্ছে তাতে আইন রক্ষা করার জন্য কোন প্রভিসান নেই। অথচ মেজরিটি বললে ভুল। এই যে জমিগুলো, যে জমিগুলো ৭০ পারসেন্ট কৃষাণ সিস্টেমে কাজ হয়। বড় বড় জমিদার যাদের ২০০/৪০০ বিঘা জমি ছিল তারা যদিও আইনে বলা আছে ৭৫ বিঘার বেশী থাকবে না কিন্তু তারা নানাভাবে এটা রেখে দিয়েছেন। কৃষক চাষ করার পর তাকে সরিয়ে দেওয়া হয় তা যাতে না হয় তার জন্য কোন প্রটেকশন-এর প্রভিশন নেই। আরো কয়েকটা কথা বলতে চাই, থ্রেসিং এবং স্টোরিং সম্বন্ধে বলব। এই থ্রেসিং এবং স্টোরিং যে প্রাক্‌টিক্যাল ডিফিকালটি তার কথা বলছি, থ্রেসিং এবং স্টোরিং-এর প্রাক্‌টিক্যাল ডিফিকালটি যেটা হচ্ছে সেটা আমরা সকলে অনুভব করছি যে গ্রামে যারা মালিক তাদের জমি বর্গাদাররা চাষ করে পৌষ মাস পর্যন্ত এ সময় তাদের কেন রকম ধান চাল দিয়ে সন্তুষ্ট করে রাখে কিন্তু যেই ধান চাল মালিকদের খামারে গেল, বলে আর দরকার নেই। এই ঘটনা বহু জায়গায় হচ্ছে। এ বিষয়ে কৃষাণদের রেমিডি কি? কেউ কেউ বলবেন ভাগ চাষী আইন অস্থায়ী। হাকিমের কাছে যাও কিন্তু প্রাক্‌টিক্যাল ডিফিকালটি জানাটা বিশেষ প্রয়োজন। প্রথমত বর্গাদার আইনে যদি দরখাস্ত করতে হয় তাহলে কৃষাণদের জানতে হবে যে কোন্ কোন্ জমি তারা চাষ করতো তার প্লট নম্বর কত। কোন্ জমি যে তার, কোন কৃষাণ তা চেনে না। অর্থাৎ কোন্ মৌজায় কোন্ প্লট তার শতকরা ৯৫ জন কৃষকই জানে না, এই প্লট নম্বর বার করে সে প্লট-এর সর্ত জানা কৃষাণের পক্ষে মুস্কিল, এটা যারা গ্রামাঞ্চলের লোক তারা বুঝতে পারবেন এর ফলে যে কৃষাণ সারা বৎসর খেটে গেল তাকে মালিক তার বাড়ীতে ধান ওঠার পরই তাকে তাড়িয়ে দিল আবার তাকে পৌষ মাসের পর অন্য জায়গায় যেতে হচ্ছে, এটা গ্রামাঞ্চলের বিশেষভাবে লক্ষ্য করছি এবং আমরা চেষ্টা করছি এটা ব্যর্থ করতে এবং এই নিয়ে অনেক আন্দোলনও করেছি কিন্তু আন্দোলন করতে গিয়ে যে ডিফিকাল্‌টি হয় যে যখন খামারে ধান উঠে গেছে তখন দেখা গেল আপনারা সেখানে যেতে পাচ্ছেন না। গেলে ট্রেসপাস, ডেকোয়িটি, লুটিং ইত্যাদি কেস-এ পড়ে যাবেন, এবং এর ফলে বাধ্য হয়ে তার যে আবার শেয়ার ছিল সে শেয়ার তাকে ছেড়ে দিতে বাধ্য হন, এইভাবে সারা বৎসর খাটুনী খেটে যে পাওনা সে পাওনা থেকে সে বঞ্চিত হল।

[2-40—2-50 p.m.]

এই যে ল্যান্ড রিফর্মস এ্যাক্ট—এ সম্বন্ধে কি এমন কোন ইঙ্গিত বা প্রভিসন রাখা হয়েছে। আমি তাই বলছি যে বার বার গভর্নমেন্ট টাকা খরচ করে এমেন্ডমেন্টের পর এমেন্ডমেন্ট করার যে কি প্রয়োজন বুঝতে পারি না। অথচ আমরা দেখে যাচ্ছি যে দিনের পর দিন এইভাবে এমেন্ডমেন্ট করে যাচ্ছেন। অথচ যেগুলি দরকার সেগুলি এমেন্ডমেন্ট দেখছি না। আর একটা

কথা যা আমরা অনেকবার বলেছি এবং আবার বলছি—এই [illegible] বিচার সম্বন্ধে। এক একটা বর্গাদার সম্বন্ধে আমরা দেখেছি যে—আমি বীরভূম জেলার কথা বলছি—কয়েকটা কেস হাইকোর্টে এসেছে—৮।৯ হাজার টাকা পর্যন্ত বর্গাদারের উপর দাবী দিয়ে কেস করা হয়েছে। অথচ সেই কেসের বিচার করেন একজন রেভিনিউ অফিসার যাকে ২৫।৩০ টাকা দিলেই কেনা যায়। এটা আমি পরিষ্কার বলছি যে হাঁসমুরগী পর্যন্ত এরা নেয়। তার পর দুই পক্ষের রেষারেষি আরম্ভ হয় যে তুমি কত পয়সা দেবে, মালিকদের বলে তার বর্গাদারদের বলে তুমি কত পয়সা দেবে। আপনি তো বুঝতেই পারছেন বর্গাদারদের কি অবস্থা। কাজেই মালিকরা বেশীরভাগ ক্ষেত্রে যে মকর্দমা হয় সেই মকর্দমায় জেতেন এবং ৮।৯ হাজার টাকা ঐ বর্গাদারদের নামে ডিক্রি হয় এবং তার পর সার্টিফিকেট হয় এবং তাদের জেলে যেতে হয়। আমি বলতে চাচ্ছি যে এটা সম্বন্ধে কিছু তিনি ইম্প্রুভ করেছেন এটা আমি স্বীকার করছি যে দুই বছরের বেশী দেওয়া যাবে না। এটা কিছু ভাল হয়েছে। কিন্তু তবুও আমি একটা কথা বলতে চাচ্ছি যে দুই বছর হতে পারে, কিন্তু একজন রেভিনিউ অফিসারকে তার বিচারের ভার দেওয়া কোন রকমেই উচিত নয়। সেই জন্য আমি অনেকবার বলেছি যে পাঁচশত টাকা পর্যন্ত যদি রেভিনিউ দিতে হয় তাহলে যে দাবী থাকবে পাঁচশত টাকা পর্যন্ত সেটার বিচার করুক রেভিনিউ অফিসার এবং পাঁচশত টাকার বেশী যেটা হবে সেটার বিচার সেই জুরিসডিকসনের যে যে মুনসেফ তাকে দেওয়া হোক। আপনি জানেন যে আজকে চৌকীগুলিতে যে মুনসেফ ছিল সেই মুনসেফের কাজ কমে গেছে—এমন অবস্থা হয়েছে যে তাদের কোন কাজই নেই। এই রকম অনেক চৌকীই আছে। তাদের উপর যদি এগুলি দেওয়া হয় তাহলে তারা এমপ্লয়েড হবে এবং জাসটিস টু দি ওনার হতে পারে। এটা বিবেচনা করে দেখবেন এবং পাঁচশত টাকার উর্ধ্বে যেটা হবে সেটার যদি এ্যাপিল বলতে হয় তাহলে আমি বলছি জেলা জজের কাছে সেটা আপীল করার প্রভিসন করা হোক। আর একটা জিনিস দেখছি যেটা উনি কিছুটা করেছেন। সেটা হচ্ছে স্টে ম্যাটার। স্টে ম্যাটার সম্বন্ধে বলছি যে এ্যাপিলেট কোর্ট স্টে করতে পারবে যদি তাই হয় তাহলে আর একটা জিনিস সেখানে থাকার প্রয়োজন ছিল—সেইজন্য বলছি যে বড় পারফাংটরি হচ্ছে, ইনজাংসন সম্পর্কে। যারা ওকালতি করেন তারা অন্তত জানেন যে এই সব বর্গাদারদের কেস স্টে সব সময় কাজে লাগবে না। কারণ মনে করুন ডিগ্রি হয়ে গেল সঙ্গে সঙ্গে তারা স্টে করে আসার পর এ্যাপিল করার আগে দখল নিয়ে নিলেন। সেইজন্য বলছি আর একটা প্রভিসন রাখা উচিত ছিল সেটা হচ্ছে ইনজাংসন। যদি কোন রকমে ফ্রডুলেন্টলি দখল নিয়ে নেয় তাহলে সেগুলি বন্ধ করার জন্য যেমন সিভিল প্রসিডিওর কোর্ডে ইনহেরেন্ট পাওয়া দেওয়া আছে এখানে দেওয়া নেই। কোন স্ট্যাটুটারী এ্যাক্টে পাওয়ার দেওয়া না থাকলে কিছু করতে পারে না। সেইজন্য স্পেসিফিক্যালি বলে দেওয়া উচিত ছিল ইনজাংসন-এর পাওয়ার এপিলিয়েট করতে দেওয়া উচিত ছিল সেটা দেন নি। না দিলে পর আমরা জানি যে বর্গাদারদের ক্ষতি হবে। কারণ এমন কোন প্রভিসন নেই যদি জোর করে দখল করে নেয় তাহলে সেই দখলটা উচ্ছেদ করতে পারে এই রকম আইনের মধ্যে কোন প্রভিসন নেই।

মনে করুন আমি অন্যায়ভাবে বেআইনীভাবে দখল করে নিলাম—সেই দখল ছাড়ানোর অবস্থা আমার মনে হয় কোন আইনে নেই। ফলে একটা ক্যায়টিক অবস্থা হবে এবং সেই ক্যায়টিক অবস্থাটা নিরসন করার মত এই আইনে কোন বিধান নেই। আমি সেইজন্য বলতে চাচ্ছি যে আরও ভালভাবে এটাকে এমেন্ড করার দরকার ছিল। কিন্তু তার কতটুকু হয়েছে? আর একটা কথা—রেন্ট সম্বন্ধে; সব জিনিসগুলি উনি টাচ করছেন অথচ আমরা দেখছি যে ফুল ফ্লেজেড যেটা করা উচিত তা কিছুই করছেন না। রেন্ট সম্বন্ধে যখন /দফাওয়ারী ডিসকাসন হবে তখন আমি বলবো। কিন্তু রেন্ট সম্বন্ধে আন ইকনমিক হোল্ডিং সম্বন্ধে তিনি যে বেসিসটা করেছেন সেটা আমার মনে হয় ঠিক হয় নি। শুধু তাই নয়, আমরা বার বার বলেছি যে যদি ট্যাক্স করতে হয় তাহলে গ্রাজুয়েটেড সিসটেম অব ট্যাক্সেসন করা উচিত অর্থাৎ যে লোকের ৩০ বিঘা জমি থাকবে আর যে লোকের পাঁচ বিঘা জমি থাকবে এবং তাদের যদি একই রেন্ট হয়—রেভিনিউ যেটা তাহলে প্রিন্সিপল অনুযায়ী এটা ইন ইকুইটেবল এবং আন-ডিজারেবল। কাজেই এটা সম্বন্ধে একটা প্রভিসন থাকা উচিত ছিল। কিন্তু আমরা এই আইনের ভিতর সেই প্রভিসনটা কোন জায়গায় দেখতে পাচ্ছি না। এবং যেহেতু সেকসন ১৬ এবং ১৭ সম্বন্ধে কোন এমেণ্ডমেণ্ট নেই—যেহেতু রিয়েল ডিফিকাল্টি থাকা সত্ত্বেও আমরা এটা

ম্বন্ধে কোন এমেন্ডমেন্ট দিতে পারছি না এবং রিয়েল ডিি কার্লাস্টটা সেকসন ১৬ এবং ১৭তে শআপ করবে তার পর আবার হয়তো উনি এমেন্ডমেন্ট আনবেন। এজন্য বলতে চাচ্ছি একটা ম্বাইন্ড এবং কম্পাইল করে এস্টেট একুইজিসন এ্যাক্ট এবং ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস ্যাক্ট—একটা কম্প্রিহেনসিভ এ্যাক্ট আনা উচিত ছিল এবং বেঙ্গল টেনেন্সি এ্যাক্টের যে প্রভিসন-লি লেফ্‌ট আউট হয়ে আছে সেটা নিয়ে একটা ফ্‌ল ফ্লেজেড ল্যান্ড ল তৈরী করা উচিত এটা ামি মনে করি।

Shri Aswini Roy:

াননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে যে বিলটি এসেছে যুক্ত নির্বাচন কমিটির সুপারিশ সহ সেই বলটি আলোচনা প্রসঙ্গে আমাদের বর্তমানে যে অবস্থা সেই অবস্থাটা একটু বিচার করা দরকার য আমাদের খাদ্য সঙ্কটটা একটা ক্রনিক হয়ে গেছে এবং এই খাদ্যসংকট যে পরিমাণে রয়েছে েটা আগামী দুটো পরিকল্পনার পরেও যে পরিমাণগতভাবে কমবে তার কোন রকম নিরাপত্তা নই। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী স্বীকার করেছেন যে আগামী দুটো পরিকল্পনার পরেও ভারতবর্ষ যে াদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারবে সে সম্বন্ধে তিনি সন্দেহ প্রকাশ করেছেন। তার ফলে আমাদের বদেশ থেকে প্রত্যেক বছর খাদ্য আনতে গেলে যে পরিমাণ বৈদেশিক মুদ্রা খরচ হয় তাতে ামাদের মত অনগ্রসর দেশে শিল্পের অগ্রগতির দিক থেকে বা শিল্পের সম্প্রসারণের দিক থেকেও নেক অসুবিধা আসবে। সেইজন্য আজকে বিশেষভাবে চিন্তা করতে হবে যে কি করে খাদ্য ৎপাদন বাড়ানো যায়। অন্যান্য দেশ আজ পর্যন্ত যারা খাদ্য সমস্যার সমাধান করেছে বা করছে সেই সমস্ত দেশের অভিজ্ঞতা হচ্ছে যে ভূমি ব্যবস্থার যদি আমূল পরিবর্তন না করা যায় এবং ভূমিতে যে উৎপাদনী শক্তি তার বিকাশের দিকে যদি ঠিক মত ব্যবস্থা না করা যায় এবং উৎপাদনী ম্পর্কের যদি কিছু পরিবর্তন না ঘটানো যায় তাহলে কৃষির উৎপাদন বৃদ্ধি করা যাবে না। সেই পরিপ্রেক্ষিতে কিছু দিন আগে আমাদের চতুর্থ পরিকল্পনার যে খসড়া তাতে উৎপাদন বৃদ্ধির কথা যেটা রাখা হয়েছিল তাতে দেখা গিয়েছিল যে আগামী চতুর্থ পরিকল্পনাকালে এই াংলাদেশে দেখা যাচ্ছে যে ২২ লক্ষ টন খাদ্যশস্য বাড়াবার একটা পরিকল্পনা আছে।

[2-50—3 p.m.]

এখন এই যে ২২ লক্ষ টন খাদ্য বাড়ানর যেমন একটা পরিকল্পনা আছে তেমনি খাদ্যশস্য নয় অন্যান্য জিনিস, যেমন ভেজিটেবল বা অন্যান্য শস্য, পাট ইত্যাদি যে বাড়াতে হবে তার জন্য আমাদের কাছে যে বক্তব্য রাখা হয়েছিল তাতে প্রায় ৩ লক্ষ নতুন জমির দরকার হবে। এখন এই যে ২২ লক্ষ টন খাদ্যশস্য এটা তাহলে বাড়বে কি করে? সেখানে বৈজ্ঞানিক পদ্ধতিতে খাদ্যশস্য কিছুটা বাড়ান যায়, এমন কি অর্ধেক খাদ্যশস্য বাড়ান যায়। কিন্তু বাকি অর্ধেকের জন্য আমাদের যে ভূমিব্যবস্থা রয়েছে সেই ভূমিব্যবস্থার পরিবর্তন করে উৎপাদকের উৎসাহ সৃষ্টি যদি না করা যায় তাহলে অর্ধেক খাদ্যশস্যের ফলন বাড়ান যাবে না এবং এই পরিকল্পনা একটা অবাস্তব পরিকল্পনা হিসাবে থেকে যাবে। সে দিক থেকে ভূমি ব্যবস্থার পরিবর্তনের দিক থেকে ভূমি সংস্কারের বিশেষ প্রয়োজনীয়তা রয়েছে এবং সেদিক থেকে কি পরিমাণ জমি বর্তমানে উদ্বৃত্ত আছে সেটার হিসাব আপনারা সকলেই জানেন। তা সত্ত্বেও আমি হিসাব রাখছি। জমিদারী দখল আইন পাশ হবার আগে যে টার্গেট ছিল সেটা হচ্ছে কৃষি এবং অকৃষি সমস্ত জমি প্রায় ১৫ লক্ষ একর পাওয়া যাবে। কিন্তু তা পাওয়া গেল না। কিছুদিন আগে যে তথ্য আমরা পেয়েছি তারে দেখা যাচ্ছে যে ৩ লক্ষ ৪১ হাজার একর জমি মোটামুটিভাবে উদ্বৃত্ত হিসাবে পাওয়া যাচ্ছে এবং তার মধ্যে কৃষিতে নিযুক্ত এবং চাষের উপযোগী ১ লক্ষ ৩৩ হাজার একরের মত জমি আছে। এখন এই যে তিন লক্ষ একর জমি এছাড়া বাকি জমিটা কোথা থেকে পাওয়া যাবে? এই উদ্বৃত্ত জমি কিছুদিন পরে না হয় বণ্টন হবে, কিন্তু বাকি জমি কোথা থেকে পাওয়া যাবে? বর্তমানে উৎপাদক যারা সেই উৎপাদকের সংখ্যা আমি যে সংখ্যাতত্ত্ব থেকে দিচ্ছি সেই সংখ্যা হচ্ছে তিন লক্ষের বেশী। উৎপাদক মানে যাদের আপনারা টিলার বলছেন, যারা জমি চাষ করে এই রকম বাংলাদেশের যে সকল পরিবারের কম জমি আছে। তারা কেউ ভাগে চাষ, কৃষাণ প্রথায় চাষ। এইরকম পরিবারের সংখ্যা হচ্ছে তিন লক্ষ ৪০ হাজার। এরা যে পরিমাণ জমি চাষ করতে পারে সেই পরিমাণ জমি যদি না দিতে পারেন তাহলে উৎপাদন ব্যবস্থার কোন পরিবর্তন করা যাবে না। সেদিক থেকে মৌলিক যেটা প্রয়োজন রয়েছে, মূল যে সমস্যা রয়েছে

সেটার সমাধানের জন্য বর্তমানে জমির যে সীমারেখা আছে সিলিং অন ল্যান্ড সেই সিলিংএর পরিমাণটা আমাদের কমিয়ে দিতে হবে। এখন এ সম্পর্কে প্ল্যানিং কমিশান বলে গেছেন যে আর কিছু হোক না হোক বাংলাদেশে যে সমস্ত ভাগচাষী আছে তাদের টেন্যান্সি রাইট দিতে হবে। কিন্তু তা সত্ত্বেও আমরা তা দিতে পারিনি। তাছাড়া কিছুদিন আগে প্ল্যানিং কমিশানের সদস্য ডাঃ ভি কে আর ভি রাও তাঁর একটা উদ্ধৃতি আমি মাননীয় সদস্যদের নিকট রাখছি এবং সেই উদ্ধৃতিটা আমরা কতখানি কার্যে পরিণত করতে পেরেছি সেটাও বিচার করার প্রয়োজন আছে। সেই উদ্ধৃতিটা হচ্ছে—

The question of land reforms and giving the masses of our tillers rights of ownership which will involve them in a total way in the maximisation of agricultural output. Nowhere in the world do we have such a large number of landless agricultural labourers, share-croppers and tenants as we have in India. 'Land to the tiller' is a principle that has been implemented even in a land starved and capitalist country like Japan. We have not yet succeeded in implementing this principle, though it has been accepted by authority and forms a basic component of our land policy.

কাজেই এইরকমভাবে একজন বিশেষজ্ঞ যাঁকে এখন ভারতবর্ষের অথরিটিও বলা যেতে পারে, তিনি এই ধরনের একটা উক্তি করেছেন। এখন সেই উক্তি অনুযায়ী যে বিলটা আমাদের সামনে এসেছিল সেটা যে যুক্ত নির্বাচনী কমিটিতে পাঠানো হয়েছিল সেই যুক্ত নির্বাচনী কমিটির পরিবর্তনের আওতার মধ্যে পড়ে না। কারণ মূল যে প্রশ্ন রয়েছে ঐ জমিদারী দখল আইনে—এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টএ, তাকে যদি বদলান না যায়, তাহলে ল্যান্ড রিফরমস অ্যাক্টএর দ্বারা কিছু করা যাবে না। সেইজন্য মৌলিক কোন পরিবর্তন যুক্ত নির্বাচিত কমিটি করতে পারেনি। শুধু তাই নয় আমাদের দেশের লোকও তাই বলছে।

আমি আর একটি উদ্ধৃতি আপনার সামনে রাখছি যে সকল অন্যান্য দেশের কথা আমরা জানি। চীন, ভিয়েৎনাম, রাশিয়া প্রভৃতি বহু দেশ ভূমি সংস্কার করেছে। আমি অত দূরে যাব না—আমি সংযুক্ত আরব রিপাবলিকের কথা মাননীয় সদস্যদের একটু স্মরণ করিয়ে দিতে চাই। আপনারা জানেন যে দেশ আমাদের চেয়েও অনুন্নত ছিল, ব্যাকওয়ার্ড ছিল, সেই দেশে তাঁরা কি করছিল?

The United Arab Republic after completing its first phase of land reforms programme initiated in 1962 entered on second phase with lowering ceiling on land holdings.

তাঁরা এই ধরনের লোয়ারিং সিলিং অন ল্যান্ড হোল্ডিংস নিয়ে এসেছেন সেকেন্ড ফেজএ এখন এইভাবে আমরা কিছু করতে পারি কি না সেটা ভাববার কথা। এখন বর্তমানে শুধু তাই নয় যে সেকেন্ড ফেজ অব ল্যান্ড রিফরমস-এ কেবল লোয়ারিং সিলিং করলেন - সিলিং কমিয়ে দিলেন তা নয়, এখন ব্যক্তিগত সিলিংটা যা জমিদারী দখল আইনের মধ্যে আছে, সেটাকে ফ্যামিলীগত সিলিং করা যায় কিনা এটা বিবেচনার বিষয়। তা না হলে জমি পাওয়া যাবে না। সেইজন্য মাননীয় সদস্যদের কাছে কেরালা অ্যাক্ট-এর অ্যাক্ট ১ অব ১৯৬৪-এর এই সিলিং সম্পর্কিত প্রশ্নটি রাখতে চাচ্ছি। সেখানে বলা হচ্ছে

In the case of a family consisting of more than five members, 12 standard acres increased by one standard acre for each member in excess of five and over that the total extent of the ceiling area shall not exceed 20 standard acres.

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্থাপন করেছেন ঠিকই, কিন্তু আমাদের আলোচ্য বিধেয়কের গন্ডীর মধ্যে সেটা কোনমতেই পড়ে না।

Shri Aswini Roy:

কাজেই এর পরিপ্রেক্ষিতে আমাদের ভাবতে হবে, যে উৎপাদন বৃদ্ধির জন্য আজ জমিদারী উচ্ছেদ আইনের পরিবর্তন দরকার আছে। বহু মাননীয় সদস্য বলে গেছেন এবং আমাদের অসম্মতি-সূচক নোটেতেও এই সম্পর্কে বলা হয়েছে।

এবার আমি বিলের ব্যাপারে কয়েকটা জায়গাতে আসছি। এখন এই ধরনের এস্টেটস্ অ্যাকুইজিশন অ্যাক্ট যদি বদলী না করা যায়, তাহলে কি হয়? মনে করুন—একটি নৌকাতে পাল তুলে দিলাম, নৌকা হাওয়াতে চলবে বলে। কিন্তু দেখা গেল তার নোঙর তোলা হয় নাই। কাজেই এস্টেটস অ্যাক্ট-এর নোঙ্গর বাঁধা থাকলো, তারপর ভূমি সংস্কার কর, বা ভূমি ব্যবস্থার পরিবর্তন কর—তাতে আসলে কিছুই হবে না। সেইজন্য আমি এখানে রাখছি যে একটি কমপ্রিহেনসিভ আকারে বোথ এস্টেটস অ্যাকুইজিশন অ্যান্ড ল্যান্ড রিফরমস বিল নিয়ে আসা উচিত।

এর পরে আমার বক্তব্য হচ্ছে শুধু জমি পাওয়া গেলেও চলবে না—ল্যান্ড ডিসট্রিবিউসন-এর যে প্রশ্ন রয়েছে সেই ল্যান্ড ডিসট্রিবিউসন-এর প্রশ্নের সমাধান কিভাবে হবে ও সেটাও বদলান দরকার। ল্যান্ড ডিসট্রিবিউসন-এর জন্য তাঁরা একটি হাই পাওয়ার কমিটি করেছেন। এই হাই পাওয়ার কমিটি কিভাবে হলো জানি না। দেখা গেল এই হাই পাওয়ার কমিটির জুরিসডিকসন হচ্ছে কেবল কিভাবে ল্যান্ড রিফরমস ইমপ্লিমেন্টেড হবে সেটা পর্যালোচনা করা। সেখানে কোনরকমভাবে জনসাধারণের প্রতিনিধি বলুন বা যেসমস্ত সংস্থা এই সমস্ত কৃষক সমস্যা নিয়ে যাঁরা ভাবেন বা কৃষক সমস্যার কথা চিন্তা করেন, সেসমস্ত সংস্থা থেকে প্রতিনিধি না নেওয়াটা আমরা আশা করিনি।

[3—3-10 p.m.]

শুধু তাই নয়, নিম্নস্তরে যে ভূমি বণ্টন করা হবে, জমি কোথা থেকে পাওয়া যাবে? নিম্নস্তরের জন্য যে কমিটি আছে, তাতে দেখা যাচ্ছে, সত্যিকারের যারা গরীব চাষী তাদের কোন প্রতিনিধি সেখানে নেই বা সত্যিকারের যারা ছোট চাষী তাদের কোন প্রতিনিধি নেই। সেখানে যাঁরা অঞ্চল প্রধান রয়েছেন তাঁরা হয়ত সেই জমি বিতরণ করবেন, এবং যে সারপ্লাস ল্যান্ড রয়েছে তাদের মধ্যে বিতরণ করা হবে। সেদিক থেকে অন্যান্য দেশের অভিজ্ঞতার কথা সবাই জানেন। আমি এইখানে বলব যে বিশেষ করে ইউনাইটেড আরব রিপাবলিক—সেখানে এই প্রশ্নটা ওঠে না। কারণ, তাদের সংবিধানে আছে যে শতকরা ৫০ জন যারা নির্বাচিত হবেন, তারা কৃষকদের ভিতর থেকেই হবেন। কাজেই যেখানে যে কোন কমিটি হতে যাক সেইখানেই কৃষকরা সংখ্যাধিক্য থাকবে। কাজেই সেদিক থেকে এই ভূমি বিতরণের যে নীতি এবং সেটাকে কার্যকরী করবার জন্য যে মেশিনারী—তার কোন পরিবর্তন করা যায় কিনা সেটা একটু ভাববার কথা আছে। তারপরে খাজনা সম্পর্কে আমি আসছি। এখন এই যে খাজনা—এই খাজনাতে সমস্ত জমির হারটা এক করে দেবে। এর আগে ল্যান্ড রিফরমস আইনে যেটা ছিল বা বর্তমানে এখন পর্যন্ত রয়েছে, কিছুদিন পরে সেটা হয়ত থাকবে না, সেই ল্যান্ড রিফরমস আইনের ২৯ নম্বর ধারায় যেটা রয়েছে, তাতে যদি হিসাব করা যায় তাহলে ৫ একর জমির মালিকের যদি ১৫ টাকা খাজনা হয়, এটা যদি চালু হয়, তাহলে তার খাজনাটা কমে গিয়ে তাকে ২ টাকার মতন খাজনা দিতে হবে। এখন এই যে রিলিফটা পুরানো আইনে ছিল, হঠাৎ সংশোধন করে এই ধরনের খাজনা বাড়িয়ে দেওয়া—তাতে অল্প জমির মালিকরা যে সুযোগ-সুবিধা পাচ্ছিল সেটাকে বাড়িয়ে দেওয়া হল। এখন সেদিক থেকে একটি প্রশ্ন আমি রাখছি যে আনইকনমিক হোল্ডিং অর্থাৎ যারা কম জমির মালিক, যাদের আরো জমির দরকার আছে, তাদের অন্ততঃ সেখানে সেচ এলাকাই হোক আর সেচ বহির্ভূত এলাকাই হোক, আনইকনমিক হোল্ডিং-এর জন্য খাজনাটা বাদ দেওয়া উচিত। দ্বিতীয় কথা যেটা রয়েছে, ও'রা একটা ধারাতে বলেছেন যে জমির খাজনার যে হার সেটাকে বাড়ানো যাবে। কিন্তু যদি কোন কারণে ফসল হানি হয়, বন্যার জন্যই হোক অতিবৃষ্টির জন্যই হোক, বা অনাবৃষ্টির জন্যই হোক তাহলে খাজনা ছেড়ে দেবার আইনতঃ কোন বিধান থাকল না। অবশ্য পুরানো ম্যানুয়েলে এইরকম ধরনের একটা কথা আছে এবং সেই ম্যানুয়েল অনুযায়ী চলতে গিয়ে দেখা গেছে যে আসলে যে রিলিফ—সেই রিলিফ পাওয়া যায় না। কাজেই সেইরকম একটা বিধান এর মধ্যে রাখা উচিত ছিল বা একটা ধারা আইন-এর মধ্যে সংযোজিত করা উচিত ছিল। ক্রপ ফেলিওর হলে খাজনা না দেবার ক্ষমতা—ডিস্ট্রিক্ট কালেক্টর-এর এনকোয়ারী করে দেবার অধিকার সেটা আইনতঃ থাকা উচিত ছিল, পুরানো ম্যানুয়েলের এই কথাটা বাদ দেওয়া উচিত। এইভাবে যদি পরিবর্তন না হয় তাহলে যে পরিকল্পনা আমাদের উৎপাদন বৃদ্ধির জন্য

খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধির জন্য আছে—ঠিক ৫ বছর পরে দেখা যাবে যে আর এগুনো যায়নি। কাজেই মাননীয় সদস্যদের কাজে আমার অনুরোধ, আমি আমার যে বক্তব্য রেখেছি একটু বিশেষভাবে চিন্তা করুন অবশ্য আমাদের ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় যখন এই সংশোধনী বিলটা উত্থাপন করেন, তখন তিনি খুব আনন্দের সঙ্গে বা খুব সদিচ্ছার সঙ্গে বলেছেন একটা পরিবর্তন করা যাবে। কিন্তু যেহেতু যে সমস্ত অংশগুলি এই সংশোধনীর মধ্যে ছিল—যুক্ত নির্বাচনী কমিটি সেই সমস্ত বিষয় ছাড়া অন্য বিষয়ে যেতে পারেননি বলে বিশেষ করে তার একটা উন্নতি করার সদিচ্ছা থাকলেও উন্নতি করা সম্ভবপর নয়। এই জন্য বর্তমানে খাদ্যসঙ্কট সমাধানের জন্য খাদ্যশস্য উৎপাদনের জন্য আমরা যে পরিকল্পনা গ্রহণ করেছি, সেটাকে যদি কার্যকরী করতে হয় তাহলে আজ মাননীয় সদস্যদের বিশেষ করে চিন্তা করতে হবে এবং শাসক শ্রেণীর পার্টির যাঁরা সদস্য রয়েছেন, পার্টির যাঁরা সদস্য রয়েছেন, তাঁরা সত্যিকারে যদি তাঁদের মায়াপুরের প্রস্তাবকে এখনও কার্যকরী করতে চান এবং যদি টিলারসদের জমি দিতে চান তাহলে বেশী দেরী না করে সকলে সম্মত হয়ে নেকসট সেসানে জমিদারী উচ্ছেদ আইন এবং ভূমি সংস্কার আইন এই দুটোকে কি ভাবে উৎপাদন বৃদ্ধির জন্য, উৎপাদনী শক্তি বিকাশের জন্য আমরা কি করে পরিবর্তন করতে পারি, বিশেষজ্ঞরা যেভাবে বলেছেন, প্ল্যানিং কমিশন যেভাবে বলেছেন সেইভাবে আমরা যাতে পরিবর্তন করতে পারি আশা করি তাঁরা সেটা চিন্তা করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Statement by the Chief Minister under rule 346

Shri Prafulla Chandra Sen: Sir, there has been some confusion with regard to the recent restrictions imposed by the Central Government on new migrants without valid travel documents. The honourable members are aware that during the communal disturbance in Pakistan which was started in January, 1964, i.e., about 15 months back, a large number of people started entering India from East Pakistan without any travel documents. Amongst them a large number constituted those who actually suffered and bore terrible losess due to the communal frenzy. A fairly large number also came due to lack of security or out of panic. The Government of India then relaxed the normal procedure and allowed persons to come without such documents, as the situation then obtaining in East Pakistan was very abnormal. About six months back, the Government of India in the Ministry of Rehabilitation had taken a decision to stop relief to such new migrants who entered India without any valid documents. Such a step would have resulted in great hardship to such migrants and therefore, I wrote to the Government of India requesting them to continue giving relief even to those who entered India without any valid documents. The Government of India restored the relief, but they also thought that this relaxation of allowing people to enter without valid documents could not continue for ever as it would endanger the Indian security because a large number of Pakistani agents and undesirable elements would enter our territory, disguished as refugees, and thereby threatening our security. According to the Government of India, the present condition in East Pakistan also does not warrant the continuance of such relaxation as was considered necessary in 1964. In view of what I have stated so far and in view of the very vital question of security, it is not advisable, in my opinion, to throw the border open to all sorts of danger, particularly as no machinery is conceivable to distinguish between a genuine refugee and a fifth columnist. However, to mitigate any possible hardship, I have written to the Government of India to establish more offices in East Pakistan to facilitate the issue of migration certificates so that genuine migrants may be able to come to India without any delay or suffering.

[3-10—3-20 p.m.]

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, চীফ মিনিস্টার যে কথা বলেছিলেন তাতে গতকাল যে সংশয় বা আশঙ্কা প্রকাশ করেছিলাম তা থেকে আমরা এক চুলও সরে যেতে পারলাম না, বরং গতকালের সংশয় এবং আশঙ্কা আরও গভীরতর হোল। আমরা বারে বারে বলছি সেখানকার সামাজিক, অর্থনৈতিক এবং নিরাপত্তার ব্যবস্থা সংখ্যালঘুদের অনুকূলে নয়, বরঞ্চ দিনের পর দিন প্রতিকূল হচ্ছে এবং সেই কারণে তাদের মান, মর্যাদা, সম্মান জীবন রক্ষা করবার জন্যই এখানে ছুটে আসছে। এখানে কেউ অযথা বিলাসিতা করবার জন্য বা সখের জন্য নিজেদের ১৪ পুরুষের বাস্তু ভিটা, জীবিকা ছেড়ে জমিজমা ছেড়ে ওদের চার আনা রিলিফের জন্য আসেনি—তারা এখানে বাঁচবার জন্য, মর্যাদা রক্ষার জন্য এসেছে। উনি বললেন আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি আরও পাশপোর্ট এবং ভিসা অফিস প্রতিষ্ঠা করবার জন্য। ঢাকায় এখন একটি মাত্র অফিস রয়েছে, কিন্তু প্রতিটি জেলায় যদি একটি করে অফিস করাও হয় তাতেও কোন সুবিধা হবে না। এর কারণ হচ্ছে যারা গ্রামাঞ্চলে ৫০।৬০ মাইল দূরে থাকে তাদের হাতে একটি পয়সাও নেই কারণ তারা জমি বিক্রি করতে পারে না, ক্ষেতের ফসল বিক্রি করতে পারে না, তাদের পুকুরের মাছ কেড়ে নেওয়া হচ্ছে এবং তার ফলে নিজেদের ঘটিবাটি বিক্রি করে চলে আসছে। কাজেই পাশপোর্ট, ভিসা করবার জন্য যে অর্থ দরকার, যে সময় দরকার সেটা তাদের নেই এবং এই নেই বলেই তারা বাধ্য হয়ে পায়ে হেটে পাকিস্তান সীমান্তে এসে ট্রেনে চড়ে এখানে আসবার চেষ্টা করে। উনি বললেন ফিফ্‌থ কলামিস্ট ঢুকতে পারে এবং সবচেয়ে আশ্চর্যের কথা আমাদের মুখ্যমন্ত্রী বললেন কে ফিফ্‌থ কলামিস্ট আর কে জেনুইন রিফিউজী সেটা তাঁরা বুঝতে পারছেন না। তাঁদের মিলিটারী কি এত অযোগ্য, এত অক্ষম যে তাদের তারা ধরতে পারল না? আমরা জানি যারা ফিফ্‌থ কলামিস্ট তারা ঐভাবে ট্রেনে চড়ে আসে না, কারণ আমাদের চেকপোস্ট রয়েছে, কাস্টমস অফিস রয়েছে। রিফিউজী হলেই দেখবেন তারা ছেলেমেয়ে নিয়ে, কাঁথার পুটলী মাথায় নিয়ে এবং হাতে ঘটিবাটি নিয়ে মাইলের পর মাইল হেটে চলে আসছে। কিন্তু ফিফ্‌থ কলামিস্ট এইভাবে কখনও আসে না এইভাবে কখনও অনুপ্রবেশ করে না সেটা আমরা সীমান্ত থেকে উপলব্ধি করেছি। ফিফ্‌থ কলামিস্ট কখনও গ্রামের পথে পায়ে হেটে আসে না—তারা কৃষক বলে, জামাই বলে, পোষ্যপুত্র বলে আস্তে আস্তে ঢোকে। আজকে স্ক্রিনিং সুরু হয়েছে, কিন্তু কংগ্রেসীদের চাপে আপনারা অনুপ্রবেশকারীদের তাড়াতে পারলেন না। যাদের আসাম থেকে তাড়ান হয়েছিল তারা পশ্চিমবাংলায় এসে সেল্টার নিচ্ছে। আপনারা তাদের দোহাই দিয়ে বলছেন উদ্বাস্তুদের আসতে দেওয়া উচিত নয়, কিন্তু আমি জানতে চাই যারা এইভাবে এখানে আসছে তাদের পুসব্যাক করে সেখানে ওই গুন্ডার হাতে, নারীধর্ষণকারীর হাতে ফিরিয়ে দেবেন, আয়ুবশাহীর জেলে পুরে দেবেন এই ব্যবস্থাই কি হবে? উনি বললেন বোঝার অনেক সময় অসুবিধা হয়। তাহলে তাদের অ্যারেস্ট করুন এবং তারপর এস ডি ও-র সামনে এনে প্রমাণ করুন কে জেনুইন আর কে ফিফ্‌থ কলামনিস্ট। কিন্তু এঁদের সোজাসুজি কোন নীতি নেই, শুধু পুসব্যাক করছেন। কাজেই আমি সরকার পক্ষের কাছে, মুখ্যমন্ত্রীর কাছে এবং আপনার কাছে অনুরোধ রাখছি এখানে এটা নিয়ে ডিসকাসন হোক এবং কেন্দ্রীয় সরকারের কাছে একটা প্রস্তাব যাতে পাঠাতে পরি সেইভাবে আলোচনা হবে। এখানে মাননীয় জ্যোতিবাবু যে প্রস্তাব এনেছেন সেটা নিয়ে আলোচনা হোক অথবা বিনা আলোচনায় সকলের মত নিয়ে একটা প্রস্তাব যাতে কেন্দ্রীপ সরকারের কাছে পাঠাতে পারি তার ব্যবস্থা করা হোক। আর তা যদি না করেন তাহলে ওঁদের যে কথা, ভাসাভাসা ভিত্তিহীন যে কথা যেটা আমাদের সুকৌশলে বিভ্রান্ত করবার জন্য বলছেন তাতে আমাদের চিন্তা বা সংশয় দূর হতে পারে না। স্যার, লক্ষ লক্ষ লোক যারা দিনের পর দিন এখানে এসে আশ্রয় নেবার চেষ্টা করছে তাদের কথা চিন্তা করে আমাদের দুশ্চিন্তা বেড়ে যাচ্ছে, পশ্চিমবাংলায় প্রতিটি মানুষের, প্রতিটি পরিবারের দুশ্চিন্তা বেড়ে যাচ্ছে। আমি মনে করি আজকে তাঁরা একথা বলে অন্যায় করেছেন যে ফিফ্‌থ কলামিস্ট ধরতে পারছি না। আসুন, আমরা দেখিয়ে দেব, আমরা প্রমাণ করে দেব এই সরকার, এই সরকারের পুলিশ কিভাবে ভোটের জন্য ফিফ্‌থ কলামিস্ট-দের আশ্রয় দিচ্ছে। যা হোক, আমার বক্তব্য হচ্ছে জ্যোতিবাবুর প্রস্তাব নিয়ে আলোচনা হোক এবং আমরা যাতে সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে পারি তার ব্যবস্থা আপনারা করুন।

Mr. Speaker:

উনিতো পজিশন যেটা আছে সেটা স্টেটমেন্ট দিলেন, আপনার রেজলিউশন যেটা আছে নন-অফিসিয়াল রেজলিউশন সেটা দিয়ে দিন
and I will be bound to go through it.

Shri Nani Bhattacharjee:

আজকে অবশ্য এটা পরিষ্কার হয়ে গেল মাননীয় মন্ত্রিমহাশয়ের স্টেটমেন্ট-এর ভিতর দিয়ে যে ক্যাবিনেট-এর মত কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের পিছনে ছিল। কেবল একটা চিঠি লিখেছেন, কবে লিখেছেন মাননীয় মন্ত্রিমহাশয় বলেন নি, যাতে করে মাইগ্রেশন দেওয়ার জন্য অফিস বাড়ান হয় এই রকম অনুরোধ কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছেন। এখানে এটা প্রমাণ হয়ে গেল যে বাংলা সরকার অন্ততঃ কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত সিলিং অব বর্ডার সংক্রান্ত ব্যাপারে মেনে নিয়েছেন। কাল কিন্তু বুঝিনি। আমরা বুঝেছিলাম, মনে করেছিলাম, শুধু রিলিফ-এর ক্ষেত্রে প্রটেস্ট কি, না এই রকম ধরণের ব্যবস্থা ছিল, পরিষ্কার বুঝিনি। আজকে সেটা আরও স্পষ্ট হয়ে গেল। এটা আমি বলতে চাই পরিষ্কারভাবে, কমলবাবু বলেছেন, অবস্থা সম্বন্ধে তিনি বলেছেন নরমাল হয়ে গেছে, সিচুয়েশন বদলে গেছে, অন দি হোল আমরা তা মনে করতে পাচ্ছি না। দাহাগ্রাম থেকে মাননীয় মুখ্যমন্ত্রী বললেন অনেক হিন্দু এমন কি লোকাল মুসলিমরা সংখ্যালঘুরা চলে আসছে, বাংলাদেশের কোচবিহার জেলার মেইন ল্যান্ড-এ চলে আসছে। সিলিং অফ বর্ডার থাকলে ভ্যালিড ডকুমেন্ট ছাড়া আসতে পারবে না। যদি কয়েকদিনের সেই অবস্থা থাকত, তাহলে অন্ততঃ তাদের বর্ডার পুলিশ পুশ ব্যাক করে দিত এবং সেখানে গন্ডগোলের মধ্যে সংখ্যালঘুরা পড়ে যেত। সুতরাং অবস্থা একবারে বদলে গেছে বলা যায় না। দ্বিতীয়তঃ আর একটা বলছি যদি হয় তাহলে তাদের সঙ্গে সঙ্গে ছদ্মবেশী গুপ্তচর অবাঞ্ছিত ব্যক্তি দেশের মধ্যে ঢুকে যাবে এবং সেটাতে রাষ্ট্রের সিকিউরিটি বিঘ্নিত হবে যদি বর্ডার খোলা থাকে। আমি মনে করি এটা যুক্তি হিসাবে গ্রাহ্য নয়, তাঁরা এজন্য প্রটেকশন আরও ভাল ব্যবস্থা করতে পারেন সিকিউরিটি-এর ব্যবস্থা করতে পারেন কিন্তু মূল যে কারণ বর্ডার খোলা রাখার সেই অবস্থা পাল্টে যায় নি যার জন্য সিল করে দিলে যারা ভ্যালিড ডকুমেন্ট নিয়ে আসতে পারবে না তাদের পুশ ব্যক করে দিতে হবে। এদিকে তাকিয়ে জ্যোতিবাবু যে প্রস্তাব রাখলেন—সাজেশন হিসাবেই বলুন আর যেভাবেই বলুন আশা ছিল এই প্রস্তাবে হাউসের সবাইরই হয়ত সম্মতি থাকবে, আলোচনার ব্যাপারে আমি মনে করেছিলাম এ সম্বন্ধে হাক্কসে একটা মত দিতে পারব। আমি মনে করি ক্যাবিনেট এবং এখানকার হাউস সমবেতভাবে একটা প্রস্তাব নিতে পারবেন, কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত সেখানকার সংখ্যালঘুদের পক্ষে বিপজ্জনক হয়ে দেখা দিয়েছে, বাংলা সরকারের নীতি এবং সাধারণ জনমত কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে রয়েছে। চলুন প্রস্তাবের সঙ্গে একমত হয়ে সকলে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করি, আমি আশা করি মুখ্যমন্ত্রী, লিডার অফ দি হাউস হিসাবে সকলের উদ্বেগের কথা বিবেচনা করে রাজী হবেন যাতে করে মাননীয় জ্যোতি বসু মহাশয় যে প্রস্তাব এনেছেন গতকাল সেটা সম্বন্ধে আলাপ-আলোচনা করা যেতে পারে এবং একমত হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে পারি।

Shri Narendra Nath Sarkar:

অনেকে যারা চলে গেল তারা কারা। গত রায়টের সময় যেসব লোক এখানে এসেছিল, তারা পরবর্তী অবস্থায় আমরা দেখেছি তারা বর্ডার ক্রস করে চলে গেল। এরা কারা?

[Noise and Interruptions]

[3-20—3-30 p.m.]

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আজকে আমরা এটা বুঝতে পারলাম কেন্দ্রীয় সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার একমত হয়ে বর্ডার সিল করেছেন অর্থাৎ—বাস্তুহারা ট্রাভেল ডকুমেন্ট ছাড়া এখানে আসতে পারবেন না এই সিদ্ধান্ত তাঁরা গ্রহণ করেছেন। কাজেই কালকে শৈলবাবু প্রোটেস্ট ইত্যাদি বলেছিলেন এগুলো ঠিক কথা নয় এগুলি বলে মিসলিড করবার চেষ্টা করেছিলেন। যাই হোক

চীফ মিনিস্টার এসব কথা বলে ভাল করেছেন। তিনি যে অজুহাত দিয়েছেন সে অজুহাতে তিনি বলেছেন যে পঞ্চম বাহিনী সব ঢুকে যাবে। আমি যে সব দেখেছি আন্তর্জাতিক ক্ষেত্রে এবং এসব বই এতে আছে যে পঞ্চম বাহিনীর কাজ করবার জন্য যারা আসে তারা ট্রাভেল ডকুমেন্ট ছাড়া আসে না। আমি জানি না আমাদের রাষ্ট্রের ঐ রকম পঞ্চম বাহিনী নেই বলে কেন বলছেন। বাইরে থেকে আমেরিকা, পাকিস্তান থেকে এরকম বহু লোক যারা আমাদের এখানে এসে সমস্ত খবর দিয়ে দেয়, যা সব রাষ্ট্রে হয় যে উইদাউট ট্রাভেল ডকুমেন্ট ছাড়া পঞ্চম বাহিনীর লোকেরা ঢোকে না এটুকুন যদি ১৮ বৎসরে না শিখে থাকেন তাহলে জানি না কবে শিখবেন। পঞ্চমবাহিনী যাদের রিপোর্ট করবার জন্য এখানে আসবার দরকার হয় মিলিটারী কি অবস্থায় আছে এখানে এসব হচ্ছে পঞ্চম বাহিনীর কাজ, তারা নিশ্চয়ই ট্রাভেল ডকুমেন্ট নিয়ে আসবেন, পাশপোর্ট নিয়ে আসবেন, ভিসা তাদের কাছে থাকবে। তাদের কোন রকম অসুবিধা হবার কথা নয়। তা না হলে তারা কি করে সে সব কাজ করবে যে কজের কথা বলা হয়েছে। কাজেই এসব ফাঁকির কথা বলে লাভ নেই। সরকার ঠিক করেছেন যে ও'রা এলে আমাদের অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়বে, নর্মাল অবস্থা হয়ে গেছে কাজেই এখন আর আসার প্রয়োজন নেই। আগেও এরূপ ছিল কিন্তু আবার যদি রায়ট হয় তাহলে আবার তারা আসবে: এখন প্রশ্ন হচ্ছে আগের মত ১০।১৫ মাসের মতন আসা যাওয়া নয়, মানুষ আসছে তারা বিপদে পড়েই আসছে। এদের এরূপভাবে পঞ্চম বাহিনী বলার কথা বুঝতে প'রছি না। সেজন্য আসতে দেবো না, এসব বলে কোন লাভ নেই। এটা আপনারা বলুন যে এটার সঙ্গে আমরা একমত নই। কাজেই আমরা পুরান অবস্থায় ফিরে যেতে চাই। কিন্তু এখন মনে হচ্ছে মানুষকে ফাঁকি দেবার জন্য এসব কথা বলা হচ্ছে। এসব কথা কি কেউ বিশ্বাস করবেন? এভাবে হাজার হাজার লোক যারা আসছে তারা কি সকলেই পঞ্চম বাহিনীর লোক আসছে। গুপ্তচর বৃত্তি করবার জন্য কি আগে কি কেউ আসে নি। আমি জানি না এখানে পঞ্চম বাহিনী যারা করবে, তাদের যারা মেম্বার সেই সিয়াটো তারা নানান জায়গায় আছে, ইণ্ড বাই ইণ্ড তাদের কাছে ছবি আছে ঐ মিলিটারীর বিষয়, পুলিশের বিষয় তারা জানে এর মধ্যে আমেরিকা, বৃটিশ আছে তাদেরই মরটার আমাদের জমিতে এসে পড়েছে এবং আমরা শুনলাম এবিষয়ে কোন চুক্তি নেই পাকিস্তানের সঙ্গে যে সিয়াটোর এই মর্টার ভারতবর্ষের বিরুদ্ধে ব্যবহার করবেন, কিন্তু আমাদের ব্যাপারে চুক্তি আছে, যে এরূপ যদি কোন বিপদ আসে তাহলে আমরা কেন তা ব্যবহার করবো না? কিন্তু আমরা এখন সেসব ফেলে দিয়ে গাদা বন্দুক রাইফেল নিয়ে যুদ্ধ করছি। এসব জিনিষ হচ্ছে কিন্তু এ কথাগুলো এত পরিষ্কার মুখ্যমন্ত্রী যেন একটা ছাত্রের সঙ্গে কথা বলছেন। তার চেয়ে যদি একথা বলতেন যে যা করেছি ভালই করেছি, আমরা বাস্তুহারাদের আসতে দেবো না, তাহলে হতো। সেজন্য বলছি আমরা খুশী হতাম—যে যদি কেউ আসে তো ভালই, কিন্তু যদি বেশী করে আসে তাহলে আসতে দেবো না এতো হয় না। রিলিফের কোন ব্যবস্থা যারা এসেছে তা করছেন না। আমার বাড়ীর সামনে হিন্দুস্থান পার্কে কিছুদিন ধরে একটা পরিবার এসে আছে তারা বরিশাল থেকে এসেছে, কোন ট্রাভেল ডকুমেণ্ট কিছু নেই, শিয়ালদহ স্টেশনে ছিলেন, সেখান থেকে পুলিশ তাদের তাড়িয়ে দিয়েছে—কিন্তু তাদের খাইয়েছে। তাদের কোন জায়গা নেই—এরূপ একটা দল কলকাতার ভেতরে প্রবেশ করেছে কোথায় যাবে তা জানে না, আমি বলেছি মন্ত্রীদের সঙ্গে এসব নিয়ে আলোচনা করবো। কিন্তু এরূপ ধরনের লোক যারা আসছে তাদের পঞ্চম বাহিনী বলে লাভ নেই। রিলিফ আপনারা দিতে পারবেন কি না সে কথায় প্রফুল্লবাবু, সেদিন বললেন যে আমি কেন্দ্রকে বলেছি যে তোমাদের রিলিফ দিতে হবে। এসব অন্য কথা কি হয় দেখবো। সেজন্য আমি বলবো। আমি যে প্রস্তাব এখানে আনবার চেষ্টা করেছিলাম—সে প্রস্তাব তাঁরা বদলাতে পারেন তাতে আপত্তি নেই, কিন্তু এধরনের একটা প্রস্তাব যেটা মুখ্যমন্ত্রী শোনেন নি

The Assembly is of the opinion that the Government of India should immediately cancel its order which comes into force from 1st April, 1965 by which refugees from across the border from East Pakistan will not be permitted to cross into Indian territory without valid travel documents.

আপনারা এটা মডিফাই করে আনতে পারেন সেজন্য বলছি যে নন-অফিসিয়াল ডে তে এটা আনুন জিনিসটা খুবই গুরুত্বপূর্ণ। সেজন্য এখানে আমরা সকলে মিলে একমত হয়ে যাতে একটা কিছু করতে পারি কিন্তু সে একমত হবার সম্ভাবনা নেই, কারণ মুখ্যমন্ত্রী যা বললেন তাতে

বোঝা যায়, কারণ, তিনি বললেন যে আমরা ভারত সরকারের সঙ্গে একমত যে বর্ডার পাসপোর্ট ছাড়া কেউ আসবে না। সেজন্য আমি বলছি যে আমাদের ওটা আলোচনা করতে দিন, ও'রা এর বিরুদ্ধে ভোট দিন, কিন্তু আমাদের একটা মত দেওয়া দরকার।

শ্রীসোমনাথ লাহিড়ী: আমার একটা সাজেশান আছে কথাটা হচ্ছে এখানে যাঁরা আসবেন তাঁরা ভ্যালিড ডকুমেন্ট নিয়েই আসুক বা এমনি ভাবেই আসুক তাদের সোজাসুজি ঢুকতে দেওয়া হবে না চেক্ না করে, সুতরাং পঞ্চম বাহিনীর লোক আসছে কি না সেসব চেক করার যথেষ্ট সুযোগ আছে। আজকে তিনি যে কথা বললেন তাতে ওরা সম্মতি দিয়েছেন এবং তার মানে এটা দাঁড়ায় যে আমরা যে প্রস্তাব আনতে চাই সে ধরনের প্রস্তাবে ও'দের মত নেই। তবে এটুকুন বলতে পারেন কি না যে নন-অফিসিয়াল ডে-তে এই রেজলিউশন উঠবে কি না তার কোন স্থিরতা নেই, কারণ ব্যালট হয়েই আছে। আপনারা এটুকুন তাই বলতে পারেন যে শুক্রবারের আগেই ঐ রেজলিউশন আমরা মুভ করতে পারবো এবং সকল পক্ষই এতে এগ্রি।

মিঃ স্পীকার: ৬৭টা মেম্বার সই করে দিন তাহলেই হবে।

শ্রীসোমনাথ লাহিড়ী: ৬৭ হবে কি না জানি না। আমি জিজ্ঞাসা করছি ও'দের এতে আপত্তি আছে কি না? সুতরাং নন-অফিসিয়াল রেজলিউশন-এ যে আলোচনা তার প্রথমেই এই রেজলিউশন ধরা হবে, অতএব ও'রা এগ্রি করলেই এর সমাধান হয়ে যায়।

শ্রীজ্যোতি বসু: আইনে আছে প্রথম হচ্ছে যে ব্যালট যে কোন জায়গায় প্রস্তাব থাকে তারপর সেটা তুলে নেওয়া যায় আইনে সেটাই হচ্ছে নিয়ম। প্রস্তাব নেই হাউসের সামনে সেটাই প্রথম কথা।

মিঃ স্পীকার: ব্যালটেড্ লিস্টে থাকলে তবে হতে পারে।

শ্রীজ্যোতি বসু: আপনার স্পেশাল অনুমতি হলেই সব হতে পারে, একটা মোসান আমাদের আনতে দিতে পারেন, সেটা আমরা এখানে রাখতে পারি। ৬৩ জন যে বলছেন আমরা তাদের পাব কোথা থেকে, কারণ আপনারা তো অনেককে বিনা বিচারে জেলে ভরে দিয়েছেন, কে সই করবে?

শ্রীজগন্নাথ কোলে: ও'রা যদি ৬৩ জন সই করে দেন তাহলে আমরা নিয়ে যাব আউট অফ টার্ন করে।

মিঃ স্পীকার: আউট অফ টার্ন হবে।

শ্রী[illegible] বসু: স্যার, জ্যোতি বসু যে রেজলিউশন, দিস্ ইজ প্র্যাকটিক্যালি দি প্রপার্টি অফ দি হাউস, জ্যোতি বসুকে আপনি অ্যালাউ করেছেন এই রেজলিউশন তিনি প্লেস করেছেন কাজেই এটা নন-অফিসিয়াল হিসাবে আলোচনা করতে দেওয়া হোক। এটা প্রপার্টি অফ দি হাউস, এটা যদি এগ্রি করেন তাহলে কালই হতে পারে।

Mr. Speaker: Though it is not in the ballotted list, they will consent to it if the House gives consent; and though it is not in the ballotted list, it wiill be given priority.

শ্রী[illegible] অধিকারী: স্পীকার মহোদয়, আমি আপনাকে একটা কথা বলছি যে জ্যোতি-বাবু প্রস্তাবটা রেখেছেন সেই প্রস্তাবটা আপনি তো বুঝতেই পারছেন যে সই না করলে ইফসো ফ্যাক্টো, এদিকে সদস্য যাঁরা আছেন তাঁরা সকলেই সম্মতি দিয়েছেন। এই করা মানে তো সম্মতি দেওয়া। এখন ও'রা সম্মতি দিলেই তো হয়ে যায়—এখনই তো ডিসকাসন আরম্ভ হতে পারে। আবার ৬৭ জন সহি করে—নন-অফিসিয়াল রেজলিউশন—এইসব বলছেন কেন। আমি আপনাকে বলছি যে এ জিনিসটা খুব একটা মামুলী জিনিস নয়।

[3-30—3-40 p.m.]

মিঃ স্পীকারঃ মিঃ অধিকারী, এটা যে মামুলী জিনিস নয়, কালকেই বলেছেন এবং এর গুরুত্ব সম্পর্কেও বলেছেন আজকে। লেট আস কাম টু এ সলিউশন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ স্যার, এক্সট্রাঅর্ডিনারী সিচুয়েশন আপনার রেসিডিউয়ারী পাওয়ার আছে। এইজন্য বলছি যে রুলসটা দেখুন এমন কিছু নেই যেখানে এক্সট্রাঅর্ডিনারী সিচুয়েশনে স্পীকার বাউন্ড ডাউন হয়ে আছেন। আপনাকে দেখতে হবে whether it is an extraordinary situation or not.

শ্রীজগন্নাথ কোলেঃ নন-অফিসিয়াল আর অফিসিয়াল—এই দুটো জিনিস আছে, জ্যোতিবাবু কালকে একটা রেজলিউশন মুভ করেছেন সেটা আমাদের নন-অফিসিয়াল হিসাবে ধরতে হবে। কিন্তু একটা জিনিস আমি বলছি যে একটা তো নিয়ম আছে। আপনারা যদি ৬৭ জন সহি করে দেন তাহলে ব্যালটের বাইরে হলেও স্পীকার মহাশয় যদি দেন তাহলে আমাদের কোন আপত্তি নেই।

শ্রীজ্যোতি বসুঃ আমরা এতো লোক পাবো কোথায়। তারা জেলে বিনা বিচারে আটক ডিফেন্স অফ ইন্ডিয়ার রুলসে। মন্ত্রিমহাশয়ের কথাটা বলবার আগে লজ্জা হওয়া উচিত ছিল।

শ্রীহেমন্তকুমার বসুঃ স্যার, জগন্নাথবাবুর যখন আপত্তি নেই তখন হোল হাউস এগ্রি করুক না। আমি চীফ মিনিস্টারকে অনুরোধ করছি যখন এই ব্যাপার নিয়ে কালকে অনেক আলোচনা হয়ে গেছে এবং তাঁরও এ ব্যাপারে বিশেষ আপত্তি আছে বলে মনে হয় না।

মিঃ স্পীকারঃ মিঃ বোস, এতে ডিসকাসনের কিছু নেই, জ্যোতিবাবু ভাল করে বলে দিয়েছেন। মুখ্যমন্ত্রীও তার মধ্যে একটা কথা বলেছেন, অতএব জ্যোতিবাবু খুব ভাল স্কান করে দিয়েছেন। সুতরাং এটা নিয়ে ডিসকাশনের কোন দরকার নেই।

শ্রীহেমন্তকুমার বসুঃ স্যার. আমি বলছি যে, এতে জগন্নাথবাবু রাজী আছেন, কেবল ৬৭ জনের সহি নেওয়ার অজুহাত দিয়ে কেন বন্ধ করে দিচ্ছেন।

মিঃ স্পীকারঃ হাউস যদি কনসেন্ট দেয় তাহলে হতে পারে।

শ্রীকানাইলাল ভট্টাচার্যঃ স্যার, জগন্নাথবাবুর কাছে একটা জিনিস জানতে পারলাম যে এই প্রস্তাবটা আলোচনা করতে নন-অফিসিয়ালের বদলে ওঁদের আপত্তি আছে কি না। যদি আপত্তি না থাকে তাহলে হোল হাউস এগ্রি করতে পারে।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ আপত্তি আছে।

শ্রীজগন্নাথ কোলেঃ আলোচনা করবার জন্য যদি বিজনেস করতে না দেন তাহলে আপত্তি আছে বৈকি।

শ্রীকমলকান্তি গুহঃ স্যার, ও'রা বলছেন যে ৬৭ জন সহি করে দিলেই হবে। আমরা দেখছি যে আমাদের বিরোধী দলের অনেকে জেলে রয়েছেন এবং অনেকে এলাকায় চলে গেছেন। ওদিকে চীফ মিনিস্টার বলছেন আপত্তি আছে আর জগন্নাথবাবু ৬৭ জনের কথা বলছেন। আসলে ব্যাপারটাকে ও'রা এড়িয়ে যাবার চেষ্টা করছেন। হাউস যদি এ ব্যাপারে এগ্রি করে তাহলে এ কথা উঠে না। কালকে আপনি এই ৬৭ জনের কথা তো বলেন নি।

মিঃ স্পীকারঃ আমি বলবো কেন, দ্যাট ইজ দি রুল। আপনারা হোল হাউসকে এগ্রি করান...

শ্রীকানাইলাল ভট্টাচার্যঃ আমার আর একটা সাজেসন হচ্ছে ও'রা যখন জিনিসটা অ্যাভয়েড করতে চাচ্ছেন দো ইট ইজ নট এ ব্যালটেড রেজলিউশন। ও'রা রাজী আছেন যদি ৬৭ জন মেম্বার সই করে দেয়। সহি মানে অভিমত। আমাদের বিভিন্ন পার্টি লিডাররা যদি এখানে বলে দেন যে তাঁদের দলের মেম্বাররা এতে রাজী আছেন তাহলে মুখ্যমন্ত্রী কি স্যাটিসফায়েড হবেন যে ৬৭ জনে অভিমত আছে। আমি চীফ হুইপকে জিজ্ঞাসা করছি—আপনি বললেন যে ৬৭ জন

সহি করলে ওটা ব্যালটেড রেজলিউসন না হলেও আপনি আলোচনা করতে দিতে রাজী আছেন। আমাদের বিভিন্ন পার্টি লিডাররা যদি এখানে দাঁড়িয়ে বলেন যে তাঁদের মেম্বাররা রাজী আছেন তাহলে সেই প্রভিসন আপনি কি মেনে নিতে রাজী আছেন?

শ্রীজগন্নাথ কোলে: আমাদের পার্টির যাঁরা মেম্বার তাঁরা অলরেডি এটাকে প্রিসিডেন্স দিয়েছেন। অতএব আমাদের পার্টি মেম্বাররা নিতে পারেন না, আপনারা নিতে পারেন। যদি আপনারা ৬৭ জনের সহি করে এটা নেন তাহলে আমার কোন আপত্তি নেই।

শ্রীজ্যোতি বসু: আমি পয়েন্ট অফ অর্ডারে বলছি স্পীকার মহাশয়, যে আমি তো কিছু বুঝতে পারছি না যে ৬৭ জনের ব্যাপারটা কোথা থেকে এলো। আমি আবার পার্লামেন্টারী অ্যাফেয়ার্সের মন্ত্রীকে মনে করিয়ে দিচ্ছি তিনি যদি রুলটা পড়ে দেখেন তাহলে দেখবেন যে ব্যালট হবার পর যদি তলায় পড়ে যায় তাহলে ৬৭ জনের সহি করে ওটাকে প্রায়রিটি দেবার জন্য উপরতলায় আনবার—এই হচ্ছে নিয়ম। সেই ধরণের কোন প্রস্তাব বা মোসন এখানে নেই। এখানে একটা স্পেশাল পারমিসন চাচ্ছি স্পীকারের কাছ থেকে—এটাকে মোসন বলুন আর যাই বলুন আমি এটা রাখতে চাচ্ছি। এর আলোচনা কালকে হয়ে গেছে—আমার মনে হয় যে একজনই এটা মুভ করতে পারেন যেমন আমি এখানে মুভ করেছি, তাকে সাপোর্ট করবারও দরকার হয় না আনবার জন্য। এতে ও'রা বক্তৃতা দেবেন যদি প্রয়োজন হয়। অনেক বক্তৃতা হয়ে গেছে এবং পরে যদি ভোট হয় তো হবে এবং ভোটের পর যে সিদ্ধান্ত হবে সেটা রেকর্ডে থাকবে এবং সেটা কেন্দ্রীয় সরকারও জানবেন। এখানে ৬৭ জনের কোন ব্যাপার নেই। আমি বুঝতে পারছি না কেন বারে বারে এই কথা বলছে। জগন্নাথবাবু কি এটা জানেন না—না ইচ্ছা করে এই ৬৭ জনের কথা বলছেন। উনি জানেন আমাদের সব লোককে জেলে ধরে রেখেছেন—এটা ও'র লজ্জা হওয়া উচিত।

শ্রীজগন্নাথ কোলে: আইনে আছে ৬৭ জন মেম্বার দিয়ে সহি করাতে হবে।

শ্রীজ্যোতি বসু: আপনি কোন্ আইনের কথা বলছেন, আমাদের দেখিয়ে দিন। আমরা স্পেশাল পরমিশন চাচ্ছি। চীফ মিনিস্টারের যদি আপত্তি না থাকে তাহলে এখুনিই এটা মুভ করা যায়। স্পীকার মহাশয়, আপপনি ও'দের জিজ্ঞাসা করুন যে এখুনি আলোচনা হতে আপত্তি আছে কি না। আপত্তি যদি না থাকে তাহলে আলোচনা হতে পারে। তার পর এগেনস্ট-এ ভোট দিন আলাদা কথা। হাউস এক সঙ্গে হলে অনেক জিনিসই হয় যার বাঁধাধরা কোন নিয়ম নেই এবং এগুলিও হতে পারে। সেইজন্য স্পীকার মহাশয়, আপনি যদি অনুমোদন করেন, আপনি একটা টাইম লিমিট করে দিতে পারেন যে সারা দিন আলোচনা না হয়ে এই টাইম পর্যন্ত হবে। কাজেই প্রস্তাবটা আলোচনা হোক—আমাদের পক্ষের কয়েকজন বলবেন আর ও'রাও যদি বলেন সেটা আমরা ঠিক করে নেবো।

I am still waiting for the rule to be read out.

[3-40—4-20 p.m.]

শ্রীজগন্নাথ কোলে: আপনি প্রিসিডেন্স নিতে পারেন ৬৭ জন মেম্বারকে দিয়ে সই করিয়ে। প্রশ্ন হচ্ছে আমি কোনটা বলেছি—কালকে ব্যালটে না থাকলেও এটা আর একটা রেজলিউশন। ধরুন এটা লাস্ট রেজলিউশন ব্যালটে না থাকলেও। তাহলেও ৬৭ জন মেম্বার যদি সই করে দেন তাহলে আমাদের কোন আপত্তি নেই, আনতে পারেন। যদি সই না করে দেন তাহলে কোন নিয়মই থাকছে না। একটা নিয়ম তো আমাদের মানতে হবে।

Shri Jyoti Basu:

যদি নিয়মের কথা বলেন তাহলে একটা মোশান তো আনা যায় যেমন নো-ডে-নেম্‌ড-ইয়েট বলে আমরা আর একটা মোশান এনে রেখেছিলাম, এখনও ডেট পাই নি। মুখ্যমন্ত্রী, হাউস, যদি আপত্তি না করেন তাহলে সেই জিনিস আলোচিত হতে পারে। তিনি একটা দিন ঠিক করে দিন। আমি জানি না হঠাৎ এত আইনের কথা, পার্লামেন্টারী ডেমোক্র্যাসির কথা কেন আসছে। যদি

আসে তাহলে আমি বলব ওটাও হতে পারে, তাহলে ওটা কোন বাধা নয়। সেজন্য স্পীকার মহাশয় যদি আপনাদের জিজ্ঞাসা করেন, আপনারা যদি বলেন আমাদের কোন আপত্তি নেই মুখ্যমন্ত্রী যদি বলেন না আমার কোন আপত্তি নেই নো-ডে-নেম্‌ড-ইয়েট।

Shri Prafulla Chandra Sen:

আমি তো বলেছি যে আমাদের আপত্তি আছে।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমার এইজন্যই মুখ্যমন্ত্রীটিকে খুব ভাল লাগে। ও'রা যেমন ভণ্ডামী করেন উনি অন্ততঃ ভণ্ডামীটা করেন না। উনি পরিষ্কার বলছেন আমার সাবজেক্ট ম্যাটারে আপত্তি আছে, আলোচনা করতে আপত্তি আছে।

Shri Prafulla Chandra Sen:

আলোচনা করতে আপত্তি নেই। আমরা এখানে নিয়ম মানতে চাই, নিয়মমাফিক হবে।

Shri Jyoti Basu:

তাই যদি হয় স্পীকার মহাশয়, তাহলে বুঝলাম এখানে আলোচনা করতে ও'দের আপত্তি নেই। জগন্নাথবাবুও তাই বলেছিলেন যে আলোচনা করতে আপত্তি নেই। তা যদি না হয় তাহলে আপনি একটা মোশান হিসাবে আমাদেরটা ট্রিট করে আমাদের এটা আনতে দিন।

Shri Saila Kumar Mukherjee:

স্যার, আমরা সকলেই চাচ্ছি যে নিয়ম মাফিক হোক। নিয়ম ভঙ্গ করলে এটা প্রিসিডেন্ট হয়ে যাবে। সেটা যাতে না হয় সেটা আমরা সকলেই চাই। চীফ মিনিস্টার আনঅ্যাম্বিগুয়াস বলেছেন যে আমরা আলোচনা চাই, প্রথমেই চাই কালকে নন-অফিসিয়াল ডে-তে। কিন্তু নিয়মের প্রশ্নে আপনারা বলছেন আমাদের মেম্বার জেলে আছে বলে সই করা সম্ভব নয়। কিন্তু আমি তো সংখ্যাটা বুঝতে পারছি না। ৯২ জন সদস্যের মধ্যে যদি ১২ জন সদস্য জেলে থাকে তাহলে তো ৮০ জন সদস্য আছে। তার মধ্যে ৬৫ জনের সই করতে আপত্তি কি? তাহলে ও'দের যুক্তিটা ঠিক নয়।

Shri Jyoti Basu:

বারজন জেলে নেই। আপনি একজন ক্যাবিনেট মিনিস্টার, লোকদের বিনা বিচারে ধরে রেখেছেন, একটু জানা দরকার যে অ্যাসেমব্লী মেম্বার কতজন জেলে নেই বা কতজন জেলে আছে।

Shri Hemanta Kumar Basu:

মুখ্যমন্ত্রী তো বললেন আপত্তি নেই। নিয়ম মাফিক বলছেন এও তো নিয়ম। যদি হোল হাউস এগ্রি করে এবং স্পীকার মহাশয় পার্মিশান দেন তাহলে তো হয়ে যায়। চীফ মিনিস্টার তো রাজী হয়েছেন যে এটার আলোচনা হোক, আলোচনা চাই, যদি আলোচনা হয় তাহলে এত ফর্মালিটিস কেন? হোল হাউস এগ্রি করলেই হয় এবং আপনি পার্মিশান দিলেই হয়।

Shri Jyoti Basu:

আপনি না বলছেন শৈলবাবু, আপনি তো একদিন স্পীকার ছিলেন, এখন সব ভুলে গেছেন। আপনাকে পড়ে দিচ্ছি, আপনি যে নিয়মের কথা বলছেন, তার দ্বারা আপনি হাউসকে কেন মিসলিড করছেন? ধরুন আমরা সই করে দিলাম—যে কয়জন আছি। সেটা কোন্ নিয়মে পড়ে, কোন্ রুলে—কি করে আলোচনা করতে পারি—আপনি পড়ে দিন্ তো। এই সব করে আপনারা ভণ্ডামী করবেন না, হাউসকেও মিসলিড করবেন না। রুল ১৭৬-এ লেখা আছে:—

> Notwithstanding anything contained in rule 30, on the written requisition of not less than sixty-seven members that a resolution be taken out of its run at a date allotted for the discussion of resolutions of private members, the resolution shall, with the consent of the Speaker and the Minister in charge of the Department to which the resolution relates, be given precedence on that day over all other resolutions for

which a ballot has been held." Where has the ballot been held for this particular resolution? Why will it come under rule 176? Why are the Ministers there misleading every member of the House—I do not know?

আমরা সেইজন্য বলছিলাম আমরা স্ট্রিক্টলি সেই জন্য রুল-এর কথা বলিনি। আমি জানি—আমরা যদি ৬৭ সই করেও দিই, তাহলেও এই রুলের মধ্যে সেটি ফেলা যায় না। কাজেই এই সমস্ত বাজে কথা বলে লাভ কী আছে? সেই জন্য আমি বলছিলাম আমরা একটি মোশান আনতে পারি—এই নো-ডে-ইয়েট-নেম্‌ড কোন রুলটার মধ্যে আছে আপনি জানেন উইথ দি কনসেন্ট অফ দি চীফ মিনিস্টার আপনারা ডেট ফিক্স করতে পারেন। সেই ডেট আপনারা এখনই ফিক্স করতে পারেন। উনি তো বলে দিয়েছেন আপত্তি নাই। কাজেই এটা হয়। সেই জন্য বলছিলাম নিয়মে কোথাও বাধে না। ইচ্ছা করলে এখনই আনা যায়। আমাদের কয়জনকে বিনা বিচারে জেলে রেখেছিল—তাও আপনি জানেন না। অথচ বাজেট অধিবেশন হচ্ছে! ভাল করে কনসালটেশন করুন। অন্যায়ভাবে রুলকে ইন্টারপ্রেট করে যদি আমাদের ধোঁকা দেওয়া হয়, তাহলে আমরা তা মানবো কেন? আমরাও লেখাপড়া একটু শিখেছি। তাই বলছি—ঐ ১৭৬ রুল এখানে আনতে পারেন না। আমি যা বলছি আপনারা করুন চীফ মিনিস্টারের যখন কোন আপত্তি নাই। তাহলে এত গণ্ডগোল করে লাভ কী? আলোচনা তো এতক্ষণ হয়ে যায়। রুল তো ভঙ্গ করছেন না। চীফ মিনিস্টার যদি কনসেন্ট দেন তাহলে তো আপনারা রুল ভঙ্গ করছেন এ ব্যাপারে. আলোচনা করতে পারেন। তাই বলছিলাম ১৮৫ থেকে ১৯০ যা কিছু মোশন আছে চ্যাপটার ১৪, পেজ ৯২, এতে আমার মনে হয় আনতে পারেন। আইনের কথা যদি হয় বা রুলের কথা হয়, সেটা হচ্ছে নো-ডে-ইয়েট-নেম্‌ড মোশন।

[At this stage the House was adjourned for thirty minutes.]

[After adjournment]

[4-20—4-30 p.m.]

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee.

Shri Nathaniel Murmu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্ম অ্যাক্ট, যেটা গত বছর আমরা সিলেক্ট কমিটিতে পাঠিয়েছিলাম, সেটা ফিরে আসার পর আমরা যে চেহারা দেখলাম তাতে আমরা খুব বেশী আশান্বিত হ'তে পারিনি। আজকে মাননীয় মন্ত্রিমহোদয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যে কথা বলেছেন, চা-বাগানে চাষযোগ্য জমি উদ্ধার এবং উপজাতীয়দের জমি হস্তান্তর সম্পর্কিত বিধি-নিষেধ ও কড়াকড়ি শিথিল করার জন্য এই বিলটা এনেছেন কিন্তু আনুপাতিকভাবে এই বিলটা পর্যালোচনা করলে আমার মনে হয় তা হয়নি।

মাননীয় স্পীকার মহাশয়, আমরা বিরোধী দলের তরফ থেকে বারে বারে বলেছি জমি জমা সংক্রান্ত ব্যাপারে গোলমেলে রয়ে যাচ্ছে। বারে বারে টুকরো টুকরোভাবে অ্যামেন্ডমেন্ট এনে ভূমি সংস্কারের সম্ভাবনাকে যেভাবে নষ্ট করে দেওয়া হচ্ছে, সেটা না করে সামগ্রিকভাবে সমস্ত বিষয় সম্পর্কিত একটা বিল এই বিধান সভায় আনার জন্য আমি বার বার বলেছি। তিনি একবার প্রতিশ্রুতিও দিয়েছিলেন যে সামনের বছর এইরকম একটা বিল আনার চেষ্টা করবেন। কিন্তু আজ পর্যন্ত তিনি করেন নি এবং তার ফলে আজকে অ্যামেন্ডমেন্ট আনা সত্ত্বেও আমরা মনে করি যে সমস্যা থেকেই যাচ্ছে এবং কিছুদিন পরে আবার দেখবো যে আর একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন আর একটা সমস্যা দূর করার জন্য। সমস্যাকে আরও তিনি জটিল করে তুলেছেন, এই ল্যান্ড রিফর্মস বিলের মধ্যে চা-বাগান সম্পর্কীত যে কথা বলেছেন আমরা বুঝতে পারছি না যে এই ল্যান্ড রিফর্মস বিলের সংশোধন করে চা-বাগানের তিনি কি করবেন? এই চা-বাগানের জমি-জায়গার বিধি-নিষেধটা এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টে রয়েছে, উনি জানেন চা-বাগানের খাজনা সম্পর্কিত যে প্রভিশন সেটাও এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট-এ রয়েছে। চা-বাগানের টি এস্টেটের যে জমি তার খাজনা কি রকম হবে? ফ্যাক্টরীর যে জমি তার খাজনা কিরকম হবে? লেবার

কোয়ারটার-এর তার খাজনা এক রকম হবে, চা-বাগানের অন্তর্গত যে ধান চাষ বা আখ চাষের জমি তার খাজনা এক রকম হবে, এগুলি সম্পর্কে খাজনা সম্পর্কে যে প্রভিশন, সেগুলি এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট-এর মধ্যে রয়েছে। সুতরাং চা-বাগানের সম্পর্কে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এ যদি কিছু করণীয় থাকে, তাহলে সেটা হচ্ছে যে এই টি এস্টেটের যে জমিতে বর্গাদার রয়েছে ধান চাষ করে সেই বর্গাদার সম্পর্কিত কিছু সংশোধন কিছুদিন আগে এই ভূমি-সংস্কারের এই বিল এই বিলের সিলেক্ট কমিটির সদস্যরা যখন উত্তরবাংলায় গিয়েছিলেন মাননীয় শ্যামাদাসবাবুকে সেখানমার এক চাষী সংগঠন যুক্ত কিষাণ সংগঠন থেকে মেমোরেন্ডামও দেওয়া হয়েছিল বলে আমি জানি, তাতে এই কথাটা পরিষ্কার তার কাছে বলা হয়েছিল এবং সদস্যদের কাছে বলা হয়েছিল যে চা-বাগানের কর্তৃপক্ষ নিজেদের দখলে যে জমিটা রাখবেন বলে আজকে সরকারের কাছে দরখাস্ত করেছিলেন এবং রিটেন করেছেন, সেই জমির মধ্যেও বহু জমি রয়েছে, যেখানে কোন চা হবে না কোনদিন। যেখানে ধানের আবাদ হয় এবং বর্গাদাররা সেই জমি আবাদ করে এই বর্গাদারদের নিরাপত্তা সম্পর্কে এই বিলে কোন রকম প্রতিশ্রুতি আমরা খুঁজে পাই নি চা-বাগানের মালিকরা সেখানকার বর্গাদারদের ফসলের যে অংশ আদায় করবার জন্য অনেক ভাবে নোটিশ দিয়েছেন, সেই নোটিশ শ্যামাদাসবাবুর নজরে আনা হয়েছিল এবং জোর করে তাদের ফসলের অংশ কেড়ে নেওয়ার চেষ্টা হয়েছিল, সেটাও তিনি জানেন। কাজেই এই ল্যান্ড রিফর্মস বিলের সংস্কার করতে গিয়ে চা-বাগান সম্পর্কিত যে কথা তিনি বলেছেন সেই কথাটায় আমাদের আশঙ্কা হচ্ছে এবং আমরা সঙ্গতভাবে মনে করছি যে চাবাগানের—টি এস্টেট এলাকার মধ্যে যেসব আধিয়াররা রয়েছে তাদের সর্বনাশ করার একটা ষড়যন্ত্র রয়ে গেছে, তাদের উচ্ছেদ করার একটা ষড়যন্ত্র রয়ে গেছে।

মাননীয় স্পীকার মহাশয়, এই চা-বাগানের মালিকদের অবিচারের বহু কথা এই বিধান সভার সদস্যদের সম্প্রতিকাল থেকে জানা রয়েছে। আগে চা-বাগানের জমি-জমা সম্পর্কে আমরা সকলে অন্ধকারে ছিলাম। কিন্তু এই সংশোধন বিলটা আনতে গিয়ে একটা জিনিস ভাল হয়েছে, সেটা হচ্ছে চা-বাগানের ভূমি ব্যবস্থা এবং চা-বাগানের নিয়ম-কানুন সম্পর্কে অল্প বিস্তর বিধানসভার সদস্যরা কিছুটা বোধগম্য করেছে, কিছুটা বুঝতে পেরেছেন। এমন ভাবে সেখানে রয়েছে—চা-বাগান এলাকায় যে এলাকায় চায়ের চাষ হয় সেখান থেকে অনেক দূরে ২।৪ মাইল দূরে যেখানে কোনদিন চা ক্ষৎপাদন হতে পারে না, এই সব জমিতে আধিয়াররা বাস করছে, আজকে তাদের তরফ থেকে সেখানে চা-বাগান করবার নাম করে তাদের উচ্ছেদ করা হচ্ছে, একটা ষড়যন্ত্র হচ্ছে যদিও আমরা জানি চা সেখানে কোন দিন হবে না। কাজেই এই সংশোধনী বিলে যে অসঙ্গতি থেকে যাচ্ছে, সেটা হচ্ছে এই যে টি এস্টেট এলাকার মধ্যে ক্যাটেগোরিক্যালি সেম হওয়া দরকার যে কোন এলাকায় চা হবে, কোন এলাকায় চা হবে না। যে এলাকায় চা কোনদিন হবে না চা উৎপাদন হওয়া সম্ভব নয়, সেই এলাকায় সারভে করে, যদিও আজকে এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী টি প্ল্যান্টর্সরা চা-বাগানের মালিকরা নিজেদের দখলে রেখে থাকেন, সেটা তাদের কাছ থেকে কেড়ে নিতে হবে। এবং এটাকে ১০।২ ধারায় জমির আওতায় ভেসটেড জমিতে পরিণত করতে হবে, এবং ওখানকার যে ভাগচাষীকে অন্যান্য ক্ষেত্রে ভেসটেড জমির বিলি বণ্টন যেভাবে হচ্ছে, সেই সত্ত্ব তাদের দিতে হবে। খুবই দুঃখের কথা যে এইরকম কোনও প্রভিশন এই সংশোধনী বিলে পেলাম না। এটা হওয়া উচিত ছিল। কারণ ল্যান্ড রিফর্ম চা-বাগান সম্পর্কিত ল্যান্ড রিফর্মস, এর বেশী চাষীর স্বার্থে অন্যদিকে কোনও রিফর্ম আছে বলে আমি মনে করি না এবং খাজনার ব্যবস্থা এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টে রয়েছে, অন্য ব্যবস্থা এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট-এ রয়েছে—কাজেই আধয়ার উচ্ছেদ প্রতিরোধ হচ্ছে না। সেখানকার ভাগচাষীরা যাতে জমির স্বত্ব পায়, সেই ব্যবস্থা করাই এই অ্যামেন্ডমেন্টের মূল উদ্দেশ্য হওয়া উচিত ছিল। সেদিক থেকে এই বিলটা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে বলে আমি মনে করি। দফাওয়ারি আলোচনায় এই কথা আমি বলতে পারি। আমার দ্বিতীয় কথা হচ্ছে এই উপজাতীদের জমি সম্পর্কীত যে বাধা-নিষেধ সেটা তিনি এনেছেন, এনেছেন বলে আমি খানিকটা খুসী হয়েছি, কিন্তু এই হস্তান্তরের অধিকারটা দিতে গিয়েও মন্ত্রিমহাশয় মুক্তহস্তে খোলা মনে দিতে পারেন নি তিনি একটা বার রেখে যাচ্ছেন, সেটা হচ্ছে এই উপজাতীদের সম্পর্কীত যদি কোন জমি হস্তান্তর করে, সেই জমি হস্তান্তর বা মর্টগেজ বা অন্য কিছু হস্তান্তর, সেই উপজাতী সম্প্রদায়ের মধ্যে

হবে। অর্থাৎ যদি কোন সাঁওতাল সম্প্রদায় জমি হস্তান্তর করে তাহলে তাকে সাঁওতাল সম্প্রদায়ের কাছে করতে হবে। উরাংদের কাছে নয়, মুন্ডাদের কাছে নয়, যদিও তারা উপজাতী। এই যে ক্যাটেগোরিক্যালি দি সেম সিডিউল ট্রাইভ্। কথাটা বার বার উল্লেখ করছেন, আমি যদিও সিলেক্ট কমিটিতে যাওয়ার আগে অনুরোধ রেখেছিলাম যে সঙ্কীর্ণ মন নিয়ে অ্যামেন্ডমেন্ট আনবেন না, অথচ উপজাতীদের জমি হস্তান্তরের ক্ষেত্রে যাতে সাধারণ ভাবে সমস্ত উপজাতীদের মধ্যে হস্তান্তর করা যায়, এই প্রভিশনটা আনলে এই প্রসঙ্গটা তুলতে হত না। তাহলে এটাও হতে পারে যে কিছু কিছু জায়গায় সাঁওতাল উপজাতী রয়েছে, তার পাশাপাশি অন্য উপজাতী নেই যে জমি হস্তান্তর করতে গেলে, সাঁওতাল উপজাতী না পেয়ে মুন্ডা উপজাতী পাচ্ছে, ওরাং উপজাতী পাচ্ছে কিন্তু আইনে বারটা রয়ে গেছে বলেই জমি হস্তান্তর করতে পারছে না। কাজেই সেম সিডিউল্ড ট্রাইব না করে সিডিউল্ড ট্রাইব যদি সাধারণ ভাবে রাখতেন তাহলে যে উদ্দেশ্য নিয়ে বিলটা এনেছেন, সেটা সাধিত হতে পারে।

[4-30—4-40 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এই ভূমি সংস্কারের ক্ষেত্রে আরও অন্যান্য যে সমস্ত সংশোধনীর প্রয়োজন রয়েছে এই বিলে সে সম্পর্কে আলাপ-আলোচনা করবার অবকাশ নেই। ল্যান্ড রিফরম অ্যাক্ট-এর ১৭।১৮ ধারায় আমার অনেক বক্তব্য আছে যেটার সংশোধন আমি দাবী করি, কিন্তু দেখছি সেই ধারা সম্পর্কে কোন সংশোধনী এখানে আসেনি। সেই অবকাশ যখন নেই তখন আমি আমার প্রারম্ভিক ভাষণের শেষে অনুরোধ করব আজকে বিধানসভায় হাই লেভেল কমিটি করে ভূমি সংস্কারের এই যে চেষ্টা করছেন বা ভূমি সংস্কারের কাজ ত্বরান্বিত করবেন বলে এই যে প্রতিশ্রুতি দিচ্ছেন তার সংগে সংগে এই বিধান-সভার যাঁরা ভূমি সমস্যা সম্পর্কে অল্প বিস্তর বোঝেন বা যাঁরা এই বিষয়ে আগ্রহ প্রকাশ করেন তাঁদের নিয়ে ছোট একটা কমিট্টি করে—এরকম হাই লেভেল বা হাই পাওয়ার কমিটি নয়—ল্যান্ড রিফরম অ্যাক্ট এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট বা জমিজমা সংক্রান্ত যে অ্যাকট রয়েছে সেগুলি পর্যা-লোচনা করে একটা কম্প্রিহেনসিভ বিল যদি আনতেন তাহলে ওই কমিটির দ্বারা যে কাজ হবে না তার চেয়ে বেশী কাজ হোত। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি সংস্কার বিলটি যেভাবে এসেছিল তাতে এখন দেখছি সিলেক্ট কমিটি থেকে সেটা কিছু পরিবর্তিত হয়ে এসেছে এবং এটা আনন্দের কথা। কিন্তু এই পরিবর্তন হলেও আমার মনে হয় এই বিলের যে আওতা তাতে এর আরও অনেক কিছু পরিবর্তন করার সুযোগ ছিল এবং উচিত ছিল এবং মনে হয় কংগ্রেস দলের সংখ্যাগরিষ্ঠতার জন্যই সেটা সম্ভব হয়নি। আমি মনে করি কংগ্রেস দলের মধ্যে এখনও পুঁজিবাদী মনোভাব রয়েছে বলে এই পরিবর্তন হয়নি। আজকে এই ১৭ বছরের মধ্যে ভূমি সংস্কার সম্বন্ধে যে ব্যবস্থা আপনারা করেছেন সেটা সামন্ত যুগীয় ব্যবস্থা ছাড়া বেশী কিছু উন্নতি হয়নি। প্ল্যানিং কমিশন যেটা বলেছেন মন্ত্রিমহাশয় নিশ্চয়ই সেটা পড়েছেন এবং তাঁর স্মরণ আছে। তার প্রতি লক্ষ্য রেখে আপনারা যদি ভূমি সংস্কার সম্বন্ধে ব্যবস্থা করতেন তাহলে এই বিল আনতে হোত না—এর কিছু পরিবর্তন হোত। কয়েকদিন আগে মায়াপুরে একটা শ্লোগান দেওয়া হোল, "লাঙ্গল যার জমি তার"। আমরা মনে করেছিলাম আগে যে বিল এনেছিলেন সেটা প্রত্যাহার করে নূতন যে বিল আনলেন তাতে তিনি হয়ত বলবেন এমন কতগুলি কারণ ছিল যার প্রতিকারের জন্য এই বিল এনেছি। আমার বক্তব্য হচ্ছে উপসর্গের চিকিৎসা করলে রোগ সারে না, রোগের চিকিৎসা করুন। এর পূর্বে যাঁরা চিকিৎসা করতে চেয়েছিলেন তাঁরা ভুল করেছেন, প্রকৃত ভূমি সংস্কার করতে পারেননি। তাঁরা যে দুটি আইন পাশ করেছিলেন সেটা যেমন প্রতিক্রিয়াশীল, ঠিক তেমনি জনস্বার্থ বিরোধী, প্রগতি বিরোধী। স্যার, আমরা আশা করেছিলাম এতদিন পর তাঁরা হয়ত ভেবেচিন্তে একটা ভাল বিল আনবেন কিন্তু এখন দেখছি সেসব কিছু এল না। এবারে আমি প্ল্যানিং কমিশন যেকথা বলেছিলেন সেটা আবার আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি। তাঁরা বলেছেন

তিনটি ভিত্তির উপর ভূমি সংস্কার করা উচিত, জমির খাজনা এবং কৃষকদের স্বার্থ সম্পর্কে নিরাপত্তার ব্যবস্থা করতে হবে এবং কৃষককে জমির মালিকানা দিতে হবে। আমি মনে করি একথার প্রতি লক্ষ্য রেখে আপনাদের বিল আনা উচিত ছিল। শুধু তাই নয়, তাঁরা আরও বলেছেন সমাজের মধ্যে বৈষম্য দূরে করতে হবে এবং শোষণ বন্ধ করতে হবে। কাজেই সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এবং প্ল্যানিং কমিশনের নির্দেশ মত ঢেলেসেজে একটা কমপ্রিহেনসিভ বিল আনা উচিত ছিল। কিন্তু আপনারা কি করলেন? কোথায় কে একটি গাছের বদলে দুটি গাছ কাটল, কে নিজের জমিতে ইট কাটতে পারবে না সেদিকে গেলেন—অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র ব্যাপারে গেলেন। জয়েন্ট সিলেক্ট কমিটি কিছু পরিবর্তন করেছে বলে আমরা তাঁদের ধন্যবাদ দিচ্ছি এবং আপনারাও যদি বিশেষভাবে নজর দিয়ে শীঘ্র একটা বিল আনেন তাহলে আপনাদেরও ধন্যবাদ দেব। এখন আপনারা যেগুলি এনেছেন সেগুলি আমাদের মনঃপূত হয়নি একথাটা মনে রাখবেন। তারপর, ল্যান্ড সম্পর্কে বলতে গিয়ে তিনি শুধু চা-বাগানের কথা এনেছেন—পরিষ্কার করে কিছু বলেননি। তিনি পরিষ্কার করে একথা বলেননি যে, এই যে প্রায় দেড় লক্ষ একর জমি আছে তার মধ্যে কতটা চা-বাগানের নামে থাকবে এবং যেগুলি চা-বাগানের নামে রেখেছে সেগুলি নেবেন কিনা এবং কোলকাতাকে এর মধ্যে কেন নিলেন না।

ল্যান্ডের মাঝখানে কলকাতাকে নিলেন না কেন? এখানে লক্ষ লক্ষ টাকার জমি নিয়ে ফাটকা-বাজী হচ্ছে, বার বার করে বলা সত্ত্বেও নিলেন না। মেছোঘেরীর একটা বিল আনছেন কিন্তু সমস্ত মেছোঘেরী আনতে পারবেন কিনা সন্দেহ। দেবোত্তরের নামে বহু জমি আটকে আছে সেগুলি আনতে পাচ্ছেন না কেন? আমি বলছি সকল ক্ষেত্রেই আপনারা সিলিং করেন, এখানে কেন হবে না? দ্বিতীয় কথা হচ্ছে জমিদারী দখল আইনের মাঝখানে আরও বহু রকম ব্যাপার রয়েছে। আপনারা যদি সমস্ত জমি না পান তাহলে বিতরণ করবেন কি করে, সংস্কার করবেন কোথায়? সেকথা বার বার বলেছি, আজও আবার বলছি। জমিদখল আইনকে ফাঁকি দিয়ে বহু জমি লুকিয়ে রেখেছে এবং আপনারা তা গত ১০।১২ বছরের মধ্যে তা উদ্ধার করতে পাচ্ছেন না জমি উদ্ধার করার চেষ্টা করুন। আপনাদের রিপোর্টে দেখেছি ৪।৫ লক্ষ একর জমি পেয়েছেন তার মাঝে এক লক্ষ একর জমি এখনও পর্যন্ত অস্থায়ী বন্দোবস্ত রয়েছে, সুতরাং কি করে ভূমি সমস্যার সমাধান করবেন। তারপর আদিবাসীদের সম্বন্ধে বলেছেন হস্তান্তর করতে পারে। আমি আপনাকে বলি, হস্তান্তর যে করবে কত জমি তাদের আছে? আসলে আদিবাসীদের সংখ্যা ১৫।১৬ লক্ষ এবং যারা তপশীলী তাদের সংখ্যা মিলিয়ে ৬৩।৬৪ লক্ষ হবে, তারা সতি ভূমিহীন, তাদের কিন্তু ভূমি দেবার কথা ভাবলেন না, তাঁরা জমি হস্তান্তর করতে পারবেন কি পারবেন না সেটা কিন্তু ভাবলেন না। ধরুন খাজনা সম্পর্কে বার বার বলেছি, খাজনা না বাড়াতে বলেছি। বর্তমানে যে অবস্থা আছে সেই অবস্থাই থাকবে। আপনাদের কাছে বার বার দাবি করেছি যে আনইকনমিক হোল্ডিং যা আছে তার উপর খাজনা বন্ধ করে দিন। বিশেষতঃ আমি দেখেছি যে খাজনা আদায়ের জন্য যে টাকা খরচ হয়, তাতে আমার মনে হয়, তাতে বেশী লোকসানই হয়। আমি এটাই অনুরোধ করি যে আনইকনমিক হোল্ডিং-এর উপর খাজনা মকুব করে দিয়ে বেশী জমি যার আছে, তার আয়ের ভিত্তিতে খাজনা নেন, তাহলে আমার বলবার কিছু নাই। কিন্তু যেখানে ২০ বিঘা জমি, ফসল হানি হল সেখানে যা নিচ্ছেন যার এক বিঘা জমি ফসল হল কি হল না, সেখানেও তাই নিচ্ছেন। তাকে গরুর জন্য কি রাখতে হবে, তার সারা বছরের জন্য খোরাকী কি রাখতে হবে সেসব না ভেবে কি ভিত্তিতে নিচ্ছেন বুঝতে পাচ্ছি না। অথচ ইনকাম ট্যাক্সের বেলায় দেখছি, প্রচুর যাঁরা আয় করছেন, সেখানেও একটা নির্দিষ্ট পরিমাণ আছে যেখানে তিন হাজার কি সাড়ে তিন হাজারের উপরে যে আয় তার উপর ট্যাক্স নিচ্ছেন, জমির বেলায় কেন এটা করছেন না? আমি এ সম্বন্ধে এটাই বলছি যে এটা সামাজিক ন্যায় বিচারের দিক থেকে অত্যন্ত বিসদৃশ, এটা ভাবা দরকার। তারপর দার্জিলিং সম্বন্ধে একটা কথা বলে গেছেন। গাছ কাটা সম্পর্কে বলেছেন একটার জায়গায় তিনটা গাছ কাটা হবে না, কেন এটা আমি বুঝতে পাচ্ছি না, এটা একটু বিবেচনা করতে বলছি। পঞ্চায়েতের উপর অনুমতি দেবার ব্যবস্থা আছে। পঞ্চায়েতের উপর অনুমতির ভার থাকলে আর বেশী কাটতে পারবে। যেমন ধরুন একটা লোক মারা গেল কিংবা উৎসব হল তখন একটার জায়গায় দুটি গাছ কাটতেই হবে। যদি ডেপুটি কমিশনারের কাছে থাকে বা পঞ্চায়েতের উপর থাকে তাহলে পারমিশন নিতে গেলে তিন মাস সময় লেগে যাবে। এদিকে ঘরে মানুষ মরল আর যদি সেই ক্ষেত্রে পারমিশন নিতে যেয়ে তিন

মাস সময় লাগে তাহলে কি করে হবে? সেজন্য উচিত ছিল থাকা যে তিনটি গাছ কাটতে পারবে। তাঁরা করেননি সেটা। তার ফলে হয়েছে কি একটা গাছ কাটতে গিয়ে অফিসারদের মধ্যে দুর্নীতি দেখা দেবে। সেজন্য এটা বিবেচনা করা উচিত ছিল যখন বিল পাশ করাবেন।

তারপর ইট কাটা সম্পর্কে, ইটখোলা সম্পর্কে বলেছেন। একজনকে জমির অধিকার কি দেওয়া হল, আগে কি সর্বনাশ করেছিলেন, নিজের জন্যও ইটখোলা কাটতে পারবে না। সিলেক্ট কমিটিও সেটা পরিবর্তন করবে না। যদি বলতেন তিন ফিট জায়গার নীচে মাটি কাটতে পারবে না তাহলে এটাই বলবো মাটি তিন ফুট কি চার ফুট কাটতে জমির কি ক্ষতি হবে? ধরুন আমার জমি একটা আছে সেখানে ঢালাও অর্ডার দিয়ে দিলেন নিজে করতে পারবে না, কেন করতে পারবে না? এটা সম্বন্ধে বিবেচনা করতে বলছি। আর একটা বিষয়, ধরুন, আমার নিজের ব্যবহারের জন্য ৫০ হাজার ইট কাটালাম, ১০ হাজার তার মধ্যে বিক্রী করে দিলাম, এটা কি দুর্নীতি বলবেন? অফিসার এসে বললেন বিক্রী করছো, তথচ আমার প্রয়োজন নাই বলে বিক্রী করছি।

[4-40—4-50 p.m.]

অথচ আমাদের প্রয়োজন নেই এসব সম্পর্কে বিবেচনা করা দরকার। আপনি যে ধারা করছেন এটা হাইকোর্টএ চ্যালেঞ্জ হবে কারণ আপনি জমির অধিকার থেকে বঞ্চিত করছেন। এটার সম্বন্ধে চিন্তা করা দরকার। তারপর ৫নং ধারায় নদী বা সমুদ্র থেকে যে জমি পাওয়া যাবে সেখানে সেগুলি একেবার সরাসরি গভর্নমেন্টের হাতে ন্যস্ত হবে। যদি মনে করেন সেখানে তার ৫ একরের কম জমি থাকে বা ৫ একরের মধ্যে থাকে তাহলে তাকে দেওয়া হবে না। কেন এটা সম্বন্ধে ভাবা দরকার। সেজন্য আমার অ্যামেন্ডমেন্ট আছে অন্তত পক্ষে কম জমির মালিক তাদের যেন অগ্রাধিকার দেওয়া হয় তারপর ৯ নং ধারায় বর্গাদার সম্বন্ধে বলেছেন সেখানে জমির ফসল ১ বৎসর করেছেন এতে বর্গাদারদের সুবিধা হবে। কিন্তু আমি বলতে চাই যে ৪।৫ বৎসর দাবী করে এসব আদায় করে নিয়েছে তাদের কি উপায় করছেন একথাটা চিন্তা করতে হবে। বহু লোক সর্বস্বান্ত হয়ে গেছে জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে তাদের কথা ভাবুন। দ্বিতীয় কথা যেটা বলেছেন এতে যেখানে সন্দেহজনক ব্যাপার হবে জমি সরকারের না মালিকের সেখানে বলছেন মালিককে দিতে হবে। কিন্তু আমি বলবো এবং ইতিপূর্বে আমার বহু বক্তৃতার মধ্যে দৃষ্টি আকর্ষণ করেছেন যে সরকার বলছেন এ জমি আমাদের ভেস্ট করবে অথচ মালিক বলছে এ জমি আমার। যে যেখানে ধান করেছে তার কাছ থেকে ৯।১০ টাকা খাজনা আদায় করেছেন। বিলে ব্যবস্থা হয়েছে যে মালিককে জমির ধান বা টাকা দেওয়া হোক যারা এতদিন পর্যন্ত উচ্ছেদ হয়ে গেছে বা দিনের পর দিন বহু টাকা আদায় করেছেন এ টাকা ফেরত দেবেন কিনা এরূপ কোন প্রতিশ্রুতি নেই। আপনি প্রতিশ্রুতি দিন যে টাকা আমরা অন্যায়ভাবে আদায় করেছি কৃষকদের কাছ থেকে সে টাকা ফেরত দেবো, এবং যেসব কৃষক উচ্ছেদ হয়ে গেছে তারা যদি কেস করতে চায় সরকার তাকে সাহায্য করবেন। ভাগচাষীদের মামলা করবার ক্ষমতা নেই, মালিকদের টাকা আছে তারা মামলা করতে পারেন। সরকার যেমন দরিদ্রদের সাহায্য করেন সে রকম কোর্টে যদি কেউ মামলা দিতে চায় তাদের সাহায্য করবো যে জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে অথবা যার কাছ থেকে অন্যায়ভাবে টাকা আদায় করা হয়েছে সে সম্বন্ধে ব্যবস্থা করবো। এভাবে একটা প্রতিশ্রুতি দরকার। তারপর বিচারের সম্পর্কে এটা বলবো যে বিচার বিভাগকে আজকাল কেউ মানে না। সর্ব ক্ষেত্রে প্রেসক্রাইবড অথরিটি অথবা কমিশনার, অথবা ডি এম অথবা একজি-কিউটিভ হেড সম্বন্ধে সকলি ভয় করা ছেড়ে দিয়েছেন। গণতান্ত্রিক দেশে, কোন আদালতকে কেউ মানে না। আমি মনে করি ১৭ নং ধারায় দার্জিলিং সম্বন্ধে যা বলেছেন সেখানে কমিশনার যা করবেন তাই হবে, অথবা এখানে রেভিনিউ যা করবেন সেখানে কোন আদালতে যেতে পারবেন না। আমি মনে করি এটা গণতন্ত্র বিরোধী। সেজন্য আপনি এটা সম্বন্ধে বিবেচনা করে দেখবেন। আমি শেষে অনুরোধ করবো। আপনারা শীঘ্র একটা বিল আনুন এবং এই ব্যাপারে কতকগুলি জিনিস আমি রাখছি যেগুলি আপনি বিবেচনা করে দেখবেন যে এই বিলের দ্বারা বাংলাদেশে কোন উপকার হবে না। এটার সম্বন্ধে আমি বলছি যে জমিদারী দখল আইন যেটা আছে সেটা পরিবর্তন করুন। সেখানে শিলিং সম্বন্ধে বিশেষভাবে চিন্তা করুন সেদিন জগদীশ সিংহ মহাশয় বলেছিলেন ১৫ একরের কথা আমি অবাক হয়ে গেলাম তিনি জমিদার শ্রেণীর

লোক হয়ে ১৫ একর কেন বলেছেন। আমি আরও দেখলাম কলকাতায় তার লক্ষ লক্ষ টাকার সম্পত্তি এবং ব্যবসা আছে সেজন্য ১৫ একরের কথা বললেন। কলকাতার উপরে যদি এই ভূমি সংস্কার আইন প্রয়োগ করেন তাহলে তিনি ১৫ একরের কথা উত্থাপন করতেন কিনা সন্দেহ।

আমি রায়তদের সর্বোচ্চ সীমা নির্ধারণ করতে বলেছি সেটা ব্যক্তিগতভাবে হবে না পারিবারিক হবে নিশ্চয়ই চিন্তার বিষয়, আমার ব্যক্তিগতভাবে বলছি পারিবারিক সম্পর্কে স্থির করবার পক্ষে। কাজেই আপনি যদি ২৫ একরের কথা বলেন এবং বিভিন্ন নামে জমি রাখবার চেষ্টা করেন তাহলে খাদ্য সমস্যার সমাধান কোনদিনই হবে না। এবং বাংলাদেশের প্রকৃত কৃষক জমি পাবে না এটার সম্বন্ধে বিশেষভাবে বিবেচনা করতে বলেছি। তারপর অর্ধেক জমি হস্তান্তর হচ্ছে আমরা দেখছি মামার নামে, চাকর, ঝি ইত্যাদি বহু লোকের নামে জমি আছে। এটা আপনি জানেন এটা উদ্ধার করবার জন্য আমরা বারবার অনুরোধ করেছি সেজন্য এল এ কমিটি যেটা আছে সেটা অন্যভাবে ফ্রেম করুন। তার মধ্যে এম এল এ নিন, প্রতিনিধিস্থানীয় ব্যক্তিদের নিন তাহলে বেআইনীভাবে যারা জমি রেখেছেন সেসব উদ্ধার করতে পারবেন। এবং তাদের সে দায়িত্ব দিন। তারপর যারা প্রকৃত চাষী তাদের জমি বিতরণের জন্য আপনারা অধিক পরিমাণ জমি সংগ্রহ করুন। কারণ আমরা দেখছি ১ লক্ষ জমি যা পেয়েছেন সেগুলি অস্থায়ী বন্দোবস্ত নিয়েছেন। জমি যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করুন। জমি এ পর্যন্ত যেগুলি আছে সেগুলি সমবায় প্রথায় চাষ ব্যবস্থা করুন। বিভিন্ন দেশের নাম করবার দরকার নেই কংগ্রেস থেকে একটা প্রস্তাব নিয়ে ছিলেন জয়েন্ট ফার্মিং সম্বন্ধে সেটা করুন। এরকম যদি একটা গ্রামে সমস্ত চাষী যার জমি আছে এবং যার জমি নেই তাদের সকলকে নিয়ে জয়েন্ট ফার্মিংএর যদি ব্যবস্থা করেন তাহলে চাষের খরচ কম হবে। গরু কম খাবে, মজুরী কম যাবে। যন্ত্রপাতির জন্য পয়সা কম খরচ হবে। সারও সেভাবে হবে, এটা যদি চেষ্টা করেন তাহলে যেসব বর্গাদার প্রকৃতভাবে জমি চাষ করছে তাদের জমি স্থায়ী স্বত্বদান সম্পর্কে সুবিধা হবে। জমির স্বত্ব সম্পর্কে নানারকম-ভাবে তাদের উচ্ছেদ করা হচ্ছে তাদের স্থায়ীভাবে স্বত্ব দিন। আমি আপনাকে বলবো যে এক বৎসর ধান ফললো বলে তাদের উচ্ছেদ করা যাবে না। আমার যদি খাজনা বাকি থাকে তাহলে আমার কাছ থেকে পাবলিক ডিমান্ড করে আদায় করা হয় ঠিক এভাবে এদের বেলায়ও করেন সেটা উচিত নয়। খাজনা সম্পর্কে আমি বলবো, আনইকনমিক হোলডিং বাদ দিন। সেচ এরিয়ায় ৩ একর এবং অন্য এলাকায় ৫ একর অবিলম্বে এটা ঘোষণা করুন এই কথা বলে আমি শেষ করছি।

Shri Girish Mahato:

অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার ভূমি সংস্কার আইন সমগ্র জনস্বার্থ বা সমাজতন্ত্রের আদর্শ অনুযায়ী হয়নি কারণ ভূমি দখলকারী বেকার জনস্বার্থবিরোধী বিরাট জনসমষ্টি বহু জমি রাখবার অধিকার দেওয়া হয়েছে। আপনি জানেন যে মফস্বলে এই আইন পাশ হবার পর সমস্ত সম্পত্তি নিজেরা বেনামী করে একই পরিবারের মধ্যে রেখেছেন। তাঁরা সে জমি চাষ করেন না। অন্য লোককে দিয়ে চাষ করান। যারা জমি চাষ করে তাদের হাতে জমি দেওয়া উচিত কিন্তু আইনের এমন ধারা রয়েছে যারা চাষ করতে পারবে না। তারা কিন্তু জমির মালিক হয়ে রইলো এ ব্যাপারে আমাদের আইনের কোন পরিবর্তন হয় না। হাজার হাজার বিঘা জমি একই পরিবারের মধ্যে রয়েছে অর্থনৈতিক দৃষ্টিতে জমি বণ্টনের ব্যবস্থা করা উচিত কিন্তু তা হয়নি।

[4-50—5 p.m.]

যাদের ব্যবসা রয়েছে, চাকুরী রয়েছে তাদের জমি রাখবার অধিকার অথচ রয়েছে। আর একদিকে যাদের কোন জীবিকা নেই না আছে চাকুরী না আছে শিল্প কোন কিছুই নেই তাদের জমির কোন ব্যবস্থা নেই। অর্থনৈতিক ব্যবস্থার একটা সামঞ্জস্য করে জমির বণ্টন করা উচিত ছিল—কিন্তু তা করা হয় নি। যাদের জমি নেই তাদের জমি দেবার কোন ব্যবস্থা নেই। এই আইনে এটা করা উচিত ছিল যে যাদের জমি নেই যারা অন্য কাজ করছে তাদের কাছ থেকে জমি নিয়ে তাদের দেওয়া। শুধু তাই নয়, আজও আমাদের স্বাধীন ভারতবর্ষে বৈষম্য রয়েছে। এক দিকে এক বিঘাও জমি নেই। আর এক দিকে বহু জমি একটা পরিবারে রয়েছে। এই বৈষম্য দূর করা উচিত ছিল। এতবড় একটা জাতীয় সমস্যা, এই সমস্যাকে আজ পর্যন্ত জনসাধারণের কাছে প্রকাশ করা হয়নি। এতবড় একটা জাতীয় সমস্যাকে আমি অনুরোধ করবো যেন জনসাধারণের কাছে প্রচার করা হয়। জমিদারী প্রথার পরিবর্তন করে আজকে আবার নূতন

জমিদার তৈরী করা হয়েছে। সমস্ত অফিসার মারফত এই সমস্ত জমির ব্যবস্থা করা হবে। আজকে সামন্ততন্ত্র বাদ দিয়ে অফিসারতন্ত্র রূপ একটা জমিদার সৃষ্টি করা হয়েছে। এটা ভাল হোত যদি জনপ্রতিনিধিদের সঙ্গে নিয়ে অফিসাররা এই সমস্ত জমির ব্যবস্থা করেন। কিন্তু আইনের মধ্যে তা নেই। এবং তার পরিণাম কি হয়েছে। আমরা দেখেছি জরীপের সমস্ত অধিকার রয়েছে কালেকটারের হাতে। কালেকটার জমি বণ্টন বা ধার্য করবেন সেটাই স্বীকৃত হয়ে যাবে—আর আমরা জনসাধারণ যদি সত্য জিনিসটা বলি তাহলে সেটা কোনমতে স্বীকার করবেন না। কাজেই সমস্ত পাওয়ার কালেকটরের হাতে অর্থাৎ অফিসারের হাতে দেওয়া হয়েছে এবং তারা যে মূল্য দেবেন সেটা স্বীকার করতে হবে। এইভাবে জনসাধারণকে তাদের ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত করা হচ্ছে। তাই জনপ্রতিনিধিদের নিয়ে অফিসাররা যদি কাজ করেন তাহলে জনসাধারণের ক্ষতি করার যে অধিকার সেটা তাদের থাকবে না। তাই আমি আপনার মারফতে এই প্রস্তাব দিচ্ছি যে জনসাধারণের কাছে এটা প্রচারের ব্যবস্থা করা হোক। দ্বিতীয়ত অফিসার এবং স্থানীয় জনপ্রতিনিধি যারা আছেন সেই জনপ্রতিনিধি এবং জনমত নিয়ে সমস্ত জমির জঙ্গলের সমস্ত বাঁধের সমস্ত সেটেলমেন্টের ব্যবস্থা করা উচিত। তাহলে দেখবেন আজ যে অনাচার রয়েছে জনসাধারণকে বঞ্চিত করার যে সুযোগ রয়েছে সেটা আর থাকবে না এবং জনসাধারণ তাতে লাভবান হবেন এবং আপনাদের যে উদ্দেশ্য তাও সফল হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Motion under rule 185

Mr. Speaker: I want to inform the honourable members that I have received notice of a special motion under rule 185 from Shri Jyoti Basu which reads as follows:—

"This Assembly is of the opinion that the Government of India should immediately cancel its order which came into force from 1st April, 1965 by which refugees from across the border, from East Pakistan, will not be permitted to cross into Indian terrritory without valid travel documents."

I admit the motion under rule 185, and as the Leader of the House has agreed I allot 2 hours and 15 minutes for discussion of the motion to-morrow to be taken up at 3-30 p.m. Thereafter Private Members' Business, scheduled for to-morrow, will be taken up.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, ভূমি সংস্কার সম্পর্কে যে বিলটা আমাদের সামনে এসেছে তার কয়েকটা মূল প্রশ্নের দিকে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। ভূমি সংস্কার সম্পর্কে আমরা এর আগে বহুবার যখন এই বিল আমাদের হাউসে কয়েকবার সংশোধন আকারে এসেছিল তখন আমাদের বক্তব্য বলেছি। আজকে এই বিলটা যে আকারে এসেছে সে সম্পর্কে অনেক মাননীয় সদস্য তাঁদের বক্তব্য রেখেছেন। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কয়েকটা মূলগত আদর্শের দিকে তাঁর দৃষ্টি নিবদ্ধ করবার জন্য অনুরোধ করবো। প্রথমেই এই ভূমি সংস্কার পশ্চিমবাংলার কৃষক সমাজের যে কোন উপকার করতে পারেন নি এবং বাংলাদেশের কৃষিতে আজকে যে সমস্যা দেখা দিয়েছে এবং কৃষি ও কৃষক এই দুই আজকে সরকারী নীতির ফলে যেভাবে দিনের পর দিন সঙ্কটের মধ্যে এসে পৌঁছেছে সেদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেদিন যখন ল্যান্ড এবং ল্যান্ড রেভিনিউ সম্পর্কে আমরা আলোচনা করছিলাম সেই সময় পশ্চিমবাংলায় এই ভূমি সংস্কার কতখানি ব্যর্থ হয়েছে, পশ্চিমবাংলায় চাষীদের সম্পর্কে তাদের অবস্থার উন্নয়নের সম্পর্কে দেশে যে আমূল এবং মৌলিক পরিবর্তন দরকার সেই পরিবর্তনের ক্ষেত্রে সরকারী নীতি কতখানি ব্যর্থ হয়েছে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছিলাম। তার অল্প কিছুদিনের মধ্যে ভূমি সংস্কার বিল

আমাদের সামনে এসে পৌঁছালো। এই বিলে বাংলাদেশের কৃষক যে আশা করেছিল আমরা যে বক্তব্য বার বার রেখেছি সেই বক্তব্যগুলি এবং আমাদের দেশের গরীব সাধারণ মানুষের যে আশা আকাঙ্ক্ষা তার কোন প্রতিফলন এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি না। মাননীয় স্পীকার মহোদয়, আমি বেশী বক্তব্যের মধ্যে না গিয়ে প্রথমেই শ্রীশ্যামাদাস ভট্টাচার্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে ভূমি সংস্কারের যে মূল নীতি যা সম্পর্কে তাঁরা বহুবার বলে এসেছেন বা প্ল্যানিং কমিশন আমাদের বার বার দৃষ্টি আকর্ষণ করেছেন সেই মূল নীতি থেকে তাঁরা কেন বিচ্যুত হচ্ছেন? কেন সেই ভূমি সংস্কারের মূল নীতিগুলি কার্যকরী করার চেষ্টা এই বিলের মধ্য দিয়ে তাঁরা করছেন না? আমি প্রথমেই তাঁর দৃষ্টি আকর্ষণ করবো সিকিউরিটি অব টেনিওর সম্পর্কে। এর আগে অনেক বক্তা বলেছেন এস্টেট একুইজিসন অ্যাক্ট অনুসারে যে সিলিং ছিল সেই সিলিংকে কার্যকরী করা হয় নি বলে বহু বক্তা অনেক বক্তব্য রেখেছেন। মাননীয় সদস্যরা এ সম্পর্কে অনেক বক্তব্য কয়েক বছর ধরে বিধানসভার মধ্যে রেখেছেন কিন্তু গভর্নমেন্টের দৃষ্টি আমরা আকর্ষণ করতে পারিনি বা এ সম্পর্কে গভর্নমেন্ট আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করেননি। এ সম্পর্কে আমি পরে আসবো। আমি বর্গাদার—যাদের সম্পর্কে মুখ্যত এই ল্যান্ড রিফমরস অ্যাক্ট প্রথমে কার্যকরী করা হয়েছিল সেই বর্গাদারদের সম্পর্কে আমি আমার বক্তব্য রাখছি এবং সেই বক্তব্য রাখতে গিয়ে প্ল্যানিং কমিশনের প্রতি মাননীয় সদস্যরা যে রকম দৃষ্টি আকর্ষণ করেছেন ঠিক তেমনিভাবে আমি শ্যামাদাসবাবুর দৃষ্টি আকর্ষণ করছি। প্ল্যানিং কমিশন বর্গাদারদের সম্পর্কে এবং তাদের উচ্ছেদ বন্ধ করার যে নীতি সেই নীতিকে বহু দিন পূর্বে স্বীকৃতি দিয়েছেন এবং সেই নীতি অনুসারে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এবং অঙ্গ রাজ্যে যে সমস্ত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে আজকে আমাদের বাংলাদেশে তা কেন গ্রহণ করা হচ্ছে না?

[5—5-10 p.m.]

আমি প্রথমে ল্যান্ড রিফরমস অ্যাক্টের ১৭ ধারা সম্বন্ধে বলব যেটার সংশোধন সম্বন্ধে আমরা অ শা করেছিলাম অন্ততঃ কংগ্রেসের সদস্যরা তাঁদের বক্তব্য রাখবেন এবং এই ১৭ ধারার সংশোধন এজন্যই করা দরকার যে বর্গাদারদের সিকিউরিটির ব্যবস্থা তো আমরা করিনি, বরং পার্সোন্যাল কালটিভেসানের যে ডেফিনিসান আমরা দিচ্ছি সেই পার্সোন্যাল কালটিভেসানের ডেফিনিসানের সুযোগ নিয়ে আমরা প্রতিনিয়ত দেখছি যে বর্গাদাররা জমি থেকে উচ্ছেদ হয়ে চলেছে। অন্যান্য যে-কোন অঙ্গরাজ্যে পার্সোন্যাল কালটিভেসানের যেসব ডেফিনিসান আমরা দেখি তার চেয়ে বাংলাদেশে এই পার্সোন্যাল কালটিভেসানের যে ডেফিনিসান সেই ডেফিনিসান অত্যন্ত ওয়াইডার। আমি সেই ওয়াইডার ডেফিনিসানকে আরো সর্ট করার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আগেই আকর্ষণ করেছি, আবার করছি। আমাদের এখানে পশ্চিমবঙ্গে পার্সোন্যাল কালটিভেসানের মানে নিজের চাষ নয়, নিজের পরিবারের লোকজন দিয়েও নয়, প্রয়োজন হলে যে-কোন লেবার যে-কোন ক্ষেত-মজুরকে নিযুক্ত করে আমরা বলতে পারি বা বাংলাদেশের এই আইনে বলা যেতে পারে যেটা পার্সোন্যাল কালটিভেসানের পর্যায়ভুক্ত। কিন্তু এটাকে বন্ধ করার কি ব্যবস্থা শ্যামাদাস ভট্টাচার্য মহাশয় এই আইনের মধ্যে করেছেন সেটা দেখতে পাচ্ছি না। আমরা দেখেছি অন্যান্য অঙ্গরাজ্যে এই ধরনের পার্সোন্যাল কালটিভেসানের নামে রিজাম্পসান বহু আগে বন্ধ হয়েছে। সেজন্য আবার আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ওয়েস্ট বেঙ্গলে পার্সোন্যাল কালটিভেসানের যে সংজ্ঞা এই সংজ্ঞাটাকে আপনারা অন্ততঃ ৩ নম্বর যে ক্লজ দিয়েছেন ১৭ ধারায়, আমাদের ল্যান্ড রিফরমস অ্যাক্টে রয়েছে, সেটাকে পালটাবার ব্যবস্থা করুন। ধরুন, যুক্তির খাতিরে আমরা মেনে নিলাম যে সীমাবদ্ধ ক্ষেত্রে আপনারা বর্গাদারকে উচ্ছেদ করার জন্য সুযোগ দিয়েছেন। কিন্তু সেই বর্গাদারকে উচ্ছেদ করার ক্ষেত্রে অন্যান্য অঙ্গরাজ্যে যেসমস্ত ব্যবস্থা আছে যেমন আমরা বলতে পারি মহারাষ্ট্র বা গুজরাটে ১৯৫২ সালের পর যদি কোন বর্গাদারকে সেখানকার আইনানুসারে জমি থেকে উৎখাত করিতে হয় তাহলে অলটারনেটিভ ল্যান্ড না দেওয়া পর্যন্ত তাকে সেই জমি থেকে উৎখাত করা চলে না, অথচ আমাদের পশ্চিমবঙ্গে সেদিকে দৃষ্টি দেওয়া দূরে থাক আমরা পার্সোন্যাল কালটিভেসান অর্থাৎ নিজের প্রয়োজনে চাষ এই আখ্যা দিয়ে এই আইনের মধ্য দিয়ে এমন সুযোগ করে দিচ্ছি যে যে-কোন বর্গাদারকে উইদাউট প্রভাইডিং হিম উইথ এনি অলটারনেটিভ ল্যান্ড যে-কোন সময় উচ্ছেদ করার প্রভিসান এই আইনের মধ্যে রেখে

দিচ্ছি। মিঃ চেয়ারম্যান, স্যার, আমি এর পরে শ্যামাদাসবাবুর দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে প্ল্যানিং কমিশান পার্সোন্যাল কালটিভেসানের নামে জমি থেকে চাষীদের বা ভাগচাষীদের উচ্ছেদ করার যে নীতি সেই নীতির বিরুদ্ধে বার বার আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন, বিভিন্ন জায়গায় তাঁরা তাঁদের মন্তব্য প্রকাশ করেছেন। কিন্তু কেন? যদি আমরা দেখি যে অন্যান্য রাজ্যে এই পার্সোন্যাল কালটিভেসান বন্ধ করার ব্যবস্থা হয়েছে তাহলে আমাদের এখানে পার্সোন্যাল কালটিভেসান কেন তিনি বন্ধ করবেন না? আসাম, মধ্যপ্রদেশ, ইউ পিতে এই পার্সোন্যাল কালটিভেসানের কোন প্রয়োগ নেই এবং সেখানে রাইট অব রিজাম্পসান অর্থাৎ নিজের প্রয়োজনে আমি জমি চাষ করব বলে বর্গাদারকে উচ্ছেদ করব এই নীতি বহু দিন আগেই উঠে গেছে, সেই সমস্ত অঙ্গরাজ্য সেটাকে স্বীকার করে নেয়নি। কিন্তু আমরা এই দাবি এখানে বারবার করা সত্ত্বেও দেখছি সরকার স্বীকার করে নিচ্ছেন না। রাইট অব রিজাম্পসান গুজরাট, কাশ্মীর, মহারাষ্ট্র ইত্যাদি জায়গায় উঠে গেছে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গের প্ল্যানিং কমিশানের যে মূল নীতি, ভূমি সংস্কারের যে মূল নীতি সেই নীতি থেকে বিচ্যুত হবার কি কারণ থাকতে পারে? শুধুমাত্র একটা কারণ হয়ত থাকতে পারে সেটা হচ্ছে যে শ্রেণীর স্বার্থ বজায় রাখবার জন্য কংগ্রেস সরকার অনবরত চেষ্টা করে আসছে সেই শ্রেণীর স্বার্থের খাতিরে আজকে পার্সোন্যাল রিজাম্পসানের নামে হাজার হাজার বর্গাদারকে জমি থেকে উচ্ছেদ করার যে চক্রান্ত সেই চক্রান্তকে তাঁরা বাঁচিয়ে রেখেছেন।

সেই সঙ্গে একথাও বলতে চাই যে আমাদের ২২ বা ২৩ বিঘা পর্যন্ত জমির মালিককে ওয়ান-থার্ড রাইট অব রিজাম্পসন দিয়েছেন। এই যে ওয়ান-থার্ড আপনারা রাইট অব রিজাম্পসন দিয়েছেন, সেটার মিসইউস কিভাবে হয় সেটা দেখুন। সেই জমি বেনামী ট্রান্সফার হয়, যারা বেশী জমির মালিক বা ৭৫ বিঘা সিলিং পর্যন্ত জমির মালিক যারা যা ৫০।৬০ বিঘা জমির মালিক যারা, যদি তাদের কখনো জমি থেকে উচ্ছেদ করতে অসুবিধা দেখা দেয় তাহলে তারা সেই সমস্ত জমি অধিকাংশ ক্ষেত্রে পার্টিশন করে নেয়া বিভিন্ন শেয়ার-হোল্ডারদের মধ্যে: তারা পার্টিশন করে নেয় শেয়ার-হোল্ডারদের মধ্যে সেল-ডিড করে আত্মীয়দের নামে যদি পরিবর্তন করে দেওয়া যায় সেটাকে, তাহলে তারা ছোট ছোট জমির মালিক হয়ে গেল। তারপর সেই জমি থেকে বর্গাদারদের উচ্ছেদ করা অতি সহজ হয়ে যায়। সেইজন্য নির্দেশ রয়েছে পার্টিশন করে জমি বিভিন্ন শেয়ার-হোল্ডারদের মধ্যে ছড়িয়ে দিয়ে ছোট ছোট ভূস্বামী করে তাদের নামে ফেকেড ট্রানজাকসন করে জমি থেকে উচ্ছেদ করার যে চক্রান্ত তার বিরুদ্ধে প্ল্যানিং কমিশনের দৃষ্টি বহু আগেই আকর্ষণ করা হয়েছে। বিভিন্ন জায়গা থেকে প্ল্যানিং কমিশনকে এ বিষয়ে অবহিত করা হয়েছে যেমন হায়দরাবাদ ও বোম্বেতে বিশেষ করে এই যে

Research Programme Committee of the Planning Commission in Hyderabad and Bombay

তারা সেখানে দেখেছেন যে এইভাবে ভূমি থেকে উচ্ছেদ করার জন্য বিভিন্ন জায়গায় পার্টিশন-এর মাধ্যমে এবং মিথ্যা ভূয়ো দলিল সৃষ্টি করে জমি ট্রান্সফার করে সেই সমস্ত জায়গায় নূতন নূতন ভূস্বামী তৈরী করে দিয়ে জমি থেকে বর্গাদারদের উচ্ছেদ করবার চক্রান্ত চলেছে। আমাদের এই যে আইন বা বিল বিধানসভায় উত্থাপিত হয়েছে, এই বিলের মধ্য দিয়ে আমরা আশা করেছিলাম যে বর্গাদারদের সম্পর্কে সিকিউরিটি অব টেনিওর তাঁরা মেনে নেবেন। কিন্তু তা তো মানেননই নাই, উপরন্তু রাইট অব রিজাম্পসন সম্পর্কে যে সামান্যতম দাবী আমরা করেছি, বাংলাদেশের ভাগচাষীরা যে সামান্য দাবী করেছেন, সেই পারসোন্যাল কালটিভেসন-এর নামে বিভিন্ন জায়গায় ক্ষেতমজুর দিয়ে বা নিজেদের নিয়মিত মজুর দিয়ে সেই জমি চাষ করবার যে ব্যবস্থা আইনের মধ্যে রয়েছে, অন্ততঃ সেইটুকু সংশোধন করা হোক। কিন্তু তাও মানা হয় নাই। ভারতবর্ষের অন্যান্য অঙ্গরাজ্য তাঁরা আমাদের চেয়ে অনেক আগেই ভূমি সম্পর্কে এই দাবী স্বীকার করে নিয়েছেন। আইনের মধ্যে বর্গাদারদের সম্পর্কে আরো আমরা দেখছি যে তাঁরা আইনের মাধ্যমে করেছেন যে শেয়ার-ক্রপারদের বিরুদ্ধে, বর্গাদারদের বিরুদ্ধে ভূস্বামী যদি দু বছরের মধ্যে তার দাবী সম্পর্কে মামলা দায়ের না করেন, তাহলে তিনি আর সে মামলা দায়ের করতে পারবেন না। তাঁরা এই টাইম লিমিট করেছেন দু বছর। এই যে সুযোগটুকু তাঁরা দিয়েছেন শেয়ার-ক্রপারদের, যেটা তাঁরা সংশোধনের মধ্য দিয়ে আইনকে এত বেশী কামব্রাস অ্যান্ড কমপ্লিকেটেড করে ফেলেছেন সে তার সুযোগ বাংলাদেশের শেয়ার-ক্রপার বর্গাদার নিতে পারবে কতটুকু,

সে সম্বন্ধে আমার সন্দেহ আছে। অন্ততঃ আমার বিশ্বাস এই আইনের সুযোগ তারা মোটেই গ্রহণ করতে পারবে না—এত কমপ্লিকেটেড আপনারা করে ফেলছেন। সে যে শেয়ার-ক্রপার সে সম্পর্কে আপনারা কিছু বলেন নি। অর্থাৎ বর্গাদার উৎপন্ন ফসলের ভাগ কতটুকু পাবে শেয়ার অব দি শেয়ার-ক্রপারস তা আগের আপনার পুরান আইনে যা ছিল, আপনার এই নূতন আইনে তার কোন পরিবর্তনের ব্যবস্থা করলেন না। যদিও প্ল্যানিং কমিশন একথা বারবার বলছেন যে তার পরিমাণ কমিয়ে আনতে হবে। প্ল্যানিং কমিশনের যেটুকু নির্দেশ ছিল, তা আপনারা মানেন নাই। বাংলাদেশে আগের আইনে রয়েছে অন্ততঃপক্ষে শতকরা ৪০ ভাগ উৎপন্ন ফসল ওরা পাবে। আমরা দেখছি যে প্ল্যানিং কমিশনের নির্দেশকে কার্যকর করতে গিয়ে বিভিন্ন অঙ্গরাজ্য তার পরিমাণ কমিয়ে দিয়েছেন।

[5-10—5-20 p.m.]

কিন্তু পশ্চিমবাংলায়, যে নূতন প্রস্তাবিত বিল এসেছে তার মধ্যে দিয়ে সেই শেয়ার অর্থাৎ বর্গাদারদের শেয়ারকে যে আরো বাড়ানো দরকার সেদিকে মোটেই আপনারা দৃষ্টি দেন নি। পুরানো আমলের যে দৃষ্টি আপনাদের ছিল সেই দৃষ্টিই আপনারা রেখে দিয়েছেন। যদিও প্ল্যানিং কমিশন বার বার বলছে যে ওয়ান-ফোর্থ অফ দি প্রোডাকসান তার বেশী পাওয়া উচিত নয়। কিন্তু সেই সব ক্ষেত্রে আমরা দেখছি যে আপনারা সেই পুরানো আমলে যে ফর্টি পারসেন্ট অফ দি টোটাল প্রোডাকসান যেটা আপনারা জমিদারদের বা ভূস্বামীদের দিতে যাচ্ছেন সেটাই এখানে বহাল রেখেছেন। আমি প্ল্যানিং কমিশনের মিড-টার্ম এপ্রাইসালের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে নির্দেশ দিয়েছে ওয়ান-ফোর্থ অফ দি গ্রস প্রডিউস শুধু সে পাবে, আর বাকি থ্রি-ফোর্থ অফ দি গ্রস প্রডিউস পাবে বর্গাদার এবং শেয়ার-ক্রপার। প্ল্যানিং কমিশনের এই নির্দেশ থাকা সত্ত্বেও পশ্চিমবাংলার কংগ্রেস সরকার বর্গাদারদের এই স্বার্থ এবং এই বিশেষ সুযোগ থেকে বঞ্চিত করতে চাচ্ছেন। প্ল্যানিং কমিশনের এই নির্দেশকে ভারতবর্ষের অন্যান্য জায়গায় কার্যকরী করেছে। যেমন আসামের আধিয়ারদের কথা বলতে পারি। সেখানে আধিয়াররা যদি চাষের খরচ বহন করেন তাহলে ওয়ান-ফিফ্‌থ অফ দি প্রোডিউস পাবে জমির মালিক আর যেখানে চাষের খরচ বহন করে না সেখানে ওয়ান-ফোর্থ অফ দি প্রোডিউস পাবে জমির মালিক। আমাদের পাশের রাজ্য আসামে যদি এ রকম পেয়ে থাকে আর প্ল্যানিং কমিশনের যদি এইরকম নির্দেশ থাকে তাহলে আজকে নূতন করে যে বিল এনেছেন, কেন সেই বিলের মধ্যে সেই নির্দেশকে কার্যকরী করেন নি? কেন আজকে বাংলাদেশের বর্গাদারদের এইভাবে বিশ্বাসঘাতকতার পথে ঠেলে দিচ্ছেন। আজকে বাংলাদেশের চাষীদের দিকে যদি তাকাই তাহলে দেখতে পাবো যে—কিছুদিন আগে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে সার্ভে তাতে দেখা গেছে যে গ্রামের শতকরা ৭২টি পরিবার রুরাল ফ্যামিলি কিভাবে ইনডেটেড। এ্যাভারেজে প্রতিটি ফ্যামিলির ৬৫৪ টাকা করে ঋণ। আর যদি কালটিভেটিং ক্লাসের দিকে দেখি তাহলে দেখবো মাথাপিছু ঋণের পরিমাণ ৭১৯ টাকা। এই যে বিপুল পরিমাণ ঋণের বোঝা বহন করে চলেছে এটা এই জন্যই যে পশ্চিমবাংলায় বিশেষ করে আমরা দেখছি যে বর্গাদার যারা ওয়ান-থার্ড অফ দি টোটাল ল্যান্ড কালটিভেট করে তাদের ল্যান্ড সম্পর্কে কোন সিকিউরিটি নেই। আমরা বার বার বিধানসভায় বলেছি যে প্ল্যানিং কমিশনের সামান্যতম নির্দেশটুকু অন্তত কার্যকরী করুন। রাইটস অফ রিজামসান সেটা বন্ধ করুন। ভারতবর্ষের অন্যান্য অঙ্গরাজ্যে এটা বহু পূর্বে করেছে কিন্তু পশ্চিমবঙ্গ করেনি। শেয়ার সম্পর্কে ক্রপারদের যে নির্দেশ সেই নির্দেশও আপনারা কার্যকরী করেন নি। বর্গাদারদের যদি মামলা করবার কথা বলেন তাতেও আপনারা দুই বছর টাইম লিমিট করে দিয়েছেন। কেন, ছয় মাস করা যেত না? ভূস্বামীরা দুই বছর সময় পাবে আর মামলা ঠুসে যাবে। কেন এই সুযোগ তাদের দিয়েছেন? আপনারা বলছেন ১০ বছরের জায়গায় দুই বছর করেছেন। আমাদের কথা সেটা আরো কমান যেতে পারতো। তারপর ডিফলটের জন্য আপনারা বলছেন ৪টি ইনস্টলমেন্ট দেবেন। এতটা বেঁধে দিয়েছেন কেন? সিভিল কোর্টে, আপনারা জানেন, যদি ৫০০ টাকা ধার করে থাকি, আমার বিরুদ্ধে যদি ডিগ্রী করেন তাহলে একর্ডিং টু মাই স্টাটাস আমার ইকনমিক কনডিসান দেখে কোর্ট ঠিক করে দেবে যে কটা ইনস্টলমেন্টএ দিতে হবে। কোন ক্ষেত্রে ১০টা ইনস্টলমেন্টও দেয়। কিন্তু যে বর্গাদার সে গরিব মানুষ তাকে ঠিক করে দিয়েছেন যে উইদিন ফোর ইনস্টলমেন্ট তাকে দিতে হবে। কেন এই রেসট্রিকসান করে দিয়েছেন? যদি সে কোন কারণে এই চারটি ইনস্টলমেন্টে না দিতে

পারে তাহলে তাকে জমি থেকে উৎখাত হতে হবে। সেইজন্যই বলছিলাম সামান্য ছিটেফোঁটা যা এদের দিয়েছেন তাতে করে এদের বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। তারপর রিডাকসান অফ রেন্ট সম্পর্কে দু-একটি কথা বলা দরকার। রাইট অফ রিডাকসান ইন রেন্টে আমরা বলেছিলাম এবং রিডাকসান অফ রেন্ট সম্পর্কে আমরা বার বার এখানে দাবিও তুলেছি কিন্তু রেন্ট সম্পর্কে বক্তব্য আপনারা রেখেছেন এই বিলের মধ্যে যে স্টাটাস কো মেনটেন। মাননীয় সভাপাল মহাশয়, স্টাটাস কো আজকে রেন্টের ক্ষেত্রে—যখন জমিদারী প্রথা উচ্ছেদ হয়, যখন তার বিরুদ্ধে বাংলাদেশের কৃষকরা হাটে মাঠে লড়াই করেছিল তার প্রথম কথা ছিল গরিব আনইকনমিক হোল্ডিং-এর যারা মালিক তাদের রেন্ট-খাজনার কবল থেকে মুক্ত করতে হবে। কিন্তু স্টাটাস কো মেনটেন করে চলেছেন। সেখানে আয় হোক বা না হোক সে জমির মালিক-চাষীর দেবার ক্ষমতা থাক বা না থাক আপনার সেই স্টাটাস কো বছরের পর বছর আইন করে পাশ করে যাচ্ছেন। নূতন সাইনটিফিক পদ্ধতিতে আনইকনমিক হোল্ডিং-এর যারা মালিক তাদের বাদ দিয়ে আপনারা নূতন করে সেই খাজনার ব্যবস্থা কেন করতে চান নি? এ আইন বার বার সংশোধন হয়ে গেল এবং আমরা একথা বার বার রিপিট করেছি, কিন্তু তা সত্ত্বেও আজও কংগ্রেস সরকারের ঘুম ভাঙ্গেনি। সেইজন্যই বলছি সমস্ত ভূমি-সংস্কারকে একটা প্রহসনে পরিণত করেছেন। যারা সত্যিকারের চাষী, যারা অক্লান্ত পরিশ্রম করে মাঠে সোনার ফসল ফলায় আজও ফিউডালিজমের যে চেন তা তাদের পায়ে বাঁধা আছে। আজও

lands concentrated in the hands of a few feudal lords

সেইজন্য আমি বলছি ভূমিকে আজকেও আমরা সংস্কার করতে পারিনি, ভূমিতে বিপ্লব আজকেও আমরা আনতে পারিনি, যার জন্য আমাদের কৃষির অবস্থা এমনি। আজও হাজার হাজার, লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার খাদ্য আমাদের বিদেশ থেকে আনতে হয়। ফিউডালিসিমের যে শিকল আপনারা তাদের পায়ে তুলে দিয়েছেন সে শিকল যতক্ষণ পর্যন্ত সে না ছিঁড়তে পারছে ততক্ষণ পর্যন্ত কোন উন্নতি হবে না। আজও দেখছি, ভারতবর্ষের অন্যান্য অঙ্গরাজ্যের তুলনায় পশ্চিমবাংলার যারা ভাগচাষী, টিলার্স অফ দি ল্যান্ড, তাদের যে ন্যায়সঙ্গত অধিকার তা থেকে বারবার আপনারা তাদের বঞ্চিত করেছেন। তাই বাংলাদেশের চাষীর অবস্থা, কৃষির অবস্থা এরকম হয়েছে, যার জন্য ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় কৃষির ফলন বিঘা পিছু সবচেয়ে কম। লজ্জার সঙ্গে বলতে হয় এই বাংলাদেশে একদিন প্রথম টেনেন্সি লেজিসলেশান হয়েছিল। আর আজ টেনেন্সি লেজিসলেশানে বাংলাদেশ সবচেয়ে পিছিয়ে আছে। লজ্জার সঙ্গে একথা বলতে হয় যে, কংগ্রেসী রাজত্বে বাংলাদেশের চাষী সর্বস্বান্ত হয়েছে। এই কথা বলে আমি এর বিরোধিতা করছি।

Personal Explanation

[5-20—5-30 p.m.]

Shri Nepal Chandra Roy:

মিঃ চেয়ারম্যান, স্যার, অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন। আমি শুনলাম এবং কাগজেও দেখলাম বেরিয়েছে আমাদের এম এল সি যতীন চক্রবর্তী মহাশয় তাঁর আর এস পি দলের পক্ষ থেকে একটা ছেঁড়া শাড়ী এবং দুটি রেশমী চুড়ি দেবশরণ ঘোষের মাধ্যমে আমার টেবিলে পাঠিয়েছেন—আমি অবশ্য তখন এখানে ছিলাম না। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে ৯ এবং ২১ নম্বর ওয়ার্ডে যে ক্যান্ডিডেট ছিল তাঁদের সম্বন্ধে আমি জিদ করে বলেছিলাম যে, তাঁদের হারিয়ে শাড়ী এবং চুড়ি পরিয়ে দেব। তবে তিনি যখন পাঠিয়েছেন এই পুরানো শাড়ী তাতে আমি বলছি যে, ১৯৬২ সালে [illegible] আমাদের প্রতাপদা একবার ছেঁড়া শাড়ী পরিয়েছেন এবং এবার আবার ছেঁড়া শাড়ী পরিয়েছেন কংগ্রেস কাউন্সিলর নরেন সেন হায়েস্ট ভোট পেয়ে। কাজেই ওঁদের যখন ছেঁড়া শাড়ী পরার অভ্যাস আছে তখন ওঁরাই এটা পরুক। স্যার, দেবশরণ ঘোষ শুদ্ধু ৪ জন এম এল এ ওখানে আঁকড়ে পড়েছিলেন, কিন্তু তা সত্ত্বেও হায়েস্ট ভোটে হেরেছে। আমরা জানতাম আর এস পি কমিউনিস্ট পার্টির লেজুড় এবং দেখেছি যেখানেই কমিউনিস্ট পার্টির ক্যান্ডিডেট জিতেছে সেখানে ওঁদের উল্লাসের সীমা নেই। স্যার, চীনা কমিউনিস্ট পার্টির একটা রং আছে, কিন্তু এঁরা বোরখা পরে চীনাদের দালালী করছে।

শ্রীদেবশরণ ঘোষঃ স্যার, আমি ভেবেছিলাম নেপালবাবু ভদ্রলোক এবং ভদ্রলোকের মত কথা বলে সেটা রাখবেন। তিনি সংবাদপত্রের রিপোর্টারের কাছে এবং এখানে প্রকাশ্যে দম্ভ করে বলেছিলেন ঐ দুজন ভদ্রলোককে যদি ভোটে হারাতে না পারি তাহলে শাড়ী এবং চুড়ি পরে এখান থেকে বেরিয়ে যাব। আমি ভেবেছিলাম তিনি সেকথা রাখবেন, কিন্তু এখন দেখছি তিনি সেকথা রাখছেন না।

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964 as reported by the Joint Committee

Shri Monoranjan Baksi:

মাননীয় চেয়ারম্যান, স্যার, ভূমি সংস্কার বিল যেটা উত্থাপন করা হয়েছে সে সম্পর্কে আমার একটি কথা মনে হচ্ছে। আমি একদিন বলেছিলাম ভূমি সংস্কার করতে গিয়ে আপনারা ভূমিকম্প নিয়ে আসবেন। এখন দেখছি সেই ভূমিকম্প আপনারা একমাত্র পল্লী-অঞ্চলে নিয়ে এসেছেন—অর্থাৎ যাবতীয় আইনকানুন সব পল্লীঅঞ্চলের জন্য। আমরা দেখছি পল্লীঅঞ্চলে জমির সর্বোচ্চ পরিমাণ বেঁধে দিয়েছেন—শহরে কোন সিলিং লিমিট করা হয় নি। আমি মনে করি সরকারের এই দুমুখো নীতির ফলে ভূমি সংস্কারের মত একটা গুরুত্বপূর্ণ বিষয় ব্যর্থ হচ্ছে। কাজেই আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি শহর এবং পল্লীগ্রামের মধ্যে কোন পার্থক্য না রেখে, দুরকম আচরণ না করে এক পর্যায়ভুক্ত করে উভয়ের ক্ষেত্রে সিলিং লিমিট নির্ধারণ করুন। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে দেখছি বর্গাদারদের সম্বন্ধে বহু কথা হচ্ছে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যত ভাল আইন হোক না কেন বর্গাদার-দের স্বার্থ রক্ষা করবার জন্য কোন সুষ্ঠু পরিবেশ সৃষ্টি না করলে এই কাজ করতে পারবেন না। আজকে বড় বড় জোতদাররা চিন্তা করছে সরকার কখন কি আইনকানুন তৈরি করেন যে আইনকানুনের বেড়াজালে পড়ে আমরা হয়ত ধ্বংস হব কাজেই তারা বর্গাদারদের জমি-জমা দিচ্ছে না। আমার বক্তব্য হচ্ছে উদ্বৃত্ত জমি যেগুলো রয়েছে সেগুলো ভূমিহীন বর্গা-দারদের মধ্যে বিলি করে দেওয়া সরকারের উচিত এবং তা যদি না করতে পারেন তাহলে এই বর্গাদাররা বরাবরই ভূমিহীন থেকে যাবে, এবং আইনের মারপ্যাঁচে তাদের স্বার্থ রক্ষা হবে না। তারপর, জয়েন্ট কমিটির রিপোর্ট যেটা এখানে উত্থাপন করা হয়েছে তাতে দেখছি বর্গাদারের মৃত্যু হলে পরবর্তীকালে তার পরিবারে যারা থাকল তাদের সম্বন্ধে কোন ব্যবস্থা নেই। আমি মনে করি এ সম্পর্কে মন্ত্রিমহাশয়ের একটা আইন আনা উচিত। তারপর, ভূমি সংস্কার আইনের মাধ্যমে আমরা দেখছি পশ্চিম বাংলায় গোচর ভূমি রাখার ব্যবস্থা নেই। আমি মনে করি গো উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের চাষীর উন্নতি হবে কাজেই গোচর ভূমি রাখা প্রয়োজন। তারপর আমার বক্তব্য হচ্ছে যেসমস্ত এলাকায় বন্যা এবং অনাবৃষ্টির জন্য ভাল ফসল উৎপন্ন হয় না সেখানে যাতে তৎপরতার সঙ্গে খাজনা মকুব করা হয় তার ব্যবস্থা করা দরকার।

শুধু তাই নয়, অন্তত পাঁচ একর জমির খাজনা ক্যানাল এরিয়ায় মকুব রাখা উচিত। কারও হয়ত তিন একর জমি আছে নন-ক্যানাল এরিয়ায়, সেখানে খাজনা মকুব করা উচিত। যারা ভূমিহীন চাষী বর্গাদার তাদের বিনা অনুমতিতে অন্ততঃ বাস্তুভিটার ব্যবস্থা করা উচিত। তা যদি না করা যায় তাহলে এই সরকার যতই সহানুভূতির কথা বলেন না কেন তাঁরা ভূমি সংস্কার করতে পারবেন না, কেননা নীতি তাঁদের যতই ভাল হোক সেই নীতি যদি প্রয়োগ না করা হয় তাহলে বড় বড় কথা বলে বাংলাদেশের চাষীর উন্নতি করা যাবে না, সেদিক থেকে এর আমূল পরিবর্তন দরকার। সরকার বলেছিলেন, বৈপ্লবিক পরিবর্তন আনবেন. আমি দেখছি বৈপ্লবিক পরিবর্তন মোটেই না, অনেক রেখে দিয়ে কাজ করছেন, যার ফলে আসল উদ্দেশ্য ব্যর্থ হয়েছে।

Shri Abhoy Pada Saha:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই হাউসে সিলেক্ট কমিটি থেকে যে বিল এসেছে আলোচনার জন্য তাতে দেখছি অনেক জগাখিচুড়ি আছে। আমরা যা আশা করেছিলাম তার বিন্দুমাত্র পরিবর্তনও হয় নি। যে অবস্থা ভূমিব্যবস্থায় ছিল সেই চিরাচরিত ব্যবস্থা বর্তমানেও থাকবে। এই প্রথার একটু এদিক করলে অবস্থার কোন পরিবর্তন হবে না। আমাদের

পশ্চিম বাংলার আর্থিক অবস্থা দিন দিন নীচের দিকে চলে যাচ্ছে, সব জায়গায় এটা আলোচনা হচ্ছে। ভূমি ব্যবস্থার যদি পুরোপুরি পরিবর্তন করা না যায় তাহলে দেশের আর্থিক অবস্থার পরিবর্তন হবে না, লোকের অবস্থার উন্নতি হবে না। সাধারণত শতকরা ৭৫ জন যে দেশে ভূমির উপর নির্ভরশীল সেই দেশে যদি ভূমিব্যবস্থার পরিবর্তন না হয়, কৃষির যদি উন্নতি করতে হয়, কৃষিব্যবস্থার যদি উন্নতি করতে হয়, যারা কৃষিজীবী তারা যদি প্রকৃত উৎসাহী না হয়, তাদের মধ্যে যদি প্রাণ সঞ্চার করতে না পারা যায় তাদের আগ্রহশীল করতে না পারা যায়, যত পরিকল্পনাই হোক না কেন, সেটা কোনদিন কার্যকরী করা যাবে না। কিন্তু ভূমিব্যবস্থা আজ পর্যন্ত যা হয়েছে, ভূমি নিয়ে যারা কারবার করে সেই শ্রেণীর অবস্থা কতটা উন্নতি হয়েছে? ভূমিব্যবস্থার সংগে যারা জড়িত, যারা কৃষিজীবী, ভূমিব্যবস্থার সংগে ওতপ্রোতভাবে জড়িত তাদের অবস্থা যদি পরিবর্তন করতে না পারা যায় তাহলে ল্যান্ড রিফর্ম অ্যাক্টের কোন সার্থকতা থাকে না। সেই হিসাব আমরা যদি খতিয়ে দেখি তাহলে দেখব যারা প্রকৃতপক্ষে জমি চাষ করে, তাদের এই আইনের দ্বারা কোন উপকার হয় নি। অনেক ক্ষেত্রে এটা দেখছি যেমন বর্গাদার আইন করা হয়েছে কিন্তু সেই আইন ঠিকমত প্রযোজ্য হয় নি, কারণ তারা হচ্ছে অশিক্ষিত, আইনের মর্ম তারা বোঝেনা, আইনে তাদের কতটা স্বার্থ আছে সেকথা তারা বোঝে না, জানে না এবং সেই হিসাবে তাদের অধিকারও কায়েম করতে পারে না।

[5-30—5-40 p.m.]

এই হিসাবে আইনকে পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে। এইভাবে আইন রাখলে অবস্থার কোন উন্নতি হবে না। আর একটা কথা হচ্ছে যে, আগে শোনা গিয়েছিল যে, খাজনা একটা বৈজ্ঞানিক উপায়ে ধার্য করা হবে। অল্প জমির খাজনা যাতে কম হয় সেইভাবে খাজনা ধার্য করার একটা ব্যবস্থা হবে। কিন্তু এই বিলে দেখা যাচ্ছে এই নীতিটা পরিত্যক্ত হয়েছে। চিরাচরিত প্রথা অনুযায়ী খাজনা যেখানে যেমন ধার্য করা হয়েছে ঠিক সেইভাবে থাকবে। এই নীতিটা খারাপ। খাজনা ধার্য করা আছে অত্যন্ত বেহিসেবী উপায়ে। আগে যখন জমিদার ছিলেন তাঁরা তাঁদের মন মতন ধার্য করে গিয়েছিলেন। আমরা দেখছি এক একরের উপর কোন জায়গায় ৩০ টাকা খাজনা ধার্য করা আছে আর তার পাশে কোন জায়গায় আট টাকা আছে, কোন জায়গায় দশ টাকা আছে। এইভাবে খাজনা ন্যায্য হিসাব অনুযায়ী ধার্য করা নেই। সেজন্য আমরা আশা করেছিলাম খাজনা ধার্য করা হবে ন্যায়সঙ্গতভাবে। কিন্তু সেই নীতি এই বিলে গৃহীত হয় নি। আমরা দেখছি যেসব জমি খাস জমি তাঁরা রেখে দিয়েছেন তাঁদের সেই জমির খাজনা অত্যন্ত কম। কিন্তু প্রজার যে জমি ছিল জমিদারদের অধীনে সেই প্রজার উপর খাজনা তার তুলনায় অনেক বেশি। এই যে খাজনার ব্যবস্থা আছে সেই ব্যবস্থার পরিবর্তন করা যায়। যেরকম জমি, যার যেরকম আয় সেইরকমভাবে যদি খাজনা ধার্য করা হোত তাহলে প্রজারা বুঝতে পারত জমিদারী প্রথা উচ্ছেদ আইনে তাদের কিছুটা উপকার হয়েছে। কিন্তু তাঁদের যে রীতিনীতি আছে তাতে দেখছি আগে যেভাবে তাদের কাছ থেকে যেভাবে খাজনা আদায় হত এখন ঠিক সেইভাবে খাজনা আদায় হচ্ছে। বরং তাদের যদি খাজনা বাকি পড়ে তাহলে তা সুদসমেত আদায় করা হয়—সুদ না দিলে খাজনা আদায় নেওয়া হয় না। এই সুদের জন্য এখন এমন অনেক প্রজা আছে যারা তাদের জমিজমা বন্ধক দিয়ে খাজনা দেয়। এই অবস্থার যদি পরিবর্তন না হয় তাহলে ল্যান্ড রিফর্মস অ্যাক্টএর উদ্দেশ্য নষ্ট হয়ে যায়। অল্প যে জমির মালিক, যার জমির আয়ে সংসার চলে না তার যদি কিছুটা সুবিধা না করে দেওয়া যায় তাহলে আইনের উদ্দেশ্য সফল হবে না। সেজন্য এই যে বিল আনা হয়েছে এই বিল প্রত্যাহার করে যারা প্রকৃত জমি চাষ করে তাদের সুবিধা দেওয়া যায় সেইভাবে বিল আনার জন্য আমি অনুরোধ করছি।

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে আমাদের পক্ষে আমার পূর্ববর্তী বক্তা মূল নীতির কথা বলেছেন। আমি সেসব বিষয় সম্বন্ধে না বললেও কয়েকটা বিষয় সম্বন্ধে না বলে পারছি না। অনেক জিনিস নীতিগতভাবে দেখলে ভাল মনে হয়, কিন্তু আমাদের দেশে প্রশাসনিক

ব্যবস্থা যেরকম রয়েছে এবং যে অবস্থায় আমরা রয়েছি তাতে এই নীতিগুলো আইনে যেভাবে প্রয়োগ করা হয়েছে সেরূপ ফলপ্রসূ হবার পরিবর্তে মানুষের সাধারণ অধিকার নষ্ট করবে কিনা আপনার মাধ্যমে সকলের দৃষ্টি আকর্ষণ করছি। যেমন ধরুন

No raiyat shall dig or use, or permit any person to dig or use, earth or clay of his holding for the manufacture of bricks.

এই যে আইনে ইট তৈরি করার উপর বাধানিষেধ দেওয়া হয়েছে এটা কিরকম অনেক জায়গায় ইট তৈরি করলে অসুবিধে হয় কিন্তু এই যে পারমিশন নেবার ব্যবস্থা দেওয়া হল এটার দ্বারা আমাদের যে মূল উদ্দেশ্য আছে, যা নিয়ে রাখবার চেষ্টা করছি সেটা কার্যকরী হবে না। কিছু অফিসারদের উৎকোচ গ্রহণের ব্যবস্থা হবে এবং তিনি সেটা পেলে সেরকমের ব্যবস্থা করবেন। এরূপ আশঙ্কা হওয়া স্বাভাবিক, আমরা নিতান্ত আশঙ্কা বলে মনে করছি তা নয়, এটা কার্যকরী হবে বলে মনে হচ্ছে। সুতরাং এরূপ বাধানিষেধ যা করা হয়েছে তার বিরোধিতা করছি। তারপর দেখুন,

In the Sadar subdivision, Kalimpong subdivision and Kurseong subdivision of the district of Darjeeling, the Deputy Commissioner of the dstrict of Darjeeling, the Deputy Commissioner of the district may, from time to time, give directions regarding the form of cultivation to be adopted by a raiyat in respect of his holding or prohibiting a raiyat from cutting more than one tree.

এই যে একটার বেশি গাছ কাটার অধিকার আপনারা নষ্ট করছেন এবং বলছেন যে, ডেপুটি কমিশনার যেরূপ নির্দেশ দেবেন সেরকমভাবে রায়ত চাষ করবে। এটা মানুষের সাধারণ বা মৌলিক অধিকার তা খর্ব করছে। এ জিনিসটা আমাদের লক্ষ্য করা উচিত ছিল, কারণ এটা রিজনেবল রেস্ট্রিকশন আর্টিকেল ১৯(এফ) অফ দি কনস্টিটিউশন। তার রিজনেবল রেস্ট্রিকশন এটা কি করে বলা হবে তা আমি বুঝতে পারছি না। মানুষ কিভাবে চাষ করবে তার জন্য ডেপুটি কমিশনারের কাছ থেকে নির্দেশ নিতে হবে এবং ডেপুটি কমিশনার এরূপভাবে নির্দেশ দেবেন এবং সরকারী অফিসাররা এরূপভাবে যে নির্দেশ দেবেন তাতে কতরকম ভুল হয় তার ফল মানুষ ভোগ করবে এবং শুধু ভোগ করবে তা নয়, সেখানে তার অসুবিধা হবে সেখানে সে যদি অন্য কিছু করে তাহলে তার জন্য ফাইন ইম্পোজ করা হবে ১০০ টাকা পর্যন্ত। এগুলি আইডিয়াল হতে পারে, ভাল হতে পারে, নীতিগতভাবে দেখতে গেলে প্রয়োজন হতে পারে, কিন্তু আমাদের দেশের সাধারণ মানুষের অধিকার সেভাবে খর্ব করা হবে নিয়ন্ত্রিত করা হবে তাতে এই সমস্ত রেস্ট্রিকশন নূতন করে বসাতে গেলে কৃষকের পক্ষে অত্যন্ত অসুবিধাজনক বলে মনে হচ্ছে এবং এই ব্যাপারে প্রধানত আক্রমণ করা দরকার বলে আমি মনে করি। চা-বাগান সম্বন্ধে আগেই আমি বলেছিলাম যে, বর্গাদারদের সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন কিন্তু বর্গাদারদের ক্লজ ২এ যে ডেফিনিশন তাতে বর্গাদাররা যাতে তারা অন্তত দুপুরুষ পর্যন্ত সংরক্ষিত হয় একজন বর্গাদারের মৃত্যুর সঙ্গে সঙ্গে একজন বর্গাদারের ছেলে উচ্ছেদ হয়ে যায় সেটা থেকে প্রটেকশন দেওয়া দরকার এবং এদিক থেকে বিচার করার দরকার আছে। সবচেয়ে বড় কথা চা-বাগান সম্বন্ধে আমাদের দাবী যে শুধু চা-বাগান ছাড়াও অন্য জমি রয়েছে সে জমি কৃষিভিত্তিকভাবে চাষ করা হয় সে জমিতে ধান উৎপাদন করা হয়। আমাদের ল্যান্ড রেভিনিউ কমিটির তরফ থেকে চা-বাগান অনুসন্ধান করতে গিয়েছিলেন, তাঁরা বলেছিলেন জমির যে ধান সে ধান অনেক জায়গায় তাঁরা সম্পূর্ণভাবে পেয়ে থাকেন। কিন্তু অনেক চা-বাগান আছে যেখানে জমি ভাগে করা হয় জোতজমি আছে, চাষের জমি ছাড়া অথচ সে জমিগুলোকে টি-গার্ডেনএ রিটেন করে রাখা হয়েছে। আমি বলছি সে জমিগুলো ল্যান্ড রিফর্মএর আওতায় আনা হোক। কিন্তু তাও আনা হয় নি। এদিক থেকে অনেক ত্রুটি-বিচ্যুতি থেকে গেল। এরকমভাবে প্রতি ছত্রে যতটা উন্নত অবস্থা হবার কথা ছিল সেটুকুন এ বিলে সম্ভব হয় নি। এদিক থেকে বিলটা আরও উন্নত করা সম্ভব ছিল বলে মনে করি। আর একটা কথা বলা দরকার সাধারণভাবে কৃষকরা যেসমস্ত অসুবিধা ভোগ করছেন সেদিক থেকে তারা অত্যন্ত পীড়াদায়ক অবস্থায় আছে। এগুলি যদি উন্নত হত তাহলে আমরা এ বিল সমর্থন করতে পারতাম

[5-40—5-50 p.m.]

যেমন এর আগে আপনার মারফৎ এই হাউসের সামনে রেখেছি যে, কৃষকদের অনেক অসুবিধা রয়েছে—যেমন ধরুন ভাগচাষী যদি ফসল দেন তাহলে তাঁরা রসিদ পান না। এই রসিদ না পাবার দরুন যদি কোন শাস্তিমূলক ব্যবস্থা করতে পারতেন তাহলে ভাগচাষীরা রক্ষা পেতে পারত। তেমনি ধরুন, স্টেট অ্যাকুইজিশনে যে জমি খাসে পেয়েছেন সেই খাসের জমির বিলি-বন্দোবস্ত সম্বন্ধে উৎকোচের ব্যবস্থা প্রচণ্ডভাবে চলছে। যিনি এ বছর পেলেন তিনি পরের বছর নাও পেতে পারেন। বিশেষ করে যেসমস্ত জায়গায় খাসে জমি রাখা হয়েছে সেই সমস্ত জায়গাতে কৃষকদের এই সমস্ত অসুবিধা ভোগ করতে হচ্ছে। একদল লোক আছে যারা এ জিনিস চালায়। তারা জে এল আর ও অফিসে গিয়ে এ বছর জমি নিয়ে গেল যেমন করেই হোক জে এল আর ও-কে সন্তুষ্ট করে জমি পেল। আগামী বছর দেখল সেই লোকগুলি আর নেই। এইরকমভাবে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, হাইকোর্টে কেস হয়েছিল তাতে মিঃ জাস্টিস সিংহরায় দিয়েছিলেন অন্তত যারা এক বছর পেয়েছিল তাদের আর একবার পাবার অধিকার রয়েছে। এটা বিচার করে দেখা উচিত। কিন্তু যে সংশোধনীটি এসেছে তাতে এমন কিছু দেখলাম না যাতে রায়টাকে আইনের আওতায় এনে যারা এক বছর লাইসেন্স পাচ্ছে তারা আর এক বছর পেতে পারে। আরও জমিতে খাজনা নির্ধারণের ব্যাপারে যে অসুবিধাগুলি রয়েছে বিশেষ যখন একজন মারা গেলেন—তারপর চার ভাই—তাদের নাম আলাদা করে করে সব বন্দোবস্ত করা এগুলি কৃষকদের পক্ষে এতো অসুবিধা হয় যে, জে এল আর ও অফিসে ধরনা দিয়ে কিছু করা যায় না। সেখানে উৎকোচ দিয়ে করাতে হয়, তা না হলে হয় না। এই যে অসুবিধাগুলি রয়েছে—আমি বলছি এজন্য কৃষকদের ভয়ঙ্কর ভুগতে হচ্ছে। কাজেই আমি বলব যে, আইনের যেগুলি সংশোধন করলে কিছু কিছু উন্নতি হতে পারত সেই সমস্ত জিনিস আপনারা আনেন নি যার জন্য কৃষকদের এই অসুবিধাগুলি ভোগ করতে হচ্ছে। আর একটা কথা এখানে বলা দরকার—আমি আপনার মারফৎ এই কথাটা এর আগে এই হাউসে একটা কলিং অ্যাটেনশন আনতে চেয়েছিলাম। আমার বক্তব্য ছিল কৃষি বিষয়ে খুব একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার সংগে সংগে যারা শাসকদল তারা গুরুত্বপূর্ণ ব্যাপারটাকে আইনের আওতায় আনেন তাহলে কারা কারা আঘাত পাবে তার সম্বন্ধে লক্ষ্য না রাখেন এবং সে সম্বন্ধে আগে থেকে চিন্তা না করে সমস্ত ব্যবস্থা অবলম্বন না করেন তাহলে অনেক লোক আঘাত পেতে পারে। যেমন ভূমিসংস্কার আইন পাশ করার আগে অনেক প্রচার করেছেন এই আইনসভার ভিতর অনেক বিষয় আলোচিত হয়ে গেছে। যার ফলে অনেক সময় অনেক লোক উচ্ছেদ হয়ে গেছে। এই ভূমি সংস্কার আইনের ভয়ে তারা মনে করেছে যে, ভূমি সংস্কার আইন এলে আমাদের সমস্ত জমি চলে যাবে। অতএব তারা ভূমি থেকে লোকদের উচ্ছেদ করে দিয়েছে। আবার আপনি জানেন যখন স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট হয়েছিল তখন অনেক লোক আশঙ্কা বা চালাকির ভিত্তিতে অনেক জমি ট্রান্সফার করে এই আইনের আওতা থেকে নিজেদের বাঁচিয়ে রেখেছিল। কাজেই আমি অনুরোধ করছি যে, আগে থেকে ঘোষণা করাটা অত্যন্ত অন্যায় এবং এর পূর্বে মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন আমাদের বাংলাদেশের শাসকগোষ্ঠীর তরফ থেকে একটা রাজনৈতিক কনফারেন্স হয়েছিল মায়াপুরে। সেখানে হঠাৎ ঘোষণা করে দিলেন লাঙ্গল যার জমি তার হবে। এবং তার সংগে সংগে লোকে আতঙ্কিত হয়ে তারা মনে করল যে, এবার জমি থেকে উচ্ছেদ করা দরকার। সেইজন্য আমার বিনীত অনুরোধ যে, এইরকম ধরণের ঘোষণা করার আগে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা না করে মানুষের সামনে ঠেলে দেওয়া এটা ঠিক নয়। এতে দেশের কৃষিব্যবস্থার এবং সরকারের ক্ষতি হবে, ভাগচাষীদের ক্ষতি হবে। সেইসব কারণে আমি মনে করি যে, এই ব্যাপারে অনেক সুচিন্তিতভাবে অগ্রসর হওয়া দরকার। এই বিলের মধ্যে যে ত্রুটিগুলি রয়ে গেল সেগুলির দিকে দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্যগণ এতক্ষণ ধরে এই বিলের সাধারণ নীতি সম্পর্কে এবং এই বিলের বিভিন্ন ধারা সম্পর্কে যে আলোচনা করেছেন আমি সমস্তগুলি মনোযোগ দিয়ে শুনেছি। তবে আমার কাছে একটা দুঃখের বিষয় এই যে, মাননীয় সদস্যগণ তাঁদের উৎসাহের আতিশয্যে এমন সব বিষয়ের আলোচনা করেছেন যা এই বিলের আলোচনাপ্রসংগে

জানা যায় না। যেমন মাননীয় সদস্য শ্রীহাবিবুল্লা এখানে আলোচনা করলেন খাস জমির বিলি-বন্দোবস্ত সম্পর্কে অথবা ভাগচাষীদের রসিদ দিয়ে থাকেন বা দিয়ে থাকেন না আদায় করতে পারেন বা পারেন না সেই সম্পর্কে। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, এটা হল ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস আইনের ১৬ ধারার অন্তর্গত। এই ১৬ ধারাটা আমাদের বিচার্য নয়। সুতরাং এ সম্পর্কে যদি দীর্ঘকাল আলোচনা করা হয়, তাহলে একটু মুস্কিলের কথা হয়ে পড়ে। মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার মহাশয়, তিনি তাঁর কুড়ি মিনিটের দীর্ঘ বক্তৃতায় ১৭নং ধারা সম্পর্কে বললেন। খুব ভাল কথা বলেছেন, আমি এ সম্পর্কে আপাতত কিছু বলতে চাই না। কিন্তু একথা বলব যে, সম্পূর্ণ অপ্রাসঙ্গিক বক্তৃতা তিনি করেছেন এবং সেইসঙ্গে সঙ্গে তিনি ভুল তথ্য পরিবেশন করেছেন, যেমন অন্যান্য রাজ্য আমাদের চেয়ে ভূমি সংস্কার বিষয়ে অনেক এগিয়ে গেছে। মাননীয় সদস্য এখানে উপস্থিত থাকলে আমি একটা কথা জিজ্ঞাসা করতাম যে, আমাদের সামনে যেসব রাজ্যগুলি আছে—তিনি শুধু একবার হিসাব করে দেখবেন কি—কোন্ কোন্ জায়গায় কতখানি সিলিং তাঁরা প্রয়োগ করেছেন। সিলিং সম্পর্কিত আইনে এবং কতখানি জমি সেখানে আদায় করতে পেরেছেন। আমি এ সম্পর্কে আর বেশি কিছু বলব না। শুধু একথা বলব, যদিও এগুলি প্রাসঙ্গিকতাশূন্য দেখতে পাচ্ছি, তবুও যেটুকু গঠনমূলক দৃষ্টি রয়েছে এর ভিতর তার জন্য আমি অবশ্য মাননীয় সদস্যদেরই প্রশংসা করব। আমাদের আইনের ধারা সম্পর্কে বলতে গিয়ে মাননীয় সদস্য শ্রীনাথানিয়াল মুর্মু বলেছিলেন যে, চা-বাগান সম্পর্কে যদিও কিছু সংশোধন করা হয়েছে এবং বলা হয়েছে যে, ল্যান্ডের ডেফিনিশনের কিছু বদল করা হবে তাতে ল্যান্ড বলতে গিয়ে আমরা অবশ্য বলেছি চা-বাগানের অন্তর্গত জমিকে ভূমিসংস্কারের আওতার মধ্যে রাখা হবে না ঠিকই, তবুও তাঁদের আশঙ্কা চা-বাগানের অন্তর্গত জমিতে যদি ভাগচাষী থাকেন তাহলে তাঁদের রক্ষণাবেক্ষণের জন্য কোন বন্দোবস্ত করা হয় নি। আমি এই কথাই বলতে চাই যে, চা-বাগানের অন্তর্গত কোন জমিতে যদি ভাগচাষী থাকেন তাঁর রক্ষণাবেক্ষণের জন্য সুদৃঢ় ব্যবস্থা করা হবে। আমি এ সম্পর্কে মনে করছি যে, লীজ ফর্মে দেওয়া হবে, তাতে চা-বাগান হবে লেসি, এই লেসিকে বাধ্য করা হবে চা-বাগানের অন্তর্গত ভাগচাষীকে সম্পূর্ণরূপে সুযোগ-সুবিধা দিতে। আমি সেই ধারার একটুখানি পড়ে শোনাচ্ছি।

> "Provided further that if any land comprised in the said lands and hereditaments is at the date of execution of this lessee in the cultivation of a bargadar, the lessee shall not realise from such bargadar any share of the produce of such land in excess of the share allowable to a person whose land is cultivated by a bargadar under the provisions of section 16 of the West Bengal Land Reforms Act, and shall not terminate cultivation of such land by such bargadar except with the previous permission of the State Government."

[5-50—6-1 p.m.]

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্যগণ যদি একটু অনুধাবন করে দেখেন তাহলে বুঝতে পারবেন, অন্যান্য জায়গায় বর্গাদাররা যে সুযোগ-সুবিধা লাভ করবেন এখানে তার চেয়ে অধিকতর সুযোগ-সুবিধা লাভ করবেন। অন্যান্য জায়গায় বর্গাদারকে উচ্ছেদ করা যেতে পারে—মনে করুন, ঠিক সময়ে শেয়ার অফ প্রডিউস দিল না বা অন্য কোন কারণে যদি শর্ত ভঙ্গ করে তাহলে সেকশন ১৭ অনুযায়ী অনেক জায়গায় তাকে উচ্ছেদ করা যেতে পারবে। কিন্তু এখানে টি-গার্ডেনের লেসি যদি উচ্ছেদ করবার প্রয়োজন মনে করে তাহলে তাকে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের পারমিশন নিতে হবে। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের বিনা অনুমতিতে কোন চা-বাগানের জমির অন্তর্গত বর্গাদারকে কোনভাবে উচ্ছেদ করা চলবে না। সুতরাং চা-বাগানের অন্তর্গত বর্গাদারদের উচ্ছেদ সম্পর্কে মাননীয় সদস্যগণের যে আশঙ্কা সেই আশঙ্কা থাকবার কোন কারণ নেই।

Shri Nathaniel Murmu:

আপনি এগ্রিকালচারাল ল্যান্ডের ডেফিনিসান পাল্টালেন কেন? তার কারণ বললে না হয় বুঝতে পারতাম। আশঙ্কা ওখান থেকে আসছে।

Shri Syamadas Bhattacharyya: ল্যান্ডের ডেফিনিশন যেজন্য বদলানো হয়েছে সে সম্বন্ধে মাননীয় সদস্যের পাশে যে মাননীয় সদস্য শ্রীননী ভট্টাচার্য মহাশয় বসেন তাঁর সংগে দীর্ঘকাল আলোচনা হয়েছে, আমি এখানে অনেকবার বলেছি, আবার যদি চান তাহলে বলতে পারি। পাল্টাবার ব্যবস্থা এজন্য করা হয়েছে যে, ল্যান্ডের মধ্যে এগ্রিকালচারাল ল্যান্ড বুঝতে এবং চা-বাগানের অন্তর্গত জমিকে এগ্রিকালচারাল ল্যান্ড বললে ভূমিসংস্কারের আওতার মধ্যে পড়বে। চা-বাগানকে ভূমিসংস্কারের আওতার বাইরে নিয়ে যাচ্ছি। এজন্য ডেফিনিশন বদলানো হয়েছে। সেই সংগে সংগে জয়েন্ট কমিটি এই সুপারিশ করেছেন—

> other than land comprised in a tea-garden which is retained under sub-section (3) of section 6 of the West Bengal Estates Acquisition Act and includes homesteads.

এটা সাবস্টিটিউট করলেন, করে বলা হল এ ঠিক সেইটুকু জমি ভূমিসংস্কার আইনের আওতার বাইরে থাকবে, যেটুকু জমি সেকশন ৬(৩) অনুযায়ী চা-বাগানকে রাখতে অনুমতি দেওয়া হবে। সুতরাং মাননীয় সদস্য শ্রীমুর্মুর এ বিষয়ে আশঙ্কা করবার কোন কারণ নেই। মাননীয় সদস্য শ্রীমুর্মু আবার বললেন সিডিউল্ড ট্রাইবসদের বেলাতে উপজাতিদের বেলাতে জমি হস্তান্তরে সাধারণত কতকগুলি বাধানিষেধ করা হয়েছে। ভুল কথা। এক উপজাতির লোক অন্য উপজাতির লোককে বিক্রি করতে পারবে না এটা খুব খারাপ কথা হয়েছে। এ সম্পর্কে যদি সংশ্লিষ্ট ধারাটা দেখেন ক্লজ ৮, চ্যাপটার ১১এ, নিচের দিকে আছে।

> In the case of sale to a person not belonging to the Scheduled Tribe to which the transferor belongs, the Revenue Officer shall not give the permission referred to in clause (e) of sub-section (1) unless he is satisfied that a purchaser belonging to such Scheduled Tribe, who is willing to pay the fair market price for the land is not available.

অর্থাৎ পারতপক্ষে চেষ্টা করা হবে এক উপজাতির জমি সেই উপজাতির লোকের মধ্যে রাখবার জন্য। যদি নিতান্তই না পারা যায়, তখন করা হবে। কিন্তু চেষ্টা করা উচিত এক উপজাতির জমি অন্য উপজাতির কাছে হস্তান্তরিত যাতে না হয়। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন উপজাতির মধ্যে অর্থনৈতিক দিক থেকে উচ্চ-নীচের তারতম্য থাকে। ঐ অর্থনৈতিক দিক থেকে কিছুটা তারতম্য থাকার ফলে তারা অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর, পশ্চাৎপদ এবং দরিদ্র উপজাতির জমি যাতে কিনে নিতে না পারে সেটা নিশ্চয়ই মাননীয় সদস্যদের দেখা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর যেসমস্ত বক্তৃতা শুনেছি তার মধ্যে উত্তর দেওয়ার বিশেষ কিছু আছে বলে মনে করি না। তবে এই কথা কেবল বলব অধিকাংশ বক্তৃতা গুরুত্বপূর্ণ বিষয়ে হলেও প্রসংগত হয় নি। মাননীয় সদস্য শ্রীবলাইলাল দাস মহাপাত্র বললেন ইটখোলা সম্বন্ধে। ইটখোলা সম্পর্কে অত্যন্ত কঠোর বিধান হয়েছে। ইটখোলা সম্পর্কে যে বিধান হয়েছে তাতে শুধু এই কথা বলা হয়েছে যে, ব্যবসা-বাণিজ্যের অতি মূল্যবান কৃষি জমিকে ইট খোলায় রূপান্তরিত করতে পারবে না। যদি ব্যবসা-বাণিজ্যের জন্য ইট তৈরি করতে হয়, টাইল তৈরি করতে হয় এবং জমি নষ্ট করে ফেলতে হয় তাহলে নিশ্চয়ই সরকারের কাছ থেকে অনুমতি নিয়ে তবে করা উচিত। সরকার পারতপক্ষে এগুলির অনুমতি দেন না।

শ্রীমনসুর হবিবুল্লা মহাশয় বললেন যে, এখানে কেবল সরকারী কর্মচারীদের উৎকোচ গ্রহণের পথ প্রশস্ত হল। যে কোন কাজ করতে যাবেন সরকারী কর্মচারীদের উপর, সাধারণের উপর নির্ভর করতে হবে, তাদের সততার উপর বিশ্বাস করতে হবে, তাদের দক্ষতার উপর আস্থা স্থাপন করতে হবে। যদি প্রথমে ধরে রাখেন যে, কোন কাজ করবেন না, সরকারী কর্মচারীদের কোন ক্ষমতা আমরা দেব না, তাহলে কোন আইন করা চলে না। এতক্ষণ বড় বড় কথা তিনি বললেন সংজ্ঞা সম্বন্ধে। নূতন বিল সম্বন্ধে মাননীয় সদস্য বলাই মহাপাত্র অনেকগুলি সাজেশন দিয়েছেন। খুব ভাল কথা। সেগুলি কার্যকর করতে হলে সরকারী কর্মচারীদের উপর অনেকখানি নির্ভর করতে হবে। সেই জন্য ঐ রকম একটা যুক্তি দেখিয়ে ইটখোলার কথাটা একেবারে নাকচ করে দেবার চেষ্টা করা ঠিক হবে না।

Shri Balai Lal Das Mahapatra:

আমি বলেছি ওটা নির্দিষ্ট করে দেন—তিন ফুট থেকে চার ফুট করে দেন, তাতে জমি নষ্ট হবে না।

Shri Syamadas Bhattacharyya:

তিন ফুট থেকে চার ফুট না হলেও সরকারী কর্মচারীদের দেখতে হবে যে তার দ্বারা জমি ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা; চাষের জমির রূপান্তর ঘটছে কিনা। তা যদি না হয় তাহলে অনায়াসে সেখানে পারমিশন পাওয়া যেতে পারে।

তারপর কৃষকদের স্বার্থরক্ষা সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে যে কৃষকদের স্বার্থ রক্ষিত হয় নাই। সেকশন ১৮ যেটা ঢেলে সাজানো হয়েছে অন্তত তার জন্য যাঁরা ভাল করে সেটা বুঝেছেন বা বোঝবার চেষ্টা করেছেন, তাঁদের কাছ থেকে আইন রচনাকারীরা প্রশংসার দাবি করতে পারে। সেকশন ১৮ যেভাবে ঢেলে সাজানো হয়েছে—মাননীয় সদস্য অনেকে জানেন, মহাপাত্র মহাশয়ও জানেন যে, বকেয়া ফসলের জন্য কত দীর্ঘদিনের দাবি করে মামলা হয়েছে এবং প্রজাদের উৎখাত করা হয়েছে, মাননীয় সদস্য তখন কিন্তু এ সম্বন্ধে কোন কথা বলেন নি। সমস্যা কোথায় এই আইনে তা তদন্ত করবেন না; এই সেকশন ১৮ সম্বন্ধে তদন্তের কথা শুনতে পেলাম না।

(এ ভয়েস: একথা ঠিক নয়, নিশ্চয়ই বলেছি।)

আমাদের মাননীয় সদস্য ভক্তিভূষণ মণ্ডল প্রিএমশনএর কথা বলেছেন, সেটা সম্পূর্ণ প্রাসঙ্গিক কথা। সেকশন ৮ অফ দি ল্যান্ড রিফর্মস অ্যাক্ট এই প্রিএমশনএর কথা আছে। সুতরাং এ নিয়ে হঠাৎ আলোচনা করলে লাভ হবে না। অধিকন্তু তিনি কথা বলেছেন, তা সম্পূর্ণভাবে আইনের দিক দিয়ে ঠিক নয়। দ্বিতীয় যে কথা বলেছেন, ক্লজ ১০(৩) সেখানে আছে—

The Munsif hearing the appeal may for sufficient cause make an order staying execution of the order appealed against.

এই কথা তিনি বলেছিলেন যে, স্টে অর্ডার ইজ নট সাফিসিয়েন্ট—এই স্টে অর্ডার এখানে স্টেয়িং এক্সিকিউশন যথেষ্ট নয়। কেন ইনজাংশন দেওয়া হয় নাই। তিনি এখানে থাকলে তাঁকে জিজ্ঞাসা করতাম—এখানে ইনজাংশন ও স্টে অর্ডারএর মধ্যে কি পার্থক্য। তিনি যেভাবে দ্রুত বক্তৃতা করেছেন তাতে আমি কিছু বুঝতে পারলাম না। আমি আইনজ্ঞের সঙ্গে পরামর্শ করে বুঝলাম, যদিও এটা বোঝবার অগম্য জিনিস।

আর একটা কথা, একজন মাননীয় সদস্য বলেছিলেন যে, জোর করে কেউ যদি দখল করে নেয়, সেকশন ১৮র উপর কেউ যদি জোর করে জমি থেকে উচ্ছেদ করে কোনরকমভাবে জমি দখল করে, তাহলে সেকসন ১৯এ অনুসারে তার পানিশমেন্টের ব্যবস্থা আছে, ছয় মাসের পর্যন্ত জেলের ব্যবস্থা আছে। কাজেই বলার আগে বোধ হয় একটু ভালভাবে জেনেশুনে নিয়ে বললে ভাল হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি এই বিলটা যেটুকু এসেছে, যেভাবে এসেছে, যতটুকু এসেছে, তার মধ্যে অনেক কিছু স্বাগত জানাবার আছে। অনেক কিছু আবার নাই—তার কথা বলেছি। মাননীয় সদস্য বলেছেন, অনেক কিছু হলে ভাল হত। যতখানি এসেছে ততখানিকে বানচাল করবার জন্য তাঁরা প্রতিবাদ জানালেন—মাননীয় সদস্যরা বললেন—এই বিলটার আমরা বিরোধিতা করি। এই বিলটার বিরোধিতা করার মানে কি বুঝি না। তাঁরা কি জনসাধারণের কাছে গিয়ে বলতে পারবেন যে, তাঁরা এই বিলটার বিরোধিতা করেন? তাঁরা কি বলতে পারবেন এই বিলটা অনাবশ্যক এবং কৃষকদের স্বার্থের প্রতিকূল বলে তাঁরা বিরোধিতা করলেন? এমন কি আমাদের তরফ থেকে মাননীয় সদস্যরা বললেও তারা তা শুনবেন না। কিন্তু আমার মনে হয়—এই বিরোধিতার কথাটা তাঁদের মুখ থেকে বের না হওয়াই উচিত ছিল। তাঁরা বলতে পারতেন যে এই রকম হওয়া উচিত ছিল। কিন্তু এই যে বিল এসেছে—অনেকে স্বাগত জানিয়েছেন—মুষ্টিমেয় কয়েকজন মাননীয় সদস্য ছাড়া।

The motion that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee, be taken into consideration, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-1 p.m. till 1 p.m. on Friday, the 2nd April, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 2nd April, 1965, at 1 p.m.

Present

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mallick) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 163 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Code of Conduct for Ministers

***437.** (Admitted question No. *2242.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোড অব কন্ডাক্ট ফর মিনিস্টার পশ্চিমবঙ্গে পালিত হইতেছে কি না?

Shrimati Abha Maiti:

হ্যাঁ, হইতেছে।

শ্রীসনৎকুমার রাহাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোড অব কন্ডাক্ট ফর মিনিস্টার্স যা পালিত হচ্ছে বলে বললেন তার বিবরণী আমরা অ্যাসেমব্লী হাউসে জানতে পারি কি না?

শ্রীমতী আভা মাইতিঃ এরকম কোন ব্যবস্থা এখনও হয়নি।

শ্রীসনৎকুমার রাহাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, এটা কি কেন্দ্রীয় সরকারের নির্দেশ যে কোড অব কনডাক্ট-এর ইনফর্মেসন অ্যাসেমব্লীতে দেওয়া হবে না?

শ্রীমতী আভা মাইতিঃ সেণ্ট্রাল গভর্নমেণ্ট আমাদের বলেছে আচরণ বিধি সম্পর্কিত ব্যাপারগুলো স্টেট মিনিস্টার বা চীফ মিনিস্টার-এর কাছে দেবে এবং চীফ মিনিস্টার সেটা প্রাইম মিনিস্টার-এর কাছে দেবেন এবং কি আচরণবিধি তৈরী করা হয়েছে সেটা প্লেস করবার জন্য বলেছেন। কিন্তু তাঁরা একথা বলে দেন নি যে তার সমস্ত খুটিনাটি এখানে আলোচনার বিষয় হবে।

শ্রীসনৎকুমার রাহাঃ আপনি বললেন মিনিস্টার-এর কোড অব কন্ডাক্ট চীফ মিনিস্টার-এর কাছে দিতে হবে এবং চীফ মিনিস্টার সেটা প্রাইম মিনিস্টার-এর কাছে দেবেন। আমার প্রশ্ন হচ্ছে এ সম্পর্কে হাউসে যেটা প্লেস করা হয়েছে তাতে ওই সম্পর্কে কোন রিপোর্ট বা বিবরণী আমরা জানতে পারি কি?

শ্রীমতী আভা মাইতিঃ এরকম কোন নির্দেশ আমাদের কাছে দেওয়া হয়নি যে হাউসে দিতে হবে।

শ্রীসনৎকুমার রাহাঃ তাহলে এটাই কি ঠিক হয়েছে যে দেওয়া হবে না?

শ্রীমতী আভা মাইতিঃ আমাদের এটা বলা হয়েছে যে চীফ মিনিস্টার-এর কাছে দিতে হবে।

শ্রীনারায়ণ চোবেঃ আপনি বললেন সেণ্ট্রাল-গভর্নমেণ্ট নির্দেশ দেন নি যে হাউসে কোড অব কন্ডাক্ট প্লেস করা হবে। আমার প্রশ্ন হচ্ছে হোয়াট উইল বি দি কোড অব কন্ডাক্ট এবং সেটা কিভাবে পালিত হচ্ছে সেটা কেন এখানে প্লেস করা হবে না?

শ্রীমতী আভা মাইতিঃ কেন হবে না সেটা প্রশ্ন নয়, কি ব্যবস্থা আছে সেটা বলেছি।

শ্রীনারায়ণ চোবেঃ আপনারা যখন জানতে পারলেন দিস্ ইজ দি কোড অব কণ্ডাক্ট তখন সেই কোড অব কণ্ডাক্ট পালন করা হচ্ছে কি না ন্যাচারালি সেটা জানতে আমরা উৎসুক। তাছাড়া সেণ্ট্রাল গভর্নমেণ্ট যখন আপনাদের "না" বলেনি তখন সেটা কেন এখানে প্লেস করা হবে না?

শ্রীমতী আভা মাইতিঃ কেন্দ্রীয় সরকার আমাদের যেভাবে নির্দেশ দিয়েছেন সেইভাবেই চলছি।

শ্রীসনৎকুমার রাহাঃ নির্দেশ কি এই যে অ্যাসেমব্লী কোড অব কণ্ডাক্ট অ্যাসেমব্লী হাউসে জানানো হবে না?

শ্রীমতী আভা মাইতিঃ নির্দেশ হচ্ছে কোড অব কন্ডাক্ট পরিষদের দুটি হাউসে দিতে হবে।

শ্রীসুনীল দাসগুপ্তঃ আমাদের মন্ত্রিসভার সদস্যদের কয়েকজনের এই ক'বছরে সম্পত্তির পরিমাণ বেড়ে গেছে, এটা পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী কি প্রধানমন্ত্রীকে জানিয়েছেন?

শ্রীমতী আভা মাইতিঃ এ থেকে এই প্রশ্ন উঠে বলে আমি মনে করি না।

শ্রীসুনীল দাশগুপ্তঃ কেন উঠে না? এই হচ্ছে মন্ত্রীদের আচরণবিধি—কার কত সম্পত্তি ছিল, মন্ত্রী হওয়ায় কত সম্পত্তি বেড়েছে, স্থাবর অস্থাবর সম্পত্তির পরিমাণ দাখিল করতে হবে।

মিঃ ডেপুটি স্পীকারঃ ডিটেলস-এর জন্য নোটিশ দেবেন।

শ্রীসুনীল দাশগুপ্তঃ এটা ডিটেলস-এর প্রশ্ন নয়, কয়েকজন মন্ত্রীর সম্পত্তির পরিমাণ মন্ত্রী হওয়ার পর অত্যন্ত বেড়ে গেছে, এটা ঠিক কি না বলুন না?

মিঃ ডেপুটি স্পীকারঃ কয়েকজন মন্ত্রীর বললে হবে না, পার্টিকুলার মন্ত্রীর নাম বলুন।

শ্রীসুনীল দাসগুপ্তঃ মাননীয়া ত্রাণ মন্ত্রীর সম্পত্তির পরিমাণ বেড়ে গেছে এটা কি ঠিক?

শ্রীমতী আভা মাইতিঃ দয়া করে মুখ্যমন্ত্রীকে একটা প্রশ্ন করলে খুব আনন্দিত হব।

শ্রীসনৎকুমার রাহাঃ কোড অব কন্ডাক্ট পালিত হচ্ছে, চীফ মিনিস্টারের কাছে দিয়েই খালাস, কিন্তু কোড অব কণ্ডাক্ট যেভাবে পালন করা উচিত, এবং যে সম্পত্তি থাকলে পরে ধরা যায় সেই ধরনে পালিত হচ্ছে না, এই রকম ধরনের রিপোর্ট মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছে কি না?

শ্রীমতী আভা মাইতিঃ আমি এটাই বলেছি, মন্ত্রীর কি সম্পত্তি আছে-না-আছে তার বিবরণ মুখ্যমন্ত্রীকে দিতে হয়, যদি মুখ্যমন্ত্রী মনে করেন কারও অত্যন্ত বেড়ে গেছে, তাহলে তিনি ব্যবস্থা করবেন।

শ্রীসনৎকুমার রাহাঃ এটা সত্য কিনা বেড়ে গেছে এই রকম রিপোর্ট আছে?

শ্রীমতী আভা মাইতিঃ এটা আমার জানা নাই কারও বেড়ে গেছে।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি জিজ্ঞাসা করছি কোড অব কণ্ডাক্টকে কন্ফিডেন্সিয়াল হিসাবে ট্রিট করার জন্য কেন্দ্রীয় সরকার কোন নির্দেশ দিয়েছেন কি না?

শ্রীমতী আভা মাইতিঃ আমার কাছে কোন নির্দেশ নেই, আমার যা আছে তাই বলেছি।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ কোড অব কণ্ডাক্টকে কনফিডেন্সিয়াল ট্রিট করার জন্য কেন্দ্রীয় সরকার নির্দেশ দেন নি, তা যদি না দিয়ে থাকেন, তাহলে আমার বক্তব্য হচ্ছে তা বিধান সভার সদস্যদের কাছে পেশ করতে বাধা কোথায়?

মিঃ ডেপ্যুটি স্পীকারঃ কেন্দ্রীয় সরকার না করতে পারেন, এ'রাতো আছেন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ তাহলে সেই রিপোর্ট হাউসের সদস্যদের কাছে দিতে বাধা বা আপত্তি কোথায়?

শ্রীমতী আভা মাইতিঃ আমাদের কাছে যে নির্দেশ আছে তা অক্ষরে অক্ষরে পালন করছি।

শ্রীসুনীল দাশগুপ্তঃ এই কোড সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের নির্দেশ এই হাউসের কাছে প্লেস করার জন্য অনুরোধ করছি।

মিঃ ডেপ্যুটি স্পীকারঃ দিস্ ইজ রিকোয়েস্ট ফর অ্যাকশন, এটা প্রশ্ন নয়।

শ্রীনিখিল দাসঃ আমার প্রশ্ন হচ্ছে মিনিস্টারদের কোড অব কন্ডাক্ট ঠিকভাবে পালিত হচ্ছে কি না? মিনিস্টারদের যে সম্পত্তির বিবরণ দেওয়ার কথা সেটা তাঁরা নিশ্চয়ই দিয়েছেন, দিয়ে থাকলে কারও সম্পত্তি অস্বাভাবিকভাবে বেড়েছে কি না এটাই আমার প্রশ্ন।

[1-10—1-20 p.m.]

শ্রীমতী আভা মাইতিঃ আমি বলেছি যে কোড অব কন্ডাক্ট এর কথা বলা হয়েছে ও ৩১শে মার্চের ভিতরে আমাদের যে সব মন্ত্রীরা রয়েছেন তাঁদের সম্পত্তির হিসাব মুখ্যমন্ত্রীকে দিতে হবে। এই যে ব্যবস্থা এটা আমাদের স্টেট-এ পালিত হয়েছে এর বেশী আমার পক্ষে বলা সম্ভব নয়।

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ আপনি বললেন যে কোড অব কন্ডাক্ট ফর মিনিস্টার্স অক্ষরে অক্ষরে পালিত হয়েছে, আমি জিজ্ঞাসা করছি সেই কোড অব কণ্ডাক্ট কি, আপনি বলবেন কি?

শ্রীমতী আভা মাইতিঃ এর আগে এ সব হাউসে দেওয়া হয়েছে, আমার ফাইল-এ তার কপি এখন নেই।

ডাঃ আবু আসাদ মোহম্মদ ওবায়দুল গনিঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সেন্টার-এর নির্দেশ অক্ষরে অক্ষরে পালিত হচ্ছে কিন্তু সেন্টার-এর কি নির্দেশ আছে সে রিপোর্টটা হাউস-এ প্লেস করবেন কি?

শ্রীমতী আভা মাইতিঃ আমি আগেই বলেছি যে সেণ্টার-এর নির্দেশ সেটা আমরা পালন করছি।

ডাঃ আবু আসাদ মোহম্মদ ওবায়দুল গনিঃ সেন্টার কি এই নির্দেশ দিয়েছেন যে অ্যাসেমব্লীতে প্লেস করবেন না?

শ্রীমতী আভা মাইতিঃ আমার কথা হচ্ছে যে কেন্দ্রীয় সরকার আমাদের যে অধিকার দিয়েছিলেন, যে যে পন্থা অবলম্বন করলে হাউসে প্লেস করবার জন্য মন্ত্রিমহাশয় সেইভাবে ততটুকুই দিয়েছেন।

শ্রীসনৎকুমার রাহাঃ বাংলাদেশের রাজ্যসরকারের এটাই কি নীতি যে কোড অব কণ্ডাক্ট যেভাবে করতে বলেছেন তা অক্ষরে অক্ষরে পালন করছেন, কিন্তু বিবরণ এখানে প্লেস করবেন না যে এটা কি কেন্দ্রীয় সরকারের নীতি না পশ্চিমবঙ্গ সরকারের নীতি?

শ্রীমতী আভা মাইতিঃ ভারত সরকার যে নীতি গ্রহণ করেছেন সেটাই আমরা গ্রহণ করেছি।

ডাঃ আবু আসাদ মোহম্মদ ওবায়দুল গনিঃ তাহলে এটা কি এমনই জিনিস যা প্রকাশ করতে আপনারা লজ্জা বোধ করছেন?

শ্রীমতী আভা মাইতিঃ এটা মাননীয় সদস্যের অভিমত সিক্রেট কি সিক্রেট নয়।

শ্রীসুনীল দাশগুপ্তঃ মাননীয় মন্ত্রিমহাশয় এর এইভাবে উত্তর এড়িয়ে যাওয়ায় এর থেকে প্রমাণিত হচ্ছে যে তাদের প্রত্যেকেরই সম্পত্তি অনেক বেড়ে গেছে, আমরা নির্দিষ্টভাবে বলতে পারি যে শৈলবাবু অর্থমন্ত্রী হবার পর শৈলবাবুর সম্পত্তি আগে যা ছিল তার চেয়েও দশগুণ বেড়ে গেছে।

(নো রিপ্লাই)

মিঃ ডেপুটি স্পীকারঃ আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বললেন তার উপর এভাবে সাপ্লিমেন্টারী হয় না, আপনারা রুলস্‌টা এটুকু দেখুন কোশ্চেন অ্যানসার-এর পর এটা হতে পারে সুতরাং এখন এইভাবে আপনারা সাপ্লিমেণ্টারী করবেন না।

শ্রীনিখিল দাসঃ আমরা সাপ্লিমেণ্টারি-র উপর সাপ্লিমেণ্টারী করতে চাই না কিন্তু আমাদের যে প্রশ্ন ছিল তার কোন উত্তর আমরা পাইনি। কোড অব কন্ডাক্ট-এর বিবরণ পেশ করবেন কি না কোড অব কন্ডাক্ট যা ভারত-সরকার বলেছেন তা এখানে পেস করবেন কি না এবং মন্ত্রি-মহাশয়রা তার শর্ত মানলেন কি মানলেন না সেটা যদি পেশ না করতেন তা হলে এখানে প্রশ্ন করার অর্থ কি তার আমরা নির্দিষ্ট সাপ্লিমেণ্টারী হচ্ছে যে তাদের কোড অব কণ্ডাক্ট সেটা পালন করছেন কি করছেন না সেটার বিবরণ হাউস-এ প্লেস করা হবে কি হবে না?

শ্রীমতী আভা মাইতিঃ আমি বলেছি এটা ভারত-সরকারের নীতি ভারত-সরকার যেভাবে আমাদের চলতে বলছেন সেভাবে আমরা চলেছি।

শ্রীনিখিল দাসঃ ভারত-সরকারের রিপোর্ট কনফিডেন্সিয়াল নয়, সে রিপোর্ট পেশ করবেন না কেন? যদি কনফিডেন্সিয়াল না হয় তাহলে অ্যাসেমব্লীর কাছে কোড অফ কন্ডাক্ট রুলস এসব আনতে হবে তার কাছে রিপোর্ট পেশ কেন করা হবে না। এ প্রশ্ন প্রাসঙ্গিক প্রশ্ন কি নয়? কিন্তু তাঁরা এটা এড়িয়ে যাচ্ছেন একথা বলে যে ভারত-সরকার যা যা করতে বলেছেন তাই করা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে রিপোর্ট যদি কনফিডেন্সিয়াল না হয় সে রিপোর্ট কেন প্লেস করা হবে না এটা আমার পরিস্কার সাপ্লিমেণ্টারী।

মিঃ ডেপুটি স্পীকারঃ কনফিডেন্সিয়াল এটা তিনি বলেন নি।

শ্রীনিখিল দাসঃ হ্যাঁ, তিনি বলেছেন।

শ্রীমতী আভা মাইতিঃ কনফিডেন্সিয়াল হল কি হল না কোনটা কনফিডেন্সিয়াল হয়েছে কি হয় নি এটা প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে নীতিটা কি? ভারত-সরকার এটা ঠিক করেছেন; আমরা এই নীতি যদি নির্ধারণ করতাম তাহলে আপনারা স্টেট গভর্নমেন্টকে বলতে পারতেন। সুতরাং স্টেট গভর্নমেণ্ট কি করবে, এটা ভারত-সরকারের নীতি। তাঁরা সমস্ত স্টেটকে একই রকম নির্দেশ দিয়েছেন এবং আমরা সেভাবে চলেছি।

শ্রীসনৎকুমার রাহাঃ এই হাউসে যে প্রশ্ন নিয়ে আলোচনা হল সে পরিপ্রেক্ষিতে মন্ত্রিমহাশয় জানাবেন কি যে অ্যাসেমব্লীর সদস্যরা যা জানতে চেয়েছেন সেই কোড অফ কনডাক্ট আচরণ বিধির বিস্তৃত বিবরণ কি?

শ্রীমতী আভা মাইতিঃ সেটা আমার করণীয় নয় হাউস থেকে রেজলিউশন পাঠিয়ে দিন।

শ্রীসনৎকুমার রাহাঃ তাহলে আমরা কি এটা বুঝবো যে এখানে বিবরণ দেওয়া হচ্ছে না যে বিবরণ দিলে মন্ত্রিমহাশয়দের মর্যাদা ক্ষুণ্ন হয়?

শ্রীমতী আভা মাইতিঃ আমাদের সদস্যদের যথেষ্ট অধিকার রয়েছে কোন বিশেষ প্রশ্ন সম্পর্কে জানতে চান তাহলে মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করুন।

Demand for placing report on Code of Conduct Rules for Ministers by way of Point of Privilege which is not allowed during question hour

শ্রীশম্ভুচরণ ঘোষঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ যে প্রশ্নটা অ্যাডমিট করা হয়েছে সে প্রশ্নে বলা হয়েছে কোড অফ কন্ডাক্ট ফর মিনিস্টার ঠিকভাবে পালিত হচ্ছে কি না সে সম্পর্কে তিনি উত্তর দিয়েছেন হ্যাঁ হচ্ছে। তাহলে আমাদের কাছে কোড অফ কন্ডাক্ট রুলস প্লেস করা হচ্ছে না কেন তা আমরা জানতে চাই যে রিপোর্ট প্লেস করা উচিত অথচ তা হল না, অথচ বললেন পালিত হচ্ছে, কাজেই আমরা অত্যন্ত বিভ্রান্তির মধ্যে আছি। আমাদের অধিকার আছে যেখানে কন্ডাক্ট রুলস যা পেশ করা হয়েছে সেটা জানান অর্থাৎ সে কন্ডাক্ট রুলস-এর ভিত্তিতে যে রিপোর্ট পেশ করা হয়েছে সে রিপোর্ট আমাদের জানার অধিকার আছে। এ সম্পর্কে কোন কনফিডেন্সিয়াল বা সিক্রেসি কি মেনটেন করার জন্য কেন্দ্রীয় সরকারের কি নির্দেশ আছে। কাজেই যে রিপোর্ট তারা সাবমিট করেছেন সে রিপোর্ট দেখার অধিকার আমাদের আছে, সে রিপোর্ট যদি পেশ করা না হয় তাহলে আমরা নিশ্চয়ই প্রশ্ন করতে পারি। এখানে পয়েন্ট অব প্রিভিলেজ হচ্ছে এই যে আমরা যখন কোশ্চেন করি তখন সাপ্লিমেন্টারী করবো বলেই করি। কিন্তু সে প্রশ্ন উত্তর এমনভাবে দেওয়া হয়েছে যে অক্ষরে অক্ষরে পালন করা হয়েছে। সে রিপোর্ট যদি প্লেস করা না হয় তাহলে আমাদের এই ধারণা হবে যে বিজু পট্টনায়ক, বীরেন মিত্র, যেমনভাবে উদ্ঘাটিত হয়েছেন সেভাবে এ'রা চেপে যাচ্ছেন। সেজন্য আমরা বার বার সাপ্লিমেন্টারী করছি। কাজেই আমরা দাবী করছি এবং আমার পয়েন্ট অব প্রিভিলেজ হচ্ছে এই যে সেই রিপোর্ট যদি পেশ করা না হয় তাহলে সাপ্লিমেন্টারী অধিকার থেকে বঞ্চিত করা হবে।

মিঃ ডেপুটি স্পীকারঃ আপনি যা বললেন তাতে
This is not a question of privilege. Don't misuse the right of your privilege.

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি আবার অনুরোধ করছি আপনি প্রশ্নটা ভালভাবে দেখুন। প্রশ্ন করা হয়েছে যে মিনিস্টারদের কোড অফ কনডাক্ট রুলস করা হয়েছে। সে অনুসারে রিপোর্ট ঠিকমত পালন করা হচ্ছে কি না পশ্চিম বাংলায়। তিনি বললেন অক্ষরে অক্ষরে পালন করা হচ্ছে। সে রিপোর্ট যতক্ষণ না পাচ্ছি ততক্ষণ সাপ্লিমেন্টারি করার অধিকার থেকে আমাদের বঞ্চিত করা হচ্ছে, সেজন্য আমার পয়েন্ট অব প্রিভিলেজ হচ্ছে যে আমাদের সাপ্লিমেন্টারী করার অধিকার থাকে কিন্তু তার আগে সে রিপোর্ট আমাদের কাছে দিতে হবে এবং সে রিপোর্ট পেশ করার দিকে কেন্দ্রীয় সরকারের কোন রকম বাধা নিষেধ নেই।

মিঃ ডেপুটি স্পীকারঃ সাপ্লিমেন্টারীতে এ সব স্কোপ নেই। সাপ্লিমেন্টারীতে আপনি এই প্রশ্ন করতে পারেন না।

[1-20—1-30 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনাকে অনুরোধ করছি আপনি ভালভাবে দেখুন যে আমাদের অধিকার ক্ষুন্ন করা হচ্ছে কি না এবং সাপ্লিমেন্টারী কোশ্চেন করার অধিকার থেকে আমরা বঞ্চিত হচ্ছি কি না। এই প্রশ্নের উপর কোন অতিরিক্ত প্রশ্ন করার সুযোগ আমরা পাই না যদি না আমাদের কাছে রিপোর্টটা প্লেস করা হয়। মন্ত্রিমহাশয়া তাঁর বক্তৃতায় বলেছেন যে কেন্দ্রীয় সরকার এই রিপোর্ট পেশ করার ব্যাপারে কোন বাধানিষেধ আরোপ করেন নি। তিনি বলেছেন এটা কনফিডেন্সিয়াল রিপোর্ট হিসাবে ট্রিট করার জন্য কেন্দ্রীয় সরকারের নির্দেশ নেই।

মিঃ ডেপুটি স্পীকারঃ ভেরি সরি, আই ক্যান্ট এগ্রি।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি বলছি স্যার, তা যদি না হয়ে থাকে তাহলে এই রিপোর্টটা পেশ করার কি অসুবিধা আছে। কাজেই আপনার কাছে দাবী করছি এ সম্পর্কে ভালভাবে বিবেচনা করে রুলিং দিন।

শ্রীনিখিল দাস: স্যার, যদি মন্ত্রীদের চরিত্র সমালোচনার ঊর্ধ্বে থাকতো যদি তাঁরা বাজে কাজ না করতেন তাহলে কোড অব কণ্ডাক্ট ইত্যাদির কোন দরকার ছিল না। নিশ্চয় তাদের চরিত্র বা কাজকর্ম সমালোচনার ঊর্ধ্বে নয় এবং তার মধ্যে বহু গলদ আছে।

মিঃ ডেপুটি স্পীকার: আপনাদের সমালোচনা করার অধিকার আছে কিন্তু কোশ্চেনের সময় নয়।

শ্রীনিখিল দাস: মন্ত্রিমহাশয়া কেবল বললেন যে হ্যাঁ আমরা মেনে চলছি কিন্তু আমরা একথা বিশ্বাস করতে পারছি না তাঁদের চরিত্র যদি সমালোচনার ঊর্ধ্বে থাকতো তাহলে বিশ্বাস করতাম --কিন্তু যেহেতু তা নয়, সেইহেতু সেই রিপোর্টটা আমাদের কাছে পেশ করতে হবে এবং পেশ করলে আমরা বিচার-বিবেচনা করে দেখতে পারবো যে তাঁদের চরিত্র সমালোচনার ঊর্ধ্বে কি না এবং কোড অব কণ্ডাক্ট মানা হচ্ছে কি না। কাজেই সেই রিপোর্ট আমাদের কাছে পেশ করা হোক —এটা আমাদের দাবী। তারপর আমরা সাপ্লিমেণ্টারী কোশ্চেনগুলো করতে পারি। সুতরাং আপনাকে অনুরোধ করছি যে, এই কোয়েশ্চেনটা হেল্ড ওভার হোক, উনি রিপোর্টটা পেশ করুন।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: আমরা ওরকম দাবী মেনে নিতে মোটেই প্রস্তুত নয়।

শ্রীশম্ভুচরণ ঘোষ: স্যার, মুখ্যমন্ত্রীর কাছে এই রকম আমরা আশা করি নি, আমি আপনার কাছে একটা প্রিভিলেজের প্রশ্ন রেখেছি এবং সেই প্রিভিলেজের উপর একটা রুলিং চাচ্ছি।

মিঃ ডেপুটি স্পীকার: আপনার এটা সাপ্লিমেণ্টারী নয়, দিস ইজ নট এ সাপ্লিমেণ্টারী।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমি আপনার কাছে সুবিচারের আশা করে এই প্রশ্নটি তুলেছি— মুখ্যমন্ত্রী এখানে বললেন যে আমি এটা মেনে নিতে রাজী নই। কেন্দ্রীয় সরকার যখন তার কোড অব কন্ডাক্ট রুল করে দিয়েছেন সেখানে আমরা চাই যে সেই রুলের ভিত্তিতে যে রিপোর্ট তারা সরকারের কাছে পেশ করেছেন তার কপি আমাদের কাছে দেওয়া হোক।

মিঃ ডেপুটি স্পীকার: মিঃ ঘোষ, কোশ্চেন পিরিয়ডে তার একটা স্কোপ আছে আপনি সাপ্লিমেন্টারী কোশ্চেন করতে পারেন—কিন্তু সাপ্লিমেন্টারী কোশ্চেন ছাড়া মন্ত্রিমহাশয়রা কি করতে পারেন—আমাকে কি করতে বলবেন—এটা কোশ্চেনের স্কোপে নেই। আপনি এখানে সাপ্লিমেণ্টারী কোশ্চেনের পরে সেপারেট মোশান দিতে পারেন এবং অন্য নানারকম উপায় রয়েছে আপনি তাই করতে পারেন। কিন্তু এইভাবে বক্তৃতা দেবেন এটা সাপ্লিমেণ্টারীর স্কোপ নয়। আমি এই সব জিনিস অ্যালাউ করতে পারি না।

শ্রীসুনীল দাসগুপ্ত: তাহলে এটা হেল্ড ওভার হোক।

মিঃ ডেপুটি স্পীকার: হেল্ড ওভার কেন হবে?

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমার এই যে প্রশ্ন তার উপর সাপ্লিমেণ্টারী করতে চাই। আপনার কাছে যে বক্তব্য রেখেছি তাতে আমার সাপ্লিমেণ্টারী করার সুযোগ চাই। কিন্তু সেই রিপোর্টটা যদি আমাদের কাছে পেশ করা না হয় তাহলে আমাদের সেই অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। আপনার কাছে এজন্য সুবিচার প্রার্থনা করছি, এ সম্পর্কে আপনি আপনার একটা রুলিং দেবেন।

মিঃ ডেপুটি স্পীকার: কোশ্চেন পিরিয়ডে আমি আপনার কোন দাবীই মেনে নিতে পারি না।

Don't misuse your privilege in this manner.

আমি তো একথা বলেছি যে কোশ্চেনের জবাব হয়ে গেলে বলবেন—আপনি চীফ মিনিস্টারের কাছে কি আশা করেন এটা প্রিভিলেজের প্রশ্ন নয়, আমি বলছি টু মাই মাইন্ড ইট ইজ নট এ কোশ্চেন অব প্রিভিলেজ। প্রিভিলেজের প্রশ্ন কোশ্চেন পিরিয়ডে হয় না। কোশ্চেন যখন হচ্ছে তখন আই রাইজ অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ এ রকম হয় না। আমি কখনও ৩০ বছর এরকম দেখি নি যে কোশ্চেন পিরিয়ডে কোন প্রিভিলেজ হয়েছে—আপনি দেখাতে পারেন?

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি স্যার, পয়েন্ট অব অর্ডার তুলছি—রুলসের মধ্যে কোথায়ও একথা নেই যে আমরা এই কোশ্চেন পিরিয়ডে পয়েন্ট অব অর্ডার তুলতে পারি না।

মিঃ ডেপুটি স্পীকারঃ আমি তো বার বার বলছি যে কোশ্চেন পিরিয়ডে পয়েন্ট অব অর্ডার বা পয়েন্ট অব প্রিভিলেজ হয় না। আপনি কোশ্চেন পিরিয়ডের পরে তুলবেন তখন এই সব হবে তা না হলে—আই রাইজ অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ—এটা যখন তখন হয় না। কোশ্চেন পিরিয়ডে সাপ্লিমেণ্টারী ব্যতীত অন্য কিছু হতে পারে না। আপনি তিন বছর ধরে এখানে এসেছেন এটুকু শেখেন নি?

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে পয়েন্ট অব অর্ডার যে কোন সময়ে আমি উত্থাপন করতে পারি, রুলসে কোন বাধা নেই যে কোশ্চেন আওয়ারে পয়েন্ট অব অর্ডার তুলতে পারবো না। এখানে আমাদের অধিকার ক্ষুন্ন হচ্ছে। সরকার সেই রিপোর্টটা প্লেস করছেন না। কাজেই বলবো এটা হেন্ড ওভার করুন।

মিঃ ডেপুটি স্পীকারঃ আই অ্যাম ভেরি সরি। আমি আপনাকে কোশ্চেন পিরিয়ডের পরে করতে বলছি কিন্তু আপনার ধৈর্য নেই। এটা সাপ্লিমেণ্টারী কোশ্চেনের ভিতর পড়ে না—সাপ্লিমেটারী ছাড়া কোশ্চেন পিরিয়ডে অন্য কিছু হতে পারে না।

শ্রীনিখিল দাসঃ তাহলে এটা হেন্ড ওভার করুন।

শ্রীনারায়ণ চোবেঃ আপনি বললেন যে কোশ্চেন আওয়ারের মধ্যে পয়েন্ট অব প্রিভিলেজ হয় না, এটা আপনার রুলিং না রুল?

মিঃ ডেপুটি স্পীকারঃ এটা রুল।

শ্রীনারায়ণ চোবেঃ রুলের মধ্যে এটা কোথায়ও নেই।

মিঃ ডেপুটি স্পীকারঃ তা যদি না থাকে তাহলে আমি বলবো
It is not worth the paper on which it is written.
তবে আইনের উপর নজীর আছে কনভেনসন আছে। আমি কনভেনসন-এর কথা বলছি প্র্যাকটিসের কথা বলছি যে কোশ্চেন পিরিয়ডে প্রিভিলেজ বা পয়েন্ট অব অর্ডার হয় না।

শ্রীকমলকান্তি গুহঃ স্যার, এই হাউসে আপনি যে কথা বলছেন সেটা কিন্তু ঠিক নয়, এর আগে বহু দিন এই হাউসে মন্ত্রীরা যথাযথ উত্তর দেন নি। আমরা আমাদের প্রিভিলেজের প্রশ্ন স্পীকারের কাছে রেখেছি এবং তিনি মন্ত্রীদের বলেছেন ঠিক করে উত্তর দিতে বা তাঁরা বলেন আমরা রেডি নয়—এ সম্বন্ধে আমরা প্রিভিলেজ তুলেছি। কাজেই একথা ঠিক নয় যে কোশ্চেন পিরিয়ডে তোলা যায় না।

মিঃ ডেপুটি স্পীকারঃ যদি চেয়ার অ্যালাউ করেন তাহলে আপনি তা পারেন কিন্তু যদি চেয়ার অ্যালাউ না করেন তাহলে আপনি পারেন না। আমি বলছি যে কোশ্চেন পিরিয়ডে আমি এ সব অ্যালাউ করবো না।

শ্রীকমলকান্তি গুহঃ অ্যালাই করবেন না বললে তো হবে না—আমরা কোশ্চেন এবং অ্যানসার-এর জন্য এক ঘণ্টা পেয়ে থাকি—এটা আমাদের প্রিভিলেজ, সেই প্রিভিলেজ যদি নষ্ট হতে থাকে তাহলে আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করতে পারবো না?

মিঃ ডেপুটি স্পীকারঃ প্রিভিলেজ কিছুই নষ্ট করা হয় নি। আমি তো বলেছি—কোশ্চেন পিরিয়ডের পরে আপনি প্রিভিলেজ পয়েণ্টে বলবেন—আই উইল অ্যালাউ ইট।

শ্রীনিখিল দাসঃ তাহলে এটা হেন্ড ওভার করুন।

মিঃ ডেপুটি স্পীকারঃ আপনার কোশ্চেনটা কি তামাদি হয়ে যাচ্ছে? আপনি আবার কোশ্চেন করবেন—আবার নূতন করে করবেন।

[1-30—1-40 p.m.]

Shri Nikhil Das:
মিঃ ডেপ্যুটি স্পীকার, স্যার, এই হাউসে কোন কোশ্চেন যদি সাফিসিয়েন্টলি অ্যানসার্ড না হয় তাহলে হেল্ড ওভার হয়।

Mr. Deputy Speaker:
এ হেল্ড ওভার হতে পারে না, হয় না।

Shri Nikhil Das:
কোন কোশ্চেন যদি সাফিসিয়েণ্টলি অ্যানসার্ড না হয় তাহলে হেল্ড ওভার করার নীতি আছে। আমি আপনার কাছে রিকোয়েস্ট করছি এই যে, ফ্যাক্টস আমাদের কাছে উনি দেন্‌ নি সেজন্য আপনি হেল্ড ওভার করে দিন।

Mr. Deputy Speaker:
কিছু কিছু হেল্ড ওভার হয়। যদি মন্ত্রীরা বলেন যে আমরা প্রিপেয়ার্ড নই, তাহলে হেল্ড ওভার হতে পারে। যদি চেয়ার মনে করেন যে সাফিসিয়েন্ট সাপ্লিমেন্টারী কোশ্চেনস হয় নি তাহলে হেল্ড ওভার হয়। ইন স্পেশাল সারকামস্ট্যানসেস হেল্ড ওভার হয়। কিন্তু আপনার এই প্রশ্নটায় এমন কিছু নেই যাতে হেল্ড ওভার করার প্রয়োজন আছে।

Shri Ananda Gopal Mukhopadhaya:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন মিনিস্টারদের যেমন কোড অব কন্ডাক্ট চাওয়া হয়েছে তেমনি মেম্বারদের কোড অব কনডাক্ট চাওয়া হচ্ছে কি না?

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস্‌)

Shrimati Abha Maiti:
না।

Shri Ananda Gopal Mukhopadhaya:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কেন্দ্রীয় সরকার যাতে ভবিষ্যতে মিনিস্টারদের সঙ্গে মেম্বারদের কোড অব কনডাক্ট একটা নির্ধারিত করেন সেটার জন্য তিনি তদ্বির করবেন কি না?

Shrimati Abha Maiti:
এতে আমার করণীয় নেই।

Shri Narayan Choubey:
স্যার, এ'রা মিলেজোলা কুস্তির মত আলাপ করে কোশ্চেন করছেন।

(নো রিপ্লাই)

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:
স্যার, একটা প্রিভিলেজ কোশ্চেন রেজ করবার জন্য আপনার পারমিশান চাই।

Mr. Deputy Speaker:
কোশ্চেন আওয়ারের পরে আপনার প্রিভিলেজের প্রশ্ন আমি অ্যালাউ করব।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:
স্যার, তাহলে আমাকে কল করবেন।

Shri Sanat Kumar Raha:

মিঃ ডেপুটি স্পীকার: স্যার, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে প্রশ্নটা রাখা হয়েছে সে সম্বন্ধে প্রিভিলেজের কোশ্চেন উঠেছে। আমি মনে করি মুখ্যমন্ত্রী জানেন। এই প্রশ্নের সঙ্গে যে সাপ্লিমেণ্টারীগুলি এসেছে সে সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের এরকম কোন নীতি আছে কি না যে বিস্তারিত বিবরণ হাউসে জানান হবে না? তিনি কেন এটাকে চেপে রাখছেন? এত যখন সাপ্লিমেন্টারী করা হচ্ছে তখন তার সদুত্তর পাওয়া যাচ্ছে না কেন?

Shri Prafulla Chandra Sen:

না, বিস্তারিত বিবরণ জানাইব না।

Shri Nikhil Das:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, স্টার্ড কোশ্চেন নম্বর ৪৩৭ ছিল মিনিস্টাররা কোড অব কনডাক্ট মানছেন কি না? তাতে জবাব দিচ্ছেন হ্যাঁ। আমরা বিস্তারিত বিবরণ চেয়েছি। দেবেন কি দেবেন না সেটা আমরা ও'র কাছে চাই নি, আপনার কাছে চাচ্ছি। আমরা আপনার কাছে জানতে চাই বিস্তারিত বিবরণ চাওয়া যেতে পারবে কি না? মুখ্যমন্ত্রী দেবেন কি দেবেন না সে বিচার আপনার কাছে চাইছি, ও'র কাছে নয়। ও'র দয়াতে এখানে আসিনি, ও'র ধমক শুনতে এখানে আসিনি। জানতে চাওয়ার যে অধিকার আমাদের রয়েছে সেই অধিকারে আমরা জানতে চেয়েছি। ও'র ধমক শুনতে আমরা এখানে আসিনি।

Mr. Deputy Speaker:

নিখিলবাবু, কোশ্চেন পিরিয়ডের পরে আপনার অধিকারের প্রশ্নটি তুলবেন। আই উইল অ্যালাউ ইট।

Shri Nikhil Das:

ঐ কোশ্চেনটা হেল্ড ওভার করুন।

Shri Sailendra Nath Adhikary:

আপনি স্যার নিজেই বুঝতে পারছেন—কোশ্চেন অব প্রিভিলেজটা কী এবং আপনি তা রক্ষা করতে পারেন।

Shri Hemanta Kumar Basu:

মেম্বাররা কোড অব কন্ডাক্ট-এর উপর সাপ্লিমেন্টারী করে তার উত্তরে স্যাটিসফায়েড হচ্ছেন না। কাজেই তাঁরা আপনার কাছে অ্যাপিল করছেন এটা হেল্ড ওভার করা হোক। এই কোশ্চেন-এর উত্তরে যখন মেম্বাররা সন্তুষ্ট হচ্ছেন না এবং যখন আপনিও বলছেন প্রিভিলেজ কোশ্চেন তুলতে পারেন, তখন এটা প্রমাণিত হচ্ছে যে মিনিস্টার যে উত্তর দিয়েছেন তাতে মেম্বাররা স্যাটিসফায়েড নন। সেই জন্য তাঁরা পুনরায় এর সাপ্লিমেণ্টারী করতে চান—যদি ঐ রিপোর্ট তাঁরা সামনে পান। সেদিক থেকে নিশ্চয়ই আপনি এই কোশ্চেনটা হেল্ড ওভার করতে পারেন।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা ছিল—স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কোড অব কন্ডাক্ট ফর মিনিস্টার্স পশ্চিমবঙ্গে পালিত হইতেছে কি না? তার উত্তর হচ্ছে—হ্যাঁ, হইতেছে।

Shri Sailendra Nath Adhikary:

মুখ্যমন্ত্রিমহাশয় যখন বলছেন পালিত হচ্ছে, তখন তা কিভাবে পালিত হচ্ছে, কতখানি পালিত হচ্ছে, এটা হাউসের জানবার অধিকার আছে—এগুলি আমাদের জানবার অধিকার আছে—টু এলিসিট ইনফরমেশন। এই অধিকার থেকে আমরা বঞ্চিত হতে চাই না। আপনি যদি বলেন এখন বলতে পারবেন না দ্যাট ইজ অ্যানাদার থিং। আপনি যদি বলেন 'না', তাহলে কোশ্চেন হচ্ছে—মুখ্যমন্ত্রিমহাশয় যখন বললেন তিনি বলবেন না......

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

স্যার, মুখ্যমন্ত্রিমহাশয় একদিকে বলছেন যে পালিত হচ্ছে, তারপরই আমাদের নেসেসারি সাপ্লিমেন্টারী হচ্ছে

to elicit further information which is our basic right

এবং এই বেসিক রাইট যখন আমরা এইভাবে অ্যাপলাই করলাম, তখন তিনি বলছেন না, আমি বলবো না। কাজেই এখানে আমাদের কোশ্চেন হচ্ছে এই যে কোশ্চেন এটা যখন সাফিসিয়েন্টলী অ্যানসার্ড হলো না, তখন আপনি এটা হেল্ড ওভার করুন। আপনি নিজে এটা বিবেচনা করুন, না হয়, ও'কে বলুন বিস্তারিত বিবরণ দিতে। উনি বিস্তারিত বিবরণ দিচ্ছেন না কেন? ও'দের কোন দুর্বলতা আছে না কি?

Shri Prafulla Chandra Sen:

মোটেই দুর্বলতা নাই। আমি মিনিস্টারদের কারো অ্যাসেটস অ্যান্ড লায়েবিলিটিস এখানে পেশ করবো না।

Shri Sambhu Charan Ghosh:

আমি অনুরোধ করছি এই প্রশ্নটা হেল্ড ওভার করা হোক। আমরা সন্দেহ করছি—রিপোর্ট নিলে দেখা যাবে পশ্চিমবাংলার বহু মিনিস্টারই ক্ষমতায় আসার পর বহু অর্থ উপার্জন করেছে।

Shri Prafulla Chandra Sen:

ও-সব আন্দাজে হয় না।

Shri Sambhu Charan Ghosh:

উড়িষ্যার মন্ত্রীদের সার্টিফিকেট দিয়েছেন—আমাদের প্রফুল্লচন্দ্র সেন—সেই বীরেন মিত্র ও বিজু পট্টনায়ক—যাদের চরিত্রের মুখোস খুলে দিয়েছে লোকসভায়, তাদের মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন সমর্থন করেছেন।

[1-40—1-50 p.m.]

Mr. Deputy Speaker:

আপনি আবার লোকসভার কথা এখানে তুলছেন কেন?

(নয়েস এ্যাণ্ড ইন্টারাপসন্স)

Shri Sambhu Charan Ghosh:

সেই রিপোর্ট পেশ করা হবে কি না। স্যার, আমরা ওঁদের চরিত্র জানি—এই পি, সি, সেন বীরেন মিত্রকে সমর্থন করলেন, এই অতুল্য ঘোষ বীজু পট্টনায়ককে সমর্থন করলেন। এ'দের চরিত্র খুলে গেছে, এ'রা লোকসভায় আর মুখ দেখাতে পারবে না। আমরা চাই পশ্চিমবঙ্গের মন্ত্রীদের সম্পত্তির বিবরণী আমাদের কাছে পেশ করা হোক। অবশ্য এটা আমরা জানি হাউসের সামনে যদি পেশ করা হয় তাহলে তাঁদের চরিত্রের মুখোস খুলে যাবে, তাঁদের স্বরূপ উৎঘাটিত হবে এবং সেইজন্যই তাঁরা ভীত। যাহোক, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার কাছে এখন আমাদের আবেদন হচ্ছে যতক্ষণ পর্যন্ত সেই রিপোর্ট এখানে পেশ করা না হয় ততক্ষণ পর্যন্ত এই প্রশ্ন হেল্ড ওভার থাক, আমরা এই প্রশ্ন হতে দিতে পারি না।

মিঃ ডেপুটি স্পীকারঃ এখানে প্রশ্ন হচ্ছে আমি হেল্ড ওভার করতে পারি কিনা? আমি জিজ্ঞাসা করি এটা হেল্ড ওভার না করলে আপনারা কি নূতন প্রশ্ন দিতে পারেন না? আপনারা নূতন করে প্রশ্ন দিন—আমি হেল্ড ওভার করতে পারি না। আপনারা নূতন করে প্রশ্ন দিয়ে সেখানে বলুন কোড অব কণ্ডাক্ট্ প্লেশ করা হবে কিনা এবং কোন মন্ত্রীর কি সম্পত্তি রয়েছে। এটা হেল্ড ওভার করা যায় না, আপনারা সেইভাবে প্রশ্ন করুন। বহু পূর্বে এই প্রশ্নের জবাব হয়ে গেছে কাজেই এখন ইট ইজ বিয়ণ্ড দি স্কোপ অব সাপ্লিমেন্টারী কোয়েশ্চন।

(নয়েস এ্যাণ্ড ইন্টারাপসন্স)

শ্রীকমলকান্তি গুহঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি আজকে যে ঘটনা ঘটে গেল সেরকম ঘটনা যদি হয় তাহলে ভবিষ্যতে খারাপ নজীর হবে। আমার অনুরোধ হচ্ছে আপনি এর উপর সাপ্লিমেণ্টারী প্রশ্ন করবার সুযোগ আমাদের দিন, নাহলে খারাপ নজীর হয়ে যাবে। স্যার, আপনার কাছে আমি ও'দের একটু স্বরূপ তুলে ধরি। আমরা যদি প্রশ্ন করি সাহায্য দেওয়া হচ্ছে কিনা—তখন ও'রা বলেন দেওয়া হচ্ছে। কিন্তু তারপর যখন জিজ্ঞাসা করি কত দেওয়া হচ্ছে—তখন ওঁরা বলবেন সেটা দেব না।

শ্রীবীজেশচন্দ্র সেনঃ স্যার, আপনি এই কোড অব কণ্ডাক্ট-এর প্রশ্ন ছেড়ে দিয়ে নেক্সট কোশ্চেন নাম্বার ডাকুন, আমরা সে সম্বন্ধে জানতে চাই। আমার মনে হয় পরবর্তী কোশ্চেন আটকাবার জন্য ইনটেনসন্যালি এ'রা এরকম গোলমাল করছেন।

(নয়েস এ্যাণ্ড ইণ্টারাপসন্স)

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ স্যার, আমি জানতে চাই মিনিস্টারদের জন্য যে রকম কোড অব কনডাক্ট করা হয়েছে মেম্বারদের জন্য সেরকম কোড অব কনডাক্ট করা হবে কিনা?

শ্রীকমলকান্তি গুহঃ আমি আনন্দবাবুকে ওয়েলকাম করছি, এটা করা হোক।

(নয়েস এ্যাণ্ড ইন্টারাপসন্স)

শ্রীনিখিল দাসঃ আমি বার বার করে আবেদন করছি, আমরা জানার জন্যই প্রশ্ন করি, আমাদের অধিকার রয়েছে জানার, উত্তর যদি না দেন এখন তাহলে এটাকে হেল্ড ওভার করা হোক। এটা একটা ভাইটাল কোশ্চেন, উত্তর দিতে হবে, মন্ত্রীদের যদি দুর্বলতা থাকে, সে দুর্বলতার জায়গা এটা নয়, উত্তর দিতে হবে। ডেপুটি স্পীকার মহোদয়, আপনি দয়া করে শুনুন, কোয়েশ্চেনের মূল্যবান সময় নষ্ট হচ্ছে, ও'দের মুখের হাঁ বা না শুনতে আমরা আসিনি, মন্ত্রীরা অন্যায় করছেন দুর্নীতি করছেন, দেশের লোক আজ জানতে চায়,
ask him to answer properly
দেশের লোক জানতে চায় এদের চরিত্র কি। আমরা যে প্রশ্ন করি তার উত্তর যদি না পাই তাহলে হাউস চালানোর মানে হয় না।

মিঃ ডেপুটি স্পীকারঃ আমি বলছি কোশ্চেন আওয়ার-এর পর প্রিভিলেজ-এর প্রশ্ন নেবেন, তখন আমি বিবেচনা করবো।

শ্রীনিখিল দাসঃ এটা হেল্ড ওভার করুন।

মিঃ ডেপুটি স্পীকারঃ এটা হেল্ড ওভার করব কিনা আমি বিবেচনা করছি। কোয়েশ্চেন অব প্রিভিলেজ তুলেছেন, হেল্ড ওভার কিনা বিবেচনা করবো, আমি পরের কোয়েশ্চেনটা ডেকেছি, দেখুন আপনারা যদি এভাবে গোলমাল করেন তাহলে তো কাজ চালান মুশ্কিল। এতে আমার শেক্সপীয়ারের কথা মনে পড়ে—
you teach me how to beg and refuse me as a begger.

(নয়েজ এণ্ড ইণ্টারাপসন)

Industrial Training Institutes

***436.** (Admitted question No. *2216.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) how many new Industrial Training Institutes were planned to be opened in this State in the Third Five-Year Plan and their districtwise location; and

(b) how many have actually been opened up to date in this Plan period?

Shri Tarun Kanti Ghosh: (a) Nine—

(i) Hooghly;
(ii) Suri (Birbhum);
iii) Purulia;
(iv) Midnapore;
(v) Berhampore (Murshidabad district);
(vi) Malda;
(vii) Raiganj (West Dinajpur district);
(viii) Siliguri (Darjeeling district);
(ix) Shyampur (Howrah district).

(b) Three.

(Noise and interruptions)

Shri Nikhil Das:

আমি একটা কথা বুঝতে চাই, আপনি কি বলছেন, যখন প্রশ্ন তোলা হয়েছে এই প্রশ্নটা হেল্ড ওভার হবে কি হবে না তখন কি এটা হেল্ড ওভার হয়েছে?

(নয়েজ এণ্ড ইণ্টারাপশন্স)

[1-50—2 p.m.]

শ্রীনারায়ণ চোবেঃ

Sir, I could not hear what he said.

(গোলমাল)

ডেপুটী স্পীকারঃ আপনারা শুনতে পাবেন না সে দোষ মন্ত্রীমহাশয়ের নয়।

Shri Tarun Kanti Ghosh:

(a) Nine—

(i) Hooghly;
(ii) Suri (Birbhum);
(iii) Purulia;
(iv) Mindanpore;
(v) Berhampore (Murshidabad district);
(vi) Malda;
(vii) Raiganj (West Dinajpur district);
(viii) Siliguri (Darjeeling district);
(ix) Shyampur (Howrah district).

(b) Three.

শ্রীনিখিল দাসঃ আপনি যে রুলিং দিয়েছেন আমাদের পয়েণ্ট অব প্রিভিলেজ-এর উপরে সে ব্যাপারে হেল্ড ওভার সম্বন্ধে কি রুলিং দিয়েছেন সেটা জানতে চাই।

(গোলমাল হৈ চৈ)

শ্রীজগন্নাথ কোলেঃ আমি এতক্ষণ ধরে দেখলাম যে মেম্বার যাঁরা আছেন উই আর রেসপনসিবল মেম্বারস্ এবং সেদিক থেকে আমি বলছি আমাদের একটা ডিগনিটি মেনটেন করতে হবে। আজকে একটা কোয়েশ্চেন আওয়ারে প্রিভিলেজ উঠেছে যা কোন পার্লিয়ামেণ্ট—ইণ্ডিয়ান

পারলিয়ামেন্ট-এও নেই যে এরূপ প্রিভিলেজ আনতে পারা যায় কোয়েশ্চেন আওয়ার-এ। কোয়েশ্চেন হচ্ছে রাইট অফ নন্ অফিসিয়াল মেম্বারস এবং নন-অফিসিয়াল মেম্বারদের রাইট আছে সব কিছু জানার।

(গোলমাল হৈ, চৈ)

আপনারা যদি বলতে না দেন হাউস যদি এভাবে চালাতে না দেন তাহলে আমি বলবো হোল ডের জন্য হাউস বন্ধ করে দিন। হাউসের ডিগনিটি এন্ড ডেকোরাম যদি মেনটেনড্ করতে হয় তাহলে বলবো হাউস এ্যাড্জোনড্ করে দিন।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ রিপোর্ট যদি আমাদের কাছে প্লেস করা না হয় তাহলে এরূপই হয়। আমরা মেম্বাররা রেস্পনসিবিলিটি নিয়ে কথা বলছি। তিনি আমাদের কাছে উপদেশ দেবার আগে আপনি মন্ত্রিমহাশয়দের দিন যে তাঁরা যেন আরো বেশী রেসপনসিবেল হন, তাহলে আমরা খুশী হব। রিপোর্ট যদি পেশ না করা হয় তাহলে আমি অনুরোধ করছি যে আমাদের এ প্রশ্নটি হেল্ড ওভার করা হোক।

Mr. Deputy Speaker:

আপনারা যদি কোয়েশ্চেন করতে না দেন গোলমাল করেন তাহলে আমি একেবারে অ্যাডজোর্ন সাইনে ডাই করে দেবো।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমরা আপনার কাছ থেকে কোন রকম ধমক আশা করিনি।

মিঃ ডেপুটি স্পীকারঃ কোয়েশ্চেন পিরিয়ডে কোনরকম প্রিভিলেজ হয় না। আপনারা একঘণ্টা যাবৎ গোলমাল করছেন এরূপ গোলমাল করার কি কোন মানে আছে। কোয়েশ্চেন আওয়ারের পর আপনাদের প্রিভিলেজের প্রশ্ন আমি বিবেচনা করবো, আর কয়েক মিনিট মাত্র সময় আছে, তারপর আপনারা বলবেন। কোয়েশ্চেন আওয়ারের মধ্যে না করে এটা স্থগিত রাখুন। কেউ এটা কনট্রোল করতে পারবে না।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আপনি যেভাবে ধমক দিচ্ছেন তা আমরা আশা করিনি। আপনি বলছেন সাইনে-ডাই করবেন এটা আমরা আশা করিনি। কিন্তু আপনি ইচ্ছা করলে করতে পারেন। আপনি এক্ষুনি ঘোষণা করুন যে প্রশ্নটা হেল্ড ওভার করলেন আমরা আপনার প্রতি কোন রকম অসম্মান করিনি যে আপনি সাইনে-ডাই করবেন।

শ্রীঅমরেন্দ্রনাথ বসুঃ আমি আপনার কাছে নিবেদন করবো আপনি সমস্ত দোষ বিরোধী পক্ষকে দিচ্ছেন।

(গোলমাল এবং হৈ, চৈ)

আমাকে তিনি বসতে বললে বসবো। আপনি যেসমস্ত দোষ বিরোধী পক্ষকে দিচ্ছেন, ত্রাণমন্ত্রী তাঁর জবাবে কোন সদুত্তর দেননি শুধু তাই নয় মুখ্যমন্ত্রী তাঁর বলার ভঙ্গীর মধ্য দিয়ে আগুনে ঘি দিয়েছেন এটা আমরা আশা করিনি।

মিঃ ডেপুটি স্পীকারঃ আর তিন মিনিট সময় আছে আপনারা একটু ঠান্ডা হোন, তারপর প্রিভিলেজের প্রশ্ন নিয়ে আসবেন।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমি আপনার কাছে একটা কথা নিবেদন করছি।

(গোলমাল এবং হৈ, চৈ)

শ্রীবীজেশচন্দ্র সেনঃ কোয়েশ্চেন্ আওয়ারে বক্তৃতা শুনতে রাজী নই।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এই হাউসটা মনে হচ্ছে যে বীজেশ সেনের বাড়ীর বৈঠকখানা, কিন্তু এটা যে তা নয় এটা তাঁর জানা উচিত।

Mr. Deputy Speaker: Question hour is over.

STARRED QUESTIONS

(to which the answers were laid on the table)

Lifting of stone-chips from the Government forests

***438.** (Admitted question No. *2363.)

শ্রীঅনংগমোহন দাস: বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাস্তা প্রস্তুতের জন্য পাথর ও মুরাম লইতে হইলে জেলা ফরেস্ট অফিসারের নিকট অনুমতির জন্য দরখাস্ত দিতে হয়;

(খ) দরখাস্ত মঞ্জুর হইলে কি পরিমাণ রয়্যালটি দিতে হয়; এবং

(গ) রাস্তা প্রস্তুতের উক্ত প্রকার মালমশলা লইবার জন্য সাধারণত কতদিন সময় দেওয়া হয়?

The Minister for Public Works (Roads):

(ক) রাস্তা প্রস্তুতের জন্য পাথর ও মুরাম যদি জংগল এলাকা হইতে নেওয়া হয় তখন এ প্রশ্ন ওঠে। দক্ষিণ-পশ্চিম পশ্চিমবংগে অর্থাৎ বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া, বর্ধমান, বীরভূম ইত্যাদি অঞ্চলে পাথর বা মুরাম নিতে ফরেস্ট অফিসারের অনুমতির প্রয়োজন বর্তমানে আর পড়ে না। উত্তর বাংলায় অর্থাৎ দার্জিলিঙ, জলপাইগুড়ি, কোচবিহার ইত্যাদি জংগল এলাকা হইতে পাথর নিতে হইলে ফরেস্ট অফিসারের কাছে দরখাস্ত করিতে হয় ও অনুমতির প্রয়োজন হয়।

(খ) উত্তর বাংলার জন্য রয়্যালটি হইল: এক টাকা প্রতি ঘন মিটার অথবা তাহার অংশের জন্য।

(গ) নির্ভর করে মালমশলার পরিমাণের উপর। দুই সপ্তাহ হইতে একমাস সময় দেওয়া হয়।

Book-grant and Stipends to the students of Backward Classes

***439.** (Admitted question No. *2383.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: আদিবাসি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মালদহ জেলার কোন্ কোন্ স্কুল ও কলেজে অধ্যয়নরত পশ্চাৎপদ জাতির কতজন ছাত্রছাত্রীকে ১৯৬৪ সালে বুক গ্র্যান্ট ও স্টাইপেন্ড বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছে?

The Minister for Tribal Welfare:

যতদূর তথ্য এযাবৎ পাওয়া গিয়াছে তাহা নিম্নের বিবরণীতে উল্লেখ করা হইল।

Statement referred to in reply to starred question No. 439.

স্কুল/কলেজের নাম	পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য		বৃত্তি	
	মঞ্জুরীকৃত অর্থ	উপকৃত ছাত্র সংখ্যা	মঞ্জুরীকৃত অর্থ	উপকৃত ছাত্র সংখ্যা
	টাকা		টাকা	
(১) কালিয়াচক এইচ্, ই, স্কুল	৩৫	২	৩৫	২
(২) রাতুয়া এইচ্, এস, স্কুল	..	..	৪৯৬	২৩
(৩) হাজি নাকু মহম্মদ এইচ্, এস, স্কুল ..	..	..	৭০০	৭
(৪) আইহো এইচ, এস, স্কুল	৬০	৩	৩০০	৩

স্কুল/কলেজের নাম	পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য		বৃত্তি	
	মঞ্জুরীকৃত অর্থ	উপকৃত ছাত্র সংখ্যা	মঞ্জুরীকৃত অর্থ	উপকৃত ছাত্র সংখ্যা
	টাকা		টাকা	
(৫) রাহুতারা জুনিয়ার হাই স্কুল	৪৫	৩	১৫০	৩
(৬) গিরিজা সুন্দরী বিদ্যামন্দির	৯৫	৬	৫০	১
(৭) আকন্দবাড়ী হাই স্কুল	..	..	১০০	১
(৮) নৈবোজা এইচ্, ই, স্কুল	১৫	১	..	..
(৯) চোরোনমণি সিনিয়র বেসিক স্কুল ..	২৯০	১৮	৬০০	৬
(১০) পবাণপুর এইচ্, এস, স্কুল	৫০	৩	..	..
(১১) লক্ষ্মীপুর জুনিয়র হাই স্কুল	৬০	৪	১০০	১
(১২) এইচ্, এন, এস, এইচ্, এস, স্কুল ..	৪০	২	..	..
(১৩) বামনগোলা হাই স্কুল	১৮০	৬	..	..
(১৪) নালাগোলা হাই স্কুল	১২০	৬	..	..
(১৫) রায়গ্রাম এইচ্, ই, স্কুল	৮৫	৫	৭৫	১
(১৬) মাহদিপুর এইচ্, ই, স্কুল	১৫	১	২২৫	৩
(১৭) ভালকা আর, এম, এস, এস, বিদ্যাপীঠ ..	৩৫	২	..	..
(১৮) গণপতি রায় হাই স্কুল	৬০	৪	..	..
(১৯) সাদ্লিচক হাই স্কুল	৪৫	৪	..	..
(২০) গোবিন্দপুর হাই স্কুল	১৫	১	..	..
(২১) চঞ্চল এস, ইন্সটিটিউট	৩৫	২	..	..
(২২) কালিগ্রাম এইচ্, এস, স্কুল	৫০	৩	..	..
(২৩) খর্বা এইচ্, এন, এগ্রিকালচারাল হাই স্কুল ..	৪৫	৩	..	..
(২৪) দক্ষিণপাড়া মালিকপাড়া হাই স্কুল ..	৭০	৪	..	..
(২৫) শীতলপুর মবারকপুর জুনিয়র হাই স্কুল ..	৪৫	৩	..	..
(২৬) উমেশ চন্দ্র বিদ্যালয়	৩৫	২	..	..
(২৭) বিবেকানন্দ বিদ্যামন্দির	৩৩৫	১৭	২০০	২
(২৮) বারনো গার্লস হায়ার সেকেণ্ডারী স্কুল ..	১৯০	১০	২০০	২
(২৯) জালালিয়া গার্লস জুনিয়র হাই স্কুল ..	৪৫	৩	..	..
(৩০) মালদা টাউন গার্লস জুনিয়র হাই স্কুল ..	৯৫	৬	..	..

স্কুল/কলেজের নাম	পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য		বৃত্তি	
	মঞ্জুরীকৃত অর্থ	উপকৃত ছাত্র সংখ্যা	মঞ্জুরীকৃত অর্থ	উপকৃত ছাত্র সংখ্যা
	টাকা		টাকা	
(৩১) এ, সি, ইণ্ডিয়া ইন্সটিটিশন	১০৫	৬	..	..
(৩২) সি, সি, গার্লস হাই স্কুল	৬৫	৪	১০০	১
(৩৩) বীরনগর জুনিয়র হাই স্কুল	..	..	১০০	১
(৩৪) কুমিভরা জুনিয়র হাই স্কুল	..	..	১০০	১
(৩৫) গোলাপগঞ্জ হাই স্কুল	..	..	২০০	২
(৩৬) বৈষ্ণবনগর হাই স্কুল	..	..	১০০	১
(৩৭) মহানন্দ জুনিয়র হাই স্কুল	..	..	১০০	১
(৩৮) ডাহিল জুনিয়র হাই স্কুল	..	..	৩০০	৩
(৩৯) কাটাহাদিয়ারা হাই স্কুল	..	..	১০০	১
(৪০) আহলাদমণি গার্লস জুনিয়র হাই স্কুল ..	..	..	৩২	১
(৪১) মালদা টাউন হাই স্কুল	১৬০	৯	১০০	১
(৪২) মালদহ কলেজ	..	..	৪৯,৬২৮	১১৩
(৪৩) মালদহ পলিটেকনিক্	..	..	১৪,০১৮	২০
	২,৫৬০	১৪৩	৬৮,১০৬	২০১

Employment opportunities of local people in Haldia Port

***440.** (Admitted question No. *2473.)

শ্রী[illegible] দাস: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া বন্দর এলাকার কাজে স্থানীয় শ্রমিকদিগকে অগ্রাধিকার দেওয়া হইয়াছে কিনা;

(খ) ইহা কি সত্য, হলদিয়া বন্দর এলাকার অব্যবহৃত জমি পশ্চিমবঙ্গের অধিবাসিগণকে, বিশেষভাবে স্থানীয় অধিবাসিগণকে বন্দোবস্ত না দিয়া অন্য প্রদেশের অধিবাসিগণকে উচ্চ মূল্যে বন্দোবস্ত দেওয়ার ব্যবস্থা হইতেছে;

(গ) ঐ অব্যবহৃত জমি বন্দোবস্ত দেওয়া সম্পর্কে ভারত-সরকারের সহিত পশ্চিমবঙ্গ-সরকারের কোন আলোচনা হইয়াছে কিনা;

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে ঐ আলোচনার ফলাফল কি;

(ঙ) হলদিয়া বন্দরের কাজে পশ্চিমবঙ্গের অধিবাসিগণকে বিশেষ সুযোগ প্রদান সম্পর্কে ভারত-সরকারের সহিত কোন আলোচনা হইয়াছে কিনা; এবং

(চ) যদি (ঙ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে ভারত-সরকার এই সম্পর্কে কি অভিমত প্রকাশ করিয়াছেন?

The Minister for Commerce and Industries:

(ক) (গ) এবং (ঙ) না।

(ঘ) এবং (চ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

Cultural Research Institute

***441.** (Admitted question No. *2585.)

শ্রীনাথানিয়েল মুর্মু: আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কালচারাল রিসার্চ ইনস্টিটিউট গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কয়টি বুলেটিন প্রকাশ করিয়াছেন;

(খ) প্রত্যেকটি বুলেটিনের নাম, প্রত্যেকটি কত সংখ্যা ছাপা হইয়াছে এবং প্রতিটি ছাপাইতে কত খরচ পড়িয়াছে; এবং

(গ) কোন্ কোন্ ছাপাখানায় ঐগুলি মুদ্রিত হইয়াছে?

The Minister for Tribal Welfare:

(ক) ১৯৬৩-৬৪ সালে—২ খানি বুলেটিন।
১৯৬৪-৬৫ সালে—৩ খানি বুলেটিন।

(খ) নিম্নে রক্ষিত বিবরণীতে উল্লেখ করা হইল।

(গ) সবগুলিই ২ ন্যায়রত্ন লেন, কলিকাতা-৪ স্থিত টেম্পল প্রেসে মুদ্রিত হইয়াছে।

Statement referred to in reply to clause (kha) of the starred Assembly question No. 2585

Year.		Name of the bulletin.	No. of copies.	Cost. Rs.
1963-64	.. 1.	Bulletin of the Cultural Research Institute, Vol. 2, No. 1.	1,000	4,309
	2.	Bulletin of the Cultural Research Institute, Vol. 2, No. 2.	1,000	3,250
1964-65	.. 1.	Bulletin of the Cultural Research Institute, Vol. III, No. 1.	1,000	4,148
	2.	Bulletin of the Cultural Research Institute, Vol. III, No. 2.	1,000	2,827
	3.	Bulletin of the Cultural Research Institute, Vol. III, Nos. 3 and 4.	1,000	3,076

Forest guards

***442.** (Admitted question No. *2364.)

শ্রীঅনঙ্গমোহন দাস: বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বনবিভাগের কয়টি রেঞ্জ রহিয়াছে এবং প্রত্যেকটিতে কয়জন করিয়া রক্ষী আছে;

(খ) ঐ সকল রক্ষিগণ কি হারে বেতন পায় ও অন্যান্য কি কি ভাতা পায়; এবং

(গ) ঐ সকল রক্ষীকে কর্তব্যকার্যের জন্য কি কি অস্ত্র দেওয়া হইয়াছে?

The Minister for Forests:

(ক) মেদিনীপুর জেলায় মোট ২৩টি রেঞ্জ রহিয়াছে। উহাদের মধ্যে ১৭টি স্থানিক (টেরিটোরিয়্যাল) রেঞ্জ এবং ৬টি অস্থানিক (নন-টেরিটোরিয়্যাল) রেঞ্জ।

স্থানিক রেঞ্জে নিযুক্ত রক্ষীর সংখ্যা রেঞ্জ প্রতি ১৩ হইতে ২৪ জন এবং অস্থানিক রেঞ্জে নিযুক্ত রক্ষীর সংখ্যা ৪ জন।

(খ) বেতনের হার ও ভাতা যথাক্রমে ৬৫—১—৮৫ এবং ১০ টাকা।

(গ) রক্ষীদিগকে একটি কুক্‌রি দেওয়া হয়।

Cultural Research Institute

***443.** (Admitted question No. *2588.)

শ্রীনাথানিয়েল মুর্মু: আদিবাসিকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) কালচারাল রিসার্চ ইনস্টিটিউট-এর অধীনে গবেষণার জন্য চারিটি স্কলারশিপ দেওয়ার ব্যবস্থা থাকিলেও গত বৎসর মাত্র দুইজনকে এই স্কলারশিপ দেওয়া হইয়াছে, এবং

(২) একজন মহিলা স্কলার ঐ স্কলারশিপ ছাড়িয়া দিতে বাধ্য হইয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি কারণে চারজনকে ঐ স্কলারশিপ দেওয়া হয় নাই, এবং

(২) উক্ত মহিলা স্কলার কি কারণে স্কলারশিপটি ছাড়িয়া দিতে বাধ্য হইলেন?

The Minister for Tribal Welfare:

(ক) (১) হ্যাঁ।

(২) মহিলা স্বেচ্ছায় পদত্যাগ করিয়াছেন।

(খ) (১) বৃত্তির জন্য চার জন যোগ্য নির্বাচিত হন। কিন্তু পরে তাহাদের মধ্যে দুই জন যোগদান করিতে অনিচ্ছা প্রকাশ করায় দুইজনকে বৃত্তি দেওয়া হয়।

(২) মহিলা প্রথমে সরকার নির্দিষ্ট সর্তে কাজ করিতে রাজী হন। পরে যখন তাহাকে কাজ দেওয়া হয় তখন তিনি ঐ কাজ গ্রহণ করিতে অস্বীকার করেন এবং নিজের ইচ্ছানুযায়ী উহা পালটাইয়া দিতে বলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নৃতত্ব বিভাগের অধ্যক্ষের অধীনে গবেষণাকার্য চালাইবার নিয়ম আছে। উক্ত অধ্যক্ষ ঐ মহিলার এই প্রস্তাব সমর্থন করেন না। ঐ প্রস্তাব মঞ্জুর করা না হইলে মহিলা পদত্যাগপত্র পেশ করেন এবং উহা গ্রহণ করা হয়।

Vagrants

***444.** (Admitted question No. *2432.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কয়টি জেলায় মোট কয়টি ভবঘুরে আশ্রমে কতজন লোক আছে;

(খ) তাহাদের প্রত্যেকের জন্য মাসে সরকারের কত করিয়া অর্থ মঞ্জুর আছে; এবং

(গ) তাহাদিগকে আশ্রমে সাধারণত কি কি কাজ শিক্ষা দেওয়া হয়?

The Minister for Relief and Social Welfare:

(ক) ছয়টি জেলায় মোট চোদ্দটি ভবঘুরে আশ্রম আছে, যথা—

ক্রমিক নং	জেলার নাম	ভবঘুরে আশ্রম এবং বিশেষ গ্রহণ কেন্দ্রের সংখ্যা	তাহাদের নাম	আবাসিকের সংখ্যা (২৫-৩-৬৫ তাং পর্যন্ত)
১।	কলিকাতা	৬	(ক) পুরুষ ভবঘুরে আশ্রম	২৪৪
			(খ) কুষ্ঠ ভবঘুরে আশ্রম	১৫৭
			(গ) নূতন ভবঘুরে আশ্রম	২৬১
			(ঘ) গ্রহণ কেন্দ্র	১১৪
			(ঙ) বিশেষ গ্রহণ কেন্দ্র, কাশিপুর	৫৭৬
			(চ) বিঃ গ্রহণ কেন্দ্র, টালিগঞ্জ	৪৪৫
২।	চব্বিশপরগনা	২	(ক) ধ্রুব গ্রাম (শিশু ভবঘুরে আবাস)	১৪৯
			(খ) বিশেষ গ্রহণ কেন্দ্র পেট্রোপোল	১৫৭
৩।	মেদিনীপুর	৩	(ক) বিশেষ ভবঘুরে আবাস	৩৩৫
			(খ) উৎপাদন কেন্দ্র	২২
			(গ) বিশেষ গ্রহণ কেন্দ্র, বালিচক	৩৩১
৪।	হাওড়া	১	সাময়িক ভবঘুরে আবাস	৪৭১
৫।	হুগলী	১	নারী ভবঘুরে আবাস	২১৪
৬।	বর্ধমান	১	বিশেষ গ্রহণ কেন্দ্র, সীতারামপুর	৫২
			মোট	৩,৬০৮

(খ) আবাসিকদের খাদ্য, পোশাক, চিকিৎসা, শিক্ষা, পুনর্বাসন ইত্যাদি বিষয়ে মাসে মাথাপিছু আনুমানিক ৩৭ টাকা ব্যয় হয়।

(গ) আবাসিকদিগকে সাধারণত নিম্নলিখিত কাজগুলি সম্বন্ধে শিক্ষা দেওয়া হয়ঃ—

(১) তাঁতের কাজ।
(২) ছুতারের কাজ।
(৩) দর্জির কাজ।
(৪) কামারের কাজ।
(৫) বই বাধাঁনর কাজ।
(৬) মৃৎশিল্পের কাজ।
(৭) দড়ি ও পা-পোষ তৈরির কাজ।
(৮) নাপিতের কাজ।
(৯) ধোপার কাজ।
(১০) রান্নার কাজ।
(১১) কৃষি কাজ।
(১২) মৎস্য চাষের কাজ।
(১৩) মুরগী পালন।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Improvement of Bus Route from Midnapore town to Dhernaghat

974. (Admitted question No. 1107.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if there is any proposal for improvement of the bus route from Midnapore town to Dhernaghat via Chandra within Midnapore Block; and

(b) if so, when the work will be taken up and when completed?

The Minister for Home (Transport): (a) There is a proposal from the Zilla Parishad.

(b) The work taken up by the Zilla Parishad in the year 1964-65 is nearing completion.

Licence for Bani Mills

975. (Admitted question No. 2158.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, লাইসেন্সপ্রাপ্ত পুরাতন বাণী মিল ক্রয় করিলে ক্রেতা পুরাতন লাইসেন্সের পরিবর্তে নূতন লাইসেন্স নিজ নামে পাইতে পারে কি?

The Minister for Food and Supplies:

ক্রেতাকে নূতন লাইসেন্সের জন্য দরখাস্ত করিতে হয় এবং প্রত্যেক ক্ষেত্রে গুণাগুণ বিবেচনা করিয়া উপযুক্ত স্থলে লাইসেন্স মঞ্জুর করা হয়।

Sinking and re-sinking of tubewells in Midnapore district

987. (Admitted question No. 2310.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গত ৩ বৎসরে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীমে প্রতি মহকুমায় কতগুলি করিয়া নূতন নলকূপ এবং কতগুলি করিয়া পুরাতন নলকূপ সংস্কার হইয়াছিল; এবং

(খ) উক্ত কার্যের জন্য গত ৩ বৎসর সরকারের কত টাকা ব্যয় হইয়াছিল?

The Minister for Health:

(ক) ও (খ) মেদিনীপুর জেলায় গত তিন বৎসরে যতগুলি নূতন নলকূপ খনন ও পুরাতন নলকূপ সংস্কার করা হইয়াছে তাহার বিবরণ এবং ঐ খাতে কত খরচ হইয়াছে তাহা নিম্নে দেওয়া হইল। মহকুমাওয়ারী বিবরণ আপাততঃ দেওয়া হইতেছে না।

বৎসর	নূতন নলকূপ খনন	পুরাতন নলকূপ সংস্কার	ব্যয় (টাকা)
১৯৬১-৬২	৩৯৭	১১০	৯,৭৩,৭৪২
১৯৬২-৬৩	১৬২	১৩৪	৫,৪৪,৮২০
১৯৬৩-৬৪	১৫৯	৮১	২,০৮,৬২১

Wells in Purulia district

977. (Admitted question No. 2342.)

শ্রীদমন কুইরী: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫৭ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত পুরুলিয়া জেলায় পানীয় জলের জন্য কোন্ থানায় কতগুলি কুয়া খনন করা হইয়াছে;

(খ) এই কুয়াগুলি খনন করিতে কত টাকা ব্যয় করা হইয়াছে; এবং

(গ) ১৯৫৭ সাল হইতে ১৯৬৪ সালের মধ্যে এই জেলায় বিভিন্ন থানায় পানীয় জলের জন্য যেসমস্ত কুয়া মঞ্জুরী করা হইয়াছিল তাহার মধ্যে কোন থানায় কতগুলি কুয়ার কাজ আরম্ভ করা বা শেষ করা হয় নাই?

The Minister for Health:

(ক) এতদ্‌সংলগ্ন বিবরণীর ৪র্থ কলমে দ্রষ্টব্য।

(খ) ১৭,২৫,০০০ টাকা।

(গ) 'ক' প্রশ্নের উত্তরে উল্লিখিত বিবরণীর ৫ম ও ৬ষ্ঠ কলম দ্রষ্টব্য।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 977

LIST OF WELLS IN THE DISTRICT OF PURULIA

Serial No.	Police-station's name.	No. of wells sanctioned.	No. of wells completed.	No. of wells in progress.	No. of wells not yet taken up.
1	2	3	4	5	6
1.	Raghunathpur ..	97	53	32	12
2.	Balarampur ..	36	25	5	6
3.	Jhalda	84	62	8	14
4.	Joypur	27	16	4	7
5.	Manbazar ..	129	95	19	15
6.	Kashipur	88	60	16	12
7.	Para	43	34	3	6
8.	Santuri	64	45	11	8
9.	Bagmundi ..	53	39	5	9
10.	Neturia	63	41	17	5
11.	Bundwan ..	37	27	6	5
12.	Arsha	51	35	9	7
13	Barabazar ..	33	22	4	7
14.	Hura	12	6	1	5
15.	Puncha	42	25	12	5
16.	Purulia	129	105	12	12
	Total ..	989	690	164	135

Examination of cooked food in hotels and restaurants in Calcutta

978. (Admitted question No. 2355.)

শ্রীঅশ্বিনী রায়: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পৌর এলাকায় হোটেল ও রেস্টুরেন্টগুলিতে রান্না খাদ্য (কুক্‌ড ফুড) পরীক্ষার কোনও ব্যবস্থা আছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৪ সালের ১লা এপ্রিল হইতে ১৯৬৫ সালের ফেব্রুয়ারী পর্যন্ত কতগুলি হোটেলে নমুনা পরীক্ষা হইয়াছে, এবং

(২) এইরূপ পরীক্ষা কার্যে নিযুক্ত ব্যক্তিদের সংখ্যা কত?

The Minister for Health:

(ক) হ্যাঁ, কলিকাতা করপোরেশনের এ সম্বন্ধে ব্যবস্থা আছে।

(খ) (১) ৮৭টি।

(২) ২৬ জন।

Ayurvedic, Homoeopathic and Allopathic practitioners

979. (Admitted question No. 2358.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কত চিকিৎসক রেজিস্টারীভুক্ত হইয়া—

(১) আয়ুর্বেদ,

(২) হোমিওপ্যাথি, এবং

(৩) এলোপ্যাথি

মতে চিকিৎসা করিতেছেন; এবং

(খ) বিভিন্ন মতের চিকিৎসকদের জন্য লাইসেন্স ফি কত?

The Minister for Health:

(ক) (১) ৮৭১৭ জন।

(২) ৮,৮০০ জন।

(৩) ২২,৯৩৩ জন।

(খ) (১) আয়ুর্বেদ চিকিৎসকদিগকে রেজিস্ট্রিভুক্ত হওয়ার জন্য এককালীন ২০ টাকা ও প্রতি বৎসর ঐ বাবদ প্রত্যেককে ৫ টাকা ফি দিতে হয়।

(২) হোমিওপ্যাথিক চিকিৎসকদিগকে রেজিস্ট্রিভুক্ত হওয়ার জন্য এককালীন ২০ টাকা ও ঐ বাবদ প্রতি পাঁচ বৎসর অন্তর ২৫ টাকা ফি দিতে হয়।

(৩) এ্যালোপ্যাথ চিকিৎসকদিগকে পাকাপাকিভাবে রেজিস্ট্রিভুক্ত হওয়ার জন্য এককালীন ৩০ টাকা ফি দিতে হয়।

অন্যথায় প্রভিশনাল রেজিস্ট্রির জন্য তাহাদের ৫ টাকা এবং পরে পাকাপাকিভাবে রেজিস্ট্রিভুক্ত হওয়ার জন্য ২৫ টাকা ফি দিতে হয়।

Forest staffs in Midnapore district

980. (Admitted question No. 2367.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বন বিভাগের বিভিন্ন প্রকারের কতজন কর্মচারী আছে:

(খ) উহাদের বেতন ও ভাতা কত; এবং

(গ) গত ১৯৬৪ সালে উক্ত জেলায় কত জ্বালানী কাঠ কিরূপ মূল্যে মোট কত টাকায় বিক্রীত হইয়াছে?

The Minister of State for Forests:

পদের নাম	সংখ্যা	বেতনের হার	ভাতা	
			দুর্মূল্য ভাতা	চিকিৎসা ভাতা
		টাকা	টাকা	টাকা
ডিভিশন্যাল ফরেষ্ট অফিসার ..	১	৪০০--৪৫--৮৫০--৫০--১,৩৫০।	৩০	..
এডিশন্যাল ডিভিশন্যাল ফরেষ্ট অফিসার (১জন রিসার্চের জন্য)।	২	ঐ	৩০	..
এসিষ্ট্যাণ্ট ডিভিশন্যাল ফরেষ্ট অফিসার ..	২	ঐ	৩০	..
এসিষ্ট্যাণ্ট ফরেষ্ট অফিসার ..	৬	৩৫০--২৫--৫২৫	৩০	..
ফরেষ্ট রেঞ্জার	২৯	১৭৫--৭--২৪৫--৮--৩২৫।	২০	..
ফরেষ্টার	১৩৮	১২৫--৩--১৪০--৪--২০০।	১০	..
ফরেষ্ট গার্ড	৩১৯	৬৫--১--৮৫	১০	..
হেড ক্লার্ক	২	২০০-১০--৩০০	২০	..
একউণ্টাণ্ট	৪	ঐ	২০	..
কার্ক টাইপিষ্ট	৪৪	১২৫--৩--১৪০--৪--২০০।	১০	..
ড্রাফটসমেন	৩	১৫০--৫--২৫০	১০	..
ডাইভার	৪	১০০-৩--১৩৬--৪--১৪০।	১০	..
আর্দালী	৪৭	৬০--১৷২--৬৫-১--৭৫।	১০	৫
ডাকওয়ার্লু	৭	ঐ	১০	৫
পিয়ন	৬	ঐ	১০	৫
দারোয়ান	৩	ঐ	১০	৫
জমাদার	২	ঐ	১০	৫
মালী	৩৩	ঐ	১০	৫
বাংলো চৌকিদার	১২	ঐ	১০	৫
দপ্তরী	১	ঐ	১০	৫

১৯৬৪ সালে নীলাম এবং পারমিট প্রথায় মোট ১,০২,৯২৩ টন জ্বালানী কাঠ ৩২,৯৩,৬৪০·০৮ টাকায় বিক্রীত হইয়াছে। গড়ে নিলামে প্রতি একরের কাঠের ও জ্বালানীর দর পাওয়া গেছে ৩২০ টাকা। পারমিট প্রথায় মূল্য নেওয়া হয়েছে নিম্নলিখিত হারেঃ

জ্বালানীর বিবরণ	(দৈনিক) বোঝাপিছু টাকা	(দৈনিক) গাড়ী পিছু টাকা	(মাসিক) বোঝাপিছু টাকা
শুষ্ক জ্বালানী (কাটিবার জন্য হাতিয়ার নিষিদ্ধ) ..	০.০২	২.৫০	০.২৫
শালতলী ঝোড় (কাঁচা)	০.০৪	১.৫০	০.৪০
ভুরুয়া বা পুটলী ঝাটি	০.০৪	১.৫০	০.৫০
কুরচী ঝাটি	০.০২	১.০০	০.২৫
আটারী ঝাটি -- -- --			
কুকাঠ ঝাটি			
কাঁটা গাছ			

Dewanganj-Hem Kumari Road in Cooch Behar district

981. (Admitted question No. 2377.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোচবিহার জেলার দেওয়ানগঞ্জ হইতে হেমকুমারী (পশ্চিম) পর্যন্ত পাক্-সীমান্ত রাস্তাটির পাকাকরণের কাজ বন্ধ আছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কেন কাজ বন্ধ হইয়া আছে, এবং

(২) আগামী কতদিনের মধ্যে রাস্তাটির পাকা করিবার কাজ শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) (১) এ প্রশ্ন উঠে না।

(২) আগামী জুন মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Reservation of beds in Calcutta hospitals

982. (Admitted question No. 2380.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that there is any provision for reservation of seats (paying beds or cabins) on priority basis in the hospitals in Calcutta for the members of the West Bengal Legislatures and their families; and

(b) if so, the terms and the kind of accommodation provided?

The Minister for Health: (a) and (b) Two paying beds and one double-bedded cabin have been reserved for the Members of the State Legislative Assembly and Council and the members of their families in the paying Annexe to the Seth Sukhlall Karnani Memorial Hospital, Calcutta, at 5 Suburban Hospital Road. For hospitalisation in these reserved beds the M.L.A.s/M.L.C.s will pay bed rent charges for other services at the normal rates fixed for the paying Annexe which are shown in the enclosed Statement.

Statement referred to in reply to unstarred question No. 982.

Schedule of charges to be levied on the patients receiving services at the Seth Sukhlall Karnani Memorial Hospital Annexure at 5 Suburban Hospital Road, Calcutta.

1. Bed rent—

Double-bedded cabin—Rs. 12.50 p. per cabin bed per diem.

Paying bed—Rs. 5 per bed per diem.

2. Operation charges—

(i) Major—Rs. 100 each.

(ii) Minor—Rs. 30 each.

3. Confinement charges—

(i) Normal confinement—Rs. 50.

(ii) Confinement with major operation—Rs. 100.

(iii) Confinement with minor operation—Rs. 75.

4. Charges for other services, viz., Pathology, X-Ray, E.C.G., etc., shall be payable at the rates fixed for the Seth Sukhlal Karnani Memorial Hospital.

Incidence of small-pox in Asansol and its adjoining areas

983. (Admitted question No. 2387.)

শ্রীবিজয় পাল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে আসানসোল শহর ও পার্শ্ববর্তী এলাকায় এবং বার্নপুর ও কুলটি অঞ্চলে সম্প্রতি ব্যাপকভাবে বসন্ত রোগের প্রাদুর্ভাব হইয়াছে;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি (১) ইহাতে কত লোকের মৃত্যু হইয়াছে এবং (২) উহার প্রতিকারের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, গত ১৯৬৩-৬৪ সালে আসানসোল শহর ও মহকুমার অন্যান্য অঞ্চলে ব্যাপক বসন্তরোগে বহু লোকের মৃত্যু হইয়াছিল; এবং

(ঘ) সত্য হইলে, কত নরনারী ও শিশুর মৃত্যু হইয়াছিল?

The Minister for Health:

(ক) উক্ত অঞ্চলে ব্যাপকভাবে বসন্তরোগের প্রাদুর্ভাবের কোন সংবাদ সরকার অবগত নহেন তবে বিক্ষিপ্তভাবে ২৭ জন বসন্তরোগে আক্রান্ত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

(খ) (১) ১৯৬৪ সালের ১লা জানুয়ারী হইতে ১৫ই মার্চ পর্যন্ত ২ জনের মৃত্যু ঘটিয়াছে।

(২) জাতীয় বসন্ত উচ্ছেদ পরিকল্পনা (ন্যাশনাল স্মলপক্স ইর‍্যাডিকেশন প্রোগ্রাম) অনুযায়ী একটি ইউনিট আসানসোল মহকুমায় নির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী কার্য করিতেছেন। স্থানীয় স্বাস্থ্য কর্মিদের সহায়তায় উহারা মোট ১,০৯১,০৭৪ লোক সংখ্যার মধ্যে ৮০৮,৬৭৬ জনকে বসন্ত টীকা দিয়াছেন।

(গ) হ্যাঁ।

(ঘ) মোট ২১৫ জন।

Incidence of small-pox in Durgapur area, Burdwan

984. (Admitted question No. 2391.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জানুয়ারি ১৯৬৫ হইতে ১৫ই মার্চ পর্যন্ত বর্ধমান জেলায় দুর্গাপুর গ্রাম এলাকায় মোট বসন্ত রোগের আক্রান্তের ও মৃতের সংখ্যা কত;

(খ) উক্ত এলাকার সোনারডাঙ্গা গ্রামে উক্ত সময় পর্যন্ত আক্রান্ত ও মৃতের সংখ্যা কত; এবং

(গ) উক্ত সময় পর্যন্ত উক্ত রোগ প্রতিরোধের জন্য সরকার কি কি কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Health:

(ক) বর্তমানে বর্ধমান জেলায় দুর্গাপুর গ্রাম বলিয়া কোন এলাকা নাই। পূর্বতন দুর্গাপুর গ্রাম এলাকাটি দুর্গাপুর শিল্প-অঞ্চলে পরিণত হইয়াছে। ঐ শিল্প-অঞ্চলে ১৯৬৫ সালের ১লা জানুয়ারি হইতে ১৫ই মার্চ পর্যন্ত বসন্তরোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা যথাক্রমে ৩২ ও ৪।

(খ) সোনারডাঙ্গা গ্রামে কোন বসন্ত রোগ হয় নাই। তবে ঐ গ্রামের কিছুদূরে তামলা ব্রিজের পার্শ্বে কতকগুলি অস্থায়ী বস্তিতে বসন্ত রোগে ৩২ জন আক্রান্ত হইয়াছে এবং তন্মধ্যে ৪ জনের মৃত্যু হইয়াছে যাহা (ক) প্রশ্নের উত্তরে বলা হইয়াছে।

(গ) জাতীয় বসন্ত উচ্ছেদ পরিকল্পনা (ন্যাশনাল স্মল-পক্স ইর‍্যাডিকেশন প্রোগ্রাম) অনুযায়ী ঐ অঞ্চলে একটি ইউনিট নির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী কার্য করিতেছেন। জানুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহে দুর্গাপুর অঞ্চলে শতকরা ৭২ জনকে টিকা দেওয়া হয়। দুর্গাপুর অঞ্চলে বসন্ত রোগ দেখা দেওয়ার পর বর্ধমান হইতে আর একটি ইউনিট ঐ অঞ্চলে প্রেরিত হয় এবং তাহারা সব-স্বাস্থ্য কৃত্যক অধিকর্তা ও স্থানীয় স্বাস্থ্যাধিকারিকদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে যাঁহারা অদ্যাবধি টিকা লন নাই তাঁহাদের টিকা দেওয়ার ব্যাপক ব্যবস্থা করেন।

Nayaput Health Centre in Contai police-station

985. (Admitted question No. 2410.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার নয়াপুটের স্বাস্থ্যকেন্দ্রটির গৃহনির্মাণের কার্য শেষ হইয়াছে কিনা;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, কোন্ তারিখে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট স্বাস্থ্যবিভাগকে দখল দিয়াছে; এবং

(গ) ঐ স্বাস্থ্যকেন্দ্রটির কার্য কবে আরম্ভ হইবে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) ১৪ই নবেম্বর ১৯৬৪ তারিখে।

(গ) ডাক্তারের অভাবে স্বাস্থ্যকেন্দ্রটি খোলা সম্ভব হয় নাই। পাবলিক সার্ভিস কমিশন শূন্য পদগুলির জন্য উপযুক্ত ডাক্তার নির্বাচনের ব্যবস্থা করিতেছেন। কমিশন-এর সুপারিশ পাওয়া গেলে এই স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগ করা হইবে ও তৎপর উহার কার্য আরম্ভ হইবে।

Kulberia Health Centre in Contai police-station, Midnapore

986. (Admitted question No. 2411.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার কুলবেড়্যা স্বাস্থ্যকেন্দ্রটির গৃহনির্মাণের কার্য শেষ হইয়াছে কিনা; এবং

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রটির কার্য কবে আরম্ভ হইবে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) ডাক্তারের অভাবে স্বাস্থ্যকেন্দ্রটি খোলা যাইতেছে না। পাবলিক সার্ভিস কমিশন শূন্য পদগুলির জন্য উপযুক্ত ডাক্তার নির্বাচন করিবার ব্যবস্থা করিতেছেন। তাঁহাদের সুপারিশ পাওয়ার পর এই স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নিয়োগ করা হইবে ও তৎপর উহার কার্য আরম্ভ হইবে।

Motor Workers' Union in Midnapore district

987. (Admitted question No. 2433.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলায় কোন্ কোন্ মোটর কর্মচারী সমিতি মালিকগণের সহিত বিরোধের জন্য গত ১৯৬৩-৬৪ সালে সরকারের নিকট আবেদন করিয়াছিল; এবং ঐ বিরোধগুলি কিরূপ নিষ্পত্তি হইয়াছে?

The Minister for Labour:

বিরোধীয় বিষয়ে বিস্তারিত সংবাদ নিম্নে দেওয়া হইল:

১৯৬৩ সালে মেদিনীপুর মোটর ওয়ার্কার্স ইউনিয়ন ছুটি, বোনাস প্রভৃতি বিষয়ে একটি বিরোধ উত্থাপন করিয়াছিলেন। তদন্তের পর ঐ বিরোধের আপোষ নিষ্পত্তি হইয়াছে।

১৯৬৪ সালে মেদিনীপুর মোটর কর্মচারী সমিতি, কন্টাই বাস সিন্ডিকেট এমপ্লয়িজ ইউনিয়ন, হিজলী কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি এমপ্লয়িজ ইউনিয়ন এবং মেদিনীপুর মোটর ওয়ার্কার্স ইউনিয়ন মোট সাতটি বিরোধ উত্থাপন করিয়াছিলেন। প্রত্যেক ব্যাপারেই তদন্ত করা হইয়াছে বা হইতেছে। দুইটি বিরোধ সংশ্লিষ্ট পক্ষগুলির মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী নিষ্পত্তি হইয়াছে। একটি বিরোধের পারস্পরিক আলোচনার মাধ্যমে মীমাংসা হইয়াছে। একটি বিরোধ ইউনিয়ন অনুধাবন করেন নাই এবং অপর একটি বিরোধের ব্যাপারে আয়োজিত সভায় (মিটিং) মালিক বা কর্মচারী পক্ষের কেহই উপস্থিত হন নাই। একটি বিরোধ তদন্তাধীন এবং একটি বিরোধ সরকারের বিবেচনাধীন আছে।

Fishermen's Co-operative Society in Tamluk subdivision, Midnapore

988. (Admitted question No. 2436.)

শ্রীঅনঙ্গমোহন দাস: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমার বিভিন্ন থানায় কয়টি রেজেস্ট্রীকৃত মৎস্যজীবী সমিতি আছে;

(খ) ঐরূপ কয়টি সমিতি বর্তমান সময় পর্যন্ত রেজিস্ট্রেশনের জন্য বিবেচনাধীন অবস্থায় আছে; এবং

(গ) ময়না থানায় ঐরূপ সমিতিগুলির নাম ও ঠিকানা কি এবং উহারা প্রত্যেকে ১৯৬৩ এবং ১৯৬৪ সালে কি পরিমাণ মাছ উৎপাদন করিয়াছিল?

The Minister for Co-operation:

(ক) তমলুক মহকুমার বিভিন্ন থানায় মোট ছয়টি রেজেস্ট্রিকৃত মৎস্যবীজী সমিতি আছে।

(খ) বর্তমানে দুইটি সমিতি রেজিস্ট্রেশনের জন্য বিবেচনাধীন আছে।

(গ) ময়না থানায় একটি মৎস্যজীবী সমিতি আছে। উহার নাম ও ঠিকানা—মুক্তকেশী ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ গ্রাম পূর্ব দোঁবাঁদী, পোঃ দোঁবাঁদী, জিলা মেদিনীপুর, ১৯৬৩ সালে সমিতিটি মাছের পোনা কিনিয়াছিল, কিন্তু সমস্ত পোনাই নষ্ট হইয়া যাওয়ায় মাছ উৎপাদন হয় নাই। ১৯৬৪ সালে সমিতি মাছ উৎপাদনের কোন চেষ্টা করে নাই।

Electrification in Kharba police-station, Malda

989. (Admitted question No. 2455.)

ডাঃ গোলাম ইয়াজদানী: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানায় বিদ্যুৎ সরবরাহের জন্য লাইন তৈরি শেষ হওয়া সত্ত্বেও আজও বিদ্যুৎ চালু না হইবার কারণ কি; এবং

(খ) কবে এই বিদ্যুৎ সরবরাহ হইবে?

The Minister for Commerce and Industries:

(ক) বিহারের বারুণী বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হইতে বিদ্যুৎ আনাইয়া খরবা থানার অন্তর্ভুক্ত চাঁচল ও কালীগ্রামে বিদ্যুৎ সরবরাহের উদ্দেশ্যে বৈদ্যুতিক তার খাটাইবার কাজ শেষ হইয়াছিল সত্য, কিন্তু পরে বিহার স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বিদ্যুৎ সরবরাহ করিতে রাজী না হওয়ায় আজ পর্যন্ত বিদ্যুৎ চালু হয় নাই; তবে রায়গঞ্জ ডিজেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের শক্তি বৃদ্ধি করিয়া তাহা হইতে উল্লিখিত গ্রাম দুইটিকে বিদ্যুৎ সরবরাহ করিবার ব্যবস্থা করা হইতেছে।

(খ) ১৯৬৫ সালের জুন মাসের মধ্যে বিদ্যুৎ সরবরাহ করিবার সম্ভাবনা রহিয়াছে।

Bonpus Small Industries Co-operative Society in Bhatar police-station, Burdwan

990. (Admitted question No. 2468.)

শ্রীঅশ্বিনী রায়: সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার ভাতার থানার বনপাস ক্ষুদ্রশিল্প সমবায় সমিতিটি অচল হইয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) উৎ সমবায় সমিতি কবে প্রতিষ্ঠিত হইয়াছে; এবং

(২) উহা অচল হইবার কারণ কি?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত সমিতি ৪ঠা মার্চ ১৯৬৩ তারিখে প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) এই সমিতি ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টারের যন্ত্রপাতি এবং ঐ কেন্দ্রের শিক্ষার্থীদের নিয়া গঠিত হইয়াছিল। কিন্তু সরকার নিজেই ঐ কেন্দ্র পুনরায় চালু করায় সমিতিকে উহার যন্ত্রপাতি ফেরত দিতে হইয়াছে। তাহা ছাড়া সমিতির উৎপাদিত দ্রব্য স্থানীয় কারিগরদের দ্রব্যের তুলনায় অপেক্ষাকৃত খারাপ হওয়ায় বাজারে বিক্রয় করার অসুবিধা দেখা দেয়। এ অবস্থায় সমিতি অচল হইয়া পড়িয়াছে।

Health Centre in Shyampur mouza of Egra police-station

991. (Admitted question No. 2479.)

সুধীরচন্দ্র দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এগরা থানার শ্যামপুর মৌজায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য এক ব্যক্তি টাকা ও জমি দান করিয়াছেন, ইহা কি সত্য;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, ঐ শ্যামপুরে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কি ব্যবস্থা হইতেছে; এবং

(গ) টাকা ও ভূমি দানের পরিমাণ কি; এবং কবে দান করিয়াছেন?

The Minister for Health:

(ক) কেবলমাত্র ৫,০০০ টাকা দান হিসাবে পাওয়া গিয়াছে।

(খ) এগরা ২নং উন্নয়ন সংস্থায় বর্তমানে পানিপারুলে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র চালু আছে ও মহেশপুরে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের অনুমোদন দেওয়া হইয়াছে। সুতরাং বর্তমান নীতি অনুযায়ী তৃতীয় পরিকল্পনাকালে এই সংস্থায় অর কোন উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা সম্ভবপর নয়। এই স্বাস্থ্যকেন্দ্রটি চতুর্থ পরিকল্পনায় স্থাপন করা হইবে।

(গ) ১৯৫৭ সালে ৫,০০০ টাকা পাওয়া গিয়াছে।

Point of privilege

[2—2-10 p.m.]

Dr. Anath Bandhu Ray:

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা প্রশ্ন সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পরশুদিন আমি দেখেছিলাম এখানে একটা সাড়ি এবং চুড়ি পড়েছিল। আমি সে বিষয়ে বিশেষ কিছু উৎসুক হইনি—আমি ভেবেছিলাম যে হয়তো কেউ নিয়ে এনে রেখেছেন—সব বৃত্তান্তটা জানতাম না—তার পরে কালকে যে সমস্ত উক্তি হয়েছে এবং সেই উক্তি যে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে তাই দেখে আমার নিজের আত্মমর্যাদা এবং মাতৃ-জাতির প্রতি অপমানসূচক কথা হয়েছে। আমি অবশ্য কালকে শেষকালটায় ছিলাম না—কিন্তু কাগজে যেটা পড়েছি—যারা চুড়ি পরেন সাড়ি পরেন, সেই মাতৃজাতির গর্ভজাত সন্তান আমরা—কিন্তু তাঁদের মুখ থেকে এই সমস্ত জিনিস ব্যাঙ্গোক্তির ভিতর দিয়ে আলোচনা করা হয় তাহলে সেটা খুবই অপমানকর। এই বাংলা দেশ থেকে বন্দে মাতরম্ ধ্বনি উঠেছে এবং সেই বন্দে মাতরম্ ধ্বনি সমস্ত ভারতের মৃত্তিকা বায়ু এবং জলকে মুখরিত তথা প্রাণবন্ত করে রেখেছে। আমি মনে করি এই উক্তির দ্বারা এ বিষয়টি কলুষিত করা হয়েছে এবং এই উক্তির সমস্ত যা কিছু লিপিবদ্ধ হয়েছে তা সব এই লিপির মধ্য থেকে পরিত্যক্ত হবার জন্য আপনি নির্দেশ দেবেন এবং যারা এইসমস্ত উক্তি করেছেন তাঁরা এখানে ক্ষমা প্রার্থনা করুন।

মিঃ ডেপুটি স্পীকার: এইভাবে সাড়ি চুড়ি হাউসের মধ্যে আনাটা ঠিক হয় নি—এর জন্য আমরা দুঃখপ্রকাশ করতে পারি

If the members do not behave properly, we are helpless. It is not a question of privilege. We are very sorry for it.

আমাদের দুঃখ করা ছাড়া এ বিষয়ে আর কিছুই নেই।

শ্রীঅনাথবন্ধু রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলবো যারা এইসমস্ত কথা তুলেছেন তারা নিকৃষ্ট জীব এবং তাদের বলা যেতে পারে * * —সেইজন্য বিশেষভাবে আমি দৃষ্টি আকর্ষণ করছি যাতে এর একটা প্রতিকার হয়।

Mr. Deputy Speaker:
On behalf of the House, I say that we are very sorry for it.

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, সাড়ি এবং চুড়ি সংক্রান্ত ব্যাপারে কালকে এই হাউসে নেপালবাবু স্বীকার করেছিলেন যেভাবেই হোক তিনি বলেছেন যে অমুক অমুককে যদি আমি হারাতে না পারি তাহলে আমি চুড়ি এবং সাড়ি পরবো। যখন হাউসে এটা আনাতে ও'রা খুব দুঃখ পেয়েছেন তখন আমার মনে হয় নেপালবাবু ঐ আচরণটায় ও'দের আগে দুঃখের কারণ হওয়া উচিত ছিল।

শ্রীনিখিল দাস: অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, এই হাউসে উনি দুটি শব্দ ব্যবহার করেছেন, সেটা হচ্ছে যারা এই ধরনের কাজ করেছেন তাঁরা * * উনি স্যার একথা বলেছেন এটা রেকর্ডে উঠেছে। আপনি স্যার, এটা এক্সপাঞ্জ করতে বলুন আর ও'কে এই কথাটা উইথড্র করতে বলুন। এই ধরনের শব্দ যদি হাউসে ব্যবহৃত হয় তাহলে এটা হাউস না অন্য কিছু?

শ্রীনারায়ণ চোবে: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, উনি এই কথা যদি বলে থাকেন তাহলে উনি এখানে উঠে ক্ষমা চান।

শ্রীঅনাথবন্ধু রায়: আমি বলেছি যে, যাঁরা এইরকম উক্তি করতে পারেন তাঁরা নিকৃষ্ট জীব এবং তাঁদের * * বলা চলে।

শ্রীনিখিল দাস: অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, আমি আগেই এটা তুলেছিলাম আপনার কাছে, উনি মেয়ে জাতির প্রতি অনেক সম্মান দেখালেন এবং এই হাউসের মেম্বারদের উদ্দেশ্য করে বললেন যে, যাঁরা এইসব উক্তি করেছেন তাঁরা * * —এটা আনপার্লামেন্টারী—এর জন্য ও'কে ক্ষমা চাইতে হবে, উইথড্র করতে হবে এবং রেকর্ড থেকে এটা এক্সপাঞ্জ করতে হবে।

শ্রীনাথানিয়াল মুরমু: স্যার, মাননীয় সদস্য যে কথা বললেন সেই কথাটা হাউসকে এমনভাবে প্রভাবিত করেছে যে, উনি * * বলার পরে মহিলা সদস্যারা এই হাউস থেকে বেরিয়ে গেলেন। সুতরাং এই কথাটা তাঁকে প্রত্যাহার করতে হবে এবং তার জন্য দুঃখপ্রকাশ করতে হবে।

শ্রীঅনাথবন্ধু রায়: স্যার, * * কথাটা যদি আনপার্লামেন্টারী হয়ে থাকে এবং সভার মর্যাদা হানিকর হয়ে থাকে, তাহলে আমি ক্ষমা চাচ্ছি।

শ্রীনিখিল দাস: আপনি স্যার, এটা এক্সপাঞ্জ করতে বলে দিন, রেকর্ড থেকে।

মিঃ ডেপুটি স্পীকার: আচ্ছা এটা এক্সপাঞ্জ করা হবে।

Calling Attention to Matters of urgent Public Importance

Shri Ardhendu Shekhar Naskar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৫ খৃষ্টাব্দের ২২এ মার্চ তারিখে পুলিশের গুলীচালনায় জলপাইগুড়ি পলিটেকনিকের একজন ছাত্রের মৃত্যু এবং উহার অধ্যক্ষ ও অধ্যাপকবৃন্দের গ্রেপ্তার সম্পর্কে বিধানসভার সদস্য শ্রীশম্ভুচরণ ঘোস, শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান ও শ্রীসুনীল দাশগুপ্ত মহাশয়গণ যে দৃষ্টি আকর্ষণী নোটিস দিয়াছেন তাহার উত্তরে আমি নিম্নলিখিত বিবৃতি দিতে চাই:

**Expunged by order of the Deputy Speaker.

পুলিশের গুলীচালনার ব্যাপারটি ১৯এ মার্চ ১৯৬৫ তারিখে ঘটিয়াছিল, ২২এ মার্চ ১৯৬৫ তারিখে নহে এবং উহার ফলে পলিটেকনিকের কোন ছাত্র নিহত হন নাই।

১৮ই মার্চ তারিখে জলপাইগুড়ি পলিটেকনিক ইনস্টিটিউটের নিকট দুইটি দলের মধ্যে বচসার ফলে একটি সঙ্ঘর্ষের সৃষ্টি হয়। পলিটেকনিকের দুইজন ছাত্রকে কয়েকজন লোক ছুরি দ্বারা আঘাত করিয়াছে এই সংবাদ শুনিয়া ১৯এ মার্চ সন্ধ্যাবেলা জলপাইগুড়ি পলিটেকনিক এবং ইঞ্জিনীয়ারিং কলেজের প্রায় ৫০০ ছাত্র লাঠি ও লোহার রড লইয়া জলপাইগুড়ি শহরে প্রবেশ করে এবং কদমতলার মোড় পর্যন্ত আগাইয়া যায়। গুরুতর শৃঙ্খলাভঙ্গের আশঙ্কা রহিয়াছে এই মর্মে পলিটেকনিকের অধ্যক্ষ মহাশয়ের নিকট হইতে সংবাদ পাইয়া সদরের ডেপুটি পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট এবং অন্যান্য যেসকল পুলিশ অফিসার ও পুলিশবাহিনীর লোক সেখানে ছিলেন তাঁহাদের লইয়া পুলিশ সুপারিন্টেন্টেন্ডন্ট পলিটেকনিকের দিকে দ্রুত অগ্রসর হন। পলিটেকনিকে যাইবার পথে তিনি, ছাত্রগণ যাহাতে উচ্ছৃঙ্খল কার্যকলাপে লিপ্ত না হন সেজন্য বিশেষ চেষ্টা করেন। কিন্তু ইতিমধ্যে বিরুদ্ধপক্ষের প্রায় ২০০ লোক লাঠি, বল্লম ইত্যাদি লইয়া শিল্প সমিতি পাড়ার নিকট বড় রাস্তার উপরে ইটপাটকেল, সোডার বোতল ইত্যাদি ছুড়িয়া ছাত্র ও পুলিশ দলকে আক্রমণ করে। ইহার ফলে পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট সহ পুলিশ বাহিনীর কয়েক ব্যক্তি আহত হন। একজন পুলিশ কনস্টেবল-এর পায়ে বর্শার আঘাত লাগে। উচ্ছৃঙ্খল জনতা আশেপাশের দোকানপাট ভাঙ্গিবার চেষ্টা করে। জনতাকে বে-আইনী ঘোষণা করা হয় এবং যথোচিতভাবে সাবধান করিয়া দিবার পর জনতার উপর লাঠি চালনা করা হয়। কিন্তু ইহাতেও কোন কাজ হয় না এবং উচ্ছৃঙ্খল জনতা পুলিশ বাহিনীকে ঘিরিয়া ফেলে এবং তাহাদিগকে কাবু করিয়া পলিটেকনিক এবং ইঞ্জিনীয়ারিং কলেজের ছাত্রদিগকে আক্রমণ করিবার চেষ্টা করে। পুনরায় জনতাকে সতর্ক করিয়া দেওয়া হয়। কিন্তু জনতা তবুও ছত্রভঙ্গ হয় না। এই অবস্থায় পুলিশকে দশ রাউন্ড গুলী ছুঁড়িতে হয়। গুলীবর্ষণের ফলে ঐ উচ্ছৃঙ্খল জনতার মধ্য হইতে জহর গুপ্ত নামে ২০-২২ বৎসরের একটি যুবকের মৃত্যু হয় এবং আরও চার ব্যক্তি গুলীর আঘাতে সামান্য আহত হন। জহর গুপ্ত ছিলেন সোনাউল্লা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একজন ছাত্র। পলিটেকনিক এবং ইঞ্জিনীয়ারিং কলেজের ছাত্রগণ পুলিশের লাঠিচালনা বা গুলীচালনার ফলে কোনরূপ আঘাত পান নাই, পলিটেকনিকের অধ্যক্ষ এবং শিক্ষকবর্গের কাহাকেও পুলিশ গ্রেপ্তার করে নাই। দাঙ্গা-হাঙ্গামা করিবার অভিযোগে উভয় পক্ষেরই বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে।

ভারতীয় দণ্ডবিধির কতিপয় ধারা এবং পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনের ১১ ধারামতে ১৯৬৫ খৃষ্টাব্দের ১৯এ মার্চ তারিখে সি।ডবলিউ সদর থানার ২৪নং কেসে অভিযুক্ত যেসকল ছাত্রকে সনাক্ত করা হইয়াছে সেই সকল ছাত্রকে খুঁজিয়া বাহির করিবার এবং গ্রেপ্তার করিবার জন্য ১৯৬৫ খৃষ্টাব্দের ২২এ মার্চ তারিখে উপ-আরক্ষাধীক্ষকের (ডেপুটি পুলিশ সুপারিন্টেন্ডেন্ট) নেতৃত্বে এক পুলিশবাহিনী পলিটেকনিকের অধ্যক্ষ মহাশয়কে যথাযথভাবে পূর্বাহ্নে সংবাদ দিয়া পলিটেকনিকে যান।

পুলিশ বাহিনী যখন ২০ জন অভিযুক্ত ছাত্রকে গ্রেপ্তার করিবার পর গাড়িতে করিয়া আদালতে আনিতে ছিলেন তখন অধ্যক্ষ মহাশয় ও তাঁহার অধীনস্থ শিক্ষকবর্গ এবং আরও অন্যান্য কয়েকজন ছাত্র গ্রেপ্তার বরণ করিতে এবং পুলিশের গাড়ীতে উঠিতে চাহেন। শিক্ষা-প্রতিষ্ঠানের মধ্যে কোনরকম অপ্রীতিকর ঘটনা যাহাতে না ঘটে সেই জন্য তাহাদিগকে গ্রেপ্তার করা ছাত্রদের সহিত আদালত পর্যন্ত যাইবার অনুমতি দেওয়া হয়। মহকুমাশাসক ঐ দিনই সন্ধ্যায় ২০ জন গ্রেপ্তার করা ছাত্রকে জামিনে মুক্তি দেন। অপর মামলায় হাঙ্গামার নেতৃস্থানীয় ১৩ জনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হইয়াছে। আরও তদন্ত চলিতেছে। বর্তমানে শহরের অবস্থা সম্পূর্ণ শান্ত।

নিরোধমূলক আইনে এ যাবৎ ৮ জন ব্যক্তিকে অবরুদ্ধ করা হইয়াছে।

[2-10—2-20 p.m.]

Mr. Deputy Speaker: The Minister-in-charge of Relief and Social Welfare Department will please make a statement on the subject of inadequate relief measure for storm-affected people of Karimpur police-station, district Nadia, called attention by Shri Gour Chandra Kundu.

Shri Saila Kumar Mukherjee: A reply will be given on Monday.

Secretary (Shri P. Roy): Three notices of Calling Attention have been received on the following subjects, namely:

(1) Death by cholera from a dinner in Diara village of district 24-Parganas—by Shri Ananga Mohan Das.

(2) Non-payment of salary to some employees under Emergency Water Supply Scheme—by Shri Gour Chandra Kundu.

(3) Representation of the West Bengal Government to the Union Government regarding income-tax restrictions on advertisement—by Shri Bijesh Chandra Sen.

Mr. Deputy Speaker: I have selected the notice of Shri Bijesh Chandra Sen on the subject of representation of the West Bengal Government to the Union Government regarding income-tax restrictions on advertisement. the Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Saila Kumar Mukherjee: A reply will be given on Monday.

Point of Privilege

Raised during question hour relating to supplementary questions and answers on question No. *437.

Shri Sambhu Charan Chosh:
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার পয়েন্ট অব প্রিভিলেজএ দাঁড়িয়েছি। যখন প্রশ্নোত্তর কাল চলছিল এবং যে প্রশ্নটিকে কেন্দ্র করে বাদানুবাদের সৃষ্টি হয়েছে, সেই প্রশ্নটা একটু ভাল করে লক্ষ্য করলেই দেখবেন যে, সেই প্রশ্নটায় বলা হয়েছে যে, কোড অব কণ্ডাক্ট ফর মিনিস্টারস পশ্চিমবঙ্গে পালিত হয়েছে কিনা, আপনি জানেন, যখন কোনও প্রশ্নকে আপনার চেয়ার থেকে অ্যাডমিট করা হয় তখন সেই প্রশ্নের উপর সাপ্লিমেন্টারি করার অধিকার আমাদের এই হাউসের সদস্যদের আছে।

Mr. Deputy Speaker:
একশোবার আছে।

Shri Sambhu Charan Chosh:
উপাধ্যক্ষ মহাশয়, আপনি যখন স্বীকার করলেন যে, একশোবার আছে তখন যার ভিত্তিতে আমি সাপ্লিমেন্টারি করব, সেই রিপোর্ট যদি আমাদের কাছে না থাকে তাহলে সাপ্লিমেন্টারি করা সম্ভবপর নয়।

আমি প্রসঙ্গত আপনাকে মনে করিয়ে দিতে চাই, এই প্রশ্নের উপর যখন আলোচনা হচ্ছিল তখন মাননীয়া ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি বললেন যে, কোড অব কণ্ডাক্ট ফর মিনিস্টার-এর রিপোর্টটা কনফিডেন্সিয়াল, কনফিডেন্সিয়াল যদি না হয়ে থাকে এবং এর ওপর যখন প্রশ্ন আপনার চেয়ার থেকে অ্যাডমিট করা হয়েছে তখন সেই রিপোর্টটা আমাদের কাছে পেশ না করাতে, আমাদের সাপ্লিমেণ্টারি করার অধিকারকে ক্ষুণ্ণ করা হয়েছে, এটাই আমার পয়েন্ট অব প্রিভিলেজ আপনার কাছে রাখলাম যে, এভাবে যদি আমাদের অধিকারকে ক্ষুণ্ণ করার চেষ্টা হয়, এইভাবে যদি অতিরিক্ত প্রশ্নের সুযোগ থেকে আমাদের বঞ্চিত করা হয়, তাহলে এইভাবে প্রশ্ন দেওয়ার কোনও অর্থই হয় না। এক ঘণ্টা প্রশ্নোত্তরের সময় স্থির করে দেওয়ার কোনও অর্থ হয় না। সেইজন্য আমি আপনার কাছে আবেদন রাখছি যে, আপনি এই জিনিসটা অত্যন্ত ভালভাবে বিবেচনা করবেন, করে আমার এই পয়েন্ট অব প্রিভিলেজএর উপর আপনার রুলিং দেবেন।

Shri Nikhil Das:
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা পয়েন্ট অফ প্রিভিলেজ-এর কথা বলছিলাম, শম্ভুবাবুর মত প্রায় একই, আমি আমার বক্তব্যের বিষয়টা পরিষ্কারভাবে আপনার কাছে রাখতে চাই। সেই কথাটা হচ্ছে প্রশ্ন আমরা করি কিছু জানার জন্য এবং বিধানসভায় প্রশ্ন করে সেই খবরগুলো জানলে দেশের মানুষ জানতে পারে, এই জন্য প্রশ্নগুলো আমরা করি। এবং দেশের মানুষে জানার সুযোগ থেকে—প্রশ্ন থেকে যদি আমরা বঞ্চিত হই, তাহলে আমরা মনে করি যে সেদিক থেকে আমাদের অধিকার ক্ষুণ্ণ হবে। এই প্রশ্নটা ছিল কি? সোজা প্রশ্ন ছিল কোড অফ কন্ডাক্ট ও'রা মানছেন কি না? উনি বললেন "হ্যাঁ"। ও'র কথাটা যদি সত্য বলে মেনে নিতাম, তাহলে মিনিস্টারদের কোড অফ কন্ডাক্ট-এর প্রশ্ন উঠতো না। এবং একটি শব্দ "হ্যাঁ" এতে প্রশ্নের উত্তর হয় না। কারণ প্রশ্নটা
concerning the Code of Conduct of Ministers, not concerning others, not concerning any officer, but concerning the Ministers.
সেই মিনিস্টার বলছেন "হ্যাঁ"। স্যার, ওটার খালি "হ্যাঁ" উত্তরে হয় না। কোড অফ কন্ডাক্টটা কি? সেটা আমাদের কাছে এখানে সারকুলেট করা হল যে এই হচ্ছে তাদের কোড অফ কন্ডাক্ট, এইগুলো তাদের মানতে হবে। আমাদের প্রশ্ন হচ্ছে এইগুলো মেনেছেন কি না? সেটাই আমরা জানতে চাইছি। এবং সেটা যদি আমরা মানতে চাই তার উপর সাপ্লিমেণ্টারী হলে ইনডিভিজুয়াল মিনিস্টারদের রিপোর্টটা পেশ করেছেন—মিনিস্টাররা সেই রিপোর্টটা—আমাদের অধিকার আছে এই হাউস-এর কাছে আনা, এই প্রশ্ন থেকে সেই অধিকার আমাদের দাঁড়ায়। এবং সেটা যদি হাউস-এ না আসে তাহলে আমরা এই প্রশ্নের সাপ্লিমেণ্টারী করতে পারি না।

স্যার, আপনার কাছে আমাদের প্রিভিলেজ-এর যে পয়েন্ট, সেটা হচ্ছে এই প্রশ্নের জবাব যদি আমাদের ঠিক ঠিক ভাবে পেতে হয়, তাহলে ইনডিভিজুয়াল মিনিস্টাররা যে রিপোর্টটা পেশ করেছেন; সেই রিপোর্টটা লিখিতভাবে নাও দিতে পারেন যদি উনি মুখেও বলে দিতেন যে এই মিনিস্টার এই দিয়েছে, ঐ মিনিস্টার ঐ দিয়েছেন। তাতে অসুবিধা ছিল না, সব সময়েই যে রিপোর্টটা লিখিতভাবে দিতে হবে, তা নয়, মৌখিক রিপোর্টও উনি দিতে পারেন। কিন্তু সে সম্বন্ধে বললেন যে, না, তারপর চীফ মিনিস্টার এসে বাড়তি আর একটু বললেন যে "না দেবো না"। জোর গলায় বললেন, কারণ মেজরিটি আছে। ও'রা এনিথিং এখানে বলে দেবেন, আমাদের গ্যাগ ও'রা করবেন, কিন্তু আপনার ঐ যে চেয়ার যার কাছে আমাদের একমাত্র আবেদন করার অধিকার রয়েছে, সেই চেয়ার, আমাদের এই হাউস-এর সম্মান, মর্যাদা, অধিকার রক্ষা করার দায়িত্ব হচ্ছে ঐ চেয়ারের। আমরা কার কাছে বলবো? আমরা আপনার কাছে বলবো। আমাদের কোন প্রশ্নের যদি ঠিক ঠিক ভাবে জবাব না হয় তাহলে আবেদনটা আপনার কাছে রাখবো। সুতরাং বিচার করে দেখবেন মিনিস্টারদের সম্পর্কে প্রশ্নটা যে তাঁরা কোড অফ কন্ডাক্ট মানছেন কি না, সেখানে মিনিস্টারদের উত্তর হচ্ছে "মানছি"। "হ্যাঁ মানছি", তাতেই এই প্রশ্নের জবাব হয় না, সুতরাং আমাদের পয়েন্ট অফ প্রিভিলেজ যেটা এবং সেই জন্য আপনাকে বললে যে প্রিভিলেজ-এর উপর রুলিং দেওয়ার আগে এই প্রশ্নটা হেল্ড ওভার থাক রুলিং একদিন বা দুদিন পরে দিন আমার কোন আপত্তি নেই। কিন্তু প্রশ্নটা আজকে হেল্ড ওভার করে দিন।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Mr. Deputy Speaker, Sir, সেকালে এই প্রশ্নোত্তরকালে আপনি একটা অবজারভেশন করেছিলেন যে মন্ত্রীরা যখন একটা সাপ্লিমেণ্টারীর উত্তর দেন, তার উপর কোনও সাপ্লিমেণ্টারী হয় না। এবং তার সঙ্গে আপনি এটাও বলেছিলেন যে আপনি বলছেন যে এই জাতীয় প্রশ্ন করা হয়, মন্ত্রীর কাছে উত্তরও পাওয়া যায়। আমারও সেই অভিজ্ঞতা, আমি গত ৮ বছরে তিনটে স্পীকার দেখেছি—এবং আপনাকেও বার বার ঐ চেয়ার-এ বসে রুলিং দিতে দেখেছি। কখনও এটা আমি শুনিনি যে একটা সাপ্লি-মেণ্টারীর উত্তরে মন্ত্রী যখন উত্তর দিচ্ছেন, তার উপর সাপ্লিমেণ্টারী চলে না, এটা কোথাও দেখিনি। রুলস-এর মধ্যে এটা খুঁজে পাচ্ছি না যে মন্ত্রীর উত্তরের উপর কোনও সাপ্লিমেণ্টারী চলে না। সেইজন্য আমাদের প্রিভিলেজ হচ্ছে এটা, আপনি দয়া করে রি-কন্সিডার করে আমাদের

জ্ঞাত করে জানান। সাপ্লিমেণ্টারীর উত্তর যখন মন্ত্রী দেবেন, তার উপর আমরা কোনও সাপ্লিমেণ্টারী করতে পারি কি না? এবং যদি আমরা না পারি তাহলে সেটা কোন্ রুল-এ এবং কোন্ কন্ডিসন-এ?

[2-20—2-30 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনার এই বিষয়ে বিরাট অভিজ্ঞতা আছে। আমি আপনাকে বলছি মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় সদস্য শম্ভুচরণ ঘোষের প্রশ্নোত্তরে সংক্ষেপে একটা উত্তর দিয়ে বলে দিলেন আমরা এর বেশী কোন রিপোর্ট দাখিল করব না। প্রিভিলেজ-এর প্রশ্নটা উঠেছে যে আমরা যদি সেইসব রিপোর্ট না পাই তাহলে আমরা সাপ্লিমেণ্টারী করতে পারি না। কোড অফ কনডাক্ট বলতে যা বোঝায় সেই রুলস আমরা পেয়েছি। কিন্তু উত্তরটা হচ্ছে কোড অফ কনডাক্ট অক্ষরে অক্ষরে পালিত হয়েছে। যদি পালিত হয় তাহলে কিভাবে পালিত হয়েছে—কি কি রিকয়ারমেন্টস এবং সেই রিকয়ারমেন্টগুলি স্যাটিসফায়েড হয়েছে কি না কিছুই আমরা জানতে পারছি না। যদি পালিত হয় তাহলে দেয়ার মাস্ট বি সামথিং অন রেকর্ড এবং সেই রেকর্ড যদি থাকে তাহলে সেটা হাউসের কাছে প্লেস করতে বাধা কোথায়? এবং বাধা যেখানে থাকে সেটা যদি কনফিডেন্সিয়াল বলে গ্রাহ্য হয় এবং কনফিডেন্সিয়াল তখনই হয় যখন একটা ডিফেন্স বা কোন সিকিউরিটির প্রশ্ন জড়িত থাকে। কিন্তু এর মধ্যে ডিফেন্স বা ন্যাশনাল সিকিউরিটির প্রশ্ন নেই। কেন না পার্লামেণ্টে আমরা দেখি সেখানে মন্ত্রী, উপমন্ত্রী যাঁরা আছেন তাঁদের যে অ্যাকাউন্টস আছে, কোড অফ কনডাক্ট বলতে যা বোঝায় সেগুলি তাঁরা টেবিলে প্লেস করেছেন। এখানে যদি মুখ্যমন্ত্রীর কাছে.........

(তুমুল হট্টগোল)

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি ও'দের সঙ্গে তর্ক করব না। আমার বক্তব্য হচ্ছে আমাদের সাসপিসানটা এজন্য বাড়ছে যে কোড অব কন্ডাক্ট অনুযায়ী যদি একটা স্টেটমেন্ট বা রিপোর্ট ও'দের কাছে সাবমিটেড হয়ে থাকে তাহলে সেই স্টেটমেন্ট হাউসের কাছে রাখছেন না কেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই খেয়াল আছে যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে কোড অফ কন্ডাক্ট অক্ষরে অক্ষরে পালিত হচ্ছে। এটা ঠিক কিভাবে বলা সম্ভব unless there is something on record, how is the Chief Minister competent to vouchsafe in letter and spirit that the code of conduct required by the rule has been observed? The Chief Minister is not competent to say so.

(তুমুল হট্টগোল)

আপনারা তো অপোজিসানের কোন বক্তব্য শোনেন না। আপনাদের রিয়েল জায়গা হচ্ছে ওখানে পরিষদবর্গ নিয়ে গল্প করা।

(তুমুল হৈচৈ)

স্যার, একথা বলবার সঙ্গে সঙ্গে ত্রাণমন্ত্রীর গায়ে চারিদিক থেকে পিপড়ের কামড় দিচ্ছে—the wearer knows where the shoe pinches.

Mr. Deputy Speaker:

মিঃ মৈত্র, এতগুলি প্রিভিলেজের প্রশ্ন এসেছে যে আমি সব মনে করে রাখতে পারছি না। আমি এগুলি সম্বন্ধে আমার ওপিনিয়ন দিয়ে দিই, তারপর আপনি বলবেন।

Shri Jyoti Basu:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনার ওপিনিয়ন দিয়ে দেওয়ার আগে আমার কিছু বক্তব্য আছে। আমি আশ্চর্য হয়ে গেলাম আপনি কি করে বলেছেন—আপনি বলেছেন কি না জানি না, আমি শুনিনি, হাউসে ছিলাম না, ডাঃ গনি যেটা বললেন মন্ত্রিমহাশয়রা সাপ্লিমেণ্টারীর

উত্তরে একটা কিছু বললেন, তার উপর আমরা সাপ্লিমেন্টারী আর কিছু জিজ্ঞাসা করতে পারি না। আমার মনে হয় না আপনি এটা বলতে পারেন। যদিও এটা বলে থাকেন এতে রুলিং-এর কিছু নেই।

Mr. Deputy Speaker:

আমি কি বলেছি সেটা পরিষ্কারভাবে বলে দিচ্ছি। কোশ্চেনের পর সাপ্লিমেন্টারী অ্যালাউ করা না করা চেয়ারের একমাত্র ক্ষমতা। তিনি বলতে পারবেন কি পারবেন না তিনি আরবিট্রারিলি বলবেন না। কিন্তু আপনারা কিভাবে সাপ্লিমেন্মারী করতে পারেন সেটা পরিষ্কার করে রুলে লেখা রয়েছে। মন্ত্রিমহাশয় যেকথা বললেন সেটার সাপ্লিমেণ্টারী করা যায় না এটা স্ট্রীক্টলি তা নয়। এখন কথা হচ্ছে সেই জিনিসটা বিবেচনা করার সময় দেখতে হবে আমাদের রুলের মধ্যে সাপ্লিমেন্টারী কোশ্চেন করার যে রীতি-নীতি আছে তাতে কভার করে কি না। সেই কারণে আমি এই জিনিসটা বলেছিলাম। আমি একথা বলিনি যে সাপ্লিমেণ্টারীর উপর সাপ্লিমেণ্টারী করা এটা আমাদের আইনের মধ্যে নেই। চেয়ার যদি মনে করেন যে সাপ্লিমেণ্টারীটা রেলেভ্যাণ্ট, এটা করার প্রয়োজন আছে তাহলে সেটা করতে দিতে পারেন। এই বিষয়ে আমি বাধা দিই নি। ঐ অবজারভেসনটা এইমাত্র আমি বলেছি।

Shri Jyoti Basu:

ঐ ব্যাপারে আমার একটু বক্তব্য আছে। প্রথম যখন এটা হয়—চীফ মিনিস্টার কি বলেছিলেন আমি জানি না, আমি এতে ইণ্টারেস্টেড নই, ও'দের কি কোড অফ কণ্ডাক্ট, ও'রা চুরি করবেন কি করবেন না, কি হবে সেগুলি সম্বন্ধে আমার কোন ইণ্টারেস্ট নেই, কিন্তু মুস্কিল হয়ে গেছে এটা যে একজন একটা প্রশ্ন করেছেন, ওটার উপর ভিত্তি করে বোধ হয় আমাদের কাছে কোড অফ কণ্ডাক্টের একটা কিছু সার্কুলেট করা হয়েছে। আমি জানি না কেন এটা সার্কুলেট করা হল।

যেহেতু ব্যক্তিগতভাবে আমি মোটেই এ ব্যাপারে ইণ্টারস্টেড নই, ওটা তাঁরা ফিরিয়ে নিতে পারেন। ও'রা কি চুরি করবেন—কি করবেন না—সেটার দরকার নাই। এখন সদস্যরা বলছেন ওঁরা যখন একটি সার্কুলেট করেছেন, কোড অফ কণ্ডাক্ট কি হওয়া উচিত—তাঁরা ঠিক করেছেন; তার উপর আমরা একটা প্রশ্ন করেছি—আপনারা এটা মানছেন কি না? ও'রা বলছেন হ্যাঁ, আমরা মানছি। আমি আগে ভাবিনি, তারপরে আমার মনে একটা প্রশ্ন এসেছে তাহলে আমরা বুঝবো কি করে? মন্ত্রিমহাশয় যা বললেন তা আমাদের বিশ্বাস করে নিতে হবে, না, কি? এটা সম্ভব আমাদের পক্ষে? আমি জানি না—একটা রিপোর্ট কিভাবে ও'রা করেন। ওটা কি আলাদা আলাদাভাবে মন্ত্রীদের রিপোর্ট দিতে হয়, এই ব্যাপারে যে আমার এই অ্যাসেট এবং এই লায়েবিলিটিস? আমি যতটুকু বুঝেছি, সেই রিপোর্টটা ও'রা বোধ হয় দেন কাউকে: চীফ মিনিস্টারকে বা অন্য কাউকে ও'রা দেন সেই রিপোর্টটা। এই রিপোর্টটা কি—কনফিডেন্সিয়াল? যদি এই রকম রিপোর্ট থাকে, আমি জানি না আছে কি না, যদি এই রকম কোন রিপোর্ট থাকে—কোড অফ কণ্ডাক্ট-এর নিয়মানুযায়ী যে প্রত্যেক মন্ত্রীকে একটি করে দাখিল করতে হবে, সেই রিপোর্টটা যদি কনফিডেন্সিয়াল না হয় এবং আমি এখন শুনছি যে তা কনফিডেন্সিয়াল নয়। কাজেই তা যদি হয়, কোড অফ কণ্ডাক্ট নিশ্চয়ই আমাদের হাউসে যদি সার্কুলেট হয়ে থাকে তাহলে এবার কেন সেটা সার্কুলেট করা হবে না? এই তো প্রশ্ন উঠেছে। এটা অত্যন্ত ন্যায্য প্রশ্ন কোড অফ কণ্ডাক্ট-এর ব্যাপারে। সেগুলি নিশ্চয়ই আমাদের কাছে আসা উচিত, আসা দরকার। আর যদি ও'রা বলেন যে কোড অফ কণ্ডাক্ট-এ এমন কতকগুলি জিনিস আছে যেগুলি আমরা বলতে পারি না কোন রকমে, কনফিডেন্সিয়াল তাহলে সেটা বলুন পূর্বেকার ঘটনাটা কী? আমরা বোঝবার চেষ্টা করি। তা না হলে এটা কমনসেন্স-এ বোঝা যায় কোড অফ কণ্ডাক্ট-এর উপর মন্ত্রীরা আলাদা করে প্রত্যেক মন্ত্রী একটি করে রিপোর্ট দাখিল করে থাকেন কারো কাছে। জানি না—কার কাছে সেটা দাখিল করতে হবে। যদি দাখিল করে থাকেন, তাহলে তার একটা কপি এখানে ও'রা লে করতে পারেন না কেন? তার অসুবিধাটা কোথায়, এটা একটু আমরা বুঝতে চাচ্ছি। আর যদি আপনি বুঝে থাকেন ডেপুটি স্পীকার মহাশয়, তাহলে আপনি আমাদের বোঝান কি ঘটনা। তা না হলে কোন মন্ত্রী যদি বোঝান যে কি ব্যাপার। আপনি যদি ব্যাপারটা বুঝে থাকেন তো আপনি আমাদের বোঝান।

Mr. Deputy Speaker:

আমি এটা বলছি যে এটা কনফিডেন্সিয়াল কি না সেটা দেখা আমার তো কথা নয়! সেটা যদি বলেন কনফিডেন্সিয়াল, চীফ মিনিস্টার বলেছেন যে এটা কনফিডেন্সিয়াল, এটা আমরা দেব না, একথা উনি হাউসে বলেছেন, কাজেই আমি বলি কি করে আপনারা হাউসে এটা সার্কুলেট করুন; আপনাদের দিতে হবে।

তারপর নিখিলবাবু, আপনি যা বলছেন যে এটা হেন্ড ওভার করতে হবে; কিন্তু আমি তো তার কারণ দেখি না যে কি করে ওটা হেন্ড ওভার হবে। হেন্ড ওভার হবার যে কারণ আছে তার মধ্যে এটা পড়ে না, যাতে করে এটা হেন্ড ওভার হয়। মিনিস্টার যদি বলেন যে আমি প্রিপেয়ার্ড নই, তাহলে হেন্ড ওভার হয়। এ প্রশ্নের হেন্ড ওভার হবার স্কোপ নেই। কাজেই আমি তা পারলাম না।

আর মিস্টার ঘোষ, আপনি কী বলছিলেন—আপনার প্রিভিলেজের কী হলো?

Shri Sambhu Charan Ghosh:

আমি প্রিভিলেজের কোশ্চেনটা আপনার কাছে রেখেছি যা কাশীকান্তবাবু ও জ্যোতিবাবু সমর্থন করলেন সেটা হচ্ছে আমার অতিরিক্ত বা সাপ্লিমেণ্টারী প্রশ্ন করবার জন্য ঐ রিপোর্টটা চেয়েছি। মাননীয় মন্ত্রিমহাশয় অতিরিক্ত প্রশ্নের জবাবে বলেছিলেন যে এটা কনফিডেন্সিয়াল নয়।

Mr. Deputy Speaker:

কিন্তু চীফ মিনিস্টার এসে বলেছেন এটা কনফিডেন্সিয়াল।

Shri Sambhu Charan Ghosh:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমরা ত্রাণমন্ত্রীকে স্পষ্টভাবে জিজ্ঞাসা করেছিলাম এটা কনফিডেন্সিয়াল কি না। তিনিও স্পষ্টভাবে বলেছিলেন "না"। কনফিডেন্সিয়াল যদি না হয় তাহলে সেই রিপোর্টটা আমাদের কাছে দিন। তাহলে তার উপর আমাদের সাপ্লিমেণ্টারী কোশ্চেন করার যে অধিকার ও সুযোগ আছে, সেটা আমরা কাজে লাগাতে পারবো।

Mr. Deputy Speaker:

সাপ্লিমেণ্টারী কোশ্চেন করবার অধিকার আপনাদের একশো বার আছে। আমি আপনাকে কোনখানে আপত্তি করেছি? আমি বললাম যে কোশ্চেন আওয়ার-এ প্রিভিলেজ হয় না, পয়েন্ট অফ অর্ডারও হয় না। কাজেই আপনি প্রিভিলেজের প্রশ্নটা কোশ্চেন আওয়ারের পরে বলবেন। এ ছাড়া তো আমি অন্য কিছু বলি নাই। আমি আপনাকে একথা বারে বারে বলছি যে অধিকার নাই সেকথা বলিনি: আপনি তখন বারে বারে উঠছিলেন বলে আমি বলেছিলাম কোশ্চেন পিরিয়ডে আপনার প্রিভিলেজ প্রশ্ন উঠে—এটা আমি জানি না। এই কথাই আমি আপনাকে বলেছি।

[2-30—2-40 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার কথা মেনে নিয়ে আমি প্রিভিলেজ-এর প্রশ্ন তুলছি। রিপোর্ট যখন কনফিডেন্সিয়াল নয় তখন সেই রিনপার্ট না পেলে আমরা সাপ্লিমেণ্টারী কোশ্চেন করতে পারছি না এবং সেই কারণেই আমি এই কোশ্চেন অফ প্রিভিলেজ রাখছি। এর মধ্যে ব্রিচ অফ প্রিভিলেজ-এর প্রশ্ন আছে কিনা সেটা আপনি চিন্তা করে রুলিং দিন এবং আজ যদি সম্ভব না হয় তাহলে একদিন সময় নিন।

মিঃ ডেপুটি স্পীকার: এটা আমি বিবেচনা করব।

শ্রীজ্যোতি বসু: স্যার, আপনি বললেন এটা কনফিডেন্সিয়াল, কিন্তু আর একজন মন্ত্রী বললেন এই রিপোর্ট কনফিডেন্সিয়াল নয়। আমি জিজ্ঞাসা করছি, এই রিপোর্ট কি কনফিডেন্সিয়াল?

মিঃ ডেপুটি স্পীকার: আমি যা শুনেছি সেটা হচ্ছে, চীফ মিনিস্টার বলেছেন এটা কনফিডেন্সিয়াল, আমি দেব না।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ ত্রাণ মন্ত্রী বলেছেন এটা কনফিডেন্সিয়াল নয়।

শ্রীমতী আভা মাইতিঃ আমি বলেছি কোড অফ কণ্ডাক্ট সম্বন্ধে ভারত সরকার যে নীতি নির্ধারণ করেছেন সেটা আমরা অক্ষরে অক্ষরে পালন করছি।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি ত্রাণমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম এটা পেশ করা সম্পর্কে কোন কনফিডেন্সিয়াল ডাইরেকসন আছে কিনা এবং তাতে উনি বলেছেন এটা কনফিডেন্সিয়াল নয়।

শ্রীজগন্নাথ কোলেঃ কেন বাজে কথা বলছেন?

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আমি বাজে কথা বলছি না, আমি ওঁকে চ্যালেঞ্জ করছি—আমি প্রশ্ন করেছিলাম যে এটা কনফিডেন্সিয়াল কি না এবং তার উত্তরে তিনি বলেছেন "না"। তারপর আমি বলেছিলাম এটা যদি কনফিডেন্সিয়াল রিপোর্ট না হয় তাহলে এখানে সেটা প্লেশ করুন। এসব কথা তিনি কেন এখন অস্বীকার করছেন?

শ্রীমতী আভা মাইতিঃ মাননীয় সদস্য আমার কথা কিছুই মন দিয়ে শোনেন নি। আমি বলেছিলাম......

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আপনি সম্পূর্ণ অসত্য কথা বলছেন, যদি সৎসাহস থাকে তাহলে সত্য কথা বলুন।

শ্রীমতী আভা মাইতিঃ উনি জিজ্ঞাসা করেছিলেন পেশ করার ব্যাপারে কোন কনফিডেন্সিয়াল নির্দেশ আছে কিনা? আমি তাতে বলেছি আমার কাছে কোন নির্দেশ নেই যে নির্দেশ আছে সেটা আমরা পালন করেছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ এটা কনফিডেন্সিয়াল কি না সেটা কি ও'রা ডিসাইড করবেন?

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ত্রাণ মন্ত্রী এখন তাঁর বক্তব্য ঘুরিয়ে দিচ্ছেন। আমি প্রশ্ন করেছিলাম এই রিপোর্ট কনফিডেন্সিয়াল হিসেবে ট্রিট করবার জন্য কেন্দ্রীয় সরকার কোন নির্দেশ দিয়েছেন কিনা এবং তার উত্তরে উনি বলেছেন না। এখন তিনি সেকথা ঘুরিয়ে অসত্য কথা বলছেন।

শ্রীহেমন্তকুমার বসুঃ স্যার, ইট ইজ এ ম্যাটার অফ রেকর্ড। রেকর্ড দেখলেই বোঝা যাবে উনি কি বলেছেন। উনি যখন প্রশ্ন করেন এটা কনফিডেন্সিয়াল কিনা তখন উনি বললেন "না" আর এখন তিনি বলছেন আমি সেকথা বলিনি। কাজেই রেকর্ড দেখা হোক।

মিঃ ডেপুটি স্পীকারঃ যখন চীফ মিনিস্টার বলেছেন তখন পার্টিকুলার মিনিস্টার কি বলেছেন, না বলেছেন সেটা ধর্তব্যের বিষয় নয়। চীফ মিনিস্টার বলেছেন ইট ইজ কনফিডেন্সিয়াল, আমি জানাব না। একথা বলার পর কোন পার্টিকুলার মিনিস্টার ও'নাকে একথা বলেছেন কিনা সেটা আমি বলছি না, চীফ মিনিস্টার যা বলেছেন সেটাই আমি আপনাদের কাছে বললাম।

শ্রীহেমন্তকুমার বসুঃ চীফ মিনিস্টার কনফিডেন্সিয়াল বলে বলেন নি, তিনি বলেছেন আমি উত্তর দেব না।

Dr. Kanai Lal Bhattacharyya:
স্যার, যদিও আমি এখানে ছিলাম না তবু মনে হচ্ছে হাউসে এই ব্যাপারে ভুল বুঝাবুঝি হয়ে গেছে। ব্যাপারটা যেটা স্পষ্ট করে শ্রীজ্যোতি বসু জিজ্ঞাসা করেছিলেন সেটা যদি জবাব দেন তাহলে মিটমাট হয়ে যাবে। জ্যোতিবাবু জিজ্ঞাসা করেছিলেন এটা কি আপনারা কনফিডেন্সিয়াল বলে মনে করেন, যদি আপনারা কনফিডেন্সিয়াল বলে মনে করেন তাহলে আলাদা কথা, ও'রা তা বলতে পারেন যদি কনফিডেন্সিয়াল না হয় আমাদের কাছে সার্কুলেট করতে পারেন।

Shri Bijoy Singh Nahar:

চীফ মিনিস্টার বলেছেন, এটা কনফিডেন্সিয়াল, আমরা দিতে পারব না।

Shri Sanat Kumar Raha:

আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম এ বিষয়ে বলেছিলাম মুখ্যমন্ত্রি-মহাশয় এখানে আছেন, তিনি বলুন আমাদের জানাবেন কিনা, তিনি পরিষ্কার উঠে বলবেন, আমি যা শুনেছি একথা বললেন—আমি জানাবো না, তখন কনফিডেন্সিয়াল কি নো কনফিডেন্সিয়াল সেটা বলা হয়নি। আমি ত্রাণ মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম, ভারত সরকারের নির্দেশ আছে কি না বলুন, হাউসে দেওয়া হবে না এমন নির্দেশ আছে কি না বলুন, দেওয়া হবে কি দেওয়া হবে না তিনি বলেননি, তিনি বলেননি ভারত-সরকারের নির্দেশ আমরা পালন করে চলেছি, তারপর আর কিছু বলার নাই। এইভাবে জিনিসটা হওয়ার পর যদি মনে করেন জ্যোতিবাবু বলার পর চীফ মিনিস্টার বা তার বিহাফ-এ এটা গোপন ব্যাপার তাহলে বলার কিছু নাই।

Shri Kashi Kanta Maitra:

আমি যখন বলতে সুরু করলাম তখন মাননীয় মন্ত্রী জগন্নাথ কোলে, শ্রীবিজয় সিং নাহার এবং শ্রীমতী আভা মাইতি উত্তেজিত হয়ে বললেন এর মধ্যে রিপোর্ট কি করে আসে, আপনি হয়ত সেটা শুনে থাকবেন, টেপ রেকর্ড মেশিন বাজালেই সেটা ধরা পড়বে, যেই বললাম রিপোর্ট নিশ্চয়ই ছিল, তখন তিনি বললেন রিপোর্টএর কোন স্কোপ নাই, যখন মুখ্যমন্ত্রী বলছেন পুঙ্খানুপুঙ্খরূপে পালন করেছেন তখন আমি বললাম এটা কিছুতেই বলা সম্ভব নয় without reference to something on record.

এবং সেজন্য কোন রিপোর্ট বা রেকর্ড আছে, এখন ও'রা যেটা স্বীকার করছেন রিপোর্ট আছে, প্রকারান্তরে সেল্টার নেবার চেষ্টা করছেন কনফিডেন্সিয়াল রিপোর্ট বলে। এখন আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি ও'রা যদি বলেন মুখ্যমন্ত্রী যদি বলেন এটা ডিসাইড হবে subject to their satisfaction. Whether it is confidential or not.

আপনি বিবেচনা করে দেখবেন যদি সিকিউরিটি-র প্রশ্ন যদি জড়িত না থাকে ন্যাশনাল ইন্টারেস্ট বা ন্যাশনাল ডিফেন্স-এর প্রশ্ন যদি এতে জড়িত না থাকে তাহলে মুখ্যমন্ত্রী হাজার বার বললেও বা মাননীয় জগন্নাথ কোলে এক লক্ষ বার বললেও এটা কনফিডেন্সিয়াল হয়ে যাবে না এবং ইউনিটি এনজয় করতে পারবেন না। সুতরাং It must be subject to legislative scrutiny.

সুতরাং যদি রিপোর্ট থেকে থাকে তাহলে সেই রিপোর্ট উইথড্র করতে পারেন না এবং কনফিডেন্সিয়াল বলে অ্যাভয়েড করতে পারবে না। এখন যে রিপোর্ট আছে এটা প্রমাণ হয়ে গেছে, এবং ও'রা প্রত্যেকে স্বীকার করছেন কনফিডেন্সিয়াল রিপোর্ট, সুতরাং যদি কনফিডেন্সিয়াল রিপোর্টস-এর কথা বলেন আমরা সেটা মানবো না, আমরা আপনার রুলিং চাইছি।

Shri Jagannath Kolay:

কোড অফ কনডাক্ট পড়েছেন, রিপোর্ট-এর কথা কি বলছেন, বুঝতে পাচ্ছি না।

Shri Kashi Kanta Maitra:

দেখুন আমাদের জগন্নাথদা কোথায় নিয়ে যাচ্ছেন। এখানে এই স্টেটমেন্ট-এ আমাদের কনফিউসন ওয়ারস কনফাউন্ডেড হয়ে যাচ্ছে, এখানে দাঁড়িয়ে ওঁরা বলেছেন দি রিপোর্ট ইজ কনফিডেন্সিয়াল এখন আবার বলছেন রিপোর্ট কি হতে পারে!

(নয়েজ)

Shri Bijoy Singh Nahar:

আপনি ভুল কথা বলছেন! আমি যা বললাম তা শুনেননি, জগন্নাথবাবু যা বললেন তাও শুনেননি, আপনি এ'র কথা ওর ঘাড়ে চাপিয়ে দিয়ে নূতন কথা উদ্ভাবন করার চেষ্টা করছেন! এটা অত্যন্ত স্পষ্ট যে এই কোড অফ কন্ডাক্ট-এ নানা রকম কথা আছে, শুধু যে আমাদের কত

সম্পত্তি কোথায় আছে তা নয়! আমরা কোথায় যাব কিভাবে যাব ইত্যাদি অনেক ব্যাপার আছে। মুখ্যমন্ত্রী এবং আমাদের স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী, যার উপর ভার আছে, তিনি এটা অত্যন্ত পরিষ্কারভাবে জানিয়েছেন—প্রত্যেক মন্ত্রীরা কোড অফ কন্ডাক্ট, আচরণবিধি পালন করছেন, এখানে কোন রিপোর্ট-এর প্রশ্ন আসে না।

[2-40—2-50 p.m.]

শ্রীনিখিল দাস: পয়েন্ট অফ প্রিভিলেজ যেটা আমি বলেছিলাম তাতে বললেন এটা হেল্ড ওভার থাকবে না কিন্তু আর একটা সন্দেহ আছে যেটা সম্পর্কে আপনি রুলিং দেন নি সেটা হচ্ছে কোড অফ কন্ডাক্ট মন্ত্রীদের কি হবে সেটা আমাদের কাছে সার্কুলেট করা হয়েছে। সে সার্কুলেট করার সংগে সংগে এটা আসে যে মন্ত্রীরা সেভাবে বলছেন কি না। সেটা আমাদের কাছে সার্কুলেট করতে হবে। সুতরাং যে মুহূর্তে কোড অফ কন্ডাক্ট-এর রুলগুলি আমাদের কাছে দেওয়া হল যে মন্ত্রিমহাশয়রা এভাবে আচরণ করবেন তখনই সে রিপোর্ট আমাদের কাছে দিতে হবে যে তা করলেন কি না, এবং তখনই এই হাউসের রাইট থেকে যায় এটা জানার।

মিঃ ডেপুটি স্পীকার: কোড অফ কন্ডাক্ট কি সেটা তো সার্কুলেটেড হয়েছে। কিন্তু তারা মানেন কি না সে প্রশ্ন নয়। সুতরাং এটা সার্কুলেট করতে হবে এটা কোন প্রশ্ন নয় আপনারা পৃথকভাবে দাবী করুন পরে সেটা সার্কুলেট করার কথা বিবেচনা করবেন। এখন এসব নিয়ে আলোচনা করবেন না।

শ্রীনিখিল দাস: তিনি যদি বলতেন নোটিশ চাই তৈরী নেই তাহলে বলতাম এবং আরো একটা প্রশ্ন করতাম। কিন্তু প্রশ্নটা ভ্যালিড প্রশ্ন। তিনি একবার বললেন কনফিডেন্সিয়াল আর একবার মুখ্যমন্ত্রী বললেন দেবো না সুতরাং প্রশ্নটা এ জায়গায়ই যে তিনি যদি বলতেন নোটিশ চাই তাহলে হতো, কিন্তু প্রশ্নটা অন্য জায়গায় চলে গেছে। জ্যোতি বসু যেটা বলেছেন সেটা হচ্ছে একবার বলছেন কনফিডেন্সিয়াল নয় আর একবার বলছেন কনফিডেন্সিয়াল। এটার উপর রিপ্লাই দিতে হবে। এটার সম্পর্কে কি করলেন তা আপনি রুলিং দেবেন।

শ্রীজগন্নাথ কোলে: একটা প্রশ্ন জিজ্ঞাসা করছি। আমি দেখছি যে হাউসে কোশ্চেন আওয়ারে পয়েন্ট অফ প্রিভিলেজ যেটা হতে পারে না।

(শ্রী[illegible] রায় বলতে উঠিলেন)
এটা * * জায়গা নয়, এটা * *, নয়।

শ্রীকাশীকান্ত মৈত্র: এক একজন মন্ত্রী স্যার, আসছেন আর ধমক দিয়ে যাচ্ছেন এটা কি?

---

*Expunged by order of the Deputy Speaker

Calling Attention to Matter of Urgent Public Importance

Shrimati Abha Maiti: With reference to the Calling Attention Notice by Hon'ble member, Shri Gour Chandra Kundu, I rise to say that as a result of a storm which passed over Karimpur police-station in the district of Nadia on 23rd March 1965 about 1,300 families were affected. 1,500 houses/huts were damaged or destroyed and two human lives and one cattle were lost.

To tide over the emergency, Rs. 9,721 have already been distributed as cash G.R. on the spot. 70 pieces of Dhutis, 50 pieces of Sarees and 85 pieces of Blankets were also distributed in deserving cases. Rs. 40,000 has been sanctioned for distribution as House Building Grants to the affected families.

The S.D.O. is supervising relief operations in the area personally. Government is fully alive to the situation and all possible relief measures will be taken to amelirate the distress of the affected persons as and when necessary.

Point of Privilege

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আমি সবিনয়ে নিবেদন করছি আপনার কাছে একটা পয়েন্ট অফ প্রিভিলেজ-এ ওদিক থেকে বসে বসে ভদ্রমহিলাকে কথা বলতে দিলেন না। কিন্তু আমাদের এখানে আসা অর্থাৎ হাউস একটা অর্ডার-এর উপর চলে এখন সে অর্ডার হিসাবে আমরা আসছি। একটা কোয়েশ্চেন এসেছে এবং কোয়েশ্চেন ইজ within that order এখন সে কোয়েশ্চেন-এর উত্তর পেয়েছি যে কোড অব কনডাক্ট পালিত হচ্ছে, কিন্তু যে কোড অব কনডাক্ট সত্যি পালিত হচ্ছে কিনা সেটা জানতে পারলাম না। সেকেন্ডলি সেই সময় আমরা যখন সাপ্লিমেণ্টারি করতে চাইলাম তখন মাননীয় জগন্নাথবাবু ওখান থেকে অপোজিশনদের উপদেশ বিতরণ করলেন এবং হাউসে দাঁড়িয়ে ধমক দিলেন। এভাবে অপোজিশন ট্রেজারী বেঞ্চ থেকে ধমক দেওয়া whether that is encroachment on our basic right or not? এই ধমক আপনার সামনে দেওয়া হয়েছে এবং এটার সম্পর্কে আপনি আমাদের কোন প্রোটেকশন দিচ্ছেন না। আমি এই প্রোটেকশন পাবার জন্য আপনার কাছে তুলে ধরছি যে আমাদের বেসিক রাইট তাঁরা এনক্রোচ করছেন কিনা এটার বিষয়ে আপনি একটা রুলিং দিন।

মিঃ ডেপুটি স্পীকার: আপনার প্রিভিলেজ প্রশ্নটা কি, তা বুঝতে পারছি না। আপনারা যেভাবে পয়েন্ট অব প্রিভিলেজটা করেছেন তাতে আমারই ইচ্ছা করছে পয়েন্ট অফ প্রিভিলেজ তুলতে।

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

[2-50—3-30 p.m.]

Shri Bhakti Bhushan Mandal: Sir, I beg to move that in clause 2(1), in proposed clause (6A), lines 4-6, the words beginning with "but does not" and ending with "holding" be omitted.

I also move that in clause 2(2), lines 3-6, the words beginning with "other than" and ending with "Estates Acquisition Act, 1953" be omitted.

এটা সম্বন্ধে একটা অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি এজন্য যে, এটা ভালভাবে পড়ে দেখলে দেখা যাবে but does not include the right on the bargadar to cultivate the land of the holding. এটা সম্বন্ধে বলবার কথা হচ্ছে এই যে ইনকামব্রান্স যেটা বলা হয়েছে যদি ওটা হোল্ডিং-এর এনকামব্রান্স না হয় তাহলে দেখা যাবে যে, যখন বর্গাদারকে ছাড়ানোর ইচ্ছা হবে তখন যারা মালিক তারা দুটো প্রসিডিওর অ্যাডপ্ট করতে পারে। একটা প্রসিডিওর হচ্ছে তাদের আত্মীয়-দের নামে ঐ জমিটা ট্রান্সফার করে দিতে পারে—ট্রান্সফার করে দিয়ে তখন দেখা যাবে যে, ইন্টারেস্টটা পার্সোনাল ইন্টারেস্ট নয়—সেটা যদি অ্যাপার্টেনিং টু ল্যান্ড হত তাহলে এনকাম-ব্রান্সটা যাকে ট্রান্সফার করার সেখানে যেত। কিন্তু যখন অ্যাপার্টেনিং টু ল্যান্ড তখন একটা লোককে ট্রান্সফার করে দিল, করে দেবার পর আর বর্গাদারের কোন রাইট থাকবে না বলার যে আমি ঐ জমি চাষ করতে পারব। কারণ আমরা জানি ট্রান্সফার হয়ে গেছে—এটা ল' অব কন্ট্রাক্ট পারসোন্যাল কন্ট্রাক্ট হোল্ডিংয়ের কন্ট্রাক্ট নয় অতএব লায়েবেল হবে না। তখন সংগে সংগে হবে কি সেই বর্গাদারের অধিকার থাকবে না তার বিরুদ্ধে কোর্টে গিয়ে কোন রেমিডি পাওয়ার—এই হল নং এক—নং দুই হচ্ছে—আমি বর্গাদার হয়ে গেলাম, তারপর বিনি ওনার

অব ল্যান্ড তিনি মারা গেলেন অর্থাৎ হেরিটেবিলিটির প্রশ্ন। তারপর তাঁর ছেলে বা যাঁরা উত্তরাধিকারী ছিলেন তারা যখন সম্পত্তি পাবে তখন তারা বলতে পারবে যে আমরা ওকে বর্গাদার হিসাবে রাজী নয়, কারণ বর্গাদারের সংগে ওনারদের যে কনট্রাক্ট এটা পারসোন্যাল কন্‌ট্রাক্ট, কনট্রাক্‌ট ইন পারসন। তা যদি হয়। তাহলে বলবে আমরা মানতে রাজী নয়। যদি তা না মানে তাহলে সেখানে বর্গাদার উচ্ছেদ হয়ে যাবে যদি এনকামব্রান্সটা হোল্ডিংয়ে দেওয়া হত তাহলে হোল্ডিং যার কাছেই যাক বর্গাদারের রাইট সেফগার্ড হত—ক্রমশ আইনটা প্রগ্রেসিভ হবে আশা করি, যদি তাই হয় তাহলে সেই রাইটসটা হোল্ডিংয়ে দিয়ে দেওয়া উচিত, যে বর্গাদার আছে তার রাইট অ্যাক্রু করবে এবং সেখানে থাকতে পারবে—এটা মূলগত জিনিস সেই মন্ত্রিমহাশয়কে এটা অ্যাকসেপ্ট করতে বলছি।

Shrimati Illa Mittra: Sir, I beg to move that in clause 2(2), in line 6, after the words "homesteads" the words "but excludes the lands unsuitable for tea plantation and cultivation" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার এই অ্যামেন্ডমেন্টটিকে মন্ত্রিমহাশয়কে গ্রহণ করতে বলছি যেখানে হোমস্টেড আছে তার পরে

"but excludes the lands unsuitable for tea plantation and cultivation"

যোগ করতে বলছি। এখন আপনি ভূমি সংস্কারের আওতা থেকে টি প্ল্যান্টেশনের ল্যান্ডগুলিকে ছাড় দিয়েছেন। এখন সেই ছাড়ের মধ্যে হোমস্টেড আছে বা মিল বা ফ্যাক্টরির জন্য জায়গা আছে। একটা সুবোধ সেনের প্রশ্নের উত্তরে ১৯৬৩ সালে দেখা যায় যে, চা-বাগিচায় অনেকখানি জমি আপনি ছাড় দিয়েছেন সেটা হচ্ছে প্রায় ৪ লক্ষ ৪৭ হাজার ৩৩২ একর জমি। আমার অ্যামেন্ডমেন্টটা এইজন্য দিয়েছি যে, মন্ত্রিমহাশয় নিশ্চয় অবগত আছেন যে, আমাদের খাদ্য ভয়ঙ্করভাবে ঘাটতি এবং এ বছর প্রায় ৬০ লক্ষ টন বিদেশ থেকে খাদ্য আমদানি করতে হয়েছে। সেজন্য আমার বক্তব্য যে, চা-বাগানের যে জমিগুলি আপনি ছাড় দিয়েছেন তা থেকে নিশ্চয় ১০ বা ১৫ শতাংশ পর্যন্ত জমি পাওয়া যাবে যেগুলি আনসুটেবল ফরটি প্ল্যানটেশন। ওগুলিকে যদি ল্যান্ড রিফর্মের আওতায় এনে সংস্কার করে ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করে দেওয়া যায় তাহলে ভাল হয় এবং খাদ্যোৎপাদনে আমাদের যে ঘাটতি তা হয়তো কিছুটা কম হতে পারে—সেইজন্য আমি অনুরোধ করব মন্ত্রিমহাশয়কে বেশি কথা না বাড়িয়ে যে আমার এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করুন।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে চা-বাগানের কথা বললেন, আমার মনে হয় একটু ভুল হচ্ছে। আমরা চা-বাগানকে বাইরে রেখেছি—এর মানে শুধু এই যে চা-বাগানকে আমরা জমির মালিক করতে চাই না, চা-বাগান হবে জমির লেসী এবং চা-বাগানকে আমরা নিয়ন্ত্রণ করতে চাই ভালভাবে। চা-শিল্পের উন্নতির জন্য এবং সমগ্রভাবে দেশের উন্নতির জন্য চা-বাগানের মধ্যে যে জমি আছে সব যে চাগাছের চাষ হয় তা নয় অনেক জমির দরকার হয় ঘরবাড়ি-হাসপাতালের জন্য রাস্তাঘাট স্কুল প্রভৃতির জন্য। এইসবের জন্য জমির দরকার হয়। মাননীয়া ইলা মিত্র যে কথা বলেছেন সেটা গ্রহণ করলে তা কিন্তু হবে না। তিনি বলেছেন

excluding land unsuitable for tea plantation.

শুধু যদি চায়ের চাষ এবং কৃষির কথা বলা হয় তাহলে হবে না, অন্য অনেক জমি আছে যেগুলি চা-বাগানের রাখার দরকার হবে লেবার কোয়ার্টার্স রাস্তাঘাট-হাসপতাল প্রভৃতির জন্য এবং ফিউচারে আরও অনেক কিছু দরকার হতে পারে। মাননীয় সদস্য ভক্তিভূষণ মণ্ডল মহাশয় যে প্রস্তাবটা দিয়েছেন—তিনিও একটু ভুল করেছেন যে, আমাদের এনকামব্রান্সের যে ডেফিনেশন আছে সেই এনকামব্রান্সের ডেফিনেশনএর সঙ্গে ক্লজ ১৮ জড়িত এবং সেকসন ৩০(এইট) অব দি মেন অ্যাক্ট জড়িত। ক্লজ ১৮এ আছে

Provided also that whenever a holding is sold in pursuance of this section, the purchaser may annul any incumbrance on the holding in the manner prescribed.

এখন এনকামব্রান্স যদি সে অ্যানাল করতে পারে তাহলে সংগে সংগে বর্গাদারকে উচ্ছেদ করতে পারবে কিনা জয়েন্ট কমিটির সম্মুখে এই প্রশ্ন উঠেছিল। জয়েন্ট কমিটি বিবেচনা

করে বলেছিলেন যে বর্গাদারকে রক্ষা করা দরকার, সেই কারণেই এটা করা হচ্ছে। যাতে বর্গাদারকে হোল্ডিং সেল হবার পর উচ্ছেদ না হয়ে যেতে হয় সেইজন্য এনকামব্রান্সের সংজ্ঞাটা এইভাবে বলে দেওয়া হয়েছে। এটা জয়েন্ট কমিটি বিবেচনা করে করেছেন। জয়েন্ট কমিটি এখানে বলছেন

but does not include the right of bargadar to cultivate the land of the holding.

যদি কখনও বিক্রি হয়ে যায় তাহলে বর্গাদার যেন সেই সঙ্গে সঙ্গে উচ্ছেদ না হয়ে যায় সেইজন্যই এটা করা হয়েছে—বর্গাদারের অধিকারকে আরও সুরক্ষিত করবার জন্য জয়েন্ট কমিটি এই প্রস্তাবটা করেছেন। আমি আশা করি মাননীয় সদস্য এবং সদস্যা তাঁদের অ্যামেন্ডমেন্ট তুলে নেবেন।

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 2(1), in proposed clause (6A), lines 4-6, the words beginning with "but does not" and ending with "holding" be omitted, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 2(2), lines 3-6, the words beginning with "other than" and ending with "Estates Acquisition Act, 1953" be omitted, was then put and lost.

The motion of Shrimati Ila Mittra that in clause 2(2), in line 6, after the word "homesteads" the words "but excludes the lands unsuitable for tea plantation and cultivation" be inserted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Point of Privilege

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্যার, আমার একটা পয়েন্ট অব প্রিভিলেজ আছে—এখানে মাননীয় মন্ত্রী জগন্নাথবাবু বলেছিলেন যে, এটা * নয় এবং এটা * করার জায়গা নয়, স্যার, এটা অত্যন্ত আনপার্লামেন্টারি কথা। আমি এ প্রশ্ন আনছি না যে, ওঁর যে বিস্কুট কোম্পানি তার ব্যালেন্স সীট আগে কত ছিল এবং আজকে মন্ত্রী হবার পর ব্যালেন্স সীট কত? আমি শুধু এইটুকুই বলছি যে, এটা আনপার্লামেন্টারি এবং এই সভার পক্ষে অমর্যাদাকর। এই বিষয়ে আপনার রুলিং চাচ্ছি।

মিঃ ডেপুটি স্পীকার: এটা বলা উচিত নয়,

It should be expunged.

(At this stage the House was adjourned till 3-30 p.m.)

**Expunged by order of the Deputy Speaker.

(After adjournment)

[3-30—3-40 p.m.]

Motion under Rule 185

Shri Jyoti Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার মোশন যেটার সম্বন্ধে কালকে আমি নোটিস দিয়েছিলাম আমি প্রথমে পড়ে শোনাচ্ছি—

> Sir, I beg to move that this Assembly is of the opinion that th Government of India should immediately cancel its order which cam into force from the 1st April, 1965, by which refugees from across th border from East Pakistan will not be permitted to cross into India territory without valid travel documents.

এখন আপনি জানেন যে, গত দুদিন ধরে আমাদের এই সভায় এই বিষয় নিয়ে আলোচনা চলেছে। এ পক্ষ থেকে আমরা আশ্চর্য হয়ে গিয়েছি যে, এত আমাদের খড়কাঠি পোড়া

হয়, এই বিষয়টা সভায় আলোচনার জন্য আনতে। আমি জানি না কেন মন্ত্রিমহাশয়রা যাঁরা উপস্থিত ছিলেন—মুখ্যমন্ত্রী মহাশয় যখন ছিলেন না, এটা বলতে পারলেন না আজকে যেটা শ্রীআনন্দগোপাল মুখার্জীর নামে সংশোধনী প্রস্তাবে এনেছেন। এই যদি এঁদের মত হয় তাহলে কেন এটা আগে বলতে পারলেন না যে, আলোচনা এটা হবে, আমাদের একটু সময় দিন। প্রথম থেকেই আমাদের প্রস্তাবে যেটা রেখেছি সেটায় ও'রা বাধা দিয়ে আসছেন। আরও আশ্চর্যের বিষয় হল, মুখ্যমন্ত্রি মহাশয় যখন ফিরে এলেন তখন তিনি পরিষ্কার ভাষায় এখানে বললেন এবং বোঝাবার চেষ্টা করলেন যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে পরামর্শ করেই এই অর্ডার দিয়েছেন। এইভাবে সীমানা বন্ধ করে দিয়েছেন যাতে কাগজপত্র ছাড়া পাকিস্তান থেকে আর কেউ আসতে না পারে। এর সঙ্গে তিনি একথাও বললেন যে, এটা করে কেন্দ্রীয় সরকার নাকি ভালই করেছেন, কেননা এটা না করা হলে আমাদের নিরাপত্তা বিঘ্নিত হবে, আমাদের দেশ বিপদাপন্ন হবে। নানারকম গুপ্তচর, পঞ্চমবাহিনী এরা সব দেশের মধ্যে ঢুকে পড়বে। এইসব যুক্তি উনি এর সমর্থনে দেখালেন। কিন্তু আমাদের কথা হচ্ছে, পাকিস্তানে যখন একটা দাঙ্গার অবস্থা হয় তখন হাজার হাজার মানুষ তারা আসতে আরম্ভ করে। আমরা এটাও দেখেছি যে, হয় সেখানে একটা বিপদ ঘটে গিয়েছে না হয় বিপদ হবার আশঙ্কা দেখা দিয়েছে, সেইজন্য তারা এখানে চলে আসে। কোন কারণ নেই, অথচ এখানে আসেন বা ভারতবর্ষে থাকবার জন্য কেউ ডেকে পাঠিয়েছে এরকম হয়ত দু-চার জন্য আসতে পারেন কিন্তু সাধারণ মানুষ এ মনোভাব নিয়ে পাকিস্তান থেকে এখানে আসেন না। সেখানে যতই ভয়ের কারণ হোক তবুও বহু বৎসর ধরে সেখানেই আছেন। কারণ এখানে এসে জীবিকা অর্জনের জন্য তাঁরা কি করবেন জানেন না। আর ভারত সরকার দেশবিভাগের আগে যে প্রতিশ্রুতি তাঁদের দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি তাঁরা এখন রক্ষা করছেন না। তা ছাড়া দণ্ডকারণ্য, রাজস্থান বা বিভিন্ন জায়গায় আগে থেকে ব্যবস্থা না করেই তাদের পাঠিয়ে দিয়ে বলছেন যে, রিলিফ দেব না। সুতরাং এইরকম নানা অসুবিধা থাকা সত্ত্বেও যারা আসতে চাইছেন, আমাদের ধরে নিতে হবে নিশ্চয়ই সেখানে এমন একটা পরিস্থিতি সৃষ্টি হয়েছে যার জন্য তারা—এখানে আসছেন। একথা ঠিক যে, আগে যখন দাঙ্গা-হাঙ্গামা হয়, ঘরবাড়ি পোড়ে বা মানুষের উপর আক্রমণ হয় তখন যেভাবে লোক এখানে আসছিলেন এখন সেরকম অবস্থা না থাকার জন্য সেভাবে লোক আসছে না। তবে এখন লোক আসছে এবং আজকের সংবাদপত্রেও দেখেছি কিছু লোক এসেছেন। তাঁরা ট্রেণে করে পায়ে হেঁটে আসছেন। কাজেই আমরা বলছিলাম যে, এটা হঠাৎ বন্ধ না করে আরও কিছুদিন দেখা উচিত। আর একটি খুব আশ্চর্যের ঘটনা আমরা লক্ষ্য করলাম। সেটা হচ্ছে, এরকম যখন একটা অর্ডার হল যে কেউ আসতে পারবে না তখন তো কই আমাদের সঙ্গে কোন আলাপ-আলোচনা করলেন না। অথচ ইতিপূর্বে যখন পাকিস্তানে দাঙ্গা-হাঙ্গামা হয় রিফিউজিরা দলে দলে এখানে চলে আসেন তখন শ্রীনন্দা এখানে এসে আমাদের সঙ্গে এ বিষয়ে আলোচনা করেছিলেন। কি করা যায় না যায় সে বিষয়ে সরকারপক্ষ বিরোধীপক্ষ অনেকের সঙ্গেই আলোচনা করেছিলেন। কিন্তু এবারে এরকম একটা অর্ডার দেবার আগে আমাদের সঙ্গে কোন আলোচনাই করা হল না। একতরফা একটা অর্ডার দিয়ে দিলেন। আমরা এর প্রতিবাদ না করে পারি না। আর এরকম একটা জাতীয় সমস্যার ব্যাপারে বিরোধীপক্ষের সঙ্গে এরকম ব্যবহার করাটা আমি ঠিক বলে মনে করি না। কাজেই আমি যেটা বলতে যাচ্ছি সেটা হচ্ছে, যে অর্ডার দিয়েছেন সেটা ক্যানসেল করুন এবং পুরানো অবস্থার মধ্যে ফিরে যান। তবে 'বি' পাশপোর্ট ছাড়া এটা কতদিন চলবে সে সম্বন্ধে আমি এখনই কোন কথা বলতে চাই না, তবে যদি প্রশ্ন করেন তাহলে একথাই বলব, আরও কিছুদিন দেখুন তারপর অবস্থা বুঝে একটা সিদ্ধান্তে আসুন। আর একটা সঠিক পয়েন্ট যেটা আপনাদের সংশোধনীর মধ্যে আছে, যার জন্য বিশেষ অসুবিধা হচ্ছে সেটা হচ্ছে পূর্ব পাকিস্তানে অফিস নেই। সেখান থেকে লোক যদি আসতে চায় তাহলে ছোটাছুটি করে ঢাকায় আসতে হবে ডকুমেণ্টস তৈরি করবার জন্য। এটা বিশেষ করে গরীব লোকের পক্ষে বিশেষ অসুবিধাজনক। মধ্যবিত্ত কিছু লোক তাঁরা হয়ত এ জিনিস করতে পারেন, তাঁরা করেন না কিন্তু গরিব লোক—যারা তলায় পড়ে আছেন কৃষক সম্প্রদায়ের লোক তাদের পক্ষে এটা বিশেষ অসুবিধার ব্যাপার। এটা বলে বলেও আজ পর্যন্ত যাঁরা এখানে চলে আসবেন তাদের সুবিধার জন্য পাকিস্তানের বিভিন্ন জায়গায় অফিস করার ব্যবস্থা হয় নি। কাজেই আমরা বলছি সেটা যখন হয় নি—সেটা যদি হত তাহলে বুঝতাম কাগজপত্র পেতে যখন দেরি হয় না তবুও আমি বুঝতে পারলাম না যে এরকম একটা অর্ডার হতে পারে

যে কাগজপত্র ছাড়া আমরা আর কিছু আসতে দেব না। কিন্তু সেরকম ঘটনা নেই সেখানে আর এক্ষনি হবারও সম্ভাবনা দেখছি না তখন আমার মনে হয় এই অর্ডারটিকে ক্যানসেল করে দিয়ে পুরানো অবস্থায় ফিরে যাওয়া উচিত। তারপর ২নং কথা হচ্ছে, এখানে সংশোধনীতে বলা হচ্ছে—এখন আমারটার সংগে কেন এই তফাৎ করতে চাচ্ছেন যে ডিজায়ারেবিলিটি এ'রা বলছেন ডিজায়ারাবেল অব ক্যানসেলেশন এখন এই কনসিডার কথাটা কেন ও'রা বলছেন কনসিডার দি ডিজায়ারেবিলিটি অব ক্যানসেলেশন। এই প্রসংগে যা আছে তা এই আমাদের যা মত তা আমি বলে দিতে পারি আপনারা ক্যানসেল করুন। এটা কি ভাষাটা ঠিক হচ্ছে না আমাদের প্রস্তাবে যেটা আছে, না কেন এটা এইভাবে বলা হচ্ছে? অর্থাৎ এটাকে কেন আরও একটু দুর্বল করে দিচ্ছেন? মত এইভাবে দিয়ে দিন।

[3-40—3-50 p.m.]

তারপর এখান থেকে আমরা যখন একটা প্রস্তাব পাঠাই কেন্দ্রে তখন তো সব সময় কাজ। ও'রা করবেন কি না করবেন সেটা ও'দের উপর নির্ভর করে। আমরা জোর করে ও'দের দিয়ে কি করে করাব। কিন্তু এখন অবস্থাটা হয়েছে অর্ডারটা অলরেডি এনফোর্সড। সেজন্য এখন আর এই সমস্ত শব্দ ব্যবহার করে আমাদের স্ট্রং ফিলিংয়ের ব্যাপারে এটা এর মারফৎ দিতে পারব না বলে আমার মনে হয়। সেজন্য সেটা গ্রহণযোগ্য হবে বলে আমার মনে হয় না—কনসিডার দি ডিজায়ারেবিলিটি অফ ক্যানসেলেশন। আমরা বলছি যে এটা ক্যানসেল করুন। তারপর নিশ্চয়ই তাঁরা যা বিবেচনা করবেন তাই হবে।

তারপর দ্বিতীয় নম্বর কথা হচ্ছে, যেটা সংশোধনী দেওয়া হয়েছে সে সম্বন্ধে। আর একটা কথা আমি বলতে চাই সেটা হচ্ছে এই যে পাকিস্তান থেকে যারা এখানে আসতে চায় তাদের জন্য ঐ যে একটা অর্ডার আছে যাতে করে রিলিফ পেতে হলে বা কাগজপত্র পেতে হলে একজনকে লিখে দিতে হয় সার্টিফাই করতে হয়, সে এম এল এ দিতে পারেন, গেজেটেড অফিসারও দিতে পারেন, যে এরা এলে সরকারের উপর নির্ভরশীল হবে না। এরকম একটা লিখে দিতে হয়, তাহলে ওরা আসতে পারবে। তাহলে এর অর্থ কি? যারা বিপদে পড়ে এখানে আসছে তাদের এখানে যদি কারোর সংগে জানাশোনা না থাকে, যাদের এম এল এ-দের সংগে পরিচয় নেই বা যাদের আত্মীয়স্বজন নেই, সেই ক্যাটেগোরির যারা বাস্তুহারা তাদের কি হবে? এটা কন্সিডারেশনের বিষয়। কংগ্রেসপক্ষ থেকে যাঁরা বলবেন আমি তাঁদের কাছ থেকে এটা শুনতে চাই বিশেষ করে তাঁরা যখন এই পয়েন্ট তুলছেন। আমরা এইসব নিয়ে আলোচনা করি নি। তাঁরা যখন রিলিফের কথা তুলেছেন তখন আমি বলছি এই যে মডিফাই করা হচ্ছে—এইরকম আগে একটা ছিল আমরা ফেরৎ দিয়েছি, মাঝে সেটা রিল্যাক্স করেছেন আবার ফেরৎ দিয়েছি, যে এখন লিখে দিতে হবে কেউ যদি ওখান থেকে আসতে চায়। তা না হলে এখানে আসবার জন্য কাগজপত্র পাবে না। একজনকে লিখে দিতে হবে যে, এখানে তার কেউ আত্মীয়-স্বজন আছে, ও সরকারের উপর নির্ভরশীল হবে না, ওকে আসতে দেওয়া হোক। এটা লিখে দিলে পাকিস্তানে আমাদের যে অফিসার আছেন তিনি ওকে এখানে আসবার জন্য কাগজপত্র লিখে দিতে পারেন। এটা অত্যন্ত অন্যায় হচ্ছে। এইরকমভাবে যারা আসবে তারা আসুক, তারা পাকিস্তান ছেড়ে এখানে এসে চাকরি করুক, এখানে তাদের আত্মীয়স্বজন আছে তাদের কাছে থাকুক সে অন্য কথা। কিন্তু আমরা চিন্তিত হচ্ছি, অন্য যে হাজার হাজার মানুষ আসবে তাদের কথা ভেবে, যাদের আত্মীয়স্বজন নেই, যারা সার্টিফিকেট দিতে পারবে না এবং যাদের সরকারের উপর নির্ভরশীল নিশ্চয়ই হতে হবে। কারণ, প্রতিশ্রুতির মূল কথা ওটা। আমি ১৯৪৭ সালের কথা বলছি—প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে যদি আপনারা আসতে বাধ্য হন তাহলে আপনাদের দেখব, ব্যবস্থা করব। তাহলে সেই প্রতিশ্রুতির মূল্য কি হল? আমরা আশ্রয়ের ব্যবস্থা করব, অর্থনৈতিক দিক থেকে সব দিক থেকে পুনর্বসতির ব্যবস্থা করব, এটাই ছিল প্রতিশ্রুতির মূল কথা। সেই সময় নেতারা সেই কথা বলেছিলেন। সেজন্য আমি বলছি আনন্দবাবুর অ্যামেন্ডমেন্টের শেষ লাইনে যেটা রয়েছে সেটা খুব ভাল কথা—

provided that the entire responsibility for relief and rehabilitation is borne by the Government of India.

এটা ঠিক যে, এটা যদি শুধু পশ্চিম বাংলাকে বলা হয়, তাহলে সেটা অন্যায় হয়। কারণ, সমস্ত ভারতবর্ষের এটা দায়িত্ব। দেশবিভাগের সময় এটা বলা হয় নি যে, শুধু পশ্চিম-

বাংলা দায়িত্ব নেবে। এর দায়িত্ব সমস্ত ভারতবর্ষকে নিতে হবে। ভারতবর্ষের যে বাজেট তার থেকে এদের প্রোভাইড করতে হবে। ভারতবর্ষের বিভিন্ন বিভিন্ন প্রদেশে তাদের জন্য ব্যবস্থা করতে হবে যারা বাইরে যাবে। আর যারা এখানে থাকবে তাদের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পেতে হবে। সেজন্য কথা হচ্ছে ওভাবে বাধা দেবেন না। এখানে এলে না খেয়ে তোমরা মরবে, তার চেয়ে তোমরা ওখানে যত বিপদই হোক থাক, এই কথা মোটা-মুটি বলে দেওয়া হচ্ছে এখন যে অর্ডার সেই অর্ডারের মারফৎ। আমার মনে হয় এটা অত্যন্ত অন্যায়। এটা আমাদের চরম অপরাধ হবে যদি আমরা এইভাবে জিনিসটা রাখি। এটা আমি বিশেষ করে এখানে যাঁরা মন্ত্রী আছেন শ্রীমতী মাইতি আছেন, মুখ্যমন্ত্রী আছেন, তাঁদের বলছি। আপনারা এই বিষয়ে আপনাদের অভিমতটা কি সেটা একটু বলুন। আপনারা কি এটা মানেন যে, এইরকম লিখে দিতে হবে যে, সরকারের উপর নির্ভরশীল হবে না? তাহলে তো সত্যই যারা বিপদগ্রস্ত তাদের এখানে এসে না খেয়ে ধুঁকে ধুঁকে মরতে হবে। তাহলে তো তাদের ওখানে ঐভাবে থাকতে হবে। সেজন্য বলছিলাম যেভাবে সমস্ত সংশোধনীগুলি এসেছে বিশেষ করে মূল কথা যেটা, সেটা আমি মানতে পারি না। আমার মনে হয় আমার ভাষাটাই ঠিক আছে, সেটা মেনে নেওয়া উচিত। আমি আশা করি আপনারা সেই জিনিসটা মেনে নেবেন।

Shri Ananda Gopal Mukhopadhyay: Sir, I beg to move that—

(i) in line 2, for the word "cancel", the words "consider the desirability of cancelling" be substituted;

(ii) at the end of the motion, the following new paragraphs be added, viz.:—

"Provided that due measures are adopted to check and prevent the entry of undesirable foreign agents, Pakistani spies and fifth columnists:

Provided further that, before such cancellation is considered, the desirability of opening offices in East Pakistan for facilitating the issue of migration certificates should be explored and taken up with the Pakistan Government:

Provided also that the entire responsibility for relief and rehabilitation is borne by the Government of India."

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমি যে সংশোধন প্রস্তাব এখানে রেখেছি সেটা আর এই বিধানসভার সামনে পড়ে দেবার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করছি না। যা হোক আমার মূল বক্তব্য যে আমি কেন্দ্রীয় সরকারকে প্রথম অনুরোধ করছি যে পূর্ববঙ্গ থেকে যেসমস্ত উদ্বাস্তু ভাইবোনেরা দেশ ত্যাগ করে আসতে বাধ্য হচ্ছেন বা হবেন, তাদের আসার সুবিধার্থে ভ্যালিড ট্রাভেল ডকুমেন্ট যাতে তাঁরা পায়, তার জন্য পূর্ববঙ্গের বিভিন্ন জায়গায় ভিসা দেবার ব্যবস্থা উপযুক্তভাবে যেন করা হয়। সেটার দিকে আমি সরকারকে দৃষ্টি দিতে জোর দিচ্ছি। এই সঙ্গে এই কথা মনে রাখতে জোর দিচ্ছি যে এমন একটা গুরুতর পরিস্থিতির সৃষ্টি হয়েছে সেখানে যে আজকে হয়ত সেখান থেকে অনেক লোককে চলে আসতে হতে পারে। মানুষের মনে নিরাপত্তার অভাব, সেখানে তাদের জীবন বিপন্ন। এই অবস্থা যদি সত্যি সৃষ্টি হয়, তাহলে সেখানে মানুষ কিছুতে থাকতে পারবে না। কিন্তু এই অবস্থাতে মানুষকে যদি এখানে চলে আসতে হয়, তাহলে সেখান থেকে আসার পূর্বে তাদের অযথা হয়রানির মধ্যে যেন না পড়তে হয় এবং এসেও যেন তাদের অযথা হয়রানির মধ্যে না পড়তে হয় তার প্রথম কারণ হলো ঐ রাত্রির অন্ধকারে অলিগলি পথের মধ্য দিয়ে বনজঙ্গলের রাস্তা ধরে বিপদসঙ্কুল পথে না এসে তারা যাতে ভ্যালিড ট্রাভেল ডকুমেন্ট নিয়ে আসতে পারে, সেই ব্যবস্থা কেন্দ্রীয় সরকার যতদূর সম্ভব সত্বর করবার জন্য উপযুক্ত ব্যবস্থা করুন। সেটার দিকে আমি জোর দিচ্ছি।

আর একটা দিকেও আমি জোর দিচ্ছি, সেটা হচ্ছে এই সঙ্গে আমরা উদ্বিগ্ন হচ্ছি একথা চিন্তা করে যে বর্তমানে যে গোলযোগ পাকিস্তান সৃষ্টি করেছে, সেই গোলযোগের সঙ্গে আগের-বারের গোলযোগের কিছু পার্থক্য আছে। পার্থক্য আছে কেন? দেশের মধ্যে সাম্প্রদায়িক

মনোভাব জিইয়ে রাখার জন্য, তারা সব সময় গোলযোগ করতে চান এবং যখনই এরকম কোন গোলযোগ সৃষ্টি হয়, তখন তার প্রতিক্রিয়া দুটো দেশে সমানভাবে দেখা যায়। কিন্তু এবার আমরা দেখতে পাচ্ছি যে দুটো দেশের সীমানার গন্ডী ছাড়িয়ে এই গোলযোগের চক্রান্ত বাইরে চলে গেছে।

(এ ভয়েস: কি রকম? কেন?)

কেন? বিরোধীপক্ষের মাননীয় কমলবাবু আমাকে প্রশ্ন করছেন। তাঁর এবং আমার মনে একই প্রশ্ন আছে বলে উনি প্রশ্ন করছেন। পাকিস্তান যখন সবচেয়ে বেশী গোলযোগ আরম্ভ করে, তখন চীনের প্রধানমন্ত্রী চৌ-এন লাই ঢাকায় বসেছিলেন এবং রাওয়ালপিণ্ডিতে চীনের আর একজন নেতা বসেছিলেন এবং ব্যাপকভাবে সীমান্তে তখন গোলযোগ দেখা দেয়। এক জায়গায় নয়—শুধু কোচবিহার সীমান্তে নয় এবং তা দিনের পর দিন ছড়িয়ে পড়তে থাকে। স্বভাবতঃ আমার মনে একটা আশঙ্কা হওয়া স্বাভাবিক যে ঐ গোলযোগের পিছনে কোন আন্তর্জাতিক চক্রান্ত কিছু আছে কিনা! এবং যদি থাকে তাহলে দেশের নিরাপত্তা রক্ষার জন্য সর্বদা সজাগ থাকার একান্ত প্রয়োজন।

[3-50—4 p.m.]

সেই কারণে আজকে আমরা নিশ্চয়ই এমন কোন কাজ করব না যার সুযোগ নিয়ে অথবা আমাদের মানবিকতার সুযোগ নিয়ে আমাদের বহিঃশত্রু আমাদের দেশে ঢুকে প্রচ্ছন্নভাবে থেকে তাদের নিজেদের কাজ সিদ্ধ করবার চেষ্টা করতে পারে। কালকে বিরোধীপক্ষের নেতা মাননীয় জ্যোতিবাবু এই প্রস্তাব উত্থাপনের প্রয়োজন সম্বন্ধে যখন বক্তৃতা করছিলেন তখন অত্যন্ত মনোযোগ দিয়ে আমি তাঁর কথা শুনছিলাম। তিনি সরকারপক্ষের দৃষ্টিতে একটা কথা তুলে ধরেছিলেন এবং সেটা হচ্ছে যারা অন্য দেশ থেকে এসে এসপিওনেজ করে তারা ভ্যালিড ডকুমেন্ট নিয়ে আসে। অর্থাৎ তিনি একথা বোঝাতে চেয়েছিলেন যে, তারা অত্যন্ত তৈরী হয়ে এসে তথ্য সংগ্রহ করে এবং সেই তথ্য পাচার করবার ব্যাপারে উপযুক্ত পথে চলে। আর একটা দিকে যদি আপনারা নজর দেন তাহলে দেখবেন আসাম সীমান্তে নাগাদের নিয়ে যেভাবে চক্রান্ত গড়ে তোলা হয়েছে সেই চক্রান্তে কার কার অংশ আছে। সেই তথ্য আমরা যদি বিশদভাবে অনুশীলন করি তাহলে দেখতে পাব সেখানে শুধু পাকিস্তানের অদৃশ্য হস্ত নেই, হয়ত চীনাদের হাতও রয়েছে। আজকে পশ্চিমবাংলা এবং পাকিস্তান সীমান্তে প্রত্যক্ষভাবে চীনাদের হাত দেখতে না পেলেও আজকে হাঙ্গামার ধারা যেভাবে চলেছে, মর্টারের আক্রমণ যেভাবে চলেছে তাতে মনে হচ্ছে তাদের আক্রমণ ব্যাপক না হলেও সুপরিকল্পিত এবং এই আক্রমণের পেছনে কোন পরিকল্পনা আছে। এটা একদিনে শেষ হবে না, একে জিইয়ে রাখা হবে। এই দুটি দিক চিন্তা করে একদিকে আমরা বলছি উপযুক্ত সংখ্যক অফিস খুলে সেখান থেকে ভ্যালিড ডকুমেন্ট নিয়ে শরণার্থীরা যাতে ভারতবর্ষে আসতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করুন এবং আর একদিকে বলছি প্রখর দৃষ্টি রাখা হোক যাতে এই সুযোগ নিয়ে দেশের মধ্যে বিভেদ সৃষ্টিকারীরা এবং বিদেশী চররা ঢুকে দেশের স্বাধীনতাকে বিঘ্নিত করতে না পারে বা বিদেশী মানুষ যেন এই দেশে এসে না পৌঁছাতে পারে। এসব কথা বলার পর আমাদের আজকে আর একটা জিনিস পরিস্কার করা দরকার। আমরা এখনই পূর্ববঙ্গ এবং পশ্চিমবঙ্গের সীমান্ত বন্ধ করে দিতে চাই না। আমার কথা হচ্ছে কেন্দ্রীয় সরকার এই সীমান্ত বন্ধ করবার আগে বিবেচনা করুন এবং বিবেচনা করবার পর এই ব্যবস্থাগুলো গ্রহণ করুন এবং সেটা গ্রহণ করে তাঁদের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করুন। আমরা এখানে পরিস্কার ইঙ্গিত দিয়েছি আজকেই যদি বর্ডার সিল করা হয় তাহলে তার হয়ত দুটি প্রতিক্রিয়া দেখতে পাব। ওখানের যে মানুষের মনে আতঙ্ক আছে হয়ত তারা উপযুক্ত সময় প্রস্তুত হতে পারত, কিন্তু আজকে যদি তারা দেখে সীমান্ত বন্ধ হয়ে গেল, আমরা আর যেতে পারব না তখন কোথায় পথ খুঁজে পাওয়া যাবে এই ভেবে যেমন করে হোক এখানে আসার চেষ্টা করবে—অর্থাৎ মানুষের মনে বেশী করে আতঙ্ক দেখা দেবে। এই হোল একটা দিক এবং আর একটা দিক হচ্ছে এই বর্ডার এখনই বন্ধ করবার মত গুরুতর পরিস্থিতি সৃষ্টি হয়েছে কিনা? এই দুটি জিনিস নির্ভর করে উপযুক্ত পরিসংখ্যান এবং তথ্যের উপর। কেন্দ্রীয় সরকার যখন উপযুক্ত তথ্য এবং পরিসংখ্যান গ্রহণ করেন তখন তাঁরা অবস্থা বিচার করে, সমস্ত দিক বিচার করে, সমস্ত জিনিসের ঊর্ধ্বে উঠে মানবিক দিক

থেকে তথ্য রেখে বর্ডার সিল করা হবে কিনা সেটা চিন্তা করুন। আর আমরা আমাদের মানবিক দিক থেকে মনে করি যারা নিজেদের জীবন এবং ইজ্জত বাঁচাবার জন্য কোন রকমে পালিয়ে এসে আত্মীয়স্বজনদের নিয়ে রুজিরোজগার করতে চায় ভারতবর্ষ যেমন তাদের আশ্রয় দিয়েছে আজকেও সেইরকম আশ্রয় দেবে এবং সেই প্রতিশ্রুতি আমরা দিচ্ছি।

সেটা হচ্ছে আজকে যারা আসবে তাদের জন্য সারা ভারতবর্ষ দায়ী। তাদের পুনর্বাসন যাতে সুষ্ঠুভাবে হয়, ভারত সরকারকে দায়িত্ব নিয়ে এই কাজ করতে হবে। এই কাজ যাতে ত্বরান্বিত হয় তার জন্য ব্যবস্থা করতে হবে। তার জন্য উপযুক্ত ব্যবস্থা আগে থেকে প্রস্তুত রাখা প্রয়োজন আছে। তা না হলে কি হবে, একটা গন্ডগোল ঘটলে, হাজার হাজার লোক লক্ষ লক্ষ মানুষ আসবে এবং এসে পশ্চিমবঙ্গের প্রান্তে জমা হলে সেখান থেকে তাদের দেশের দূর দূরান্তে কোন জায়গায় ক্যাম্পে রাখা হলে, ট্রানজিট ক্যাম্পে রাখা হলে মানুষের দুর্ভোগ এইভাবে বেড়ে যায়, মানুষের মনোবল এতে নষ্ট হয়ে যায় এবং শরীর নষ্ট হয়ে যায় এবং তাদের অপরিসীম কষ্ট হয়। তাদের দুর্গম স্থানে গিয়ে জীবন সংগ্রাম সুরু করতে হয়. কেন্দ্রীয় সরকার অবস্থাটা পুঙ্খানুপুঙ্খরূপে বিবেচনা করে গুরুত্ব উপলব্ধি করে কি পরিমাণ মানুষ বর্ডার ক্রস করে আসছে কি পরিমাণ মানুষ আসতে পারে তার সংখ্যা দেখে আজকে সমস্ত প্রদেশগুলির সঙ্গে আলোচনা করে যে জমি পাওয়া যেতে পারে তার কতটা পূর্ববঙ্গের উদ্বাস্তুদের দিতে পারেন, তার কথা বিবেচনা করে পরিকল্পনা করে যদি সুষ্ঠুভাবে রূপায়ণের চেষ্টা করেন তাহলে এই পুনর্বাসনের কাজ সুষ্ঠুভাবে হতে পারে এবং মানুষের মনে স্বভাবতই একটা শক্ত ধারণা আসতে পারে এবং ঠিকভাবে বেঁচে উঠতে পারে। গতবার আমরা দেখেছি কি? গতবার প্রায় সাত লক্ষের বেশী উদ্বাস্তু পূর্ববঙ্গ থেকে চলে এসেছে কিন্তু দু লক্ষের মত পশ্চিমবঙ্গের বাইরে পুনর্বাসনের জন্য গিয়েছেন. পাঁচ লক্ষের মত পশ্চিমবঙ্গে রয়ে গেছে। আজকে এ একটি দিক আছে, আর একটা দিক হল আজকে যদি পুনর্বাসন ব্যবস্থা উপযুক্ত হত তাহলে মানুষকে এত কষ্ট পেতে হত না। আর একটা হল পশ্চিমবঙ্গের জনসংখ্যার উপর পাঁচ লক্ষ মানুষের চাপ আরও বাড়ল। চাপ বাড়বার ফলে মানুষের যে দুর্গতি ছিল, সেই দুর্গতি বাড়ল. কাজেই পরিকল্পনার সমস্ত রকম চিন্তা ধারা পরিসংখ্যান সব কিছু ব্যর্থ হয়ে যাবে যদি এভাবে মানুষের চাপ এভাবে বাড়তে থাকে। এখন নূতন করে পরিকল্পনা গ্রহণ করে যদি চাপ ছড়িয়ে দিয়ে সুষ্ঠুভাবে পরিকল্পনা গ্রহণ করা হয় তাহলে দুঃস্থ মানুষ আজও এখানে আত্মরক্ষার জন্য এসে আবার নূতনভাবে জীবনে প্রতিষ্ঠিত হতে চাইবে, তাদের প্রতিষ্ঠা করা যাবে এই সমস্ত দিক বিবেচনা করে আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি, সেটা আমাদের বিরোধী পক্ষের নেতা যদি বিবেচনা করে দেখেন তাহলে দেখবেন তা গ্রহণ করার কোন বাধা নাই, শুধু ক্যানসেল করার জন্য যেটা বলেছেন তার পরিবর্তে সামান্য যেটুকু পরিবর্তন এনেছি, তাতে এমন কিছু মৌলিক পার্থক্য আসছে না, একথা মনে করে আমি তাঁকে অনুরোধ জানাই যে এটা গ্রহণ করুন।

[4—4-10 p.m.]

Shri Hemanta Kumar Basu:

আজকে বর্ডার সিলিংএর গুরুত্বপূর্ণ প্রশ্ন আমাদের সামনে এসেছে। পূর্ববঙ্গ থেকে যে সমস্ত উদ্বাস্তু ১৯৬৪ সালের রায়টে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়ে. বিশেষভাবে অত্যাচারিত হয়ে ভীত সন্ত্রস্ত হয়ে এসেছে যাদের ঘরবাড়ী জ্বালিয়ে দিয়েছে, আত্মীয়স্বজন নিহত হয়েছে, তারা ভারতবর্ষে আশ্রয় খুঁজতে এসেছিল, কাজেই সেদিক থেকে আমরা অনেকে চেষ্টা করেছিলাম যাতে শীঘ্র শীঘ্র পাশপোর্ট দেওয়া হয়, সুযোগ-সুবিধা দেওয়া হয় এবং যারা এখানে আসে তাদের যেন উদ্বাস্তু বলে স্বীকার করা হয়, পুনর্বাসন দেওয়া হয়। এর জন্য সংখ্যালঘু বাঁচাও কমিটি করে যে আন্দোলন করেছিলাম তার ফলে সরকার থেকে অনেক পাশপোর্ট দেওয়া হয়েছিল পাশপোর্ট দেওয়া সম্বন্ধে নিয়ম শিথিল করেছিলেন এবং যে সমস্ত উদ্বাস্তু পাশপোর্ট ছাড়া ভীত হয়ে সন্ত্রস্থ হয়ে ভারতবর্ষে আশ্রয় খুঁজতে এসেছিল তাদের স্বীকার করে নিয়েছিলেন। আসল অবস্থা হচ্ছে আনন্দবাবু যে কথা বললেন চতুর্দিকে পাকিস্তানী সৈন্য সমাবেশ হচ্ছে তাতে করে পাকিস্তানের সংখ্যালঘুদের আতঙ্কগ্রস্ত হওয়া স্বাভাবিক। সেজন্য আমরা দেখছি সিলিং হবার আগে কালকে কিছু এসেছে প্রায় হাজার লোক পশ্চিমবাংলায় তারা আশ্রয় খুঁজবার জন্য এসেছে সেইভাবে যদি তাদের আসা বন্ধ করে দেওয়া হয় তাহলে নিশ্চয়ই যে তাদের প্রতি

অন্যায় হবে সে বিষয়ে সন্দেহ নেই। ভারত সরকার যখন এই নীতি গ্রহণ করেছিলেন তখন পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে নিশ্চয়ই পরামর্শ করেছিলেন, তাঁরা এ বিষয়ে কি পরামর্শ দিয়েছেন সেটা জানতে চাই। আমরা জানি না সরকার এ বিষয়ে কোন পরামর্শ দিয়েছেন কিনা যে বাস্তবিক সিলিং সম্বন্ধে তাঁরা একমত হয়েছেন। একমত যদি হয়ে থাকেন তাহলে তারা অত্যন্ত অন্যায় করেছেন, তাঁরা জানেন যারা পশ্চিমবাংলায় জনসাধারণ এ বিষয়ে বিশেষ উদগ্রীব। তারা জানতে চায় পূর্ববঙ্গ থেকে যে সমস্ত উদ্বাস্তু ভাইবোন আমাদের তাঁদের সম্বন্ধে সরকার কি নীতি গ্রহণ করেছেন। আমাদের এ বিষয়ে অ্যাসেমব্লিতে এ বিষয়ে অনেক আলোচনা হয়েছে। কাজেই অ্যাসেমব্লিতে না জানিয়ে রাজ্যসরকার যদি এইভাবে মত দিয়ে থাকেন সিলিং সম্বন্ধে তাহলে অত্যধিক অন্যায় তারা করেছেন নিশ্চয়ই অ্যাসেমব্লীর সকলের সঙ্গে পরামর্শ করে ভারত গভর্নমেন্টের নীতি যুক্তিযুক্ত কিনা এবং সিলিং করা উচিত কিনা সে বিষয়ে পরামর্শ করা উচিত ছিল। আমার মনে হচ্ছে সরকার নিশ্চয়ই পরামর্শ দিয়েছেন এবং ব্যাপারটা যখন আমাদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে তখন আমরা এর প্রতিবাদ না করে পারছি না, জ্যোতি বসুর প্রস্তাব করে এই কথা বলতে চাই যেহেতু এই আইনটা বা অর্ডারটা বলবৎ করা হয়েছে সেহেতু যতশীঘ্র পর্যন্ত এই অর্ডার ক্যানসেল করে দিয়ে সেদিকে আমরা জোর দিতে চাই। এই যে ডিজায়ারিবিলিটি আমাদের ইচ্ছা এটা তুলে নেওয়া উচিত কিনা এবং এই যে ডিজায়ারিবিলিটি কনসিডার এটার জন্য আমরা অপেক্ষা করতে চাই না। এজন্য আইন যা বলবৎ করা হয়েছে তখন যদি সম্ভব হয় ইউন্যানিমাসলি আমরা ভারত গভর্নমেণ্টকে বলতে চাই ইমিডিয়েটলি এটা ক্যানসেল করতে বাস্তবিক বর্ডার বরাবরের জন্য খোলা থাকে না। কিন্তু সেখানে কি সিলিং করা হয়নি, তবুও সংখ্যালঘু সম্প্রদায় যারা হিন্দু তারা চলে আসছে। সেখানে কোন সিলিং করা হয়নি অথচ এখানে দেখছি সিলিং করা হয়েছে। পণ্ডিত নেহরু বলেছিলেন যদিও আমরা দেশ বিভাগ করছি কিন্তু পাকিস্তানে যে সমস্ত উদ্বাস্তু ভাইবোন থাকবে যাদের সঙ্গে আমাদের বিশেষ সম্পর্ক আছে তাদের শরীরে যে রক্ত বয় সেই রক্তও আমাদের শরীরেও বয়—তাকেই আমরা স্থান দেব। পণ্ডিত নেহরু যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি আমরা কি করে ভঙ্গ করবো? সরকার প্রতি কথায় পণ্ডিত নেহরুর কথা বলেন তাঁর কথা রক্ষা করার নাম করে বলেন যে তাঁর ফরেন পলিসি আমরা আনব, অথচ তিনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন পাকিস্তানের সংখ্যালঘুদের প্রতি তা থেকে সম্পূর্ণভাবে এই সরকার সরে যাচ্ছেন। কিন্তু কেন সরে যাচ্ছেন তা বুঝতে পারছি না, সরে যাওয়া উচিত নয় এবং সরে যাওয়া অমানুষিক হবে বলে মনে করি।

পূর্ব পাকিস্তানের সংখ্যালঘুদের কোন নাগরিক অধিকার নেই। তাদের কোন প্রটেকসন দেওয়া হয় না, তাদের সেখানে কোন নিরাপত্তা নেই, তারা এখান থেকে বলে থাকেন বিভিন্ন স্থানে পাকিস্তানে পাসপোর্ট অফিস খুলে দেওয়া হোক অথচ সেখানে রাজসাহীর পাসপোর্ট অফিস বন্ধ হয়ে গেল, কাজেই পাসপোর্ট অফিস কি করে খোলা হবে তা জানি না এবং পাকিস্তান সরকারকে কি করে রাজী করবেন তা জানি না। কাজেই ঢাকায় গিয়ে দিনের পর দিন অপেক্ষা করা দুরূহ ব্যাপার। কাজেই সরকারের কাছে আবেদন করছি যারা উইথআউট পাসপোর্টএ আসতে চান তাদের আসতে দেওয়া উচিত। আমাদের যে রেজলিউশন কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেওয়া উচিত কারণ আমরা মনে করি এইভাবে আইন করে অর্ডার পাস করে পূর্ব পাকিস্তানের সংখ্যালঘুদের উপর অত্যধিক অত্যাচার করা হচ্ছে। তাদের যে অবস্থায় ঠেলে দেওয়া হয়েছে তাতে সেখানে তাদের কোন বন্ধু নেই, তাদের খুন করার লোক আছে এইরকম একটা অসহায় অবস্থায় তাদের ফেলে দেওয়া হয়েছে। আমি বলব এই প্রস্তাবটা সর্বসম্মতিক্রমে পাস করে দিয়ে যাতে এই অর্ডার যত শীঘ্র রদ হয় তার জন্য অনুরোধ করছি। সেজন্য আমি বিশেষভাবে সেদিক থেকে জ্যোতিবাবুর প্রস্তাব সমর্থন করছি।

Shri Gopal Banerjee:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জ্যোতিবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সমর্থন করছি এবং আনন্দবাবুর যে সংশোধনী প্রস্তাব তার বিরোধিতা করছি। তিনি বলেছেন তার সংশোধনী এবং জ্যোতিবাবুর প্রস্তাবের মধ্যে বিশেষ কোন পার্থক্য নেই এবং জ্যোতিবাবুকে অনুরোধ করেছেন তার সংশোধনী গ্রহণ করতে, তাঁর বক্তব্যের মধ্যে তিনি যে যুক্তি উপস্থিত করেছেন তার সেই যুক্তি বক্তব্যের মধ্যে দুটো দৃষ্টিভঙ্গীর পার্থক্য। ভারত সরকারের বর্তমান

যে আদেশ তাতে, অর্থাৎ এফিডেভিট-এর মধ্যে পার্থক্য কি দাঁড়াল। অবস্থা এই হয়েছে যে, ৬৪ সনের জানুয়ারি মাসে যে অবস্থা হয়েছিল সেই অবস্থায় আমরা ফিরে গেছি, একজন পাকিস্তান থেকে আসতে ইচ্ছুক লোকের পক্ষে জানুয়ারি মাস অথবা তার আগে এক-দেড় বছর লাগবে একটা মাইগ্রেশন পেতে লাগবে একটা ভ্যালিড ডকুমেণ্ট পেতে। ৬১ সালের জানুয়ারিতে যে গণ্ডগোল হয়েছিল তার আগে আমরা মাইগ্রেশন-এর পদ্ধতি আছে তার বিরুদ্ধে প্রতিবাদ করেছিলাম। কিন্তু তখন সেই প্রতিবাদ আপনারা কান পেতে শোনেন নি, বরং দিনের পর দিন মাইগ্রেশন-এর ব্যাপারকে আরও কঠিন করা হচ্ছে। কাজেই আজ থেকে আমরা আবার ৬৪ সালের জানুয়ারির অবস্থায় ফিরে যাচ্ছি। সুতরাং সর্বপ্রথম কাজ হবে অর্ডার ক্যানসেল করা, না হলে পাসপোর্ট বা মাইগ্রেশন পাওয়ার যে পদ্ধতি সেই পদ্ধতির পরিবর্তন করার প্রশ্ন আসে। হাজার অফিস খোলা হোক। তাহলে ক্যানসেলেশন থাকলে কিংবা যে পদ্ধতি আছে সেটা থাকলে ৬ মাস বা এক বছর লাগবে একটা মাইগ্রেশন পেতে, এছাড়া মাইগ্রেশন পাবার ব্যাপারে ইচ্ছা করে দেরী করার জন্য কতকগুলি এমন পদ্ধতি রাখা হয়েছে সেই পদ্ধতির ফলে যে লোক ভারতবর্ষে আসবে সে কার কাছে আসবে তার বিবরণ দিতে হবে। বিবরণ দিলে যে গ্রহণ করবে এইরকম লোককে এফিডেভিট করতে হবে যে সমস্ত রকম রক্ষার দায়িত্ব নিচ্ছি। অর্থাৎ এই যে সম্পূর্ণ ডিপেন্ডেন্ট রাখা হয়েছে সমস্ত রিহ্যাবিলিটেশন প্রশ্নের উপর।

[4-10—4-20 p.m.]

যদি সেই ইনটেন্ডিং মাইগ্র্যান্ট—এইরকম ডিক্লারেশন না দেন এবং ভারতবর্ষে যার কাছে আসবেন তিনি যদি ডিক্লারেশন না দেন যে আমি ভারত সরকারের কাছ থেকে কোন সাহায্য নেবো না, তাহলে এই মাইগ্রেশন সার্টিফিকেট পাওয়া সম্ভব নয়। এই যে পদ্ধতি সেটা নো রিলিফ মাইগ্রেশন এইরকম হয়। এর বিরুদ্ধে বার বার প্রতিবাদ জানানো হয়েছে—কিন্তু এই অর্ডার ক্যানসেল না করলে এই নো রিলিফ মাইগ্রেশন হলে তারা সেখানে ফিরে যাচ্ছে। সুতরাং জ্যোতিবাবু যে প্রস্তাব দিয়েছেন সেটা বর্তমানে অত্যন্ত যুক্তিসঙ্গত যে, আগে অর্ডারটা ক্যানসেল হোক, অর্থাৎ আগের অবস্থায় ফিরে আসুক তার এই ভ্যালিড ডকুমেন্ট নিয়ে আসার যে প্রস্তাব আনন্দবাবু দিয়েছেন সেগুলি আমরা ভারত সরকারের কাছে বলতে পারি। অর্থাৎ তারা ভারতবর্ষে তাদের মাইগ্রেশনের সুযোগ দেওয়া হোক। যখন দেখা যাবে নর্মাল প্রসিডিওর ফিরে এসেছে তখন এইসব অর্ডার পুনর্বিবেচনার প্রশ্ন বিবেচনা করা যেতে পারে এই জন্য আনন্দবাবু যে সংশোধনী এবং জ্যোতিবাবুর যে প্রস্তাব এইদুটির দৃষ্টিভঙ্গী সম্পূর্ণ পৃথক। এইজন্য আমি জ্যোতিবাবুর প্রস্তাবকে সমর্থন করি, তারপর আনন্দবাবুর প্রস্তাবে আর একটা জিনিস আছে যে, ভারত সরকারকে সমস্ত রিলিফ রিহ্যাবিলিটেশনের দায়িত্ব নিতে হবে—আমরা সকলেই চাই যে তাদের রিলিফ রিহ্যাবিলিটেসনের দায়িত্ব ভারত সরকার নিক—এটা অত্যন্ত যুক্তিযুক্ত। কিন্তু আমি আগে যা বলেছি যে ভারত সরকার যদি তাঁদের মাইগ্রেশনের রেসপনসিবিলিটি না নেয় তাহলে কি তাদের মাইগ্রেশন রিল্যাক্স করা হবে না। অর্থাৎ পুনর্বাসনের দায়িত্ব তারা যাদের নেবেন তাদেরই কি মাইগ্রেশন দেওয়া হবে—এইরকম নির্ভরশীলতার কোন মানে হয় না। কারণ পুনর্বাসন তাদের দিচ্ছেন যে ৭-৮ লক্ষ লোক ১৯৬৪ সালের জানুয়ারি মাসের পর থেকে—আনন্দবাবু বলেছেন অবশ্য দুই লক্ষ বাইরে গেছে—কিন্তু তার চেয়ে বেশী লোককে পাঠানো হয়েছিল এবং অনেক লোক ফিরে এসেছেন এবং যারা ফিরে এসেছেন তাদের যে পুনর্বাসনের বা রিলিফের সামান্য দায়িত্ব নিয়েছেন? গত বছর ৫০ লক্ষ টাকা তারা খরচ করেছেন এবং এবারেও ৫০ লক্ষ টাকা বরাদ্দ। এতে তাদের রিলিফের ন্যূনতম ব্যবস্থাও হয় না—একাংশ লোকেরও হয় না। যদি তাও না নেন তাহলে কি সেইসব লোকগুলিকে আসতে দেবেন না? যারা সিকিউরিটির অভাবে সেখান থেকে চলে আসছে তাদের এখানে আসতে দেওয়া হোক। আমরা নিশ্চয় দাবী করবো এবং দাবী করে আসছি যে যারা আসছেন তাদের যেটুকু পুনর্বাসন এবং রিলিফ দেওয়া দরকার সেটা তাদের দিতে হবে। কিন্তু যদি আপনারা না দেন এবং বার বার যদি আমাদের যুক্তিকে এইভাবে প্রত্যাখ্যান করেন তা সত্ত্বেও আমি বলবো যে, রিহ্যাবিলিটেশনের উপর মাইগ্রেশনকে ডিপেন্ডেন্ট করবেন না। যারা সেখানে নিরাপত্তার অভাব বোধ করছে সেটা থেকে মুক্ত হয়ে তারা এখানে আসুক। আনন্দবাবুর তিনটি যে প্রভাইসো আছে তাকে যদি এক করা যায় তাহলে এই দাঁড়ায় যে, আপাতত রেসট্রিকশন চলুক এবং ভারত সরকার চিন্তা করুন কতগুলি অফিস খুলবেন কি না খুলবেন—এবং যারা আসবেন তাদের

দায়িত্ব ভারত সরকার নেবেন কিনা এটা চিন্তা করুন। আমরা ঠিক উল্টোভাবে বলতে চাচ্ছি যে, যে অবস্থা আছে সেই অবস্থা চলুক এবং ভারত সরকার-এর যে পুরানো নীতি মাইগ্রেশন সম্পর্কে ছিল সেটা পরিবর্তন করুন, করে যারা ইনটেন্ডিং মাইগ্র্যান্ট তাদের আসবার পথ সহজ সুগম করুন। তার পরে অন্য প্রশ্ন আসতে পারে। ডিজায়ারেবিলিটির প্রশ্ন আসতে পারে। এখানে এইরকমভাবে প্রশ্ন রাখার মধ্য দিয়ে বাস্তব অবস্থাকে অস্বীকার করে এবং নরম্যালসি বলে যে বাস্তব অবস্থাকে উড়িয়ে দেওয়া হচ্ছে এটা ঠিক নয়। এখনও নরম্যাল হয় নি। পাকিস্তান ইররেসপনসবল গভর্নমেন্ট যতদিন পর্যন্ত আছে ততদিন পর্যন্ত নিশ্চয়ই আমরা বলতে পারি না যে, নরম্যালসি এসেছে—অবশ্য এটা খুব সত্য যে, পাকিস্তানে গণতান্ত্রিক আন্দোলন দিনের পর দিন শক্তিশালী হচ্ছে। তারা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে দাঁড়াচ্ছে। তারা চেষ্টা করছে নরম্যালসি রক্ষা করবার জন্য। কিন্তু তাহলেও আজ পাকিস্তানে যে সরকার আছে সেই সরকারের বিরুদ্ধে দাঁড়িয়ে তারা সেই কাজ করতে পারছেন না। সেইজন্য নরম্যালসির দোহাই দিয়ে বা এইসমস্ত যুক্তি দিয়ে আনন্দবাবু যে প্রস্তাব এনেছেন আমি তার বিরোধীতা করছি এবং অনুরোধ করছি যে সত্যই যদি এর সমাধান চান তাহলে জ্যোতিবাবুর প্রস্তাবটা সমাধান করুন এবং তাঁর সংশোধনীটা প্রত্যাহার করে নিন।

শ্রীনিখিল দাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি জ্যোতিবাবু যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি। আনন্দবাবু এর কতকগুলি সংশোধনী দিয়েছেন। মূলতঃ দাঁড়াচ্ছে এই যে, তিনি যে সংশোধনী দিয়েছেন সেগুলি যদি ভালভাবে পড়ে দেখি তাহলে এই দেখা যাবে কালকে প্রফুল্লবাবু যা বলেছেন সেটা অন্য ভাষায় একটু ঘুরিয়ে তিনি এখানে একটু সুগার কোটিং দিয়ে রাখতে চেষ্টা করেছেন, অর্থাৎ মোদ্দা কথা দাঁড়াবে যে ক্যানসেল হয়ে যাক। আপনি দেখুন ২নং যে প্রভাইসো তাতে আছে

before such cancellation is considered.

অর্থাৎ, ক্যানসেলেশন কন্সিডার করার আগে কি করতে হবে, অর্থাৎ ভ্যালিড ডকুমেণ্ট নিয়ে আমার যা পজিশন সেটা থেকে গেল, যে অর্ডার আছে সেটা ক্যানসেল করার দরকার নেই। ক্যানসেলেশন কন্সিডার করার আগে কি করতে হবে—পাকিস্তানের সঙ্গে আলাপ করে আরো অফিস খোলা যায় কিনা তার চেষ্টা করতে হবে। অর্থাৎ ক্যানসেলেশনের প্রশ্ন নয়। তা যদি হয় তাহলে এত বছর ধরে কি ও'রা নাকে সরষের তেল দিয়ে ঘুমোচ্ছিলেন? আমরা বারে বারে যখন প্রশ্ন করেছি যে কেন মাইগ্রেশন সার্টিফিকেটের অফিস, পাসপোর্টের অফিস খোলা হচ্ছে না, তখন ও'রা উত্তর দিয়েছিলেন যে পাকিস্তান আমাদের অনুমতি দিচ্ছে না বলে খুলতে পারছি না। যদি পাকিস্তান তখন অনুমতি না দেয় তাহলে সেই পাকিস্তানে যারা আজ সীমান্তে গুলী চালাচ্ছে তারা সেই অনুমতি দেবে সে ভরসা কোথা থেকে পেলেন? তাই যা বলা হয়েছে, এটা ক্যানসেল করা দরকার। পাকিস্তানের সঙ্গে এটা টেকআপ করা, এ সম্বন্ধে ডিসকাশন করা, ২-৪ বার চিঠিপত্র লেখা, ২-৪ দিন যাতায়াত করা—এইসব করে মন্ত্রীবাবুদের এবং সেক্রেটারীবাবুদের রাহা খরচ হবে। যার অবস্থা যা আছে তা থেকে যাবে। তাই ২নং প্রভাইসোতে তিনি প্রস্তাবটা একেবারে নাকোচ করে দিয়েছেন। আমাদের মাইগ্রেশন সার্টিফিকেট দেবার অফিস আরো খোলা উচিত ছিল, পাশপোর্ট দেবার অফিস খোলা উচিত ছিল, কিন্তু এই দেড় বছরে কেন খোলা হয় নি? খোলা হয় নি এজন্য যে তারা খুলতে চায় না, অথবা পাকিস্তান খুলতে দেয় না। অতএব খোলা যে সম্ভব নয় এটা প্রমাণ হয়ে গেছে। সেখানে খোলার কথা বলে তারপর ক্যানসেল হবে কিনা এটা বিবেচনা করা হবে এই যে প্রভাইসো এটা মারাত্মক এবং প্রফুল্লবাবু বলেছেন যে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে একমত হয়ে আমরা এটা করেছি—সেটা ২নং প্রভাইসোতে পরিষ্কার হয়ে গেছে যে, তারা চান ভ্যালিড ডকুমেন্ট ছাড়া আসতে পারবেন না। ১নং প্রভাইসোতে বলছেন প্রভাইডেড দ্যাট

undesirable foreign agents, Pakistani spies and fifth columnists.

আমরা চাই যে এদের বন্ধ করা হোক। এরা আমাদের দেশে যাতে না আসতে পারে তা বন্ধ করে দেয়া হোক, কিন্তু ভ্যালিড ডকুমেন্ট না নিয়ে আসতে না দিলে কি এদের আসা বন্ধ হবে? অন্য রাস্তা কি নেই—অন্য রাস্তা দিয়ে কি এই সমস্ত পাকিস্তানী স্পাই ওপাড় থেকে এপাড়ে আসে না? এটা বন্ধ করতে পেরেছেন? বরঞ্চ খোলা পেলে ইউদাউট দ্যাট ভ্যালিড ডকুমেণ্ট তাঁরা

আসবেন না, তাঁরা চুপিচুপি গোপন সুড়ঙ্গ পথ দিয়ে আসবেন অথবা পাশপোর্ট নিয়ে আসবেন। সেই গোপন সুড়ঙ্গ পথে যে আসবেন বা পাশপোর্ট নিয়ে আসবেন—সেই জায়গায় বাধা সৃষ্টি তো করতে পারেন নি। খোলা জায়গা দিয়ে কারা আসেন? আসেন এইসমস্ত অসহায় মানুষ যাঁরা ওখানে থাকতে পারছে না। যাঁদের পয়সা খরচ করে ঢাকায় গিয়ে তদারক করে মাইগ্রেশন সার্টিফিকেট বা পাশপোর্ট করার ক্ষমতা নেই বা যাদের সে অবস্থা নেই এবং যাঁরা ওপারে মান-সম্ভ্রম বিসর্জন দিয়ে দুরবস্থায় আছে সেসব লোকগুলি এই খোলা জায়গা দিয়ে আসে। আজকের আনন্দবাজার কাগজ যদি দেখেন তাহলে দেখবেন একটা পরিবারের ছবি দিয়েছেন যাঁরা উইদাউট ভ্যালিড ডকুমেণ্ট এসেছেন এবং এটা পরিষ্কার হবে যে তাঁদের মধ্যে কেউ পাকিস্তানী স্পাই বা ফিফ্থ কলমিস্ট নেই। যাঁরা খালি রাস্তা দিয়ে এবছর এসেছেন উইদাউট এনি ভ্যালিড ডকুমেন্ট—সেইসমস্ত পরিবার অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়ে এসেছেন। তাঁদের মধ্যে কোন পাকিস্তানী স্পাই বা ফিফ্থ কলমিস্ট নেই। আর ৩নং প্রভাইসো যে রয়েছে তাতে আছে যে, রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশনের ভার নিতে যদি কেন্দ্রীয় সরকার রাজী হন তাহলে ক্যানসেলের কথা বিবেচনা করা যেতে পারে। তাহলে ক্যানসেলের প্রশ্নটা আসে না।

[4-20—4-30 p.m.]

আমার বক্তব্য হচ্ছে যে কেন্দ্রীয় সরকারের এটা দেওয়া প্রয়োজন, দেওয়া উচিত। লড়াই আমরা ও'দের সাথে করব, ধাক্কাধাক্কি আমরা কেন্দ্রীয় সরকারের সাথে করব, কিন্তু কেন্দ্রীয় সরকার যদি এটা নিয়ে টালবাহনা করেন, তাহলে লোকগুলো ওপারে থেকে মার খাবে, লোকগুলো ওপার থেকে আসতে পারবে না—যদি আমরা প্রয়োজনীয়তা অনুভব করি যে, লোকগুলোর ওপার থেকে আসার প্রয়োজন আছে। ভ্যালিড ডকুমেন্টের এখন যা অবস্থা তাতে তাদের পক্ষে ভ্যালিড ডকুমেন্ট পাওয়া খুব দুঃসাধ্য ব্যাপার এবং সে লোকগুলি বিপদে পড়ে এখানে আসবে, এটাকে যদি আমরা ধরে নিই, তাহলে রিলিফ রিহ্যাবিলিটেশন কেন্দ্রীয় সরকার যদি দেব না বলে, তাহলে লোকগুলোকে কি আমরা মারের মুখে ফেলে রাখবো? এটা কোন মানবিকতার প্রশ্ন নয়। বক্তব্যের শেষে তিনি বললেন যে এটা মানবিকতা। এটা কোন মানবিকতা? কেন্দ্রীয় সরকার যদি রিলিফ রিহ্যাবিলিটেশান এর দায়িত্ব না নেন তাহলে লোকগুলো কি ওপারে বসে মার খাবে? এ প্রশ্ন আসে না, এ যুক্তি টেঁকে না। তাই তিনি তিনটি প্রভাইসো দিয়েছেন এবং সেই তিনটি প্রভাইসো দিয়ে মূল প্রস্তাবকে নাকচ করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, একটি কথা তিনি বলেননি যেটা হচ্ছে এর মূল মোদ্দা কথা। অর্থাৎ মাইগ্রেশন সার্টিফিকেট পেতে হলে যে কড়াকড়ি এখন আছে, অর্থাৎ মাইগ্রেশান সার্টিফিকেট পেতে হলে যে আইনগুলি মেনে পেতে হয় এবং যে কড়াকড়ির মাধ্যমে পেতে হয়, সেটা কিন্তু রিল্যাক্স করার কথা উনি বলেন নি। ওঁদের যে অ্যামেন্ডমেন্ট তাতে একটি কথা নেই মাইগ্রেশন সার্টিফিকেটের যে কণ্ডিসান—সে সর্তগুলিকে রিল্যাক্স করা হোক সে সম্বন্ধে একটি কথা কিন্তু নেই। লোকে মাইগ্রেশান সার্টিফিকেট-এর দরখাস্ত করে, ৭-৬-১০ মাস চলে যায়, তারপরে মাইগ্রেশান সার্টিফিকেট পায় এবং পেতে হলে তাকে কন্ডিসান দিতে হয় যে এপারের সরকারের উপরে সে নির্ভরশীল হবে না। অর্থাৎ এই যে সর্ত, একে রিল্যাক্স করার জন্য এই বিধান সভায় আমরা গত দেড়-দুই-আড়াই বছর ধরে চিৎকার করেছি এবং গত দাঙ্গার ফলে বিশেষভাবে আমরা চিৎকার করেছি। কিন্তু কেন্দ্রীয় সরকার এখনও রিল্যাক্স করেন নি এবং পশ্চিমবাংলার কংগ্রেসের তরফ থেকে যে সংশোধনী এসেছে তাতে কিন্তু রিল্যাক্সেসানের কথাটা নেই যে, মাইগ্রেশান সার্টিফিকেট পেতে হলে যে সর্তগুলির প্রয়োজন সেগুলিকে রিল্যাক্স করা হোক, শিথিল করা হোক, সেকথা কোথাও এই সংশোধনীর মধ্যে নেই। অর্থাৎ সংশোধনীটা আসলে দাঁড়াচ্ছে এই—ও'রা জানেন যে, ওপারের অবস্থা অত্যন্ত খারাপ, ওপার থেকে—পূর্ববঙ্গে যারা আছে তাদের এপারে আসতে হবে সে প্রতিশ্রুতি দেওয়া আছে ১৯৪৭ সালে। ও'দের কাছে কিন্তু সেই প্রতিশ্রুতির কোন মূল্যই নেই। ও'রা কেউ কারোর কথা মানেন না, যখন যা প্রয়োজন তখন তা বলেন এবং দিন চলে গেলে প্রয়োজন চলে গেলে সে কথা থেকে সরে দাঁড়ান, এটা ও'দের ১৭-১৮ বছরের ইতিহাস।

খুললে দেখা যাবে। দরকার হলো বলেই দিলাম যে সব করবো। আবার যে মুহূর্তে দরকার ফুরিয়ে গেল, প্রয়োজন ফুরিয়ে গেল, সব কথা তুলে নিয়ে চলে গেলাম। সুতরাং ১৯৪৭ সালে ভারতবর্ষ যখন ভাগ হয় তখন যে প্রতিশ্রুতি নেহেরুজী বা প্যাটেলজী দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি ও'রা ভুলে গেছেন, মানতে চান না। সেটা আমরা জানি যে ও'রা সুবিধামত সব ভুলে যান এবং সেই প্রতিশ্রুতি যে দিয়েছিলেন সেটা রেকর্ডেড রয়েছে, সেগুলি আইনের ধারায় আছে, সেগুলির ডকুমেন্ট রয়েছে। পার্টিসান যখন হয় তখন ঠিক হয়েছিল যে ওপারে যারা আছে তারা যদি এপারে আসে তখন তাদের পূর্ণ দায়িত্ব তাঁরা গ্রহণ করবেন। এই কি পূর্ণ দায়িত্ব গ্রহণ করার চেহারা? এই যে সংশোধনীটা দিয়েছেন এবং কেন্দ্রীয় সরকার যা করছেন, পশ্চিম বাংলা সরকার যা করছেন—এই কি তাঁদের পূর্ণ দায়িত্ব নেওয়ার চেহারা? এটা পূর্ণ দায়িত্ব নেওয়ার চেহারা নয়, এ দায়িত্ব ও'রা এড়িয়ে যেতে চান। পূর্ববাংলা থেকে লোক যাতে না আসে এটাই হচ্ছে ও'দের চক্রান্ত এবং ঐ লোকগুলো ওখানে থেকে মার খাবে, মার খেয়ে মরুক এপারে যেন না আসে এটাই হচ্ছে আসল উদ্দেশ্য। তবে কেন এই প্রস্তাব এই আকারে দিতে হচ্ছে—দিতে হচ্ছে এইকারণে যে, বাংলাদেশের মানুষকে ভুল বোঝানোর জন্য যে আমরাও চাই এটা ক্যানসেল হোক আমরাও চাই ভ্যালিড ডকুমেন্ট ছাড়া আসতে পারবে না, কেন্দ্রীয় সরকার এই যে দোষটি দিয়েছেন তার বিরুদ্ধে আমরাও আছি—এটুকু যদি না দেখাতে পারেন তাহলে বাংলাদেশের মানুষ ও'দের গায়ে থুতু দেবে, ও'দের ধিক্কার দেবে। তাই বাংলাদেশের মানুষের কাছে ভাল মানুষটি সাজার জন্য ঐ তিতো জিনিসের উপর একটু চিনির প্রলেপ লাগিয়ে বুঝাতে চাইছেন যে, কেন্দ্রীয় সরকার এই আদেশ দিয়েছেন, আমরাও এটাকে পুরোপুরি মেনে নিতে পারছি না। এইটাই হচ্ছে আসল উদ্দেশ্য। কিন্তু বাস্তবিক পক্ষে ত'দের উদ্দেশ্য যদি এই থাকে—যেটা জ্যোতিবাবু তাঁর প্রস্তাবে সরাসরি বলেছেন যে, এখনও অবস্থা এমন জায়গায় আছে যে লোকে ওপার থেকে আসছে এবং উইদাউট ভ্যালিড ডকুমেন্টে আসছে এবং কালকেও এসেছে। এই অবস্থায় যদি হঠাৎ করে কেন্দ্রীয় সরকারের ঐ আদেশটা বলবৎ হয় তাহলে অবস্থা অত্যন্ত খারাপ জায়গায় আসবে। তিনটি জিনিস আপনারা করুন। মাইগ্রেশান সার্টিফিকেটের অফিস আরো বেশী করে খুলুন। মাইগ্রেশান সার্টিফিকেটের সর্ত আপনারা শিথিল করুন, লোকে যাতে তাড়াতাড়ি মাইগ্রেশান সার্টিফিকেট পেতে পারে তার ব্যবস্থা করুন। ২ নম্বর, আপনারা পাকিস্তানী স্পাইদের পুরো চেক করার ব্যবস্থা করুন, তাহলেই আমরা আপনাদের সানন্দে অভিনন্দন জানাবো। আপনাদের বিরুদ্ধে আমরা বার বার অভিযোগ করে এসেছি যে, পাকিস্তানী চক্র যেভাবে গড়ে উঠেছে, তার পিছনে কংগ্রেস দলের কিছু সভ্যের সমর্থন রয়েছে, আমরা বার বার অভিযোগ করে এসেছি যে, পাকিস্তানী স্পাইরা ওপার থেকে এপারে আসে—তার পিছনে আপনাদের দলের কিছু লোকের হাত আছে। ফিফ্‌ত কলামিস্ট এবার যেভাবে গড়ে উঠেছে তার পিছনে কংগ্রেস দলের হাত রয়েছে। এটা আপনারা চেক করুন, প্রতিরোধ করুন, তাহলেই আমরা আপনাদের অভিনন্দন দেব, সানন্দে আমরা আপনাদের কাছে থাকবো। কিন্তু আমরা জানি এইগুলি গড়ে উঠেছে আপনাদের সহযোগিতায়, আপনাদেরই সাহায্যে। আর কেন্দ্র থেকে রিলিফ রিহ্যাবিলিটেশান পেয়েছে তারা এই যে ১৭ বছর পার হয়ে গেল কটা লোককে আপনারা পুনর্বসতি দিয়েছেন? কোটি কোটি টাকা খরচ করা হয়েছে, কটা লোক পুনর্বসতি পেয়েছে? কত লোক না খেতে পেয়ে মরে গেছে, কত লোক হারিয়ে গেছে, পরিবারগুলি ভেঙে চুরমার হয়ে গেছে, কান্না এবং চোখের জল তাদের সংসারে—কটা লোককে আপনারা পুনর্বসতি দিতে পেরেছেন? পুনর্বসতি ওদের দিতে পারেন নি। তাই আমার বক্তব্য হচ্ছে মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, অত্যন্ত সোজা এবং সহজ ভাষায় যে এইভাবে ভালমানুষী সাজার কোন অর্থ হয় না, মায়া কান্নার কোন অর্থ হয় না, মায়া কান্না কাঁদলে চলবে না। স্পষ্ট ভাষায় বলতে হবে ক্যানসেল করা অনুচিত, অন্ততঃ অফিস করার কথা। কার সাথে কথা, না পাকিস্তানের সাথে কথা। একটা ভাল মানুষ সরকার, তাই তার সাথে কথা বলে আরো কয়েকটি অফিস খোলার চেষ্টা করা—এই অবস্থাকে কি মেনে নিচ্ছেন পাকিস্তান সরকার। কথায় বলবে অফিস করতে দেবো এতে বাংলার দায়িত্ব নেই। তাই আমার বক্তব্য হচ্ছে এই যে, আপনার অ্যামেন্ডমেন্টটি অত্যন্ত সাংঘাতিক অ্যামেন্ডমেন্ট। অত্যন্ত কায়দা করে, চাতুরী সহকারে এই অ্যামেন্ডমেন্ডটি এনে সমস্ত প্রস্তাবটিকে নাকচ করে দিতে এসেছেন। সেই জন্য আমি এই অ্যামেন্ডমেন্টের তীব্র বিরোধীতা করে এবং এই প্রস্তাবটি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Kashi Kanta Maitra:
মাননীয় স্পীকার, স্যার, যে প্রস্তাব মাননীয় জ্যোতিবাবু এই হাউসের সামনে রেখেছেন আমি পুরোপুরিভাবে সেই প্রস্তাব সমর্থন করছি। আমি মনে করি এই যে সীমান্ত বন্ধ করার সিদ্ধান্ত করা হয়েছে, এটা পূর্ববঙ্গের অসহায় নরনারী যারা এখানে আসবার জন্য ব্যাকুল হয়ে রয়েছে তাদের পিছনে নিষ্করুণ এক ছুরিকাঘাতের ব্যবস্থা করা হচ্ছে। স্যার, বাইবেলের সেই গল্পের কথা মনে আছে নিশ্চয়ই—যেখানে বৃদ্ধ পিতা বলেছেন

The voice is Jackle's voice, but the hand is that of Essau.

এও হচ্ছে তাই। এই যে ছুরি ওদের পিঠে বসান হল, এই ছুরি যে হাতে মারা হয়েছে সেটা মহাবীর ত্যাগীর হাতের ছুরি। কিন্তু এই ছুরি হাতে তুলে দিয়েছেন বাংলাদেশের মহীয়সী ত্রাণমন্ত্রী আভা মাইতি এবং তাঁর দলনেতা বাংলার মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন। এই মুখ্যমন্ত্রী যাঁর বিরুদ্ধে আমরা দিনের পর দিন অভিযোগ এনেছি, মন্ত্রিসভাতে এ'রাই চক্রান্ত করে ভারত সরকারকে বাধ্য করেছেন এইরকম ধরনের একটা কুৎসিত এবং নোংরা সিদ্ধান্ত নেবার জন্য। আমাদের সলিউসান হচ্ছে

planned migration of the marooned minority from East Pakistan.

এ নিয়ে আমরা গত বছর আন্দোলন করেছি সংখ্যালঘু বাঁচাও কমিটির পক্ষ থেকে এবং আমাদের বহু কর্মী ও সাথী কারাবরণ করেছেন এবং সেখানে নিপীড়িত হয়েছেন। সুতরাং এই সমস্যার সমাধান সেইভাবেই সম্ভব যে পূর্ববঙ্গের উদ্বাস্তুদের ভারতবর্ষে আনা হোক এবং এনে এদেশে পুনর্বাসন দেওয়া হোক। আমি এই প্রস্তাব সম্বন্ধে বিশদভাবে বলবার সুযোগ পাব না, কারণ, সময় কম। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অন্তত কংগ্রেস পার্টির সদস্যদের বলব একটু বিবেচনা করে দেখুন যে আদৌ কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন দপ্তরের এই সীমান্ত বন্ধ করবার অধিকার সংবিধানে আছে কি? এই কথা আমি গত পরশু দিন বলে-ছিলাম। কিন্তু বলবার জন্য এই আসনে সেদিন যিনি ছিলেন তিনি আমায় তিরস্কার করে-ছিলেন। আমি আপনাকে বলছি যে যদি এই সংবিধান পড়ে দেখেন আর্টিকেলস ৭৩, ১৫৩, ২৫৬ এই তিনটি সেভেনথ সিডিউল-এ কংকারেণ্ট লিস্ট, লিস্ট থ্রি, এণ্ট্রি ২৭ যদি আপনি পড়ে দেখেন তাহলে দেখবেন যে পুনর্বাসন দপ্তরের আদৌ কোন ক্ষমতা নেই। কাজেই এই ধরনের সিদ্ধান্ত নেওয়া পশ্চিমবঙ্গ বিধানসভা এবং বিধান পরিষদ এর মতামত না নিয়ে, এটা একটা সংবিধানের প্রশ্ন এবং এটা আপনার বিবেচনা করা দরকার। সেইজন্য আমি খুব বিনয়ের সঙ্গে বলছি যে কংগ্রেস সদস্যরা একটু দলবাজি ছেড়ে দিয়ে একটু তলিয়ে আত্মসন্ধান করুন এবং এটা আপনাকে বলতে হচ্ছে এই জন্য যে এ'রা অধিকার সম্বন্ধে এখন সচেতন নন। অধ্যক্ষ মহাশয়, পুনর্বাসন দেওয়া ছাড়া আর একটা প্রশ্ন আছে। যাঁরা এদেশে এসেছেন তাঁদের সম্বন্ধে দেখুন এই যে সিদ্ধান্ত এটা একটা মারাত্মক সিদ্ধান্ত। এর আগেও বর্ডার সিলিং-এর প্রশ্ন এসেছে, কিন্তু সেটা কি ধরনের—সীমান্তের ওপার থেকে যাঁরা এসেছেন ভ্যালিড ট্রাভেল ডকুমেণ্ট না নিয়ে তাঁদের আমরা রিহ্যাবিলিটেশান ফেসিলিটিজ দিই নি, পুনর্বাসন দিই নি। এবার কি হতে চলেছে—এবার হতে চলেছে যে, যারা ট্রাভেল ডকুমেণ্ট না নিয়ে আসবে তাদের যে শুধু পুনর্বাসন দেওয়াই হবে না, তাই নয়, তাদের সীমান্তের অপর পারে থাকতে হবে। অর্থাৎ ভারতবর্ষে ঢুকতে দেওয়া হবে না। সুতরাং সীমান্তের দ্বার এইভাবে আর কখনও রুদ্ধ হয় নি এবং এইভাবে সীমান্তে তালা বন্ধ হয় নি। সুতরাং এইরকম ধরনের যে একটা মারাত্মক

[4-30—4-40 p.m.]

সিদ্ধান্ত কি করে ভারত সরকার নিতে পারলেন আমি বুঝতে পারছি না। তৃতীয়ত, সীমান্তের প্রশ্ন নিয়ে মহাবীর ত্যাগী বলবার কে এই কথা আমি জিজ্ঞাসা করতে চাই? এটা তো মুখ্যমন্ত্রী বলেছেন যে, পুনর্বাসন থেকে সীমান্তের প্রশ্ন আলাদা। যদি তাই হয় তাহলে উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়ার প্রশ্নের সঙ্গে জড়িত আছে মহাবীর ত্যাগীর দপ্তর, কিন্তু বর্ডারের প্রশ্ন আন্তর্জাতিক যেখানে রাজনীতির প্রশ্ন আন্তর্জাতিক আইনের প্রশ্ন, সেখানে সেটা ফরেন মিনিস্ট্রির এক্তিয়ারভুক্ত, হোম মিনিস্ট্রীর এক্তিয়ারভুক্ত। কিন্তু স্যার, আপনি দেখে থাকবেন গত-বার এই রিল্যাকসেসানের কথা কে বলেছিলেন, না, নন্দজী বলেছিলেন। নন্দজী তখন রি-হ্যাবিলিটেশান মিনিস্টার ছিলেন না, হোম মিনিস্টার হিসাবে তিনি স্টেটমেন্ট করেছিলেন।

সুতরাং আজকে হোম মিনিস্টার কেন স্টেটমেণ্ট করলেন না? আজকে ফরেন মিনিস্টার কোন স্টেটমেণ্ট করলেন না, প্রাইম মিনিস্টার কোন স্টেটমেণ্ট করলেন না, স্টেটমেণ্ট করেছেন মহাবীর ত্যাগী এবং আমাদের মুখ্যমন্ত্রী তাকে সমর্থন জানিয়েছেন। লজ্জার কথা এই যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এই সিদ্ধান্তের বিরুদ্ধে কোন নালিশ বা কোন অভিযোগ বা কোন প্রতিবাদ জানান হয় নি। ধরে নিলাম যে এই সরকার পুনর্বাসন দিলেন না। কিন্তু একটা মানবিক অধিকারের দিক আছে। আমি ইউনিভার্সাল ডিক্লারেশান অফ হিউম্যান রাইটস তার ফোরটিন্থ আর্টিকেল দেখছিলাম, তাতে বলা হচ্ছে

Every person has a right to seek and enjoy asylum in any country.

এই যে রাইট অফ অ্যাসাইলাম এই প্রশ্নটা কি তাঁরা উড়িয়ে দিতে পারেন বা ভারত সরকার এড়িয়ে যেতে পারেন? আজ যদি দালাইলামা এই দেশে ছুটে আসবার সাথে সাথে এ্যাসাইলাম পান, তিব্বতের অগণিত উদ্বাস্তু এদেশে আসবার সাথে সাথে অ্যাসাইলাম পান তাহলে পূর্ব-পাকিস্তানের সংখ্যালঘু সম্প্রদায় হোক, যেই হোক, সে যদি পার্সিকিউশানের হাত থেকে বাঁচবার জন্য, অত্যাচার, নিগ্রহ, লাঞ্ছনার হাত থেকে বাঁচবার জন্য জীবন, মান সম্পত্তি, সংস্কৃতিকে বাঁচাবার জন্য প্রাণের দায়ে এদিকে ছুটে আসে তাহলে তাকে অ্যাসাইলাম কেন এই সরকার দেবেন না? পুনর্বাসনের প্রশ্ন ছেড়ে দিন, কিন্তু অ্যাসাইলামের প্রশ্ন একটা কনস্টিটিউশন্যাল, ইন্টারন্যাশন্যাল অব্লিগেশানের প্রশ্ন। আমি এই সম্পর্কে আপনার মাধ্যমে এই হাউসে কংগ্রেসী সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে ওপেনহ্যাম যার অথরিটি সেই ওপেনহ্যাম তাঁর ইন্টারন্যাশন্যাল ল-এর পিস চ্যাপটারে এক জায়গায় বলেছেন—

> So long as the effective international protection of human rights from persecution and otherwise is not part of International Law, it is consonant with principle that such right of asylum should be recognised and that the sanctity of human life and freedom should prevail over the inconvenience—economic and other—resulting from the obligatory admission of large numbers of persecuted refugees.

ঠিক এই কথা এখানে আসছে অর্থাৎ মুখ্যমন্ত্রী কেন এড়িয়ে যাচ্ছেন? মহাবীর ত্যাগী কেন এড়িয়ে যাচ্ছেন? তাঁরা বলছেন এই অগণিত মানুষ এসে গেলে আমাদের সমস্যার সৃষ্টি হবে, আমরা তাদের ঠেকাতে পারব না, আমরা তাদের পুনর্বাসন দিতে পারব না। ঠিক সে সম্বন্ধে ওপেনহ্যাম যিনি ইন্টারন্যাশন্যাল ল-এর উপর একজন অথরিটি এবং পৃথিবীর সমস্ত সভ্যদেশ যাঁকে মেনে নিয়েছে তিনি বলছেন সেক্ষেত্রে মানুষের প্রাণের যে আকুতি, হিউম্যানের যে ফান্ডামেন্টাল রাইট তাকে বাঁচাবার যে দায়িত্ব সেটার উপর সবচেয়ে গুরুত্ব দেবে এবং সেদিক থেকে বিচার করে তিনি বলেছেন তাকে অ্যাসাইলাম দিতে হবে। আজকে সমস্ত প্রশ্ন ছেড়ে দিয়ে বলছি যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে এই বর্ডার সিলিং-এর নীতি কখনও মেনে নেওয়া উচিত নয় এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বর্ডার সিলিং মেনে নেওয়া হচ্ছে কিসের ভিত্তিতে, না, পূর্ব পাকিস্তানের অবস্থা খুব ভাল হয়ে গেছে। দ্বিতীয় হচ্ছে এই দেশে যারা আসবে তারা এলে পশ্চিমবঙ্গ সরকারের উপর চাপ পড়বে। কিন্তু প্রশ্ন হচ্ছে চাপ পড়বে বলেই তাদের সরিয়ে দিতে হবে? আজ পূর্ব পাকিস্তানের অবস্থা শান্ত একথা আপনি বলতে পারেন? এই সীমান্তে দেখেছেন সীজ ফায়ারিং, তবুও এত লড়াই হয়ে গেল। এর কি প্রতিক্রিয়া পূর্ব পাকিস্তানে হবে না? মুখ্যমন্ত্রী নির্লজ্জের মত বেহায়ার মত বলছেন যে, ফরেন এজেন্টসরা এখানে আসছে। লজ্জা করে না বলতে? এইসমস্ত সংবিধান ছিঁড়ে আগুন দিয়ে পুড়িয়ে দেখিয়ে দেওয়া উচিত। আজ পার্লামেণ্টে কি প্রমাণ হয়ে গেল শেখ আবদুল্লা এখানকার ভ্যালিড পাসপোর্ট নিয়ে এদেশ থেকে বাইরে গিয়ে চৌ-এন-লাই-এর সাথে গোপনে সলাপরামর্শ করছেন। তিনি ভারতবর্ষের বিরুদ্ধে ভারতবর্ষের শত্রুর সঙ্গে ষড়যন্ত্র করছেন। আর স্বর্ণ সিং বলছেন আমি তখন প্রধানমন্ত্রী ছিলাম না। ভারতবর্ষের প্রধানমন্ত্রী বলছেন আমি দুঃখিত। লজ্জা করে না ও'দের সরকারের মুখে এই কথা বলতে? ও'দের সরকারের রাজত্বে ভারতবর্ষের নাগরিক ভ্যালিড ডকুমেণ্ট নিয়ে ভারতবর্ষের বাইরে গিয়ে ভারতবর্ষের চারিধারে ছোরা মারছে, ভারতবর্ষকে অপমানিত করছে। সেটা তাঁরা সহ্য করছেন, কিন্তু যেকথা নিখিলবাবু বলেছিলেন, ঐ আনন্দবাজার, হিন্দুস্থান, যুগান্তর

পত্রিকাতে দিনের পর দিন যে করুণ অসহায় নারীর ছবি উঠেছে, যারা আসছে বাঁচবার জন্য—৭০-৮০ বছরের বৃদ্ধ-বৃদ্ধা, তরুণ-তরুণী, শিশু, কিশোর-কিশোরীর দল, তাদের যদি আজকে বলা হয় ফিফথ কলাম. তাহলে আমি বলব যে, সরকার এইভাবে তাদের এখনও পথে বসাচ্ছে সবচেয়ে বড় বিশ্বাসঘাতক হচ্ছে সেই সরকার। আমি সর্বান্তকরণে এই প্রস্তাব সমর্থন করছি এবং আমি আনন্দবাবুকে বলছি তিনি চালাকি করে যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটা অন্ততঃ আজকে মানবিকতার খাতিরে সরিয়ে নিন, সেটাকে প্রেসটিজের ইস্যু করবেন না। যে প্রস্তাব জ্যোতিবাবু রেখেছেন সেই প্রস্তাবকে আজকে গ্রহণ করে বাংলার বিধানসভার ঐতিহ্যকে বাড়ান এবং সংবিধানের আর্টিকেল ৭৩কে আজো চ্যালেঞ্জ করে বলে যাচ্ছি যে কখনও তাঁরা পারেন না। কনস্টিটিউশানকে আপ হোল্ড করুন, কনস্টিটিউশানের সভেরিনটিকে আপনারা বাঁচান।

Shri Narendra Nath Sarkar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে প্রস্তাব এখানে এসেছে এবং তার যে সংশোধন প্রস্তাব মাননীয় সদস্য আনন্দগোপাল মুখোপাধ্যায় এনেছেন তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

আজকে এই গুরুত্বপূর্ণ প্রস্তাব সম্বন্ধে আলোচনা করতে যেয়ে মনে হচ্ছে বক্তৃতার মাধ্যমে এই হাউসে উত্তাপ সৃষ্টি করে কোন লাভ নেই। এইভাবে আলোচনা করে একটা পথ নির্দেশ করতে হবে। সর্বসম্মতভাবে এ সম্বন্ধে একটা প্রস্তাব গ্রহণের প্রয়োজনীয়তা আছে। আমি মনে করি আনন্দবাবু যে সংশোধন প্রস্তাব এনেছেন, তাকে যদি সবাই মেনে নেন তাহলে নিশ্চয়ই আমরা এখানে একটা খুব ভাল কাজ করতে পারবো।

১৯৪৭ সালে দেশ যখন বিভক্ত হলো, ভারতবর্ষ থেকে ঘোষণা করা হলো—

India has been divided not on the basis of religion but on the basis of territory.

ঠিক সেই সময় দেখলাম পাকিস্তান ঘোষণা করলো—

India has been divided on the basis of religion.

আমরা দেখলাম—ভারতবর্ষ যখন ধর্মনিরপেক্ষ নীতি গ্রহণ করে সমস্ত পৃথিবীর সামনে ঘোষণা করলো, ঠিক সেই মুহূর্তে আমরা দেখেছি—যখন পাকিস্তান নিজেকে ধর্মীয় রাষ্ট্র বলে ঘোষণা করলো. তখন ভারতবর্ষের রাষ্ট্রনায়করা ঘোষণা করলেন পূর্ব পাকিস্তান থেকে যেসমস্ত বন্ধুরা উদ্বাস্তু হিসেবে ভারতবর্ষে আসবে, আমরা তাদের যথোচিত পুনর্বাসনের ব্যবস্থা করবো, অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করবো। বিগত ১৯৪৭ সাল থেকে ১৯৫১ সাল পর্যন্ত আমরা দেখছি ১৯ লক্ষ উদ্বাস্তু পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে এসে আশ্রয় গ্রহণ করেছেন এবং আমরা এদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য চেষ্টা করেছি এবং অনেকে পুনর্বাসন পেয়েছেন, অর্থনৈতিক পুনর্বাসন অনেক ক্ষেত্রে কার্যকর হয়েছে। তারপর ১৯৫১ সালে নেহরু-লিয়াকৎ আলী প্যাক্ট হল—১৯৫০ সালে দাঙ্গার ফলে যখন পাকিস্তান থেকে বহু হিন্দু চলে এসেছিলেন উদ্বাস্তু হয়ে, বহু মুসলমানও এদেশ থেকে ওদেশে গিয়ে আশ্রয় গ্রহণ করেছিল। তখন উভয় দেশের সংখ্যালঘুদের নিরাপত্তার জন্য ঐ প্যাক্ট হলো। আমরা সেই প্যাক্ট রক্ষা করলেও পাকিস্তান তা রক্ষা করে নাই—ভঙ্গ করেছে। কাজেই আমরা দেখলাম সেই প্যাক্ট বাস্তবে পরিণত হয় নাই। বহুবার পাকিস্তানে সংখ্যালঘুদের উপর অত্যাচার হয়েছে। পাকিস্তানের সাধারণ নাগরিক, বিশেষ করে সংখ্যালঘু হিন্দু, যারা এক সাথে স্বাধীনতা সংগ্রামে একসঙ্গে লড়াই করেছিল, সেখানে হিন্দুও ছিল, মুসলমানও ছিল। সেই স্বাধীনতা সংগ্রামে কে হিন্দু কে মুসলমান—কোন পার্থক্য তখন ছিল না। কিন্তু যখন ১৯৪৭ সালে দেশ বিভক্ত হলো, তখন এই সংখ্যালঘু সম্প্রদায়ের হিন্দুদের উপর পাকিস্তানে ভীষণ চাপ সৃষ্টি হলো এবং হিন্দুরা বোধ করতে আরম্ভ করলো—এই ধর্মীয় রাষ্ট্রে তাদের ধনপ্রাণ রক্ষা পাবে কিনা! পরবর্তী [illegible] ফলে তারা বিশ্বাস করতে বাধ্য হলো যে পাকিস্তানে তাদের ধনসম্পত্তি জীবনমান আর নিরাপদ নয়। তাদের আশঙ্কা বাস্তবে রূপায়িত হয়েছে, প্রমাণিত হয়েছে—বার বার হিন্দুদের উপর অত্যাচারের ফলে। কাজেই বহু হিন্দু উদ্বাস্তু হয়ে সেখানথেকে এদেশে এসেছে আশ্রয় গ্রহণ করেছে। আমরা একটা

জিনিস বিশেষ করে লক্ষ্য করছি যে, যখনই পাকিস্তানে প্রতিক্রিয়াশীল আন্দোলন হয়েছে তখনই সেখানে হিন্দুদের উপর অত্যাচার হয়েছে। স্বাধীনতা সংগ্রামের বিরাট পুরুষ, অন্যতম নায়ক—আব্দুল গফ্‌ফুর খান আজও পাকিস্তানের কারাগারে নির্যাতন ভোগ করছে, আর যতীন সেনের মত জনদরদী নেতা ও নায়ককে শেষ পর্যন্ত পাকিস্তানের কারাগারে জীবন বিসর্জন দিতে হয়েছে।

[4-40—4-50 p.m.]

সুতরাং পাকিস্তানের সদিচ্ছা এবং তাদের সত্যিকারের কার্যকলাপ সম্বন্ধে মানুষের আর ভুল নেই। আমরা জানি পাকিস্তান শুধু সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গী থেকে নয়, যখনই তাদের বিপর্যয় দেখা দিয়েছে, অর্থনৈতিক বিপর্যয় দেখা দিয়েছে তখনই তারা সেখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের উপর বার বার অত্যাচার করেছে। ১৯৬২ সাল থেকে আমরা লক্ষ্য করছি এবং রাজশাহী ও পাবনায় অত্যাচারের ফলে বহু লোক যে নিরাশ্রয় হয়েছে সেকথা ভারতবর্ষের এবং বাংলাদেশের লোক ভোলেনি। স্যার, ১৯৫১ সালে ঘোষণা করা হোল যারা পূর্ব পাকিস্তান থেকে উদ্বাস্তু হয়ে এখানে আসবে তাদের মাইগ্রেশন সার্টিফিকেট নিয়ে আসতে হবে এবং তাতে লেখাতে হবে নো রিলিফ, নো রিহ্যাবিলিটেশন। তখন আমরা বেদনাহত হয়েছিলাম। আমরা ভাবলাম আজকে যে মনুষগুলো দিনের পর দিন অত্যাচার ভোগ করছে, নির্যাতন ভোগ করছে তারা যদি নো রিলিফ, নো রিহ্যাবিলিটেশন একথা লিখে মাইগ্রেশন নিয়ে আসে তাহলে তাদের অবস্থা কি হবে? অবশ্য ১৯৬৪ সালে আবার যখন রায়ট শুরু হোল, নির্যাতন শুরু হোল তাদের ধন, প্রাণ, ইজ্জত বিপর্যস্ত হোল তখন আমরা দেখলাম ভারতবর্ষের রাষ্ট্র নায়করা কিন্তু সেকথা বলেন নি। সেদিন তাঁদের কষ্ট হয়েছে এবং যারা এখানে এসেছে তারা এখানেই আশ্রয় গ্রহণ করেছে। স্যার, এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে উদ্বাস্তু হয়ে যারা এখানে এসে আশ্রয় চাইবে তাদের পুনর্বাসনের মূল দায়িত্ব ভারত সরকারকে গ্রহণ করতে হবে। ১৯৪৭ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত বহু উদ্বাস্তু এখানে এসেছে এবং সেই লোকের চাপে পশ্চিমবাংলা যে ভারাক্রান্ত হয়েছে সেকথা অস্বীকার করে লাভ নেই এবং যে পশ্চিমবাংলায় প্রতি বর্গমাইলে এক হাজার ৭২ জন লোক বাস করছিল সেটা যে আজকে বেড়েছে সেকথাও অস্বীকার করে লাভ নেই। আজকে পশ্চিমবাংলায় ২ কোটি ৩০ লক্ষের জায়গায় ৩ কোটি ৭০ লক্ষ লোক হয়েছে এবং তার ফলে আমাদের পরিকল্পনা নষ্ট হতে চলেছে। কিন্তু তা হলেও পশ্চিমবাংলার লোক একথা বিশ্বাস করে পূর্ব পাকিস্তানে সংখ্যালঘু সম্প্রদায় যারা আছে তারা আমাদের সঙ্গে স্বাধীনতা সংগ্রামের সৈনিক ছিল, তারা আমাদের সঙ্গে সংগ্রাম করেছিল, দেয়ার ব্লাড অফ আওয়ার ব্লাড, দেয়ার ফ্লেস অফ আওয়ার ফ্লেস অ্যান্ড বোনস অফ আওয়ার বোনস। কাজেই তাদের কেউ ভোলে নি এবং তাদের দুঃখের দিনে আমরা তাদের শরিক হব না এটাও কোন কথা নয়। আনন্দবাবু যে সংশোধনী এনেছেন তাতে পরিষ্কার বলা আছে যে, মানুষ আসবে তাকে আসার সুযোগ দিতে হবে এবং মাইগ্রেশন সম্বন্ধে পরিষ্কার করে বলেছেন অধিক সংখ্যক লোক যাতে আসতে পারে তার ব্যবস্থা করতে হবে। তবে সীমান্তের দ্বার খুলে দাও একথা যাঁরা বলেন তাঁরা দায়িত্ব নিয়ে কথা বলেন না। পাকিস্তান যখন ভীষণ সংকট সৃষ্টি করছে, সীমান্তের উপর হানা দিচ্ছে তখন আমাদের রাজনৈতিক ক্ষেত্রে আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গী নিয়ে এই সীমান্ত সম্বন্ধে ভাল করে চিন্তা করতে হবে। শুধু একথা বললেই হবে না যে, সব দ্বার খুলে দাও। যারা দুঃখ নিয়ে, বেদনা নিয়ে, ইজ্জতের জন্য আসবে তাদের নিশ্চয়ই আমরা গ্রহণ করব, কিন্তু স্পাই হিসেবে যারা আসবে, আনরুলি বা আনডিজায়েবল এলিমেন্ট যারা আসবে তাদের গ্রহণ করার কোন প্রশ্ন নেই। আজকে আমাদের সচেতন হতে হবে, শুধু গলাবাজি করে কোন লাভ হবে না। আমরা যদি এই সীমান্ত সম্বন্ধে ধীরস্থিরভাবে আলোচনা না করি তাহলে চোখের উপরেই দেখলাম কোচবিহারে, মেখলীগঞ্জে অত্যাচার হোল এবং নদীয়া জেলায়ও দিনের পর দিন যেসমস্ত কার্যকলাপ চলছে সে সম্বন্ধে আমাদের ওয়াকিবহাল হতে হবে। আমি একথা বলছি না সীমান্ত সিল করে দাও, কিন্তু যাঁরা বলছেন সব দ্বার খুলে দাও আমি সেই দলের লোক নই। আপনারাও চিন্তা করে দেখুন সব দ্বার খোলা উচিত কিনা। যারা আসতে চায় তাদের আসতে দিতে হবে এটা আমি মানি এবং কর্তব্যের দিক থেকেও সেই ব্যবস্থা করা প্রয়োজন বলে মনে করি। একথা বলে যে সংশোধনী প্রস্তাব এসেছে তাতে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Birendra Narayan Ray:

ন্যার, বিরোধী দলের নেতা মাননীয় জ্যোতি বসু যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাব সমর্থন করে এবং মাননীয় সদস্য আনন্দগোপালবাবু যে সংশোধনী এনেছেন তার বিরোধীতা করে কয়েকটি কথা বলছি। আজকাল পশ্চিমবঙ্গ-সরকারের নূতন ফ্যাসান হয়েছে, এটা বলা যে আমরা চেষ্টা করছি, সেণ্টারকে দোষ দেন, নেহেরু মারা যাবার পর এই ফ্যাসান হয়েছে। কয়েকদিন থেকে বর্ডার সীল করার জন্য যখন আমরা ব্যগ্র হয়ে আছি, চিন্তিত হয়ে আছি, তখন আমি শুনলাম মুখ্যমন্ত্রীকে নিয়ে নাকি আভা মাইতি গেছেন বর্ডারে চিত্তচাঞ্চল্য দমন করতে। তারপর আমরা যখন উৎসুক হয়ে আছি তখন শুনলাম তিনি এখানে আসা প্রয়োজন বোধ করলেন না, তিনি গেলেন বর্ধমানে শতবার্ষিকী উৎসব পালন করতে মায়াবন বিহারিণীকে নিয়ে, আমরা যখন উদ্বিগ্ন হয়ে আছি গভর্নমেণ্টের বক্তব্য শুনবার জন্য, আমরা যখন ব্যগ্র তখন শুনলাম মুখ্য-মন্ত্রী নেই, আমরা শুনি তাঁদের নাকি জয়েন্ট রেসপনসিবিলিটি, কিন্তু একজন মন্ত্রী না থাকলে বাকী মন্ত্রীরা বোবা হয়ে যান, জ্যোতি বসু মহায়য়ের প্রস্তাব সমর্থন করতে গিয়ে এটা বলছি ভারতবর্ষ যখন বিভক্ত হয়েছিল, সেই সময় আমাদের নেতারা আমাদের জনসাধারণের মত নিয়েই বিভক্ত হয়েছিল এবং তখন একথাই হয়েছিল যে যদি কোন দিন পাকিস্তান থেকে উদ্বাস্তুরা নপীড়িত হয়ে আসে তাহলে চিরদিন আমরা তাদের ভাই বলে মনে করবো, আত্মীয় বলে মনে করবো, ১৯৬২ সালে মাননীয়া মন্ত্রী আভা মাইতিও একথা বলেছিলেন। আজকে শুনলাম বর্ডার সীল করা দরকার কারণ সীমান্তে নানা সমস্যা দেখা দিয়েছে, বিদেশী চরেরা এসে স্বাধীনতা বিঘ্নিত করতে পারে এরকম লোক আছে। কিন্তু যারা অত্যাচারিত হয়ে আসবে তারা কি এইভাবে আসবে? আর একজন মাননীয় সদস্য বললেন যে কংগ্রেসের মধ্যে এই রকম চর আছে, এটা সত্য কথা। আমি বর্ডার থেকে এসেছি আমি ইয়াসিন সরকার বলে যে ভদ্রলোক তিনি স্পাই কিন্তু তিনি যেহেতু কংগ্রেসের সঙ্গে জড়িত সেই জন্য তার সাত খুন মাফ। আমি অভিযোগ করেছিলাম যে এই ভদ্রলোক পারমিট নিয়ে ২২ বাণ্ডিল টিন পাকিস্তানে পাঠিয়েছেন, এ সম্বন্ধে আরও বলছি যে রেকমেন্ডিং অথরিটি আছে তার মধ্যেও পাকিস্তানী চর আছে, একথা অস্বীকার করলে হবে না।

আমি আর একটা কথা বলতে চাই, আনন্দগোপাল মুখোপাধ্যায় মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তার মধ্যে মিনিস্টার ডিলে আছে, সয়তানী চাল আছে, ডিলেয়িং ট্যাকটিক্স আছে, এপ্রিলের পর থেকে যারা আসবে তাদের আমাদের পুষ-ব্যাক করতে হবে, অথচ কেন্দ্রীয় সরকারের কাছে জানাও, তাদের অনুরোধ কর, এই রকম একটা ডিলেয়িং ট্যাকটিক্স করছেন। কংগ্রেসের মধ্যে যারা সংলোক আছে দরদী লোক আছে ইস্ট বেঙ্গল রিফিউজীর জন্য তাদের কাছে অনুরোধ করি যে আপনারা বাধ্য করুন আনন্দগোপালবাবুকে এই প্রস্তাব প্রত্যাহার করতে এবং মাননীয় জ্যোতি বসু মহাশয় যে প্রস্তাব দিয়েছেন সেই ওরিজিন্যাল প্রস্তাব গ্রহণ করতে।

[4-50—5 p.m.]

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে প্রস্তাব এসেছে তার সমর্থনে কয়েকটি কথা বলতে চাই, ১লা এপ্রিল আরম্ভ হবার কয়েকদিন পূর্বে এ বিষয়ে একটা দৃষ্টি আকর্ষণ করে আমি বলেছিলাম শুধু আমি নয় যুগান্তর ও আনন্দবাজার কাগজেও এ সম্পর্কে গত মার্চ মাসে কয়েকটি খবর বেরিয়েছে। কিন্তু পশ্চিমবাংলা সরকার এ বিষয়ে কোন গুরুত্ব দিচ্ছেন বলে মনে হয় না। কিন্তু আমার এখন কথাবার্তা শুনে মনে হয় যে কেন্দ্রীয় সরকার যে এত বড় একটা কাজ করলেন তাতে যে পশ্চিমবাংলা সরকারের কোন মতামত নিলেন না এটা হতে পারে না। পশ্চিম বাংলা সরকার সমস্ত জেনে শুনে এ অন্যায় কাজে মত দিয়েছেন। কিন্তু দেশবাসীর কাছে গোপন করে সব কাজ হাসিল করেছেন। গত এপ্রিলের আগে তাঁরা আমাদের কাছে কিছু বলার প্রয়োজন বোধ করলেন না। এটা গুরুতর অপরাধ কেন তা করলেন জানি না। তাঁরা একটা নীতি নিয়েছেন, কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার পূর্ববঙ্গে যে সমস্ত উদ্বাস্তু ভাইবোন আসতে চান তাদের কোন দায়িত্ব গ্রহণ করবেন না। আপনি জানেন যে ৭ লক্ষ যে উদ্বাস্তু এখানে এসেছেন তাদের সম্বন্ধে কোন দায়িত্ব তাঁরা গ্রহণ করেন নি। তাদের দণ্ডকারণ্যে পাঠিয়ে দিয়েছেন। তাদের যারা এখানে আছেন তাদের কোন

সহযোগিতা করছেন না, এমন কি তাদের অনেক না খেয়ে মারা যাচ্ছে, তাদের কোন রকম সাহায্য দিচ্ছেন না, আশ্রয়ের ব্যবস্থা করছেন না। সুতরাং এখন তাঁরা ঠিক করেছেন কোন রকম দায়িত্ব নেব না। এখানে লোকগুলো এলে দেখছি বামপন্থীদের পাশে গিয়ে দাঁড়াবে, আন্দোলন হবে সেজন্য তাঁরা এরূপ একজাতীয় বিরোধী নীতি গ্রহণ করেছেন যেটা হচ্ছে বর্ডার সিল করে দেওয়া হয়েছে। এখন সিল করে দেবার কথা বলার জন্য বাইরের জনসাধারণ তাদের উপর ক্ষুব্ধ হবে, এতবড় একটা মানবিকতা বিরোধী কাজ করবেন তা হতে পারে না। সেজন্য আনন্দবাবু একটা কথা বললেন কনসিডার—কনসিডার কি করবেন, বর্ডার তো অলরেডি সিল হয়ে গেছে। সুতরাং কনসিডারের কোন প্রশ্ন নেই। কংগ্রেসের অনেক সদস্য আছেন, যাদের আন্তরিকতা বোধ আছে, তাঁরা বলেন যে আমরা কি করবো, পার্টি ডিসিপ্লিনের জন্য আমাদের বলার উপায় নেই, সুতরাং যদি আন্তরিকতা থাকে তাহলে আমি বলবো যে পার্টি বড় কথা নয়, বড় কথা হচ্ছে দেশের জনসাধারণ। সুতরাং তাঁরা যদি এটাকে অন্যায় বলে মনে করেন তাহলে তাঁদের একটা মতামত কেন্দ্রীয় সরকারের কাছে জানাতে পারি। এই যে যারা আমাদের দেশে এসেছে তাদের আজ পর্যন্ত কোন ব্যবস্থাই সরকার করেন না। তাদের শিক্ষার ব্যবস্থা, পুনর্বাসন, নাগরিক অধিকরের ব্যবস্থা, এ সরকার কিছুই করেন নি। কিন্তু তবুও লক্ষ লক্ষ লোক আসছে এবং এখনও যারা রয়েছে তারা আসতে চান। এর কারণ হচ্ছে পূর্বপাকিস্তান থেকে এখনও পর্যন্ত নিরাপত্তার সম্পূর্ণ ব্যবস্থা হয় নি। সেখানকার গণতান্ত্রিক আন্দোলন যারা করেন সেখানকার শুভবুদ্ধি সম্পন্ন মানুষ যারা আছে সংখ্যাগুরু সম্প্রদায়ের মধ্যে আছে তারা তাদের যথেষ্ট সহযোগিতা করছেন আমরা দেখেছি বিগত হাঙ্গামার সময় যে তারা প্রচণ্ডভাবে আন্দোলন করেছিল যার ফলে সেখানে হাঙ্গামা প্রশমিত হয়েছিল। কিন্তু তবুও এটা অস্বীকার করবার উপায় নেই যে কংগ্রেস থেকে যারা দেশ বিভাগ করেছিলেন নিজেদের স্বার্থসিদ্ধির জন্য তাঁরা বলেছিলেন যে সেখানের সংখ্যালঘু লোকজন বিপদাপন্ন হয়ে যারা আছেন তাঁরা যে মুহূর্তে এখানে আসবেন আমরা তাদের গ্রহণ করবো। কিন্তু সেখানে যে কোন মুহূর্তে বিপদ সৃষ্টি হতে পারে কিন্তু সে সময় আসবার জন্য ভ্যালিড ডকুমেন্ট-এর প্রয়োজনে তাকে যদি ঢাকা, যশোহর, কুষ্টিয়া যেতে হয় তাহলে কি অবস্থা হয়। আমরা জানি আপনাদের এ রামরাজত্বে একটা সার্টিফিকেট জোগাড় করতে ১, ২, ৩ মাস চলে যায়। পাসপোর্ট অফিস থেকে পাসপোর্ট পেতে গেলে ৩, ৪ মাসের কমে একটা পাসপোর্ট পাওয়া যায় না। আপনি কি করে চিন্তা করেন পাকিস্তানে এটা তাড়াতাড়ি হয়ে যায়ে, সুতরাং এটা হয় না। এটা আপনাদের বিচার করা উচিত, ভ্যালিড ডকুমেন্ট সবাই আনবে এটা খুব স্বাভাবিক কথা।

পশ্চিমবাংলা এবং পূর্ববাংলার সম্পর্ক অন্য রকমের এবং যেহেতু কৃত্রিম একটা সীমারেখা সেখানে আছে যেহেতু সেখানে অচল অবস্থার সৃষ্টি হয়েছে। তাঁরা সেখানে সুখে থাকছেন না, এখানেও সেই একই অবস্থা, কিন্তু তবু তারা এখানে আসতে চান, কারণ সেখানে নিরাপত্তার অভাব রয়ে গেছে। সুতরাং এ অবস্থায় যদি বর্ডার সিল করে দেন তাহলে অবস্থা যে কি হবে সেটা বুঝতেই পারবেন এবং সেখানকার সংখ্যালঘুদের মরণের মুখে আপনারা ঠেলে দেবেন—অথচ ১৯৪৬-৪৭ সালে নিজদের স্বার্থ-সিদ্ধির জন্য আপনা অনেক বড় বড় কথা বলেছিলেন যে তাদের সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করা হবে, কিন্তু সে দায়িত্ব আপনারা নিচ্ছেন না এবং পুনর্বাসনও দিচ্ছেন না। আবার যারা এখানে আসতে চান এবং নিজেদের দায়িত্বে একটু বাঁচতে চান তাঁদের সে সুযোগ আপনারা দেবেন না। অতএব এ বর্ডার সিল করে দেওয়াটা একটা মানবতা বিরোধী কাজ। আপনারা বলবেন যে সেন্ট্রাল করছে আমরা কি করবো, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কাছে আপনারা প্রস্তাব পাঠাতে পারেন যে বাংলাদেশের জনসাধারণ এটা মনে করে যে আমাদের দেশের যদি এরূপ পঞ্চমবাহিনীর লোক আসে সে পাকিস্তানী হোক রার যেই হোক তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন, কিন্তু তা আপনারা করেন নি। বর্ডারে যে চোরাকারবারী চলছে তা বন্ধ করেন নি কিন্তু তাদের দায়িত্বে তারা যাতে এখানে না আসতে পারেন, এখানে এসে জীবন ধারণ না করতে পারেন সেজন্য বর্ডার সিল করে নিজেদের রাজনৈতিক দায়িত্ব পরিহার করবার চেষ্টা করছেন। সুতরাং এটা বন্ধ করুন এবং [illegible] ভাবে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তার সততা রক্ষা করুন। পূর্ববঙ্গে সংখ্যালঘু ভাইবোনদের এভাবে ফেলে রাখবেন না। আনন্দবাবু প্রস্তাব এনে আসল প্রস্তাবকে ধামাচাপা দেবার চেষ্টা করছেন সেটা

রা উচিত নয়, আপনাদের যদি আন্তরিকতা থাকে তাহলে এভাবে বর্ডার সিল করা উচিত নয় এবং এবিষয়ে কেন্দ্রীয় সরকারকে আপনারা অনুরোধ করুন। সুতরাং জ্যোতিবাবু যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাব সকলে মিলে গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

শ্রীরমেন্দ্রকিশোর মল্লিক: শ্রদ্ধেয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বাংলাদেশের বিধান পরিষদে সর্বহারাদের যে কথা বলা হয়েছে তার সম্বন্ধে বলতে চাই। এই সভায় এমন কোন আদর্শ বা নিদর্শন সৃষ্টি করা উচিত নয় যাতে সাধারণ লোক প্রশ্ন করে যে কেন আমরা ওখানে দের পাঠিয়েছি। এজন্য করজোড়ে অনুরোধ করছি। আজকে এখানে বর্ডার সিল সম্বন্ধে য আলোচনা হচ্ছে এটা খুবই আনন্দের কথা। বর্ডার দিয়ে গত কয়েক বৎসরে যারা এসেছে া আসছে বা আসতে চায় এ সম্বন্ধে বর্ডারে যারা বাস করে তারা জানে। দিন, রাত্র মানে না, ড়বৃষ্টির বাধা মানে না, যাদের ঘরে এসে মাথা গুঁজবার জন্য দাঁড়ায় তারাই তাদের কথা জানে। ই নিয়ম-শৃঙ্খলা না মেনে, দায়িত্ব না মেনে যারা আসছে তারা কৃষকরা যে কেউ হোক সঙ্গে ছুই আনতে পাচ্ছে না। তারা বলে আমরা যেসব নিয়ে আসছিলাম বর্ডার থেকে ১৫।২০ াইল দূরে পাকিস্তানে পরনের কাপড় ছাড়া সব কেড়ে নিচ্ছে। তারা আরো বলে পাকিস্তান তে আসতে গেলে ২৫, ৩০, ৫০ এমন কি ১০০ টাকা ঘুষ দিয়ে তবে আসতে হয়। তাদের রুণ কাহিনী, চেহারা ও অত্যাচারিত রূপ তা দেখে সত্যই মর্মাহত ও দুঃখ পেতে হয়। ঃখের বিষয় আমরা যারা পশ্চিমবাংলার সীমান্তে থাকি তাদের কাছে ঐ সর্বহারারা এসে াজের বাড়ী মনে করে সর্বপ্রথম আসে। তাদের মায়া-মমতা ভালবাসা ত্যাগ করা যায় না। ই বিধানসভার একজন সদস্য শ্রদ্ধেয় হেমন্তদা, যিনি ১৯৪৭ সাল থেকে বাস্তুহারাদের জন্য সত্যকারের কাজ কেউ করলে তা হল শ্রদ্ধেয় হেমন্ত বসু। অমর বসু ও হেমন্ত বসু মহাশয় আজ একসঙ্গে অবশ্য বসতে পারেন নি। আর এদের সঙ্গে বিপিনদা ও তারকদা আজ নেই; ললিত সিংহও চলে গেছে, মেদিনীপুরের প্রমথদা, নরেনদা তিনি বেঁচে আছেন। এরা বাস্তুহারা-দের সঙ্গে মিশে দায়িত্ব নিয়ে কাজ করেছেন এবং এদের আজও আমরা দেখতে পাচ্ছি। আমি হেমন্তদাকে একটা কথা জিজ্ঞাসা করি, গতবার তিনি যখন বগুলায় গিয়েছিলেন, তখন তাঁকে জানিয়েছিলাম এই যে এখানে এক লক্ষ বা তার বেশী বাস্তুহারা বসেছে ও এখানে যে গভর্নমেন্ট কলোনী হয়েছে এসব আপনারই দান। এই অঞ্চলের সাধারণ মানুষ সাধারণ কৃষক আর গভর্নমেন্ট কলোনী আছে মাত্র দু-তিনটি।

[5—5-10 p.m.]

কিন্তু হেমন্তদা, এই অঞ্চলে যে ১।২ লক্ষ লোক বসেছে—এটা আপনার দান। আপনি তখন কংগ্রেসে ছিলেন। তখন ভবানীপুর নীলকুঠি থেকে আরম্ভ করে সাধারণ লোকের কাছে ঘুরে আপনার সঙ্গে এই সমস্ত লোকের পুনর্বসতি হয়েছিল। সেই সমস্ত সাধারণ মানুষ এখানে আছে এখানে কোন ধনী নেই, অবস্থাপন্ন লোক নেই এবং কুচক্রান্তকারী কোন লোক নেই। কিন্তু দুঃখের বিষয় কিছু সংখ্যক লোক ৫ম বাহিনীর এর মধ্যে বসেছে। হেমন্তদা আমি আপনার কাছে করজোড়ে প্রার্থনা জানাই যে এখানে একটা জিনিস আমরা দেখতে পাই সেটা হচ্ছে—উনি বললেন কি আমি বললাম বলবো আমি আমার কলেজের প্রিন্সিপ্যাল রবি ঘোষকে সকলেই জানেন—আমরা দুই জন এক সঙ্গে হেমন্তদাকে বললাম আমার বগুলা ইউনিয়নে ১৩ হাজার লোকের বাস এবং এর ভিতর প্রত্যেক গ্রামের গ্রাম-অধ্যক্ষ এবং অঞ্চল প্রধান তারা দরখাস্ত করেছেন শুধু আমার কাছে নয়,শুধু ইউনিয়ন বোর্ডে বি ডি ও অফিসে নয় ডি এম-এর কাছে। আমি প্রমাণ করিয়ে দিতে চাই যে বগুলা থেকে অন্তত ৫০০ লোক আজ নূতন রিফিউজি সেজে বর্ডার দিয়ে ঘুরে দণ্ডকারণ্যে গেছে—হেমন্তদা এর উত্তর কোথায়? পশ্চিমবাংলার চেহারা যদি এই হয়—পশ্চিমবাংলার সাধারণ মানুষের ভিতর এই যদি মনোভাব হয় তাহলে পশ্চিমবাংলা সরকার ধ্বংস হয়ে যাবে, বাস্তুহারাদের যে দাবী সেই দাবীও ধ্বংস হয়ে যাবে—হেমন্তদা রক্ষা করুন—বিশেষ করে আপনার যে আন্দোলন আমি জানি আপনার মত একটা সৎ সরল মানুষ নেই কিন্তু আরও রিলিফ কমিশনারের কাছে দেখলাম প্রায় ৬০।৬৫ হাজার লোকের কোন ডকুমেন্ট নেই যারা পাকিস্তান থেকে গতবারে এসেছেন। আমার মনে হয় এই ৬০।৬৫ হাজার লোক পশ্চিমবঙ্গে তারা রিফিউজী সেজে এসেছিল পূর্ববাংলার কোন মাইনরিটি বা বিভিন্ন পঞ্চম বাহিনীর লোক যে এই ৬৫ হাজারের মধ্যে নেই এর প্রমাণ কোথায়? আজ পশ্চিমবঙ্গ-সরকার ভারত-সরকার যে আইন করেছেন এ আইন তো পূর্বেও

ছিল, বর্ডারে আইনটা কি মহাশয়, আমি সেদিন বলেছি প্রথম বক্তৃতায় এমন জায়গায় বর্ডারের আমরা আছি যেখানে পাকিস্তান থেকে লোক হিন্দুস্থান থেকে লোক আসুক বর্ডার বলে কোন বস্তু নেই এবং সেইখানে যে অবস্থা তা দেখলে মনে হয় যে আমরা কোথায় আছি। সত্যই আমরা চাই যে পাকিস্তান সরকার জাগ্রত হোক, আমরা চাই ভারত-সরকার আরও বেশী দায়িত্ব গ্রহণ করুক, আমরা চাই পূর্ব বাংলা থেকে যারা আসছে তারা সুষ্ঠুভাবে শৃঙ্খলার সহিত আসুক; কিন্তু তাই বলে ঐ সীমান্ত চীনের প্ররোচনায় দালালীতে পাকিস্তানকে যারা ভালবাসে পাকিস্তানের সঙ্গে যারা যুক্ত আছে সে যে-কোন জাতি যে-কোন মানুষ হোক না কেন তাকে আমরা পশ্চিমবাংলার এবং ভারতের লোক মনে করবো পঞ্চম বাহিনী। সেই বাহিনী যাতে না আসতে পারে তার জন্য যা করা দরকার ভারত সরকারকে তাই করতে হবে, সেই আমি সম্পূর্ণ-ভাবে সমর্থন করছি। কিন্তু তার সঙ্গে সঙ্গে এই কথা বলতে চাই যে পশ্চিমবাংলাকে যারা *আপনভাবে ভালবাসে, পশ্চিমবাংলার আদর্শকে যারা শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করে, পশ্চিমবাংলায়* আসতে চায়, পশ্চিমবাংলা সরকার ভারত-সরকার সেখানে এমন আইন করুন যাতে তারা আসতে পারে। এখানে যা শুনলাম মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে গন্ডগোল হচ্ছে সেই মাইগ্রেসন *সার্টিফিকেটের জন্য প্রয়োজন হলে সেখানে শুধু ঢাকায় নয়, সেখানে থানায় এমন কি মহকুমার* সেখানেও বসতে হবে এবং প্রয়োজন হলে—সেখানে ভারত-সরকারের লিয়াজন অফিসার রেখে সমস্ত রকম সহযোগিতা রেখে যাতে পাকিস্তান থেকে আসতে পারে তার ব্যবস্থা করতে হবে। কাজেই আমি মনে করি যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এর আর একটা যোগ করা হোক যে পাকিস্তান থেকে যারা ভারতবর্ষে আসতে চায় ভারত-সরকার তাদের খরচ না নিয়ে অর্থ না নিয়ে পশ্চিমবঙ্গে পাঠাতে পারেন এই আইন বিধানসভায় পাশ হোক এই অনুরোধ করি। শ্রদ্ধেয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে রাখতে চাই যে ১৯৬৪ সালে—গতবার যেটা হোল এবং এবারে যখন গোপালগঞ্জে দাঙ্গা হোল সেই দাঙ্গায় জনসাধারণ ২০০।৩০০ গ্রামের লোক এক সঙ্গে পূর্ব পাকিস্তানের মিলিটারীর সঙ্গে সাক্ষাৎভাবে দাঙ্গা করেছিলেন এবং রায়টের কাহিনী তারা এসে আমাকে বলেছেন, অদ্ভুত ব্যাপার, তাদের প্রতিনিধিরা এসেছিল যে আমরা যে কয়দিন বাঁচবো আমরা যে কয়দিন পূর্ববাংলায় থাকি যদি সেখানে না থাকতে পারি সেই রকম যদি অবস্থায় হয় আপনাদের ওখানে গিয়ে পৌছাতে না হয় এদেশেই থাকবো—শুধু এই কথাই বলবো যে পূর্ববাংলা থেকে যারা আসতে চায় পশ্চিমবঙ্গ-সরকার তাদের আসবার সুযোগ-সুবিধা করে দিন এবং তারা যাতে অত্যাচারিত নিপীড়িত না হয় এবং যদি কোন দাঙ্গা বা এই রকম কোন অবস্থার সৃষ্টি হয় তাহলে পূর্বের মত দাঙ্গার সময় যেভাবে দ্বার খুলে দেওয়া হয়েছিল সেই ভাবে দ্বার খোলার যেন ব্যবস্থা করা হয়, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকমলকান্তি গুহঃ

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গত ৮ ঘণ্টা ধরে—বুধবার ৪ ঘণ্টা, কালকের এক ঘণ্টা এবং আজকের প্রায় তিন ঘণ্টা এই আট ঘণ্টা ধরে পূর্ববঙ্গের সংখ্যালঘুরা এখানে আসতে পারবে কি না এটা আমাদের আজকে আলোচনা করতে হচ্ছে, এটা সবচেয়ে ব্যথা এবং বেদনার কারণ। মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকার একথা বলেছেন যে পূর্ববঙ্গে স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে, কাজেই আজকে বর্ডার সিল করে দেওয়া দরকার। পূর্ববঙ্গের স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে কি না সেটা আমাদের একটু তলিয়ে দেখতে হবে। ২১এ মার্চ লোকসভায় আমাদের বহির্বিষয়ের রাষ্ট্রমন্ত্রী লক্ষ্মী মেনন বলেন যে পাকিস্তানে সংখ্যালঘুদের উপর এখনও উৎপীড়ন চলছে। তা ছাড়াও আমরা দেখতে পাচ্ছি যে ভারতীয় আইনবিদ সংস্থা থেকে যে কমিশন গঠন করা হয়েছিল তার সভাপতি শ্রীপুরুষোত্তম দাস বলেন অমুসলমানদের উৎখাত করার উদ্দেশ্য সিদ্ধির জন্য হিন্দু, খ্রীস্টান এবং বৌদ্ধদের উপর চরম নৃশংসতা সাধিত হয়—অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি যে শুধু সাম্প্রদায়িক মনোভাবই এর কারণ নয়, সেখানকার সংখ্যা-লঘুদের তাড়িয়ে দেওয়ার পিছনে রয়েছে অর্থনৈতিক কারণ যে কারণটা হচ্ছে এই যে সেখানকার সংখ্যালঘুদের যদি তাড়িয়ে দেওয়া যায় তাহলে তাদের পরিত্যক্ত ভিটে, জমি-জমা তারা দখল করে নিতে পারে। তারপর স্যার, জুরিস্ট কমিটির নিয়োজিত যে কমিটি তারা মন্তব্য করেছেন যে বিভিন্ন সম্প্রদায় ও গোষ্ঠীর সদস্যদের সরাসরি হত্যা, ধর্মান্তকরণ, দৈহিক ও মানসিক

নির্যাতন, সম্পত্তি আত্মসাৎ, জীবিকা উপার্জনের উপায় বন্ধ করে দেওয়া ইত্যাদি কারণে সংখ্যালঘুরা নিজেদের নিরাপদ বোধ করছেন না, অর্থাৎ পূর্ব পাকিস্তানে এই কারণগুলি এখনও বর্তমান রয়েছে যে সেখানে নারী ধর্ষণ চলছে, সেখানকার সংখ্যালঘুদের উপর অত্যাচার চলছে ধর্মান্তকরণ চলছে—মানসিক নির্যাতন চলছে, সম্পত্তি আত্মসাৎ চলছে, জীবিকা উপার্জনের পথ বন্ধ করে দেওয়া হচ্ছে। এই সব কারণেই আজকে সংখ্যালঘুরা সেখানে থাকতে পারছে না। অথচ সরকার সেখানকার স্বাভাবিক অবস্থা হয়েছে ধরে নিচ্ছেন এই কারণে যে দাঙ্গা হচ্ছে না. খুন হচ্ছে না। তাছাড়া জুরিস্ট কমিটি যে কমিটি নিয়োগ করেছিলেন তারা বলছেন যে. সেখানে জীবিকার পথ বন্ধ করে দেওয়া হচ্ছে, অন্য ধর্মে তাদের কনভার্ট করা হচ্ছে. তাদের সম্পত্তি কেড়ে নেওয়া হচ্ছে, তাদের মানসিক অশান্তি সৃষ্টি করা হচ্ছে—যে কারণে তারা দিনের পর দিন নিরাপত্তার অভাব বোধ করে আজকে চলে আসতে চাচ্ছে। স্যার, আমাদের চীফ মিনিস্টার বলেছেন যে যদি ভ্যালিড ডকুমেন্ট থাকে তাহলে তারা আসতে পারবে। কিন্তু মানুষ ভিটে ছাড়ে কখন? আমি যদি আপনার হাতে একটা ভ্যালিড ডকুমেন্ট তুলে দিয়ে বলি যে আপনাকে এই দেশ থেকে পৃথিবীর যে কোন রাষ্ট্রে যেতে হবে—আপনি কি স্যার, সেই ভ্যালিড ডকুমেন্টের লোভে নিজেদের সাত পুরুষের ভিটা ছেড়ে তিল তিল করে আপনি যে ঐশ্বর্য বা সম্পদ সঞ্চিত করেছেন তাকে ছেড়ে ভ্যালিড ডকুমেন্ট নিয়ে অন্য জায়গায় পাড়ি দিতে পারেন? তা কখনও মানুষ পারে না—মানুষ তা কখন করে? যখন দেখে যে তারা তাদের পুত্র সন্তানকে যে এতবড় করেছেন, তাদের জীবনের নিরাপত্তা নেই. তাদের যখন মান-মর্যাদার নিরাপত্তা নেই—তাদের স্ত্রী-কন্যাদের যখন সতীত্ব নষ্ট হতে চলেছে তখন মানুষ দেশ ছেড়ে চলে যায়। যেমন আমরা দেখেছি জার্মানী থেকে ইহুদীরা পৃথিবীময় ছড়িয়ে পড়েছিল।

[5-10—5-20 p.m.]

যেমন আমরা দেখেছি জার্মানী থেকে ইহুদীরা সারা পৃথিবীময় ছড়িয়ে পড়তে, আজকে সেই কারণে বলছি যে পূর্ববঙ্গের স্বাভাবিক অবস্থা আজকেও আসেনি, খালি একটা খুন একটা দাঙ্গা দিয়েই স্বাভাবিক অবস্থাকে আমরা যদি বিচার করতে যাই তাহলে আমরা সেখানে সংখ্যালঘুদের উপর নিশ্চয়ই অবিচার করবো।

স্যার, মুখ্যমন্ত্রিমহাশয় বলেছেন যে কেন আমরা আজকে সীমান্ত সিল করতে যাচ্ছি, তার কারণ হচ্ছে এই যে সেখান দিয়ে পাকিস্তানী অনুপ্রবেশ ঘটতে পারে, সেখান দিয়ে ফিফ্‌থ কলামিস্ট আসতে পারে, কিন্তু লোকসভায় আমাদের স্বরণ সিং বলেছেন, গুজরাট, সিন্ধুপ্রদেশ সীমান্ত, আসাম পূর্ব পাকিস্তান সীমান্ত এবং পশ্চিমবঙ্গ-পূর্ব পাকিস্তান সীমান্তে উল্লেখযোগ্যভাবে পাক-অনুপ্রবেশ ঘটেছে। গুজরাট-সিন্ধুপ্রদেশ দিয়ে উদ্বাস্তুদের তো যাতায়াত নেই? সেখানকার সিন্ধুপ্রদেশ থেকে গুজরাটে তো প্রতিদিন এইভাবে দলের পর দল উদ্বাস্তুরা আসছে না, তাহলে সেখানে কি করে পাক-অনুপ্রবেশ ঘটছে, আজকে পাক-অনুপ্রবেশের অজুহাতে এই সীমান্ত বন্ধ করে দেওয়া হচ্ছে, কিন্তু আমরা যে কথা বলছি যে পাক-অনুপ্রবেশ কাস্টমস্‌ অফিসার দিয়ে, চেক পোস্ট দিয়ে, সোজা পথে পাক অনুপ্রবেশ ঘটছে না। হয় ভ্যালিড ডকুমেন্ট নিয়ে ঢুকে পড়ে নতুবা তারা যখন সুড়ঙ্গ পথে আসে তখন এই সীমান্ত অতিক্রম করে, তখন যারা পাকিস্তানের প্রতি আন্তরিকতা রয়েছে, যাদের আনুগত্য রয়েছে, তারা তাদের বাড়ীতে আশ্রয় লাভ করে, কাজেই সেই পাক অনুপ্রবেশকে আজকে বন্ধ করতে যেয়ে, আমরা যদি নিরহ অসহায় লোকগুলোর আসার পথ বন্ধ করে দিই, তাহলে তাদের উপর নিশ্চয়ই অবিচার করবো।

স্যার, পাক অনুপ্রবেশ, দিনের পর দিন কিভাবে ঘটছে—এই যে আমি পত্রিকা হাতে নিয়ে কথা বলছি, এটা হচ্ছে জনসেবক। এর সম্পাদক হচ্ছেন অতুল্য ঘোষ মহাশয়, অন্য পত্রিকার কথা বললে মুখ্যমন্ত্রী বলেন পত্রিকাওয়ালারা বাজে কথা লেখে, আজকে এই সম্পাদক অতুল্যবাবু তারই পত্রিকায় একটা খবর বেরিয়েছে যে ২২শে মার্চ দিনহাটা, নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে যে সামুনিরহাট জংশনে ভারতীয় সংযোগ অফিস-এ জনৈক কর্মচারীকে পাকিস্তান কর্তৃপক্ষ গ্রেপ্তার করেছে। তারপর নীচের খবর হচ্ছে দিনহাটার অন্তর্গত সীমান্ত গ্রাম সু[illegible] পাকিস্তানী পতাকা উড়তে দেখা গেছে। [illegible] পতাকা আজকে আমাদের ভারতীয়

রাষ্ট্রের উপর উড়ছে। এই সেদিনকার কথা কারা তুললো তা হলে? যারা পাকিস্তানী অনুপ্রবেশ সেখানে যাদের ঘটেছে, পাকিস্তান থেকে যারা গুপ্তচর এসেছে এবং আমাদের এখানে যারা তাদের লোক রয়েছে, তারাই সেই পাকিস্তানী ফ্ল্যাগ তুলেছিল। ফলে আমরা দেখছি যে নানা দিক থেকে আমাদের অযোগ্যতার দরুন, আমাদের অক্ষমতার দরুন, আমাদের প্রশাসনিক যন্ত্র এত দুর্বল হয়ে গেছে সীমান্তে, যার দরুন দিনের পর দিন পাকিস্তানী গুপ্তচররা ঢুকছে, আর সেই অজুহাত দেখিয়ে আজকে আমরা নিরীহ লোকগুলোর মুখের উপর দরজা বন্ধ করে দিতে চলেছি।

স্যার, আমাদের সরকারের সীমান্ত রক্ষার দায়িত্ব যাদের রয়েছে এবং আমাদের এই রাষ্ট্রের যে প্রশাসনিক যন্ত্র কত দুর্বল, কত অক্ষম, একটা মাত্র খবর দেখলেই আপনি বুঝতে পারবেন, সেটা হচ্ছে যুগান্তর, ১১ই চৈত্র, মাল বোঝাই ৩৮টি ওয়াগন পাকিস্তানে পাচার—বনগাঁ স্টেশন-এ পাকিস্তানী ড্রাইভার-এর সন্দেহজনক কার্যকলাপ। ৩৮টি ওয়াগন নিয়ে বনগাঁ স্টেশন থেকে পাকিস্তানী ড্রাইভার চলে গেল পাকিস্তানে, সেই গাড়ীগুলো নিয়ে সেখানকার পুলিশ, সেখানকার চেক পোস্ট-এর যারা কর্তা কেউ ঠেকাতে পারলেন না। অথচ সেই বনগাঁ স্টেশন থেকে এই ঘটনা ঘটে গেল আর আজকে ওরা নিজেদের দুর্বলতা ঢাকবার জন্য বলছে, নিজেদের অক্ষমতা ঢাকবার জন্য বলছে যে সীমান্তের দ্বার বন্ধ করে দিতে হবে।

স্যার, আপনার কাছে একটা কথা বলতে চাই যে এই বিধান সভার এই প্রাসাদ যেদিন প্রতিষ্ঠিত হয়, সেদিন থেকে মেঘনা, পদ্মা, যমুনা, কর্ণফুলির তীর থেকে বহু বহু বছরের পর বছর বহু জনপ্রতিনিধি আমাদের মত এখানে এসেছেন, তাঁরা—আজকে আমরা যেমন আপনার বাঁপাশে বসে আছি, সেদিনও তাঁরা এই বাঁপাশে বসে এখান থেকে সরকার পক্ষের দিকে তাকিয়ে বজ্রমুষ্টি তুলে, বলিষ্ঠ কণ্ঠে বলেছেন যে স্বাধীনতা আমাদের জন্মগত অধিকার। আজকে তাদের বংশধরদের আমরা এই স্বাধীন ভারতবর্ষে আসতে দিতে নারাজ, তাদের বাঁচবার পথ আমরা বন্ধ করে দিতে চলেছি, এর চেয়ে বড় ট্রাজেডি আর আমাদের জাতীয় জীবনে কোনদিন আসেনি।

স্যার, একটা কথা আপনার কাছে বলতে চাই যে যারা সীমান্ত দিয়ে আসবেন বা যারা যেখান দিয়ে আসুন, আপনারা তাদের পরীক্ষা করুন, তাদের এই নির্দেশ দিন যে ভারতে যখনই তারা প্রবেশ করবে সংখ্যালঘুরা, তাদের নিকটবর্তী থানায় এবং চেক পোস্ট-এ তাদের নাম লেখাতে হবে। সেখানে তারা সত্যিকারের উদ্বাস্তু কি না, সেটা পরীক্ষা করে নেবে চেক পোস্ট এবং থানার অফিসার, আপনারা এই নিয়ম করুন আর পাকিস্তানী অনুপ্রবেশ যদি ঠেকাতে হয়, সেই পাকিস্তানী অনুপ্রবেশ ঠেকাতে হলে এদের চরিত্রের সংশোধন দরকার আছে। যে কথা অনেক সদস্যই বলেছেন। এই হাউস-এ দিনের পর দিন আমি বলেছি, আমরা নাম করে দিয়েছি, আমরা দেখিয়ে দিয়েছি পুলিশকে যে পাকিস্তানের নাগরিক এই দেশে এসে চাকরী করছে, এই দেশে থেকে খবর দিনের পর দিন পাঠাচ্ছে কিন্তু আজকে তাকে সবচেয়ে রক্ষা করছে কংগ্রেসের সেই ১১ টাকার টিকিট। কংগ্রেসের সদস্য হয়ে যাচ্ছে এবং সদস্য হয়ে পুলিশকে ফাঁকি দিয়ে, রাষ্ট্রকে ফাঁকি দিয়ে সে এখানে বহাল তবিয়তে থেকে, এখান থেকে পাকিস্তানে খবর পাঠাচ্ছে। সেদিকে আমাদের লক্ষ্য নেই, আজকে আমরা ঘরের মধ্যে যারা রয়েছে তাদের আমরা সেই কালসাপ পুষছি, তাদের আমরা তাড়ানোর বন্দোবস্ত করছি না। আনন্দ রাও বলেছেন যে পাকিস্তান থেকে যাতে অনুপ্রবেশ না ঘটে কিন্তু সাথে সাথে তিনি কেন একটা কথা বললেন না, যে পাকিস্তান থেকে যেসমস্ত গুপ্তচররা, অনুপ্রবেশকারীরা আমাদের দেশে এসে বসবাস করছে তাদের বিতাড়ন করতে হবে, স্ক্রিনিং করতে হবে, সে কথা তিনি যদি সংশোধনী প্রস্তাবে আগে রাখতেন বুঝতাম এদের আন্তরিকতা রয়েছে, তাদের তাড়ানোর কোনও মতলব নেই, তাদের তাঁরা পুষছেন, এবং এরাই আরও নিমন্ত্রণ করে নিয়ে আসছেন।

স্যার, আমি আপনার কাছে একটা কথা বলবো সেটা হচ্ছে এই যে, আজকে সীমান্তের দুয়ার আপনারা যদি এইভাবে বন্ধ করে দেন বন্ধ করে দিলেও ঐ উদ্বাস্তুদের ঠেকাতে পারবেন না, তারা আসবেই, জনস্রোতকে রোখবার ক্ষমতা কারও নেই, আজ পর্যন্ত কেউ রুখতে পারে নি, তার ভেতরে ঢুকবে, আমরা তাদের অনেকেই শুধু শুধু তাদের হ্যারাস করা হচ্ছে। শুধু শুধু তাদের

াদেরও কষ্ট করে অন্য পথে এসে ঢুকতে হবে, এই করে তাদের দুঃখকে আরও বাড়িয়ে দেওয়া হচ্ছে। আর একটা কথা আপনার কাছে বলি যে সস্তা কথা তারা বলছেন যে এদের সাথে পাকিস্তানীরা ঢুকবে, কালকেও আমি একথা বলেছি যে পাকিস্তানীরা এদের সাথে ঢুকবে না, তাদের আসার জায়গা আছে, কাজেই আজকে আপনার মাধ্যমে সরকার পক্ষকে বলবো যে দুয়ার উন্মুক্ত করে দিন, তাদের আসতে দিন, তাদের এখানে বসবাস করতে দিন, তারা আপনাদের ঘাড়ে চড়ে পরগাছার মত বাঁচতে চায় না, এরা একদিন ভারতবর্ষের স্বাধীনতার জন্য আন্দোলন করেছে, তারা বহু রক্ত দিয়েছে, বহু জীবন দিয়েছে, এরা যদি এসে এখানে কোনমতে দাঁড়াতে পারে আবার ভারতবর্ষকে গড়ে তোলবার জন্য, এই ভংগুর ভারতবর্ষকে এই ধ্বংসোন্মুখ ভারতবর্ষকে গড়ে তোলবার জন্য এরা আমাদের সাথে হাতে হাত মিলিয়ে দাঁড়াবে। এরাও ভারতবর্ষকে একদিন প্রতিষ্ঠিত করতে পারবে। কাজেই এই কথা বলছি যে আজকে এই বিজাতীয় মনোভাব নিয়ে উদ্বাস্তুদের আপনারা ধ্বংস করবার চেষ্টা করবেন না। তাহলে আপনারা তাদের সাথে বিশ্বাসঘাতকতা করবেন। কারণ আন্তর্জাতিক কথাই বলুন, যেকথাই বলুন, আমরা তাদের আপন মনে করি। তারা সে দেশে থাকতে পারেন, তারা আজকে সেই ইংরেজের চক্রান্তে, গদির লোভে তাদের বিদেশী করে দিয়েছেন এই কংগ্রেসীরা ১৯৪৭ সালে, কিন্তু তবু আমরা মনে করি তারা আপন লোক, তারা আমাদের আত্মীয়জন; তারা আমাদের স্বজন, কাজেই তাদের ওপাশে যদি রাখতে চান তাহলে দেশে যে আন্দোলন গড়ে উঠবে, আজকের দিনে সেই আন্দোলনের সম্মুখে আপনারা দাঁড়াতে পারবেন না, শুধু শুধু দেশের মধ্যে আর একটা বিশৃঙ্খলা টেনে আনবেন। কাজেই আসুন আজকে সবাই মিলে এই কথাটা বলি যে তাদের জন্য দুয়ার আমরা খুলে দিলাম, আর একদিন দিয়ে আমরা চাইছি যে যারা পাকিস্তানী গুপ্তচর—যে কোনও রাষ্ট্রের গুপ্তচর হোক না কেন, যারা আমাদের দেশে আছে তাদের তাড়াবো, আর যারা আসতে চাইবে, তাদের আমরা প্রতিরোধ করবো না, এই কথা বলুন, আমরা সমস্বরে বলি, একদিকে ভোট-এর দিকে তাকিয়ে, গদির দিকে তাকিয়ে পাকিস্তানী গুপ্তচরদের আমরা পুষবো ডক-এ, কারখানায়, আমাদের পুলিশের মধ্যে, আমাদের পঞ্চায়েতের মধ্যে আর একদিকে আমরা দেশের নিরাপত্তার কথা বলবো, বড় বড় কথা বলবো,, তাতে দেশের লোক ভুলবে না, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

Shri Anadi Das:

মিঃ স্পীকার, স্যার, আমি একটা কথার উপর জোর দিতে চাচ্ছি সেটা হচ্ছে এই যে পাকিস্তানের সংখ্যালঘুদের যে দায় সেই দায় স্বাধীনতার দায়। ১৯৪৬-৪৭ সালে যখন দেশ বিভাগ করে স্বাধীনতার কথা উঠে তখন দেশের মানুষ সেকথা মানতে চায়নি। পূর্ব পাকিস্তানের যারা সংখ্যালঘু তারা এর বিরোধীতা করেছিল। তখন এই কংগ্রেস দল সস্তায় বাজি মাত করবার জন্য সহজে ক্ষমতায় আসীন হবার জন্য তাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ভারতবর্ষ রইল তোমাদের জন্য, সেখানে অত্যাচারিত হয়ে এখানে যদি কেউ আসতে চায় তাহলে তাদের ভারতবর্ষে আশ্রয় দেওয়া হবে, সেই প্রতিশ্রুতি আজকে ভংগ করা হচ্ছে এবং সেই ভাঙ্গার দায় কংগ্রেসকে অবশ্যই নিতে হবে। সেখানে অত্যাচারিত হোক বা না হোক যারাই সেখান থেকে আসতে চায় তারা যদি সংখ্যালঘু সম্প্রদায়ের হয় তাহলে ঐ প্রতিশ্রুতি অনুযায়ী তাদের এখানে আশ্রয় দিতে হবে, ভারতবাসী হিসাবে তাদের গণ্য করতে হবে। এ দায় স্বাধীনতার দায়, লিগ্যাসি অব ইন্ডিপেন্ডেন্স, এই কথার উপর জোর দিয়ে আমি আজকে কেন্দ্রীয় সরকার যে নীতি ঘোষণা করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করছি। পশ্চিমবংগের যাঁরা কংগ্রেস দল যাঁরা ক্ষমতায় আসীন আছেন তাঁরা যে কতখানি নির্মম, হৃদয়হীন, তার প্রমাণ এই যে এ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে তার থেকে পাওয়া যায়। জ্যোতিবাবুর যে প্রস্তাব সেই প্রস্তাব সমর্থন করে এই এ্যামেন্ডমেন্টের বিরোধিতা করতে গিয়ে আমি বলছি যে মূল প্রস্তাবের ল্যাংগোয়েজটা একটু দেখুন—ক্যানসেল দি অর্ডার, ঐ যে সিল করার অর্ডার ওটাকে ক্যানসেল করুন। আর এখানে বলা হচ্ছে—before such cancellation, the desirability of opening office in East Pakistan. এটা দেখা হোক অর্থাৎ ক্যানসেল করবার দরকার সেই অর্ডার বজায় থাক এই কথা তিনি বলতে চাইছেন। এই যে এ্যামেন্ডমেন্ট করছেন এই এ্যামেন্ডমেন্টের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি।

জ্যোতিবাবুর যে প্রস্তাব সেই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করার তাঁর সাহস নেই। কেননা তাহলে জনসাধারণ, পূর্ববংগ থেকে আগত বহু লোক এই দেশে আছে যারা পশ্চিমবংগের লোকের সংগে একাত্মীয় হয়ে আছে, তারা এদের স্বরূপ চিনে ফেলবে। তাই তাঁরা মুখোস ধরছেন মুখোস ধরে এই কথা বলছেন যে আমরা চাই ক্যানসেল হোক, তবে ক্যানসেল হোক এই কথার আগে সেখানে যেন ফেসিলিটেটিং দি ইস্যু অব মাইগ্রেসন বিচার করা হয়। এটা একটা ধাপ্পা, কারসাজি, ধোঁকাবাজি এবং উৎ[illegible] প্রস্তাব মাত্র। তাই আমি আপনাকে বলি এই যে কথাটা বলা হয়েছে এই কথাটার পিছনে আপনারা বুঝছেন না যে মাইগ্রেসান সার্টিফিকেট নেওয়ার জন্য কত রকমের অসুবিধা আছে। এই ঘটনা কি আপনাদের জানা নেই যে যারা সেই অসুবিধাগুলি দূর করে রাত্রে রাত্রে বনের মধ্য দিয়ে গোপনে চলে আসে তারা যদি মাইগ্রেসান নিতে যায় পাসপোর্ট নিতে যায় তাহলে জানাজানি হয়ে যাবে যে এই লোকগুলি আমাদের দেশ থেকে চলে যেতে চায়? তখন তার উপর নানা জুলুম অত্যাচার আসতে থাকে। দ্বিতীয়তঃ পাসপোর্ট নেবার সুবিধার দিকে আপনারা কি করতে পারেন? পাকিস্তান সরকার যদি এই কথার বিরোধিতা করে এবং করছেও তাহলে আপনারা কিছু করতে পারেন না। একটা জেলায় অফিস করতে পারেন তবুও তার সুযোগ পাকিস্তানের যারা সংখ্যালঘু তারা নিতে পারবে না। সুতরাং এই কথা বলা মানে তাদের আসতে না দেওয়ার নামান্তর, কেবল বলবার সুযোগ বা সাহস নেই এটাই একমাত্র কথা। তাই এই প্রস্তাব আমি সম্পূর্ণভাবে সমর্থন করি এবং এই যে এ্যামেণ্ডমেণ্ট দেওয়া হয়েছে এই এ্যামেণ্ডমেণ্টের সম্পূর্ণ বিরোধিতা করি। এই কথা সব সময় মনে রাখতে হবে যে পাকিস্তানের সংখ্যালঘুদের যে দায় সেটা কেবল শুধু একটা প্রতিশ্রুতি নয়, কংগ্রেস দল তখন ক্ষমতায় আসীন হবার জন্য দেশ বিভাগ শান্তিপূর্ণ উপায়ে মেনে নেবার জন্য পাকিস্তানকে আলাদা করে দিয়েছেন, আমার নিজের দেশের লোককে আলাদা করে দিয়েছেন পরদেশবাসী করে দিয়েছেন। সেই যে কাজ করেছেন তার লিগ্যাসি হচ্ছে এটা, সেই লিগ্যাসি আজকে আপনাদের পালন করতেই হবে এবং আমরা নিশ্চয়ই আপনাদের পালন করতে বাধ্য করব।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কেন্দ্রীয় সরকারের নির্দেশে পয়লা এপ্রিল থেকে পশ্চিমবঙ্গে সীমান্তের দ্বার রুদ্ধ করে দেওয়া হয়েছে। আমি জানিনা যে হঠাৎ কেন্দ্রীয় সরকার কোন্ যুক্তিবলে এই সিদ্ধান্ত গ্রহণ করে পশ্চিমবঙ্গে সীমান্তের দ্বার রুদ্ধ করে দিয়েছেন। একথা অত্যন্ত পরিস্ফুট হয়ে উঠেছে যে কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকার একটা কথা স্পষ্ট-ভাবে বলেছেন—যদি উদ্বাস্তু স্রোত অব্যাহত গতিতে বাংলাদেশের বুকের উপর আসতে থাকে, তাহলে দেশের অর্থনৈতিক পরিস্থিতির উপর একটা প্রচণ্ড চাপ সৃষ্টি হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে একটি প্রশ্ন রাখতে চাই। পশ্চিম পাকিস্তান থেকে যখন লক্ষ লক্ষ উদ্বাস্তু ভারতবর্ষে প্রবেশ করেছিল, তখন তাঁরা ঐ অর্থনৈতিক চাপ সৃষ্টির কথা চিন্তা করেন নাই। কিন্তু পূর্ব পাকিস্তান থেকে যখন লক্ষ লক্ষ হতভাগ্য ছিন্নমূল উদ্বাস্তু এখানে এল, তখন ঐ অর্থনৈতিক চাপ সৃষ্টির প্রশ্ন এলো! চমৎকার! যেখানে আমরা দেখছি পশ্চিম পাকিস্তানের লক্ষ লক্ষ উদ্বাস্তুদের জন্য লক্ষ লক্ষ টাকা তাদের জন্য কেন্দ্রীয় সরকার খরচ করে অর্থনৈতিক পুনর্বাসন দিয়েছেন। সেখানে আমরা দেখছি পূর্বপাকিস্তানের উদ্বাস্তদের উপর অবিচার করা হচ্ছে, পশ্চিমবাংলার ক্ষেত্রে আজকে বৈষম্যমূলক ব্যবহার করার কথা উঠেছে। কাজে কাজেই আমি বুঝতে পারিনা যে অপদার্থ পশ্চিমবঙ্গ সরকার কেন কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে পারেন না! সেখানে আজকে তাঁরা চাপ সৃষ্টি করবার চেষ্টা করছেন তাদের উপর, যারা ঐ আ[illegible] কারাগারের মধ্যে বিপন্নের জীবন যাপন করছেন। গতকাল মুখ্যমন্ত্রী বলেছেন যে পূর্বপাকিস্তানে বর্তমানে স্বাভাবিক অবস্থা ফিরে আসছে। তাই আজকে সীমান্তের দ্বার রুদ্ধ করবার সিদ্ধান্ত তাঁরা গ্রহণ করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার কাছে স্পষ্ট করে এই কথা রাখতে চাই—যতদিন পাকিস্তানে আয়ুব-শাহী শাসন ব্যবস্থা কায়েম থাকবে, ততদিন সেখানে সংখ্যালঘু নির্যাতন বন্ধ হবে না। আমরা তো জানি ফ্যাসিবাদী, সাম্রাজ্যবাদী, পুঁজিবাদী শাসন ব্যবস্থার চরিত্র। আমরা জানি যেখানেতে প্রতিক্রিয়াশীল আন্দোলন দানা বেঁধে ওঠে, যেখানে ফ্যাসিবাদী শক্তি সাম্প্রদায়িক দাঙ্গাকে অস্ত্র

হিসেবে ব্যবহার করে সেই প্রতিক্রিয়াশীল আন্দোলনকে বন্ধ করবার চেষ্টা করে, নষ্ট করবার চেষ্টা করে। পূর্বপাকিস্তানে আমরা দেখেছি যখন সেখানকার হিন্দু ও মুসলমান ছাত্রসমাজ তারা ভাষা আন্দোলনকে কেন্দ্র করে যেখানে প্রতিক্রিয়াশীল আন্দোলন গড়ে তুলেছিল, আমরা দেখেছি যখন ভূমি সংস্কার আন্দোলনকে ভিত্তি করে পাকিস্তানে হিন্দু মুসলমান কৃষক-সমাজ এগিয়ে এসেছিল, তখন এই আয়ুবশাহী সাম্প্রদায়িক দাঙ্গার সুতীক্ষ্ম হাতিয়ার নিয়ে সেই প্রতিক্রিয়াশীল আন্দোলনকে ধ্বংস করেছিল। আমাদের ভারতবর্ষেও দেখছি যখন এখানে প্রতিক্রিয়াশীল আন্দোলন মাথাচাড়া দিয়ে ওঠে, গণতান্ত্রিক আন্দোলন মাথাচাড়া দিয়ে ওঠে, তখন এখানকার এই পুঁজিবাদী সরকার সাম্প্রদায়িক দাঙ্গা বাধাবার চেষ্টা করে, বা প্রাদেশিকতার আগুন জ্বালিয়ে সেই আন্দোলনকে নষ্ট করে দেবার চেষ্টা করে। আমরা দেখেছি আসামের বুকেতে যখন সরকারী কর্মচারীদের আন্দোলন দানা বেঁধে উঠেছিল, তখন সেখানে আসামী বাঙ্গালী সংগ্রাম লাগিয়ে, প্রাদেশিকতার আগুন জ্বালিয়ে সেখানে সরকারী কর্মচারীদের আন্দোলনকে স্তব্ধ করে দেওয়া হয়েছিল। কাজেই পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের সৌভাগ্যের কথা যে এখানে গণতান্ত্রিক শক্তি আজকে মাথাচাড়া দিয়ে দাঁড়াতে পেরেছে, গণতান্ত্রিক শক্তি এখানে প্রতিষ্ঠা লাভ করেছে। যার জন্য সরকার পক্ষে এই সাম্প্রদায়িক দাঙ্গার যে হাতিয়ার, প্রাদেশিকতার যে হাতিয়ার, সেই হাতিয়ার তারা কাজে লাগাতে পারে না। তাদের সমস্ত ষড়যন্ত্রকে আমরা ব্যর্থ করে দিতে পারি। বাংলাদেশ তথা ভারতবর্ষের প্রতিক্রিয়াশীল শক্তির এই প্রচণ্ড চাপ তাদের ষড়যন্ত্রকে বানচাল করে দিতে পারে। কিন্তু পূর্ব পাকিস্তানে যে গণতান্ত্রিক শক্তি সেখানে মাথাচাড়া দিয়ে উঠেছিল, যেখানে হিন্দু-মুসলমানের সম্মিলিত সংগ্রামকে প্রগতির পথে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করেছিল, সেখানে আজকে দেখা যাচ্ছে পাকিস্তান বেসিক ডেমক্রেসির যাঁতাতে সেখানকার প্রতিক্রিয়াশীল শক্তিকে পিষে মারার চেষ্টা করা হচ্ছে। কাজে-কাজেই একথা আমরা মনে করি, যতদিন পাকিস্তানে আয়ুবশাহী শাসন ব্যবস্থা থাকবে, ততদিন সেখানে সাম্প্রদায়িক দাঙ্গার হাতিয়ারে সংখ্যালঘুকে নির্যাতন চলবে, তাদের ধ্বংস করবার চেষ্টা করবে। আমরা সেদিন দেখবো যেদিন পূর্বপাকিস্তানের, সমগ্র পাকিস্তানের প্রতিক্রিয়াশীল শক্তি মাথাচাড়া দিয়ে উঠতে পেরেছে, সমস্ত প্রতিক্রিয়াশীল আন্দোলনকে তারা আয়ুবশাহীর ফ্যাসিবাদী নীতির বিরুদ্ধে চালনা করতে পেরেছে সেদিন আর সংখ্যালঘু সম্প্রদায় পশ্চিমবঙ্গে ভিখেরীবেশে পাড়ি দেবার জন্য আসবে না বা পশ্চিমবঙ্গে ঢোকবারও চেষ্টা তারা করবে না। সেদিন সেখানকার প্রতিক্রিয়াশীল শক্তি তাদের পক্ষে দাঁড়াবে, তাদের সমস্ত রকম ডিফেন্স তারা দেবে।

কাজেই মাননীয় জ্যোতিবাবু যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাব আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে সেখানে এই অবস্থা করার মানে—আজকে যে ফ্যাসিবাদী নীতি আয়ুব খাঁ চালাচ্ছে তার রাজনৈতিক সুবিধার্থে, সেটাকে আরো সুযোগ-সুবিধার পথে নিয়ে যাওয়াই তার এই নীতির উদ্দেশ্য।

সুতরাং জ্যোতিবাবুর প্রস্তাবকে আবার আমি সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

Shri Prafulla Chandra Sen:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য আনন্দগোপাল মুখোপাধ্যায় যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। ১৯৬১ সালে পূর্ব পাকিস্তানে যে লোকগণনা হয় তাতে হিন্দুর সংখ্যা ছিল ৯২ লক্ষ কয়েক হাজার। ওখান থেকে মাঝে মাঝে যখনই গোলমাল হয়েছে তখনই লোক এখানে চলে এসেছে। রাজসাহীতে যখন গোলমাল হয় তখন ওখানে নিরাপত্তা ছিল না বলে অনেকে এখানে পালিয়ে চলে এল। তারা তখন ভ্যালিড ডকুমেণ্ট নিয়ে এল কি এল না, পাশপোর্ট নিয়ে এল কি এল না, মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে এল কি এল না সেটা তখন আমরা দেখিনি। আমরা সঙ্গে সঙ্গে তাদের জন্য ব্যবস্থা অবলম্বন করেছি এবং এটা একবার নয়, বহুবার ঘটেছে। ১৯৬৪ সালের জানুয়ারি মাসের প্রথম দিকে যখন পূর্ব পাকিস্তানে দাঙ্গা-হাঙ্গামা, গোলমাল হয় তখন ওখান থেকে বহু লোক ভ্যালিড ডকুমেণ্ট ছাড়াই

এখানে চলে আসে এবং মাননীয় সদস্যদের কাছে আমি তার সংখ্যা দিতে পারি। ১৯৬৪ সালের ৫ই জানুয়ারি থেকে ১৯৬৫ সালের ২৬এ মার্চ পর্যন্ত এই ১ বছর ৩ মাসে মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে এসেছে ২ লক্ষ ৯৯ হাজার ১৩১ জন এবং পাশপোর্ট ও ভিসা নিয়ে এসেছে ১ লক্ষ ৬৩ হাজার ৪৩২ জন। অর্থাৎ মোট ৪ লক্ষ ৬২ হাজার ৫৬৩ জন লোক এই ১৫ মাসে এসেছে। আর বিনা ডকুমেন্ট-এ যারা ভয়ে বর্ডার ক্রস করেছে, আতঙ্কে বর্ডার ক্রস করেছে তাদের সংখ্যা হোল এই ১৫ মাসে ২ লক্ষ ৮৬ হাজার ৮২৬ জন। কেন্দ্রীয় সরকার তখন বলেছিলেন, দাও আসতে দাও। তাহলে দেখা যাচ্ছে মোট যারা এল পাশপোর্ট নিয়ে এবং বিনা ডকুমেন্ট-এ তাদের সংখ্যা হোল ৭ লক্ষ ৪৯ হাজার ৩৯১ জন। এর মধ্যে অনেকে বাংলাদেশের বাইরে গেছে পুনর্বাসনের জন্য এবং তাদের সংখ্যা হচ্ছে ২ লক্ষ ১০ হাজার ৬১১ জন। আমি এর ব্রেকডাউন দিচ্ছি। ট্রাভেল ডকুমেন্ট নিয়ে যে ৪ লক্ষ ৬২ হাজার ৫৬৩ জন এসেছিল তার মধ্যে বাংলাদেশের বাইরে থেকে গেছে ১ লক্ষ ৩২ হাজার ১৮৬ জন এবং যারা কোন ডকুমেন্ট নিয়ে আসেনি—ঐ ২ লক্ষ ৮৬ হাজার—তাদের মধ্য থেকে থেকে গেছে ৭৮ হাজার ৪৯২ জন। তাহলে দেখা যাচ্ছে ৭ লক্ষ ৪৯ হাজার ৩৯১ জনের মধ্যে ২ লক্ষ ১০ হাজার ৬১১ জন বাইরে গেলেন। এদের মধ্য থেকে আবার বহু লোক ফিরে চলে এসেছে। কিন্তু যেকথা বলবার জন্য আমি এতকথা বললাম সেটা হচ্ছে আমাদের হিসেব মত ৯ হাজার ৩৯২ জন লোক আবার পূর্ব পাকিস্তানে ফিরে চলে গেছে। পাকিস্তান গভর্নমেণ্ট অবশ্য অনেক বেশী সংখ্যার কথা বলছেন, কিন্তু আমরা তাদের সংখ্যার উপর মোটেই নির্ভর করছি না। আমাদের হিসেবমত এই লোক ফিরে গেছে।

কবে থেকে? না ২৬শে মার্চ পর্যন্ত, গত জুন মাসের আগে কেউ যাননি। ১৯৬৪ সালের জুন থেকে ২৬শে মার্চ এই সময়ে যাদের বাংলার বাইরে পাঠান হয়েছিল তার মধ্যে ফিরে এসেছেন ৯,৩৯২ জন, এবং যেটা আমি মাননীয় সদস্যদের সামনে রাখতে চাই সেটা হল ৯,৩৯২ জন লোক জুন থেকে ২৬এ মার্চ পর্যন্ত পাকিস্তানে ফিরে গেছে। ১,৩২,৫৩২ জন যারা এসেছে পাসপোর্ট ভিসা নিয়ে, তারা ১৯৬৪ সালের জুন পর্যন্ত কেউ যাননি, কিন্তু ১লা জুন '৬৪ থেকে ৩১এ ডিসেম্বর ১৯৬৪ পর্যন্ত, লেটেষ্ট ফিগার আমার কাছে নেই, আরও হয়ত বেশী গেছে, ৭৭ হাজার হিন্দু তাদের মধ্যে ফিরে চলে গেছে। কেন্দ্রীয় সরকার এই সমস্ত পরিসংখ্যান সম্বন্ধে ওয়াকিবহাল। তাঁরা বলছেন যখন ৯ হাজার লোক আমাদের হিসাব মতে—পাকিস্তানের হিসাবে অনেক বেশী,—ভারতবর্ষে পুনর্বাসন হয়নি এবং তাদের মতে ভারতবর্ষের অবস্থা অত্যন্ত খারাপ,—এখান থেকে চলে গেল, বাইরে যাদের পাঠান হয়েছিল তাদের মধ্যে একটা বড় অংশ ফিরে এসেছে, ৯,৩৯২ জন ফিরে এসেছে এবং জুনের পরে পাকিস্তানে ফিরে গেছে এবং যারা ভ্যালিড ডকুমেন্ট নিয়ে এসেছিল সেই ১,৬৩,৫৩২ জনের মধ্যে ৭৭ হাজার জন ১৯৬৪ সালে ১লা জুন থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে ফিরে চলে গেছে, কেন্দ্রীয় সরকার আমাদের কাছে জিজ্ঞাসা করলেন, আমরা তাহলে এই রকমভাবে ভালভাবে চেক্ না করে কোন রকম স্ক্রুটিনি না করে আসতে দেব কিনা। যারা ভ্যালিড ডকুমেন্ট নিয়ে পাসপোর্ট ভিসা নিয়ে এখানে এসেছিলেন তাদের মধ্যে ১লা জুন থেকে ৩১এ ডিসেম্বরের মধ্যে ফিরে গেলেন এবং যারা দণ্ডকারণ্য ইত্যাদি জায়গায় গেছলেন, তাদের মধ্যে ৯ হাজার জন লোক ফিরে গেলেন পূর্ব পাকিস্তানে। কেন গেলেন? মাননীয় সদস্যরা বলছেন সেখানকার অবস্থা অত্যন্ত খারাপ, এমন ভীষণ যে সেখানে কেউ থাকতে পারে না। যদি নাই থাকতে পারে তাহলে পুনর্বাসন করা সত্ত্বেও, তাদের টাকা দেওয়া সত্ত্বেও কেন ফিরে গেলেন পূর্ব পাকিস্তানে যেখানকার অবস্থা ভয়ংকর? সেজন্য কেন্দ্রীয় সরকার আগেই বলেছিলেন অক্টোবর নভেম্বর মাসে এই যখন অবস্থা তখন আমাদের বিনা ভ্যালিড ডকুমেণ্টে আসতে দেওয়া উচিত কিনা চিন্তা করতে হবে, এবং যারা আসবে তাদের আমরা রিলিফ দেব না (নয়েজ অ্যান্ড ইন্টারাপশন) আমার ৫-৪৫ মিনিটের মধ্যে বক্তব্য রাখতে হবে, কেননা ঐ সময়ের মধ্যে ডিবেট শেষ হবে। আমার বক্তব্য হচ্ছে বিরোধী পক্ষের সদস্যরা যা বলেছেন আমার তার উত্তর দেওয়া উচিত, অনবরত প্রশ্ন করলে আমি উত্তর দিতে পারব না। আজকে কেন্দ্রীয় সরকার যা ভাবছেন মাননীয় সদস্যদের তা ভাবতে বলছি।

[5-40—5-50 p.m.]

আজকে কেন্দ্রীয় সরকার এই কথাটা ভেবেছেন—মাননীয় সদস্যদেরও ভাবতে বলছি। এই যে ১ হাজার ২০০ লোক ফিরে গেল এরা কারা? এরা যদি সেখান থেকে সর্বশান্ত হয়ে এসে াকে ঘরবাড়ী ছেড়ে, জমিজমা ছেড়ে, সমস্ত কিছু পরিত্যাগ করে তাহলে তারা কেন আবার ফরে গেল এ কথাটা চিন্তা করতে হবে? সেখানে যদি এই রকম হয় তাদের সেখানে ইজ্জত থাকবে া, ধর্ম থাকবে না, কালচার থাকবে না, সেখানে বাস করা অসম্ভব তাহলে এত লোক ফিরে যাচ্ছেন কন? কাজেই কেন্দ্রীয় সরকারের মনে এই রকম সন্দেহ হতে পারে যে এই সমস্ত লোক যারা লে গেল তাদের বেলায় ভালভাবে স্ক্রুটিনি করতে হবে, চেক করতে হবে—যাকে তাকে আসতে ওয়া চলবে না। একজন মাননীয় সদস্য জোর করে বললেন পাকিস্তান থেকে যে সমস্ত চর াসেন তাদের আপনারা প্রশ্রয় দেন। এতবড় একটা অসত্য উক্তি আমরা কল্পনা করতে পারি া। এই রকম একচোটিয়া উক্তি ওঁদেরই একচেটিয়া এবং সেজন্য এই রকমভাবে ওঁরা গোলমাল রে থাকে। কাজেই আমি বলতে চাই আমরা পাকিস্তান চরদের ডেকে নিয়ে আসব এই রকম যদি াননীয় সদস্যরা কল্পনা করেন তাহলে তাদের সংগে আলোচনা চলতে পারে না। ওঁরা আমাদের াত জঘন্য মনে করেন যে আমরা পাকিস্তানী চরদের প্রশ্রয় দিচ্ছি এবং এই রকম যাঁরা কল্পনা রেন তাঁদের সম্বন্ধে আমাদের ধারণা অত্যন্ত নীচ—তাঁদের কথার উত্তর দেওয়া উচিত নয় এবং াঁদের আমাদের কাছে কিছু দাবী করার অধিকারও নেই। ত'রা মনে করেন আমরা খুব খারাপ লাক, আমরা দেশের শত্রু, আমরা দেশদ্রোহী। তা যদি মনে করেন তাহলে এত কথা বলার জন্য াগ্র কেন, প্রশ্ন করার জন্য ব্যস্ত কেন? তাঁদের তো দেশের লোক সমর্থন করে না। দেশের লাক সমর্থন করে না বলে তাঁরা এই সব কথা বলেন। কথায় বাজার গরম করার চেষ্টা করেন, ক্তু এতে বাজার গরম হবে না। আমাদের এখানে ৯২ লক্ষ লোকের মধ্যে এত সুবিধা দেওয়া ত্ত্বেও ৭ লক্ষ ৪৯ হাজার ৩৫১ জন এসেছেন, ১৫ মাসের কাজেই এখন নিশ্চয়ই এটা চেক্ করতে বে, স্ক্রুটিনি করতে হবে। আজকে ১৬ মাস হয়ে গেছে আমরা নিশ্চয়ই চেক করবো, স্ক্রুটিনি রে দেখবো। সেজন্য আবার যদি ঐরূপ অবস্থা হয় তারা পালিয়ে আসতে বাধ্য হন তাহলে শ্চয়ই আমরা রিলাক্স করবো—হাজার বার বলবো। কাজেই এরূপ অহেতুক ত্রুটি করার কোন াজ নেই। মাননীয় সদস্যরা যদি মনে করেন এতে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ হবে তাহলে ল লোক এত নির্বোধ নয় যে তাদের সব কথাই শুনবে। শ্রীবীরেন রায় হাত তুলছেন, চছেন, আমি এটুকুন বিশ্বাস করি আমাদের এখানে যারা সত্যকারের রিফিউজি আমাদের ৯২ ক্ষ লোকের মধ্যে ৭ লক্ষ এসেছে, ফিরে গেছেন ১ লক্ষের উপর অর্থাৎ নেট ৬ লক্ষ এসেছেন াঁরা পশ্চিমবাংলায় এবং অন্যান্য জায়গায় আছে। এখন ৯২ লক্ষ লোকের মধ্যে যদি সেখানে ০ লক্ষ হিন্দু থেকে থাকে তাহলে কি তাদের নিরাপত্তা নেই, এবং যদি নিরাপত্তা না াকে তাহলে তারা আমাদের এখানে চলে আসুন তা ভিন্ন স্ক্রুটিনি নিশ্চয়ই করবো। আমরা খন বর্ডার খুলে রাখতে পারি না। কিন্তু এখানে যারা সব ত্যাগ করে আসতে চান তাদের র্বপ্রকার সুবিধা দেওয়া হবে। তারপর মাইগ্রেসানের ব্যাপারে একটা প্রশ্ন উঠেছে। এই কথা ানন্দবাবু তার সংশোধনীতে বলেছেন যে ভারত গভর্নমেণ্টকে চেষ্টা করতে হবে যাতে করে ূর্ব পাকিস্তানের সরকার বা পাকিস্তানের কেন্দ্রীয় সরকার রাজী হন আরো বেশী সংখ্যালঘু ার্যালয় সেখানে স্থাপন করার জন্য এবং মাইগ্রেসানের সুবিধার জন্য। আমি আবার বলছি খানে ৭৭ হাজার লোক ফিরে—যেখানে ৯ হাজার লোক ফিরে যায় সেখানে আমরা দরজা খুলে খতে পারি না। সেজন্য মাননীয় জ্যোতিবাবু যে প্রস্তাব করেছেন আমি তার বিরোধীতা রছি এবং আনন্দবাবু যে প্রস্তাব এনেছেন আমি তার সমর্থন করছি।

শ্রীহেমন্তকুমার বসু: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয় সিজ ফায়ার সত্ত্বেও কালকে ড়বাড়ী এবং ম্যাখলিগঞ্জে গুলি চলেছে এটা ঠিক কিনা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: আমার কাছে কোন সংবাদ নেই।

Shri Jyoti Basu:

ননীয় ডেপুটী স্পীকার, স্যার, আমি মুখ্যমন্ত্রীর বক্তৃতা শুনে স্তম্ভিত হয়ে গেলাম। আমার শোধনীতে যা আছে এবং আনন্দবাবু যেটা এনেছেন সেটা দেখে আমার মনে হচ্ছিল যে অন্তত ছুটা ওঁরা চিন্তা করছেন আমরা সেভাবে চিন্তা করছি আনন্দবাবুর সেটি পড়ে আমার তাই

মনে হচ্ছিল। কিন্তু মুখ্যমন্ত্রী বোধহয় সংশোধনী প্রস্তাব দেখেন নি তাই ওরা একজনকে দিয়ে একরকম বলাচ্ছেন। আপনি প্রথম লাইনে যেটা আছে সেটা দেখুন কনসিডার দি ডিসএবেলিটি অফ ক্যানসিলিং সেখানে আমি রেখেছি কনসিডার ওঁরা বলছেন কনসিডার দি ডিসএবেলিটি অফ ক্যানসিলিং তাহলে এটা কি দু মুখো নীতি নয়। এর জন্য এত আস্ফালন কেন? এ থেকে বোঝা যাচ্ছে যে এদের সমস্ত কথাই মূল্যহীন, আমি ভাবছিলাম কথাটার মূল্য বোধ হয় কিছু আছে কিন্তু নিজেদের মধ্যে আলোচনা করলাম সে একসংগে এক রকম প্রস্তাব নেওয়া যায় কিনা। কিন্তু আমার কয়েকজন বন্ধু বললেন আপনি যা মনে করলেন এ কথার মানে তা নয়। আমি স্বীকার করবো আমি তাদের কাছে কৃতজ্ঞ যে আমি প্রথমে যা বুঝেছিলাম এখন মুখ্যমন্ত্রী যা বক্তৃতা দিলেন তাতে একথা প্রমাণিত হয়ে গেল যে, সত্যই আমি প্রথমে একটু ভুল বুঝেছিলাম। তিনি ভালভাবে বুঝিয়ে দিলেন যে যা লেখা আছে সেটা তারা মানেন না এবং তিনি এতক্ষণ ধরে একথাই প্রমাণ করবার চেষ্টা করলেন যে কেন ক্যানসেলিং এবং কোন কিছুর দরকার নেই, কারণ সিচুয়েশান নরম্যাল হয়ে গেছে। পাকিস্তানে নরম্যাল যদি না হত তাহলে লোকগুলো ফিরে গেল কেন? এবিষয়ে তিনি আমাদের বোঝাবার চেষ্টা করলেন। তা যদি হয় তাহলে গতকাল তিনি যা বলেছিলেন সেটাই ঠিক কথা ছিল তাঁদের মতে। আমি সেটা থেকে বক্তৃতা শুনে করেছিলাম সেখানেই মুখ্যমন্ত্রী বলেছিলেন আমি কখনই এ প্রস্তাব মানতে পারি না আজও তাই বললেন। কিন্তু মাঝে কেন এ্যামেণ্ডমেণ্ট এল তা বুঝতে পারলাম না। তিনি বললেন ৯ হাজার লোক ফিরে গেছে, ৭৭ হাজার লোক ফিরে গেছে যারা ডকুমেণ্ট নিয়ে এসেছিল তাদের মধ্যে। কাজেই প্রমাণিত হয়ে গেছে যে নরম্যাল। নরম্যাল হলে আমার চেয়ে খুশী আর কেউ হবে না। ওরা এখানে ভিখারীর মত আসছে, ভারতের নাগরিকের মত আসছে না। ওরা সেখানকার সাধারণ মানুষের সংগে এক হয়ে ঐ স্বৈরাচারী শাসকগোষ্ঠীর বিরুদ্ধে আন্দোলন করতেন তাহলে ভাল হত। ৪৫ লক্ষ লোক যা এসেছে তাদের আজ ভিখারীর মত অবস্থা, তাদের মধ্যে বেশীর ভাগ মানুষের পুনর্বসতি হয়নি। কেন তারা ফিরে যাচ্ছে সে সম্বন্ধে আপনি যে ছবি দিলেন নিরাপত্তার ছবি, পুনর্বসতির ছবি, এ সমস্ত ছেড়ে দিয়েও তারা কেন ফেরত গেল?

[5-50—6-3 p.m.]

৪৫ লক্ষ মানুষ তো ফিরে যেতে পারে না। ফিরে গেলে তো ভালই হোত কিন্তু সেই অবস্থা দুর্ভাগ্যবশত সেখানে সৃষ্টি হয় নি। এই জন্যই তো বারে বারে এই প্রশ্ন উঠে এবং এই সব কথা আমরা আপনাদের বলি। কাজেই সিচিউয়েসন ওখানে ঐভাবে নরম্যাল—যখন এটা না বল্লেই পারতেন। এটা ঠিক কথা যে রায়ট লেগেছিল তখন যেভাবে আসছিল এখন সেই রকমভাবে আসছে না এটা আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছি আমার চোখের সামনে দেখছি। কিন্তু আসছে এখানে এ বিষয়ে কোন সন্দেহ নেই। আজকের কাগজেও আছে দেখবেন এসেছে কিছু পরিবার। এখন উনি বলছেন যে আমাদের স্ক্রুটিনি করতে হবে আমরা তো স্ক্রুটিনি না করার কথা বলি নি। কিন্তু ঐ বর্ডারেই তো স্ক্রুটিনি করবার ব্যবস্থা আছে। অপরাধ হোল যে লোকগুলি ফিরে গেল কেন? উনি বারে বারে তাদের দোষারোপ করে বলছেন যে ওরা যেহেতু ফিরে গেল ৭৭ হাজার আর ৯ হাজার—সেই হেতু প্রমাণ হয়ে গেল যে আমাদের এখন বর্ডার সিল করে দিতে হবে। এতো অন্যায় কথা। তারা যখন এলেন আমি ট্রাভেল ডকুমেণ্ট না নিয়ে এসেছেন যাঁরা তাদের কথা বলছি যে তখন তাদের খাওয়াপরার ব্যবস্থা করলেন না এবং এমন সব জায়গায় তাদের পাঠালেন যে সেখানে পুনর্বসতি না পেয়ে তাদের ফিরে আসতে হোল স্ত্রী-পুত্র পরিবার নিয়ে। তারা ভাবেন ভয়-ভীতির কথা ছেড়ে দিয়ে যে ওখানে হয়তো একটু মাথা গুঁজাবার জায়গা পাবেন। অন্তত যেখানে পাঠিয়েছিলেন সেখানের থেকে ভাল—এই ভেবে তারা চলে যান অনিশ্চয়তার হাত থেকে বাঁচবার জন্য। তাহলে অপরাধ কি—কি করবেন ওঁরা। উপায় তো কিছু নেই। সেইজন্যই চলে যেতে হচ্ছে। তাতে তো আপনাদের খুশী হওয়াই উচিত ছিল। কিন্তু আপনি উল্টোটা বুঝলেন—বুঝে এখানে বলছেন যেহেতু ৭৭ হাজার চলে গেছে যারা ডকুমেণ্ট নিয়ে এসেছিল এবং ৯ হাজার যারা ডকুমেণ্ট ছাড়া এসেছিল সেই হেতু আমি সিল করে দেবো—সেই কারণেই আমি বলেছিলাম যে আরও কিছুদিন দেখা উচিত ছিল।

এখন তো আর খুব বেশী আসছে না। এই যে ৭।১০টা পরিবার এসেছে তাদের কি করবেন? তাহলে তো বলতে হয় গো ব্যাক টু পাকিস্তান। আজকের কাগজে দেখবেন তারা উইদাউট ট্রাভেল ডকুমেন্ট-এ হাজির হয়েছেন। আমরা যখন কতকগুলি জায়গায় দেখতে গিয়েছিলাম—বর্ডার দেখবার জন্য। ওঁরা আমাদের বলেছিলেন যে ওঁদের গোপনে চলে আসতে হয় কারণ অসুবিধাটা হচ্ছে জাঁকজমক করে ডকুমেন্টস নিয়ে যদি আসার ব্যবস্থা করতে হয় তাহলে কিছু সমাজবিরোধী লোক আছেন যারা বাধা দেন এবং নানাভাবে অত্যাচার করেন। এরই জন্য তারা ভাবেন ওসব দরকার নেই কোন দিন রাতের অন্ধকারে চলে যাবো। নিরাপত্তার অভাব বোধ করেন বলেই তো তারা এই সব করেন। এখন তাহলে এদের আবার ছুড়ে ফেলে দিতে হবে পাকিস্তানে—তা নাহলে এখানে তাদের কিছু ব্যবস্থা করতে হবে—কারণ তাদের ডকুমেন্টস কিছু নেই। সেই জন্য আমার কথা হচ্ছে যে যে যুক্তি এখানে দেখানো হয়েছে—অবশ্য কালকে বলা হয়েছিল অন্য কথা—কালকে বলা হয়েছিল যে গুপ্তচর পঞ্চমবাহিনী আসবে—সেজন্য কি করে বর্ডার খুলে রাখবো। আমি বলেছিলাম গুপ্তচর ঐভাবে আসে না। এটা ইণ্টারন্যাশন্যাল স্পাইং-এর ব্যাপারে যারা দু চারটা বই পড়েছেন তাঁরা জানেন যে তারা কিভাবে অপারেট করেন। সেই জন্য এটা একেবারে অসার যুক্তি ছিল। আজ অবশ্য আর একটা যুক্তি তারা এনেছেন সেটা হচ্ছে যে নিরাপত্তার যখন অভাব নেই চলে যখন যাচ্ছে তখন আমাদের বর্ডার খুলে রাখার দরকার নেই বন্ধ করে দাও। আমি বলি সেই কারণে ১০।১৫।২০টা পরিবার যখন আসছেন তখন আপনাদের ঘাবড়াবার কারণ নেই। ৭৭ হাজার ৯ হাজার তো চলে গেছেন। খালি হয়ে গেছে। আপনারা তাহলে এদের জন্য কেন খুলে রাখতে পারেন না? কেন তাঁদের বের করে দেবেন এটা আমি বলেছিলাম। সেজন্য আমি বুঝতে পারলাম না যে কথা বলা হোল উনি আরম্ভ করলেন এই বলে যে আমি এই সংশোধনীকে সমর্থন করছি। আমি আবার বলি মুখ্যমন্ত্রীকে, আপনি পড়ে দেখুন প্রথম লাইনটা—পড়ে দেখুন। আমি বুঝতে পারলাম না। একমাত্র জিনিস যেটা আপনি সমর্থন করছেন সেটা আমরাও সমর্থন করছি যে ওখানে আরও অফিস পাকিস্তান যা খুলতে দিচ্ছে না সেখানে আরও অফিস খোলা হোক বিভিন্ন জায়গায়। কিন্তু এছাড়াও প্রথম লাইনটা সমর্থন করলেন—আবার বল্লেন যে আমি সমর্থন করছি আনন্দবাবু যেটা এনেছেন সেটা। আমাকে বুঝিয়ে দিন এবং বোঝবার অপরচুনিটি দিন

consider the desirability of cancelling

আর একটা কথা আনন্দবাবু বল্লেন তথ্য পরিসংখ্যান এই সব নাকি অনেক জোগাড় করে তার সমস্ত কিছু করতে হবে। তথ্য পরিসংখ্যানের কি আছে—তার আগেই তো বন্ধ করে দিয়েছেন, গতকাল থেকে তো বন্ধ করে দিয়েছেন—এখন হচ্ছে খোলাবার কথা, পরিসংখ্যানটা পরে জোগাড় করা যেতে পারে। তা না হলে দেখছি অসুবিধা হচ্ছে যে যারা এখন আসছেন তাদের পুস ব্যাক করতে হবে তাদের বলতে হবে গেট আউট অব মাই টেরিটোরি—তোমরা স্পাই—ফিফথ কলমিষ্ট হতে পার—তোমাদের চলে যেতে হবে। এখন এই বলে তো আর মানুষকে বোঝানো যায় না। আর সত্যই যদি প্রফুল্লবাবু যা বলছেন ঐ রকম ব্যবস্থা থাকতো তাহলে সবাই আমরা খুশী হতাম। কিন্তু আমরা যেটা জানি এইরকমভাবে কিছু লোক চলে যায়, তারা তো বলেন আমরা যখন ভিখারীর মত ঘুরে ঘুরে কিছুই করতে পারছি না তখন আর কি করবো—ওখানে গিয়ে কিছুদিন দেখি কি করা যায়। তার পরে যখন আগুন জ্বলে উঠে, আমি আগেই বলেছি তাদের বাড়ীটা যখন আর থাকে না পুড়িয়ে দেয় তখন আর কি করবেন তখন চলে আসেন। তার আগে মাটি কামড়ে পড়ে থাকেন। এটা তো আমাদের তাঁদের প্রশংসা করা দরকার যে এই অবস্থার মধ্যে তারা ওখানে থাকতে পারছে না। আর ওখানে যে গণতান্ত্রিক আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠেছিল—যারা আন্দোলন করছেন তাদের উপরও তো আয়ুব খান অত্যাচার জুলুম করছেন। সেইজন্য কথা হচ্ছে যে আমার এই প্রস্তাবটা মেনে নেওয়া উচিত। অবশ্য আমি বুঝি যে এর বিরুদ্ধেই ওঁরা ভোট দেবেন—আমাদের পক্ষে ভোট দেবেন না। কাজেই আমরা বুঝছি যে এটা একেবারে ভন্ডামি ছাড়া আর কিছুই নয় এবং এই প্রস্তাবটা ওঁরা খোলা মনে আনেন নি—এই সব লোক দেখানো ছাড়া আর কি হতে পারে? লোকে কি বলবে সেই জন্য একটু প্রপাগান্ডা করে এই সব করার চেষ্টা করেছেন। সেই জন্য মুখ্যমন্ত্রী এক রকম বল্লেন আর যিনি সংশোধনী প্রস্তাব এনেছেন তিনি সম্পূর্ণরূপে অন্য রকম বোঝাবার চেষ্টা করলেন—সেজন্য আমি এই সংশোধনীটা মেনে নিতে পারছি না।

The motion of Shri Ananda Gopal Mukhopadhya that—

(i) in line 2, for the word "cancel", the words "consider the desirability of cancelling" be substituted;

(ii) at the end of the motion, the following new paragraphs be added, viz.:—

"Provided that due measures are adopted to check and prevent the entry of undesirable foreign agents, Pakistani spies and fifth columnists:

Provided further that, before such cancellation is considered, the desirability of opening offices in East Pakistan for facilitating the issue of migration certificates should be explored and taken up with the Pakistan Government:

Provided also that the entire responsibility for relief and rehabilitation is borne by the Government of India."

was then put and a division taken with the following result:—

AYES—85

Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanailal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil

Dey, Shri Kanai Lall
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, Shri Iswar Das
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Mahata, Shri Surendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mondal, Shrimati Santilata
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puranjoy
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Ganesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra

Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Singha, Shri Hiralal
Sinha, Kumar Jagadish Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md

NOES—35

Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhattacharya, Dr. Kanai Lal
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhusan
Mondal, Shri Siddheswar
Mandal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar

Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

The Ayes being 85 and the Noes 35, the motion was carried.

The motion of Shri Jyoti Basu, as amended, that—

this Assembly is of the opinion that the Government of India should immediately consider the desirability of cancelling its order which came into force from the 1st April, 1965, by which refugees from across the border from East Pakistan will not be permitted to cross into Indian territory without valid travel documents.

Provided that due measures are adopted to check and prevent the entry of undesirable foreign agents, Pakistani spies and fifth columnists:

Provided further that, before such cancellation is considered, the desirability of opening offices in East Pakistan for facilitating the issue of migration certificates should be explored and taken up with the Pakistan Government:

Provided also that the entire responsibility for relief and rehabilitation is borne by the Government of India.

was then put and agreed to.

Non-official Resolution

Shri Kandru Majhi: Sir, I beg to move—

যেহেতু বর্তমান ভূমিসংস্কার আইনে কোনও ব্যক্তিবিশেষের বাগান (আর্চার্ড), পুকুর-পুষ্করিণী প্রভৃতি জলাভূমি ব্যক্তিগত মালিকানায় রাখিবার কোনও সর্বোচ্চ সীমারেখা নাই, সেইহেতু এই সভা এই অভিমত পোষণ করে যে উক্তরূপ বাগান এবং পুকুর-পুষ্করিণী প্রভৃতি ব্যক্তিগত মালিকানায় রাখিবার ক্ষেত্রে একটি সর্বোচ্চ সীমারেখা বাঁধিয়া দেওয়া হউক।

Adjournment

The House was then adjourned at 6-3 p.m. till 1 p.m. on Monday, the 5th April, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 5th April, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 6 Ministers, 3 Ministers of State and 147 Members.

Cyclostyled Starred Questions

[1—1-10 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যেসমস্ত কাগজপত্র এখানে দেওয়া হয়েছে, সেগুলি আপনি দেখবেন ছাপা নয়—সাইক্লোস্টাইল করে দেওয়া হয়েছে এবং এমন কি প্রশ্নগুলি পর্যন্ত সেইভাবে দেওয়া হয়েছে। স্যার, এতে আমাদের হাউসে কাজ চালান অসুবিধা হচ্ছে। আমরা জানতে পারলাম বি জি প্রেস-এর কর্মচারীরা তাদের বেতন বৃদ্ধি এবং অন্যান্য কতগুলি দাবী নিয়ে স্ট্রাইক করেছে বলেই এই অবস্থা হয়েছে। এই কাগজপত্র আপনার অফিসে যাঁরা ছেপেছেন তাঁদের নিশ্চয়ই ওভারটাইম খেটে করতে হয়েছে, অথচ তাঁদের রেমুনারেশন-এর কোন ব্যবস্থা নেই। এখন আমাদের বক্তব্য হচ্ছে এইভাবে আর কতদিন চলবে সে বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যদি আলোকপাত করেন তাহলে ভাল হয়।

মিঃ স্পীকারঃ আজকেই প্রথম দিন দেখছি সাইক্লোস্টাইল করে দেওয়া হয়েছে। বি জি প্রেসে স্ট্রাইক হয়েছে বলে যেটা বলেছেন সেসব সত্যি কথা এবং সে সম্বন্ধে ওনারা হাউসকে এনলাইটেন করবেন। তবে একটা জিনিস মনে রাখতে হবে আফটার অল এটা ফার্স্ট ডে এবং ডিফিকালটি যদি কিছু হয়ে থাকে তাহলে উই হ্যাভ টু ম্যানেজ। যদি এরকম ডিফিকালটি বরাবর হয় তাহলে আমাদের হাউস অ্যাডজোর্ন করতে হবে, কিন্তু ওয়ান ডে অর টু ডেস যদি হয় তাহলে সার্টেনলী উই হ্যাভ টু গো অন উইদাউট এনি কমপ্লেন্ট।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ আজকে আমরা ম্যানেজ করে নেব, কিন্তু প্রশ্ন হচ্ছে স্ট্রাইক যেটা হয়েছে সেটা কন্টিনিউ করবে কিনা?

মিঃ স্পীকারঃ আজকে ম্যানেজ করে নিন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্যার, এরপর থেকে দেখবেন গভর্নমেন্ট আপনার অফিসের উপর বা আপনার সেক্রেটারীর উপর এটা চাপিয়ে দেবেন এবং তার জন্য কোন ওভারটাইম তাঁরা দেবেন না। এটা হচ্ছে ও'দের অভ্যেস।

মিঃ স্পীকারঃ পরে যখন চাপাবে তখন বোঝা যাবে।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ স্যার, আমাদের হাউসের প্রেস-এর কি হোল?

মিঃ স্পীকারঃ হাউসের প্রেস সম্বন্ধে আমার যতটুকু বলার তা বলেছি।

শ্রীকমলকান্তি গুহঃ তাহলে স্যার, বুঝে দেখুন আপনিও সমস্যার সমাধান করতে পারছেন না, এটা এমনই সরকার। কাজেই আমরা যখন সমস্ত বাংলাদেশ সম্বন্ধে বলি তখন তো এ'রা কিছুই শুনবেন না।

K—40

মিঃ স্পীকারঃ আমি সমাধানের চেষ্টা করি নি। প্রেস করার ব্যাপারে ফাইন্যান্স কনসার্নড এবং ও'দের ইচ্ছা হয় ও'রা করবেন। আপনাদের যেটুকু রাইট আছে সেটা যাতে ভিন্ডিকেটেড হয় সেটা আমার দেখা দরকার অর্থাৎ হাউসের কাজ যাতে ঠিকভাবে চলে দ্যাট ইজ মাই ফার্স্ট কনসার্ন। আমি বলেছিলাম আমাদের ডিফিকালটি হচ্ছে, হাউসের কাজ চালাতে গেলে উই নিড এ প্রেস। সেই প্রেস ও'রা ইচ্ছা হয় করবেন। আমার কথা হচ্ছে কাগজপত্র হাউসে যাতে ঠিকমত পে'ছৈ ইট মাস্ট বি সিন, হোয়েদার ইট ইজ প্রিন্টেড ইন মাই প্রেস অর ইন দি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেস।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Taking over the management of primary schools by Government

***445.** (Admitted question No. *2416.)

শ্রীসুধীরচন্দ্র দাস: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মিউনিসিপ্যাল এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলির দায়িত্ব শিক্ষাবিভাগ গ্রহণ করিবে এইরূপ প্রস্তাব বিবেচনা করা হইতেছে; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, এই প্রস্তাব এখন কতদূর অগ্রসর হইয়াছে?

শ্রী[illegible] সিংহ: (ক) এইরূপ কোন প্রস্তাব বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি কলকাতা কর্পোরেশনের প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকার নিজ হাতে করার কথা বিবেচনা করছেন কিনা?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: এটা মিউনিসিপ্যালিটি এলেকার প্রশ্ন, কলকাতা সম্বন্ধে এইরকম কোন কিছু বিবেচনাধীন নেই এখন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় মন্ত্রিমহাশয় মিউনিসিপ্যালিটির আর্থিক দুরবস্থার কথা বিবেচনা করে এবং তার সংগে সংগে সমগ্র রাজ্যে প্রাথমিক শিক্ষাকে ত্বরান্বিত করার জন্য মিউনিসিপ্যালিটিতে প্রাথমিক শিক্ষার দায়িত্ব গ্রহণ করার জন্য সরকার বিলেচনা করবেন কিনা?

শ্রী[illegible] সিংহ: ১৯৬৩ সালে আইন প্রণয়ন করেছেন, ওয়েস্ট বেঙ্গল আরবান প্রাইমারী এডুকেশন এ্যাক্ট, সেই আইনের দায়িত্ব দিয়েছেন পৌরসভার উপর, পৌরসভার আর্থিক অবস্থা বিবেচনা করে আইনের মধ্যে এই বিধান লিপিবন্ধ করেছেন যে, সরকারকে এগিয়ে যেতে হবে পৌরসভাকে আর্থিক সাহায্য দেবার জন্য, এই বিধান আছে।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: এই আইনে এই বিধান আছে যে, মিউনিসিপ্যালিটি যদি এগিয়ে না আসে তাহলে সরকার নিজ দায়িত্বে এগিয়ে গিয়ে মিউনিসিপ্যালিটিকে বাধ্য করবেন অবৈতনিক প্রাথমিক শিক্ষা মিউনিসিপ্যালিটিতে প্রবর্তন করার জন্য সেই ব্যাপারে সরকার কতদূর করেছেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: সরকার প্রতি পৌরসভাকে জানিয়েছেন একাধিকবার তারা গোড়া থেকে একটা স্কীম দেবেন, এই স্কীম বিবেচনা করে দেখা যাবে কত টাকা দিতে পারেন, কত টাকা এডুকেশন সেস আসবে এবং কত টাকা সরকারকে দিতে হবে, কয়েকটা মিউনিসিপ্যালিটি প্রকল্প পাঠিয়েছে যেটা একজামিন করা হচ্ছে, বাকি মিউনিসিপ্যালিটিগুলিকে ফের তাগিদ দেওয়া হয়েছে প্রকল্প পাঠাবার জন্য।

শ্রীসনৎকুমার রাহা: এই যে
West Bengal Urban Primary Education Act
করা হয়েছে তার কোন রুলসের জন্য কোন কিছু ফ্রেম করা হয়েছে?

শ্রীরবী[illegible]লাল সিংহ: কিছু কিছু হয়েছে, সব হয় নি।

শ্রীসনৎকুমার রাহা: রুলস ফ্রেম করার আগে মিউনিসিপ্যালিটি এ বিষয়ে কি করে কাজে অগ্রসর হবে?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: স্কীম তৈরি করার জন্য যে রুল দরকার তা ফ্রেম হয়ে গেছে।

শ্রীঅভয়পদ সাহা: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই পরিকল্পনা বা এইসব প্রাথমিক কাজ তৈরী হওয়ার পর মিউনিসিপ্যালিটি কতদিন পর প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলকভাবে চালু করতে পারেন?

শ্রী[illegible] সিংহ: এখন সময় নির্দিষ্ট করা সম্ভব নয়।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি মিউনিসিপ্যালিটিতে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলকভাবে প্রবর্তন করা হয়েছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহ: তিনটিতে।

Ramnagore Rao Multipurpose School

***446.** (Admitted question No. *2441.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার রামনগর রাও সর্বার্থসাধক বিদ্যালয়ের জন্য সরকার উহার মঞ্জুরীর সময় হইতে কোন্ কোন্ কাজের জন্য কত টাকা দিয়াছেন;

(খ) ঐ টাকা হইতে কোন্ কোন্ কাজে কত টাকা আজ পর্যন্ত ব্যয় করা হইয়াছে;

(গ) বিজ্ঞানের জিনিসপত্র কোন্ কোন্ কোম্পানী হইতে কত টাকায় ক্রয় করা হইয়াছে; এবং

(ঘ) ঐ গৃহনির্মাণ বাবত সমস্ত টাকা দেওয়া হইয়াছে কিনা এবং যদি দেওয়া হইয়া থাকে তাহা হইলে গৃহনির্মাণ কার্য আজ পর্যন্ত অসমাপ্ত অবস্থায় থাকার কারণ কি?

Shri Rabindra Lal Sinha:

(ক) কলা, কৃষি ও বিজ্ঞান শাখার জন্য গৃহনির্মাণ খাতে ৯৬,৭৫০ টাকা ও সাজ সরঞ্জাম ক্রয় ইত্যাদি বাবত ৬১,৩৭৫ টাকা দেওয়া হইয়াছে।

(খ) স্কুল কর্তৃপক্ষ গৃহনির্মাণ খাতে ১,৩২,৫০০ টাকা এবং সরঞ্জাম বাবত ৭২,৭২৮·৩১ পয়সা খরচ করিয়াছেন।

(গ) কলা, কৃষি ও বিজ্ঞানের সাজ সরঞ্জাম ক্রয়ের বিবরণ সংশ্লিষ্ট তালিকায় দেওয়া হইল।

(ঘ) কৃষি ও বিজ্ঞান খাতে প্রাপ্য সমস্ত অর্থ দেওয়া হইয়াছে এবং সমাপ্তি বিবরণ পাওয়া গিয়াছে। কলা শাখার জন্য গৃহ নির্মাণ কার্য এখনও সম্পূর্ণ হয় নাই। ইহার জন্য এখনও ১২,৫০০ টাকা অনুদান বাকি রহিয়াছে।

Statement referred to in reply to clause (ga) of starred question No. 446.

কোম্পানীদের তালিকা

	টাকা
১। মেসার্স ডি এন কুণ্ডু অ্যান্ড কোং	২,৮৮৫·০০
২। ইন্ডিয়ান কেমিক্যাল অ্যান্ড সায়েন্টিফিক ইনস্ট্রুমেন্ট ওয়ার্কস	৬৩,৫১৬·৩১
৩। মেসার্স ডি বি ট্যাক্সিডারমী অ্যান্ড কোং	৮৩০·০০
৪। স্থানীয় ক্রয় (গরুবাছুর)	৮২৫·০০
৫। ইন্ডিয়া সায়েন্টিফিক কোং	৫,০৭২·০০
মোট	৭২,৭২৮·৩১

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ তিনি বললেন কলা, কৃষি এবং বিজ্ঞানশাখার গৃহনির্মাণের জন্য ৯,৬১,৭৫০ টাকা দেওয়া হয়েছে এবং স্কুল ঘরের জন্য ১ লক্ষ ৩২ হাজার ৫০০ শত টাকা দেওয়া হয়েছে, তাহলে ঘর একতলা হয়ে অসমাপ্ত অবস্থায় পড়ে আছে কেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ উত্তর দিয়েছি বিজ্ঞান ও কৃষি এটা সম্পূর্ণ হয়ে গেছে এবং তার কমপ্লিশন সার্টিফিকেটও পেয়েছি। কলা বিভাগ এখনও সম্পূর্ণ হয় নি, সেজন্য তার পুরা টাকা এখনও দেওয়া হয় নি। বাকি আছে।

[1-10—1-20 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আপনি বলেছেন ১২ হাজার টাকা বাকি আছে, আমি দেখছি কলা এবং কৃষি এবং বিজ্ঞান এই তিনটির একসঙ্গে ঘর হচ্ছে, এক তলা হয়ে দু তলা একদম খালি পড়ে আছে, সেটার জন্য স্কুলের অনেক অসুবিধা হচ্ছে, সে সম্বন্ধে অনুসন্ধান করে দেখেছেন?

শ্রী[illegible] সিংহঃ কলা এবং কৃষি বিভাগের কম্পোজিট বিল্ডিং-এর জন্য তারা ১,১০,৫০০ টাকা খরচ করেছে তার কমপ্লিশন সার্টিফিকেট পেয়েছি এবং হিউম্যানিটিজ কোর্স যেটা কলাবিভাগ-এর তার জন্য তারা ২২ হাজার টাকা খরচ করেছে, আমি যে রিপোর্ট পেয়েছি সেটা এখনও অসম্পূর্ণ আছে, অসম্পূর্ণ আছে বলে বাকি টাকা দিইনি, সম্পূর্ণ হলে দেব।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ এই যে ১২ হাজার টাকা ও ২২ হাজার টাকা দিয়েছেন বিল্ডিং শেষ করার জন্য, তা আমার জিজ্ঞাস্য এটা কি কমপ্লিট করবার পর দেবেন?

শ্রী[illegible] সিংহঃ সাধারণত হয় যে, আমরা কতক টাকা দিই এবং কমপ্লিশান হবার পর বাকি টাকা দিই কিম্বা লাস্ট স্টেজ-এ টাকা দিই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ লাস্ট স্টেজ মানে বুঝতে পাচ্ছি না, যদি অসমাপ্ত অবস্থায় পড়ে থাকে টাকার অভাবে গৃহ কমপ্লিট হয় না, এ অবস্থায় কমপ্লিট করবার জন্য টাকা দিচ্ছেন না কেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ যদি কথার কি উত্তর দেবো, তাঁরা সেরূপভাবে জানালে বিবেচনা করবো।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আপনি বললেন বিজ্ঞান ইত্যাদি বিভিন্ন বিষয় কোম্পানী থেকে টাকা দেওয়া হচ্ছে। আপনি কি জানেন যেসমস্ত যন্ত্রপাতি কেনা হয়েছিল সেসমস্ত জিনিস অডিটার বা ইন্সপেক্টর মিলিয়ে দেখেছিল যে সমস্ত জিনিস পাওয়া গেছে কিনা?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ সমস্ত অডিটর-এর উপর নির্ভর করে, অডিট রিপোর্ট পেলে বলবো।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আপনি অনুগ্রহ করে তদন্ত করবেন কারণ এসব না পেয়ে ছাত্রদের অসুবিধা হচ্ছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ লিখে দিলে দেখবো।

Appointment of Primary School Teachers under the District School Board of 24-Parganas

***447.** (Admitted question No. *2519.)

শ্রীগোপাল ব্যানার্জিঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৩ ও ১৯৬৪ সালে চব্বিশপরগনা জেলা স্কুল বোর্ডের অধীনে কতজন প্রার্থীর শিক্ষক শিক্ষিকা নিয়োগ করা হইয়াছিল এবং ইহাদের মধ্যে কতজন ট্রেনিংপ্রাপ্ত?

Shri Rabindralal Sinha:

১৯৬৩ ও ১৯৬৪ সালে ২৪-পরগনা জিলা স্কুল বোর্ড কর্তৃক নিযুক্ত শিক্ষক শিক্ষিকার সংখ্যা যথাক্রমে ১,৩২৪ ও ৯৪৬, উহাদের মধ্যে ৭১ জন ট্রেনিংপ্রাপ্ত।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি যে ৭১ জনের কথা বলেছেন তার মধ্যে শিক্ষক ক'জন, শিক্ষিকা কত জন?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ আলাদা করে বলতে পারব না।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে বাকি যেসব থেকে যাচ্ছে তাতে দেখা যাচ্ছে ফাইভ পার্সেন্ট-এর বেশী শিক্ষক ট্রেন্ড হতে পারে নি, তাহলে বাকিদের ট্রেনিং দেবার কি ব্যবস্থা হচ্ছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ সাধারণত আমাদের ট্রেনিং দেবার যে ব্যবস্থা আছে এ ক্ষেত্রেও তাই আছে, আমাদের ট্রেনিং কলেজ আছে সেখানে যেরূপ ভেকেন্সী হয় আমরা সেরূপ ইন টেক করি।

শ্রীসনৎকুমার রাহাঃ ৩৮ পার্সেন্ট ট্রেইন্ড টিচার প্রাইমারী স্কুল-এ, কিন্তু এ জায়গায় এত ব্যতিক্রম কেন তার মানে কি এই স্কুলে ট্রেনিং সম্বন্ধে ফেসিলিটি খুবই কম এটা বলবেন কি?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ না। নূতন নেবার সময় আনট্রেন্ড টিচার বেশী ঢুকে পড়ে। ট্রেনিং নিয়ে বসে আছে এর সংখ্যা খুবই কম। প্রথম যখন রিক্রুটমেন্ট হয় বা অ্যাপয়েন্টমেন্ট হয়, তখন তারা ট্রেনিং নেয় না। আন-ট্রেইনড টিচার ঢুকে পড়ে তারপর ডেপুটেশন নিয়ে ট্রেনিং নিতে যান।

শ্রীসনৎকুমার রাহাঃ পার্সেন্টেজ অফ ট্রেন্ড টিচার অন্যান্য জায়গায় যেমন এখানে তার চেয়েও এত বেশী লোক কেন এবং এই যে তফাতটা এই তফাতটা অন্যান্য স্কুলের চেয়ে বেশী কেন, সেজন্য আমার জিজ্ঞাস্য এ সম্বন্ধে কি কোন বক্তব্য আছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ টিচার যারা রিক্রুটমেন্ট হয়, একজিস্টিং স্কুল-এ যারা আছে তারা ছাড়া নূতন যারা রিক্রুট হয় তাদের বেশীর ভাগ রিক্রুট করবার সময় ট্রেনিং পায় না। ট্রেনিং নিয়ে বসে আছে চাকরী পায় না এরূপ টিচার-এর সংখ্যা খুব কম। সেইজন্য আমরা সার্কুলার দিয়েছি যে, ট্রেইন্ড টিচার থাকলে আনট্রেইন্ড টিচার নেওয়া যাবে না। যারা পায় নি তারা চাকুরী পেলে বা অ্যাপয়েন্টেড হলে ট্রেনিং-এ ডেপুটেশান-এ পাঠান হয় এবং তখন তারা ট্রেনিং নেয়।

শ্রীসনৎকুমার রাহাঃ আপনার উত্তরে এটাই কি মনে করবো যে, ২২ শত টিচার দু বৎসরে অ্যাপয়েন্টেড হয়েছে?

শ্রী[illegible] সিংহঃ এটা নূতন টিচার যারা অ্যাপয়েন্টমেন্ট পেয়েছেন তাদের কথা।

শ্রীসনৎকুমার রাহাঃ ৭৩৮টা নূতন স্কুল হয়েছে।

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ হ্যাঁ।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ এই যে ২২ শত টিচার অ্যাপয়েন্টমেন্ট পেয়েছে তার মধ্যে কি ঐ ৭১ জন ট্রেনিং পেয়েছে?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ যখন অ্যাপয়েন্টমেন্ট তখন ঐ ৭১ জন ট্রেনিং নিয়েছিলেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ এই যে ৭১ জন অ্যাপয়েন্টমেন্ট পেয়েছেন বা ট্রেনিং পেয়েছেন, তাদের মধ্যে আন্ডার ম্যাট্রিক ক'জন আছেন, না সকলেই ওভার ম্যাট্রিক?

শ্রী[illegible] সিংহঃ আজকাল আর নন-ম্যাট্রিক টিচার অ্যাপয়েন্ট করা হয় না।

শ্রীঅভয়পদ সাহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, ১৯৬৩-৬৪ সালে ১৩২৪ জন পুরুষ এবং ৯৪৬ জন স্ত্রী শিক্ষক এবং শিক্ষিকা নিযুক্ত হয়েছেন কিন্তু ঐ বৎসর কতজন পুরুষ এবং কতজন স্ত্রী শিক্ষক শিক্ষিকা প্রার্থী ছিলেন?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ বলতে পারবো না, কারণ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড করে থাকেন। ডিটেলস বলা এখন সম্ভব নয়।

Pay-scale of the Middle School Teachers in Purulia District

***448.** (Admitted question No. *2522.)

শ্রী[illegible] রায়ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার বোর্ড (বর্তমান জেলা পরিষদ) পরিচালিত মিডল স্কুলগুলির শিক্ষকবৃন্দ সাবভেনশান গ্র্যান্ট অদ্যাবধি পান নাই; এবং

(খ) উক্ত জেলার প্রাথমিক এবং এম ই স্কুলের (মিডল স্কুল) শিক্ষকবৃন্দ কি হারে বেতন পাইতেছেন?

Shri Rabindralal Sinha:

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ পশ্চিমবঙ্গের সংশোধিত বেতন হার পাইতে ইচ্ছা প্রকাশ (অপ্‌সান) করিয়াছেন। তাঁহারা নিম্ন হারে বেতন পাইতেছেনঃ—

'ক' শ্রেণী শিক্ষক—৮০—১—১২৫ এবং ভাতা ৫ টাকা।

'খ' শ্রেণী শিক্ষক—৭৫—১—৮০ এবং ভাতা ৫ টাকা।

'গ' শ্রেণী শিক্ষক—৬৫—১—৭০ এবং ভাতা ৫ টাকা।

বোর্ড (জেলা পরিষদ) পরিচালিত মিডল স্কুলের শিক্ষকগণের মধ্যে যাঁহারা পশ্চিমবঙ্গের সংশোধিত বেতন হার পাইতে ইচ্ছা প্রকাশ (অপ্‌সান) করিয়াছেন তাঁহারা নিম্ন হারে বেতন পাইতেছেনঃ—

বি এ পাশ শিক্ষক ... ১৬০ টাকা (ফিক্সড)

আই এ পাশ শিক্ষক ... ১১৫ টাকা (ফিক্সড)

এবং অন্যান্য যোগ্যতাসম্পন্ন শিক্ষকগণ প্রাথমিক বিদ্যালয়ের বেতনহার পাইয়া থাকেন।

কিন্তু যাঁহারা ইচ্ছা প্রকাশ করেন নাই (অপ্‌সান) তাঁহারা বিহার সরকার প্রবর্তিত বেতন হার ও ভাতাদি ভোগ করিতেছেন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ তার মানে দেখা যাচ্ছে যেটা আপনি 'ক'-এর উত্তরে বললেন এটা সত্য নয়, এটা ঠিক নয়, তার কারণ অনেক শিক্ষক পাচ্ছেন না অথচ আপনি বললেন যে কয়েক-জন শিক্ষক অপ্‌সান দিয়েছেন তা কতজন শিক্ষক অপ্‌সান দিয়েছেন জানাবেন কি?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ আমার যতদূর মনে আছে ৫০ জন শিক্ষকের মধ্যে ১২ জন অপ্‌সান দিয়েছেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ একটা জিনিস মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, পুরুলিয়া জেলায় যাঁরা অপ্‌সান দিয়েছেন তাঁদেরটা ঠিক এইভাবে করা হয়েছে বাকি যাঁরা তাঁদের বিহার সরকারের প্রবর্তিত হারে দেওয়া হয়েছে। আমি জিজ্ঞাসা করছি যে, বিহার সরকারের প্রবর্তিত হারে যে চাপান হয়েছে কেন, কারণ আফটার দি মারজার পুরুলিয়া তো আমাদের সুতরাং সেই-ভাবে না হয়ে পুরুলিয়া এভাবে হল কেন? ইজ ইট দি গভর্নমেন্ট পলিসি অর সামথিং এল্‌স?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ আমরা প্রথমত যেভাবে টিচারদের টার্মস অফ অ্যাপয়েন্টমেন্ট পেয়েছি সেইভাবে তাদের দিয়েছি ডিস-অ্যাডভান্টেজ আমরা বিচার করতে পারি না, সেইজন্য আমরা টিচারদের অপ্‌সান দিয়েছি। আমাদের টার্মস ছিল যে, তাঁরা ইচ্ছা করলে বিহার স্কেল-এ থাকতে পারেন এবং ইচ্ছা করলে ওয়েস্ট বেঙ্গল স্কেল-এ আসতে পারেন, আমাদের স্কেল-এ যাঁরা আসতে চাইবেন তাঁদের আমরা আমাদের স্কেলের অ্যাডভান্টেজ দেব।

শ্রী[illegible] রায়ঃ এই যে অপ্‌সান বলতে এটা কি মিন্‌ করছেন, এটা কিসের ভিত্তিতে হয়?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ অপ্‌সান মানে হল বিহার স্কেল-এ থাকবেন না ওয়েস্ট বেঙ্গল স্কেল-এ তারা থাকবেন সেটা তারাই স্থির করবেন।

শ্রী[illegible] রায়ঃ বিহার স্কেল-এ থাকবার প্রশ্ন আসে কেন যখন নাকি এটা পশ্চিমবঙ্গের মধ্যে এসে গেছে সেজন্য আমার জিজ্ঞাস্য বিহার স্কেল-এ অপ্‌সান দেওয়া হয়েছে কেন? বিহার স্কেলটা আমাদের স্কেল-এর চেয়েও ভাল?

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ ইতিপূর্বে শৈলেনবাবুর প্রশ্নের উত্তরে বলেছি যে, টার্মস অফ অ্যাপয়েন্টমেন্ট যেটা সেটা ভেরি করতে হলে তাদের সম্মতি নিয়ে করা উচিত এবং আমরা সেটাই করেছি। তারা যদি মনে করেন এটা বেটার, এইভাবে তারা অপ্‌সান দেবেন। সেই হিসেবে তারা বিচার করে যেটা মনে করবেন সেইভাবে তারা অপ্‌সান দেবেন, এখানে আমাদের বলার থাকে না।

[1-20—1-30 p.m.]

Shri Birendra Narayan Ray:

তাঁদের পশ্চিমবঙ্গে চাকরীর সর্ত কি এবং বিহার সরকারের কি কি সর্ত ছিল মন্ত্রিমহাশয় বলতে পারেন কি?

Shri Rabindra Lal Sinha:

ডিটেল্ড সর্ত বলা আমার পক্ষে সম্ভব নয়।

Shri Sanat Kumar Raha:

আমি মাননীয় শিক্ষামন্ত্রীর উত্তর থেকে ঠিক বুঝতে পারলাম না—বিহার গভর্নমেন্ট যে সর্তে য়্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন সেই সর্ত সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার ঠিক করেছেন যে, টিচাররা যদি সেই সর্তে থাকতে না চান তাহলে আমাদের সর্তে আসবেন। আমার বক্তব্য হচ্ছে ওয়েস্ট বেঙ্গল স্টেট গভর্নমেন্ট তাদের প্রাইমারী স্কুলের স্ট্যান্ডার্ডকে একটা ইকনমিক স্ট্যান্ডার্ডে আনার জন্য চেষ্টা করছেন কিনা?

Shri Rabindra Lal Sinha:

হ্যাঁ, নিশ্চয়ই চেষ্টা করছেন—স্কুলের স্ট্যান্ডার্ড একই আনবো। এখানে বেতন হারের কথা হচ্ছে, স্ট্যান্ডার্ডের প্রশ্ন নয়। বেতন হারের সঙ্গে শিক্ষকরা প্রাইমাফিসি কনসার্নড তাঁদের কিসে সুবিধা হবে। তাঁরা পরিপূর্ণভাবে বিবেচনা করে তা অপ্‌সান দিচ্ছেন। তাঁরা যদি মনে করেন এই বেতন হার তাঁদের পক্ষে অ্যাডভানটেজাস, তাঁরা যদি আসতে চান, আমরা আনন্দের সঙ্গে মেনে নেবো।

Shri Sanat Kumar Raha:

আপনাদের প্রশ্ন আসবে তো গভর্নমেন্টের পলিসিটা কি? এই অপ্‌সানের সুযোগ আপনি প্রত্যেক জায়গায় স্কুল টিচারদের দেবেন কি? বিহারের যে অ্যাপয়েন্টমেন্ট দিল সেই অ্যাপয়েন্টমেন্ট কি বেঙ্গল গভর্নমেন্টের স্কেলের নীচে যার জন্য অপ্‌সান দিচ্ছে?

Shri Rabindra Lal Sinha:

এ প্রশ্নের আমি কি করে জবাব দেব বুঝতে পারছি না। আমি যে কথা বলেছি তার চেয়ে বেশী কিছু বলতে পারবো না।

Shri Sailendra Nath Adhikary:

আমার জিজ্ঞাস্য হচ্ছে পুরুলিয়ায় যাঁরা টিচার ছিলেন সেই টিচাররা

They were appointed by the Bihar Government prior to the merger.

ওয়েস্ট বেঙ্গলে যখন পুরুলিয়া মার্জ করলো, তাঁদের টিচার্স অফ অ্যাপয়েন্টমেন্ট পূর্বে যখন তাঁরা য়্যাপয়েন্টেড হয়েছিলেন প্রাইওর টু মার্জার তখন তাঁদের বিহার সরকার অ্যাপয়েন্ট করেছিলেন। মার্জার হবার পর নেসেসারী করোলারী সেটা হচ্ছে বেঙ্গল গভর্নমেন্ট সেই টিচার্স অফ অ্যাপয়েন্টমেন্টকে নালিফাই করে বা তাকে অ্যামেন্ড করে নিজেরা টার্মস অফ অ্যাপয়েন্টমেন্ট দিয়ে অ্যাবজর্ব করে নেবেন—তা না করে এইরকম দ্বৈত প্রথার মধ্যে রাখা হল কেন?

Mr. Speaker: He has given full answer to that question.

Shri Girish Mahato:

মন্ত্রিমহাশয় বলবেন কি বলরামপুর স্কুলের শিক্ষকগণ যে পশ্চিমবঙ্গের স্কেল চেয়েছিলেন, তাঁদের সেটা দেয়া হয়েছে কিনা?

Shri Rabindra Lal Sinha:

এটা তো একটা স্পেসিফিক কোয়েশ্চেন। এখানে জেনারেল প্রিন্সিপল সম্বন্ধে প্রশ্ন হচ্ছে। এর মধ্যে কোন একটা পার্টিকুলার স্কুলের কি হয়েছে বললে আমি বলতে পারবো না।

Shri Birendra Narayan Ray:

আপনি যে এখানে শ্রেণী বিভাগ করেছেন—এই শ্রেণী বিভাগ আপনারা কিভাবে করেন?

Shri Rabindra Lal Sinha:

এটা তো আপনি নিশ্চয়ই জানেন, পশ্চিমবঙ্গে যা আছে তাই। আপনি যদি প্রশ্নের উত্তরটা দেখেন তাহলে দেখবেন পুরুলিয়ায় আমি বলেছি প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে সবাই সাপোর্ট করেছেন পশ্চিমবঙ্গের স্কেলে আনবার জন্য। সুতরাং তাঁরা পশ্চিমবঙ্গের স্কেল পাচ্ছেন।

Shri Doman Kuiry:

ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার মিডল স্কুলের কোন শিক্ষক পশ্চিমবঙ্গের স্কেল পান নি?

Shri Rabindra Lal Sinha:

একথা সত্য নহে।

Shri Doman Kuiry:

মন্ত্রিমহাশয় বলবেন কি মিডল স্কুলের শিক্ষকদের বর্তমানে স্কেল কত?

Shri Rabindra Lal Sinha:

এটা আমি জবাবেই তো বলেছি যে, বোর্ড পরিচালিত মিডল স্কুলের শিক্ষকগণের মধ্যে যাঁহারা পশ্চিমবঙ্গের সংশোধিত বেতন হার পাইতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন তাঁহারা নিম্ন হারে বেতন পাইতেছেন:—বি এ পাশ শিক্ষক—১৬০ [ফিক্সড]। আই এ পাশ শিক্ষক ১১৫ [ফিক্সড]। ওয়েস্টবেঙ্গলের যা স্কেল তাঁরা সেই স্কেলই পাবেন।

Dr. Kanai Lal Bhattacharya:

সাবভেনসন গ্র্যান্ট কি এঁরা পাচ্ছেন?

Shri Rabindra Lal Sinha:

যাঁরা পশ্চিমবঙ্গে অপট করেছেন তাঁরা পাবেন না, যাঁরা বিহারে আছেন তাঁরা পাবেন।

Shri Girish Mahato:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, সমস্ত শিক্ষকরা যদি লিখিতভাবে দেন তাহলে বাংলা স্কেলে টাকা পাবেন কিনা?

Shri Rabindra Lal Sinha:

আমি তো এটা একাধিকবার বলেছি।

Shri Doman Kuiry:

এটা কি সত্য যে শিক্ষকরা এ সম্পর্কে আপনাদের জানিয়েছেন?

Shri Rabindra Lal Sinha:

একথা ঠিক নয়।

Over-crowding in Buses on some Routes in Midnapore District

***449.** (Admitted question No. *2476.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁথি-কালিনগর, কাঁথি-রসুলপুর, কাঁথি-দীঘা ও কাঁথি-দেউলীহাট রুটের বাসগুলিতে নির্দিষ্ট সংখ্যার বেশী বাসযাত্রীদের লইয়া চলাচল করায় যাত্রীদিগকে অশেষ কষ্ট ভোগ করিতে হয়; এবং

(খ) অবগত থাকিলে, এই সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

Shri Saila Kumar Mukherjee:

(ক) হ্যাঁ।

(খ) বেআইনীভাবে অধিক সংখ্যক যাত্রী বহন বন্ধ করিবার উদ্দেশ্যে বাসের মালিকদের বিরুদ্ধে মামলা রুজু করা হইতেছে। এই সমস্যার স্থায়ী সমাধানের উদ্দেশ্যে উক্ত রুটসমূহের বাসগুলিকে অতিরিক্ত ট্রিপ মঞ্জুর করিবার এবং প্রয়োজন মত অধিক সংখ্যক বাস চলাচলের ব্যবস্থা করিবার প্রস্তাব মেদিনীপুর আঞ্চলিক পরিবহণ সংস্থার বিবেচনাধীন আছে।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় বললেন যে, বেআইনীভাবে অধিক সংখ্যক যাত্রীবহন বন্ধ করিবার উদ্দেশ্যে বাসের মালিকদের বিরুদ্ধে মামলা রুজু করা হইতেছে—তাহলে স্বীকার করছেন যে অতিরিক্ত যাত্রী সেখানে যাচ্ছে এবং আপনি তার সঙ্গে সঙ্গে বলেছেন—প্রয়োজন মত অধিক সংখ্যক বাস চলাচলের ব্যবস্থা করিবার প্রস্তাব মেদিনীপুর আঞ্চলিক পরিবহণ সংস্থার বিবেচনাধীন আছে —কতদিন থেকে বিবেচনাধীন আছে?

Shri Saila Kumar Mukherjee:

এখনও বিবেচনা করছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন আপনারা দুই বছর পূর্বে সেখানে স্থায়ী বাসরুট ডিক্লেয়ার করে এখনও দিচ্ছেন না কেন?

Shri Saila Kumar Mukherjee:

আমি এটা আপনাকে পড়ে শোনালে সমস্ত বুঝতে পারবেন—

রুটের নাম	রুটের দৈর্ঘ্য মাইল	বাসের বর্তমান সংখ্যা	প্রতি বাসের অনুমোদিত ট্রিপের সংখ্যা	বাসে মোট আসনের সংখ্যা
(১) কাঁথি-কালিনগর	১০	১১	২ ট্রিপ করিয়া	২৮২
(২) কাঁথি-রসুলপুর	১০	৩	২ ট্রিপ করিয়া	৯৩
(৩) কাঁথি-দীঘা	২২	৪	২ ট্রিপ করিয়া	১১৮
(৪) কাঁথি-দেউলহাটি	২২	৫	৮ আপ এবং ডাউন ট্রিপ	১৪৭
				৬৪০

এইভাবে আমরা চিন্তা করছি।

Shri Balai Lal Das Mahapatra:

দীঘা-খড়্গপুর সম্বন্ধে কি করেছেন?

Shri Saila Kumar Mukherjee:
আপনি যে রুটের কথা বলেছেন তার মধ্যে এটা নেই।

Shri Balai Lal Das Mahapatra:
ঐ লাইনে স্থায়ী রুট অনেকদিন আগে থেকে ডিক্লেয়ার করেছেন, দেন নি কেন?

Shri Saila Kumar Mukherjee:
আপনার প্রশ্নে দীঘা-খড়্গপুর সম্বন্ধে কিছু নেই। সুতরাং এটা বলবো কি করে?

CALLING ATTENTION TO MATTER OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the alleged assualt on a student of Belur Ramkrishna Mission College and Consternation in the student community, called attention by Shri Sambhu Charan Ghosh on the 29th March, 1965.

STATEMENT ON THE ALLEGED ASSAULT ON A STUDENT OF BELUR RAMKRISHNA MISSION COLLEGE

[1-30—1-40 p.m.]

Shri Ardhendu Shekhar Naskar:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেলুড় রামকৃষ্ণ মিশনের ডিগ্রি কোর্সের প্রথম পর্যায়ে অনার্স বিভাগের ছাত্র শ্রীমান প্রদীপ গুপ্তকে হত্যা করিবার ষড়যন্ত্র করায় এই বৎসর সে পরীক্ষা দিতে সক্ষম হয় নাই এবং এই ঘটনায় ছাত্র ও অভিভাবক সমাজে দারুন ভীতির সঞ্চার হইয়াছে, এইরূপ বলিয়া পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য শ্রীশম্ভুচরণ ঘোষ মহাশয় যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়াছেন তাহার উত্তরে আমি নিম্নোক্ত বিবৃতি দিতে চাই।

শ্রীমান প্রদীপকুমার গুপ্ত বেলুড়মঠস্থিত রামকৃষ্ণ বিদ্যামন্দিরে ত্রৈবার্ষিক ডিগ্রি কোর্সের দ্বিতীয় বার্ষিক শ্রেণীতে অর্থনীতিতে অনার্স সহ অধ্যয়ন করিতেছিল। বিদ্যা মন্দিরের কর্তৃপক্ষ তাহাকে বিনা ব্যয়ে থাকা খাওয়া এবং লেখাপড়া করার সুযোগ দান করিয়াছিলেন। এই বৎসর মার্চ মাসে তাহার ডিগ্রি কোর্সের প্রথম পর্যায়ের চূড়ান্ত পরীক্ষায় বসিবার কথা ছিল। রামকৃষ্ণ বিদ্যামন্দিরের সচিব কর্তৃক গত ২৫এ ফেব্রুয়ারী তারিখে হাওড়ার এস পি-র নিকট লিখিত এক-খানি পত্রে বলা হয় যে, শ্রীমান প্রদীপ গত ১৯৬৪ খ্রীস্টাব্দের ২৯এ নভেম্বর তারিখে কোনও অজ্ঞাত শত্রুপক্ষের চক্রান্তে এক দুর্ঘটনায় পতিত হয় এবং ইহার ফলে সে টেস্ট পরীক্ষায় বসিতে পারে নাই। কি প্রকারের দুর্ঘটনা তাহা ঐ পত্রে বলা হয় নাই। কেবলমাত্র তাহার একার জন্যেই একটি অতিরিক্ত টেস্ট পরীক্ষা গৃহীত হয় এবং প্রথম পর্যায়ের চূড়ান্ত পরীক্ষায় বসিতে দিবার জন্য তাহাকে অনুমতি দেওয়া হয়। গত ২২এ ফেব্রুয়ারী তারিখে কর্তৃপক্ষের অনুমতি লইয়া অপরাহ্ন এক ঘটিকা হইতে ৭ ঘটিকা পর্যন্ত শ্রীমান প্রদীপ যখন ছাত্রাবাসের অনুপস্থিত ছিল তখন কোন অজ্ঞাত পরিচয় ব্যক্তি তাহার ঘরে তাহার কিছু সংখ্যক নোট বই, খাতা ইত্যাদিতে অগ্নিসংযোগ করে। এই ঘটনার কিছু পরেই শ্রীমান প্রদীপ ছাত্রাবাসে ফিরিয়া আসে। বিদ্যা-মন্দিরের কর্তৃপক্ষের অনুরোধে তাহার পিতাও সেখানে উপস্থিত হন এবং সেই রাত্রেই পুত্রকে সঙ্গে লইয়া তিনি চুঁচুড়ায় তাঁহার স্বগৃহে ফিরিয়া যান। 'উল্কা' এই ছদ্মনামে শ্রীমান প্রদীপকে শাসাইয়া লেখা ৪ খানি চিঠিও প্রদীপের ঘরে পাওয়া যায়। তারপর ২৪এ ফেব্রুয়ারী তারিখে শ্রীমান প্রদীপের উদ্দেশ্যে লেখা একটি চিঠি বিদ্যামন্দিরের উপাধ্যক্ষের হস্তগত হয়। এইসব ঘটনার প্রয়োজনীয় তদন্ত করা হয়। তদন্ত কালে তাহার প্রতিদ্বন্দ্বী হইতে পারে এইরূপ অন্যান্য কলেজের কিছু ছাত্রকেও এ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হয়। কিন্তু তাহাদের বিরুদ্ধে আপত্তিকর কিছুই প্রকাশ পায় না। তাহার ক্ষতিসাধনের কথা চিন্তা করিতে পারে এইরূপ কোনও প্রতি-দ্বন্দ্বী বিদ্যামন্দিরেও পাওয়া যায় নাই। ইহার পরিপ্রেক্ষিতে ২৯এ নভেম্বরের দুর্ঘটনার অভিযোগটিও সম্পূর্ণ অলীক বলিয়াই প্রতীয়মান হয়। শ্রীমান প্রদীপের ঘরে প্রাপ্ত চিঠিগুলি পরীক্ষা করিয়া এবং সেগুলিকে তাহার হস্তাক্ষর বলিয়া স্বীকৃত হস্তাক্ষরের সহিত হস্তাক্ষর বিশারদ কর্তৃক পরীক্ষা করিয়া দেখা যায় যে চিঠিগুলির হস্তাক্ষরের সহিত শ্রীমান প্রদীপের

হস্তাক্ষর বলিয়া স্বীকৃত হস্তাক্ষরের যথেষ্ট সাদৃশ্য আছে। আরও জানা যায় যে, শ্রীমান প্রদীপ হাওড়া হইতে চব্বিশপরগনার নৈহাটিতে তাহার পরীক্ষাকেন্দ্র স্থানান্ত করিয়া পরীক্ষা দেয় এবং পরীক্ষার প্রথম দিনে সে কিছু না লিখিয়াই সাদা খাতা জমা দিয়াছে বলিয়া প্রকাশ পায়। এই সমস্ত ঘটনা হইতে মনে হয় যে নিজের কর্তব্যে অবহেলা গোপন করা এবং পরীক্ষার জন্য যথেষ্ট প্রস্তুতি না করায় পাছে তাহার পিতামাতা বিরক্ত হন তাই তাঁহাদের চোখে ধূলি দিবার উদ্দেশ্য লইয়া শ্রীমান প্রদীপ নিজেই এইসমস্ত গল্পের সৃষ্টি করিয়াছে।

Shri Sambhu Charan Ghosh:
মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় এই যে স্টেটমেন্ট দিলেন এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ স্টেটমেন্ট। আমি একটা প্রশ্ন দিয়েছিলাম যে, একটি ছাত্র শ্রীমান প্রদীপ গুপ্ত সে ১৯৬৩ সালে হায়ার সেকেন্ডারীতে কলা বিভাগে প্রথম স্থান অধিকার করেছিল। কিন্তু এখানে যে বিবৃতি মন্ত্রিমহাশয় দিলেন পুলিশের কাছ থেকে রিপোর্ট নিয়ে তাতে বললেন প্রদীপ পরীক্ষা দিতে অস্বীকার করেছিল এবং পরীক্ষা না দেওয়ার জন্য ষড়যন্ত্র করে এইসমস্ত ফাঁদ পেতেছে। স্পীকার মহাশয়, আমি বলছি রামকৃষ্ণ মিশনের কর্তৃপক্ষের সঙ্গে আমি নিজে ব্যক্তিগতভাবে আলাপ-আলোচনা করেছি। তাঁরা আমাকে এই কথা বলেছেন যে, প্রদীপের মত ছেলে এইরকম কাজ করতে পারে না যে, নৈহাটি কলেজে পরীক্ষা দিতে গিয়ে উঠে আসবে। কিন্তু শেষের ঘটনায় জানা গেল যে, প্রথম দিন সে যখন পরীক্ষা দিতে যায় তখন পথে কতকগুলি আততায়ী তাকে আঘাত করে। সেই অবস্থায় সে পরীক্ষা দিতে যেতে পারে নি। কাজে কাজেই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, অভিভাবক এবং ছাত্রমহলে এই নিয়ে দারুন আতঙ্কের সৃষ্টি হয়েছে। সুতরাং আপনি সম্পূর্ণ অসত্য বিবৃতি দিলেন। পুলিশ কোনরকম অনুসন্ধান না করেই এই রিপোর্ট দিয়েছে। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি প্রদীপ গুপ্ত যে ফার্স্ট স্ট্যান্ড করেছে সে কখনও এইরকম একটা কান্ড করে এইরকম ঘটনার সৃষ্টি করতে পারে না। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এই ঘটনার আবার নতুন করে তদন্ত করুন। আমি মিশনের যিনি মহারাজ আছেন, মিশনের যিনি সেক্রেটারী আছেন তাঁদের সঙ্গে ব্যক্তিগতভাবে আলাপ-আলোচনা করেছি। তাঁরা বলেছেন এই ঘটনা প্রদীপ গুপ্তের মত ছেলে করতে পারে না, এই ঘটনার পিছনে কোন গুপ্ত চক্রান্ত আছে। তাঁরা সন্দেহ প্রকাশ করেছেন। মিঃ স্পীকার, স্যার, এই যে মন্ত্রিমহাশয় বিবৃতি দিলেন এটা অত্যন্ত অসত্য বিবৃতি। আমি অনুরোধ করছি তিনি আবার তদন্ত করুন, করে হাউসের সামনে সত্য ঘটনা রাখুন।

মিঃ স্পীকার: মিঃ নস্কর উনি যেটা বলেছেন সেটা আবার তদন্ত করবেন—after all, a student is concerned.

আর

I am not saying that your statement is incomplete or incorrect.

Shri Ardhendu Shekhar Naskar:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন বলছেন তখন আমি পুনরায় তদন্ত করব।

Mr. Speaker. The Minister-in-charge of the Relief and Welfare Depart-mnet will please make a statement on the destruction of houses due to storm of 23rd March in Murshidabad district, called attention by Shri Sanat Kumar Raha on the 31st March, 1965.

Shri Ardhendu Shekhar Naskar: Sir, with reference to this Calling Attention notice of honourable member, Shri Sanat Kumar Raha, I beg to say that in Rangamati Chandpara Anchal no houses were damaged or destroyed and no families affected. Therefore, there is no question of giving any relief in the area. In Mahalandi Anchal 102 houses were damaged and 78 families affected. House building grant of Rs. 2,580 and house building loan of Rs. 8,000 for distribution to the affected families are under consideration. There is no report of damage to and destruction of houses caused by the storm in Satin Anchal. In Sahajadpur, 72 houses were either damaged or destroyed and 72 families affected. Rs. 169 was given as G.R. on 24th March, 1965 to 239 persons and the question of giving house building grants to deserving cases is being considered.

Mr. Speaker: The Minister-in-charge of the Home Department will please make a statement on the subject of representation of West Bengal Government to the Union Government regarding Income-tax restrictions on advertisement, called attention by Shri Bijesh Chandra Sen on the 2nd April, 1965.

Shri Ardhendu Shekhar Naskar:

স্যার, এটা আজকে হেলড ওভার রাখা হোক। পরে একদিন দেব।

Mr. Speaker: I have received three notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Damages of 'Rabi crops' due to recent hail strom in West Bengal —by Shri Ananga Mohan Das;

(2) Damages of school buildings due to recent storm in the Berhampur subdivision of Murshidabad district—by Shri Abdul Latif; and

(3) Increase in price of rice in Nadia district—by Shri Gour Chandra Kundu.

I have selected the notice of Shri Ananga Mohan Das on the subject of damages of 'Rabi crop' due to recent hail storm in West Bengal. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Smarajit Bandyopadhyay: I shall make the statement on Wednesday.

Shri Jaynarayan Sharma:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে এলাকা থেকে এসেছি, সেখানে কুলটি কারখানার মালিকের তরফ থেকে এমন বে-আইনী কাজ করা হচ্ছে যে, তার ফলে নয়শো মজদুর বসে গেছে, এখন সেই মজদুরদের মধ্যে একটি গুরুতর অসন্তোষ দেখা যাচ্ছে। এমন অশান্তি দেখা দিয়েছে, যাতে আমার মনে হয় সেখানে সমস্ত কারখানা বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে নিবেদন করছি এদের বিরোধ মীমাংসার জন্য ইমিডিয়েটলি তিনি হস্তক্ষেপ করুন। এত বড় একটা কারখানা বন্ধ হয়ে যাওয়া উচিত নয়। মালিকের তরফ থেকে ত্রুটি হয়েছে, অন্যায় হয়েছে—ঐ প্রফিট বোনাস ৫০ পার্সেন্ট কোর্টে দেওয়া মাননীয় শ্রমমন্ত্রী যেন এর জন্য ইমিডিয়েট এ্যাকশন নেন—এই আবেদন তাঁর কাছে রাখছি।

Shri Birendra Narayan Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে নাই, তবুও অন্যান্য যে মন্ত্রীরা আছেন, তাঁদের কাছে একটা জিনিস বলতে চাই। আমি একটি চিঠি পেয়েছি—মধুসূদন বাগ ও অমর কুণ্ডু ডি আই আর ৩০-তে বিনা বিচারে প্রেসিডেন্সী জেলে আটক আছেন। তাঁরা চিঠিতে লিখেছেন—আইনে যেসমস্ত সুযোগ-সুবিধা আছে—ফ্যামিলি এলাউয়েন্স ইত্যাদি পাওয়ার, আজ পর্যন্ত তারা সেই অ্যালাওয়েন্স পান নি। গ্রেপ্তারের দু-দিন পরেই ফ্যামিলি অ্যালাওয়েন্স সম্বন্ধে কর্তৃপক্ষের কাছে জানিয়েছেন। কিন্তু তার কোন ফল অদ্যাবধি হয় নাই। এদিকে তাদের পুত্রকন্যা ঐ ফ্যামিলি অ্যালাওয়েন্স-এর অভাবে অভুক্ত অবস্থায় দিন যাপন করছে। তিনি আরো জানিয়েছেন [illegible]। জেলে আরো যেসব বন্দী আছেন, তাদের মধ্যে দু-জন ছাড়া আর কেউ ঐ ফ্যামিলি এ্যালাওয়েন্স পান নাই যদিও লিগ্যালি সেটা তাদের পাবার কথা। সেটা না দিয়ে তাদের আটকে রেখেছেন। এইভাবে তাঁরা আর কতদিন চালাবেন সেটা যেন মন্ত্রিমহাশয় জানিয়ে দেন।

Language of the National Song of India

[1-40—1-50 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, গত ৩০এ মার্চ যুগান্তরে প্রকাশিত একটি প্রবন্ধের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই যে, জাতীয় সঙ্গীতের ভাষা সরকারী ভাষা হবে না কেন এই শীর্ষক প্রবন্ধে দেখান হয়েছে—পৃথিবীর সমস্ত দেশে জাতীয় সঙ্গীতের ভাষা সরকারী ভাষা হিসাবে অন্যতম বলে তাকে স্বীকৃতি দেওয়া হয়েছে। আমাদের ভারতবর্ষে জাতীয় সঙ্গীতের ভাষা জন গণ মন এবং বন্দে মাতরম্—বাংলা ভাষা প্রবন্ধের মধ্যে প্রস্তাব করা হয়েছে এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে, অন্যান্য দেশের মত কানাডা, সুইজারল্যান্ড ও পাকিস্তানের মত আমাদের এখানেও ৫টি ভাষাকে রাষ্ট্রীয় ভাষার মর্যাদা দেওয়া হবে—বাংলা, তামিল, তেলেগু, হিন্দী এবং ইংরাজী—এ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী একটি বেসরকারী বিবৃতি দিয়াছেন। আমি তাঁকে অনুরোধ করছি যে, এ সম্বন্ধে তাঁদের কিছু বক্তব্য আমাদের সামনে রাখুন।

Damage to School Buildings due to storm

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৩-৩ তারিখের ঝড়ের সম্পর্কে যে রিপোর্ট এখানে দেওয়া হল—আমি প্রত্যক্ষদর্শী হিসাবে কয়েকটি জায়গায় ঘুরে এসেছি, ভেবেছিলাম বোধ হয় রিপোর্ট মিলবে, কিন্তু মিলল না। দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই যে, আমি খুব সংক্ষেপে বলতে চাই, যেসব স্কুলের ছাদ উড়ে গিয়েছে—আপনারা বড় বড় মালটি পারপাস স্কুল-এ সাহায্য দিচ্ছেন, কিন্তু প্রাইমারী স্কুলের ছাদ উড়ে গেলে নূতন করে লোকাল কনট্রিবিউশান-এ ছাদ করতে হয়, তাহলে সেখানে আর স্কুল হবে না। কাজেই শিক্ষামন্ত্রী এখানে আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, স্কুলগুলি মেরামত এবং রিলিফের যাতে অবিলম্বে ব্যবস্থা করা হয় তার ব্যবস্থা করা এবং যে রিপোর্ট এখানে এসেছে রাঙামাটিতলার, তার সম্বন্ধে কোন রিপোর্ট এখানে নেই। আমি গোবিন্দপুরে গিয়ে সেখানে বাড়ির দরখাস্ত রেকমেন্ড করে দিয়ে এসেছি।

Entry of refugees without travel document

শ্রীকমলকান্তি গুহঃ মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। গত সপ্তাহে সীমান্ত বন্ধ করা নিয়ে আমরা এই হাউসে খুব আলোচনা করেছি। সরকারপক্ষ থেকে বলা হয়েছিল যে, বিবেচনার জন্য কেন্দ্রীয় সরকারকে জানান হবে। কিন্তু যেটা আমরা আশঙ্কা করেছিলাম সেটা বাস্তবে পরিণত হয়েছে। আমরা দেখতে পাচ্ছি সংখ্যালঘু—যারা উইদাউট ভ্যালিড ডকুমেন্টে এসেছে তাদের ফেরত পাঠান হচ্ছে এবং আর একটি চরম ঘটনা ঘটেছে যে স্বামী ভারতীয় নাগরিক এবং মেয়ে ও স্ত্রীকে পাকিস্তানে থাকতে হচ্ছে। তিনি নিজে তাদের আনতে গিয়েছিলেন। তাদের ডকুমেন্ট ছিল না সেইজন্য তাদের ফেরত পাঠান হয়েছে। এখন এই অবস্থায় কি দাঁড়াবে? ও'রা বলছেন যে, পাকিস্তানী গুপ্তচর বা পাকিস্তানী অনুপ্রবেশকারীরা যাতে না আসতে পারে সেই জন্য তাঁরা এই ব্যবস্থা অবলম্বন করেছেন। কিন্তু যার স্বামী ইন্ডিয়ার নাগরিক, এখানে বসবাস করছেন তিনি নিজে গিয়েছেন স্ত্রী এবং মেয়েকে নিয়ে আসতে, তাদের ফেরত পাঠান হয়েছে। তাহলে তারা কি পাকিস্তানী নাগরিক আছে না পাকিস্তানী গুপ্তচর আছে, না তারা আমাদের দেশের ক্ষতিসাধন করবার জন্য আসছিলেন? এগুলি বোঝা যাচ্ছে তা নয়। তারা এখানে স্বামীর সাথে বসবাস করবার জন্য চলে আসছিলেন।

মিঃ স্পীকারঃ মিঃ গুহ, আপনি অ্যাটেনসানটা ড্র করুন। আপনি এটা নিয়ে এখানে you cannot go on discussing it.

শ্রীকমলকান্তি গুহঃ ঘটনাটি গুরুত্বপূর্ণ বলেই বলছি। সেখানে কি অবস্থা আছে এটা আমরা তাঁর কাছ থেকে উত্তর পেতে চাই। স্যার, এটা শুধু আমরা বলে যাব, আর শুনলে হবে না—সেই স্ত্রী এবং মেয়ের অবস্থা কি হবে সেটা জানতে চাই।

মিঃ স্পীকারঃ মিঃ গুহ, শুনলে হবে না যদি বলেন, তাহলে রুলস-এর যে প্রসিডিওর আছে আপনি ফলো করুন। নো, প্লিজ সিট ডাউন, মিঃ গুহ।

Firing by Pakistanis at Berubari

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। ৩০এ মার্চ মুখ্যমন্ত্রিমহাশয় মেখলীগঞ্জে গিয়েছিলেন এবং উপদ্রুত অঞ্চল পরিদর্শন করে ফিরে এলেন। আমি আশা করেছিলাম তিনি একটা বিবৃতি দেবেন। কিন্তু দিলেন না। এই সময়ের মধ্যে গুলী বন্ধ হয়েছে ঠিক, কিন্তু এই সময়ের মধ্যে এমন কতকগুলি ঘটনা ঘটেছে যার ফলে আমরা অত্যন্ত উদ্বেগ বোধ করছি। প্রথম কথা হচ্ছে এই যে গত পরশু-দিন, শুক্রবার এই হাউসের মধ্যে আমাদের নেতা শ্রীহেমন্ত বসু মহাশয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলেন যে বেরুবারীতে কি এখনও গুলী চলছে সিজ ফায়ার এর পরেও? মুখ্যমন্ত্রী বললেন যে আমি জানি না, আমার কোন খবর জানা নেই। অত্যন্ত দুঃখের কথা যে, ২৪ ঘণ্টা ধরেও মুখ্যমন্ত্রী কোন খবর রাখেন নি যে, বেরুবাড়িতে গুলী চালান হয়েছে কিনা এবং সেই এলাকার ৬৭ বিঘা জমি—কাজলদীঘি, ১৮৬-১৮৭ নম্বর ছিটমহল, পাকিস্তান দখল করে আছে এবং সে সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রী শরন সিং বিবৃতি দিচ্ছেন যে না আমাদের কোন জমি বেদখলে নেই। পাকিস্তানের দখলে কোন জমি নেই। এইরকম ধরনের একটা যে উলটো পালটা স্টেটমেন্ট হচ্ছে, শুনে আমরা অত্যন্ত অবাক হয়ে যাচ্ছি। দ্বিতীয়ত, মুখ্যমন্ত্রী এই হাউসে বার বার ঘোষণা করেছেন যে, চার দফা সর্ত এক সঙ্গে কার্যকরী করা হবে। চার দফার মধ্যে দাহাগ্রামে পাকিস্তানী অনুপ্রবেশকারীদের স্বীকৃতি হল চীফ সেক্রেটারী কনফারেন্সের আগেই এবং ২,৫০০ পাকিস্তানী পুলিশ দাহাগ্রামে ঢুকলো। কিন্তু অন্য দিকে আমরা দেখছি যে, আমাদের যেসমস্ত ছিটমহল এলাকা আছে বেশীর ভাগ ছিটমহল এলাকায় কোথাও কোন রাস্তাঘাট নেই এবং সেই এলাকায় আমাদের কোন মানুষকে, কোন ভারতীয় নাগরিককে আজ পর্যন্ত যাওয়ার কোন নির্দেশ দেওয়া হল না। তৃতীয়ত, আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের হাইকমিশনার পার্থসারথী—এই পশ্চিম-বাংলা উপেক্ষা করে তিনি দমদম হয়ে সোজা করাচী চলে গেলেন। অথচ আমাদের পশ্চিমবাংলা সরকারের সঙ্গে কোনও পরামর্শ করা বোধ করলেন না। অবশ্য দেখছি আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী খুব উষ্মা প্রকাশ করেছেন। এইসমস্ত যে ঘটনাগুলি ঘটেছে, এর দ্বারা আমরা অত্যন্ত উৎবেগ বোধ করছি। যদি এর জন্য পূর্বাহ্নে সাবধানতা অবলম্বন করা হত তাহলে এইসব ঘটনা ঘটত না। অন্তত আমরা বিশ্বাস করি যে ১৮ই মার্চ কোচবিহার, রংপুরে যে সম্মেলন হয়েছিল সেই সম্মেলনের ভিতর দিয়ে যদি একটা সুরাহার পন্থায় আসা যেত এবং সেদিন তাঁরা যদি বলতেন যে দাহাগ্রামে অনুপ্রবেশকারীদের বন্দী করা হোক—যদি সেটা করা হত তাহলে এইসব ঘটনা ঘটত না। সেইজন্য আমরা মনে করি যে মাননীয় মুখ্যমন্ত্রী এখানে নেই—মন্ত্রিমণ্ডলীর সদস্যরা রয়েছেন, আমি আশা করি তাঁরা একটা বিবৃতি দেবেন।

Entry of refugees without travel documents

শ্রীকমলকান্তি গুহ: মিঃ স্পীকার, স্যার, মহিলাটির ঘটনাটি কি হল? তাদের কি ফেরত পাঠান হয়েছে আমরা কি সেটা জানতে পারবো না?

মিঃ স্পীকার: মিঃ গুহ, সেটা তো আপনি বলেছেন।

শ্রীকমলকান্তি গুহ: মিঃ স্পীকার, স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। স্বামী থাকবে এখানে, আর স্ত্রী এবং মেয়েকে ফেরত পাঠান হবে, তাদের ভবিষ্যত কি হবে সে সম্বন্ধে কিছুই বুঝতে পারছি না।

মিঃ স্পীকার: মিঃ গুহ আপনি অ্যাটেনশান ড্র করে দিয়েছেন।

[illegible] রায়: মিঃ স্পীকার, স্যার, এ সম্বন্ধে আপনি ও'দের কিছু বলতে বলুন।

মিঃ স্পীকার: মিঃ রায়, আপনি বসুন।

[illegible]কান্তি গুহ: ও'রা কি ডিসিসান দেবেন সেটা আপনি বলে দিন

মিঃ স্পীকারঃ

I would request you not to interrupt. I always make accommodation for you as much as possible.

শ্রীহেমন্তকুমার বসুঃ এটা অত্যন্ত গুরুতর প্রশ্ন স্যার।

মিঃ স্পীকারঃ মিঃ বোস, ব্যাপার গুরুত্বপূর্ণ বলেই আমি আপনাদের অ্যালাউ করি মেনসান করবার জন্য। গুরুত্বপূর্ণ হলেই আমি জেনে নিয়ে তারপরে আপনাদের পারমিশান দিই। you should not make interruption in the House. After all, you are a leader of a party. Attention has just now been drawn to this matter.

GOVERNMENT BILL

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee

Clause 3

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 3, the following proviso be added to proposed sub-section (2A):—

"Provided that such permission for digging or using earth or clay of the holding for the manufacture of bricks and tiles for commercial purposes be given if the authority is satisfied—(i) that the land meant for this purpose is not the best agricultural land and (ii) such purpose will not affect the production of the adjoining lands."

I also move that in clause 3, in proposed sub-section (2B), line 6, for the word "three" the word "one" be substituted.

I also move that in clause 3, in proposed sub-section (2B), line 9, for the word "fifty" the word "fifteen" be substituted.

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই যে তিন নম্বর ক্লজে কমারসিয়্যাল পারপাস ব্যবসাদাররা জমি ব্যবহার করে তাতে ইট তৈরি করা টালি তৈরি করা এই যে সংশোধনীটা আছে এটার সঙ্গে আমি একমত। সত্যি এইরকম একটা হওয়া উচিত। কিন্তু এখন এই যে জমি—কোন জমিতে টালি, ইট তৈরির জন্য দেব কি দেবো না সেখানে অফিসারদের একটা ক্ষমতা দেওয়া হচ্ছে। এখন কতকগুলো সর্ত যদি না দেওয়া হয়, তাহলে দেখা যাবে, যে উদ্দেশ্যে এই নূতন সংশোধনী বিল এসেছে সেই উদ্দেশ্যটা ব্যর্থ হয়ে যাবে। তার কারণ, কি—না, ইট যারা তৈরি করে ইট ব্যবসা করে তাদের মধ্যে অনেক বড় বড় ব্যবসাদার আছেন। এখন সেক্ষেত্রে এই যে বড় বড় ব্যবসাদার —তারা ঐ অফিসারদের প্রভাবান্বিত করে যেটা সর্বোৎকৃষ্ট বা ভাল কৃষি জমি, অনেক সময় সেই জমি ব্যবহার করতে পারে। দ্বিতীয় কথা হচ্ছে আবার জমি দেবার সময় এটা দেখতে হবে যে, এমন জমি দিলাম—যে জমিতে ইট তৈরি করতে গেলে, পোড়াতে গেলে চাষের জমির যাতে সত্যিকার উৎপাদন শক্তি নষ্ট না হয় এদিকে সতর্ক থাকা উচিত।

সেইজন্য আমার যে দুটি সংশোধনী আছে সেই দুটি খুব ছোট এবং সে সম্বন্ধে আমার বক্তব্যও খুব কম। আমি আমার সংশোধনীতে বলেছি একটা সর্ত থাকা উচিত যে কি কি অবস্থায় অফিসাররা সেই জমি ব্যবহারের জন্য অনুমতি দেবেন। তারপর ওই ক্লজ-এ আছে যদি কেউ আইন ভঙ্গ করেন তাহলে তাঁর ৩০০ টাকা জরিমানা হবে। এই জরিমানা বড় বড় ইটের ব্যবসায়ীর পক্ষে বেশী কিছু নয়, কিন্তু মফঃস্বলে ছোট ছোট ইটের ব্যবসায়ী যারা আছে, যারা ইট তৈরি করেন তাদের দিকে তাকিয়ে বলছি এই জরিমানা ৩০০ টাকার জায়গায় ১০০ টাকা করা হোক। তারপর, দেখছি এখানে আছে সরকারী আদেশ পাবার পর মোটামুটিভাবে যদি কেউ ওই

কাজ থেকে নিবৃত্ত না হয়, তাহলে তাকে প্রত্যেকদিন ৫০ টাকা করে জরিমানা দিতে হবে। আমি সেখানে ৯ নম্বর সংশোধনীতে বলেছি এই ৫০ টাকা খুব পীড়নমূলক হয়, কাজেই ওটাকে ১৫ টাকা করা হোক। আমি আশা করি ভূমি-রাজস্বমন্ত্রী আমার এই সংশোধনীটা গ্রহণ করবেন।

[1-50—2 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আই মুভ দ্যাট ক্লজ থ্রি (ওয়ান) বি ওমিটেড।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি ফার্স্ট রিডিং-এর সময় বলেছিলাম এই বিলকে আমরা গণতন্ত্রবিরোধী এবং স্বেচ্ছাচারমূলক বিল বলে মনে করি। খানিকটা উন্নয়নের জন্য কোন ব্যক্তিকে তার জমিতে যদি ইট বা খোলা করবার জন্য অনুমতি দেওয়া হোত তাহলে আমাদের আপত্তি ছিল না। কিন্তু যেভাবে চালাও ব্যবস্থা করেছেন তাতে অনেক লোক নানাভাবে অত্যাচারিত এবং হয়রান হবে। মন্ত্রিমহাশয় যদি হোল্ডিং-এর মাঝখানে এটুকু বলতেন যে অকৃষি জমিতে কর তাহলে আমরা বুঝতাম। সেদিন তিনি বলেছিলেন কৃষি জমি রক্ষা করবার জন্য এটা করেছি, কিন্তু সঙ্গে সঙ্গে যদি এটা বলতেন অকৃষি জমিতে অনুমতি দেবেন তাহলে আমাদের বলবার কিছু ছিল না বা যদি বলতেন ২-৩ ফুটের বেশী মাটি নিতে পারবে না তাহলেও আমাদের বলবার কিছু ছিল না। উদাহরণস্বরূপ বলি, ধরুন আমি ১০ হাজার ইট কাটলাম এবং বেশী হয়েছে বলে কিছুটা বিক্রি করলাম। কিন্তু এই যে বিক্রি করলাম তাতে আপনারা সরকারী কর্মচারীদের উপর যে দায়িত্ব দিয়েছেন তাতে তাঁরা আমাকে হয়রান করতে পারে, কারণ তিনি মনে করবেন এই যে অতিরিক্ত ইট আমি বিক্রি করলাম এটা আমি ব্যবসা করছি। কাজেই আমি মনে করি একে সংশোধিত আকারে করা দরকার এবং সেদিক থেকে আপনারা এই ব্যবস্থা করুন যে, যদি কেউ অকৃষি জমিতে করে তাহলে আমাদের আপত্তি থাকবে না বা একথা বলুন যে, ২-৩ ফুট পর্যন্ত মাটি কাটলে আমাদের আপত্তি থাকবে না। এই জিনিস যদি করেন তাহলে সমর্থন করব আর তা না করলে বলব এটা গণতন্ত্র বিরোধী, এটা মানুষকে হয়রান করবে এবং এতে সরকারী কর্মচারীরা ঘুস দাবী করে সেটা আদায় করবে। কাজেই আবার বলছি আপনারা এই অংশটা বাদ দিন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অশ্বিনীবাবু যে প্রস্তাব দিয়েছেন তাতে তিনি বলেছেন কিভাবে জমিটা ব্যবহার করা যাবে সেটা নির্দিষ্ট করে দেওয়া উচিত। এটা রুলস-এর মধ্যে হতে পারে। অশ্বিনীবাবু মোটামুটি যে প্রস্তাব দিয়েছেন তার সঙ্গে অমত হবার কারণ নেই, তবে উদ্দেশ্য হোল কৃষি জমি যখন মূল্যবান জমি তখন অকৃষি জমিতে হতে পারে। যেটা ভবিষ্যতে কাজে লাগবে সেটা বর্জন করে অন্য জমিতে ইট টালি প্রভৃতি তৈরি করবার কারখানা যাতে স্থাপন করতে পারা যায় সেটা আমাদের দেখতে হবে এবং সেই উদ্দেশ্যেই এই বিধান সন্নিবেশিত করা হয়েছে। বলাইবাবু এর বিরোধিতা করেছেন, কিন্তু অশ্বিনীবাবু বিরোধিতা করেন নি। তিনি মূল নীতি গ্রহণ করেছেন এবং কতগুলি সেফগার্ড-এর কথা বলেছেন। আমরা সেগুলি রুলস-এর মধ্যে দিতে পারব। অশ্বিনীবাবু আর একটা সংশোধনী মুভ করতে গিয়ে বলেছেন যে, জরিমানা বেশী হয়ে যাচ্ছে। জরিমানার কোন প্রস্তাব বর্তমান সংশোধনী বিধেয়কে ছিল না কিন্তু জয়েন্ট সিলেক্ট কমিটি বললেন এটা লঙ্ঘন করলে শাস্তি বিধান করা উচিত এবং বাধানিষেধ করা উচিত যাতে রেহাই না পায়। তাঁরা বলেছেন প্রথমে ৩০০ টাকা জরিমানা হবে এবং তার পরের জন্য ১৫ টাকা করা হবে—অর্থাৎ তাদের রেসট্রিক্ট করবার ব্যবস্থা করা হবে।

The motion of Shri Aswini Roy that in clause 3, the following proviso be added to proposed sub-section (2A):—

"Provided that such permission for digging or using earth or clay of the holding for the manufacture of bricks and tiles for commercial purposes be given if the authority is satisfied—(i) that the land meant for this purpose is not the best agricultural land and (ii) such purpose will not affect the production of the adjoining lands."

was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 3, in proposed sub-section (2B), line 6, for the word "three" the word "one" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 3, in proposed sub-section (2B), line 9, for the word "fifty" the word "fifteen" be substituted, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 3(1) be omitted, was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 4, in proposed section 4A(1), lines 5-7, the words "from time to time, give directions regarding the form of cultivation to be adopted by Raiyat in respect of his holding or" be omitted.

Sir, I also beg to move that in clause 4, in proposed section 4A(1), line 7, for the word "prohibiting" the word "prohibit" be substituted.

Sir, I further beg to move that in clause 4, in proposed section 4A(2), line 8, for the words "one hundred rupees" the words "fifty rupees" be substituted.

Shri Aswini Roy:

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংশোধনী যেটা দিয়েছি তাতে দুটি জিনিস আছে। এক হচ্ছে পার্বত্য অঞ্চলে—কালিম্পং, কার্শিয়াং এবং দার্জিলিং জেলার সদর মহকুমায় এবং এইসমস্ত জায়গায় উপজাতিদের বাসই বেশী, পাহাড়ী লোকদের বাসই বেশী এবং তাদের সংস্কৃতির দিক থেকে এখনও ঠিক আমাদের মত অগ্রগতি হয় নি। এখানে যে ফর্ম অব কাল্টি-ভেশন, কি পদ্ধতিতে চাষ করবে সেটা নির্ভর করে ডেপুটি কমিশনারের অনুমতির উপর এবং ডেপুটি কমিশনার কি ধরনের চাষ করবে কি পদ্ধতিতে চাষ করবে সেটা যদি ঠিক করে দেয়, তাহলে সেই পদ্ধতি আমাদের সকলের মেনে চলতে হবে। এটা বহু দেশে দেখা গেছে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন বিশেষ করে আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় জানেন, তিনি অধ্যাপক ছিলেন, যখনই কোন নূতন প্রথা চালু হয় তার বিরুদ্ধে একটা ব্যাপক বিক্ষোভ দেখা দেয়। বিলাতে ইন্ডাস্ট্রিয়াল রিভোলিউশনের সময় দেখা গেছে নূতন যন্ত্রপাতি আসার সঙ্গে সঙ্গে শ্রমিকরা সেই যন্ত্রের বিরুদ্ধে বিক্ষোভ দেখিয়েছিল, তেমনি নূতন পদ্ধতি চালু করার আগে, তাদের মানসিক প্রস্তুতি বা সেই পরিবেশ বা আবহাওয়া তৈরি করা দরকার। অন্যান্য দেশে যখন এই ধরনের পরিবর্তন করেছেন তখন এইভাবে একটা মানসিক পরিবেশ একটা মানসিক প্রস্তুতি জনসাধারণের মধ্যে তৈরি করে তারপর আইন নিয়ে আসুন, তা না হলে আইনটা খুব কঠোর হয়ে যায় সরকার বিরোধী বিক্ষোভ তীব্র হয়ে উঠে। একটা কথা মনে পড়ে গেল। লেনিন বলেছিলেন—আইন করে একটা কাঠামো বদলান যায় কিন্তু আইন করে মানুষের যে সুপার স্ট্রাকচার বা মনোবৃত্তি সেটাকে তাড়াতাড়ি বদলান যায় না। সেজন্য আপনার কাছে অনুরোধ করি এই ফর্ম অফ কাল্টিভেশন যেটা আছে সেখানটা বদলে দেখয়া হোক। পরে যদি মানসিক প্রস্তুতি করতে পারেন এইসমস্ত পাহাড়ী উপজাতিকে নূতন পদ্ধতিতে শিক্ষা দেবার আগ্রহ সৃষ্টি করতে পারেন, তখন যদি এই ধরনের আইন আনার প্রয়োজন থাকে কিন্তু এখন বর্তমানে যে সংশোধনী দিয়েছি সেই অনুসারে এই ফর্ম অফ কাল্টিভেশন কথাটা বাদ দেওয়া দরকার। তারপর যদি কেউ করে তার জন্য যেভাবে আপনারা জরিমানার হারটা রেখেছেন, সেটা সম্পর্কে যে সংশোধনী রয়েছে, সেই জরিমানার পরিমাণ মোটামুটি ১০০ টাকার জায়গায় ৫০ টাকা রাখতে চাচ্ছি।

[2—2-10 p.m.]

ডাঃ আব্দ আসাদ মহম্মদ ওবেদ্দল্লা গণিঃ আপনি এটা আউট অফ অর্ডার করে দিয়েছেন, কিন্তু আমি এ সম্বন্ধে ২-১টা কথা বলতে চাই। একটু আগে অশ্বিনীবাবু যে কথা বললেন সে সম্বন্ধেই বলছি যে, কি পদ্ধতিতে তারা চাষ করবে সেটা শেখাবার ব্যাপার আইনের ব্যাপার নয় অ্যাকচুয়ালি যেভাবে ও'রা পারেন সেভাবে বলবেন। আইন দিয়ে বন্ধ করলে চাষীদের অসু-বিধা হবে। তাদের ট্রেনিং দেওয়া উচিত যে কিভাবে ফিলড ট্রাকে চাষ করা যায়। দ্বিতীয়তঃ গাছ কাটার ব্যাপার সম্বন্ধে আমরা এটা ভালভাবে বুঝতে পারি যে হিল এলাকায় যদি এভাবে গাছ কাটা হয় তাহলে ল্যান্ডস্লাইড ইত্যাদি বেড়ে যায়। সেজন্য ভদ্রবাহাদুর হামাল এটা রাইট করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করেছেন। আমি আবার বলছি যে কি পদ্ধতিতে তারা চাষ করবে সেটা আইনগত না করে তাদের ট্রেনিং-এর ব্যবস্থা করা উচিত যে কিভাবে ঐ সব এলাকায় চাষ করা যায় আর গাছ কাটা সম্বন্ধে আমাদের আপত্তি নেই।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in clause 4, in proposed section 4A(1), lines 5-7, the words "may from time to time...... in respect of his holding" be omitted.

স্যার, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে দার্জিলিং হিল এরিয়ার যেভাবে কাল্টিভেশন হয়—চাষ-বাস করে সেটা একটা সমতল এলাকার চাষবাস দেখে করলে হবে না। কারণ সেখানের সিস্টেম অন্য রকম। সেখানে কতকগুলি ওভার ল্যান্ডলর্ড তারা জমিগুলো নিয়ে রেখে দিয়েছে তারা কৃষকদের সার্ফের মত ব্যবহার করে এবং তা করে চাষ করিয়ে নেয়। সেখানে যারা সত্যকারের কৃষক তাদের জমির উপর কোন মালিকানা নেই। কালিম্পং-এ গুম্ফা এস্টেট আছে এবং ভুটানে দোরজী পরিবারের এস্টেট রয়ে গেছে এবং এস্টেট-এ চাষী কি করবে সেটা তারাই নির্দেশ করে দেয়। আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি যেখানে ও'রা বলেছেন ডাইরেকশান দেবেন সেটা উইথড্র করবার জন্য বলছি। কারণ এখানে চাষীদের হাতে কোনদিন জমি যায় না। খুব বড় বড় লোক যারা, তাদের হাতে সমস্ত জমি আছে। সেখানে কুঁদ বলে একটা সিস্টেম আছে সে সিস্টেম-এ ২৫ ডেসিমেল জমির উপর প্রায় ১১ মণ করে ফসল দিতে হয়। এরূপ একটা অনাচার সেখানে চলছে। সেখানে কোন আইন মানা হয় না। সেখানে এরূপ একটা আইন তাদের উপর চাপিয়ে দিয়ে কোন ভাল ফল পাওয়া যাবে না, হয়তো এর সুযোগ নেই। এস্টেট-এর যারা মালিক তারা চাষী উচ্ছেদ করবে, সেজন্য বলছি এ ধারাটার যে অংশটা আমি বাদ দিতে বলছি সেটা বাদ দিলে ভাল হয়।

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that in clause 4, in proposed section 4A(1), lines 8-9, for the words "one tree" the words "three trees" be substituted.

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ স্যার, আমার সেখানে আছে prohibiting a raiyat from cutting more than one tree from his holding. সেখানে আমি বলছি ৩টা পর্যন্ত সে কাটতে পারবে এটা আমি স্বীকার করছি দার্জিলিং ডিস্ট্রিক্ট-এর মত পাহাড়ী অঞ্চলে সেখানে বণ সংরক্ষণের ব্যবস্থা থাকা উচিত। কিন্তু সেখানে যদি ব্যাপকভাবে গাছ কাঠ কাটা হয় তাহলে পাহাড়ী ধ্বস হতে পারে। কিন্তু গাছ কাটা সম্বন্ধে একটা নিয়ন্ত্রণ থাকা উচিত। আমি একটা গাছ আমার হোল্ডিং-এর মধ্য থেকে কাটতে পারি, তার বেশী নয়। কিন্তু কাটার যদি তার বেশী দরকার হয়, উৎসব হলে তাহলে তাকে অনুমতি নেবার জন্য অপেক্ষা করতে হবে, এটা সম্ভব হয় না। আগে জমিদার দের এ ব্যবস্থা ছিল যরে মানুষ পড়ে আছে [illegible] বাড়ি থেকে হুকুম না এলে গাছ কাটা

ত না। সেজন্য আমি বলছি কিছু কিছু স্বাধীনতা থাকা উচিত। আমি দার্জিলিং ডিস্ট্রিক্ট-র কোন কোন লোকের সঙ্গে আলোচনা করে দেখেছি তারা বলেছে এতে খুব অসুবিধা হবে রণ পঞ্চায়েতের কাছে দরখাস্ত করা হলে তিন মাস পরে সেটা বিবেচনা করা হয়। আজকে দ অনুমতি দেন সেখানে ডি সি-র কাছে করবে না, লোকাল পঞ্চায়েতে করবে। কাজেই কটা গাছ কাটার জন্য তিন মাস তাকে অপেক্ষা করতে হবে এবং হয়রানি ভোগ করতে হবে ং ঘুস দিলে তবে তাড়াতাড়ি হবে। সেজন্য আমি আমার অ্যামেন্ডমেন্ট-এ যে প্রস্তাব দিয়েছি তে মানুষের হয়রানি হবে না। অর্থাৎ একটা গাছের পরিবর্তে তিনটা গাছ যাতে সে টতে পারে সে ব্যবস্থা মেনে নেবেন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বলাইবাবু গাছ কাটার স্বাধীনতার ন্য বললেন, গাছ কাটার স্বাধীনতা এই আজকে কেউ দিতে পারে না। যারা গাছ কাটার াধীনতার কথা বলেন তারা আমার মনে হয় ঠিক কথা বলেন না, কারণ পার্বত্য অঞ্চলে চাষের ন্য যে বিশেষ বিশেষ পদ্ধতি আছে তার কথা ভুলে যান। এখানে ঝুম কালটিভেশন এবং রাজ কালটিভেশন আছে। এখানে যাতে ল্যান্ডক্লোক না হয় তার জন্য ল্যান্ড স্লাইড না হয় ং অতি মূল্যবান যে অল্প জমি আছে তার যাতে ধ্বংস না হয় সেজন্য এ বিধান করা হয়েছে। বিধান হঠাৎ করা হয় নি, এটা আগে থেকেই আছে। এটা ইনকরপোরেট করা হয় নি। মান-য় সদস্য অশ্বিনীবাবু যে কথা বললেন সেটা ঠিক যে, আইন করে একটা কাঠামো লানো যেতে পারে, কিন্তু তার জন্য মানসিক প্রস্তুতির অন্যরকম ব্যবস্থা করা দরকার। আইন রলে আইন পালন করবার অনুকূল পরিবেশ সৃষ্টি হতে পারে। এ আইন বহুদিন থেকে কার জন্য একটা অনুকূল পরিবেশ সৃষ্টি হয়ে আছে। সেজন্য এ আইন কার্যকরী করতে ব অসুবিধা হবে না। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে জরিমানা সম্পর্কে। আগে ৫০০ টাকা করা য়েছিল এখন সেটা কমিয়ে জয়েন্ট কমিটির সদস্যগণ ১০০ টাকা করে দিয়েছেন।

The motion of Shri Aswini Roy that in clause 4, in proposed section A(1), lines 5-7, the words "from time to time, give directions regarding ie form of cultivation to be adopted by raiyat in respect of his holding " be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 4, in proposed section A(1), line 7, for the word "prohibiting" the word "prohibit" be substituted as then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 4, in proposed section A(2), line 8, for the words "one hundred rupees" the words "fifty rupees" substituted was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 4, in pro-osed section 4A(1), lines 4-7, the words "may from time to time......in espect of his holding" be omitted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 4, in pro-osed section 4A(1), lines 8-9, for the words "one tree" the words "three ees" be substituted was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and greed to.

Mr. Speaker: Before I continue with this Bill, I may inform the onourable members for their respective convenience that the House will ot be sitting on the 8th April, 1965, i.e. on Thursday. The House will eopen on the 20th April, 1965.

Clause 5

2-10—2-20 p.m.]

Shri Sarat Kumar [illegible]: I move that in clause 5, in proposed section 2, in line 1, after the word "any" the word "[illegible]" be inserted.

I also moved that in clause 5, in proposed section 12, in line 1, after the word "land" the words "beyond any holding" be inserted.

শ্রীসনৎ রাহা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৫নং ক্লজে এই অধ্যায়ে যেভাবে ড্রাফ্‌ট করা আছে তাতে মনে হল যে, নদী থেকে এবং জল থেকে যে জমি উঠবে তা সবটাই সরকারের হাতে যাবে। আমার বক্তব্য হচ্ছে আমার জেলাতে আমি জানি কয়েকটা কেস্‌ও আমি দিয়েছি, এর আগে যে জমি জলের নিচে পড়ে গেছে আমার নিজের জমি সেই জমির ২০ বছর ধরে খাজনা টেনে এসেছি—সেই আমার হবে না কেন? আমার বক্তব্য হচ্ছে জল নেমে গেলে নূতন যে জমি উঠবে কোন হোল্ডিংয়ের সঙ্গে অ্যাটাচড নয়, সেই জমি সরকার নেবেন। কিন্তু ব্যক্তিগত জমি যার অধিকার আছে খাজনা দিচ্ছে সেই জমি কেমন করে সরকার পাবে? কাজেই আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে যে,

any new land beyond any holding.

কোন ব্যক্তিগত হোল্ডিংয়ের বাইরে নূতন জমি যদি উঠে সেই জমি সরকারে বর্তাইবে কিন্তু কোন ব্যক্তিগত জমি যার খাজনা টানতে হচ্ছে সেই জমি সরকারে বর্তাইবে না।

Shrimati Ila Mittra: I move that in clause 5, in proposed section 12, in line 2, after the words "a holding" the words "other than that of a owner of uneconomic holding" be inserted.

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় স্পীকার মহাশয়, আমি ক্লজ ফাইভে যে সংশোধনী এনেছি সেটা গ্রহণ করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করেছি! আমার সংশোধনী হচ্ছে

other than that of a owner of uneconomic holding.

যে কথাটা একটু আগে সনৎবাবু বললেন যে, নদীর জল থেকে বা সমুদ্রের জল থেকে ভেসে ওঠা এইরকম যে জমি পাওয়া যাবে সেটা সবটা কেন গভর্নমেন্টের হবে? আমার এ সম্পর্কে বক্তব্য যে যেসমস্ত জমির মালিকদের—সেই জমির দ্বারা তার খাওয়া-পরা চলে অথবা ভূমিহীন কৃষকের যার জমি নেই—পূর্বে ছিল এবং নদীর জলে সেই জমি যদি ভেসে ওঠে তাহলে সেই জমি সেই কৃষক বা সেই জমির মালিককে না দিয়ে কেন গভর্নমেন্টকে দেওয়া হবে এ সম্পর্কে আমি সংশোধনী এনেছি এইজন্য যে আমি নিজে মালদায় গিয়েছিলাম এবং নিজের চোখে দেখে এসেছি যদিও টেনেন্সি অ্যাক্টে আছে যে ২০ বছর হয়ে গেলে পর সেই জমি যদি আবার নদীর জল থেকে ভেসে উঠে তাহলে সেটা প্রজার থাকে না বা জমির মালিকের থাকে না কিন্তু দেখা যাচ্ছে ২৪-২৫ বছর হয়ে গেছে তার পর সমুদ্রের জলে জমি ভেসে উঠেছে কিন্তু সেখানে সেই জমিগুলি ভূমিহীন কৃষকদের বিলি করার ব্যবস্থা করছেন না, ভূমিহীন কৃষক—যার আন-ইকনমিক হোল্ডিং আছে তারা সেই জমিগুলি না পেয়ে স্থানীয় অফিসারকে যে যত ঘুষ দিতে পারবে ঘুষের দ্বারাই সেই জমি অন্যান্য যাদের অনেক জমি আছে তারা সেটা লাভ করছে। এ বিষয়ে আমি একটা প্রশ্ন করেছি যে, এইভাবে যে উঠতি জমিগুলি উঠেছে মালদা অঞ্চলে এগুলি সাধারণত কাদের বিলি করা হয়েছে এবং সেই প্রশ্নের উত্তর যদি সঠিক আসে তাহলে দেখা যাবে যে, সত্যিকারের যাদের আন-ইকনমিক হোল্ডিং তারা সেই জমি পায় নি। অনেক জমি যাদের তারা সেটা পাচ্ছে। সেইজন্য আমি আশা করব যে, মন্ত্রিমহাশয় এই সংশোধনী গ্রহণ করবেন যে উঠতি জমি যেটা নদী বা সমুদ্রের জল থেকে উঠছে সেটা আন-ইকনমিক হোল্ডিং —যেসমস্ত প্রজাদের আছে—তাদের যেন ঐ জমিটা দেওয়া হয়, অন্য জমি গভর্নমেন্ট নিয়ে নিক তাতে কোন আপত্তি নেই। কিন্তু যার আন-ইকনমিক হোল্ডিং সেই জমি গভর্নমেন্ট না নিয়ে তাকে বিলি করুন এটাই আমার বক্তব্য। আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

Shri Aswini Roy: I move that in clause 5, in proposed section 12, line 2, after the word "holding", the words "other than that of uneconomic holding" be inserted.

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যার যে সংশোধনী আমাদের দুজনের একই সংশোধনী—উনি যে বক্তব্য রেখেছেন তার সঙ্গে আমি খালি এইটুকু জুড়ে দিতে চাই যে, জমি বিতরণের যে পদ্ধতি বর্তমানে রয়েছে সেই পদ্ধতিটা যদি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রি-

মহাশয়, সেকশন ৪৯-এর পদ্ধতি একটু পরিবর্তন করতেন তাহলে আশঙ্কা হত না। এখন এই আশঙ্কা থাকার জন্য এই ধরণের একটা স্পেসিফিক কথা রাখা দরকার যে, জমি যেটা উঠছে তার মধ্যে এমন কোন লোকের যদি সেই জমি হয় যার আন-ইকনমিক হোল্ডিং তাহলে সে চাষ করতে পারবে। মূল উদ্দেশ্য হচ্ছে ভূমি সংস্কারের যারা সত্যিকারের চাষী তাদের কতখানি সাহায্য করা যায় সেদিক থেকে যদি ছোট্ট অ্যামেন্ডমেন্টটুকু গ্রহণ করেন যে, আদার দ্যান দ্যাট অফ আনইকনমিক হোল্ডিং, স্বল্প জমির চাষীর যদি সেটা হয় তাহলে সেটা সরকারে বর্তাবে না—সেটা তার নিজস্ব থাকবে—সেই আশঙ্কাটা আমাদের ৪৯ ধারাতে যেটা প্রিন্সিপলস অফ ডিস্ট্রিবিউশন অফ ল্যান্ড ঐ লাইন রয়েছে সেখানে আজকে যে ডিস্ট্রিবিউটিং মেসিনারি রয়েছে—সেই মেসিনারির ভিতর ঐ গরীব চাষী বা ভাগচাষীর কোন প্রতিনিধি থাকছে না সেটা স্থানীয় লেবেলে বলুন বা উচ্চ পর্যায়ের যে লেবেলে বলুন—হাই পাওয়ার কমিটি যেখানে রয়েছে সেখানে কেউ না থাকার জন্য এইসব আশঙ্কাগুলি থাকে এবং সেইজন্য আমার সংশোধনীতে স্পেসিফিকভাবে এটা দিয়েছি।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in clause 5, the following proviso be added to proposed section 12:

"Provided that such lands per accession, shall be, distributed forthwith to the landless peasants or small peasants of that area, preferably through farmers' co-operatives".

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ক্লজ ফাইভের উপর আমার অ্যামেন্ডমেন্ট আমি মুভ করছি এবং মুভ করতে গিয়ে আমি সনৎবাবু যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন বা [illegible] সে সম্বন্ধে আমার বক্তব্য তুলে ধরছি। প্রথমত হচ্ছে যে এই ধরনের যে জমি উঠে যেটা এই ক্লজে আছে জমি প্রত্যক্ষভাবে সেইরকম জায়গার সঙ্গে জড়িত। আমি দেখেছি যে, পদ্মায় যে চর উঠে বা পদ্মায় যে জমিগুলি চলে যায় তাতে সাংঘাতিকভাবে কয়েকটি পরিবার কয়েক বছরের জন্য নিঃস্ব হয়ে পড়ে এবং তাদের সেই জমির খাজনা টানতে হয়। এখন কোয়েশ্চেন হচ্ছে যারা স্বল্প জমির মালিক তারা তো খাজনা টানল—কিন্তু পরে যখন জমি উঠল তখন পার একসেসনে কিছু সেখানে পেল যার দ্বারা সেই খাজনাটা যে এতদিন ধরে টেনেছ সেটা খানিকটা রিকুপ হত বলে মনে করত। এখন এই ক্লজ ফাইভে সেই একসেসনের অধিকার থাকবে না সেটা গভর্নমেন্টে ভেস্ট করবে এটা বলা হয়েছে। আমার কথা হচ্ছে যে, স্মল ইকনমিক হোল্ডিংয়ের যারা মালিক তারা সনৎবাবু যেটা বললেন যখন এতদিন ধরে খাজনা দিয়ে যাচ্ছে—সেই খাজনাটা নেওয়া হচ্ছে, না দিলে পর ডিমান্ডের উপর সার্টিফিকেট জারী হবে, তখন তাদের যে অ্যাকসেসন হবে সেই অ্যাকসেসনে যে যতটুকু বেনিফিট পাবে সেই বেনিফিট থেকে ডিপ্রাইভ করার অর্থ কি? বিগ হোল্ডিংয়ের যারা পেজেন্ট তাদের সম্বন্ধে অ্যাপ্লাই করার ব্যাপারে আমার মত আছে এবং সেখানে এই ধরনের যেসমস্ত জমি উঠবে—আমি বলছি

such lands per accession, shall be distributed forthwith to the landless peasants or small peasants of that area.

এইভাবে গভর্নমেন্টের যে খাস জমি চর এলাকায় দেখেছি সেখানে কোন ডিমারকেশন না থাকার ফলে সেই সমস্ত খাস ল্যান্ড যেগুলি গভর্নমেন্টে ভেস্ট করে সেগুলি বিগ জোতদাররা স্নাচ করে নেয় এবং সেটা আইন দ্বারা কিছু করা যায় না।

Because there is no demarcation.

সেইজন্য অ্যাকসেশন যখন হবে সেটা স্মল পেজেন্টদের উপর থেকে নিয়ে নিতে পারবেন অ্যাকসেশন যেটা একসেস এরিয়া—কিন্তু এই যে বিগ জোতদার যারা হাজার হাজার বিঘা গভর্নমেন্টের খাস ল্যান্ড চরকোটাবাড়ি এলাকা চরসরন্দজপুর এলাকা, মুর্শিদাবাদ জেলায় এখনও পর্যন্ত দখল করে রেখে দিয়েছে সেগুলি গভর্নমেন্ট নিতে পারছেন না, গভর্নমেন্টের নেবার ক্ষমতা হয় না। সেই ল্যান্ড যখন আবার অ্যাক্রু করবে—পার অ্যাকসেসনে সেটা নেবেন কি করে—নিতে পারবেন না। মাঝখান থেকে স্মল পেজেন্টদের উপর জবরদস্ত হয়ে যাবে।

সেইজন্য কথা হচ্ছে, যদি নিতে হয় তাহলে সংগে সংগে সেই এরিয়া জরীপ করে এমন একটা টাইম লিমিট করে দেন যার ফলে যখন উঠবে গভর্নমেন্টের যেটা খাস ভেস্ট হবে সেটা সংগে সংগে সেখানকার ল্যান্ডলেস পেজেন্ট, বা স্মল পেজেন্টদের দিতে হবে ফার্মার্স কো-অপারেটিভের মাধ্যমে। ওরা তো অনেক কথা ফার্মার্স কো-অপারেটিভের সম্বন্ধে বলেন কিন্তু আজ পর্যন্ত গভর্নমেন্ট একটা ইনস্নেনটিভ দিয়ে সেখানে এইরকম একটা সুযোগ নিজের হাতের মধ্যে নিয়ে ফার্মার্স কো-অপারেটিভকে বিলি করবার ব্যবস্থা করেন নি, সেদিকে চিন্তাই করেন নি। কাজেই আমার দুটো প্রশ্ন, একটা হচ্ছে স্মল পেজেন্টদের যেসমস্ত অ্যাকসেসন হবে, সেই অ্যাকসেসনগুলি নেওয়া উচিত নয়, সেখানে একটা ব্যবস্থা করা যায় কিনা। দ্বিতীয় হচ্ছে বিগ যারা জোতদার তারা যে খাস ল্যান্ড রেখে দিয়েছে, তার যে অ্যাকসেসন সেই অ্যাকসেসন নেবার ক্ষমতা নেই। এটা প্রুভড হয়ে গেছে।

এটা প্রুভড হয়ে গেছে, অ্যাট লিস্ট এইট ইয়ার্সের মধ্যে যা আমি দেখেছি তাতে সেই সমস্ত ল্যান্ড তারা নিতে পেরেছে। কাজেই এই হচ্ছে আমার দুটো কোয়েশ্চেন। থার্ড কোয়েশ্চেন হচ্ছে যদি নেনই পাওয়ার অব অ্যাকসেসন—বিগ জোতদারদের সেই ল্যান্ড যদি নিতে পারেন তাহলে সংগে সংগে সেই এরিয়ার যারা ল্যান্ডলেস পেজ্যান্ট এবং স্মল ফার্মার্স গভর্নমেন্টের ইনসিয়েটিভ সেখানে কো-অপারেটিভ ফার্মিং করে তাদের হাতে এটা দিয়ে দেওয়ার একটা ব্যবস্থা থাকা উচিত। এই কথা বলে আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

[2-20—2-30 p.m.]

Shri Balai Lal Das Mahapatra: I move that in clause 5, in the proposed section 12, line 2, after the word "holding" the words "other than that of an owner of not more than five acres holding" be inserted.

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় অধ্যক্ষ মহশয়, এই বিলে বলা হয়েছে যে, নদী এবং সমুদ্র যদি দূরে সরে যায় তাহলে যে নতুন জমিটা পাওয়া যাবে সেটা সরকারে বর্তাবে। আমার বক্তব্য হচ্ছে এই যে, যেমন সমুদ্র এবং নদী পাশের জমিটা গ্রাস করে তেমনি নতুন চরেরও সৃষ্টি হয়। এখানে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বিবেচনা করতে বলছি যে, অন্ততপক্ষে যার পাঁচ একরের কম জমি আছে তার জমির পাশে যদি নতুন চরের সৃষ্টি হয় তাহলে তাকে যেন অগ্রাধিকার দেওয়া হয়। আমি এজন্য বলছি যে, পাঁচ একর মানে আন-ইকনমিক হোল্ডিং অন্তত আমি মনে করি পাঁচ একর পর্যন্ত আন-ইকনমিক হোল্ডিং। আমি বড় জোতদার যার ২৫ একর বা আরও বেশি জমি আছে কৃষি-অকৃষি করে তাদের হয়ে বলছি না, কিন্তু যেসব ক্ষুদ্র ক্ষুদ্র রায়ত আছে তাদের জমির পাশে যদি সমুদ্র থেকে বা নদী থেকে কিছু জমি উঠে হয়ত তারই জমি গ্রাস করেছে, তাহলে তাকেই অগ্রাধিকার দেওয়ার যেন ব্যবস্থা করা হয়। এটাই হচ্ছে আমার সংশোধনী প্রস্তাব।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে জমি উত্থিত হবে পয়স্তি হবে সেই জমি কার হবে এটাই হল বিবেচ্য কথা এবং সেই জমি যদি সরকারের হয় তাহলে কিভাবে বণ্টন করা হবে সেটাও একটা বিবেচ্য কথা। এখন মাননীয় সদস্যগণ বিশেষ করে মাননীয় সদস্য সনৎবাবু নিউল্যান্ডের কথা এনে এই কথা বলতে চাইছেন যে জমি নতুনভাবে উত্থিত হচ্ছে শুধু সেই জমি সরকারে বর্তাবে আর জমি যদি পুরানো হয়ে থাকে তাহলে সেই জমি বর্তাবে না। মাননীয় সদস্য যদি দেখতেন তাহলে দেখতে পেতেন দুটো দুই রকমের জিনিস হচ্ছে—একটা হচ্ছে যে জমি উঠেছে, যাকে বলা যায় রিফর্মেশন ইন সিটু, এক জায়গায় জমি ছিল সেই জায়গাটা নদীগর্ভে বিলীন হয়ে গেল, আবার সেই জায়গাটা উঠেছে। সেটা গাইডেড হবে সেকসন ১১ দিয়ে এবং এখন গাইডেড হচ্ছে সেকসন ৮৬, বেঙ্গল টেন্যান্সি অ্যাক্ট। তার ফলে সেই যে জমি যেটা পুরানো জায়গাতে উত্থিত হচ্ছে ঠিক সেই জায়গাটা তাহলে সেই পুরানো মালিকের থাকবে। বর্তমান আইনে সেটা আছে। বর্তমান আইনে যদি রিফর্মেশন ইন সিটু হয়

তাহলে যার জমি আগে ছিল তারই থাকবে। মাননীয় সদস্যগণ যদি সেকসন ১১ দেখেন তাহলে দেখবেন তাতে আছে—

If the holding of a raiyat or a portion of it is lost by diluvion

তাহ'লে কি হবে, তার পাশেই বলা আছে—

the right, title and interest of the raiyat shall subsist in such holding or portion thereof during the period of loss by diluvion not exceeding 20 years and the raiyat shall on its reappearance at any time within the period have the right to possession thereof and be liable to pay such revenue as in the opinion of the revenue officer is fair.

কাজেই ওটা সম্বন্ধে শঙ্কার কোন কারণ নেই। দ্বিতীয় কথা হচ্ছে জমি যেটা উঠল এবং যেটাকে রিফরমেশন ইন সিটু বলা যায় না সেই জমি গ্রহণ করা হবে কিনা। মাননীয় সদস্যগণ সব বলেছেন গ্রহণ করা হোক, তবে যার জমি ছিল তাকেই দেওয়া হোক।

নিশ্চয়ই সেটাই উদ্দেশ্য। ল্যান্ড রিফর্মস অ্যাক্টএর মূল লক্ষ্য হোক তাই। যেটা বাড়তি জমি গ্রহণ করা হবে, সেই জমি কম জমির মালিক যে অথবা ভূমিহীন কৃষক যে তাদের মধ্যে বণ্টন করা হবে। সেকসন ৪৯এ সেই কথা বলা হয়েছে। সেই জমি বণ্টন করা হবে সেখানকার কৃষিতে নিযুক্ত অল্প অল্প জমির মালিকদের মধ্যে বা ভূমিহীন কৃষকদের মধ্যে।

মাননীয় শৈলেনবাবু বললেন, যখন বহু লোককে জমি আপনারা দেবেন—যদিও তা আপনারা করতে পারবেন না ; সেই প্রেমিসেস থেকে স্টার্ট করলে বলার কিছু নাই।

তারপর তাঁর প্রশ্ন হচ্ছে—আপনাদের যে কমিটি যে লোক্যাল লেভেলএ আপনারা কমিটি করেছেন, সেই কমিটিও কিছু করতে পারছে না। আমি মাননীয় সদস্যকে বলছি, সেই কমিটিতে যাঁরা আছেন, তাঁরা সকলে স্থানীয় লোকের দ্বারা নির্বাচিত সদস্য এবং আমাদের মনোনীত সদস্য তারা নয়। তাঁরা যদি ফেল করেন, তাহলে মাননীয় শৈলেনবাবুও ফেল করবেন—এটা আমার বিশ্বাস।

Shrimati Ila Mittra:

মাননীয় মন্ত্রিমহাশয় এই যে কথা বলছেন ভূমিহীন কৃষকদের জমি দেবার কথা, আইন ও আনা হয়েছে। কিন্তু কার্যতঃ কিছুই হচ্ছে না—আমরা নিজের চোখে দেখছি যার জমি বেশি আছে, এবং যার যত ঘুষের জোর বেশি আছে, সে ঘুষ দিয়ে জমি পাচ্ছে ; অথচ যার জমি নাই, যে ঘুষ দিতে পারছে না সে জমি পাচ্ছে না।

Shri Syamadas Bhattacharyya:

আর একজন মাননীয় সদস্য বলেছেন যে, ভূমি বণ্টনের জন্য সুন্দরবন এলাকা ধরা যেতে পারে—যেখানে প্রচুর জমি পাওয়া যাচ্ছে। সেখানে কমিটি গঠিত হয়েছে। এই কমিটি গঠিত হচ্ছে স্থানীয় নির্বাচিত প্রধানদের দ্বারা। তাঁরা জমি বণ্টনের জন্য পরামর্শ দেন এবং আমরা তাঁদের সেই পরামর্শ গ্রহণ করি। যেখানে আমরা বুঝি পরামর্শ ঠিকমত হয় নাই, খারাপ হয়েছে, সেখানে আমরা হস্তক্ষেপ করি। মাননীয় সদস্যরা নিশ্চয়ই বুঝবেন আমরা তেমনিভাবে ভূমি বণ্টন করে থাকি। আমাদের জে এল আর ও, এস এল আর ও, এ ডি এম—এই যে সমস্ত কর্মচারী আছেন তাঁদের দিয়ে আগে আমরা সরাসরি করতাম। তাঁদেরও বলতে পারি, আপনারা বণ্টন করে দেন। অথবা বলতে পারি স্থানীয় লোকের দ্বারা নির্বাচিত সদস্য যাঁরা এম এল এ তাঁরা বণ্টন করবেন। সেখানেও যদি বলেন ঘুষ নিয়ে তাঁরা বণ্টন করছেন তাহলে তো বড়ই মুস্কিল হয়। আপনাদের এলাকায় যিনি প্রধান থাকেন তিনি ভোটের দ্বারা নির্বাচিত হয়ে থাকেন ; তাঁর উপর ভার দেওয়া হয় যে আপনি বণ্টন করুন আপনার অঞ্চলের অবস্থা বিবেচনা করে। কাজেই তাঁদের উপর জমি বণ্টনের ভার দিয়ে আমরা অন্যায় কাজ কিছু করি নাই।

The motion of Shri Sanat Kumar Raha that in clause 5, in proposed section 12, in line 1, after the word "Any" the word "new" be inserted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 5, in proposed section 12, in line 1, after the word "land" the words "beyond any holding" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 5, in proposed section 12, in line 2, after the word "holding" the words "other than that of uneconomic holding" be inserted, was then put and lost.

The motion of Shrimati Ila Mittra that in clause 5, in proposed section 12, in line 2, after the words "a holding" the words "other than that of a owner of uneconomic holding" be inserted, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 5, the following proviso be added to proposed section 12:

> "Provided that such lands, per accession, shall be distributed forthwith to the landless peasants or small peasants of that area, preferably through farmers' co-operatives".

was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 5, in proposed section 12, in line 2, after the word "holding" the words "other than that of a owner of not more than five acres holding" be inserted, was then put and lost.

The question that Clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 7

Mr. Speaker: There are no amendments to Clause 7.

The question that Clause 7 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 8

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that in clause 8, in proposed section 14C(1)(e), in line 2, for the words "seven years" the words "three years" be substituted.

Sir, I beg to move that in clause 8, in proposed section 14E(1), in line 10, for the words "seven years" the words "three years" be substituted.

Sir, I beg to move that in clause 8, in proposed section 14G(1)(a), in line 4, for the words "seven years" the words "three years" be substituted.

Sir, I beg to move that in clause 8, in proposed section 14H, in line 4, for the word "Collector" the word "District Judge" be substituted.

Sir, I beg to move that in clause 8, the first proviso to proposed section 14H be omitted.

Sir, I beg to move that in clause 8, proposed section 14(I) be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এই ক্লজ ৮এর ১৪সি(১)(এ) এবং (ই) যেটা সাব-ক্লজএ আছে—সেটা সম্বন্ধে বলছি। যেখানে সাত বছর আছে, সেটা কমিয়ে দেবার জন্য আমি বলছি। কারণ সাত বছরে যদি সেখানে ইউজ্ফ্রুয়্যাকটরি মর্টগেজ করা যায়, তাহলে জমিতে অনেক রকম কমপ্লিকেশন এসে যায়। সেইজন্য বলছি, ওটা তিন বছর করা দরকার। হয়ত রেন্ট বাকি পড়ল, তার দরুন সার্টিফিকেট হয়ে গেল, কি অন্য নানারকম অসুবিধা দেখা দিল অন্য কাউকে সেটা লীজ দিয়ে দিল—এইরকম বিবিধ কমপ্লিকেশন অ্যারাইজ করতে পারে।

সেইজন্য বলছি—কমপ্লিট ইউজ্ফ্যাকচুয়ারি মর্টগেজএর টার্মস এত বেশি না করে, আমার মনে হয় আরও কম করলে ভাল হয়। সেইজন্য সাত বছরের পরিবর্তে তিন বছর করে দেওয়া ভাল। কারণ তারপর সে সেলও করতে পারে অন্য লোককে—যদি প্রিভিয়াস

permission in writing of the Revenue Officer containing the terms of transfer—

এটাকে যদি স্যাটিসফাই করা যায়। কারণ কমপ্লিট ইউজ্ফ্র্যাকচুয়ারি মর্টগেজ সম্বন্ধে আমাদের যে অভিজ্ঞতা আছে যেটা আমি জানি।

কিন্তু ইকনমিক কন্ডিশন তা দেখলে বোঝা যাবে যে এতে তারা ইকনমিক্যালি খুব হার্ড হিট হবে, সেইজন্য আমি বলতে চাই যে টার্মসটা সাত বছর না করে আরও কিছু কমিয়ে দেওয়া দরকার এবং সেটা তিন বছর করলেই ভাল হয়।

[2-30—2-40 p.m.]

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that in clause 8, in the proposed section 14C(1)(a), lines 2 and 3, for the words "the same Scheduled Tribe to which the transferor belongs" the words "a Scheduled Tribe" be substituted.

I beg to move that in clause 8, in the proposed section 14C(1)(d), lines 1-3, for the words "the same Scheduled Tribe to which the transferor belongs" the words "a Scheduled Tribe" be substituted.

I beg to move that in clause 8, in the proposed section 14C(2), lines 1-2, for the words "the Scheduled Tribe to which the transferor belongs" the words "a Scheduled Tribe" be substituted.

I beg to move that in clause 8, in the proposed section 14C(2), lines 5-6, for the words "such Scheduled Tribe" the words "a Scheduled Tribe" be substituted.

I beg to move that in clause 8, in the proposed section 14C(2), lines 7-20, the words beginning with "In case of such a purchaser" and ending with "the price so fixed" be omitted.

আমি আমার অ্যামেন্ডমেন্টগুলো মুভ করছি সেটা হচ্ছে ১৪সি(১)(এ), ১৪সি(১)(ডি), ১৪সি(২), এই অ্যামেন্ডমেন্টগুলো মুভ করতে গিয়ে আমি যে কথা বলব, সেটা সেদিনও ক্লজ ৮এর যে অ্যামেন্ডমেন্ট, তাতে বলেছিলাম, এর চেয়ে অনেক ভাল অ্যামেন্ডমেন্ট আছে যেটা আমি বহুদিন ধরে বিধানসভায় দাবি করছি, যেটা মন্ত্রিমহাশয় করেছেন, সেটা হচ্ছে ট্রাইব্যাল সিডিউল্ড ট্রাইবস যারা তারা ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক বা অন্য কোনও ব্যাঙ্ক থেকে টাকা ঋণ পাওয়ার থেকে তার বঞ্চিত ছিলেন, তাঁরা সুযোগ পাচ্ছিলেন না, এই অসুবিধাটা তিনি দূর করেছেন এবং নিঃসন্দেহে এটা ভাল কাজ হয়েছে। কিন্তু সিডিউল্ড কাস্টদের জমি হস্তান্তরের ব্যাপারে, বিক্রিটা দান-খয়রাতির ব্যাপারে তিনি একটা বাধানিষেধ আরোপ করেছেন. সেটা হচ্ছে যে কোনও সিডিউল্ড ট্রাইবকে বিক্রি করতে গেলে সেম সিডিউল্ড ট্রাইবকে বিক্রী করতে হবে। যদি না হয় তাহলে অবশ্য অন্য প্রসঙ্গ তিনি এনেছেন. আমি সেদিন বলেছিলাম যে এইভাবে রেস্ট্রিক্ট না করে যাতে সাধারণভাবে সিডিউল্ড ট্রাইবদের জমি অন্য সিডিউল্ড ট্রাইবদের, অন্য সম্প্রদায়ের কাছে করতে পারেন, তার সুযোগ-সুবিধা দেওয়া উচিত এবং সেদিক থেকে আমি অ্যামেন্ডমেন্টগুলো এনেছি. সেদিন মন্ত্রিমহাশয় বলেছেন যে. তিনি বিশেষ দৃষ্টিভঙ্গী নিয়ে এটা করেছেন. সেটা হচ্ছে সিডিউল্ড ট্রাইবদের মধ্যে অবস্থা অনেকের ভাল, অনেকের খারাপ। অনেকের অবস্থা ভাল হতে পারে এবং এই রেসট্রিকশন যদি তুলে দেওয়া যায়, তাহলে সিডিউল্ড ট্রাইবস একটা বিশেষ সম্প্রদায়ের মধ্যে হবে না, সকলে একভাবে থাকবে। আমি তাঁকে এই কথাটা সবিনয়ে নিবেদন করতে চাই যে, বাংলাদেশে যে ১১টা সিডিউল্ড ট্রাইবস রয়েছে, তাদের কারও অবস্থা ভাল নয়, তারা একই পর্যায়ে রয়েছে সাঁওতাল, ওরাঁও, মুণ্ডা প্রভৃতি এরা একই পর্যায়ের তাদের মধ্যে খুব অবস্থাপন্ন কেউ নেই। দু-একজন থাকতে পারে. সেটা সব সম্প্রদায়ের মধ্যেই

আছে। কাজেই এই রেসট্রিকশনটা যদি তিনি তুলে দিতেন, তাহলে এই যে হস্তান্তরের ক্ষেত্রে যে অসুবিধা দেখা দিয়েছে সেটা দূর হবে এবং এই দৃষ্টিভঙ্গি থেকে তার অনুসারী সংশোধন হিসাবে আমি ১৪সি(২), এটা আমি এনেছি এবং সেদিক থেকে এই ১৪সি(২)-র যে অ্যামেন্ডমেন্ট, তাতে বলছি যে কয়েকটা অংশগুলো বাদ দেওয়া হয়। আমি আশা করব মাননীয় মন্ত্রি-মহাশয়, কথাটা বিবেচনা করবেন।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in clause 8, in proposed section 14C(1)(e), the following words be added:

"And the Revenue Officer shall in each case consider the application in a manner that will eliminate mala fide purchase in any form.".

Sir, I beg to move that in clause 8, in proposed section 14G(1), clause (a) and (b) be omitted.

Sir, I beg to move that in clause 8, after proposed section 14C(3), the following be added:—

"(4) And the liquidation of such loan under such usufructuary mortgage may be determined by a prescribed authority created for this purpose within the limitations of the Mortgage-deed whenever the transferor, or, on his behalf any person applies for such review for such cases.".

Sir, I move that in clause 8, in proposed section 14G(1), line 11, for the words "may, in his discretion" the words "shall, after the consideration, arrange payment of such dues in such a manner as may be deemed necessary to protect the Raiyat from being ejected" be substituted.

স্যার, আমার এই অ্যামেন্ডমেন্টটা আমি যেটা নিয়ে এসেছি, সেটা হচ্ছে ১৪সি(৩)-র পর একটা অ্যাড করবার জন্য সেখানে আমি বলেছি

And the liquidation of such loans etc.

এর কারণ হচ্ছে এই যে, আমরা দেখেছি, এইরকম করলে যে ট্রাইব্যালরা তাদের জমি থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা তাদের থাকবে না, এটা ঠিক নয় এবং আমরা আরও দেখেছি যে, রেভেনিউ অফিসাররা যাদের উপর এঁরা ভার দিয়েছেন তাঁদের অনেকের সম্বন্ধে অনেক রকম অভিযোগ আছে—আর্টিলারি অ্যাকশনের অভিযোগ আছে এবং তারা অনেকে এমন কি ল্যান্ড সংক্রান্ত ব্যাপারে, এখনও পর্যন্ত তাদের যে অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতা যে আইনমাফিক হয় নি আমি জানি। এইরকম রেভেনিউ অফিসার আছেন, আমি কালকে শ্যামাদাসবাবুর জেলা মেদিনীপুরের গোপীবল্লভপুরে গিয়েছিলাম, সেখানে ট্রাইব্যালদের বঞ্চিত করা হয়েছে, এই খবর শুনেছি এবং সেখানকার রেভেনিউ অফিসার, হি ইজ এ পার্টি টু ইট। তিনি প্রকাশ্যে এইসব করছেন। ওদের কাছে দরখাস্ত আসে, ওপরেও আসে, সেইসব কিছুই করা হয় নি কাজেই যেসমস্ত রেভেনিউ অফিসারদের উপর এই ক্ষমতাটা দেওয়া হয়েছে, সেই সমস্ত রেভেনিউ অফিসারদের দুটো ডিফেক্ট আছে। প্রথমত জমির উপর যেসমস্ত ল্যান্ড ল, সে সম্বন্ধে তাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা নেই তাদের একটা বিচারকের মন নেই, এই রেভেনিউ অফিসারদের বিচারকের মন—মনে হচ্ছে তাদের যেভাবে তৈরি করা হয়েছে, তাতে তাঁরা মোর অ্যান এক্সিকিউটিভ অফিসার দ্যান মানে তারা একজন বিচারক, সেইজন্য আমার কথা হচ্ছে যে, একটা প্রেসক্রাইবড অথরিটি করে দেওয়া হত, সেই প্রেসক্রাইবড অথরিটি, তারা এই বিষয়ে ঠিক করবেন সেটা আমি যে বলব এবং বললেই যে হবে তা নয়, তবে প্রেসক্রাইবড অথরিটি এমনভাবে করা উচিত যাতে সেটা একটা

representative form with a judicial mind.

হয় এবং তারা সত্যিকারের একটা [illegible] অনুপ্রাণিত হয়ে কাজ করে, এইভাবে একটা প্রেসক্রাইবড অথরিটি করা উচিত। রেভেনিউ অফিসারদের উপর এইরকম ধরনের জিনিস। এইরকম সাংঘাতিক জিনিস ছেড়ে দেওয়া উচিত নয় যে সে ডিটারমিন করবেন এবং ওখানে আমার শেষ কথা হচ্ছে এই যে, আজকে ট্রাইব্যালরা জমির থেকে তো উচ্ছেদ হয়েছে। এর আগে যে আইন ছিল তাতেও ট্রাইব্যালদের অনেকগুলো সুযোগ-সুবিধা দেওয়া হয়েছিল।

আজ পর্যন্ত সেই সুবিধাগুলো নিতে পারে না, কেন পারে না? এই প্রশ্ন তো আছে, যে কেন পারেন না আপনারা তো আইনে তাদের জন্য সুযোগ-সুবিধা দিয়েছিলেন, তাঁরা পারেন নি কেন? তার কারণ যে পরিবেশের মধ্যে, যে এইরকম একটা প্রথার সৃষ্টি করে নিয়ে আসা উচিত, সেইভাবে হয় নি বলে। আমার সেইজন্য কথা হচ্ছে যে প্রেসক্রাইবড অথরিটি যেটা আমি বলছি, সেই প্রেসক্রাইবড অথরিটির মাধ্যমে যদি এইগুলো করবার ব্যবস্থা করা হয় তাহলে ট্রাইব্যালদের ইন্টারেস্ট খানিকটা বাঁচবে বলে আমি মনে করি।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য শৈলেনবাবু রেভেনিউ অফিসার সম্পর্কে বললেন যে, তাদের বিচারকের মন নেই এবং তাদের হাতে অনেক ক্ষমতা দেওয়া যায় না, কিন্তু দেখতে পাচ্ছি তার অ্যামেন্ডমেন্ট ৪৩তে বলেছেন

And the Revenue Officer shall in each case consider the application in a manner that will eliminate mala fide purchase in any form.

একসঙ্গেই হট অ্যান্ড কোল্ড, রেভেনিউ অফিসারদের খুব নিন্দা করলেন কিন্তু ক্ষমতাও দিতে চাচ্ছেন। মাননীয় সদস্য শৈলবাবু অ্যামেন্ডমেন্ট নং ৫৮এ এই জিনিসটার প্রতি আমরা বিশেষ গুরুত্বসহকারে দৃষ্টি দিয়ে বিবেচনা করেছেন এবং আমার মনে হয় এর মধ্যে যে কথাটা আছে সেটা গ্রহণ করা যেতে পারে, তবে এর ভাষাটা বোধহয় সংশোধন করা যেতে পারে, এতে মাননীয় সদস্য বোধহয় রাজী হবেন। মর্টগেজ যদি আইনের বলে রিডিম হতে পারে যে কোনও সময়ে, আমাদের আইনে তার ধারা রয়েছে, তবুও এর রিডিম করতে গেলে, তাকে সিভিল সুট করতে হবে। সেটা অত্যন্ত ব্যয়বহুল ব্যাপার এবং একজন সিডিউল্ড ট্রাইবএর পক্ষে এইরকম ব্যয় বহন করা বা হয়রানি সহ্য করা সম্ভব নয়। সেইজন্য যদি মাননীয় সদস্য শৈলেনবাবুর প্রস্তাবটা গ্রহণ করি তাহলে বোধহয় সব দিকে ভাল হবে। ভাষার একটু অদলবদল করে সরকার বোধহয় গ্রহণ করবেন। মাননীয় সদস্য নাথানিয়েল মুরমু আবার বললেন যে, সিডিউল্ড ট্রাইবএর মধ্যে যখন বেচাকেনার ব্যাপারে সীমাবদ্ধ রাখা হয়েছে তাতে অনেক অসুবিধা হবে, যা হচ্ছে এই আমাদের যেটুকু জ্ঞান আছে আমাদের উপজাতি সম্প্রদায়ের বন্ধুরা যে কথা বলেন, তাতে এটুকু আমরা বুঝি যে উপজাতি সম্প্রদায়ের মধ্যেও তারতম্য আছে, কোন ট্রাইব-এর অবস্থা হয়ত ভাল, কোনও ট্রাইব-এর অবস্থা হয়ত খারাপ।

[2-40—2-50 p.m.]

সেইজন্য আমরা যদি অবাধ বেচাকেনার সুযোগ দিই বিভিন্ন ট্রাইবএর মধ্যে তাহলে সেটার সম্ভাবনা রয়েছে। যে কনসেনট্রেশন অফ ল্যান্ড আমরা চাই অল্প লোকের মধ্যে সেটা হয়ত সম্ভব হয়ে যাবে এবং সেইজন্য প্রথম চেষ্টা হবে সেই উপজাতি সম্প্রদায়ের মধ্যে যাতে বেচাকেনা আবদ্ধ রাখতে পারা যায়। আর তা যদি সম্ভব না হয় তাহলে অপর সম্প্রদায়ের মধ্যে বেচা-কেনা করা হবে এই উদ্দেশ্য নিয়ে আমরা এই বিধান আনতে চাই। এতে কোন উপজাতি সম্প্রদায়কে পীড়ন করবার ইচ্ছা নেই বা আশঙ্কাও নেই। তারপর ভক্তিবাবুর অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে আমার বলবার কিছু নেই।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: কালেক্টরএর পরিবর্তে ডিস্ট্রিক্ট জজ সেটার কি হবে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: কালেক্টরএর পরিবর্তে ডিস্ট্রিক্ট জজ আমরা দিতে চাই না। আপনি যখন একজন আইনজীবী তখন আপনি নিশ্চয়ই জানেন আইনের মারপ্যাঁচে, আইন-আদালতের ত্রিসীমানার মধ্যে গেলে কেউ নিষ্কৃতি পায় না। কাজেই আমরা চাই না আদালতের মধ্যে নিয়ে পীড়াদায়ক অবস্থার মধ্যে কাউকে ফেলে দিই এবং সেইজন্যই সিভিল কোর্টের হাতে দিতে চাই না।

The motion of Shri Sailendra Nath Adhikary, as orally amended by Shri Syamadas Bhattacharyya, that in clause 8, after the proposed section 14C(3), the following be added:—

(3A) A mortgator under a complete usufructuary mortgage intending to redeem such mortgage before the expiry of its term or any person acting on his behalf, may make an application for

redemption in such form and containing such particulars as may be prescribed to the Revenue Officer. On receipt of such application the Revenue Officer shall after service of notice to the mortgagee make an enquiry in the prescribed manner and pass a preliminary order declaring the amount due under such mortgage to the mortgagee at the date of such order and fixing a date for payment of such amount by the mortgagor. If the mortgagor pays such amount by the date so fixed, the Revenue Officer shall make a final order directing the mortgagee to restore possession of the mortgaged property and to deliver up the mortgage-deed, to the mortgagor.

(3B) A final order made under sub-section (3A) shall be executed by the Revenue Officer in such manner as may be prescribed.

And that in the proposed section 14H for the words "under section 14G" the words "under sub-section (3A) of section 14C or section 14G" be inserted.

was then put and agreed to.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 8, in proposed section 14C(1)(e), line 2, for the words "seven years" the words "three years" be substituted, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 8, in proposed section 14E(1), in line 10, for the words "seven years" the words "three years" be substituted, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 8, in proposed section 14G(1)(a), in line 4, for the words "seven years" the words "three years" be substituted, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 8, in proposed section 14H, in line 4, for the word "Collector" the word "District Judge" be substituted, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 8, the first proviso to proposed section 14H be omitted, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 8, proposed section 14(I) be omitted, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 8, in the proposed section 14C(1)(a), lines 2 and 3, for the words "the same Scheduled Tribe to which the transferor belongs" the words "a Scheduled Tribe" be substituted, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 8, in the proposed section 14C(1)(d), lines 1-3, for the words "the same Scheduled Tribe to which the transferor belongs" the words "a Scheduled Tribe" be substituted, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 8, in proposed section 14C(1)(e), the following words be added:—

"And the Revenue Officer shall in each case consider the application in amanner that will eliminate mala fide purchase in any form",

was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 8, in the proposed section 14C(2), lines 1-2, for the words "the Scheduled Tribe to which the transferor belongs" the words "a Scheduled Tribe" be substituted, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 8, in the proposed section 14C(2), lines 5-6, for the words "such Scheduled Tribe" the words "a Scheduled Tribe" be substituted, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 8, in the proposed section 14C(2), lines 7-20, the words beginning with "In case of such a purchaser" and ending with "the price so fixed" be omitted, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 8, in proposed section 14G(1), clause (a) and (b) be omitted, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 8, in proposed section 14G(1), line 11, for the words "may, in his discretion" the words "shall, after due consideration, arrange payment of such dues in such a manner as may be deemed necessary to protect the Raiyat from being ejected", be substituted, was then put and lost.

The question that clause 8, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 9

Shri Bhakti Bhusan Mandal: I move that in clause 9(a), in proposed proviso line 5, for the words "two years", the words "one year" be substituted.

স্যার, এটা যদি দুই বছর রাখা হয় তাহলে দেখা যাবে ডিউটা অনেক বেড়ে যাবে এবং তার ফলে ভাগচাষীর পক্ষে টাকা দেওয়া কঠিন হয়। প্রডিউস সম্বন্ধেও যে ও'দের ভীষণ অসুবিধা হয় সেটাও আমরা দেখেছি। আমি আগেই বলেছি এই আইন ছিল না বলে এর আগে যেসমস্ত ওনাররা আছে তারা হয়ত ভাগে প্রডিউস দিয়েছে কিন্তু রসিদ নেয় নি বলে চার বছরের নালিশ করেছে এবং তার ফলে এরকম অবস্থা হয়। অনেক সময় মালিকরা বিনা রসিদে জিনিসটা নিয়ে নেয় এবং ভাগচাষী জিনিসটা এত ভালভাবে দেখে না বলে তারা মনে করে মালিককে দিয়ে দিয়েছি। তারা ভালভাবে আইন বোঝে না এবং এটা যদিও চার বছরের ব্যাপার কিন্তু প্রমাণ করা যায় না ডেলিভারি অব প্রডিউসটা। কাজেই আমি বলছি এটা কম করলে ভাল হবে। ও'রা যখন আইনের মারপ্যাঁচ বোঝে না, রসিদের কথা বোঝে না তখন এক বছরের লাইবিলিটি থাকবে এবং সেইজন্যই আমি বলছি ওয়ান ইয়ার করা উচিত। আমরা দেখছি প্র্যাকটিক্যালি আইনে অনেক প্রভিশন করা হয়েছে, পেনাল সেকশন আছে যে বর্গাদার প্রডিউস দিলে তাকে রসিদ দিতে হবে। কিন্তু প্র্যাকটিক্যাল অভিজ্ঞতা থেকে বলতে পারি কোন জায়গায় রসিদ দেয় না আপনি হয়ত বলবেন রসিদ না দিলে ধান না দিলেই হয়। কিন্তু কার এমন ক্ষমতা আছে যে তাকে পরাজিত করবে? সে জোর করে দখল করবে, মেরে তাড়িয়ে দেবে এবং সেইজন্য ভাগচাষী মনে করে মালিককে কি অবিশ্বাস করা যায়, তারা কি নিয়ে বলবে যে দেয় নি। আগেকার দিনে বরং ধর্মের কথা ছিল, কিন্তু এখন সেসব ভুলে গেছে বলে নেবার পর যখন তাকে উচ্ছেদ করবার দরকার হবে তখন কয়েক বছরের জন্য নালিশ করে দেয়। সেইজন্য আমি বলছি লায়েবিলিটি কম করা দরকার এবং সেক্ষেত্রে এই ওয়ান ইয়ার করলে আমরা খুশি হব।

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that in clause 9(b), in the proposed sub-section (2A), in line 10, after the word "share" the words "or due to any doubt or uncertainty as to the person or persons who is or are entitled to receive the owners' share of the produce, or due to neglect or refusal of any person or persons claiming the share, to receive delivery of the same" be inserted.

আমি ক্লজ নাইনের অ্যামেন্ডমেন্টগুলি সম্বন্ধে বলার আগে একটা কথা না বলে পাচ্ছি না। এই অ্যামেন্ডমেন্ট যদি পাঁচ বছর আগে আনতেন, তাহলে বাংলাদেশের ভাগচাষীদের এত সর্বনাশ হত না। এত ভাল প্রভিশন এনেছেন কিন্তু এমন সময় এনেছেন, এটা প্রয়োগ করার ক্ষেত্র বাংলাদেশে থাকবে কিনা সন্দেহ। আমি যে কথা বলছি ভাগচাষীর

ফসলের দাবী সংক্রান্ত ব্যাপারে বিরোধ দেখা দেবে। সেখানে ক্লজ ২তে তাঁরা বলছেন যে, জমির ফসলের বখরা ব্যাপারে যে কোন জায়গায় গোলমাল হতে পারে। এই যে স্টেট অ্যাকুই-জিশনে জমি সরকারে ভেস্টেড হয়েছে সেটা সম্পর্কে নিষ্পত্তি হয়ত হয় নি বা কোন জায়গায় ফসলের দাবিদার ঠিকমত কোন দাবি হয়ত জানাতে পারে নি। আমি আমার অ্যামেন্ডমেন্টে একটা কথা যোগ করতে চাচ্ছি সেটা হচ্ছে—

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that in clause 9(b), in the proposed sub-section (2A), in line 10, after the word "share" the words "or due to any doubt or uncertainty as to the person or persons who is or are entitled to receive the owners' share of the produce, or due to neglect or refusal of any person or persons claiming the share, to receive delivery of the same" be inserted.

সেটা হচ্ছে, অনেক জায়গায় দেখা গেছে, ভেস্টেড জমি ১০(২) জমি এবং জোতদারদের জমি সেটা একই খতিয়ানের মধ্যে পড়ছে। আজ কোন অংশ ভেস্ট হয়েছে কোন অংশ ভেস্ট হয় নি তার নিষ্পত্তি হয় নি। এক্ষেত্রে ফসল দেওয়ার ব্যাপারে আধিয়ারদের মধ্যে জোতদারদের মধ্যে বিরোধ রয়েছে।

দ্বিতীয়ত কোন কোন ক্ষেত্রে এটা রয়েছে যে, জোতদার আধিয়ারদের কাছে ভাগচাষীদের কাছে তারা ফসল ঠিক সময়ে দাবি করে নি বলে সেখানে বকেয়া রয়েছে। ভাগচাষীর ফসল দেবার ব্যাপারে মালিকানার ব্যাপারে বিরোধ রয়েছে, একই ভাগচাষীর কাছে দু-তিনজন মালিক এসে দাবি করছে এই জমির ফসল আমাদের দিতে হবে। এই তিনটি ক্ষেত্রে বলছি যে সুযোগ তিনি ভাগচাষীদের দিতে চাইছেন সেটা যেন তাঁদের দেওয়া হয়।

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that in clause 9(a), in proposed proviso, line 5, for the words "two years" the words "one year" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৯ নম্বর প্রভাইসোতে বলা হয়েছে বর্গাদার এবং জমির মালিকদের মধ্যে জমির ফসল বণ্টন সম্বন্ধে যদি কোন বিরোধ উপস্থিত হয় তাহলে তার নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট অফিসার বা অথরিটির কাছে দু বছরের মধ্যে অ্যাপ্লিকেশন করতে হবে। আমার কথা হচ্ছে দু বছর না করে এক বছর করতে চাই। তার কারণ হচ্ছে যদি এটা দীর্ঘদিন ধরে চলে বিরোধ জিইয়ে রাখা যায়, তাহলে মালিকদের বিশেষ অসুবিধা হবে না, ভাগচাষীর হবে, সেজন্য এটার শীঘ্র যাতে নিষ্পত্তি হয় সেজন্য এটা বলছি, আমি দু বছরের জায়গায় এক বছর করতে চাইছি। আমি মনে করি এটা মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, দু বছরের মধ্যে অ্যাপ্লিকেশন হলে তারপর নিষ্পত্তি হতে আরও এক-দুই বছর গেল, তাহলে দীর্ঘদিন ভাগচাষীকে মামলা-মোকদ্দমার মধ্যে থাকতে হয়, নানাপ্রকার দৌড়াদৌড়ি এবং হয়রানি হতে হয়। সেজন্য যত শীঘ্র নিষ্পত্তি হয় ততই ভাল, এজন্যই এটা দিয়েছি।

[2-50—3 p.m.]

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: খগেনবাবু নিশ্চয়ই জানেন এর আগে কি আইন ছিল যে, আগে আইন ছিল এই যে, যে কোন পরিমাণ বৎসরের জন্য যে কোন পরিমাণ সময়ের জন্য যে কটা বৎসর ইচ্ছা করতে পারেন যিনি মালিক তিনি বাকি ভাগ দানের জন্য মামলা করতে পারতেন এখন আইন আছে বর্তমানের আইন হচ্ছে এই, কেউ যদি দশ বৎসরের জন্য বকেয়া ভাগদানের দাবি করে মামলা করেন তাহলে হাইকোর্ট থেকে ডিগ্রি দিয়ে দেবেন। সেখানে আমরা করছি দুই বৎসরের বেশি তিনি মামলা করতে পারবেন না। কাজেই বর্তমানে যে আইন ছিল সেটা তুলনা করে দেখা দরকার। দ্বিতীয় কথা হচ্ছে, দু বৎসরের কথা এইরকম

within two years from the date on which the delivery of the produce falls due.

এক বৎসরের মধ্যেই মামলা করতে হবে যদি তা বলেন তাতে মামলা বেশি উদ্ভব হবে। এক বৎসরের জন্য কোন কারণে যদি দিতে না পারেন এক বৎসরের জন্য যিনি বর্গাদার, তিনি দিতে না পারেন তাকে তক্ষুনি তক্ষুনি করতে বলা ঠিক হবে না। মালিক এক বৎসরের মধ্যে মামলা করতে না পারেন কোন কারণে আবার [illegible] এক বৎসরের জন্য দিতে না পারলে পরের

ৎসর দিতে পারেন এমন সম্ভাবনা যদি থাকে তাহলে মামলা-মোকর্দমার পরিমাণ কম হতে রে। সমস্ত দিক বিবেচনা করে জয়েন্ট কমিটির সঙ্গে পরামর্শ করে তবে আমরা দু বৎসর ীমারেখা করেছি, মাননীয় শ্রীনাথানিয়েল মুর্মু যে বক্তৃতা করেছেন স্পীকার মহাশয় আমরা খানে বলছি ২(এ)তে যদি দেখা যায়

elivery of the share of the produce due to doubt or uncertainty on the uestion whether the land in respect of which the share of the produce is laimed has been vested in the State or has been retained under the West Bengal Estates Acquisition Act, 1953, by the person claiming the share, uch officer or authority shall, instead of terminating cultivation of the and by the bargadar on the ground of default, allow him time to deliver he share of the produce due to the person entitled thereto or to pay the rice thereof by annual instalments not exceeding.

রূপ দেখা গেছে অনেক জায়গাতে ভাগচাষ যিনি করেন ভাগচাষী যথাসময়ে শেয়ার প্রডিউস রতে পারেন নি তার কারণ এই ছিল জমি সরকারের বর্তেছে অথবা জমি পূর্বতন মালিক হতে নিয়ে ছিল বিবাদ এরূপ বহু কেস পাওয়া যায় সেজন্য বলছি যদি এরূপ হয়ে থাকে বর্গাদার চ্ছা করে ভাগদান দেন নি তা নয়, কিন্তু তিনি দিতে পারেন নি বা অনিশ্চিত ছিলেন কাকে দবেন। যদি সরকারের বর্তে থাকে তাহলে ভাগদান দেবার কথা উঠে না সরকারের যদি বর্তে া থাকে ভাগদান দিতে হবে। কিন্তু প্রশ্ন ছিল এই সরকারের উপর বর্তেছে কি বর্তায় নি এজন্য তিনি ভাগদান দেন নি। সেই যদি থাকে সেই প্রশ্ন যদি বিবেচনাধীন থাকে এবং তার জন্য যদি ভাগদান না দেওয়ার কথা হয়ে থাকে সেক্ষেত্রে তাকে উচ্ছেদ করা চলবে না। তাকে উচ্ছেদ না করে সময় দিতে হবে এবং তিনি যাতে দফায় দফায় তাঁর বকেয়া ধানের অংশ দিতে পারেন মালিককে তার ব্যবস্থা করতে বলা হয়েছে। আমরা মনে করি এভাবে আগের চেয়ে একটু বেশি অধিকার দেবার চেষ্টা করা হয়েছে, একথা ঠিক বর্গাদারকে মাননীয় সদস্যদের মধ্যে অনেকে যে ধরনের অধিকার ও মর্যাদা এখনই দিতে চান ততখানি মর্যাদা বা অধিকার আমরা এখনই দিচ্ছি না। তার অনেক কারণ মাননীয় সদস্যদের বক্তৃতায় পাওয়া গেছে, সেসমস্ত কথা বিবেচনা করা দরকার, সমাজের বর্তমানে যে গঠন আছে তাতে সমস্ত বর্গাদারদের অবস্থা সংশ্লিষ্ট মালিকের তুলনায় খারাপ বা মালিকের অবস্থা সংশ্লিষ্ট বর্গাদারের চেয়ে ভাল এরূপ নয়।

আজকে আমরা যদি বর্গাদারদের পুরাপুরি মালিকানা সত্ত্ব দান করি এবং [illegible] প্রদেয় ভাগদানকে রেন্ট বলে ডিক্লেয়ার করে দিই এবং [illegible] টেনেন্ট বলে ডিক্লেয়ার করে দিই তাহলে আমাদের আদর্শের সঙ্গে বর্তমান অবস্থায় সামঞ্জস্য করে চালাতে হবে। আজকে এজন্য খগেনবাবুর সহকর্মী হাবিবুল্লা সাহেব কিছুদিন আগে তাঁর বক্তৃতায় স্মরণ করিয়ে দিয়ে-ছিলেন যে, সমস্ত বর্গাদারদের মালিকানা স্বত্ত্ব দেওয়া হয় তাহলে সে সঙ্গে সঙ্গে ভাবতে হবে এসব ছোট ছোট মালিক যারা জড়িত আছে তাদের জমিতে বর্গাদারদের মালিকানা স্বত্ত্ব দিলে তাদের কম্পেনসেশন দেওয়া যায় কিনা, তা ভাবতে হবে। তাদের কম্পেনসেশনের ব্যবস্থা না করে সরাসরি বর্গাদারদের মালিকানাস্বত্ত্ব দিয়ে তাদের টেনেন্ট ঘোষণা করা হয় তাহলে জমির হার অন্যান্য জমির সমগুণ বিশিষ্ট জমির সঙ্গে সমান করলে একটা বিপ্লব হতে পারে কিন্তু সঙ্গে সঙ্গে অনেকগুলি মধ্যবিত্ত পরিবারের ভাগ্য জড়িত আছে তাদের কথা ভাবতে হবে। সেজন্য সমস্ত দিক বিবেচনা করে বর্গাদারদের অধিকারের সীমারেখা খানিকটা প্রসারিত করেছি এবং তাদের অধিকার ও মর্যাদা আমরা কিছু কিছু বাড়িয়েছি। একথা স্বীকার করি সমস্ত অধিকার বর্গাদারদের দেওয়া হয় নি, কিন্তু যেটুকু দেওয়া হয়েছে তার আগের তুলনায় অনেকখানি বেশি এটুকুই নিবেদন করছি।

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 9(a), in proposed proviso line 5, for the words "two years" the words "one year" be substituted, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 9(b), in the proposed sub-section (2A), in line 10, after the word "share" the words "or due to any doubt or uncertainty as to the person or persons who is or are entitled to receive the owners' share of the produce, or due to neglect or refusal of any person or persons claiming the share, to receive delivery of the same" be inserted, was thn put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 9(a), in proposed proviso, in line 5, for the words "two years" the words "on year" be substituted, was then put and lost.

The question that Clause 9 do stand part of the Bill, was then put an agreed to.

Clause 10

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that in clause 10 after proposed sub-section (4), the following be added:—

"(5) The provisions of section 5 of the Limitation Act shall apply t appeals under this section.".

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা প্রভিশন ইনসার্ট করতে বলছি, Section 5 of the Limitation Act shall apply to appeals under this section কারণ একথা হয় যে দুটা সাব-ক্লজ থ্রি অ্যান্ড ফোর, সাব-সেকশন ফাইভ এটা বুঝতে পাচ্ছি যেটা মোটামুটি তিনি স্বীকার করলেন যে, ইনহেরেন্ট যেটা রাইট সিভিল প্রসিডিওর অনুসারে থাকার কথা সেটা এখানে নেই। কাজেই স্পেসিফিক প্রভিশন দেওয়া উচিত। সেজন্য আমি একথা বলেছি, লিমিটেশন সেকসন ৫ দিয়ে দেওয়া যায় তাহলে দেখা যাবে কোনরকম সাফিসিয়েন্ট কজ অ্যাপীল করতে দেরি হলে কিংবা আর কিছু হল সেটা অ্যাপীল করতে পারবে? কিন্তু যদি তা নেওয়া থাকে তাহলে অ্যাপেলেট কোর্টে এটা পারবে না। আমরা অনেক জায়গায় দেখেছি যে, যারা ভাগচাষ অফিসার থাকেন, তাঁরা একটা ডেট দিলেন যে এদিনে জাজমেন্ট দেব তারপর দেখা গেল জাজমেন্ট দিলেন না, জাজমেন্ট না দেবার ফলে দু-তিনবার লোক ঘুরল তারপর বললেন, জাজমেন্ট যবে দেব তা পরে জানিয়ে দেব। তারপর দেখা গেল কোন ডেট দিলেন না, জাজমেন্ট এক বা দেড় মাস পরে দিলেন, এটা জানাতে না পারার জন্য হল কি, তার স্পেসিফিক কেস থাকা সত্ত্বেও সে কেসের অ্যাপীলের এডভান্টেজ পেল না। সেজন্য আমি বলছি, জেনুইন কোন অ্যাপেলেট হল না। তখন মনে হয় এই সাব-ক্লজটা ইনসার্ট করলেই ভাল হয়। তাহলে অন্তত কিছু লোক অ্যাপীল করবার এডভান্টেজ পাবে এবং তা মেরিটের উপর নির্ভর করবে কেস ঠিক আছে কিনা। সেজন্য আমরা বলছি যে, এটা ইনসার্ট করা দরকার। আর একটা কথা আগে বলেছিলাম এবং একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম সেটা রেকর্ডেড হয় নি ইনজাংশন সম্বন্ধে। এই ইনজাংশন সম্বন্ধে বলছি, যদি তাঁরা মনে করেন তাহলে এই দুটো ক্লজ দিয়ে দিলে মনে হয় বর্গাদাররা অ্যাপেলেট কোর্ট থেকে রেমিডি পেতে পারে সেটাই আমি অনুরোধ করছি।

[3—3-10 p.m.]

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় সদস্য ভক্তিবাবু যেটা বলছেন ফাইভ-এ অফ দি লিমিটেশন অফ দি অ্যাক্ট সেটা ভুল করছেন। অরিজিন্যাল অ্যাক্টে আছে

We are taking this from section 19.

সেকশন ১৯ অফ দি অ্যাক্টে আছে—

at the end of section 19 এ আছে —provided further that the provisions of section 5 of the Indian Limitation Act, shall apply to an appeal under this section.

সুতরাং ও সম্বন্ধে সন্দেহের কারণ নেই।

দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় সদস্য অবশ্য অ্যামেন্ডমেন্ট দেন নি—সেদিন বলেছিলেন যে, এখানে যে বিধান আছে

The Munsif hearing the appeal may for sufficient cause make an order staying execution of the order appealed against.

এটাতে একটা প্রহিবিটারি ইনজাংশনের ব্যবস্থা আছে স্টে অর্ডার করা যেতে পারে। মাননীয় সদস্য বললেন যে, বর্গাদারকে উচ্ছেদ করে কোন ডিক্রিপ্রাপ্ত হবার পর মালিক যদি তাড়াতাড়ি

সেখানে পজেশন নিয়ে নেয় তাহলে তাকে সেই পজেশন থেকে বিচ্যুত করে বর্গাদারকে সেই পজেশনে রেস্টোর করার জন্য কি বিধান আছে। এ সম্বন্ধে আমি যা খোঁজখবর করেছিলাম তাতে দেখতে পাচ্ছি যে, মোটামুটি যার ফেভার অর্ডার হবে

Order for restoring cultivation of the Bargadar

তাকে যদি পজেশন পেতে হয় তাহলে অর্ডার একজিকিউশনের জন্য তাকে আবেদন করতে হবে সেকসন ২০—সাব-সেকশন ২তে তাকে অগ্রসর হতে হবে। এই অর্ডার একজিকিউট করবেন কবে—চৈত্র-বৈশাখ মাসে—দার্জিলিংয়ে পৌষ বা মাঘ মাসে। কাজেই সেকশন ২০ সাব-সেকশন টু অ্যাফেক্টেড হচ্ছে অর্ডার একজিকিউট অবিলম্বে করতে হবে। তখন তখনই পারবেন না এবং নির্দিষ্টভাবে একজিকিউট করবার জন্য আপনাকে অগ্রসর হতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে এই যে, আমরা ক্লজ ১০এ মুনসেফকে পাওয়ার দিচ্ছি

to stay execution of the order

সুতরাং সেই বর্গাদার উচ্ছেদ হয়ে যদি চলে যান তাহলে তাঁর হাতে সময় আছে—

He can apply to the Munsif for staying execution of the order

ফর একজিকিউশন অফ দি অর্ডার অ্যাপ্লিকেশন না করে যদি কেউ জোর করে দখল করে নিতে চায় তাহলে নিশ্চয় তার বিরুদ্ধে একর্ডিং টু ল শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা যেতে পারে

It will be extremely an unlawful Act, it would be a criminal offence.

কাজেই আমার মনে হয় না যে, বর্গাদার এইভাবে ডিসপজেসড হয়ে যাবে—তাকে চৈত্র-বৈশাখ মাস পর্যন্ত অপেক্ষা করতে হবে অর্ডার পাবার পর একজিকিউট করতে হলে—আর পৌষ বা মাঘ মাস পর্যন্ত অপেক্ষা করতে হবে। এর মধ্যে বর্গাদার সময় পাবে টু অ্যাপ্লাই ফর স্টে অর্ডার। কাজেই মাননীয় সদস্য যে বললেন আমি বিশেষভাবে চিন্তা করে দেখেছি—আমার মনে হয় না এটা করার দরকার হবে। তারপর তিনি ম্যান্ডেটারি ইনজাংশনের যে কথা বলছেন—মাননীয় সদস্য বোধহয় জানেন যে, ম্যান্ডেটারি ইনজাংশন খুব সহজ নয়, আমি খোঁজ নিয়ে দেখেছিলাম যে, ম্যান্ডেটারি ইনজাংশন খুব অল্পই দিয়ে থাকে—ইন একসেপশন্যাল সারকামস্ট্যান্সেস। দ্বিতীয় কথা হচ্ছে কোর্টের কাছে কতখানি অধিকার আছে—একজন বর্গাদারের উচ্ছেদের অর্ডার হয়ে যাবার পর তিনি কতখানি সময় পান এবং মালিককে উচ্ছেদ করতে গেলে কি কি আইনগত পদ্ধতির ভিতর দিয়ে যেতে হয় এবং তার ভিতর বর্গাদারদের সাফিসিয়েন্ট প্রোটেকশন আছে কিনা—সেদিক থেকে আমার মনে যেসব প্রভিশন আছেই আছে—এতে বর্গাদারদের রক্ষা করবার অনেক ব্যবস্থাই হবে।

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 10, after proposed sub-section (4), the following be added:—

"(5) The provisions of section 5 of the Limitation Act shall apply to appeals under this section."

was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill, as then put and agreed to.

Clause 11

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in clause 11 the following proviso be added to proposed section 22(1):—

"Provided that the Raiyat holds more than 5 acres of land in respect of his holding either jointly or singly."

I also move that in clause 11, in proposed section 22(2), in line 1, after the words "first charge on the holding" the words "and it shall be the first duty of the prescribed authority to see that alterations of revenue-roll in the form of transfer of interests by a Raiyat, per sale-deed, at the time of distress shall not be allowed till the officer concerned after due proceedings

is satisfied that the alteration of names in the revenue-roll does not arise out of and distress sale in any form. And the revenue-roll of 1946-47 is the determining factor when consideration of such alteration will arise" be inserted.

স্যার, এই ক্লজ ১১-তে যেটা ২২(১) আছে সেখানে আমি একটা প্রভাইসো রাখতে চেয়েছি "Provided that the Raiyat holds more than 5 acres of land in respect of his holding either jointly or singly.".

এর অর্থ আর কিছুই নয়, আমি এর আগেই বলেছি এবং শ্যামাদাসবাবু এ বিষয়ে খুব জোরের সঙ্গে আপত্তি তুলতে পারেন নি যে আনইকনমিক হোল্ডিং—এটা রায়তদের পক্ষে খুব সাংঘাতিক সেটব্যাক নিয়ে এসে দেয় এবং যখন রেভিনিউ পে করবার জন্য তাকে বলা হচ্ছে তখন দেখতে হবে যে আনইকনমিক হোল্ডিংয়ের যারা রায়ত তাদের রেভিনিউ বাদ দেওয়া দরকার। এতে সরকারের হয়তো কিছু আয় এক দিক থেকে কমবে—কিন্তু অন্য দিক থেকে এর দ্বারা স্টেটের উপকারই হবে এই জন্য যে রায়তরা একটা ইনসেনটিভ পারে। সেইজন্য আমি এটা বলতে চেয়েছিলাম যে ৫ একর ল্যান্ডের যারা মালিক তাদের লাইবিলিটি থেকে বাদ দেবার জন্য।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাঁচ একর পর্যন্ত জমির মালিকদের খাজনা ছেড়ে দিতে পারলে তাদের চাষের প্রতি ইনসেনটিভ হবে এই থিসিস আমি মানতে কিছুটা কুণ্ঠা বোধ করছি। কারণ খাজনাটা মোট যা ব্যয় হয় তার কত অংশ এবং মোট যে আয় হয় তার কত অংশ সেটা বিবেচনা করতে হবে। আগে যখন কৃষিজাত দ্রব্যের মূল্য খুব কম ছিল—আজ থেকে ২০।২৫ বছর আগে তখন আমাদের খাজনা যা দিতে হত তার পরিমাণ মোট উৎপাদন দ্রব্যের তুলনায় শতকরা ২০ ভাগের বেশী ছিল। ১৯৩৭ সাল থেকে যখন দ্রব্যমূল্য কম ছিল তখন থেকে খাজনার হার বাড়ানো হয় নি অথচ দ্রব্যমূল্য বহুগুণ বেড়েছে, যার ফলে আমরা যত পরিমাণ খাজনা আদায় করে থাকি বা রায়ত হিসাবে যত পরিমাণ দিই উৎপন্ন কৃষিজাত পণ্যের মূল্যের তুলনায় তা অত্যন্ত কম—শতকরা দুই ভাগও নয়। যে কোন অর্থনীতিবিদ বলেন যে খাজনার হার বাড়ানোর অনেক অবকাশ রয়েছে, কারণ খাজনার হার আজকে কৃষকের কাছে মোটেই বোঝা নয়, ডিসইনসেন্টিভ নয়। কৃষকরা এর জন্য যে কম চাষ করেন তা নয়—কৃষকরা চাষ করতে পারেন না নানা কারণে—তারা সেচের জল পান না, নিকাশীর ব্যবস্থা নেই, ভাল বীজ নেই, কিন্তু খাজনার হারের জন্য চাষী উৎসাহ বোধ করেন না তা নয়, তাদের সিকিউরিটি অব টেনিওর নেই—যেখানে ভাগচাষী মালিকের দয়ার উপরে সম্পূর্ণভাবে তাদের অস্তিত্ব নির্ভর করে সেখানে কোন জায়গা থেকেই তারা চাষ করবার কোন রকম ইনসেনটিভ পান না। কাজেই মাননীয় সদস্য যেটা বলছেন আমার মনে হয় যে অর্থনৈতিক বিচারে এবং বাস্তব বুদ্ধির বিচারে সেটা যথার্থ নয়।

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 11, the following proviso be added to proposed section 22(1):—

"Provided that the Raiyat holds more than 5 acres of land in respect of his holding either jointly or singly."

was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 11, in proposed section 22(2), in line 1, after the words "first charge on the holding" the words "and it shall be the first duty of the prescribed authority to see that alterations of revenue-roll in the form of transfer of interests by a Raiyat, per sale-deed, at the time of distress shall not be allowed till the officer concerned after due proceedings satisfied that the alteration of names in the revenue-roll does not arise out of any distress sale in any form. And the revenue-roll of 1946-47 is the determining factor when consideration of such alteration will arise" be inserted, was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill, was then put and agreed to.

[3-10—3-20 p.m.]

Clause 12

Shri Sanat Kumar Raha: I move that in clause 12, the following proviso be added to proposed section 23(1):—

"Provided that if total lands comprised in such holding be less than two acres, no revenue for this uneconomic holding shall be paid by the raiyat".

I have also move that in clause 12, in proposed section 23A, lines 3-4, the words ", on an application to the Revenue Office," be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১২ নম্বর ক্লজে যেটা শৈলেনবাবু ১৫ বিঘার কথা তুলেছিলেন তারপর আমার বক্তব্য হচ্ছে নীতিগতভাবে সামন্ততন্ত্রকে উচ্ছেদ করার জন্য সুরু করতে হবে কাজ। যেভাবে ছুঁচো গেলার মত ল্যান্ড রিফর্ম দপ্তর থেকে ধাপে ধাপে কয়েক মাস অন্তর একটা করে রিফর্ম অ্যামেন্ডমেন্ট বিল আসছে ঠিক এইভাবে না করে মৌলিক দৃষ্টিভঙ্গী নিয়ে রিফর্মটাকে আনা উচিত এবং তাতে কত পার্সেন্ট খাজনার আজকে দাম এ না কষে চিন্তা করা দরকার সামন্ত-তন্ত্রের বিরুদ্ধে নতুন গণতান্ত্রিক নীতিতে যেভাবে হিসাব করতে পারা যায় সেইভাবে কৃষি আয়কর করা উচিত এবং সেইসব আয়কর তারাই দেবে যাদের নিম্নতম আয় হবে না। যেমন আমাদের ইনকাম ট্যাক্সে আছে ৩ হাজার ৬ শো টাকা পর্যন্ত আপনারা আয়কর রেহাই দিয়েছেন, ঠিক তেমনি কৃষকের ক্ষেত্রে আমরা কেন এই দৃষ্টিভঙ্গীতে দেখব না? যাদের অবৈষয়িক জমি আছে আনইকনমিক হোল্ডিং যে জমি থেকে তার সংসার চলে না, যেখানে ওয়ান পারসেন্ট দেওয়া যায় না সেইসব ক্ষেত্রে যখন বিমল সিংহ মহাশয় ভূমি রাজস্ব মন্ত্রী ছিলেন, সেই সময় হাউসে একটা আলোচনা হয়েছিল যে ২ একর পর্যন্ত জমি ছেড়ে দেওয়া যেতে পারে। আমি আজকে সেই অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছি ১২ নম্বর ক্লজে

Provided that if total lands comprised in such holding be less than two acres, no revenue for this uneconomic holding shall be paid by the raiyat.

১৫ বিঘার ব্যাপারে এখনই শৈলেনবাবুর বক্তব্যটা খারিজ হয়ে গেল, সেটা তো পাশ হবে না আমরা জানি। কিন্তু যেটা প্রায় অলমোস্ট এসট্যাবলিস্‌ড ফ্যাক্ট হয়েছিল শ্যামাদাসবাবু অন্ততঃ সেখান থেকে ৬ বিঘা থেকে সুরু করতে পারতেন, তারপর বলতে পারতেন আস্তে আস্তে আমরা সেদিকে যাব, যেমন যেমন ইনকাম হবে তেমন তেমন সেইভাবে আমরা কৃষকের কাছ থেকে রায়তের কাছ থেকে কৃষি আয়কর নেব এবং তলাকার লোককে অবৈষয়িক লোককে নীতিগতভাবে মাফ দেব। আমি সেই দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করতে বলছি। শ্যামাদাসবাবুর টুকিটাকি, মন্দের ভাল, আপেক্ষিক বিচার, সেভাবে বিচার না করে মূলগত সামন্ততন্ত্রের বিরুদ্ধে বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী নিয়ে কতটুকু এখনই করা যায় আমি সেই দৃষ্টিভঙ্গী থেকে বিচার করতে বলছিলাম। দ্বিতীয় হচ্ছে রেভেনিউ অফিসারকে অ্যাপ্লিকেসান করার সম্পর্কে একটা কথা। রেভেনিউ অফিসারকে অ্যাপ্লিকেশন করে আমাদের বাস্তুভিটা জমির খাজনা মাফ করাতে হবে। আমরা দেখছি গত ২ বছর থেকে যে এটা অত্যন্ত অকার্যকরী হচ্ছে। আমার বক্তব্য আমাদের যদি রাইট অব রেকর্ডস তৈরি হয়ে থাকে আমাদের যত জমিজমা আছে সব তথ্য যদি সরকারের কাছে থাকে তাহলে সেখান থেকে অটোমেটিক্যালি ১ বিঘা বাস্তুভিটার খাজনা মাফ হয়ে যায়। যদি কেউ পিটিসান বা প্রেয়ার করে তাহলে "অধিকন্তু ন দোষায়"। কিন্তু প্রেয়ার না করলে মাফ পাবে না এই দৃষ্টিভঙ্গীর বিরুদ্ধে আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমার দুটো অ্যামেন্ডমেন্ট আছে ১২ নম্বরে—একটা হচ্ছে সুরু করুন সামন্ততন্ত্রের বিরুদ্ধে, ২ একর বা ৬ বিঘা জমির যারা মালিক তাদের কাছ থেকে আমরা খাজনা নেব না, আর একটা হচ্ছে ১ বিঘা যাদের বাস্তুভিটা আছে তাদের কোন রকম দরখাস্ত না করলেও খাজনা লাগবে না। এই দুটো দিয়ে যদি সুরু করা যায় তাহলে আমার মনে হয় অল্প জায়গায় আমরা হাত দিতে পারব, ভূমি সংস্কারের কাজে খুব সামান্য একটা অমৌলিত জিনিস করতে পারব। তা না হলে অমৌলিক জিনিস করতে পারব না বলে আমার মনে হয়।

Shri Aswini Roy: I move that in clause 12, the following proviso b added to proposed section 23(1):—

"Provided that the raiyat of an uneconomic holding which will b determined in the manner prescribed will be exempted from lan revenue both in the irrigated and non-irrigated areas."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাজনা আগে যেটা ছিল তাতে একটা স্ল্যাব সিসটেম ছিল—প্রথমে একর পর্যন্ত ১০ ভাগ, তারপর ১৫ ভাগ, তারপর ২০ ভাগ। এখন মাননীয় সদস্য বলাই দা মহাপাত্র মহাশয়ের মতে যদি ৫ একর জমিকে আনইকনমিক হোল্ডিং হিসাবে ধরেন তাহলে এ যে পরিবর্তনটা ও'রা করলেন এই পরিবর্তনে দেখা যাচ্ছে যে যদি ১ টাকা করে বিঘা প্রতি খাজন হয় তাহলে ৫ একরে হবে ১৫ টাকা। সেখানে বর্তমানে যে আইন আছে সেটাতে তারা রিলি পাচ্ছে ঐ ১৫ টাকার জায়গায় দেড় টাকা মাত্র। এই রকম হঠাৎ এই অঙ্কটা পরিবর্তন করে দি ঐ যে ১০ একর পর্যন্ত জমির মালিক যে রিলিফ পাচ্ছিল যেটা ৬০ টাকা, ২ টাকা করে যদি বিঘ প্রতি খাজনা হয়, সেখানে তাহলে খাজনা হবে পুরান আইন অনুযায়ী ৯ টাকা ও তার জায়গা ৬০ টাকা অর্থাৎ ৫১ টাকা খাজনা পুরান আইনে কম হত। তাকে বাতিল করে নতুন আই হওয়ার ফলে ১০ একর পর্যন্ত জমির মালিককে ৫১ টাকা বেশী দিতে হচ্ছে।

এটা সত্যিই ভাববার কথা যে তবে একটা বৈজ্ঞানিক নীতি এই খাজনার দিকে হওয়া উচি এবং সেই বৈজ্ঞানিক নীতির ভিত্তিতে একটা খাজনা হওয়া উচিত—এটা আমরা সমর্থন করি যারা স্মল জমির মালিক—যাদের আনইকনমিক হোল্ডিং তাদের একটা রিলিফের ব্যবস্থা থাক উচিত ছিল। সেদিক থেকে দু-একর বা পাঁচ একর এই প্রশ্ন না করে—সেচ এলাকায় যেখানে ভাল ফসল হয়, সেখানে ৫ একর জমি হলে বেশী হয়ে যাবে। আর যেখানে সেচ হয় না, পাহাড় এলাকা, সেখানে উৎপাদন শক্তির তারতম্য আছে, সেখানে আনইকনমিক হোল্ডিং সম্পর্কে অন রকম বক্তব্য থাকবে। অন্ততঃ শ্যামাদাসবাবু যে রিলিফ ছিল ১০ একর পর্যন্ত, এমন কি ৭ একর জমির মালিক পর্যন্ত যে রিলিফ পেতেন তা তিনি উঠিয়ে দিচ্ছেন। এখানে বক্তব্য উচি আর একটু ভেবে দেখবেন—যাতে এই সংশোধনী যে

Provided that the raiyat of an uneconomic holding which will be determine in the manner prescribed will be exempted from land revenue both in th irrigated and non-irrigated areas.

এটা ডিটারমাইন ও'রা করবেন। কাজেই এটা যদি তিনি গ্রহণ করেন তাহলে আইনে যেট রয়েছে সেই রিলিফটুকু অন্তত ঐ আনইকনমিক হোল্ডিং-এর জন্য থাক।

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that in clause 12 proposed section 23(2) be omitted.

মাননীয়, অধ্যক্ষ মহাশয়, এটা সম্বন্ধে আমার নীতিগত একটা কথা বলবার আছে। আমি এটা সম্বন্ধে বলছিলাম এই যে রেন্ট করা হচ্ছে, এই রেন্ট সম্বন্ধে একটা কথা—বিশেষভাবে যেট কংগ্রেস সরকার বলছেন যে ল্যান্ড টীলারকে দিতে হবে, তাদের রেজলিউশন-এ। সেরকম যদি বলে থাকেন তাহলে তাদের ভাবা উচিত বর্তমানে রেভেনিউ সিসটেম-টা কি রকম। গ্রাজুয়েটে ফর্ম অফ ট্যাক্সেশন না সেই রকম ভাবে হওয়া উচিত। অর্থাৎ যাদের জমি কম, যেটা আনইকনমিক হোল্ডিং, সেটা ছেড়ে দিতে হবে, যাদের জমি ক্রমশঃ বেশী, তাদের রেন্টও বেশী হবে, কারণ ইনকা বেশী হচ্ছে, গ্রাজুয়েটেড ফর্ম অফ ট্যাক্সেশন করতে গেলে কি কি দেখা দরকার? যেমন ১০ বিঘ জমি যার আছে তাকে যদি ৩ টাকা বিঘা প্রতি খাজনা দিতে হয়, আর ৬০ বিঘা জমি যার আছে তাকেও যদি ৩ টাকা বিঘা হারে খাজনা দিতে হয়, তাহলে রেভেনিউটা ইকুইটেবল রেভেনিউ হবে না, ফর্ম অফ ট্যাক্সেশনও ইকুইটেবল হবে না। সেই জন্য বলতে চাচ্ছি ট্যাক্সটা যাতে ইকুইটেবল হয়, তার জন্য বিশেষ করে সেকশন ২৩(২) এটা ওমিট করা দরকার। কারণ এটাতে এমন কিছু জিনিষ আছে যার দ্বারা অনেক লোকের সর্বনাশ হবে। প্রথম রেন্ট ছিল না, সেখানে রেন্ট করবে কে? রেভেনিউ অফিসার তা করতে গেলে, যাঁদের প্র্যাকটিক্যাল নলেজ আছে, তাঁরা জানেন অনেক লুপহোলস তার মধ্যে রয়েছে। তার পাশের জমিতে কি রকম আছে, সেই রকমভাবে করতে হবে

পাশের জমি ফার্স্ট ক্লাস ল্যান্ড হলে তার খাজনা বেশী দিতে পারে। কাজেই ৬০ বিঘা জমির মালিকের রেন্ট কম জমির মালিক থেকে বেশী হওয়া উচিত। তা না হলে আনইনইকুইটেবল হল। তাই বলছি—

Where no rent was payable in respect of the lands comprised in such holding immediately before coming into force of the provisions of this Chapter, the raiyat shall pay revenue at such rate as the Revenue Officer may determine in the prescribed manner, having regard to the rent that was generally being paid immediately before the coming into force of the provisions of this Chapter for lands of similar description and with similar advantages in the vicinity.

এটা ওমিট করতে বলছি। কাজেই আমার মনে হয় এটা উনি বিবেচনা করে দেখবেন এবং অন প্রিন্সিপল আমি মনে করি এই রেন্ট যাতে ভালোভাবে অ্যাসেস করা যায় তার প্রভিসন করা উচিত। এরকম না করাই উচিত।

[3-20—3-30 p.m.]

Shri Balai Lal Das Mahapatra: I move that in clause 12, in the proposed section 23(1), in line 2, after the words "his holding" the words 'except for the uneconomic holding comprised up to 3 acres in irrigated area and 5 acres in un-irrigated area" be inserted.

I also move that in clause 12, the proposed section 23(2) be omitted.

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: স্যার, আই বেগ টু......

আমি বলছি যেখানে সেচ এলাকা সেখানে ৩ একর আর যেখানে অসেচ এলাকা সেখানে ৫ একর বাদ দেওয়া হোক। অবশ্য একথা আমি স্বীকার করি যে, বাংলাদেশের বিভিন্ন জায়গা যেমন পাহাড়ি এলাকা, সেখানে ৫ একর কেন ১০ একর দিলেও ন্যায়সঙ্গত হবে। তবে মোটামুটিভাবে সামাজিক ন্যায়বিচারের দিক থেকেও সেচ এলাকায় ৩ একর আর অসেচ এলাকায় ৫ একর করা উচিত। খাজনা সম্পর্কে মন্ত্রিমহাশয় তাঁর যা বক্তব্য রাখলেন সে সম্পর্কে আমরা আমাদের বক্তব্য বার বার এই সভায় রেখেছি। আমাদের বক্তব্য হল, ইনকাম ট্যাক্স ইত্যাদির ব্যাপারে আমরা দেখেছি সেখানে যতক্ষণ পর্যন্ত না লভ্যাংশ ৩ হাজার টাকার বেশী হচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা তার কাছ থেকে নিই না। আপনারা হয়ত বলবেন এটা ব্যবসা নয় কিন্তু সেখানেও টাকা জমিতে ইনভেস্ট করা হচ্ছে। আজকে যেখানে তাদের ঋণের ভার থেকে মুক্ত করতে পারছেন না, জলনিকাশ ভেড়ী বাঁধের ব্যবস্থা করতে পারছেন না উপযুক্ত সার দিতে পারছেন না, সেখানে আপনারা বলছেন কৃষক আমাদের খাদ্য উৎপাদন করে দিক। কাজেই ন্যায়বিচারের দিক থেকে যদি আপনারা বিচার করেন তাহলে তাদের উপর এইরকমভাবে খাজনা চাপিয়ে দেওয়া উচিত নয়। সেদিক থেকে তাদের রিলিফ দেওয়া উচিত। তারপর আর একটা বিষয়ে আপনাদের চিন্তা করতে বলি। কয়েকদিন আগে আপনি বলেছিলেন যে দামোদর ময়ূরাক্ষী ইত্যাদি নিয়ে মোট সেচ এলাকা ৩৭ হাজার একর আর ডিপ টিউবওয়েল ইত্যাদি করে মোট ১ লক্ষ একর। যেখানে মোট জমির পরিমাণ ১ কোটি ১০ লক্ষ একর সেখানে ১ লক্ষ একর মাত্র সেচ এলাকা। কাজেই কৃষকরা বর্তমানে কি অবস্থায় আছে সেটা চিন্তা করা দরকার। তারপর একটা কৃষককে চাষের জন্য সারা বছর অন্তত দুটো গরু পুষতে হয়। আজকের দিনে দুটো গরুর খাওয়ায় কি পরিমাণ খরচ হয় সেটা সকলেই জানেন। ভূষির কথা বাদ দিয়ে যদি শুধু খড়ের কথাই ধরি তাহলে দেখতে পাবো যে ৮।৯ টাকার কমে ১ পণ খড় পাওয়া যায় না। আপনার সঙ্গে পল্লীর সংযোগ আছে আপনি নিশ্চয় এটা জানেন। কাজেই শুধু যদি খড়টিও দিতে হয় তাহলে কৃষকের নিজের খাদ্য কুলায় না। কাজেই এইসব দিক দিয়ে বিবেচনা করে কৃষকদের উৎসাহ দেবার জন্য এবং ন্যায়বিচার করবার জন্য আমি আপনার কাছে নিবেদন করছি। আজকে যেখানে সমাজতান্ত্রিক রাষ্ট্র হিসাবে ঘোষণা করা হচ্ছে সেখানে সকলের প্রতি ন্যায়বিচার করা দরকার। এটা যদি বিশেষ ভাবে বিবেচনা করেন এবং স্বীকার করে নেন তাহলে আমার মনে হয় বাংলাদেশের কৃষকদের মধ্যে একটা বিশেষ উৎসাহের সৃষ্টি হবে। তারপর দ্বিতীয় ধারায় আপনি বলেছেন যার কোন রেন্ট নেই তার উপর এখনই

রেন্ট ধার্য করা হবে। আমরা বলছি সেটা কৃষি আয়করের ভিত্তিতে করা হোক। ৫ একরের বেশী বা ৩ একরের বেশী যেখানে আয় হবে সেখানে কৃষি আয়করের ভিত্তিতে যাই করুন আমাদের আপত্তি নেই। যেমন এখন কিছু কৃষি আয়করের ভিত্তিতে আদায় কর হচ্ছে। সেই জন্য আমি দ্বিতীয় অংশটাকে অমিট করতে বলছি। যখন সকলের জন্য কৃষি আয়করের ভিত্তিতে করা হবে তখন সেখানে যার খাজনা নেই তার উপরও যদি খাজনা ধার্য করা হয় তাতেও আমাদের আপত্তি নেই। এই হচ্ছে আমার অ্যামেন্ডমেন্ট। আমি আশা করি এটা বিশেষভাবে বিবেচন করবেন এবং কৃষকদের প্রতি সুবিচার করবার জন্য এটা মেনে নেবেন।

Shri Gopikaranjan Mitra: Sir, I beg to move that in clause 12, for the proviso to the proposed section 23A, the following proviso be substituted, namely:—

"Provided that nothing in this section shall apply where such homestead lies within—

(a) any area within the local limits of a municipality,

(b) any area constituted by the State Government as notified area under section 93A of the Bengal Municipal Act, 1932, or

(c) any such area in a newly-developing locality as may be specified by the State Government by notification in the Official Gazette.".

যে কারণে অন্য জায়গায় বাদ দিচ্ছেন ঠিক সেই কারণে পশ্চিমবঙ্গের আরো কিছু কিছু প্ল্যানিং এরিয়া, যেমন আমি যে অঞ্চল থেকে এসেছি আসানসোল প্ল্যানিং এরিয়া বা শিলিগুড়ি প্ল্যানিং এরিয়া, এরকম যেসব জায়গায় খুব নিউলি ডেভলাপিং লোকালিটি গ্রো করছে সেসব জায়গায় অফিসিয়াল গেজেটের মাধ্যমে যাতে বাদ দিতে পারা যায় সেই জন্য আমি এই অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

শ্রীখগেন্দ্রনাথ রায় চৌধুরী: মাননীয় সভাপাল মহাশয়, [illegible] ৬৩ নং-এর সমর্থনে বলছি। আমার চেয়ে বোধ হয় মন্ত্রিমহাশয় ভালোই জানেন যে ওর মধ্যে আছে সেচের এলাকায় ৩ একর আর সেচের বাইরের এলাকায় ৫ একর উনি রেন্ট ফ্রী করার কথা বলেছেন। আমি একটি ছোট্ট হিসাব দিলেই বুঝতে পারবেন যে কেন এটা করা উচিত। ১৫ বিঘা জমিতে যদি কোন প্রাকৃতিক বিপর্যয়—অতিবৃষ্টি বা অনাবৃষ্টি না হয় এবং ফসল যদি ঠিকমত হয় তাহলে আপনাদের সরকারি হিসাব মত—তাতেও আপনারা একর প্রতি ১৫ মণ ধরেন না, যাই হোক একরে যদি ১৫ মণও ধরি তাহলে একটা ১৫ বিঘা জমির মালিক যে ভাগচাষী রায়ত সে যদি ম্যাক্সিমাম ধান পায় তাহলে ৪৫ মণ পাবে। আর তার থেকে ৩০ মণ চাল হবে। আর যদি প্রথম দিকে তাকে চাল বিক্রী করতে হয় তাহলে সে টোটাল দাম পাবে ৬০০ টাকার কিছু বেশী। আর খড় থেকে কিছু পাবে। চাষের খরচ যদি কমপক্ষে বিঘাপ্রতি ২৫।৩০ টাকা ধরেন তাহলে আলটিমেটলি যার ৩০০।৪০০ টাকা বার্ষিক আয় তার উপরও খাজনা চাপিয়ে দিচ্ছেন। একটু আগে বলাইবাবু বলছিলেন আপনারা অন্য জায়গায় ইনকাম ট্যাক্সের ব্যাপারে ৩,০০০ টাকার উপর ট্যাক্স ধার্য করেন, তা ছাড়া প্রগ্রেসিভ ট্যাক্স আছে। সেই জন্য আমি বলছি যদি গ্রাজুয়েলি করতে চান,—এই রেন্ট ফ্রী হয়ে গেলেই তাদের যেসব দুঃখ কষ্ট দূর হয়ে গেল তা নয়, আপনারা ঋণের বোঝাটা বাড়াবেন কেন? ঋণের বোঝা তো কমাতে পারছেন না—অবশ্য একথা সত্যি যে আগের তুলনায় কিছুটা উন্নতি হয়েছে। কিন্তু কৃষকদের ঋণের পরিমাণ বাড়িয়ে লাভটা কি হবে? আপনারা হয়তো বলবেন কত বাড়িয়েছি, যা বাড়িয়েছি তাতে আগের থেকে তার দুঃখ আর কতটা বাড়বে? কিন্তু আমাদের কথা হচ্ছে যদি প্রিন্সিপ্যালের প্রশ্নে আসেন, তাহলে আর ঋণের পরিমাণ বাড়ানো উচিত নয়। সেই জন্য আমি মনে করি এটা একটু ভাল করে শুনে চিন্তা করে বিবেচনা করে দেখুন যে ১৫ বিঘা পর্যন্ত সেচের বাইরে এবং ৯ বিঘা পর্যন্ত ভিতরের জমির যারা মালিক তার উপর যদি খাজনা ধার্য করেন, তাহলে ঋণের পরিমাণ বাড়াতে সাহায্য করবেন। দিকটাকে বিবেচনা করে আশা করি এটা রেন্ট ফ্রী করবার বন্দোবস্ত করবেন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৫ বিঘা পর্যন্ত জমির খাজনা রেহাই দেবার জন্য মাননীয় সদস্য খগেনবাবু, বলাইবাবু, অশ্বিনীবাবু বলেছেন। আমি তার উত্তরে বলতে চাই যে খাজনাটা আর কেউ এখন অসহনীয় বোঝা বলে মনে করেন না। এমন এক সময় ছিল যখন খাজনা না দিতে পারার জন্য কৃষকরা নিজের পয়সা খরচ করে ইস্তফা দিয়ে আসতেন। তাঁরা জমিদারের ওখানে গিয়ে ধর্না দিয়ে বলতেন আপনার জমি ফিরিয়ে নিন, আমাকে ভাগচাষী করে রাখুন, আমি ভাগচাষী হিসাবে কাজ করবো—আমি আপনার টেনেন্ট হতে চাই না, রায়ত হিসাবে থাকতে চাই না। সেদিন চলে গিয়েছে। কাজেই ঠিক ও দিক দিয়ে এ জিনিষটা বিবেচনা করা ঠিক নয়। শুধু তাই নয় মাননীয় সদস্য সনৎবাবু বলছিলেন কোন রায়ত যদি তার হোমস্টডের জন্য খাজনা রেহাই পেতে চান তাহলে তাকে দরখাস্ত করতে হবে। এই বিধানটা তুলে দেওয়া উচিত। আমি মাননীয় সদস্যদের জানাতে পারি লক্ষ লক্ষ লোক দরখাস্ত দেন নি। আমাদের ধারণা ছিল কমপক্ষে ২৫ লক্ষ লোক এই দরখাস্ত করবেন খাজনা ছাড় পাবার জন্য, কিন্তু এ পর্যন্ত মাত্র ৫ লক্ষ কয়েক হাজার দরখাস্ত পড়েছে।

তারা হোমস্টড-এর খাজনা ছাড় পাবার জন্য ব্যাকুল নয়।

[3-30—3-40 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: জমি নিয়ে নেবে এরকম প্রচার করছে।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আপনারাই এরকম প্রচার করছেন। আমি মাননীয় সদস্যকে জানাতে পারি আমরা দরখাস্তের ফরম লক্ষ লক্ষ ছাপিয়ে বিলি করেছি কিন্তু তবুও তারা দরখাস্ত দিতে চায় না। এর কারণ হচ্ছে তারা মনে করে ওই হোমস্টেড-এর খাজনা ছাড় পাবার জন্য তাদের কিছু যায় আসে না। তারা মনে করে যে খাজনা দেই সেটা উৎপন্ন দ্রব্যের মূল্যের তুলনায় অতি সামান্য এবং ওতে আমাদের কিছু যায় আসে না। খাজনা ছাড় দিলে ইনসেন্টিভ পাবে এটা ভুল কথা। যেখানে রেন্ট ফ্রী ছিল অর্থাৎ খাজনা ছিল না সেখানে রেন্ট স্থানীয় নিরীকের সংগে তুলনা করে যদি বসান হয় তাহলে ডিসইনসেন্টিভ হবে একথা ঠিক নয়। কাজেই দেখা যাচ্ছে খাজনা হ্রাস করার উপর এটা নির্ভর করছে না। মাননীয় সদস্যদের মধ্যে কেউ কেউ অ্যামেন্ডমেন্ট দিয়ে বলেছেন যে, যেখানে শস্যহানি হবে সেখানে ব্যবস্থা করা উচিত। যেখানে শস্যহানি হয় সেখানে খাজনা দিতে হলে অতিরিক্ত বোঝা হতে পারে, কষ্টকর হতে পারে সেইজন্য ছাড় দেবার জন্য তৌজি ম্যানুয়েল আছে, এবং তার চেয়েও বেশী ব্যবস্থা আজকাল প্রায়ই করা হয়। কাজেই মনে হয় এই সব জিনিস বিবেচনা করলে মাননীয় সদস্যরা এই সব অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবার জন্য আর পীড়াপীড়ি করবেন না। একথা ঠিক যে ইনকাম ট্যাক্স প্রিন্সিপল-এ যদি খাজনার স্ট্রাকচার করতে পারতাম তাহলে ভাল হোত। কিন্তু বর্তমান অবস্থায় সেটা আমরা করতে পারিনি—আমাদের ওয়েট করতে হচ্ছে। আমরা ভেবেছিলাম বেশী জমিতে বেশী খাজনা এবং কম জমিতে কম খাজনা ধার্য করব, কিন্তু আমরা দেখলাম কৃষকরা খাজনা সম্পর্কে বেশী উৎসুক নয় এবং তার ফলে খাজনা গ্রহণ করবার জন্য অনেক সময় তহশীলদাররা আসে না। আজকে তারা শুধু প্রস্তুত নয়, তারা উৎসুকও বটে এবং খাজনা নেবার লোক পাওয়া যাচ্ছে না বলে অনেক সময় তারা মনিঅর্ডার করে আমাদের কাছে টাকা পাঠিয়ে দেয়। বিভিন্ন জায়গায় যে সমস্ত আনইকনমিক হোল্ডিং আছে সেখানে খাজনা ছাড় দিতে পারলে ভাল হোত এবং মাননীয় সদস্যরাও তাতে খুসী হতেন। কিন্তু সেটা এখনই আমরা দিতে পারছি না। বিভিন্ন দিক থেকে যদি আমাদের সোর্সেস্ অফ ইনকাম বাড়ে, রেভিনিউ ইনকাম যদি বাড়ে, তাহলে ১।২।৩ একরের আনইকনমিক হোল্ডিং যেগুলো আছে তাদের মালিকদের হয়ত ছাড় দিতে পারব এবং একদিন সেটা হয়ত হতে পারে। বর্তমানে আমাদের ইনইলাস্টিক ইনকাম, এটা আর বাড়ছে না, কিন্তু একসময় হতে পারে এবং তখন আমরা এথেকে আর ইনকাম করব না। যাহোক, আমরা একটা দর ধার্য করছি এবং সেটা কোন কৃষকের পক্ষে অসহনীয় নয়।

The motion of Dr. Gopikaranjan Mitra that in clause 12, for the proviso to the proposed section 23A, the following proviso be substituted, namely:—

"Provided that nothing in this section shall apply where such homestead lies within—

(a) any area within the local limits of a municipality,

(b) any area constituted by the State Government as notified area under section 93A of the Bengal Municipal Act, 1932, or

(c) any such area in a newdly-developing locality as may be specified by the State Government by notification in the Official Gazette.".

was then put and agreed to.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 12, the following proviso be added to proposed section 23(1):—

"Provided that if total lands comprised in such holding be less than two acres, no revenue for this uneconomic holding shall be paid by the raiyat. ",

was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 12, in proposed section 23A, lines 3-4, the words ", on an application to the Revenue Officer," be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 12, the following proviso be added to proposed section 23(1):—

"Provided that the raiyat of an uneconomic holding which will be determined in the manner prescribed will be exempted from land revenue both in tht irrigated and non-irrigated areas. ", was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 12, proposed section 23(2) be omitted, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that in clause 12, proposed section 23(2) be omitted was then put and a division taken with the following result:—

Ayes—34

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Nikhil
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dolai, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Kisku, Shri Mangala
Kuiry, Shri Daman
Mahata, Shri Padak
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar

Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Rai, Shri Deo Prakash
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

Noes—61

Abdullah, Shri S. M.
Abdul Hashem, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Dhar, Shrimati Charushila
Dutt, Dr. Ramendra Nath
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Hansda, Shri Debnath
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Maitra, Shri Birendra Kumar
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal

Mukhopadhyay, Shri Ananda Gopal
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pemantle, Shrimati Oliva
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Raikut, Shri Bhupendra Deb
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra

The Ayes being 34 and the Noes 61, the motion was lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 12, in the proposed section 23(1), in line 2, after the words "his holding" the words "except for the uneconomic holding comprised up to 3 acres in irrigated area and 5 acres in unirrigated area" be inserted was then put and a division taken with the following result:—

Ayes—34

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Nikhil
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Doloi, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Mahananda
Kisku, Shri Mangala
Kuiry, Shri Daman
Mahata, Shri Padak
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Rai, Shri Deo Prakash
Ray, Shri Birendra Narayan
Ray, Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini

Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

Noes—61

Abdullah, Shri S. M.
Abdul Hashem, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Bauri, Shri Nepal
Bazrul Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Dhar, Shrimati Charushila
Dutta, Dr. Ramendra Nath
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Hansda, Shri Debnath
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Maitra, Shri Birendra Kumar
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Sankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Raikut, Shri Bhupendra Deb
Roy, Dr. Indrajit

Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra

The Ayes being 34 and the Noes 61, the motion was lost.

The question that clause 12, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14

The question that clause 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

The question that clause 15 do stand part of the Bill was then put and agreed to.

[3-40—3-50 p.m.]

Clause 16

Shri Aswini Roy: I move that in clause 16, the following proviso be added to proposed section 33:—

"Provided that in case any land suffers from crop failures owing to natural calamities either partly or wholly the Collector on such enquiry may grant remission of the revenue to the raiyat".

অধ্যক্ষ মহাশয়, এই ক্লজটা পুরান যে সেকশান ৩৩ ল্যান্ড রিফর্মস অ্যাক্ট ছিল সেটা বদল করা হয়েছে তাতে দুটা বক্তব্য ছিল যেমনভাবে জমির খাজনা বাড়ানর পদ্ধতি ছিল। আর যদি কোন কারনে ফসল হানী হয় তাহলে খাজনা কমান ইত্যাদির প্রশ্ন ছিল, এখন বলছি আইন যা বদল করছেন তখন খাজনা কিভাবে বাড়ান যাবে বা কি কি পদ্ধতিতে খাজনা বাড়ান যাবে সেটা যেমন নুতনভাবে সংশোধন করছেন, কিন্তু জমির ফলন যদি কমে যায় বা অজন্মা হয় বা জল-সরবরাহ না হয় তাহলে সেকশান ৩৩(বি)-তে যেটা ছিল সেটা আর মানছেন না। কাজেই এটা কৃষকদের পক্ষে মারাত্মক হবে। কারণ তিনি বলবেন বিভিন্ন ম্যানুয়াল বা জলে যদি ফসল হানী হয়, তাহলে খাজনা ছাড় দেবার ব্যবস্থা আছে। কিন্তু আমরা জানি খাজনা ছাড় দেওয়া হয় না। সেজন্য এই আইনে খাজনা বাড়ান কিভাবে হবে সে ব্যাপারে যেমন বলা হয়েছে তেমনি খাজনা কমাবার ক্ষেত্রেও আইনে থাকা দরকার সেজন্য আমার সংশোধনী প্রস্তাবটা ফসল

"Provided that in case any land suffers from crop failures owing to natural calamities either partly or wholly the Collector on such enquiry may grant remission of the revenue to the raiyat."

হানি অনাবৃষ্টির জন্য হোক, অতিবৃষ্টির জন্য হোক, ক্যানেলের জল সরবরাহ বেশী হোক বা কম হোক তাতে যদি ফসল হানি হয় তাহলে সে ফসল হানি হবার জন্য কৃষক রিলিফ পাবে না, খাজনা রেহাই পাবে না। এ জিনিসটা তিনি রাখতে পারছেন না। সেজন্য আমি এই সংশোধনী রেখেছি এবং অনুরূপ সংশোধনী শ্রীমতী ইলা মিত্রও রেখেছেন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: অধ্যক্ষ মহাশয়, খাজনা ছাড় বা রেহাই দেবার জন্য উপযুক্ত ব্যবস্থা তৌজী ম্যানুয়ালে আছে। তৌজী ম্যানুয়ালে যে ব্যবস্থা আছে তার চেয়ে উদারভাবে ছাড় দেওয়া হয় এবং খাজনা ছাড় দেবার জন্য
The revenue payable by a raiyat may be altered in the manner prescribed by the Revenue Officer if the holding of the raiyat has increased or decrease in area due to amalgamation, purchase etc.
তাহলে রেভিনিউ অদলবদল করা যেতে পারে। কাজেই এ ধারাটায় উদ্দেশ্য খাজনা হ্রাসের ব্যাপার নয়, তবে এ ব্যাপারে বলতে পারি, কোনরকম প্রাদেশিক দুর্যোগের জন্য যদি ফসল হানি হয় তাহলে সেখানে খাজনা ছাড় দেবার জন্য উদারভাবে নীতি গ্রহণ করবার ব্যবস্থা আমরা অবলম্বন করে সেখানে খাজনা ছাড় দিয়ে থাকি এবং তৌজী মনানুয়েল বহির্ভূত করে থাকি।

The motion of Shri Aswini Roy that in clause 16, the following proviso be added to proposed section 33:—

"Provided that in case any land sufferers from crop failures owing to natural calamities either partly or wholly the Collector on such enquiry may grant remission of the revenue to raiyat",

was then put and lost.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

Mr. Speaker: Amendments Nos. 34 and 66 are out of order.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that in clause 17, proposed section 34, in line 5, after the words "under this Chapter" the words "except on the ground of want of jurisdiction" be inserted.

শ্রীনাথানিয়েল মুর্মু: স্যার, এই ১৭নং ক্লজে যে কথা বলা হয়েছে সেটা হচ্ছে খাজনা রাজস্ব সংক্রান্ত কোন মামলা মোকদ্দমা আদালতে প্রেরণ করা যাবে না। আমি সেখানে সামান্য একটা সংশোধনী নীতি বলতে চাই
Except on the ground of want of jurisdiction.
সেটা হচ্ছে খাজনা সংক্রান্ত ব্যাপারে একেবারে জটিল কোন অবস্থা যদি দেখা যায় এবং সেখানে যদি রেভিনিউ অফিসার-এর উপর সম্পূর্ণ ছেড়ে দেওয়া যায় তাহলে ঠিক ন্যায় বিচার রায়তরা পাবে না, সেজন্য আমি এই সংশোধনী দিতে চাচ্ছি, খাজনার ব্যাপারে যেখানে ওয়ান্ট অফ জুরিসডিকশান থাকবে সেখানে সিভিল কোর্টের কাছে যেন যাওয়া যায় সেজন্য আমি সংশোধনীটা যোগ করতে বলছি।

শ্রীভক্তিভূষণ মন্ডল: আমি বলেছি সেকসান সেভেনটিন ওমিট করে দেবার জন্য, কারণ বলা আছে
"No suit or other legal proceedings shall be instituted in any Civil Court in respect of the determination of any revenue or the omission to determine any revenue under this Chapter"

Mr. Speaker: Mr. Mandal,

আপনি বলতে পারেন জেনারেলী অন দ্যাট ক্লজ—কিন্তু আপনার অ্যামেন্ডমেন্টটা আউট অফ অর্ডার।
because that has got a negative effect.

শ্রীভক্তিভূষণ মন্ডল: আমি এটা সম্বন্ধে এটুকু বলতে চাই সিভিল কোর্টে সাধারণত জিনিসটা ঠিক হচ্ছে না অন্যায় হচ্ছে। আমরা এখনও বিশ্বাস রাখি সিভিল কোর্টে জুডিসিয়ালি সমস্ত জিনিসটা বিচার বিবেচনা করার কারণ একটা রেভিনিউর যে ব্যাপার সেটা পার্মানেন্ট ব্যাপার। যদি পার্মানেন্ট ব্যাপার না হত, তাহলে আমরা বলতাম না। কারণ এর আগে আমরা

দেখেছি রেভিনিউ অফিসার বা ডিটারমিন করছে তাই হবে। কিন্তু অনেক জায়গায় ভুলভ্রান্তি হওয়া স্বাভাবিক, কারণ আমরা সেটেলমেন্ট দেখেছি আফটার অল তারা সব এক্সিকিউটিভ অফিসার সেসব অফিসারদের সমস্ত কিছু ডিটারমিন করার ক্ষমতা নেই তা করতেও পারে না। সেজন্য আমরা বলছি সিভিল কোর্টে একটা ক্ষমতা থাকা উচিত যাতে লোকে এ জিনিসটা দেখতে পারে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে রাজস্ব সংক্রান্ত এই ব্যাপারটা আদালতে আনতে চাচ্ছেন না কেন সেটা বুঝতে পাচ্ছি না। আমি মনে করি কিছুক্ষণ আগে মন্ত্রিমহাশয় বলেছিলেন সাধারণ মানুষের যাতে অসুবিধা না হয় সেজন্য আদালতের আওতায় আনতে চাই না ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর আওতায় আনতে চাই। আমি বলতে চাই আমলাতন্ত্রের আওতার মাঝখানে লোকে সুবিচার না পেয়ে অনেক রকম ইনজাস্টিস পায়। এক্‌জিকিউটিভ হেড-এ যারা আছে তাদের মধ্যে জুডিসিয়াল মাইন্ডের অভাব থাকে, পুলিশ মাইন্ড বেশী থাকে, সেজন্য আমি বলবো এটা যদি বিচার বিভাগের অন্তর্গত আনা হয় তাহলে সুবিচার হবে, কিন্তু ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা এস ডি ও-র বা প্রেসক্রাইবড অথরিটির কাছে বিচার হয় তাহলে লোকের মধ্যে ক্ষোভ থেকে যাবে যে সুবিচার পায় নি। সেজন্য গণতন্ত্রের দিক থেকে এবং ন্যায় বিচারের দিক থেকে চিন্তা করে আদালতের আওতায় যাতে আসতে পারেন সেরূপ ব্যবস্থা করবেন।

[3-50—4 p.m.]

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিভিল কোর্টের যে কথা মাননীয় সদস্য বলাইবাবু বললেন, আমরা সিভিল কোর্টে দিতে চাই এই জন্য যে, এটাতে যে ধরনের জটিলতা বা দীর্ঘসূত্রতার সৃষ্টি হয় তাতে নানা কারণে অনেক বেশী খরচের ব্যাপার হয়ে পড়ে—সেটা আমরা এড়াতে চাচ্ছি এবং সমস্ত জায়গায় এস্টাবলিসড প্রিন্সিপ্যাল বা প্রাকটিস যে সিভিল কোর্টের ডিটারমিনেসন অব রেন্ট ব্যাপারটা আমরা দিই না।

The motion of Shri Nathaniel Murmu that in clause 17, proposed section 34, in line 5, after the words "under this Chapter" the words "except on the ground of want of jurisdiction" be inserted, was then put and lost.

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 18 and 19

The question that clauses 18 and 19 do stand part of the Bill was then put and agreed to.

Clause 20

Shri Bhakti Bhushan Mandal: I move that in clause 20, proposed section 51C be omitted.

শ্রীভক্তিভূষণ মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সম্বন্ধে সিভিল কোর্টের জুরিসডিকসনটা উঠিয়ে দেওয়া হচ্ছে সে সম্বন্ধে আমি বলতে চাচ্ছি যে সিভিল কোর্টের জুরিসডিকসন-এ সব ব্যাপারে বিশেষ করে সিরিয়াস ম্যাটারে জুডিসিয়াল ডিটারমিনেশন থাকা উচিত। কারণ এক্সিকিউটিভ কোন দিনই যেরকম আইনই করুন তাদের ডিটারমিনেশন কখনও ভাল হয় না। সেজন্য একটা লাস্ট সে ইন দি ম্যাটার হিসাবে সিভিল কোর্টের জুরিসডিকশনটা রাখা উচিত বলে আমি মনে করি।

Shri Syamadas Bhattacharyya: This is the established principle and practice everywhere. I oppose the amendment.

The motion of Shri Bhakti Bhushan Mandal that in clause 20, proposed section 51C be omitted, was then put and lost.

The question that clause 20 do stand part of the Bill was then put and agreed to.

Clause 21 and the Preamble

The question that clause 21 and the preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya: I move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

শ্রীভক্তিভূষণ মণ্ডল: স্পীকার স্যার, এই বিলটা সম্বন্ধে আমি আবার বলতে চাচ্ছি যে, যে কথাগুলি আমি ফার্স্ট রিডিংয়ের সময় বলেছিলাম আমি আশা করেছিলাম যে সেকেন্ড রিডিংয়ের পরে অন্তত উনি আমাদের কতকগুলি বিষয় মেনে নেবেন। কিন্তু দেখা গেল যে, উনি মেনে নিলেন না—অথচ ও'র বক্তব্য হচ্ছে এই যে কংগ্রেস পক্ষের রেজলিউশন যেটা মায়াপুরে হয়েছে—তাতে তাঁরা বলছেন ল্যান্ড টু দি টিলার অফ দি সয়েলকে দেওয়া হবে। এবং যদি ল্যান্ড রিফর্ম অ্যাক্ট দেখা যায় তাহলে আমরা পরিষ্কারভাবে দেখতে পাই যে যারা জমি চাষ করবে তাদের কোনরকম ফেসিলিটিজ দেওয়া হচ্ছে না—এইজন্য আমি বলছি যে, আজকে যেভাবে আইনটা পাশ হয়ে যাচ্ছে বহু ডিফেক্ট এর মধ্যে থেকে যাচ্ছে। শুধু তাই নয়, আবার দেখবো কয়েক দিন পরে এটার আবার অ্যামেন্ডমেন্ট হবে কাজেই বলছি যে বার বার অ্যামেন্ডমেন্ট করে গভর্নমেন্টের টাকা খরচ করার চেয়ে একবার ভালভাবে যদি সমস্ত দলকে নিয়ে একটা কনসোলিডেটেড, কম্প্রিহেনসিভ অ্যাক্ট করতেন তাহলে এইসব ডিফেক্ট থাকতো না। শুধু তাই নয়, এর পর যতদিন যাবে তত আমরা দেখবো এই আইনের ফ্যাকড়া তত বেশী বেড়ে যাচ্ছে এবং এই বেড়ে যাবার ফলে দেখা যাবে যে মামলা হবে কিন্তু গরীব মানুষ যারা তারা লিগ্যাল অ্যাডভান্টেজের অভাবের জন্য এর সুবিধা নিতে পারবে না। তখন দেখা যাবে এই আইন পাশ করার যে উদ্দেশ্য এমস অ্যান্ড অবজেক্টসে যা বলেছেন তাদের যাতে সুবিধা হয়—এইসব মোটেই হবে না। যারা মালিক তাদেরই সুবিধা হবে এই অ্যাক্টে। কাজেই তিনি যে জিনিসটা ভেবেছিলেন যে, হয়তো কিছু সুবিধা দেবো কিন্তু প্র্যাকটিক্যাল ক্ষেত্রে দেখা যাবে যে সেটুকু হয় নি। এর সঙ্গে একটা কথা বলতে চাই চীনের কথা—চীনের ভূমি সংস্কার সম্বন্ধে আমরা জানি যে চিয়াং কাইসেকের যে গভর্নমেন্ট ছিল, সেই গভর্নমেন্ট কতকগুলি ভাল ভাল আইন পাশ করেছিল আমরা সেটা দেখেছি দু-একটা বই পড়ে, কিন্তু সেই আইন কোনদিনই তারা এফেক্ট দেয় নি। এই ল্যান্ড রিফর্মস অ্যাক্টে আমরা দেখি যে অনেক ক্ষেত্রে ভাল আইন কিছু কিছু থাকা সত্ত্বেও সেগুলি এফেক্ট দেওয়া হয় না। যারা বর্গাদার চাষ করে তারা ভাবে আইনের আওতায় এসে কিছু ফল পাবে—কিন্তু প্র্যাকটিক্যাল ক্ষেত্রে কোন ফলই পাওয়া যায় না। যদি কেউ লিগ্যাল রাইট অ্যাসাইট করতে চায় তাহলে এই-রকম যে মারপ্যাঁচের ব্যাপার আছে তাতে দেখা যাবে জমি মিলবে না এবং বাধ্য হয়ে ঐ মালিকরা যা বলবে ১/৩ পাবে তাতেই রাজি হবে—যদিও বলা হয়েছে ৪০/৬০—তা হবে না। কাজেই আমি বলতে চাই এই যে আইন করা হোল এটা ইন প্র্যাকটিস যাতে প্রযোজ্য হয় এবং কার্যকরী হয় এর কি ব্যবস্থা করা হয়েছে? আইনের ভিতর দেখেছি যে কোনরকমই ব্যবস্থা করা হয় নি। যেমন বর্গাদার সম্বন্ধে বলা হয়েছে—কিন্তু তাদের প্রয়োজনে তারা নিজেরা অধিকারটাকে বলবৎ করবার চেষ্টা করবে এমন কি কোন প্রভিশন দেওয়া হয়েছে? যেমন লিগ্যাল এড সোসাইটি বা তাকে যদি এইসবের জন্য কোন কেস করতে হয়—বা তাকে আদালতের আশ্রয় নিতে হয় তার কি ব্যবস্থা করা হয়েছে এই আইনে—আমরা দেখছি কোন ব্যবস্থাই হয় নি। আপনি জানেন বিশেষ করে যারা চাষী ফ্রন্টে কাজ করেন তারা জানেন যে গরীব মানুষের ৫ টাকা খরচ করার ক্ষমতা নেই। শুধু তাই নয়, জেলা কোর্টে গিয়ে কেস করার মত বা জেলাতে যাবার মত পয়সাও তাদের থাকে না। কাজেই দেখছি যদিও অনেক কিছু আইনে লিপিবদ্ধ করা আছে কিন্তু সেগুলি কার্যকরী হবে না। সেইজন্য আমি বলতে চাচ্ছি যে কোন কার্যকরী পন্থা এর মধ্যে নেই এবং আরও বলতে চাই যে ঐ দুটো বই ওয়েস্ট বেঙ্গল এস্টেট একুইজিশন অ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস অ্যাক্ট—তার একটা কমপ্রিহেনসিভ অ্যাক্ট করা উচিত এবং সেটাকে আমরা কার্যকরী কি করে করতে পারি—অর্থাৎ বর্গাদারদের এবং যারা ভূমিহীন লোক তাদের কি করে একটা ব্যবস্থা করতে পারেন সেটা দেখা উচিত। যেমন আজকে বললেন ও'র বক্তৃতায় যে আপনাদের ইলেকটেড লোক-দের দিয়ে তো অ্যাডভাইসারি কমিটি—ব্লক হয়েছে। আমরা জানি যে বহু প্রধানদের নিয়ে হয়েছে এবং সেই সঙ্গে বি ডি ও এবং জে এল আর ও-দের নেওয়া হয়েছে—কিন্তু অধিকাংশ

ক্ষেত্রে এই যে প্রধান তারা কোন শ্রেণীর সেটা দেখতে হবে। সেইজন্য বলছি আমরা জানি আমাদের দলের হতে পারে, আপনাদের দলের হতে পারে—কিন্তু যেভাবে করা হয়েছে অর্থাৎ নমিনেশন দেওয়া প্রধানদের বেলায় যেগুলি আঞ্চলিক পরিষদ হয়েছে তার নমিনেশন দেওয়া হয়েছে চারটি করে এবং ভেস্টেড ইন্টারেস্ট প্রত্যেক জায়গায় দেখা গেছে—হয় প্রেসিডেন্ট না হয় প্রধান হয়েছে। অধিকাংশ জায়গায় ভেস্টেড ইন্টারেস্টরা প্রধান রয়েছেন এবং তাদের দিয়ে উদ্দেশ্যটা যারা টিলারস অফ দি সয়েল এবং যাদের জমি নেই তাদের জমি দেওয়া সেটা ফ্রাস্টেট করা হয়েছে। কারণ আজকে দেখা যাবে অনেক জায়গায় যদি রিপোর্ট চেয়ে পাঠান দেখবেন যে কারা জমি পাচ্ছে যে জমিগুলি ভেস্ট হচ্ছে। সেগুলি কি ল্যান্ডলেস লেবারদের দেওয়া হচ্ছে? উনি/স্ট্যাটিসটিকস এনে আমাদের কাছে প্লেস করুন, আমরা দেখবো অধিকাংশ জায়গায় এমন করা হয়েছে যাদের বিশ-ত্রিশ বিঘা জমি আছে তাদের নামে বা তাদের ভাইদের নামে দেওয়া হচ্ছে—কিন্তু যারা ল্যান্ডলেস তাদের জমি দেওয়ার প্রভিশন থাকলেও তাদের দেওয়া হচ্ছে না।

[4—4-25 p.m.]

আমি বিশেষ করে কয়েকটি জায়গার কথা জানি, যেমন বীরভূম, বর্ধমান এবং পুরুলিয়া জেলায় এমন অবস্থা হয়েছে যে যাদের জমি আছে তারাই বরং কিছু করে জমি পাচ্ছে। আমি বলছি না তাদের কথা যাদের দু'শো বিঘা জমি আছে বা ৬০ বিঘা জমি আছে। ৬০ বিঘা যাদের জমি আছে তারা কি করছে এগুলি তদন্ত করবার জিনিস। তারা প্রধান বা উপপ্রধান বা বোর্ডের মেম্বার। তাদের পেটোয়া যে লোক আছে তাদের ঐ জমি দিয়ে দিচ্ছে এবং কংগ্রেসীরা এইভাবে প্রচার চালাচ্ছে যে, আমাদের সংগে থাকলে আমরা জমির ব্যবস্থা করে দেব। এতে পলিটিক্যাল উদ্দেশ্য সিদ্ধ হতে পারে কিন্তু প্রকৃতপক্ষে যারা ল্যান্ডলেস তাদের জমি দেওয়া যাচ্ছে না। এই সমস্ত প্র্যাকটিক্যাল জিনিসের যদি পরিবর্তন না করেন তাহলে এই যে বিলটা আইনে পরিণত হতে চলেছে এতে কৃষকের প্রকৃত কোন উপকার হবে না। সেজন্য আমি মনে করি এটা ঠিক নয়।

[At this stage the House adjourned for 20 minutes]

[After Adjournment]

[4-25—4-35 p.m.]

Shri Deb Saran Ghosh:

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি এই বিলের তৃতীয় আলোচনায় আমার বক্তব্য বিশেষ করে ভাগচাষীদের সম্পর্কে সীমাবদ্ধ রাখব। মাননীয় মন্ত্রিমহাশয় দেরি করে হলেও ভাগচাষীদের স্বার্থ রক্ষা করার জন্য আইন কিছুটা সংশোধন করে যে ভাল ব্যবস্থা করেছেন এটা ঠিকই। কিন্তু ইতিমধ্যে অনেক রোগী প্রাণ হারিয়েছে, অনেক ভাগচাষী জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে। আমি ভাগচাষী সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়ের একটু দৃষ্টি আকর্ষণ করছি যে, ভাগচাষী আইনে প্রভিশান আছে ভাগচাষী জোতদারকে যে ফসল জমা দেয় তার জন্য ভাগচাষীকে একটা রসিদ দিতে হবে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে আমরা দেখি জোতদারের তরফ থেকে বা জমির মালিক যারা ভাগচাষীকে উচ্ছেদ করার জন্য ষড়যন্ত্র করে তারা অনেক সময় রসিদ দিতে অস্বীকার করে। আইনে এমন কোন বাধ্যবাধকতা নেই যে, ফসল জমা দিলে পর ভাগচাষীকে রসিদ দিতে বাধ্য হবে জোতদার। সেজন্য আমি মনে করি যে, ভাগচাষী সম্পর্কে তিনি আইনে অনেক ভাল ব্যবস্থা করার চেষ্টা করেছেন, কিন্তু আমরা জানি ভাগচাষী অজ্ঞ, গরীব, তারা আইনে সুযোগ থাকা সত্ত্বেও জোতদারের ভয়ে ভাগচাষ রেকর্ড পর্যন্ত করাতে সাহস করে নি। সেখানে ভাগচাষীকে উচ্ছেদ করার জন্য জোতদারদের সেই ষড়যন্ত্রগুলি এখনও খোলা আছে। ফলে ভাগচাষী ফসল জমা দেওয়ার পর রসিদ পায়, আবার অনেক ক্ষেত্রে ভাগচাষীকে রসিদ দেওয়া হয় না। যে ক্ষেত্রে রসিদ দেওয়া হয় না সেখানে জোতদার ভাগচাষীকে উচ্ছেদ করে। সেজন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব রুলস করার সময় তিনি যদি এমন একটা ব্যবস্থা করেন যাতে ভাগচাষী ফসল জমা দেওয়ার পর জোতদাররা যদি রসিদ না দেয় তাহলে চাষীদের তরফ থেকে উচ্চতম সরকারী কর্তৃপক্ষের কাছে দরখাস্ত করার সুযোগ পাওয়া যাবে তাহলে ভাল হয়। যেহেতু জোতদার রসিদ দিতে বাধ্য নয় সেই কারণে চাষী যখন ফসল জমা দিতে যাবে তখন যদি জোতদার রসিদ দিতে বাধ্য নয় সেই কারণে চাষী যখন ফসল জমা দিতে যাবে তখন যদি জোতদার রসিদ না দেয় তাহলে সরকারী কর্মচারীর কাছে ভাগচাষী তাদের আবেদন রাখতে পারবে যে,

আমি ফসল জমা দিতে গিয়েছিলাম কিন্তু জোতদার ফসল নিয়ে রসিদ দিতে চাচ্ছে না। তা না হলে জোতদার ভাগচাষীকে উচ্ছেদ করার চেষ্টা করবে, মামলা দায়ের করতে চেষ্টা করবে। আইনে আছে ২ বছরের বেশী ফসল দাবি করতে পারবে না। কিন্তু আইন থাকা সত্ত্বেও দুই বছর যাবৎ ফসল আদায় করতে না পারলে জমি থেকে উচ্ছেদ করার যে পথগুলি খোলা আছে, রসিদ না দেখালে ভাগচাষীকে উচ্ছেদ করার যে সম্ভাবনা আছে সেগুলি মন্ত্রিমহাশয় রুলস করার সময় যেন লক্ষ্য রাখেন।

Shri Sailendra Nath Adhikary:

মিঃ চেয়ারম্যান স্যার, ল্যান্ড রিফর্মস বিল যেটা শ্যামাদাসবাবু নিয়ে এসেছেন, সেটা শেষ হতে চললো। এখন এর মধ্যে যেসমস্ত নূতন ধারা উনি নিয়ে এসেছেন, তার মধ্যে ট্রাইব্যালদের ল্যান্ড এলিনেশন থেকে রক্ষা করবার জন্য কয়েকটা ধারা তিনি যোগ করেছেন—যাতে করে ট্রাইব্যালদের জমি থেকে উচ্ছেদ না হয়। এ একটা পায়াস উইস সন্দেহ নাই। তবে সদিচ্ছা থাকলেই যে সৎ কাজ হয় এটা শ্যামাদাসবাবু একজন প্রাজ্ঞ লোক হয়ে নিশ্চয়ই তিনি তা নিজে বিশ্বাস করেন না। কাজেই সদিচ্ছা থাকলেও সৎ কাজ হবে না। আমাদের এই সরকারের যে চরিত্র—যে আউটলুক, তাতে একথা নিঃসন্দেহে বলা যায় যে ভূমি ব্যাপারে তাঁরা কোন বৈপ্লবিক ব্যবস্থার কথা চিন্তা করেন নি বা করতে পারেন না। এঁরা সেই বৃটিশ আমলের কেন, সেই সামন্ত তান্ত্রিক আমলের সেই রেমন্যান্টস রেলিকস যতদূর সম্ভব বজায় রেখে জনসাধারণের কাছে এমন একটা জিনিস খাড়া করতে চায় যাতে উপর থেকে মনে হয় সাজিয়ে গুছিয়ে যেন সংস্কার করতে চাই। কিন্তু আসলে তা নয়। এই যে আদিবাসী সমাজ যারা সব দিক থেকে লাঞ্ছিত, বঞ্চিত, অপমানিত, এই যে একটা শ্রেণী, এদের সংখ্যা নগণ্য নয়, যার জন্য কনস্টিটিউশনে তাদের গ্যারান্টি দেওয়া হয়েছে। এইসমস্ত আদিবাসীদের ল্যান্ড রিফর্মস বিলে দেখা যাচ্ছে তাদের যাতে ভূমি থেকে উচ্ছেদ হতে না হয়, তার জন্য সদিচ্ছা প্রকাশ করা হয়েছে। যে সরকার নিজেই তাদের জমি থেকে উচ্ছেদ করে, সেই সরকারের কাছ থেকে এই সদিচ্ছার মূল্য কোথায়! আমি দু-একটা উদাহরণ দেই। আমি গিয়েছিলাম মেদিনীপুর জেলার ঝাড়গ্রামে। সেখানে গিয়ে আমি জানতে পারলাম যে ঝাড়গ্রামে বেলপাহাড়ী বলে একটা জায়গা আছে এবং সেই বেলপাহাড়ীতে আদিবাসীর সংখ্যা সবচাইতে বেশী। সেখানকার আদিবাসীরা সেখানকার স্থানীয় রাজ-রাজড়াদের জঙ্গল সমাকীর্ণ পতিত জমি উদ্ধার করে চাষআবাদ করে আসছিল বহুকাল ধরে। তাদের নামে সেই জমি রেকর্ডেডও হয়েছিল। কিন্তু তাদের সরলতার ও অজ্ঞতার সুযোগ নিয়ে আমি জানলাম, কোন একজন ল্যান্ড গ্রাবার তাদের জমি থেকে উচ্ছেদ করেছে। এ কাজটা কোন প্রাইভেট পারসন যদি করতো তাহলে না হয় বুঝতাম, কিন্তু সেখানে দেখছি বেলপাহাড়ীর নিরক্ষর আদিবাসীরা নিজেদের শ্রমে, নিজেদের ঘামে, নিজেদের মেহনতে সাধনা দিয়ে সেই জমি তৈরি করে. সেই জমির অধিকার তারা পেয়েছিল, খাস বলে রেকর্ডও করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে এখন হাজার হাজার মামলাও তৈরী করা হয়েছে।

এই শ্যামাদসবাবুর ডিপার্টমেন্ট তাদের জমি থেকে বঞ্চিত করেছে। যে ডিপার্টমেন্ট আদিবাসীদের জমি থেকে বঞ্চিত করে সে ডিপার্টমেন্ট আদিবাসীদের জমি থেকে উচ্ছেদের জন্য কি প্রোটেকশান দেবে এটা চিন্তা করা যায়। এতেই বোঝা যাচ্ছে যে তাঁর কি ক্ষমতা হতে পারে, তাঁর আউটলুক নেই নিজেই জমি থেকে উচ্ছেদ করে দিচ্ছেন। দ্বিতীয় কথা হচ্ছে, এই এমারজেন্সী পিরিয়ডে সাঁকরাইল থানার বাঁমদা—এইসমস্ত গ্রাম থেকে অনেক আদিবাসীদের সরিয়ে দেওয়া হয়েছিল, সরকারী কাজের জন্য আমাদের দেশ রক্ষা কাজের জন্য তাদের জমি নিয়ে কিছু কমপেনসেশান দেওয়া হয়েছিল। এ বিষয়ে যতদূর জানা যায় তাতে ঠিকই করা হয়েছে। কিন্তু তারা চেয়েছিল কমপেনসেশান নয়, তাদের জমি দরকার এবং আমি সেই রিপ্রেজেনটেশান-এ গিয়েছিলাম। আমি যতটা জানি তাতে শ্যামাদাসবাবু একটু সদিচ্ছা প্রকাশ করেছিলেন এবং তিনি এমন কথাই রেখেছিলেন যে হ্যাঁ তাদের কিছু জমি দেওয়া হবে। কিন্তু দুই বছরের উপর হয়ে গেল বোম্বেং এরিয়ার লোকগুলো জমি পায় নাই। আর একটা কথা হচ্ছে যে, সরকার এই আইনগুলো করলেন সেটা কিভাবে প্রয়োগ হবে এই সেদিন সরকার নিজেই উচ্ছেদ করেছেন—আদিবাসীদের তিনি কি প্রোটেকশান দেবেন যখন তারা উচ্ছেদ হবে? শুধু কতকগুলি আইনের কথাতে সীমাবদ্ধ থাকবে না, ইমপ্লিমেন্টেশান দরকার। আমি দেখেছি যে সরকার মন্ত্রী ভাল ভাল কথা বলেন, কিন্তু ইমপ্লিমেন্টেশান-এর সময় সব গোলমাল হয়ে যায়। সেই

জন্যই আমার কথা হচ্ছে যে, এইগুলি কিভাবে ইমপ্লিমেন্টেশান করা যায় সেদিকে একটু নজর রাখা দরকার। সেদিকে নজর রাখতে গেলে টোট্যাল আউটলুক বদলে দেওয়া দরকার। যেখানে এই সামন্ততন্ত্রের লেজে ধরা আউটলুক—এই আউটলুক বাদ দিয়ে একটা বৈপ্লবিক আউটলুক নিয়ে আসা দরকার, সেখানে এ'রা ফেল করেছেন। যার জন্য এই সমস্ত আইন শেষ পর্যন্ত রি-ইমপ্লিমেন্টেশান-এর টাইমে ব্যর্থ হয়ে যাবে। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। আমি সেই অ্যামেন্ডমেন্ট পেশ করি না—কেন, না, এর সঙ্গে খুব রিলেভ্যান্ট ছিল না বলে পেশ করি না। সেটা আমি এর আগেই বলেছি যে বাংলাদেশের আপনি একজন ল-ইয়ার মানুষ এবং আপনি জানেন যে প্রতিটি সাব-রেজিস্ট্রি অফিসে খবর নিয়ে দেখুন ১৯৫৩ সাল থেকে ১৯৬৪ সালের মধ্যে লক্ষ লক্ষ বিঘা জমি নূতন ধরনের এক শ্রেণীর মানুষের হাতে চলে যাচ্ছে, যারা জমির খবর রাখেন না। তারা সেই জমি নিয়ে সেটাকে আরো মোটা দামে বিক্রি করবার চেষ্টা করছে এবং এটা তাদের একটা মোটা বিজনেস হয়ে দাঁড়িয়েছে। এইসমস্ত জমি তারা কখন নিচ্ছে? ডিসট্রেস যখন সেইসব এলাকায় বেড়ে ওঠে ঠিক সেই সময় ২/৩ মণ ধানের বদলে তারা খোস-কবলা করিয়ে নিয়ে সেই জমিগুলোকে দখল করে নেয়। আমি শ্যামাদাসবাবুকে এই কথা এর আগেও বলেছি এবং এখন এই হাউসের সামনে রাখছি যে, আপনাদের কি অবস্থা হবে দেখুন এবং চাষের জমির অবস্থাটা কি হবে দেখুন—চাষীর হাত থেকে জমি নিয়ে চলে যাচ্ছে মাড়োয়ারী মহাজনরা। আপনি শুনলে অবাক হয়ে যাবেন স্যার, এই মাড়োয়ারী মহাজনদের কেবল টাকা, আনা, পাই, নিয়েই নয়, আজকে তাদের জমির উপর দৃষ্টি পড়েছে এবং আরো শুনে রাখুন চেয়ারম্যান স্যার, মাড়োয়ারী কমিউনিটি হিসাবে আমি বলছি এবং আমি একটি বণিক শ্রেণীর প্রতিনিধি হিসাবে বলছি যে এমন একটা শ্রেণী হচ্ছে, ধনী যারা এই বাংলাদেশের অর্থনীতিকে এবং ইন্ডাস্ট্রিকে হাতে করেছে। তারপরে তাদের এখন দৃষ্টি পড়েছে জমির উপর এবং বাংগুর কোম্পানী থেকে আরম্ভ করে এরা এখন জমি গ্রাস করতে যাচ্ছে। তাহলে এর পরের অবস্থাটা কি হবে? তিনি তো আইন করে রাখলেন—আইন ইমপ্লিমেন্টেশান হওয়ার সময় যদি এইরকম গভর্নমেন্ট থাকে তাহলে চাষীর হাত থেকে ঠিক ঐভাবে জমি চলে যাবে, যেভাবে এর আগে চলে গিয়েছে। আর চাষীর হাতে যদি জমি না থাকে তাহলে ল্যান্ড প্রবলেম থাকবে এবং ল্যান্ড প্রবলেম-এর সলিউশান বা কি করে হবে? সেইজন্য আমি বিশেষ করে শ্যামাদাসবাবুকে বলছি কেন, না, আমি অন্তত তাঁকে ব্যক্তিগতভাবে জানি যে, তিনি এ বিষয়ে চিন্তা করেন। ফজলুল হক মহাশয় একদিন আমাদের এই হাউসের লিডার অফ দি হাউস ছিলেন। তিনি ব্রিটিশ আমলে যদি চাষীদেরকে এইরকমের হাত থেকে পরিত্রাণ দেওয়ার জন্য আইন করে চাষীদের রক্ষা করে থাকতে পারেন, তাহলে ব্রিটিশ আমলের পর যখন সমাজতন্ত্রের এইরকম বড় বড় লম্বা লম্বা বুলি ওপক্ষের তরফ থেকে বলা হয় তখন সমাজতন্ত্রের বুনিয়াদ যে এই ক্ষুদ্র চাষী—সেই চাষীদের আজ তাদের পিতৃপুরুষের জমি থেকে যেভাবে উচ্ছেদ করা হচ্ছে এবং যেভাবে তাদের হাত থেকে জমি চলে যাচ্ছে মাড়োয়ারী মহাজনদের হাতে সেটাকে প্রোটেকশান দেবার জন্য একটা আইন আপনারা নিয়ে আসতে পারেন না? এটা কি সম্ভব? কারণ, এটা আমি বিশ্বাস করি না যে আপনারা পারেন না। আপনারা আনেন না আনতে গেলে হয়ত অনেক অসুবিধা আছে রাজনৈতিক অসুবিধা থাকতে পারে—কিন্তু আমি জানি না কেন ও'রা আনেন না। সেইজন্য আমি বলছি যে, আইনের কতকগুলি ভাল ভাল কথা বললেই এবং আইনের কতকগুলি পায়াস উইস আছে, লিপিবদ্ধ করলেই আমাদের বাংলাদেশের চাষের প্রবলেম, চাষীর প্রবলেমের সমস্যার সমাধান হবে না এবং উলটো এইসমস্ত আইনের ওয়ার্ড এদিক-ওদিক করলে মামলা আরো বাড়বে এবং চাষের সমস্যা আরো বেশী করে হবে। সেইজন্য আমি বলছি সরকারের যে আউটলুক, যে দৃষ্টিভঙ্গী সেটা যদি পরিবর্তন হয় তাহলে এই আইনের পিছনে সরকার গিয়ে দাঁড়াবে এবং আইনকে আপহোলড করাবার জন্য সরকার গিয়ে চাষীদের পাশে গিয়ে দাঁড়াবে। সেই অবস্থা যেদিন হবে, সেদিন এই ল্যান্ড প্রবলেম-এর সলিউশান হবে। তবে এ'রা থাকতে ল্যান্ড প্রবলেম-এর সলিউশান হবে না।

[4-35—4-45 p.m.]

শ্রীসনৎকুমার রাহা : মাননীয় চেয়ারম্যান, স্যার, ভূমি সংস্কার আইনের যে সংশোধনী বিলটা এসেছে সেটা পাশ হতে চলেছে এবং সেটা কার্যকরী করবার জন্য দপ্তর থেকে চেষ্টা নিশ্চয়ই

করা হবে। শ্যামাদাসবাবু প্রশ্ন তুলেছেন যে রিফর্মটা এনেছেন আমি তার বিরোধীতা করছি না স্বপক্ষে যাচ্ছি। যদি এই দৃষ্টিভঙ্গীকে খুব মেকানিক্যালি ফরম্যালি দেখা যায় তাহলে বলতে হয় স্বপক্ষে যাচ্ছি। কিন্তু এইভাবে ভূমি সংস্কার সমস্যার সমাধান হতে পারে না। আমার বক্তব্য হচ্ছে যে মন্দের ভাল কিছু পেলাম এতেও যদি সন্তুষ্ট থাকি এই দৃষ্টিভঙ্গী অত্যন্ত সংস্কারবাদী নীরবে বিপ্লবের যে কথা কংগ্রেস পক্ষ থেকে বলা হয় সেটা সম্পূর্ণ মিথ্যা অলীক। দ্বিতীয় আরো প্রশ্ন হচ্ছে যখন মায়াপুরে কংগ্রেস-এ লাঙ্গল যার জমি তার এই প্রশ্ন তোলেন, যখন ভুবনেশ্বরে র‍্যাডিক্যাল সমস্যার সমাধানের কথা বলা হয়, যখন কুমারাপ্পা কমিটি জমির জন্য বিশেষ বিশেষ ইঙ্গিত দিয়েছেন এবং মহলানবীশ কমিটি যখন বলেছেন যে ল্যান্ড রিফর্মস করার পরে বোগাস ল্যান্ড রিফর্মস হয়েছে—সেই সব জিনিসগুলি সামনে রেখে যদি বিচার করি, তাহলে আমরা দেখবো যে ভূমি সংস্কারের সমাধান ব্যর্থ হয়েছে। টুকিটাকি যা পাওয়া গিয়েছে তাই নিয়ে পশ্চিমবঙ্গ সন্তুষ্ট থাকতে পারে না। যে দৃষ্টিভঙ্গী নিয়ে কুমারাপ্পা কমিটি বলেছেন, যে দৃষ্টিভঙ্গী নিয়ে মহলানবীশ কমিটি বলেছেন, যে দৃষ্টিভঙ্গী নিয়ে মহাত্মা গান্ধী ১১ দফা দাবী রেখে গিয়েছিলেন, যে দৃষ্টিভঙ্গী করাচী কংগ্রেস প্রস্তাবে ছিল, যে দৃষ্টিভঙ্গীতে মায়াপুর কংগ্রেসের কথা বলেছিলেন, যে দৃষ্টিভঙ্গীতে 'লাঙল যার জমি তার' এই শ্লোগান দিয়ে বলেছিলেন, সেই দৃষ্টিভঙ্গীতে নীরবে বিপ্লব সাধনা করেছেন—এই দৃষ্টিভঙ্গীর সঙ্গে এই বিলের যে কার্যকারীতা হয়েছে তাতে সন্তুষ্ট হওয়ার কোন কারণ নেই। সেই জন্য আমি আজকে আমাদের অবস্থাটা কি, তার সম্বন্ধে কয়েকটি তথ্য দিতে চাই। ১০ বছর ল্যান্ড রিফর্মস করার পরে মহলানবীশ কমিটির রিপোর্ট থেকে পাওয়া যায়—যেখানে ১০ বছর আগে আমাদের ৫৮ ভাগ জমির মালিক ছিল শতকরা ১০টা হোল্ডিংস, সেখানে ১০ বছর পরে অর্থাৎ ভূমি সংস্কার আইনের পর পর দুইটি পরিকল্পনা চলে যাওয়ার পর আজ সেখানে শতকরা ৫৬ ভাগ জমির মালিক হলেন শতকরা ১০ জন। অর্থাৎ ৫৮-র জায়গায় ৫৬ হয়েছে। তাহলে কনসেনট্রেশান অফ ল্যান্ড, জমি কোথায় গিয়ে একীভূত হচ্ছে, কেন্দ্রীভূত হচ্ছে এই দৃষ্টিভঙ্গী দিয়ে ল্যান্ড রিফর্মসকে বিচার করতে হবে। তৃতীয়তঃ আমরা দেখি যে বাংলাদেশে শতকরা ৪৬ ভাগ চাষী ভাগে জমি চাষ করে। একের তিন অংশ জমি চাষ করে শতকরা ৪৬ ভাগ, ভাগচাষী। এই ভাগচাষীদের কোন নিরাপত্তা নেই, উচ্ছেদ বন্ধ হবে তার কোন গ্যারান্টি নেই। সব দায়িত্ব দেওয়া আছে ভাগচাষীকে যে তুমি যাও নালিশ কর, কোর্টে যাও, টাকা খরচ কর উচ্ছেদ থেকে রেহাই পাবে। কিন্তু উচ্ছেদ করবার যে ফাঁক রাখা হয়েছে সে ফাঁক একেবারে বন্ধ করবার ব্যবস্থা করা হয় নি এবং ভাগচাষীকে যেভাবে স্টার্ট করতে হবে, ১০/৫ বিঘা যারা জমির মালিক—আপাতত আমরা বলছি না যে, স্বত্ব দাও, কিন্তু শুরু করতে হবে এক জায়গা থেকে। আইন এইভাবে করুন যে বড় বড় যারা এক হাজার, দেড় হাজার, দু হাজার বিঘা জমি পরিবারগতভাবে হোলড করে রেখেছে এবং সেই জমি যারা ভাগচাষ করে তাদের সেই স্বত্ব থাকবে না কেন?

আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে ১৯৪৭ সালে যে ভাগচাষ আইন পাশ করেছেন সেটা কেন কার্যকরী করা হয় নি এবং সেটা কে কার্যকরী করবে? ভূমি সংস্কার আইনেও আপনারা অনেক ভাল ভাল কথা শুনিয়েছেন, অনেক হিতোপদেশের কথা শুনিয়েছেন, কিন্তু কার্যকরিতার দিক থেকে দেখছি ব্যর্থতায় পর্যবষিত হয়েছে। ভাগচাষীদের ক্ষেত্রে আমরা অনেক আশা করেছিলাম এবং বিমল সিংহ মহাশয়ের যুগে আমরা শুনিয়েছিলাম, কাগজে বেরিয়েছিল যে কমসে কম ৬ বিঘা পর্যন্ত জমির খাজনা আপাতত পশ্চিমবঙ্গ সরকার ছাড় দেবেন এবং খাজনা থাকবে কিনা জানি না। কিন্তু খাজনার হার সর্বোচ্চ স্তরে ক্রমশ বাড়বে এটাই ছিল দৃষ্টিভঙ্গী। কিন্তু সেই দৃষ্টিভঙ্গী একেবারে নেই। আমরা দেখছি বড় বড় জোতদারের যে খাজনা, এক বিঘা জমির মালিকেরও সেই খাজনা দিতে হবে। তারপর, আন-ইকনমিক হোলডিং-এর উপর থেকে খাজনা মকুবের সিদ্ধান্ত গ্রহণ করা হোল না। স্যার, আমরা দেখছি পশ্চিমবাংলায় শতকরা ২০ ভাগ লোকের হাতে কোন জমি নেই, অথচ ভূমি সংস্কারের মূল উদ্দেশ্য হোল চাষীকে জমি দিতে হবে এবং চাষীর স্বার্থে ভূমি সংস্কার করতে হবে। একেই বলে ভূমি বিপ্লব, উৎপাদনকারীর সঙ্গে বর্তমান জমির মালিকের যে সম্পর্ক আছে তার পরিবর্তন করার নামই হচ্ছে ভূমি বিপ্লব। কিন্তু আশ্চর্যের বিষয় সেই বিপ্লবের সিদ্ধান্তের দিক থেকে কোন গতি বা

প্রগতি এই বিলে পাওয়া যাচ্ছে না। যারা ভূমির মালিক নয়, যারা ল্যান্ডলেস পেসেন্ট সেই শতকরা ২০ ভাগের হাতে যদি জমি দিতে না পারি, সেই ২০ ভাগ যদি হাতেকলমে চাষ করতে না পারে তাহলে কি করে তারা জাতীয় সম্পদ সৃষ্টি করবে? কিন্তু আশ্চর্যের বিষয় সেই দৃষ্টি-ভঙ্গী নিয়ে কোন বিল রচিত হয় নি। শুধু তাই নয়, শতকরা ৩৫ ভাগ চাষী যারা মাত্র ২ একর জমির মালিক তাদের যদি খাজনা ছাড় দিতেন তাহলে বুঝতাম পশ্চিমবঙ্গ সরকার ভূমি সংস্কার করেছেন এবং ওই শতকরা ৩৫ ভাগ চাষী যারা ২ একর জমির মালিক তারাও বুঝত কংগ্রেস সরকার আমাদের খাজনা থেকে মুক্তি দিয়েছেন, সামন্ততন্ত্রের আড়াল থেকে মুক্তি দিয়েছেন। কিন্তু তার কোন সূচনা এই বিলে নেই। তারপর আমরা দেখছি কৃষি পরিবার শতকরা ৭০ ভাগ ঋণে আবদ্ধ এবং শতকরা ৩০ ভাগ যারা গ্রামে থেকে ট্রানজিসটর কিনছে, মহাজনী কারবার করছে তারাই সমস্ত ফল পাচ্ছে। স্যার, ভূমি সংস্কারের মূল উদ্দেশ্য হোল যাদের জমি নেই, যারা স্বল্প জমির মালিক, যারা হাতে কলমে কাজ করছে সেইসমস্ত উৎপাদন-কারীকে তাদের যোগ্য ভূমিকা দিতে পরিছি কিনা এবং এই বিলকে আমাদের সেই দিক থেকেই বিচার করতে হবে। পশ্চিমবঙ্গ সরকার যখন বলছেন পশ্চিমবাংলায় জনসংখ্যা অত্যন্ত বেশী, ভূমি অত্যন্ত সীমাবদ্ধ তখন সর্বদিক থেকে ভূমি সংস্কার বিলের আরও অগ্রগতির সুবিধা নিয়ে আসা উচিত ছিল। কিন্তু সেদিক থেকে সরকার যেভাবে এনেছেন তাতেও দেখছি ব্যর্থতাই এসেছে। তারপর, সরকার যেখানে ৫ লক্ষ ৭৩ হাজার একর জমি দখল করেছেন সেখানে বিলি করেছেন ১ লক্ষ ৫৯ হাজার একর—অর্থাৎ ¼ ভাগ বিলি করেছেন। তাঁরা ভূমি সংস্কার বিল যখন এনেছিলেন তখন শুনেছিলেন ২০ লক্ষ একর পাবেন, তারপর শুনলাম ১৪ লক্ষ একর পাবেন কিন্তু এখন ১৪ বছর পরে দেখছি তাঁরা ৫ লক্ষ ৭১ হাজার একর পেয়েছেন এবং বিলি করেছেন এক লক্ষ ৫৯ হাজার একর—বাকি ৪ লক্ষ ১২ হাজার একর জমি এখনও বিলি করা হয় নি।

[4-45—4-55 p.m.]

তারপর ৫(ক) ধারাকে শক্তিশালী করে ম্যালাফাইড ট্রান্সফার থেকে জোতদার যাতে নিষ্কৃতি ঝুলেছে। কিন্তু রহস্য হচ্ছে এই পেজেন্ট, ভাগচাষীর ক্ষেত্রে ঢাক পিটিয়ে খাজনা আদায় করা না পায় তার কোন ব্যবস্থা হল না। ঢাক পিটিয়ে বলা হল ভূমি সংস্কার করছি, পরিবারগত তারপর সরকার যেরকমভাবে ম্যালাফাইড কেসের কন্টেস্ট করা দরকার, সরকার তা করলেন না, সব ফাঁক দিয়ে বেরিয়ে গেল, এক একটি জমি নিয়ে মামলা ৫।৬।৭ বছর পড়ে থাকে, হাইকোর্টে ঝুলেছে। কিন্তু রহস্য হচ্ছে এই পেজেন্ট, ভাগচাষীর ক্ষেত্রে ঢাক পিটিয়ে খাজনা আদায় করা হচ্ছে। কৃষি ঋণ আদায় করা হচ্ছে। কিন্তু যে জোতদার হাইকোর্টে মামলা করেছে, সরকারে ন্যস্ত জায়গা আজকে ৮ বছর ধরে ভোগ করছে, লক্ষ লক্ষ টাকা জমি থেকে পাচ্ছে, বিনা খাজনায় ফাঁক দিয়ে বেরিয়ে গেল, এক একটি জমি নিয়ে মামলা ৫-৬-৭ বছর পড়ে থাকে, হাইকোর্টে এবং সেই খাজনা দিয়ে সে মামলা লড়ছে, কিন্তু তাদের কাছ থেকে টাকা আদায় করার কথা এই বিলে নাই, তাহলে কাদের ভূমি সংস্কার? এটা কৃষকদের স্বার্থে না গিয়ে জোতদার স্বার্থে যাচ্ছে, চার বছর ৬ বছর ধরে মামলা ঝুলিয়ে রেখে তার এই সময়ে যে ফসল পায়, সেই টাকা দিয়ে মামলা চালায়। হাইকোর্টে জেত তারপর জমি ছেড়ে দেব। সেই জমি দখল করতে পাবেন না, যদি মামলায় জেতেও এবং রায় সরকার পায় তাহলেও আবার মামলা করতে হবে, ইঞ্জাকশনের এই অবস্থায়, সরকার ফাঁপড়ে পড়েছেন, ভূমি সংস্কার হতে পারে না। যাবতীয় দৃষ্টিভঙ্গী হচ্ছে কৃষকদের বিরুদ্ধে জোতদারদের স্বার্থে। কাজেই যেসব লুপহোলস আইনে আছে, সেটা যদি একেবার বন্ধ করতে হয় তাহলে বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী নিয়ে পরিবারগত সিলিং করতে যদি করতে হয় এবং আন-ইকনমিক হোলডিং ফ্রী করতে হয়, তাহলে দৃষ্টিভঙ্গী বদলাতে হবে।

আরও দুই একটা কথা বলবো। হাজামজা জমির ব্যাপারে হাজার হাজার দরখাস্ত দেখেছি, কিন্তু খাজনা মকুব হয় নি, রেভিনিউ অফিসার, কালেকটার, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যা করেন, সেটাই শ্যামাদাসবাবু শুনতে বাধ্য হন; আমাদের কথা ধোপে টিঁকে না। ঠিক এইভাবে ছোট ছোট পরিবার থেকে আরম্ভ করে বড় পর্যন্ত দেখুন সর্বত্র গরীব চাষী [illegible] এবং স্বল্পবিত্ত

চাষী, তাদের দিকে এই বিলের প্রভিশন থাকা উচিত। সেদিকে তাঁরা যান নি। ফলে এই ভূমি সংস্কার ব্যর্থতায় পরিণত হচ্ছে। আমি মনে করছি যে আবার এই সরকারকে অনেককাল পরে আন্দোলনের মধ্য দিয়ে নূতন বিল আনতে হবে, যে বিলের মধ্য দিয়ে মৌলিক দাবী আদায় করা জন্য আন্দোলন এসে পড়বে যেটুকু আমরা করতে পেরেছি সেসব আইন কার্যকরী যাতে হয়। শেষকালে আমি একথাই বলতে চাই আইন আপনারা করতে যান তা কার্যকরী হচ্ছে কিনা সেটা দেখেন না। জে এল আর ও দপ্তর থেকে তহশীলদার থেকে আরম্ভ করে স্টেট লেভেল কমিটি, হাই লেভেল কমিটি যা করেছেন তাদের উপর আমাদের বিশ্বাস নেই, আজকে বাস্তবে হচ্ছে কি, যদিও আমরা জনপ্রতিনিধি আমরা বলি, বাংলাদেশের বাস্তব চরিত্র হচ্ছে যারা কায়েমী স্বার্থের লোক তারাই যে কোনরকমে প্রধান পদে রয়েছে, তাদের ডিপ্লোমা কোন ল্যান্ড রিফর্ম করা সম্ভব নয়। তা করতে হলে আরও সবল দৃঢ় নীতি চাই এবং এ বিষয়ে সবল হস্ত প্রয়োগ করতে হবে, এই প্রয়োগ বিধি সম্বন্ধে মন্ত্রিদপ্তর এবং স্বয়ং মন্ত্রী যদি দৃঢ় না হন তাহলে ল্যান্ড রিফর্ম হতে পারে না, কোন ভাল কাজ হতে পারে না, যত ভাল কথাই বলুন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় সভাপতি মহাশয়, আমি এখন থার্ড রীডিং-এ বিশেষ কিছু বলা প্রয়োজন মনে করছি না, কারণ আমি জানি ফার্স্ট রীডিং-এর সময় আলোচনা করতে গিয়ে গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমি এটুকু মনে করি যে মাননীয় মন্ত্রিমহোদয় সত্যিকার যদি বাংলাদেশের চাষীর স্বার্থ রক্ষা করতে চান এবং বাংলাদেশের খাদ্যসমস্যার সমাধান করতে চান তাহলে সরকার শীঘ্র একটা সর্বাত্মক বিল আনবেন একটা কম্প্রিহেন্সিভ বিল আনবেন এটা আশা করেছিলাম। কারণ আমি মনে করি তিনি যে স্পিরিটে বিলটা এনেছেন এর দ্বারা বাংলাদেশের ভাল কিছু আসবে না। দুই একটা জিনিষ ভাল করেছেন এর দ্বারা, কিন্তু ছিটে ফোঁটা দিয়ে কিছু হয় না ছোট অপারেশনে কিছু হয় না, যদি সমাজের অঙ্গে বিরাট ঘা হয়ে থাকে, এভাবে অপারেশন করে কিছু করতে পারবেন না। যদি সত্যি উদ্দেশ্য থাকে ভূমি সংস্কার করে বাংলাদেশের কৃষকদের মঙ্গল করবেন, বাংলাদেশের জনগণের মঙ্গল করবেন, খাদ্যসমস্যার সমাধান করবেন তা হবে না যতক্ষণ না আপনারা ভূমিহীন যারা তাদের হাতে জমি না দেন। আপনারা অনেক সময় বলে থাকেন যে জমি রবারের মত টানলে বাড়বে না, বাংলাদেশে ১ কোটি ৩৪ লক্ষ একর আবাদ জমির হিসাব আপনারা দেন এবং লোক সংখ্যা হচ্ছে সাড়ে তিন কোটি, কাজেই বলি অন্ততঃ যারা ভূমিহীন চাষী তাদের হাতে যতক্ষণ না জমি দেন, ততক্ষণ পর্যন্ত ভূমিসংস্কার হতে পারে না। সর্বোচ্চ সীমা জমির নির্ধারণ না করায় সেই জমি জমিদখল আইনের আওতার বাইরে রেখে দিচ্ছে, তা আনতে না পারলে ভূমিসংস্কার-এর উদ্দেশ্য সফল হতে পারে না। আমি সেজন্য আবার বলছি যে সব জমি বাইরে রেখে দিচ্ছে, যেমন দার্জিলিং-এর কিছু অংশ বাইরে রয়েছে, যেমন মেছোঘেরী রয়েছে, যেমন দেবোত্তরের নামে বহু জমি রয়েছে, যেমন কলকাতাকে বাইরে বাইরে রেখে দিচ্ছেন, তেমনি বহু জিনিষ রেখে দিচ্ছেন।

এরকম বহু জিনিষ আপনারা বাইরে রেখেছেন যেগুলিকে অবিলম্বে সর্বোচ্চ সীমার মাঝখানে আনাই হচ্ছে প্রথম দাবী এবং তাহলেই সমাজের প্রতি আপনারা ন্যায় বিচার করতে পারবেন এবং কিছু দরিদ্র লোকের হাতে জমি দিতে পারবেন। এটাই হচ্ছে আমার প্রথম দাবী যে অবিলম্বে সীমা নির্ধারণ করান। তারপর এই বিলের মধ্যে এনেছেন যেগুলি সম্বন্ধে বিশেষভাবে বলছি যে, খাজনা সম্পর্কে যে এমেন্ডমেন্ট ছিল তা কোন এমেন্ডমেন্ট নিলেন না কিন্তু আমি আবার বলছি যে সমাজের ন্যায় বিচারের দিক থেকে খাজনা সম্বন্ধে একটু চিন্তা করুন। স্যার, আমি মনে করি এর দ্বারা কৃষকের প্রতি সুবিচার করা হবে। সেজন্য খাজনা সম্পর্কে আমাদের যে এ্যামেন্ডমেন্ট ছিল সেগুলি নিয়ে আবার চিন্তা করবেন এবং পরে যখন বিল আনবেন এই ধরনের জিনিষ বিলে আনবেন। তারপর রায়তদের অধিকার সম্পর্কেও আপনারা কিছু মেনে নিলেন না। এজন্য বহু রায়তকে হয়রানি হতে হবে, ক্ষতিগ্রস্ত হতে হবে। কাজেই আপনি যদি এসব রুলস-এর মাঝখানে আনতে পারেন যে রায়ত যে অকৃষি-জমিতে ইঁট তৈরী করতে পারে তাহলে ভাল হয়। কারণ আমি মনে করি কৃষি জমি নষ্ট না করে যে তার জায়গার উপর ইঁট করে সে যদি বিক্রী করত পারে তার জীবিকা-নির্বাহের জন্য তাহলে তার একটা ব্যবস্থা করা দরকার। সেজন্য আমি আবার এ সম্বন্ধে ভাবতে অনুরোধ করছি। দার্জিলিং

সম্বন্ধে বলতে গিয়ে আমি বলেছিলাম একটা জায়গায় ৩টা গাছ কাটতে পারে, আমি বলেছিলাম যে জমিদারী ব্যবস্থা সেখানে চালু রেখেছেন আপনি চিন্তা করেননি কেন আমি বলেছিলাম। আমি এজন্য বলেছিলাম যে একটা গাছের পর যদি দ্বিতীয় একটা গাছের দরকার হয় মানুষকে পোড়াবার জন্য তাহলে সেখানে তাকে অনুমতি নিতে হবে। এরূপভাবে যে কি হয়রানি ভোগ করতে হবে সেকথা একবার চিন্তা করুন, জমিদারী আমলের কথা বলেছিলাম। আমি এখন খোঁজ নিয়ে জানলাম যে এখনও দার্জিলিং এলাকায় বীজনবাড়ি বাজার ফুলবাজারকে জমিদারী আমলে রয়েছেন। আজ এদিক থেকে চিন্তা করা দরকার এসব অঞ্চলে বি, ডি, ও অফিসার না রেখে জমিদারী আন্ডার-এ রেখেছেন কার স্বার্থে রেখেছেন জানিনা। এইভাবে আপনাকে অনেক জমি দেবোত্তর হিসেবে, মেছো ভেড়ী হিসাবে ছাড় দিয়েছেন; কলকাতার লাখপতিদের ছাড় দিয়েছেন। আমি তাই বলব যে আপনারা দৃষ্টিভঙ্গী একটু বদলান এর একটা পরিবর্তন আনুন। বর্গাদার সম্বন্ধে বলব যে যতক্ষণ পর্যন্ত উচ্ছেদ না বন্ধ করতে পারেন তাদের নিরাপত্তার ব্যবস্থা করতে না পারছেন ততক্ষণ কিছু হবে না। আপনারা ৫ লক্ষের মধ্যে ১ লক্ষ ৫৯ হাজার একর জমি কেরেছেন এবং তাও বন্দোবস্ত দিয়েছেন ৯।১০ টাকা হারে এক বছরের জন্য সে জানলো না দ্বিতীয় বছরে তার কাছ থেকে জমি থাকবে কিনা সে জানেনা, কাজেই সে জমির উন্নতির জন্য কিছু করলো না আল ভাল করলো না কারণ সে জানে যে অস্থায়ী, স্যার, আমি মনে করি এর দ্বারা কৃষকের প্রতি সুবিচার করা হবে।

আপনি জানেন আপনার বাড়ীর পুকুর যেটা আপনার স্থায়ীভাবে পারেন ভাল কলাগাছ চাষ করতে পারেন। কিন্তু ভাগ চাষীদের কোন নিশ্চিত ব্যবস্থা না থাকার জন্য ভাল ব্যবস্থা করতে পারে না, জমিদাররা যে ব্যবস্থা রেখেছিল আপনারা সেটাও করেছেন। সুতরাং তাদের উচ্ছেদ সম্পর্কে যতক্ষণ না গ্যারাণ্টি দিতে পারছেন ততক্ষণ পর্যন্ত ভাল হতে পারে না। আপনি বলবেন তাদের স্থায়ীভাবে বন্দোবস্ত দিতে পারি না তার অনেক কারণ আছে এবং সে ভাল চাষ করে কিনা সেটা দেখতে হবে। এই হাত বদল হয় তহশীলদারের সঙ্গে বন্দোবস্ত করে সে সবের কি হবে? সেজন্য বলছি বাস্তবক্ষেত্রে ২ বছর যে জমি পেল না তখন আবার বন্দোবস্ত নেবার সময় তাদের কিছু না কিছু দক্ষিণা দিতে হবে। সুতরাং ৯।১০ বছরের জন্য বন্দোবস্ত না দিলে জমির উন্নতি হতে পারে না। সেজন্য বলছি যাতে স্থায়ীভাবে চাষ হতে পারে তার একটা ব্যবস্থা করুন। তারপর আবার অনুরোধ করবো আপনারা একটা ভাল বিল আনুন যাতে বাংলাদেশের কৃষক ভাল করে স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারে এবং প্রতি বছর আমরা যে দুর্ভিক্ষের গ্রাসে পড়ছি তা থেকে মুক্ত হতে পারি আমরা মনে করি ঠিকভাবে যদি বণ্টন হয় তাহলে কৃষকরা উৎসাহের সঙ্গে জমি চাষ করতে পারে। আমাদের যেখানে ২২ লক্ষ টন খাদ্য আনতে হয়, প্রতি বছর দুর্ভিক্ষের সামনে দাঁড়াতে হয়, বিভিন্ন প্রদেশের উপর নির্ভর করতে হয়, বাহিরের উপর নির্ভর করতে হয় সেখানে আমরা মনে করি কয়েকজন ধনীদের নিয়োগ ক্ষেত্রে পরিণত করে কৃষকের উৎপাদন ক্ষেত্রে পরিণত করতে পারি তা হলে অনেক সমস্যার সমাধান হবে। এই দৃষ্টিভঙ্গী নিয়ে একটা বিল আনবে এটাই আমরা আশা করি।

[4-55—5-07 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে এই গুরুত্বপূর্ণ বিলে শেষের পর্যায়ে মূলত কয়েকটা বর্গাদার সমস্যার উপর বক্তব্য রাখবো মন্ত্রিমহাশয়ের বিবেচনার জন্য আমরা দেখছি এ দেশে বিভিন্ন এক্‌স্‌পার্ট কমিটি তাঁরা বলেছেন যে ভূমি সমস্যার মূল কথা শুধু ফিজিকাল ইন্‌পুট বাড়ান নয়, অর্থাৎ ইরিগেসানের সুযোগ করে দেওয়া বা সারের ব্যবস্থা করে দেওয়া সময়মত বীজ সরবরাহ করা, এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টস দেওয়া সাবসিডাইসড রেটে এটাই একমাত্র সমস্যা নয়। সমস্ত এক্সপার্ট বলেছেন এর সঙ্গে সঙ্গে টেনিওর রিফর্মস দরকার। সেই টেনিওর রিফর্মস সম্বন্ধে বিভিন্ন এক্সপার্ট কমিটি যে সমস্ত মন্তব্য করে গেছেন সে সব দুঃখের কথা। মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী সেই রেকমেনডেসানের প্রতি যথেষ্ট গুরুত্ব দেননি কিছুদিন আগে ফোর্ড ফাউনডেসানের পক্ষ থেকে যে স্টাডিটীম এসেছিল তারা বর্গা সমস্যার যে মন্তব্য করেছিল আমি আশা করি এবার যে আইন আইনসভায় এলো সে আইন আনবার

আগে ভূমি রাজস্ব বিভাগ তার প্রতি যথেষ্ট গুরুত্ব দেবেন এবং তাদের বক্তব্যের প্রতি যথেষ্ট মর্যাদা দিয়ে এই আইন করবেন। কিন্তু সেটা তারা করেন নি। আমরা দেখছি মায়াপুরে কংগ্রেসে বক্তৃতা করে বলা হয় 'লাঙ্গল যার জমি তার', এরূপ শ্লোগান অনেক শুনেছি। আমাদের রাষ্ট্রপতি কিছুদিন আগে বক্তৃতা করেছিলেন যে আমাদের দেশের প্রধান কাজ হচ্ছে সোভিয়েট এণ্ড ইলেকট্রিসিটি, ঠিক লেনিন বিপ্লবের মুখে যে শ্লোগান সোভিয়েট ইউনিয়ানে দিয়েছিলেন ঠিক মনে হল আমাদের এখানেও সেই শ্লোগান দিয়ে বলা হল সোভিয়েট এণ্ড ইলেকট্রিসিটি, কিছুদিন আগে সোভিয়েট ইউনিয়ানের প্রেসিডেণ্ট ব্রেজনফ্ যে রিপোর্ট রেখেছেন সে রিপোর্ট প্রত্যেক নাগরিক এবং প্রত্যেক আইন সভার সদস্যের গুরুত্ব দিয়া পড়া দরকার। গ্রামকে আমরা বাঁচিয়ে তুলবো, আমরা দেখছি সে গ্রামের ২ পারসেণ্ট প্রিন্সিবেল তারা ইনপ্লিমেণ্ট করেন নি। তাঁরা মায়াপুর কংগ্রেসে বলেছিলেন লাঙ্গল যার জমি তার কিন্তু এর একটা শ্লোগানিক ভ্যালু থাকতে পারে কিন্তু এর প্রাকটিকাল এ্যাসপেক্ট কি? লাঙ্গল যার জমি তার বলার সঙ্গে সঙ্গে সমস্ত জোতদার শ্রেণীর যার কিছু জমি আছে তাকে হুঁশিয়ার করে দেওয়া হল যে সরকার এ আইন করছেন তোমরা সজাগ হও।

ফলে হোল এই জন্য আপনাকে বলছি যে বাংলাদেশের বিভিন্ন জায়গায় ব্যাপকভাবে বর্গাদার উচ্ছেদ আরম্ভ হবে এবং ১৯৫০ সাল থেকে যে বর্গাদার এ্যাক্ট এবং ১৯৫৫ সালের ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট-এর মধ্যে দিয়ে যেসমস্ত জিনিস কোডিফায়েড হোল তার পরে এ নিয়ে কি অবস্থা দাঁড়াবে—এখন যিনি জমির মালিক হবেন ল্যাণ্ড রিফর্মস-এ আমরা দেখতে পাচ্ছি যে এখনও পর্যন্ত বর্গা সিসটেমে আমার ১০ বিঘা জমি আছে আমি নিজে চাষ করি না—আমি এক আধজন বর্গা ঠিক করলাম যে তুমি আমার জমি চাষ করবে—৬০/৪০—৫০/৫০ যেটা লেখা আছে আইনে—সেই ভিত্তিতে আমার জমির বন্দোবস্ত করতে পারবো। কিন্তু মায়াপুর কংগ্রেসের বক্তৃতার পর বাংলাদেশের যারা জোতদার শ্রেণী তারা আর বর্গাদারদের ঠিক বর্গা হিসাবে রাখবে না। বর্গাদার উচ্ছেদ হয়ে গিয়ে তার জায়গায় নূতন একশ্রেণী তৈরী হবে। তারা হচ্ছে মুরোসী। তারা জমির মুরোসীর কাজ করবে। আমার জমি আমি দুটো মানুষকে নিয়ে বল্লাম তুমি মুরোসীর কাজ করবে লিখে দাও। ফলে হচ্ছে ৫৫ সালের ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টে বর্গাদারকে যে সমস্ত ষ্টাটুটারী রাইট এবং ষ্টাটুটারী ওবলিগেসন জোতদার এবং মালিকদের দেওয়া হোল সরাসরি সেটাকে এ্যাভয়েড করার রাস্তা খুলে দেওয়া হল এই বলে যে তুমি যদি বর্গাদার রাখ তাহলে বিপদে পড়বে। কারণ কংগ্রেস নাকি ল্যাণ্ড টু দি টিলারর্স করছে। সুতরাং এই যে শ্লোগানটা তুললেন এর মধ্যে বিন্দুমাত্র আন্তরিকতা নাই। শুধু মাত্র যারা ভূস্বামী যারা জমির মালিক তাদের চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেওয়া হোল। আমাদের শ্যামাদাসবাবু কি বলছেন—আমিও থাকবো কিছুদিন এই বিধানসভায় এবং তিনিও থাকবেন আগামী সেসনে দেখবেন যে বিরোধী পক্ষের এবং ওঁদের পক্ষের বহু কংগ্রেস এম-এল-এ ওঁর কাছে এই অভিযোগ নিয়ে আসবে যে মায়াপুর কংগ্রেসের পর এবং ভূমিসংস্কার আইন সংশোধিত আকারে পাশ হবার পর বাংলাদেশে ব্যাপক বর্গাদার উচ্ছেদ হয়ে যাচ্ছে এবং বর্গাদার শ্রেণী হিসাবে একটা শ্রেণী বিশেষভাবে আর থাকবে না বাংলাদেশে—তার জায়গায় নূতন শ্রেণী আসবে যাদের বলা হবে মুরোসী ক্ষেত্রমজুর—পয়সা দিয়ে আমার জমিতে এনে তাকে কন্ট্রাক্ট লেবার দিয়ে সেই কন্ট্রাক্ট লেবারের পর্যায়ে এসে যাবে। তার ফলে ঐ যে ৬০/৪০ পারসেণ্ট দেবার অবলিগেসন সেটা আর থাকবে না এবং তার কাছে কণ্ট্রাক্ট লিখে নিয়ে আমি বেরিয়ে যেতে পারবো। কাজেই এদিক দিয়ে বিবেচনা করা দরকার এবং আমার মনে হচ্ছে যতই বড় বড় আইনের কথা বলুন এর নেট রেজাল্ট হবে ভূমি হীন চাষীদের যেটুকু সুযোগ সুবিধা ছিল এর পর সেগুলি চলে যাবে। দ্বিতীয় হচ্ছে সভাপাল মহাশয় আমি জানাতে চাচ্ছি যে এই আইনে বলে দিচ্ছেন যে এর পরে জমির মালিকানার জন্য মালিকদের রেভিনিউ অফিসারের কাছে যেতে হবে শেয়ার প্রডিউসের এরিয়ার রিকভারীর জন্য। মামলা রুজু করার জন্য। তার লিমিটেসন এর আগে ছিল ১০।১২ বছর এটাকে কমিয়ে শ্যামাদাসবাবু ২ বছর করেছেন ভালই করেছেন। কিন্তু আমি বলছি ওটাকে ২ বছর করা রাখা উচিত ছিল না; ওটা এক বছর রাখা উচিত। যেমন একটা আইনে উনি বলছেন—এক বছর পরে রেভিনিউ অথরিটিকে পাওয়ার দিচ্ছেন যে টাকা বা ফসল যদি জমা দেয় তাহলে এ[illegible]ান অব দি ষ্টেট হয়। কাজেই সে দিক দিয়ে

বিচার করলে আমার মতে ওটা আরও কমিয়ে দেওয়া দরকার। তার পর আর একটা জিনিস ভেবে দেখা দরকার যে মুনসেফ যারা পাঁচ ছয় বছর কোর্টে কাজ করলেন তাদের পিকিউনিয়ারী জুরিসডিকসন হচ্ছে ৭০০ টাকার বেশী তারা বিচার করতে পারেন না। আশ্চর্যের কথা, আমার ধরুন ৫০ বিঘা জমি আছে, আমি দেখছি পেলাম দু বছর আমার যে বর্গাদার তার কাছ থেকে আমি আমার পাওনা হচ্ছে ১২ হাজার টাকা দু বছরের শেয়ার প্রডিউস দেয় নি—১২ হাজার টাকা আদায় করবো কার কাছে?—রেভিনিউ অফিসারের কাছে যার কোন আইনের জ্ঞান নেই, পড়াশুনার বালাই নেই—অর্ডিনারীলি গ্রাজুয়েট হলেই হয়—তার কাছে ১২ হাজার টাকা প্রডিউস রিকভারীর জন্য যেতে হবে এবং তার এ্যাপিল লাই করবে মুনসেফের কাছে যিনি ৭৫০ টাকা পর্যন্ত করতে পারেন। আর রেভিনিউ অফিসার আনলিমিটেড—কিন্তু এই এ্যাপীল লাই করবে মুনসেফের কাছে। এটা একটা কনট্রাডিকটরী সিসটেম। সুতরাং আইনটা আরও ঢেলে সাজা দরকার এবং শুধু তাই নয় এই ল্যান্ড রিফর্মস এ্যাক্টে সত্যিই যদি বর্গাদারকে বাঁচাতে হয় তাহলে হেরিটেবল ইনটারেস্ট করা দরকার। হেরিটেবল ইনটারেস্ট না করেন তাহলে কভেনেন্ট রানিং উইথ দি ল্যান্ড যদি হেরিটেবল ইনটারেস্ট করেন তাহলে বর্গাদার জমির উৎপাদন বাড়াবার এবং জমির ইমপ্রুভমেন্ট করবার চেষ্টা করবেন আর যদি এভিক্ট করার চেষ্টা করেন তাহলে জমির উৎপাদন কখনও বাড়বে না। আমি এই একটি মাত্র বক্তব্য রাখলাম বর্গাদার সম্পর্কে। আমার মনে হয় এই আইনে তাদের রক্ষা করার কোন ব্যবস্থা করা হয় নি; বরং যেটুকু অধিকার এদের দিয়েছিলেন তা খানিকটা মায়পুরের মিথ্যা শ্লোগানে বর্গাদারদের নিষ্পেসিত করবার এবং উচ্ছেদ করবার নূতন অস্ত্র জোতদারদের হাতে ও'রা তুলে দিলেন।

Adjournment

The House was then adjourned at 5-07 p.m. till 1 p.m. on Tuesday, the 6th April, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 6th April, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 3 Ministers of State and 162 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Use of mike in public meetings

***390.** (Admitted question No. *2217.)

শ্রীনারায়ণ চৌবেঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বর্তমানে বহু জেলাতে জনসভায় মাইক ব্যবহার করিবার জন্য এস ডি ও-র অনুমতি লইতে হয় ;

(খ) ইহা সত্য হইলে, কোন্ কোন্ জেলায় এই আইন বর্তমান; এবং

(গ) কবে হইতে এই আইন চালু করা হইয়াছে এবং কেন?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) জেলা ম্যাজিস্ট্রেট বা এস ডি ও বা যে কোন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দরকার বিবেচনা করিলে মাইকের ব্যবহার নিষিদ্ধ করিয়া আদেশ দিতে পারেন এবং ইহা ব্যবহার করিতে হইলে তাঁহাদের অনুমতি লইতে হয়।

(খ) আইন সব জেলাতেই বর্তমান। তবে এই আইনের বলে মুর্শিদাবাদ, পুরুলিয়া, হাওড়া, মেদিনীপুর, বাঁকুড়া, নদীয়া, হুগলী, কুচবিহার, পশ্চিম-দিনাজপুর, বর্ধমান ও দার্জিলিং জেলার জেলা ম্যাজিস্ট্রেট মাইক সম্বন্ধে নিষেধাজ্ঞা দিয়াছেন।

(গ) ১৬-১০-৬৩ তারিখে পুলিশ অর্ডিন্যান্স ১৯৬৩ পাশ হইবার পর হইতে। এই অর্ডিন্যান্স পরে বিধানসভার দ্বারা আইনে পরিণত হইয়াছে।

মাইক, লাউড স্পীকার প্রভৃতির যথেচ্ছ ব্যবহার জনস্বার্থের খাতিরে নিয়ন্ত্রিত করার জন্য।

শ্রীনারায়ণ চোবেঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, ২৪ পরগনায় এই আইন বলবত আছে কি না?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ আমি বলেছি ২৪-পরগনা, মালদহ, বীরভূম এবং জলপাইগুড়িতে এই আইন বলবৎ নাই।

শ্রীনারায়ণ চোবেঃ তাহলে দেখা যাচ্ছে এইসব জেলাতে সভা বা কোন কিছু করতে গেলে বিনা পারমিসনে-ই করা যায়। মন্ত্রিমহাশয় জানাবেন কি, কি কি কারণে এবং কি কি পরিস্থিতির ফলে ওই ওই জেলাতে এই আইন বলবৎ হয়েছে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ মাননীয় সদস্য বোধ হয় জানেন হাউসে যখন এই আইন পাশ হয় তখন বিশদভাবে আলোচনা করা হয়েছে। এর কারণের মধ্যে ছিল ছেলেদের পড়াশুনার অসুবিধা, রোগীদের অসুবিধা এবং তাছাড়া বহু জায়গা থেকে আমরা রিপ্রেজেন্টেসন পেয়েছি, সংবাদপত্রের মারফতও বহু আবেদন পেয়েছি যার জন্য এই আইন করা হয়েছে।

শ্রীনারায়ণ চোবেঃ আমরা দেখছি কয়েকটা জেলায় এই আইন বলবত করা হয়নি এবং কয়েকটা জেলায় বলবত করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে যেখানে যেখানে বলবত করা হয়েছে সেখানে এমন কি বিশেষ কারণ দেখা দিল যার জন্য এই আইন বলবত করতে হয়েছে? আমরা দেখছি মেদিনী-পুরে হোল, কিন্তু ২৪-পরগনায় হোল না। আপনি বলুন কি ইন্ডাস্ট্রি সেখানে আছে, কি গন্ডগোল সেখানে আছে যার জন্য এক জায়গায় বলবত আছে এবং আর একটা জায়গায় বলবত নেই?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ সমস্ত ক্ষমতা জিলা ম্যাজিস্ট্রেটের হাতে দিয়েছি, তিনি যদি প্রয়োজন অনুসারে বিবেচনা করেন এখানে আইনটা অ্যাপ্লাই করা দরকার, সেখানে সেটা প্রয়োগ করেছেন, যেখানে প্রয়োজন মনে করেননি সেখানে করেননি, অর্থাৎ সমস্ত কিছু ডি এম-এর উপর নির্ভর করে।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ ছাত্রদের পড়াশুনার যাতে অসুবিধা না হয় বা সাধারণ মানুষের বিরক্তি উৎপাদন না করে, সেজন্য মাইক নিয়ন্ত্রণ আইনের ব্যবস্থা করা হয়েছে কিন্তু দেখা যাচ্ছে কতক-গুলি জেলায় চালু করা হয়েছে যেখানে ম্যাজিস্ট্রেটের উপর নির্ভর করছে না, আপনি যে কথাগুলি বলছেন ছাত্রদের পড়াশুনার ক্ষতি বা বিরক্তি উৎপাদন, এটা ২৪-পরগনা জেলায় কি হয়না? সেখানে কেন হলনা? যে জায়গায় করছেন সেখানে কি বিশেষ কারণে করলেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় সদস্য যে সব কারণ উল্লেখ করলেন, সেসব ঠিকই, কিন্তু এই আইন কোথায় প্রয়োগ করা হবে না হবে সেটার ডিস্ক্রিশন জেলা ম্যাজিস্ট্রেটের উপর।

শ্রীনারায়ণ চোবেঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে যেখানে আইন চালু আছে সেখানে সিনেমাতে বা সার্কাসে মাইক বাজাতে পারে কিন্তু যখন কোন রাজনৈতিক দল মিটিং করতে যায় তাহলে আপত্তি করা হয়,—এটার কারণ কি?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ প্রশ্ন তা নয়। জেলা ম্যাজিস্ট্রেটের উপর ভার অর্পণ করা আছে, তাঁর বিবেচনার, তাঁর ডিস্ক্রিশনের উপর নির্ভর করে, কোনটা বন্ধ করবেন না করবেন, তিনিই ব্যবস্থা করেন।

শ্রীনিখিল দাসঃ আপনি বললেন ২৪-পরগনায় আইন বলবত করা হয়নি, গোসাবা থানায়, বসিরহাট ২৪-পরগনায় গত আগস্ট সেপ্টেম্বর মাসে, জনসভায় মাইক ব্যবহার করার বিরুদ্ধে থানা থেকে নোটিশ দেয় যে জনসভায় মাইক ব্যবহার করতে পারবে না, এ সম্বন্ধে কিছু বলবেন কি?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ খোঁজ করে বলতে পারি।

শ্রীকানাই পালঃ মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে বলবেন কি মাইক যেখানে পারমিশন নেয়, সেখানে পারমিশন নেওয়ার পর, যিনি পারমিশন নিলেন, তাকে না জানিয়ে যিনি পারমিশন দিলেন, তিনি যখন পারমিশন ক্যানসেল করেন তখন, সেই দায়িত্ব সেই ব্যক্তির উপর বর্তাবে কিনা?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এর জবাব এই মাত্র বার বার দেওয়া হয়েছে যে আমরা এর জন্য জেলা ম্যাজিস্ট্রেটের উপর সমস্ত ভার অর্পণ করেছি, তিনি তাঁর ডিস্ক্রিশন অনুসারে এটা প্রয়োগ করেন।

শ্রীকানাই পালঃ এস ডি ও মাইকের পারমিশন দিলেন এবং দেওয়ার পর, পরবর্তীকালে সেই সমস্ত ব্যক্তিদের মাইক ব্যবহার করার জন্য গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হল তাকে জানান হলনা কেন তাকে গ্রেপ্তার করা হল, মাইকের পারমিশন ক্যানসেল করা হয়েছে কিনা।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ এই রকম খবর জানা নাই, স্পেসিফিক কেস দিতে পারলে তদন্ত করে দেখবো।

শ্রীনারায়ণ চোবেঃ মন্ত্রী মহাশয় বলবেন কি যে যে জেলাগুলিতে আইন চালু হয়েছে কোন্ কোন্ তারিখে সেই জেলায় আইন বলবত হয়েছে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ মুর্শিদাবাদে ১৯-৩-৬৪ এ, পুরুলিয়াতে ১০-৩-৬৪ এ, হাওড়াতে ১৮-১০-৬৪ এ, মেদিনীপুরে ২০-১০-৬৪ এ, বাঁকুড়াতে ১৯-৯-৬৪ এ, নদীয়াতে ১৯-১০-৬৪এ, হুগলীতে ১-১১-৬৪ এ, কুচবিহারে ফেব্রুয়ারী ৬৪ এ, পশ্চিম দিনাজপুরে ১৫-৩-৬৫ এ।

[1-10—1-20 p.m.]

শ্রীঅনাদি দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ম্যাজিস্ট্রেটএর উপর ডিস্ক্রিশনএর ভার দেওয়া হয়ে থাকে কাকে কখন এবং কোথায় মাইক ব্যবহার করতে দেওয়া হবে, আমি জিজ্ঞাসা করছি, কারণ আমরা কার্যতঃ দেখেছি পলিটিক্যাল পার্টি-এর উপর কার্যতঃ যত রেস্ট্রিকশন পড়ে এখন আপনি কোন কনফিডেন্সিয়াল সারকুলার দিয়েছেন কি যে কাকে কিভাবে মাইকের ব্যবহার করতে দেওয়া হবে। কিভাবে ডিস্ক্রিশন ইউস করা হয় সেটা জানাবেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ আমরা এই রকম কোন সারকুলার দিই নি।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে জেলা ম্যাজিস্ট্রেটের উপর পাওয়ার দেওয়া হয়েছে তার ডিস্ক্রিশন-এর নির্ভর করে। কিন্তু আমরা মফঃস্বল জেলায় দেখেছি যে পলিটিক্যাল পার্টির এস ডি ও-এর কাছে রেফার, এস ডি ও আবার পুলিশের কাছে রেফার করে। তা হলে কোনটা সত্য, পুলিশের কাছে রেফার করা সত্য না এস ডি ও-এর কাছে?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় মন্ত্রিমহাশয় পরিষ্কারভাবেই উত্তর দিয়েছেন, কারণ প্রশ্নটিতে যেরূপ ছিল আমি তা আর এক বার বলছি, প্রশ্নে ছিল যে মাননীয় মন্ত্রিমহাশয়, বলবেন কি, ইহা কি সত্য বর্তমানে বহু জেলাতে জনসভার মাইক ব্যবহার করার জন্য এস ডি ও-র অনুমতি লইতে হয়। তার উত্তরে জানান হয়েছে—'জেলা ম্যাজিস্ট্রেট বা এস ডি ও বা যে কোন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দরকার বিবেচনা করিলে মাইকের ব্যবহার নিষিদ্ধ করিয়া আদেশ দিতে পারেন এবং ইহা ব্যবহার করিতে হইলে তাহাদের অনুমতি লইতে হয়। তার পরে জিজ্ঞাসা করা হয়েছে—'ইহা সত্য হইলে কোন্ কোন্ জেলায় এই আইন বর্তমান? তার উত্তরে বলা হয়েছে—'আইন সব জেলাতেই বর্তমান। তবে এই আইনের বলে মুর্শিদাবাদ, পুরুলিয়া, হাওড়া, মেদিনীপুর, বাঁকুড়া, নদীয়া, হুগলী, কুচবিহার, পশ্চিম দিনাজপুর, বর্ধমান ও দার্জিলিং জেলার জেলা ম্যাজিস্ট্রেট মাইক সম্বন্ধে নিষেধাজ্ঞা দিয়াছেন। তার সঙ্গে জিজ্ঞাসা করা হইয়াছেঃ কবে হইতে এই আইন চালু করা হইয়াছে এবং কেন? আমরা তার উত্তরে বলেছি—১৬-১০-৬৩ তারিখে পুলিশ অর্ডিন্যান্স ১৯৬৩ পাশ হইবার পর হইতে, এই অর্ডিন্যান্স পরে বিধানসভার দ্বারা আইনে পরিণত হইয়াছে, মাইক, লাউড স্পীকার প্রভৃতির যথেচ্ছ ব্যবহার জনস্বার্থের খাতিরে নিয়ন্ত্রিত করার জন্য। সুতরাং এখানে পরিষ্কার সব বলা হয়েছে।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ আমার প্রশ্ন ছিল এস ডি ও-এর কাছে ক্ষমতা দিচ্ছেন ভাল কথা কিন্তু এস ডি ও নিজে কিছু করেন না সমস্ত জিনিষটাই থানায় পাঠিয়ে দেন, থানার দারোগাবাবুর অভিরুচী হলে তিনি বলেন অ্যালাউ, আর যদি অভিরুচী না হয় তাহলে বলেন নন-অ্যালাউ।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় সদস্য ঠিক কথাই বলেছেন, আমরা সমস্ত দায়িত্ব প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট—জেলা ম্যাজিস্ট্রেট হতে পারেন, মহকুমা ম্যাজিস্ট্রেট হতে পারেন বা কোন ডেপুটি ম্যাজিস্ট্রেট হতে পারেন, প্রথম শ্রেণীর ক্ষমতা যার হাতে তার কথা শুনে থাকি এবং আলটিমেটলী রেসপন্সিবিলিটি সেই জেলা ম্যাজিস্ট্রেট-এর।

শ্রীগোপাল ব্যানার্জিঃ ও'রা বললেন যে ২৪-পরগনায় এ আইন চালু করা হয় নি এটা কি সত্য যে ২৪-পরগনা জেলায় বিভিন্ন অঞ্চলে মাইকের পারমিশন না নিয়ে মাইক ব্যবহার করলে পুলিশ তাদের গ্রেপ্তার করে?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ আমি আসল জিনিষটা বার বার বোঝাবার ব্যর্থ চেষ্টা করছি, জিনিষটা হচ্ছে এই যে আইনটা বাংলাদেশে সর্বত্র চালু হয়েছে এবং মাইক ব্যবহার করতে গেলে অনুমতি নিতে হয়, যদি কেউ মাইক ব্যবহার করেন এবং তার জন্য জেলা ম্যাজিস্ট্রেটএর কাছে পারমিশন নেওয়াদরকার এবং নিয়েছে এরূপ খবর আমাদের কাছে আছে, তবে ২৪-পরগনা জেলার কোথাও নিষেধাজ্ঞা বলবত নেই বলে আমার জানা নেই।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে ১৬-১০-৬৩ যে অর্ডিন্যান্স করেন এবং আইনসভায় আনেন কিন্তু কি এরূপ পরিস্থিতি হল যে অর্ডিন্যান্স জারী করতে হল এবং আইনে পরিণত করতে হল?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এ প্রশ্ন থেকে এই সাপ্লিমেন্টারী উঠে না।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ আমাদের কর্পোরেশনের নির্বাচনে মাইক ইউজ করতে দেওয়া হয় নি— এ ধরণের বহু অভিযোগই আমরা করেছি, এবিষয়ে দেখবেন কি?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ আমরা কর্পোরেশনের নির্বাচনে বাম, ডান উভয় পক্ষের কমিউনিস্টদের ইউ সি সি ইত্যাদি সকল বাম পন্থীকেই আমরা মাইক ইউজ করতে দিয়েছিলাম।

Supply of Wheat to Bakeries

***450.** (Admitted question No. *2521.)

শ্রী[illegible] রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার রেশন বহির্ভূত অঞ্চলে গম ও গমজাত দ্রব্যের অভাবে বেকারীগুলি বন্ধ বা প্রায় বন্ধ হওয়ার উপক্রম হইয়াছে এবং তাহাতে কয়েক হাজার ব্যক্তি বেকার হইয়া পড়িয়াছে;

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন; এবং

(গ) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কয়টি "বেকারী" আছে এবং গত জানুয়ারী মাস হইতে বর্তমান সময় পর্যন্ত কোনটির জন্য কত কুইন্টাল গম দেওয়া হইয়াছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ইহা সত্য যে পর্যাপ্ত পরিমাণ ময়দা সরবরাহ না হওয়ায় পশ্চিমবঙ্গে এইরূপ কতকগুলি বেকারীর সুষ্ঠু কার্যে বাধা পড়িয়াছিল। তবে কোন ব্যক্তি বেকার হইয়াছে এ সংবাদ সরকারের নিকট আসে নাই।

(খ) এ বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন এবং অবস্থার উন্নতি আশা করা যায়।

(গ) মুর্শিদাবাদ জেলায় ১৪০টি বেকারী আছে। উক্ত সময়ে ঐ বেকারীগুলিকে প্রদত্ত গমজাত দ্রব্যের পরিমাণ এতৎসংলগ্ন বিবরণীতে দেখান হইল।

Statement referred to in reply to clause (Ga) of starred question No. 450.

Statement of distribution of Flour and Atta to the Bakeries from January to March, 1965 in respect of Murshidabad district.

Serial No.	Name of proprietor.	Name of Bakery.	January. Flour.	January. Atta.	February Flour.	February Atta.	March. Flour.	March. Atta.
			Bags.	Bags.	Bags.	Bags.	Bags. & Kgs.	Bags.
1	Sri Sudhir Kumar Saha	Radha Bakery	5	..	3	2	4½	..
2	Sri Himangsu Choudhury	Sri Durga Bakery	4	..	2½	1½	3½	..
3	Sri Haripada Mitra	Diamond Bakery	4	..	2½	1½	3½	..
4	Sri Surendra N. Saha	Fancy Bakery	4	..	2½	1½	3½	..
5	Sri Gour Chandra Pal	Paulson Bakery	4	..	2½	1½	3½	..
6	Sri Dhirendra B. Das	Chattagram Bakery	3	..	2½	1	3	..
7	Sri Biswanath Biswas	Biswanath Bakery	2	..	1¾	¼	2	..
8	Sri Rakhal Chandra Baidya	Bharat Bakery	2	..	2	..	2 10½	
9	Sri Jitendra Nath Dey	New Bharat Bakery	2	..	1¾	¼	2 3	..
10	Sri Bipradas Mondal	Santi Bakery	2	..	1¾	¼	2 3	
11	Srimati Sailabala Debi	Goswami Bakery	2	..	1¾	¼	2 3	.
12	Sri Kamala K. Phani	New Bakery	2	..	1¾	¼	2 3	
13	Sri Laxman Kr. Das	Laxmi Bakery	2	.	1¾	¼	2 3	..
14	Sri Pasupati Saha	New Fancy Bakery	2	..	1¾	¼	2 3	..
15	Sri Muktalal Chatterjee	Mukta Bakery	2	..	1¾	¼	2 3	..
16	Sri Ganesh Chandra Ghosh	Kamala Bakery	1	..	1	..	2 3	..

Statement referred to in reply to clause (Ga) of starred question No. 450.

Statement of distribution of Flour and Atta to the Bakeries from January to March, 1965 in respect of Murshidabad district.

Serial No.	Name of proprietor.	Name of Bakery.	January. Flour.	January. Atta.	February. Flour.	February. Atta.	March. Flour.	March. Atta.
			Bags.	Bags.	Bags.	Bags.	Bags.	Bags.
17	Sri Makhan Ghosh ..	.. Ajanta Bakery ..	1	..	1	..	1	..
18	Sri Gopal Chandra Bhowmik	.. Pamd Road Bakery ..	1	..	1	..	1	..
19	Sri Haranath Dutta ..	.. Cossimbazar Bakery ..	1	..	1	..	1	..
20	Sri Md. Bhula Sk. ..	.. Rooti Mahal Bakery ..	1	..	1	..	1	..
21	Sri Sanu Sk. ..	.. Do. ..	1	..	1	..	1	..
22	Sri Noor Md. Sk. ..	.. Baganpara Bakery ..	1	..	1	..	1	..
23	Sri Nuru Sk. ..	.. Gorabazar Bakery ..	1	..	1	..	1	..
24	Sri Abul Sk.	.. Do.	1		1	..	1	..
	Beldanga.							
1	Sri Akshay Kr. Saha ..	.. Ananda Bakery ..	..	..	..	..	2	..
2	Sri Brindaban Biswas ..	.. Beldanga	..	..	..	..	2	
3	Sri Manwar Ali Khan ..	.. Do.	..	..	..	..	3	..
4	Sri Makhan Lal Ghose	.. Do.	..	..	..	..	2	..
5	Sri Kalipada Das ..	.. Harejnagar ..	..	..	..	..	1	
6	Sri Anandagopal Das	.. Do.	..	..	..	..	1	..
7	Sri Raikamol Das ..	.. Do.	..	..	..	..	2	..

8	Sri Rahitswa Biswas	Harejnagar Bakery	..	..	..	—	..	2	..
9	Sri Sk. Allarakha	Surulia	..	..	..	—	..	1	..
10	Sri Anil Kumar Das	Domkal Bakery	..	—	..	—	..	2	—
11	Sri Ajit Kumar Debnath	Jallangi	..	..	..	..	..	2	—
	Lalbagh Subdivision								
1	Sri Nirode Chandra Das Gupta	Lalbagh Bakery	..	..	..	..	..	20	—
2	Sri Sree Guru Bakery	Do.	..	..	..	..	..	8	—
3	Sri Bholanath Saha	Do.	..	..	..	..	..	4	—
4	Sri Haton Sk.	Do.		..	..	—	..	3	—
5	Sri Ramjan Sk.	Do.	..	..	—	—	..	3	—
6	Sri Pariakhit Kar	Chunakhali Bakery	..	..	—	..	..	5	—
7	Sri Jaihari Pal	Balirghat Bakery	..	..	..	—	—	3	—
8	Sri Harimangal Pal	Do.	..	..	..	..	..	3	—
9	Sri Mahadeb Pal	Do.	..	..	..	—	..	3	—
10	Sri Sudhangsu Bimal Talukdar	Jiaganj Bakery	..	..	..	..	..	13	—
11	Sri Radhashyam Saha	Do.	..	..	..	..	..	12	..
12	Sri Subodh Kr. Mondal	Do.	..	..	..	..	..	8	..
13	Sri Abani Kumar Das	Ajimganj	..	..	..	..	..	4	..
14	Sri Nirmalendu Das	Lalgola	..	..	..	3	..	7	..
15	Sri Rahani Ranjan Choudhury	Do.	..	..	..	1	..	2	..
16	Sri Suresh Chandra Dutta	Do.	..	..	..	2	..	3	..
17	Sri Bibhuti Bhusan Roy	Do.	..	..	..	1	..	2	..

Statement referred to in reply to clause (Ga) of starred question No. 450.

Statement of distribution of Flour and Atta to the Bakeries from January to March, 1965 in respect of Murshidabad district.

Serial No.	Name of proprietor.	Name of Bakery.	January.		February.		March.	
			Flour.	Atta.	Flour.	Atta.	Flour.	Atta.
18	Sri Sambhu Nath Das	Lalgola Bakery	..	..	1	..	3	..
19	Sri Laxmipada Das	Do.	..	..	2	..	3	..
20	Sri Arun Kumar Poddar	Bhagawangola Bakery	..	..	..	..	..	..
21	Sri Sudhir Kumar Saha	Do.	..	..	..	..	12	..
22	Sri Nitya Gopal Das	Nabagram Bakery	—	—	—	..	3	..
23	Sri Subal Chandra Das	Panchgram Bakery	..	..	—	..	4	..
	Kandi Subdivision.							
1	Sri Abul Mannan	Salar Bakery	9	—	2	2	2	4
2	Sri Niltaran Das	Do.	9	..	2	2	2	4
3	Sri Bijoy Kumar Das	Do.	9	—	2	2	2	4
4	Sri Distar Sk.	Madaipur Bakery	6	—	1	2	2	4
5	Sri Panchkari Das	Bharatpur Bakery	9	—	2	2	4	4
6	Sri Bhupati Bhusan Das	Do.	6	..	2	2	2	4
7	Sri Jadu Nath Das	Khargram Bakery	12	—	2	2	3	4
8	Sri Ajit Kumar Das	Nutanhat Bakery	12	..	3	2	2	5
9	Sri Amiya Kumar Das	Do.	12	..	3	2	2	5
10	Sri Durgesh Chandra Das	Panchthupi Bakery	8	..	2	2	2	4

11	Sri Faring Chandra Das ..	.. Do. ..	.. 7	..	2	2	2	4
12	Sri Nirmal Chandra Das	.. Kalabagan ..	18	..	5	4	5	7
13	Sri Abani Kr. Das ..	.. Puratan hat (New)	..	..	2	2	2	4
14	Tabarak Sk. ..	.. Kandra Bakery (New)	..	..	..	..	1	2
	Jangipore Subdivision.							
1	Sri Jagannath Das ..	.. ....	..	..	2	..	1	..
2	Sri Pramadendu Das ..	.. ....	..	..	2	..	1	..
3	Sri Kashinath Das ..	.. ....	..	..	1	..	1	..
4	Sri Narendra Nath Roy	.. ....	..	..	1	..	1	
5	Sri Chunilal Das ..	.. ....	..	..	2	..	1	..
6	Sri Sahid Mahammad Sk.	.. ....	..	..	2	..	1	..
7	Sri Abdul Jalil Sk. ..	.. ....	..	..	2	..	1	..
8	Sri Korban Sk. ..	.. ....	..	..	2	..	1	..
9	Sri Altab Hossain ..	.. ....	..	..	1	..	1	..
10	Sri Gouri Sankar Boral	.. ....	..	..	2	..	..	..
11	Sri Charan Das ..	.. ....	..	..	1	..	1	..
12	Sri Parimal Chandra Das	.. ....	..	..	1	..	1	..
13	Sri Mahadeb Chandra Das	.. ....	..	..	1	..	1	..
14	Sri Probhat Kumar Das	.. ....	..	..	1	..	1	..
15	Sri Panchanan Das ..	.. ....	..	..	1	..	1	..
16	Sri Narayan Chandra Das	.. ....	..	..	..	..	1	..
17	Sri Kanai Lal Das ..	.. ....	..	..	1	..	1	..

Statement referred to in reply to clause (ga) of starred question No. 450.

Statement of distribution of Flour and Atta to the Bakeries from January to March, 1965 in respect of Murshidabad district.

Serial No.	Name of Proprietor.	Name of Bakery.	January.		February.		March.	
			Flour.	Atta.	Flour.	Atta.	Flour.	Atta.
18	Sri Sakhawat Hossain ..	Kandra Bakery (New)	..	..	1	..	1	..
19	Sri Aswini Kumar Das ..	....	..	..	1	..	1	..
20	Sri Dulu Pada Das	....	..	..	1	..	1	..
21	Sri Nakul Chandra Das ..	....	..	..	1	..	..	..
22	Sri Chaityna Kumar Das ..	....	..	..	1	..	..	..
23	Sri Chandbadan Das	....	..	..	1	..	..	..
24	Sri Phani Bhusan Das	....	..	..	1	..	..	..
25	Sri Sripati Mohan Das ..	....	..	..	1	..	..	..
26	Sri Sasti Charan Das	....	..	..	7	..	..	..
27	Sri Laxmi Narayan Pramanik ..	....	..	..	1	..	..	..
28	Sri Sankar Kumar Das ..	....	..	..	1	..	..	..
29	Sri Patu Das	....	..	..	1	..	..	..
30	Sri Sushil Kumar Das ..	....	..	..	1	..	..	..
31	Sri Parikhit Das	....	..	..	1	..	..	..
32	Sri Priya Nath Das	....	..	..	1	..	..	..
33	Sri Madan Mohan Das ..	....	..	..	1	..	..	..
34	Sri Binoy Kumar Das ..	....	..	..	1	..	..	..

35	Sri Sadhu Lal Das ..	..	....	..	..	1	..	..	..
36	Sri Pabitra Ranjan Das	..	....	..	..	1	..	..	..
37	Sri Shibratan Das ..	..	....	..	..	1	..	..	..
38	Sri Lalchand Das ..	..	....	..	..	1	..	..	..
39	Sri Kantalal Das ..	..	....	..	..	1	..	..	..
40	Sri Birenchandra Das ..	..	....	..	..	1	..	..	..
41	Sri Sudhir Kumar Das	..	....	..	..	1	..	..	..
42	Sri Ajit Kumar Das ..	..	....	..	..	1	..	..	..
43	Sri Bejoy Kumar Das	..	....	..	..	1	..	..	..
44	Sri Birendra Nath Das	..	....	..	..	1	..	..	..
45	Sri Nani Gopal Das ..	..	....	..	..	..	..	1	..
46	Sri Ashit Kumar Das ..	..	....	..	..	..	..	1	..
47	Sri Mahadeb Chandra Das	..	....	..	..	..	..	1	..
48	Sri Golak Behari Das ..	..	....	..	..	..	..	1	..
49	Sri Panchkari Das ..	..	....	..	..	..	..	1	..
50	Sri Joy Narayan Das	..	....	..	..	..	..	1	..
51	Sri Tarapada Das ..	}	New						
52	Sri Banamali Das ..	}	New						
53	Sri Abani Bhusan Das	}	New						
54	Sri Lakshm Narayan Das	}	New						
55	Sri Roy Charan Roy ..	..	....	..	..	..	..	2	..
56	Sri Srinandan Das ..	..	....	..	..	..	..	2	..

Statement referred to in reply to clause (ga) of starred question No. 450.

Statement of distribution of Flour and Atta to the Bakeries from January to March, 1965 in respect of Murshidabad district.

Serial No.	Name of proprietor.	Name of Bakery.	January.		February.		March.	
			Flour.	Atta.	Flour.	Atta.	Flour.	Atta.
57	Sri Abani Kumar Das	....	..	..	..	..	2	..
58	Sri Suchandra Das	....	.	..	..	..	1	..
59	Sri Sudhir Kumar Das	....	.	..	..	..	1	..
60	Sri Gobindalal Das	....	..	..	1	..	..	..
61	Sri Chhakarilal Das	....	..	..	..	..	1	..
62	Sri Shibram Das	....	..	..	..	..	1	..
63	Sri Sachindra Nath Das	....	..	..	..	..	1	..
64	Sri Anil Chandra Das	....	..	..	..	..	1	..
65	Sri Subal Chandra Das	....	..	..	..	..	1	..
66	Sri Nakauri Das	....	..	..	..	..	1	..
67	Sri Chhakari Lal Das	...	..	..	1	..	..	..
68	Sri Bankulal Das	...	..	..	1	..	..	..

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে গম এবং গমজাত দ্রব্যের বেকারী-গুলোর যে অবস্থা তাতে বাধাপ্রাপ্ত হচ্ছে, তাহলে এখন বাধা নেই কেন বলছেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ বাধা আছে তবে কতকাংশে অপসৃত হয়েছে।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ এই যে বেকারীদের ময়দা দিচ্ছেন এবং তাতে তারা যে পাউরুটী তৈয়ারী করছে তা কি কন্ট্রোল রেট-এ বিক্রী হচ্ছে?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ কন্ট্রোল রেট-এ বিক্রী হয় না বলে এরূপ সংবাদ আমাদের জানা নেই।

শ্রীনারায়ণ চোবেঃ আপনি বলেছেন যে বেকারীগুলো অসুবিধায় পড়েছিল তবে বেকার হয়েছে বলে সংবাদ নেই আপনি কি জানেন বেকারীগুলো বাধা প্রাপ্ত হয় বেকার সমস্যার সমাধান হচ্ছে না?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ বেকারী বেকার হতে পারে, কিন্তু কথা হচ্ছে সমস্ত বেকারী ১৫ দিনের ময়দা পেল না বলে লোকজনকে তাড়িয়ে দেয় নি, এটুকু মনুষ্যত্ব তাদের আছে।

শ্রীনারায়ণ চোবেঃ সরকার শুধু কালা নয়, কানাও হয়ে গেছেন, আজ অধিকাংশ বেকারী বন্ধ হয়ে গেছে এবং একটু আগে মুখ্যমন্ত্রিমহাশয় বললেন যে অসুবিধাগুলি কিছু পরিমাণে অপসৃত হয়েছে, এখন এই অপসৃত হবার পর কি পরিমাণ ময়দা দেওয়া বেড়েছে দয়া করে বলবেন কি?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ বর্তমানে যে প্রশ্ন সেটা হচ্ছে মুর্শিদাবাদ জেলার কথা। গোটা বাংলা দেশের কথা নয়। মুর্শিদাবাদ জেলায় এখন যে অবস্থা তাতে পূর্বের অবস্থা এর চেয়ে খুব বেশী পরিবর্তন হয়েছে বলে জানা নেই, তবে আমাদের অবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে।

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বলেছেন যে মুর্শিদাবাদ জেলা থেকে এধরনের কোনো স্মারকলিপি পান নি, আমি নিজে এই বেকারী সম্পর্কে দরখাস্ত মুখ্যমন্ত্রিমহাশয়কে দিয়েছি তবে তিনি স্মারকলিপি পান নি কেন বলছেন এবং এ সম্বন্ধে কলিং অ্যাটেনশন মোশন-এ বহরমপুরের কথা বলেছিলাম তার উত্তর পেয়ে গেছি যে ময়দা না থাকলে কোথা থেকে দেব। আমি জানতে চাই যে এই বেকারীগুলি বর্তমানে যে বেকার অবস্থায় আছে তার জন্য তাদের খয়রাতি সাহায্য দেবার কোন ইনস্ট্রাকশন দেওয়া হয়েছে কি?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এরূপ ইনস্ট্রাকশন দেবার কোন প্রয়োজন বোধ করি নি, জেলা ম্যাজিস্ট্রেট জানালে বিবেচনা করবো।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে কলকাতায় যে পাউরুটী হচ্ছে সে পাউরুটী হাজার হাজার পর্যন্ত মফঃস্বলে চলে যাচ্ছে এবং তাতে সরকারের কোন আপত্তি নেই অথচ মফঃস্বলে ময়দা পাওয়া যাচ্ছে না, এ সম্বন্ধে কিছু বলবেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ হাজার হাজার পাউন্ড যাচ্ছে কি লাখ লাখ পাউন্ড যাচ্ছে তা জানা নেই, কথা হচ্ছে এখন আমরা মোট পরিমাণ যে ময়দা দিচ্ছি সেটা আগের তুলনায় অনেক কম।

শ্রীনৃসিংহকুমার অধিকারীঃ আমি লালবাগ সাব-ডিভিশন-এ বেকারী অ্যাসোসিয়েশন-এর প্রেসিডেন্ট এবং বেকার অ্যাসোসিয়েশন-এর প্রেসিডেন্ট সেই হিসাবে আমার ইনট্রানজিক রাইট আছে, আমি জিজ্ঞাসা করছি যে বেকারীগুলিকে যে ময়দা দেওয়া হয় তা বন্ধ করে দেওয়া হয়েছে এবং এ সম্বন্ধে মুর্শিদাবাদের জেলা ম্যাজিস্ট্রেট-এর কাছে স্মারকলিপি দেওয়া হয়েছে, তাতে বলা হয়েছে যে এরূপ অবস্থা সৃষ্টি হয়েছে, এই সৃষ্টি হবার পর আপনারা কিছু পরিমাণ ময়দা দিয়েছিলেন, কিন্তু প্রশ্ন হচ্ছে যে এই যে ময়দা, এই ময়দায় যে বেকারীর টোটাল আউটপুট ছিল তাতে হয় না। প্রথম অ্যাসেসমেন্ট-এ যা করেছিলেন তাতে ওয়ান-টেন্‌থ অর ওয়ান-টুয়েনটিয়েথ আপনারা দিয়েছিলেন

[1-20—1-30 p.m.]

যার ফলে প্রাকটিক্যাল যে ফাংসান করার জন্য বেকারী সেই ফাংসানটা হচ্ছে না এবং একটা সেকশন আইডিল থেকে যাচ্ছে সেই জন্য মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে এই সমস্যা সমাধানের জন্য এই ময়দা দেবার জন্য আপনি মুর্শিদাবাদ জেলায় যে ব্যবস্থা করেছেন সেই ব্যবস্থাকে পুনর্বিবেচনা করে আরও বেশী পরিমাণে ময়দা এবং ঐ ধরণের যে সমস্ত জিনিস আছে সেগুলি দেবার কথা চিন্তা করছেন কিনা এবং আপনি কত তাড়াতাড়ি এর সমাধান করতে পারবেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় সদস্য যে কথা বললেন যে বেকারী সমস্যা আছে তা সমাধান করা নির্ভর করছে গমের উপর, মাননীয় সদস্যরা সকলেই জানেন যে ইউ এস এ থেকে আমাদের যা কিছু গম আনা হয় সেখানে স্ট্রাইক হয়েছিল বলে গম আসে নি—এখন জাহাজগুলি ধীরে ধীরে আসছে। আমি মনে করি আগামী মাস থেকে এই সমস্যার সমাধান হবে।

শ্রীদেবসরন ঘোষঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কলকাতার বেকারীদের প্রয়োজনীয় ময়দা সরবরাহ করার পর যদি উদ্বৃত্ত থাকে তাহলে কি মফঃস্বলের বিভিন্ন বেকারীকে এটা দেওয়া হয়?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এখানে উদ্বৃত্ত থাকার প্রশ্ন হচ্ছে না, কলকাতার বেকারীকে যে ময়দা সরবরাহ করা হয় তার এগেনস্ট-এ কুপন দিতে হয়, এখন আমি হয়তো ১,০০০ কুপন পেলাম আগামী সপ্তাহে আমার কাছ থেকে পাউরুটী নিয়ে গেল ৯০০ লোক কুপন দিয়ে তাহলে ১০০টা উদ্বৃত্ত রইলো—আগামী মাসে ৯ শত কুপনের এগেনস্ট-এ আমি ময়দা পাবো—

Categorisation of Ration Card-holders

***451.** (Admitted question No. *2603.)

শ্রীকানাই পালঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে আংশিক রেশন এলাকায় রেশন কার্ডের যে শ্রেণী বিভাগ করা হইয়াছে তাহা পরিবারের লোকসংখ্যার ভিত্তিতে না করিয়া কেবল পরিবারের আয়ের ভিত্তিতে করায় জনসাধারণ অসুবিধা ভোগ করিতেছে; এবং

(খ) অবগত থাকিলে, এই বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীসনৎকুমার রাহাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি যে গ্রামাঞ্চলে—ক শ্রেণীর কত রেট ইউনিয়ন বোর্ডে দিলে বা কত পরিমাণ আয় হলে 'ক' শ্রেণী করা হয়?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আট আনা পর্যন্ত চৌকিদারী ট্যাক্স দিলে।

শ্রীসনৎকুমার রাহাঃ বর্তমানে জেলা পরিষদ আইন প্রচলিত হওয়ার ফলে বহু জায়গায় আট আনা সর্বনিম্ন ছিল এখন ১, ১৷৷ বাড়ানো হয়েছে—এ বিষয়ে সরকারের কাছে এমন কোন সংবাদ কি আসে নি যে ১, ১৷৷ সর্বনিম্ন শ্রেণীর করা হোক?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ সরকার এ বিষয়ে বিবেচনা করছেন।

শ্রীকানাই পালঃ মন্ত্রিমহাশয় একথা কি জানেন যে মিউনিসিপ্যাল টাউনে যাদের ১ শত টাকা আয় সেই আয়ের ভিত্তিতে শ্রেণী বিভাগ হয়ে থাকে।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আয়ের ভিত্তিতে করা হয় মিউনিসিপ্যাল এলাকায়, একশত টাকা পর্যন্ত যাদের আয় তারা ক শ্রেণীর, আর ১৫০ টাকা যাদের তারা খ শ্রেণীর এবং তার উপরে গ শ্রেণী।

শ্রীকানাই পালঃ মন্ত্রিমহাশয় কি জানেন না যে এই আয় বিবেচনার ক্ষেত্রে যে পরিবারে অধিক সংখ্যক লোক আছে সেই সংখ্যাটা আদৌ গণনা করা হয় না।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আগেই বলেছি আয়ের উপর ভিত্তি করে করা হয় এবং ইউনিয়ন বোর্ডের ট্যাক্সের উপর হয়, সংখ্যা গণনা করা হয় না।

শ্রীনারায়ণ চোবেঃ মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি এই যে শ্রেণী বিভাগ হয়েছে কার্ডে তার ফলে ক খ গ কোন শ্রেণীর কার্ডে কি কি জিনিস পায় এবং কত এ্যামাউন্ট পায়?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ আমরা যখন শ্রেণী বিভাগ করি তখন আমাদের এই চালের কথাটা সবচেয়ে বড় করে দেখা দিয়েছিল, ক শ্রেণীর যারা অর্থাৎ যারা গরীব তাদের আমরা চাল দিতাম, এবং খ এবং গ কে কিছু গম দিতাম, পরে কোন কোন জায়গায় আমরা ক এবং খ কে চাল দিয়েছি গ কে চাল দিই নি শুধু গম দিয়েছি। তারপর যখন চিনি হোল—চিনির তারতম্য আছে—চিনির যে বন্টন যে যে জেলায় যে পরিমাণ চিনি যেতো কন্ট্রোলের আগে সেই অনুপাত অনুসারে মোট চিনি আমরা ভাগ করে দিতাম। কিন্তু আজকে যদি এক হাজার টন চায় এবং আমাদের যদি কোটা ১২ আনা হয়ে থাকে তাহলে আমরা এক হাজারের জায়গায় ৭৫০ টন দেবো এবং সেটা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট ভাগ করে দেন শ্রেণী হিসাবে। ক কে চিনি কম দেন খ কে তার চেয়ে বেশী দেন গ কে তার চেয়েও বেশী দেন।

শ্রীসুনীল দাশগুপ্তঃ মাননীয় স্পীকার মহাশয়, আমার যতদূর মনে হয়, মন্ত্রিমহাশয় এই প্রশ্নের সঠিক জবাব দেন নি—তিনি কিছু তথ্য গোপন করে গেছেন, কেন না তিনি বল্লেন যে গ্রামাঞ্চলে রেসন কার্ডের শ্রেণী বিন্যাস হয় ঐ চৌকিদারী ট্যাক্স কে কত দেয় তার উপর নির্ভর করে, কিন্তু আমরা জানি যে কুচবিহার জেলাতে ঐ চৌকিদারী ট্যাক্স......

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ যেখানে পঞ্চায়েৎ নেই সেখানে জমির উপর হয়।

শ্রীসুনীল দাশগুপ্তঃ কুচবিহার জেলায় জমির উপর করলেন কিসের ভিত্তিতে? সেখানে তো চৌকিদারী ট্যাক্স দেয়।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ আমাদের যখন শ্রেণী বিভাগ করা হয় তখন কুচবিহারে চৌকিদারী ট্যাক্স ছিল না।

শ্রী... রায়ঃ মন্ত্রিমহাশয় বললেন যে বর্তমানে পঞ্চায়েৎ আইন চালু হবার ফলে রেট বাড়ার দৃষ্টিভঙ্গিটা বিবেচনা করছেন—আমার বক্তব্য হচ্ছে বহুদিন থেকে এই শ্রেণী বিভাগ হয়ে আসছে এবং ১০০ টাকার নিম্নে যাদের আয় তাদের ক শ্রেণী করেন। আপনি বৈজ্ঞানিক ভিত্তিতে মাথাপিছু গড় আয়ের ভিত্তিতে একটা শ্রেণী বিভাগ করার কথা বিবেচনা করবেন কিনা?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ বিবেচনা করা নিশ্চয়ই যায়, আপত্তি নেই—কিন্তু একটা মুস্কিল আছে, আমরা যে হিসাবের ভিত্তিতে শ্রেণী বিভাগ করেছিলাম তার একটা মূল কারণ ছিল চাল—যারা গরীব তাদের কিছু চাল দিতে পারি কিনা, এখন যেহেতু রেটের পরিমাণ বেড়ে গেছে সেজন্য আমরা বেশী দূর পর্যন্ত রেট যারা দিচ্ছেন তাদের কথা বিবেচনা করছি।

শ্রীসুনীল দাশগুপ্তঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে মুখ্যমন্ত্রী ঠিক বলেন নি—তিনি জানেন না—আমি কুচবিহারের পুরানো লোক, আমি জানি যে কুচবিহারের বহুদিন থেকে চৌকিদারী ট্যাক্স চালু আছে। আমার প্রশ্ন হচ্ছে কেন কুচবিহারে বৈশম্যমূলক ব্যবস্থা করলেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ আমার যতদূর জানা আছে, আমাদের অন্যান্য জায়গায় যেমন ইউনিয়ন বোর্ড ছিল—কুচবিহারে ইউনিয়ন বোর্ড ছিল না—এবং না থাকার ফলে সেখানে জমির পরিমাণের উপর ভিত্তি করে শ্রেণী নির্ধারণ করেছি এবং তাতে কিছু অন্যায় হয় নি।

শ্রীসুনীল দাশগুপ্তঃ মাননীয় স্পীকার মহাশয়, এখানে পঞ্চায়েৎ সিসটেম চালু হয়েছে কিছুদিন আগে—কিন্তু কুচবিহারে আমাদের মহারাজার আমলে এ্যাপয়েন্টেড পঞ্চায়েৎ ছিল, তাকে কালেক্টিং পঞ্চায়েৎ বলতো—এবং তারা চৌকিদারী ট্যাক্স আদায় করতো। যেখানে কুচবিহারে এই চৌকিদারী ট্যাক্স চালু ছিল সেখানে সেটাকে ভিত্তি না করে ঐ জমির উপর রেসন কার্ডের শ্রেণী বিন্যাস করে অধিকাংশ লোককে রেসন নেওয়া থেকে বঞ্চিত করছেন কেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এটা ঠিক কথা নয়, সেখানে অধিকাংশ লোককে ক শ্রেণীভুক্ত করা হয়েছে।

Tube-wells in Midnapore district

***482.** (Admitted question No. *2627.)

শ্রী... দাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে মেদিনীপুর জেলায় উন্নয়ন পরিকল্পনায় কতগুলি নলকূপ বসান হইবে; এবং

(খ) ঐ চূড়ান্ত নির্ধারণ কিভাবে এই বৎসর করা হইয়াছে?

[1-30—1-40 p.m.]

Shri Smarajit Bandyopadhyay: This question may kindly be held over.

Mr. Speaker: This question is held over.

Supply of Ration to the Coal-Mine Labourers

***453.** (Admitted question No. *2632.)

শ্রীঅশ্বিনী রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কয়লা খনি শ্রমিকদের কর্মচারী সমবায় মাধ্যমে রেশন সরবরাহ হইতেছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) সংশোধিত রেশন প্রকল্পে ২২শে মার্চ পর্যন্ত যে সকল কর্মচারী সমবায় সংস্থা কয়লাখনি শ্রমিকদের রেশন সরবরাহ করিতেছে তাহার নাম কি; এবং

(২) বাকী খনিগুলির শ্রমিক ও কর্মচারীদের রেশন সরবরাহের কিরূপ ব্যবস্থা হইয়াছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) আসানসোল মহকুমার যেসমস্ত কয়লা খনিতে কর্মচারী সমবায় সমিতি রহিয়াছে সেখানকার শ্রমিকদের উক্ত সংস্থার মাধ্যমে র‍্যাশন সরবরাহ করা হয়, পুরুলিয়া জেলার কয়লা-খনি অঞ্চলে এইরূপ কোন সমবায় সমিতি নাই।

(খ) (১) আসানসোল মহাকুমায় এইরূপ সমবায় সংস্থাদের নাম এতৎসংলগ্ন তালিকায় দেখানো হইল।

(২) যে সমস্ত কয়লাখনিতে এইরূপ সমবায় সমিতি নাই সেখানকার শ্রমিক ও কর্মচারীদের স্থানীয় এম-আর-সপ্ হইতে যথাযোগ্য র‍্যাশন সরবরাহ করা হয়।

Statement referred to in reply to clause (Kha)(1) of starred question No. 453.

কয়লাখনি কর্মচারী সমবায় সমিতিগুলির নাম

1. Sitalpur Jombad Colliery Co-opt Stores.
2. Ramnagar Colliery Co-opt Stores.
3. Modhujora Coal Co.
4. Banksimulia Group Colliery Co-opt Stores.
5. Gazdar Kajdra Colliery Co-opt Stores.
6. Chinakury Colliery Co-opt Stores.
7. Moira Colliery Co-opt Stores.
8. Sodepur Colliery Co-opt Stores.
9. Modern Stagram Colliery Co-opt Stores.
10. Victoria Colliery Co-opt. Stores.
11. Poidy Colliery Co-opt Stores.
12. Ninga Colliery Co-opt Stores.
13. Sripur Colliery Co-opt Stores.
14. Ponidi Workshop S.S.S.S.
15. A. B. Pits Jamuria 7+8 pits.
16. Jote Dhemo and Pure Sitalpur Colliery.

17. Jambad Selected Colliery Co-opt Stores.
18. Khas Kajora Colliery Employees Co-opt Stores.
19. South Samla Colliery E. C. M. Stores Ltd.
20. Selected Kajora Jambad Colliery Co-opt Stores.
21. Searsol Colliery Co-opt Stores.
22. Ratibati Colliery Co-opt Stores.
23. Damodar Colliery Co-opt Stores.
24. Girimint Colliery Co-opt Stores.
25. Samla Mandasbari Co-opt Stores.
26. East Satgram Colliery Co-opt Stores.
27. Sanctoria Colliery Co-opt Stores.
28. Damra Colliery Co-opt Stores.
29. Parasia and S. Parasia Employees Co-opt Stores.
30. Bejdih Colliery Co-opt Stores.
31. Sodepur Workshop Co-opt Stores.
32. New Kenda Colliery Co-opt Stores.
33. Panchipur Colliery Co-opt Stores.
34. Coal & Mineral Syndicate Ghusick Colliery Co-opt Stores.
35. North Brook Colliery Co-opt Stores.
36. Chapai Colliery Co-opt Stores.
37. East Nimcha Colliery Co-opt Stores.
38. Samal Colliery Co-opt Stores.
39. Chora Colliery Co-opt Stores.
40. Goenka Kajora Colliery Co-opt Stores.
41. Adjoy Second Colliery Co-opt Stores.
42. Mithani Colliery Co-opt Stores.
43. Nageswar Colliery Co-opt Stores.
44. Sheetalpur Colliery Co-opt Stores.
45. Patmohana Colliery Co-opt Stores.
46. Banksimulia Colliery Co-opt Stores.
47. Victoria West Colliery Co-opt Stores.
48. Bhanora Colliery Co-opt Stores.

Shri Aswini Roy:

আপনি যে তালিকা ঐ (খ) প্রশ্নের উত্তরে দিয়েছেন, তাতে দেখা যাচ্ছে যে ঐ সব কোলিয়ারীতে মোটামুটিভাবে আপনাদের সমবায়ের মাধ্যমে রেশন-শপ দেওয়া হচ্ছে। কোলিয়ারীর মোট সংখ্যা কোন কিছু জানা আছে কিনা আসানসোল মহকুমায়?

Shri Smarajit Bandyopadhyay:

না। সমবায় যেখানে নেই, সেখানে রেশন এম, আর, শপের মাধ্যমে দেওয়া হয়।

Shri Aswini Roy:

এই সমবায় সমিতি গঠন করবার ব্যাপারে আপনি জানেন তো যে কোলিয়ারীর মালিক যদি শ্রমিকদের প্রয়োজনীয় সাহায্য না করেন, তাহলে সমবায় সমিতি করা যায় না। এখন এই ব্যাপারে সরকার কোন উদ্যোগ নিচ্ছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

যেখানে সমবায় করা যায়নি, সেখানে মডিফায়েড রেশান-এর দোকান থেকে সরবরাহ করা হয়।

Shri Gopikaranjan Mitra:

সমবায় বা এম-আর-শপ ছাড়া কোলিয়ারীর মালিকরা "কোটা" নেয় কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

তা বলতে পারবো না।

Cultivation of Barui Grass

***454.** (Admitted question No. *2671.)

শ্রীঅনঙ্গমোহন দাশঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা প্রভৃতি কোন থানায় কত জমিতে বারুই ঘাসের চাষ হয়; এবং

(খ) উক্ত জমিগুলিতে খাদ্যশস্য উৎপাদন করার কোন ব্যবস্থা হইতেছে কি না?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) চন্দ্রকোণা থানায় ১০০ একর জমিতে, সালবনী থানায় ১৬০৯ একরে, গড়বেতা থানায় ৩৫৬০ একরে, গোপিবল্লভপুর থানায় ৩৫ একরে, নয়াগ্রাম থানায় ২০০০ একরে, বিনপুর থানায় ২৯৯ একরে এবং জামবনি থানায় ১২৫ একর জমিতে বাবুই ঘাস (Sabai Grass) চাষ হয়।

(খ) মেদিনীপুর জেলার চন্দ্রকোনা থানায় ১৭৫ একর জমির মধ্যে কেবল ৭৫ একর জমিতে সেচের সুবিধা ও ভূমি উন্নয়ন দ্বারা ধান চাষের জমিতে পরিবর্তিত করা হইয়াছে।

অন্যান্য জমিগুলিতে অন্য ফসল ফলাইবার চেষ্টা করা অর্থকরী হইবে না।

Shri Ananga Mohan Das:

আপনি বলছেন প্রথম দিকে ১৭৫ একর জমিতে বাবুই চাষ হতো, পরে অবশ্য ৭৫ একর জমি সেচের জল পাবার জন্য সেখানে বাবুই চাষ হয় না। বাকী জায়গাতে সেচের ব্যবস্থা করা যায়নি। ডিপ টিউবওয়েল করে বাবুই চাষ করার বদলে খাদ্যশস্য ফলানোর ব্যবস্থা আপনি করবেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

কংসাবতী খালের জল যেখানে আসবে, সেখানে ধান চাষ করা সম্ভব হবে। ডিপ টিউবওয়েল এখন পর্যন্ত সাকসেসফুল হয়নি।

Shri Ananga Mohan Das:

ডিপ টিউবওয়েল সেখানে না করে অন্য কোন প্রকারে বাঁধ দিয়ে জঙ্গলের জল যেটা নেমে আসে, তা বাঁধ দিয়ে ঘেরাও করে রেখে সেই জল দিয়ে ধান্ চাষের কোন ব্যবস্থা করবেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

আমি নিজে দেখেছি ওখানে বাঁধ করে করা সম্ভব নয়; কোন রকম সুবিধা তাতে হয় না।

Adjournment Motion

Mr. Speaker: I have received notice of an Adjournment Motion from Shri Jyoti Basu upon the alleged interference of a Minister of the State Government in free cultural activities. I have withheld my consent.

শ্রীজ্যোতি বসু: মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার রিকনসিডারেশান-এর জন্য দু একটি কথা বলতে চাই। আমাদের এদিক থেকে অপূর্ববাবু আগেই এটা উপস্থিত করেছে যে, স্টার থিয়েটার-এ শ্রীবিমল মিত্রের লেখা "একক দশক শতক" নাটক তরুনবাবু একদিন দেখতে গিয়েছিলেন। সে নাটকে একটি চরিত্র যেভ'বে দেখানো হয়েছে সেটা তাঁর পছন্দ হল না উনি মনে করলেন এটা কংগ্রেসের বিরুদ্ধে যাওয়া। তখন উনি ষ্টার থিয়েটার-এর যাঁরা কর্তৃপক্ষ তাঁদের এটা বদলে দেবার জন্য বললেন। ষ্টার থিয়েটার-এর কর্তৃপক্ষের কাছে খোঁজ নিয়ে জানলাম যে তাঁরা এটা বদলে দিয়েছেন। তরুণবাবু যদি ব্যক্তিগতভাবে অনুরোধ করতেন— যেটা তিনি সেদিন আমাদের বোঝাবার চেষ্টা করছিলেন যে, আমি ব্যক্তিগতভাবে অনুরোধ করেছি হুমকি দিই নি, তাহলে আমি কোন এডজরনমেন্ট মোশান আনতাম না। কারণ ব্যক্তিগতভাবে যদি কিছু বলেন আর কেউ যদি সেটা মেনে নেন তাহলে বলার কিছু নেই। যাই হোক, ষ্টার থিয়েটার-এর কর্তৃপক্ষ এটা মেনে নিয়েছেন এবং সেই চরিত্রটার সাজ-পোষাক সমস্ত বদলে দিয়েছেন। এতবড় একজন লেখকের বই তাঁরা বদলে দিলেন। তারপর আমি জানলাম যে যেহেতু তরুণবাবু এটা বলেছেন সেইহেতু তারা এটা মিনিষ্টার-এর বক্তব্য ; সরকারের বক্তব্য বলেই ধরে নিয়েছেন। আর ওখানে ওঁরা ব্যবসা করছেন তাঁদের এমন কোন আইডিওলজি নেই, এটা থাকলে তাঁরা কখনই মেনে নিতেন না। কিন্তু ওঁরা ব্যবসা করে খান, কাজেই, ওঁরা বলছেন সরকার পক্ষের কেউ যদি বলেন তাহলে সেটা মানতেই হবে, কারণ ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস আছে। তাঁরা বলছেন, মহাশয়, আমাদের এখানে ১৪০ জন চাকরি করে, তাদের চাকরি চলে যাবে। এটা বন্ধ হয়ে যাবে কাজেই আমরা এটা মেনে নিলাম। এখন তরুণবাবু সরকার পক্ষ অবলম্বন করে যদি এইরকমভাবে সাংস্কৃতিক জগতে ঢোকেন তাহলে বাংলাদেশের ফাসিজম-এ পোঁছাইতে আর কত দেরী আছে। এরকম ঘটনা ইতিপূর্বে হয়নি। আপনি জানেন এর আগে একটা আইন সরকারপক্ষ থেকে আনা হয়েছিল কিন্তু নাট্যকার, সাহিত্যিকদের পক্ষ থেকে প্রতিবাদ হওয়ায় তাঁরা সেই আইন আনলেন না। কোন আইন এখন নেই, কাজেই আপনার এভাবে বাধা দিতে পারেন না। কিন্তু তরুণবাবু, মন্ত্রী হিসাবে তাঁর যেটুকু পদমর্যাদা আছে সেটার অপব্যবহার করে তিনি ষ্টার থিয়েটারকে দিয়ে এরকম একটা কাজ করালেন। আজকে তাঁরা যদি এইভাবে আমাদের সাংস্কৃতিক জগতে হস্তক্ষেপ করেন তাহলে ফ্রি কালচার বলতে আর কিছুই থাকবে না। তাঁদের এটা পছন্দ না হতে পারে কিন্তু যে বইটা আছে তার বি করবেন? নাট্যকারকে তো অন্যভ'বে বন্ধ করলেন কিন্তু বইতেও তো সেই চরিত্র আছে যা স্টেজে এ দেখানো হয়েছে। সেইজন্য আপনি যদিও রিফিউজ করেছেন কনসেন্ট এটা হতে পারে আমি এটা মেনে নিতে পারি। আপনি হয়ত মনে করছেন যে এটা এমন কোন ব্যাপার না, কাল অবধি আমাদের হাউস আছে তবে কেন আপনি এডজরণ করতে বলছেন না এটা আলোচনা করবার জন্য। আমি মেনে নিচ্ছি। আমি ৫৯ ধারায় এটা এনেছিলাম এডজরণমেণ্ট মোসান মুলতুবি প্রস্তাব। সেটা যদি আপনার পছন্দ না হয় তাহলে আমি অনুরোধ করবো মন্ত্রী মহাশয় বা সরকারপক্ষের কেউ জবাব দিন, আর আপনি এটাকে কলিং এটেনসান হিসাবে ট্রিট করুন। এটার এক্ষুনি জবাব হোক। আর তা না হলে ২৮৫ ধারায় যাতে নো-ডে—ইয়োর নেমড কালকের মধ্যে এটা যদি করতে পারেন তাহলেও ভালো হয়। তা ছাড়া ১৯৪ ধারায়ও করতে পারেন—মেটার অফ আরজেন্ট পাবলিক ইমপরটেন্স হিসাবে অথবা ১৯৮ ধারায়। অবশ্য এটাই করলেই ভালো হয়, কারণ এতে সবাই ভীত সন্ত্রস্ত হয়ে যাচ্ছে। অবশ্য আর একটা ভালো জিনিস হয়েছে যে মানুষ এখন বদ্ধপরিকর হচ্ছে সাংস্কৃতিক জগতে এই সব প্রতিবাদ প্রতিরোধ করবার জন্য। তরুণবাবু কেন সরকারপক্ষ থেকে এই সব হাঙ্গামা করছেন সেটা জানতে চাই। উনি বলুন আমি এ অর্ডার দিইনি ওঁরা যেভাবে খুসী সেভাবে স্টেজ করতে পারেন।

Mr. Speaker:

মিঃ বাসু আপনি এটা একটা আলাদা কলিং এ্যাটেনসান দিয়ে দিন।

Shri Jyoti Basu:

কেন উনি তো এখনই জবাব দিতে পারেন।

Shri Tarun Kanti Ghose:

মাননীয় স্পীকার মহাশয়, বন্ধুবর জ্যোতিবাবু যে প্রশ্ন তুলেছেন তার উত্তরে বলতে চাই—উনি বইটা দেখেছেন কিনা জানিনা, আমাকে যদি বলতে দেন তাহলে সুবিধা হয়। জিনিষটা হচ্ছিল এই, একটি লোকের চরিত্র তাঁরা দেখাচ্ছিলেন। সে হচ্ছে ব্ল্যাক মার্কেটিয়ার, সে হচ্ছে দেশদ্রোহী। (এ ভয়েস—দেশদ্রোহী নয় আপনাদের মত দেশপ্রেমিক) এখানে সে লোকটি ব্রথেল রাণ করাচ্ছেন এবং [illegible] উপর অত্যাচার করছেন। এর চেয়ে খারাপ কাজ আর কি হতে পারে? এরকম একটা লোকের মুখ দিয়ে কি বলানো হচ্ছে, না, "আমি গান্ধিজীর শিষ্য।" তার পিছনে মহাত্মাজীর ছবিও রয়েছে, মাথায় গান্ধী টুপি এবং পরনে খদ্দর রয়েছে। এটা দেখে আমার মনে হোল এটা আমাদের জাতীয় সংগ্রামের প্রতীক এবং যে পোষাক নিয়ে করছে সেটা আমার কাছে খারাপ লাগল। আমি মুখ্যমন্ত্রীকে দিয়ে কিছু করাইনি, আমি জগন্নাথবাবু এবং বিজয়বাবুকে বল্লাম যে এই জিনিসটা দেখে এলাম। আমি তাঁদের আরও বল্লাম যে, আমার সংগে তাঁর আলাপ পরিচয় নেই, বাবার সংগে আলাপ আছে। তখন জগন্নাথবাবু বললেন আমার সংগে তাঁর আলাপ আছে, আমি ডেকে পাঠাচ্ছি। দেন উই ইনভাইটেড হিম। তিনি যখন আমার ঘরে এলেন তখন আমি তাঁকে বললাম আপনি আমাদের জাতীয় সংগ্রামের প্রতীক দিয়ে যে চরিত্রটি করছেন সেটা না করলেই পারতেন, এটা আমার কাছে খারাপ লাগল। আমি তাঁকে আরও বললাম, আপনি কংগ্রেসের বিরুদ্ধে, ফরওয়ার্ড ব্লক-এর বিরুদ্ধে, আর, এস, পি-র বিরুদ্ধে বলতে পারেন, কিন্তু যে জাতীয় পোষাক নেতাজী পরতেন, যে পোষাক পরে আমাদের দেশের লক্ষ লক্ষ লোক ইংরেজের বিরুদ্ধে সংগ্রাম করেছেন সেই পোষাক পরিয়ে একটা ব্যাড ক্যারেক্টার না করানোই উচিত ছিল এবং বিশেষ করে গান্ধীজীর ছবি পেছনে দিয়ে। তাঁকে যা বলেছি দ্যাট ওয়াজ জাস্ট এ মিয়ার রিকোয়েস্ট এ্যান্ড নাথিং এলস্।

[1-40—1-50 p.m.]

শ্রীজ্যোতি বসুঃ উনি যা বললেন তাতে আমার কথা হচ্ছে বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করবার সময় একজন খদ্দরধারীকে যদি এরকম করে চিত্রিত করা হোত তাহলে ওঁর কথাগুলি খাটত। তবে তখনকার দিনে এরকম করেছে বলে আমার জানা নেই। যাহোক, এখন কথা হচ্ছে এরকম লোক যদি থাকে এবং সাহিত্যিকরা যদি মনে করেন এরকম লোক আছে যারা গান্ধীজীর নাম ভাঙ্গিয়ে, খদ্দরের টুপি পরে কালোবাজারী করছে, সরকারের ট্যাক্স ফাঁকি দিচ্ছে, নানা রকম দুর্নীতি করছে এবং সেই চরিত্র অঙ্কন করে কোন লেখক যদি বই লেখেন বা সেই বই স্টেজ-এ তোলেন তাহলে তাঁকে কি করে আপনারা বন্ধ করবেন? তাঁরা আজ আপনাদের ভয়ে ভীত হয়ে এটা বন্ধ করেছেন, কিন্তু প্রশ্ন হচ্ছে এইভাবে যদি চলতে থাকে তাহলে স্বাধীন কালচার বলে আর কিছু থাকবে না, সরকারের চাপে পড়ে সব সর্বনাশ হয়ে যাবে। কাজেই আমি এর প্রতিবাদ করছি এবং উনি যে এক্সপ্ল্যানেসন দিয়েছেন সেটা মানতে পারছি না।

শ্রীনিখিল দাসঃ স্যার, জ্যোতিবাবু যে প্রস্তাব তুলেছেন তাতে তরুণবাবু বললেন উনি ব্যক্তিগতভাবে বলেছেন। কিন্তু ওঁরা মনে করেছে এটা সরকারীভাবে হয়েছে। কাজেই মুখ্যমন্ত্রী যদি বলেন এটা সরকারীভাবে হয়নি তাহলে ভাল হয়। ওঁরা সেই চরিত্র পাল্টে দিয়েছে, অর্থাৎ খদ্দরপরা যে চরিত্র ছিল সেটা ভয়ে পাল্টে দিয়েছে এবং তাঁরা মনে করেছেন এটা সরকারী সিদ্ধান্ত। কাজেই মুখ্যমন্ত্রী যদি বলেন এটা সরকারী সিদ্ধান্ত নয় তাহলে সাহস পেয়ে ওই চরিত্রকে তাঁরা আবার ঠিক পোষাক পরাতে পারেন। সুতরাং মুখ্যমন্ত্রী কিছু বলুন।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received two notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Abolition of small municipalities in West Bengal—by Shri Ananga Mohan Das, and

(2) Fictitious persons in Fire Services Department—by Shri Birendra Narayan Ray, Shri Monoranjan Bakshi, Dr. Radhakrishna Singha, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar, Shri Lakshmi Ranjan Josse, Shri Deo Prakash Rai and Shri Hrishikesh Halder.

I have selected the notice of Shri Birendra Narayan Ray and others on the subject of fictitious persons in Fire Services Department. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Jagannath Kolay: I shall make the statement on the 20th April, 1965.

Grievances of Nurses of the Medical College Hospital

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। অবশ্য স্বাস্থ্য মন্ত্রী থাকলে খুব ভাল হত, উনি শুনলাম অসুস্থ। যাই হোক মেডিকেল কলেজ নার্সিং হোস্টেলগুলিতে প্রায় ৩৫০ জন স্টাফ নার্স এবং ট্রেন্ড নার্স রয়েছেন। কিন্তু তাদের দুরবস্থার যে কথা শুনলাম তার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে তাদের খাওয়া দাওয়ার অত্যন্ত খারাপ অবস্থা, দৃষ্টি আকর্ষণ প্রস্তাবে আমি ডিটেলস বলতে পারছি না, এত খারাপ যে কল্পনা করাও যায় না। এই ব্যাপার নিয়ে সেখানে এক বিশৃঙ্খল অবস্থা দেখা দিয়েছে তাঁরা কিছুদিন আগে একটা মেমোরেন্ডাম পাঠিয়েছেন তার কোন জবাব পান নি, তা ছাড়া বাজেটে টাকা পয়সা ডি এ সকলেরই কিছু কিছু বেড়েছে কিন্তু নার্সদের ক্ষেত্রে কিছুই বাড়েনি। এ সম্পর্কে তাদের খাওয়া-দাওয়ার জন্য ডি এ ২ টাকা করে দেওয়া হয়, আজকালকার দিনে এই দু টাকায় কি হয়, অন্ততঃ তিন টাকা করে দেওয়া দরকার, ওয়াশিং চার্জ মাত্র ৫ টাকা মাসে, তাকে ধোবি চার্জ বলা হয়, তাদের স্পটলেস ক্লীন থাকতে হয়, তাই ৫ টাকায় মোটেই চলে না, তাদের দাবী হচ্ছে ১৫ টাকা দেওয়া হোক মাসে, তারপর কাজের সময় কি হবে? অন্যান্য জায়গার চেয়ে মেডিক্যাল কলেজে খাটুনি বেশী এ সম্পর্কে বলতে গিয়ে তাঁরা বলেছিলেন, অন্যান্য নার্স যত বেশী কাজে যোগ দেবে ততই তাদের কাজের সময় কম হবে। কিন্তু ব্যাপার দেখছি যে নার্সিং ইন্টারভিউ-র জন্য বহু লোক আসে, ২০ জনে একজনকে সিলেক্ট করা হয়, কাজেই নার্সিং-এর কাজে মেয়েরা এগিয়ে আসে না এটা ঠিক নয়, এই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে সরকার এ বিষয়ে তদন্ত করুন এবং হস্তক্ষেপ করুন এবং করে সুবিবেচনার আশ্বাস দেবেন, এটাই আশা করি।

Pakistan border situation

শ্রীহেমন্তকুমার বসু: আমি মেখলিগঞ্জ থেকে একটা টেলিগ্রাম পেয়েছি, এই টেলিগ্রাম চীফ মিনিস্টার, স্পীকার এবং কাগজের এডিটার এবং এম এল এ, এম এল সি-দের কাছে পাঠিয়েছে। আমি সেটা পড়ে দিচ্ছি।

Meckliganj people strongly resent Dacca High Commissioners conference decision and manner of its implementation Stop Large-scale evacuation from

Kuchlibari and other border areas and moral breakdown resulted stop Demand immediate enquiry by Assembly delegation.

এবিষয়ে কিছু বললে ভাল হয়—

Shri Amarendra Nath Roy Prodhan:

মুখ্যমন্ত্রিমহাশয় আশা করি এবিষয়ে কিছু বলবেন, মেক্‌লিগঞ্জের ঘটনা সম্বন্ধে কিছু বলবেন।

Shri A. H. Besterwitch: Sir, the Chief Minister did not think it advisable to take the House into confidence regarding his inspection of the border. All these wires are coming from Meckliganj and the people of the border are more or less in chaos at present. Still the Chief Minister has given us nothing as to what is his finding about the border. I would request him, through you, to let us know something about situation in the border which he was good enough to inspect.

শ্রীকমলকান্তি গুহ: আমি যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে—ডাহা গ্রামে যেভাবে আমরা নিজেরা নতি স্বীকার করেছি, পাকিস্থানীদের যেতে দিচ্ছি তার ফলে ঐ তিন বিঘার অপোজিটে কুচলিপাড়া গ্রাম থেকে, গ্রামের ভিতর থেকে লোক সরে যাচ্ছে টেলিগ্রাম আসছে, আজকে দেখতে পাচ্ছি এই অবস্থা বর্ডারে দাঁড়িয়েছে, সেটা সম্বন্ধে তিনি বলেছেন অ্যাসেম্বলী থেকে প্রতিনিধিদল গিয়ে ইনকুয়ারী করুন, এখন এই ইনকুয়ারী দরকার কিনা, তারা যে উদ্বেগ প্রকাশ করছে এর পেছনে কতটা যুক্তি আছে না আছে সে সম্বন্ধে যদি আমরা চীফ মিনিস্টারের কাছ থেকে শুনতে পারি তাহলে আমরা আশ্বস্ত হতে পারি, সেদিন উনি বলেছিলেন যখন আমরা সবাই গেছলাম তাঁর কাছে, গভর্নমেন্ট সীজ ফায়ার না করা পর্যন্ত আলাপ-আলোচনা হলনা, সেটা না হয়ে কি হল, আমাদের হাই কমিশনার পশ্চিমবঙ্গ সরকারকে না জানিয়ে ঢাকা চলে গেলেন, এক সঙ্গে যুক্ত বিবৃতি দিলেন, সীজ ফায়ার করলেন, এর ফলে পাকিস্তান দেখাল আমরা আগে চালিয়েছিলাম, আমরাও সমান দোষী, তারপর তাদের যেতে দেওয়া হল, তারপর পুলিশের এস পি অব রংপুর এক মাস থাকবেন দলবল নিয়ে, এ সম্বন্ধে লোক ভয় পাচ্ছে, কি হচ্ছে কি করবেন আমরা জানতে চাই।

[1-50—2 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এ ব্যাপারে আমি আপনাকে বলে এসেছিলাম বলে কয়েকটা কথা বলতে চাই। আপনি জানেন কয়েকদিন আগে মুখ্যমন্ত্রী বিভিন্ন পার্টির অপজিসান পার্টির নেতাদের ডেকেছিলেন সিজ ফায়ার-এর কথা যখন ওঠে তখন মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে যেটুকুন বুঝেছিলাম সেটা হচ্ছে হাউসের যে ওপিনিয়ন ছিল সেটা রিফ্লেক্ট হয়েছিল।

মিঃ স্পীকার: সেটাতো ক্যামেরায় হয়েছিল।

শ্রী[illegible] অধিকারী: আমি কোন রকম এডুকেশন করাই না।

মিঃ স্পীকার: সেটা ইন ক্যামেরায় হয়েছিল তখন এটা নিয়ে আলোচনা করছেন কেন?

শ্রী[illegible] অধিকারী: ইন ক্যামেরায় হয়েছিল এবং ইন ক্যামেরায় হবার পর কাগজে যে রিপোর্ট বেরিয়েছিল—আনন্দবাজারে রিপোর্ট—সেই রিপোর্ট অনুসারে বলছি তাতে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট-এর তরফ থেকে যে কথাটা কাগজে দেখেছি সেটা হচ্ছে যে আগে সিজ ফায়ার ফুল ফ্লেজেট মেনে নেবে তার পর ট্রানজিস ফেসিলিটিজ-এর কথা বলবে। এবং সেটা ব্যাজ বাই ব্যাজ হবে এবং কোন সময় ১০০ জনের বেশী নয়, একথাগুলি খুব যুক্তিসঙ্গত কথা ছিল কিন্তু দেখা যাচ্ছে যে সিজ ফায়ার যখন সই হয়েছে ঠিক সেই সময় পাকিস্তানের যারা অপুটি তাদের ভিসা দেওয়া হয়েছে সিজ ফায়ার সই হবার আগে, এর দ্বারা এটাই প্রমাণিত হচ্ছে আমাদের দোষ কম হয়েছে। আর একটা জিনিষ দেখা গেল ১০০ জনের ব্যাজ সব চেয়ে বেশী নম্বর যেটা তাঁরা বলতেন তার চেয়ে বেশী ছেড়ে দেওয়া হল—২ হাজার লোকের প্রসেসান চলে গেল পাকিস্তানে, সেখানে একটা এনক্লোজ ইন্ডিয়ান টেরিটরি আছে। তাদের একটা ভয় হওয়া স্বাভাবিক। এ নিয়ে অনেক কথা খবরের কাগজে উঠেছে যে মুখ্যমন্ত্রী খুব ক্ষুব্ধ হয়েছেন। আর কটা কথা জানা

দরকার, আমরা সেখানে উপস্থিত হয়ে তাদের এ কাজকে মোটামুটি অনুমোদন করেছিলাম সেখানে আমাদের না জানিয়ে সেন্ট্রাল যে অ্যাকসান নিয়েছেন সেটা যদি তিনি অনুমোদন করে থাকেন তাহলে তিনি আমাদের ডাকলেন কেন, আর যদি সেন্ট্রাল আমাদের কথা না শুনে করে থাকেন তাহলে আমাদের সত্যকারেরর স্ট্যান্ড কি সে বিষয়ে মুখ্যমন্ত্রী যদি একটা বিবৃতি দেন তাহলে উপকৃত হব।

Transfer of Sub-Jailor of Murshidabad

Shri Birendra Narayan Ray:

মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীকে একটা জিনিষের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে বলি। স্যার মুর্শিদাবাদ জেলার লালবাগ সাবজেল সম্বন্ধে আমি অনেক কথা আগে বলেছি সেখানে পাকিস্তানের বন্দী চলে গেছে। কিন্তু এখনও পর্যন্ত সেই অরাজকতা চলছে। আমার কাছে কয়েকটি ছবি আছে তাতে এসব দেখা যায়। এ সভায় যে ছবি দেখাচ্ছি এতে দেখা যায় যে গেটের ভিতর সাবজেলার হাঁস মুরগীকে পুষছেন এবং খাবার দিচ্ছেন। আর একটা ছবিতে দেখা যাচ্ছে যে হরিপদ পাল—হরিয়া তাকে দিয়ে জেলখানার বাইরে, যিনি নাকি আন্ডার ট্রায়াল প্রিজনার তাকে দিয়ে ঐ জেলের বাইরে গরু পোষান হচ্ছে। ঐ গরু একটা ৪০০।৫০০ টাকা দিয়ে কিনেছেন। আর একটায় দেখা যাবে যে বন্দীদের দিয়ে কাপড় জামা ইত্যাদি ধোয়ান হচ্ছে। আমি এর কারণ জিজ্ঞাসা করেছিলাম, তাতে আমি শুনলাম ঐ ভদ্রলোকের নাম হচ্ছে গৌরহরি মন্ডল, এই ভদ্রলোকের ফার্স্ট উইক অফ জানুয়ারীতে ট্রান্সফার করা হয়েছিল আর থার্ড উইক অফ মার্চ-এ আই জি বাই রেডিওগ্রামে ওকে টেলিফোন করেছিলেন, কিন্তু ভদ্রলোকের বাড়ী হচ্ছে বাঁকুড়া, বিষ্ণুপুর এবং আমাদের জেলমন্ত্রীর খুব পেয়ারের লোক। সেজন্য তাঁকে ট্রান্সফার করা হচ্ছে না এবং এরূপ হচ্ছে সেজন্য আমি এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Reduction in the supply of wheat

Shri Narayan Choubey:

আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমাদের ডিস্ট্রিক্ট-এ—মেদিনীপুর জেলাতে গমের ব্যাপারে বহুবার বলা হয়েছে, দয়া করে যা ১ কে জি করে গম দিতেন প্রতি হপ্তায় লোককে সেটাও কমে ½ কে জি হয়েছিল এবং এ হপ্তায় কমে ২৫০ গ্রাম করা হয়েছে। যখন আমেরিকা থেকে গম আনা আরম্ভ হয়ে গেছে দেখছি এবং এই মাত্র মুখ্যমন্ত্রী তা বললেনও যে আমাদের বাধা কিছু পরিমাণ অপসৃত হতে আরম্ভ হয়েছে, এখন আমাদের এই যে ১ কে জি থেকে ৫০০ এবং পরে ২৫০ গ্রামে নেমেছে যাতে এক হপ্তায় ১টা লোক ২৫০ গ্রাম গম খাবে এটার প্রতি আমি দৃষ্টি দিতে বলছি এবং দাবী করছি যে অবস্থা যখন ভাল হচ্ছে তখন ওখানে ব্যবস্থা অবলম্বন করুন তা না হলে হয়ত বিক্ষোভ দেখা দেবে।

Rise in rice-price in Nadia

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ মুখ্যমন্ত্রিমহাশয়ের একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি—তিনি ভাল করে এটা শুনুন। আমাদের জেলায় চালের দাম ৮০ পয়সা থেকে ১০০ পয়সায় বিক্রি হচ্ছে। চোরা বাজারেও পাওয়া যায় না এবং আমরা মনে করছি এই বৈশাখ মাসেই ১·২৫ কি ১·৩০ পয়সা হবে। রেশান সপে কোন সপ্তাহে চাল পাওয়া যায় কোন সপ্তাহে পাওয়া যায় না এবং যা দেওয়া হয় সেটা জঘন্য। আমি মুখ্যমন্ত্রীকে বলছি চৈত্র মাসের শেষে যদি এরূপ অবস্থা হয় তাহলে ভবিষ্যতে কি হবে এ বিষয়ে দৃষ্টি যেন তিনি দেন।

Pakistan border situation

শ্রীকমলকান্তি গুহ: এটাতে আমরা উদ্বেগ প্রকাশ করছি। দেশ যখন আক্রান্ত হয় তখন আমাদের ট্যাক্স বেশী দিতে হয়, চাঁদা দিতে হয়, দেশরক্ষার জন্য উন্নয়ন কাজ যাতে ব্যাহত না হয় কিন্তু আমরা দেখছি ভুলের মাসুল আমাদের বার বার এরূপভাবে দিতে হচ্ছে। পাকিস্তান এবং চীন আমাদের ঘাড়ের উপর রয়েছে আর এবিষয়ে আমরা কোন ডিসিসান নেব না, চুপ করে থাকবো এটা হয় না। এটা খুব গুরুতর ব্যাপার।

শ্রীহেমন্ত বসু: এ বিষয়ে একটা টেলিগ্রাম চীফ মিনিস্টার পেয়েছেন আপনিও পেয়েছেন।

মিঃ স্পীকার: ইউ আর দি সিনিয়ার মোস্ট মেম্বার, আপনি একটা আরজেন্ট ম্যাটার-এ অ্যাটেনসন ড্র করেছেন এবং আমিও আপনাকে বলার সুযোগ দিয়েছি
Because it is for the convenience of the members and it is required.
আমি প্রত্যেক বারই প্রত্যেককে অ্যালাউ করি—রোজ ৫।৭ জন করে যার যা থাকে তা বলার সুযোগ দিই
I am not disputing it.
আমি প্রত্যেককে অ্যালাউ করি
Members have got certain rights. Something should be ventilated; something should be brought to the notice of the Hon'ble Ministers.
সেজন্য আমি সব সময় অ্যালাউ করি এবং আজকেও সেভাবে অ্যালাউ করেছি। আপনারা একটা সিরিয়স ম্যাটার-এ সকলে মিলে অ্যাটেনসন ড্র করেছেন তারপর আরো কটা সাবজেক্ট হয়ে গেছে এবং তার পর আমি
next item call
করেছি
I am to learn it from you as the seniormost member.
এর পর আবার আপনারা এটা নিয়ে আলোচনা করবেন?

শ্রীকমলকান্তি গুহ: আপনার দৃষ্টি আকর্ষণ করে এটা বলতে চাই যে, আমরা দেখছি সেখানে খুব ক্ষতি হয়ে যাচ্ছে সুতরাং চীফ মিনিস্টার বলুন যে অবস্থা কি হয়েছে।

মিঃ স্পীকার: আপনারা তো অনেকবার অ্যাটেনসান ড্র করেছেন।

শ্রীসুনীল দাসগুপ্ত: আপনি একবার বলুন চীফ মিনিস্টারকে। আমরা পার্লিয়ামেন্ট-এর প্রসিডিংস-এ দেখেছি যে সেখানে স্পীকার প্রায়ই মিনিস্টারকে বলতে অনুরোধ করেন।

মিঃ স্পীকার: আপনারা যেটা বলছেন তিনি সবই শুনছেন। তিনি যদি বোঝেন তাহলে তিনি উত্তর দেবেন। আমার বলার কিছু নেই।

শ্রীহেমন্তকুমার বসু: চীফ মিনিস্টার বলুন যে তিনি আজ না পারেন কালকে এবিষয়ে বলবেন।

শ্রীকানাই পাল: আমরা যদি পাকিস্তানের কবলে চলে যাই তাহলে আপনার কথা কে শুনবে। এরূপ একটা অবস্থার সৃষ্টি হয়েছে আমি একথাই বলতে চাই যে ও'রা যে মিটিং করেছেন যে সব কথা বলেছেন তার একটাও কার্যকরী হয়নি। দেশ যদি জাহান্নামে চলে যায়, পাকিস্তানের কবলে চলে যায় তাহলে আর আমরা হাউস করে কি করবো?

[2—2-10 p.m.]

Mr. Speaker: Honourable members should remember that I cannot allow this type of discussion in this House.

Laying of the Annual Reports of the Public Service Commission, West Bengal, for the years 1961-62 and 1962-63

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to lay before the Assembly the Annual Reports of the Public Service Commission, West Bengal, for the years 1961-62 and 1962-63 together with memoranda explaining, as respects the cases where the advice of the Commission was not accepted, the reasons for such non-acceptance, under Article 323(2) of the Constitution of India.

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to lay before the Assembly an Ad-hoc West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulation.

Shri Jyoti Basu:

উনি তো বললেন ওনার কিছু বলার নেই।

Mr. Speaker:

আমি তো আপনাদের বলেছি, আপনারা অ্যাটেনসান ড্র করেছেন, সিরিয়াস ম্যাটার-এর আগেও আপনাদের বলেছি যে দরকার হলে স্টেটমেন্ট করবেন, উনি ভেবে দেখবেন বলেছেন।

(Noise and Interruption)

Shri Shambhu Charan Ghosh:

স্পীকার মহাশয়, পার্লিয়ামেন্ট-এ নজীর আছে যে স্পীকার বাধ্য করান ট্রেজারী বেঞ্চকে তাদের বক্তব্য রাখার জন্য। আপনি ট্রেজারী বেঞ্চকে অন্ততঃ অনুরোধ করুন।

Mr. Speaker:

আপনারা প্রতিবাদ করুন তাতে আমার কোনও আপত্তি নেই
My Chair does not permit according to the rules.

Shri Bejoy Kumar Banerji:

স্যার, আমরা এখানে ছেলেখেলা করতে আসিনি, এত বড় একটা গুরুত্বপূর্ণ কথা, যেখানে দেশের স্বাধীনতা বিপন্ন হচ্ছে, সেখানে মুখ্যমন্ত্রী বসে আছেন, আমরা সকলে জানতে চাই, এই বিধানসভার কি সার্থকতা, আমরা জানতে পারি না, কি হচ্ছে না হচ্ছে? দেশ চলে গেলে তারপর জানতে পারবো? আমরা জানতে চাই ও'র কাছ থেকে কি হয়েছে? কিভাবে আপনার ঐ বিল পাশ করে? যদি এই কথা আমরা জানতেই না পারি? তাহলে আমাদের বলুন আমরা চলে যাচ্ছি।

Shri Kamal Kanti Guha:

স্যার, এটা একটা ছোট কাগজ হতে পারে, কিন্তু সম্পূর্ণ মেখলিগঞ্জের কথা এতে রয়েছে এই ছোট্ট কাগজের মধ্যে। ১০।১২ হাজার লোকের একটা অঞ্চলে যে তারা পালিয়ে যাচ্ছে—দাহাগ্রামে পাকিস্তানীদের অত্যাচারে তারা সেখান থেকে পালিয়ে যাচ্ছে, যেভাবে সেখানকার হাই অফিসিয়ালসরা গেছে, যেভাবে তারা আমাদের নিরাপত্তা বিপন্ন করছে, সেই অবস্থা তারা আমাদের জানিয়েছে, সেই অবস্থায় আমরা চুপ করে থাকতে পারি না। চীফ মিনিস্টার যদি বলেন যে উনি খবর নিয়ে কাল জানাবেন, আমরা চলে যেতে পারি, কিন্তু তাদের যে উদ্বেগ, আমাদের যে উদ্বেগ আজকে সমস্ত সীমান্ত জুড়ে যে সমস্ত ঘটনাগুলো ঘটে যাচ্ছে, সমস্ত ব্যাপারটাকে এইভাবে ঢাকা দিলে চলবে না। তিনি আমাদের ডেকেছিলেন সেদিন এবং প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ফোর পয়েন্টস থেকে আমরা কোন জায়গায় নড়ব না, কিন্তু আমরা দেখেছি সেখানে ফোর পয়েন্টস-এর কোন কিছু পালন করা হয় নি। আমাদের ঘাড়ে পাকিস্তানীরা সমস্ত দোষ চাপিয়ে দিয়ে আজকে তারা সেখানে ঢুকে পড়েছে। কী অবস্থা হবে? ভবিষ্যতেই বা কি হবে আমরা সেটা জানতে চাইছি। আমরা তো হাউস-এ গোলমাল করতে আসিনি, আমাদের এই দেশের লোকের সবকিছু জানার জন্য এই হাউস তৈরী হয়েছে, আমরা দেশের লোকের জন্য জানতে চাইছি, এটাকে অন্যভাবে নিলে আমরা নিজেরা অসুবিধায় পড়ি আর কিছু নয়।

Shri Jiben Krishna Dey:

স্যার, চীফ মিনিস্টার বলছেন যে একসাথে বেশী লোক ঢুকতে দেবে না কিন্তু যা শোনা যাচ্ছে, তারা শ্লোগান দিতে দিতে হাজার হাজার লোক একসাথে ঢুকছে এবং তাদের দেখে বাকী লোকেরা পালিয়ে যাচ্ছে। এটা আমাদের একটা উদ্বেগের কারণ হয়েছে, উনি যদি শুধু বলেন যে এটা নন-কন্ট্রোভার্সিয়াল ব্যাপার সেটা অন্য জিনিস, সেখানে কন্ট্রোভার্সিয়াল দেখতে চাই না, উনি শুধু যদি বলেন যে আমরা খোঁজ নিয়েছি আমাদের উদ্বেগের কারণ নেই, সেটা আমরা বুঝতে পারি, আপনারা উদ্বিগ্ন হবেন না স্বাভাবিক অবস্থা আছে, আমরা দেখছি; তাও তো বলতে পারেন, উনি কিছুই বলছেন না, আমাদের বলতে দিচ্ছেন না এদিকে টেলিগ্রাম-এর পর টেলিগ্রাম আসছে, উনি কিছুই করছেন না।

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, ব্যাপারটা তো আপনি জানেন যে লোক ওখান থেকে পালিয়ে চলে আসছে যদিও ডিসিসানটা নেওয়ার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের হাত আছে কিন্তু লোকগুলো বাংলাদেশের লোক, যারা ভয় পেয়ে টেলিগ্রামটা করেছে। তারা পশ্চিমবাংলার লোক, কেন্দ্র দেখিয়ে দিলে তো চলবে না। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে যে অনুরোধটা বার বার করছি উনি যদি এক্ষুনি খবর না রাখেন, তিনি বলুন যে এটা উদ্বেগজনক খবর, আমাদের ওখানকার যে ১২।১৪ হাজার লোক তারা বিপদে পড়েছে, তারা জানাচ্ছে বিধানসভার সদস্যদের, মুখ্যমন্ত্রীকেও জানিয়েছে তিনি খোঁজ নিয়ে এই সম্পর্কে কালকে জানান কিংবা আজকে বিকালে জানান এইটাই আমাদের অ্যাপিল আমরা গন্ডগোল করতে চাইছি না। বার বার যে কথাটা হেমন্তবাবু বা অন্যান্য সদস্য যারা কোচবিহারের তাঁরা বলছেন, বার বার একটি অ্যাপিল-ই রাখছেন যে ১২ হাজার লোক পশ্চিমবাংলার তারা ভয় পেয়ে বিধানসভার সদস্যদের কাছে টেলিগ্রাম করেছে, মুখ্যমন্ত্রীকেও টেলিগ্রাম করেছে, আজকে এই হাউস-এ দাঁড়িয়ে পশ্চিমবাংলার তরফ থেকে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমরা সঠিক খবরটা পেতে চাই। এই অধিকারটা কি আমাদের নেই? উনি এক্ষুনি না দিতে পারেন, উনি বলতে পারেন ২।৩ ঘণ্টা পরে খবরটা জেনে কিংবা কালকে দেবেন এই কথা বলতে পারতেন কিন্তু উনি নিশ্চল হয়ে বসে থাকবেন এটা শোভন নয় এবং এটা আমাদের সেন্টিমেন্টএ লাগে। তারপর আপনি বললেন যে আমরা গন্ডগোল করি, হৈ হৈ করি, এই দোষ কি আমাদের? এই দোষটা মুখ্যমন্ত্রীর। তিনি যদি দাঁড়িয়ে বলেন যে এটা উদ্বেগজনক খবর, আমি খোঁজ নিয়ে দেখছি সেটা আলাদা কথা তাহলে আমাদের আর কিছু করতে হয় না, কিন্তু উনি চুপ করে বসে থাকবেন এই ধরনের একটা ঘটনা ঘটে যাবে, তারপর যদি হাউস-এ গন্ডগোল হয় দায়িত্বটা কার? সেটা আপনার মাধ্যমে আর একবার অনুরোধ করছি মুখ্যমন্ত্রীকে, তিনি বলুন যে উদ্বেগজনক অবস্থাতে আজকে কিছু বলতে পারছি না, এ সম্বন্ধে কালকে কিছু বলবো, একথা বললেই তো হয়ে যায়, কিন্তু উনি যদি চুপ করে বসে থাকেন, অত্যন্ত বিশ্রী অবস্থা, তাহলে এই হাউস-এর কোন অর্থই হয় না, আপনি ওখানে বসে আছেন তারও কোন অর্থ হয় না, আমরা আছি তারও কোন অর্থ হয় না। আমরা শুধু শুনতে চাই এই ব্যাপারে মুখ্যমন্ত্রী যদি কিছু বলেন, তাঁকে বলবার জন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি।

Shri Hemanta Kumar Basu:

স্যার, এই বিষয়ে আমরা উদ্বিগ্ন সকলেই, কারণ ওটা আমাদের বর্ডার-এর ধারে। আমাদের লোকরা সেখান থেকে পালিয়ে আসছে অথচ আমাদের মুখ্যমন্ত্রী টেলিগ্রাম পেয়েছেন, আমরা দেখেছি, আমরা সবাই তাকে অনুরোধ করছি, কিন্তু তিনি একটুও কিছু বললেন না এর কারণটা আমরা বুঝতে পারছি না।

Shri Amarendra Nath Roy Prodhan:

স্যার, মুখ্যমন্ত্রী কেন যে চুপ করে বসে আছেন বুঝতে পারছি না, সেখানকার অবস্থা খুবই সঙ্গীন। আমি সেখানকার লোক, আমি চাই তিনি এই সম্পর্কে কিছু বলবেন।

[2-10—2-20 p.m.]

শ্রীকমল গুহ : মিঃ স্পীকার, স্যার, চীফ মিনিস্টার আমাদের বলেছিলেন যে হাতী যায় আর কুকুর পিছনে ঘেউ ঘেউ করে। কিন্তু আজকে পশ্চিমবঙ্গ সরকারের সেই কুকুরের মত অবস্থা। সেন্ট্রাল গভর্নমেন্ট হাতীর মত যাচ্ছে আর আমাদের চীফ মিনিস্টার কুকুরের মত ঘেউ ঘেউ করছেন কিছুই করতে পারছেন না।

শ্রীজ্যোতি বসু : স্পীকার মহাশয়, আমার মনে হয় আমি ঠিক বুঝতে পারছি না, যদি কোন খবর না থাকে তাহলে তো উনি বলতে পারেন যে আমি খবর এনে দেব আমার কাছে খবর নেই। উনি এ একটা কথা বলছেন না—আজ যদি উনি বলেন যে টেলিগ্রামে যে লেখা হয়েছে এরকম কোন ঘটনা ঘটে নি—তাও তো বলে দিতে পারেন। কিন্তু এটা নিয়ে জিদ করছেন কেন সেটা বুঝতে পারছি না। এতে ও'দের এবং আমাদের সকলেরই অসুবিধা হচ্ছে। অন্য বিজনেসে আমরা চলে যেতে পারতাম। স্পীকার মহাশয়, আপনি একবার অনুরোধ করলে বোধ হয় কিছু বলতে পারেন।

মিঃ স্পীকার : মিঃ বোস, যে সমস্ত আর্জেন্ট ম্যাটার আপনারা বলেন সেখানে আমার অনুরোধ করবার স্কোপ নেই—রুলের আন্ডারে।

শ্রীজ্যোতি বসু : লিডার অব দি হাউস তো আপনাকে সাহায্য করতে পারেন এই হাউস চালাতে। আমি অনুরোধ করছি মুখ্যমন্ত্রীকে আপনার মারফৎ যে উনি খবর বলুন যদি কোন খবর থাকে।—নাহলে বলুন যে আমি খবর এনে দেবো—তাহলে আমাদের কিছু বলার নেই। আমরা তো এ রকম কোন দিন দেখি নি—আপনিও কোন দিন দেখেছেন কিনা জানি না—আমি এটা বুঝতে পরছি না—আমরা এখান থেকে কি কোন অপমানকর কথা বলেছি? কোন অন্যায় কথা কি এখানে বলা হয়েছে? যদি ও'রা বলেন অমুক কথাটা উঠিয়ে নিন তাহলে আমরা উঠিয়ে নিচ্ছি। কিন্তু একটা টেলিগ্রাম ওখানে এসেছে এবং সেই টেলিগ্রাম হেমন্তবাবু পড়ে শুনিয়েছেন—এতে সরকারের কাছে কি এ রকম কোন তথ্য আছে যে এ রকম কিছু ঘটনা ঘটেছে। একটা সেনটেনস ও'র কাছ থেকে শুনতে চাই। কিন্তু উনি কিছুই বলছেন না। এটা নিশ্চয়ই আপনি ও'কে কমপেল্ড করতে পারেন বলবার জন্য যে ও'র কাছে কিছু খবর আছে কিনা। আমরা জিজ্ঞাসা করলে উনি নাও বলতে পারেন—কিন্তু আপনি জিজ্ঞাসা করলে হয়তো বলবেন খবর আছে কি নেই। সেই জন্য আমি আপনাকে অনুরোধ করছি যে আপনি একবার লিডার অব দি হাউসকে জিাসা করুন যে টেলিগ্রামের এই খবরটা আসে কিনা। তাহলে উনি যদি না দিতে পারেন কালকে শেষ দিন উনি একটু পরে জেনে বলুন—এইটুকু বলছি।

মিঃ স্পীকার : মিঃ বোস আমি এটুকু বলতে পারি যে আমাকে যদি কাজ করতে না দেওয়া হয় তাহলে আমাকে হাউস অ্যাডজোর্ন করতে হয়।

শ্রীজ্যোতি বসু : না আমরা অ্যাডজোর্ন করতে চাই না।

মিঃ স্পীকার : আমার অ্যাডজোর্ন করার ক্ষমতা আছে—কিন্তু ও'কে অনুরোধ করবার ক্ষমত কিছু নেই।

শ্রীজ্যোতি বসু : ওখানে শৈলবাবু আছেন, উনি একটু চীফ মিনিস্টারকে পরামর্শ দিন না আমরা কি কোন অন্যায় করেছি? আপনি বলুন যদি আমরা কোন অন্যায় কথা বলে থাকি তাহলে আমরা সব কথা উঠিয়ে নিচ্ছি। কিন্তু যে প্রশ্নটা এখানে করা হয়েছে তার কোন জবাব আমরা পাই নি। কেন জবাবটা দেবেন না সেটা বলুন যে এইজন্য দিতে পারছি না।

শ্রীকমলকান্তি গুহ : মিঃ স্পীকার, স্যার, আমরা যে কথাটা বার বার বলছি যে নীতিতে সেখানে সিজ ফায়ার হয়েছে সেই নীতির ফলে ভারতের পরাজয় হয়েছে এবং সেইজন্য সেখানে পাকিস্তান উল্লাস করছে। আমরা একথাটা বার বার করে বলতে চাই।

মিঃ স্পীকার : মিঃ গুহ, আপনি যদি অনেক বার করে বলেন তাহলে আপনাকে ওয়ার্নিং দিয়ে বলতে হয় তাহলে এই হাউসে রেগুলার কোর্সে ইররেগুলার হতে দেবো না।

(গোলমাল)

শ্রীসুনীল দাসগুপ্তঃ উনি যদি একবার জবাব দেন তাহলে আমাদের আর বলতে হয় না, এবং এই সভার কাজেও আমরা বাধা দিতে চাই না। কিন্তু আমরা জানতে চাই যে ওখানে অবস্থা ঐ রকম কিনা। ওখানে মুখ্যমন্ত্রী চুপ করে বসে আছেন একটা কথা বললেই তো হয়ে যায়।

শ্রীজ্যোতি বসুঃ স্পীকার মহাশয়, আপনি ও'কে একবার জিজ্ঞাসা করুন—তাহলে আমরা স্যাটিসফাইড হতে পারি।

মিঃ স্পীকারঃ আপনারা তো জিজ্ঞাসা করছেন, আমার জিজ্ঞাসা করবার কিছু নেই, রুলসে আমি জিজ্ঞাসা করতে পারি না। আপনারা নোটিশ দিন—ডিসকাসন চান।

শ্রীজ্যোতি বসুঃ আমরা ডিসকাসন চাই না, আমরা এই হাউসের সময়ও নষ্ট করতে চাই না,

(গণ্ডগোল)

একটা টেলিগ্রাম এসেছে সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী যদি কিছু না জানেন তাহলে আমাদের বলে দিন যে আমি কিছু জানি না, আমি খবর নিয়ে বলবো। এতে কি অসুবিধা আছে সেটা ঠিক বুঝতে পারছি না। আর যদি খবর জানা থাকে তাহলে বলে দিন যে এইসব হয় নি মেকলিগঞ্জে, তাহলে ফুরিয়ে যায়। তা না হলে আমাদের অবস্থাটা একটু বুঝুন আমরা একটা টেলিগ্রাম পড়ে দিয়েছি—হেমন্তবাবু দিয়েছেন, কিন্তু হেমন্তবাবু তাদের গিয়ে কি জবাব দেবেন তারা যদি বলেন যে আপনারা একটা মুখ্যমন্ত্রীর কাছ থেকে উত্তরও আনতে পারলেন না, তাহলে তাদের তিনি কি বলবেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এই টেলিগ্রাম আমি পেয়েছি—উনি নূতন কোন সংবাদ দিতে পারেন নি।

শ্রীকমলকান্তি গুহঃ টেলিগ্রাম তো পেয়েছেন—কিন্তু ওখানকার যে লোক চলে যাচ্ছে সেটা কি করছেন?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ চলে যাচ্ছে কি না যাচ্ছে—আমি টেলিগ্রাম আগেই পেয়েছি—নূতন কিছু জিনিস আমাদের মাননীয় সদস্যরা বলছেন না। মাননীয় সদস্যরা কেন মনে করছেন যে ঐ রকম টেলিগ্রাম পেয়ে থাকলে আমি চুপ করে বসে থাকবো। সেটা বলার আবার কি আছে? এটা তো বুঝে নেওয়া উচিত।

শ্রীজ্যোতি বসুঃ আমি শুধু একটা কথা বলতে চাই, এতক্ষণ এই হাউসে এই সামান্য কথাটা যে হ্যাঁ আমি টেলিগ্রাম পেয়েছি খোঁজ নিচ্ছি এটা বললেই তো হয়ে যেতো।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ আমি তো বলেছি যে টেলিগ্রাম পেয়েছি।

(তুমুল হট্টগোল)

শ্রীনিখিল দাসঃ স্যার, আমি একটু বলতে চাই যে এটা একটা হাউস, এখানে আমরা নির্বাচিত হয়ে এসেছি। মুখ্যমন্ত্রী বললেন যে কোন কথা এখানে বলার দরকার নেই, এখানে উনি কোন কথা বলার দরকার মনে করেন না—তাহলে এই হাউস ডাকাই বা কেন? কাজেই উনি যে কথা বললেন তাতে এই হাউসকে এবং আপনাকে অপমান করা হয়েছে। একটা পাবলিক ইমপর্টেন্সের ব্যাপার—উনি এখানে কেন বলবেন না—কেন জবাব দেবেন না?

শ্রীকমলকান্তি গুহঃ স্যার উনি যদি এতক্ষণ এই কথাটা বলতেন তাহলে এতো গোলমাল হোত না।

(তুমুল হট্টগোল)

Shri Kanai Pal:

উনি উঠে আমাদের ধমক দিচ্ছেন। ও'র ধমক দেবার কী আছে? আপনি স্পীকার, আপনি হাউসে রয়েছেন। উনি উঠে ধমক দিচ্ছেন—কি জন্য? ও'র অনুগ্রহে কি আমরা নির্বাচিত হয়ে এসেছি? স্পীকার কি নাই এখানে?

[2-20—2-30 p.m.]

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার সমস্ত রক্তব্য একটা বিষয়ের মধ্যে সীমাবন্ধ রাখবো। সেটা হচ্ছে এখানে যে জমির ডেফিনিশনের যে সংশোধন করা হচ্ছে, সেই সংশোধন করার বিষয়ে।

স্যার, যেভাবে এই বিলটি পাস হতে চলেছে, তাতে আমি আমার যে নোট অফ ডিসেন্ট দিয়েছিলাম—সেই ডিসেন্ট-এর যে কথাটা বলেছি, সেটা হচ্ছে এই যে, সকল কৃষক বর্গা প্রথায় চাষ করে—চা-বাগানের জমিতে পাট-ধান ইত্যাদি উৎপাদন করতে আসছে, তাদের স্বার্থ রক্ষার কোন ব্যবস্থা করা হয় নাই। মাননীয় স্পীকার মহাশয়—যেভাবে বিলটি পাস হতে চলেছে তাতে চা-বাগানে যারা বর্গাপ্রথায় চাষবাস করছে, তাদের স্বার্থরক্ষার কোন ব্যবস্থা এতে থাকছে না। এখন এই বিলটি আইনে পরিণত হলে, পর চা-বাগানের মালিকদের মর্জির উপর সেই ভাগচাষীদের ফেলে দেওয়া হবে। এই আইনের সুযোগ নিয়ে যে জমি তাঁরা রিটেইন করতে পারবেন—নিজেদের দখলে রাখতে পারবেন, সেই জমি বর্গাপ্রথায় চাষবাস হয়ে থাকে, ধান-পাট ও অন্যান্য ফসল হয়ে থাকে, যেটা হয়ে আসছে; এখন এই আইন পাসের দ্বারা সেই জমি থেকে চাষীদের উচ্ছেদ করে দেবার সুযোগ এবং অধিকার—আইনগত অধিকার, চা-বাবানের মালিকদের হাতে তুলে দেওয়া হলো। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফৎ এই হাউসের কাছে বলতে চাই এ বিষয়ে মাননীয় রাজস্বমন্ত্রী থেকে আরম্ভ করে জয়েন্ট সিলেক্ট কমিটির যে সমস্ত প্রতিনিধি—যাঁরা জলপাইগুড়ি জেলার বিভিন্ন চা এলাকায় ঘুরলেন, তাঁদের কাছে এই দলিলপত্র এসেছে, তাঁদের কাছে জলপাইগুড়ি জেলার সংযুক্ত কৃষাণ সভার সেক্রেটারী সেই সমস্ত দলিলপত্র সহ মাননীয় রাজস্বমন্ত্রীকে তাঁরা রিপ্রেজেন্টেশান দেন এবং সেই দলিলপত্র এখানেও কিছু আছে। সেখানে পরিষ্কারভাবে প্রমাণ হয়ে গেছে। চা-বাগান বললে টি এস্টেট্‌স চা-জমিদারীর মধ্যে চা-বাগান আছে: চায়ের জোতজমি আছে, ধান আবাদ হচ্ছে, গ্রাম গড়ে উঠছে। সেই অবস্থা হয়েছে। আমি নাম করছি—আঞ্জুমানটি কোম্পানীর, সেখানে ভাগচাষ চলছে। ল্যান্ড অফিসার, কালচিনির তাকে ভাগচাষ থেকে উচ্ছেদ করবার যে চেষ্টা হয় বা জমি সংক্রান্ত গণ্ডগোল যেটা দেখান হয়েছে। স্পেশাল অফিসার আন্ডার ল্যান্ড রিফর্মস অ্যাক্ট কালচিনিতে সেখানে নোটিশপত্র দেন। আঞ্জুমান টি কোম্পানীর যে অধিকার সে বর্গাপ্রথায় চাষ করছে। তাদের যে নোটিশ দেওয়া হয় সে নোটিশের কপি এখানে আছে। বর্গাপ্রথায় চা-বাগানের জমি তো চাষ হচ্ছে। গোপালপুর এলাকাধীন টি এস্টেটের হাজার হাজার বিঘা জমি বর্গাপ্রথায় চাষ হচ্ছে, সেখান থেকে উচ্ছেদ করবার জন্য চেষ্টা হচ্ছে। তার বিরুদ্ধে স্পেশাল ল্যান্ড রিফর্মস অফিসার-এর কাছে মামলা করা হচ্ছিল, তার বিভিন্ন কাগজপত্র এখানে আছে।

ঠিক তেমনি দেখছি তোর্ষা বাগানে অনেক জমি আছে যেগুলো আধিয়াররা বর্গাপ্রথায় চাষবাস করছে এবং যে ভাগ পাচ্ছে সেটা রসিদ মারফত পাচ্ছে। রসিদে তারা জানিয়েছে,

Received from Loknath 6 maunds 20 seers of paddy being my share, 33 per cent. of the total produce from my 3 bighas of land which was cultivated by him during 1958-59.

এতে গার্ডেন ম্যানেজারের সহি রয়েছে। এরকম অনেক সহি করা কাগজপত্র আছে যার মাধ্যমে বোঝা যায় চা-বাগানের বহু জমিতে দীর্ঘকাল ধরে, ১৫।২০।৩০ বছর ধরে—বর্গাপ্রথায় ধান, পাট চাষ হচ্ছে এবং আঞ্জুমান টি গার্ডেনে দেখেছি আখের চাষ হচ্ছে। কিন্তু স্যার, যেভাবে বিল পাস হতে চলেছে তাতে এই সমস্ত জমিতে যারা বর্গাপ্রথায় চাষবাস করে চলেছে তাদের উচ্ছেদ করবার অধিকার চা বাগানের মালিকরা পাবে অথচ তাদের স্বার্থ রক্ষার ব্যবস্থা হচ্ছে না সেটা আমি

দলিলপত্রের মাধ্যমে দেখলাম। এর অর্থ কি? এর অর্থ হচ্ছে বর্গাদারের ভবিষ্যত চা-বাগানের মালিকের হাতে তুলে দেওয়া হচ্ছে। শুধু এটাই নয়, আর একটা দিক থেকে বিচার করলেও দেখা যাবে কি অবস্থা হয়েছে। আমাদের এই যে পঞ্চায়েত আইন হয়েছে তাতে ভূমি রাজস্ব মন্ত্রী জানেন কিনা জানি না, কিন্তু তাঁর পেছনে যিনি বসে আছেন তিনি জানেন, শৈলবাবু জানেন এবং পঞ্চায়েত মন্ত্রীও জানেন যে, টি এস্টেট-এর জমির উপর যে সমস্ত চাষী বসবাস করছে বা যে সমস্ত মজুর বসবাস করছে তাদের পঞ্চায়েত আইনের বাইরে রাখা হয়েছে, সেখানে যেভাবে গ্রামসভার এলাকা ঠিক করা হয়েছে তাতেও চা-বাগানের এলাকাকে বাইরে রাখা হয়েছে। এক-দিকে এই জিনিস হচ্ছে এবং আর একদিকে দেখছি ম্যাকলিয়ড কোম্পানীর ভাত খাওয়া বাগানের প্রচুর জমি গ্রামে পরিণত হয়েছে এবং সেই গ্রামের লোক গ্রামসভার মধ্যে এসেছে, অঞ্চলে ভোট দিয়েছে এবং পঞ্চায়েত নির্বাচনে অংশ গ্রহণ করেছে। অবশ্য পঞ্চায়েত আইন অনুসারে চা-বাগান এবং চা-বাগানের অধ্যুষিত এলাকা বাইরে রেখে দেওয়া হয়েছে। তারপর, বিমা বাগানে প্রচুর বস্তি, গ্রাম গড়ে উঠেছে এবং সেখানকার লোকেরা গ্রামসভায় নির্বাচন করছে, অঞ্চল পঞ্চায়েতে প্রতিনিধি পাঠাচ্ছে। তোর্ষা বাগানের যে সমস্ত জমি আদি প্রথায় চাষবাস হচ্ছে সেখানেও বস্তি, গ্রাম গড়ে উঠেছে এবং গ্রাম পঞ্চায়েত গড়ে উঠেছে। অর্থাৎ এই সমস্ত এলাকা যেখানে দীর্ঘকাল ধরে বর্গাপ্রথায় চাষবাস হচ্ছে, যে সমস্ত চা-বাগানের মধ্যে গ্রাম পঞ্চায়েত গড়ে উঠেছে, যেখানে পঞ্চায়েত আইন রয়েছে সেখানে ধরে নেওয়া হয়েছে এগুলো চা-বাগানের বাইরে এবং যারা সেখানে বাস করে তারাও চা-বাগান এলাকার বাইরে। তারা যে পঞ্চায়েতে ভোটাধিকার পেয়েছে তাতে ধরে নেওয়া হয়েছে এগুলো চা-বাগানের জমি নয়। আজকে যেভাবে জমির ডেফিনেসন দেওয়া হয়েছে তাতে এই সমস্ত জমিগুলো চা-বাগানের জমি বলে বিবেচিত হবার সুযোগ দেওয়া হচ্ছে এবং যদি তারা রিটেন করতে পারে তাহলে এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট-এ কিভাবে এবং কতটা রিটেন করতে পারবে সেটা বিভাগীয় অনুসন্ধানের উপর নির্ভর করছে। অবশ্য বিভাগীয় অনুসন্ধান কিভাবে হয় সেটা আমরা জানি। এই সমস্ত জমি যেখানে গ্রাম বস্তি গড়ে উঠেছে, যেখানে বর্গাপ্রথায় চাষবাস হচ্ছে সেগুলি চা-বাগানের মালিকরা রিটেন করতে পারবে এবং সেটা ভূমি সংস্কার আইনের বাইরে পড়ে যাবে এবং সেখানে বর্গাপ্রথায় চাষ হোক বা না হোক সেটা যদি রিটেন্ড ল্যান্ড হয় তাহলে ভূমি সংস্কার আইনের বাইরে চলে যাবে এবং তখন তাকে উচ্ছেদ করবার সুযোগ পাবে এবং সেই উচ্ছেদের বিরুদ্ধে কোন রিলিফ এল আর ও-র মারফত আধিয়াররা পাবে না। স্যার, এইভাবে হাজার হাজার আধিয়ারের স্বার্থ জলাঞ্জলি দেওয়া হচ্ছে।

[2-30—2-40 p.m.]

বিভাগীয় সততার একটা কথা উঠতে পারে, যে আছে, সেই বর্গাদারদের স্বার্থে লীজ টার্মস আগে রেখে দেওয়া হোক, এই রকম কথা উঠতে পারে, কিন্তু সেটা যদি হয়, লীজের এক পক্ষে হচ্ছে সরকার, আর এক পক্ষ হচ্ছে চা-বাগানের মালিক, সেখানে যদি লীজের একটা সর্ত হিসাবে রাখা হয় যে এই সমস্ত যারা বর্গাদার প্রথায় চাষ করছে, সেই আধিয়ারদের উচ্ছেদ করতে পারবেন না সরকারের পারমিশন ছাড়া, তাহলে সেটা বিভাগীয় সততার উপর অনেকখানি নির্ভর করতে হচ্ছে। বিভাগীয় সততার নজির বিশেষ করে ভূমি রাজস্বের ক্ষেত্রে আমরা লক্ষ্য করেছি বিভাগীয় দপ্তরের অফিসারের অবহেলার দরুন, ইচ্ছাকৃত ভ্রষ্টতার দরুন তদ্বিরের অভাবে বহু মামলা যখন জোতদাররা জমি উদ্ধারের জন্য ইন্ডিয়ান সিভিল প্রসিডিওর কোড-এর ধারা অনুসারে পুনরুদ্ধারের মামলা করেছে, তখন অন্ততঃ জলপাইগুড়ি জেলার শতকরা ৮৭টি কেসে এক তরফা রায় হয়ে গেছে। একথা মাননীয় রাজস্ব মন্ত্রী জানেন, ভূমিরাজস্ব বিভাগের সবাই জানেন বা বিচার বিভাগীয় মন্ত্রী জানেন এই অবস্থা হয়েছে। তাদের সততার নামে এটা দেখছি যে ভূমি সংস্কার আইন হয়েছে সেটাকে কার্যকরী করার ক্ষেত্রে তারা ব্যর্থ হয়েছে এবং নানা রকমের ভ্রষ্টতা ভূমিরাজস্ব বিভাগের মধ্যে দেখা দিয়েছে। ফলে এমনকি জোতদারদের পক্ষ থেকে যখন ১০(২)-এর জমি পুনরুদ্ধারের জন্য মামলা দায়ের করা হয়েছে তাতে তাঁরা তদ্বির করেন নি, এমন কি শুনানীর দিন হাজির হননি, সরকার পক্ষের উকীলরা পর্যন্ত দেখা গেছে হাজির হননি, বা ঠিকভাবে কেস ডিফেন্ড করেননি, যার ফলে সেই সমস্ত জমি জোতদারদের পক্ষে থেকে গেছে। সুতরাং বিভাগীয় অফিসারদের সততার উপর হাজার হাজার চাষী বর্গাপ্রথায় যারা চাষ করে, সেই

সমস্ত চাষীর ভবিষ্যৎ নির্ভর করছে, তাদের জন্য ভাবনা ও আশঙ্কা হয় যে তাদের জন্য কিছু এতে হবে না। এই বিভাগীয় অফিসারদের সততার নমুনা আমরা চা-বাগানের ক্ষেত্রে দেখেছি সেখানে সেটেলমেন্ট রিপোর্ট পর্যন্ত ট্যাপার্ড হয়েছে,। এই অভিযোগ আমরা আগে করেছি। যেখানে সার্ভে রিপোর্টে লেখা আছে এখানে ধানের চাষ বা পাটের চাষ হচ্ছে, সেখানে টেম্পার্ড করে দেখান হয় যে না সেখানে আবাদ হচ্ছে না, এখানে শ্রমিকদের বস্তি আছে, সেখানে বাঁশের বাগান আছে, ঠিক এইরূপভাবে রেকর্ড টেম্পার্ড করে পরবর্তীকালে ডি এল আর ও অফিসে এই সমস্ত রেকর্ড-এর কারচুপি করা হয়েছে। সুতরাং সেখানে বিভাগীয় অফিসারদের সততার উপর হাজার হাজার ভাগচাষী চা-বাগানের জমিতে চাষ করছে, তাদের ভবিষ্যৎ জলে দেওয়া হবে, এটা চলতে পারে না, যা আমরা মনে করছি ঠিক এভাবে ঠেকান যাবে না। আমার একটা সাজেসান আগেও রেখেছিলাম, এখনও সেটা রাখছি হাউসের কাছে, সেটা হচ্ছে জমির যে ডেফিনিসন না বদলিয়ে কেউ কেউ মনে করতে পারেন আমি চা বাগানের স্বার্থের দিকে তাকাচ্ছি না, চা শিল্পের দিকে ষোল আনা নজর দিয়েই একথা বলছি, সাধারণ জোতদার এবং আধিয়ারদের উচ্ছেদ করার সময় পূর্ব্ব সর্ত যদি না থাকে যে সেখানে জমির মালিকের বোনাফাইড রিকয়ারমেন্ট আছে কি না সেটা দেখতে হবে, তাহলে ভাগচাষী উচ্ছেদ হয়ে যাবে। যদি সেখানে মালিক নিজ হাতে চাষবাস করতে চায়, নিজের আত্মীয়-স্বজন দিয়ে চাষবাস করাতে চায় বা নিজেদের মজুর দিয়ে চাষবাস করতে চায় তাহলে সেখানে বর্গাদার চাষীকে উচ্ছেদ করতে পারবে। কারণ এই ধরণের কথা মূল আইনের মধ্যে আছে। সুতরাং সেখানে যদি বর্গাদার চ্যাপ্টারের মধ্যে বোনাফায়েড রিকোয়ারমেন্টের ক্ষেত্রে এইভাবে একটা সংশোধনী জোড়া যেত, তাহলে সমাধান হতে পারত। আমার যে সাজেশন সেই সংশোধনী হচ্ছে

Bonafide requirement in respect of tea estates will be mean lands which will required for immediate cultivation of tea.

চায়ের আবাদের জন্য যদি জমি দরকার পড়ে তাহলে সেখানে এটাকে বোনাফায়েড রিকোয়ারমেন্ট হিসাবে ধরা হবে। বোনাফায়েড রিকোয়ারমেন্ট হলে পর সেখানে আধিকারকে উচ্ছেদ করতে পারবে, চা-বাগানের জমি থেকে উচ্ছেদ করতে পারবে, ক্ষতিপূরণ দিয়ে উচ্ছেদ করতে পারবে কিন্তু এটা সেভাবে করা হল না।

কিন্তু সেইভাবে করা হয়নি। ল্যান্ডকে যেভাবে ডিফাইন করা হল সেই ল্যান্ডকে ডিফাইন করে আজ যে জায়গায় দাঁড় করান হচ্ছে তাতে চা-বাগানে যারা বর্গাচাষ করছে তাদের স্বার্থরক্ষা করার কোন ব্যবস্থা করা হল না। আর একটা প্রশ্ন হচ্ছে যে চা-বাগানের সে জমির যদি ডেফিনিসান এই রকম ধরনের না হয় তাহলে নূতন চা-বাগান যদি কেউ করতে সেখানে চায় তার পক্ষে অসুবিধা হবে, নূতন ডেয়ারী যদি কেউ করতে চায় তাকে জমি কিনতে হচ্ছে সেখানে তা সে করতে পারে, নূতন অর্চাড যদি কেউ করতে চায় তাহলে তাকে জমি কিনে সে সেখানে অর্চাড করতে পারে, ঠিক তেমনি নূতন জমি কিনে সে সেখানে চা-বাগান করতে পারবে। এই ব্যবস্থা স্বচ্ছন্দে হতে পারে—তাতে কোন বাধা আগের আইনে ছিল না। অথবা সরকার আর একটা ব্যবস্থা করতে পারতেন চা-বাগানে যেসমস্ত ল্যান্ড ভেসটেড হচ্ছে, যা রিটেইন করা উচিত নয়, সেই সমস্ত ভেস্টেড ল্যান্ডগুলোকে নিয়ে একটা ল্যান্ড পুল করতে পারতেন। সেখানে ১।২।৩ বছর অন্তর অন্তর পাট্টা দিচ্ছে, ২ বছরের চাষের সুযোগ করে দিচ্ছে। ঠিক এই রকম ধরনের অস্থায়ী পাট্টার বন্দোবস্ত চলবে। চা-বাগানের রিটেন্ড ল্যান্ড যেটা রিটেন করতে পারবে না সেখানে ভেস্টেড ল্যান্ড নিয়ে সরকার থেকে একটা ল্যান্ড পুল করতে পারতেন। যতদিন না চায়ের প্রয়োজনে সেটা দরকার পড়ছে ততদিন পর্যন্ত সেই সমস্ত জমি যেভাবে চাষ-আবাদ হয়ে আসছে তা হতে পারত। ১।২।৩ বছর এই রকম ভাবে অস্থায়ী পাট্টার বদলে চাষ-আবাদ হতে পারত, এরা চায়ের প্রয়োজনে যদি সেই জমির দরকার পড়তো তখন তারা সরকারী ল্যান্ড পুল থেকে জমি নিতে পারত—লীজ ল্যান্ড হিসেবে নিতে পারত। এইভাবে একটা কিছু করা যেতে পারত। অথবা আমরা দেখলাম ল্যান্ডএর যেভাবে ডেফিনিসান সংশোধন করা হল তাতে অন্য দিকে অসুবিধা সৃষ্টি করল। ল্যান্ড রিফর্মস আইনে চা-বাগানের মালিকদের হাতে বর্গাদার উচ্ছেদের সুযোগ করে দেওয়া ছাড়া আর কিছু সুবিধা হল না। চা-বাগানের মালিকরা কি সুযোগ পাচ্ছে? তাদের খাজনা নির্ধারণের ব্যাপারে তাঁরা এস্টেট অ্যাকুইজিসান আইন অনুযায়ী ব্যবস্থা করছেন।

এস্টেট অ্যাকুইজিসান আইনের সংশোধনী বিল এই হাউস পাশ করেছে। সেখানে চা-বাগানের জমির কি পরিমাণ খাজনা ধার্য করা হবে তার রেট ঠিক হয়েছে। ফ্যাক্টরী খাজনা ঠিক হয়েছে এবং অন্যান্য জমি যেখানে মজুত বস্তী আছে তার কত খাজনা কিভাবে ঠিক হবে সেটা তাঁরা ব্যবস্থা করে দিয়েছেন। সেখানে এস্টেট অ্যাকুইজিসান আইন সংশোধন করে সেই ব্যবস্থা তাঁরা করলেন। এবং জমির ঊর্ধ্ব সীমা ৬(৩) এস্টেট অ্যাকুইজিসান আইন অনুসারে ঠিক হয়ে যাচ্ছে। সুতরাং ল্যান্ড রিফর্মস আইনের ক্ষেত্রে ল্যান্ড-এর ডেফিনিসান বদলে অধিক কি ব্যবস্থা আপনারা চা-বাগানের ক্ষেত্রে করতে যাচ্ছেন সেটা আমি বুঝলাম না। বর্গা প্রথায় যারা চাষ করে যাচ্ছে তাদের উচ্ছেদের অধিকার চা-বাগানের মালিকদের হাতে তুলে দেওয়া ছাড়া আর কি করতে যাচ্ছেন। এই ল্যান্ড-এর ডেফিনিসান চার্জ করে কি হল সেটা বুঝতে পারলাম না। সুতরাং আশা করব মাননীয় রাজস্ব মন্ত্রী তিনি তাঁর জবাবের সময় এই কথাগুলি পরিষ্কার করে বলবেন। এখন রুলস তৈরী করা সম্ভব কিনা বুঝতে পারছি না। সেখানে বর্গা প্রথায় দীর্ঘকাল ধরে যেসমস্ত জমিতে চাষ হয়ে আসছে চায়ের জমিদারী এলাকার মধ্যে—সেই জমিতে বর্গাদারদের স্বার্থ যাতে সুরক্ষিত হয়, তারা যাতে উচ্ছেদ না হয় এবং উচ্ছেদের সময় ক্ষতিপূরণ যাতে পায় ইত্যাদি সমস্ত ব্যাপারে তিনি কি ভেবেছেন, তিনি কি করতে চান আশা করি তাঁর উত্তর দেবার সময় সব বলবেন। এই কথা বলে আমি শেষ করলাম।

[2-40—2-50 p.m.]

Shri Nathaniel Murmu:

মাননীয় স্পীকার, স্যার, ল্যান্ড রিফর্মস অ্যামেন্ডমেন্ট বিলের তৃতীয় পর্যায়ের আলোচনায় আমি কয়েকটা কথা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে বলতে চাই। বর্গাদারদের বিষয় গতকাল দফাওয়ারী আলোচনায় সংশোধনী আকারে যেগুলি গৃহীত হল তাতে চা বাগান এলাকার বাইরে বর্গাদারদের কিছু কিছু মঙ্গলদায়ক বিধান করা হয়েছে বলে আমরা অনেকে মনে করি। কিন্তু এ সম্পর্কে একটা কথা বলতে চাই, যারা বর্গাদার আছে তাদের বিষয় যে মঙ্গলদায়ক বিধানগুলি বিধানসভায় গৃহীত হয়েছে তার বেনিফিট অধিকাংশ বর্গাদার পায় নি। কারণ অধিকাংশ বর্গাদারদের এর মধ্যে সর্বনাশ হয়ে গেছে তারা জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে। ঠিক এই সংশোধনীগুলো বিধানসভায় আনার জন্য আমরা সরকারের কাছে বার বার আবেদন করেছি এবং পূর্ববর্তী বিধানসভায় যেসব বামপন্থী সদস্যরা ছিলেন তাঁরাও বলেছেন কিন্তু যে-কোন কারণেই হোক সেসব নেওয়া হয় নি। এসব যে কবে কার্যকরী করবেন তার উপর মঙ্গলদায়ক বিধান বর্গাদার পাবে কি পাবে না সেটা নির্ভর করবে। বিধানসভায় কোন আইন পাশ হলে রুলস ফ্রেম করার অজুহাতে অহেতুক দেরী করে সেজন্য আমি বলবো অন্তত সামনের মরশুমের আগে মঙ্গলময় বিধান ভাগচাষীরা যাতে পেতে পারে বিশেষ করে ফসলের ব্যাপারে তার জন্য তাঁরা যেন একটু তাড়াতাড়ি করেন। এ সম্পর্কে তাঁর আর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করবো সেটা হচ্ছে এই বর্গাদারদের চাষের নিরাপত্তা সম্পর্কে আমি তাদের রায়তি সত্ত্ব দেবার কথা বলছি না, কিন্তু আপনি জানেন স্টেট অ্যাকুইজিশন আক্ট এবং ল্যান্ড রিফর্মস অ্যাক্ট চালু হবার পর কোন বর্গাদার যদি মারা যায় তাহলে সে পরিবারের সঙ্গে সে জমির সম্পর্ক শেষ হয়ে যায়, অর্থাৎ তার ছেলার জমি চাষ করার অধিকার পায় না এবং উচ্ছেদ হয়ে যায়। আমি বুঝতে পারি না এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস অ্যাক্ট চালু হবার আগে বা যখন ভাগচাষী সম্পর্কে কোন আইন ছিল না তখন আমরা দেখেছি বর্গাদার মারা গেলে তার ছেলেরা যে জমি চাষ করতো এবং সে সময়ে যেরূপ বখরা দেবার আইনকানুন ছিল সে অনুযায়ী করছেন। আপনি একটা জিনিস শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে, ভাগচাষী তার পাওনা যদি মালিকরা না দিয়ে থাকেন এবং সে সময় যদি ভাগচাষী মারা যায় তাহলে মালিকের পাওনা ছেলেদের কাছ থেকে আদায় হয় অর্থাৎ ঋণের দায় হতে ছেলেদের মুক্তি দেওয়া হয় না। কিন্তু বর্গাদার মারা গেলে তার ছেলেকে জমির মালিক করা হয় না। পরবর্তী সময়ে রাজস্বমন্ত্রী যদি এটা আনেন তাহলে সাত লক্ষ যে আধিয়ার পরিবার আছে এদের পারিবারিক জীবনে একটা শুধু ব্যবস্থা দেখা দেবে। সেজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, পরবর্তী সময়ে সংশোধনী যেটা তিনি আনবেন তাতে বর্গাদার মারা যাবার পর তার ছেলেরা

যাতে চাষ করতে পারে আইনত তার ব্যবস্থা যেন তিনি করেন। আজকে আর একটা দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করবো, এই ভাগচাষী যে জমি চাষ করে সে সম্বন্ধে বাজেটে আলোচনার সময় আমরা সকলে গুরুত্ব আরোপ করেছি এবং খাদ্য উৎপাদন ব্যাপারে যে এর সংগে জড়িত তাও বলেছি। খাদ্য উৎপাদনের ক্ষেত্রে কৃষি ব্যবস্থায় যাতে কোন গোলমাল না থাকে তার দিকে প্রত্যেকে জোর দিয়েছি। ভাগচাষী যে লাঙ্গল দিয়ে চাষ করে তার জন্য তাকে গরু মোষ পুষতে হয়। আপনি জানেন এদের পালন করতে গেলে ঘাস বিচালি খাওয়াতে হয়। আগে জমিদারের আমলে আমরা দেখেছি প্রত্যেক বর্গাচাষী বা সাধারণ চাষী হালের বলদ রাখার জন্য তাকে কোন কষ্ট করতে হতো না, কারণ প্রচুর গোচারণ ছিল এবং এগুলি সব রেকর্ড করা ছিল। এই ল্যান্ড রিফর্মস অ্যাক্ট চালু হবার পর গোচারণের ক্ষেত্রে বলদ এবং মোষের খাওয়াবার জন্য একটা বিশেষ জায়গা নির্দিষ্ট করে তার সংরক্ষণের কোন ব্যবস্থা করেন নি।

[2-50—3 p.m.]

যত পতিত জমি ছিল সরকার সেটা খাস জমি হিসাবে উল্লেখ করে সেটাতে চাষ করার জন্য লোককে পত্তন দিয়েছেন। শুধু তাই নয়, যেখানে এক জায়গায় অনেকগুলি পতিত জমি ছিল সে পতিত জমিগুলিতে বন বসানো কাজ এফোরেসটেশান-এর কাজ শুরু হয়েছে। আমাদের পশ্চিম-দিনাজপুর জেলায় কাহিয়াড়ী বলে একটা নদী আছে। সেই নদীর দুই ধারে প্রচুর পতিত জমি ছিল, যেখানে কোনরকম চাষআবাদ করা যায় না। এই জমিগুলি বর্ষার সময় হলে ডুবে যেত আবার বর্ষার পর জল সরে গেলে সেখানে ঘাস হত এবং এই ঘাস খেয়ে এই এলাকার গরু, মোষ বেঁচে ছিল। আর এই অঞ্চলের চাষীরা তাদের গরু মোষের খাওয়ার জন্য কোন চিন্তা করতেন না। কিন্তু কয়েক বছর আগে থেকে আমরা দেখছি সেখানে বন বসানোর কাজ শুরু হয়েছে যার ফলে সেখানে গরু, মোষ রাখা একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমি মাননীয় রাজস্ব মন্ত্রীমহাশয়কে ঐদিকে নজর দেবার জন্য অনুরোধ করবো যাতে আধিয়ার-দের স্বার্থরক্ষার জন্য যেভাবে তিনি নজর দিয়েছেন সেইভাবে এই গো-চারণের জমি সংরক্ষণের দিকেও উপযুক্ত ব্যবস্থা করেন। আর একটা জিনিসের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করবো। ল্যান্ড রিফর্মস অ্যাডভাইসরি কমিটি বিভিন্ন অঞ্চলে উদ্বৃত্ত জমি ভাগ বাটোয়ারার ক্ষেত্রে তারা গ্রাম পঞ্চায়েত, গ্রাম সভার অধ্যক্ষ বা অঞ্চল পঞ্চায়েতদের নিয়ে কমিটি ফরম করেছেন। গতকাল বলা হয়েছে যে যেহেতু তাঁরা নির্বাচিত প্রতিনিধি সেহেতু তাঁরা জমি ভাগ করবেন। আমি প্রথম পর্যায়ের আলোচনার সময় এবং সিলেক্ট কমিটিতে যাবার আগে একথা বলেছিলাম যে, সব ক্ষেত্রে গণতন্ত্রের ধুয়া দিয়ে সব কাজ করা যায় না। আজকে গ্রামাঞ্চলে গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত হিসাবে যাঁরা নির্বাচিত হয়েছেন, হিসাব করলে দেখা যাবে তাঁদের মধ্যে অধিকাংশই বড় বড় জমির মালিক। এটা বাস্তব ঘটনা। আজকে বিধানসভার নির্বাচিত প্রতিনিধি হিসাবে আমরা যেমন দাবি করি এবং বিভিন্ন জায়গায় আমাদের যেমন অধিকার দেওয়া হয় ঠিক তেমনি অঞ্চল পঞ্চায়েতের সদস্যদেরও অধিকার আছে। কিন্তু জমির সংগে শ্রেণীস্বার্থের ব্যাপার জড়িত আছে, একথাটা আমাদের ভুলে যাওয়া উচিত নয়। আর জমি নিয়ে যে লড়াই এযাবৎকাল চলে আসছে সেটা শ্রেণী সংক্রান্তই। আজকে যে শ্রেণীর কাছ থেকে সরকার জমি নিচ্ছেন সে শ্রেণীকেই যদি ল্যান্ড রিফর্মস অ্যাডভাইসরি কমিটিতে রাখা হয় তাহলে বাস্তবে এটা কত ফলপ্রসূ হবে সেটা আমাদের বিবেচনা করতে হবে। গণতন্ত্রই সবচেয়ে বড় কথা নয়। গণতন্ত্রে যদি চাষির জমি কেড়ে নেয়, তথাকথিত গণতন্ত্রের চেহারা এবং এর যে কাঠামো যদি গ্রামাঞ্চলে ভূমিসংস্কারের ক্ষেত্রে সমস্যার সমাধানের দিকে না গিয়ে সেটাকে আরও জটিল করে দেয় তাহলে সেটা আমাদের অন্যভাবে চিন্তা করতে হবে। এটা আমার ব্যক্তিগত অভিমত যে, ল্যান্ড রিফর্মস অ্যাডভাইসরি কমিটি যেভাবে গ্রামসভার অধ্যক্ষ বা অঞ্চল পঞ্চায়েতদের নিয়ে তৈরী হচ্ছে তাতে সমস্যার সমাধান হবে না। যদি দলীয় ভিত্তিতে করা যায়—যদিও রাজনৈতিক প্রশ্ন সেখানে আসবে, মন্ত্রিমহাশয় হয়ত বলবেন সেখানে রাজনীতি করা হবে তবুও আমি বলব রাজনৈতিক দলগুলি অল্পবিস্তর সেই এলাকার জনসাধারণের মঙ্গলের দিকে নজর রেখে কাজ করবেন। কাজেই বিভিন্ন দলের প্রতিনিধি, কৃষক সংগঠনের প্রতিনিধি এবং সরকারের প্রতিনিধি নিয়ে যদি উপদেষ্টা কমিটি গঠন করা যায় বা অঞ্চল প্রধানদের নিয়ে যেসমস্ত কমিটি আছে

তার সঙ্গে যদি বিভিন্ন কৃষক সংগঠনের প্রতিনিধিদের নেওয়া যায় তাহলে সত্যিকার ভূমি বণ্টনের সুব্যবস্থা হবে বলে আমি মনে করি। আমি সাজেসানগুলি রেখে আমার বক্তব্য শেষ করছি।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সভাপাল মহাশয়, আমি প্রথম শ্রীশৈলেন অধিকারী মহাশয়ের যে সংশোধনী প্রস্তাব গ্রহণ করেছিলাম এবং বলেছিলাম ভাষার কিছু অদলবদল করে সেই প্রস্তাব উপস্থিত করবো—সেটা পড়ে শোনাচ্ছি।

Clause 8 (3A): A mortgagor under a complete usufructuary mortgage intending to redeem such mortgage before the epxiry of its term or any person acting on his behalf, may make an application for redemption in such form and containing such particulars as may be prescribed to the Revenue Officer. On receipt of such application the Revenue Officer shall after service of notice to the mortgagee make an enquiry in the prescribed manner and pass a preliminary order declaring the amount due under such mortgage to the mortgagee at the date of such order and fixing a date for payment of such amount by the mortgagor. If the mortgagor pays such amount by the date so fixed, the Revenue Officer shall make a final order directing the mortgagee to restore possession of the mortgaged property and to deliver up the mortgage-deed, to the mortgagor.

(3B) A final order made under sub-section (3A) shall be executed by the Revenue Officer in such manner as may be prescribed.'

'Proposed Section 14H—it is consequential'
'for the words "under Section 14G" the words "under sub-section (3A) of Section 14C or Section 14G" be inserted.'

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় সদস্যগণ এতক্ষণ ধরে তৃতীয় পর্যায়ের আলোচনাতে এই বিধেয়ক সম্বন্ধে যেসব কথা বলেছেন, আমি সেগুলি বিশেষ মনযোগ সহকারে শুনেছি। তঁদের বক্তব্যগুলিকে মোটামুটিভাবে তিনটি ভাগে ভাগ করা যায়, অনেকে বলেছেন এই বিধেয়কের মধ্যে ভাগচাষীদের স্বার্থরক্ষার জন্য কিছু বিধান আছে। যেমন শ্রীনাথানিয়েল মুর্মু মহাশয় বললেন কিছু মঙ্গলদায়ক বিধান আছে তবে ভাগচাষীদের স্বার্থরক্ষার উপযুক্ত ব্যবস্থা নেই। আর একটি বিষয় হচ্ছে, ভূমি বণ্টন কমিটি যেভাবে গঠিত হয়েছে তাতে আস্থা রাখা যায় না। কারণ, সেখানে কায়েমী স্বার্থের লোক আছে, বেশী বেশী জমির মালিক আছেন, সুতরাং ভূমি বণ্টনের ব্যাপারে তাঁরা সেখানে নিরপেক্ষতা প্রদর্শন করতে পারবেন না। আর একটি অভিযোগ, মায়াপুর কংগ্রেসে যে প্রস্তাব গৃহীত হয়েছে তার পরিণামে শুধু ভাগচাষী উচ্ছেদ হয়ে যাবে, তাছাড়া আর কোন লাভই হবে না। এই অভিযোগগুলির মধ্যে প্রথমটাই প্রাসঙ্গিক আর দুটো অপ্রাসঙ্গিক। ভাগচাষীদের ব্যাপারটা সেকশান ৮-এ প্রাসঙ্গিক বলে আলোচনা করা যেতে পারে, মাননীয় সদস্যগণ জানেন ভাগচাষীদের সম্পর্কে আগে কোন বিধান ছিল না। কিছু কিছু বিধান ক্রমশঃ ক্রমশঃ করা হয়েছে, যার ফলে আজকে অনেক পরিমাণে ভাগচাষীদের স্বার্থরক্ষা সম্ভব হচ্ছে। তবে পুরোপুরি তাদের স্বার্থরক্ষা করা হচ্ছে একথা বলছি না। আমি জানি ভাগচাষীদের স্বার্থরক্ষার জন্য যা করা উচিত ছিল তা এই আইনের মধ্যে নেই বা এতদিন পর্যন্ত হয় নি; কিন্তু বাস্তব বুদ্ধির সঙ্গে, আদর্শের সঙ্গে একটু সামঞ্জস্য বিধান করতে হবে। এখানে বক্তৃতা প্রসঙ্গে অনেক মাননীয় সদস্য বলেছেন এবং অনেক বইপত্রে এই উল্লেখ পাওয়া যায় যে, ভাগচাষী সমস্যা পশ্চিমবঙ্গের একটা গুরুতর জটিল সমস্যা। কারণ বড়লোকরাই শুধু ভাগচাষীদের উপর নির্ভরশীল নয়, সাধারণ মানুষ—নাবালোক, বিধবা, প্রাথমিক শিক্ষক, সাধারণ চাকুরে—যারা কোলকাতায় কাজ করেন এবং ডেইলি প্যাসেঞ্জারী করেন গ্রামের সঙ্গে যোগাযোগ রক্ষা করেন তাঁরাও নির্ভরশীল। কাজেই একদিনে রূপায়িত এইসমস্ত ভাগচাষীদের রায়তের বা টেনান্টদের অধিকার দেওয়া ভাববার বিষয়। তবে নীতিগতভাবে দেওয়া উচিত একথা আমরা স্বীকার করি। যে ভাগচাষী মাথার ঘাম পায়ে ফেলে, কায়িক

শ্রম দিয়ে, বীজধান এবং প্লাউ অ্যান্ড কেটেল দিয়ে যে জমি চাষ করে তাদের পক্ষে সে জমির রায়তি স্বত্ব পাওয়া উচিত। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় বিশেষ অবস্থার জন্য আমরা আরো বেশী দূর যেতে পারি নি। তবে একথা ঠিক যে, আমরা উচিত মনে করি।

একথা ঠিক আমরা উচিত মনে করি। ভাগচাষীদের অধিকার যতখানি সম্প্রসারিত হয়েছে তার চেয়ে অধিক দূর পর্যন্ত সম্প্রসারিত হওয়া উচিত। বর্গাচাষীর সুবিধা অসুবিধার কথা আমি বলেছিলাম। সুবিধা কিছু আছে। যারা নাবালক আছে, যারা অক্ষম ব্যক্তি আছে, যারা দূরে থাকেন ভাগ চাষের জমি থেকে বাধ্য হয়ে দূরে থাকেন—বিশেষ মনে করুন দেশ সেবার কাজে যারা দূরে আছেন যেসব জোয়ানরা তাদের বেলায় আমাদের ভাগচাষের অধিকার অনেক দিন পর্যন্ত রাখতে হবে। যদি কোন জোয়ান তার চাষের ক্ষেত্র ছেড়ে মিলিটারীতে যোগ দেন তাহলে সেক্ষেত্রে আমরা বর্গাদারকে পুরো অধিকার দিলে সে ক্ষেত্রে বর্গাদারকে পুরো অধিকার হয়তো দেবো না এবং মাননীয় সদস্যগণ হয়তো কেউই সে বিষয়ে প্রশ্ন উত্থাপন করবেন না। নাবালক বিধবা এবং অন্যরকম অক্ষম ব্যক্তিদের বেলায় পুরো রায়তী অধিকার না দিলেও চলবে। কিন্তু অন্য জায়গায় তাদের যে অধিকার আছে তার চেয়ে বেশী অধিকার হয়তো দেওয়ার প্রয়োজন হতে পারে, অনেকে বলেছেন যে সেকশন ১৮ যেভাবে অ্যামেন্ড হয়েছে সেটাকে পদক্ষেপ বলা যেতে পারে। এটা আমাদের উদ্দেশ্য খানিকটা এগিয়ে যাওয়া এটা বলা যেতে পারে। এই বিলে কিছু কাজ হয়েছে। মাননীয় সদস্য নাথানিয়াল মুরমু বলেছিলেন সিকিউরিটি অফ টেনিওর পুরোপুরি যাতে ভাগচাষী পেতে পারে তার জন্য যেন পরবর্তী কালে আইন আনা হয়। একথা আমরা স্বীকার করি যে, অনেকেই বলেছেন শুধু আইনের দ্বারা তো হয় না। আইনের দ্বারা কিছুটা কাজ হতে পারে। কিন্তু দৃষ্টিভঙ্গীর পরিবর্তন চাই এবং এই পরিবর্তন মাননীয় শৈলবাবু বললেন যে আইনটা সম্পূর্ণ অকেজো হয়েছে এবং আইনে সে দৃষ্টি-ভঙ্গীর পরিবর্তন দরকার হবে এবং তার সূচনা আমাদের সকলের চেষ্টার দ্বারা হতে পারে। এটা আইনের দ্বারা হয় না একথা স্বীকার করেও বলতে পারি যে আইনে কিছু কাজ হয়। আইন কর্তাদের শুধু নয়, বা আইনসভার সদস্যদের নয়, বা মন্ত্রিদেরও নয়, সমগ্র দেশের দৃষ্টি-পরিবর্তন নেই। কিন্তু দৃষ্টিভঙ্গীর পরিবর্তন কি আইনের মধ্যে সূচিত হয় তা নয়, আইনের মধ্যে যা আছে নিশ্চয় তার দৃষ্টিভঙ্গীর পরিবর্তন সূচনা করে। কিন্তু সেই আইনকে কার্যকরী করতে গেলে সকল লোকের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন দরকার হতে পারে—বিশেষ যারা জনমতের নেতৃত্ব করেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, বর্গাদারদের অসুবিধার কথা, বর্গা সিসটেম বা প্রথার অসুবিধার কথা—সেকথা আমরা স্বীকার করি যে বর্গা প্রথার মধ্যে অনেকগুলি কুফল রয়েছে—যেমন জমিদারী প্রথা আমরা এককালে বিলোপ করেছিলাম তেমন হয়তো আমাদের এই বর্গা প্রথা বিলোপ করতে হবে। এর মধ্যে নিশ্চয় সিকিউরিটি অফ টেনিওর নেই। এর মধ্যে নানারকম কুফল রয়ে গেছে যার দ্বারা আমরা পুরোপুরি উন্নত ধরনের চাষের ব্যবস্থা করতে পারবো না বা পুরোপুরি উৎসাহের সঞ্চার করতে পারবো না যদি মনে করা যায় কোন বছর শস্য হানি হোল কোন কারণে তাহলে যে অধিক শস্য বা তার চেয়ে কিছু বেশি শস্য যখন বর্গাদার-দের হাতে আসবে তখন এমন হতে পারে যে বর্গাদারদের সেই অংশের দ্বারা তার খরচও কুলোবে না। কাজেই বর্গা প্রথার মধ্যে অনেকখানি এমন জিনিস রয়েছে যেটা আজকে সকলেই বলছেন যে এই প্রথা একেবারেই অবসান হওয়া উচিত কিছু কিছু সেফগার্ডসহ। আমরা একথা বলেছিলাম যে এটা নীতিগতভাবে আমরা স্বীকার করলেও আমাদের চিন্তা করতে হবে যে বর্তমান অবস্থায় কতটা পারা যায়। এবং নীতিগতভাবে স্বীকার করলেও একথা আমরা মনে করি না যে সঙ্গে সঙ্গে ভীষণভাবে বর্গাদার উচ্ছেদ হয়ে যাবে। আজকে আমি যদি ঘোষণা করি যে বর্গা প্রথা উচ্ছেদের জন্য আমরা চেষ্টা করছি তাহলে সঙ্গে সঙ্গে যে বর্গা উচ্ছেদ হয়ে যাবে একথা আমি স্বীকার করি না। মাননীয় কাশিকান্ত মৈত্র মহাশয় যে কথা বললেন—তিনি বললেন যে, মায়াপুর কংগ্রেসে যেই প্রস্তাব গৃহীত হোল তাতে কৃষকদের স্বীয় মর্যাদায় প্রতিষ্ঠিত করবার উদ্দেশ্যে ঘোষণা করা হয়েছে তার একমাত্র ফল হবে এই যে বর্গাদার উচ্ছেদ হয়ে যাবে। আমি জানি যে বর্গাদারদের মনে আতঙ্ক এসেছে এবং যারা মালিক তাদের মনে একটা সন্দেহ দেখা দিয়েছে যে হয়তো সমস্ত জমি তাদের হাত ছাড়া হয়ে যেতে পারে।

[3—3-10 p.m.]

এ সম্বন্ধে আমি মাননীয় সদস্যদের কাছে ফ্লাউড কমিশনের যে রিপোর্ট সেটা পড়ছি—সেই রিপোর্ট বর্গাদারদের অধিকতর স্ট্যাটাস দেওয়ার কথা হয়েছিল—সেখানে তারা একটা সুন্দর কথা বলেছিলেন যে

The chief argument against any proposal to improve the status of the bargadars, is that as soon as it has become publicly known, the great majority of the bargadars will be turned out.

ঠিক একথা মাননীয় সদস্য কাশীকান্তবাবু বলেছিলেন

But we do not think that the owners of those lands are in a position to cultivate the lands themselves, or can afford to leave them uncultivated for more than one or two years at most. They must either employ the previous bargadars as labourers on fixed wages, in which case the economic position of these people might improve, or sooner or later they must reinstate the bargadars.

এখন এর পরে অনেক দিন চলে গেছে, এর পরে বর্গাদারকে ফাঁকি দেবার জন্য বর্গাদারকে বঞ্চিত করবার জন্য তাদের ন্যায্য অধিকার থেকে বিচ্যুত করবার জন্য নানারকমভাবে জোতদাররা চেষ্টা করতে পারেন। বহুদিনের কায়েমী ব্যাপার, নিশ্চয় কেউ ছেড়ে দিতে চান না। কিন্তু আইনে আরও ভালভাবে ব্যবস্থা করা যেতে পারে। আইন প্রণয়ন করা এবং আইন প্রচলন করা এবং আইন বলবৎ করবার জন্য নানারকম উন্নত ধরনের ব্যবস্থা করা সম্ভব হতে পারে। কাজেই আমি একথা বলি না আজকের দিনে বর্গাদারকে উচ্ছেদ হয়ে যেতে হবে—যেহেতু মায়াপুর কংগ্রেসে একটা খুব ভালরকম প্রস্তাব গ্রহণ করা হয়েছে সেইহেতু সেই প্রস্তাবকে বর্গাদার উচ্ছেদের সঙ্গে জড়িয়ে মায়াপুরের কংগ্রেস অধিবেশনকে খেলো করে দেখাবার চেষ্টাই বোধ হয় ঠিক হচ্ছে না। আমি এই জন্য বলছি যে, মায়াপুর প্রস্তাবের কথা উল্লেখ করে একাধিক বক্তা বলেছেন যে, সর্বনাশ হয়ে গেল বর্গাদাররা উচ্ছেদ হয়ে যাবে। আমি ফ্লাউড কমিশন-এর রিপোর্ট দেখলাম যে একই কথা তাদের কাছে বলা হয়েছিল। আপনাদের মত মাননীয় সদস্যরা বলেছিলেন যাদের জোতজমি ছিল, কিছু বলবেন না মহাশয়, যদি বলেন বর্গাদারকে অধিক ক্ষমতা দেওয়া হবে তাহলে বেচারা বর্গাদার উচ্ছেদ হয়ে যাবে। তাদের কথা বলবেন না—ওসব কথা একেবারে উচ্চারণই করবেন না। বর্গাদারকে অধিকতর ক্ষমতা দেওয়ার কথা কৃষককে সমস্ত জমিতে অধিকার দেওয়ার কথা বলা ভাল নিশ্চয়—তা বলতে হবে—কিন্তু জনমত সৃষ্টি বড় কথা এবং যে দৃষ্টিভঙ্গী পরিবর্তনের কথা শৈলবাবু বললেন সেই দৃষ্টিভঙ্গী পরিবর্তন তখনই আসে যখনই এই সম্বন্ধে প্রকাশ করেন দৃঢ়ভাবে একযোগে কার্যকরী করবার চেষ্টা করেন। সেইজন্য আমার আক্ষেপ ছিল এখানে এই যে অত্যন্ত অহেতুকভাবে এবং অপ্রাসঙ্গিকভাবে মায়াপুর কংগ্রেসকে টেনে এনে সেকশন ১৮ অ্যামেন্ডমেন্টটাকে তুচ্ছ করে দেখানোর চেষ্টা আমি মনে করি ঠিক কাজ হয় নি। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আর একটা কথা ও'রা বললেন সেটা হচ্ছে এই যে, ভূমি বণ্টন কমিটিকে তো মোটেই বিশ্বাস করা যায় না। আমি বার বার বলেছি যে ভূমি বণ্টন কমিটিতে আমাদের মনোনীত সরকারী কর্মচারী যাঁরা আছেন তাঁদের সংখ্যা কম, তাঁরা সেখানে অ্যাডভাইসারী ক্যাপাসিটিতে আছেন—তাঁরা উপদেশ দেবেন, পরামর্শ দেবেন এবং তাঁরা তাদের মতামত প্রকাশ করতে পারেন—কিন্তু কোন দিন যদি ভোটাভুটি হয় তাহলে তাঁরা সেই ভোটে অংশগ্রহণ করতে পারবেন না। যে-কোন জায়গায় ভূমি বণ্টন কমিটিতে সেখানে সরকারী কর্মচারী এবং বেসরকারী কর্মচারীদের মধ্যে মতবিরোধ হলে তাঁরা অংশগ্রহণ করে পরামর্শ দেবেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এখানে একটা গুরুতর নীতির প্রশ্ন উঠেছে।

যেখানে কোন ভূমি বন্টন হয়েছে, সেখানে সরকারী কর্মচারীরা বেসরকারী লোকদের মধ্যে মতবিরোধ হলে তাতে তাঁরা অংশগ্রহণ করেন নি। কেবলমাত্র পরামর্শ দিয়েই তাঁদের কর্তব্য শেষ করেছেন।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এখানে একটা গুরুতর নীতির প্রশ্ন উঠেছে। মাননীয় সদস্য ন্যাথানিয়েল মুর্মু বলেছেন যে গণতন্ত্রের পথে সব কাজ ঠিক নয়। তাহলে কোন পথে করবো? আমরা নির্বাচিত প্রতিনিধিদের উপর ভার দেই। যারা জনসাধারণের ভোটে নির্বাচিত, তাদের

উপর ভার দেওয়া হয়, তাঁরা সেই অঞ্চলের ভোট পেয়ে এসেছেন। সকলেই নির্বাচিত প্রতিনিধি, তাঁরা সেখানে সমস্ত ব্যাপার বুঝে জমি বণ্টনের ব্যবস্থা করবেন। আপনাদের মতের সঙ্গে না মিললে বা আপনাদের পছন্দমত লোককে জমি বিলি না করলে, অমনি আপনারা বলবেন আমরা স্বার্থবাদী লোক। আপনারা যেমন অনায়াসে এখানে বসে বসে প্রধানদের নিন্দা করতে পারেন, হাজার হাজার প্রধান নির্বাচিত হয়েছেন পশ্চিম বাংলায়। যখন এই পঞ্চায়েত আইন রচনা হয়, তখন আপনারা সেই আইনের বিতর্কে যোগদান করেছিলেন। এখন তাঁদের এক কথায় নিন্দনীয় করে দিলেন। এটা অন্যায় কথা বলে আমি মনে করি। অবশ্য আপনারা যদি বলেন কোন কোন জায়গায় প্রধানরা খারাপ কাজ করেছেন, তাহলে অন্য কথা, আমরাও সদস্য হিসেবে খারাপ কাজ করেছি। তাই বলে সমস্ত সদস্যকে নিন্দা করা উচিত হয় না। তিনি যে কেউ হতে পারেন, তিনি বিচারপতি হতে পারেন, মহিলা হতে পারেন, যদি বলেন এই আইনসভার সমস্ত সদস্য খারাপ, তাহলে কনটেম্পট অফ দি হাউস-এ পড়বেন। তবে মাননীয় সদস্য যদি বলেন সকলে কায়েমী স্বার্থের লোক, সকলে জোতদার পক্ষের লোক, তাহলেও ঠিক হয় না। তবে অন্যায় করা হয় না।. কিন্তু যে ব্যালান্স অফ জাজমেন্ট সকলে আশা করেন, তা আমরা তাদের কাছ থেকে দেখতে পেলাম না।

আমরা দু-ভাবে জমি বিতরণ করতে পারি—এক হলো সরকারী কর্মচারীদের মাধ্যমে; আর এক হচ্ছে বে-সরকারী লোকদের মারফত। তাঁদের আমরা মনোনীত করতে পারি, আবার নির্বাচিত লোকদের ভেতর থেকে বেছে নিয়েও সেই বেসরকারী কমিটি করতে পারি। সেখানে ভুল হতে পারে। আমি বলছি না আমাদের সিস্টেমটা পারফেক্ট, তবে আমাদের সিস্টেমটা অন্য সিস্টেম থেকে ভাল হয়েছে। মাননীয় সদস্য যদি বলেন আমাকে ভার দেন, তাহলে হয়ত অনেকের তাঁর উপর সন্দেহ হতে পারে। কাজেই আমাদের পক্ষ থেকে এত বেশী করে রিফ্লেকশান প্রধানদের নিন্দা করা ঠিক হচ্ছে না। তাদের জুরিসডিকশান-এ নির্বাচিত ব্যক্তিদের ভেতর কেউ কেউ জোতদার হতে পারে, এক্সপ্লয়টারও কেউ কেউ হতে পারে, তাই বলে তাদের সবাইকে একই ব্রাশে পেইন্ট করা ঠিক হচ্ছে না।

(এ ভয়েসঃ এম এল এ-তো নির্বাচিত সদস্য তাদের কমিটিতে নিলেন না কেন?)

আপনাদের এইভাবে সম্পূর্ণ এক কথাতে সমস্ত প্রধানদের নিন্দা শুনে ভাবতে হয়।

মাননীয় ন্যাথানিয়েল মুর্মু বলছিলেন যে, সব গো-চর ভূমি যাতে বণ্টিত হয়ে না যায়, সেদিকে যেন সরকারের দৃষ্টি থাকে। আবার শ্মশানভূমি, পতিত ভূমি নেওয়ার জন্য অনেক লোকের মনে আকুল আগ্রহ দেখা দিয়েছে।

[3-10—3-20 p.m.]

এইসমস্ত জমি যাতে বিলি না হয় তার জন্য আমরা ডিপার্টমেন্টের মারফত নির্দেশ দিয়েছি যে, সাধারণের ব্যবহারযোগ্য গোচারণ ভূমি, শ্মশান ভূমি, ভাগার ভূমি যেন বিলি করা না হয়। আইনমত বিলি করতে কোন বাধা নেই, কিন্তু আমরা নির্দেশ দিয়েছি গোচারণ ভূমি আর যেন বিলি করা না হয় এবং যদি বিলি করা হয়ে থাকে সর্ট টার্মে তাহলে সেই টার্ম শেষ হবার পর যেন নিয়ে নেওয়া হয়। আমাদের ননীবাবুর চা-বাগান সম্বন্ধে স্বভাবতঃই আগ্রহ বেশী, তিনি এ বিষয়ে খোজ খবরও নেন, তাঁর ব্যুৎপত্তিও আছে এবং অনেক কথা তাঁর কাছ থেকে আমরা জেনেছি। অনেক মাননীয় সদস্য উচ্ছাসের বশে অনেক অপ্রাসঙ্গিক কথা বলেন, কিন্তু ননীবাবু যেকথা বলেছেন সেটা প্রাসঙ্গিক কথা। ননীবাবু যেসমস্ত চা বাগানের নাম বলেছেন আমি প্রত্যেকটি ক্ষেত্রে অনুসন্ধান করব এবং আমাদের যে রিপোর্ট আছে তা যদি সন্তোষজনক না হয় তাহলে আর একবার বিশেষভাবে অনুসন্ধান করব। ননীবাবু বলেছেন চা বাগানের অন্তর্গত যেসমস্ত জমি ভাগচাষে আছে সেগুলি রক্ষা করবার কি ব্যবস্থা আছে, সমস্ত জমি যদি লেসি হিসাবে চা বাগানের মালিককে দেওয়া হয় তাহলে তারা নিশ্চয়ই অসুবিধায় পড়বে —অর্থাৎ তারা তাদের ইচ্ছামত, খুসীমত চা বাগানের জমিতে যে আছে তাকে উচ্ছেদ করতে পারবে। এই প্রশ্নগুলি তিনি রেখেছেন। আমি বলেছি চা বাগানের অন্তর্গত যে জমিতে

ভাগচাষী আছে সেখানে যে আমরা রিজামশন করতে পারছি না তার কারণ হচ্ছে সেটা নিয়ে আমরা ব্যবস্থা করতে পারব না। কাজেই চা বাগানকে আমরা এই সর্তে দিতে চাই যে, সেখানে তারা ভাগচাষীকে কখনও উৎখাত করতে পারবে না এক্সেপ্ট উইথ দি পার্মিশন অফ দি স্টেট গভর্ণমেন্ট। ল্যান্ড রিফর্ম অ্যাক্টে বর্গাদার, আধিয়ারের কথা যা আছে তাতে বিশেষ বিশেষ ক্ষেত্রে কোন ভাগচাষীকে উচ্ছেদ করা যাবে, কিন্তু এখানে সেটা প্রয়োগ করা যাবে না। এখানে স্টেট গভর্নমেন্টের অনুমতি নিতে হবে একথা বলা আছে। আপনারা জানেন চা বাগানের এক্সপ্যানসন-এর জমির দরকার হবে, কিন্তু ল্যান্ড রিফর্ম আইনের ১৭ ধারা অনুসারে যেভাবে হতে পারে এখানে সেরকম হবে না। এখানে বলা আছে একসেপ্ট উইথ দি পার্মিশন অফ দি স্টেট গভর্নমেন্ট নো বর্গাদার ইন দি টি গার্ডেন ল্যান্ড ক্যান বি এভিকটেড। এটা আমরা লিজ ফার্মের আইনজ্ঞদের সংগে পরামর্শ করে করেছি। চা বাগানকে জমি রিটেন করতে দেওয়া হচ্ছে, কিন্তু তাকে জমির মালিক বলে গণ্য করা হচ্ছে না। রায়ত থেকে সে আলাদা—হি ইজ নট এ রায়ত, টি গার্ডেন ইজ এ লিজ মিয়ারলি। এটা তাকে লিজ-এর সর্ত হিসেবে দেওয়া হবে এবং তিনি ভাগচাষীদের ইচ্ছামত তুলে দিতে পারবেন। তারপর স্যার, ও'রা অনেকগুলো নীতির কথা বলেছেন যে, এটা ভাল হয় নি, অনেক কিছু করা হয় নি এবং এখনও কিছু করা যেতে পারে। আমি শুধু এটুকু বলব নিশ্চয়ই অনেক কিছু করা যেতে পারে এবং আমরা কোন আত্মসন্তুষ্টির মনোভাব নিয়ে কথা বলছি না। ভূমি সংস্কারের ব্যাপারে অনেক জটিল জিনিস আছে যেটা শুধু আইনের দ্বারা হবে না, এর জন্য সকলের সহযোগিতা চাই—এমন কি শৈলবাবুরও সহযোগিতা চাই। যদি সকলের সহযোগিতা না পাই তাহলে এই জিনিস হবে না। তবে স্যার, আমি অনেক সময় অত্যন্ত আশ্চর্য হয়ে যাই কারণ মাননীয় সদস্যগণ অনেক সময় এমনভাবে বক্তৃতা করেন যেন পশ্চিমবাংলার চিত্র সবচেয়ে খারাপ এটাই তাঁদের কাছে ফুটে উঠেছে। আমি বলব মাননীয় সদস্যগণ যদি আশেপাশের রাজ্যগুলির সম্বন্ধে খোঁজ করেন তাহলে তাঁরা ভাল করবেন।

কিন্তু মহীশূর থেকে, অন্ধ্র থেকে, মাদ্রাজ থেকে, উত্তরপ্রদেশ থেকে, বিহার, উড়িষ্যা, আসাম ইত্যাদি বিভিন্ন জায়গা থেকে খোঁজ করে দেখেছি—মাননীয় সদস্য বীরেনবাবু চীৎকার না করলেই ভাল হয়, তাতে একথা বলতে পারি এটা এমন একটা জিনিস যেখানে খুব ধীরভাবে যদি শুনেন, তাহলে বুঝতে পারবেন কিছু করতেও পারবেন, আমি একথা বলছিলাম আজকে কি কি করেছি সেটা বর্ণনা দিতে চাই না, কিন্তু একটা কথা সিলিং সম্পর্কে অনেকে বলেছেন, কোন্ কোন্ জায়গা এফেকটেড হচ্ছে এবং কত জমি পেয়েছি তার একটা ফিরিস্তি যদি গ্রহণ করেন তাহলে খুসী হব। আমি বলতে চাই একটা কথা, এটা অত্যন্ত কঠিন জিনিস, এটা আইনের দ্বারা হয় না, এটা বার বার স্বীকারও করেছি, জনসাধারণের সকলের সহযোগিতা ছাড়া হতে পারে না। মাননীয় সদস্যগণকে আমি একথা সবিনয়ে বলবো যে, সকলের সহযোগিতা ছাড়া ল্যান্ড রিফর্ম-এর মতে কোন গুরুতর প্রোগ্রাম সফল হতে পারে না।

(নয়েজ)

মাননীয় সদস্যগণ সহযোগিতার পরিবর্তে যদি কেবল বাধা দান নীতি হিসাবে গ্রহণ করেন তাহলে আমি কি করতে পারি? সেজন্য আমাদের যতটুকু ক্ষমতা, আমার যতটুকু ক্ষমতা, সরকারের যতটুকু ক্ষমতা আছে সেইটুকু করতে পারি। কংগ্রেস পার্টির যেটুকু ক্ষমতা আছে সেটুকু করতে পারি। আমি মাননীয় সদস্যগণকে খাজনার কথা বলছিলাম। আমি একথা বলতে চাই, আমাদের এখানে সাজা চাষী ছিল ৭৭ হাজার একরে। মাননীয় সদস্যরা যাঁরা ঐ অঞ্চলের লোক, বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া জেলার লোকেরা জানেন, সাজা চাষীরা প্রতি একরে যে ধান দিতেন, সেই ধানের দাম আজকের দিনে যার ১০০ টাকার বেশী, আজকে তাদের দিতে হয় মাত্র ৯ টাকা। ৯ টাকা বেশী হয়েছে বলে মনে করি না। এটা কম হতে পারে, কিন্তু আমাদের দৃষ্টিভঙ্গী এখানে আমরা কৃষকদের সরকারের সংগে সরাসরি সংযোগ আনতে চাই, কৃষকদের হাতে বেশী ক্ষমতা দিতে চাই, কৃষকরা যদি অতিরিক্ত খাজনা দিতে বাধ্য হয় সেখানে কমিয়ে দিতে চাই, যেখানে ৮০ টাকা ১০০ টাকা ছিল সেখানে কমিয়ে ৯ টাকা করা হয়েছে, যেসমস্ত বর্গাদার ছিল তারা প্রায় শতকরা ৫০ ভাগ প্রায় সব জায়গাতেই দিতেন। সেচের হার, তার মূল্য অনেক

জায়গায় ৬০-৭০ টাকা পর্যন্ত আছে, সেখানে সেই বর্গাদার ভেস্টেড জমিতে যখন এলেন, ল্যান্ড রিফর্ম কমিটি তাকেই দিলেন কিন্তু সেখানে তাকে দিতে হচ্ছে একরে ১০ টাকার বেশী নয় বিঘায় তিন টাকা সোয়া তিন টাকা। এর বেশী নয়। এগুলির কথাই আমি বলতে চাই খাজনা সম্বন্ধে অনেকে বলেছেন খাজনা কমিয়ে দিন, পাঁচ একর পর্যন্ত, সমস্ত খাজনা কমিয়ে দিন কিংবা বন্ধ করে দিন। আমি তো অবাক হচ্ছি, খাজনা তুলে দিতে পারলে নিশ্চয়ই খুসী হতাম, খাজনা তুলে দিয়ে যদি অন্য রকম ট্যাক্স করা সম্ভব হয় তাহলে নিশ্চয়ই ভাল হবে কিন্তু একথা বলতে চাই, যাঁরা বলেন খাজনা তুলে দিলে চাষীর সুবিধা হবে, চাষে উৎসাহ পাবে তাদের আমি বলি, তাদের আর বেশী করে কৃষকের সঙ্গে যোগাযোগ করা উচিত। কৃষক খাজনা দেবার জন্য উৎসুক আছে, কৃষক খাজনা মকুব চেয়ে দরখাস্ত করছেন। এটা মাননীয় সদস্য একটু খোঁজ করলেই জানতে পারবেন। আমি মাননীয় সদস্যগণকে এটা বলতে পারি যে আজকে কৃষক চাইছে অন্য জিনিস. আমাদের কাছে, আপনাদেরও কাছেও, খাজনা মকুব নয় তারা চাইছে চাষের সময় যাতে জল পড়ে, বন্যার সময় অধিক জল হলে যাতে জল নিষ্কাশন হতে পারে, যাতে ভাল বীজ পেতে পারে, ভাল চাষের পদ্ধতি, এটাই তারা চাইছে, ভাল টেকনিক সরঞ্জাম ইত্যাদি তারা চাইছে এবং ক্রেডিট ইত্যাদি নানা জিনিস চাইছে। তারা মার্কেটিং ফেসিলিটি চাইছে, কো-অপারেটিভ ফার্মিং এসব জিনিস চাইছে। এর উপর গুরুত্ব দেওয়া নিশ্চয়ই দরকার। আমি একথা বলছি না যে চাষীদের বেশী অধিকার দিতে হবে না। আমি একথাই বলতে চাইছি যে, মাননীয় সদস্যগণ যদি কৃষকদের ভুল পথে পরিচালিত করেন এবং আমাদেরও বিভ্রান্ত করার চেষ্টা করেন যাঁরা বলেন পাঁচ একর পর্যন্ত খাজনা তুলে দিতে হবে আমি মাননীয় সদস্যগণকে একথা বলতে পারি যে, আজকে সম্পূর্ণরূপে রেভিনিউ তুলে দিলেই ফসল বাড়বে না। আমাদের ফসল বাড়াবার জন্য যে যে জিনিস দরকার তার মধ্যে ল্যান্ড রিফর্মই বড় কথা, তার বিভিন্ন পর্যায় আমরা আরম্ভ করেছি, আমরা বিভিন্ন পর্যায়ে সফলও হয়েছি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আপনারা কি ফৈজপুর কংগ্রেস রেজলিউশন থেকে ডেভিয়েট করেছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: তারপর গঙ্গায় অনেক জল বয়ে গেছে।

[3-20—3-30 p.m.]

তারপর থেকে অনেকখানি জল গঙ্গা দিয়ে বয়ে গেছে এবং আপনি ব্যাকডেটেড বাই টুয়েন্টি ইয়ার্স—সেজন্য আমি বলছিলাম এসমস্ত রায়তদের আমরা সরকারের সঙ্গে যোগাযোগ এনেছি আমি ইন্টারমিডিয়ারিজ অফ অল টাইপস মধ্যস্বত্ব ভোগী এবং জমিদারী প্রথা উচ্ছেদ করেছি আমরা জমির উপর একটা সিলিং করেছি এবং সেই সিলিং প্রয়োগ করবার চেষ্টা করছি। সিলিং সম্বন্ধে আমরা সিলিং-এর উপর যে বাড়তি জমি আছে সে বাড়তি জমি গ্রহণ করবার চেষ্টা আমাদের এখনও শেষ হয় নি। আমরা আশা করি আরো অনেক জমি উদ্ধার করতে পারবো। এটা ঠিক নানা কারণে আমরা যতখানি জমি পাব মনে করেছিলাম ততখানি পাই নি। বাংলাদেশ ঘনবসতিপূর্ণ বলে এখানে জমির পরিমাণ অনেক কম। সিলিং-এর উপর আমরা এই বিধান করেছি এবং চেষ্টা করছি যথাযথভাবে এটা বিশেষভাবে তীব্র প্রয়োগ করবার। এই কারণে আমরা কৃষি জমির ক্ষেত্রে এবং জমির ক্ষেত্রে ব্যক্তিগত মালিকানার একটা সীমা না বেঁধে দিলে গ্রামীণ সমাজব্যবস্থার মধ্যে প্রগতিশীলতা আনতে পারবো না। আমরা যে জমি পাব তত জমিতেই আমরা ক্ষেত মজুরদের রিহ্যাবিলিটেড করতে পারবো এবং সমস্ত বর্গাদারদের রি-হ্যাবিলিটেড করতে পারবো। আমরা ভাবছি এটা একটা সিম্পল

It is necessary for the purpose of doing social justice.

সেজন্য আমরা এই সিলিং করেছি এবং সিলিং সম্পর্কে একথা বলছি যে, এজ ইন রেসপেক্ট অফ আদার ফর্মস অফ ল্যান্ড, অতএব আমরা উন্নতি সাধনের জন্য এবং সামাজিক ক্ষেত্রে সামাজিক ন্যায় বিচারের জন্য মাননীয় সদস্যদের কাছে আবার হয়ত উপস্থিত হব কোন রকম প্রস্তাব নিয়ে। আমি স্বীকার করি অনেক মাননীয় সদস্য ইউসফুল সাজেসন দিয়েছেন যে ল্যান্ড রিফর্মস আইন এবং এস্টেট অ্যাকুইজিশন আইন দুটোকে একত্রিত করে সামঞ্জস্য বিধান করা এবং আরো প্রগতি-

শীলতার দিকে লক্ষ্য রেখে আমাদের সামনে যে মূল লক্ষ্য রেখে তার সামনে যাতে তাড়াতাড়ি যেতে পারি সে উদ্দেশ্য নিয়ে সমন্বিত আইন করা যায় তাহলে ভাল হয়। এটা নীতিগতভাবে আমি স্বীকার করি. কিন্তু এটা সময় সাপেক্ষ বলে এ সম্বন্ধে এখন কিছু বলতে পারবো না। তবে আমি মনে করি মাননীয় সদস্যগণ এ বিলের মধ্যে যা আছে সেটাকে অভিনন্দন জানিয়ে বিল গ্রহণ করবেন।

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The West Bengal Fisheries (Requisition and Acquisition) Bill, 1965

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal Fisheries (Requisition and Acquisition) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Syamadas Bhattacharyya: I beg to move that the West Bengal Fisheries (Requisition and Acquisition) Bill, 1965, be taken into consideration.

মাননীয় চেয়ারম্যান, স্যার, মাছ সরবরাহের জন্য পশ্চিম বাংলা প্রধানতঃ বিল, বাঁধের নদী-নালা এবং অন্যান্য আভ্যন্তরীণ জলাশয়ের উপর নির্ভর করতে হয়। এসব জলাশয় থেকে অনেক পরিমাণ মাছ চাষ হতে পারে, একথা মাননীয় সদস্যগণ জানেন যে, মাছ চাষের পক্ষে এ সমস্ত আভ্যন্তরীণ জলাশয়গুলি বিশেষ সম্ভাবনাপূর্ণ, কিন্তু এ সবের উপযুক্ত উন্নয়ন হচ্ছে না। এবং এর যে অনেকগুলি কারণ আছে সে কথা মাননীয় সদস্যগণ জানেন। একটা কারণ হচ্ছে, অনেক জায়গায় দেখতে পাই জলাশয়গুলির একাধিক মালিক আছে। একাধিক মালিক আছে তা নয়, কোন কোন জায়গায় ৫০।৬০ জনের বেশি মালিক আছে সেখানে পরস্পরের বিরোধিতার জন্য জলাশয়ের উন্নয়নের কোন সম্ভাবনা দেখা যায় না। তাদের পারস্পরিক ঝগড়া-বিবাদের জন্য তাদের মধ্যে কেউ যদি জলাশয়কে উন্নত করবার চেষ্টা করে তাহলে অন্যেরা বাধা দেন। তার ফলে সেসমস্ত জলাশয় অবহেলিত হয়ে পড়ে থাকে, অনুন্নত অবস্থায় পড়ে থাকে। আবার কোন কোন জায়গায় মূলধনের অভাব দেখা যায়—মালিকের ইচ্ছা থাকলেও মূলধনের অভাবে জলাশয় উন্নত করা যাচ্ছে না এটা দেখা যায়। আবার কোন কোন জায়গায় দেখা যায় যে, জলাশয়ের মালিক এমন একজন ব্যক্তি যার মাছচাষের সম্পর্কে কোন ঝোঁক নেই, অন্য উপায়ে অর্থ উপার্জন করে। এসব নানা কারণে আমরা দেখতে পাই অনেক জায়গায় বিল, বাঁধ বা ফিসারি অনুন্নত অবস্থায় পড়ে আছে বা সম্পূর্ণ অবহেলিত হয়ে পড়ে আছে। এসব জায়গায় আমরা মনে করি ব্যক্তিগত বা খাস দখলে যদি জলাশয়গুলি রাখা যায় তাহলে এগুলি ভালভাবে উন্নত করা সম্ভব হবে। আমরা মনে করি সরকারের উদ্যোগে এগুলির উপযুক্ত উন্নয়নের ব্যবস্থা করা সম্ভব এবং করা দরকার। তাছাড়া আর একটা জিনিস আছে যারা পুরুষানুক্রমে মাছ চাষ করেন মৎস্যজীবী সম্প্রদায় তাদের অবস্থা ভাল নয়। তাদের পক্ষে মূলধন জোগাড় করে আনা অনেক সময় সম্ভব নয়। তাদের দারিদ্রতাবশত এ সমস্ত জলাশয়ের বন্দোবস্ত নিতে পারেন না। সেজন্য আমরা দেখছি মৎস্যজীবী সম্প্রদায়ের লোকেরা শ্রমিক হিসাবে কাজ করে, মাছ ধরে জাল টানে, মাছ বিক্রি করবার ব্যবস্থা করে, তারপরে তারা পারিশ্রমিক পায়, কিন্তু কোন লভ্যাংশ পায় না। এজন্য তাদের কাজের ইনসেনটিভ যেটা সেটার অভাব যাকে বলে মাছচাষীদের ক্ষতি হয়। সেজন্য আমরা মনে করি উন্নয়নের উপযোগী এ সমস্ত মাছচাষীদের ব্যাপারে জলাশয়গুলি সরকার থেকে গ্রহণ করা হোক এবং পরে যদি দেখা যায় ঐ ক্ষমতার পর আমাদের রিকুইজিশন করার দরকার এবং যদি সম্ভাবনা থাকে তাহলে নিশ্চয়ই তাদের জন্য আমরা ঐগুলি স্থায়ীভাবে অ্যাকুইজিশন করতে পারি। এরূপ ব্যবস্থা করলেই মাছ বৃদ্ধি হতে পারে। মাননীয় সদস্যরা রিকুইজিশন এবং অ্যাকুইজিশনের কথা বললেন। এগুলি আইনের মধ্যে আছে। আমরা নেবার আগে পজেশন দিতে পারব।

[3-30—3-40 p.m.]

দ্বরকম হতে পারে। একটা জিনিস হচ্ছে দখল, আর একটা হল তার থেকে বৃহত্তর বিস্তীর্ণ অধিকার, নাম হল তার ওনারশীপ। একটা হল পজেশন, আর একটা হল ওনারশীপ। আমি পজেশনটা নিজের হাতে নিচ্ছি এবং কোন কোন ক্ষেত্রে রিকুইজিশন বলতে পারি। ওনারশীপ, মালিকানা যদি আমি নিই তখন আমি অ্যাকুইজিশন করলাম। আমি মালিকানা নিতে যাচ্ছি না, প্রথমে রিকুইজিশন করে সেটাকে আমার দখলে নিয়ে কাজ করতে যাচ্ছি, তাকে অনুসন্ধান করতে যাচ্ছি, সে সম্বন্ধে কিছু তথ্য সংগ্রহ করতে যাচ্ছি, সে সম্বন্ধে আমরা গবেষণা করতে যাচ্ছি। যদি দেখি খোঁজখবর করবার পরে যে সেখানে ভাল হতে পারে সেখানে অনেক উন্নত ধরনের চাষ হতে পারে তাহলে সেটা আমরা স্থায়ীভাবে গ্রহণ করতে পারি। এমন হতে পারে অধিগ্রহণ করবার পরে কিছু কিছু তথ্য সংগ্রহ করে দেখা গেল যে মালিকরা সেখানে চাষ করতে পারেন তাদের যে যে অসুবিধা হচ্ছিল সে অসুবিধাগুলি দূর করে দিলে। আমরা সেখানে রিকুইজিশন নাও করতে পারি। কিন্তু যদি দরকার হয় মৎস্যচাষের উন্নতির জন্য মৎস্যজীবী সম্প্রদায়ের উন্নতির জন্য তাহলে আমরা রিকুইজিশনের পরের স্টেজ যে অ্যাকুইজিশন সেটা আমরা করব। এই বিধেয়কটির মধ্যে যে আমরা রিকুইজিশন অ্যান্ড অ্যাকুইজিশনের বিধান সন্নিবিষ্ট করেছি, সেগুলি প্রধানত পশ্চিমবঙ্গে ভূমি অধিগ্রহণ আইন ১৯৪৮ সালে—মানে হচ্ছে
West Bengal Land (Requisition and Acquisition) Act, 1948
তার বিধান অনুসারে করা হয়েছে। সেই বিধানের অনুকরণ আমরা এই বিলে করেছি। এর অষ্টম প্রকরণে অধিগ্রহণ এবং গৃহীত মীনক্ষেত্র এবং জমির জন্য ক্ষতিপূরণের বিধান সংযোজিত আছে। মীনক্ষেত্র জমি গ্রহণের জন্য ক্ষতিপূরণ দেওয়া হবে। মীনকর বার্ষিক আয় তিনগুণ। এই বিধান পশ্চিমবঙ্গের কৃষিজমি মীনক্ষেত্র গ্রহণ এবং পুনর্বন্দোবস্ত করা আইন পরিকল্পনা অর্থাৎ
West Bengal Agricultural Lands and Fisheries (Acquisition and Requisition) Act, 1958
এই বিধান অনুকরণ করা হয়েছে যে, গড় আয় যেটা হবে সেটার গড় আয়ের তিনগুণ হবে কম্পেনসেশন। যদি আমরা অ্যাকুইজিশন করি অধিগ্রহণের জন্য তাহলে ক্ষতিপূরণ দেওয়া হবে। যে রিকুইজিশন পিরিয়ড থাকবে, সেই রিকুইজিশন পিরিয়ডের জন্য ক্ষতিপূরণ দেওয়া হবে, সেখানে মালিক এবং সমাহর্তা উভয়ে চুক্তিতে রাজী হয়ে একটা রেট ঠিক হতে পারে। যদি মালিক এবং সমাহর্তা রাজী না হয়, তাদের মধ্যে মতপার্থক্য হলে সমাহর্তা নিট গড় বার্ষিক আয়ের ভিত্তিতে ক্ষতিপূরণ অ্যাওয়ার্ড দিতে পারবেন। ক্ষতিপূরণ অ্যাওয়ার্ড—১১ নম্বর উপকরণের বিধান অনুযায়ী অ্যাপীল করা চলবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মৎস্যচাষ এবং মৎস্য সরবরাহের উন্নতির জন্য এবং মৎস্যজীবী সম্প্রদায়ের সামগ্রিকভাবে উন্নতির জন্য এই বিধেয়টি সরকার উপস্থিত করেছেন। আশা করি মাননীয় সদস্যগণ বিবেচনা করে এটা গ্রহণ করবেন।

Mr. Chairman: Amendment No. 1 in the name of Shri Bhakti Bhushan Mandal is out of order.

Amendment No. 2 standing in the name of Shri Sudhir Chandra Das is not moved.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1965.

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1965.

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় সভাপাল মহাশয়, আমার একটি সহকর্মী জিজ্ঞাসা করছিলেন যে, এর আগে আপনারা যেসমস্ত জমি নিয়েছেন সেখানে কৃতিত্বের সঙ্গে মাছের চাষ করে কত পেয়েছেন সেটার হিসাব পেশ করলে আমাদের আলোচনা করতে একটু সুবিধা হত। প্রথম কথা হচ্ছে এই বিলের উদ্দেশ্য যা লেখা হয়েছে সেই উদ্দেশ্যটির মধ্য দিয়ে মন্ত্রিমহাশয় যে বক্তৃতা দিলেন তাতে কিন্তু এইসমস্ত ঠিক বোঝা যায় না। যেমন ধরুন যে, এই জমি আপনারা ঠিক কত

পরিমাণ পাবেন অর্থাৎ এই মীনক্ষেত্র—সেটা দখল করলে তার পরিমাণটা কি হবে আপনাদের কোন আন্দাজ নেই। কেন না, তাহলে এই অধিক সাহায্য যেটা দিচ্ছেন এই বিধেয়কটির জন্য—সংশ্লিষ্ট হিসাবপত্র করা সম্ভব নয়। কেন না, কি পরিমাণ ভূমি গৃহীত হবে তা জানা নেই। এখন এ যদি জানা আপনাদের না থাকে, কমবেশি হতে পারে। কিন্তু আপনাদের যদি আনুমানিক হিসাবটা থাকে তাহলে এই জমি রিকুইজিশন করুন আর অ্যাকুইজিশনই করুন এই জমি নিয়ে আপনারা ভবিষ্যতে কি করবেন? আপনাদের যে পরিকল্পনা সে পরিকল্পনাটা সুষ্ঠুভাবে হতে পারে না এবং যে উদ্দেশ্যে এটা দিয়েছেন তাতে আপনারা জমি নিয়ে ভবিষ্যতে কি করবেন সে সম্পর্কে আপনাদের পরিষ্কার বক্তব্য এখানে নেই। যেমন ধরুন এখানে আছে যে, আপনাদের উদ্দেশ্যের মধ্যে যেগুলি বর্তমান, অনুন্নত বা স্বল্প উন্নত অবস্থার মধ্যে কিম্বা কোন কোন ক্ষেত্রে বহু মালিক মূলধনের অনটনে, ভাগচাষী উৎসাহের অভাবে ইত্যাদি নানা কারণে সম্পূর্ণ অবহেলিত।

ব্যক্তিগত মালিকানাধীন অবস্থায় থাকাথালে সরকারী প্রতিষ্ঠান স্টেট ফার্ম হিসাবে কার্যকরী হবে এবং এগুলির উন্নতিসাধন সৎ ব্যবহার করা সম্ভব নয়। এখন প্রশ্ন হচ্ছে এই যে যেগুলি রিকুইজিশন করবেন কিম্বা অ্যাকুইজিশন করবেন সেগুলি আপনারা কি স্টেট ফার্ম হিসাবে চালাবেন? চালালে তার কি ব্যবস্থা এবং অন্য কোন সংস্থার মাধ্যমে এই সমস্ত মীনক্ষেত্র আপনারা অধিকার করবেন মৎস্যচাষের উন্নতি করবেন সেটা কিন্তু আপনাদের উদ্দেশ্যের মধ্যে নেই। শুধু আছে যে এইজন্য আমরা নিচ্ছি এই এই কারণে ইত্যাদি। উপরন্তু জেলেরা সাধারণত অভাবগ্রস্ত এবং মাছের চাষ তাদের জীবিকা নির্বাহের বংশ পরাম্পরায় একটা প্রধান উপায়। তাদের আর্থিক অবস্থার সুযোগ লইয়া মালিকরা তাদের মজুর হিসাবে অত্যন্ত কঠোর শর্তাধীনে নিয়োগ করেন। এখন প্রশ্নটা হচ্ছে যে মালিকরা তাদের উপর খুব অত্যাচার করছে আপনারা এই সমস্ত মজুরদের সম্বন্ধে কি করবেন সেটা আমাদের একটু জানা দরকার। তাহলে এ সম্পর্কে আমরা আলোচনা ভালভাবে করতে পারি। কেন না এই মালিকরা—যাদের মজুর আছে সেই মজুরদের আপনারা কি ব্যবস্থা করবেন তারা আপনাদের মজুর হবে কি না এবং তাদের কি মজুরী দিতে হবে সেটা একটু বলুন তাহলে আমাদের আলোচনা করতে সুবিধা হবে। কিন্তু শ্যামাদাসবাবু সে সম্বন্ধে কোন বক্তব্য এখানে বলেন নি। দ্বিতীয় কথা হচ্ছে এই যে আমরা যদি বলি সমর্থনের কথা বলেন তাহলে নীতিগতভাবে এই বিল সমর্থন করা উচিত এ বিষয়ে কোন সন্দেহ নেই। কেন না বাংলাদেশে মাছের যে সংকট সেই সংকট দূর করার জন্য যদি আপনারা এই সমস্ত বিল কিংবা এইগুলি নিয়ে সত্য সত্যই উন্নতি করেন মাছ চাষের উন্নতি যদি করেন মাছের গড়পড়তা উৎপাদন বাড়ান তাহলে খুব ভাল হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই এখন তত্ত্বগতভাবে এই বিলের নীতির মধ্য দিয়ে একে সমর্থন করা উচিত। কিন্ত কতকগুলি সংশয় থেকে যাচ্ছে। এখন এই ভাল বিল আপনাদের হাতে পড়ে আপনারা ক্ষমতা নেবার পরে সেটার উন্নতি হবে কি অবনতি হবে সেই সঙ্কট যদি দূর করেন তাহলে আমরা খুব প্রসন্ন মনে সকলে সমর্থন করব কিন্তু সে সম্বন্ধে আমাদের সংশয় দূর করতে হবে। যেমন ধরুন অন্য ব্যাপারে যেসমস্ত জিনিস আপনারা হাতে করেছেন সে সম্বন্ধে সাধারণ মানুষের একটা খারাপ অভিজ্ঞতা আছে। যেমন ধরুন আমাদের মৎস্যমন্ত্রী জানেন যে স্টেট বাস চলছে লোকসানে দুর্গাপুর প্রোজেক্টসে লোকসান কেবল অনবরত লোকসান বেড়ে যাচ্ছে। এখন এই লোকসানের স্টেজে দেখা যাচ্ছে যে তারপরে লোকসান থেকে লোকসানও হবে না লাভও হবে না এইরকম স্টেজ আসবে এবং তারপরে লাভ হবে। তাই এখন লোকসানের স্টেজ যাবে কিনা সেটা বোঝা দরকার। কে না সমস্ত জায়গায় লোকসান হচ্ছে বলে এবং আপনাদের মৎস্য দপ্তরের বাজেট যখন এখানে আলোচনা হয়েছিল তখন প্রসঙ্গত আপনারা যে হিসাবটা উপস্থিত করেছিলেন সেই হিসাবটাতে দেখা গেল যে ৩ লক্ষ ৭৯ হাজার পয়েন্ট কিছু টাকা খরচ করেছেন।

[3-40—3-50 p.m.]

এবং তাতে মাছ পেতে পারেন সাড়ে চার এবং পাঁচ লক্ষ টাকার। আমরা হিসাব করে দেখেছিলাম। এখন এইরকম দক্ষতা যদি মীনক্ষেত্রের ব্যাপারে দেখান তাহলে এটা বলতে পারি যে মাছের ব্যাপারে আজকে যারা মাছ লুকিয়ে রেখে মাছের দাম বাড়াবার চেষ্টা করছেন সেটা ক্ষতিকর এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু প্রশ্নটা হচ্ছে যে আপনাদের হাতে আসার পরে

যদি উৎপাদন আপনারা কমিয়ে দেন তাহলে ওরা একদল লুকিয়ে ফেলে মাছের দর বাড়ালেন আর আপনারা উৎপাদন কমিয়ে দিয়ে মাছের দর বাড়াতে সাহায্য করলেন সে সম্বন্ধে আমাদের সংশয় আছে। কেন না মীনক্ষেত্রে স্মারকলিপিতে দিয়েছেন আপনাদের কোন হিসাব নেই। অর্থাৎ কত জমি পাবেন তাকে উন্নত করতে কি টাকা খরচ লাগবে—কম্পেনসেশন কত টাকা দিতে হবে এ সম্বন্ধে কোন আইডিয়া নেই আনুমানিক একটা হিসাবও নেই যে মোট এইরকম একটা খরচ হতে পারে। কারণ অনেক জিনিস আপনারা যা হিসাব দেন তার থেকে এক দু কোটি এদিক ওদিক চলে যায়। অবশ্য কম হয় না বরং বেশি হয়। আপনাদের অনুমান নেই যে এইসব বিল বাবত যদি দখল করেন তাহলে কি পরিমাণ হাতে আসবে তার ধারণা নেই। ২নং হচ্ছে আপনি জানাবেন যখন উত্তর দেবেন এই যে নেবার পর কি করবেন। মনে করুন আপনারা রিকুইজিশন অ্যাকুইজিশন করতে পারেন। কিন্তু প্রশ্ন হচ্ছে নিলেন তো উন্নতি করার জন্য—কিন্তু এই উন্নতি করতে গেলে যে টাকার প্রয়োজন সেই টাকা আপনাদের হাতে আছে তো? তা যদি না হয় তাহলে আমরা দেখেছি যখন কোন বাজেটের কথা হয় এটা প্রসঙ্গত এইজন্য বলছি যে বাজেটের সময় বলেছিলেন যে ৫ টাকা শিক্ষকদের মাইনে বাড়াতে আমাদের বাজেটে টাকা নেই। এখন দখল করার পর যদি উন্নতি না করেন—বললেন টাকা নেই ফেলে রাখব তাহলে তো সাংঘাতিক ব্যাপার হবে। কতটা পরিমাণ খরচ হবে উন্নতি করতে এবং কম্পেনসেশন দিতে এবং সত্যিকারের আপনাদের পক্ষে সেটা সম্ভব আছে কিনা—এটার যদি আনুমানিক হিসাব দিতে পারতেন তাহলে আমরা বলতে পারতাম যে আপনাদের একটা পরিকল্পনা আছে যা ভাল হোক মন্দ হোক—তার একটা সমালোচনা করতে পারতাম কিন্তু এখানে সেইসব পরিকল্পনা আপনারা কিছু দেন নি। সুতরাং এই পরিকল্পনা থাকলে সামগ্রিকভাবে বিলের সঙ্গে আমাদের বাজারের মাছের যে অভাব সেটাকে জড়িয়ে আমরা তার সঙ্গে কিছু আলোচনা করতে পারতাম। কিন্তু প্রশ্ন হচ্ছে সেই টাকা যদি না থাকে সমগ্রভাবে উন্নতি করার জন্য তাহলে এইভাবে যে জমি আপনারা নেবেন সেই জমির উন্নতি করার জন্য আপনারা কি করবেন? ফান্ডে যদি না কুলায় তাহলে সেই জমির পজিশন কি হবে। সেখানে একটা গোলমেলে অবস্থা রয়েছে—কেননা অসুবিধা হচ্ছে কি জানেন অনেক ভাল ভাল বিল আমরা এখানে সমর্থন করি যেমন একটু আগে শ্যামাদাসবাবুর ল্যান্ড রিফর্মস বিল পাশ হয়ে চলে গেল—এর আগের বার যখন ভূমি সংস্কার বিল হল স্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট হল—তখন আমরা গ্রামের দিকে বললাম যে একটা সাংঘাতিক প্রগতিশীল বিল এসেছে। তারপর দেখা গেল যে সেই ল্যান্ড রিফর্ম বিল বা স্টেট অ্যাকুইজিশন অ্যাক্টে ভাগচাষীদের উন্নতি হওয়া তো দূরের কথা তারা একেবারে উচ্ছেদ হতে আরম্ভ করল। এবার গিয়ে বলব এবারের মাছের যে বিল পাশ করে এসেছি তাতে বাংলাদেশের মাছের দর কমে যাবে—কিন্তু এই বিল পাশ হবার পর যদি ক্রমান্বয়ে মাছের দর বাড়তে থাকে তাহলে মৎস্যমন্ত্রীর কি হবে জানি না—আমাদের এলাকায় আমাদের অসুবিধা হবে। কারণ লোকের কাছে ওঁদের জবাবদিহি করতে হয় না—আমাদের জবাবদিহি করতে হয়।

আর একটা কথা বলি, আপনারা যদি স্টেট ফার্ম করেন কিংবা অন্যান্য ব্যবস্থা করেন—লোকসানের কথা যা বললাম এটা অ্যাভয়েড করার জন্য আপনারা লোকের সহযোগিতা তো সব সময় নেন না, অফিসারের উপর নির্ভর করেন। আমার দু-একজন জানাশোনা লোক আছে তাঁরা যে তথ্য দেন তাতে দেখি যে কোন কিছু হলেই আপনাদের অফিসার বাড়তে থাকে। যদি স্টেট ফার্ম করেন তাহলে আমরা দেখব শুধু কিছু ডাইরেক্টর বেড়ে গেল, ডাইরেক্টর অব কন্সিট্রাকশন, ডাইরেকটর অফ ট্রান্সপোর্ট, ডাইরেকটর অফ প্রোডাকশন, ডাইরেকটর অফ রিসার্চ ও ডাইরেকটর অফ ডেলিভারি হবে। এই করে দেখব যে, আপনাদের উৎপাদন মোটেই হচ্ছে না—থাক ওদিকে বিশেষ আমি যাচ্ছি না, শুধু একথা বলতে চাচ্ছি যে আপনারা যদি পর্যায়ক্রমে নেন সেটা আমাদের বলুন যে আমরা এই বিল পাশ করলাম আমাদের পরিকল্পনা এই আছে। যদি পর্যায়ক্রমে না নেন, একসঙ্গে নেন, তাহলে আমাদের যদি আপনারা বলেন যে, আমাদের এই পরিকল্পনা আছে তাহলে আমরা বুঝতে পারি যে কোন দিকে আপনারা যাচ্ছেন এবং তাহলে আমরা বলতে পারি এবং আমাদের সমালোচনা বা সাজেশন দেওয়ার কিছু যদি থাকে তা আমরা দিতে পারি। তৃতীয়ত হচ্ছে, যেসমস্ত জমি নিলেন তা যদি একসঙ্গে পরিচালনা করা হয় সেইরকম বিকল্প সংগঠন গড়ে উঠত না—তা যদি না করেন, যা নিচ্ছেন সেটা কিভাবে পরিচালনা করবেন—সেটা কি কো-অপারেটিভের মাধ্যমে করবেন না স্টেট ফার্মের মাধ্যমে করবেন, না দুটো

কল্যাণে চালাবেন এবং তা করলে সেটার রূপ কি হবে সেটা আমাদের জানান, সেটা আপনার বক্তৃতার মধ্যে বললে আমাদের পক্ষে সুবিধা হবে। তারপরে হচ্ছে প্রসঙ্গত আপনারা যে জমি পর্যন্ত নিয়েছেন—১৯৫৩ সালের অ্যাকুইজিশন মারফত সেখানে একটু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, যে দক্ষতা আপনারা মৎস্যচাষে দেখিয়েছেন—উৎপাদনের যে যোগ্যতা দেখিয়েছেন ঐ দক্ষতা যদি এখানে দেখান তাহলে আমাদের দেশের এম এল এ এবং মন্ত্রীদের আর পিঠের চামড়া থাকবে না। কেন না সাধারণভাবে মালিকদের দক্ষতার প্রশ্ন নয়, উন্নতি করতে হবে বলছেন, মনে করুন তারা যদি বিঘায় তিন-চার-পাঁচ মণ ফলায়—আর আপনাদের স্টেট ফার্ম বা কো-অপারেটিভ যাদের শীল্ড দিলেন তারা যদি দেড় দু মণ ফলায় তাহলে সাধারণ লোকের ধারণা হবে যে, এর চেয়ে বোধ হয় ব্যক্তিগত মালিকানা ভাল। তাদের ধারণা হবে সরকারের হাতে যদি যায় তাহলে কোন লাভ হবে না বরং ক্ষতি হবে। সুতরাং আমি বলব না, আমাদের অন্তত এই সন্দেহটা নিরসন করবেন যে, জমি কিভাবে নেবেন—কি আপনাদের প্ল্যান আছে এবং আপনারা এ পর্যন্ত কি করেছেন সেটা আমাদের বলুন। তার পর এখানে আর একটা আশংকা আমরা প্রকাশ করছি আপনি জানেন যে, এখানে সিলিং বাঁধার কথা বলছেন না, কিন্তু একটা প্রশ্ন আসছে যে, আপনি এখানে কোন কিছু বাদ দেন নি। অর্থাৎ কেন ভেড়ী বাদ দেবেন কিনা বা ছোট জলাশয় যেখানে মাছ আছে এই বিলের মধ্যে এমন কিছু ইঙ্গিত নেই—আপনি হয়ত না নিতে পারেন সেটা প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে যে, এই রকম বহু লোক আছে যারা একেবারে নিজে রক্ষণাবেক্ষণ করে তাদের মাছের উৎপাদন করে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে সাধারণভাবে বাংলাদেশে মৎস্যের সংকট সৃষ্টি করার যদি ব্যাপার হয়, যারা ছোট ছোট দু-চার বিঘার মালিক তারা যা মাছ চাষ করে তারা কিন্তু বাজারে সংকট সৃষ্টি করতে পারে না এবং কোন ক্ষমতাও নেই। সুতরাং এই সংকট যদি দূর করতে চান এবং উৎপাদন যদি বাড়াতে চান তাহলে সেই সমস্ত লোক যারা নিজেদের উদ্যোগে মৎস্য উৎপাদন করে এবং জীবিকার্জন করে আমার মনে হয় তাদের এই সমস্ত জমি নেবার আগে আপনি একটু চিন্তা করে দেখবেন যে তাদের বিকল্প ব্যবস্থা না করে আর একটা জটিলতার সৃষ্টি করবেন কিনা।

[3-50—4-15 p.m.]

মনে করুন কারও পাঁচ বিঘার একটা ছোট ভেড়ি আছে। সে মজুর খাটায় না, বড় জোর দু-একজন কাজ করে। এইরকম সমস্ত ভেড়ির মালিক যারা, তাদের বাজারে মৎস্যসংকট সৃষ্টি করার ক্ষমতাও নাই, অধিকারও নাই। এমন কি সাধ্যও নাই। তাঁরা নিজেরা ভেড়ি দেখাশুনা করেন। আমি এই বিলের সমর্থন করেও এই কথা বলব—এই সম্পর্কে আপনি ভালভাবে লক্ষ্য রাখবেন, অহেতুক কিছু লোককে তাদের পেশাচ্যুত করে জটিলতার সৃষ্টি করবেন না। এখানে ৪(১) ধারাতে আছে—রাজ্য সরকার যদি মনে করেন যে, সার্বজনীন উদ্দেশ্য সংলগ্ন ভূমি বা তাহা ছাড়া কোন অঞ্চলের কোন মীনক্ষেত্রের প্রয়োজন হয়েছে বা হতে পারে, তবে রাজ্য সরকার লিখিতভাবে আদেশ দিয়ে ঐ অল্প মীনক্ষেত্র ও ঐ অঞ্চলের অন্তর্গত সমস্ত ভূমি অধিগ্রহণ করতে পারেন এবং অল্প অধিগ্রহণ সম্পর্কে আরও যে আদেশ বা যেসমস্ত আদেশ দেওয়া প্রয়োজন বা উচিত মনে করেন, সেই আদেশ বা সেই সমস্ত আদেশ দিতে পারবেন।

মৎস্যমন্ত্রী নিজে এই ধারাটা পড়েছেন কিনা জানি না। ৪(১) ধারায় দরকার হলে ঐ জমি নিতে পারবেন। কার ঘাড়ে যে কোপ মারবেন তার কোন ঠিক নাই। যাকে ভাল লাগবে না তাকে বলবেন মীনক্ষেত্রের জন্য তোমার ঐ জমি প্রয়োজন আছে। কাজেই এই অবাধ ক্ষমতার জন্য আমরা আতঙ্কিত হয়ে পড়েছি। এইজন্য যে আমাদের এলাকায় সল্ট লেক উন্নয়নের জন্য বাস্তুর উপর নোটিস ঝেড়েছেন। আমার এলাকায় ভেড়ি আছে। এখন যদি তার উন্নয়নের নামে সাধারণ কৃষকদের উপর নোটিস দিতে আরম্ভ করেন যে মীনক্ষেত্রের উন্নয়নের জন্য এই সমস্ত জমির প্রয়োজন আছে। কাজেই আমাদের মুস্কিল হয়ে পড়েছে। তবে আমাদের এলাকা আর বাকি থাকবে না। কারণ একদিকে সল্ট লেক আর একদিকে মীন-ক্ষেত্র। আপনারা মীনক্ষেত্র সংলগ্ন জমি নিতে পারবেন—আপত্তি নাই কিন্তু অন্য জায়গা কেন মীনক্ষেত্রের মধ্যে প্রবেশ করালেন—তার মানে তো বুঝতে পারি না? জমির ব্যাপারে কোন

ইতরবিশেষ থাকবে না? তাহলে তো মুস্কিলের কথা। বিশেষ করে বাস্তুর পাশে যেসমস্ত ছোট ছোট পুকুর ছোট ছোট ভেড়ি আছে বাস্তুর সঙ্গে সংলগ্ন সেইসব জমি সম্পর্কে এখানে কিছু বলা হয় নাই—তাকে দখল করা হবে কিনা অথবা বাদ দেওয়া হবে কিনা। সেইসমস্ত কিছু বলা হয় নাই। সুতরাং এই বিল পাশ করাবার আগে, ধারাবাহিক আলোচনা হবার আগেতে মাননীয় মৎস্যমন্ত্রী তিনি এই সম্পর্কে আগামীর কি পরিকল্পনা সেটা আমাদের কাছে পরিষ্কার করে বলবেন। সেই পরিকল্পনার উপর দাঁড়িয়ে আমারা ধারাবাহিক ধারার আলোচনায় কোন্ সংশোধন রাখব, কোন্‌টা উঠিয়ে নেব, তা তাঁর বলার উপর নির্ভর করবে।

তৃতীয়তঃ যেসমস্ত ধারা রেখেছেন যা মীনক্ষেত্রের উন্নয়নের জন্য প্রয়োজন নাই, সেই সমস্ত ধারা উঠিয়ে নেবার জন্য আপনাকে অনুরোধ জানাব।

সর্বশেষ এখানে আপনারা কিছুই ইতরবিশেষ করেন নাই। সকলের ভেড়ি নেবার কথা বলেছেন। আমি বলব এ ব্যাপারে কি দৃষ্টিভঙ্গি রেখেছেন এবং সত্যিকার ছোট ছোট যারা ভেড়ির মালিক তাদের সম্পর্কে কি করবেন তার কোন মনোভাব বা ইঙ্গিত এখানে কিছু নাই। তাদের রেহাই দেবার কোন পরিকল্পনা আপনার আছে কিনা ক্লারিফাই করে বলবেন। আর আগামী দিনের কি পরিকল্পনা আছে মীনক্ষেত্রের উন্নয়নের জন্য অ্যাকুইজিশন ও প্রত্যক্ষ রিকুইজিশনএর জন্য—সে সম্পর্কে আপনি বলবেন।

At this stage House was adjourned for 20 minutes.

[4-15—4-25 p.m.]

[After adjournment]

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় চেয়ারম্যান স্যার, জনমত সংগ্রহের জন্য বিলটি প্রচার করা হোক এই উদ্দেশ্যে যে মোশন আনা হয়েছে তাকে সমর্থন করতে গিয়ে প্রথমে আমি আপনার কাছে রাখতে চাই যে, এই বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। আমরা আজ সংবাদপত্রে দেখলাম এই গুরুত্বপূর্ণ বিল সম্পর্কে আলোচনা করবার জন্য শুধু বিরোধী দলই নয়, কংগ্রেস সদস্যরাও তাঁদের পার্লামেন্টারি কমিটির মিটিং ডাকতে চেয়েছিলেন। তবে শুনলাম সেখানে তারা এই বিল আলোচনা করবার সুযোগ পান নি। যা হোক এই মোশন সমর্থন করতে গিয়ে আমার প্রথম বক্তব্য হচ্ছে এটা যখন অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল তখন জনমত সংগ্রহের উদ্দেশ্যে এর প্রচারের ব্যবস্থা করা উচিত। এই বিল যে গুরুত্বপূর্ণ তার কারণ হচ্ছে এই বিলের মধ্যে বলা হয়েছে বাংলাদেশের জলকরগুলি সরকার তাঁর কর্তৃত্বাধীনে আনবেন। স্যার, নীতিগতভাবে এই বিল আমি সমর্থন করছি, কারণ এই বিলের মধ্য দিয়ে ব্যক্তিগত মালিকানায় যেসমস্ত খাল, বিল এবং পুষ্করিণী আছে সরকার সেগুলিকে নিজেদের কর্তৃত্বাধীনে আনতে চান। কিন্তু এখানে প্রশ্ন হচ্ছে আজ পর্যন্ত সরকার নিজেদের কর্তৃত্বাধীনে যেসমস্ত খাল, বিল এনেছেন তার উন্নতিবিধানের জন্য সরকার কতখানি চেষ্টা করেছেন? আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন পশ্চিমবঙ্গ সরকারের অপদার্থ মৎস্যবিভাগের কর্তৃত্বাধীনে প্রায় যে আড়াই লক্ষ একর জলকর এসেছে তার উন্নতি বিধানের জন্য তাঁরা কোন চেষ্টা করেন নি। আমরা লক্ষ্য করেছি এই জলকরের মধ্য দিয়ে মৎস্য উৎপাদনের কোন পরিকল্পনা তাঁরা রূপায়িত করতে পারেন নি। অপর পক্ষে বলা যায় সাধারণ মানুষের চাহিদা অনুসারে তৎস্য সরবরাহের নীতি তাঁরা গ্রহণ করতে পারেন নি, মাছের দাম বৃদ্ধি রোধ করতে পারেন নি এবং মৎস্যজীবী সম্প্রদায়ের কোনরকম উন্নতি করতে পারেন নি। স্যার, যে জলকর সরকার তাঁদের নিজেদের কর্তৃত্বাধীন রেখেছেন তার উন্নতি বিধানের নাম করে বছরের পর বছর তাঁরা পরিকল্পনা করেছেন এবং গত বছর ৭৯ হাজার টাকা খরচ করেছেন। কিন্তু এই মৎস্যবিভাগের মধ্যে যে দুর্নীতির চক্র রয়েছে, দুষ্ট চক্র রয়েছে সেটাই এই বিভাগকে ব্যর্থতার পর্যায়ে নামিয়ে এঁনেছে। কাজেই এই মৎস্যবিভাগকে যতক্ষণ পর্যন্ত না ঢেলে সাজা হচ্ছে, যতক্ষণ পর্যন্ত না দুর্নীতির চক্র উৎপাটন করা হচ্ছে ততক্ষণ পর্যন্ত সরকার কোন্ ভরসায় বাংলাদেশের খাল, বিল এবং বাঁওড়গুলি নিজেদের কর্তৃত্বাধীনে আনছেন? স্যার, এই জিনিস ভাবলে আমরা অবাক হয়ে যাই, কারণ যেগুলি সরকারের কর্তৃত্বাধীনে রয়েছে তার উন্নতি বিধানের জন্যই সরকার কোন চেষ্টা করেন নি। সরকার যদি মৎস্য উৎপাদন বৃদ্ধি করতে

পারতেন জনসাধারণের চাহিদা অনুযায়ী মৎস্য সরবরাহ করতে পারতেন তাহলে বুঝতাম সরকার ন্যায্য বিল এনেছেন। কিন্তু আমরা দেখেছি এই খাস কলকাতায় যেখানে দৈনিক আট হাজার মণ মাছ লাগে সেখানে মাত্র ৬ হাজার মণ আসছে। এই যে মাছ আসছে তাও আবার সরকারের কর্তৃত্বাধীনে যেসমস্ত জলকর আছে তা থেকে সরবরাহ হচ্ছে না এর অধিকাংশই আসছে উত্তরপ্রদেশ, বিহার এবং পাকিস্তান থেকে। স্যার, মন্ত্রিমহাশয় বোধহয় জানেন এই জলকরের উন্নতিবিধানের জন্য ১৯৪৮ সালে অল-ইন্ডিয়া ফিসারিজ কনফারেন্স হয়েছিল এবং তাতে এটা ঠিক হয়েছিল একটা টেকনিক্যাল কমিটি করা হবে এবং সেই টেকনিক্যাল কমিটি সমস্ত দেশের জলকর সম্পর্কে ডাটা সংগ্রহ করবেন এবং তারপর সরকার পরিকল্পনা গ্রহণ করবেন। কিন্তু আমরা দেখছি ১৯৪৮ সাল থেকে আজ পর্যন্ত বাংলাদেশের সরকার সেই তথ্য সংগ্রহ করবার চেষ্টা করেন নি। স্যার, নীতিগতভাবে এই বিল আমি সমর্থন করছি বটে, কিন্তু আমার বক্তব্য হচ্ছে যেসমস্ত ডাটা দরকার, যেসমস্ত টেকনিক্যাল পয়েন্টস দরকার সেগুলি না পেলে এবং জলকরের পরিমাণ কত, সেখানে উদ্ভিজ জিনিস কি আছে, ফিসারিজ কতখানি আছে, কিভাবে ইম্প্রুভ করতে পারব সেগুলি না জানলে শুধু রিকুইজিশন, অ্যাকুইজিশনের নাম করে টাকা জলে ফেলার দরকার নেই।

আমরা দেখেছি সরকারের হাতে যেসমস্ত জলকর আছে সেগুলোকে কাজে লাগাবার নাম করে কতগুলি সমবায় সমিতি তাঁরা গঠন করেছেন, কিন্তু আশ্চর্যের বিষয় সেই সমস্ত সমবায় সমিতিতে মৎস্যজীবী সম্প্রদায়ের কোন প্রতিনিধি নেই। সেখানে শুধু স্বার্থান্বেষী মানুষেরা রয়েছে এবং তাদের লক্ষ্য মৎস্য উৎপাদন বৃদ্ধির দিকে নেই। তারা শুধু নিজেদের মুনাফা বৃদ্ধির দিকে লক্ষ্য রাখে এবং তার ফলে মৎস্যজীবী সম্প্রদায় অসহায় অবস্থার মধ্যে পড়ে এবং তাদের জীবিকার্জনের কোন সুরাহা হয় না। আজকে সরকারের হাতে যেসমস্ত জলকর আছে সেগুলিকে তাঁরা কাজে লাগাতে পারেন নি বলে একদিকে মৎস্যজীবীরা চরম দুর্দশার মধ্যে পড়েছে এবং অপরদিকে সাধারণ লোকের কাছে মৎস্য সরবরাহ করতে তাঁরা ব্যর্থ হয়েছেন। কাজেই মনে হয় এই বিল আনার পেছনে যে উদ্দেশ্য আছে তাকে তাঁরা বাস্তব রূপায়িত করতে পারবেন না যতক্ষণ পর্যন্ত সমবায় সমিতির নামে যে দুষ্টচক্র আছে সেটা নষ্ট না হয়। শুধু তাই নয়, যতক্ষণ পর্যন্ত তাঁরা বাস্তব পরিকল্পনা না নিচ্ছেন, বাস্তব পন্থা অবলম্বন না করছেন ততক্ষণ পর্যন্ত শুধু রিকুইজিশন, অ্যাকুইজিশনের নাম করে মৎস্য সমস্যার সমাধান করতে পারবেন না, বাংলাদেশের জনসাধারণের কাছে মাছ সরবরাহ করতে পারবেন না। স্যার আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই তাঁরা যে শুধুমাত্র জলকর কাজে লাগাতে গিয়ে ব্যর্থ হয়েছেন তা নয় সরকারের যে অপদার্থ মৎস্যবিভাগ বসে আছে তাদের গাফিলতি এবং অপদার্থতার জন্য পাকিস্তান থেকে যে পরিমাণ মৎস্য আসত সেগুলি বন্ধ হয়ে যাচ্ছে। আমি আপনাদের অবগতির জন্য জানাচ্ছি ১৯৫৯ সালে যেখানে বাংলাদেশে ৯৫ হাজার মণ মাছ এসেছে পাকিস্তান থেকে সেখানে ১৯৬২ সালে এসেছে মাত্র ৫৯ হাজার মণ। এ সম্পর্কে রিজার্ভ ব্যাঙ্ক ১৯৬১ সালের জুলাই মাসে একটা অর্ডার দিয়েছিল যে যে কোন মৎস্য ব্যবসায়ী পাকিস্তান থেকে মাছ এনে সরবরাহ করতে পারবে। কিন্তু মৎস্যবিভাগের অফিসাররা সেই মাছ না আনার চক্রান্তে লিপ্ত হল এবং তাঁদের সেই গভীর ষড়যন্ত্রের ফলে এবং অপদার্থতার ফলে পাকিস্তান থেকে মাছ আনার পরিমাণ কমে গেছে। এই নিয়ে হাইকোর্টে যে মামলা হয়েছে তার ডিটেলস্‌-এর মধ্যে না গিয়ে আমি শুধু এটুকু বলব যতক্ষণ পর্যন্ত এই মৎস্য দপ্তর থাকবে ততক্ষণ পর্যন্ত যতই রিকুইজিশন অ্যাকুইজিশন করুন না কেন এবং বাংলাদেশের সমস্ত জলাশয় সরকারের অধীনে আনুন না কেন বাংলাদেশের মাছের উন্নতি হবে না। আমি এই বিল নীতিগতভাবে সমর্থন করলেন এটুকু বলব যে এই কংগ্রেস সরকার দুর্নীতির সেবা করতে গিয়ে জাতীয়করণে ব্যর্থ হয়েছে এবং দুর্নীতির জাতীয়করণ করার ফলে তাঁদের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাচ্ছে। কাজেই যতক্ষণ পর্যন্ত দুর্নীতির চক্র সমূলে উৎপাটন না করছেন যতক্ষণ পর্যন্ত মৎস্য দপ্তরকে ভেঙ্গে নূতন করে ঢেলে না সাজছেন ততক্ষণ পর্যন্ত এঁদের উদ্দেশ্য সাধিত হবে না। সম্ভবত এ বিলের মধ্যে যে কথাগুলি আছে এ কথাগুলির বিরুদ্ধে হয়ত আমাদের কিছু বক্তব্য নেই। কিন্তু আজকে আমরা যা আশঙ্কা করছি এ বিলের মধ্যে সেকথা বলা হচ্ছে সেকথা অন্তত গ্রহণ করার পর কার্যে পরিণত করা সম্ভবপর হবে না। আমরা গত তিন বৎসর ধরে শুনলাম এরূপ একটা বিল বিধানসভার সামনে আসছে। কিন্তু সরকার অত্যন্ত দেরি করে এই বিল এনেছেন। তিন বৎসর ধরে তাঁরা বুঝতে পারেন নি যে কেমনভাবে

বিল আমাদের সামনে আনবেন। আজকে যে বিল এনেছেন তাতে নিজেদের বিভাগের যে চেহারা তা যদি দেখেন তাহলে বুঝতে পারবেন যে এ বিল আনব র কোন সার্থকতা নেই। যা হোক এ বিলকে সমর্থন করে আমি মন্ত্রিমহাশয়কে আবেদন জানাচ্ছি এ বিলকে জনমত সংগ্রহের জন্য প্রেরণ করুন এবং তারপর আইন প্রণয়ন করে সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করুন।

[4-25—4-35 p.m.]

Shri Aswini Roy:

অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ মিন ক্ষেত্র অধিগ্রহণ এবং গ্রহণ যে বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে আমি সেটা জনমত প্রচারের জন্য একটা মোসান দিয়েছি এবং কেন দিয়েছি সেটা বলতে চাই। এখানে যে উদ্দেশ্য নিয়ে বিলটা রচিত হয়েছে সে উদ্দেশ্য ভাল। বাংলাদেশের মাছের চাহিদা আছে এবং মাছ যে শুধু পুষ্টির দিক থেকে তা নয় এটা খাদ্যের পরিপূরক হিসাবে বাংলাদেশের প্রয়োজনীয়তা আছে। এবং আমাদের খাদ্যশস্য উৎপাদন যেভাবে হচ্ছে বা আগামী ২টি পরিকল্পনার পর যেভাবে হবে তাতে যে সমস্ত জিনিষ খাদ্যের শস্যের পরিপূরক হিসাবে উৎপাদন বৃদ্ধির একটা পরিকল্পনা থাকা দরকার, সেই হিসাবে ৪র্থ পরিকল্পনায় চাষের উন্নতি এবং বৃদ্ধির একটা পরিকল্পনা আছে এবং সেই প্রকল্পের সঙ্গে যদি মেলান যায় তাহলে প্রথমে দরকার হচ্ছে বাংলাদেশের মাছের সংকট হল কেন। সেটা দেখা যাক এখন এই সংকটের ফলে সাধারণ মানুষকে দেখা গেছে যেমনভাবে চাল-ডালের জন্য লাইন দিয়েছে সেরকমভাবে মাছের জন্য লাইন দিতে হয়েছে কিন্তু অনেকেই পান নি। শেষ পর্যন্ত মূল্য নির্ধারণ করতে হয়েছে এবং বিধানসভায় এই নিয়ে অনেক আলোচনা হচ্ছে যে নির্ধারিত মূল্যে মাছ পাওয়া যায় না। এখন এই সংকটের হাত থেকে জনসাধারণকে বাঁচাবার জন্য একটা আইনের প্রয়োজন ছিল। সেদিক সাধারণ উদ্দেশ্যে ভাল হয়েছে কিন্তু উদ্দেশ্য ভাল হলেই সে উদ্দেশ্য সিদ্ধ সব সময় করা যায় না। কিন্তু উদ্দেশ্যকে কার্যকরী করতে গেলে যে দৃষ্টিভঙ্গীর দরকার সে দৃষ্টিভঙ্গীর অভাব বলে আমার আশঙ্কা আছে। কারণ এই বিল পাশ করার পর আসল উদ্দেশ্য সিদ্ধিলাভ হল কিনা সে বিষয়ে সন্দেহ আছে কারণ এই যে সংকট হচ্ছে এই সংকট কি নিবারণ করা যেত না? নিশ্চয়ই যেত ১৯৫৩ সালে জমিদারী আইন পাশ হয়েছে তারপর দেখা গেছে সরকারের হাতে ১২½ লক্ষ একর জলাশয় এসেছে তার মধ্যে শতকরা ২০ ভাগ সরকার গ্রহণ করেছেন। গ্রহণ করলেও দেখা যায় তার পরিমাণ হচ্ছে ২ লক্ষ ৫১ হাজারের বেশী নয়। এখন এই যে ২ লক্ষ ৫১ হাজার জলাশয় সে জলে যদি মাছ চাষ সরকার করতেন তাহলে ১৯৫৩ সাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত গড়পড়তা ৮ মণ একরে মাছ ফলান যেত তাহলে ২০ লক্ষ মণ মাছ বাংলাদেশে হতে পারতো কিন্তু তা হয় নি, আমাদের অন্য রাজ্য থেকে আমদানী করতে হয়েছে। পাকিস্তান থেকে আমদানী করতে হয়েছে যার জন্য ৭ কোটি টাকা আমাদের বৈদেশিক মুদ্রা ব্যয় হয়েছে। এই কয়েক বৎসর ধরে সরকার একটা সুষ্ঠু দৃষ্টিভঙ্গি সেদিকে দিলেন না সে কারণে এই বিল গৃহীত হলেও আমাদের আশংকার কারণ থেকে যায়। সরকার জলাশয়গুলি নিয়ে সমবায় করে সাবসিডাইসড্ রেটে মাছের চাষ করতেন তা হলে সংকট এত হত না।

কাজেই এদিক থেকে বক্তব্য রয়েছে এই বিল সম্বন্ধে আরও চিন্তা করা দরকার। ১৯৫৩ সালে যে জমিদারী দখল আইন হল সেই জমিদারী দখল আইনের মধ্যে কতকগুলি ফাঁক আছে। কিছুক্ষণ আগে পর্যন্ত আমরা ভূমিসংস্কার আইন সংশোধন করলাম। জমিদারী দখল আইন থেকে যেমনভাবে বাদ দেওয়া হয়েছিল কলকাতা শহরকে এবং কালকে কিছু কিছু সংশোধনী যে সব জায়গায় আনা হয়েছিল সে সবও বাদ দেওয়া হল। এই জমিদারী দখল আইন এনে চা বাগানের পুকুর সম্পর্কে জমিদারী দখল আইন যেভাবে আছে তাতে সে পুকুরে এই আইন পাশ করবার পর আমরা সেটা নিয়ে মাছ চাষ করতেও পারবো কিনা তা নিয়ে সন্দেহ আছে, যেমন জমিদারী দখল আইনে সন্দেহ ছিল সে সন্দেহও এখানে পরিষ্কার হচ্ছে। মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন ৬(২) অধ্যায় জমিদারী দখল আইনে যেভাবে ল্যান্ড আন্ডার দি গার্ডেন আছে সেটার সম্পর্কে দেখা দরকার যদি এরকম ধরনের কিছু কিছু বাদ যায় যাতে না কেউ পারে, বড় বড় জমির মালিকরা বাদ যান, বড় বড় পুকুরের মালিকরা বাদ যান এবং আঘাত যেটা

পারতেন জনসাধারণের চাহিদা অনুযায়ী মৎস্য সরবরাহ করতে পারতেন তাহলে বুঝতাম সরকার ন্যায্য বিল এনেছেন। কিন্তু আমরা দেখেছি এই খাস কলকাতায় যেখানে দৈনিক আট হাজার মণ মাছ লাগে সেখানে মাত্র ৬ হাজার মণ আসছে। এই যে মাছ আসছে তাও আবার সরকারের কর্তৃত্বাধীনে যেসমস্ত জলকর আছে তা থেকে সরবরাহ হচ্ছে না এর অধিকাংশই আসছে উত্তরপ্রদেশ, বিহার এবং পাকিস্তান থেকে। স্যার, মন্ত্রিমহাশয় বোধহয় জানেন এই জলকরের উন্নতিবিধানের জন্য ১৯৪৮ সালে অল-ইন্ডিয়া ফিসারিজ কনফারেন্স হয়েছিল এবং তাতে এটা ঠিক হয়েছিল একটা টেকনিক্যাল কমিটি করা হবে এবং সেই টেকনিক্যাল কমিটি সমস্ত দেশের জলকর সম্পর্কে ডাটা সংগ্রহ করবেন এবং তারপর সরকার পরিকল্পনা গ্রহণ করবেন। কিন্তু আমরা দেখছি ১৯৪৮ সাল থেকে আজ পর্যন্ত বাংলাদেশের সরকার সেই তথ্য সংগ্রহ করবার চেষ্টা করেন নি। স্যার, নীতিগতভাবে এই বিল আমি সমর্থন করছি বটে, কিন্তু আমার বক্তব্য হচ্ছে যেসমস্ত ডাটা দরকার, যেসমস্ত টেকনিক্যাল পয়েন্টস দরকার সেগুলি না পেলে এবং জলকরের পরিমাণ কত, সেখানে উদ্ভিজ জিনিস কি আছে, ফিসারিজ কতখানি আছে, কিভাবে ইম্প্রুভ করতে পারব সেগুলি না জানলে শুধু রিকুইজিশন, অ্যাকুইজিশনের নাম করে টাকা জলে ফেলার দরকার নেই।

আমরা দেখেছি সরকারের হাতে যেসমস্ত জলকর আছে সেগুলোকে কাজে লাগাবার নাম করে কতগুলি সমবায় সমিতি তাঁরা গঠন করেছেন, কিন্তু আশ্চর্যের বিষয় সেই সমস্ত সমবায় সমিতিতে মৎস্যজীবী সম্প্রদায়ের কোন প্রতিনিধি নেই। সেখানে শুধু স্বার্থান্বেষী মানুষেরা রয়েছে এবং তাদের লক্ষ্য মৎস্য উৎপাদন বৃদ্ধির দিকে নেই। তারা শুধু নিজেদের মুনাফা বৃদ্ধির দিকে লক্ষ্য রাখে এবং তার ফলে মৎস্যজীবী সম্প্রদায় অসহায় অবস্থার মধ্যে পড়ে এবং তাদের জীবিকার্জনের কোন সুরাহা হয় না। আজকে সরকারের হাতে যেসমস্ত জলকর আছে সেগুলিকে তাঁরা কাজে লাগাতে পারেন নি বলে একদিকে মৎস্যজীবীরা চরম দুর্দশার মধ্যে পড়েছে এবং অপরদিকে সাধারণ লোকের কাছে মৎস্য সরবরাহ করতে তাঁরা ব্যর্থ হয়েছেন। কাজেই মনে হয় এই বিল আনার পেছনে যে উদ্দেশ্য আছে তাকে তাঁরা বাস্তব রূপায়িত করতে পারবেন না যতক্ষণ পর্যন্ত সমবায় সমিতির নামে যে দুষ্টচক্র আছে সেটা নষ্ট না হয়। শুধু তাই নয়, যতক্ষণ পর্যন্ত তাঁরা বাস্তব পরিকল্পনা না নিচ্ছেন, বাস্তব পন্থা অবলম্বন না করছেন ততক্ষণ পর্যন্ত শুধু রিকুইজিশন, অ্যাকুইজিশনের নাম করে মৎস্য সমস্যার সমাধান করতে পারবেন না, বাংলাদেশের জনসাধারণের কাছে মাছ সরবরাহ করতে পারবেন না। স্যার আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই তাঁরা যে শুধুমাত্র জলকর কাজে লাগাতে গিয়ে ব্যর্থ হয়েছেন তা নয় সরকারের যে অপদার্থ মৎস্যবিভাগ বসে আছে তাদের গাফিলতি এবং অপদার্থতার জন্য পাকিস্তান থেকে যে পরিমাণ মৎস্য আসত সেগুলি বন্ধ হয়ে যাচ্ছে। আমি আপনাদের অবগতির জন্য জানাচ্ছি ১৯৫৯ সালে যেখানে বাংলাদেশে ৯৫ হাজার মণ মাছ এসেছে পাকিস্তান থেকে সেখানে ১৯৬২ সালে এসেছে মাত্র ৫৯ হাজার মণ। এ সম্পর্কে রিজার্ভ ব্যাঙ্ক ১৯৬১ সালের জুলাই মাসে একটা অর্ডার দিয়েছিল যে যে কোন মৎস্য ব্যবসায়ী পাকিস্তান থেকে মাছ এনে সরবরাহ করতে পারবে। কিন্তু মৎস্যবিভাগের অফিসাররা সেই মাছ না আনার চক্রান্তে লিপ্ত হল এবং তাঁদের সেই গভীর ষড়যন্ত্রের ফলে এবং অপদার্থতার ফলে পাকিস্তান থেকে মাছ আনার পরিমাণ কমে গেছে। এই নিয়ে হাইকোর্টে যে মামলা হয়েছে তার ডিটেলস্-এর মধ্যে না গিয়ে আমি শুধু এটুকু বলব যতক্ষণ পর্যন্ত এই মৎস্য দপ্তর থাকবে ততক্ষণ পর্যন্ত যতই রিকুইজিশন অ্যাকুইজিশন করুন না কেন এবং বাংলাদেশের সমস্ত জলাশয় সরকারের অধীনে আনুন না কেন বাংলাদেশের মাছের উন্নতি হবে না। আমি এই বিল নীতিগতভাবে সমর্থন করলেন এটুকু বলব যে এই কংগ্রেস সরকার দুর্নীতির সেবা করতে গিয়ে জাতীয়করণে ব্যর্থ হয়েছে এবং দুর্নীতির জাতীয়করণ করার ফলে তাঁদের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাচ্ছে। কাজেই যতক্ষণ পর্যন্ত দুর্নীতির চক্র সমূলে উৎপাটন না করছেন যতক্ষণ পর্যন্ত মৎস্য দপ্তরকে ভেঙ্গে নূতন করে ঢেলে না সাজছেন ততক্ষণ পর্যন্ত এঁদের উদ্দেশ্য সাধিত হবে না। অবশ্য এ বিলের মধ্যে যে কথাগুলি আছে এ কথাগুলির বিরুদ্ধে হয়ত আমাদের কিছু বক্তব্য নেই। কিন্তু আজকে আমরা যা আশঙ্কা করছি এ বিলের মধ্যে সেকথা বলা হচ্ছে সেকথা অন্তত গ্রহণ করার পর কার্যে পরিণত করা সম্ভবপর হবে না। আমরা গত তিন বৎসর ধরে শুনলাম এরূপ একটা বিল বিধানসভার সামনে আসছে। কিন্তু সরকার অত্যন্ত দেরি করে এই বিল এনেছেন। তিন বৎসর ধরে তাঁরা বুঝতে পারেন নি যে কেমনভাবে

তাদের কাছে উনি প্রশংসা পাবেন যে একটা পরিবর্তন হচ্ছে, তাড়াতাড়ি মাছের উৎপাদন হবে মাছের সংকট থাকবে না এটা তিনি তাদের কাছ থেকে বাহবা বা প্রশংসা পাবেন। তেমনিভাবে আবার বাংলাদেশের সেনসাস রিপোর্ট থেকে দেখলাম যে প্রায় ৪ লক্ষ ৭১ হাজার পরিবার লোক তারা মোটামুটিভাবে মৎস্য-শিল্পে নিযুক্ত। কেউবা মাছ ধরছে, কেউবা শামুক; গেঁড়ি ইত্যাদি কুড়ানর ব্যাপারে নিযুক্ত আছে। এখন এরা ওই যে দ্বিতীয় লাইন-এ রয়েছে যে জীবিকা সংস্থানের কথা বলবো—তারা সরল লোক, তারা মনে করে যা হউক এই বিলে একটা ব্যবস্থা হচ্ছে কিন্তু এই বিলটা যদি পড়ে দেখেন তাহলে দেখবেন কোন জায়গায় পুকুর নেবার পর কি হবে? কিভাবে তাদের রাখবেন? কো-অপারেটিভ হবে, কো-অপারেটিভ হলে সাবসিডি দেবেন কিনা অনেক কিছু বিষয় থাকা দরকার সে সম্পর্কে কোন কিছু নেই। এতোদিন পরে—যদিও এটা অবান্তর, ওই বিলে যে ভূমিকা সেটা হচ্ছে ভূমি গ্রহণ, মৎস্যজীবীদের জন্য কি করবেন সেটা? তা বিলের সঙ্গে কোনও সম্পর্ক নেই। উনি একটু বাহবা নেবার জন্য এই কথাটা জুড়ে দিয়েছেন, আর ভূমি গ্রহণেরপরে মৎস্য মন্ত্রী কি করবেন তার উপর নির্ভর করবে ঐ জেলেদের অবস্থাটা কি হবে? ওদের একটা সদিচ্ছা থাকলেও একটা ভাল করবার ইচ্ছা থাকলেও একটা তখন আর ভূমিরাজস্ব দপ্তর থেকে আর কিছু করবার থাকবে না, ঐ যে অপদার্থ কথা বললেন ঐ অপদার্থ মৎস্য দপ্তরের হাতে সমস্ত কিছু গিয়ে পড়বে। তখন যদি মৎস্যজীবীদের উন্নতি সাধনই দরকার ছিল তাহলে করা যেতে পারতে। কারণ আপনারা জানেন যে বাংলাদেশে ডায়মন্ড হারবারে যে নৌকা হয় তাতে প্রায় ৩,০০০ হাজার নৌকা তৈরী হয়—এই রকম ধরনের লোক আছে, অন্যান্য প্রদেশ থেকে অন্ধ্রপ্রদেশ থেকে ঐ নৌকা তৈয়ার করবার জন্য তারা মিস্ত্রি নিয়ে গিয়ে তারা নৌকা তৈরী করছেন। তারা মেকানাইস করছেন, করে মাছ ধরবার চেষ্টা করছে। কিন্তু বাংলাদেশে যাদের দক্ষতা রয়েছে সেদিক থেকে মৎস্য দপ্তর এতদিন পর্যন্ত দৃষ্টি দিলেন না। কাজেই দরদ ওদের প্রতি যে কত সেটা এর থেকে বুঝতে পারবেন। দ্বিতীয় কথা হচ্ছে যে অন্যান্য রাজ্যে দেখছিলাম যে ঐ যে জাল—সুতোর জালের পরিবর্তে নাইলন নেট-এর জাল ব্যবহার করছেন। আমি কয়েকদিন আগে কয়েকটি প্রশ্ন দিয়েছিলাম যে বাংলাদেশে এই জমি ব্যবহার হচ্ছে কিনা? যাহোক মন্ত্রিমহাশয় বলেছেন যে না এটা এখনও হয় নি, এটা পরে হবে। অথচ এই জাল ব্যবহারের জন্য বা সাবসিডাইসড রেটে জেলেদের দেবার জন্য প্রত্যেকটা স্টেট বা প্রত্যেকটা রাজ্যে ব্যবস্থা করছেন। কাজেই এই ধরনের অনেক কিছু ব্যবস্থা করতে পারতেন। এই বছরে জেলেদের দিকে এদের দরদ থাকা সত্ত্বেও এরা নজর দেন নি। জেলেদের সব সংস্থার যে কিভাবে উন্নতি করবেন এটা আমরা বুঝতে পারছি না। এখন এই বিলটা এক পেশে বিল বলে আমি মনে করি কারণ এরা জমিটা গ্রহণ করবেন, তারপর কিভাবে মৎস্য উৎপাদন করতে হবে বা কি হবে এই না থাকার জন্য যেমন ল্যান্ড রিফর্মস এবং স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট নিয়ে আমরা বার বার বলছি কমপ্রিহেনসিভ বিল, যেটা ভূমিরাজস্ব মন্ত্রী করেছেন, যে কমপ্রিহেনসিভ বিল আনার দরকার আছে, তেমনি ভাবে সর্বাঙ্গীন জমি নেবার পরই একটা আইন করতে হবে। সেখানে কি ফ্যাকড়া থাকবে এই করতেই তিন বছর যাবে, তার মধ্যে হয়তো যে উন্নয়নটুকু হ'ত সেটা হবে না। সেই জন্য আর একটা প্রয়োজনীয় জিনিস রয়েছে যেমন গ্রহণ, বিতরণ—কারণ বিতরণের ক্ষেত্রে আমাদের অভিজ্ঞতা রয়েছে, কিভাবে বিতরণ হয়, বিতরণ, বণ্টন ইত্যাদির ক্ষেত্রে দরকার, সেই রকমভাবে একটা কমপ্রিহেনসিভ বিল আনা উচিত ছিল। কাজেই উদ্দেশ্যটা ভাল, সেই উদ্দেশ্য ভালকে যদি আরও কার্যকর করতে হয় তাহলে আরও ভাল করে বিলের আলাপ-আলোচনা করে বিভিন্ন অংশ চিন্তা করে এবং বিভিন্ন প্রতিষ্ঠানের যারা এই সমস্ত বিষয়ে বিশেষজ্ঞ রয়েছে তাদের কাছে জনমতের জন্য এটা পাঠানোর দাবি আমি করছি।

Shri Sakti Kumar Sarkar:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে বিধানসভায় ওয়েস্ট বেঙ্গল ফিসারিজ (রিকুইজিসান এন্ড একুইজিসান) যে বিলটা এখানে পেশ হয়েছে, এটা আমি খুব স্বস্তির সঙ্গে এবং সুস্থ মনে নিতে এই মৎস্যজীবী সম্প্রদায় আজকে তারা যে আশংকার মধ্যে এসে দাঁড়িয়েছে, সেই আশংকা স্বভাবতঃই আমার মনে উদয় হয়েছে। সমাজ ব্যবস্থায় একটা র‍্যাডিক্যাল চেঞ্জ আনা হচ্ছে। স্বভাবতঃই আমার মনে উদয় হয়েছে। সমাজ ব্যবস্থায় একটা র‍্যাডিক্যাল চেঞ্জ আনা হচ্ছে। এই ধরণের বিল যে বিলের সঙ্গে জমির সঙ্গে জড়িত স্বার্থ যে বিলের সঙ্গে জীবিকার সঙ্গে জড়িত স্বার্থ, সেটার আমূল পরিবর্তন হয়ে যেতে পারে, সেই আশঙ্কা নিশ্চয়ই অমূলক নয়।

এই যে র‍্যাডিক্যাল চেঞ্জ আমরা করতে যাচ্ছি এই সম্বন্ধে সমাজ বিজ্ঞানীদের কি ধারনা, এই যে যারা সমাজের অবহেলিত মানুষ তাদের জীবিকার সম্বন্ধে কি নিরাপত্তা, এ নিশ্চয়ই আমাদের জিজ্ঞাসা করার অধিকার আছে। এই বিলটা দেখলেই স্বাভাবিক কারণেই মনে হয় It is misconceived, misleading and an attempt to mismanagement.

আমি অত্যন্ত স্পষ্টভাবে এই কথাটা রাখতে চাচ্ছি কারণ দীর্ঘদিন ধরে বিশেষ করে গত ৩ বছরের অভিজ্ঞতায় সেন্ট্রাল ফিসারী বোর্ড-এর মেম্বার হিসাবে বাংলাদেশে মৎস চাষ বৃদ্ধির জন্য আমরা আপ্রাণ চেষ্টা করেছি এবং আমি আশংকা প্রকাশ করছি যে গত বাজেট সেসানে দক্ষিণ লবন হ্রদের ১১ হাজার বিঘা জমি নিয়ে সরকারী ফার্ম করা হবে, এখানে ঘোষণা করা হয়েছে। এই দক্ষিণ লবন হ্রদের উন্নয়নের জন্য আমি নিজে সরকারী দপ্তরে কয়েকবার চিঠি লিখেছি, যেখানে মাত্র ৫/৭ লাখ টাকা ব্যয় করলে এখন যা প্রডাকসন আছে তার প্রায় চারগুণ এক বছরে বর্ধিত করা যায়, এই এ্যাসিয়োরেন্স আমি রেখেছিলাম এবং এ সম্বন্ধে বাংলাদেশের সমস্ত সংবাদ পত্রের প্রতিনিধিরা নিজেরা ঘুরে এসে আমার কথার যথার্থতা স্বীকার করেছিলেন। অদ্ভুত আশ্চর্য যে পশ্চিমবঙ্গ সরকারের আমলাতান্ত্রিক মনোভাব তার সম্বন্ধে এতটুকু কর্ণপাত করলেন না, করার প্রয়োজন মনে করলেন না আমি এই জন্য এই বিল খোলা মনে মেনে নিতে পারছি না।

আমি এই সম্বন্ধে দুটি কয়েক প্রশ্ন মন্ত্রিমহাশয়কে করবো। সেই প্রশ্নের জবাব দিলে আমার মনের সমস্ত দ্বিধা সমস্ত সংকোচ কেটে যাবে এবং তাঁর সামনে সমর্থনও জানাতে পারবো বলে বিশ্বাস করি।

[4-45—4-55 p.m.]

আমি প্রথমে বলতে চেয়েছি যে কথা তিনি বলেছেন আইনের উদ্দেশ্য আইন প্রণয়নের হেতুর বিবরণ এটা পড়ে আমি মনে করি এটা অত্যন্ত ভেগ কথা হয়েছে—এখানে পরিষ্কার কথা নেই। আমি এখানে কয়েকটা প্রশ্ন রাখতে চাই যদি অতিরিক্ত মূল নিয়ন্ত্রণ করার জন্য বা মুনাফা রোধ করার জন্য এই বিল আনা হয়ে থাকে তাহলে আমি প্রথমেই সবিনয়ে নিবেদন করবো সরকারী উৎপাদিত যে মৎস্য কল্যানীতে যেখান থেকে মাছ সাপ্লাই করা হয় সেখান থেকে মাছ সাপ্লাই করা হয় সেখান থেকে ২।৯০ নয়া পয়সায় মাছ আনতে হবে অথচ কলকাতার মৎস্য উৎপাদন-কারীরা ২.৬৫ নয়া পয়সায় মাছ দেবে এটার কারণ কি? তাহলে সরকারী মাছের কৌলিন্য-মূল্য বেশী আছে ধরবো। আমি এই প্রসঙ্গে আরও বলতে চাই মৎস্য উৎপাদন বৃদ্ধি করার জন্য প্রথম দরকার চারা পোনার সরবরাহ। এই চারা পোনা সরবরাহ অদ্ভুত ব্যাপার। কিছুদিন আগে আমি মাছ কিনেছি কল্যানী থেকে সাইপ্রেনাস কেঁপ্রিও বলে একটা মাছের চারা সেটা ২৪০০ টাকা কিলো দাম পড়েছে অথচ বাজারে মৎস্যজীবীরা সেটা ৩০ টাকা কে. জি. বিক্রি করে। ওখানে কে. জি. ২৪০০ টাকা আর এখানে কে. জি. হচ্ছে মাত্র ৩০ টাকা—এই ব্যবধান কেন। তাহলে সরকারের এই প্রচেষ্টা—এর পিছনে সংশয় থাকাই স্বাভাবিক। আমি মনে করি মৎস্য এমন একটা চাষ যার সঙ্গে সকরারী আমলাতন্ত্রকে জড়ালে মৎস্য চাষের ক্ষতি হবে সেই আশঙ্কা না করে পারছি না। যদিও ঘাটতি পূরণ করতে এই লেজিসলেসনের দরকার হয় আমি দ্বিতীয় প্রশ্ন রাখছি তাহলে আমি জানতে চাই যে কলকাতার প্রয়োজন দৈনিক কত এবং কত মণ পশ্চিম-বাংলা থেকে আসে এবং কত মণ অন্য রাজ্য থেকে আসে। কত আসে পাকিস্তান থেকে এবং সরকারী খামার থেকে আজ পর্যন্ত কত দিয়েছেন এটা পরিষ্কার উত্তর পেলে আমার পক্ষে এই বিলের সমর্থন দ্বিধাহীন চিত্ত নিয়ে করা সম্ভব হয়। যদি উৎপাদন বাড়াতে দরকার হয় তাহলে সরকারী প্রচেষ্টায় নিজস্ব উৎপাদন কত হয়েছে এবং এই উৎপাদনের ক্ষেত্র কোথায় কোথায় এবং কত তার জন্য অর্থ ব্যয় করা হয়েছে এবং প্রতিটি খামারে আয়-ব্যয়ের অডিটেড এ্যাকাউন্ট দিতে পারি কিনা। তাহলে আমার সংশয় নিরসন হবে। যদি উৎপাদন বাড়াতে দরকার হয় তাহলে সরকারের হাতে জল করের পরিমাণ কত এটা এর সঙ্গে জানাবার অনুরোধ করি। যদি বেসরকারী প্রচেষ্টায় আমাদের উৎপাদন বাড়াতে হয় তাহলে আমি জিজ্ঞাসা করি অর্থের পরিমাণ কত আজ পর্যন্ত সাহায্য করা হয়েছে এবং সেই সাহায্য কাকে কাকে করা হয়েছে এবং তার পরিমাণ কত এবং আজ পর্যন্ত কত মাছ বাজারে দিয়েছেন এবং ঠিক কোন বাজারে সেই মাছগুলি

এসেছে এটা ক্যাটিগোরিক্যাল উত্তর পেলে আমি খুব সন্তুষ্ট হই। এটা কি সত্য সরকারী মাছের উৎপাদন বাড়াতে গেলে আজকে কৃষি উৎপাদনে আমরা প্যাকেজ প্রগ্রাম প্রভৃতি হাজার রকমের প্রোগ্রাম নিয়েছি অথচ মৎস্য উৎপাদনের জন্য আমাদের কোন প্রোগ্রাম নেই এমন কি সরকারী খামারে মাছ নেবার জন্য আমরা টেণ্ডার কল করে বাইরের লোকের কাছ থেকে মাছের চারা কিনি এবং সেগুলি জলাশয় পেলে মাছের উৎপাদন বৃদ্ধি করি। তাহলে গত তিনটি পরিকল্পনায় আমরা কি করলাম। আমাদের নীট ফল কি লাভ হোল যদি সমাজতন্ত্রের জন্য দরকার হয় তাহলে সরকারী মালিকানার প্রয়োজন আছে কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই যে সমাজতন্ত্রের ভূমিকাতে ব্যক্তিগত উদ্যোগ কোন কোন ক্ষেত্রে থাকবে। আজকে সোবিয়েট রাশিয়ার অভিজ্ঞতায় আমরা দেখছি—তারা কৃষির ব্যবস্থা এবং তথাকথিত মাটির সংগে যে ফসল উৎপাদনের ব্যবস্থা ও মাছের ব্যবস্থা ইত্যাদি এই সমস্ত জায়গায় ব্যক্তিগত উদ্যোগকে প্রাধান্য দিতে রাজী হয়েছেন এবং অতীতে যে ভুল করেছেন সেই ভুল সংশোধন করতে তারা এগিয়ে এসেছেন। তা যদি হয় কেবলমাত্র সমাজতন্ত্রের খাতিরে যদি এটা নেওয়া হয় তাহলে আমি মনে করি জাতির অর্থনৈতিক বুনিয়াদ দুর্বল হবে--তাদের ইকনমিক লস হবে—কারণ আমি দেখেছি—ইকনমিক রিভিউ বলে যে বইটি আমরা পেয়েছি ১৯৬৩-৬৪ তাতে সব ডিপার্টমেন্টের পরিচয় আমরা পেয়েছি কিন্তু মৎস্য দপ্তরের কোন পরিচয় আমরা তাতে পাইনি. মৎস্য দপ্তর কি করেছে তার এতটুকু বর্ণনা সেখানে নেই। স্বভাবতই আমার আশংকা হয় যে মৎস্য দপ্তর সম্বন্ধে যে দৃষ্টি আমাদের দেওয়া উচিত ছিল তা দিই নি আমরা ব্যবস্থাটাকে অন্য দিকে সরিয়ে নিয়ে গিয়ে অন্য দৃষ্টিভংগিতে দেখছি। যদি সমবায় সমিতি দিয়ে আমাদের উৎপাদন বৃদ্ধি করতে হয় তাহলে আমি জিজ্ঞাসা করবো যে কতগুলি সমবায় সমিতি মাছ সম্বন্ধে রেজেষ্টি্র করা হয়েছে তারা কি আর্থিক সাহায্য পেয়েছে—তারা এখনও পর্যন্ত কি বেঁচে আছে—যদি বেঁচে থাকে তাহলে তাদের অডিটেড এ্যাকাউন্ট কি লাভজনক এবং যদি অডিটেড এ্যাকাউন্ট লাভজনক হয় তাহলে সরকারী আয়-ব্যয়ে যে ঋণ সাহায্য দেওয়া হয়েছে তার সুদ এবং ঋণ বাবদ কত টাকা আজ পর্যন্ত ফেরত দিয়েছে তারা। আমি ৫নং প্রশ্ন আপনার সামনে রাখতে চাই যে সরকারী মালিকানায় উন্নয়নের জন্য কোন কোন প্রকল্প গ্রহণ করা হচ্ছে এবং তার পিছনে কি কি যুক্তি আছে এবং প্রকল্পগুলি উৎপাদনযোগ্য করতে কত মূলধন লাগবে এবং সেই মূলধনের প্রভিসন কি আমাদের বাজেটে আছে? আমরা কি পারবো মৎস্যজীবীদের সেই টাকা সাহায্য করতে বা সরকারী খামারে আমরা যে চাষ করবো বলে ঠিক করেছি দক্ষিণ লবণ হ্রদে ৩৩ হাজার একর জমি—এই জমির যে ভ্যালুয়েসন হতে পারে যে মূল্য তার কি কোন প্রভিসন আছে। তাহলে হঠাৎ আজকে লেজিসলেসন এনে সমস্ত ক্ষেত্রে একটা বিপর্যয়ের সৃষ্টি অচলাবস্থার সৃষ্টি কর হচ্ছে কেন। বিশেষ করে লবণ হ্রদের ব্যাপারে আমরা আশংকা প্রকাশ না করে পারছি না আমি এই সংগে আরও একটা কথা বলি যে সমাজতন্ত্র আমরা নিশ্চয়ই করবো কিন্ত জাতির অর্থনৈতিক বুনিয়াদ আমরা দুর্বল করবো না--আমরা দুর্গাপুর প্রজেক্ট দেখেছি ন্যাশন্যালাইজ ইনডাষ্ট্রি দেখেছি

দিনের পর দিন তারা দ্রব্যমূল্য বৃদ্ধি করছে এবং প্রাইভেট এন্টারপ্রাইজ—তারা বলছে এরা মূল্য বৃদ্ধি করে আমাদের লাভের পথ আরও সুগম করে দিচ্ছে। এই ব্যর্থতা ঢাকার প্রয়াস যদি আমাদের চলে তাহলে জাতি ক্ষতিগ্রস্ত হবে বলে আমি বিশ্বাস করি। সেজন্য আমি মনে করি এই বিল সম্বন্ধে আরও গভীরভাবে আলোচনা করা দরকার এবং এই বিলটিকে আমাদের সিলেক্ট কমিটিতে পাঠানো দরকার এবং আমলাতন্ত্রের হাতে আমরা আমাদের দেশের অর্থনীতিকে এমনি করে বিলিয়ে দিতে পারি না। সেইজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এ সম্বন্ধে সঠিকভাবে চিন্তা করবার জন্য। আমি জানি আমলাতন্ত্রের সংগে এর কি যোগ আছে। আমি সেই সমস্ত গোপন খবর গভর্নমেণ্ট তরফের সভ্য হিসাবে বলতে চাই না, কিন্তু পাকিস্তানের মাছ আনয়ন করার ব্যাপারে আমরা দেখেছি বিনা স্বার্থে বাঙ্গালীর ছেলের ব্যবসা বন্ধ করে দেওয়া হয়েছে যার বার্ষিক ব্যবসা ছিল ৩০ লক্ষ টাকার। কোন যুক্তি নেই। আমাদের এখানকার সদস্য আমাদের অন্যতম প্রবীণ নেতা মাননীয় শংকরদাস ব্যানার্জি সেই কেস এখন হাইকোর্টে মুভ করছেন। আমি বিশ্বাস করি পশ্চিমবঙ্গের আমলাতন্ত্রের মুখোস খুলে যাবে এবং তারা আজ কি করছেন সেটা ভালভাবে প্রকাশিত হয়ে যাবে। আমি এই জন্য অনুরোধ করি এই বিল সম্বন্ধে আরও গভীরভাবে চিন্তা করা হোক এবং যদি প্রয়োজন হয় এটাকে সিলেক্ট কমিটিতে পাঠাবার ব্যবস্থা করা হোক।

Shri Nikhil Das:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের সামনে যে বিল ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয় এনেছেন সেটা খুব গুরুত্বপূর্ণ বিল। এই বিলটির উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে তিনি তিনটি কথা আমাদের বলেছেন। একটা কথা হচ্ছে যে মূলধনের অভাবে মৎস্য ক্ষেত্রগুলির উন্নয়ন যেখানে হচ্ছে না, সেখানে তারা সেগুলি দখল করবেন, অথবা যেখানে মৎস্য ক্ষেত্রগুলিতে যে পরিমাণ মাছের চাষ হতে পারে তা হচ্ছে না সেগুলি তারা দখল করবেন। কিন্তু এই উদ্দেশ্যের মধ্যে মূল একটা কথা নেই যে কথাটা থাকলে ভাল হোত—তা না হলে বিলটা নিরর্থক হয়ে যাবে। অর্থাৎ প্রথম কথা বলছেন কলকাতা এবং শহরাঞ্চল এলাকায় মাছের সরবরাহ দরকার এবং সেই সরবরাহ করতে গেলে আমাদের যে আভ্যন্তরীণ উৎপাদন সেই উৎপাদন বাড়ানো দরকার। এবং সেই উৎপাদন বাড়াবার জন্য তিনি এই বিলটি নিয়ে আসছেন কিন্তু একটা কথা আমি আপনার মাধ্যমে নিবেদন করতে চাই, আমাদের যে মাছের দাম বাড়ছে, উৎপাদন কম যেমন তার একটা কারণ ঠিক পাশাপাশি আর একটা কারণ মাছের ভেড়ীর মালিক যারা তারা নিজেরা চোরাবাজারে বেশী দামে মাছ বিক্রি করে মৎস্য সঙ্কট কৃত্রিমভাবে সৃষ্টি করছে, মৎস্য সঙ্কট মাছের ভেড়ীওয়ালারা সৃষ্টি করছে বলে মাছের এই দূরবস্থা শহরাঞ্চলে। কিন্তু তাদের ভেড়ীগুলি এই আইনের দ্বারা দখল করতে পারবেন না কারণ শেষ কথা লিখছেন

In the circumstances the government feel that such fisheries as are capable of being developed may be requisitioned or acquisitioned

অর্থাৎ যেগুলিকে উন্নত তারা করতে পারবেন সেগুলি মাত্র একুইজিসন এবং রিকুইজিসন করতে পারবেন—কিন্তু যেগুলি উন্নত অবস্থায় আছে—ধরুন আমি একটা মাছের ভেড়ীর মালিক, আমি যদি আমার ভেড়ীটাকে ঠিকমত উন্নত অবস্থায় রাখি তাহলে কিন্তু সেটা দখল নিতে পারছেন না। কারণ উদ্দেশ্যের মধ্যে বলছেন সেই ভেড়ী মাত্র নিতে পারেন যেগুলি আনডেভেলপড। যেগুলি ফুললি ডেভেলপড সেগুলি নিতে পারছেন না। সুতরাং বড় মাছের ভেড়ীওয়ালা যারা, যারা কৃত্রিমভাবে ভেড়ীতে মাছের উৎপাদন করে চোরাকারবারী করে মৎস্যের মূল্য বাড়াচ্ছেন সেগুলি দখল করতে পারবেন না। তা যদি করেন তাহলে এই আইনকে সম্মুখে রেখে তারা যদি হাইকোর্টে দরখাস্ত করে, শঙ্করবাবু এটা পড়ে দেখবেন তাহলে তাদের ভেড়ীগুলি দখল করতে পারবেন না। কারণ উদ্দেশ্য হিসাবে বলছেন, যে সমস্ত ভেড়ীপুকুর প্রভৃতি আন্ডার ডেভেলপড রেখেছেন সেগুলি তারা ডেভেলপ করবেন কিন্তু ফুললি ডেভেলপড যেগুলি যেখানে ঠিক ঠিকভাবে মাছের চাষ হচ্ছে সেগুলি ডেভেলপ করতে পারবেন না।

[4-55—5-5 p.m.]

যারা মৎস্য সঙ্কট সৃষ্টি করছে, তাদের ভেড়ীগুলো এই আইনে দখল হবেন বলে আমাদের আশঙ্কা আছে। তাঁদের সৎ উদ্দেশ্য আছে ঠিকই, তবে তাঁদের পালটে লিখতে হবে এই কথা যে যেহেতু মাছের দাম বেড়েছে, সরকার যে কোন মৎস্য ভেড়ী সে আন্ডার ডেভেলপডই হোক, আর ফুললি ডেভেলপডই হোক—সবই তাঁরা নিতে পারবেন। এইটুকু স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড রিজিয়নএ থাকা উচিত। যেটা নেই বলে এই আশঙ্কা আমাদের মনে উদয় হচ্ছে।

দু নম্বর হচ্ছে শক্তিবাবু কতকগুলি প্রশ্ন তুলেছেন, কংগ্রেসপক্ষের লোক তিনি বিলটার বিরোধিতা করেছেন। তিনি ব্যক্তিগত মালিকানা ও আমলাতান্ত্রিক গলদ- এই দুটি মিলিয়ে ফেলেছেন। আমলাতান্ত্রিক গলদ এক জিনিস, আর ব্যক্তিগত মালিকানা অন্য জিনিষ। সে প্রশ্ন আমি তুলবো ও তাকে সংশোধন করবার জন্য বক্তব্য রাখবো। আমলাতান্ত্রিক গলদের জন্য সরকারের পুরা দায়িত্ব। মৎস্য দপ্তর যদি ঠিকভাবে না চলে থাকে, তাহলে তার জন্য পূর্ণ দায়িত্ব হচ্ছে সরকারের। সরকারের ব্যর্থতা যেটা সরকারই তার জন্য দায়ী আমলাতান্ত্রিক যে অপদার্থতা, তাকে সংশোধন করবার জন্য, ঠিকভাবে সারিয়ে দেবার জন্য যে কথা বলবার দরকার তা পরে বলছি। যেগুলি আমলাতান্ত্রিক অপদার্থতা রয়েছে তার জন্য ব্যক্তিগত মালিকানা ও মুনাফা তিনি কি করে সমর্থন করলেন? ব্যক্তিগত মালিকানায় ভেড়ী নিয়ে চালু করবার জন্যই এই মৎস্য সঙ্কট সৃষ্টি হচ্ছে। লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা বড় বড় ভেড়ীওয়ালারা মুনাফা লুটছে এবং তারাই কৃত্রিমভাবে এই দারুন মৎস্য সঙ্কট সৃষ্টি করেছে। আর তাদেরই ব্যক্তিগত মালিকানায় ভেড়ী থাকবে। এ যুক্তি মাথাতে ঢুকছে না। সমাজতন্ত্র অনেক দূরের কথা, সেই

সমাজতন্ত্র বাদ দিলেও বছর বছর ব্যক্তিগত মুনাফার লোভ যাদের দেখা দিয়েছে, যেখানে ব্যক্তিগত মুনাফার বীজ উপ্ত রয়েছে, তা কাটিয়ে দেওয়া উচিত। এই কাটানোর দৃষ্টিভঙ্গী দিয়ে এই বিলকে আমি পূর্ণ সমর্থন করছি।

এই বিলটি হচ্ছে ভূমিরাজস্ব মন্ত্রীর বিল। আর মাছ দেবেন মৎস্য দপ্তর। মাছ চাষের ব্যাপার তাই হচ্ছে মৎস্য দপ্তরের দায়িত্ব। এই বিল যিনি এনেছেন, তাঁর মাছের চাষ বাড়াবার ব্যাপারে কিছু করার নাই। মৎস্য দপ্তরের সাথে মিলিয়ে যেগুলি তাদের হাতে আসবে, সেগুলি কি করে কার্যকরী করবেন সে কথাগুলি আমাদের কাছে যদি তিনি তুলে ধরতে পারতেন, তাহলে এই বিল সম্পর্কে আলোচনার পক্ষে সুবিধা হতো। কলকাতার বাজারে আভ্যন্তরীণ উৎপাদনের ক্ষেত্রে, সরবরাহের ক্ষেত্রে বড় বড় ভেড়ির মালিকরা যে সংকট সৃষ্টি করেছে, তা নিয়ে বার বার আমরা অ্যাসেম্বলীতে বলেছি যে এই ভেড়িগুলি সরকার সত্বর দখল করে নিন, বিলগুলি দখল করে নিন, বাওড়গুলিও তাঁরা দখল করে নিন এবং মৎস্য সরবরাহের ব্যাপারে যে অসুবিধা সৃষ্টি হচ্ছে, তা আপনারা দূর করুন। আমাদের মনে আশঙ্কা যেটা দেখা দিয়েছে, তা এখানে রাখলাম। আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী সেই আশঙ্কা দূর করার ব্যাপারে কি করতে পারেন তিনি বলবেন।

দু নম্বর হচ্ছে এখানে আছে কি কি দখল করবেন। বিল নিতে পারবেন, বাওড় নিতে পারবেন, পুকুর নিতে পারবেন এবং অন্যান্য জলাভূমি যেখানে মাছ হয়, তাও নিতে পারবেন। তবে একটি প্রশ্ন থেকে যায় তা হচ্ছে এই পুকুর সবই যদি নিয়ে নেওয়া হয়, তাহলে অসুবিধা সৃষ্টি হবে। কিছু পুকুর পানীয় জলের জন্য ব্যবহার হয়ে থাকে, কিছু পুকুর বাড়ীর স্নানের ব্যাপারে ব্যবহৃত হয়, বাসনপত্র মাজাঘষা ব্যাপারেও ব্যবহার হয়, ব্যক্তিগত প্রয়োজনেও সেখানে মাছ হতে পারে।

কিন্তু সেই ধরনের ছোট ছোট পুকুর যেগুলি পারিবারিক কাজে লাগে সেগুলি যেন এই আইনের আওতা থেকে বাদ দেওয়া হয়, তা না হলে গ্রামাঞ্চলের লোকের অসুবিধা হবে। তৃতীয় কথা হচ্ছে যারা ধীবর তাদের প্রশ্ন এখানে জড়িত রয়েছে। স্যার, বিলের উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে যেকথা বলেছেন তার সঙ্গে আমি একমত—অর্থাৎ বড় বড় ভেড়ি, বড় বড় বিলের মালিক যাঁরা মৎস্য উৎপাদন করেন তাতে তাঁদের মুনাফা বাড়ে, কিন্তু অপরপক্ষে জেলে সমাজ যাদের জীবিকা মাছের উপর নির্ভর করে তারা সেখানে শ্রমিক। স্যার, ভেড়ি, বাওর এবং বিলের মালিক ওই জেলেরা নয়, বড় বড় পুকুর যেখানে আছে তার মালিক ওই জেলেরা নয়, তার মালিক হচ্ছে ওই ব্যবসায়ীরা, যারা মৎস্যজীবী নয় এবং প্রচুর টাকা মুনাফা করছে। শক্তিবাবু প্রশ্ন তুলেছেন যে, এতে জেলেরা ক্ষতিগ্রস্ত হবে। জেলেরা তো এখনও ক্ষতিগ্রস্ত হচ্ছে—তারা এখন মজুরের মত খেটে মাছ ধরে নিয়ে আসছে, কিছু পয়সা পাচ্ছে এবং যদি পুকুর হয় তাহলে সেগুলি লিজ নেয়, মাছ ধরে এবং তারপর বিক্রি করে। এগুলি ফিসারী ডিপার্টমেন্ট-এর করার কথা এবং তাঁরা বলেছেন মৎস্যজীবীদের পরিশ্রম কম দামে কিনে নেয় এবং তারা বিপদে আছে। স্যার, এই মৎস্য চাষের ব্যাপারে একদিকে ভেড়ীওয়ালা এবং অন্যদিকে জেলেদের স্বার্থ রয়েছে এবং সেদিক থেকে আমি কিছু সাজেসন্স রাখতে চাই। এখানে স্টেট ফার্ম-এর কথা রয়েছে, কিন্তু সবগুলিকে যে স্টেট ফার্ম করতে হবে তা নয়। আমরা ভালভাবে বুঝতে চাই যেখানে জেলেরা রয়েছে, যেখানে জেলে অঞ্চল রয়েছে সেখানে ওই ধরনের বিল, বাওর বা বড় পুকুর জেলেদের মালিকানা দিয়ে তাদের দিয়ে মৎস্য চাষ করা যায় কিনা? সবগুলি সরকারের দখলে এনে তারপর সরকার চাষ করবেন এই নীতি গ্রহণ না করে যেখানে যেখানে জেলেরা বাস করে—যেমন বেলডাঙ্গায় কয়েক হাজার জেলে রয়েছে—সেখানে বিল নিয়ে সরকারী মৎস্য চাষের ক্ষেত্র না করে বা আমার, বীজেশবাবুর, আনন্দবাবুর এবং শক্তিবাবুর মত ভদ্রলোকদের দিয়ে মৎস্য কো-অপারেটিভ না করে যারা ধীবর, যারা মৎস্য চাষ করতে জানে এবং একটা এলাকাভিত্তিক থাকে তাদের দিয়ে কো-অপারেটিভ তৈরী করে, তাদের হাতে সেটা দিয়ে যদি মৎস্য চাষ বাড়াবার চেষ্টা করেন তাহলে সাফল্য দেখা দেবে। আপনারা স্টেট ফার্ম করতে চান, কিন্তু আমার বক্তব্য হচ্ছে জেলেদের যদি জীবিকায় বসিয়ে দিতে চাই, তাদের যদি বেকার করতে না চাই তাহলে স্টেট

ফার্মে তাদের শ্রমিক হিসেবে না এনে কিছু কিছু মৎস্য চাষের মালিকানা তাদের হাতে দিয়ে মৎস্য চাষের ব্যবস্থা করা দরকার। মন্ত্রিমহাশয় কিভাবে ভাবছেন জানি না, তাঁর জবাব পেলে সেটা বুঝতে পারব।

[5-5—5-15 p.m.]

কিন্তু লোকের মনে আশঙ্কা দেখা দেবে, জেলেরা নানা কথা ভাববে, নানা রকম অপপ্রচার আরম্ভ হবে এবং অলরেডি চীৎকার আরম্ভ হয়ে গেছে। বড় বড় ভেড়ি, বিল এবং বাওরের মালিক যারা মৎস্য উৎপাদন করে ব্যবসা করে এবং এই কয়েক বছরে মাছের চোরাকারবারী করে, মৎস্য সঙ্কট সৃষ্টি করে যারা লক্ষ লক্ষ টাকা উপার্জন করেছে তারা এই বিলের বিরুদ্ধে প্রচার আরম্ভ করেছে এবং দেখা গেছে কোথাও তারা জেলেদের স্বার্থ নিয়ে কথা তুলেছে, কোথাও ছোট পুকুরের কথা বলছে যে এগুলি নিয়ে নেওয়া হবে। কাজেই আমার বক্তব্য হচ্ছে স্বার্থান্বেষী লোক যারা তাদের মাছের চোরাকারবার বজায় রাখতে চায় তারা যাতে সেটা বজায় রাখতে না পারে তার জন্য আমরা চেষ্টা করব একথা যদি ও'রা বলেন এবং সেই সঙ্গে যদি একথা বলেন যে, যারা ফিসারমেন তাদের দিয়ে কো-অপারেটিভ করে, তাদের হাতে মালিকানা দিয়ে মৎস্য চাষ বাড়ান যায় কিনা সেটা আমরা দেখব বা ওই ধরনের পুকুর নেব না তাহলে স্বার্থান্বেষী লোকেরা ওই ধরনের প্রচার করবার সুযোগ পাবে না। আমার তৃতীয় কথা হচ্ছে স্টেট ফার্ম আমরা দেখেছি এবং এই বিলের সঙ্গে মৎস্য দপ্তর যেটা জড়িত রয়েছে তাদের অপদার্থতা এবং অযোগ্যতা আমি জানি। তাঁরা স্টেট ফার্ম করে অপদার্থতার পরিচয় দিয়েছেন এবং কল্যাণীতে স্টেট ফার্ম করে কয়েক লক্ষ টাকা খরচ করে যে কয় কেজি মাছ পেয়েছেন তাতে দেখতে পাচ্ছি যে পরিমাণ টাকা খরচ হয়েছে সেই অনুপাতে সেখান থেকে মাছ সরবরাহ হয়নি। কাজেই বলছি এই বিল গ্রহণ করার সঙ্গে সঙ্গে যদি মৎস্য দপ্তরকে ঢেলে সাজান না যায় তার আমূল পরিবর্তন করা না যায়, তার নখ থেকে চুল পর্যন্ত যদি পালটান না যায় তাহলে এই বিলের দ্বারা কোন সৎ উদ্দেশ্য সাধিত হবে না। মৎস্য দপ্তরকে যদি ভালভাবে পালটাতে চান তাহলে সৎ লোক, ভাল লোক আনা দরকার। বর্তমানে যে কায়েমী স্বার্থ, দুর্নীতি রয়েছে এবং যে অযোগ্যতা ডিপার্টমেন্ট-এর মাথার উপর বসে রয়েছে তাকে যদি শক্ত হাতে সরিয়ে দেওয়া না যায় তাহলে এই বিলের উদ্দেশ্য সৎ হলেও এবং ভেড়ীগুলো এলেও মাছের উৎপাদন হবে না—অর্থাৎ এক কথায় বলা যায় এই বিলের উদ্দেশ্য ব্যর্থ হবে, এই বিল বাতিল হবে। কাজেই আমি ভূমি রাজস্বমন্ত্রী, মৎস্যমন্ত্রী বা সমস্ত মন্ত্রী দপ্তরের কাছে বলছি যে, মৎস্য দপ্তরকে যদি ঢেলে সাজা না যায় তাহলে এই বিলকে কার্যে পরিণত করতে পারবেন না। একে ঢেলে সাজুন, পুরোপুরি উলটো ক'রে সাজুন। ক্ষতিপূরণ সম্পর্কে আমি দফাওয়ারী আলোচনার সময় বলব। তারপর বিলের মধ্যে একটা কথা দেখে আমার মনে আশঙ্কা দেখা দিয়েছে এবং সেটা হচ্ছে সরকার সমস্ত ভেড়ি, পুকুর, বাওর যে গ্রহণ করবেন তা নয়, যেটা তাঁরা মনে করবেন সেটা দখল করবেন। অর্থাৎ সব তাঁদের হাতে চলে এল তা নয় বা সব এ্যাকোয়ার্ড হয়ে তাঁদের হাতে চলে এল তা নয়। সরকার যেখানে মনে লোক তিনি দপ্তরে গিয়ে এমন ব্যবস্থা করে এলেন যে তার সেই বিলটি অধিকার করা হোল না এবং দখল করা হোল কোনটি, না তার পাশে যে ২ কাঠার একটি ছোট বিল রয়েছে সেটি। তাহলে আমরা কি দেখছি—আমরা দেখছি বড়টি দখল করা হোল না। সমস্ত দখল করা হবে সেকথা বিলে নেই, সরকার যেখানে ডেভেলপমেন্ট-এর জন্য দরকার মনে করবেন সেখানে দখল করবেন।

সমস্ত বিল বায়োড় ভেড়ি ইত্যাদি সরকারী দখলে আসবে না তা নয় আইনের ফাঁক দিয়ে অনেক কিছুই বেরিয়ে যাবে। আমরা এতক্ষণ মনে করছিলাম যে সরকার হয়ত এটাকে কার্যকরী করবেন কিন্তু সরকারী তরফের সদস্যরা তাঁরা যেভাবে এর প্রতিবাদ করলেন তা থেকে এ আশঙ্কা মনে হয় যে এই বিল যদি গৃহীত হয় তাহলে বড় বিল পুকুর দখল করা হবে না সেগুলি যেমন আছে তেমন থাকবে। এভাবে আমরা দেখলাম শক্তিবাবুর মত অনেক প্রতিনিধি পাওয়া যাবে যারা এ বিলের বিরোধিতা করবেন। সুতরাং এই বিলের আসল উদ্দেশ্য কার্যকরী হবে না। আপনার মাধ্যমে অনুরোধ রাখবো অজয়বাবু এবং শ্যামাদাসবাবুকে তাঁরা যে সৎসাহস নিয়ে এ বিল এনেছেন এবং যে ফাঁকগুলি আমি বললাম তার মধ্য দিয়ে পেছনের দরজা দিয়ে ছুরি মারার চেষ্টা হয় সেটাকে যদি তারা ব্যর্থ করে দিয়ে মাছ উৎপাদনের ভালভাবে ব্যবস্থা করেন তাহলে আমি অভিনন্দন জানাবো তার আগে নয়।

Shri Kashi Kanta Maitra:

সভাপাল মহাশয় আজকে ভূমিরাজস্ব মন্ত্রী যে বিল এনেছেন সে সম্পর্কে আমার প্রথমে মনে হচ্ছে যে সরকার বাহাদুর এমন অবস্থায় দেশকে এবং দেশের মানুষকে এনে দাঁড় করাচ্ছেন যে তারা যখন তথাকথিত জাতীয়করণের শ্লোগান তুলে কোন বিল নেন তখন বিরোধীপক্ষ এবং যে কোন নাগরিকই একাবারে নিছক কংগ্রেস [illegible] দলীয় ধ্বনি দিয়ে এসব জিনিস দেখেন না, তাঁদের মনে সন্দেহ আসে এটাই সবচেয়ে বড় কথা। এর আগে আমি একবার বলেছিলাম পৃথিবীতে যখন সমাজতন্ত্রের আওয়াজ হল তখন সমাজতন্ত্রকে লোকে সমর্থন করেছিল বা জাতীয়করণকে সমর্থন করেছিল, নৈতিক দিক থেকে তারা মনে করেছিল ব্যক্তিগত মালিকানায় লাভ খুব বেশী হয় এবং মানুষ সেখানে শেষ হয়ে যায়। এখানে গোল্ড স্মিথ-এর একটা অপূর্ব কবিতা মনে পড়ে গেল—

where wealth accumulates and men decay

যখন জমি যায় তখন মানুষ শেষ হয়ে যায়, সেজন্য সেদিন নীতির দিক থেকে মরালিটির দিক থেকে এথিক্সের দিক থেকে সমাজতন্ত্রকে সমর্থন করা হয়েছিল, কিন্তু পরবর্তী যুগে সেটাকে শুধু নীতির দিক থেকে এফিসিয়েন্সির দিক থেকে সমর্থন করা হয়েছে যে সমাজতন্ত্র চাই। কারণ সমাজতন্ত্র এমন একটা ব্যবস্থা যেটা ক্যাপিটালিস্ট সিস্টেমের চেয়ে অনেক বেশী এফিসিয়েন্ট সুতরাং বোথ মরালি অ্যাজ ওয়েল অ্যাজ এথিক্যালি। কিন্তু দুঃখের বিষয় এমন একটা অবস্থায় আমাদের দেশকে সরকার নিয়ে যাচ্ছেন যে দেশের মানুষ সোসালাইজ সেকটার এবং ন্যাশনালাইজ সেকটারারের প্রতি একটা অবিশ্বাস এনে দিচ্ছে এবং তার প্রতিক্রিয়ার যে রূপ তা ফুটে উঠেছে। শঙ্করবাবুকে দেখছি ঘুরে বেড়াচ্ছেন তিনি বোধ হয় সবচেয়ে বেশী আনন্দিত কারণ ইস্টার ভেকেসানের পর ও'র কপালেই লায়ন শেয়ার আসছে হাইকোর্টে, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানি সাউথ সল্টে যে কয়েকটা মামলা মোকদ্দমা হয়েছে এবং ফিশারী সংক্রান্ত আইনকানুন হয়েছে তার লায়ন শেয়ার হাইকোর্টে তিনি যে পেয়েছেন সে বিষয়ে সন্দেহ নেই। এই বিলেও দেখবেন এটা পাশ হবার পর যদি হাইকোর্টে আলটা ফাইরিস বলে চ্যালেঞ্জ না হয় তাহলে আমাকে বলবেন। কংগ্রেস বেঞ্চ থেকে যতই বিদ্রূপ করুন আমি বলছি আপনারা এটা দেখে নেবেন। আমি ক্লজ ৮ কমপেনসেসান ক্লজ সম্বন্ধে বলছি ডেফিনেটলি

it will be declared ultra vires both under Article 31 and Article 14 of the Constitution.

আপনারা সংবিধান দেখেছেন কিন্তু সংবিধান সেভাবে অ্যামেন্ড করুন যার ফলে এরূপ গোলমাল না হয়, আপনারা কমপেনসেসানের বেলায় বলেছেন

Where any fisheries or lands are acquired compensation shall be payable at the rate of three times the net average annual income from the fishery or the lands, as the case may be.

[5-15—5-25 p.m.]

আমার একটা ফিশারী আছে তিন বছর ধরে আমি তাতে চাষ করলাম এবং তাতে আমার লস গেল। আমি শ্যামাদাসবাবুকে জিজ্ঞাসা করছি তাঁর যারা লিগ্যাল এক্সপার্ট আছেন যাঁরা তাকে এডভাইস করেন তাঁদের বলুন এ ব্যাপারে তারা কিভাবে কমপেনসেসান দেবেন। গত ৩।৪ বৎসর আমি চাষ না করে জলা ফেলে রেখে দিয়েছি তাতে আমার লোকসান হল তাহলে আমাকে কি কমপেনসেসান দেবেন? এখানে এই যে বলছেন নেট এভারেজ এ্যানুয়েল ইনকাম তা এক্সপ্লানেসান দিয়ে বলছেন

In the case of agricultural land, one-third of the average value of the produce derived or derivable from such land during a period of five years immediately preceding the date of acquisition.

এই ডিরাইভড অর ডিরাইভেবল্ এটা একটা ভেগ কি পাওয়া যাবে তার ভিত্তিতে আপনারা কমপেনসেসান ক্যালকুলেসান করবেন। আমার যে সামান্য জ্ঞান আছে তাতে বলছি এই আইনটা হাইকোর্টএ চ্যালেঞ্জ হবে আর্টিকেল ২২৬ অনুযায়ী এবং যে কোন আইনের বিশারদ তাঁরাও এই ওপিনিয়ান দেবেন। সেজন্য বলছি এরূপভাবে তাড়াতাড়ি বিল আনবেন না। আপনারা যদি চান ন্যাশনালাইজেসান, সোস্যালাইজেসান করে মেছো ভেড়ী আনবেন দেশের লোকের দুঃখ কষ্ট

্র করবেন এবং এ বিষয়ে আপনাদের যদি সিনিয়ারিটি থাকে তাহলে একটু বসে এক্সপার্ট পিনিয়ান নিয়ে সিলেক্ট কমিটিতে গিয়ে আলাপ আলোচনা করে একটা বাস্তব সিদ্ধান্ত নিন। ামি জানি না পৃথিবীর কোন সভ্য সরকার কখনও কোন বিল এনেছেন যে বিলে স্টেটমেন্টস ফ অবজেকটস অ্যান্ড রিজিনসএ যা দেন আর প্রিএ্যামবেলে যা দেন সেটা খুব বড় কথা নয়. ড় কথা হচ্ছে যে অবজেক্ট নিয়ে একটা আইন প্রণয়ন করতে যাওয়া হচ্ছে সে উদ্দেশ্যগুলি আমরা তিফলিত করতে পারবো কি না? এখানে যে অবজেকটস এর কথা বলছেন তা কি করে ফলফিল রবেন জানিনা। একটা আইন আছে তার নাম হচ্ছে ওয়েস্ট ল্যান্ড ইউটিলাইজেসান অ্যাক্ট অফ ৯৫২। ১৯৫২ সালে এই বিধানসভায় সে আইন পাশ হয়েছিল। এ আইনটা ঘাটবার সুযোগ ামার হয়েছিল। আপনি দেখবেন ওয়েস্ট ল্যান্ড ইউটিলাইজেসান অ্যাক্ট একটা আইন হল সে াইনের মধ্যে যে সমস্ত ডেরিলিক্ট ট্যাঙ্ক, ডেরিলিক্ট ফিশারী, বিল, খাল এগুলি রিকুইজিসান রে অ্যাকুইজিসান করতে পারেন, ইউটিলাইজ করতে পারেন এবং এ বিষয়ে

.mple Power is given to the State Government in view of the provisions of ıat Act.

ন আইনটা আপনারা যখন মুছে ফেলেন নি তখন বলুন এ আইনের দরকার নেই। এ আইন ডিফাই করে ইন দি লাইট অফ দিস বিল নূতন করে অ্যামেন্ড করুন। এটাতে কি একটা একটা লজিসলেচারের বিদ্যা বুদ্ধির উপর কটাক্ষপাত হবে না? একটা লেজিসলেসান বৎসরের পর ৎসর মাল্টিপ্লাই করে যাচ্ছে বাড লাইক পিগস এরূপভাবে আইন প্রণয়ন করা হচ্ছে অথচ আমরা ানিনা কোন আইন আউট ডেটেড কিছু হয়েছে কিনা। সুতরাং ওয়েস্ট ল্যান্ড ইউটিলাইজেসান ্যাক্ট অফ ১৯৫২ যখন রয়েছে তখন আমি বুঝতে পারছি না এই আইনটা এখন আনতে যাচ্ছেন কন? দ্বিতীয়ত যেটা আমি বলছি সেটা হচ্ছে যে একটা কমপ্রিহেনসিভ বিল আনুন না হয় লুন এই আইনের দ্বারা সেটাকে নালিফাই করে দিচ্ছেন এবং নূতন করে আইন আনছেন, তৃতীয় কথা হচ্ছে একটা ফিশারী এ্যাডভাইসারী বোর্ড আছে আপনাদের এই রাজ্যে। এখন এরূপ ারনের যদি একটা কনসালটেটিভ বডি একটা এক্সপার্ট বডি আছে তাহলে তার মতামত নেওয়া রকার। আমি জানতে চাই মন্ত্রিমহাশয় তাদের কাছ থেকে এরূপ কোন মতামত নিয়েছেন কনা? আমি আমার জেলার কথা বলতে পারি এবং শঙ্করদাসবাবুও আমার সঙ্গে একমত বেন যে নদীয়া জেলায়, নদীয়া সোস্যাল ফিশারী কো-অপারেটিভ এবং ফিশারম্যান কো-অপারেটিভ যে আছে তার প্রেসিডেন্ট হচ্ছেন শ্রীজগন্নাথ মজুমদার। আমি বলছি যে, সেই কো-অপারেটিভ সোসাইটির মেম্বার যারা তারা সকলেই কংগ্রেসের মেম্বার।

কি হল জানেন? এঁরা করছে কি, আমি বলছি, এটা ভাববার বিষয়। আমার নিজের ধারণা

Politically, the Bill seeks to congressize the rural base and at the administrative panel it wants to bureaucratise the administration.

কিভাবে হচ্ছে দেখুন। এই যে ফিসারমেনস কো-অপারেটিভস করেছে এটা একটা অদ্ভুত ব্যাপার। ইংরাজ আমলে আইন ছিল স্টেট ম্যানুয়েল। শ্যামাদাসবাবুর ডিপার্টমেন্ট যদি সেই ম্যানুয়েলটা উলটেপালটে দেখেন তাহলে দেখবেন ম্যানুয়েল-এর রুল ২৭২ এবং ২৭৩তে আছে- সেটা আমার কাছে নেই. থার্ড রিডিং-এর সময় যদি সুযোগ পাই তাহলে পড়ে দেখিয়ে দেবো, তাতে আছে যে, এই সমস্ত সরকারী জলাগুলো হাইয়েস্ট বিডএ অকশান করা হত। তার ফলে গভর্নমেন্ট রেন্ট খুব প্রটেকটেড হত। সেখানে যাঁরা হাইয়েস্ট বিডার আসতেন তাঁরা বিড নিয়ে নিতেন। গভর্নমেন্ট রেন্ট এ্যাসিওরড হত। এঁরা করলেন কি? বললেন এরকমভাবে করলে সুবিধা হবে না। তাই একটা শ্লোগান তুলে সমস্ত জায়গায় কো-অপারেটিভ করলেন। আমাদের নদীয়া জেলায় কি করলেন জানেন? সেন্ট্রাল ফিসারমেনস কো-অপারেটিভ করে ওঁরা আইন করে দিলেন যে, নদীয়া জেলায় যত সরকারী জলা আছে কমপালসারিলি সমস্ত কো-অপারেটিভকে দিতে হবে। আপনি বোধ হয় জানেন এই সরকার রুল ২৭৩ অ্যামেন্ড করে এমন করে দিয়েছে

যে আগে ছিল বিভিন্ন পার্টি যদি এপ্লাই করে সেখানে একটা ডিসক্রিসান ছিল, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অথবা কালেকটরকে দেওয়া হত তিনি বিচার করতেন। এখন ও'রা বলে দিচ্ছেন যে, যদি

In any case if there is a Co-operative Society as an applicant for the fishery, then the Co-operative Society shall be given a statutory preference.

তার মানে কি? ধরুন ১০০ জন মৎস্যজীবী তারা এ্যাপ্লাই করল একটা সরকারী জলার জন্য। আর কংগ্রেসী মাতব্বর, রাজনৈতিক দলের মাতব্বর এবং শহরের বাবুদের নিয়ে একটা কো-অপারেটিভ করল। আইন হয়ে গেল যে সমস্ত জেলে, যারা এ্যাপ্লাই করল তারা নস্যাৎ হয়ে যাবে। আইন আপনারা করে দিয়েছেন যে কো-অপারেটিভ সোসাইটি স্যাল রিসিভ স্ট্যাটুটরি প্রেফারেন্স। অতএব চোখ কান বুজে কো-অপারেটিভ সোসাইটির দিতেই হবে। ঠিক এই আইন করে নদীয়া জেলায় শত শত ফিসারী জলাশয়গুলিকে গভর্নমেন্টের হাতে নিয়ে এ'রা করলেন কি? সেন্ট্রাল ফিসারমেন্স কো-অপারেটিভকে দিলেন। জালিয়াতি কিভাবে হচ্ছে দেখুন। নদীয়া জেলায় ১৬ মাইল লম্বা পলদা বিল নামে একটা বিল আছে যে বিল এক সময় সারা নদীয়া জেলায় মাছ সরবরাহ করতো। সেই পলদা বিল কত টাকা কো-অপারেটিভ সোসাইটিকে খাজনা দেয় জানেন—বছরে ৪০০ টাকা। এ কি লুঠ হচ্ছে। কার বাবার সম্পত্তি নিয়ে এসব করা হচ্ছে।

you are robbing peter to pay paul, even not that

দেখুন এইভাবে কি হচ্ছে। যেখানে ৭॥০ হাজার টাকা রেন্ট ছিল সেখানে ৪০০ টাকা রেন্ট দিয়ে করলেন কি, সেন্ট্রাল ফিসারমেনস কো-অপারেটিভ অমনি আসামনগর ফিসারমেনস কো-অপারেটিভ, প্রাইমারী সোসাইটিকে তাঁরা দিয়ে দিলেন। ৪০০ টাকার ডাক নিয়ে ৪ হাজার টাকায় তারা পলদা বিলকে দিয়ে দিলেন। নদীয়া জেলায় এইভাবে হল কি? এই মৎস্যজীবী সমবায় সমিতি একটা ইন্টারমিডিয়ারী পজিসানএ চলে গেল। নূতন ধরনের জমিদারের সৃষ্টি হল। মৎস্যজীবীদের নামে লুঠ চলতে লাগল। এ দিয়ে এ বিধানসভায় অনেক প্রশ্ন কর হয়েছে। এখন সেটা লিকুইডেসানএ গেছে। তারপর নদীয়া জেলার ভোমরা বিল নামে একটা বড় বিল এটা মৎস্যজীবী সমবায় সমিতির। অথচ সেখানে যাঁরা যাঁরা আছেন তাঁদের নামগুলে শুনুন। শ্রীদীনবন্ধু চক্রবর্তী নদীয়া জেলার কংগ্রেসের সেক্রেটারী তিনি হলেন এর চেয়ারম্যা ডাক্তার করিম বক্স, অঞ্চল প্রধান। যাঁর সঙ্গে জলের ও জালের কোন সম্পর্ক নেই। ডাক্তার মানস গাঙ্গুলী স্কুল বোর্ড-এর মেম্বার, অঞ্চল প্রধান এ'রও সেই একই অবস্থা। কাদের পাঠান, এ'রও এর সঙ্গে কোন সম্পর্ক নেই। এ'রা সবাই কংগ্রেসের লোক। এই হল ভোমরা বিলের কংগ্রে কো-অপারেটিভ। তাহলে দেখুন কেমন সুন্দরভাবে উন্নতি হচ্ছে। আর এই বিলে বলা হচ্ছে যে জেলেদের জন্য এত চোখ দিয়ে জল পড়ছে, এত কষ্ট হচ্ছে যা আর সহ্য করা যাচ্ছে না কাজেই এই আইন করা হচ্ছে। কিন্তু এই বিলের উদ্দেশ্য হচ্ছে এটা তাড়াতাড়ি পাশ করি কংগ্রেসের গ্রামের ভিতরে ঢুকে যাওয়া এবং দলের হাতে ক্ষমতাটাকে ছড়িয়ে দেওয়া। সেইজন কো-অপারেটিভ-এর নাম করে কংগ্রেস এই পাওয়ারটা নিতে চাচ্ছেন। অবশ্য আমাদের জেলা অর্থমন্ত্রী মহাশয় গিয়েছিলেন এবং গরম গরম বক্তৃতা দিতে গিয়ে বললেন "আরো ট্যাক্স চাই" আমরা লক্ষীর ভান্ডার থেকে জাতীয় রক্ষার জন্য শেষ পয়সাটা পর্যন্ত নেবো। আর আমাদে বললেন থ্রো আস ইফ ইউ ক্যান কিন্তু কি কারণে জানলাম না আমাদের থ্রো করতে হল না উ নিজেই মাঝখান থেকে ওভার থ্রো হয়ে গেলেন। তারপর, আমাদের নদীয়া জেলায় আর একজনকে নতুন করে অবদান দিয়েছি, তিনি হলেন রহমান সাহেব। তিনি ওখানে দিব্বি ছিলেন "খাচ্ছি তাঁতি তাঁত বুনে," কিন্তু তিনি মৎস্য দপ্তরে এসেই লম্বা চওড়া বক্তৃতা, শ্লোগান দিতে আরম্ভ করলেন। তার রেজাল্ট কি হল? এখন দেখছি এইটুকুই নেট কন্ট্রিবিউসান যে মাছ এব মেছোদের সম্বন্ধে আমরা কিছুই জানতাম না এখন নিউজ পেপার-এর টপ-এ মৎস্য দপ্তরকে আমরা দেখতে পাই। এই হাউসে বিরোধীপক্ষের সবাই বলে গিয়েছেন যে, এই দপ্তরটাকে তুলে দেওয়া উচিত। তারপর, মাননীয় স্পীকার মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন কুলি ফিসারী যেটা কল্যাণীতে হয়েছে, সেখানে গত বছর এপ্রিল মাসে হাজার হাজার মণ বড় বড় মা ভেসে উঠতে লাগল। আমি নিজে বেনামি চিঠি পেয়ে সেটা দেখে এসেছি। মৎস্য দপ্তর থেকে একটা এনকোয়ারী করা হয়েছিল যে কত মণ মাছ কুলিয়া ট্যাঙ্ক ফিসারীতে আছে। সেখানকা লোকের সন্দেহ যে ঔষধ দিয়ে মাছ ডেসট্রয় করা হয়েছে এবং এইভাবে হাজার হাজার মণ মা

নষ্ট হয়েছে। কেষ্টনগর, যেখানে অঞ্জনা নদীতে মাছের চাষের জন্য রহমান সাহেবের দপ্তর থেকে লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। কিন্তু কেষ্টনগর শহরে কয়েকদিনে কয়েক মণ মাছ এবং কোলকাতায় পূজার ৪ দিন ৫০ মণ করে মাছ পাঠিয়েই সব বন্ধ হয়ে গেল। অথচ কেষ্টনগরের মৎস্য দপ্তরে গেলেই দেখতে পাবেন বড় বড় সব বয়েম সাজান রয়েছে।

[5-25—5-35 p.m.]

আমি তো জীবনে কোনদিন শুকনো অবস্থাতে এইরকম লম্বা লম্বা সাইজের পাবদা, কই মাছ দেখিনি। মহেঞ্জদড় সিভিলাইজেসান-এর আমলের কিনা জানি না, তবে সেখানে সমস্ত ঘর জুড়ে আচারের মত বড় বড় বয়েমে মাছ সাজানো রয়েছে। আজকে, জেলেদের হাতে পয়সা নেই, তারা কোন সুযোগ-সুবিধা পাচ্ছে না, অথচ তারা এইভাবে প্রতারিত হচ্ছে। যদি আইন করে মৎস্যজীবীদের উন্নতি করতে চান করুন তাতে আমাদের আপত্তি নেই, কিন্তু আমরা জানি আপনাদের সে উদ্দেশ্য নেই। মৎসজীবীদের উন্নতি করবো, কোলকাতায় মাছের সরবরাহ বাড়াবো এসব ধাপ্পা লোককে আর দেবেন না। তারপর, আর একটা ভাববার বিষয়, আজকে বাংলাদেশের মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত বাঙ্গালীদের কাছে প্রোটিন ডায়েট বলতে আছে শুধু এক টুকরো মাছ। সেটাও তাঁরা পাচ্ছেন না। আজকে যেভাবে হোক মাছের সাপ্লাই বাড়ানো দরকার। সবশেষে ভেন্ডার হাইডেন-এর রিপোর্ট-এর কথা বলে আমি শেষ করবো। রহমান সাহেবকে বলেছিলাম যে, আপনি যখন নতুন করে স্ট্রিমলাইন করতে যাচ্ছেন তখন অন্ততঃ ভেন্ডার হাইডেনের রিপোর্টটা হাউস-এর কাছে প্লেস করুন। কিন্তু আশ্চর্যের বিষয় এতবড় একজন প্রতিভাবান ফিসিং ইঞ্জিনীয়ার এসে একটা রিপোর্ট দিলেন অথচ সেটা হাউস-এর কাছে এল না এবং ভেন্ডার হাইডেন-এর রেকমেন্ডেসানও ইমপ্লিমেন্ট করা হল না। ভেন্ডার হাইডেন তাঁর রিপোর্টএ বলেছেন যে সুন্দরবন অঞ্চলে এত বিরাট ফিস প্রোটেন রয়েছে এবং এত রিচ যে সেখান থেকে যদি সরবরাহ করা যায় তাহলে বাংলাদেশে কোনদিন মাছের অভাব হবে না। তিনি বলেছেন যে, জেলেরা প্রত্যেকদিন শত শত মণ ইলিশ ও অন্যান্য মাছ নৌকায় তুলে আবার জলে ফেলে দিচ্ছে। কয়েকদিন এরকম ঘটনা দেখবার পর আমি বললাম যে, তোমরা এত কষ্ট করে মাছ তুলছ অথচ ফেলে দিচ্ছ কেন? জেলেরা দুঃখ করে বললে, বাবু, আমাদের এ ছাড়া আর কোন উপায় নেই। কারণ কোলকাতা থেকে যেসমস্ত বাবুরা মাছ কিনতে আসেন তারা আসেন নি। তিনি বলেছেন কোলকাতায় এই যে ফিস ব্যারনস আছেন তাঁদের একটা করাপটিং হয়ে গেছে। কোলকাতায় মাছের সরবরাহ বাড়লে দাম কমে যাবে সেইজন্য তারা আর্টিফিসিয়েলি স্কারসিটি কন্ডিসান মেনটেন করবার জন্য এই চক্রান্ত করেছে। তিনি বলেছেন মাছের প্রণ বিক্রী হচ্ছে ৪ টাকা মণ। বিলাত থেকে সাত সমুদ্র পার হয়ে এসে ভেন্ডার হাইডেন বাংলাদেশের জেলে সম্প্রদায়ের সম্বন্ধে যে করুণ চিত্র তাঁর রিপোর্টে তুলে ধরেছেন সেটা যদি ও'রা পড়ে দেখেন এবং হাউসে সেটা আলোচনার জন্য আনেন তাহলে আমার মনে হয় অনেক উপকার হবে। আজকে আমি অনুরোধ করবো এই বিল ও'রা সারকুলেসান-এ দিন এবং ভেন্ডার হাইডেন-এর রিপোর্টটা আমাদের কাছে রাখুন। আর সিলেক্ট কমিটি কাছে আসুক, তাতে কিছু এসে যাবে না। এক মাস বাদে আপনারা বসে এই বিলটা ভালোভাবে ঢেলে সাজিয়ে যাতে একটা ফুল প্রুফ বিল করা যায় তার চেষ্টা করুন। আবার আমি এই বিলটা সারকুলেসান-এ দেবার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Girish Chandra Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশে পুকুরচুরি বলে একটা কথা আছে। আমরা দেখছি এই বিলে সেই পুকুরচুরির ব্যবস্থা করা হচ্ছে। মৎস্যচাষের উদ্দেশ্যে বিল বা পুষ্করিণী সরকারের হাতে নেওয়ার তিনটি কারণই অবাঞ্ছিত মনে হয়েছে। আমরা জঙ্গল প্রভৃতির ব্যাপারে দেখেছি, গৃহস্থের হাত থেকে সরকার জমি নেওয়ায় আরও বেশি খারাপ হয়েছে। এর নিদর্শন সরকারী ডিপার্টমেন্টএ রয়েছে। এটা নিছক আমলাতন্ত্রের দখলে রাখা অত্যন্ত অন্যায় হয়েছে। সেখানে এই পরিকল্পনার মধ্যে জনপ্রতিনিধিদের স্থান দেওয়া উচিত ছিল। এ ছাড়া মৎস্যক্ষেত্র হাতে নিয়ে মৎস্যচাষ ভালভাবে করার পরিকল্পনা আগে থেকে করা উচিত ছিল।

আমি একটা উদাহরণ দিতে চাই পুরুলিয়া জেলায় জয়পুর থানায়, রানীবাঁধ বলে একট বিরাট পুকুর রয়েছে। সেটা যখন জমিদারদের হাতে ছিল তখন কিছু না কিছু মাছ তারা তৈরি করত। আজ সরকার হাতে নিয়ে এত বড় পুকুরে সেখানে এক মণ মাছও তৈরি করতে পারছেন না। এটা হচ্ছে আমার নিজের অভিজ্ঞতা, পুরুলিয়া জেলায় সরকার আরও অনেকগুলি নিয়েছেন—সেই বাঁধগুলি আজও পর্যন্ত মাছের চাষ হচ্ছে না, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও একটা উদাহরণ দিচ্ছি সেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ। কাঁচড়াপাড়ায় মতিঝিল বলে একটা ঝিল আছে যার দৈর্ঘ্য তিন-চার মাইল। এটা সরকার হাতে নিয়ে কি ব্যবস্থা করছেন তা আপনা সামনে বলতে চাই। এই বিরাট এরিয়ায় ৪-৫ শত জেলে পূর্বে মাছ ধরত এবং সেখান থেকে হাজার হাজার মণ মাছ কলকাতায় সাপ্লাই হত, কিন্তু সেই মতিঝিলকে সরকার আজকে জেলেদের কাছ থেকে ছিনিয়ে নিয়েছেন এবং কিভাবে সেখানে পুকুরচুরি করছেন সেটাই আপনাকে বলছি। সেখানে ঐ জেলেদের ৪-৫ শত নৌকা এবং হাজার হাজার টাকার জাল ছিল সেগুলি সরকার তছনছ করে দিয়েছেন এবং এই শত শত জেলে পরিবারের আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। অথচ এই বিলে দেখা আছে যে, এই বিল জেলেদের জন্য পাশ করছি। কিন্তু মতিঝিলের ব্যাপার যদি দেখেন তাহলে দেখবেন যে সেখানে শত শত জেলে পরিবার কি দুরবস্থা মধ্যে কাটাচ্ছে। এই মতিঝিলে আর এক মণও মাছ তৈরি হচ্ছে না এবং এই মাছ কিভাবে পুকুরচুরি হচ্ছে সেটাই একটু বলি। অন্য বিভাগে টাকা চুরি ধরা পড়ার ভয় আছে। কিন্ এখানে মতিঝিলে তার কোন সম্ভাবনা নেই। সেখানে হাজার হাজার লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে —অথচ দু সেরও মাছ পাবেন না—আমি নিজে দেখেছি ছোট ছোট পোনা মাছ বিক্রি হচ্ছে এবং যে কয়েকটি মাছ সেখানে হয় তাও সেখানকার যে আমলাতন্ত্র রয়েছে যারা এটা পরিচালনা করছেন—তাদের আত্মীয়স্বজন সেই মাছ খায় আর জনসাধারণকে সেই মাছ সাপ্লাই করতে পারে না। কাজেই মৎস্যবিভাগের আজ এই অবস্থা। সেখানে এইভাবে চুরি হচ্ছে সেখানে অফিসাররা লিখে দিচ্ছেন এবং কাগজে-কলমে দেখাচ্ছেন যে, আমরা হাজার হাজার পোনা ছেড়েছি —কিন্তু সেই পোনা লাগল কিনা মাছ কিছু হল কিনা তা এনকোয়ারি করে ধরা পড়বে- প্রত্যেক বিভাগে চুরি ধরা পড়ে কিন্তু মৎস্যবিভাগের চুরি ধরতে পারবেন না, কারণ সেটা জলের ব্যাপার, জলে কত টাকার মাছ ছাড়া হয়েছে সেটা এনকোয়ারির ব্যাপার নয়, কাগজে-কলমে লিখে দেন এত মাছ লাগল না—এত মাছ পচে গেল, এইভাবে সোজা উপায়ে সেখানে পুকুরচুরি হচ্ছে এর ফলে কলকাতায় কোন মাছই সাপ্লায়েড হয় না। তাই আপনার সামনে প্রস্তাব দিচ্ছি গ্রাম-বাজারে যেসব পুষ্করিণী রয়েছে সেখানে গ্রামবাসীদের দায়িত্ব নিয়ে অধিকারের ভিত্তিতে সমবায়ের পথে পুষ্করিণী ব্যবস্থা করা দরকার। সেই অঞ্চলের জনসাধারণকে নিয়ে সমবায় সমিতি করে তা পরিচালনা করা দরকার। শুধু তাই নয়, মৎস্যচাষের জন্য সমবায়ের সঙ্গে সরকারের অর্ধাংশ ভিত্তিতে কাজ করা উচিত। যে মাছ তারা তৈরি করবে তার অর্ধেক হ সমবায়ের আর অর্ধেক হল সরকারের—তাহলে কাজ কিছু হবে। তা না করে যদি আমলাতন্ত্রের মাধ্যমে এই ব্যবস্থা করেন তাহলে পুকুরচুরি হবে। মাছ উৎপন্ন হবে না। শুধু তাই ন এই সমবায়ের মারফৎ প্রচুর উৎপন্ন যাতে হয় তার জন্য সমবায়কে অর্থসাহায্য করতে হবে তাহলেই এই আইন সার্থক হবে। এবং লক্ষ লক্ষ জনসাধারণ মাছ পাবে। শুধু তাই বাঁধের যে জল পুকরিণীর যে জল সেই জল দ্বারা যে মাছ উৎপন্ন হয় তার থেকে যেটুকু জ থাকবে সেটা যাতে চাষের কাজে লাগানো হয় তার ব্যবস্থা করা দরকার। কিন্তু বিলে নেই এই বিলে লেখা রয়েছে যে শহরের লোককে সাপ্লাই করার জন্য এই আইন করা হচ্ছে কিন্তু গ্রামে যে বাঁধ-পুষ্করিণী রয়েছে যার দ্বারা সেখানের লোকরা মাছ খেত এই বিল পা হবার সঙ্গে সঙ্গে সরকারী ব্যবস্থায় সমস্ত মাছ চ'লে আসবে শহরে-গ্রামের লোক আর মা পাবে না। পুরুলিয়া জেলায় এইরকম অবস্থা দেখছি এবং মতিঝিলের অবস্থা দেখেছি এটা একটা সামান্য ব্যাপার নয় এটা জাতীয় সমস্যা : কাজেই বলব এই বিলটি পাশ হব আগে এ ব্যাপারে জনসাধারণের কাছে মতামত নেওয়া উচিত যে কিভাবে এই বিলটি পাশ হ জনসাধারণ লাভবান হবেন এবং মাছচাষের উন্নতি হবে। কাজেই এটাকে জনমত সংগ্রহের জ প্রচার করার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[5-35—5-45 p.m.]

Shri Radhakrishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে আমাদের রাজস্বমন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গের শহরের মানুষ

একজ্যাক্টলি যে তার উদ্দেশ্য অত্যন্ত মহৎ। কিন্তু তাঁর পথকে আমি সমর্থন করতে পারলাম না। কারণ আমি জানি যে আজকে পশ্চিমবঙ্গে যেসমস্ত বিল পুকুর নদী গভর্নমেন্টে ভেস্ট হয়েছে সেগুলি সমস্ত জমি হিসাবে ব্যবহৃত হচ্ছে। জমিদারী উচ্ছেদ হবার পর সমস্ত বিল পুকুর এবং যেসমস্ত ছাঁচের পুকুর ছিল সেগুলি খাদ্যোৎপাদনের জমি হিসাবে ব্যবহৃত হচ্ছে। সেগুলিকে ভেঙ্গে আবার খাল বা পুকুর কেটে মৎস্যের উৎপাদন বাড়াবেন এইরকম একটা কমপ্লিকেশন তিনি আনবেন। জমিদারি উচ্ছেদ করে যে কমপ্লিকেশন আজও শেষ করতে পারেন নি, আজও দেখুন কম্পেনসেশন ইন্টারমিডিয়ারি নিয়ে ১০(২)তে আবার নূতন করে নোটিস দিচ্ছেন, আবার একটা ফারদার কমপ্লিকেশন তিনি আনবেন এই জমি অ্যাকোয়ার করবার জন্য এবং আমি জানি যে, এই পুকুর বিল ডোবা এই সমস্ত অ্যাকোয়ার করে পশ্চিমবঙ্গের কখনও মৎস্যসঙ্কটের সমাধান হবে না—এ সম্বন্ধে আমার দৃঢ় বিশ্বাস আছে। কারণ ফিসিকালচারের যেসমস্ত বিশেষজ্ঞ আছেন তাঁরা বলেন পৃথিবীর কোন দেশ পুকুরে মাছের চাষ করে সেদেশের মৎস্যসঙ্কটের সমাধান করতে পারে নি। এখন আমাদের সুন্দরবনে যেসমস্ত এরিয়া আছে, সমুদ্রের মাছ, নদীর মাছ বড় বড় বিলের মাছ—এইসবের মাছ যদি সংগ্রহ করতে না পারেন তাহলে যে উদ্দেশ্যে এই বিলটা আনা হচ্ছে সেই উদ্দেশ্য কখনই সফল হবে না। আমি আপনাকে বলব আজকে সেইসমস্ত জমি যদি পুনরায় অ্যাকোয়ার করবার চেষ্টা করেন তাহলে আবার কমপ্লিকেশন দেশের লোকের কাছে আসবে। কাজেই আমি মন্ত্রিমহাশয়কে বলব যে এইসব কমপ্লিকেশন আনবেন না কারণ তারা তো কম্পেনসেশনের টাকাই পাচ্ছে না জমিদারি উচ্ছেদের টাকা পাচ্ছে না। আবার নূতন করে সাধারণ লোকের কাছে একটা তীব্র সমস্যা আসবে এবং ওনারশীপ সম্বন্ধে স্টেটমেন্টে যা দিয়েছেন যেখানে মাল্টিফেরিয়াস ওনারশীপ আছে সেক্ষেত্রে যদি নেন তাহলে হতে পারে—কিন্তু প্রাইভেট ওনারশীপ যেগুলি সেগুলি বাদ দেবেন—যেগুলি সিঙ্গল ওনারশীপ খিড়কি বাড়ী বাড়ীর পুকুর এগুলি বাদ দেওয়া উচিত এবং যেখানে ভাগের পুকুর বা ছাঁচের পুকুর এগুলি নিয়ে যদি কাজ করতে পারেন তো করবেন। শেষকালে এই কথাই বলব ঐভাবে পুকুর নিয়ে আবার খাল কেটে টাকা খরচ করে আপনারা মাছের সমস্যার সমাধান করতে পারবেন না যদি না এই সমস্ত বড় আকারের মাছ আনতে পারেন। আপনি জানেন যখন দেশবিভাগ হয় নি তখন আমাদের দেশে মাছের কোনদিন অভাব হয় নি। তার কারণ ছিল পাকিস্তান যেটা এখন হয়েছে সেখান থেকে আমাদের মাছ আসত।

তার কারণ ছিল পাকিস্তানে যেটা হয়েছে সেখান থেকে যখন মাছ আসত তখন বিহার বা মাদ্রাজ বা চিল্কা থেকে মাছ আসত না। আমাদের পশ্চিমবঙ্গে জলাভূমি কম ডাঙ্গা জমি বেশি। এখানে জলাভূমির পরিমাণ এত নাই যে মৎস্য উৎপাদনে সাহায্য করবে। আমি এই সম্পর্কে কতকগুলি সাজেসশন দিতে পারি। প্রথমত আমাদের ফিস ব্রিডিং সেন্টার কতকগুলি করতে হবে। যেমন আপনারা চাষের উন্নতির জন্য ভাল ভাল বীজ তৈরি করছেন তেমনি মৎস্য উৎপাদনের জন্য ফিস ব্রিডিং কেন্দ্রে নানারকম ফিস করাও সম্ভব হয়—যা তাড়াতাড়ি থ্রাইভ করে। তার জন্য আপনারা চেষ্টা করুন।

পরিশেষে আমি বলব—মৎস্যের উৎপাদন বৃদ্ধি করা পশ্চিমবঙ্গের মন্ত্রীদের একান্ত কর্তব্য। কারণ এটা বাঙ্গালীদের একমাত্র স্টেপল নারিশমেন্ট এবং প্রোটিনের একমাত্র উৎস। এটা যদি করতে পারতেন তাহলে টিউবারকুলোসিস অ্যান্ড আদার প্রিভেনটিভেবল ডিজিজেস যা এখানে খুব বেড়ে যাচ্ছে সেগুলি প্রতিরোধ করা সম্ভব হত সহজ হত। পশ্চিমবঙ্গের লোক যাতে মাছ-ভাতে থাকতে পারে তার ব্যবস্থা করা দরকার। এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টসএ যে ওয়েজ এবং মিনস্ বর্ণিত হয়েছে তাকে আমরা মানতে পারি না। তার জন্য আমাদের অন্য ব্যবস্থা অবলম্বন করে আমাদের পশ্চিমবঙ্গবাসীকে মৎস্য সম্বন্ধে স্বয়ংসম্পূর্ণ করে তোলা উচিত।

এই কথা কয়টি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Puranjoy Pramanik:

মাননীয় স্পীকার মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল ফিসারিজ (রিকুইজিশন অ্যান্ড অ্যাকুইজিশন) বিল বিলম্বে হলেও এই অধিবেশনে উত্থাপিত হওয়ায় তাকে আমরা স্বাগত জানাচ্ছি। এই বিল আরও আগে আসা উচিত ছিল। কথায় বলে মাছে-ভাতে বাঙ্গালী। বাঙ্গালীর কাছে

মাছের দুষ্প্রাপ্যতা ও দুর্মূল্যতা যে কিরূপ দুর্বিষহ হয়ে উঠেছে তা না বললেও চলে। পূর্বে এমন ছিল না। পাকিস্তান যখন সৃষ্টি হয় নি তখন ঈশ্বরদি ও গোয়ালন্দ থেকে প্রতিদিন হাজার হাজার মণ মাছ কলকাতায় আসত এবং সেই মাছ বাংলাদেশের বিভিন্ন শহরে চালান যেত। তখন মাছের দামও কম ছিল অভাবও ছিল না। কিন্তু দেশভাগ হবার পর আস্তে আস্তে যখন নানারকম অসুবিধা দেখা দিল তখন দেখা গেল শর্তসাপেক্ষ কিছু মাছ আসছে। তারপর তার পরিমাণও কমে গেল। আর এখন দেখা যাচ্ছে মাছ আসা একদম বন্ধ হয়ে গিয়েছে। বাঙ্গালীর প্রিয় খাদ্য মাছ এখন দুর্লভ হয়ে দাঁড়িয়েছে। এমতাবস্থায় এই মাছের উৎপাদন বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে এই যে বিল মন্ত্রিমহোদয় উত্থাপন করেছেন সেই বিলকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলব।

এই বিলটি যদি ঠিকমত নিষ্ঠার সঙ্গে কার্যকরী করা হয় তাহলে এই বিলের উদ্দেশ্য সফল হতে পারে এবং দেশের মাছের চাহিদা সরবরাহ বৃদ্ধির দ্বারা পূরণ হতে পারে বলে আমার বিশ্বাস।

এখন যে অবস্থা দেখা যায় বড় বড় পুকুর বড় বড় দীঘি খাল-বিল-বাঁওড়—সব অব্যবহার্য অবস্থায় পড়ে আছে। তার কারণ বহুবিধ। পূর্বে যখন পাকিস্তান হয় নি তখন পূর্ববঙ্গ থেকে মাছ আসার দরুন ব্যবসায়ের ভিত্তিতে মাছচাষ বৃদ্ধির দিকে আমাদের এখানকার লোকেরা এগিয়ে যান নাই। এখন অবস্থা এমন হয়েছে যে এদিকে এখন সকলের দৃষ্টি পড়েছে। ধানের দাম বেড়ে যাবার দরুন পুকুর ভরাট করে সেখানে ধানের চাষ করছে। নলকূপ দেশে বিস্তার লাভ করার জন্য পানীয় জলের জন্য আর পুকুরের সংস্কারের দিকে লোকে তেমন আর নজর দেয় না। যার জন্য দেশে মাছের উৎপাদন কমে যাচ্ছে। যেসমস্ত বড় বড় দিঘী এবং পুকুর অকেজো হয়ে পড়ে রয়েছে সেগুলি গ্রহণ করে চাষ করে যাতে অধিক মাছ উৎপাদন করা যায় তার জন্য এই বিল আনা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে এর সঙ্গে সঙ্গে বহু শরিকী পুকুর যেগুলি আছে যেগুলোর অধিকাংশই শরিকদের ইচ্ছা থাকলেও অর্থাভাব হেতু বা একজন শরিকের আপত্তির জন্য সেখানে মাছ চাষ হয় না। সেইসমস্ত পুকুর এবং বড় বড় জলাশয়গুলো আগে গ্রহণ করা উচিত। আমি বর্ধমান জেলার কথা বলতে পারি সেখানে বাদশাহী রাস্তার পাশে যেসমস্ত বড় বড় দিঘী আছে—এমন কি ২০০ বিঘার দিঘী পর্যন্ত আছে—সেগুলো সংস্কারের অভাবে পড়ে রয়েছে এই দিঘীগুলি গ্রহণ করে মাছচাষের ব্যবস্থা করা উচিত। এইসব কারণে আমাদের এখানে মাছের অভাব পরিলক্ষিত হয়। কাজেই এই বিল যদি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে করা হয় এবং জেলাশাসক বা যে অফিসারের উপর ভার দেওয়া হবে তিনি যদি পক্ষপাতশূন্য হয়ে কাজ করেন তাহলে সুফল পাওয়া যাবে। স্যার, এই বিল একদিকে মাছের উৎপাদন বৃদ্ধির সহায়ক হবে এবং আর একদিকে কিছু লোকের অর্থ উপার্জনের সহায়ক হবে এবং যারা মৎস্যচাষ করে তারা এটাকে নিজেদের জীবিকা হিসেবে গ্রহণ করে অর্থ উপার্জন করতে পারবে। আমি আর একটা বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হচ্ছে পুকুরের ক্ষতিপূরণের যে হার দেওয়া হয়েছে সেটা এই দুর্মূল্যের বাজারে অত্যন্ত কম হয়েছে, এটা বৃদ্ধি করবার জন্য তিনি যেন বিবেচনা করে দেখেন। এই কথা বলে, এই বিলের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে বিরোধীপক্ষের সদস্যেরা যে সার্কুলেশনের প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[5-45—5-58 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল মন্ত্রিমহাশয় আমাদের সামনে এনেছেন তাতে আমি সংশোধনী প্রস্তাব দিয়ে বলেছি যে জনমত সংগ্রহের জন্য একে প্রচার করা হোক। এই সংশোধনী প্রস্তাব আনার উদ্দেশ্য হচ্ছে আমি মনে করি এই বিল যে আকারে আনা হয়েছে তাতে একে যদি আইনে পরিণত করা হয় তাহলে বাংলাদেশের সহস্র সহস্র এবং ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়ের এবং পুকুরের যে মালিকরা রয়েছেন তাঁরা নিপীড়িত হবেন এবং ক্ষতিগ্রস্ত হবেন। বিল যদি এইভাবে আনতেন যে, যাদের হাতে ট্যাঙ্ক ফিসারি রয়েছে অথবা ফিসারি রয়েছে বা ... খের। রয়েছে সেগুলি দখল করা হবে তাহলে আমাদের সাপোর্ট পেতেন। বিলের উদ্দেশ্য সম্বন্ধে বলা হয়েছে শহরাঞ্চলে যাঁরা থাকেন তাঁদের মাছ সরবরাহ করতে অসুবিধা হচ্ছে, কারণ

দেশের অভ্যন্তরে বিল, বাঁওড় এবং পুষ্করিণী ইত্যাদিগুলো রয়েছে। দ্বিতীয় কথা বলা হচ্ছে অনেক জায়গায় বহু শরিকের পুকুর রয়েছে বলে সেগুলি সংস্কার করা হচ্ছে না, কাজেই সেগুলি নিয়ে তাঁরা মৎস্যচাষের ব্যবস্থা করবেন। তারপর বলেছেন, মৎস্যচাষীদের অবস্থা খারাপ, তাদের মজুররূপে খাটানো হচ্ছে, তাদের শোষণ করা হচ্ছে—কাজেই তাদের উন্নতি করবার জন্য এই বিল আনা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে যেভাবে বিল এনেছেন তাতে এই তিনটির কোনটিই তাঁরা সফল করতে পারবেন না। আমি দুটি ধারার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। মীনক্ষেত্র সম্বন্ধে উনি বলেছেন, "মীনক্ষেত্র (ফিসারি) বলিতে, মাছচাষের বা মাছ ধরিবার জন্য যে ভূমিতে সময় সময় হউক বা সারা বৎসর ধরিয়া হউক, স্বাভাবিকভাবে জল আবদ্ধ থাকে বা কৃত্রিমভাবে উহা আবদ্ধ করিয়া রাখা হয় সেরূপ কোন ভূমি বুঝাইবে এবং পশ্চিমবঙ্গ জমিদারি গ্রহণ আইন, ১৯৩০-র ৬ ধারার (১) উপধারার (ঙ) প্রকরণের ব্যাখ্যায় বর্ণিত কোন মীনাধার (ট্যাঙ্ক ফিসারি) এবং ঐ মীনক্ষেত্র বা মীনাধারের মাছও এতদন্তর্ভুক্ত হইবে"। তাহলে কি বোঝায়? বড় বড় ফিসারি, বড় বড় মেছোঘেরী যেগুলি রয়েছে সেগুলি আসছে না, দলের ঝগড়ার জন্য দেখে দেখে কারুর সদরের পুকুর, কারুর খিড়কির পুকুর, কারুর জলাশয় সেগুলি দখল করা হবে।

তারপর ৪ ধারায় অধিগ্রহণের কথা যেটা আছে সেখানে বলা হচ্ছে, "রাজ্যসরকার যদি মনে করেন যে, সার্বজনীন উদ্দেশ্যে সংলগ্ন ভূমিসহ বা তাহা ছাড়াই কোন অঞ্চলস্থিত কোন মীন-ক্ষেত্রের প্রয়োজন হইয়াছে বা হইতে পারে তবে রাজ্যসরকার লিখিতভাবে আদেশ দিয়া ঐরূপ মীনক্ষেত্র ঐ অঞ্চলের অন্তর্গত সমস্ত ভূমি অধিগ্রহণ করিতে পারিবেন"। তাহলে দেখা যাচ্ছে সরকারের ইচ্ছার উপর নির্ভর করছে কোনটা গ্রহণ করবেন এবং কোনটা বাদ দেবেন। তাঁরা যদি পরিষ্কার করে বলতেন তাহলে বুঝতাম তাঁদের উদ্দেশ্য মহৎ, কিন্তু তা তাঁরা বলছেন না। তারা যে কোন পুকুর, যে কোন জলাশয় নিতে পারবেন এবং যে কোনটা ছেড়ে দিতে পারবেন— অর্থাৎ যদি দরকার হয়, যদি দল রাখতে হয় তাহলে মেছোঘেরী, বড় পুকুর ছাড়তে পারবেন এবং যদি বিলের উদ্দেশ্য যতই ভাল হোক না কেন এই দুটি ধারা দিয়ে তারা কতগুলি লোককে নিপীড়ন করবার চেষ্টা করছেন এবং এগুলি আবার দিতে চাচ্ছেন ফিসারি ডিপার্টমেন্টকে। আমার একটি প্রশ্নের উত্তরে তিনি বলেছেন ৮ হাজার ৬১৫টি পুকুর ফিসারী ডিপার্টমেন্টের অধীনে রয়েছে। তারপর আমি যখন প্রশ্ন করলাম ১ একর বা ১ একরের অধিক জলবিশিষ্ট কতগুলি পুকুর রয়েছে—তাতে তিনি বলেছেন ২ হাজার ৮৭৯টি। স্যার, যে ডিপার্টমেন্টএর অধীনে ২ হাজার ৮৭৯টি পুকুর থাকা সত্ত্বেও তারা মাছ সরবরাহ করতে পারে না, পাকিস্তানের কাছে হাত পাততে হয়, বিদেশী মুদ্রা চলে যায় তারপরও তিনি বলছেন এই পুকুরগুলি দখল করে এই অপদার্থ ডিপার্টমেন্টের কাছে দেবেন। গিরীশবাবু রানীবাঁধ, মতিঝিলের কথা বলেছেন আমি বিদ্যাধরীর কথা বলতে চাই। যেখানে এক বর্গমাইল দেড় বর্গমাইল পুকুরগুলি হাজা মজা হয়ে পড়ে রয়েছে, মৎস্য চাষ করতে পারেন না—সেখানে কেন আবার পরের ধনে পোদ্দারী করছেন? বাংলাদেশে যেখানে ১৩ লক্ষ একর জলা সেখানে আপনারা মাত্র ৯৯ হাজার একর পেয়েছেন এবং সেটারও উন্নতি করতে পারছেন না। আমি মনে করি যদি ঠিক-ভাব ব্যবস্থা করা যেত তাহলে এরকম অবস্থা হত না। স্যার, বাংলাদেশের সৌভাগ্য যে, তার দক্ষিণ অঞ্চলে বঙ্গোপসাগর রয়েছে যেখানে লক্ষ লক্ষ মণ মাছ পাওয়া যায়। কিন্তু এ'রা কি করলেন? জাপানীজ, ডেনিস এক্সপার্টরা এলেন লক্ষ লক্ষ টাকা খরচ হল, ট্রলার কেনা হল। এ'রা ৯ লক্ষ টাকা দিয়ে ডেনিস ট্রলার কিনলেন এবং তাকে আবার ২৫ হাজার ৬০০ টাকার বিক্রি করলেন, ১৯৫০ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত ডিপ সি ফিসিং করলেন এবং ৬২ লক্ষ টাকা লোকসান দিলেন এবং শেষ পর্যন্ত ৩টি ট্রলার সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে ছেড়ে দিলেন। অথচ জাপানীজ এক্সপার্ট মিঃ ইসিও এবং ডেনিস এক্সপার্ট মিঃ ফিজিবা অত্যন্ত সুস্পষ্টভাবে বলেছিলেন যে, এখানে প্রচুর খাদ্যোপযোগী মাছ পাওয়া যাবে কারণ সামনে সমুদ্র রয়েছে। কিন্তু এ'রা সেদিকে নজর দিলেন না। তারপর, আমাদের দেশে যে জেলেরা রয়েছে তাদের মূলধন দিয়ে, ঋণ দিয়ে আপনারা কাজে লাগাতে পারলেন না অথচ একটা বিল নিয়ে এলেন বাংলাদেশের লক্ষ লক্ষ পুকুর আপনারা নেবেন। আমি মনে করি আপনাদের উদ্দেশ্য যতই ভাল হোক না কেন এতে বাংলাদেশের ক্ষতি হবে, কারণ আমি দেখলাম এগুলি তাঁরা মৎস্যবিভাগের

হ্যতে দিতে চাচ্ছেন। স্যার, আর একটা জিনিস দেখলে বুঝবেন লক্ষ লক্ষ টাকা খরচ করে তাঁরা কি করছেন। কাঁথি মহকুমার জুনপুট যেখানে জোয়ার-ভাঁটা হয়, সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ করে এঁরা পুকুর কাটছেন এবং রামনগর থানার আলমপুরেও তাঁরা পুকুর কাটছেন। এর চেয়ে বেকুবের মত কাজ আর কি হতে পারে। সমুদ্রের ধারে যেখানে জোয়ার-ভাঁটা হয় সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ করে এঁরা পুকুর কাটছেন।

অথচ তার ভেতরেতে বড় বড় বিল পুকুর রয়েছে সেখানে মাছ চাষ করা যায় এবং তাহলে বিহার, অন্ধ্র, মাদ্রাজ বা পাকিস্তানের উপর আমাদের নির্ভর করতে হবে না এবং বাংলাদেশ থেকেই মাছ পাওয়া যাবে। কিন্তু আপনারা তা না করে এইভাবে লক্ষ লক্ষ টাকা অপচয় করছেন এবং করার ব্যবস্থা করছেন। কাজেই এই বিলের বিভিন্ন কম্পেনসেশন সম্বন্ধে আমি মনে করি যে আপনারা যদি করতেন, যার ৫ একর ফিসারি বা ফিসারি ট্যাঙ্ক তা বাদে যা আছে তা নেবেন তাহলে আমি কিছু বলতাম না। কিন্তু আপনারা সেভাবে বিল আনেন নি। যা হোক এ বিলের ধারাবাহিকভাবে যখন আলোচনা হবে তখন এসব কথা বলব। আমি বলতে চাই প্রকৃত প্রস্তাবে মাছচাষের জন্য যদি আপনাদের উৎসাহ থাকে এবং ফিসারি ডিপার্টমেন্টকে যদি সত্যকারের সাহায্য করতে চান তাহলে আমি বলব তাঁরা বলুন তাঁদের অধীনে যে ৮ হাজার পুকুর বা সমুদ্র আছে সেখানে মাছ ধরার জন্য সাহায্য করেন, তারপর যখন পুকুর দখল করতে আসবেন তখন নিশ্চয়ই সমর্থন করব। তারপর এ বিল যাতে জনমত সংগ্রহের জন্য প্রচারিত হয় তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। কংগ্রেসের পক্ষ থেকে এর বিরোধিতা করেছে তখন আমি জানি যে, বাংলাদেশে এরকম অনেক লোক আছে যারা এর বিরোধিতা করবেন কারণ কতখানি জলাশয় নেবেন তার কোন সীমানির্ধারণ করেন নি। সেজন্য অমাদের আপত্তি আছে। তা ছাড়া কম্পেনসেশন ইত্যাদির ব্যাপারও খুব আপত্তিজনক, সেজন্য আমি আমার সংশোধনী প্রস্তাব সমর্থন করে শেষ করছি।

Adjournment

The House was adjourned at 5-58 p.m. till 1 p.m. on Wednesday, the 7th April, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 7th April, 1965, at 1 p.m

Present

Mr. Chairman (Shri Narendra Nath Sen) in the Chair, 6 Ministers, 3 Ministers of State and 177 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Places of Historical Importance in Murshidabad district

***455.** (Admitted question No. *2336.)

শ্রীসনৎকুমার রাহা: বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি:—

(ক) মুর্শিদাবাদ জেলায় নবাব প্যালেস, হাজারদুয়ারী, ইমামবাড়া, নবাবের আস্তাবল কোন ব্যক্তিগত সম্পত্তি কিনা; এবং

(খ) মুর্শিদাবাদ জেলার এইসকল ঐতিহাসিক প্রসিদ্ধ স্থানগুলি রক্ষণাবেক্ষণ করিবার দায়িত্ব কাহার?

Shri Iswar Das Jalan:

(ক) মুর্শিদাবাদ জেলায় নবাব প্যালেস, হাজারদুয়ারী, ইমামবাড়া, নবাবের আস্তাবল প্রভৃতি বর্তমানে কোন ব্যক্তিগত সম্পত্তি নহে। ইহা মুর্শিদাবাদ এস্টেটের সম্পত্তি এবং ১৯৬৩ সালের মুর্শিদাবাদ এস্টেট (ট্রাস্ট) অ্যাক্ট অনুযায়ী এই সম্পত্তি ন্যাসনালে বর্তাইয়াছে।

(খ) পূর্বোক্ত আইনের ধারা অনুযায়ী এস্টেটের আয় হইতে ন্যাসপালই এই সম্পত্তি রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করিয়া থাকেন।

শ্রীসনৎকুমার রাহা: ঐতিহাসিক ক্ষেত্রে মুর্শিদাবাদ জেলাতে নবাবের সম্পত্তি হিসাবে যেগুলি ট্রাস্টের হাতে আছে সেইসবগুলি রক্ষণাবেক্ষণ করার ভার আইন অনুযায়ী ট্রাস্টের উপর নির্ভর করছে। সেইসব রক্ষণাবেক্ষণ কি ধরণের হচ্ছে সেগুলি কি শুধু চুনকাম করে রিপেয়ার করে রাখা হচ্ছে না, ঐতিহাসিক ক্ষেত্র হিসাবে দর্শনীয় করবার চেষ্টা করছেন কি না?

শ্রীঈশ্বরদাস জালান: ন্যাসপালের হাতে যে টাকা আছে—এতে যেরকম হত বা হওয়া উচিত, সে হতে পারবে না—আমরা চেষ্টা করছি যাতে গভর্নমেন্ট অব ইন্ডিয়া এটা নিয়ে নেয় এবং তাঁরা যদি এটা রক্ষণাবেক্ষণ করেন তাহলে যা দরকার সেইসব হতে পারবে। এখন ন্যাসপালের হাতে টাকা কম—যত আবশ্যক।

শ্রীসনৎকুমার রাহা: এই যে হাজারদুয়ারী বা ইমামবাড়া যে আছে সেগুলিকে সরকার আরও যোগ্যভাবে ব্যবহার করবার কোন পরিকল্পনা করছেন কি না?

শ্রীঈশ্বরদাস জালান: মুর্শিদাবাদ স্টেটে যা সম্পত্তি আছে তার থেকে যে আয় হয়, এই প্যালেস হাজারদুয়ারী, ইমামবাড়া থেকে যে আয় হয় সেই সব রিপেয়ার করে ভাল করে যদি রাখতে হয় তাহলে যে টাকার দরকার তত টাকা ন্যাসপালের হাতে নেই। এই হচ্ছে মুস্কিল। কিন্তু যে অত্যাবশ্যক খরচ দরকার তার জন্য ন্যাসপাল ব্যবস্থা করছেন।

শ্রীসনৎকুমার রাহা: আমার প্রশ্ন হচ্ছে ইমামবাড়া আস্তাবলটা বিরাট এবং প্যালেস—এগুলি আরও ভালভাবে আরও প্রপারলি হিস্টোরিক্যালি ইউটিলাইজ করার মত কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

শ্রীঈশ্বরদাস জালানঃ আমি তো বলেছি যে, গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া সাহায্য না দিলে হবে না।

শ্রীসনৎকুমার রাহাঃ গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার এ সম্পর্কে সম্মতি পেলে পশ্চিমবঙ্গ-সরকারের পরিকল্পনা আছে কিনা এই ইমামবাড়া প্যালেস-এ সেখানে মিউজিয়াম বা স্কুল বা কোন দর্শনীয় জিনিস করবেন কিনা।

শ্রীঈশ্বরদাস জালানঃ এখনও কিছু আমরা ঠিক করি নি।

শ্রীসনৎকুমার রাহাঃ মুর্শিদাবাদ স্টেটের হাতে অনেক বাড়ি আছে—সেগুলি ভাড়া দেওয়া হয়—সেই বাড়ির ৫-৬ বছর কোথায়ও ভাড়া নেওয়া হয় নি বলে উচ্ছেদ করার মত সুযোগ নিচ্ছে এই ধরনের খবর মন্ত্রিমহাশয় জানেন কি না?

শ্রীঈশ্বরদাস জালানঃ এই কোয়েশ্চেনের মধ্যে এটা আসে না।

শ্রীদেবশরণ ঘোষঃ মন্ত্রিমহাশয় জানেন কি যে, এই পলাশী মনুমেন্টটা কার রক্ষণাবেক্ষণে আছে?

শ্রীঈশ্বরদাস জালানঃ আমি তো বলেছি যে অফিসিয়াল ট্রাস্টির উপর এর ভার দেওয়া আছে।

শ্রীদেবশরণ ঘোষঃ পলাশী মনুমেন্টটা পশ্চিমবঙ্গ-সরকার না কেন্দ্রীয় সরকারের অধীনে আছে?

শ্রীঈশ্বরদাস জালানঃ সে তো আমি বলতে পারি না, এটা এই কোয়েশ্চেনের মধ্যে আসে না।

শ্রীবী[illegible] রায়ঃ মন্ত্রিমহাশয় কি জানেন এটা, ট্রাস্টে ভেস্ট করার পর হাজারদুয়ারী এবং ইমামবাড়া নবাব প্যালেস এই সব দেখতে বাইরে থেকে যে লোক যান ওখানকার ট্রাষ্টিজ যারা তারা লোক্যালি অ্যাপয়েন্টেড মেন—তারা পয়সা নিয়ে ঢুকতে দেন এ খবর কি মন্ত্রি-মহাশয় রাখেন?

শ্রীঈশ্বরদাস জালানঃ আমার এ রকম কোন ইনফরমেশন নেই।

শ্রী[illegible] রায়ঃ আপনি এ সম্বন্ধে একটু খোঁজ নেবেন বিশেষ করে বাইরের থেকে যারা নবাব প্যালেস দেখতে যান আমি ব্যক্তিগতভাবে জানি বহু কমপ্লেন করেছি ট্রাস্টি অফিসে কোন উত্তর পাই নি।

(উত্তর নাই)

শ্রীসনৎকুমার রাহাঃ আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাব যে, ঐ স্টেটের বহু বাড়ি ভাড়া দেওয়া হয় যেখানে লোকেরা দোকান খুলে ব্যবসা করছে বিরাট এলাকা জুড়ে নববের এ স্টেটে ওখানে সেইসব ভাড়া না নেবার ফলে ভাড়াটিয়ারা আতঙ্কিত হচ্ছে। এ সম্পর্কে আমি শ্যামদাসবাবুকে জানিয়েছিলাম তার ফলে ভাড়া আদায় হচ্ছিল—কিন্তু এখন ভাড়া আদায় বন্ধ হয়ে গেছে বিগত দু বছর ধরে—এ সম্পর্কে যদি একটা ব্যবস্থা করেন যাতে ভাড়া আদায় হয় তাহলে আমরা সুখী হব।

শ্রীঈশ্বরদাস জালানঃ আচ্ছা দেখব।

শ্রীঅভয়পদ সাহাঃ ঐ ট্রাস্টিতে সরকারের তরফ থেকে কোন লোক আছে কিনা?

শ্রী[illegible] জালানঃ সেখানে অফিসিসিয়্যাল ট্রাস্টির লোক আছেন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মুর্শিদাবাদ ট্রাস্টের যে প্রপার্টি আছে সেখানে ট্যুরিস্ট লজ করবার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীঈশ্বরদাস জালানঃ না।

শ্রী[illegible] রায়ঃ মন্ত্রিমহাশয় কি জানেন যে লক্ষ লক্ষ লোক সারা ভারতবর্ষ থেকে ওখানে যায় এবং ওখানে জায়গা না পেয়ে বড় অসুবিধা হয়—সেক্ষেত্রে একটু চেষ্টা করবেন কি?

শ্রীঈশ্বরদাস জালানঃ আমি ওটা ঠিক জানি না।

শ্রীআনন্দ[illegible] মুখার্জিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন যে, ভারতবর্ষের এই ঐতিহাসিক স্থানটা যাতে ভারতবর্ষ এবং ভারতের বাইরে থেকে প[illegible]রা এসে দেখার সুযোগ পান এবং যাঁরা দেখতে আসেন তাঁরা থাকার দরকার হলে যাতে থাকার সুযোগ পান সেই ব্যবস্থা সরকার করবেন কিনা?

শ্রীঈশ্বরদাস জালানঃ আমাদের সেইরকম কোন পরিকল্পনা নেই।

শ্রীসনৎকুমার রাহাঃ এই ঐতিহাসিক জায়গা সম্পর্কে আপনি আগেই বলেছেন যে, সরকার ইন্ডিয়া গভর্নমেন্টের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করছেন—এটা কোন স্তরে আছে, এ বিষয়ে সরকার কি ধরনের প্রস্তাব ইন্ডিয়া গভর্নমেন্টকে দিয়েছেন এবং সেই নেগোসিয়েশনটা কোন্ স্তরে আছে সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঈশ্বরদাস জালানঃ এখানে একটা ইন্সপেকশন করেছিলেন আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্ট তাঁরা একটা রিপোর্ট নিয়েছেন— তারপর আমরা দেখছি কি কি করা যায়। এটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়া নেবেন কি স্টেট গভর্নমেন্ট নেবেন বা কি রকম পরিকল্পনা হবে সে সম্বন্ধে দেখছি।

শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ মাননীয় মন্ত্রিমহাশয় মনে করেন যে, এটা যেহেতু ধ্বংসস্তূপে পরিণত হয় নি সেইহেতু এর ঐতিহাসিক গুরুত্ব ঠিক উপযুক্তভাবে গৃহীত হচ্ছে না।

শ্রীঈশ্বরদাস জালানঃ না।

Sluice Gates in Maleor bundh

***456.** (Admitted question No. *2612.)

ডাঃ গোলাম ইয়াজদানীঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদা জেলার মালিওর বাঁধে কোন কোন স্থানে স্লুইস গেট দিবার পরিকল্পনা আছে;

(খ) এই পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইবে; এবং

(গ) স্লুইস গেট নির্মাণ এখন পর্যন্ত আরম্ভ না হইবার কারণ কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) মালিওরঘের বাঁধ প্রকল্পের মধ্যে নিম্নলিখিত স্থানগুলিতে স্লুইস নির্মাণের প্রস্তাব আছেঃ—

১। তুলসীহাটা, ২। তেঁতিয়া, ৩। ফতেপুর, ৪। মদনাদাঁড়া, ৫। লাতাসিয়া, ৬। কাপাসিয়া, ৭। পারো, ৮। বারদুয়ারী, ৯। সিন্দিয়া ১০। ঘুর্ণামণি ১১। পাঁচগাছিয়া।

(খ) মদনাদাঁড়া স্লুইস ছাড়া অন্য স্লুইসগুলির নির্মাণকার্য শেষ হইয়াছে। মদনাদাঁড়া স্লুইসের মাত্র ভিতের কাজ হইয়াছে।

(গ) (খ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Excavation of Panipia Khal

***457.** (Admitted question No. *2646.)

শ্রীস... দাস: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি:—

(ক) কাঁথি বেসিন পরিকল্পনায় পানিপিয়া খাল খননের জন্য যে সকল বাস্তু, কৃষিজমি ইত্যাদি দখল করা হইয়াছে তাহার ক্ষতিপূরণ টাকা সত্বর প্রদানের ব্যবস্থা হইয়াছে কিনা;

(খ) ইহা কি সত্য যে উক্ত পানিপিয়া খাল খননের কাজ পুরাদমে আরম্ভ হইয়াছে ও ক্ষতিপূরণ টাকা না দেওয়ার জন্য বহু স্থানে খাল খননের কাজ ব্যাহত হইয়াছে; এবং

(গ) ইহা সত্য হইলে, এই সম্পর্কে কি ব্যবস্থা সরকার কর্তৃক অবলম্বিত হইতেছে?

[1-10—1-20 p.m.]

Shri Syamadas Bhattacharyya:

(ক) বাস্তুজমির দখল এখনও পাওয়া যায় নাই। কৃষিজমি ও অন্য জমি যাহা দখল করা হইয়াছে তাহার ক্ষতিপূরণ সত্বর প্রদানের ব্যবস্থা হইতেছে।

(খ) হ্যাঁ; খাল খননের কাজ আরম্ভ হইয়াছে। আপোষে বাস্তুজমির দখল না পাওয়ায় কোন কোন স্থানে খাল খননের কাজ ব্যাহত হইতেছে।

(গ) বাস্তুজমি দখলের চেষ্টা চলিতেছে এবং ক্ষতিপূরণের টাকা শীঘ্র দেওয়ার ব্যবস্থা হইতেছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে বাস্তুজমি নিয়ে গোলমাল শুরু হয়েছে সেখানে খাল খনন দ্রুত না হবার সম্ভাবনা রয়েছে কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এইসমস্ত জায়গায় আমরা জমি দখল করেছি ১৯৪৮ সালের ২ নম্বর আইন অনুসারে। এখন বাস্তুজমির মালিকরা যদি একথা বলেন যে, যতক্ষণ পর্যন্ত আমাদের ক্ষতিপূরণের টাকা সমস্ত না দেওয়া হচ্ছে ততক্ষণ পর্যন্ত দখল দেওয়া হবে না, তাহলে খাল খননের কাজে বিঘ্ন উপস্থিত হয়। কাজেই আমরা চেষ্টা করেছি যাতে পুরাপুরি সঠিকভাবে মূল্য নির্ধারণের পূর্বে কিছুটা অ্যাড-হক হিসেবে দেওয়া যায় এবং যাতে কাজে বিঘ্ন উপস্থিত না হয়।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: এখন খাল খননের কাজ শুরু হয়েছে কাজেই তার পূর্বে যদি তাদের এই সমস্ত ব্যাপারের মীমাংসা না করেন তাহলে খাল খননের কাজ অসমাপ্ত থেকে যাবে এবং যদি বাধা পড়ে তাহলে বর্ষার পূর্বে খাল খনন আর হবে না। কাজেই জানতে চাই দ্রুত মীমাংসা যাতে হয় তার ব্যবস্থা করবেন কিনা এবং টাকাগুলো যাতে সত্বর দেয় তার ব্যবস্থা করবেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমি বলেছি এই ব্যাপারে স্থানীয় লোকের সহযোগিতা আমরা পেয়ে থাকি এবং এখানেও আশা করছি স্থানীয় লোকের সহযোগিতা পেলে কাজ এগুবে।

শ্রীসনৎকুমার রাহা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, বাস্তুজমির ক্ষতিপূরণ কি পরিমাণ হারে দেওয়া হয়?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মূল্য ধরা হয়।

শ্রী... রাহা: মন্ত্রিমহাশয় জানাবেন কি বাস্তুজমির মূল্য নির্ধারণের ভিত্তি কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: বাস্তুজমির মূল্য ধরা হয় এখনকার দিনে কি মূল্য হতে পারে এবং কতখানি মূল্য লেগেছিল তৈরি করতে—তারপর ডিপ্রিসিয়েশন ধরা হয়।

অবশ্য বাস্তুজমির বেলাতে উদার দৃষ্টিভঙ্গি নিয়ে ক্ষতিপূরণ ধার্য করা হয়।

শ্রী... দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় জানাবেন কি, লোকাল মার্কেটের সঙ্গে হারাহারি রেট দেবার কথা চিন্তা করছেন কিনা—অর্থাৎ পাশাপাশি যে রেট, সেই রেটে বাস্তুজমির টাকা দেবার কথা চিন্তা করছেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এখানে বাস্তুজমি মানে গৃহসহ। স্ট্রাকচার থাকার জন্য মূল্য নির্ধারণে অসুবিধা হয়।

Tufangunj-Balabhut Road

***458.** (Admitted question No. *2652.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, তুফানগঞ্জ মহকুমায় তুফানগঞ্জ-বালাভূত সড়কটির লোহাগিরি নামক পুলটি ৪-৫ বছর যাবৎ দুইদিকের অ্যাপ্রোচের মাটি ভেসে গিয়ে অকেজো হওয়ায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে জনসাধারণের দুর্গতির কারণ হয়েছে; এবং

(খ) অবগত থাকিলে, কতদিনের মধ্যে পুলটি মেরামত এবং সম্প্রসারণ হবে?

Shri Jagannath Kolay:

(ক) হ্যাঁ, বর্ষাকালে অ্যাপ্রোচের মাটি ভেসে গিয়ে সরাসরি যোগাযোগ ব্যবস্থায় ব্যাঘাত সৃষ্টি করে; অন্য সময় যোগাযোগ অব্যাহত থাকে।

(খ) উল্লিখিত পুরাতন কাঠের সেতুটি মেরামতের অযোগ্য। ঐ সেতুর পরিবর্তে ভারী যানবাহনের উপযোগী আর একটি নূতন সম্প্রসারিত কংক্রিট সেতু নির্মাণ করা হইবে। জমি দখলের বিলম্ব না হইলে ১৯৬৬ সালের বর্ষার পূর্বে সেতুটির নির্মাণকার্য সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ বর্ষাকালে যোগাযোগ ব্যবস্থা অব্যাহত থাকে এর মানে কি?

শ্রীজগন্নাথ কোলেঃ বর্ষাকালে দুপাশের অ্যাপ্রোচ রোড অনেক সময় ভেসে যায় কিন্তু বর্ষার পর মেরামত করে আবার চালান হয়। অব্যাহত থাকে মানে ভালভাবে চলে তা নয়, যোগাযোগ ব্যবস্থা থাকে এটা বলা যায়।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ মন্ত্রিমহাশয় কি অবহিত আছেন যে, ঐ রাস্তাই হচ্ছে পাকিস্তান বর্ডারে যাবার একমাত্র রাস্তা?

শ্রীজগন্নাথ কোলেঃ ১৯৫০ সালে কোচবিহার রাজ্য পশ্চিমবাংলার মধ্যে এল তখন এই রাস্তাটি আমাদের পূর্তবিভাগ নিলেন। এতদিন পর্যন্ত তাঁরাই এটা মেরামত করতেন, কিন্তু ভালভাবে উন্নতি করবার জন্য পূর্তবিভাগের রোড ডিপার্টমেন্টএ এটা এসেছে। আমরা রাস্তার কাজে অনেকখানি এগিয়েছি, মাটির কাজ হয়ে গেছে, কালেকশন আরম্ভ করেছি এবং পুল যেটা আছে সেটা হয়ে গেছে। এক মাইলের মধ্যে একটা পুল আছে। আমরা মনে করছি যদি জমি পাই তাহলে আগামী বর্ষার পূর্বে এটা শেষ হবে এবং আমরা আশা করি থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এ এই রাস্তা কমপ্লিট হতে পারে।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ মন্ত্রিমহাশয় বললেন, জমিদখল কাজে যদি গোলমাল না ঘটে, তাহলে কি নদীটাকে কি ইজারা দিয়েছেন না কি ভূমি সংস্কার আইনে-টাইনে......?

শ্রীজগন্নাথ কোলেঃ এটা হচ্ছে কাঠের পুল, যানবাহন চলাচলের জন্য একটা টেম্পোরারি পুল ছিল কিন্তু যদি এটাকে কংক্রিট করতে হয় তাহলে পাশে অনেক জমি চাই এবং সেই জমি দখলে যদি গোলমাল না হয় তাহলে হয়ে যাবে, আমার মনে হচ্ছে গোলমাল হবে না।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ রাস্তা যে নূতন জায়গায় হবে তা তো নয়, পুরানো যে রাস্তা ছিল, তাতেই হচ্ছে।

শ্রীজগন্নাথ কোলেঃ তার পাশে যদি বেশি জমি দরকার হয়, আমাদের পুলের যা প্ল্যান হয়েছে তা যদি আমরা পাই তাহলে কোন ব্যাঘাত হবে না, পুল নিশ্চয়ই হবে।

শ্রীসুনীল দাশগুপ্তঃ তিনি এটা জানেন কি যে, এটা পাক সীমান্তবর্তী একটা রাস্তা পুল ঠিক না থাকার জন্য আমাদের পুলিশবাহিনীর পাক সীমান্ত যেতে অসুবিধা হচ্ছে?

শ্রীজগন্নাথ কোলেঃ সেইজন্য তাড়াতাড়ি করা হচ্ছে এবং করতে হবে, আগামী ১৯৬৬ সালের বর্ষার আগেই যাতে শেষ করতে পারি সেজন্য চেষ্টা করা হচ্ছে।

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister said that on account of the construction of the bridge certain land has to be taken over. When there is a road, what is the necessity of the Government trying to take some more land when there is sufficient land on either side of the road.

Shri Jagannath Kolay: It is not really the road. The road is to be completed within the Third Five-Year Plan period; we are going to construct the road very soon. Material has already been collected. This is regarding the approach road to the bridge. That is the main problem.

Shri A. H. Besterwitch: When there is a wooden bridge there is also an approach road there. I want to know what is the necessity of taking more land for the approach road when there is sufficient land on either side of the road.

Shri Jagannath Kolay: Because this bridge will be broader; so we require a little area of land.

শ্রীকানাই পালঃ মাননীয় মন্ত্রিমহাশয় একটু পূর্বে বললেন, যাতায়াতের ব্যবস্থা যাতে অব্যাহত থাকে তা ব্যাখ্যা করতে গিয়ে বললেন, পুল ভেসে যায়, মানুষকে যদি সাঁতরেই যেতে হয় তাহলে এটাই কি আপনাদের কৃতিত্ব?

শ্রীজগন্নাথ কোলেঃ পুলটা ভেসে যাবার কথা নয়, পুলে যাবার রাস্তা ভেসে যাবার কথা হচ্ছে।

শ্রীকানাই পালঃ যদি রাস্তা ভেসে যায় এবং জনসাধারণ পুলে না যেতে পারে তারা কোন রকমে সাঁতরে পার হয়, তাহলে সেটাকে কি যাতায়াতের রাস্তা অব্যাহত আছে বলে গ্রহণ করবেন?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি বলেছি বর্ষাকালে বিঘ্ন ঘটে, রাস্তা ভেসে যাবার জন্য যেতে পারে না, কিন্তু বর্ষার পর মেরামতের পর যাতায়াতের ব্যবস্থা অব্যাহত থাকে।

শ্রীকানাই পালঃ সাময়িকভাবে অব্যাহত থাকছে না তো, তাহলে কি উত্তর দিচ্ছেন?

শ্রীজগন্নাথ কোলেঃ সাময়িকভাবে ব্যাহত থাকে।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ রাস্তা সরকারীভাবে পাকা করার সিম্ধান্ত কবে হয়েছে?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি তো আগেই বলেছি যে, আমাদের উক্ত রাস্তা মেরামতের কাজ বেশির ভাগই শেষ হয়েছে, রাস্তার মালমশলা সংগ্রহের কাজ অনেকটা অগ্রসর হয়েছে এবং প্রথম মাইলের ব্রিজের কাজ এগুচ্ছে।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ বরাদ্দ করেছেন কবে?

শ্রীজগন্নাথ কোলেঃ—থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ ৪-৫ মাস ধরে সীমান্তের একটা রাস্তা অ্যাপ্রুভড হবার পর পড়ে আছে কেন?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি আগেই বলেছি, কিছু কাজ এর মধ্যে হয়েছে।

[1-20—1-30 p.m.]

Banga Bhawan

***459.** (Admitted question No. *2663.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ গত ২২এ মার্চ ১৯৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৬৮৯নং (অ্যাড-মিটেড প্রশ্ন নং ১৬৮৩) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কিঃ—

(ক) দিল্লীর "বঙ্গভবন" নামক প্রাসাদটি তিন লক্ষ তিন হাজার টাকায় পশ্চিমবঙ্গ-সরকার যে ক্রয় করিয়াছেন তাহার ভূতপূর্ব মালিকের নাম ও পরিচয় কি;

(খ) কি কারণে উক্ত ভবন ক্রয় করার প্রয়োজন হইয়াছিল ; এবং

(গ) কোন্ তারিখে উক্ত ভবন ক্রয় করা হইয়াছে?

Shri Jagannath Kolay:

(ক) পশ্চিমবঙ্গ-সরকার কর্তৃক ক্রীত দিল্লীর 'বঙ্গভবন' নামক প্রাসাদটির ভূতপূর্ব মালিকের নাম লালা ভগীরথমল। তিনি দিল্লীর একজন ব্যবসায়ী।

(খ) সরকারী কার্যোপলক্ষে পশ্চিমবঙ্গ সরকারের যেসমস্ত মন্ত্রী ও উচ্চপদস্থ কর্মচারী-দের দিল্লীতে যাতায়াত ও অবস্থান করিতে হয় প্রধানতঃ তাঁহাদের সাময়িক বাসস্থান হিসাবে ব্যবহারের উদ্দেশ্যেই উক্ত ভবনটি ক্রয় করা হইয়াছিল।

(গ) ২৪এ নভেম্বর ১৯৪৯ তারিখে।

শ্রী[illegible] রায়ঃ জাতীয় জরুরী অবস্থা হবার পর এই ভবনকে কি শীতাতপ নিয়ন্ত্রিত করা হয়েছে?

শ্রীজগন্নাথ কোলেঃ হ্যাঁ, পরে ইহার এয়ার কন্ডিশন্ড করা হয়েছে।

শ্রী[illegible] রায়ঃ জাতীয় জরুরী অবস্থা ডিক্লেয়ার হবার আগে না পরে ডেটটা বলতে পারেন?

শ্রীজগন্নাথ কোলেঃ ডেটটা বলতে পারব না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ এয়ার কন্ডিশনিং করতে কত টাকা খরচ হয়েছে?

শ্রীজগন্নাথ কোলেঃ এয়ার কন্ডিশনিং করতে ২৩,২৪৩ টাকা খরচ হয়েছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ জাতীয় জরুরী অবস্থা ডিক্লেয়ার হবার পর এয়ার কন্ডিশনি হয়েছে বললেন এটা কি মন্ত্রিমহোদয় এবং উচ্চপদস্থ কর্মচারীদের মাথা গরম হয়ে যায় বলে সেই মাথা ঠান্ডা করবার জন্য এয়ার কন্ডিশনিং করা হয়েছে?

Mr. Chairman:

Air-conditioning is no part of your question. It is out side the purview of your question.

শ্রীবিজয়কৃষ্ণ ব্যানার্জিঃ কার্য উপলক্ষে বাংলাদেশের মন্ত্রিমহাশয়দের থাকবার সুবিধার জন্য বঙ্গভবন তিন লক্ষ টাকায় কেনা হল। আমার কোয়েশ্চেন হচ্ছে এরূপ বঙ্গভবনের মত অন্যান্য প্রদেশের ভবন আছে কি?

শ্রীজগন্নাথ কোলেঃ অন্যান্য প্রদেশেরও ভবন আছে, অন্যান্য প্রদেশের অফিসার এবং মন্ত্রিমহাশয়রা যখন দিল্লী যান তখন তাঁরা সেই ভবনেই থাকেন, আমাদের দিল্লীতে অফিসারদের অসুবিধা হচ্ছিল, সেইজন্য ১৯৪৯ সালে এই ভবনটি কেনা হয় এবং অফিসারেরা সেখানে থাকেন যাঁরা কার্য উপলক্ষে দিল্লীতে যান।

শ্রীবিজয়কৃষ্ণ ব্যানার্জি: আমি জিজ্ঞাসা করছি কেন্দ্রীয় সরকারের কাজে মন্ত্রিমহাশয় এবং অফিসাররা দিল্লী গেলে তার জন্য কেন্দ্রীয় সরকার কোন ব্যবস্থা করে না কেন? বা কেন এ ধরনের ব্যবস্থা রাখা হয়েছে?

শ্রীজগন্নাথ কোলে: কেন্দ্রীয় সরকারের কাজে যান কিনা জানি না, তবে আমাদের কাজে যান।

শ্রীমতী শান্তি দাস: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি বললেন, মন্ত্রিমহাশয় এবং অফিসাররা যখন কার্য উপলক্ষে দিল্লী যান তখন তাঁরা সে ভবন ব্যবহার করতে পারেন আমরা যখন অ্যাজ এ রিপ্রেজেন্টেটিভ অফ দি লেজিসলেটিভ অ্যাসেম্বলি এবং কাউন্সিল যাই তখন পয়সা দিয়েও সেখানে থাকতে পারি না কেন বলবেন কি?

শ্রীজগন্নাথ কোলে: এটা বিশেষ করে করা হয়েছে মন্ত্রিমহাশয়রা যাঁরা গভর্নমেন্টএর কাজের জন্য যান বা অফিসাররা যাঁরা আমাদের গভর্নমেন্ট-এর কাজের জন্য যান, তাঁদের জন্য করা হয়েছে, এটা বেড়াতে যাওয়া বা দেখতে যাওয়ার জন্য নয়। শ্রীমতী দাস যেটা বলছেন তার উত্তরে আমি জানাচ্ছি যদি তাঁরা যেতে চান এবং যদি জায়গা থাকে তা হলে কোন এম এল এ বা এম এল সি পারমিশন নিয়ে গেলে তাহলে কোন আপত্তি নেই।

শ্রীমতী শান্তি দাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, কোন কমিটির মেম্বার হিসাবে লেজিসলেচারএর সদস্য হিসাবে কোন কমিটির মিটিংএর জন্য সেখানে যাই, তখন আমরা সেখানে থাকতে পারি না, কারণ অনেক লোক আছেন তাঁদের দিল্লীতে কোন জায়গা পাওয়া সম্ভব নয় কিন্তু বঙ্গভবনে গেলে সিকিউরিটি ফিল করে না।

শ্রীজগন্নাথ কোলে: জায়গা থাকলে নিশ্চয়ই পাবেন।

শ্রীগোপাল ব্যানার্জি: কতজনের অ্যাকমোডেশন আছে এবং চার্জ কি?

শ্রীজগন্নাথ কোলে: চার্জ হচ্ছে ৪ টাকা করে পার রুমএর জন্য এবং ফ্যানএর জন্য ১ টাকা করে দিতে হয় এবং এয়ার কন্ডিশনিং হলে ৪+৪ অর্থাৎ ৮ টাকা দিতে হয়।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন যে, তিন লক্ষ টাকায় যে বাড়ি কিনেছেন তাতে কতগুলি ঘর আছে? আমার জিজ্ঞাস্য তাতে অ্যাকোমডেশন কত—কত লোক থাকতে পারে?

শ্রীজগন্নাথ কোলে: অ্যাকোমডেশন হচ্ছে ১০টা বেড রুম আছে মেন বিল্ডিংএ।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, পশ্চিমবঙ্গ সরকারের বঙ্গভবন দিল্লীতে যে দামে আগে কেনা হয়েছিল এখন তার বাজারদর কত?

শ্রীজগন্নাথ কোলে: আমার মনে হয়, আগের চেয়ে দশগুণ বেশি।

শ্রীননী ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় বললেন যে, দশটি বেডরুম আছে এবং সেটা তিন লক্ষ টাকায় কেনা হয়েছে, আমি জিজ্ঞাসা করছি তার ঠিক অ্যাকোমডেশনটা কত? সব সমেত?

শ্রীজগন্নাথ কোলে: দশটি বেডরুম আছে, তার মধ্যে ডাবল বেডেড রুম আছে, ডাইনিং হল আছে, মিটিং রুম আছে, কেয়ারটেকারের ঘর আছে, টাইপিস্টের ঘর আছে।

শ্রীননী ভট্টাচার্য: কথা হচ্ছে যে অ্যাকোমডেশনটা কত এবং কতজন অফিসার থাকতে পারে?

শ্রীজগন্নাথ কোলে: আমি আগেই বলেছি দশটি বেডরুম আছে এবং আমার মনে হয় যে সেখানে ১৫-১৬ জনের অ্যাকোমডেশন থাকতে পারে।

শ্রীকানাই পাল: মন্ত্রিমহাশয়কে প্রশ্নোত্তরে জিজ্ঞাসা করা হয়েছিল যে ওখানে যারা অন্যান্য কমিটির কাজে গিয়ে আশ্রয় পান না—মন্ত্রিমহাশয় তার উত্তরে দিয়েছেন। তিনি আরও বলেছেন যে উদ্দেশ্যে ঐ গৃহ কেনা হয়েছে সে উদ্দেশ্যে ব্যবহৃত হচ্ছে। আমার একটা ছোট প্রশ্ন হচ্ছে যে উদ্দেশ্যে কেনা হয়েছিল তার মধ্যে কি কোন মহৎ উদ্দেশ্য আছে কিনা সে উদ্দেশ্যে সেটা ব্যবহার করা হচ্ছে কিনা সেটা দয়া করে জানাবেন কি?

(নো রিপ্লাই)

শ্রী[illegible] রায়: মন্ত্রিমহাশয় বললেন যে মন্ত্রীরা এবং উচ্চপদস্থ অফিসাররা যাঁরা কার্য উপলক্ষে দিল্লী যান তাঁরা সেখানে গিয়ে থাকেন আমি জিজ্ঞাসা করছি তাঁরা কি সেখানে গৃহিণী বা বান্ধবী নিয়ে গিয়ে থাকতে পারেন?

শ্রীজগন্নাথ কোলে: আমি কোনদিন দেখি নি তবে আপনি যদি কোন কাজে আমার বউদিকে নিয়ে যান তাহলে আপত্তি হবে না।

[1-30—1-40 p.m.]

Shri Khagendra Kumar Ray Chowdhury:

এ পর্যন্ত ওখান থেকে ভাড়া বাবত কত টাকা পেয়েছেন—বলতে পারেন?

Shri Jagannath Kolay:

নোটিস না দিলে বলতে পারব না।

Shri Ananda Gopal Mukherjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন অন্যান্য প্রাদেশিক সরকারের ভবনগুলির তুলনায় আমাদের পশ্চিমবঙ্গ-সরকারের ভবনগুলি নিকৃষ্টতর এবং লোকের থাকবার ব্যবস্থা অত্যন্ত কম?

Shri Jagannath Kolay:

তা বলতে পারি না। তবে আগে তাই ছিল, এখন কি হয়েছে জানি না।

Shri Jiban Krishna Dey:

একথা কি সত্য যে, পশ্চিম বাংলার কংগ্রেস নেতারা ও কর্মীরা অনেক সময় ঐ ভবনে গিয়ে ওঠেন?

Shri Jagannath Kolay:

কোন কংগ্রেস নেতা ও কংগ্রেস কর্মী সেখানে ওঠেন না। তবে এটা জানি যে ওখানে অতুল্যবাবুর বাড়ীতে গিয়ে তাঁরা ওঠেন।

Shri Nani Bhattacherjee:

অ্যাকোমডেশন সেখানে কম, দশটা বেডরুমে পনের-ষোল জন লোক মাত্র থাকতে পারে, এই পনের-ষোল জন অফিসারের থাকার জন্য ৬ লক্ষ ৩ হাজার টাকা দিয়ে ঐ বিল্ডিং কেনা হয়েছে এবং ইমারজেন্সির পরে তা আবার ২৩,২৪৩ টাকা খরচ করে শীতাতপ নিয়ন্ত্রণের ব্যবস্থা হয়েছে। এটা কি বিলাসিতা বলে মনে হচ্ছে না?

Shri Jagannath Kolay:

সেখানে পনের-ষোল জন অফিসার একই সঙ্গে গিয়ে পারমানেন্টলি থাকবেন সে উদ্দেশ্য নয়। অফিসাররা যখনই কোন কাজে যান, সেখানে থাকেন। দু-তিন দিন বা তারও বেশি কোন অফিসার রইলেন; আবার কাজ সারা হয়ে গেলে চলে এলেন। এইরকম করে সব অফিসাররা যাতায়াত করেন। দিল্লীতে তাঁরা ডিপার্টমেন্টের প্রয়োজনীয় কাজে গিয়ে থাকেন। যেমন প্ল্যানিং কমিশন, ফাইন্যান্স কমিশন বা ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল ইত্যাদির মিটিং হয় তার জন্য তাঁদের যেতে হয়। আর এডুকেশন ডিপার্টমেন্ট থেকেও প্রায়ই যেতে হয় টাকার জন্য। অ্যাট এ টাইম সেখানে ১৫-১৬ জন অফিসার গিয়ে থাকতে পারেন। যদি নোটিস দেন তাহলে দেখিয়ে দেব—গত তিন-চার বছরে কতজন অফিসার সেখানে গিয়েছিলেন এবং কত টাকা ভাড়া উঠেছিল। হিসেব করলে দেখা যাবে লাভই হয়ে থাকে, লোকসান হয় না।

Shri Balai Lal Das Mahapatra:
মন্ত্রিমহাশয় কি এই কথাই বললেন যে, এম এল এ-দের সেখানে থাকতে হলে আগে থেকে সংবাদ দিয়ে গেলে জায়গা পাওয়া যায়?

Shri Jagannath Kolay:
আমি তা বলি নি, এম এল এ-রা যখন ওখানে বেড়াতে যান বা কোন কমিটির মিটিং উপলক্ষে গিয়ে সেখানে থাকার দরকার হয় তখন যদি দেখা যায় সেখানে রুম খালি আছে জায়গা আছে তাহলে নিশ্চয়ই সেখানে থাকতে পারবেন।

Shri Balai Lal Das Mahapatra:
আচ্ছা ঐ রুম বুক করতে হলে কোথায় খবর দিতে হবে?

Shri Jagannath Kolay:
এখান থেকে করতে হবে।

Shri Ananda Gopal Mukherjee:
ওখানে গাছে যে প্রচুর আম হয় সেই আম বিক্রি করে পশ্চিমবঙ্গ সরকার কত টাকা পেয়ে থাকেন?

(এ ভয়েসঃ সব আম হনুমানে খেয়ে ফেলে।)

Shri Jagannath Kolay:
আম যা গাছে হয় সেখানে সব হনুমানে খেয়ে ফেলে।

Shri Balai Lal Das Mahapatra:
সেখানে যে আম হয় মন্ত্রীরা ও অফিসাররা মূল্য না দিয়েই কি সেই আম খেয়ে ফেলেন?

(নো রিপ্লাই)

Shri Jiban Krishna Dey:
হনুমান কত অংশ আম খায়?

Shri Jagannath Kolay:
আমি তো ওখানে পাঁচ বছর ছিলাম, বঙ্গভবনে আমের কোন চিহ্নও দেখি নি, একটা আম খেতেও পাই নি।

Shri Ananda Gopal Mukherjee:
ওখানে বাঁদরবোবা বলে এক জাতীয় আম হয়, মেম্বারদের কি তিনি দু-একটা করে সেই আম খাওয়াবেন?

(নো রিপ্লাই)

Kangsabati Project

***460.** (Admitted question No. *2667.)

শ্রীঅনঙ্গমোহন দাশঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী জলাধার হইতে ১৯৬৫-৬৬ সালে কোন্ কোন্ থানায় কত জমি সেচের জল পাইবে;

(খ) সেচের জন্য প্রতি একরে কিরূপ কর দিতে হইত; এবং

(গ) কংসাবতী জলাধার প্রকল্প সম্পূর্ণ হইলে ঐ সকল থানায় প্রত্যেকটির মোট কত জমি সেচের জল পাইবে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) কংসাবতী জলাধার হইতে ১৯৬৫-৬৬ সালে প্রায় দেড় লক্ষ হইতে দু' লক্ষ একর জমিতে সেচের জল দিবার প্রস্তাব আছে। এই জমি কোন্ থানায় কত হইতে পারে তাহা সঠিক বলা এখনই সম্ভব নহে।

(খ) যেসব জমিতে ১৯৬৫-৬৬ সালে প্রথম জলসেচ করা হইবে সেসব জমির জন্য কোন জলকর দিতে হইবে না। সেচের দ্বিতীয় বৎসর একরপ্রতি ৭·৫০ টাকা, তৃতীয় বৎসর একর-প্রতি দশ টাকা ও চতুর্থ বৎসর হইতে একরপ্রতি ১২·৫০ টাকা হারে জলকর ধার্য করার প্রস্তাব আছে।

(গ) কংসাবতী জলাধার সম্পূর্ণ হইলে বাঁকুড়া, মেদিনীপুর ও হুগলি জেলায় প্রায় আট লক্ষ একর জমিতে খারিফ সেচের জল দেওয়া সম্ভব হইবে বলিয়া আশা করা যায়। কোন্ থানায় কত জমিতে সেচের জল পাইবে তাহার হিসাব এইরূপঃ

বাঁকুড়া জেলা

১। বাঁকুড়া থানা—২,২৮১ একর
২। অন্ডা থানা—৫৩,০৯১ একর
৩। তালডাংরা থানা—৪৫,৩৩০ একর
৪। ইন্দপুর থানা—২,৪৩০ একর
৫। খাত্‌রা থানা—৫,৯৫৩ একর
৬। সিমলাপাল থানা—৫৬,৩০৪ একর
৭। রাইপুর থানা—৬৫,৭৫১ একর
৮। বিষ্ণুপুর থানা—৫২,৬৩৯ একর
৯। জয়পুর থানা—৩৮,৩৮৩ একর
১০। কোটালপুর থানা—৩৬,৩১৯ একর

মেদিনীপুর জেলা

১। মেদিনীপুর থানা—৩০,০০০ একর
২। শালবনী থানা—৮৭,৭০১ একর
৩। বিনপুর থানা—৬৪,৫৮৭ একর
৪। গড়বেতা থানা—১,০৫,৪৭১ একর
৫। ঝাড়গ্রাম থানা—৩০,৩৮৫ একর
৬। জামবনী থানা—৩,৮৩৮ একর
৭। কেশিয়ারী থানা—৩৯,০০০ একর
৮। খড়্গপুর থানা—৪১,৫০৭ একর
৯। সাঁকরাইল থানা—৬,৪৪০ একর

হুগলি জেলা

১। গোঘাট থানা—৩২,৫৯০ একর।

Shri Ananga Mohan Das:

এই যে কংসাবতী জলাধার থেকে জলসেচ করা হবে, এর হিসাবে আপনি বললেন এ বছর ১ লক্ষ ৬৩ হাজার একর আর এর কাজ সম্পূর্ণ হলে ৫ লক্ষ একর—কতদিনে এর কাজ শেষ হবে জানাবেন কি?

Shri Syamadas Bhattacharyya:

আমি বলেছি দেড় লক্ষ থেকে দু লক্ষ একর। তবে এর মধ্যে একটু অসুবিধা আছে। এতে রেলের উপর দুটি পুল নির্মাণ করে জল যাওয়ার ব্যবস্থা করতে হবে। আর এ দুটো করার পথে কিছু কিছু বাধাও আছে। সেইজন্যই আমি দেড় থেকে দু লক্ষ একটা অনিশ্চিত সংখ্যা বলেছি। আপাততঃ কংসাবতী পরিকল্পনায় প্রথম পর্যায়ে নদীর উপর বাঁধ নির্মাণের কাজের প্রায় ৯৮ ভাগ শেষ হয়ে গেছে। তবে পার্শ্ববর্তী কুমারী নদী—এর কাজও কংসাবতী পরিকল্পনার মধ্যে ধরা হয়েছে, বাঁধ নির্মাণের কাজ চলেছে। আশা করা যাচ্ছে এর কাজও তিন বছরের মধ্যে শেষ হয়ে যাবে। ইতিমধ্যে সমস্ত ব্রাঞ্চ ক্যানাল, মেন ক্যানাল, স্লুইস-এর স্ট্রাকচারস সব সম্পূর্ণ হয়ে যাবে এবং তিন বছরের শেষে এই আট লক্ষ একর জমিতে জল দিতে পারা যাবে।

Shri Ananga Mohan Das:

আপনি বলেছেন প্রথম বছর ক্যানেল কর বাদ দেওয়া হবে। তারপর সাত থেকে বার টাকা এইভাবে কর নেওয়া হবে। এই যে কর ধার্য করেছেন এটা এক-ফসলী এবং দু-ফসলীর জন্য সমান রেট না দু-ফসলীর জন্য আলাদা রেট থাকবে?

Shri Syamadas Bhattacharyya:

আমরা এক-ফসলীর কথাই ধরেছি এবং সেটা আমন শস্যের জন্য।

Shri Ananga Mohan Das:

দু-ফসলীর জন্য জল নিলে অতিরিক্ত কর দিতে হবে কি?

Shri Syamadas Bhattacharyya:

হ্যাঁ।

Shri Aswini Roy:

এই পরিকল্পনা অনুযায়ী কোন্ কোন্ জেলা জল পাবে তার হিসাব আছে কি?

Shri Syamadas Bhattacharyya:

বাঁকুড়া ও মেদিনীপুর জেলা।

Shri Abhoy Pada Saha:

আপনি জানালেন, এই পরিকল্পনা শেষ হলে খারিফের জন্য আট লক্ষ একর জমিতে জলসেচ দেওয়া হবে। কিন্তু রবির জন্য কতটা দেওয়া সম্ভব হবে সেটা জানাবেন কি?

Shri Syamadas Bhattacharyya:

রবির জন্য আমরা বিশেষ জল দিতে পারব বলে এখনই বলতে পারছি না।

[1-40—1-50 p.m.]

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৯১,৩০৯ একর ভেস্ট্ করেছে তার মধ্যে কিছু কিছু জমি ফিসারম্যানদের মধ্যে বিতরণ করেছেন। আমি তাঁর কাছে জানতে চাই যে, কত একর জলাশয় এই মৎস্যজীবীদের মধ্যে বিতরণ করা হয়েছি এ পর্যন্ত?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: সেটা এখন বলতে পারবো না।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, ১ থেকে ৩ বছরের জন্য বিলি করা হয় এই যে পিরিয়ড এটা কিভাবে ঠিক হয়?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমাদের গভর্নমেন্ট স্টেট ম্যানুয়েল আছে সেই ম্যানুয়েলের নিয়ম অনুসারে আমরা দিয়ে থাকি। প্রথমে আমরা চেষ্টা করি, সেখানে কো-অপারেটিভ ফিসারম্যান সোসাইটি আছে কিনা? যদি কো-অপারেটিভ সোসাইটি অফ ফিসারম্যান থাকে তাদের দেবার চেষ্টা করি—আর যদি ফিসারম্যান কোঅপারেটিভ না থাকে তখন ইন্ডিভিজুয়াল ফিসারম্যান আছে

কিম্বা সেটা দেখে তাদের মধ্যে দিই— তাও যদি না থাকে তাহলে আমরা ফিসারম্যানকে দিই। আমরা যখন কোঅপারেটিভ ফিসারম্যান সোসাইটিকে দিই তখন দীর্ঘ মেয়াদে দিয়ে থাকি, এ সম্বন্ধে আমরা অবশ্য মৎস্য বিভাগের পরামর্শ করে ব্যবস্থা করে থাকি—মৎস্য বিভাগের যিনি আধিকারিক আছেন বিভিন্ন জেলাতে তাঁর পরামর্শ অনুসারে কত মেয়াদ দেওয়া হবে না হবে সেটা ঠিক করে দেওয়া হয়।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয়, এ-র জবাবে বললেন টেস্ট রিলিফ স্কীমে অনেক ট্যাঙ্ক ইমপ্রুভ করা হয়েছে—আমি তাঁর কাছে জানতে চাচ্ছি এইরকম কত এবং ইমপ্রুভ করা হয়েছে এবং সেগুলি বিলি করা হয়েছে কিনা এ ফিসারম্যানদের মধ্যে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমার সে হিসাব নাই, টেস্ট রিলিফে স্কীম আমরা করে থাকি—মাননীয় সদস্যগণ নিশ্চয় জানেন সরকারের যে সম্পত্তি সেই সব সম্পত্তি উন্নতি বিধানের জন্য কাজ করা হয়—ব্যক্তিগত পুকুর যদি হয়, ব্যক্তিগত মালিকানায় জলাশয় যদি হয়, সেখানে টেস্ট রিলিফের কাজ করা হয় না। আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি পুরুলিয়া, বাঁকুড়াতে অনেকগুলি পুকুর যা ভেস্টেড সেই সব জায়গায় টেস্ট রিলিফের কাজ করা হয়েছে। এই কাজ করবার পর সেগুলি যখন উন্নত অবস্থায় আনা যায় তখন কো-অপারেটিভ ফিসারম্যান সোসাইটি বা ইন্ডিভিজুয়াল ফিসারম্যান বা ইন্ডিভিজুয়াল পারসনদের দেবার ব্যবস্থা হয়।

শ্রীঅশ্বিনী রায়: আপনি (এ)-র উত্তরে বললেন

The majority are being used for pisciculture.

মেজরিটি মানে কত একর? কত একরে সত্যিকার চাষ হচ্ছে এইরকম কোন তথ্য আছে কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমি একটা হিসাব কিছুদিন আগে এখানে দিয়েছিলাম আবার একটা প্রশ্ন আজ আছে—তাতে আছে কতগুলি জলাশয় সরকারে ভেস্ট করেছে এবং তার মধ্যে কতগুলি বিলিবন্দোবস্ত করা হয়েছে সেই হিসাব করে দেখা যাবে বেশীর ভাগ জলাশয় আমরা বন্দোবস্ত দিয়েছি সেখানে মেজরিটি বলতে সংখ্যাটা বলতে পারি নাম্বার অফ ট্যাঙ্কস অফ ওয়াটার এরিয়া। কিন্তু কতটা ওয়াটার এরিয়া কভার্ড সেটা আমার কাছে নেই।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যে জলাশয়গুলি আপনারা বিলি ব্যবস্থা দিতে পারেন নি সেখানে কি মাছের চাষ হচ্ছে না—না সরকারের পক্ষ থেকে সেখানে মাছের চাষ করা হচ্ছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: না, কিছু কিছু জায়গায় অবশ্য সরকারের পক্ষ থেকে করা হচ্ছে—কিন্তু তার সংখ্যাটা খুব কম—বেশীরভাগ জায়গায় আমার যতদূর জানা আছে—অনেকখানি রিক্লামেশন করলে তবে সেখানে মাছের চাষের জন্য বিলি করা সম্ভব। মাছ চাষের জন্য বিলি করবার আগে সেটাকে উন্নত অবস্থায় আনতে হবে অনেক জায়গায় আমরা বিলি করবার জন্য যখন আবেদনপত্র আহ্বান করি তখন আবেদনপত্র পাওয়া যায় না এবং আমি ব্যক্তিগতভাবে বহু জায়গায় এবং সরকারের তরফ থেকে নির্দেশ দিয়েছি যে কোন ওয়াটার এরিয়া পড়ে থাকবার কথা নয় সেখানে যেন বিলি করবার ব্যবস্থা করা হয়—জে এল আর ও এস এল আর ও তরফ থেকে চেষ্টা করা হয়েছে এবং এমন অনেক পুকুর পাওয়া গিয়েছে যে সেখানে নামমাত্র মূল্যে বিলি করতে চাইলেও কোনরকম সাড়া পাওয়া যায় না—কারণ সেখানে মাছের চাষ করতে গেলে অনেক রিক্লামেশন কস্ট লাগবে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই ৯১,৩০৯ একর জায়গা যে সরকারে ন্যস্ত হয়েছে—এর তত্ত্বাবধানের ভার রাজস্ব বিভাগের উপর না ফিসারী বিভাগের উপর?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: রাজস্ব বিভাগের উপর।

শ্রীসনৎকুমার রাহা: ৮,৬১৫টি পুষ্করিণী যা সরকারের হাতে আছে সেটার কি পরিমাণ এই ৯১,৩০৯ একর তা যদি হয়, তাহলে এই জমিতে যেসব জায়গায় মৎস্য চাষ হয় এটা কি সত্য?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমি ব্যাপারটা বোধ হয় ঠিকমত বোঝাতে সক্ষম হই নি. অনেক পুকুর এমন আছে যেখানে কোনরকমভাবে বিলি করা সম্ভব হচ্ছে না, কারণ সেখানে যে ১০ টাকার মাছ উৎপন্ন করতে পারবেন তাও হয়তো লোকে বিশ্বাস করেন না এবং এমনও হতে পারে তারা মনে করেন ১০ টাকা না দিয়ে ২০ টাকার মাছ ভোগ করা যেতে পারবে। কিন্তু রিক্লামেশন করতে বা ফিসিকালচার করতে গেলে যে টাকা লগ্নী করতে হবে সেই টাকার অভাব আছে এবং সেই অভাবের জন্য অনেক সময় আমাদের জমি বিলি করবার লোক পাওয়া যায় না।

শ্রীসনৎকুমার রাহা: এই ৯১,৩০৯ একর জমির কতটুকুতে ফিসিকালচার একচুয়েলি হচ্ছে বলতে পারবেন না?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: না।

শ্রীসনৎকুমার রাহা: এই যে অ্যাডভাইসরি কমিটি, এই কমিটিতে কারা থাকেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমার যতদূর জানা আছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেই কমিটির চেয়ারম্যান এবং ডিস্ট্রিক্ট ফিসারী অফিসার বলে একজন আছেন তিনি হলেন কনভেনার এবং সেক্রেটারী, আর কে আছেন জানি না।

শ্রীমতী শান্তি দাস: মন্ত্রিমহাশয় আমাদের জানালেন, যে যে সময় টাকা যায়—তা অনেক সময় দরখাস্ত ঠিক সময়মত পাওয়া যায় না, তার একমাত্র কারণ এই কি যখন নাকি মার্চ ইয়ার এন্ডিংয়ের সময় আসে ঠিক দুই কি তিন দিন আগে সেই টাকা ব্লক অফিসে যায় এবং তখন গ্রামসেবক বা ব্লকের যেসমস্ত অফিসিয়াল স্টাফরা আছে তাদের মাধ্যমে অঞ্চল প্রধান বা বিশিষ্ট বিশিষ্ট ব্যবসায়ী যারা তারা পাঁচ শত অথবা সাত শত টাকা নিয়ে লগ্নী খাটিয়ে পরে তারা সেই টাকা শোধ দেয় এই খবর কি জানা আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এ কথাটা আমার জানা নেই, ব্লক সম্পর্কে কোন প্রশ্নের উত্তর আমি দিতে পারবো না, ব্লকে কখন টাকা যায় এবং বিলি করবার কি অসুবিধা হয় সেটা আমার জানা নেই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয়. আমার একটা স্টার্ড কোয়েশ্চেনের জবাব দিয়েছিলেন—আমার প্রশ্ন ছিল সমগ্র পশ্চিমবাংলায় সরকারের খাস দখলে কতগুলি পুষ্করিণী আছে —তিনি বলেছিলেন ৮,৬১৫টি—আজ যে বললেন ৯১,৩০৯ একর জায়গা আছে এগুলি কি তার অন্তর্ভুক্ত?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: হ্যাঁ।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আপনি একটা অতিরিক্ত প্রশ্নের জবাবে বলেছিলেন—আমি বলেছিলাম কেন এগুলি সংস্কার করা হচ্ছে না—আপনি বলেছিলেন মৎস্য বিভাগের অধীনে আছে, আমাদের দায়িত্ব নয়, আজকে বলছেন রাজস্ব বিভাগের তত্ত্বাবধানে আছে—এই দুইরকম স্টেটমেন্টের অর্থ আমি ঠিক বুঝতে পারছি না?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য আমার উত্তরটা ঠিক বুঝতে পারেন নি, মৎস্য বিভাগকে কিছু তাদের ডাইরেক্ট তত্ত্বাবধানে মৎস্য চাষের জন্য হস্তান্তরিত করেছি, সেগুলি ছাড়া আর সবগুলি আমাদের বিভাগের অন্তর্গত। আমরা যখন কোন জলাশয় বন্দোবস্ত দিই তখন আমরা মৎস্য বিভাগের কর্মচারীদের সঙ্গে পরামর্শ করে তবে বন্দোবস্ত দিয়ে থাকি।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এর মধ্যে কিছু কিছু সরকার কর্তৃক ফিসিকালচারের জন্য ব্যবহার করা হচ্ছে। আমি তাঁর কাছে জানতে চেয়েছি এই যে টোট্যাল ৯১,৩০৯ একরের মধ্যে কতখানি জায়গা মৎস্য বিভাগকে দেওয়া হয়েছে ফিসিকালচারের জন্য?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: সেটা আমি এখনই বলতে পারছি না।

শ্রীঅবনীকুমার বসু: আমি তাঁর কাছে আর একটা জিনিস জানতে চাই উনি বললেন ইন্ডিভিজুয়্যাল ফিসারম্যানদের বিলি করা হয়—ইন্ডিভিজুয়্যাল ফিসারম্যান তারা কারা? এটা ঠিক করবার ভার কাদের উপর আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: ওখানকার ফিসারী অফিসার আছেন ব্লক অফিসার আছেন, এস ডি ও আছেন—অন্যান্য আধিকারিক আছেন—তাঁরাই এটা বলবেন।

[1-50—2 p.m.]

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: মন্ত্রিমহাশয় বললেন এই জলকর এক বছর থেকে তিন বছরের মেয়াদে লিজ দেওয়া হয়। আমার প্রশ্ন হচ্ছে একটা মাছ বাড়তে যখন এক বছর থেকে তিন বছর লাগে তখন মাছ একটু বড় হলেই কি অন্যকে লিজ দেবেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য একথা ঠিকই বলেছেন এবং আমি আশা করি ফিসারী ডিপার্টমেন্টকে সমালোচনা করবার সময় তিনি একথা মনে রাখবেন। একটা মাছ বাড়তে তিন বছর সময় লাগে একথা ঠিক এবং বিক্রয়যোগ্য হতে চার বছর লাগে। এখানে প্রশ্ন করা হয়েছে একটা মাছ বাড়তে যেখানে তিন বছর লাগে সেখানে যদি এক বছরের জন্য দেন তাহলে উন্নতি হবে না। আমরা কোন কোন জায়গায় ফিকারম্যান কো-অপারেটিভ সোসাইটি গঠন করি এবং যদি ইন্ডিভিজুয়্যাল ফিসারমেন পাওয়া যায় তাহলে নন-ফিসারম্যানকে দেই না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে ৮ হাজার ৬১৫টি পুষ্করিণী আপনাদের দখলে রয়েছে এর সংস্কারের দায়িত্ব কার?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: সমগ্র পশ্চিমবঙ্গ সরকারের।

শ্রীঅশ্বিনী রায়: এই যে অ্যাডভাইসরি কমিটি হয়েছে বললেন এটা কি বাংলাদেশের সমস্ত ডিস্ট্রিক্ট-এ হয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমার মনে হয় দার্জিলিং জেলা ছাড়া আর সব জায়গায় ডিস্ট্রিক্ট ফিসারী অ্যাডভাইসরী কমিটি হয়েছে।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় সদস্য [illegible] প্রশ্নের উত্তরে মন্ত্রিমহাশয় বললেন এই জিনিসগুলির দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের। আমি আপনার কাছে জিজ্ঞাসা করি এই ব্যাপারে ভূমিরাজস্ব বিভাগের কোন দায়িত্ব আছে কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: শুধু ভূমিরাজস্ব বিভাগের কেন, আমাদের সকলেরই বিশেষ দায়িত্ব আছে।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি এইসমস্ত জলাশয়গুলি মৎস্য বিভাগকে হস্তান্তরিত করবার কথা চিন্তা করছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মৎস্য বিভাগ যদি প্রয়োজন মনে করেন তাহলে এই সমস্ত জলাশয়গুলি আমরা এই মুহূর্তে মৎস্য বিভাগের কাছে হস্তান্তরিত করে দিতে পারি।

Tanks, Beels and Bheris vested in Government

***401.** (Admitted question No. *2733.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the total area of lands vested under the Estate Acquisition Act comprised in tanks, beels or bheris in West Bengan;

(b) how they are being used at present;

(c) has the Government distributed any of such lands;

(d) if so, amongst whom and on what basis and for what period; and

(e) has the Government any scheme for improvement of such tanks and beels, etc.? If so, how?

Shri Syamadas Bhattacharyya: (a) 91,309.38 acres.

(b) The majority are being used for pisciculture.

(c) Yes.

(d) These have been settled with the Fishermen's Co-operative Societies, bona fide fishermen, or where they are not available, with other private parties on the basis of payment of economic rents. The term of settlement varies from 1 to 3 years and in special cases the period extends up to 7 years.

(e) Derelict tanks are being taken up for improvement under the Test Relief Works and the Bengal Tanks Improvement Act. The District Fishery Advisory Committee has been formed to recommend measures for improvement of water areas for pisciculture in the district.

Remission of Land Revenue for Natural Calamities

***462.** (Admitted question No. *2748.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যা বা ঝড় প্রভৃতি প্রাকৃতিক দুর্ঘটনা দ্বারা আক্রান্ত অঞ্চলের জমির ফসল নষ্ট হওয়ার জন্য উক্ত অঞ্চলের জমির স্বত্বাধিকারিগণ সংশ্লিষ্ট জমির খাজনা মকুব পান কি না;

(খ) ঐ সকল ক্ষেত্রে খাজনা মকুবের সঙ্গে রোড সেস এবং শিক্ষা সেসও মকুব করা হয় কি না; এবং

(গ) শস্যহানির বৎসরে পূর্ব পূর্ব বৎসরের বকেয়া পাওনা আদায় স্থগিত রাখা হয় কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ।

(খ) খাজনা মকুবের সঙ্গে রোড সেস সকল সময় মকুব করা হয় না। তৌজি ম্যানুয়েলের ১৭১নং নিয়ম অনুযায়ী খাজনা যদি আংশিক মকুব হয়, সেস পুরোপুরি আদায় হয়। কিন্তু খাজনা যখন সম্পূর্ণ মকুব হয় বা স্থগিত রাখা হয়, তখন সেসও মকুব করা হয় বা স্থগিত রাখা হয়।

১৯৩০ সালের বেঙ্গল (রুর‍্যাল) প্রাইমারী এডুকেশন অ্যাক্টে শিক্ষা সেস মকুবের কোন বিধান নেই।

(গ) শস্যহানির ব্যাপকতার উপর বকেয়া পাওনা আদায় স্থগিত রাখার সিদ্ধান্ত নির্ভর করে।

শ্রীঅনঙ্গমোহন দাস: শস্যহানী হলে খাজনা মকুব করেন। আমার প্রশ্ন হচ্ছে কত পার-সেন্ট মকুব করেন এবং কি রেট-এ মকুব করেন? মানে একটা জায়গায় সমস্ত ফসল নষ্ট হয়েছে সেখানে পুরোপুরি মকুব করেন কিনা এবং যেখানে কালাজমি অ্যাফেক্টেড হয় সেখানে মকুব করেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: যদি সম্পূর্ণরূপে নষ্ট হয় তাহলে সম্পূর্ণরূপে খাজনা মকুব করা হয়।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ সমস্ত নষ্ট না হয়ে যদি শতকরা ৭০-৮০ ভাগ নষ্ট হয় তাহলে কিভাবে মকুব করেন অথবা যদি ৫০ ভাগের উপরে নষ্ট হয় তাহলে কিভাবে মকুব করেন সেটা জানাবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ তৌজি ম্যানুয়াল-এর ১৭২ থেকে ১৮৯ নিয়মে এইসব প্রশ্নের উত্তর উল্লিখিত আছে।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ আমি তৌজি ম্যানুয়েল পড়িনি। সম্পূর্ণ নষ্ট হলে বলছেন মকুব করা হবে, কিন্তু আমি জানতে চাই ৭৫ ভাগ নষ্ট হলে কিভাবে মকুব করা হবে, মোর দ্যান ফিফটি পার্সেন্ট নষ্ট হলে কিভাবে মকুব করা হবে এবং ৫০ ভাগের নীচে হলে কিভাবে মকুব করা হবে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় সদস্য নিশ্চয়ই জানো যে, এই বিষয়ে অনেকবার এখানে আলোচনা করা হয়েছে। তৌজি ম্যানুয়ালে যেভাবে খাজনা মকুব করার ব্যবস্থা আছে আসলে তার চেয়ে অনেক উদারভাবে খাজনা মকুব করা হয়। তৌজি ম্যানুয়ালের নিয়ম হচ্ছে সাধারণত সারা বছরে যদি অর্ধ পরিমাণ শস্য হানি হয় তাহলে মকুব করা যেতে পারে। তবে এই ব্যাপারে জেলা সমাহর্তা পূর্বের দুই বছরে কি হয়েছে সেটা হিসেব করেন এবং খাজনা নিম্নলিখিত হারে মকুব করা হয়। এক নম্বর হচ্ছে স্বাভাবিক ফসলের ৪০ ভাগ, কিন্তু ৫০ ভাগের কম যদি হয় তাহলে সেখানে ২৫ ভাগ মকুব করা হয়। দ্বিতীয় নম্বর হচ্ছে, বছরের স্বাভাবিক ফসলের ২৫ ভাগ হয়েছে এবং ৪০ ভাগের কম হয়েছে—সেখানে ৫০ ভাগ খাজনা মকুব করা হয়। তৃতীয় নম্বর হচ্ছে বছরের স্বাভাবিক ফসলের ২৫ ভাগের যদি কম হয় তাহলে সম্পূর্ণরূপে মকুব করা হয়—অর্থাৎ ৭৫ ভাগ নষ্ট হলে সম্পূর্ণরূপে খাজনা মকুব করা হয়।

Superannuated Officers under Salt Lake Reclamation Scheme

***463.** (Admitted question No. *2734.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) the total number of superannuated supervisory staff working in Salt Lake Reclamation Scheme and the total number of non-superannuated supervisory staff; and

(b) what consideration led to the employment of such superannuated officers?

Shri Syamadas Bhattacharyya: (a) Superannuated—9 and non-superannuated—62.

(b) The Salt Lakes Reclamation and Development Board being a purely temporary organisation, Irrigation and Waterways Department has placed some of the superannuated officers at the disposal of the Board for smooth execution of the special projects placed in its charge. Due to expanding developmental activities, there is shortage of experienced administrative and technical supervisory staff in the permanent departments. It is not, herefore, possible to man all the temporary posts under the Board purely temporary organisation, Irrigation and Waterways Department has by deputing the required number of experienced serving officers from other departments, and consequently the void must have to be filled by re-employing some suitable superannuated officers. Moreover, the posts created under the Board being purely temporary for a specific period they do not hold any attraction for outsiders of experience and ability on the Government scales of pay.

শ্রীঅবনীকুমার বসুঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, ৯ জন সুপারঅ্যানুয়েটেড সুপারভাইজরী স্টাফ রয়েছে, যাঁরা রয়েছেন তাঁদের ডেজিগনেশন কি বলবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: তাদের ডেজিগনেশন হচ্ছে—

Chairman-Administrator.
Deputy Secretary of the Board.
Assistant Secretary of the Board.
Engineer-S.D.O., Division No. II.
Engineer-S.D.O., Division No. IV.
Assistant Engineer-S.D.O., Division No. III.
Assistant Engineer-S.D.O., Division No. IV.
Head Estimator, Special Engineer's Office.
Head Draftsman, Special Engineer's Office.

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, ৬২ জন ননসুপার অ্যানুয়েটেড সুপারভাইজারী স্টাফ কাজ করছেন, সেখানে টেম্পোরারী ডিপার্টমেন্ট বলে নাকি সাফিসিয়েন্ট এলিউরমেন্ট হবে না, আমি তাঁর কাছে জানতে চাই—কোন্ কোন্ বিশেষ যোগ্যতার জন্য এই ৯ জন সুপার অ্যানুয়েটেড স্টাফকে এখানে নিয়োগ করা হয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: একথা বলছি, আমি এসব জায়গায় বিজ্ঞাপন দেবার পরেও লোক পাইনি, আমি মাননীয় সদস্যর কাছে বলতে পারি মাননীয় সদস্যগণ অনেকেই ফারাক্কা যাবেন বলেছেন, ফারাক্কার জন্য আমরা বারে বারে পি এস সি-এর কাছে বলেও অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার অনেক পাইনি, দরখাস্তই করেনি এবং বার বার করেও অনেক বেশী মাইনে দিয়েও ফারাক্কার জন্য উপযুক্ত সংখ্যক অ্যাসিস্টান্ট ইঞ্জিনীয়ার পাচ্ছি না, এখানে যে কাজ করা হচ্ছে, তাতে নূতন কর্মী নিয়োগ করতে গেলে আমাকে যে ধরনের বেতনের হার প্রবর্তন করতে হবে সে হয়ত অনেক বেশী, যে ধরনের বেতনের হার প্রবর্তন করতে পারা যায় তাতে উপযুক্তসংখ্যক লোক আবেদন করছে না, শুধু এজন্যই করতে হচ্ছে, অন্য লোক দিতে পারব না। আমরা যাদের অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি, তাদের ছাড়া অন্য লোককেও দিতে পারতাম, ইরিগেশন ডিপার্টমেন্টকে বোর্ড বলেছে উপযুক্ত সংখ্যক আমাদের ইঞ্জিনীয়ার দিন, অন্যান্য কর্মী দিন, কিন্তু যারা ইঞ্জিনীয়ার সুপার অ্যানুয়েটেড নয় তাদের প্লেস করতে পারি নি, কারণ আমাদেরই অনেক লোকের দরকার আছে।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Tank-fisheries

***464.** (Admitted question No. *2759.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী দখল আইনের পূর্বে পশ্চিমবঙ্গে কত জলাশয় ছিল যাহাতে মৎস্য উৎপন্ন হইত; এবং

(খ) উক্ত আইনের প্রবর্তনের পর কত মৎস্য জলাশয় সরকারের ন্যস্ত হয়?

The Minister for Land and Land Revenue:

(ক) তথ্য সংগ্রহ করা সময় সাপেক্ষ।

(খ) ৮,৬১৫টি।

Lifting of stone-chips from Government Quarries

*465. (Admitted question No. *2753.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) জমিদারী দখল আইনের ফলে সরকার যেসকল কোয়ারীর দখল লইয়াছেন তাহা হইতে প্রয়োজনীয় পাথর ইত্যাদি পাইবার কোন ব্যবস্থা আছে কি না; এবং

(খ) থাকিলে তাহা কি রূপ?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ।

(খ) দি ডবলিউ বি মাইনর মিনারেলস রুলস, ১৯৫৯ অনুসারে সাধারণ পাথরের জন্য ইজারা (লিজ) দেওয়া হয়।

Adjournment Motion

[2—2-10 p.m.]

Mr. Chairman: I have received two notices of Adjournment Motion—one from Shri Girish Mahato on the subject of ceiling for hoarding paddy, and another from Shri Kashi Kanta Maitra on the subject of opening of Government stalls and exhibitions in the ensuing 24-Parganas District Congress Conference. I have withheld consent to both.

শ্রীগিরিশ মাহাতো: আমি যে মোশান দিয়েছিলাম সেটা খুব জরুরী ব্যাপার ছিল, এটা শুধু পুরুলিয়ার নয়, এটা পশ্চিমবঙ্গের সারা জেলার। খাদ্য নিয়ন্ত্রণের ৪ ধারায় আছে রাজ্যের সমস্ত কৃষক এবং মজুতদারদের ১০০ মণ ধান ও চাল মজুত রাখতে গেলে লাইসেন্স নিতে হবে। প্রত্যেক লাইসেন্সের জন্য ৫ টাকা করে খরচ করতে হবে এবং প্রতি বৎসরে দুই টাকা করে রিনিউয়াল ফিজ দিতে হবে। কেউ যদি রিনিউয়াল না করেন তাহলে তার কঠোর দণ্ড হবে। সাধারণ একজন পরিবার তার বাৎসরিক খরচ হয় ১৫০ থেকে ২০০ মণ, কোন কোন পরিবারের তারচেয়ে বেশী হয়, কিন্তু এই লাইসেন্স করতে যে অসুবিধা ভোগ করতে হয় সেটা সকলের জানা আছে। এটি সংশোধন করবার জন্য আমি অনুরোধ করছি। ১০০ মণ ধান এবং চালের উপর লাইসেন্স করতে হবে এই যে ব্যবস্থা এটি হবুচন্দ্র রাজার আইনে হতে পারে, মুড়ি মিছরির সব এক দর। অর্থাৎ কৃষককেও লাইসেন্স করতে হবে আবার মজুতদারকেও লাইসেন্স করতে হবে। আমরা বহু ট্যাক্স দিচ্ছি কিন্তু এ নূতন ধরনের ব্যবস্থায় লাইসেন্স করতে গেলে ৫,৭১০ টাকা দিতে গেলে সাধারণ চাষীকে শহরে যেতে হবে তাকে দালাল ধরতে হবে। উকিল মোক্তার ধরতে হবে এবং এর জন্য তাকে বহু হয়রানী হতে হয় এটার যাতে সংশোধনী আসে তার জন্য অনুরোধ করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র: স্যার, আপনি আমার অ্যাডজোর্নমেন্ট মোশান ডিসএলাউ করেছেন, কিন্তু আমি ২-১টা কথা বলতে চাই। আমি যে অ্যাডজোর্নমেন্ট মোশান দিয়েছি সেটা অত্যন্ত গুরুতর, কিছুদিন আগে দুর্গাপুর কংগ্রেসের অধিবেশনে পশ্চিমবঙ্গ সরকার লক্ষ লক্ষ টাকা ব্যয় করেছেন সেটা অন্যায় আন-কনস্টিটিউশন্যাল পার্লিয়ামেন্টারী গণতন্ত্রের বিরোধী। এ বিষয়ে বিরোধীপক্ষের মাননীয় সদস্যগণ অনেক বলেছেন এবং এটা নিয়ে তুমুল বাক বিতণ্ডা হয়েছিল। বাংলা দেশের কয়েকটা সংবাদপত্রে এ নিয়ে তীব্র সমালোচনা হয়েছিল। কিন্তু আবার আমরা দেখছি সে ঘটনা ঘটতে যাচ্ছে।

আপনি শুনলে আশ্চর্য হবেন ১৫-১৬ এপ্রিলে চব্বিশপরগনা কংগ্রেসের যে রাজনৈতিক সম্মেলন হবে সে সম্মেলনের মেনু লিস্টের পাশে ঠিক হয়েছে সেখানে যেসমস্ত গোয়ালা ছিল তাদের এভিক্ট করবার ব্যবস্থা হয়েছে, সেখানে বহু পুলিশ মোতায়েন করা হয়েছে। এগ্রিকালচারাল

ডিপার্টমেন্ট থেকে সেখানে এক্সিবিশান করবেন বলে ২০ হাজার টাকা স্যাংশন হয়েছে এবং লোক্যাল সেল্ফ গভর্নমেণ্ট পঞ্চায়েত বিভাগ ইন্ডাস্ট্রী দপ্তর থেকে লক্ষ লক্ষ টাকা পশ্চিমবাংলা সরকার ব্যয় করছেন অথচ রাজা মান্নারের নেতৃত্বে ফাইন্যান্স কমিশনের কাছে মুখ্যমন্ত্রী বললেন যে, রাজ্যের টাকা নেই টাকার দরকার, গরীব রাজ্য আমাদের টাকার দরকার। বিরোধীপক্ষ থেকে যেখানে বার বার বলা হচ্ছে যে রাজনৈতিক দলের সম্মিলনে এভাবে কেন টাকার অপচয় করবেন, কিন্তু তা সত্ত্বেও বেহালায় একটা সম্মিলন হচ্ছে। আমার কাছে সংবাদ এসেছে যে বহু জমি সরকার একোয়ার করেছেন এবং উদ্বাস্তু পরিবার যারা সেখানে আছেন তাদের উৎখাত করা হচ্ছে। বিরেন রায় কংগ্রেসের নেতা তিনি যত টাকা লাগে খরচ করছেন এবং এই সম্মেলন করবার পর পশ্চিমবংগ সরকার সেখান থেকে উদ্বাস্তুদের উৎখাত করে সে জমি তাদের ফেরত দেওয়া হবে এটা ঠিক হয়েছে। আজকে অর্থমন্ত্রী বলুন যে বেহালা সম্মেলনে এগ্রিকালচারাল প্যাভেলিয়ান, ইন্ডাস্ট্রিয়াল প্যাভেলিয়ান হবে কি না এবং সরকারের কোন দপ্তর থেকে কোন এক্সিবিসান হবে কিনা এবং পশ্চিমবঙ্গ সরকার এক নয়া পয়সাও এর জন্য খরচ করবেন না। কংগ্রেস তার নিজের পয়সা খরচ করুন, গরীব মানুষের ট্যাক্স-এর টাকা এভাবে তারা স্কোয়ান্ডার করতে পারেন না। এটা সম্বন্ধে ও'র কাছ থেকে আমরা একটা অ্যাসিওরেন্স চাচ্ছি বিরোধীপক্ষ খালি বলছেন তা নয়, রুলিং পার্টি এবং গণতন্ত্রের মর্যাদার প্রশ্ন এখানে এসে দাঁড়িয়েছে। আমার মনে হয় অর্থ-মন্ত্রীকে একটা অ্যাসিওরেন্স দিতে হবে যে বেহালা কংগ্রেসের রাজনৈতিক সম্মেলনে সরকার থেকে আমরা কোন টাকা ব্যয় করবো না এবং উদ্বাস্তুদের উৎখাত করবো না।

মিঃ চেয়ারম্যানঃ আপনি একটা সর্ট নোটিশ কোশ্চেন দিন।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ সর্ট নোটিশ কোশ্চেন দিয়ে কি হবে, আপনি এর জবাব দিন। অর্থ-মন্ত্রিমহাশয় জবাব দিন আমার বক্তব্য যদি ভুল হয়ে থাকে তাহলে আমি উইড্র করবো যে, কংগ্রেস সম্মেলনে বাংলা সরকার অর্থব্যয় করবেন।

মিঃ চেয়ারম্যানঃ ডিস-অ্যালাউড অ্যাডজোর্নমেন্ট মোশানের উপর কোনও রিপ্লাই দেবার স্কোপ থাকে না।

শ্রীনিখিল দাসঃ ব্যাপারটাকে অ্যাডজোর্নমেন্ট মোশান হিসাবে দেখবেন না। ব্যাপারটা হচ্ছে যেটা কাশীবাবু তুলেছেন যে একটা কংগ্রেসের জেলা সম্মেলনে আমাদের সরকারের অর্থ তহবিল থেকে এক্সিবিশানের নাম করে হাজার হাজার টাকা ব্যয় করা হবে সেটা অত্যন্ত অন্যায় হবে। এই উপলক্ষে সেখানে যে উদ্বাস্তু আছে তাদের উচ্ছেদ করবার একটা চক্রান্ত চলছে। এ ব্যাপারে আমরা সকলেই উদ্বিগ্ন। সুতরাং সরকারের তরফ থেকে বলা দরকার। আপনি এটাকে অ্যাড-জোর্নমেন্ট মোশান হিসাবে দেখবেন না। এ দুটার উপর সরকারের তরফ থেকে বলা দরকার যে এখান থেকে উদ্বাস্তু উচ্ছেদ হবে না এবং সরকারী তহবিল থেকে কোন টাকা এক্সিবিশানের জন্য খরচ হবে না। এর জবাব আমরা অর্থমন্ত্রীর কাছ থেকে চাই। ফাইন্যান্স কমিশন-এর কাছে গিয়ে কাঁদুনি গেয়ে বলবেন টাকা নেই এবং টাকা এভাবে অপব্যয় করবেন এবং উদ্বাস্তু উৎখাত করবেন এটা আমরা সমর্থন করতে পারি না। আমাদের অভিজ্ঞতা হচ্ছে ও'রা উত্তর দিতে চান না এটা আমরা তিন বৎসর ধরে দেখছি কিন্তু এর কারণ বুঝতে পারি না। ও'রা সবসময় ঘাড় বেঁকিয়েই থাকেন। অ্যাসেম্বলীর কি কোন মর্যাদা নেই, যা ইচ্ছা তাই করবেন। এভাবে অ্যাসেম্বলীতে প্রহসনে পরিণত করার কোন মানে হয় না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ কাশীবাবু যে অ্যাডজোর্নমেণ্ট মোশান সেটা আপনি কনসেণ্ট ইউথ হোল্ড করলেন আমাদের কোশ্চেন হচ্ছে এটা একটা আর্জেন্ট পাব্লিক ইমপরটেন্স-এর ব্যাপার, কারণ ও'রা যেভাবে গণতন্ত্রকে নিয়ে যাচ্ছেন সেটা আপনি বুঝতে পাচ্ছেন। আর দুদিন বাদে হয়ত স্পীকারের দরকার হবে না। ও'দের পার্টি মেশিনারীর সঙ্গে গভর্নমেণ্টকে একেবারে জড়িয়ে ফেলেছেন। এর আগে অনাস্থা প্রস্তাবে আমি বলেছিলাম ওরা দেশকে ফ্যাসিজমের দিকে নিয়ে যাচ্ছেন সেজন্য আমাদের বক্তব্য হচ্ছে চব্বিশপরগনায় যেটা করতে যাচ্ছেন সেটার ফল কি হচ্ছে।

[2-10—2-20 p.m.]

তার ফলে যেটা হচ্ছে সেটা হচ্ছে যে একটা নৈতিকভাবে এরা অত্যন্ত গর্হিত কাজ করতে যাচ্ছেন। যেহেতু গভর্নমেণ্টকে বিভিন্ন বিষয়ে কমিট করা হচ্ছে, গভর্নমেণ্ট মেশিনারী ইউটিলাইজ করছেন, এটা কোন্ দেশী গণতন্ত্র আপনি বলতে পারেন? ইংল্যাণ্ডে এর বড় বড় পার্টি আছে, আমেরিকায় পার্টি আছে—সেখানে যে লেবার পার্টির কনফারেন্স হয়ে গেল, কনজার-ভেটিভ পার্টির কনফারেন্স হয়ে গেল আপনি দেখেছেন যে সেখানকার গণতন্ত্র চলে গভর্নমেণ্টের মেশিনারীগুলো এইরকম একটা পম্প অ্যান্ড গ্রাঞ্জার-এর সৃষ্টি হয়েছে? দুর্গাপুরে কি হয়েছে? স্যার, সেখানকার টিন কংগ্রেসী লোকদের দিয়ে ব্ল্যাক মার্কেটিং করিয়েছে। আই চ্যালেঞ্জ ইট, ও'দের ক্ষমতা থাকে ও'রা চ্যালেঞ্জ করুন এবং টিন নিয়ে এই সব কাণ্ড হবে আমাদের গভর্নমেণ্টের—গভর্নমেণ্ট তো ও'দের একার নয়, হোল কান্ট্রির। কাজেই সেই গভর্নমেণ্টকে ও'রা এইভাবে ইউটিলাইজ করবেন কেন এটা আপনি একটু চিন্তা করে দেখুন। কাশীবাবু যেটা নিয়ে এসেছেন এটা ও'দের একটা শিক্ষার জিনিস যে এইভাবে সরকারকে কমিট করান উচিত নয়, এই হাউসেরও অধিকার আছে সেটাকে জানবার এবং সিদ্ধান্ত নেওয়ার জন্য। তারপরে স্যার, উদ্বাস্তুদের উচ্ছেদ করা হচ্ছে, গরীব গোয়ালাদের উচ্ছেদ করা হচ্ছে। কি হবে? না, কংগ্রেসের সম্মেলন হবে। এতে একটা খুব পম্প অ্যান্ড গ্রাঞ্জার-এর সৃষ্টি হবে। সেইজন্য স্যার, আমি আপনাকে বলছি যে, এই অ্যাডজোর্নমেণ্ট মোশানটিকে লঘুভাবে চিন্তা করবেন না, এটাকে একটু গুরুতরভাবে চিন্তা করে হাউসে আলোচনা করার সুযোগ দিন। ও'দের একটু লেগেছে বৈকি, লাগবে কিন্তু কোন উপায় নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি বললেন যে একটা সর্ট নোটিস কোশ্চেন দিতে। কিন্তু এর পরে যখন সর্ট নোটিশ দেব তখন তো আরো অবাক হয়ে যাবেন। আজকের পরে আর আমরা আলোচনা করতে পারছি না। সম্মেলন তো আপনার ১৫-১৬ তারিখে। তার-পরে যখন আমরা বসবো তখন আর আলোচনা করতে পারব না। তাই আজকে আমি একটা সর্ট নোটিস দিলাম।

মিঃ চেয়ারম্যান: মিঃ মৈত্র, অ্যাডজোর্নমেণ্ট মোশান ডিজঅ্যালাউ হলে মিনিস্টার রিপ্লাই দেবেন এইরকম কোন রুলস আছে কিনা আমি জানি না।

শ্রীকাশীকান্ত মৈত্র: মিঃ চেয়ারম্যান, স্যার, আপনার এই রুলিংকে আমি নতি স্বীকার করে নিচ্ছি।

মিঃ চেয়ারম্যান: What can I do?

শ্রীকাশীকান্ত মৈত্র: স্যার, আপনার কাছে আমি শুধু আবেদন জানাচ্ছি যে এই হাউসের প্রত্যেকটি সদস্য আমরা একদিন বার বার বলেছি যে, জনগণের টাকা সরকার বিশেষ কোন রাজ-নৈতিক পলিটিক্যাল পার্টির কনফারেন্সে খরচ করবেন না। কিন্তু এখানে খরচটা হচ্ছে। যদি অর্থমন্ত্রী শৈলবাবু দাঁড়িয়ে একটি কথা বলেন যে, না এটা সর্বৈব মিথ্যা, সরকারী একটি পয়সাও খরচ করছেন না, তাহলে সঙ্গে সঙ্গে উইথড্র করে নিই যে না আমি বাজে কথা বললাম। এটা স্বীকার করতে বাধা কোথায় এবং এ'রা এখানে কেন বলবেন না? হয় আগে বলতে হয় যে পশ্চিম-বঙ্গ সরকারের পলিটিক্যাল রাইট আছে, কম্পিটেন্সি আছে, জুরিসডিকশান আছে যে একটি রাজনৈতিক দলের সম্মেলনে এই টাকা তাঁরা ব্যয় করতে পারেন, এইভাবে যদি বলেন তাহলে বলুন সেকথা। আর তা না হলে বলতে হবে যে না, আমরা সেখানে টাকা খরচ করছি না, অতএব এ নিয়ে আশংকা প্রকাশ করার কোন কারণ নেই। কিন্তু এটা হতেই পারে না যে, অর্থমন্ত্রী এইভাবে বসে থাকবেন এবং এই হাউসের মেম্বাররা বলবো যে এইভাবে টাকা অপচয় হচ্ছে। অথচ অর্থ-মন্ত্রী অর্থদপ্তরের লোক, তিনি একটা স্টেটমেন্ট করবেন না? অন্তত আপনি একটু অনুরোধ করুন এবং আমি ও'কে বলছি যে আপনি একটা স্টেটমেন্ট করুন। এত কথা বলেন আর একটা স্টেটমেন্ট করতে পারেন না? নির্লজ্জের মতন কংগ্রেস পার্টির কনফারেন্সের আবার কথা বলেন যে, আমরা গরীবের টাকায় কনফারেন্স করি। আমি বলছি এই টাকার পিছনে রয়েছে কংগ্রেসের

বড় বড় হোমড়া চোমড়া এবং বেহালার রায় বাড়ির লোকেরা টাকা ইনভেস্ট করেছে এবং পশ্চিমবঙ্গ সরকার লক্ষাধিক টাকা এইভাবে খরচ করছেন। নির্লজ্জ বেহায়ার মতন ও'রা বলেন যে, আমরা গরীবের টাকা নিয়ে কনফারেন্স করি। আমি জিজ্ঞাসা করছি যে গরীবের টাকা কোথায়? পুওর ট্যাক্স পেয়ারসদের টাকা নিয়ে খরচ হচ্ছে?

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, কাশীবাবু এবং অধিকারী মহাশয় এই হাউসের অর্ডার পেপারে যে জিনিস নেই বা আপনার বিনা অনুমতিতে এখানে যে প্রস্তাব তুলেছেন এবং যে আলোচনা করছেন তার জবাব মন্ত্রীরা বলতে পারেন কিনা জানি না। কিন্তু আপনার অনুমতি পেলে আমি দিতে পারি। আমাদের মনে হচ্ছে যে জনসাধারণের অর্থের রাজনীতি করে অপব্যয় ও'রা করছেন।

শ্রীকমলকান্তি গুহঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, আমার কথাটা হচ্ছে যে আপনি বলেছেন রুলে নেই, এইভাবে আলোচনা হতে পারে না। এখানে কথাটা হচ্ছে এই যে, আমরা হঠাৎ খবর পেলাম আমাদের সরকারের লক্ষ লক্ষ টাকা এইভাবে চলে যাচ্ছে। আমরা যারা পিপলস রিপ্রেজেনটেটিভস এখানে এসেছি, স্বভাবতই এটার সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারি যে এই অবস্থায় সরকারের লক্ষ লক্ষ টাকা অপচয় হচ্ছে কেন? মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত আছেন। তিনি যদি জবাব দেন তাহলে হাউসের কাজ নষ্ট হয় না। এটা রুলস এর প্রশ্ন নয়। রুল দিয়ে দেশের সমস্ত অবস্থা চিন্তা করা যায় না। এইরকম রুল যখন তৈরি হয়েছিল তখন সরকার এত স্বৈরাচারী হয়ে যাবে, কংগ্রেস দলের পিছনে এত অসৎ থাকবে সেদিন কেউ চিন্তা করেন নি। তাহলে রুলস সেইভাবে তৈরি হতো, এটা একটা ঘটনায় দাঁড়িয়ে গেছে। আমরা অর্থমন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে উনি এটা বলে দিন না যে খরচ হবে কি হবে না। আপনারা আইনের ফাঁকে ঐ সাধারণ লোকের কত রক্ত জল করা পয়সা এইভাবে খরচ করে দেবেন, আর আমরা সেটা বসে বসে নীরবে দেখব। আমরা যাত্রাগানের মৃত সৈনিকের অভিনয় করতে তো এখানে আসি নি। ঐ যে রাজা সেজে বসে আছেন দু দিনের জন্য, শৈলবাবুকে জিজ্ঞাসা করছি যে আপনি এই কথা বলুন আপনাদের ব্যাপারটা আমাদের বলুন, আপনার কি ক্ষমতা আছে বলুন। একদিন এখানে জ্যোতিবাবু এবং সোমনাথবাবু বলেছিলেন যে খুব বড় বড় রাজার পাঠ করলেন। কিন্তু আপনি যখন ড্রেসিং রুমে যান তখন সেন্ট্রাল গভর্নমেন্ট আপনার জামাকাপড় খুলে নেন। আমরা দেখতে পাচ্ছি যে এই অবস্থায় আপনার ফাইন্যান্স কমিশন কানাকানি করছেন, অথচ সেই অবস্থায় টাকা খরচ করতে যাচ্ছেন, এটা আমরা স্বভাবতই জিজ্ঞাসা করতে পারি এবং আপনি উত্তরটা দিয়ে গেলেই হয়। আপনি একেবারে সেই মহাজনদের পথ ধরেছেন। যেমন প্রফুল্লবাবু উত্তর দিচ্ছেন না, তেমনি আপনিও সেইরকম উত্তর দিচ্ছেন না। এই নীতি চলবে না কিন্তু, এর একটা ফয়সাল্লা হবে।

শ্রীশৈলকুমার মুখার্জীঃ
Not at your bidding but only at the bidding of the Chairman.

আপনার হুকুম পালন করতে বাধ্য নই। স্পীকার হুকুম দিলে বলব। আপনাদের হুকুম মানবার জন্য আইনত এখানে আসি নি।

(গোলমাল)

শ্রীনিখিল দাসঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, একটা কথা বলে দিলে............................

শ্রীবিজয়কুমার ব্যানার্জীঃ মিঃ চেয়ারম্যান, স্যার, আমার একটা বলার আছে। এইরকম একটা জরুরী কথা উঠল, আমরা জানতে চাই—আইনের কথা শুধু আপনি বললেই তো হবে না, আইনটা আমরাও কিছু কিছু বুঝি। এইরকম একটা এমারজেন্সীতে ভারত সরকারের কোন পার্লামেন্টে, কোন বিধানসভায় যদি এইরকম একটা সরকারের বিরুদ্ধে গুরুতর অভিযোগ হয়, এতগুলো সদস্য যদি আমরা বলি তাহলে মন্ত্রিমহাশয় কথা কইবেন না, এইরকম কোন জায়গায়, পৃথিবীর কোন বিধানসভার নজীর পাই নি। আমাদের অধিকার আছে কিনা সেটা আমরা জানতে চাই। মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে আমরা জানতে চাই কলকাতা শহর যদি আর একজন এসে নিয়ে নেয়, তখন আপনি বলবেন যে আপনারা সর্ট নোটিশ দিন। কিসের সর্ট নোটিশ? আমরা জানতে চাই যে আমাদের এই কথার উত্তর দিতে হবে।

শ্রীজ্যোতি বসু: মিঃ চেয়ারম্যান, স্যার, আমি আপনাকে বলতে চাই যে আপনার আইনের কোন অসুবিধা হয়ে থাকে—এখানে আইনের কোন অসুবিধা নেই। গতকাল আপনি জানেন যে, আমিও এইরকম একটা মুলতবী প্রস্তাব এনেছিলাম এবং যখন সেই মুলতবী প্রস্তাবের অনুমতি পাওয়া গেল না, তখন আমি স্পীকারকে অনুরোধ করলাম যে আপনি অন্য অনেকগুলি রুলস আছে যার একটার মধ্যে এনে ফেলতে পারেন। শেষ অবধি আমি বললাম যে আছে, কল অ্যাটেন-শানে সেটা আছে। তাইতে আপনি যদি আমাকে এই অনুমতি দেন তাহলে আমি সেটা এখানে রাখি এবং মন্ত্রিমহাশয় একটা উত্তর দিন। উত্তর চাই এটাই তো মূল কথা, আলোচনা না হয় নাই বা করলাম। উনি বললেন যে আমি তো বলতে পারি না. কেন, না, আপনি আগে দেন নি। কিন্তু মন্ত্রী যদি উত্তর দিতে রাজী থাকেন তাহলে কোন আপত্তি নেই এবং তাই তো মন্ত্রী উঠে কল অ্যাটেনশান ধরে নিয়ে এটাকে, তরুণবাবু কালকে উত্তর দিয়েছিলেন। এখন সেইজন্য উত্তর যদি না দেন সেটা অন্য কথা, আমি তার মধ্যে এখন যাচ্ছি না। কিন্তু আপনাদের কোন অসুবিধে নেই। আপনি শৈলবাবুকে জিজ্ঞাসা করতে পারেন যে তাঁরা উত্তর দিতে প্রিপেয়ার্ড কিনা। তাহলে তাঁরা উত্তর দিতে পারেন।

[2-20—2-30 p.m.]

Mr. Chairman: Unless there is a motion what will he reply to? উত্তর দেবে কিসের?

Shri Jyoti Basu:

ও'রা বলছেন খবর হচ্ছে আমার কাছে—এইমাত্র পেলাম যে, রাজনৈতিক সম্মেলন যেটা হচ্ছে, হতে চলেছে—যা কংগ্রেস করছেন, সেই বাবদ অর্থ ব্যয় হবে সরকারী তহবিল থেকে। আমি জানি, আমরাও সম্মেলন করি, তাতে নিজেদের টাকা খরচ করি, ও'রা বলছেন যে সেখানেও সরকার থেকে অর্থ খরচ করা হবে। তাই ও'রা জানতে চাচ্ছেন। এখানে অবাস্তব কথা বলে লাভ নেই। চেয়ারম্যান মহাশয়, আমাদের যদি কেউ সে বিষয় জানতে চান, তাহলে তা জানানো দরকার। আমা-দের কমিউনিস্ট পার্টির কনফারেন্সের জন্য সরকার থেকে পাই-পয়সাও খরচ হয় না। যেদিন হবে সেই খরচ, সেদিন বুঝতে হবে কমিউনিস্ট পার্টির বারোটা বেজে গেলো। তাই এ'রা জানতে চাচ্ছেন সরকার থেকে এই যে টাকা খরচ করা হবে এটা কি সম্মেলনকে সাহায্য করবার জন্য বিভিন্ন খাতে? এই প্রশ্ন সম্বন্ধে যদি তাঁদের উত্তর দেবার কিছু থাকে, তাহলে তাঁরা এর উত্তর দিবেন। যদি তাঁরা বলেন যে, সেরকম কোন খবর তাঁদের জানা নাই--সে আলাদা কথা। আপনার আইনে অসুবিধা হচ্ছে বলে বললাম। এই জিনিসটা জানার প্রয়োজনীয়তা আছে। মন্ত্রীরা উত্তর দিতে পারেন, যদি খবর থাকে।

Mr. Chairman:

মিনিস্টাররা ইচ্ছা করলে এখনি তার উত্তর দিতে পারেন। অথবা এ সম্বন্ধে একটা রুলিং অ্যাটেন-শান দিলেও তার উত্তর আপনারা পেতে পারেন।

Shri Bijoy Singh Nahar:

আপনি যদি স্যার, অ্যালাউ করেন, আমি এর উত্তর দিতে পারি। যে প্রশ্ন উঠেছে—চব্বিশপরগনা জেলা রাজনৈতিক সম্মেলন উপলক্ষে, সেই রাজনৈতিক সম্মেলনে সরকার কোন সাহায্য করছেন না—এটা স্পষ্টভাবে আমি বলতে পারি, রাজনৈতিক সম্মেলনে যেখানে প্রদর্শনী হয়, যে-কোন রাজনৈতিক দলই হোক না কেন, তা না হলেও যে কোন অঞ্চলে এইরকম প্রদর্শনী হয়, যেখানে লোকের সমাগম বেশী হয়, সেখানে সরকার যদি প্রদর্শনী করা উচিত ও যুক্তিসঙ্গত মনে করেন, তাহলে নিশ্চয়ই আমরা সেখানে দেখাই বা দেখাবার চেষ্টা করি। এর পূর্বে কংগ্রেস অধিবেশনে যে প্রদর্শনী হয়েছে, সেই অঞ্চলে আরো বিভিন্ন রকম প্রদর্শনী যা হয়েছে, তাতে আমরা অংশগ্রহণ করেছি—জেলায় জেলায়, সাব-ডিভিসনে। এমন কি অন্যান্য রাজনৈতিক সম্মেলনে বা বনগাঁয় যে

কমিউনিস্ট সম্মেলন হয়েছিল, সেখানে সরকার প্রদর্শনীতে অংশগ্রহণ করেছিলেন। বড় রকমের কোন সম্মেলন হলে পর যদি আমাদের কেউ সেখানে প্রদর্শনী দেখাবার জন্য ডাকেন, তাহলে সেখানে আমরা এক্সিবিশন-এ অংশগ্রহণ করতে পারলে খুসী হব।

Dr. Kanai Lal Bhattacharya:

এক্সিবিশান যেটা হচ্ছে কংগ্রেস পার্টির, সেই এক্সিবিশান ফী ব বদ সেখানে সম্মেলন হচ্ছে বলে কোন টাকা সরকার থেকে দেওয়া হয় কিনা? এই হচ্ছে প্রশ্ন। কিন্তু আমরা জানি টাকা দেওয়া হয়। ১৬টা জেলাতে রাজনৈতিক সম্মেলন হবে, অল ইন্ডিয়া রাজনৈতিক সম্মেলন যেটা মায়াপুরে হলো, মেদিনীপুরে প্রদেশ কংগ্রেসের এই ধরনের সম্মেলন হয়, সেখানে গভর্নমেন্ট পক্ষ থেকে টাকা দেওয়া হয়। এটা নিশ্চয়ই অবজেকশানেবল।

Mr. Chairman:

মিঃ ভট্টাচার্য, আপনি নিশ্চয়ই জানেন গভর্নমেন্টের একটি পাবলিসিটি ডিপার্টমেন্ট আছে। এটা বোধ হয় তাঁরা করতে পারেন।

There is also a Minister in charge of Publicity. Let us now go back to the day's business.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Chairman: Now, the Hon'ble Minister in charge of Home Department will please make a statement on the subject of Income-tax restriction on advertisement in Newspapers and Periodicals—attention called by Shri Bijesh Chandra Sen.

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to make the following statement in reply to the Calling Attention Notice given by Shri Bijesh Chandra Sen regarding restriction on advertisement in Newspapers and Periodicals.

On receipt of the information through publication in the Press regarding amended Income-tax Rules, putting a ceiling on all sorts of advertisement, the Chief Minister at once drew the attention of the Prime Minister and the Union Finance Minister as to the serious repurcussions on industry, trade and advertising agencies and particularly, Newspapers and Periodicals and he pointed out that such restriction would not only affect the trade and industry but would result in large scale unemployment and hamper industrial growth to a great extent and force many publications to close down. He also pointed out that the public would also lose the benefit of information regarding production and business activities through advertisement.

The Chief Minister has only recently been informed by the Prime Minister in reply to his letter that the whole question is being reconsidered by the Ministry of Finance and the relevant rules restricting the allowance for advertisement has been deleted and the Government of India, before taking any final decision in the matter, will consider public opinion.

Mr. Chairman: Now, the Hon'ble Minister-in-charge of Agriculture Department will please make a statement on the damage of Rabi crops caused by recent hail storm in West Bengal, called attention by Shri Ananga Mohan Das on the 5th April, 1965.

Shri Smarajit Bandyopadhyay: Sir, in respect of the Calling Attention Notice given by Shri Ananga Mohan Das, I beg to make the following statement.

The damage to Rabi crop in this State due to recent storm and hail storm has been negligible.

In the districts of Jalpaiguri, Darjeeling, Cooch Behar, West Dinajpore, Burdwan, Birbhum, Bankura, Purulia, Midnapore (East), 24-Parganas (North) and Howrah, there was no damage worthmentioning.

In Malda, Murshidabad, Nadia, some Rabi crops were damaged but the actual extent of damage has not been ascertained.

About 300 acres of vegetables and 60 acres of Panboroj sustained damage in Midnapore (West).

In 24-Parganas (South) and Hooghly, summer vegetables in small areas were damaged.

The overall damage to Rabi crops in the State is negligible.

Mr. Chairman: I have received three notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Stray Dogs—by Shri Bejoy Kumar Banerjee, Shri Monoranjan Bakshi, Shri Adhar Chandra Haldar, Shri Khalil Sayeed and Shri Birendra Narayan Ray.

(2) Unveiling of the national theatre "Rabindra Sarani"—by Shri Jyoti Basu and Shri Monoranjan Roy.

(3) Damage of archaeological goods owing to the encampment of the Control Office of Civil Defence in Indian Museum—by Shri Sambhu Charan Ghosh.

I have selected the notice of Shri Jyoti Basu and Shri Monoranjan Roy on the subject of unveiling of the national theatre "Rabindra Sarani". The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Saila Kumar Mukherjee: Statement will be made on the next reopening day.

এটা রবীন্দ্র স্মরণীর বিষয়, দ্বারোদ্ঘাটন কবে হবে, তা কেউ জানেন না, এতে আমরা একটা ভয়ঙ্কর বিক্ষোভ চারিধারে দেখছি, কালকে কাউন্সিলেও জিজ্ঞাসা করা হয়েছিল। আমার মনে হয় যে আজকের মধ্যে যদি অনুমতি দেন। এখন তো উনি বলতে পারবেন না, কারণ শিক্ষামন্ত্রী নেই, শিক্ষামন্ত্রী যদি আসেন তাহলে আজ আমাদের কাজ শেষ হবার আগে এটা বলা উচিত। কারণ তা না হলে ২৫শে বৈশাখ—সেদিন ঐ সমস্ত সাংস্কৃতিক জগতে যাঁরা আছেন তাঁরা ঠিক করেছেন যে যদি দ্বারোদ্ঘাটন না হয়—যদি এর অনুমতি দেওয়া না হয় রবীন্দ্রনাথের প্রতি সম্মান দেখাবার জন্য বিভিন্ন রকম নাটক ইত্যাদি নানা রকম বিষয় যে তারা করবেন তাহলে তারা বাধ্য হবেন প্রতিবাদ করতে তার পাশের সংলগ্ন জমিতে দাঁড়িয়ে তারা সেইসব নাটক—নাচ ইত্যাদি করবে—এটা অন্যান্য রাজ্যে হয়ে গেছে—আর এখানে পন্ডিত জওহরলাল নেহেরু যে প্রস্তর স্থাপন করে গিয়েছিলেন আজ অবধি তার দ্বার উদ্ঘাটন হল না এটা খুবই লজ্জার কথা। এটা আমরা জানতে চাই—কারণ ২৫শে বৈশাখ অবধি হয়তো হাউস থাকবে না। সুতরাং আপনি ওঁকে একটু ডেকে পাঠান।

শ্রীশৈলকুমার মুখার্জি: স্যার, ২৫শে বৈশাখ হোল ৮ই মে, আমাদের এই হাউস আবার ২০শে এপ্রিল খুলবে, আমাদের এডুকেসন মিনিষ্টার হয়তো এখন কাউন্সিলের কোয়েশ্চেনে জবাব দিচ্ছেন।

On the first day I shall communicate to you. There will be enough time left before 25th Baisakh.

[2-30—2-40 p.m.]

Leave of absence

Mr. Chairman: I have received an application for leave of absence from Shri Debi Prosad Basu. I take it that the leave is granted.

K—49

Strike in West Bengal Governmnet Press

শ্রীজ্যোতি বসু: চেয়ারম্যান মহাশয়, আপনি অন্য বিষয়ে যাবার আগে, আমি আপনার অনুমতি নিয়ে একটা বিষয়ের উপর বলতে চাই। সেটা হচ্ছে এই মাত্র আমি খবর পেলাম যে ওয়েস্ট বেংগল গভর্নমেণ্ট প্রেস—সেখানকার প্রায় এক হাজার লোক বাইরে দাঁড়িয়ে আছে। তাদের ভেতরে ঢুকতে দেওয়া হচ্ছে না, তাদের হটাতে একটা প্রো ফর্মা নোটিস দেওয়া হয়েছে—তাদের যিনি অফিসার বি, সি, কুণ্ডু তিনিও সেখানে আছেন, কিন্তু তাদের ঢুকতে দেওয়া হচ্ছে না, এটা এই বলে দেওয়া হয়েছে যে শ্রমিকরা একটা আণ্ডারটেকিং দেবেন

hereby undertake that I shall discharge my official duty loyally and concientiously in accordance with all service rules that are in force and that may be in force in future.

এই রকম একটা অদ্ভুত অর্ডারে তাদের বলা হচ্ছে যে সই কর। কি ব্যাপার কিছু জানে না, আমাদের এই হাউস-এর সংগে জড়িত, আমাদের হাউসের অনেক জিনিসপত্র ওখানে ছাপাতে হয়, আমাদের প্রসিডিংস ওখানে ছাপাতে হয়, এবং আমাদের কাজও হেল্ড আপ হয় কারণ অনেক দিন ধরে সেখানে কি একটা গোলমাল চলছে। আজকে হঠাৎ এই নোটিস দেওয়া হয়েছে। এখানে লেবার মিনিষ্টার আছেন, তিনি কিছু জানেন কিনা বা অন্য কেউ কিছু জানেন সেটা জানতে চাই। বি, জি, প্রেসের শ্রমিকরা বাইরে দাঁড়িয়ে আছে তারা কিছু বুঝতে পারছে না যে ব্যাপারটা কি হোল, সেইজন্য আমি এটা তুললাম। এটার যদি উত্তর পাই তাহলে আমি আর একটা তুলবো।

শ্রীবিজয় সিং নাহার: এটা শিল্প বিভাগের ব্যাপার—এখন ইণ্ডাষ্ট্রি মিনিষ্টার নেই। তবে আমি যতটুকু জানি, বি, জি, প্রেসে কিছুদিন ধরে ষ্ট্রাইক চলছে, কোন কাজ কেউ করছেন না। সেইজন্য সরকার মনস্থ করেছেন যে এখানে ইনডিসিপ্লিন চালাতে দেবেন না, তাই যারা নিয়ম মেনে কাজ করতে চায় তাদের জন্য ঐ ফর্ম ঠিক করা হয়েছে—যাতে ডিসিপ্লিন থাকে—এটা সই করলে ডিসিপ্লিনের মধ্যে আসলে তাদের কাজ করতে দেওয়া হবে—তা না হলে দেওয়া হবে না এটা সরকার সিদ্ধান্ত করেছেন।

শ্রীমনোরঞ্জন রায়: এতদিন ধরে যে বি, জি, প্রেসে গোলমাল চলেছে এটা বিজয়বাবু ভাল করেই জানেন যে সেখানে ওভারটাইম নিয়ে সেখানকার অফিসার কিছু বাংগলিং করেছেন যার জন্য আমাদের এই এসেম্বলীর কিছু ছাপা হচ্ছে না। আজকে হঠাৎ তাদের একটা সহি করে দিতে বল্লেন, এটা কি ব্যাপার ?

শ্রীবিজয় সিং নাহার: কোন বাংগলিং সেখানে হয় নি। সেখানে তারা তিন-চার দিন ধরে ষ্ট্রাইক করেছে যার জন্য কোন জিনিস সেখানে ছাপানো হচ্ছে না। আমরা কোন কাজ পাচ্ছি না, সেইজন্য সরকার বিহিত ব্যবস্থা গ্রহণ করে প্রেস যাতে ভাল করে চলে—কর্মচারীরা যাতে অন্য লোকের প্ররোচনায় গোলমাল করে ষ্ট্রাইক করে যাতে কাজ বন্ধ করতে না পারেন তার জন্য যা ব্যবস্থা গ্রহণ করা দরকার সেই ব্যবস্থা গ্রহণ করেছেন।

শ্রীজ্যোতি বসু: তারা যাতে মাইনে পায় ওভারটাইম পায় সেটাও তো দেখতে হবে।

শ্রীবিজয় সিং নাহার: আমি আপনাকে বলতে পারি মাইনে সম্বন্ধে কোন গোলমাল নেই। তাদের সংগে যে সমস্ত কথা হয়েছিল সরকার সমস্ত প্রতিশ্রুতি পালন করেছেন।

শ্রীমনোরঞ্জন রায়: তাদের ওভারটাইম বন্ধ করে দেওয়া হয়েছে কেন?

শ্রীবিজয় সিং নাহার: ওভারটাইম যা দেওয়া হচ্ছিল সেটা ইনডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের বিরুদ্ধে, আমরা সেটা দিতে পারি না।

শ্রীজ্যোতি বসু: চেয়ারম্যান মহাশয়, আমার আর একটা কথা আছে, স্পীকার মহাশয় এখানে নেই, উনি আসবেন কিনা জানি না, না অসুস্থ আছেন? আমাদের বিজনেস এ্যাডভাইসারী কমিটির যখন মিটিং হয় তখন সেখানে একটা সিদ্ধান্ত হয়েছিল শ্রী নন্দ স্বরাষ্ট্র মন্ত্রী কেন্দ্রের,

তিনি যে বিবৃতি দিয়েছিলেন কমিউনিষ্টদের সম্পর্কে সে সম্পর্কে, আমাদের এখানেও তা বিতরণ করা হয়েছে—সেই বিবৃতি সম্পর্কে এখানে একদিন আলোচনা হবে, আমি একটা চিঠিও পেয়েছিলাম স্পীকারের কাছ থেকে যে এর জন্য একটা দিন ধার্য করা হবে
in consultation with the Leader of the House
কিন্তু আজ অবধি কিছুই স্থির হোল না। স্পীকার আমাকে বলেছিলেন যে এটা এখানে তুলবার দরকার নেই কারণ এটা ঠিক হয়ে গেছে, পার্লামেন্টারী এ্যাফেয়ার্সের মিনিষ্টারও বলেছেন যে দেবেন—কিন্তু আজকে এটা আমি তুলছি বাধ্য হয়ে—কারণ আজকে আমাদের এই হাউস শেষ হয়ে যাচ্ছে, আবার ২০ তারিখে আমরা আসবো, ইতিমধ্যে সংবাদপত্রে দেখলাম মুখ্যমন্ত্রী থাকছেন না, তিনি জাপান চলে যাচ্ছেন, তাই আমার মনে হচ্ছে আমাদের হাউস যখন চলবে তখন তিনি হয়তো থাকবেন না এখানে। এখানকার স্বরাষ্ট্রমন্ত্রী যদি না থাকেন—আমি জানি না আর কোন ব্যবস্থা হবে কিনা, এবং এখানে যদি আলোচনা হয় তাহলে তার উত্তরই বা কে দেবেন, তার কি ব্যবস্থা থাকবে, না কি শেষ অবধি আমরা শুনতে পাবো একথা, কারণ আগেও এরকম হয়েছে যে যেহেতু মুখ্যমন্ত্রী নেই সেইহেতু আজই আলোচনা করে লাভ নেই, কারণ কে জবাব দেবে।

এরকম যাতে না হয় সেই জন্য আপনার কাছে আজকের দিনের মধ্যে জানতে চাই। যদি এখন জানাতে পারেন তাহলে আমাকে বলে দিন অথবা যদি কোন মন্ত্রী জানেন তাহলে আমাকে বলে দিন যে সেই দিনের কি হোল। সেই চিঠি আমার কাছে আছে যেটা আমি স্পীকারকে দিয়েছিলাম।

মিঃ চেয়ারম্যানঃ ইট উইল বি কনভেড টু, দি স্পীকার উইল বি কামিং।

জহরলাল ব্যানার্জীঃ লিডার অব দি অপজিসন যদি মনে করেন চীফ মিনিষ্টার না থাকলে গণ্ডগোল হতে পারে তাহলে আমি সাজেস্ট করছি চীফ মিনিষ্টার আসার পর হাউস বসুক।

Burdwan-Katwa Narrow Gauge Railway Line

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বোধহয় জানেন বর্ধমান-কাটোয়া রেল লাইন এতদিন পর্যন্ত ন্যারো গেজ রেলওয়ে লাইন হিসেবে ছিল। যে কোম্পানী এই রেলওয়ে লাইন চালাচ্ছিল তাদের উপর কেন্দ্রীয় সরকার নোটিশ দিয়েছেন যে, থার্টিফার্স্ট মার্চ, ১৯৬৬ থেকে তাদের হাতে এটা আর থাকবে না। তাদের হাতে যে থাকবে না তাতে আমার কোন আপত্তি নেই, কিন্তু আমার ভয় হচ্ছে ওই তারিখের পর থেকে ওই রেলওয়ে লাইন বন্ধ না হয়ে যায়। ওই রেলপথ দিয়ে ১২ লক্ষ যাত্রী বছরে যাতায়াত করেন এবং শঙ্করবাবুকে জানাই ওই রেলপথ উঠে গেলে নদীয়া বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হবে। দুর্গাপুরে শিল্পের উন্নতি হবার পর বার্ডোয়ান-কাটোয়া রেলওয়ের মাধ্যমে নদীয়া এবং মুর্শিদাবাদের বেশীরভাগ যাত্রী ওই পথ দিয়ে যাতায়াত করে। কাজেই এটা যদি উঠে যায় তাহলে এর পিণ্ড উনি একটু পরে বুঝতে পারবেন। ১৯৫৮-৫৯ সালে যেখানে ৩ খানি ট্রেণ যাতায়াত করত আজ সেখানে ১২ খানা আপ-ডাউন ট্রেণ যাতায়াত করছে এবং ফুল লাইন ক্যাপাসিটির উপরে প্যাসেঞ্জাররা যাতায়াত করছে। আয়-ব্যয়ের হিসেবে দেখছি যদিও লোকসান হচ্ছে। ১৯৬৩ সালে নেট ইনকাম ছিল ৫ লক্ষ ৬৬ হাজার টাকা, ১৯৬৪ সালে ছিল ৬ লক্ষ ১৭ হাজার টাকা এবং গ্রস ইনকাম দেখছি ১৯৬৩ সালে ৬ লক্ষ ৪৫ হাজার টাকা এবং ১৯৬৪ সালে ৭ লক্ষ ২০ হাজার টাকা। এখানে প্রায় ৫০০ কর্মচারী কাজ করেন। এই রেলপথের দুধারে যে প্রচুর জমি আছে তাতে কেন্দ্রীয় সরকার যদি মনে করেন এই রেলপথের পাশে ব্রড গেজ লাইন করবেন তাহলে আমার বক্তব্য হচ্ছে জমি এ্যাকোয়ার করা ছাড়া টেকনিক্যাল পার্সোনেলদের দিয়ে তদন্ত করে দেখা গেছে পাশাপাশি ৪টি আপ এ্যান্ড ডাউন লাইন করা যেতে পারে একজিসটিং ন্যারো গেজ-কে রেখে। কাজেই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এখন যখন ১ বছর সময় আছে তখন তিনি এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করুন। বর্ধমান থেকে কাটোয়ার দূরত্ব বেশী নয় এবং এই

রেলপথের জায়গায় যদি ব্রড গেজ লাইন করা হয় তাহলে যাত্রীদের প্রভূত উপকার হবে। এটা বন্ধ হলে মানুষের প্রচুর অসুবিধা হবে; কাজেই এই কাজ করে তারপর এটা তুলুন বা গ্রহণ করুন।

[2-40—2-50 p.m.]

Employment of local refugees in the Farakka Barrage Project

শ্রীলুৎফল হক: স্যার, পরশুদিন মাননীয় এম এল এ বন্ধুরা যাচ্ছেন ফারাক্কা ব্যারাজ দেখবার জন্য এবং মাননীয় মন্ত্রিমহোদয়, সেটা এরেঞ্জ করেছেন, খুব ভাল হয়েছে, সকলেই যাচ্ছেন, আমি অগ্রবর্তী হয়ে তাদের অভিনন্দন জানাচ্ছি, সেটা আমাদেরই অঞ্চল। সেখানে ফারাক্কা ব্যারাজ প্রজেক্টে বিরাট এলেকা দখল করা হয়েছে এবং সেখানে অনেক গ্রামও নিশ্চিহ্ন হয়েছে, সেখান থেকে অনেক লোককে বার করে দেওয়া হয়েছে। এখানে কথা ছিল যে সব লোক সেই এরিয়াতে উদ্বাস্তু হবে বা যাদের জমিজমা এফেক্টেড হবে ব্যক্তিগতভাবে জমিজমা যাবে ঘর বাড়ী যাবে, তাদের এই ব্যারাজ প্রজেক্টে যারা যে কাজের যোগ্যতাসম্পন্ন, সেই কাজে তাদের প্রেফারেন্স দিতে হবে, এই বিরাট প্রজেক্ট সম্বন্ধে আমি এই রকম একটা কথা শুনেছিলাম।

মিঃ চেয়ারম্যান: এ সম্বন্ধে মিনিষ্টারের সঙ্গে কথা বলাই তো ভাল।

শ্রীলুৎফল হক: আমি একথাই বলতে চাচ্ছি, আমরা সকলেই সেখানে যাচ্ছি, মাননীয় মন্ত্রী আশা করি যাবেন সেখানে, কাজেই সেখানকার সেই উদ্বাস্তুরা কেন প্রেফারেন্স পাচ্ছে না, এম্প্লয়মেন্ট পাচ্ছে না সেদিকে তিনি যেন লক্ষ্য রাখেন, মাননীয় সদস্যরা যেন লক্ষ্য রাখেন, সেদিকে আবেদন জানাচ্ছি।

Special arrangements for refugees in the border area

শ্রীকমলকান্তি গুহ: চেয়ারম্যান মহাশয়, গতকাল এই হাউসে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে মেখলিগঞ্জ কুচলিবাড়ী থেকে লোকজন সরে যাচ্ছে। তিনি বলেছেন টেলিগ্রাম পেয়েছি, খোঁজ করে দেখবো। তিনি খোঁজ করে আজ পর্যন্ত কি জানলেন সেটা হাউসকে জানালেন না। সেটা জানবার জন্য আমরা উদ্‌গ্রীব আছি।

দ্বিতীয় কথা হচ্ছে—পার্লামেণ্টে বর্ডার বন্ধ নিয়ে তুমুল ঝড় বয়ে গেছে, আজকের সংবাদ পত্রে দেখেছি। সেখানে শেষে মন্ত্রীরা এই প্রতিশ্রুতি দিয়েছেন যারা সত্যিকার উদ্বাস্তু তাদের সম্বন্ধে বিশেষ ব্যবস্থা করা হবে। এবং তাঁরা ষ্টেটগুলিকে সেটা জানিয়ে দেবেন বলেছেন কিন্তু পাশাপাশি খবরের কাগজে এটা দেখছি কাল যারা এসেছে তাদের পুশ ব্যাক করা হচ্ছে রোজই এই রকম ব্যাপার হবে। আমি তাই জানতে চাই লোকসভায় মন্ত্রী যা বলেছেন যে বিশেষ ব্যবস্থা করা হবে, এই বিশেষ ব্যবস্থা করার জন্য পশ্চিমবঙ্গ রাজ্যকে কি নির্দেশ দিয়েছেন এবং সেই অনুসারে পশ্চিমবঙ্গ সরকার বর্ডার সম্বন্ধে যারা উইদাউট ডকুমেণ্টে আসছে, তাদের সম্বন্ধে কি ব্যবস্থা করেছেন, বিশেষ ব্যবস্থা কি অবলম্বন করেছেন, জানতে চাই অথচ এদিকে প্রতিশ্রুতি দেওয়া হল লোকসভায় বিশেষ বন্দোবস্ত করছি, আমরা দেখছি, বিশেষ বন্দোবস্ত করার জন্য যে নীতি ছিল ১লা এপ্রিল থেকে পুশ ব্যাক করার, সেই নীতি এখনও চালু আছে। এই পরিবর্তন সম্বন্ধে মুখ্যমন্ত্রী খোঁজ নিয়ে কি জানলেন, লোকসভায় যেকথা বলা হয়েছে, সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকার কি নির্দেশ দিয়েছেন সীমান্তের উদ্বাস্তুদের সম্বন্ধে কি ব্যবস্থা হবে সেটা একটু জানতে চাই।

Pox in Santipur area and spread of T. B. in West Bengal

শ্রীকানাই পাল: আমি আপনার মাধ্যমে দুটি বিষয়ের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রথম ঘটনা হচ্ছে—শান্তিপুরে সাংঘাতিক ভাবে ব্যাপকভাবে পক্স সুরু হয়েছে, এবং উভয় রকম পক্সই হচ্ছে, সেখানে মিউনিসিপ্যালিটি

তরফ থেকে টিকা দেওয়া হচ্ছে না যথাযথভাবে, এবং একটা উত্তর বার বার পাচ্ছি যে তারা টীকা দেবার এম্প্‌ল চেয়েও, টেলিগ্রাম করেও এম্প্‌ল তারা পাচ্ছে না, আমি এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ জানাই যে যথাযথ ব্যবস্থা অবলম্বন করুন যাতে অবিলম্বে সমস্ত এলেকা ইনঅকুলেটেড্‌ হয়।

দ্বিতীয় প্রশ্ন যেটার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং মারাত্মক প্রশ্ন, সেটা নিয়ে আমাদের দেশে যে মারাত্মক দ্রুতগতিতে টি বি রোগীর প্রসার হচ্ছে এবং টি বি রোগীদের চিকিৎসা নিয়ে যে ব্যবস্থা বা অব্যবস্থার সৃষ্টি হচ্ছে সে সম্পর্কে। অধিকাংশ টি বি রোগী যাদের চিকিৎসা হওয়া দরকার, তাদের চিকিৎসার বন্দোবস্ত করতে পাচ্ছেন না এবং স্বাস্থ্য বিভাগ যে নীতি অনুসরণ করে চলেছেন তাতে দেখছি—যে সমস্ত রোগী মারাত্মক অসুস্থ, যাদের অপারেশন হবে তাদের হাসপাতাল থেকে সরিয়ে দেওয়া হচ্ছে।

তাদের যেভাবে হাসপাতাল থেকে সরিয়ে দেওয়া হয়েছে এটা একটা অদ্ভূত ব্যাপার। এটা একটা অদ্ভূত ব্যাপার। এ হাসপাতালে চুরি, দুর্নীতি চলছে কর্তৃপক্ষের কাছে ধরিয়ে দেওয়া সত্ত্বেও কিছু হয়নি। ১লা মার্চ তারিখে তাদের ধরিয়ে দেওয়া হল এবং ১০৭ এবং ১১৭ ধারা এদের বিরুদ্ধে প্রয়োগ করা হয়েছে। ২৭ জনকে জেলে এবং অন্যান্য হাসপাতালে আসামী হিসাবে রাখা হয়েছে যার মধ্যে ৭ জন এ, জি, হাসপাতালে রয়েছে ৮ জন যারা রানাঘাট জেলে ছিল তার মধ্যে ৪ জন কোন রকম করে জামিন নিয়েছেন এবং দুজনকে কৃষ্ণনগর থেকে পুরুলিয়ায় পাঠানো হয়েছে। আই, জি, হাসপাতালে এরূপ অবস্থার সৃষ্টি হয়েছে যে সেখানে কলেরা এবং বসন্ত রোগ দেখা দিয়েছে, টি বি রুগীদের গায়ে কি সব গোটা গোটা বেরিয়েছে। এ ব্যাপারে মুখ্যমন্ত্রী আমাকে ডেকে বলেছিলেন যাদের অপারেসান কেস তাদের যাদবপুরে পাঠাবার নির্দেশ দিয়েছি, কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি, জেলে যে ৪ জন পড়ে রয়েছে, তারা মরতে বসেছে এর একটা ব্যবস্থা করা দরকার, হেলথ মিনিষ্টারকে বলেছিলাম যে উভয় পক্ষের সদস্যদের নিয়ে তিনি সেখানে চলুন একটা তদন্ত করবার জন্য কিন্তু তাও কিছু হয়নি। যাহোক এ সম্বন্ধে অবিলম্বে একটা ব্যবস্থা করার জন্য দাবী করছি।

Condition of service of Oriental Gas Company workers

মিষ্টার চেয়ারম্যান, স্যার, আপনার মাধ্যমে ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীর শ্রমিক কর্মচারীদের সম্বন্ধে এখানে কিছু বলতে চাই। এখানে অবশ্য শিল্পমন্ত্রী নেই, শ্রমমন্ত্রীর কাছেই নিবেদন করছি। এই অরিয়েণ্টাল গ্যাস কোম্পানীকে ১৯৬০ সালে সরকার নিজের হাতে নিয়েছেন কিন্তু ১৯৬০ সালে হাতে নেবার পর এই কোম্পানী যে সব শ্রমিক কর্মচারীদের অবস্থা কাহিল হয়েছে ১৯৬০ সালে পুরানো কোম্পানী একটা এসিওরেন্স দিয়েছিল যে কর্মচারীদের গ্রেড ও স্কেল ফিক্স্‌ আপ করে দেবো, অথচ সরকারের হাতে আসবার পর শ্রমিক কর্মচারীদের যে গ্রেড্‌ ও স্কেল ফিক্স আপ করা হয়নি। ১৯৬৩ সালের পর থেকে কোন ইনক্রিমেণ্ট কোন কর্মচারী পাননি, এ ছাড়া ৬০ সালের আগে যে সমস্ত এমিনিটিজ তারা ভোগ করতেন, যেমন ধরুন ফ্রি কেক বা চার আনায় যে কয়লা পেতেন সেসব ৫ সের করে কোল্ড স্যার পেতেন তা বন্ধ করে দেওয়া হয়েছে। প্রমোশান যা পেতেন সে সব বন্ধ করে দেওয়া হয়েছে তারপর বোনাস সম্পর্কে পুরানো এবং নূতন কর্মচারীদের মধ্যে একটা ডিসক্রিমিনেসান করা হচ্ছে। এ ছাড়া ফেবারিটিজম এবং নেপাটিজম সেখানে চূড়ান্তভাবে দেখা দিয়াছে। সুতরাং আপনার মাধ্যমে বলতে চাই যে সরকারী শিল্পে এরূপ একটা ব্যবস্থা চলুক নিশ্চয়ই আমরা তা চাই না। সুতরাং এ সব কর্মচারীদের কণ্ডিসান অফ্‌ সার্ভিস যাতে ইম্প্রুভড হয় সেদিকে লক্ষ্য রাখুন।

[2-50—3-15 p.m.]

Troubles of patients waiting in queue in ENT Department

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ আপনার মাধ্যমে আমার বক্তব্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের অনুপস্থিতিতে অন্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি মেডিক্যাল কলেজ ই, এন, টি, বহির্বিভাগের অব্যবস্থার

প্রতি। সেখানে সকাল ৬টা থেকে ৯টার ভেতরে র‍ুগীদের নাম তালিকাভুক্ত করা হয়। র‍ুগীদের ৬টা থেকে এসে লাইন দিতে হয় ৯টার মধ্যে যাদের নাম তালিকাভুক্ত হয় তারা ছাড়া অনেককে নিরাশ হয়ে চলে যেতে হয়। আমার বক্তব্য হচ্ছে ৯টার মধ্যে তাদের নাম তালিকাভুক্ত করা হয় মহিলা এবং প‍ুর‍ুষ যদিও প‍ৃথক দাঁড়ান কিন্তু ১ জন লোক তালিকাভুক্ত করে এই অস‍ুবিধার কথা বলে আমি মন্ত্রিমহাশয়ের দ‍ৃষ্টি আকর্ষণ করছি।

GOVERNMENT BILL

The West Bengal Fisheries (Requisition and Acquisition) Bill, 1965

শ্রীঅপ‍ূর্বলাল মজ‍ুমদার: চেয়ারম্যান স্যার আমি দেখছি ফিসারীর যখন আলোচনা করি তখন ফিসারী মিনিষ্টার থাকেন না অস‍ুস্থ বলে শ‍ুনেছি। এখন এস ভট্টাচার্য তিনি এর ভার নিয়েছেন, তিনিও উপস্থিত নেই। আপনি ডেকে পাঠান আমার মনে হয় আমি যে কথা বলবো বিজয়বাব‍ু এসব ব‍ুঝবেন না।

Mr. Chairman:
One Hon'ble Minister is there. He will take notes. Please do not take up the time of the House in this way.

শ্রীশঙ্করদাস ব্যানার্জী: স্যার, আমার মনে হয় যে আপনি ১০ মিনিট এডজর্ণ করে দিন। মন্ত্রিমহাশয় আস‍ুন এটা রাইট অফ দি হাউস যিনি বিল পাইলট করেন তার উপস্থিত থাকা চাই, Piloting Minister is not here. It will be better if you adjourn the House for 10 minutes.

শ্রীবিজয় সিংহ নাহার: আমাদের ২টা হাউস একসঙ্গে চলছে ১০ মিনিট এই হাউসের সময় নষ্ট করে লাভ নেই। মন্ত্রিমহাশয় যেটা বললেন সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যিনি অত্যন্ত জর‍ুরী কাজে গেছেন তাঁকে আমি সমস্ত কথা বলবো এই হাউসে কাজ বন্দ করার কোন আবশ্যকতা নেই তিনি আমাকে বলে গেছেন অতএব আনকনসটিটিউসানাল কিছ‍ু নেই।

শ্রীকমলকান্তি গ‍ুহ: মন্ত্রিমহাশয় নেই, তস্য জায়গায় এলেন শ্যামাদাসবাব‍ু তস্য জায়গায় এলেন বিজয়বাব‍ু এটা একটা ইমপরটেন্ট ব্যাপার তিনি হয়ত ইমপরটেন্ট যেটা নোট নিলেন না ফালতু ব্যাপারে একটা নোট লিখে রেখে দিলেন।

শ্রীঅপ‍ূর্বলাল মজ‍ুমদার: বিল পাইলট করবার রেসপনসিবিলিটি যিনি নিয়াছেন তিনি যদি মনে করেন বিল পাইলট করার চেয়ে বাইরে বেশী কাজ আছে তা হলে তার দায়িত্ব নেওয়া উচিত ছিল না।

Shri Nikhil Das:
চেয়ারম্যান, স্যার, শঙ্করবাব‍ু যা বলেছেন, ঠিক কথাই বলেছেন, মাঝে মাঝে শঙ্করবাব‍ু যখন ম‍ুড-এ থাকেন তখন ঠিক কথা বলেন, আজকে উনি ম‍ুড-এ আছেন। উনি স্পীকার ও ছিলেন, উনিও জানেন যে যিনি বিলটা পাইলট করেন, তিনি যদি না থাকেন, তাহলে খ‍ুব অস‍ুবিধা হয়। কারণ অনেকের আপত্তি আছে এই বিল-এর অনেক ধারা সম্পর্কে, কংগ্রেস তরফেরও কিছ‍ু কিছ‍ু আপত্তি আছে। তিনি প্রতিটি ধারা সম্বন্ধে সবিশেষ জানেন, যা বিজয়বাব‍ু জানেন না, আমি বিজয়বাব‍ুকে এসপারসান দিচ্ছি না স‍ুতরাং আপনি ১০ মিনিট এড্‌জর্ন করে দিন, আজকে এই বিলটা শেষ হয়ে যাবে।

Shri Sailendra Nath Adhikary:
স্যার, শঙ্করবাব‍ু একজন বিশিষ্ট আইনজ্ঞ লোক উনি যখন বললেন, তখন সেই মত কাজ করাই ঠিক।

(At this stage the House was adjourned for twenty minutes)

[After Adjournment]

[3-15—3-25 p.m.]

Shri Apurba Lal Majumdar:

মাননীয় চেয়ারম্যান, স্যার, ওয়েস্ট বেঙ্গল ফিসারিজ (রিকুইজিশন অ্যান্ড অ্যাকুইজিশন) বিল, ১৯৬৫ এই বিলটা আমি সমর্থন করছি। এই বিল সমর্থন করতে উঠে কয়েকটি কথার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় মন্ত্রিমহাশয়ের। বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস সেখানে আছে দেখছি

"Taking advantage of their economic plight, the owners employ them as labourers under very rigid conditions. This leads to diffusion of interest and creates conditions which are not congenial for development of fisheries."

যে সত্য কথা এখানে স্বীকৃত হয়েছে, আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি. এই বিলের মাধ্যমে সেই ফিসারম্যানদের অবস্থার উন্নয়নের এবং যে আর্থিক দুরবস্থার মধ্যে দিয়ে তাঁরা দিনের পর দিন জীবন কাটাচ্ছেন, তাঁদের উন্নয়নের কোনওরকম বন্দোবস্ত বা তাঁদের সম্পর্কে একটি কথাও এই বিলের মধ্যে নেই। আমি দেখছি যে, এই ফিসারমেন বা ধীবর যারা, এই ধীবর সম্প্রদায় পশ্চিম বাংলায় দিনের পর দিন কিভাবে নিঃশেষ হয়ে যাচ্ছে। তার একটা ছোট্ট খবর আপনার কাছে দিতে চাই। অবশ্য ১৯৬১ সালের যে সেনসাস রিপোর্ট সেটা আলোচনা করে আসতে পারি নি বা লিখিত কপিও পাই নি। তাহলেও দেখছি যে, বিগত কয়েক শতক ধরে এই সম্প্রদায় গভর্নমেন্টএর নীতির ফলে তাদের আর্থিক দুরবস্থা ইত্যাদি নানা কারণে কিভাবে এই সম্প্রদায়টা শেষ হয়ে যাচ্ছে। ১৯২১ সালে পশ্চিম বাংলায় ধীবর সম্প্রদায়ের মোট জনসংখ্যা ছিল ১ লক্ষ ৩৫ হাজার। ১৯৩১ সালে দশ বছর পরে সেটা কমে এক লক্ষ বাইশ হাজার এবং তা থেকে কমে ১৯৫১ সালে গিয়ে দাঁড়িয়েছে তিরাশী হাজার আর ১৯৬১ সালের হিসাবে আরও কমে গেছে, আমাদের যখন জনসংখ্যা প্রতি বছর শতকরা দুজন বাড়ছে, পপুলেশন ইনক্রিজ করছে এই সংবাদ পেয়ে থাকি, কিন্তু একটা সম্প্রদায়কে দেখছি যে, ১৯২১ সাল থেকে ১৯৫১ সাল পর্যন্ত যে এদের ১ লক্ষ ৩৫ হাজার থেকে আরম্ভ করে ৮৩ হাজার গিয়ে দাঁড়িয়েছে। মেদিনীপুর জেলায় দেখছি যেখানে ৩০ বছর আগে জনসংখ্যা ছিল ৪০ হাজার বর্তমানে এই বছর গিয়ে দাঁড়িয়েছে ১৯৫১ সাল পর্যন্ত মাত্র ১০ হাজার, ঠিক তেমনি আর একটি সম্প্রদায় যে সম্প্রদায় মাছ ধরে জীবনধারণ করে, তাদের সংখ্যা যেখানে ৫০ হাজার ছিল, গত তিন শতকের মধ্যে তাদের সংখ্যা কমে ৩৩ হাজার গিয়ে দাঁড়িয়েছে। কাজেই বোঝা যায় যে, জীবনের সংগ্রামে দুঃখ এবং দুর্দশার চাপে নিঃশেষিত হয়ে তাদের যে ব্যবসা সেই ব্যবসা থেকে উৎখাত হয়ে গিয়েছে। আজকে যারা মাছ ধরে দীর্ঘদিন ধরে তাদের ব্যবসা চালিয়ে আসছে সেই বাংলাদেশের জেলেরা বা ধীবর সম্প্রদায়, তাদের সংখ্যা এমনভাবে কমে আসছে প্রতি দশকে দশকে, হয়ত একদিন আগামী ২০-৩০ বছর বাদে তাদের আর অস্তিত্ব থাকবে না। এই ক্ষয়িষ্ণু সম্প্রদায়কে বাঁচিয়ে রাখবার কোনও ব্যবস্থা বা প্রচেষ্টা এতদিন পর্যন্ত হয় নি, তবু যাহোক গভর্নমেন্ট সমস্ত জলকর এবং বাংলাদেশের বিল বাঁওডগুলো যদি তাঁরা গ্রহণ করতেন এবং গ্রহণ করে যারা মৎস্যজীবী এবং ধীবর তাদের সেখানে নিয়োজিত করে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন করার সঙ্গে সঙ্গে পশ্চিম বংলার মানুষকে যথেষ্ট পরিমাণ মাছ সরবরাহ করার ব্যবস্থা করতে পারতেন তাহলে নিশ্চয়ই সকল লোক তাঁদের ধন্যবাদ জানাত, কিন্তু এই আইনের মধ্যে কিছু কিছু ফাঁকি রয়ে গেছে, যেমন ধরুন বাংলাদেশের যেসমস্ত বিল বাঁওড বা ভেড়ী রয়েছে সেই সমস্ত ভেড়ী এই আইনের মধ্যে গ্রহণ করবেন তেমন কোনও লক্ষণ আমি দেখলাম না এই বিলের মধ্যে। এখানে দেখছি পিক অ্যান্ড চুজ করে কিছু কিছু তাঁরা নেবেন যেটা তাঁদের পছন্দ হবে ; যেটা পছন্দ হবে না, সেটা নেবেন না যদি তাঁরা সত্যিই চেয়ে থাকেন যে পিসসিকালচারএর উন্নতি এবং মৎস্য চাষের উন্নতি করবেন তাহলে পশ্চিমবাংলায় যত জলকর আছে, যত ভেড়ী ইত্যাদি আছে যেখান থেকে মৎস্য উৎপাদন করা সম্ভবপর সমস্তগুলো নেওয়া উচিত ছিল। কিন্ত যেভাবে এই আইনটা রচিত হয়েছে, তাতে মনে হয় যে তাদের খেয়ালখুশী অনুযায়ী যেটা তাদের ইচ্ছা হবে সেই বিল-বাঁওড় বা ভেড়ী তিনি নেবেন হয়ত তাঁদের পছন্দ না হলে নেবেন না এখানে

একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। একটা বিষয়ে বিশেষ করে ইতিমধ্যে দেখতে পাচ্ছি যে এই বিলের বিরুদ্ধে কিছুসংখ্যক ভেড়ীর মালিক বা বড় বড় মৎস্যচাষী যারা মাছের কারবার করে তাদের মধ্যে এই বিলের বিরুদ্ধে একটা তীব্র বিক্ষোভ আছে এবং তারা এটা বানচাল করবার চেষ্টা করছেন। এবং এখন তারা চেষ্টা করে চলেছে যে এই বিল বিধান সভায় যেন পাশ না হয়।

[3-25—3-35 p.m.]

এবং তারা বানচাল করবার চেষ্টা করেছেন, এখনো সেই চেষ্টা করে বলেছেন এই বিল যাতে বিধানসভায় পাস না হতে পারে। সেইভাবে তাঁরা তাঁদের নিজেদের ব্যক্তিগত স্বার্থকে জিইয়ে রাখবার জন্য চক্রান্ত করে চলেছেন। সেই ফাঁদে যেন সরকার পা না দেন। না হলে ইনল্যান্ড সাপ্লাই অফ ফিস যদি বাড়াতে হয়, তাহলে সমস্ত ভেড়ি এবং সমস্ত জলকর গভর্নমেন্টের হাতে নিয়ে আসা উচিত। যে সমস্ত জলকর গভর্নমেন্টের হাতে গিয়েছে—স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট অনুসারে, তা আজও আপনারা উন্নয়ন করতে পারেন নি বা উন্নয়ন করা সম্ভবপর হয় নি। এটা তাদের ব্যর্থতা। ফিসারী দপ্তরের সম্পর্কে বাজেট আলোচনার সময় আমরা চরম ব্যর্থতার কথা উল্লেখ করেছি, দেখিয়েছি এবং দাবীও করেছিলাম যে, এই দপ্তর তুলে দেওয়া দরকার। কারণ তাদের ডাইরেকটরেট সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। যে অর্থ দেওয়া হয়েছিল মৎস্য উন্নয়নের জন্য, তাও তাঁরা যথাযথভাবে প্রয়োগ করে মৎস্য উন্নয়ন বা মৎস্য সরবরাহ বৃদ্ধি করতে পারেন নি। তার জন্য তাঁরা সম্পূর্ণ টাকাও ব্যয় করতে পারেন নি। এই ব্যর্থতার জন্য মৎস্য দপ্তর তুলে দিতে বলেছিলাম এবং সেইসব লোক দিয়ে এই আইন কার্যে পরিণত করা হবে। কিন্তু সেইসব লোকের দ্বারা এটা ইমপ্লিমেন্টেশান হবে না এক্সিকিউশান হবে না। অনেক ভেড়ীর যেমন পসিবিলিটিজ আছে—উন্নয়ন করার, পশ্চিমবঙ্গে মৎস্য সরবরাহ বৃদ্ধি করার, তেমনি অনেক জলকর গভর্নমেন্টের হাতে বর্তাবে না। পেছন দুয়ার দিয়ে এই চক্রান্ত চলেছে—যাতে গভর্নমেন্টের হাতে সব জলকর না আসে, অ্যাকোয়ার করা না যায়। এই যে পিক অ্যান্ড চুজ—যেটা ইচ্ছা, সেটা তাঁরা গ্রহণ করবেন। যেটা ইচ্ছা হবে না, সেটা গ্রহণ করবেন না এবং সেই ফাঁক দিয়ে বড় বড় ভেড়িওয়ালারা এই রন্ধ্রপথে বেরিয়ে যাবে। তা রুখবার জন্য কোন ব্যবস্থা করতে পারবো না, অবস্থা চরমে উঠবে।

গভর্নমেন্টের যেসমস্ত কর্মচারীর হাতে এই ডিপার্টমেন্টের ভার ন্যস্ত আছে—যারা এক্সিকিউটিভ অফিসার, তাঁরা যেসমস্ত পরিকল্পনা করেছেন, সমস্ত জায়গায় তাঁরা ব্যর্থতার পরিচয় দিয়েছেন, লোকসানের উপর লোকসান দিয়েছেন। যাদের ইতিহাস ব্যর্থতার ইতিহাস, যাদের ইতিহাস হচ্ছে পরিকল্পনাগুলি অপচয়ের ইতিহাস। তাঁরা কি করে সাফল্যের সঙ্গে কাজ করতে পারবেন—তা আমি বুঝতে পারি না। যদি এই দপ্তর ঢেলে সাজা না হয়, যেটা আমরা গভর্নমেন্টের প্রোগ্রেসিভ লেজিসলেশান বলি, যাকে আমরা নীতিগতভাবে সমর্থন জানাচ্ছি তা সত্ত্বেও তারা কৃতিত্বের সঙ্গে কাজ করতে পারবেন না। এর মধ্য দিয়ে তাঁদের ফেইলিওর প্রমাণিত হচ্ছে। এই ফেইলিওর-এর দরুন তাঁরা মৎস্য উন্নয়ন কিছু করতে পারবেন না, ভেড়ি, খালবিল, জলাশয়—গভর্নমেন্টের নিজের হাতে নিয়ে যদি মৎস্য সরবরাহের পরিকল্পনা যদি কার্যকরী না করতে পারেন, তাহলে মানুষের মধ্যে বিক্ষোভ হবে। তারা বলবে—গভর্নমেন্ট হাতে নিলে আর কিছু চালাতে পারেন না, সবকিছু ব্যক্তিগত মালিকানার মধ্যে না থাকলে ভালভাবে পাওয়া যায় না, আমলাতন্ত্রের হাতে গেলে সবকিছুতেই ফেইলিওর হয়। তাহলে পরে মানুষের মনে বিক্ষোভ দানা বেঁধে উঠবে। ব্যক্তিগত মালিকানায় থাকলে ভাল কাজ হয়। এই ধরনের বিভ্রান্তিকর মনোভাব মানুষের মধ্যে গড়ে উঠতে পারে। সেইজন্য বলছি কেবল লেজিসলেটিভ ভাল করলেই হল না, তার সুষ্ঠু একজিকিউশন যদি না হয়, কাজে রূপায়িত করবার জন্য যদি দক্ষ ও বিচক্ষণ অফিসার না থাকে তেমনি জ্ঞানসম্পন্ন ও পরিশ্রমী লোক এর পেছনে না থাকে, তাহলে সমস্ত পরিকল্পনা, সে যত ভালই হোক না কেন, যত উন্নততর হোক না কেন, যত প্রোগ্রেসিভ হোক না কেন, তা দিয়ে কাজ করতে পারবেন না বা বাঞ্ছিত হলে লাভ করতে পারবেন না।

মিঃ চেয়ারম্যান, স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করে প্রথম কথা হচ্ছে—এই সমস্ত জলকর ভেড়ি, খাল, বিল সব সরকার নিয়ে নিলে পর আসল যারা মৎস্যচাষী তাদের কি অবস্থা হবে?

যারা বংশপরম্পরা মাছের চাষ করছে, তাদের সম্পর্কে আপনারা কি করবেন? তার গ্যারান্টি চাই যে তাদের ঠকভাবে, সুষ্ঠুভাবে প্রয়োগ করা হবে। যারা এখনো এক্সপ্লয়টেড হচ্ছে, যারা ধীবর—বিভিন্নভাবে শোষিত হচ্ছে—জাস্ট লাইক স্লেইভস, তাদের রিজিড টার্মস অ্যান্ড কন্ডিশনস-এ খাটান হয়।

শ্রীঅপূর্বলাল মজুমদার: গভর্নমেন্টের মালিকানা স্বত্ব এলে পর তাদের স্বার্থ কিভাবে রক্ষিত হবে আইনে তার কোন নির্দেশ নেই। কোন কথা বলা নেই। কো-অপারেটিভ সম্বন্ধে গতকাল মাননীয় সদস্যরা অনেক বক্তব্য রেখেছেন যে, কো-অপারেটিভগুলি কি করে ধীবরদের স্বার্থের বিরুদ্ধে কাজ করে—সেখানে একটা চক্র গড়ে উঠে এবং কংগ্রেস পলেটিক্যাল অর্গানাইজেশন হিসাবে সেই চক্রের মধ্যে নিজেদের জড়িয়ে ফেলে এবং তার মধ্য দিয়ে মুনাফা শিকারের ব্যবস্থা করেন। সমস্ত জায়গায় ডাইরেকটার চেয়ারম্যান এবং সেক্রেটারী যাদের কোন মাছের কারবার থাকে না--তারা সেখানে গিয়ে এক্সপ্লয়েড করেন ঐরকম কো-অপারেটিভগুলি যাতে গড়ে না উঠে। যাতে সেখানে এক্সপ্লয়টেশন না হয় সেইরকম একটা গ্যারান্টি আমরা মিনিস্টারের কাছে চাই, যে তারা ধীবরদের উন্নয়নের ব্যবস্থা করবেন এবং তাঁদের বাঁচিয়ে রাখবেন এবং যে স্লেভ কন্ডিশনের মধ্যে বিভিন্ন জায়গায় তাদের কাজ করতে হয় সেগুলি বরবাদ করে তাদের অর্থনৈতিক উন্নয়নের ব্যবস্থা করবেন। দ্বিতীয় কথা হোল ভেড়ির সঙ্গে বা বিলের সঙ্গে তার আশেপাশে প্রচুর জমি আছে যে জমিতে বহু উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা হয়ে গেছে, বহু লোক সেখানে চাষ করে নিজেদের জীবিকা অর্জন করে। এখন এই ভেড়ি বা অন্যান্য যেসমস্ত বিল-টিল আছে তার আশপাশে অ্যাডজয়েনিং ল্যান্ড কতখানি নেবেন জানি না। যা ইচ্ছা নিতে পারেন যেমন ভোমরা বিল—এখানে এই বিলের আশেপাশে আমার পরিচিত বহু উদ্বাস্ত আছেন আমি সেখানে গিয়েছি, সেখানে তারা বহু অর্থ ব্যয় করে বহু পরিশ্রম করে চাষাবাদ করে বেঁচে আছেন, যদি এই জমিগুলি রিকুইজিশান বা আলটিমেটলি এ্যাকুইজিশান করা হয় তাহলে যে কমপেনসেশানের ব্যবস্থা আছে ৫ বছরে যা ফসল ফলাতে পারে তার একের তিন কমপেনসেশন দিয়ে তাদের তুলে দিতে পারেন। কিন্তু আমরা একটা গ্যারান্টি চাচ্ছি মন্ত্রীর কাছে যে এই বিলের আশেপাশে যেসমস্ত উদ্বাস্তুদের পুনর্বাসন হয়েছে, বা উদ্বাস্তুরা নিজেদের প্রচেষ্টায় ফসল উৎপাদন করে বসে আছেন—সেই সমস্ত উদ্বাস্তুদের উচ্ছেদ করার আগে তাদের অলটারনেটিভ একমোডেশন বা অল্টারনেটিভ ল্যান্ড না দিয়ে শুধু খানিকটা কমপেনসেশান দিয়ে জমি থেকে তাদের উৎখাত করলে চলবে না। তাদের পাঁচ বছরে একের তিন করে কমপেনসেশানের বন্দোবস্ত না করে অন্য জমি পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে এবং সেই বিল বাঁওড়ে যেসমস্ত ধীবর এবং মৎস্যজীবী আজীবন কাল ধরে মাছ ধরে এসেছে তাদের উন্নয়নের ব্যবস্থা করতে হবে এবং সাথে সাথে তাদের সেখানে নিয়োগ করতে হবে। উপর থেকে কংগ্রেস সভাপতি বা মণ্ডল কংগ্রেসের সভাপতি সেখানে গিয়ে ব্যবস্থা করবেন—তা করলে হবে না। এই গ্যারান্টি আমরা মিনিস্টারের কাছে চাই, আজ সমস্ত দপ্তরের বিরুদ্ধে যে প্রচণ্ড অভিযোগ আছে—গভর্নমেন্ট যেখানে নিজে অর্গানাইজ করেছেন—সম্পূর্ণ গভর্নমেন্ট অর্গানাইজেশন যেমন West Bengal Central Fishermen's Co-operative Society.

যেটা কমপ্লিটলি গভর্নমেন্ট অর্গানাইজেশান ছিল তার অবস্থা কি—সেই কো-অপারেটিভের যিনি ম্যানেজিং ডাইরেকটার ছিলেন তিনি আমাদের তৎকালীন সুপারিনটেনডেন্ট অফ ফিসারীজ শ্রীবিনয় দাসগুপ্ত আর কে সি সাহা-যিনি এখন টেকনিক্যাল সাইডের ডাইরেকটার—তখন ডাইরেকটার ছিলেন—তিনি ছিলেন চেয়ারম্যান অফ দি কো-অপারেটিভ। এই West Bengal Central Fishermen's Co-operative Society.

তাদের অফিস ছিল ৪৪ থিয়েটার রোড। এর চেয়ারম্যান এবং ম্যানেজিং ডাইরেকটার হলেন আমাদের সরকারী দপ্তরের তিনি ডাইরেকটার এবং যিনি সুপারিন্টেন্ডেন্ট অফ ফিসারীজ। এইসমস্ত উচ্চপদস্থ কর্মচারীদের নিয়ে যে কো-অপারেটিভ সোসাইটি হোল তাদের অবস্থা কি হোল? মিঃ চেয়ারম্যান স্যার, আপনি শুনলে অবাক হবেন যে, ৬-৭ লক্ষ গভর্নমেন্টের টাকা দিয়ে এদের নয়ে কো-অপারেটিভ স্টার্ট করা হোল—কিন্তু এমনই অপদার্থ এই ডিপার্টমেন্ট এবং ডিপার্টমেন্টের পদস্থ কর্মচারীরা যে সেইসমস্ত টাকা বরবাদ হয়ে গেল এবং ৬-৭ লক্ষ টাকা উড়ে গেল কোন কাজই হোল না বন্ধ হয়ে গেল।

[3-35—3-45 p.m.]

মিঃ চেয়ারম্যান, স্যার, আর একটা জানি ২৪-পরগনা সাউথ ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি হাওড়াতে আড়ৎ করলেন যে মাছ ওখান থেকে তারা বিক্রি করবেন। এটা কমপ্লিটলি গভর্নমেন্ট অর্গানাইজেশন এবং তাতে ডিরেকটরেটের অনেক বড় বড় অফিসার কর্মচারী রইলেন। কিন্তু মাত্র তিন মাস কাজ হোল তারপর সেটা টোট্যালি স্টপ হয়ে গেল। সেই ডিপার্টমেন্টের যারা ডিরেকটার এবং অন্যান্য উচ্চপদস্থ কর্মচারী তারা নিজেরা কো-অপারেটিভকে অর্গানাইজ করে কমপ্লিটলি গভর্নমেন্ট অর্গানাইজেশন করে চালাতে গিয়েছিলেন—কিন্তু চালাতে পারলেন না—লক্ষ লক্ষ টাকা লোকসান হয়েছে এবং দু-দিন পরে সেগুলি বন্ধ করতে হয়েছে বাধ্য হয়ে। এই যে অবস্থার সৃষ্টি হয়েছে আমার মনে হয় এইসমস্ত বিলগুলি, ভেড়ীগুলি দখল করে যদি একটা এক্সপার্ট কমিটি করেন তাহলে ভাল হয়—যে এক্সপার্ট কমিটি মাছের কালচার করবেন। এটা একটা ডিফিকাল্ট প্রবলেম। আমরা এতদিন যা করেছি তাতে কো-অপারেটি-এ ক্যাচিং এবং ডেভেলপমেন্ট করেছি। কিন্তু সেখানে কালচার না করলে কিছুই হবে না। সেই কালচার এবং তার সংগে সংগে মাছ ক্যাচিং এবং তার মার্কেটিং-এর ব্যবস্থা করতে হবে। এগুলি করার জন্য আমি সাজেস্ট করবো—আমি মন্ত্রি-মহাশয়কে জিজ্ঞাসা করবো যে, আপনাদের যে ওয়েস্ট বেঙ্গল ফিসারী অ্যাডভাইসরী কমিটি আছে আমি যতদূর সংবাদ জানি তার মধ্যে মাছ সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্ন লোক নেই। এটা তাঁদের খেয়ালখুসী মত তাদের দলভুক্ত এম এল এ এবং বাইরের থেকে প্রফেসর নিয়ে করা হয়েছে। কোন অভিজ্ঞতা তাদের নেই। আমি জানতে চাই যে, এই ওয়েস্ট বেঙ্গল ফিসারী অ্যাডভাই-সারী কমিটির মেম্বারস কারা কারা এবং কি অভিজ্ঞতা তাদের মাছ সম্পর্কে আছে? আমি প্রস্তাব করছি যে এ সম্পর্কে একটা এক্সপার্ট কমিটি হওয়া দরকার। এবং বিল বাঁওড় জলকর এইসমস্ত নিয়ে এক্সপার্ট কমিটির সামনে কি করে কালচার হবে সেইসমস্ত জিনিস করার জন্য এক্সপিরিয়েন্সড মেন দিয়ে বোর্ড গঠন করা হোক এবং এ সম্পর্কে বিস্তৃত তথ্য দিয়ে সরকার অগ্রসর হউন—তা না হলে যে সুইপিং একজিকিউটিভ পাওয়ারস এই দপ্তরের হাতে তুলে দিচ্ছেন তাতে এর ভেতর দুর্নীতি অত্যন্ত বেশী প্রবেশ করবে এবং এর ভিতর দিয়ে তাঁদের নিজেদের আত্মীয় পোশণ এবং নেপটিজম করাপশন চরমভাবে দেখা দেবে। তার কারণ এমন সমস্ত ল্যান্ড আপনারা নেবেন যার মালিকের সংগে আপনাদের বনিবনা হচ্ছে না, শুধু তাদেরই ফিসারী দখল করবেন এবং দখল করে তাদের শেষ করে দেবেন। কিন্তু যারা গভর্ন-মেন্টকে ইনফ্লুয়েন্স করতে পারবেন বড় বড় ভেড়ীওয়ালারা—কংগ্রেসের মধ্যে অনেক সদস্য আছেন যাদের স্বনামে না হলেও বেনামীতে বহু বড় বড় ভেড়ী আছে আমি জানি, সেই সমস্ত ভেড়ীগুলি চেপে দিয়ে গভর্নমেন্ট যাতে সেগুলি দখল না করেন তার জন্য এখন থেকে চক্রান্ত চলছে এবং চলবেও। কাজেই মন্ত্রিমহাশয় একটা অ্যাসিওরেন্স দিন যেসমস্ত ভেড়ীগুলি বা বিল বাঁওড়গুলি নেবেন তার জন্য একটা এক্সপার্ট কমিটি করবেন এবং এই এক্সপার্ট কমিটি করে তাদের সিদ্ধান্ত অনুসারে মাছ চাষের ব্যবস্থা করবেন এবং তার সংগে সংগে ধীবরদের বাঁচিয়ে রাখবেন যে ক্ষয়িষ্ণু সম্প্রদায় গত ৩০ বছরে ৪০ পার্সেন্ট কমে রেছে যেখানে অন্যান্য মানুষ ২ পার্সেন্ট করে বাড়ছে। সেইজন্য বলছি যে, এই বিলকে আমরা সমর্থন করি কিন্তু এই ডিপার্টমেন্টকে যদি ঢেলে সাজাতে না পারেন তাহলে আপনাদের সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হবে এবং ব্যর্থ হয়ে এই বিল প্রতিক্রিয়াশীলদের হাতকে শক্তিশালী করবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মিঃ চেয়ারম্যান, স্যার, এই বিলটা যে শ্যামাদাসবাবু নিয়ে এসে-ছেন এই বিলটা সম্বন্ধে বক্তব্য রাখতে গিয়ে এই কথা বলা যেতে পারে যে এই বিলটা অন্তত পক্ষে কিছুটা প্রগ্রেসিভ আউটলুক নিয়ে তৈরি করার চেষ্টা করা হয়েছে। এই বিলটি সেদিক দিয়ে নীতিগত দিক থেকে যে উত্থাপন করেছেন সেটা আমরা সমর্থন করছি। কিন্তু নীতি-গতভাবে হলেও আমি গত আর এক দিন বলেছিলাম যে কতকগুলি নীতি বা একটা পায়াস উইস সামনে রেখে একটা লেজিসলেশন করলেই সে সেই লেজিসলেসন জনসাধারণের পক্ষে মঙ্গলকর হয় তো হয় না এবং সেই কথাটা ভালভাবে বলবার জন্য আপনার মাধ্যমে আমি কয়েকটি জিনিস তুলে ধরতে চাই।

স্যার, আমাদের রাইটার্স বিল্ডিং-এ, ফিসারী ডিপার্টমেন্ট-এ অনেকরকম মাছ পাওয়া যায় এবং রঙ্গীন মাছ থেকে আরম্ভ করে রাঘববোয়াল পর্যন্ত কিছু মাছ পাওয়া যায়। আমরা এগুলি দেখতে পাই, কিন্তু মন্ত্রিমহাশয় যে দেখেন না এটা দুঃখের বিষয়। তাঁর শুধু চুনো-পুটির দিকে নজর, কিন্তু তাঁর আশেপাশে যে রাঘববোয়ালরা আছে তার প্রতি তিনি দৃষ্টি দেন না। যাহোক, আমরা দেখছি বাংলাদেশে মাছের অভাব দেখা দিয়েছে এবং গভর্নমেন্ট-এর উপর পাবলিক-এর প্রেসার এসেছে। স্যার, বাঙ্গালী মাছ খায় এটা আশীর্বাদ কি অভিশাপ জানি না, কিন্তু আপনি জানেন ১৩/১৪০০ বছরের আগেকার "বাঙ্গালীর ইতিহাসে" লিখেছে কিভাবে খেতে হবে এবং তার মধ্যে রুই মৎস্যের কথা আছে। কিন্তু আমরা আজ দেখছি বাঙ্গালীর জীবনের সঙ্গে সম্বন্ধ যে মাছ সেটা আজ উধাও হয়ে গেল। কোলকাতার বাজারে যদি যান তাহলে আপনি দেখবেন বাজারে মাছ পাওয়া যায় না। স্যার, শুনি আপনি নিজে বাজার করেন, কিন্তু আপনার যদি মাছের দরকার হয় তাহলে আপনি সেই মাছ বাজারে পাবেন না।

মিঃ চেয়ারম্যান: বাঙ্গালীর মাছের কথা যখন বললেন তখন ফুল্লরার রন্ধনের কথা বললে ভাল হোত।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: (হাস্য) স্যার, আজকে দেখা যাচ্ছে মাছ কিনতে গেলে মাছের বাজারে যেতে হয় না, মিষ্টির দোকানে বা আশেপাশের গলিতে যেতে হয় এবং এটা গভর্নমেন্ট-এর চোখের উপরেই হচ্ছে। এইভাবে যে মাছ পাওয়া যাচ্ছে এতে কি প্রমাণ হোল? এতে প্রমাণ হোল যে, এই গভর্নমেন্ট এবং এঁদের ফিসারী ডিপার্টমেন্ট একটি অপদার্থ ডিপার্টমেন্ট। ডিপার্টমেন্টের কথাবার্তায় খুব জোর আছে, কিন্তু কাজের বেলায় কিছু না। রিসেন্টলীর একটা ব্যাপার আপনার সামনে তুলে ধরছি। ১৯৬৩ সালের ২৭এ জুলাই তারিখে ডিপার্ট-মেন্ট-এর সেক্রেটারী মহোদয় ফুড ডাইরেকটরেট-এ একটা কনফিডেনসিয়াল চিঠি দিলেন এবং সেটা হচ্ছে ডি ও লেটার। কিসের জন্য দিলেন? না, নিরঞ্জন দাস বলে এক ভদ্রলোকের সঙ্গে তাঁর কিছু খোচাখুচি হয়েছে। এই ভদ্রলোক আগে পাকিস্তান থেকে মাছ আনতো এবং কয়েক লক্ষ টাকা তাঁর বাকি পড়ে আছে। বড় বড় কর্তাব্যক্তির সঙ্গে তাঁর যে-কোন কারণেই হোক খটাখটি আছে এবং তখন পার্মিট প্রথা ইনট্রোডিউসড হোল। স্যার, ওখানে যাঁরা বসে আছেন তাঁরা মাছ কিভাবে বাড়াবেন বা কল্যাণীর ভাণ্ডারে যে মাছ মরে গেছে সেটা কিভাবে চেক করবেন সেদিকে তাঁদের নজর নেই, তিনি সঙ্গে সঙ্গে পি কে সেনের কাছে চিঠি দিলেন। ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট থেকে পার্মিট দেওয়া হোত তাই পি কে সেনকে বললেন একে পার্মিট দিও না। এর ফলে নিরঞ্জন দাস সেখান থেকে পার্মিট পেলেন না। ফজলুর রহমান সাহেব সব শুনলেন এবং বললেন আমি দুঃখিত—কিন্তু কিছুই হোল না। আরও আশ্চর্যের কথা তিনি নাকি পাকিস্তানের স্পাই। তারপর পি সি সেনকে বলা হোল এবং তিনি বললেন আমি চিন্তা করছি। আমার কথা হচ্ছে সে যদি পাকিস্তানের স্পাই হয় তাহলে সেটা হোম ডিপার্টমেন্ট দেখবে, ফুড ডিপার্টমেন্টকে সে জিনিস দেখবার ক্ষমতা কে দিল? স্যার, এইভাবে সেই ভদ্রলোকের কয়েক লক্ষ টাকা পড়ে আছে এবং এর ফলে আমরা দেখছি বাংলাদেশের যাঁরা কারবার করেন তাঁদের উপর একটা চাপ এসেছে। আপনি একটু লক্ষ্য করে দেখুন পশ্চিমবাংলায় মাছের অভাব কখন থেকে সুরু হোল? আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন ১৯৫৮ সালের সেপ্টেম্বর মাসে নেহরু-নুন চুক্তির পর রি-ডিস্ট্রিবিউশন অফ বাউন্ডারীস যেটা হোল তাতে মুর্শিদাবাদ এবং মালদহ নিয়ে যে অঞ্চল, যেখানে পদ্মা নদী সবচেয়ে বেশী মাছ কালেক্ট করত সেটা পাকিস্তানকে দিয়ে দেওয়া হোল। এটা দিয়ে তাঁরা ভুল করেছেন। ১৯৫৮ সালের সেই চুক্তি ১৯৫৯ সালের জানুয়ারি মাসে যখন ইমপ্লিমেনটেড হোল তারপর থেকে ২০ হাজার মৎস্য-জীবী পরিবার, যারা অধিকাংশ উদ্বাস্তু তারা জীবিকা হারাল এবং বাংলাদেশের পদ্মার মধ্যে যে মাছ পাওয়া যেত সেই মাছ থেকে আমরা বঞ্চিত হলাম।

[3-45—3-55 p.m.]

আপনি জানেন বোধ হয়, কলকাতা সেই সময়, ১৯৫৮ সালের আগে থেকে নেহরু-নুন চুক্তির আগে পর্যন্ত খবর নিয়ে দেখুন, কলকাতায় লালগোলা সেন্টার থেকে বছরে এক লক্ষ থেকে দেড় লক্ষ মণ মৎস্য এখানে আমদানী করা হত, আজকে সেখানে ২০০ মণও হয় না, ফলে

হয়েছে কি ২০ হাজার মৎস্যজীবী পরিবার উচ্ছন্ন হয়ে গেছে। আমি ফিশারী ডিপার্টমেন্টের তদানীন্তন ডিরেক্টার মিঃ সাহার সঙ্গে দেখা করেছিলাম, ফজলুর রহমান সাহেব ছিলেন, তিনি বললেন এর কোন উপায় হবে না, তাহলে মৎস্যজীবী যদি না বাঁচে তাহলে মাছ ধরবে কে? আমি মাছ ধরতে পারি না, আপনিও মাছ ধরতে পারেন না একমাত্র কয়েকজন আছেন যারা নাকি ফিশিং ইন ট্রাবলড ওয়াটার করতে পারেন। বাংলাদেশের মাছ যার উপর নির্ভর করে আমাদের রাষ্ট্রের কর্তাদের পাপের ফলে সেই সোর্স চলে গেল অন্যের হাতে এবং তার ফলে হল এই যে, বাঙ্গালীর যে মৎস্য বড় খাদ্য সেই মাছের সমস্যা কি আপনারা ট্যাঙ্ক ফিশারী দিয়ে সমাধান করবেন? যারা এইরকম চিন্তা করেন তাদের আমি বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করি যতক্ষণ পর্যন্ত নদীনালার ফিশারীর উপযুক্ত হয়ে উঠে এবং তাতে মাছ না পান, আপনারা কি শুধু ট্যাঙ্কে মাছের চাষ করে বাঙ্গালীকে মাছ খাওয়াবেন? সেটা হয় না। সেদিকটা ফিশারী ডিপার্টমেন্ট লক্ষ্য করে নি। আমি আপনাকে বলছি পশ্চিমবঙ্গের মৎস্য সমস্যা হচ্ছে সরকারের সৃষ্ট সমস্যা, তাদের ভুলে তাদের পাপের ফলে বাঙ্গালী মাছ থেকে বঞ্চিত হচ্ছে। তারা বাংলাদেশের জমিকে পাকিস্তানের হাতে তুলে দিয়েছে যার ফলে বাঙ্গালীর একটা মস্ত বড় সম্পদ আমরা হারিয়েছি। এখন ভেড়ী সম্বন্ধে কথা। অনেক রকম ভেড়ী হয়। আপনি জানেন, আপনি যখন কর্পোরেশনের সঙ্গে সংশ্লিষ্ট আপনি জানেন কর্পোরেশনের ওয়াটার নিয়ে ভেড়ী চালাচ্ছে, কর্পোরেশনের ওয়াটার নিয়ে যারা বড় বড় ভেড়ীর মালিক তার ওয়াটার চ্যানেলের কন্ট্রোল নিয়ে যাচ্ছে। ফলে কি হচ্ছে যারা ছোট ছোট ভেড়ীর মালিক তাদের সেখানে জল পোঁছাতে দেরী হয়। তাদের জল পেতে গেলে হয় তাদের খোসামোদ করতে হয়, না হয় তাদের বেশী পয়সা দিতে হয়। বড় ভেড়ীর যারা মালিক তাদের দিকে এ ব্যাপারে লক্ষ্য রাখা দরকার। এখন কথা হচ্ছে এই যে মাছ এটা কি হাওয়ায় উড়ে গেল? তাত নয়? কাজেই তাদের উপর নজর রাখা দরকার ছিল, সেই নজর রাখতে পারলেন না কেন? এটা মস্ত বড় ঘটনা যেটা প্রমাণ করে যে এই সরকারের কোন ক্ষমতা নাই। আর একটা কথা বলছি মৎস্য বিভাগের দুর্নীতি। এখানে বলা হয়েছে

Such fisheries are protentially rich, but are either undeveloped or under-developed, or in some cases, totally neglected due to causes such as multiple ownership, dearth or capital or lack of interest.

এই সম্বন্ধে বিল আনছেন। উদ্দেশ্য হচ্ছে এইরকম ধরনের সমস্ত ট্যাঙ্ক ফিশারী যা আছে, তাদের অবস্থা খারাপ আন্ডার ডেভেলপড এবং আর একটা ডেরিলিকট এবং আর একটা উদ্দেশ্য হচ্ছে

Speedy acquisition of fiisheries for the purposes of improvement or development of such fisheries and supplying fish to the public therefrom.

এবং ডেভালপমেন্ট অফ ফিশারী কথাটা হচ্ছে আসল উদ্দেশ্য। সরকারের হাতে ৮১ হাজার একর জলাশয় এসেছে এবং তার এটলিস্ট ওয়ান থার্ড এখনও পর্যন্ত ডেরিলিকট হয়ে আছে এবং সরকার ওয়ান থার্ডকে পুনরুদ্ধার করতে পারেন নি, গত ১০ বৎসরের মধ্যে। এই সরকার এই সমস্ত ফিশারী নিয়ে যে কি করবেন জানি না, ভাল কাজ করলে ভাল হবে, কিন্তু তাদের বিভিন্ন কর্মধারা দেখে ভয় হয় যে তাঁরা কিছু করতে পারবেন না দ্বিতীয় কথা হচ্ছে ফিসারম্যানদের সমস্যার সমাধান না করলেও হবে না। বাংলাদেশের মৎস্য সমস্যার সমাধান করতে হলে তার ইমপ্লিমেন্টেশনের দায়িত্ব এমন একটা কমিটির হাতে দেওয়া উচিত যে তারা প্রকৃত এ সমস্যার সমাধান করবে। অর্থাৎ এমন একটা এক্সপার্ট কমিটি করা উচিত যার মধ্যে বোনাফাইডি ফিশারম্যান থাকবে। অল পলেটিক্যাল পার্টির রিপ্রেজেনটেটিভ থাকবে, এক্সপার্ট ইকনমিস্ট থাকবে যারা গভর্নমেন্টকে এ সম্বন্ধে টাইম টু টাইম উপদেশ দেবেন এবং চেক রাখবেন। সেজন্য আমি বলছি এ আইনটা যদিও একদিক থেকে একটা প্রোগ্রেসিভ আউট লুক নিয়ে করা হয়েছে কিন্তু এ সরকার একাবারে ধনতন্ত্র দূরের কথা সামন্ততন্ত্রের লেজুড় হয়ে যাচ্ছে এবং এ সরকার কর্‌রাপশানে মগ্ন। এ সরকারের হাতে পাওয়ার দিলে সেটা মিস ইউজ হবে। সেজন্য বলছি এগুলি চিন্তা করে কিভাবে চেক দেওয়া উচিত সে সম্বন্ধে বিবেচনা করে একটা নূতন আইন আনুন।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Mr. Chairman, Sir, it is with great expectation that I have been waiting for this Bill, specially as you might remember that while speaking on the Governors' Address I laid my entire stress on the production of fish in the State and for that reason I suggested that the State Government should take up this matter in right earnest. Of course, the Bill that has been brought by the Hon'ble Minister arms itself with certain powers for the acquisition and requisition of lands, tanks, etc., but there is no hint in the Bill to show that the Government as really realised the seriousness of the situation. Considering the importance of fish in the bengalee dietary, this is practically the only source of animal protein that we have and which is utilised in the widest possible sphere in the State. Of course, there is another source of animal protein, viz., meat. But we have no prospect of increasing it and that is certainly limited to a certain section of the people, it is not quite popular among all the people. Besides that, the price is rising so high that it is going beyond the means of ordinary common people. It is only through fish that the poor people could have got their supply of animal protein, not only protein, but it has very rich supply of oil as well as phosphorus. So from that point of view also it is very important. Besides that, Sir, you remember that late Dr. Roy used to talk about changing of food habits. I think that if we could give our people an abundance of supply of fish, it might very really replace a large amount of cereal consumption. We are here already short in rice production, our rice supply is not improving and there is not much scope for improvement. Besides that, we have to depend upon wheat import and all that. This change of food habits means that the people, the mass of the people should switch over from mainly depending upon cereals to a larger consumption of protein, particularly non-cereal and animal protein. From that point of view obviously there is importance of fish.

[3-55—4-05 p.m.]

Besides, I had pointed out at that time the inefficiency of our State Government in the production of fish. It is backward as compared to many other States. I would not talk of Andhra and some other States but even our neighbouring State of Orissa which is definitely much more backward than our State, still in fish production it has been taking step seriously which our Government is not doing. For example, pisciculture and research, which is so very necessary. The Central Government has got some arrangement here, but the State Government does not seem to be co-ordinating with them or utilising the benefit of that institution to increase fish production. Besides, many foreign observers have also carried out investigations here, and their report is that the Sundarban area alone, if is is properly taken in hand and developed, it may be sufficient to supply fish to the entire State. I had also referred in my speech at that time that, how can we improve fish production when these big bheriwalls these big sharks in the fish trade, export huge amount of fish egg and spawns to foreign countries, particularly Japan? What is the scope of more fish production in our State if such a drainage is allowed to foreign countries? This Bill, of course, does not deal with any policy matter in order to curb these things.

There is a question in this Bill that Government are seeking acquisition of tanks and all that. Even then, if you go into the objective, you will see: "Such fisheries are potentially rich, but are either undeveloped or under-developed, or in some cases, totally neglected due to causes such as multiple ownership, dearth of capital or lack of interest in pisciculture. Their effective development and utilisation as State farms is now possible while they remain in private possession." Quite correct. We fully agr

with the Hon'ble Minister. But it is this provision of "those which are either undeveloped or under-developed." Which perturbs us. Of course, there are many small tanks owned by poor people who carry on some sort of fish culture adjacent to their homes, residences and other places. They cannot afford to develop their tanks, but then the proper thing is to help them by loan or by proper education, or things like that. When we are going to requisition these things there is no mention that this provision in the objective restricted it from being utilised by the officials of the department against big bheries. Of course, I don't say that they need very much help from the Government. What happens is, if they are not taken up by the Government they will encourage profiteering in the fish trade; they will produce artificial scarcity of fish in the State and they will thrive on it. That is a very important point which is neglected in this Bill just because of this mention of this condition on which the Government is going to acquire. I believe it would have been very much better if it did not really mention about undeveloped and under-developed tanks and other places. Of course they could be mentioned in this way that they should be helped to develop in a proper way either on co-operative basis or some other basis; but then this taking up by the Government should have been limited to the bigger tanks, bigger bheries, the firms that are dealing with fish production and fish trade.

I hope we have tried to push through these ideas by our amendments. When we come to discussion, caluse by clause, I hope the Hon'ble Minister will try to revise his conception about the implementation of this new Bill after it is enacted in such a way as to increase fish production in the State.

There is another small matter—when is the Government going to acquire? As we understand, at the present time, there is no intention on the part of the Government to really acquire or nationalise this big fish trade or fish production firms. Only small tanks are going to be taken up. Then the question of compensation comes. I would submit to the Hon'ble Minister that the clause referring to compensation is such that the poor people are going to be ruined. They will not get sufficient compensation. Of course, I will deal with this question when we take up clause by clause discussion of the Bill.

Sir, I would request the Hon'ble Minister to suggest some way as to how we can improve this Bill—either by having it through a Joint Select Committee or by some other procedure or by accepting our amendments so that the purpose of this Bill, which is very good and with which we entirely agree, may be fully served.

Sir, as regards implementation of the provisions of this Bill, we have grave doubts because we have seen the working of the Fishery Department. Sir, I do not suggest that it is possible by enactment to enforce implementation by the Department, but some assurance should be given by the Hon'ble Minister that the provisions of this Bill are going to be fully implemented and fully acted upon with all strictness and no loopholes would be kept for profiteering in the fish trade which is detrimental to the interests of the people of the State and also to the interest of the industry.

[4-5—4-15 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাছ চাষের জন্য যেসমস্ত পুকুর, খাল, বিল বাওড় আছে, জমিদারী দখল আইনের পরেও ব্যক্তিগত মালিকানায় যেসমস্ত জলাভূমি আছে সেইগুলো সরকার দখল করে মাছের উৎপাদন বাড়াবার জন্য এই বিলটা আমাদের সামনে এনেছেন। আমরা দেখেছি

জমিদার এবং জোতদারদের মধ্যে পরস্পরের মধ্যে ঝগড়া ও সর্তের গোলমালের জন্য এই খাল, বিল বাওড়গুলি মাছ চাষের অযোগ্য হয়ে দাঁড়িয়েছে। এই অবস্থায় সরকারের এগুলি নেবার শুভবুদ্ধি হয়েছে। তবে মাছের উৎপাদন বাড়াবার ব্যাপারে শ্যামাদাসবাবুর কোন হাত নেই। তিনি আইনতঃ এগুলি দখল করে মৎস্য বিভাগের হাতে তুলে দেবেন। কাজেই এ বিলের উদ্দেশ্য সম্পর্কে যেকথা বলা হয়েছে তার কার্যকারিতা নির্ভর করবে অন্য একটি বিভাগের উপর। এই বিলের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে, সরকার এই সমস্ত জলাভূমিগুলি দখল করবেন মাছের উৎপাদন বাড়াবার জন্য। কিন্তু কিভাবে এই পরিকল্পনার সার্থক রূপায়ণ হবে সে সম্পর্কে আমরা কিছুই জানতে পারলাম না। আমরা জমি ইতিমধ্যে বহু জলাভূমি জমিদারী দখল আইনের বলে সরকারের হাতে ন্যস্ত হয়েছে। তাছাড়া মৎস্য দপ্তর কর্তৃক পরিচালিত বহু ট্যাঙ্কও আমাদের দেশে আছে। কিন্তু মাছ চাষের উন্নতির যেসব কথা আমরা শুনি তাতে দেখি যে সমস্তই ব্যর্থ হয়েছে। কাজেই এইসমস্ত খাল, বিল, বাওড় গভর্নমেন্ট, নিজের হাতে নেবার পর কোন প্রক্রিয়াতে মাছ চাষ করবেন সেটা জানতে না পারায় আমাদের মনে একটা আশঙ্কা থেকে যাচ্ছে। যদি সরকার নিজের হাতে নেন তাহলে স্বভাবতঃই আমাদের সংশয় বিশ্বাসযোগ্য হবে। কারণ সরকারে মৎস্য দপ্তরের অতীত এবং বর্তমানের কার্যকলাপে যে ব্যর্থতা সেটা আমরা সকলেই জানি। সেইজন্য আমাদের মনে সংশয় দেখা দিয়েছে যে, আরো অধিক সংখ্যক জলাভূমি সরকারের হাতে এলে আরো বেশী ব্যর্থতা দেখা দেবে। তাছাড়া মন্ত্রিমহাশয়ের আনীত বিলের বিপক্ষে যাঁরা যুক্তি খাড়া করেছেন—তাঁদের মধ্যে কংগ্রেসপক্ষের কিছু কিছু সদস্য আছেন, তাঁদের যুক্তিও প্রমাণিত হবে। আর সরকার যদি এই জলাভূমিগুলি দখল করে কো-অপারেটিভ বেসিস্-এ মাছ চাষ করেন তাহলে সেখানেও যথেষ্ট আশঙ্কার কারণ থেকে যাচ্ছে। কারণ গোটা পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় যে কয়টি কো-অপারেটিভ মৎস্য সমবায় সমিতি গঠিত হয়েছে, তার সঙ্গে যারা সত্যিকারের মৎস্যজীবী তাদের কোন সম্পর্ক নেই। নদীয়া এবং মুর্শিদাবাদ জেলায় আমরা দেখেছি, মৎস্য সমবায় সমিতিগুলিতে যদিও খাতাপত্রে মৎস্যজীবীদের নাম আছে, কিন্তু কিছু চাটুজ্যে, বাড়ুজ্যে, মুখুজ্যে সেগুলি পরিচালনা করেন। সত্যিকারের মৎস্যজীবীরা এই কো-অপারেটিভ-এর মাধ্যমে কোনরকম সুযোগ-সুবিধা পান না। কাজেই এই দিক থেকে এই সমবায় সমিতিগুলি সাধারণ মৎস্য-জীবীদের কোন আস্থা অর্জন করতে পারি নি। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা এই হাউসে দেখেছি, যখন মন্ত্রিমহাশয়রা কোন বিল আনেন তখন তার সম্বন্ধে উচ্ছ্বসিত প্রশংসা করেন। কিন্তু ভূদান বিল সম্পর্কে আমরা তখন আশঙ্কা প্রকাশ করেছিলাম যে, এই বিলের দ্বারা গ্রামের সাধারণ লোকের জীবনে কোন উপকারই হবে না। আমাদের সেই কথা তখন মন্ত্রিমহাশয় গ্রাহ্য করেন নি। কিন্তু পরে আমাদের কথার সত্যতা প্রমাণিত হয়েছে। আজকে একটা ভাল বিল এনেছেন ভাল উদ্দেশ্য নিয়ে এবং আমরা নীতিগতভাবে এটা সমর্থন করি। ব্যক্তিগত মালি-কানায় পরস্পরের ঝগড়া এবং স্বত্ব স্বামিত্বের ঝগড়া নিয়ে যেসমস্ত জলাভূমি মজে যাচ্ছে—মৎস্য চাষের অনুপযোগী হয়ে যাচ্ছে যেগুলি সরকার দখল করে মাছ চাষের যে ব্যবস্থা করতে যাচ্ছেন সেটা সত্যিই সমর্থনযোগ্য। পরিশেষে, আর একটা কথা বলতে চাই যে, ব্যক্তিগত মালিকানা ছাড়াও আমরা জানি যে, বাংলাদেশে কয়েকটি যৌথ কোম্পানি লিমিটেড কোম্পানী তারা আইনের সুযোগ নিয়ে অনেক জলাভূমি, বিল বাওড় দখল করে আছে।

সেই বিল-বাওড় এবং জলাভূমির আশেপাশে যে জমি আছে, তা তারা চাষ করে। এমন কি আমি জানি যে ভাগীরথী নদী আছে, তার দু-পাশে রামনগর কেন্ অ্যান্ড সুগার কোম্পানী লিমিটেডের জমিদারী, তাদের চাষের যে জমি আছে, বর্ষার সময় যখন সেই জমিতে জল ওঠে, সরকারের তরফ থেকে ভাগীরথীকে তখন মৎস্যচাষের জন্য বন্দোবস্ত দেওয়া হয়ে থাকে। কিন্তু অসুবিধা দেখা দেয় বর্ষার সময়, যখন চাষের জমির দু-পাশে জল উঠে যায়, তখন এই জমিদারীর —রামনগর কেন্ অ্যান্ড সুগার কোম্পানী লিমিটেডের পক্ষ থেকে মৎস্যচাষীদের ভাগীরথী নদীতে মৎস্য ধরবার সুযোগ দেওয়া হয় না। তার জন্য খুটিগাড়া—এই ধরনের ট্যাক্স আদায় করা হয়। বিলে এটা আছে যে, জলাভূমির পার্শ্ববর্তী অঞ্চলের জমি সরকার প্রয়োজনবোধ করলে দখল করতে পারেন। কেবল জমি দখল করবার উদ্দেশ্য নিয়ে গেলে আমাদের আপত্তি আছে। আর যদি মৎস্য চাষীদের সুবিধার জন্য এইসমস্ত জমি দখল করার দরকার হয়, তাহলে

আমরা সেটা সমর্থন করি। যেসমস্ত চাষের জমি দখল করা হবে, তার জন্য যেন যথোপযুক্ত ক্ষতিপূরণ দেওয়া হয় এবং পুনর্বসতির জন্য যেন তারা জমি পায়। এই বিলকে নীতিগতভাবে আমরা সমর্থন করছি ঠিকই, কিন্তু সঙ্গে সঙ্গে একটা আশঙ্কাও প্রকাশ করছি যে, এই বিলে মাধ্যমে যেসমস্ত জলাভূমি দখল করা হবে, তার ক্ষতিপূরণ দেওয়া হবে লক্ষ লক্ষ টাকা—প্রাক্তন জমিদার, জোতদার ও অন্যান্য স্বার্থান্বেষী ব্যক্তিদের। আর গরীব মানুষকে কিছু ক্ষতিপূরণের টাকা সরকারী তহবিল থেকে দেওয়া হবে। কিন্তু সেই জমি দখল করার পরে সত্যিকারের মৎস্য চাষ করা হবে না বলে আমি সন্দেহ প্রকাশ করছি। কারণ যে বিভাগ এর দায়িত্ব নেবে অতীতে আমরা তার বিরুদ্ধে বহু অভিযোগ করেছি। কিন্তু কোন ফল হয় নি। সেইজন্য এই আশঙ্কা প্রকাশ করছি। এই বিল পাশ হবে ঠিকই। এইসমস্ত জলাভূমি দখল করা হবে ক্ষতিপূরণ দিয়ে ঠিকই, কিন্তু যে উদ্দেশ্যে জমি দখল করা হচ্ছে, শেষ পর্যন্ত তা ব্যর্থতায় পর্যবসিত হবে।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, অত্যন্ত আনন্দের কথা মাননীয় সদস্যগণ এই বিধেয়কের উপর বিতর্কে অংশগ্রহণ করে সকলেই নীতিগতভাবে এই বিলকে সমর্থন জানিয়েছেন। মাননীয় সদস্য দেবশরণ ঘোষ মহাশয় তো বললেন যে, এতদিনের মধ্যে সরকারের একটা শুভবুদ্ধির পরিচয় পেয়েছেন। কাজেই বিলটাকেও সবাই সমর্থন করছেন। সবাই প্রশংসাই করেছেন, তবে অনেকে আবার আশঙ্কা প্রকাশ করেছেন বিলটা কার্যকর করা যাবে কি যাবে না এই ভেবে। আমাদের সরকারী দপ্তরের উপর ও'রা পুরাপুরি বিশ্বাস স্থাপন করতে পারছেন না। এই দপ্তরের হাতে যদি এইরকম বিল পড়ে, তাঁরা কার্যকর করতে পারবেন না, অনিষ্ট করতে পারেন। তাই বলে বিলকে প্রতিবাদও তাঁরা জানাচ্ছেন না। বিলকে অনেকে স্বাগত জানিয়েছেন।

(এ ভয়েস: নীতিগতভাবে।)

আমি সেই কথাই বলছি—যদি নীতিগত হিসেবে বলে থাকেন, এখন কথা হচ্ছে এই দপ্তর সম্পর্কে যতগুলি অভিযোগ এ পর্যন্ত উত্থাপন করা হয়েছে, সেই সম্পর্কে আলোচনা করে কিছুদিন আগে বাজেটের আলোচনার সময় অনেক কথা উত্তরে বলেছি। তবু অনেকে আবার প্রশ্ন তুলেছেন, আপনারা এর সম্বন্ধে কি করলেন, কতদূর কি করতে পেরেছেন, বা কি পারেন নাই—তার হিসেব দাবী করেছেন। আমি একটা হিসেব দেখছিলাম— এপর্যন্ত এই মৎস্য বিভাগ ডাইরেক্ট ফার্মিং-এর একটা পরিকল্পনা গ্রহণ করেছেন এবং এই ডাইরেক্ট ফার্মিং পরিকল্পনার মধ্যে মাত্র ৭ হাজার ৫ শো বিঘা জলাশয় রয়েছে। এর মধ্যে বেশীর ভাগ জায়গাতে এ'রা ডাইরেক্ট ফার্মিং মেথড-এ অল্পদিন হলো মৎস্য চাষ আরম্ভ করেছেন।

[4-15—4-25 p.m.]

মাননীয় সদস্যগণ জানেন যে অল্পদিনের মধ্যে মাছের চাষের কোন লাভ দেখানো যায় না। অন্তত তিন বছর গিয়ে চতুর্থ বছরে গিয়ে মাছগুলি বিক্রয়ের যোগ্য আকারে বাড়ে। তার আগে কোন লাভ সম্ভব নয়, বেশীরভাগ জলাশয় যা ডাইরেক্ট ফার্মিং-এর মধ্যে রয়েছে তিন বছর মধ্যে-কার গোটা কয়েক মাত্র তিন বছর অতিক্রান্ত হয়েছে—আমি সেগুলির কয়েকটি বিবরণ আপনার কাছে পেশ করতে চাই। জোনপুর ফার্ম নং এক—জোনপুর ফার্ম নং দুই আর কুলিয়াবিল ফার্ম। এই তিন সম্পর্কে একটি হিসাব আপনার কাছে দিলে মাননীয় সদস্যগণ বুঝতে পারবেন যে তাঁরা এই দপ্তরকে যতখানি অযোগ্য বলে মনে করেন বা আশঙ্কা প্রকাশ করেন ততখানি অযোগ্য তো নয়ই বরং মাননীয় সদস্যগণ এর মাছের টেকনিকটা বুঝলে শুধু নীতি-গতভাবে সমর্থন করবেন তা নয়, মাছের ব্যাপারটা যদি ভাল করে বোঝেন methods and technique and modern methods of fish production.

যদি ভাল বোঝেন তাহলে আমার মনে হয় তাঁরা এইসমস্ত কথা শুনবার পর এই মৎস্য দপ্তরকে সমর্থনই জানাবেন। জনপুর ফার্ম নং ১·৮০ বিঘা জমি—সেখানে ক্যাপিটাল এক্সপেন্ডিচার এ পর্যন্ত হয়েছে ৪৯,২৭৩ রেকারিং এক্সপেন্ডিচার ৪৪,৪১৭ এবং টোট্যাল কোয়ান্টিটি অফ ফিশ রেইসড ১৮,৯১০ কে জি এবং ১০ হাজার ছোট এবং বড় মাছের পোনা এই হোল এখানকার

পরিচয়। আর জোনপুর ফার্ম নং ২ ক্যাপিট্যাল এক্সপেন্ডিচার ৪৪,৬৩৫, রেকারিং ২২,৮৬১, মাছ ধরা গেছে ৬,৫১৯। এবং এই জোনপুর ফার্ম নং ১ এবং ২ চার বছর হয়েছে, এতে আমরা মনে করছি যে ১৫ বছরের মধ্যে সমস্ত ক্যাপিটাল যা আমরা লগ্নী করেছি এবং আমরা পৌনপুনিক খরচ করছি তা সমস্ত উদ্ধার করতে পারবো। ফার্ম নং ১—৮০ বিঘা জমি, ফার্ম নং ২—৮৫ বিঘা জমি আর কুলিয়াবিল ফার্মে এখানে টোট্যাল এরিয়া এক শত বিঘা এটা প্রথম আরম্ভ হোল ১৯৬০ সালে ক্যাপিটাল এক্সপেন্ডিচার ১৮,৭২৯ টাকা পৌনপুনিক খরচ ৪৪,১৯০ এবং এ পর্যন্ত মোট মাছ পেয়েছি ১৯,১৩০ কে জি এবং মোট যা টাকা পেয়েছি ৪৮,৮১৬ টাকা। আমরা দেখতে পাচ্ছি হিসাবে এ পর্যন্ত যদিও চার বছর অতিক্রম করে নি তবুও মোট খরচের প্রায় ৭৫ ভাগ আমরা উদ্ধার করতে পেরেছি। অর্থাৎ মাছের বাজারে যেখানে ডাইরেক্ট ফার্মিং করা হয় সেখানে তিন বছর বাদ থেকে হিসাব নিলে আমাদের সরকারী দপ্তর থেকে যেসব জলাশয় প্রত্যক্ষ মৎস্য চাষের জন্য গ্রহণ করা হয়েছে তার হিসাব খুব খারাপ বলে মাননীয় সদস্যগণ মনে করবেন না। কুলিয়ায় ক্যাপিট্যাল এক্সপেন্ডিচার ১৮,৭২৯, রেকারিং এক্সপেন্ডিচার ৪৪,১৯০ এবং টোট্যাল কোয়ান্টিটি অফ ফিশ রেইজড ১৯,১৩০ এবং টোট্যাল রিসিপ্ট অবটেইন্ড সো ফার ৪৮,৮১৬। মাননীয় সভাপতি মহাশয়, এর পরে আমি মাননীয় সদস্যগণ সাধারণভাবে যেসমস্ত কথা আলোচনা করেছেন সে সম্পর্কে দু-চারটি কথা বলতে চাই। ও'রা একটা কথা বারে বারে বলেছেন এবং মাননীয় সদস্য কাশিকান্তবাবু বারে বারে যে কথা বলছিলেন যে, কো-অপারেটিভকে দেওয়া সম্পর্কে যে কো-অপারেটিভকে দেবার ফলে আমাদের লোকসান হচ্ছে কো-অপারেটিভকে দেবার আগে আমরা হায়েস্ট বিটারকে দিতাম—হাইয়েস্ট বিটারকে দিতাম যখন সেটা এক কথা—কিন্তু কো-অপারেটিভকে দেওয়ায় লোকসান হচ্ছে—তার মানে কি কাশিকান্তবাবু বলতে চান যে, কো-অপারেটিভকে দেবার নীতি বর্জন করবো? আমরা এটা স্বীকার করি না। প্রথম কথা হচ্ছে কো-অপারেটিভ যেগুলি গঠিত হয়েছে তার সবগুলিতেই যে লোকসান হচ্ছে একথা ঠিক নয়, সরকারের হয়তো কিছু লোকসান হচ্ছে—যে রেভিনিউ আয় করা যেতে পারতো হায়েস্ট বিটারকে দিলে সেই রেভিনিউ আমরা হয়তো অর্জন করতে পারছি না। কিন্তু শুধু হাইয়েস্ট বিটারকে দিলে হাইয়েস্ট অ্যামাউন্ট অব রেভিনিউ অর্জন করতে পারা যায় জানি না কাশিকান্তবাবু এটা মনে করেছিলেন কিনা। আমি মনে করি কো অপারেটিভ সেকটারকে সর্বপ্রকার সাহায্য দেওয়ার দরকার এবং হাইয়েস্ট বিটারকে না দেওয়ার জন্য সরকারের ক্ষতি হয় সেই ক্ষতি সরকারের নিশ্চয়ই স্বীকার করে নেওয়া উচিত। আমরা এ সম্পর্কে সুনির্দিষ্ট নীতি যেটা গ্রহণ করেছি তা আমাদের গভর্নমেন্ট স্টেপস ম্যানুয়েলের মধ্যে আমরা ঘোষণা করে দিয়েছি—তাতে বলেছি ২৭৩ ধারাতে

The practice of settling Government fisheries by open and unrestricted auction is forbidden.

আমরা প্রথমে করতে চাই

In settling fisheries preference should be given to a co-operative society of fishermen, not less than 75 per cent. of whose members are bona fide fishermen.

মাননীয় দেবশরণ ঘোষ মহাশয় যা বললেন যে কো-অপারেটিভ ফিসারমেনস সোসাইটি চাটুজ্যে, বাড়ুজ্যে ও ভট্টাচার্য এদের নিয়ে গঠিত হয়ে থাকে এবং সত্যিকারের মৎস্যচাষীদের বঞ্চিত করবার একটা যন্ত্ররূপে একে ব্যবহার করা হয়। একথা ঠিক নয়, হতে পারে সবগুলি কো-অপারেটিভ ঠিক ঠিকভাবে পরিচালিত হয় না। কিন্তু কো-অপারেটিভ সোসাইটি অব ফিসারমেন যা হয়েছে তাকে আমাদের স্বীকৃতি দিতে হবে—তাতে যে শতকরা ৭৫ জন সদস্য বোনাফাইড ফিসারম্যান সেটা স্বীকার করে নিতে হবে। তারপর কথা হচ্ছে কো-অপারেটিভ ফিসারী যেগুলি আছে, কো-অপারেটিভ ফিসারমেনস সোসাইটি সেগুলির মধ্যে আমরা একটা চিত্র কি দেখতে পাই। আমরা এ পর্যন্ত দেখতে পাচ্ছি যে ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি ৪৪৭টি হয়েছে এবং তার সদস্য সংখ্যা হচ্ছে ২৪,১৯৫—পেড আপ ক্যাপিটেল হোল ৩ লক্ষ ৬৭ হাজার, ভ্যালু অফ ফিক্সড অ্যাসেট্স মেশিনারী ২৮ হাজার, অন্যান্য ৪ লক্ষ ২৪ হাজার। এখন আমি এর মধ্যে দুটো ভাগ করছি একটা হোল প্রফিট আর্নিং সোসাইটি আর একটা হোল লুজিং সোসাইটি। প্রফিট আর্নিং সোসাইটির সংখ্যা এই ৪৪৬-এর মধ্যে ১৬২টি তার টোট্যাল প্রফিট হয়েছে

১৯৬২-৬৩ সালে ২ লক্ষ ৫৮ হাজার টাকা। লুজিং সোসাইটি হোল ১৩৭, টোট্যাল লস্ সাসটেইন্ড বাই সাচ সোসাইটি ১ লক্ষ ২ হাজার টাকা। সোসাইটি লুজ করেছে দুঃখের কথা এটা ঠিকই—কিন্তু ফিসারমেনস কো-অপারেটিভ মানে লুজিং সোসাইটি হবে একথা আমি স্বীকার করতে চাই না। এই হিসাব দেখলে মাননীয় সদস্যগণ নিশ্চয়ই বুঝতে পারবেন। তারপর এই কো-অপারেটিভ সোসাইটিকে দেওয়া নিয়ে যদি আপত্তি করেন আমি জানি না এ সম্বন্ধে বলার দরকার হবে কিনা, কিন্তু আমাদের এই ঘোষণা আজকের দিনের নয়, যে আমরা কো-অপারেটিভ সোসাইটিকে দেবো, কো-অপারেটিভ সোসাইটি কোন কোন জায়গায় যদি বড় লোকের হাতে ক্রীড়ানক হয়ে দাঁড়ায় তাহলে দুঃখের কথা—কিন্তু সাধারণভাবে এই নীতি আমরা গ্রহণ করেছি যে কো-অপারেটিভ সোসাইটি অফ ফিসারমেন নিয়ে ফিসারম্যানদের যেখানে কো-অপারেটিভ সোসাইটি গঠিত হবে তাকে অগ্রাধিকার দেওয়া হবে একথা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলা আছে এবং এ সম্বন্ধে তারা স্পষ্ট করে বলেছেন যে কয়েক জায়গাতে

To ensure effective use of inland waters certain improvements in organisation at the local level are essential. In the past where water was owned by individuals they did not have the resource to develop it. Where it belonged to Government it was auctioned and development aspects did not receive the necessary attention and the fish was soon depleted.

আগে আমরা অকসন করতাম হায়েস্ট বিডারকে, কাশীবাবু যার প্রশংসা করলেন। এখন আমরা হায়েস্ট বিডারকে দেওয়া বন্ধ করেছি, কারণ হাইয়েস্ট বিডারকে অকসন করা মানে একজন মিডলম্যান-এর হাতে চলে যাওয়া। এর ফলে মৎস্য উৎপাদনে লাভ হবে না।

For these reasons many ponds have already gone out of use. Panchayet Samities and Panchayets should undertake the development of fish ponds and other inland waters as a growing local resource. They should work in close association with co-operatives through which credit and marketing facilities should be made available.

আর একটা জায়গায় বলা হয়েছে।

Organisation of co-operatives for fisherman is an indispensable means for preventing exploitation by middlemen, removing indebtedness of fishermen and increasing production.

[4-25—4-35 p.m.]

স্যার, আমরা যদি মৎস্যজীবীদের জীবনের কথা দেখি তাহলে আমি মনে করি এই কথাগুলি অক্ষরে অক্ষরে সত্য। মাননীয় সদস্য অপূর্ববাবু মৎস্যজীবী সম্প্রদায়ের করুণ জীবনের কাহিনী এখানে বলেছেন, তাদের দারিদ্র্যের কথা বলেছেন, তাদের অসহায় অবস্থার কথা বলেছেন। আমরাও জানি মৎস্যচাষী সম্প্রদায়ের অধিকাংশ লোক অত্যন্ত দরিদ্র, তাদের নৌকা, জাল নেই, মাছ ধরবার সাজ সরঞ্জাম নেই। অপূর্ববাবু যেকথা বলেছেন সেটা অক্ষরে অক্ষরে সত্য—অর্থাৎ তারা মহাজনের কাছে আড়তদারের কাছে কাজ করে এবং যে বোট-এ কাজ করে সেখানে তারা স্লেভ কন্ডিশন-এ, দাসসুলভ অবস্থায় কাজ করে। কাজেই তাদের বাঁচাতে হলে আমি কি একথা বলব যে, হাইয়েস্ট বিডারকে দেব এবং কোন মাননীয় সদস্য একথা বলতে পারবেন কিনা জানি না যে হাইয়েস্ট বিডার প্রথা ভাল ছিল। আমরা মৎস্যজীবীদের অসহায় অবস্থার কথা ভেবে, তাদের বাস্তব জীবনের করুণ চিত্রের কথা মনে করে মৎস্যচাষী সম্প্রদায়ের উন্নতি করবার জন্য এবং সঙ্গে সঙ্গে মৎস্য চাষের উন্নতি করবার জন্য আমরা কতগুলি ব্যবস্থা করতে চাই এবং তার মধ্যে একটি হোল এই বিল আপনাদের সামনে আনা। আমরা জানি মৎস্যজীবী সম্প্রদায়ের মধ্যে শতকরা একজনও কোন মেছোঘেরীর মালিক নয়, শতকরা ৯৯ জন লোক অন্যের কাছে দিনমজুর হিসেবে কাজ করে এবং অত্যন্ত অল্প মজুরীতে কাজ করে। কাজেই কি করে সেইসব মিডলম্যানদের হাত থেকে নিয়ে এসে তাদের হাতে ক্ষমতা দেওয়া যেতে পারে এবং কি করে মাছের উন্নতি করা যেতে পারে সেটাই হোল কথা। মাননীয় সদস্য নিখিলবাবু বললেন মেছোঘেরীর মালিকরা চড়া দামে মাছ বিক্রি করে এবং মাছের বাজারে সঙ্কট সৃষ্টি করে। তিনিই আবার বললেন এইসব মালিকদের পুকুর, মেছোঘেরী আপনারা নেবেন না এবং

নেবেন কোন্‌টা, না ওই ভেড়ির খিড়কীর পুকুর। আমি আপনাদের বলতে পারি খিড়কীর পুকুর নেবার পরিকল্পনা আমাদের নেই, কেন না ছোটখাট জমি নিয়ে কি হবে, ছোটখাট পুকুর নিয়ে কি হবে। বীরেনবাবুর হয়ত বড় বড় পুকুর আছে যেগুলো আমরা নিতে পারি, কিন্তু ছোট ছোট পুকুর যেগুলো আছে সেগুলো নেবার জন্য কেউ রাজী হবে না। মৎস্যজীবীরা মেছোঘেরীতে, বোটে, জালে যেভাবে কাজ করে তাতে তাদের কোন সত্ব, সম্পত্তি নেই এবং তাদের অসহায় অবস্থার সুযোগ নিয়ে মহাজনরা, আড়তদাররা অত্যন্ত পীড়নমূলক পন্থতিতে যা খুসী টাকা আদায় করে থাকেন। এখন প্রশ্ন হোল এই অবস্থা যদি অতিক্রম করতে হয় তাহলে আমরা কি করতে পারি? সরকার যদি নিজের হাতে নেন তাহলে কতগুলি জায়গায় তাঁরা ভাল ভাল পন্থতি প্রবর্তন করতে পারেন। বিরোধীপক্ষের মাননীয় সদস্যেরা সকলেই সরকারের নিন্দা করে থাকেন এবং এবারেও নিন্দা করেছেন—নিন্দা না করলে তাঁদের কি করে চলবে। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে তাঁরা কেউ চিন্তা করেন না, গঠনমূলক দৃষ্টিভঙ্গী নিয়ে কথা বলেন না। তাঁরা এটাকে নীতিগতভাবে সমর্থন করা ছাড়া আর যা বলেছেন তাতে দাঁড়ায় যে তাঁরা মৎস্যজীবীদের জন্য অশ্রু বিসর্জন করেছেন। আজকে যদি সম্পূর্ণভাবে ব্যক্তিগত মালিকানায় মেছোভেরিগুলি থাকে তাহলে যে ধীবর সম্প্রদায়ের কথা আমরা ভাবছি তাদের উন্নতি করবার কোন উপায় নেই এবং মৎস্য চাষের উন্নতি করবারও কোন উপায় নেই। স্যার, মাছ ধরবার জন্য কতগুলি নীতি আছে, ক্লোজিং সিজন আছে—তখন মাছ ধরা চলবে না। যতক্ষণ পর্যন্ত এগুলি ব্যক্তিগত মালিকানার অধীনে থাকবে ততক্ষণ পর্যন্ত মাছ ধরবার জন্য বৈজ্ঞানিক পন্থতি অনুসরণ করা চলবে না, কাজেই সরকারকে ক্ষমতা দিতে হবে।

মাননীয় সদস্যগণ বলেন সরকারের কোন ক্ষমতা নেই, বাধ্য হয়েই করছেন. আবার বলছেন সরকারের সদিচ্ছা আছে। আবার কেউ কেউ বললেন বোধ হয় কাজ কিছু করতে পারবেন না। আবার কেউ কেউ বললেন আসলে সরকার কিছু করবেন না, তাদের সদিচ্ছাও নেই, আসলে ছোটখাট পুকুরগুলি নিয়ে নেবেন, বড় পুকুরগুলি ছেড়ে দেবেন। আবার বলেছেন, বর্তমানে যেভাবে চলেছে যেভাবে মাছ ধরবার ব্যবসা পরিচালিত হচ্ছেণ এটা আর্থিক দিক দিয়ে অসঙ্গত অবস্থা বলতে পারি এবং সামগ্রিক কল্যাণের দিক দিয়ে বর্তমান অবস্থা অনিষ্টকর বলে মনে করি। যে মূল্যে মাছ ধরা হয়, যে মূল্যে ক্যাচ হয়, সেই মূল্যে বিক্রি হয় না, যে মূল্যে ক্যাচ হয় এবং যে মূল্যে বিক্রি হয় তাতে অগাধ পার্থক্য থাকে। তার জন্য বর্তমান অবস্থাই দায়ী। বর্তমান অবস্থায় আমরা ডাইরেক্ট ফার্মিং করছি ৭,৫০০ একরে। যেখানে এক লক্ষ একর জমি আছে সেখানে আমাদের সরকার থেকে ৭,৫০০ একর নিয়ে টানাটানি করলেন, মাননীয় সদস্যরা বললেন তাতে ভীষণ লোকসানের ব্যাপার হয়ে গেছে, এটাই বুঝি গেল সম্পূর্ণ ব্যাপার। আজকে যদি এক্সপেরিমেন্ট করতে হয়, পরীক্ষা নিরীক্ষা করতে হয়, আমাদের ফ্রেশ ওয়াটার রিসার্চ স্টেশন নানাভাবে পরীক্ষা নিরীক্ষা করে কিভাবে মাছের ইলড বাড়ান যেতে পারে, পার একর ইলড, ফিশ্‌ ইলড বেশী পাওয়া যেতে পারে, এই সমস্তগুলি তথ্য সংগ্রহ করে ঠিকমত বিক্রি করতে হয় তাহলে মাছের ভেরীগুলি আলাদা বা ব্যক্তিগতভাবে মালিকানার মধ্যে ব্যাপকভাবে রেখে দিলে খুব ক্ষতিকর হবে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই একমত হবেন যে বর্তমান অবস্থা চলতে দেওয়া যেতে পারে না। বর্তমান অবস্থা চলতে দিলে যে দরে মাছ সেখানে ধরবে, তার চেয়ে অনেক দরে কলকাতার বাজারে যে-কোন জায়গায় খরিদ্দারের কাছে মাছ বিক্রি করার সুযোগ সুবিধা পাবে, সেজন্যই আমাদের প্রস্তাব মাননীয় সদস্যগণের কাছে রেখেছি।

আর একটা কথা বোধ হয় পরিশেষে বলা দরকার। অনেক মাননীয় সদস্য বলেছেন, বারে বারে বলেছেন, মাছের চাষ বোধ হয় খুব কমে যাচ্ছে। মাননীয় সদস্য শম্ভুবাবু বোধ হয় বললেন—পাকিস্তান থেকে মৎস্য আশা বন্ধ হয়ে গেল তার জন্য কেউ দায়ী নয়, শুধু আমাদের মৎস্য বিভাগের কয়েকজনকে বিশেষ বিশেষণে ভূষিত করলেন, যে সরকারী কর্মচারীরা এর জন্য দায়ী। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে পাকিস্তান মাছ পাঠান বন্ধ করতে চেয়েছে, তারা যে ২০ পার্সেন্ট বোনাস দিত ২০ পার্সেন্ট অফ দি ভ্যালু অফ এক্সপোর্ট সেটা বন্ধ করে দিয়েছে, সেই পরিমাণ জিনিস এখান থেকে নিত, সে সুযোগ বন্ধ করে দিয়েছেন ফলে পাকিস্তান থেকে যেসমস্ত লোক মাছ চালান দিতেন তারা সেই মাছ চালান দিতেন তাঁরা তা বন্ধ করে দিয়েছেন।

কাজেই এটা আমাদের নীতির ব্যর্থতা এটা বলা বোধ হয় ঠিক নয়। যদি ব্যর্থতা হয়ে থাকে তার জন্য সরকারের এই দপ্তর দায়ী হতে পারে না, আপনাদের বলাটা তাই ভুল হয়েছে, এজন্য পাকিস্তান থেকে মাছ আসবে কি আসবে না, কি টার্মসে আসবে সেটা এই সরকারের বিচার্য নয়, ওখানে যদি বলতেন তাহলে ভাল হত। কিন্তু কথা হচ্ছে, পাকিস্তান থেকে মাছ আসছে না তার জন্য এই সরকার দায়ী নয়। আর একটা কথা হচ্ছে পশ্চিমবাংলায় যে জলাশয় আছে সেখান থেকে মাছের পরিমাণ বাড়ছে কি বাড়ছে না এটাও বিচার্য। গতবার আমি হিসাব দিয়েছিলাম, আবার পুনরায় বলতে পারি, আমরা কলকাতা এবং হাওড়াতে যে ফিগার পাওয়া যায়, ১৯৪৮ সালে কত মাছ আসত এবং ১৯৬৪ সালে কত মাছ এল—১৯৪৮ সালে মাছ এসেছে ৪২ হাজার কুইন্টাল এবং ১৯৬৪ সালে ৮৭ হাজার কুইন্টাল, পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায়। এটা একটা বিশেষ তাৎপর্যপূর্ণ কথা। প্রায় দ্বিগুণের চেয়ে বেশী কলকাতা এবং হাওড়ার বাজারে এসেছে, পশ্চিমবাংলার বাইরে থেকে যা আসত সেটা প্রায় ঠিকই আছে, বাড়ছে না, পাকিস্তান থেকে আসা ভয়ানক কমে গেছে।

[4-35—4-45 p.m.]

কাজেই এ জিনিসটা মাননীয় সদস্যদের এড়িয়ে যাওয়া উচিত নয়। পশ্চিমবঙ্গের জলাশয়গুলি থেকে উৎপন্ন মাছ সরবরাহের পরিমাণ শতকরা ১০৭, ১৭ বৎসরের মধ্যে বেড়েছে। মাননীয় সদস্যদের একথা বলতে চাই মাছ আজকাল যা কলকাতায় আসে তা বাইরের তুলনায় কম। কলকাতার লোকের ক্রয়ক্ষমতা আছে কিন্তু এর চেয়ে ক্রয়ক্ষমতা আছে শিল্পাঞ্চলের লোকের, বিশেষ করে ডেভালপমেন্ট একটিভিটি যেসব জায়গায় চলছে সেসব জায়গার লোকেরা বেশী পয়সা দিয়ে মাছ কিনছে এটা খুব সত্য কথা। আজকে মাছ কলকাতায় যে আসতো তার চেয়ে কম আসে তা সত্ত্বেও কলকাতায় মাছের মোট সরবরাহের পরিমাণ বেড়েছে, কলকাতার বাইরে বিভিন্ন জায়গায় শিল্পাঞ্চলে, বিশেষ করে নিউলি-ডেভেলপড্ টাউনস-এ লোকেদের ক্রয়ক্ষমতা বাড়ার জন্য কিনতে প্রস্তুত আছে। আমরা দেখেছি কলকাতার বাইরে যেসব মূল্য নিয়ন্ত্রণ বহির্ভূত এলাকা আছে সেখানে বেশী দামে মাছ বিক্রি হচ্ছে এবং লোকেরা তাই কিনছে। আমি কেবল কলকাতার এবং হাওড়ার হিসাব দিতে পারি এটার বেশী স্ট্যাটিসটিকস আমাদের নেই। এটা একটা ইন্ডিকেটার, এর দ্বারা এটাই বোঝা যায় যে, মাছের উৎপাদন কমে যাচ্ছে তা নয়, মাছ খাওয়ার লোকের সংখ্যাও বেড়েছে। আগে যারা কম খেতেন এখন তারা বেশী করে খাচ্ছেন এবং আগে যারা খেতেন না তারা এখন খাচ্ছেন। কাজেই এই দপ্তরকে যে বিশেষণে বিশেষিত করতে চাচ্ছেন মাননীয় সদস্যরা আমার মনে হয় তাঁরা এটার যোগ্য নয়, তার চেয়ে ২/১টা প্রশংসার কথা যদি বলতেন ভাল হত। দ্বিতীয় কথা হচ্ছে এই যে বিধায়ক মাননীয় সদস্যদের কাছে নিয়ে আসা হয়েছে তার জন্য তাঁরা যে অকুণ্ঠ সমর্থন জানিয়েছেন সেজন্য আমি মনে করি মৎস্য দপ্তর আপনাদের কাছ থেকে প্রশংসার দাবী রাখে।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Fisheries (Requisition and Acquisition) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Aswini Roy: I move that in clause 2(3), in line 1, after the words "any land" the words "other than agricultural land as defined in clause (1)" be inserted.

I move that in clause 2(5)(i), in line 1, after the words "any fishery" the words "except the tank or pond not exceeding one acre adjoining the homestead or dwelling house" be inserted.

I move that in clause 2(3), in line 8, after the words "tank fishery" the words "and includes the tank fishery in tea gardens as existed on 1st June, 1954" be inserted.

শ্রীঅশ্বিনী রায়ঃ স্যার, এখানে এনি ল্যান্ড বলতে তখন আবার এগ্রিকালচারেল ল্যান্ড নিয়ে টানাটানি পড়বে কারণ বর্ষার সময় বহু জমিতে জল জমে থাকে, গ্রামের দলাদলি থাকার জন্য এই যে সমস্ত জমি এই দপ্তরের যারা অফিসার তাদের প্রভাবান্বিত করে অতি সহজে দখল নিয়ে নিতে পারবে। এমন অনেক জমি আছে যেগুলি নীচু জমি সেখানে জল শুকায় না এবং সেখানে ধান পাকার পরও জল শুকায় না, সেখানে এ অসুবিধাটা দেখা দিতে পারে, সেজন্য এনি ল্যান্ড যে সংশোধনী রেখেছি সেটা এই পারপাসে রেখেছি যে এনি ল্যান্ড-এর সঙ্গে আদার দ্যান এগ্রিকালচারেল ল্যান্ড-এ কথাটা যোগ করা হোক।

তারপর আমি বলছি ক্লজ ২. অ্যামেন্ডমেন্ট নম্বর ৫৩ সেখানে ট্যাঙ্ক ফিশারী কথাটা আছে তাতে বলা হয়েছে যে ট্যাঙ্ক ফিসারীর সঙ্গে যোগ করতে চাচ্ছি
after the words "tank fishery" the words "and includes the tank fishery in tea gardens as existed on 1st June, 1954" be inserted.
এই যে টি গার্ডেন যেভাবে এস্টেট এ্যাকুইজিসান অ্যাক্ট-এ ট্যাঙ্ক ফিসারী নিয়ে ৬নং ক্লজ যেভাবে আছে তাতে সেখানে একটা আশঙ্কা থেকে যাচ্ছে যেমন গোটা চা বাগানের সমস্ত জমি বাদ দেওয়া হল এবং তার সঙ্গে সঙ্গে ফিসারী ট্যাঙ্কগুলো বাদ পড়ে যাবার আশঙ্কা আছে, সেজন্য এ অংশটা স্পেসিফিক্যালি থাকা দরকার চায়ের বাগিচার অন্তর্ভুক্ত যেসমস্ত ফিসারী ১লা জুন ১৯৫৪ ছিল সেগুলি ফিসারী হিসাবে গণ্য হবে। আপনি জানেন জমিদারী দখল আইন পাশ হবার সঙ্গে সঙ্গে ছোটখাট পুকুর ছিল সেগুলো ভর্তি করে জমি হয়ে গেল। জমিদারদের রিটার্ণস বহুবার অদলবদল হল এবং ১৯৫৪ সালে যে সমস্ত পুকুরগুলো ছিল তা আর থাকছে না। সেজন্য ১৯৫৪ সালে যদি আইনটা দেখা যায় তাহলে যারা একাজ করবে তাদের একটা আইনের কাছে জবাবদিহি করতে হবে। সেজন্য আমি এই সংশোধনীতে বলছি ট্যাঙ্ক ফিসারী বলতে চা বাগিচার যে জলাশয় আছে তাকে অন্তর্ভুক্ত করা হোক।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় সদস্য অশ্বিনীবাবুর একটা ভয় আছে কিন্তু মাননীয় সদস্যকে একথা বলতে পারি যে ডুয়েলিং হাউস সংলগ্ন এক একর যে পুকুর সেগুলি দখল করবার কোন অধিকার নেই, এবং এটা এমেন্ডমেন্ট-এ দেবার দরকার নেই। কারণ
Suppose there is a *baganbari*. Will you agree that his pond will never be acquired? That is never your idea. Please leave it to the department. I can assure my friend that it is never the intention of any person to acquire a pond of small size which adjoins the house.
আমি একটা কথা বলছি মাননীয় সদস্য যে কথা বলছেন যে হাউসের এডজয়েনিং এক একর নিতে পারা যাবে কিন্তু তা না। আমি মন্ত্রী হয়েছি বলে প্রচণ্ড বড়লোক বলে আপনাদের মনে হতে পারে, কিন্তু এটা একটা নীতি হিসাবে ঘোষণা করছি যে যেখানে কৃষকের জমি চাষের জন্য জলের দরকার। পারিবারিক ব্যবহারের জন্য পুকুরের দরকার সেখানে আমরা এটা কখনই নেবো না। কিন্তু আপনি বলছেন কেন যে কোন সীমা বেঁধে দিলেন না এর উত্তরে বলবো যে এডজয়েনিং কথার অর্থটা দেখুন।

[4-45—4-55 p.m.]

কাজেই এটা যদি একটা নীতিগত ঘোষণা হিসাবে গ্রহণ করেন আমি মনে করি কোন অসুবিধা হবে না। ঘোষণাটি হচ্ছে এই যে
I am talking on authority of the department

কোন জমি কৃষি কাজের জন্য লাগে সেটা নেবেন না, এটা বড় ফিসারির জন্য কথা হচ্ছে, বড় বিলের জন্য হচ্ছে। তবে ১ একর পণ্ড-এর কোন বড় নেবেন না, তা নয়, তবে কথা হচ্ছে সেটা যদি অব্যবহৃত হয়ে থাকে, অনুন্নত হয়ে থাকে তাহলে সেটা নিয়ে আপনি অঞ্চল পরিষদে দিতে পারবেন, অঞ্চল পঞ্চায়েতে দিতে পারবেন যদি ডেভেলপমেণ্ট তার দ্বারা সম্ভব হয়। কিন্তু যদি এইভাবে বাধা দেন তাহলে ঠিক হবে না। হোমস্টেড ল্যাণ্ড কাকে বলে—আপনাদের হোমস্টেড আছে, আমাদেরও আছে, আর একজন মহাজনেরও থাকতে পারে। তবে দুটো হোমস্টেড ল্যাণ্ড-এর মধ্যে পার্থক্য আছে। সুতরাং ইউ ক্যান নট মেক এ ডেফিনিশান দ্যাট ওয়ে, আমি সেই জন্য এটা বলছি যে আমার ডিপার্টমেণ্টের সঙ্গে কথা বলে, সংশ্লিষ্ট মন্ত্রীদের সঙ্গে কথা বলে, আমরা একটা ঘোষণা করতে পারি যে কৃষকের জমির উন্নতির জন্য বা প্রয়োজনীয়তার জন্য বা তার চাষ-বাসের জন্য যে পুকুর থাকবে সে পুকুর নেওয়ার কোন প্রশ্ন আসতে পারে না। আর একটা কথা হচ্ছে যে মাননীয় সদস্যরা বলেছেন,

শ্রীখগেন্দ্রকুমার রায় চৌধুরী: স্যার, আমি একটু ক্লিয়ার করি, সেটা হচ্ছে ঠিকই যে কৃষকের জমি নেবেন না, চাষ-বাসের জন্য জলের প্রয়োজনে পুকুর নেবেন না। ধরুন একটা কৃষকের ৩ বিঘা জমি আছে। সেখানে তার একটা হোমস্টেড ল্যাণ্ড আছে। সেখানে সে তার বাড়ীর কাজ করে, চাষ-বাসের জন্য জল লাগে কিম্বা একটু মাছই করে—সুতরাং এটাতে একটু অস্পষ্ট থেকে যাচ্ছে। সেই জন্য আইনের গ্যারাণ্টি থাকা দরকার। আপনাদের যদি সত্যিকারের সততার অভাব না থাকে, আর আমাদেরও না তাকে তাহলে আপনাদের ভাষা অনুযায়ী সংশোধনীটা সেই রকমভাবে সন্নিবেশিত করুন। এটাতে আপনাদের আপত্তিটা কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: তাহলে মাননীয় সদস্যরা যদি এত বেশী ব্যস্ত হন আমার কাছ থেকে কথা পাওয়ার জন্য, তাহলে আমি বলতে পারি যে এইভাবে অ্যামেণ্ডমেণ্ট করবার জন্য দ্যাট উইল রিকোয়ার সাম রিড্রাফটিং কথাটা হবে এই যে কৃষকেরা নিজেদের চাষ-বাসের জন্য তাদের বাড়ীর কাজের জন্য যেখানে পুকুর কাটা আছে এবং পুকুরটা মাছ চাষের জন্য অলরেডি ডেভেলাপ্ড কিম্বা ডেভেলাপ করবার উপায় নেই—যেমন একজন মাননীয় সদস্যের উত্তরে বলতে পারি, তিনি বললেন, আমার মনে হয় শ্রীগনি বললেন, দ্যাট ইজ ভেরি ইউজফুল সাজেসান যেখানে মাছের উৎপাদন করবার কথা, আপনাদের, সেখানে ছোট ছোট পুকুর নেবেন না, স্মল ট্যাঙ্ক নেবেন না। সেটা না নিয়ে সেই তার মালিকদের বরং সাহায্য করুন অর্থ দিয়ে, ঋণ দিয়ে বা মাছের পোনা দিয়ে। সেটা হলে ঠিকই আমরা সেটা দিতে নিশ্চয়ই গ্রহণ করব। কিন্তু সেটাকে একটু আইনের আকারে দিতে গেলে কোন কোন জায়গায় আপনি অসুবিধায় পড়ে যাবেন। সেই পুকুরটা কিরকম পুকুর হতে পারে মজা হাজা, গ্রামের মধ্যে পড়ে রয়েছে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন যে গ্রামাঞ্চলে অসংখ্য পুকুর আছে, যে পুকুরগুলি এমনি বিনা কারনে পড়ে আছে ১০টা সরিক আছে বলে। কারণ, সরিকরা দারিদ্র্যোৎপীড়িত বলে। আমি সেই জন্য বলছি সেখানে আপনি যদি বলেন যে বিকজ দিস ইজ এ ট্যাঙ্ক হুইচ এডজয়েন্স এ হাউস সেখানে এ্যাডজয়েনিং মানে বলে কিছু নেই তো, কতদূর এ্যাডজয়েনিং বলতে পারেন—সুতরাং এখানে একটা গোলমাল হতে পারে। সেই জন্য আমি বলছি যে কৃষকদের প্রয়োজনের জন্য যা দরকার হবে, যদি ট্যাঙ্ক দরকার হয়, ছোট সাইজ-এর ট্যাঙ্ক সেটা গ্রহণ করা উচিত হবে না এ সম্পর্কে আমরা করতে পারি।

Mr. Chairman: Do you accept the amendment?

Shri Syamadas Bhattacharyya: I am just accepting their suggestion that certain words may be put in here will ensure protection of tanks which are very close to the agricultural holdings. I shall accept such amendment after proper redrafting.

Mr. Chairman: Then clause 2 is held over.

Clause 3

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 3, in line 4, after the words "any usage or custom" the words "bearing historical tradition or meant for religious purpose" be inserted.

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমার কথা হচ্ছে এই যে কোন হিসটোরি-ক্যাল ট্রাডিসান বা কোন রিলিজিয়াস সেণ্টিমেণ্ট থাকে সেই ধরনের পুকুর গ্রামে বহুদিন ধরে আছে, যেমন আমাদের জেলাতেও আছে যে একটা পুকুরের পাড়েতে উৎসব হয়, দেব-দেবী আছে, কিম্বা পীঠস্থান ইত্যাদি আছে। এখন এই সমস্ত যে আপনারা কাসটোম কথাটা বলেছেন এটা আর একটু ক্ল্যারিফাই হওয়া দরকার। সেই জন্য ওখানে যেটা রেখেছেন, হিসটোরিক্যাল কথাটা যুক্ত করুন—হিসটোরিক্যাল ট্রাডিসান অর মিণ্ট ফর রিলিজিয়াস পারপাস এই ধরনের একটা কিছু ওখানে রাখা যায় কিনা, সেই জন্য আমি এই এ্যামেণ্ডমেণ্টটি দিয়েছি।

Mr. Chairman: The amendment of Shri Dulal Chandra Mandal is not moved.

Shri Syamadas Bhattacharyya: Sir, I cannot accept the amendment.

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাতে সমস্ত রকম বিষয় বাদ দেওয়া যাবে না। এটাতে যদি একটা রিলিজিয়াস সেণ্টিমেণ্ট কোন সংশ্লিষ্ট থাকে সেটা নিয়ে বুজিয়ে দেব না। এখন পুকুরটাতে ভাল মাছ যাতে হয় তার জন্য ব্যবস্থা করা হবে। মালিকানা চলে যাওয়ার জন্য অনেকেই অনেক কথা বলবেন। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন যেখানে মালিকানা নিয়ে টান পড়বে, সেখানে কত রকম সোরসেস উদ্ভব হবে যে আপনি তার সঙ্গে কিছুতেই মোকাবিলা করতে পারবেন না এবং তার সঙ্গে যদি রিলিজিয়াস কথাটা দিয়ে দেন তাহলে একটা নুড়িতে বেশ সিঁদুর দিয়ে বলবে যে রিলিজিয়াস ব্যাপার, এই সব করতে যাবেন না। কলকাতাতে দেখুন বট গাছের তলায় নুড়ি দিয়ে কিরকম আস্তা গড়ে তোলে তাকে সহজে সরান যায় না।

The motion of Shri Aswini Roy that in clause 3, in line 4, after the words "any usage or custom" the words "bearing historical tradition or meant for religious purpose" be inserted was then put and lost.

The question that clause 3 do form part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 4(4), in line 2, after the words "sub-section (1)", the words "within fifteen days from the date of order" be inserted.

শ্রীসনৎকুমার রাহা: সেই কমপ্লাই কত দিনের মধ্যে করতে হবে তার একটা টাইম দিলে ভাল হয়। সেই জন্য আমি এটা দিয়েছিলাম উইদিন ফিফটিন ডেজ ফ্রম দি ডেট অব অর্ডার clause 4(4), line 2; "If any person fails to comply with an order made under such section (1)".

কি রকম ধরনের ব্যবস্থা হবে, অর্থাৎ অর্ডার দেওয়ার পর কত দিন টাইম দিচ্ছেন কমপ্লাই করার জন্য—একটু টাইম না দিলে কখন কার খেয়াল হবে কি জানি। সেই জন্য একটা টাইম লিমিট হওয়া দরকার যে যাকে কমপ্লাই করতে হবে সে বুঝবে যে ১৫ দিনের মধ্যে আমাকে জবাব দিতে হবে।

The Collector or any person authorised by him in writing in this behalf, shall execute the order in such manner as he considers expedient.

এটাই আমার বক্তব্য।

Mr. Chairman: The amendments of Shri Bhakti Bhusan Mandal are not moved.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I want to insert some words which were omitted in my amendment, viz., amendment No. 40. After insertion of the words which were omitted, my amendment stands as follows:

Sir, I beg to move that the following proviso be added to clause 4(1):—

"Provided that no such fishery with or without the adjoining lands will be and shall be requisitioned under section 4(1), if such fishery is possesesd by a person or persons who hold land within the ceiling of agricultural and non-agricultural lands under provisions of the West Bengal Estate Acquisition Act, 1953.".

माननीय চেয়ারম্যান মহোদয়, ৪ নম্বর প্রোভাইসোটি আমি একটু পরিবর্তিত আকারে রাখতে চাইছি। সেটা কোন ক্ষেত্রে অমিট হয়ে গেছে, সেই জন্য এটা একটু অন্য রকম হয়ে গেছে। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, যেকোন পুকুর, যেকোন মিনক্ষেত্র তিনি নিতে পারবেন। সরকার মনে করলে নিয়ে নিতে পারেন। আমি সেইখানে একটা প্রোভাইসো দিতে চাচ্ছি। প্রোভাইসোটি একটু পরিবর্তন হবে।

Provided that no such fishery with and without the adjoining lands will be and shall be requisitioned under section 4(1) if such fishery is possessssed by a person or persons within the ceiling of 5 acres.

অর্থাৎ আমি বলতে চাচ্ছি এই কৃষি ও অকৃষি জমি সর্বসমেত ৫ একর মোট যদি কারো ট্যাঙ্কফিসারী থাকে, তা নেওয়া হবে না। আপনারা যে সিলিং বেঁধে দিয়েছেন প্রোভাইডেড দ্যাট নো সাচ ফিসারী এট্সেটরা।

এইভাবে আমি এমেণ্ডমেণ্ট এনেছি। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি—যাদের বড় বড় সব ফিসারী আছে তা আপনারা নিন্ আমাদের আপত্তি নাই। আপনি আশ্বাস দিচ্ছেন খিড়কীর পুকুর নিবেন না। কিন্তু আপনি বিলের মাঝে যেভাবে ভাষাটা রেখেছেন তাতে আমাদের আশংকা হচ্ছে। আপনাকে বলছি সেই আশংকা দূর করবার জন্য। হয় আপনি একটি এ্যামেণ্ডমেণ্ট আনুন, না, হয় আমার এই এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করুন।

[4-55—5-5 p.m.]

Shri Khagendra Kumar Roy Chowdhury:
স্যার, এই বিলটিকে আমি নীতিগতভাবে সমর্থন জানিয়েছি। তবু বক্তব্য হচ্ছে ৫ একরের যে এমেণ্ডমেণ্ট উনি এনেছেন, তার ফেভার-এ আমি বলছি এই জন্য, মাননীয় মন্ত্রিমহাশয় জানেন, আপনারা যদি বড় বড় বিল কিংবা ভেড়ী দখল করেন, যাঁরা সত্যিকারের মৎস্যসংকট সৃষ্টি করেছেন তাঁদের, তাতে কারো আপত্তি নাই। এঁরাই মাছের বাজার দর ওঠান-নামান এবং নিয়ন্ত্রণ করেন। কিন্তু ৪।৫ একর মাত্র যাদের ভেড়ী আছে, তারা নিজেদের বাঁচবার তাগিদে বাজারে মাছ নিয়ে যায়, তাদের বাজার নিয়ন্ত্রণের কোন ক্ষমতা নাই। এরা সাধারণতঃ নিজেদের আর্থিক সাহায্যের জন্য মৎস্য উৎপন্ন ও চাষ করে থাকে। সরকার যদি মনে করেন মৎস্য উন্নয়ন ব্যাপারে বিশেষ সাহায্য করতে পারবেন যাতে তারা বেশী মৎস্য উৎপাদন করতে পারে সেটা অন্য কথা। এদের যা ছোট ছোট ভেড়ি আছে, ৫ একরের মধ্যে তাতে এগুলি নিলে তাতে আপনাদের কমপ্লিকেসান বাড়বে। যাঁরা সত্যিকারের মাছের উন্নতি করতে চান, তাঁদের আপনারা সাহায্য করুন। এদের ভেড়ি নিয়ে আর আপনারা সংকট বা কমপ্লিকেসান সৃষ্টি করবেন না। কারণ এরা কোনদিন মৎস্য সংকট সৃষ্টি করে না বা সে ক্ষমতাও তাদের নাই। এদের আপনারা যদি একস্‌জেমপ্ট করে দেন তাহলে খানিকটা ভরসা আসবে।

Shri Aswini Roy: I move that the following proviso be added to clause 4(1):—

"Provided that if a tank of fishery as defined in clause 2(3) is not utilised for three consecutive years since the date of this Act coming into force for gainful or productive purposes and the owner of the tank or fishery in spite of a notice for development fails to take initiative for development of such tank or fishery within a specified period, the State Government may demand to show cause for the failure of taking initiative for development and requisition the said tank or fishery in the manner prescribed."

যেখানে পুকুর নেবার জন্য রিকুইজিসানড্ করবার জন্য যেভাবে বলা হচ্ছে, আগের ক্লজটাতে সেটা স্পেসিফিক না থাকার জন্য আমি এটা দিয়েছি। আগেকারটার সংগে আমার এটা যোগ করে দেওয়া যেতে পারে। তাই এখানে আমি এটা যোগ করে দিতে বলছি।

আগেকার যে আশংকা সেই আশংকাটা থেকে যাচ্ছে। হঠাৎ কোন ট্যাংক একজন অফিসার রিকুইজিসন করতে পারে। সেই জন্য এটা করতে গেলে একটা রক্ষা কবচ রাখা দরকার যে তিন বছর গেনফুল প্রডাকটিভ পারপাসে যদি ব্যবহৃত না হয় সেই জন্য এই প্রভিসনটা একটু ভেবে দেখুন নেওয়া যায় কিনা। এখানে ঐ শব্দটা যদি দেন তাহলে আমার মনে হয় আগেকার আইডিয়াটা কভার হয়ে যায়।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সভাপতি মহাশয়, যদি ও'রা আশংকা করেন, বা সন্দেহ করেন যে ছোট ছোট জমির মালিকদের নিয়ে নেবো বা অল্প আয়তনের পুকুরগুলিকে নিয়ে নেবো তাহলে আমাদের পক্ষে কোন কথা বলা মুস্কিল। বিলটিকে এতো আলোচনা করবার পর নীতিগতভাবে সমর্থন করবার পর এত রক্ষা কবচ আনছেন যে এতে কিছুই হবে না। ৫ একর জমির কথা বলাইবাবু বল্লেন। অনেক বড়লোক থাকতে পারে আমি জানিনা আপনার কত জমি আছে, যেমন মাননীয় সদস্য বীরেনবাবুর জমি খুব কম বটে কিন্তু অবস্থা আমাদের অনেকের চেয়ে ভাল। কাজেই প্রশ্ন হচ্ছে এই যে শুধু বড়লোকের জমি নেবার জনাই তো বিলটি হয় নি। আসল কথা হচ্ছে যে সেই জমি বা জলাশয় উন্নতি করে যাতে অধিক উৎপাদন করা যায় তার ব্যবস্থা করা। অনেকে এমন হতে পারে যে উৎপাদন বৃদ্ধি করতে পারছেন না এবং আমরা যেটা মনে করি কালক্রমে অতি অল্প দিনের মধ্যে আমাদের পঞ্চায়েৎগুলি আরও সুপ্রতিষ্ঠিত হতে পারবে এবং পঞ্চায়েতের হাতে কিছু উন্নয়নের ভার দেওয়া যেতে পারে। সুতরাং আমরা এখন থেকে ঐ রকম বাধানিষেধ আরোপ করতে চাচ্ছি না এ সম্বন্ধে।

I am opposing the amendments.

শ্রীসনৎকুমার রাহা: ওটা কি হোল বল্লেন না if any person fails to comply with the order.

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: ওটা সম্বন্ধে কথা হচ্ছে যে অন্য আইনে একই আছে, আজ ১৮।১৯ বছর হয়ে গেছে এটা চলছে এতে কোন্ অসুবিধা হচ্ছে। যখন অর্ডার দিচ্ছেন সেই অর্ডারের মধ্যে ঐ সমস্তগুলি স্পেসিফাই করে দেওয়া হয় তাতে আমাদের কাজের এ পর্যন্ত কোন অসুবিধা হয়নি।

The motion of Shri Sanat Kumar Raha that in clause 4(4), in line 2, after the words "sub-section (1)", the words "within fifteen days from the date of order" be inserted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the following proviso be added to clause 4(1):—

"Provided that no such fishery with or without the adjoining lands will be and shall be requisitioned under section 4(1), if such fishery is

possessed by a person or persons who hold land within the ceiling of agricultural and non-agricultural lands under provisions of the West Bengal Estate Acquisition Act, 1953."

was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 4(1):—

"Provided that if a tank or fishery as defined in clause 2(3) is not utilised for three consequitive years since the date of this Act coming into force for gainful or productive purposes and the owner of the tank or fishery in spite of a notice for development fails to take initiative for development of such tank or fishery within a specified period the State Government may demand to show cause for the failure of taking initiative for development and requisition the said tank or fishery in the manner prescribed."

was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 5, in proviso, line 4, for the words "one month" the words "forty-five days" be substituted.

স্যার, আমার এই সংশোধনীটি গুরুত্বপূর্ণ নয়, কিন্তু তাহলেও যেখানে আছে প্রোভাইডেড দ্যাট বিফোর ইস্যুয়িং সাচ নোটিসেস কত দিনের মধ্যে সোকজ করবে—এখানে আছে ওয়ান মান্থ—আমি এখানে বলছি ৪৫ দিন। এক মাস অত্যন্ত অল্প সময়—সাফিসিয়েন্ট টাইম দেওয়া দরকার যাতে সে তার বক্তব্য রাখতে পারে।

শ্রীসনৎকুমার রাহা: আমার একই এমেন্ডমেন্ট, এক মাসের জায়গায় দু মাস আছে—আর দু মাস বাড়তে চাই না, সেই জন্য এমেন্ডমেন্টটি মুভ করব না, কিন্তু আমি বলতে চাই যে একটা যোগ্য টাইম দেওয়া উচিত তাহলে সকলের পক্ষে সুবিধা হয়, সেই সম্পর্কে তাদের বক্তব্য পেশ করার।

[5-5—5-15 p.m.]

Shri Balai Lal Das Mahapatra: I move that in clause 5(1) proviso, line 4, for the words "one month" the words "two months" be substituted.

আমারও সামান্য কথা, ও'রা ৪৫ দিনের কথা বলেছেন. আমি দু মাসের কথা বলেছি। অন্তত পক্ষে দু মাস সময় দেওয়া হোক—তাড়াহুড়া করে কিছু করলেন, লোকে জানতে পারলো না—সেই জন্য আমি বলেছি দু মাস টাইম দিন যাতে সকলে সুবিধা পায়। মনে করুন কেউ বাইরে আছে, কেউ অসুস্থ হয়েছে কিংবা নোটিশ ঠিকভাবে পেল না—তখন কি হবে? কাজেই সেখানে একটু যথেষ্ট সময় দিন সোকজের ব্যাপারে।

Shri Syamadas Bhattacharyya: I accept the amendment of Shri Aswini Roy and oppose the amendment of Shri Balai Lal Das Mahapatra.

The motion of Shri Aswini Roy that in clause 5, in proviso, line 4, for the words "one month" the words "forty-five days" be substituted, was then put and agreed to.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 5(1) proviso, line 4, for the words "one month", the words "two months" be substituted, was then put and lost.

The question that clause 5 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Balai Lal Das Mahapatra: I move that in clause 6(2), line 5, for the word "fifteen" the word "thirty" be substituted.

আমার ৩০ দিন ছিল, ওটা যদি মেনে নেন তাহলে আমার বলার দরকার নেই—আপনি রেখেছেন ১৫ দিন—কিন্তু এই ১৫ দিনের মধ্যে কেউ সংবাদ পেতে পারে? কাজেই এটা একটু চিন্তা করে সময় দিন। তাকে কালেকটরের সামনে উপস্থিত হতে হবে—সেখানে তার সুবিধা অসুবিধার কথা আছে, সেই জন্য অন্তত পক্ষে এক মাস সময় দিন। অনেক সময় পোস্ট অফিস থেকে ঠিক সময় চিঠি পাওয়া যায় না বা সে হয়তো ঠিক সময় মত নোটিশ পেল না—সেই জন্য আমি টাইমটাকে বাড়াতে চাচ্ছি।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য দেখুন যে এখানে ১৫ দিন বলা হয়েছে। আপনারা যদি ইনসিসট করেন তাহলে ১৫ দিনের জায়গায় ৩০ দিন বাড়াতে আমার আপত্তি নেই। কিন্তু কথা হচ্ছে এগুলি একটু তাড়াতাড়ি করা দরকার। শুধু শুধু দেরী করা ঠিক হবে না।

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 6(2), line 5, for the word "fifteen" the word "thirty" be substituted, was then by leave of the House withdrawn.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Shri Aswini Roy: Sir, I beg to move that the following proviso be added to clause 7(1):—

"Provided that such release of fishery or land so requisitioned shall be free from any encumbrance within the period of requisition."

মাননীয়, স্পীকার মহাশয়, ৭ নম্বর ক্লজ-এ দেখছি সরকার নিয়ে নেবার পর যদি মনে করেন এই পুকুর নেবার দরকার নেই তাহলে মালিককে ফেরত দিতে হবে। আমার বক্তব্য হচ্ছে ফেরত দিলে যে অবস্থায় নেওয়া হয়েছিল তার উপর যদি এনকামব্রেন্স বা ড্যামেজ হয়ে থাকে তাহলে সেই অবস্থায় তাকে ফেরত দিতে হবে। আমি সেই জন্য প্রোভাইসো এ্যাড করে বলতে চাই,

Provided that such release of fishery or land so requisitioned shall be free from any encumbrancer within the period of requisition.

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: স্যার, উনি বললেন রিকুইজিসন করবার পর ফেরত দিলে যেভাবে নিয়েছিল সেইভাবে ফেরত দিতে হবে। আমাদের আর একটা আইন আছে, এ্যাক্ট টু অব নাইনটিন ফর্টি এইট—এতে ফিসারীর ব্যাপারে রিকুইজিসন এ্যান্ড এ্যাকুইজিসন-এর কিছু অসুবিধা আছে এবং সেই জন্যই নূতন আইন করা হচ্ছে। সেই এ্যাক্ট-এ অর্থাৎ এ্যাক্ট টু অব নাইনটিন ফর্টি এইট-এ এরকমভাবে এনকামব্রেন্স সম্বন্ধে এ্যাড করবার দরকার নেই। স্যার, আই অপোস্ ইট।

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 7(1):—

"Provided that such release of fishery or land so requisitioned shall be free from any encumbrance within the period of requisition." was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Shri Syamadas Bhattacharyya: Sir, in the Bill in clause 8 we find—whenever any fishery or lands are requisitioned under section 4 or acquired under section 5 there shall be paid in the manner prescribed to every person interested, compensation, the amount of which shall be determined by the Collector in the prescribed manner in accordance with the principles hereinafter set out.

Where any fishery or lands are acquired compensation shall be payable at the rate of three times the net average annual income from the fishery or the lands, as the case may be.

Explanation.—"Net average annual income" to be determined by the Collector for the purposes of sub-sections (2) and (4) shall mean—

In the case of a fishery, one-third of the average income from the fishery during a period of five years immediately preceding the date of requisition.

Sir, I beg to move that in paragraph (ii) of sub-clause (4) of clause 8, for the words "the Collector shall determine the net average annual income for such fishery or lands and shall make an award ordering payment of compensation at the rate so determined" the words "the compensation to be determined by the Collector shall include the amount calculated for the period of requisition of the fishery or lands at the rate of the net average annual income from such fishery or lands and the amount which the Collector considers necessary to compensate the person interested for any damage referred to in clause (b) of sub-section (3) and the Collector shall make an award ordering payment of the compensation so determined" be substituted.
এর কারণ মাননীয় সদস্যগণ যদি দেখেন তাহলে দেখবেন ভাষায় সংগতি রেখে যদি করতে হয় তাহলে রি ড্রাফ্‌টিং করতে হচ্ছে এর মধ্যে মূলতঃ কোন পার্থক্য নেই।

[5-15—5-25 p.m.]

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 8(2), line 2, for the words "three times" the words "four times" be substituted.

I move that in clause 8(2), in line 3, after the words, "or the lands" the words "or the value of the adjoining lands in the vicinity" be inserted.

I move that in clause 8, paragraph (c) of the Explanation, in line 2, after the words "the fishery" the words "or forty per cent. of the average price of the total produce of the adjoining land of the vicinity" be inserted.

এখানে যে সমস্ত পুকুর একুইয়ার করার কথা তার ক্ষেত্রে কমপেন্‌সেশন সম্বন্ধে বলেছেন বাৎসরিক গড় ইন্‌কামের ৩ গুণের কথা। আমি সেখানে বলেছি ৪ গুণ এবং সেটা বললেই ভাল হত, তবে এ সম্পর্কে একটা স্লাব করা যায়, অর্থাৎ ছোট পুকুরের মালিক একরকম এবং বড় পুকুরের মালিক হলে একরকম। আপনারা তা করছেন না। জমির ক্ষেত্রে যে রকম স্লাব ছিল সেই রকম করতে পারলেই ভাল হত, সেটা যখন করছেন না আমি তিন গুণের জায়গায় ৪ গুণ করতে চাচ্ছি।

আর একটা রয়েছে আমার অ্যামেন্ডমেন্ট ১২, আমি এই সংশোধনীতে বলতে চেয়েছি পুকুর দুই রকম, যেভাবে ডেফিনিশন আছে তাতে দুই রকম পুকুর হচ্ছে—যেখানে মাছ হচ্ছে, প্রডাকশনের মধ্যে রয়েছে, তার একটা ইনকাম পাওয়া যায় যে এত মণ মাছ পাওয়া যায়, তার তিন গুণ দাম হতে পারে কিন্তু এমন পুকুর আছে যেখানে মাছ হয় না, সেখানে যার পুকুর সে দাবী

কমতে পারে যে ৫০ মণ মাছ হয়, সেটা হচ্ছে বুজে যাওয়া পুকুর। সেই জায়গায় আপনারা কি করবেন? সেজন্য বলা হচ্ছে—যেভাবে ক্ষতিপূরণ নির্ধারিত করবেন তা হবে ভ্যালু অব দি এ্যাড্জয়নিং ল্যান্ডস ইন দি ভিসিনিটি, সেই অঞ্চলে যে সমস্ত সংলগ্ন জমি রয়েছে তার যে মূল্য সেই মূল্যের ভিত্তিতে সেই ক্ষতিপূরণ নির্ধারণ করতে হবে। কারণ পুকুরের ইনকাম যখন পাওয়া যায় না তখন জমি হিসাবে সেটা দেখতে হবে। সেজন্য দুটি জিনিষ আলাদা করে দেখা উচিত। যখন ল্যান্ডের প্রশ্ন আনছেন, সেখানে কথা হচ্ছে এমন পুকুর আছে যেখানে জল একেবারে থাকে না কিংবা ৩।৪ মাস বছরে জল থাকে সেই পুকুরও নিচ্ছি, যেমন পুরানো দিনের তালপুকুর কিন্তু তাল নেই, পুকুর শুধু নামেই আছে, সেখানে মাছও নেই জলও নেই, কোন সময় থাকে না, সেই ক্ষেত্রে ফোর টাইমস হলে বেশী দিতে হবে। সেজন্য এ্যাডজয়নিং ল্যান্ডের সঙ্গে মূল্য কষে যেন দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 8(2), line 2, for the words "three times" the words "four times" be substituted.

I move that in clause 8(2), in line 3, after the word "or" the words "three times the net average income from the" be inserted.

I move that in clause 8, Explanation (a), line 1, for the word "one-third" the word "half" be substituted.

I move that in clause 8, Explanation (b), lines 1 and 2, the words ", less two per cent. of such income," be omitted.

I move that in clause 8, Explanation (c), line 1, for the word "one-third" the word "half" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অশ্বিনীবাবু যা বলেছেন ফিশারীর ক্ষেত্রে থ্রি টাইমস, এই এমেন্ডমেন্ট যখন দেওয়া হয় তখনই আশঙ্কা ছিল যে বড় বড়গুলো পাবে কিন্তু ছোট ছোটগুলিকে ছেড়ে দেওয়া হবে সেজন্য কমপেনসেশন বাড়াবার দিকে গভর্নমেন্টের চিন্তা আসা দরকার। বর্তমানে যেকথা শ্যামাদাসবাবু বলেছেন, এমেন্ডমেন্ট গ্রহণ করলে সেখানে একুইয়ার করার পর অর্থাৎ রিকুইজিশনের স্টেজ শেষ হয়ে গেলে, সম্পূর্ণ দখল সরকার করে নিয়ে অর্থাৎ কায়েমী স্বার্থেই জলাশয় সরকার নিজে নেবেন তখন আমার মনে হয়, কমপেনসেশনের দিক থেকে তাদের সাহায্য করা উচিত। সেটা যাতে অন্য কোন ব্যবসায়ে বা শোষণে না লাগিয়ে প্রডাকটিভ ওয়েতে লাগাতে পারেন সেজন্য এটা করা উচিত, থ্রী টাইমস, অর্থাৎ ফিসারীর তিনগুণ দাম দেবেন, সেটা ঠিকই বলেছেন কিন্তু যে জমিতে ফিসারী করে কাল্টিভেশন করা হয়েছে তাতে বেশী খরচ হচ্ছে, সেজন্য ফোর টাইমস করা হয়েছে।

agricultural land, one-third of the average value of the produce derived or derivable from such land during a period of five years.

আর একটা এক্স্প্লেনেশন আছে, এই আট নম্বরে আছে হাফ আর লেস দ্যান টু পারসেন্ট, এটা অমিট করা আছে, এগ্রিকালচারাল ল্যান্ড অমিট করা আছে, মোটামুটি জমি যখন সম্পূর্ণ একুইয়ার করা যাবে তখন ক্ষতিপূরণের মাত্রা যেভাবে আছে অনেক ক্ষেত্রে জমি আনইকনমিক হোল্ডিং-এ পরিণত হবে। সেজন্য যদি স্লাব সিস্টেমে করা হত ভাল হত। কিন্তু এটাতো আর কোন কম্প্রিহেনসিভ বিল নয়। তথাপি এটা বলবো যে মোটামুটি কম্পেনসেশন বাড়িয়ে দিলে ভাল হয়।

স্যার, ৪সিতে বলা হয়েছে

In the case of fishery, one-third of the average income from the fishery.

আপনি একটা জিনিষ ভাবুন জমিজমার ব্যাপারে জোতদার এবং ভাগচাষী যে সম্পর্ক আছে তাতে ৬০।৪০ হয় এবং সেখানে যখন ৪০ পারসেন্ট হিসাবে অঞ্চল পঞ্চায়েতের জন্য ট্যাক্স আমরা রাখি তাহলে দেখা যাবে ৪০ পারসেন্ট এভারেজ ইনকাম ধরে নেওয়া হয় এখন ওয়ান থার্ড

না করে ফোর্টি পারসেণ্ট অফ দি প্রডিউস করুন। এখানে সাব সেকসান ৪(সি)তে আছে সেখানে ওয়ান থার্ড-এর জায়গায়

40 per cent. of the average price of the total produce of the adjoining land of the vicinity.

অর্থাৎ ফরটি পারসেণ্ট বলছি ওয়ান থার্ড-এর পরিবর্তে।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: I move that in clause 8(c), line 1, for the words "one-third" the words and figures "40 per centum" be substituted.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that in clause 8(2), in line 2, after the words "three times" the words "of the average local market value, in case of the owner of the fishery who possesses more than five acres of total areas under fishery, tank fishery and adjoining lands" be inserted.

I also move that in clause 8(2), lines 2-3, the words beginning with "the net" and ending with "the lands" be omitted.

I also move that after clause 8(2), the following new clause be added:—

"(2A) Where any fishery or lands are acquired compensation shall be payable to the owner of the same who possesses not more than five acres of total areas under fishery, tank fishery and adjoining lands, at the rate ten times of the average local market value, as the case may be.".

I also move that for the Explanation to clause 8, the following be substituted:—

"Explanation.—In the case of agricultural land, or other land or fishery, the compensation determined on the basis of local market value of the land of same category including fishery or tank fishery.".

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি এখানে কমপেনসেসান সম্পর্কে বলছি যেখানে ও'রা বলছেন যে,

at the rate of three times the net average annual income from the fishery.

সেখানে আমি বলতে চাই

three times of the average local market value, in case of the owner of the fishery who posesses more than five acres of total areas under fishery, tank fishery and adjoining lands.

আমি বলছি থ্রি টাইমস্ সেখানে দেওয়া হবে যেখানে ট্যাঙ্ক ফিশারী অথবা এডজয়েনিং ল্যাণ্ড যার ৪ একরের বেশী আছে সেখানে তিন গুণ পর্যন্ত দেওয়া যেতে পারে। তারপর যেখানে ৪ একরের মধ্যে হবে সেখানে আমি বলতে চাই ২(এ)তে

where any fishery or lands are acquired compensation shall be payable to the owner of the same who possesses not more than five acres of total areas under fishery, tank fishery and adjoining lands, at the rate ten times of the average local market value, as the case may be.

আমি এখানে বলতে চাই যার ৫ একরের কম হবে সেখানে তাকে যে কমপেনসেসান দিতে হবে তা মার্কেট ভ্যালু যা হবে তার সঙ্গে গড়ে দশ গুণ বেশী দিতে বলছি। আর যেখানে ৫ একরের বেশী আছে সেখানে তিনি যেটা থ্রি টাইমস্ বলেছেন সেটা মেনে নিচ্ছি।

তৃতীয় কথা আমি বলতে চাই যেটা

In the case of agricultural land, or other land or fishery, the compensation determined on the basis of local market value of the land of the same category including fishery or tank fishery.

যেটা এক্সপ্লানেসান আছে সেটা ওমিট করে দিয়ে আমি নূতন এক্সপ্লানেসান দিতে যাচ্ছি যে, ফিশারী, ট্যাঙ্ক ফিশারী তার এডজয়েনিং ল্যান্ডে মার্কেট ভ্যালু দিতে হবে। যেটাই নেওয়া হোক না কেন সেটা মার্কেট ভ্যালু যা হবে সেটা দিতে হবে কারণ সেখানে মার্কেট ভ্যালু ২ হাজার টাকা সেখানে আপনারা ৫০০ টাকা দিলেন সেখানে আমি বলছি মার্কেট ভ্যালু যা হবে সেটার সঙ্গে সামঞ্জস্য রেখে কম্‌পেনসেসান হবে, এটাই আমার এমেণ্ডমেণ্ট।

[5-25—5-35 p.m.]

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমরা

West Bengal Lands and Fisheries Acquisition and Resettlement Act, 1958 এতে একুইজিসান অফ ফিসারীর জন্য এই হার বলেছে এবং আমরা মনে করি না এ হার যো দেবার কথা হয়েছে সেটা কম হয়েছে। ছোটখাট জমি বা জলাশয় নেবার কোন মতলব আমাদে নেই, বিশেষ অবস্থার সৃষ্টি না হলে। আপাততঃ যে সব জলাশয় আমরা নেবো সেগুলি ব আকারেরই নেবো, এবং সমস্ত দিক বিবেচনা করে আমরা ক্ষতিপূরণের হার ঐ পর্যা রেখেছি।

The motion of Shri Syamadas Bhattacharyya that in paragraph (ii) sub-clause (4) of clause 8, for the words "the Collector shall determine t net average annual income for such fishery or lands and shall make an awa ordering payment of compensation at the rate so determined", the wor "the compensation to be determined by the Collector shall include t amount calculated for the period of requisition of the fishery or lands at t rate of the net average annual income from such fishery or lands and t amount which the Collector considers necessary to compensate the pers interested for any damage referred to in clause (b) of sub-sectoin (3) a the Collector shall make an award ordering payment of the compensati so determined" be substituted, was then put and agreed to.

The motion of Shri Aswini Roy that in clause 8(2), line 2, for the wo "three times" the words "four times" be substituted, was then put and lo

The motion of Shri Aswini Roy that in clause 8(2) in line 3, after t words "or the lands" the words "or the value of the adjoining lands in t vicinity" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 8, paragraph (c) of t Explanation, in line 2, after the words "the fishery" the words "or fo per cent. of the average price of the total produce of the adjoining land the vicinity" be inserted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 8(2), line 2, the words "three times" the words "four times" be substituted, was t put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 8(2), in line after the word "or" the words "three times the net average income from t be inserted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 8, Explanation (a), line 1, for the word "one-third" the word "half" be substituted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 8, Explanation (b), lines 1 and 2, the words ", less two per cent. of such income," be omitted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 8, Explanation (c), line 1, in the word "one-third" the word "half" be substituted was then put and lost.

The motion of Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that in clause 8(c), line 1, for the words "one-third", the words and figures "40 per centum" be substituted, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 8(2), in line 2, after the words "three times" the words "of the average local market value, in case of the owner of the fishery who possesses more than five acres of total areas under fishery, tank fishery and adjoining lands" be inserted, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 8(2), lines 2-3, the words bginning with "the net" and ending with "the lands" be omitted, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that after clause 8(2), the following new clause be added:—

> "(2A) Where any fishery or lands are acquired compensation shall be payable to the owner of the same who possesses not more than five acres of total areas under fishery, tank fishery and adjoining lands, at the rate ten times of the average local market value, as the case may be.".

was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that for the Explanation to clause 8, the following be substituted:—

> "Explanation.—In the case of agricultural land, or other land or fishery, the compensation determined on the basis of local market value of the land of same category including fishery or tank fishery.",

was then put and lost.

The question that clause 8, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 9 and 10

The question that clauses 9 and 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

Shri Aswini Roy: I move that in clause 11(1), line 2, for the words "thirty days" the words "forty-five days" be substituted.
এটা নিয়ে নিন কারণ আমি বলছি—যে,............

Shri Syamadas Bhattacharyya:

আমি এটা এ্যাকসেপ্ট করছি।

Shri Aswini Roy: I move that for clause 11(2), the following be substituted:—

"(2) An appeal against an appellate order passed by the Collector of the District or the Commissioner of the Division shall lie before the Board of Revenue."

যেখানে এগ্রিভড পেনাল ক্লজে নো এ্যাপিল শ্যাল লাই আছে—ডি, এম, এবং কমিশনারের পর এই যে ক্লজ রয়েছে সেখানে বোর্ড অফ রেভিনিউর কাছে লাস্ট এ্যাপিল করবার অধিকার যেন থাকে এটাই আমার বক্তব্য। এটা আপনি দেখুন এমেণ্ডমেণ্ট নং ৫৫ এবং ৫৬।

Shri Balai Lal Das Mahapatra: I move that in clause 11(1), line 2, for the words "thirty days" the words "sixty days" be substituted.

I also move that in clause 11(1)(a), lines 3-4, for the words "to the Collector of the district or the Additional District Magistrate" the words "to the Munsiffs of the local court" be substituted.

I also move that in clause 11(1)(b), line 3, for the words "Commissioner of the Division" the words "District Judge" be substituted.

I also move that clause 11(2) be omitted.

এ্যাপিল সংক্রান্ত যেটা বলা হয়েছে এবং এগ্রিভ্ড যারা তাদের বলছেন ৩০ দিনের মধ্যে কালেকটারের সামনে উপস্থিত হতে হবে। তাদের সুবিধা অসুবিধার কথা বিবেচনা করে ৬০ দিনের কথা বিবেচনা করতে বলছি।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: ৪৫ দিন তো নিয়েছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: তারপর সেখানে ডি এম ছাড়া যদি কোন অফিসার এওয়ার্ড দিয়ে থাকে তাহলে এ্যাপিল হবে, কালেকটারের কাছে অথবা এ, ডি, এম-এর কাছে। আমি সেখানে বলছি লোকাল কোর্ট মুন্সেফের কাছে হবে—আদালতে দেওয়া হবে, কারণ আমাদের আশংকা আছে যে ডি, এম-এর কাছে সব জায়গায় সুবিচার পাওয়া যায় না। সেজন্য আমি আদালতের মাঝখান দিয়ে যেতে বলছি যাতে সুবিচার পাওয়ার আশা থাকে এবং কালেকটার এবং ডি, এম, যেখানে থাকবে সেখানে কমিশনারের কাছে হবে, আমি সেখানে বলছি যে এ্যাপিল তারা যেন ডিসট্রিক্ট-এর কাছে করতে পারে। আমি বার বার বলছি যেটুকু আপনারা করবেন তাতে লোকে যেন সুবিচার পেতে পারে। কারণ অনেক সময় একজিকিউটিভ অফিসার-এর দ্বারা সুবিচার পাওয়া যায় না। আপনারা হয়ত বলবেন, আদালতের মাঝখান দিয়ে গেলে অনেক দেরী হয় নানান প্রসেসের মাঝখান দিয়ে যেতে হয়। আমি বলতে চাই হয়ত একটু দেরী হতে পারে কিন্তু বিচার পাবার সম্ভাবনা থাকে। সেজন্য আমার এমেণ্ডমেণ্ট হচ্ছে নীচের কোন অফিসার করুন তাহলে মুন্সেফ, ডি, এম, এবং ডিসট্রিক্ট জাজ-এর কাছে এ্যাপিল করতে পারে।

Shri Syamadas Bhattacharyya: Sir, I accept amendment No. 14 and oppose all the other amendments.

The motion of Shri Aswini Roy that in clause 11(1), line 2, for the words "thirty days" the words "forty-five days" be substituted was then put and agreed to.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 11(1), line 2, for the words "thirty days" the words "sixty days" be substituted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 11(1)(a), lines 3-4, for the words "to the Collector of the District or the Additional District Magistrate" the words "to the Munsiffs of the local court" be substituted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that in clause 11(1)(b), line 3, for the words "Commissioner of the Division" the words "District Judge" be substituted was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that clause 11(2) be omitted was then put and lost.

The motion of Shri Aswini Roy that for clause 11(2), the followinlg be substituted:—

"(2) An appeal against an appellate order passed by the Collector of the District, or the Commissioner of the Division shall lie before the Board of Revenue."

was then put and lost.

The question that clause 11, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 12 *and* 13

The question that clauses 12 and 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 14, line 3, for the words "one year" the words "six months" be substituted.

I also move that in clause 14, in line 3, after the words "fine" the words "equivalent to one-tenth of the value" be inserted.

I also move that in clause 14, line 4, for the words "two thousand rupees" the words "one thousand rupees" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লস ১৪তে জড়িত রয়েছে যে এই আইন ভঙ্গ করলে, এক বছর জেল এবং ফাইন ২,৫০০ টাকা করছেন, পরেই আবার বলছেন, কারণ এটা ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট-এর বিচার হবে, কোর্টের জ্যুরিসডিকসনের বাইরে হবে, সেই জন্য আবার পরের ক্লসে, ক্লস ১৫তে বলে দিচ্ছেন যে এই ধরনের যেমন ২,৫০০ ফাইন করছেন সেটা কোর্টের জ্যুরিসডিকসন-এর বাইরে হলেও করতে বলুন—এখানে এই ধরনের একটা না করে আমি সেখানে বলছিলাম ১,০০০ টাকা ফাইন রাখুন, ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেটের যতদূর ক্ষমতা আছে সেটা রাখা এবং এক বছরের জায়গায় এটাকে ৬ মাস করা, এই হচ্ছে আমার সংশোধনী। খুব পিউনিটিভ হয়ে যাবে সেদিক থেকে অন্ততঃ এক বছরের জায়গায় ৬ মাস এবং ২,৫০০ টাকার জায়গায় এক হাজার এটাই আমি বলছি। আর সেখানেতে কিভাবে হবে যেখানে আছে উইথ এ ফাইন সেখানে হয়তো আপনি ওর্ডিনারিলি সাধারণ লোকেরা একটা হয়তো না জেনে করলো—পুকুরের মালিক হয়তো না জেনে কিছু একটা দোষ করলো, সেই জন্য ওয়ান টেনথ অফ দি প্রডিং .—এই বিষয়ে আমার এ্যামেন্ডমেন্ট এ আছে। দেখুন অন্ততঃ এই ২,৫০০ টাকাকে ১,০০০ করা যায় এবং ৬ মাস করা যায় এই দুটো হচ্ছে আমার এ্যামেন্ডমেন্ট।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্বেই একটা কথা বলছি, যদি মন্ত্রি-মহাশয় একটা আশ্বাস দেন ৫ একর পর্যন্ত বাদ দিয়ে দেবেন তাহলে আমি এটা মুভ করবো না। অর্থাৎ যারা এই ভেড়ী নিয়ে চোরা কারবার করছে, জনসাধারণকে ঠকাচ্ছে তাদের শাস্তি বেশী হোক সে বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের সঙ্গে একমত। কাজেই তিনি যেন এই আশ্বাসটা দেন যে ৫ একরের মাঝখানে যারা তাতে হাতে দেবেন না তাহলে এটা আমি আর মুভ করবো না।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে পারি আগেও বলেছি যে ছোটখাট জমি বা ছোটখাট জলাশয়, যেগুলি সেগুলি নেওয়ার ইচ্ছা সরকারের নেই এবং মাননীয় সদস্য দেখতে পাবেন যদি অবশ্য আমাদের আইনটা ধোপে টেকে। মাননীয় কাশীকান্ত বাবু বললেন যে আলট্রা ভাইরাস হয়ে যাবে, তা যদি হয়—আর যদি টেকে তাহলে মাননীয় সদস্যকে আশ্বাস দিতে পারি—এই নিয়ে ডিপার্টমেণ্টের সঙ্গে পুনঃ পুনঃ আলোচনা হয়েছে, এই বিলটার প্রয়োজনীয়তা আছে, এক বছর ধরে আলোচনা চলছে, এই নিয়ে বহুবার বহু লোকের সঙ্গে আলোচনা করা হয়েছে, কাজেই ঐরকম কোন সম্ভাবনা নেই শুধু একটুখানি আছে যে অনেক সময় অনেক জলাশয় এমন হতে পারে যেগুলি বেশী বড় জলাশয় নয়, মাঠের মাঝখানে আছে, যে জমিকে কোনভাবে ডেভেলপ করা যাচ্ছে না। সেই জমি নিতে পারা যাবে না এমন কোন্ কথা নয় সেই জমি নিয়ে যদি ডেভেলপ করা যায়, সেই লোককেই যে ফেরৎ দেওয়া যাবে না এমন কোনও কথা নেই, কাজেই এগুলোকে একেবারে করে দেওয়া ঠিক হবে না, তবে যে পুকুরটা চাষের জন্য ব্যবহৃত হচ্ছে, যে পুকুরটাতে সেচের ব্যবস্থা করে আশে পাশের জমিতে চাষ করা হচ্ছে, যে পুকুর পারিবারিক কাজের জন্য ব্যবহার করা হচ্ছে, সেই পুকুরকে নিশ্চয়ই গ্রহণ করা যাবে না। মাননীয় সদস্য যে সাজেশন দিয়েছেন আমি নিশ্চয়ই তা গ্রহণ করবো। আর একটা কথা হচ্ছে যে ২,০০০ টাকা এবং এক বছর পর্যন্ত জেল। ২,০০০ হাজার টাকা পর্যন্ত জরিমানা এর মানে অবশ্য মাননীয় সদস্য দেখতে পাচ্ছেন যে এক বছর জেল হওয়া তা নয়, আমাদের তো কত ধারা রয়েছে যাতে সাত বছর পর্যন্ত জেল হয় এবং আমরা অনেক সময় অনুযোগ করে আমাদের বিচারপতিদের কাছে বলে থাকি যাতে তারা অন্ততঃ দয়াপরবশ হয়ে লিনিয়েণ্ট পানিশমেণ্ট দেন এই জন্য ওয়ান ইয়ার হচ্ছে সব চেয়ে বড় পানিশমেণ্ট এবং ২,০০০ টাকা সব চেয়ে বড় পানিশমেণ্ট। কাজেই এটা একটা ডেটেরেণ্ট পানিশমেণ্ট-এর ব্যবস্থা আছে, কিন্তু সব জায়গায় এটা প্রয়োগ করা হবে তা নয়, অপরাধীর গুরুত্ব বিচার করে যিনি বিচারক, তিনি সাজার ব্যবস্থা করবেন। কাজেই মাননীয় সদস্য এ্যামেণ্ডমেণ্টটা নিয়ে প্রেস করবেন না।

[5-35—5-45 p.m.]

The motion of Shri Aswini Roy that in clause 14, line 3, for the words "one year" the words "six months" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 14, in line 3, after the words "fine" the words "equivalent to one-tenth of the value" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 14, line 4, for the words "two thousand rupees" the words "one thousand rupees" be substituted, was then put and lost.

The question that clause 14 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 15 *to* 20

The question that clauses 15 to 20 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Syamadas Bhattacharyya: In deference to the wishes of my honourable friends, I accept the amendment to clause 2(3). It has been redrafted.

I beg to move that sub-clause (3) of clause 2 may be amended to read as follows,—

(3) "fishery" means any land whereon water is confined naturally or artificially whether periodically or throughout the year for pisciculture or for fishing and includes a 'tank fishery' as defined in the Explanation to clause (e) of sub-section (1) of section 6 of the West Bengal Estates Acquisition Act, 1953, as also the fish in such fishery or 'tank fishery', but does not include a tank not exceeding one acre in area adjoining a homestead and used for the purposes of irrigation or domestic purposes.

The motion was then put and agreed to.

Mr. Chairman: Amendments 5, 6 and 53 may be taken as withdrawn with the leave of the House.

The motion of Shri Aswini Roy that in clause 2(3), in line 1, after the words "any land" the words "other than agricultural land as defined in clause (1)" be inserted, was then by the leave of the House withdrawn.

The motion of Shri Aswini Roy that in clause 2(5)(i), in line 1, after the words "any fishery" the words "except the tank or pond not exceeding one acre adjoining the homestead or dwelling House" be inserted, was then by the leave of the House withdrawn.

The motion of Shri Aswini Roy that in clause 2(3), in line 8, after the words "tank fishery" the words "and includes the tank fishery in tea gardens as existed on 1st June, 1954" be inserted, was then by the leave of the House withdrawn.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Fisheries (Requisition and Acquisition) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Leave of absence

Mr. Chairman: Honourable Members, I have received an application for leave of absence from the sittings of the House from Shri Ganesh Ghosh. I take it that the leave is granted.

(Leave granted)

Change in programmes

Mr. Chairman: I have been given to understand by the Minister for Parliamentary Affairs that the business for the 20th April will be the Howrah Municipal Bill, 1964, which will continue till the 22nd April. Thereupon the House will again be adjourned till the 7th May, 1964.

Shri Jyoti Basu:
মাননীয় চেয়ারম্যান মহাশয়, ডেটটা একটু গোলমাল হয়ে যাচ্ছে, একবার বলছেন ২০ তারিখ থেকে ২২ তারিখ পর্যন্ত অধিবেশন চলবে। আবার এখনই বললেন সেভেনথ্ হবে, সিকস্‌থ্ হবে মে মাসের।

Shri Jagannath Kolay:

আমি বলছি ২০, ২১, ২২ তারিখ আমরা বসবো। তারপর কবে এ্যাডজোর্ন করবো তা পরে ঠিক হবে চীফ মিনিষ্টার এলে।

Mr. Chairman: The business for the 20th April will be the Howrah Municipal Bill, 1964, which will continue till the 22nd April. Thereupon the House will again be adjourned.

The House stands adjourned till 1 p.m. on the 20th April, 1965.

Adjournment

The House was accordingly adjourned at 5.45 p.m. till 1 p.m. on Tuesday, the 20th April, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 20th April, 1965 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 164 Members.

[1—1-10 p.m.]

Obituary

Mr. Speaker: Honourable members, it is my melancholy duty to refer to the passing away of a distinguished lawyer and a wellknown public figure of Calcutta, Shri Narendra Kumar Basu, last evening at the age of 87.

Born in 1878, Shri Basu started practice in Calcutta High Court in 1901 and was President of the High Court Bar Association for many years. He was a leading member of the Indian Bar for a pretty long time. He defended many political leaders including Shri Aurobindo, during the revolutionary period. He was a member of the Bengal Legislative Council from 1928 to 1937.

I would now request you, ladies and gentlemen, to rise in your seats and observe silence for one minute to pay our respect to the memory of the deceased.

(The honourable members rose in their seats)

Thank you, Secretary will do the needful.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Tubewells in Midnapore district

***452.** (Admitted question No. *2627.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে মেদিনীপুর জেলায় উন্নয়ন পরিকল্পনায় কতগুলি নলকূপ বসান হইবে; এবং

(খ) ঐগুলির চূড়ান্ত নির্ধারণ কিভাবে এই বৎসর করা হইয়াছে?

শ্রীঅরবিজিত বন্দ্যোপাধ্যায়ঃ (ক) ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলায় গভীর নলকূপ বসানোর কোন পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ প্রতি বছর ডেভালপমেন্ট স্কীম-এ প্রত্যেক জেলায় নলকূপ বসানোর পরিকল্পনা আছে এবং বিভিন্ন জেলায় দেওয়া হয়েছে, মেদিনীপুর জেলায়ও দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে কয়েকটি মহকুমা ডেভালপমেন্ট কমিটিতে যা পাঠান হয়েছে সেগুলোর কি হোল?

শ্রীঅরবিজিত বন্দ্যোপাধ্যায়ঃ এ বছরে নেই, কিন্তু ১৯৬৫-৬৬ সালে ১০০টি ডিপ টিউব-ওয়েল-এর লক্ষ্য স্থির করা হয়েছে।

শ্রীঅনঙ্গমোহন দাস: এটা ডিপ টিউবওয়েল-এর ব্যাপার নয়, পানীয় জলের ব্যাপার। বর্তমান আর্থিক বছরে উন্নয়ন পরিকল্পনায় কতগুলি টিউবওয়েল অর্থাৎ ডেভোলপমেন্ট স্কীম-এ যে টিউবওয়েল হবে তাতে প্রতি বছর ডেভোলপমেন্ট ফান্ড থেকে টাকা দেওয়া হচ্ছে এবং তার একটা অংশস্বরূপ টিউবওয়েল বসানোর জন্য মেদিনীপুর জেলারও কিছু দেওয়া হয়েছে।

শ্রীস্মরজিত বন্দ্যোপাধ্যায়: এটা পানীয় জলের ব্যাপার হলে হেলথ ডিপার্টমেন্ট-এ প্রশ্ন করুন।

শ্রীঅনঙ্গমোহন দাস: ডেভোলপমেন্ট স্কীম থেকে আগে যেমন দেওয়া হত এখন সব ব্লক থেকে দেওয়া হচ্ছে, টিউবওয়েল বসান হচ্ছে ওয়াটার সাপ্লাই দেবার জন্য।

শ্রীস্মরজিত বন্দ্যোপাধ্যায়: তা হলেও কমিউনিটি ডেভোলপমেন্ট, এগ্রিকালচারাল ডিপার্ট-মেন্টে আসে না, প্ল্যানিং ডিপার্টমেন্টে কোশ্চেন করতে হবে।

Bani Mills

***466.** (Admitted question No. *2535.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বাণী মিলগুলিকে চালু করিবার জন্য লাইসেন্স বা পারমিট লইতে হয় কি না:

(খ) কিরূপ সর্তে লাইসেন্স বা পারমিট দেওয়া হয়;

(গ) বর্তমানে নূতন বাণীমিল স্থাপন করিতে হইলে কোন নূতন সর্ত পূরণ করিতে হয় কি না; এবং

(ঘ) বর্তমান আদেশ অনুযায়ী লেভী প্রথা চালু হইবার পর বাণী মিলগুলি হইতে কি পরিমাণ খাদ্যশস্য সংগৃহীত হইয়াছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) ভারত সরকারের রাইস মিলিং ইন্ডাস্ট্রি (রেগুলেশন) অ্যাক্ট, ১৯৫৮, অনুসারে চাউল কল (প্যাডি হাস্কিং মিল সমেত) তিনটি শ্রেণীতে বিভক্ত যথা—

(১) বর্তমানে চালু (এক্‌জিস্টিং),

(২) বর্তমানে চালু নাই (ডিফাংক্ট), এবং

(৩) "নূতন" (নিউ)।

উক্ত আইনে প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী আইনটি বলবৎ হইবার তারিখে অর্থাৎ ২২এ এপ্রিল ১৯৫৯ তারিখে যেসমস্ত চাউল কলের অস্তিত্ব ছিল এবং যেসমস্ত মিলে ঐ তারিখের পূর্ববর্তী এক বৎসরের মধ্যে কোন না কোন সময়ে চাউল উৎপাদিত হইয়াছিল তাহারা "বর্তমানে চালু" (এক্‌জিস্টিং) শ্রেণীভুক্ত বলিয়া গণ্য হইবে। উক্ত আইনের বলবৎ হইবার তারিখে যেসমস্ত চাউল কলের অস্তিত্ব ছিল অথচ ঐ তারিখের পূর্ববর্তী এক বৎসরের মধ্যে উহারা কোন চাউল উৎপাদন করে নাই তাহাদের 'বর্তমানে চালু নাই' (ডিফাংক্ট শ্রেণীয় বলিয়া ধরিতে হইবে। উপরে বর্ণিত 'বর্তমানে চালু' ও 'বর্তমানে চালু নাই' এই দুই শ্রেণীর বহির্ভূত মিলগুলি "নূতন" শ্রেণীভুক্ত বলিয়া বুঝিতে হইবে।

উপরোক্ত আইনে "বর্তমানে চালু" (এক্‌জিস্টিং) শ্রেণীর মিলের মালিকদের মিল চালাইবার জন্য লাইসেন্স দিবার ব্যবস্থা রহিয়াছে। সংশ্লিষ্ট লাইসেন্সিং অফিসারের নিকট আবেদন করিলে এবং তৎসহ আইনে নির্ধারিত লাইসেন্স ফি ও সিকিউরিটির টাকা জমা দিবার পর

লাইসেন্সিং অফিসার লাইসেন্স মঞ্জুর করিবেন। এই শ্রেণীর মিল মালিকদের পক্ষে লাইসেন্সের আবেদন পেশ করিবার জন্য কোন সময় নির্দিষ্ট করা হয় নাই। ফলে এই শ্রেণীর চাউল কলের মালিকগণ যখনই আবেদন করিবেন তখনই তাঁহাদের লাইসেন্স পাইবার অধিকারী। তবে উক্ত আইন চালু হইবার পরে সাত বৎসর গত হওয়ায় এই শ্রেণীর কলের পারমিট দেওয়া কার্যত আর বাকি নাই।

যেসমস্ত মিল "বর্তমানে চালু নাই" (ডিফাংক্ট) শ্রেণীভুক্ত তাহাদের মালিকদের পক্ষে মিল পুনরায় চালু করিতে এবং "নূতন" (নিউ) শ্রেণীভুক্ত মিল মালিকদের পক্ষে মিল প্রতিষ্ঠা করিতে হইলে তাঁহাদের প্রথমতঃ আইনে উল্লিখিত পারমিট প্রদানকারী অফিসারদের নিকট পারমিটের জন্য আবেদন করিতে হইবে। এই পারমিট পাইলেই উপরে "বর্তমানে চালু" শ্রেণীয়দের যেভাবে লাইসেন্স দিবার কথা বর্ণিত হইয়াছে সেইভাবে তাঁহারা লাইসেন্স পাইবার অধিকারী হইবে। বলা বহুল্য এই লাইসেন্স না পাওয়া পর্যন্ত তাঁহাদের পক্ষে মিল চালাইবার অথবা প্রতিষ্ঠা করিবার ক্ষমতা থাকিবে না।

'নূতন' মিল সংস্থাপনের ক্ষেত্রে রাজ্যসরকারের নীতি হইল এই যে, যেসমস্ত নূতন মিলের সংস্থাপন কার্য (ইনস্টলেশন) ১৯৫৯ সালের মধ্যে বহুলাংশ সমাপ্ত হয় নাই তাহাদের জন্য কোন পারমিট মঞ্জুর না করা। অবশ্য যেসমস্ত ক্ষেত্রে সমবায় সমিতিগুলি নূতন মিল প্রতিষ্ঠা করিতে উদ্যোগী হইবে সেইসব ক্ষেত্রে উক্ত নীতির প্রয়োগ কিছুটা শিথিল করা হইতেছে। সমবায় সমিতি সম্পর্কে এই উদার নীতি দেশে সমবায় আন্দোলনকে উৎসাহ দিবার ভারত সরকারের মূল নীতি অনুসরণেই গ্রহণ করা হইয়াছে।

(ঘ) প্যাডি হাস্কিং মিলগুলি হইতে লেভী প্রথার মাধ্যমে চাউল সংগ্রহ করিবার আদেশ মাত্র পাঁচটি জেলাতে—যথা, চব্বিশপরগনা, হাওড়া, হুগলি, বর্ধমান ও মেদিনীপুরে ২২এ ফেব্রুয়ারি ১৯৬৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে। যেসমস্ত চাষীরা নিজেদের এবং পরিবারের ব্যবহারের জন্য হাস্কিং মিলে ধান ছাঁটাই করিতে আসিবেন তাঁহাদের উক্ত লেভী হইতে অব্যাহতি দিবার ব্যবস্থা করা হইয়াছে। অদ্যাবধি উক্ত পাঁচটি জেলায় হাস্কিং মিলগুলি হইতে লেভী বাবত কোন চাউল সংগৃহীত হয় নাই।

[1-10—1-20 p.m.]

শ্রীঅনঙ্গমোহন দাস: লেভীর ব্যাপারে আপনি বলেছেন যে বাণী মিল হতে—ঐ হাস্কিং মিল থেকে যে চাল সংগ্রহ করবার নীতি করেছেন আপনি কি জানেন যে ঐসব মিলে যে চাল তৈরি হয় ঐসব চালে কুড়ো মিশানো থাকে এবং কাজেই চাল সংগ্রহ করতে হলে যখন আপনারা লেভী করে নেবেন তখন সেখানে ক্লিনিং করবার কোন ব্যবস্থা থাকছে না। এখন বর্তমান সময়ে চাষীরা নিজেদের ব্যাবহারের জন্য যে ধান নিয়ে যায় সে ধান নেবার পর যে কুড়ো থাকে তা পরিষ্কার করে খাওয়া বা বিক্রি করা সেটা কিভাবে করবেন, সুতরাং এই জিনিসটা আমি একটু পরিষ্কার হতে চাই।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: যেভাবে চাল পাওয়া যাবে সেভাবেই নিলেই চলবে।

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি কি করে নেবেন যখন মিলে যাওয়া হল তখন দেখা গেল যে সেখানে চাল তৈরি হচ্ছে বটে, কিন্তু সেখানে ক্লিন করবার কোন ব্যবস্থা নেই। ছোট ছোট মিল যারা লেভী করে তাদের এ ধরনের কোন ব্যবস্থা নেই। ফলে বাড়ি নিয়ে গিয়ে ক্লিন করতে হয়। এইভাবে আপনারা যে লেভী করে থাকেন ২৫ পার্সেন্ট সে লেভী করার সময় ক্লিন করার কি ব্যবস্থা আছে। সেজন্য আমার জিজ্ঞাস্য যে কোন প্ল্যান আছে কিনা এইসমস্ত ক্লিন করে লেভী করার সম্বন্ধে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: গভর্নমেন্টের যা প্রাপ্য সেটা তারা নিয়ে নেবেই।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ এই প্রসঙ্গে বলছি যে আপনারা চাল নেবেন ঠিক করলেন সে চালের নগদ দাম দেবেন কি, কি মিলওয়ালা দেবে এবং সে চাল কোন্ টাইপ-এর সেটা ঠিক করবে কে, কারণ আপনি জানেন যে হাস্কিং মিল-এর সংখ্যা অত্যন্ত বেশী।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট-এর অফিসাররা এর ব্যবস্থা করবেন।

শ্রীনারায়ণ চোবেঃ আপনি বলেছেন যারা নিজেদের খাবার জন্য ধান আনে তারা হাস্কিং মিল-এ গিয়ে ধান ভানে তাদের রেহাই দেওয়া হচ্ছে, কিন্তু এই রেহাইটা দেওয়া হচ্ছে সেটা বলবেন কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ তাদের উপর লেভী করা হবে না।

শ্রীনারায়ণ চোবেঃ মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন যে, এর আগে মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বলেছেন যে, সাত একর পর্যন্ত যার জমি তারা যদি সার্টিফিকেট নিয়ে আসতে পারেন গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে বা অঞ্চল পঞ্চায়েতের কাছ থেকে তবে রেহাই দেওয়া হবে এছাড়া রেহাই দেওয়ার কোন স্কোপ নেই। এখন এই যে সার্টিফিকেট গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত-এর কাছ থেকে বা অঞ্চল পঞ্চায়েতের কাছ থেকে তবে রেহাই দেওয়া হবে, এছাড়া রেহাই দেওয়ার কোন স্কোপ নেই। এখন এই যে সার্টিফিকেট গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত-এর কাছ থেকে নিয়ে আসার অনেক অসুবিধা থাকার জন্য চাষীরা যারা নিজের খাবার জন্য ধান ভাঙতে যায় তাদের লেভী করা হচ্ছে। ক্ষেত মজুরের উপর লেভী করা হচ্ছে, এসব সংবাদ আপনি জানেন কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ নিজের ব্যবহারের জন্য আনছেন, তাদের অসুবিধা হচ্ছে জানি এবং সেইজন্য মাননীয় সদস্য এর অব্যাহতির জন্য জানাচ্ছি যে এই যে পারিমিট প্রথা এটা আমরা রহিত করে দিচ্ছি।

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বাংলাদেশে যে রাণী মিল চালু আছে তার উপর লেভী করা হচ্ছে তার সংখ্যাতথ্য ছিল কিনা যে কি পরিমাণ লেভী করা যেতে পারে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ নোটিশ চাই, তা না হলে এখন বলতে পারবো না।

শ্রীসনৎকুমার রাহাঃ এখন যে চালু মিল আছে, যা থেকে লেভী করা হচ্ছে—সে সম্পর্কে কমার্সিয়াল পারপাজ-এ কি পরিমাণ কপার ক্লাস হচ্ছে সে তথ্য আছে কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ সে তথ্য আমার কাছে নেই তবে কতগুলি হাস্কিং মিল আছে সে তথ্য দিতে পারবো।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে অসুবিধা হচ্ছে পাঁচ একর পরিমাণ জমি যাদের আছে তাদের ধান ভাঙতে গেলে তাদের অসুবিধার কথা বলেছেন এবং রেহাই করবার কথাও চিন্তা করছেন. কিন্তু কবে এগুলি করবেন তা জানাবেন কি? কারণ, জিনিসটা খুবই জটিল এবং আমরা জানি যে ক্ষেতমজুর তার খাবার ধান ভাঙতে চলেছে সেখানে অধ্যক্ষ এবং প্রধান তাদের কাছে যাবার সময় পায় না, এই অবস্থায় এইসমস্ত অসুবিধা দূর করবার জন্য রেহাই করবেন বলেছেন। আমার জিজ্ঞাস্য সেটা কবে থেকে করবেন তা জানাবেন কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ শীঘ্র করা সম্ভব হবে।

শ্রীমতী শান্তি দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, আমরা যেসমস্ত পাঠ্যপুস্তক পেয়ে থাকি তাতে বলা হয়েছে যে চাল থেকে যে কুড়ো হয় তাতে প্রচুর ভিটামিন থাকে সুতরাং যে চাল লেভী করে বাজারে চালু করার কথা চিন্তা করছেন কি না, কন্সিডার করবেন কি?

(নো রিপ্লাই)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আপনি বলেছেন যে, লেভীর দ্বারা চাল সংগৃহীত হয় বলে ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায়ী তারা লেভী করে ধান ভাঙা বন্ধ করার ফলে বাজারে চালের অভাবের জন্য মূল্য বৃদ্ধি হয়েছে এবং চাষীদের দয়রানী হচ্ছে। এইসমস্ত কথা বিবেচনা করে আপনারা লেভী প্রথা তুলে দেবার কথা চিন্তা করছেন কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: বর্তমানে এরূপ খবর আমরা পেয়েছি। আমরা অভিযোগ পেয়েছি যে, বড় বড় ব্যবসায়ীরা যারা বড় বড় হাস্কিং মিল-এ ধান ভাঙতে নিয়ে যেত তারা এটাকে অ্যাভয়েড করছে, অর্থাৎ আমরা যে হাস্কিং মিল-এর উপর যে ৫০ পার্সেন্ট রহিত ছিল সেটা অ্যাভয়েড করার জন্য, অর্থাৎ এইভাবে তারা লেভী করে সংগ্রহ করার যে পদ্ধতি সেটাতে অ্যাভয়েড করছে।

শ্রীসনৎকুমার রাহা: এই যে চালু মিল এবং এই ডিফাংক্ট মিল-এর সংখ্যা কত, অর্থাৎ এইসব ডিফাংক্টগুলো ফাংশান করছে কিনা?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: অফ হ্যান্ড বলতে পারবো না, তবে টোট্যাল সংখ্যা যেটা সেটার কথা পরে বলবো।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যেসমস্ত নূতন হাস্কিং মিল চালু হচ্ছে তাদের লাইসেন্স দেওয়া হচ্ছে—তাদের সংখ্যা কি এবং এ সংবাদ আপনি রাখেন কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: নূতন হাস্কিং মিল-এর লাইসেন্স দেওয়া সরকারের নীতিবিরুদ্ধ।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সরকারের নীতিবিরুদ্ধ হলেও নানাভাবে এই লাইসেন্স-এ বেরুচ্ছে।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: আমি আগে বলেছি যে, ডিফাংক্ট হয়েছে, আগেকার দরুন সেগুলি যাতে চালু করা যায় তার পারমিশন দেওয়া হচ্ছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে কো-অপারেটিভ বেসিস-এ চালু করলে তাদের লাইসেন্স দেওয়া হয়ে থাকে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে কো-অপারেটিভ-এর ক্ষেত্রে এর ব্যতিক্রম করা হয়েছে।

Sugar

***467.** (Admitted question No. *2554.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৩ সালে ও ১৯৬৪ সালের প্রতি মাসে এবং ১৯৬৫ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে পশ্চিমবঙ্গে কত পরিমাণ চিনি আমদানী হইয়াছে?

Shri Smarajit Bandyopadhyay: Sir, this question may kindly be held over because the materials have not yet come.

Mr. Speaker: All right.

Small Irrigation Schemes in Berugram and Jyotshri Anchals

***468.** (Admitted question No. *2560.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার জামালপুর থানার বেরুগ্রাম ও জ্যোৎশ্রীরাম অঞ্চলের জন্য কোন ক্ষুদ্র সেচপরিকল্পনা ও রিভার পাম্পের প্রস্তাব সরকারের আছে কিনা; এবং

(খ) প্রস্তাব থাকিলে, সেগুলি কি কি, কোথায় কোথায় এবং কতদিনে কার্যকর হইবে?

Shri Smarajit Bandyopadhyay: Sir, this question also may please be held over because the materials have not yet come.

Mr. Speaker: I am holding it over for the next rotational day, but that must not be made the practice.

Posting of Police at Secondary School Examination Centres

***469.** (Admitted question No. *2590.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ বৎসর মাধ্যমিক পরীক্ষায় শান্তি রক্ষার জন্য কত পুলিশ নিয়োগ করা হয়—কলিকাতার জন্য কত এবং কলিকাতা ব্যতীত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার জন্য কত; এবং

(খ) উক্ত পরীক্ষাকালে কয়টি ঘটনায় পুলিশ এযাবৎ হস্তক্ষেপ করে?

Shri Ardhendu Shekhar Naskar:

	কলিকাতার জন্য	বিভিন্ন জেলার জন্য	মোট
(ক)	৩৫০ জন	২,৫৬৩ জন	২,৯১৩ জন

(খ) মোট ১২টি ক্ষেত্রে।

শ্রীসনৎকুমার রাহা: এই যে তিন হাজার পুলিশ ছাত্রদের জন্য যোগান লাগান হয়েছিল এর মধ্যে বারোটা ক্ষেত্রেই কয়েকটা ঘটনা পুলিশ পেয়েছে। আমি জিজ্ঞাসা করছি সেগুলি কি ধরনের ঘটনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: সে সম্বন্ধে এখনই কিছু বলা সম্ভব নয়। তবে আমি জানি বনগাঁয় একটা ঘটনা ঘটেছিল, একটা পরীক্ষাকেন্দ্রের সামনে ক্র্যাকার বার্স্ট করেছিল এবং তার ফলে দুষ্কৃতকারীদের ধরা হয় পরে। ছোট ঘটনা যা ঘটেছিল তার জন্য কিছুই হোলড আপ হয় নি পরীক্ষাও হেলড আপ হয় নি।

শ্রীসনৎকুমার রাহা: পরীক্ষা দিতে গিয়ে অসাধু উপায় অবলম্বন করার জন্য পরীক্ষা দিতে দেওয়া হয় নি এরূপ কোন কেস ধরা হয়েছে কি?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: আমি একটা ঘটনার কথা বলেছি—আমাদের চব্বিশপরগনার জেলার জয়নগরে এরূপ একটা ঘটনা হয়েছিল, একটা ছেলের হয়ে অন্য ছেলে মিথ্যা পরিচয় দিয়ে পরীক্ষা দিতে এসেছিল এ সম্বন্ধে পুলিশকে খবর দেবার সংগে সংগে সে পালিয়ে যায়। আমি যা সংবাদ দিয়েছি তা হল সারা পশ্চিমবঙ্গের কথা। সারা পশ্চিমবঙ্গে এরূপ ১২টা কেস হয়েছে। এছাড়া অফ হ্যান্ড আমি বলতে পারবো না। দুইটি জায়গার কথা জানা ছিল তাই বলেছি।

শ্রীসনৎকুমার রাহা: এই যে পুলিশ পাঠানো হল, এর জন্য স্কুল অথরিটি বা এক্সামিনেশন হল থেকে কি পুলিশ রিকুইজিশন করা হয়েছিল, পুলিশ ডিপার্টমেন্ট থেকে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: এটা শান্তি রক্ষার জন্যই পাঠান হয়েছিল।

শ্রীআম্বিনী রায়: এই যে বারোটি ঘটনার কথা বললেন এক একটা জেলায় কটা করে হয়েছে তার তথ্য আছে কি?

[1-20—1-30 p.m.]

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: বর্ধমান জেলায় নয়টি, মেদিনীপুর, চব্বিশপরগনা, জলপাইগুড়ি জেলায় এক্ষেত্রে একটি করিয়া হয় এবং আর কোন জায়গায় এইরকম কোন ঘটনা পাওয়া যায় নি।

শ্রীজীবনকৃষ্ণ দে: তুলনামূলকভাবে ঐ সংখ্যাটা অন্য বছরের চেয়ে কম না বেশী?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: সেটা বলতে পারবো না।

Cement Dealers in Kasba police-station

***470.** (Admitted question No. *2782.)

শ্রীমনোরঞ্জন রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কসবা থানার অধীনে সিমেন্টের কতজন ডিলার আছে, এবং তাহাদের নাম ঠিকানা কি; এবং

(খ) উক্ত ডিলারদের স্টক কতদিন পূর্বে চেক করা হইয়াছিল?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ও (খ) কসবা নামক কোন থানা নাই। কসবা অঞ্চলের কিছুটা কলিকাতা কর্পোরেশন এবং কিছুটা যাদবপুর পুলিশ স্টেশনের অন্তর্ভুক্ত। উক্ত অঞ্চলে ১০ জন সিমেন্ট ডিলার আছে। তাঁহাদের নাম ও ঠিকানা এবং তাঁহাদের স্টক কোন্ কোন্ তারিখে সর্বশেষ চেক করা হইয়াছে, তাহা নিম্নে উল্লেখ করা হইল:

ডিলারদের নাম ও ঠিকানা এবং সর্বশেষ যে তারিখে স্টক চেক করা হইয়াছে

১। বেটার সিমেন্ট ১ কে এন সেন রোড, কলিকাতা-৪২—২রা মার্চ ১৯৬৫।

২। ডি কে গুহ, ৩৩১ বি বি চ্যাটার্জি রো, কলিকাতা-৪২—১লা এপ্রিল ১৯৬৫।

৩। জি, মজুমদার, ২৮/৩ ঢাকুরিয়া স্টেশন রোড, কলিকাতা-৩১—৪ঠা এপ্রিল ১৯৬৫।

৪। এম এল দত্ত, ২৬/৪ হিন্দুস্থান পার্ক, কলিকাতা-২৯—১৬ই মার্চ ১৯৬৫।

৫। সাউথ ক্যালকাটা সিমেন্ট ডিলার্স, ৩৩১ বি বি চ্যাটার্জি রো, কলিকাতা-৪২—১২ই জানুয়ারি ১৯৬৫।

৬। বিশ্বাস অ্যান্ড সন্স, ১ কে এন সেন রোড, কলিকাতা-৪২—২০এ জানুয়ারি ১৯৬৫।

৭। চক্রবর্তী অ্যান্ড কোং, বালিগঞ্জ রেলওয়ে সাইডিং—৩০এ জানুয়ারি ১৯৬৫।

৮। ঘোষ অ্যান্ড কোং, ৬ সুইনহো লেন, কলিকাতা-৪২—২৫এ ফেব্রুয়ারি ১৯৬৫।

৯। সিউশঙ্কর প্রসাদ গুপ্ত, ১৩৭ কে এন সেন রো, কলিকাতা-৪২—১২ই জানুয়ারি ১৯৬৫।

১০। গোরবিন্ অ্যান্ড কোং, ২৩৬ কে এন সেন রোড, কলিকাতা-৪২—৩০এ জানুয়ারি ১৯৬৫।

শ্রীঅশ্বিনী রায়: স্টক যখন তাদের একজামিন করা হোল তখন কোন কিছু ইরেগুলারিটি রিপোর্টেড হয়েছে কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: এই রকম কোন তথ্য আমার কাছে নেই।

শ্রীঅনাদি দাস: এই স্টক একজামিন করবার সময় সিমেন্টের কোয়ালিটি ঠিক আছে কিনা তা দেখার কোন ব্যবস্থা আছে কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: হ্যাঁ, তা দেখা হয়—আমাদের ইন্সপেক্টাররা দেখেন।

শ্রীঅনাদি দাস: এইরকম কোন কেস পাওয়া গেছে কিনা যেখানে কোয়ালিটি ডেটোরিয়েটেড করেছে বা রিপ্লেস হয়েছে ব্যাড কোয়ালিটির দ্বারা?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: এখানে যে এলাকা সম্বন্ধে প্রশ্ন করা হয়েছে সেখানে কিছু পাওয়া যায় নি।

Ex-employees of Food Department

***471.** (Admitted question No. *2785.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা এবং সন্নিহিত অঞ্চল হইতে স্ট্যাটুটারী রেশনিং উঠাইয়া দিবার পর পশ্চিমবঙ্গের খাদ্যবিভাগের কতজন কর্মচারীকে (১) বরখাস্ত এবং (২) অন্য বিভাগে বদলি করা হইয়াছিল;

(খ) ইহাদের মধ্যে কয়জনকে ১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাসে খাদ্যবিভাগে পুনর্বহাল করা হইয়াছে; এবং

(গ) উক্ত পুনর্বহাল হওয়া কর্মচারীরা কয়জন (১) স্থায়ীভাবে এবং (২) কয়জন অস্থায়ীভাবে নিযুক্ত হইয়াছিল?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ১৯৫৩-৫৪ সালে খাদ্যশস্য বিনিয়ন্ত্রণ হওয়ার দরুন তৎকালীন পশ্চিমবঙ্গের খাদ্য ও সরবরাহ বিভাগের কর্মরত ১৮,১০০ জন কর্মচারীদিগের মধ্যে ১৩,১২৩ জন উদ্বৃত্ত হয় এবং তন্মধ্যে ১১,৮১০ জনকে কেন্দ্রীয় ও স্থানীয় রাজ্যসরকারের অধীনস্থ বিভিন্ন বিভাগের ক্রমান্বয়ে বিকল্প চাকুরী দিয়া অত্র বিভাগ হইতে ছাড়িয়া দেওয়া হয়। অবশিষ্ট ১৩১০ উদ্বৃত্ত কর্মচারী ১৯৫৭ সালের ১লা এপ্রিল হইতে খাদ্য ও সরবরাহ বিভাগ পুনর্গঠন হওয়ায় তাঁহারা অত্র বিভাগেই থাকিয়া যান। উক্ত উদ্বৃত্ত কর্মচারীর কাউকেও বরখাস্ত করা হয় নাই।

(খ) চারজনকে।

(গ) উক্ত চারজনকেই বর্তমানে অস্থায়ী হিসাবে পুনর্বহাল করা হইয়াছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি বললেন যে ১৯৫৩-৫৪ সালে খাদ্য বিভাগে ১৮,১০৩ জন কর্মচারীর মধ্যে ১৩,১২৩ জন উদ্বৃত্ত হয় এবং তার মধ্যে ১১,৮১৩ জনকে কেন্দ্রীয় ও স্থানীয় রাজ্যসরকারের চাকুরী দেন এগুলি হিসাবে মিলে যাচ্ছে তাহলে এই চারজন কোথা থেকে এলো যে চারজনকে চাকুরী দিলেন—এটা তো এক্সেস হয়ে যাচ্ছে আপনার হিসাবে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: এদের অন্য ডিপার্টমেন্ট দেওয়া হয়—১৩,০১০ জনকে ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টে রেখে দেওয়া হয়।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: এই চারজন কোথা থেকে এলেন যাদের ফেব্রুয়ারি মাসে অ্যাপয়েন্ট করেছিলেন—এটা তো এক্সেস হয়ে যাচ্ছে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: আপনি বলেছেন ফেব্রুয়ারি মাসে খাদ্যবিভাগে পুনর্বহাল করা হয়েছে ১৯৬৫ সালে—সে জায়গায় আমি বলেছি চার জনকে করা হয়েছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি আমার প্রশ্নটা অ্যাভয়েড করে যাচ্ছেন। আপনি বলেছেন ১৯৫৩-৫৪ সালে খাদ্য বিভাগে ১৮,১০৩ জন কর্মচারীর মধ্যে ১২,১২৩ জন উদ্বৃত্ত হয় এবং তার মধ্যে ১১,৮১৩ জনকে কেন্দ্রীয় এবং রাজ্যসরকারে চাকুরী দেন এবং ১৩,০১০ জনকে ১৯৫৭ সালের ১লা এপ্রিল থেকে অ্যাবজর্ভ করেছেন তাহলে এই যে বলেছেন ফেব্রুয়ারি মাসে চার জনকে নেওয়া হয়েছে এটা কোথা থেকে পেলেন?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আমি বলেছি ১৯৫৩-৫৪ সালে যা উদ্বৃত্ত হয় তা হচ্ছে এই—তারপরে খ-তে বলেছেন ১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাসে কয়জনকে খাদ্য বিভাগে পুনর্বহাল করা হয়েছে আমি সেখানে বলেছি চারজনকে করা হয়েছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্যার, এটা হেলড ওভার হয়ে থাক উনি কিছু বলতে পারছেন না।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আপনি বলেছেন ১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাসে কতজনকে পুনর্বহাল করা হয়েছে—আমি তো বলেছি চারজনকে।

শ্রীসনৎকুমার রাহাঃ খাদ্য দপ্তরের উদ্বৃত্ত কর্মচারীদের যে বিভিন্ন দপ্তর থেকে নিয়ে এসে শেষ পর্যন্ত এখানে বহাল করা হয় এদের সার্ভিসের সিনিয়রিটি কাউন্ট করা হচ্ছে কিনা?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ বিভিন্ন দপ্তর থেকে ফুড ডিপার্টমেন্ট সরাসরি নিচ্ছে না—ফুড ডিপার্টমেন্ট হোম জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনকে বলেছেন যে কোন কোন ডিপার্টমেন্ট তাদের উদ্বৃত্ত কর্মচারীকে স্পেয়ার করতে পারেন—যারা যারা স্পেপার করতে পারেন তার লিস্ট আছে, সেই লিস্ট অনুযায়ী নেওয়া হচ্ছে। শুধু ফুড ডিপার্টমেন্টেরই নেওয়া হচ্ছে না—অন্যদের যদি সারপ্লাস থাকে তাদেরও নেওয়া হচ্ছে—তবে যারা ফুড ডিপার্টমেন্টে কাজ করেছেন এইরকম যদি অন্য ডিপার্টমেন্টে থাকেন তাহলে তাদের প্রেফারেন্স দেওয়া হচ্ছে।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি বললেন যে চারজনকে নেওয়া হয়েছে এই চারজনের নাম কি এবং তাদের ডেট অফ অ্যাপয়েন্টমেন্ট কি ছিল?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আমি এই অফ হ্যান্ড বলতে পারবো না, নোটিশ দিলে বলতে পারবো।

Bifurcation of Gazole Block

472. (Admitted question No. *2834.)

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মালদহ জেলার গাজোল ব্লকটিকে দ্বিখণ্ডিত করার যে প্রস্তাব গ্রহণ করা হইয়াছিল তাহার কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

Shri Smarajit Bandyopadhyay:

এই বিভাগ হইতে গাজোল ব্লকটিকে দ্বিখণ্ডিত করার প্রস্তাব কখনও গ্রহণ করা হয় নাই। অতএব তাহার কাজ অগ্রসর হওয়ার প্রশ্ন উঠে না।

Licence of Husking Mills in Midnapore district

***473.** (Admitted question No. *2668.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কতগুলি বাণীমিল (হাস্কিং মিল)-এর ধান ভাঙ্গার কোন লাইসেন্স বা পারমিট নাই;

(খ) উক্ত মিলগুলি মালিকগণ লাইসেন্স পাওয়ার জন্য সরকারের নিকট আবেদন করিয়াছিলেন কিনা;

(গ) যদি করিয়া থাকে তবে কি কারণে উহাদিগকে লাইসেন্স দেওয়া হয় নাই; এবং

(ঘ) লাইসেন্স প্রদানের জন্য কি কি সর্ত আবশ্যক?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ১৭৫।

(খ) হ্যাঁ। উহার মধ্যে ৩৩৪টি আবেদন ইতিমধ্যেই অগ্রাহ্য করা হইয়াছে। বাকি আবেদনগুলিকে পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

(গ) ও (ঘ) এই সম্পর্কীয় সরকারী নীতি নিম্নে বর্ণিত হইল:

ভারত সরকারের রাইস মিলিং ইন্ডাস্ট্রি (রেগুলেশন) অ্যাক্ট, ১৯৫৮, অনুসারে চাউলকল (প্যাডি হাসকিং মিল সমেত) তিনটি শ্রেণীতে বিভক্ত যথা (১) বর্তমানে চালু (একজিস্টিং), (২) বর্তমানে চালু নাই (ডিফাংক্ট) এবং (৩) নূতন (নিউ)। উক্ত আইনে প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী আইনটি বলবৎ হইবার তারিখে, অর্থাৎ ২২-৪-৫৯ তারিখে যে সমস্ত চাউল কলের অস্তিত্ব ছিল এবং যে সমস্ত মিলে ঐ তারিখের পূর্ববর্তী এক বৎসরের মধ্যে কোন না কোন সময়ে চাউল উৎপাদিত হইয়াছিল তাহারা বর্তমানে চালু (একজিস্টিং) শ্রেণী ভুক্ত বলিয়া গণ্য হইবে। উক্ত আইনের বলবৎ হইবার তারিখে যে সমস্ত চাউল কলের অস্তিত্ব ছিল অথচ ঐ তারিখের পূর্ববর্তী এক বৎসরের মধ্যে উহারা কোন চাউল উৎপাদন করে নাই তাহাদের বর্তমানে চালু নাই (ডিফাংক্ট) শ্রেণীর বলিয়া ধরিতে হইবে। উপরে বর্ণিত বর্তমানে চালু ও বর্তমানে চালু নাই এই দুই শ্রেণীর বহির্ভূত মিলগুলি নূতন শ্রেণীভুক্ত বলিয়া বুঝিতে হইবে।

উপরোক্ত আইনে বর্তমানে চালু শ্রেণীর মিলের মালিকদের মিল চালাইবার জন্য লাইসেন্স দিবার ব্যবস্থা রহিয়াছে। সংশ্লিষ্ট লাইসেন্সিং অফিসারের নিকট আবেদন করিলে এবং তৎসহ আইনে নির্ধারিত লাইসেন্স ফি ও সিকিউরিটির টাকা জমা দিবার পর লাইসেন্সিং অফিসার লাইসেন্স মঞ্জুর করিবেন। এই শ্রেণীর মিল মালিকদের পক্ষে লাইসেন্সের আবেদন পেশ করিবার জন্য কোন সময় নির্দিষ্ট করা হয় নাই। ফলে এই শ্রেণীর চাউলকলের মালিকগণ যখনই আবেদন করিবেন তখনই তাহার লাইসেন্স পাইবার অধিকারী তবে উক্ত আইন চালু হইবার পরে সাত বৎসর গত হওয়ায় এই শ্রেণীর কলের লাইসেন্স নেওয়া কার্যতঃ আর বাকী নাই।

যে সমস্ত মিল "বর্তমানে চালু নাই" শ্রেণীভুক্ত তাহাদের মালিকদের পক্ষে মিল পুনরায় চালু করিতে এবং "নূতন" শ্রেণীভুক্ত মিল মালিকদের পক্ষে মিল প্রতিষ্ঠা করিতে হইলে তাহাদের প্রথমতঃ আইনে উল্লিখিত পারমিট প্রদানকারী অফিসারদের নিকট পারমিটের জন্য আবেদন করিতে হইবে। এই পারমিট পাইলেই উপরে বর্তমানে চালু শ্রেণীদের যেভাবে লাইসেন্স দিবার কথা বর্ণিত হইয়াছে সেইভাবে তাহারা লাইসেন্স পাইবার অধিকারী হইবে। বলা বাহুল্য, এই লাইসেন্স না পাওয়া পর্যন্ত তাঁহাদের পক্ষে মিল চালাইবার অথবা প্রতিষ্ঠা করিবার ক্ষমতা থাকিবে না।

নূতন মিল সংস্থাপনের ক্ষেত্রে রাজ্যসরকারের নীতি হইল এই যে, যে সমস্ত নূতন মিলের সংস্থাপন কার্য (ইনস্টলেশন) ১৯৫৯ সালের মধ্যে বহুলাংশ সমাপ্ত হয় নাই তাহাদের তাহাদের জন্য কোন পারমিট মঞ্জুর না করা।

শ্রীঅনঙ্গমোহন দাস: অনেক বাণীমিল লাইসেন্স না থাকা সত্ত্বেও কাজ করছেন এ খবর জানেন কি?

শ্রীস্মরজিত বন্দ্যোপাধ্যায়: লুকিয়ে চুরিয়ে করে কি না জানি না—তবে আমাদের ইন্সপেক্টার আছে, জানতে পারলে তাদের ধরা হয় এবং শাস্তিও দেওয়া হয়।

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি বলেছেন কতকগুলিকে না দেবার সিদ্ধান্ত হয়েছে এখন মিলটিতে টাকা খরচ হয়েছে—মিল কেনা হয়েছে—দেশের এই যে অর্থ নষ্ট গেল তাকে অন্য কোন কাজে ব্যবহার করার জন্য কিংবা বাণীমিল কো-অপারেটিভ বেসিসে করার কোন ব্যবস্থা করবেন কি?

শ্রীস্মরজিত বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় সদস্য জানেন যে ভারত সরকার এই নীতি গ্রহণ করেছিলেন যে রাইস মিল নূতন করে দেওয়া হবে না—কারণ যেসব ঢেঁকি আছে কুটির শিল্প হিসাবে তাকে এনকারেজ করবার জন্য। ১৯৫৯ সালের আগে যদি কিনে থাকে তাহলে তাদের কথা বিবেচনা করা হবে।

শ্রী[illegible] বসুঃ মন্ত্রিমহাশয় কি জানেন যে পল্লীগ্রামে অনেক জায়গা থেকে ঢেঁকি উঠে গেছে এবং সেখানে বানীমিলের লাইসেন্স না দেবার জন্য চালের দুর্মূল্যতা দিন দিন বেড়ে যাচ্ছে?

শ্রীস্মরজিত বন্দ্যোপাধ্যায়ঃ তা হতে পারে তবে একটু আগেই বলেছি যে সমবায় পদ্ধতিতে করলে সরকার এই আইন শিথিল করবেন।

শ্রীসনৎকুমার রাহাঃ আপনি বললেন যে ৯৭৫টি বানীমিলের লাইসেন্স নেই—এতো মেদিনীপুর জেলা গেল—আমার প্রশ্ন হোল বাংলাদেশে ডিফাংক্ট মিল কত আছে?

শ্রীস্মরজিত বন্দ্যোপাধ্যায়ঃ এই প্রশ্নের জবাব নোটিশ না দিলে বলতে পারবো না।

[1-30—1-40 p.m.]

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে রাইস মিলিং রেগুলেসান অ্যাক্টের কথা উনি কিছুক্ষণ আগে বললেন সেই অ্যাক্টের আওতায় কো-অপারেটিভ সেকটারে বানীমিল কি পড়ে না? এইরকম কোন বিধান আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

হাস্কিং মিল সম্বন্ধে আছে। তবে ভারত সরকার কো-অপারেটিভকে এনকারেজ করার জন্য এটা শিথিল করতে রাজী হয়েছেন।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে লুকিয়ে চুরিয়ে করে, এজন্য তাঁরা জানেন না। আমি বলছি এক একটা অঞ্চলে যে ইন্সপেক্টর থাকে তাঁদের জ্ঞাতসারে এবং মাসিক ১০ টাকা হিসাবে দিয়ে এই রকম শত শত বানীমিল চলছে এই খবর আপনি জানেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

নির্দিষ্ট কোন জায়গার অভিযোগ দিলে আমরা নিশ্চয়ই তদন্ত করে দেখব।

Shri Balai Lal Das Mahapatra:

বহু ক্ষেত্রে অভিযোগ করেও তার কোন প্রতিকার হয়নি এই খবর দয়া করে নেবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

এই রকম কথা ঠিক নয়।

Purchase of paddy and rice by Government in Burdwan and Birbhum districts

***474.** (Admitted question No. *2760.)

শ্রীসনৎকুমার রাহাঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান ও বীরভূম জেলায় সরকারপক্ষে ধান ও চাউল ক্রয় করা হইতেছে কিনা; এবং

(খ) ক্রয় করা হইলে এ বৎসর এ পর্যন্ত কত পরিমাণ ধান ও চাউল ক্রয় করা হইয়াছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ধান: ১লা জানুয়ারী ১৯৬৫ তারিখ হইতে উল্লিখিত জেলা দুইটিতে সরকারের প্রাইস সাপোর্ট স্কিম অনুসারে সরাসরি চাষীদের নিকট হইতে ধান ক্রয় করিবার জন্য ক্রয়কেন্দ্র স্থাপিত হইয়াছে কিন্তু ধানের দর উক্ত স্কিমে বাঁধিয়া দেওয়া দর অনুযায়ী নামিয়া না যাওয়ায় ঐ জেলা দুইটিতে অদ্যাবধি সরকারের পক্ষে কোনও ধান ক্রয় করা হয় নাই।

চাউল: সরকার উল্লিখিত জেলা দুইটিতে, জেলাস্থিত সমস্ত চাউলকলের দৈনিক উৎপাদনের শতকরা ৫০ ভাগ লেভি হিসাবে সংগ্রহ করিতেছেন। জেলাস্থিত যে সমস্ত প্যাডি হাসকিং মিল নিজেদের এবং লাইসেন্সপ্রাপ্ত ডিলারদের পক্ষে ধান ভাঙাইয়া থাকে তাহাদের নিকট হইতেও অনুরূপ লেভি প্রথার মাধ্যমে সরকার চাউল সংগ্রহ করিতেছেন।

(খ) 'ক' প্রশ্নের উত্তর হইতে দেখা যাইবে জেলা দুইটিতে এই বৎসর এ পর্যন্ত ধান ক্রয় করা হয় নাই। ১লা জানুয়ারী ১৯৬৫ তারিখ হইতে ১লা এপ্রিল ১৯৬৫ তারিখ পর্যন্ত জেলা দুইটিতে যে পরিমাণ চাউল ক্রয় করা হইয়াছে তাহার অঙ্ক নিম্নে দেওয়া হইল:

বর্ধমান—৩,১০,৮২৪ কুইন্টাল।

বীরভূম—৪,১৫,৩৭৫ কুইন্টাল।

Shri Sanat Kumar Raha:

বীরভূম ও বর্ধমান এই দুইটি বাড়তি জেলা। এখানকার সুদূর গ্রামাঞ্চলে ধানের দর কমছে না সরকারী রিপোর্টে। কিন্তু আমরা তো বাজারে এই সংবাদ পাই যে দূর অঞ্চলে ধানের দর কমে গেছে। সেইসব ক্ষেত্রে সরকারের কোন সংবাদ আছে কিনা? বর্ধমান জেলায় শহর ব্যতিরেকে দূর অঞ্চলে ধানের দর কি বর্তমানে?

Shri Smarajit Bandyopadhyay:

এখনই আমি বলতে পারব না। তবে যেখানে যেখানে ধানের দর সরকার নির্দিষ্ট দর থেকে কমে গেছে সেখানে কেনা হয়েছে।

Shri Aswini Roy:

বর্ধমান জেলায় ১লা এপ্রিল ১৯৬৫ তারিখ পর্যন্ত কত কুইন্টাল বা টন সংগ্রহ করেছেন?

Shri Smarajit Bandyopadhyay:

বর্ধমান জেলায় ৩ লক্ষ ১০ হাজার ৮ শত ২৪ কুইন্টাল।

Digha Development Committee

***475.** (Admitted question No. *2869.)

শ্রীঅশ্বিনী রায়: উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দীঘা উন্নয়ন কমিটি গঠিত হইয়াছে;

(খ) সত্য হইলে, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত কমিটি গঠনের তারিখ,

(২) গঠিত হইবার পর ১৯৬৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত বৈঠক সংখ্যা এবং প্রতিটি সভার রাহা ও ভাতা বাবত ব্যয়; এবং

(৩) আজ পর্যন্ত উন্নয়ন বাবদ মঞ্জুরী ও ব্যয়?

Shri Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৩ই মে ১৯৬৩।

(২) ১৯৬৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত মোট চারিটি বৈঠক হইয়াছে।

বে-সরকারী সভ্যের রাহা খরচ এবং ভাতা বাবত এই পর্যন্ত কোন ব্যয় হয় নাই।

দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় মোট ১৩ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছিল। তন্মধ্যে ৪·১৩ লক্ষ টাকা ব্যয় হইয়াছে।

(৩) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৯ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে এবং আজ পর্যন্ত ১৫·৯৫ লক্ষ টাকা ব্যয় করা হইয়াছে।

Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় খ(২) প্রশ্নের উত্তরে বললেন বেসরকারী সভ্যের জন্য রাহা বা অন্যান্য ভাতা বাবত কোন খরচ হয়নি। ও'রা কি ভাতা বরাদ্দ আছে নেননি, না, এই ধরনের কোন বরাদ্দ নেই?

Shri Syamadas Bhattacharyya:

আমার যতদূর ধারণা ভাতা বরাদ্দ আছে, ও'রা নিতে পারেন কিন্তু নেননি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন দীঘা উন্নয়ন সম্পর্কিত সরকারী, বেসরকারী, স্ট্যাটুটরী যতগুলি বডি বা কর্পোরেশনস আছে?

Shri Syamadas Bhattacharyya:

এ প্রশ্ন থেকে ওটা উঠে না। তবে একটা কমিটি আছে আপাততঃ।

Shri Kashi Kanta Maitra:

দীঘা আমি নিজে গিয়ে দেখে এলাম। সেখানে দীঘা ওয়েলফেয়ার বোর্ড একটা কমিটি আছে, দীঘা ডেভেলপমেন্ট একটা কমিটি আছে, দীঘা কো-অপারেটিভ একটা আছে এবং আমি জানি সিটি কোর্টে একটা মামলা চলছে স্টেট গভর্নমেন্ট এবং দীঘা কো-অপারেটিভের মধ্যে এবং দীঘার সমস্ত ডেভেলপমেন্টের কাজ বন্ধ হয়ে গেছে। শুধু গভর্নমেন্ট অফিসার্সের জন্য কটেজ এবং লাগজুরিয়াস ডাক বাংলো তৈরি করেছেন, কিন্তু গরীব যারা লোয়ার ইনকাম পিপল, সিভিল ক্লাস পিপল তাদের যাওয়ার জন্য দীঘার উন্নয়ন কিছুমাত্র হচ্ছে না। এটা আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি। আপনারা এখানে যতই আজেবাজে কথা বলুন আমি নিজে দেখে এসেছি কোন কাজ সেখানে হচ্ছে না। সেজন্য বলছি দীঘা ওয়েলফেয়ার বোর্ড, দীঘা ডেভেলপমেন্ট কমিটি এবং দীঘা হেলথ রিসার্চ ডেভেলপমেন্ট কমিটি এই তিনটি কমিটি আছে কিনা এবং এই নিয়ে সিটি কোর্টে মামলা হচ্ছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

কথা হচ্ছে সাধারণ লোকের জন্য নিম্নবিত্ত সম্প্রদায়ের জন্য আমাদের ওখানে বিশেষ বাসস্থানের ব্যবস্থা করা হচ্ছে এবং এই সম্পর্কে দীঘার ডেভেলপমেন্ট-এর জন্য অন্যান্য আরো সংস্থা থাকতে পারে। কিন্তু এখানে উন্নয়ন বিভাগ সম্পর্কিত প্রশ্ন করা হয়েছে বলে আমাদের উন্নয়ন সম্পর্কিত বোর্ডের কথা বলেছি।

Shri Balai Lal Das Mahapatra:

এই যে আপনি বললেন সদস্যরা রাহা ভাতা খরচ ইত্যাদি নিচ্ছেন না, কিন্তু যে সমস্ত মিনিস্টারর এর মধ্যে আছেন, তাঁরা কি তাঁদের রাহা বা ভাতা খরচ নেন?

Shri Syamadas Bhattacharyya:

আপনি তো বে-সরকারী সদস্যদের কথা বলেছেন।

Shri Balai Lal Das Mahapatra:

সরকারের যাঁরা এর মধ্যে আছেন, তাঁরা নিচ্ছেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:

তাদের মধ্যে অনেকে নিয়েছেন।

Shri Birendra Narayan Roy:

এই দীঘা ডেভেলপমেন্ট কমিটির সদস্যদের নাম ও পরিচয় কি? সরকারী ও বে-সরকারী সভ্যদের নাম কি? সরকারী সদস্যরা ভাতা নিয়েছেন কিনা এবং নিয়ে থাকলে কত নিয়েছেন?

Shri Syamadas Bhattacharyya:

সেটা এখন আমি বলতে পারছি না। সরকারী কর্মচারীরা নিয়েছেন। তাঁদের নেওয়ার কতকগুলি স্কেল আছে। বে-সরকারী সদস্যরাও নিতে পারেন। তার হারও বোধহয় একই রকমের। কিন্তু বে-সরকারী সদস্যরা কেউ রাহা খরচ নেন নাই।

Shri Birendra Narayan Roy:

প্রশ্নে কিন্তু আছে সরকারী, বে-সরকারী দুটোই চাওয়া হয়েছে। আমি জানতে চাচ্ছি কমিটির সভ্যরা বে-সরকারী ও সরকারী কর্মচারীরা ফেব্রুয়ারি পর্যন্ত কত টাকা নিয়েছেন?

Shri Syamadas Bhattacharyya:

তার হিসেব পাওয়া যায় নাই। তবে এই প্রসঙ্গে জানাচ্ছি বে-সরকারী কোন সদস্য কিছু নেন নাই। সরকারী কর্মচারী ও সদস্যরা অনেকে নিয়মমত তাদের রাহাখরচ নিয়েছেন।

Shri Birendra Narayan Roy:

এই কমিটির সভ্যদের নাম ও পরিচয় কী?

Shri Syamadas Bhattacharyya:

ইতিমধ্যে নাম-পরিচয় দেওয়া হয়েছে বলেন তো আবারও দিতে পারি।

Shri Aswini Roy:

এই যে প্রতিটা সভ্য—সরকারী বেসরকারী,—তার রাহাখরচের বালাই নাই বললেন। আবার বলেছেন জবাব আসে নাই। তাহলে এটা হেল্ড ওভার করে রাখুন। প্রতিটা সভ্যের ভাতার হিসেব চাওয়া হয়েছে; কিন্তু উনি তা দেন নাই। কাজেই এটা নেক্সট রোটেসনাল ডে হবে।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অশ্বিনীবাবু যে প্রশ্ন করলেন যে প্রত্যেকটা বৈঠকের জন্য যেসকল সদস্য ওখানে গিয়েছিলেন—সরকারী-বেসরকারী প্রশ্নে নয়, প্রত্যেকটি সরকারী ও বেসরকারী সদস্যের জন্য কত রাহাখরচ দেওয়া হয়?

Shri Syamadas Bhattacharyya:

এটা প্রশ্ন করলে নিশ্চয়ই জবাব দেওয়া যেতে পারে। তবে একথা আমি বলেছি সরকারী সদস্যগণ তাঁদের নিয়মমত যতখানি রাহা খরচ ড্র করতে পারেন, সেটা তাঁরা ড্র করেছেন। কিন্তু বে-সরকারী সদস্যরা কেউ কোন রাহা খরচ ড্র করেন নাই।

Shri Aswini Roy:

সরকারী কর্মচারী সরকারী সদস্য তাঁরা যে রাহা খরচ ড্র করেছেন, সেটা কি ডেভেলপমেন্ট পারপাসএ মঞ্জুরীকৃত যে টাকা আছে, তা থেকে খরচ হয়েছে, না, অন্য কোন ফান্ড থেকে এই ট্রাভেলিং অ্যালাউয়ান্স দেওয়া হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

এটা এর মধ্য থেকে দেওয়া হয়েছে।

Released convicts

***476.** (Admitted question No. *2749.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চুরি, ডাকাতি, রাহাজানি ইত্যাদি অপরাধের জন্য বারংবার দণ্ডিত ব্যক্তিগণ মুক্তি পাইয়া স্বগৃহে ফিরিয়া আসিলে তাহাদের গতিবিধি লক্ষ্যের কোন ব্যবস্থা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, কিরূপ ব্যবস্থা আছে?

[1-40—1-50 p.m.]

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) হ্যাঁ।

(খ) ফৌজদারী প্রক্রিয়াবিধির ৫৬৫ নং ধারানুযায়ী বিচারকারী ম্যাজিস্ট্রেট বারংবার দণ্ডিত ব্যক্তিকে তাহার বাসস্থানের ঠিকানা, বাসস্থান পরিবর্তন করিলে সেই ঠিকানা এবং প্রদত্ত ঠিকানায় কোন কারণে অনুপস্থিত থাকিলে তাহা সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত অফিসারকে জানাইবার আদেশ দিয়া থাকেন এবং উক্ত আদেশবলে সংশ্লিষ্ট থানার কর্মচারিগণ তাহার গতিবিধির উপর লক্ষ্য রাখেন। উক্ত ধারার অনুশাসন লঙ্ঘন করিলে ভারতীয় দণ্ডবিধির ১৭৬ নং ধারার সাজার ব্যবস্থা আছে।

শ্রীঅনঙ্গমোহন দাস: বারংবার চুরি করে তারপর বাড়ী ফিরে আসে এরকম ধরনের লোক প্রত্যেক থানায় ৫।৭।১০ জন করে আছে। আপনি বললেন এই সমস্ত লোকদের প্রতি লক্ষ্য রাখার জন্য থানায় অফিসার আছেন। আমার প্রশ্ন হচ্ছে একটা থানায় যখন ৫।৭ জন কনস্টেবল থাকে তখন তাঁরা কি করে তাদের প্রতি লক্ষ্য রাখেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: প্রত্যেক থানায় একটি করে রেজিস্ট্রি রাখা হয় এবং তাদের গতিবিধির উপর থানা অফিসার লক্ষ্য রাখেন। তবে একেবারে যে সুষ্ঠুভাবে হয় একথা আমি স্বীকার করি না—গলদ থাকতে পারে। তবে এটুকু বলতে পারি একটি রেজিস্ট্রি রাখা হয় এবং তাদের গতিবিধি সম্পর্কে সজাগ দৃষ্টি রাখা হয়।

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি বললেন একটা রেজিস্টার রাখা হয় এবং আপনাব সেকথা আমি মেনে নিলাম। যে সমস্ত লোক বারে বারে চুরি করছে তাদের নাম, গ্রামের নাম, বাসস্থান একটা রেজিস্টারে লেখা থাকে সেটা আমি মেনে নিলাম। কিন্তু কথা হচ্ছে সে দিনেব বেলায় বাড়ীতে থেকে রাত্রে যদি কোথাও চুরি করে বা অন্য কোন মিসচিফ ইজ ডান বাই হিম তাহলে সেই খবর রাখবেন কি করে? কাজেই আমি জানতে চাই তাদের প্রতি ভালভাবে লক্ষ্য রাখবার জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা আছে কিনা এবং যদি না থাকে তাহলে সেই পরিকল্পনা করবেন কিনা এবং কিভাবে করবেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: মাননীয় সদস্যের কাছে যদি এরকম কোন খবর থাকে যে, একজন লোকের নাম রেজিস্ট্রিতে আছে কিন্তু সে বে-আইনীভাবে তার বাসস্থান পরিবর্তন করছে তাহলে আমাকে জানাবেন।

শ্রীঅনঙ্গমোহন দাস: আমি বাসস্থান পরিবর্তন করার কথা বলছি না। আমার কথা হচ্ছে সে বাড়ীতেই থাকে, কিন্তু সন্ধ্যার পর যদি কোথাও চুরি করে তাহলে তার খবর নেবার কি ব্যবস্থা আছে—অর্থাৎ সে যাতে অন্য কোন মিসচিফ না করতে পারে সেটা চেক করবার কি ব্যবস্থা আছে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: একটা থানায় ধরুন ৫০।৬০।১০০ জন দাগী আসামী আছে এবং তাদের নাম রেজিস্ট্রিতে লেখা আছে। কিন্তু এটা কখনও সম্ভব নয় যে, প্রত্যেক আসামীর বাড়ীর সামনে একজন করে কনস্টেবল রেখে দেওয়া হবে। আমরা যতদূর সম্ভব রেজিস্ট্রি অনুসারে নজর রাখি, কিন্তু যদি কেউ এড়িয়ে যায় তাহলে কি করা যাবে?

শ্রীনারায়ণ চৌবেঃ মন্ত্রিমহাশয় জানেন কি, এরকম যারা বারে বারে চুরি বা রাহাজানি করে তাদের পুলিশ অফিসাররা আবার রাহাজানি করতে বলে এবং যদি তারা তা না করে তাহলে কেস করে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ মাননীয় সদস্য জানতে পারেন, আমার জানা নেই।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গনিঃ মন্ত্রিমহাশয় বললেন এক একটা থানায় রেজিস্ট্রিতে এত বেশী লোকের নাম আছে যার প্রতি লক্ষ্য রাখা যায় না। আমি জানতে চাই এর এ্যাভারেজ ফিগার বলতে পারবেন কি?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ যে প্রশ্ন করা হয়েছে তা থেকে এটা বলা যায় না।

শ্রীঅনন্তমোহন দাসঃ যারা বারেবারে চুরি করে তাদের গতিবিধি লক্ষ্য করবার সুবিধা নেই বললেন। আমার প্রশ্ন হচ্ছে তার জন্য একটা বিশেষ ব্যবস্থা করা ছাড়া তারা যাতে বারেবারে চুরি না করতে পারে তার ব্যবস্থা করতে পারেন কিনা—অর্থাৎ তারা যে কারণে চুরি করে সেই কারণ দূর করবার ব্যবস্থা করতে পারেন কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ হাউস থেকে পুলিশ খাতে বেশী টাকা মঞ্জুর করলে আমরা ভাল ব্যবস্থা করতে পারি।

System of Dhalta and Kasuri

***477.** (Admitted question No. *2994.)

শ্রীসনৎকুমার রাহাঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মফঃস্বল অঞ্চলে কৃষিজাত কাঁচা দ্রব্যাদি ক্রয় ও বিক্রয় ঢলতা, কসুরী প্রভৃতি প্রথা এখনও চালু আছে;

(খ) অবগত থাকিলে, উক্ত প্রথাগুলি পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় চালু আছে; এবং

(গ) এই প্রথাগুলি রদ করিবার জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ

(ক) হ্যাঁ।

(খ) উক্ত প্রথাগুলি পশ্চিমবঙ্গে প্রায় সর্বত্রই চালু আছে।

(গ) এই সকল কুপ্রথা রদ করিবার জন্য উপযুক্ত বৈধ ব্যবস্থা হিসাবে সরকার কৃষিজ পণ্যের ক্রয়বিক্রয় নিয়ন্ত্রণের উদ্দেশ্যে 'পশ্চিমবঙ্গ বাজার নিয়ন্ত্রণ বিল' (মার্কেট রেগুলেশন বিল) নামে একটি আইনের প্রস্তাব বিবেচনা করিতেছেন।

শ্রীসনৎকুমার রাহাঃ বাংলাদেশে ঢলতা কসুরি ইত্যাদি সামন্তযুগীয় প্রথা এখনও চালু আছে, আইন পাশ করার আগে পর্যন্ত এ সম্পর্কে সরকারের কাছ থেকে এমন কোন নির্দেশ দিয়েছেন কিনা মফঃস্বল মার্কেটিং কন্ট্রোল করার জন্য এবং যাতে এগুলি প্রতিরোধ করা যায়?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ বেসরকারীভাবে ব্যবস্থা করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে অফিসারদের, কিন্তু আইন না করলে হচ্ছে না, কাজেই শীঘ্রই আইন করছি।

শ্রীসনৎকুমার রাহাঃ আগে ছিল পাটের বেলায় ঢলতা, বর্তমানে আড়তদাররা গুড়ে ৪০ কে জি-তে মণ ধরে প্রত্যেক কুইন্টালে প্রায় ৪।৫ কে জি করে ঢলতা নিচ্ছে, এটা জানেন কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ গুড়ের কথা শুনিনি, পাট সম্বন্ধে আছে এবং ধানেও আজকাল নিচ্ছে এবং মাননীয় সদস্য যে সব কথা বললেন সেগুলি সরকার নিশ্চয়ই বিবেচনা করবেন।

শ্রীঅনাদি দাশঃ মার্কেটিং বিল যেটা করছেন সেটা বাজারের মধ্যে যেসব জিনিস আসে তাদের জন্য করতে পারেন কিন্তু বাজারের বাইরে যে সব জিনিস কেনাবেচা হয় চাষীর বাড়ীতে গিয়ে পাইকাররা যেসব কিনে নিয়ে আসে সেটা নিয়ন্ত্রণ করবেন কি করে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ বাজারে এবং গঞ্জ এলাকায় তা চালু হবে, তবে যখন বিল আসবে তখন মাননীয় সদস্য সংশোধনী দেবেন।

শ্রীনারায়ণ চৌবেঃ এ বিল কবে নাগাদ আসবে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আশা করছি পরের সেসনে আসবে।

শ্রীসনৎকুমার রাহাঃ এই যে চলতা কস্তুরির চালু আছে, আমরা যেটা বুঝেছি সেটা হচ্ছে দাদন আগে থেকে দেওয়া থাকলে চলতার খাড়ায় গিয়ে পড়ে, কাজে কাজেই চলতা কস্তুরির জন্য মার্কেটিং কন্ট্রোল আইন করতে হয়, এ সম্পর্কে যাতে করে দাদন প্রথা উঠে যায় এবং সরকার থেকে ক্রেডিট দিতে পারেন তার জন্য কোন চেষ্টা বা বিবেচনা আছে কিনা?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় সদস্য ভালই জানেন দাদন প্রথা উঠাতে গেলে সমবায় প্রথার মাধ্যমে চেষ্টা করতে হবে, তাছাড়া আমরা ওয়ারহাউসেস বিল পাশ করেছি, সেই ওয়ার-হাউসেতে চাষীরা তাদের পণ্য রেখে এবং রসিদ নিয়ে গিয়ে ব্যাঙ্ক থেকে যাতে টাকা পায় সেই ব্যবস্থা কার্যকরী করার জন্য আশা করি মাননীয় সদস্যরা সহযোগিতা করবেন।

Adjournment motion

Mr. Speaker: I have received notice of an adjournment motion from Shri Kashi Kanta Maitra on the subject of presence of Central Ministers in the Conference of the Business Community held in Calcutta on the 10th April 1965. I have withheld my consent to the same.

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আপনি এ্যাডজোর্নমেন্ট মোশন ডিসএলাউ করলেন কিন্তু আমি এ সম্বন্ধে দুটি কথা বলতে চাই। আপনার দৃষ্টি আকর্ষণ করছি রুল ৫৯ এবং ৬১-এর প্রতি, আপনি দেখবেন বিশেষ করে রুল ৬১-তে যে সমস্ত কন্ডিশন বা টেস্ট দেওয়া আছে, এর প্রত্যেকটি টেস্ট এ্যাপ্লাই করলে দেখবেন যে এই এ্যাডজোর্নমেন্ট মোশন ডিসএলাউ করা চলে না, কারণ এ বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা কাগজে দেখলাম এখানে তিনজন কেন্দ্রীয় মন্ত্রী এলেন এবং বিজিনেস কমিউনিটির যে সম্মেলন হল তাতে বিড়লা, ভারতবর্ষের মনোপলিস্ট ক্যাপিটালিস্ট প্রিসাইড করলেন এবং তাঁরা এসে তাতে বক্তৃতা করলেন এবং শুধু বক্তৃতা নয়, কাগজ আমার কাছে আছে, তাতে যেসব কথা বললেন তাতে কংগ্রেস সোসালিজমের বেলুন একেবারে চুপসে গেছে, শুধু তাই নয়, আরও নগ্ন ব্যাপার হল তাঁরা এই বিজিনেস কমিউনিটিকে সার্টিফিকেট দিয়েছেন এবং নন্দজী যিনি স্বরাষ্ট্র মন্ত্রী এবং পার্লামেন্টারী এফেয়ার্সের মিনিস্টার সত্যনারায়ণ সিনহা তাঁরা বলেছেন—বিজিনেস কমিউনিটিকে একথা মনে রাখতে হবে যে কংগ্রেস রাজত্ব যদি চলে যায় তাহলে বিজিনেস কমিউনিটিও ভারতবর্ষ থেকে চলে যাবে। এতো দেখছি ভারতবর্ষে ফ্যাসিজমের গোড়া পত্তন হচ্ছে, শুধু তাই নয়, আরও গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, আমরা এদের দেখলাম বেহালা, চব্বিশপরগনা জেলায় যে সম্মেলন হয়—সেখানে পার্লা-মেন্টের সদস্য অতুল্য ঘোষ তাতে বক্তৃতা করেছেন, তাঁর কথা না হয় ছেড়েই দিই, কিন্তু তাতে তরুণবাবু যে বক্তৃতা করেছেন সে সম্বন্ধে বলছি।

মিঃ স্পীকারঃ আপনি যে সব রুল দেখালেন আমি সে রুল দেখেছি, দেখেই আমি আমার কনসেন্ট উইথহোল্ড করেছি।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমাকে কিন্তু বলতে দিতে হবে। তরুণবাবু এই মাত্র চলে গেলেন তরুণবাবুর বক্তৃতা কাগজে যেটা বেরিয়েছে, তাতে তিনি বলেছেন যে বাংলাদেশের এই সমস্ত শিল্পপতিরা রাজ্যসরকারকে নানা হুমকী দিচ্ছেন যে তাদের ন্যারো সেলফিস য়েন্ডস যদি ফুললি প্রটেক্টেড না হয় তাহলে তারা এখানকার কাজ কারবার বন্ধ করে দেবে, কলকাতার

বাইরে নিয়ে চলে যাবে এবং আজকের কাগজে দেখেছি হাওড়ায় বোধ হয় ব্ল্যাকউড হজ, তারা সেখান থেকে হুমকী দিয়ে বলেছে তাদের কোম্পানী এখান থেকে মাদ্রাজে চলে যাবে, এটা আপনি হয়ত সিরিয়াসলী নিচ্ছেন না কিন্তু এটা কি আমরা বুঝতে পাচ্ছি না যে যদি বাংলাদেশের শিল্পপতিরা বাংলাদেশে শিল্প গুটিয়ে বাইরে নিয়ে চলে যায় তাহলে লক্ষ লক্ষ বাঙ্গালী যুবক বেকার হয়ে যাবে, শুধু তাই নয়, আমি আপনাকে বলছি, এখানে দেখছি ওয়ার টু বি ইনটেন্সি-ফায়েড এগেনস্ট ব্ল্যাকমারকেটিয়ারস, "স্টেটসম্যান" কাগজে বেরিয়েছে ১২ই এপ্রিল, তাতে বেরুচ্ছে মিলিয়ান পোস্টারস টু ডেপিক্ট আগলি ফেসেস তাঁরা এই সমস্ত করাপ্ট বিজিনেস কমিউনিটির আগলি ফেস ডেপিক্ট করবেন বলে "স্টেটসম্যান"এ গভর্নমেন্টের খবর বেরোচ্ছে ১২ই এপ্রিল অথচ ১০ই এপ্রিল তারিখে নন্দজী এখানে এসে এই সমস্ত করাপ্ট মনোপলিস্ট ক্যাপিটালিস্টদের কনফারেন্সএ এসে তাঁদের কজ এ্যাডভোকেট করছেন, তাদের সার্টিফিকেট দিচ্ছেন এবং তাদের পিঠ চাপড়ে যাচ্ছেন এবং শুধু তাই নয় আমি আপনাকে বলছি যে আপনি দেখুন, এটা আজকে আমার কথা নয়, আজকে কাগজে যে পারলিয়ামেন্টএর রিপোর্ট বেরিয়েছে তাতে কৃপালনীর মত সর্বজন শ্রদ্ধেয় নেতা পারলিয়ামেন্টএ নন্দজীকে বলছেন যে ক্লিয়ারিং হাউস অব করাপসন এ্যান্ড ব্রাইবারি এতে আপনি নিজেকে দাঁড় করিয়েছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে এই হাউসএ মন্ত্রিমহাশয়দের এক্সপ্লানেশন দিতে হবে যে এখানকার বিজিনেস কমিউনিটি কিভাবে তাঁরা এতখানি সাহস পান যে এখানে তাঁরা বলবেন যে আমরা এখান থেকে ব্যবসাকে গুটিয়ে নিয়ে চলে যাবো। বাংলাদেশে আজকে প্রমাণ হয়ে গেলো যে বাংলার ক্যাবিনেটকে বাংলার গভর্নমেন্টকে বাই-পাস করে এরা একটা আলাদা স্যাডো ক্যাবিনেট করেছেন, যে স্যাডো ক্যাবিনেট-এর মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন। এই হাউসে হাতী হিসাবে যতই হৈ চৈ করুন যত দম্ভই দেখান আর আমাদের ভয় দেখান তার এই হাউসের বাইরে তাঁর কোন ক্ষমতা নেই, তিনি একেবারে খড়ের কার্ত্তিক এবং তিনি..............

[1-50—2 p.m.]

Mr. Speaker: Mr. Maitra, you have said whatever you had to say. You have pointed out the urgency over and over again. I have considered the rules and I have given my decision. I cannot review my decision. I hope that now we can pass on to the next item of business.

Shri Kashi Kanta Maitra:
আমি আপনার ডিসিসন মেনে নিচ্ছি কিন্তু আমি বলছি জিনিসটা অত্যধিক গুরুত্বপূর্ণ।

Mr. Speaker: Am I to take it, Mr. Maitra, that unless. I allow your adjournment motion, you will go on holding the floor of the House?

Shri Kashi Kanta Maitra: I have never said that. I only appeal to you to consider what is the experience of the members of the House, what is the convention, what are the precedents. On numorous occasion, Sir, you have disallowed adjournment motions but you have nonethe-less allowed the members to speak.

Mr. Speaker: Mr. Maitra, you have made your appeal. Please take your seat.

Shri Kashi Kanta Maitra:
আমি আপনাকে দেখাতে চাই যে বিনয়বাবুর বিবেক বা মর্যাদা বলে কিছু নেই—তাকে গাড়ী থেকে তাড়িয়ে দিলেন।

Mr. Speaker: Please take your seat.

Shri Bijoy Singh Nahar: Mr. Maitra, Mr. Speaker is on his legs.

Shri Kashi Kanta Maitra:

আমি একটা প্রিভিলেজের প্রশ্ন তুলে দৃষ্টি আকর্ষণ করতে চাই।

মিঃ স্পীকারঃ

প্রিভিলেজের কোশ্চেন তুলতে হলে আগে থাকতে নোটিশ দিতে হয়।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ

আমি এই হাউসকে অনুরোধ জানাচ্ছি যে বিড়লা তার ভাষণে বলেন..........

Mr. Speaker: Please take your seat.

শ্রীকাশীকান্ত মৈত্রঃ

এটা একটা খুব উদ্বেগজনক ঘটনা তার জন্য এই সভার আমি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি আমার বক্তব্য শুনছেন না। আপনি দেখুন যে কি অবস্থা যে এ'দের বিড়লা তান ধরে বার করে দিয়েছেন।

Mr. Speaker: Mr. Maitra, I give you the last warning: if you do not hear me you will have to leave the House.

Shri Kashi Kanta Maitra: On a point of privilege.

Mr. Speaker: I appeal to you, Mr. Maitra, to take your seat.

Shri Kashi Kanta Maitra: I am on a point of privilege.

Mr. Speaker: If you want to raise a point of privilege, please write to me. I will look into the papers and give you my decision.

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি তাহলে কি আপনি রুল ডিবিয়েট করছেন। এই হাউসে আমি জানি প্রিভিলেজ মোশান তুলতে গেলে লিখিতভাবে দেওয়া উচিত কিন্তু অলিখিতভাবে তোলা হয় তখনও আপনি অনুমতি দেন।

Mr. Speaker:

না লিখে দেওয়া হয় তার কারণ হচ্ছে এটার অপব্যবহার কম হয় বলে।

Shri Kashi Kanta Maitra: You are casting an aspersion on the members.

Mr. Speaker: It is not an aspersion on any member. Mr. Maitra, please take your seat. You know whenever an honourable member stands up on a point of privilege, I do often allow him—practically every time—to speak on a point of privilege, but if any honourable member stands up on a point of privilege apparently, at first sight, without any ground whatsoever, then I think I am right in asking the honourable member to send me a notice in writing. I will, then, certainly consider the matter and I will give my decision on it.

Shri Kashi Kanta Maitra:

আপনার সামনে আমি যখন বলছি তখন আমি এটাই বলতে চাই যে, বিজয় সিং নাহার মহাশয়ের কোন আত্মমর্যাদা নেই তাঁকে বিড়লার গাড়ী থেকে বার করে দিয়েছিল।

Mr. Speaker: I am telling this without any aspersion on anybody. I have told you—you kindly give me your point of privilege in writing and I will consider and give my decision on it.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Honble Minister in charge of the Local Self-Government will please make a statement on the subject of fictitious persons in Fire Services Department, called attention by Shri Birendra Narayan Ray and seven others.

Shri S. M. Fazlur Rahman:

১৯৬৪ সালের ৪ঠা জুন তারিখে দমকল অধিকর্তা মহাশয়ের সন্দেহ হয় যে ঐ সময়ের ৫১০ টাকার একটি বিল নিয়ম বিরুদ্ধভাবে প্রস্তুত করা হইয়াছে। সঙ্গে সঙ্গে তিনি ঐ বিল সম্বন্ধে অনুসন্ধান করেন, এবং তাহার ফলে তাহার সন্দেহ সত্য বলিয়া প্রমাণিত হয়। এ অবস্থায় তিনি পূর্বের কয়েক মাসের ঐ প্রকারের বিলগুলির সম্বন্ধেও অনুসন্ধান করেন এবং ইহার ফলে আরও কতকগুলি নিয়মবিরুদ্ধ টাকা প্রদান তাঁহার নজরে আসে। অতঃপর তিনি এই বিষয়টি সরকারের এবং পশ্চিমবঙ্গের এ্যাকাউন্টস জেনারেল মহাশয়ের নজরে আনেন এবং পুলিশকেও এ সম্বন্ধে জানান হয়। একই সঙ্গে তিনি তাঁহার অফিসের আটজন কর্মীকে সাময়িকভাবে বরখাস্ত করেন। ইহাদের মধ্যে একজন গেজেটেড অফিসারও আছেন ইনি দমকল অধিকর্তা মহাশয়ের স্বকীয় সহায়ক। অপর ৭ জন কর্মীর মধ্যে একজন প্রধান সহায়ক তিন জন ফায়ারম্যান দুইজন অপর বর্গীয় করণিক ও একজন ধনাধ্যক্ষ (ক্যাশিয়ার)।

পশ্চিমবঙ্গের এ জি মহাশয় এই বিষয়ে তদন্ত করিবার জন্য একটি বিশেষ অডিট পার্টি পাঠান। ইঁহারা দমকল অফিসের ১লা এপ্রিল ১৯৬৩ হইতে ৩০এ জুন ১৯৬৪ এই সময়ের হিসাবপত্র পরীক্ষা করেন এবং সরকারকে একটি রিপোর্ট দাখিল করেন। ঐ রিপোর্ট হইতে জানা যায় উক্ত সময়ের মধ্যে টাকা ১২,৮২৬·৩০ পয়সা অন্যায়ভাবে আত্মসাৎ করা হইয়াছে। এ সম্বন্ধে পুলিশ হইতে তদন্ত আরম্ভ হইয়াছে। পুলিশ তদন্তের ফলাফল এখনও জানা যায় নাই।

পুলিশ রিপোর্ট পাওয়ার পর উক্ত রিপোর্ট অনুযায়ী দোষী ব্যক্তিদের বিরুদ্ধে যাহা করণীয় সরকার নিশ্চয়ই তাহা করিবেন।

এই ব্যাপারে অনেক প্রভাবশালী ব্যক্তি এমন কি বিধানসভার সর্বভারতীয় দলের সদস্যও ঐ অসৎ ব্যক্তিদের প্রশ্রয় দিতেছেন বলিয়া এই কলিং এটেনশন নোটিশ এ যে সন্দেহ প্রকাশ করা হইয়াছে তাহা ঠিক নহে। উপযুক্ত সময়ে প্রত্যেক দোষী ব্যক্তির বিরুদ্ধেই উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

[2—2-10 p.m.]

Mr. Speaker: Now, the Hon'ble Minister-in-charge of Education Department will please make a statement on the subject of unveiling of the National Theatre "Rabindra Smarani", called attention by Shri Jyoti Basu and Shri Monoranjan Roy on the 7th April, 1965.

Shri Rabindralal Sinha: Sir, in response to the Calling Attention Notice of my honourable friends Shri Jyoti Basu and Shri Monoranjan Roy, I beg to make the following statement:

In collaboration with the Government of India in the Ministry of Scientific Research and Cultural Affairs, the State Government approved in May, 1959, the idea of setting up of a National Theatre in the State, the Central Government making a contribution up to a maximum limit of 2.5 lakhs. In May, 1960, the State Government approved of the construction of the State Theatre at Calcutta under the name of "Rabindra Smrani" to commemorate the birth centenary of Rabindranath at an estimated cost of rupees fifteen lakhs. The Government of India paid their share of Rs. 2.5 laks only. The construction work was

entrusted to the Chief Engineer, Construction Board. As the construction work was being taken up, the Chief Minister asked for further expert advice, from local and foreign experts, with a view to making the Theatre mere comprehensive in its scope—capable of meeting the requirements of modern dramas, ballet, orchestra—Eastern and Western. On a close examination it was apparent that the cost of such a Theatre in a city like Calcutta would be much higher than the initial estimate.

The Prime Minister laid the Corner-Stone of Rabindra Smarani on the 8th May, 1961.

On consulting various experts in the field regarding stage, lighting, accoustics, auditorium, etc., and on the overall advice of Mr. Herbert Marshall, an authority on modern theatre construction in the United Kingdom, whose services were available through the auspices of the Government of India, it was decided that Rabindra Smarani should have the amenities of a modern National Theatre not available at present in any other Theatre in India. Accordinly, plans and designs of the Theatre were substantially revised. The stage and auditorium were made more spacious. Sitting capacity was raised from 900 to 1,100; the accoustics were improved.

Taking into consideration all the above features, the Chief Engineer, Construction Board, submitted a revised estimates for Rs. 43.22 lakhs for the construction of the Rabindra Smarani. The work, however, came almost to a stand-still for lack of fund and national emergency in 1962 and 1963.

In view of the fact that Rabindra Smarani would be unique memorial to our poet which would provide a forum for the development of the creative genius of our people in music, drama and allied fine art, and in view of its national importance, the State Government decided to resume the work in spite of financial stringency, and approved in October, 1963 the revised estimate of Rs 43.22 lakhs.

The work has since been going on in full swing both inside and outside the building. Structural works have had practically been completed. Other items are in progress.

The items of work now taken in hand are of a highly specialised and complicated character, needing co-ordination amongst different contractors—Civil, Mechanical and Electrical. It is not desirable to disturb the working contractors now and ask them to vacate after removing the scaffolding, other construction arrangements and removing their workmen. That would cause a set-back to the construction implying financial losses. The compound is also not free as working materials have been kept arranged all over the place.

As would be apparent from my statement, considerable amount of difficulties have had to be overcome since the inception of the scheme; Rabindra Smarani is now nearing its completion. The State Government is anxious to complete the monument without any further delay. It cannot be brought into use unless the entire project is complete in all respects. In the circumstances, it is not possible now to hold any function there.

Shri Jyoti Basu:

আমি একটা কথা জিজ্ঞাসা করছি ঐ যে সমস্ত শিল্পী, লেখক যারা মন্ত্রিমহাশয়কে জানিয়েছেন যে তারা যদি ভেতরে না করতে পারেন তাহলে বাইরে রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা দেখাবার জন্য তারা সেখানে কোন সাংস্কৃতিক অনুষ্ঠান করবেন—তাদের একটু ডেকে কি উনি এ সব বিষয়ে

আলোচনা করবেন? নাকি সেটাও একটু খারাপ লাগবে ওদের সঙ্গে ঐ সমস্ত শিল্পী সাহিত্যিক যারা আছেন মন্ত্রিমহাশয়কে চিঠি লিখেছিলেন—একতো শুনলাম ইমারজেন্সির জন্য টাকা ছিল না বলে কিছু করা যায় নি—তাদের ডেকেও কি একটা কথাবার্তা বলতে পারেন না?

শ্রী[illegible] সিংহ: কমপাউন্ডের মধ্যে কিছু করা সম্ভব নয় আমি বলে দিয়েছি তবে তাঁরা যদি দেখা করতে চান আসতে পারেন।

Mr. Speaker: I have received six notices of Calling Attention on the following subjects, namely:

(1) Alleged misuse of Government money in connection with the 24-Parganas District Congress Conference—by Shri Birendra Narayan Ray and four others;

(2) Payment of compensation for acquired land in connection with Farakka Project—by Shri Ananga Mohan Das;

(3) Discontent in Burdwan Municipal area for abnormal increase in municipal rate—by Shri Aswini Roy;

(4) Death of Suhasini Ganguly in Sukhlal Karnani Hospital due to negligence of treatment—by Shri Bhabani Mukhopadhyay;

(5) Parole of Shri Bampada Mukherjee, a detenue of Midnapur Central Jail—by Shri Bijoy Pal and three others; and

(6) New bridge on the Cossaye near Midnapore town—by Shri Narayan Choubey.

I have selected the notice of Shri Birendra Narayan Ray and four others on the subject of alleged misuse of Government money in connection with the 24-Parganas District Congress Conference. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় শ্রীঅনঙ্গ দাসের কলিং এ্যাটেনসনের নোটিশের উত্তরে আমি নিম্নলিখিত বিবরণ প্রদান করছি:

১৯৬৪-৬৫ সাল পর্যন্ত মোট ১৮,৬০০ লোককে জমির শ্রেণীভেদে একর প্রতি সর্বনিম্ন ২,৫০০ টাকা হারে এবং সর্বোচ্চ ৬,০০০ টাকা হারে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে। তদুপরি আইনানুসারে প্রাপ্য শতকরা ১৫ টাকা অতিরিক্ত ক্ষতিপূরণ এবং ৬ টাকা হারে দখলের দিন হইতে ক্ষতিপূরণ দেওয়ার দিন পর্যন্ত সুদ এবং বৃক্ষ ফসলের জন্য ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে।

কত লোক এখনও ক্ষতিপূরণ পায় নাই তাহার হিসাব দেওয়া সম্ভব নহে। কারণ এ্যাওয়ার্ড হওয়ার আগে কোনও হিসাব পাওয়া যাইবে না। এ পর্যন্ত ৮০০ পরিবার উৎখাত হইয়াছে। প্রত্যেককেই পুনর্বাসনের সুযোগ দেওয়া হয়েছে। ৩০০ পরিবার ইতিমধ্যে পুনর্বাসনের সুযোগ গ্রহণ করিয়াছে। প্রত্যেককে ৬ ডেসিম্যাল একর বা তদূর্ধ্ব পরিমাণ জমি দেওয়া হইয়াছে। আরও ২০০ পরিবারের জন্য পুনর্বাসন ব্যবস্থা করা হইতেছে। বাকী ৩০০ পরিবার নিজেদের ব্যবস্থা নিজেরাই করিয়াছে—পুনর্বাসন গ্রহণ করে নাই। ফরাক্কা ব্যারাজের চীফ ইঞ্জিনীয়ারকে অধিকৃত আবাসযোগ্য জমির আধুনিক প্রকারে উন্নতি বিধানের জন্য অনুরোধ করা হইয়াছে।

শ্রীকানাইলাল ভট্টাচার্য: লিচুগাছ, আমগাছের ব্যাপারে কত কমপেনসেসন দিয়েছেন। ও'দের একটা দাবী ছিল যে, গাছ সম্বন্ধে ২০।২৫ টাকার বেশী পায়নি। লিচুগাছ, আমগাছ থেকে বেশী ইনকাম হয়—সেখানে কত কমপেনসেসন দিয়েছেন সেটা বলেন নি।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এটা এ প্রশ্নের মধ্যে ছিল না। আমাদের ক্ষতিপূরণ দেবার নিয়ম হচ্ছে সেখানকার বাজারমূল্য যা সেটা হিসাব করে খোঁজখবর করবার পর এই ক্ষতিপূরণ দেওয়া হয়। যেখানে ক্ষতিপূরণ সম্পর্কে আপত্তি করেন সেখানে তারা এই ভাবেন—যখন দখল করা হতে থাকে এবং ক্ষতিপূরণ দেওয়া আরম্ভ হয় তখন আশেপাশের জায়গায় অনুরূপ জিনিসপত্রের দাম বেড়ে যেতে থাকে। তারা সেইজন্য যে হারে ক্ষতিপূরণ চান আমাদের আইনে সেই হারে ক্ষতিপূরণ দেবার কোন বিধান নেই।

শ্রীকানাইলাল ভট্টাচার্য: স্যার, কাশীবাবু যে প্রশ্নটা তুলেছিলেন সেটা আপনি রিজেক্ট করে দিয়েছেন, সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই না কিন্তু এটা একটা ইমপরটেন্ট ব্যাপার যে শিল্প-পতিরা যদি সত্য আমাদের সরকারের নীতিকে এইভাবে মোল্ড করবার চেষ্টা করেন তাহলে সে সম্বন্ধে আমাদের সরকারের মিনিস্টার যাঁরা আছেন তাঁদের কি কোন বক্তব্য নেই? এই ব্যাপার নিয়ে কাগজে এতো আলোড়ন হোল—জনসাধারণের মধ্যে একটা প্রতিক্রিয়া সৃষ্টি করেছে—সেটার একটা স্পষ্ট জবাব আমাদের মন্ত্রীদের কাছ থেকে পাইনি। কাশীবাবুর উদ্দেশ্য ছিল তাই-ই—হয়তো আপনি ডিসকাসন করতে দেবেন না এটা আমাদের জানা ছিল—কিন্তু আমরা আশা করেছিলাম যে মন্ত্রিমণ্ডলী একটা জবাব দেবেন।

মিঃ স্পীকার: এটা নিশ্চয়ই একটা ইমপরটেন্ট ম্যাটার, কিন্তু আমি বলেছি যে এটা এ্যাড-জোর্নমেন্ট মোশন হতে পারে না, আপনি এটা যে কোনভাবে নিয়ে আসতে পারেন—আই উইল কনসিডার ইফ ইট ইজ উইথইন মাই পাওয়ারস।

শ্রীকানাইলাল ভট্টাচার্য: কিন্তু এর তো একটা জবাব ও'রা দিতে পারেন।

[2-10—2-20 p.m.]

Shri Kashi Kanta Maitra: Under the Rules of Procedure and Business of this House a Member has fundamental right guaranteed by such Rules to raise a question of privilege by way of giving notice to the Speaker through the Secretary. That is admitted. Apart from that, I hope my friends on this side or that side would not contradict me, refute me, if I say that a convention has developed in this House that apart from this procedure a Member has a right to raise a question of privilege on the floor of the House with your permission and it is up to you to allow him to raise the question of privilege; and normally it has been your wont and the practice of this House that you have not normally disallowed a member to raise question of privilege on the floor of the House without giving you intimation in writing that the member concerned wanted to raise the question before him. This is the practice, and I am sure nobody in this House dare refute me on this point. Now, when I wanted to raise a point of privilege before you a moment before, you said, you cannot allow unless I give you notice in writing to that effect. My question of privilege which I want to raise arises in this way.

মিঃ স্পীকার: মিঃ মৈত্র একটা কথা আপনাকে বলে দিই। এইমাত্র আপনি বললেন যে আপনাকে আমি পয়েন্ট অফ প্রিভিলেজ তুলতে দিই নি; যদিও আমি অনেককে পারমিসান দিয়ে থাকি। কিন্তু আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে কয়েকদিন ধরে আপনি যখন এই হাউসের যে ফ্লোরে ইন্টারাপ্ট করবার চেষ্টা করেন আর আমি থামাতে পারি না, তখনই আপনি বলেন আমি এবারে একটা পয়েন্ট অফ প্রিভিলেজে বলব।

Shri Kashi Kanta Maitra: I take strong exception. You are not doing justice to the office you are occupying.

মিঃ স্পীকার: আমি কেন আপনাকে ওটা বলছিলাম, আমি রোজই বলি আপনার কি প্রিভিলেজ আছে বলুন আমার ডিসিসান দেবো। এর আগে কয়েকদিন ঠিক এরকম জায়গায়

আমি যখন আপনাকে থামতে বলি আর আপনি বসতে নিয়েও যখন ফ্লোর নেবার চেষ্টা করেন শুধু সেইটুকু স্টপ করবার জন্য আজকে যখন আপনি বললেন যে পয়েন্ট অফ প্রিভিলেজ তুলব তখন আমি আপনাকে করতে দিইনি। এবারে আপনি যে পয়েন্ট অফ প্রিভিলেজ বলছিলেন সেটা বলুন। আই উইল গিভ মাই ডিসিসান।

Shri Kashi Kanta Maitra:

সেটা বলব, তবে আমারও একটা দুঃখজনক এক্সপেরিয়েন্স যে,

A member, when he is allowed to make a point, he is interrupted by the Speaker. I am interrupted by you.

তার আগে আমাকে

you wanted to humiliate me. Of course, hard words would not break my bone nor would sweet words butter parsnips. If this is the practice that a Member has right to raise a point of privilege without giving prior notice in writing to that effect to the Speaker or the Secretary, I want to know how Mr. Speaker could anticipate what a member was going to say by way of raising the question of privilege, and how you could disallow making the point. After all, I had not made my point. My point is, the Hon'ble Minister in charge of Commerce and Industries......

Mr. Speaker.

মিঃ মৈত্র, আপনি আপনার পয়েন্ট অব প্রিভিলেজের উপরে বলুন।

Please come to the point of privilege......

Shri Kashi Kanta Maitra: I know when some of the members raised points of privilege and they made long arguments, you never disalloewd or interrupted, but it is my misfortune that whenever I rise on a point of privilege......

Mr. Speaker: It is not a question of fortune or misfortune. You finish your point.

Shri Kashi Kanta Maitra: I will not sit down until I have finished my point. I was saying that the Hon'ble Minister in charge of Commerce and Industries, Shri Tarun Kanti Ghosh......

Mr. Speaker: Mr. Maitra, when you had orally asked my permission to raise a point of privilege, I did not allow that. Now, on that issue you wanted to raise a point of privilege just now. You have said something about it. Just place the point of privilege, without speaking about some fundamental rights and so on. You should place your point of privilege only, before the House.

Shri Kashi Kanta Maitra: I have not known if anybody in this world has ever heard of or learnt of preparing an omelete without first breaking the egg. Therefore, if I want to make my point, I must first place my arguments before the House.

Mr. Speaker: It is only for that purpose that I told you that you please first send your motion in writing to me. I will look into it and I will give my decision after due consideration.

Shri Kashi Kanta Maitra: That is the very thing I am doing. I am placing my point of privilege.

Mr. Speaker: Yes, you please place your point of privilege.

Shri Kashi Kanta Maitra: I am on a point of privilege. You cannot shut me out. There is no power conferred on the Speaker to debar a member from raising a point of privilege which concerns the dignity and prestige of the members of this House.

Mr. Speaker: I have already warned you. Please take your seat.

Shri Kashi Kanta Maitra: Let it be recorded that a member of the House is being warned for the only offence or crime of raising a question of privilege. Let this be recorded.

Mr. Speaker: That has already been recorded. Please take your seat. Please do not interrupt any more.

Shri Kashi Kanta Maitra: Therefore, I cannot raise a point of privilege.

Mr. Speaker: I am giving you the last warning that if you again try to take the floor of the House, certainly I will have to take the nxet step. With regard to the question of placing the point of privilege before the House, I give you full liberty to first submit the same to me in writing in my chamber.

Scarcity of food, coal and cement in Jalpaiguri

Shri A. H. Besterwitch: Sir, the condition in Jalpaiguri is very serious regarding food. Rice is selling in the open market at Re. 1.25 p. per kilo and in the ration shop adults are getting only one kilo of rice and 50 per cent. of atta and 50 per cent. of sugar. On the 8th and 9th, wagons of rice were booked from Siliguri, but even today those wagons have not arrived Birpara or Madarihat. Similarly, according to the programme, rice is to be supplied to Jalpaiguri from Raiganj and Kaliaganj, but I learn that there is no supply of wagons. Twenty-five wagons of rice were to have come from Orissa, but up till now there is no sign of their arrival. So, the conditions in Jalpaiguri are very serious, particularly in my constituency. The position of rice, sugar and atta is very serious. Rice is not available in the open market and, if it is available, it is sold at exorbitant prices which the people cannot pay.

Regarding coal, there is no coal available there.

Regarding cement, G. C. sheets, people have been applying for the last four or five years, but there is no supply of cement and G.C. sheets there. Although the stockists have deposited the price for cement they are not getting any cement. To crown everything, ration cards are not available because the Government has not sent blank ration cards to the area. I hope the Minister will take note of all these things, and action taken immediately.
[2-20—2-30 p.m.]

Burdwan Municipality

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা জরুরী সমস্যার প্রতি লোক্যাল সেল্‌ফ গভর্নমেন্টের স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে এই যে, বর্ধমান মিউনিসিপ্যালিটি বর্তমানে সুপারসিড হয়ে আছে এবং ১৯৬২ সাল থেকে সেটা সুপারসিড হয়ে আছে, এখনও তার নির্বাচন হয় নি। বর্তমানে যিনি অ্যাডমিনিস্ট্রেটর আছেন তিনি অ্যাসেসর অ্যাপয়েন্ট করে

যে ধরনের ট্যাক্স বাড়িয়েছেন তাতে কোন কোন জায়গায় ৯ গুণ পর্যন্ত ট্যাক্স বৃদ্ধি হয়েছে এব কমপক্ষে তিন-চার গুণ ট্যাক্স বেড়েছে। একটা মন্দিরের ট্যাক্স হয়ত ৫ টাকা ছিল, সেটা ৯৫ টাক হয়ে গেছে। এর ফলে ব্যাপক অসন্তোষ রেটপেয়ারদের মধ্যে দেখা গেছে। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ বর্তমানে সে অ্যাসেসমেন্ট হয়েছে এটাকে বন্ধ রেখে অবিলম্বে বর্ধমানে মিউনিসিপ্যাল ইলেকসন করা হোক এবং মিউনিসিপ্যাল ইলেকসন হবার পর যে নতুন বোর্ড গঠিত হবে তাঁরা ঐ অ্যাসেসমেন্টের পুনর্বিচার করে অ্যাসেস্‌ড রেট বা মিউনিসিপ্যাল রেট ঠিক করবেন। এটা আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি।

Test Relief

Shri Deb Saran Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি উপস্থিত নেই, তবুও আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি একটি বিশেষ ঘটনার প্রতি আকর্ষণ করছি। গত ৭ই এপ্রিল ১৯৬৫ তারিখে মুর্শিদাবাদ জেলার নওদা থানার সর্বাঙ্গপুর গ্রামের ষড়ানন দাসের অনাহারে মৃত্যু হয়েছে। আমি নিজে সরেজমিনে দেখে এসেছি। এই পরিবারের লোকসংখ্যা প্রায় ৬-৭ জন। তারা ক্ষেতমজুর। সেই অঞ্চলে এখন কোন কাজের ব্যবস্থা নেই এবং বহুদিন থেকে সেখানে জি আর টেস্ট রিলিফের কোন ব্যবস্থা নেই। এই লোকটিকে তো আর ফিরে পাওয়া যাবে না ঠিকই, কিন্তু এই পরিবারের ৬-৭ জন লোক অর্ধাশনে অনশনে দিন কাটাচ্ছে, এদের জন্য এবং যারা ক্ষেতমজুর আছে তাদের জন্য যদি অবিলম্বে জি আর টেস্ট রিলিফের ব্যবস্থা না করা হয় তাহলে অনেক প্রাণ নষ্ট হয়ে যাবার সম্ভাবনা আছে। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Rise in price of rice in Cooch Behar

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের খাদ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী চলে গেলেন, আমার বক্তব্য ছিল এই যে, উত্তরবঙ্গে চালের দাম হু হু করে বেড়ে যাচ্ছে, বিশেষত কোচবিহার জেলার শিলিগুড়ি থানায় আমরা কাগজে পড়লাম যে, এক টাকা ষাট পয়সায় এক কিলো চাল বিক্রি হয়েছে। এই হচ্ছে সেখানকার অবস্থা। মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমরা জানতে চাইছিলাম যে, গভর্নমেন্টের তরফ থেকে কিছু ব্যবস্থা করা হচ্ছে কি না? তিনি তো নেই দেখছি। যাই হোক, আমি এ বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

The Howrah Municipal Bill, 1964

Shri S. M. Fazlur Rahman: I beg to introduce the Howrah Municipal Bill, 1964.

(Secretary then read the title of the Bill).

Shri S. M. Fazlur Rahman: I beg to move that the Howrah Municipal Bill, 1964, be taken into consideration.

মাননীয় সভাপাল মহাশয়, এই বিলটা উত্থাপন করবার পূর্বে আমার প্রারম্ভিক ভাষণে গুটিকয়েক কথা আলোচনা করতে চাই যাতে আমি বিশ্বাস করি যে, মাননীয় সদস্যগণ এই বিষয়ে একটা সম্পূর্ণ ছবি পাবেন তাঁদের আলোচনা করবার দিকে এবং এই বিলের পক্ষে একটা মতামত দেওয়ার দিকে। হাওড়া মিউনিসিপ্যালিটি জন্মগ্রহণ করেছে ১৮৬২ সালে, আর বালী মিউনিসিপ্যালিটি ১৮৮৩ সালে। হাওড়া মিউনিসিপ্যালিটি যখন প্রথমে হয়, তখন লোকসংখ্যা ছিল ২ লক্ষ ২৪ হাজার ৮৭৩, আর বালী মিউনিসিপ্যালিটির লোকসংখ্যা ছিল ৩০ হাজার ৩৪৭। দেশবিভাগের পর ১৯৫১ সালে এই লোকসংখ্যা লোকগণনার ফলাফলে দেখা যায় ২ লক্ষ ২৪ হাজার ৮৭৩ থেকে ৪ লক্ষ ৩৩ হাজার ৬৩০তে দাঁড়িয়েছে। আর বালী মিউনিসিপ্যালিটির ৩০ হাজার ৩৪৭ থেকে দাঁড়ায় ৬৩ হাজার ১০৮তে। এর পরে ১৯৬১ সালে আদমসুমারীতে এই লোকসংখ্যা ১০ বছরে বেড়ে ৪ লক্ষ ৩৩ হাজার ৬৩০ থেকে ৫ লক্ষ ১৪ হাজার ৯০ জনে দাঁড়িয়েছে আর

বালী মিউনিসিপ্যালিটির লোকসংখ্যা ৬৩ হাজার ১৩৮ থেকে ১ লক্ষ ২ হাজার ২৮৫তে দাঁড়িয়েছে। সর্বসাকুল্যে ১৯৬১ সাল পর্যন্ত এই দুই মিউনিসিপ্যালিটির লোকসংখ্যা দাঁড়ায় ৬ লক্ষ ১৬ হাজার ৩৭৫ জন।

এখন ১৯৬১ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত কত বেড়েছে, একটু অনুমান করে যে হারে বাড়ছে তা আপনারা বুঝতে পারছেন। এই মিউনিসিপ্যালিটির যে লোকসংখ্যা ৫ লক্ষ ১৪ হাজার ৯০ জন ও হাওড়া মিউনিসিপ্যালিটির এরিয়া হচ্ছে ১১·৫৫ স্কোয়ার মাইলস। আর বালী মিউনিসিপ্যালিটির লোকসংখ্যা হচ্ছে ১ লক্ষ ২ হাজার ২৮৫ জন। এর আয়তন হচ্ছে ৪·৫৬ স্কোয়ার মাইলস। তাহলে এখন এই দুটো মিউনিসিপ্যালিটির মোট লোকসংখ্যা দাঁড়াচ্ছে ৬ লক্ষ ১৬ হাজার ৩৭৫ জন এবং মোট আয়তন দাঁড়াচ্ছে ১৬·১১ বর্গমাইল। এর জন্মের তারিখ ১৮৬২ সাল থেকে বর্তমান পর্যন্ত এই দাঁড়িয়েছে। এই লোকসংখ্যা বৃদ্ধি হবার পর দেখা যাচ্ছে যেভাবে ১৯৫১ সালে লোকসংখ্যা বেড়ে গেছে, তারপর ১৯৫১ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত যেভাবে এই লোকসংখ্যা বেড়েছে, এতে করে সরকারপক্ষের একটা জিনিস বিবেচনা করবার কারণ হল এই যে, হাওড়ার মত অঞ্চলে যেখানে এত ব্যবসা-বাণিজ্য, এত শিল্প, এত দোকানপসার, এত লোকের আসা-যাওয়া তার আয়তন যা তাই আছে, অথচ তার লোকসংখ্যা ক্রমাগত বেড়েই চলেছে। আর বালী তার পার্শ্ববর্তী সংলগ্ন এরিয়া, তারও লোকসংখ্যা বাড়ছে, কারখানা বাড়ছে, শিল্প বাড়ছে, ব্যবসা-বাণিজ্য বাড়ছে, লোকও বাড়ছে, এই অবস্থায় জনসাধারণের সুখ-সুবিধার জন্য ১৯৫৬ সালে হাওড়া ইম্প্রুভমেন্ট করা হল। হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট এই উদ্দেশ্যে করা হল যে লোকের বসবাস, তার যাতায়াত, লোকের স্বাস্থ্য, লোকের পানীয় জল সর্বদিকে দৃষ্টি রেখে ভালভাবে শৃঙ্খলার সাথে যদি শহরের উন্নতি করতে পারা যায়, তাহলে যে হারে লোকসংখ্যা বাড়ছে, যে অচলায়তন এরিয়া রয়েছে তার কিছু সুখ-সুবিধার বিধান করা যেতে পারে। এই হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টএর কাজ করতে গিয়ে দেখা যায় যে, এটা এত ঘনবসতিপূর্ণ, ঘিঞ্জি জায়গা, পথঘাট এত সঙ্কীর্ণ যে, সেখানকার মানুষের সুখ-স্বাচ্ছন্দ্যের বিধান করতে গেলে যে পরিমাণ লোকের স্বার্থে আঘাত লাগে, তার পরিমাণও কম নয়। মনে করুন একটা রাস্তা তাকে ভাল করে নিয়ে যাওয়া দরকার, প্রশস্ত করে তার কিছু জায়গায় স্লাম এরিয়া আছে ; সেখানে মধ্যবিত্ত লোকের বাড়িঘর আছে, তারা বসবাস করছে, সেখানে যদি পরিকল্পনা করা যায় তাহলে সেখানকার মধ্যবিত্ত হোক, নিম্ন মধ্যবিত্ত হোক, বা তার চেয়ে কম বিত্তের মানুষ হোক বা বিত্তবান মানুষ হোক—তাদের স্বার্থ আঘাতপ্রাপ্ত হচ্ছে। অর্থাৎ একটা পরিকল্পনার কাজ চালু করতে গিয়ে ঘনবসতি অঞ্চলে একশ্রেণীর মানুষ আছে তাদের স্বার্থে আঘাত লাগে। তাদের সংখ্যাও কম নয়। যারা ডিসপ্লেসড হয়ে যাচ্ছে, উৎখাত হয়ে যাচ্ছে, তাদের পুনর্বসতির একটা প্রবলেম রয়েছে। তাতে দেখা যাচ্ছে হাওড়ার যে আয়তন, তার কলেবর বৃদ্ধির প্রয়োজন আছে। এজন্য দেখা গেল তার কলেবর বৃদ্ধি করতে হলে আরও একটা অঞ্চল—যে অঞ্চল তার সংলগ্ন, যেটা আরবান এরিয়া, নাগরিকদের সুখ-সুবিধা আছে, সেখানে যে লোকসংখ্যা এবং যে আয়তন সেটা যদি ধরা যায়, তার সাথে আর একটা কিছু এলাকা এর মধ্যে জুড়ে দেওয়া যায়, তাহলে যে পরিমাণ স্থান পাওয়া যাবে সেই পরিমাণ স্থান নিয়ে একটা বৃহত্তর মিউনিসিপ্যাল এরিয়া, যাকে আমরা কর্পোরেশন বলি, তাই গঠন করা যাবে। আমাদের পশ্চিমবঙ্গে অলরেডি তিনটা কর্পোরেশন আছে। এর মধ্যে সর্বপ্রথম ও সর্ববৃহৎ হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন এবং সর্ব-কনিষ্ঠ ভ্রাতা কর্পোরেশন হল চন্দননগর কর্পোরেশন।

[2-30—2-40 p.m.]

এই দুটি কর্পোরেশন আছে। লোকসংখ্যার তুলনায়, ব্যবসা-বাণিজ্যের তুলনায়, শিল্পের তুলনায় হাওড়া এমন একটি শিল্পাঞ্চল, হাওড়া এমন একটি কর্মব্যস্ত অঞ্চল, হাওড়া এমন একটি ব্যবসা-বাণিজ্যের অঞ্চল যেখানে জীবিকার্জনের জন্য বহু লোক আসা-যাওয়া করে। অর্থাৎ কলকাতার পরেই হাওড়ার স্থান। হাওড়া-বালী এবং আরও কিছু অঞ্চল নিয়ে যে এরিয়া হয়েছে তার লোকসংখ্যা প্রায় ৭ লক্ষ। কোন ডেভেলপমেন্টএর কাজ করতে গিয়ে, হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের কাজ করতে গিয়ে এই লোকগুলোকে যথাযথভাবে শৃঙ্খলার সঙ্গে ছড়িয়ে দিতে গেলে

এবং যে কোন প্ল্যান কার্যকরী করতে গেলে যাতে অল্প বাধায় হতে পারে সেইজন্য হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্ট আনবার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে আমি আপনাদের কাছে হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্টএর প্রশাসনিক ইতিহাস সম্বন্ধে কিছু বলব। বর্তমান বিল যেটা আপনারা নিশ্চয়ই দেখেছেন তাতে নূতন কথা বিশেষ কিছু নেই, যে কথাগুলি আছে সেগুলি পুরানো কথা। বিধিবদ্ধভাবে, সুসংবদ্ধভাবে একত্রিত করে, সংগঠিত করে, একটা মিউনিসিপ্যালিটিকে আর একটা মিউনিসিপ্যালিটির সঙ্গে সংযুক্ত করে কিছু এরিয়া নিয়ে একটা যে বড় এরিয়া তৈরি করা হয় তাকেই আমরা কর্পোরেশন বলি এবং সেই নামকরণই করা হয়েছে। হাওড়া মিউনিসিপ্যালিটি বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুসারে নিয়ন্ত্রিত হবে। কিন্তু আশ্চর্যের কথা হচ্ছে হাওড়া এবং কলকাতা পাশাপাশি থাকার ফলে ছোঁয়াচের সংস্পর্শেই হোক বা অন্য কোন কারণেই হোক, তাদের জীবনযাত্রার প্রণালী এমনভাবে হয়েছে, ব্যবসা-বাণিজ্য এমনভাবে গড়ে উঠেছে যে, একটা অপরটাকে অনুকরণ না করে পারে না। সেইজন্য ১৯২৩ সালের বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট এবং ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট যাকে আমরা ক্যালকাটা কর্পোরেশন অ্যাক্ট বলি তার বিশেষ বিশেষ ধারা বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টের অনুশাসনে থেকেও ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের বহু ধারা হাওড়ার বেলায় প্রযুক্ত হত। তারপর ১৯২৩ সালের আইন ১৯৫১ সালে অ্যামেন্ড করে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট যখন সংশোধিত আকারে এল তাতে আপনারা যদি বিলটি দেখেন তাহলে দেখবেন হাওড়া মিউনিসি-প্যালিটি যদিও বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টএর নিয়ন্ত্রণে ছিল কিন্তু বিশেষ বিশেষ ধারা, অসংখ্য ধারা সেখানে প্রযুক্ত হত। কাজেই আজকে মিউনিসিপ্যাল অ্যাক্ট যেটা আনছি কার্যত ১৯২৩ সাল থেকে এটা অলক্ষে গ্রহণ করা হয়েছে এবং সমালোচনার মধ্যে না এসে ১৯২৩ সাল থেকে এটা চলছে। লিপিবদ্ধ নেই, বিধিবদ্ধ নেই, সুসংবদ্ধভাবে করা নেই, কিন্তু চলছে। এই যে বিল আমরা আনছি, সেটা যদি আপনারা দেখেন তাহলে দেখবেন এর বিশেষ বিশেষ ধারার ক্ষেত্রে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টএর হুবহু অনুকরণ করা হয়েছে। যেমন, চন্দননগর কর্পোরেশন অ্যাক্ট। সেখানে আমরা কি করলাম, না বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট নেওয়া হয়েছে এবং কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টএর অল্ডারম্যান ইলেকশনের ধারাটা জুড়ে দিয়ে আলাদা একটা কর্পোরেশন করা হয়েছে এবং বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট সংশোধিত, সংযোজিত হয়ে চন্দননগরে চলছে। ঠিক তেমনি হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্টএর বিশেষ বিশেষ ধারা লোকের সুবিধার জন্য গৃহীত হয়েছে, বৃহত্তর পরিকল্পনার ধারাগুলি গৃহীত হয়েছে। ক্যালকাটায় যেমন ইম্প্রুভমেন্ট ট্রাস্ট আছে, হাওড়ায়ও তেমনি ইম্প্রভমেন্ট ট্রাস্ট আছে। ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টএর বিশেষ বিশেষ ধারা, লোকের সুখ-সুবিধার ধারা এর মধ্যে আছে, কনসোলিডেটেড রেট আছে। এগুলি অন্যান্য মিউনিসিপ্যালিটিতে নেই, কনজারভেন্সি নেই। অর্থাৎ কার্যত আমরা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুধাবন করে চলেছি, সবরকম সুখ-স্বাচ্ছন্দ্য আছে—শুধু নামকরণ করা হয় নি।

এতে কয়েকটি বিশেষ বিশেষ ধারা দেখবেন, বর্তমানে যে এরিয়া করতে যাচ্ছি তাতে আয়তনে সেটা বেড়ে যাচ্ছে। বর্তমানে আছে ১৬·১১ স্কোয়ার মাইল, এই এক্‌জিস্টিং এরিয়াতে লোকসংখ্যা হচ্ছে ৬ লক্ষ। দুটো মিউনিসিপ্যালিটি এলাকা, একটা হচ্ছে ১৬,৩৭৫ বর্গমাইল আর আর একটা হচ্ছে ৮·৩৯ স্কোয়ার মাইল। এটাকে বাড়িয়ে এখানে তিনটি থানা, ১৪টি মৌজা নিয়ে করা হচ্ছে একটা হল শিবপুর থানা আর একটা সাঁকরাইল আর একটা হল জগাছা থানার ১৪টি মৌজা নিয়ে নন-মিউনিসিপ্যালিটি এরিয়া নিয়ে যে এলাকা সেই এলাকা ঠিক রুরাল এরিয়া নয় কিন্তু কলকাতার পারে যেমন হাওড়া তেমনি এই এলাকাও ঠিক হাওড়ার পাশে তেমনি। এই অঞ্চলের লোক পল্লীগ্রামে বাস করলেও তাদের আচরণ এমন এবং তাদের ব্যবসাবাণিজ্যের দিক থেকেও বটে, তারা ছোটখাট ইন্ডাস্ট্রি গড়ে ফেলেছে। আপনি জানেন যে, যে কোন আর্বান এরিয়াকে আনতে গেলে আইনের কতকগুলি বিধান আছে। সেভেন্টি ফাইভ পারসেন্ট অফ দি পিপল আমরা চাই। কাজে কাজেই এই এরিয়ার ৩টি থানার ১৪টি মৌজাকে নন-মিউনিসিপ্যালিটি এরিয়া বলছি, রুরাল এরিয়া বলছি না এজন্য যে ইন এ প্রসেস অফ ডিআর্বানাইজেশন বেড়ে চলেছে, নগর ছেড়ে গ্রামে, সীমা অতিক্রম করে শহরে আপনা আপনি বেড়ে চলেছে। কাজেই এগুলি দেখে সকলের বৃহত্তর ক্ষেত্রে কনভেনিয়েন্স যাতে হয়, মানুষের মন সহজে যাতে এটাকে

গ্রহণ করতে পারে, সেদিকে লক্ষ্য রেখে এই তিনটি থানার ১৪টি মৌজা নেওয়া হয়েছে। আর তাদের লোকসংখ্যা দাঁড়াচ্ছে ৬২,৫৮৩ আর এরিয়া হচ্ছে—৮·৩৯ স্কোয়ার মাইল, আর কর্পোরেশন এরিয়া যেটা হচ্ছে সেটা হচ্ছে ২৪৫০, যেটা এই সিডিউলে যথাযথভাবে দেওয়া আছে। ফলে দাঁড়াচ্ছে কি? বর্তমানে এক্সিজিস্টিং লিমিটএ হাওড়ায় লোকের ঘনবসতি এমন আছে যে, পার একরে ১০০ লোক বাস করে। এই দুটি মিউনিসিপ্যালিটিকে যদি হাওড়ার সঙ্গে আনা যায়, তাহলে পার একরে ১০০ থেকে কমিয়ে আনা যাবে। আপনি দেখবেন এই নন মিউনিসিপ্যাল এরিয়া যদি যোগ হয়, বালির যে পরিমাণ লোকসংখ্যা, হাওড়ার যে পরিমাণ লোকসংখ্যা এবং ইম্প্রুভ করতে গিয়ে লোকের যে চাপ তাতে লোক যদি ধাক্কা খেয়ে অন্য জায়গায় ডাইভার্ট না হয়, রি-হ্যাবিলিটেশন যদি না হয়, তাহলে লোকগুলি স্প্রেড হয়ে যাচ্ছে, জোর করে নয়, ফর দি পারপাস অফ ডেভেলপমেন্ট তাহলে দেখতে পাচ্ছি হিসাব করে পার একর ৭০ জন দাঁড়াচ্ছে। যদি ১০০ জনের ঘনবসতি অঞ্চলকে আরও পাতলা করে ছড়িয়ে দেওয়া যায়, এরিয়া বড় করা যায় তাহলে ৭০ জন দাঁড়াচ্ছে পার একর। কিন্তু বিশেষজ্ঞ যাঁরা তাঁদের অভিমত কি? তাঁরা বলছেন পার একর ৫০ জন লোক বাস করা উচিত। এই এরিয়া যদি নেওয়া যায়, তাহলে ১০০ লোকের বসতিকে ছড়িয়ে যদি পার একর ৭০ জনও হয় এবং তাতে যদি ডেভেলপমেন্টের কাজগুলি হয়ে যায় তাহলে এই এই কর্পোরেশনের জন্মলাভ, এই অঞ্চলের অধিবাসীর পক্ষে আশীর্বাদস্বরূপ হবে। এই বিশ্বাসেই এই কর্পোরেশন বিল আনা হচ্ছে। এই কর্পোরেশন বিল যেখানে দেখানো হয়েছে, দুটি অংশ আছে, এক অংশে দেখবেন ১৯২৩ সালের কলকাতা কর্পোরেশন বিলে যা আছে এখানেও তাই আছে, এবং এটা হাওড়ার পক্ষে নূতন কিছু নয়, বালি মিউনিসিপ্যালিটির পক্ষে নূতন হতে পারে কিন্তু তাদের সংস্পর্শে এসে বিশেষ কোন অসুবিধা হবে না, বেশির ভাগ বিলেই তা নেওয়া হচ্ছে, আর কতকগুলি ধারা যেগুলি সিডিউল বি-তে বর্ণনা করা হয়েছে, সেই ধারাগুলি বিশেষ বিশেষ ক্ষেত্রে হুবহু কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টের ধারাগুলি প্রযোজ্য হতে পারে না, এখানকার ক্ষেত্রের সাথে খাপ খাইয়ে করার জন্য কিছু কিছু রদবদল করে মডিফাই করে বাড়িয়ে করা হয়েছে, এইগুলো সিডিউল বি-তে দেখবেন, মোটামুটিভাবে নেওয়া হয়েছে।

[2-40—2-50 p.m.]

এই যতগুলি সিডিউল বি ডিস্ট্রিবিউশন দেওয়া হয়েছে সে সিডিউল বি মোর অর লেস নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে হাওড়া কর্পোরেশন হয়েছে তার কনসিকোয়েন্সিয়াল কয়েকটা ধারা যে হাওড়া মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বলতে পারেন এগুলিও এ বিলের আওতায় আনা হয়েছে। এটা হল নির্বাচনের ব্যাপার, নির্বাচনের ক্ষেত্রে কতকগুলি কাউন্সিলর কর্পোরেশনও হবেন কতজন অল্ডারম্যান হবেন কমিশনারের পাওয়ার কি হবে, কটা স্ট্যান্ডিং কমিটি হবে, কটা কমিটিতে কজন থাকবেন ফাইন্যান্সিয়াল জুরিসডিকশন কি হবে, কমিশনারএর ফাইন্যান্সিয়াল জুরিস-ডিকশন কি হবে ইত্যাদি কথাগুলো ক্যালকাটার সঙ্গে হাওড়ার একটু পার্থক্য হবে। কলকাতায় যদি ১০০ জন হল তাহলে হাওড়া-বালি একসঙ্গে মিলিয়ে সেটা হতে পারে না। সেদিক থেকে একটু পার্থক্য হবে। সেজন্য বি সিডিউলের কয়েকটা ধারা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট কয়েকটা ধারাগুলিতে যেখানে ইলেকশন-এর ব্যাপার আছে সেখানে ধারাগুলিতে একটু তফাৎ আছে সেজন্য ৬,৯,১৯,২৩ যেটা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের ধারা সেগুলি বিশেষভাবে নিশ্চয়ই দৃষ্টি আকর্ষণ করেছে তার মধ্যে কটা স্ট্যান্ডিং কমিটি হবে এবং কতগুলি মিউনিসিপ্যাল কমিশনার হবেন বা তাদের কি ক্ষমতা থাকবে এগুলি ১০ ধারা, ১০০ ধারা, ১০১ ধারা ও ১০৯ এগুলিতে পাওয়ার এস্টিমেট কমিটির আছে এ বিলের মধ্যে বি সিডিউলে দেওয়া হয়েছে। এখন সর্বদিক থেকে লক্ষ্য করে দেখা যাচ্ছে নগর পরিকল্পনা যেভাবে রূপায়িত হতে চলেছে, যে দৃষ্টি-ভঙ্গি নিয়ে শহর গড়তে যাচ্ছি এবং যেসব আন্তর্জাতিক সংস্থার সাহায্য আমরা নিতে চাই যার জন্য সি এম পি ও করতে চাই যার জন্য অন্যান্য অথরিটিজ ক্রিয়েট করা হয়েছে, সে সবই জন-সাধারণের সুখ-স্বাচ্ছন্দ্য বিধানের জন্য। কিন্তু সব ক্ষেত্রে নগর পরিকল্পনাকে সুষ্ঠুভাবে রূপায়িত করতে হলে জনসাধারণের বৃহত্তর চাপ থাকা সত্ত্বেও অল্প সময় থাকা সত্ত্বেও খানিকটা পরিবর্তন করে যেটুকুন সুযোগ-সুবিধা দেওয়া যায় সেদিকে লক্ষ্য রেখে হাওড়া মিউনিসিপ্যাল

অ্যাক্ট আনা হয়েছে এবং ক্যালকাটার পর দ্বিতীয় বৃহত্তর কর্পোরেশন হতে চলেছে। আশা করি মাননীয় সদস্য যাঁরা আছেন তাঁরা ধীর স্থিরভাবে আলোচনা করে এ বিলে যেসব উদ্দেশ্য সাধারণ মানুষের কল্যাণের জন্য নিয়োজিত হবে তাতে সকলেই সমবেতভাবে বিলটা গ্রহণ করবেন। প্রাথমিকভাবে একটা কথা বলে আমি শেষ করলাম।

Mr. Speaker: There is a motion from Shri Bhakti Bhusan Mandal for referring the Bill to a Select Committee, which is out of order. All other circulation motions, except motion No. 7 from Shri Anadi Das, which is out of order, are taken as moved.

Shri Balai Lal Das Mahapatra: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by 31st July, 1965.

Shri Gopal Banerjee: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

Shri Dulal Chandra Mondal: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1965.

Dr. Kanai Lal Bhattacharya: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1965.

Shri Sailendra Nath Adhikary: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় হাওড়া মিউনিসিপ্যাল বিল আমাদের সামনে রেখেছেন। তিনি তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন যে, হাওড়া এবং বালী শহর এবং তার আশপাশের গ্রাম্য এলাকা নিয়ে হাওড়া কর্পোরেশন গঠিত হতে চলেছে এবং এর মুখ্যতঃ উদ্দেশ্য হল এই অঞ্চলে পৌর জীবনের উন্নতিবিধান করা। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের যথেষ্ট সন্দেহ আছে যে, এরূপ ধরনের একটি বিল পাস করে দিলে হাওড়া-বালি এবং আশপাশের গ্রাম্য এলাকার উন্নতিবিধান করা সম্ভব হবে বলে আমরা মনে করি না। কোন স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের উন্নতিবিধান করতে গেলে যে দৃষ্টিভঙ্গির প্রয়োজন আমরা মনে করি সরকারের সে দৃষ্টিভঙ্গির অভাব আছে এবং সরকার সেদিক থেকে চিন্তা করছেন না। তার প্রধান কারণ সমস্ত পশ্চিম বাংলায় স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের উন্নতিবিধান করা সম্ভব বলে আমরা মনে করি সরকার সেভাবে তা চিন্তা করেন না এবং তাদের উন্নতিবিধানের ব্যবস্থা অবলম্বন করছেন না, এইসমস্ত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানকে আরও বেশি ক্ষমতা দিয়ে সত্যকারের স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানে পরিণত না করে ক্রমশ আমরা দেখছি যে সরকারের পক্ষ থেকে সমস্ত ক্ষমতা অপহরণ করবার প্রচেষ্টা চলেছে। বিগত কয়েক বৎসর ধরে বঙ্গীয় মিউনিসিপ্যাল আইন সংশোধন করা হয়েছে। আমরা দেখেছি জনসাধারণের দ্বারা নির্বাচিত যে কমিশনার তাদের হাত থেকে কিছু কিছু করে ক্ষমতা সরকার নিজের হাতে নিয়ে নিচ্ছেন এবং বিভিন্ন জায়গায় এক্সিকিউটিভ অফিসার বসাচ্ছেন এবং কিভাবে মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করে তার ক্ষমতা সরকার নিজের হাতে নিচ্ছেন তা বিভিন্ন জায়গায় আমরা দেখেছি, আমরা দেখেছি যে, ১৯৫১ সালে কলকাতা মিউনিসিপ্যাল আইনের মাধ্যমে মিউনিসিপ্যালিটির নির্বাচিত সদস্যদের হাত থেকে সরকারী কর্তৃপক্ষ কমিশনারএর হাতে ক্ষমতা দিলেন এবং আমাদের বিগত পনের বৎসরের অভিজ্ঞতায় যে সাধারণ মানুষ তারা জানে যে, এসব করার পক্ষেও কলকাতার সত্যকারের কিছু উন্নতি হয় নি কাজেই আজকে হাওড়া কর্পোরেশন গঠিত হচ্ছে তাহলেও সেখানকার যে উন্নতি হবে সেখানে যে ভালভাবে চলবে এটা আমরা মনে করি না। কারণ আমরা দেখেছি যে, সরকারের অ্যাডমিনিস্ট্রেশনএর ফলে এসব জায়গার কোন উন্নতি হয় নি। আমরা স্যার হাওড়ার মিউনিসিপ্যালিটিতে নির্বাচন হত তা বঙ্গীয় মিউনিসিপ্যাল আইন, ১৯৩২ সালের সেই আইন অনুসারেই পরিচালিত

হত এবং ১৯২৩ সালের ক্যালকাটা মিউনিসিপ্যাল আইনে যেসমস্ত ধারা ছিল সেসব কিছু কিছু ধারা ১৯৫১ সালের আইনের দ্বারা সংশোধিত হয়েছিল এবং সেই ১৯৫১ সালের আইনের দ্বারাই হাওড়া মিউনিসিপ্যালিটি পরিচালিত হয়েছে. এই আইনে আমরা দেখেছি যে করদাতাদের নির্বাচিত যেসমস্ত কমিশনার মিউনিসিপ্যালিটিতে ছিলেন তাঁদের হাতেই সে ক্ষমতা সেই ক্ষমতার দ্বারা মিউনিসিপ্যালিটি পরিচালনা করতেন কিন্তু এই বিল-এ সেই ক্ষমতার বিলোপসাধন করা হয়েছে। এর কোন উন্নতি হবে বলে আমি মনে করি না। স্যার, আমরা মনে করি যে সরকারের আন্তরিক ইচ্ছা যদি থাকত তাহলে সরকার এই সমস্ত ক্ষমতা অপহরণ না করে বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনে যে আইন আছে তার দ্বারাই এর উন্নতিবিধান করতে পারেন। আমার বক্তব্য হচ্ছে এই যে, হাওড়া মিউনিসিপ্যালিটি যখন ১৯৫১ সালে বামপন্থী অর্থাৎ ইউ পি পি বোর্ড দখল করে তখন সরকার বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনের ক্ষমতা দেখিয়ে ঐ ইউ পি পি বোর্ডকে সুপারসিড করেন কেননা ইউ পি পি বোর্ডএর যে প্রেজেন্ট কলেকশন অর্থাৎ এরিয়া ট্যাক্স সেই কালেকশন শতকরা ৭৫ ভাগের কম হয়েছিল বলে সেই অজুহাত দেখিয়ে সরকার এই বোর্ডকে সুপারসিড করেন। তাতে বলা হয়েছিল যে, ৭৫ পারসেন্টের কম কালেকশন হয়েছে বলে সরকার এই ইউ পি পি বোর্ডকে অপসরণ করে সরকার সেখানে নিজের হাতে ক্ষমতা নিয়েছিলেন এবং সেখানে একজন অ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দিয়েছিলেন।

[2-30—3 p.m.]

তখন কারণ দেখানো হয়েছিল যে, ইউ পি বি বোর্ড ঠিকমত কালেকসন করতে পারছে না। আমি প্রথমেই আমার বক্তৃতায় বলেছি যে, সরকারের যদি আন্তরিক ইচ্ছা থাকত এবং সরকার যদি রাজনৈতিক এবং দলীয় মনোভাবের দ্বারা প্রভাবিত না হয়ে আজকে তাঁদের এই স্বায়ত্ত-শাসনমূলক প্রতিষ্ঠান সম্বন্ধে নীতি নির্ধারণ করতেন তাহলে এই ধরনের বিল আনার কোন প্রয়োজন ছিল না। বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনে সে ক্ষমতা প্রচুর ছিল কিন্তু তাঁদের সেই দৃষ্টিভঙ্গি নেই। আজকে হাওড়ার কি অবস্থা হয়েছে মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, হাওড়ায় আজকে কালেকশন ১৯৬৩-৬৪ কারেন্ট ট্যাক্স শতকরা ৬৩ ভাগের কম অর্থাৎ শতকরা ৭৫ ভাগের কম কারেন্ট কালেকশন করা হয়েছিল বলে ইউ-পি-বি বোর্ডকে সুপারসিড করে দিয়েছিলেন। আমি বলতে চাই যে, এইভাবে তাঁদের কেন সুপারসিড করা হচ্ছে না—অথবা বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনে একজিকিউটিভ অফিসার নিয়োগ করার যে ক্ষমতা আপনাদের আছে সেটা কেন করেন না। কেন তাঁরা কালেকশন এবং অ্যাসেসমেন্টের কাজ হাওড়া মিউনিসিপ্যালিটির হাতে দেন নি। আজ আপনারা অ্যাক্ট করে কর্পোরেশন করছেন কেন না আজকে কংগ্রেস দল সেখানে ক্ষমতায় অধিষ্ঠিত সেইজন্য তাদের আজকে যদিও শতকরা ৬৩ ভাগের কম ১৯৬৩-৬৪ সালে কারেন্ট ট্যাক্স আদায় হয়েছে অথচ তাদের গায়ে হাত পড়ে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলছি এবারকার খবর ১৯৬৪-৬৫ সালে ৩১এ মার্চ যে বছর শেষ হয়েছে তাতে কারেন্ট কালেকশন শতকরা ৬৩ ভাগেরও কম তা সত্ত্বেও মন্ত্রিমহাশয় সেই কংগ্রেস বোর্ডের গায়ে হাত দেবেন না আমরা জানি। সেইজন্য আমি বলতে চাই দলীয় মনোভাব ছেড়ে দিয়ে যদি সৎ মনোভাব থাকত তাহলে কর্পোরেশন করে ভাল করা যাবে আর বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনে ভাল হবে না এটা আমরা বিশ্বাস করি না। আমরা মনে করি যে, এটা অল্ডারম্যান থাকলেও হবে, না থাকলেও হবে। হাওড়ার অবস্থাটা আজ মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরি, আপনারা যদি সমস্ত কিছু ধামাচাপা দিয়ে কর্পোরেশন করে আপনারা একটা অদ্ভূত কাজ করতে চলেছেন তাহলে আপনারা ভুল করছেন। হাওড়ার যে সমস্ত গলদ আছে সেগুলির ভিতর প্রবেশ করবার চেষ্টা করুন এবং তারপর আইন সংশোধনের কথা চিন্তা করুন। যে আইন আছে তাকে সুষ্ঠুভাবে প্রয়োগ করার পর হবে সুপারস্টিশন। স্যার, হাওড়ার একটা বদনাম আছে—নাকি কুলি টাউন। এই হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট সম্বন্ধে মন্ত্রিমহাশয় বলেছিলেন যে, এটা ১৯৫৬ সালে এটা গঠিত হয়েছে কিন্তু মন্ত্রিমহাশয় এটা ভুলে গেলেন বলতে যে, বিগত আট বৎসরের মধ্যে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট হাওড়া মিউনিসিপ্যাল এলাকা এবং বালি এলাকার জন্য কোন কাজ করে নি। আপনার কাছে একটা তথ্য বলি—শ্রীঅবনী বোস মহাশয় যে *২৪৭নং যে প্রশ্ন করেছিলেন সেই প্রশ্নের উত্তরে মন্ত্রিমহাশয়

বলেছেন যে, বিগত সাত বৎসরের মধ্যে অর্থাৎ ১৯৫৭ সাল থেকে ১৯৬৪ সালের মধ্যে এই হাওড়া অ্যাডমিনিস্ট্রেশনের জন্য খরচ হয়েছে প্রায় ১৪ লক্ষ টাকা। আর টোট্যাল এক্সপেন্ডিচার হয়েছে ২১ লক্ষ টাকা। অর্থাৎ যাঁরা মাইনে নিয়েছেন ইঞ্জিনীয়ার ক্লাব ইত্যাদি, তা হচ্ছে ১৪ লক্ষ টাকা আর কাজ করেছেন ৭ লক্ষ টাকার ৭ বছরের মধ্যে। এর দ্বারা একটা আইডিয়া হয় যে, হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট বিগত সাত বছরের মধ্যে। এর দ্বারা একটা আইডিয়া হয় যে, হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট বিগত সাত বছরের মধ্যে হাওড়ার ইম্প্রুভমেন্টের জন্য কি কাজ করেছে। তারা ২১ লক্ষ টাকা টোট্যাল এক্সপেন্ডিচার করেপ্রছে ৭ বছরে এবং তার জন্য অ্যাডমিনিস্ট্রেশনের জন্য খরচ করেছেন ১৪ লক্ষ টাকা। অর্থাৎ বছরে তিন লক্ষ টাকার মধ্যে ২ লক্ষ টাকা অ্যাডমিনিস্ট্রেশনের খরচে চলে গেছে এবং হাওড়াবাসীকে সেটা জোগাতে হয়েছে। এটা হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ব্যাপার—এ ছাড়া আমরা বলেছিলাম ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে মাস্টার প্ল্যান পাবলিশ করবার জন্য—কিন্তু রহমন সাহেব বলেছিলেন যে মাস্টার প্ল্যান পাবলিশ করলে ল্যান্ড স্পেকুলেশন হবে। আমরা তো বিভিন্ন জায়গায় দেখেছি নাগপুরে বেনারনস, এলাহাবাদে গিয়েছিলাম সব জায়গাতে ইম্প্রুভমেন্ট ট্রাস্ট আগে থেকে প্ল্যান পাবলিশ করে দিয়েছে—সেখানে তো স্পেকুলেশন হচ্ছে না। আমার মনে হয় সেই মাস্টার প্ল্যান পাবলিশ না করার জন্য আরও বেশি স্পেকুলেশন হচ্ছে এবং হাওড়ার যেসব বড় বড় ধনী লোক তাঁরা এর সুযোগ নিচ্ছেন। স্যার, আমি আপনার কাছে একটা তথ্য তুলে ধরতে চাই, যেটা মন্ত্রিমহাশয়ও জানেন না কিন্তু আমি ভেতর থেকে খবর পেয়েছি, মন্ত্রিমহাশয় খবর নিয়ে দেখবেন যে একটা বড় রাস্তা যেটা আন্দুল রোড থেকে আরম্ভ করে পঞ্চাননতলা পর্যন্ত যাবে ১০০ ফুটের চওড়া রাস্তা প্ল্যান এখনও পর্যন্ত বেরোয় নি কিন্তু তথাকথিত বড় বড় ল্যান্ড স্পেকুলেটর তারা এটা জানে বলে এখন থেকে তারা সুপারিশ করতে শুরু করেছে যে, রাস্তাটা কিভাবে যাওয়া উচিত। তাদের যে জমি কেনা আছে সেই জমিটা টাচ করে কিনা—কিংবা এই-সব জায়গায় তাদের যে বড় বড় বাড়িগুলি পড়েছে সেই বাড়িগুলিকে বাঁচানো যায় কিনা। এটা আমরা জানি না, মন্ত্রিমহাশয়ের দপ্তর এখনও জানে কিনা, কিন্তু হাওড়ার বড় বড় যারা স্পেকুলেটর তারা কোথায় কি রাস্তা বেরুবে সেটা এখন থেকেই জানে। অথচ মাস্টার প্ল্যানকে সিক্রেট করে রেখে দেওয়া হয়েছে—কেন না ল্যান্ড স্পেকুলেশন যাতে না হয় ল্যান্ডের ভ্যালু যাতে না বাড়ে। এই হচ্ছে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট। আমি উদাহরণ দিয়ে বলতে পারি, আপনি নিশ্চয়ই জানেন কংগ্রেসের বিষ্ণু ধাড়া বলে একজন লোক তিনি বিশিষ্ট কংগ্রেসসেবী —ইনফ্লুয়েন্সিয়াল লোক, পয়সা-কড়ি আছে তাঁর বিরাট সম্পত্তি, তিনি এখন থেকে তদ্বির করে চেষ্টা করছেন তাঁর বাড়ি সেই প্রস্তাবিত রাস্তায় পড়েছে বলে—আপনিও জানেন না আমিও জানি না। এইভাবে ভেতরে ভেতরে কাজ চলেছে এখন থেকেই। এইভাবে যদি মাষ্টার প্ল্যানকে চেপে রেখে দিয়ে আসলে যারা স্পেকুলেটর যাদের পয়সা আছে তাদের যদি সুবিধা করে দেন তাহলে আমি জিজ্ঞাসা করছি যে হাওড়ার কি সেখানে সুবিধা হবে—না হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট তার দ্বারা কাজ করতে পারবে? এছাড়া মন্ত্রিমহাশয়কে আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে মাননীয় মন্ত্রী বললেন যে হাওড়া অত্যন্ত ঘনবসতিপূর্ণ অঞ্চল তার জন্য বলেছেন হাওড়ার আশেপাশে যেসমস্ত অঞ্চলে লোকজনের বসতি কম সেই সমস্ত এলাকাকে হাওড়া কর্পোরেশন এরিয়ার মধ্যে নিলে ইম্প্রুভমেন্ট ট্রাস্টের কাজ করার সুবিধা হবে এবং এইসমস্ত অঞ্চল থেকে যারা উদ্বাস্তু হবে তাদের এই সমস্ত জায়গায় পুনর্বাসন করা যাবে—একথা মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছিলেন। এটাই কি একমাত্র কারণ যে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে হাওড়ার জনসাধারণ সমস্ত দিক দিয়ে বাধা দিচ্ছে—তাদের কাজে তাদের সঙ্গে কোনরকম সহযোগিতা তারা করছে না—তার কারণটা জানা দরকার—তা হচ্ছে আপনি দেখবেন ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট যেভাবে লিব্যার‍্যালি ভ্যালুয়েশন করে টাকা দিয়েছে কম্পেনসেশন দিয়েছে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট তার ধারেকাছে যায় নি। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন আমার বাড়ির পাশে কয়েক ফার্লং দূরে বড় রাস্তার উপর জমির দাম দিয়েছে বড় রাস্তার উপর—১২ শত টাকা কাঠা এখন ঐ সমস্ত অঞ্চলে আড়াই-তিন হাজার টাকার কমে জায়গা দেখতে পাওয়া যায় না হাওড়া মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে কোথায়ও নেই। সেখানে একজনকে উচ্ছেদ করছেন তার নয় কাঠার উপর বাড়ি, চার-পাঁচ খানা ঘর, মাত্র ১৭ হাজার টাকা কম্পেনসেশন তাকে দিয়েছেন। এর জন্য তারা বাধা দেবে না? লোককে টাকা

[3—3-10 p.m.]

দেওয়ার ব্যাপারে এত কার্পণ্য কেন করা হচ্ছে? কম্পেনসেশন তাদের দিন নিশ্চয়ই তারা অন্য জায়গায় উঠে যাবে তারা বাধা সৃষ্টি করবে না। কিন্তু হাওড়ায় ইম্প্রুভমেন্ট ট্রাস্ট করা হচ্ছে না। ক্যালকাটা কর্পোরেশন ইম্প্রুভমেন্ট ট্রাস্টএ এত বাধা ঐ এলাকার লোকেরা পায় না। তার কারণ হচ্ছে কতকগুলো কম্পেনসেশন ভ্যালুয়েশন দিয়েছিল যার সঙ্গে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের কোন তুলনাই হয় না। কাজেই মন্ত্রিমহাশয়কে আমি এদিকে দৃষ্টি দিতে বলব। এদিকে দৃষ্টি যদি না দেন তাহলে সাধারণ মানুষের কো-অপারেশন আপনারা পাবেন না এবং কো-অপারেশন যদি হাওড়ার সাধারণ মানুষেরা না করে তাহলে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের কাজে আপনারা সফলতা লাভ করতে পারবেন না এই কথা আমি জোর গলায় বলতে পারি। এই কথা বললেই তো আর হবে না। আইনের দোহাই দিয়ে আজকে যদি এই সমস্ত কথা বলে যান তাহলে সমস্যার সমাধান হবে না। মন্ত্রিমহাশয় বলে দিলেন যে কেন কম্পেনসেশনের পর আপনার অ্যাসেসর রয়েছে ট্রাইব্যুনাল রয়েছে হাইকোর্টে যান সেখান থেকে কম্পেনসেশন পেতে পারেন এই সব কথা বলে সত্যিকার কোন কাজ হবে না। যদি সাধারণ মানুষের সহযোগিতা চান তাহলে তাদের দিকটা চাইতে হবে যে একজন লোককে আমি উচ্ছেদ করে তাকে এমন কিছু পয়সা দিতে হবে যাতে তার দুখানা ঘর হতে পারে অন্তত একখানা ঘর করবার মত পয়সা তাকে দিতে হবে। উচ্ছেদ করে যদি তাকে দু কাঠা জমি কেনবার মত পয়সা না দিই এবং পাছে সে উচ্ছেদ হয়ে যায় এই ভয়ে সেখানে নিশ্চয়ই সর্বশক্তি দিয়ে বাধা দেবে যতক্ষণ সে পারবে। কাজেই সেদিক দিয়ে সহযোগিতা পাবার কোন আশা নেই, ঐ আইনের দোহাই দিয়েও পাবেন না একথা বেশ জোরগলায় বলে দিতে পারি। স্যার, এছাড়া আমি হাওড়া শহর এলাকার আরও গুটিকতক প্রবলেম তুলে ধরব। হাওড়ায় ওপেন ড্রেন একথা সকলেই জানেন। ইম্প্রভমেন্ট ট্রাস্ট আন্ডারগ্রাউন্ড ড্রেনেজ কবে করবে সেকথা ছেড়েই দিন, যা তাঁদের কাজের নমুনা দেখছি তাতে তাঁদের উপর আস্থা এখন খুব বেশি নেই। আমাদের শৈলবাবু যখন লোকাল সেল্ফ গভর্নমেন্ট হয়েছিলেন তখন তিনি একটি আশার বাণী শুনিয়েছিলেন। শুনে অত্যন্ত আনন্দ হয়েছিল যে, হাওড়ায় আর পাঁচ বছরের মধ্যে অর্থাৎ থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে কাঁচা ড্রেন থাকবে না। হাওড়ার কাঁচা ড্রেন একটা প্রবলেম—যার জন্য মশা ওপেন ড্রেনের সুযোগ নেয় এবং পাকা না হওয়ার জন্য ময়লা ভট ভট করে। এটা হাওড়া টাউনের একটা মস্ত বড় প্রবলেম। শৈলবাবু বলেছিলেন যে, পাঁচ বছরের মধ্যে অর্থাৎ থার্ড ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে হাওড়ার সমস্ত ড্রেন পাকা করে দেব মন্ত্রী হবার পরে। স্যার, আমি আপনার সামনে তাঁরই একটা রিপোর্ট তুলে ধরছি। হাওড়ায় ২৩০ মাইল ড্রেন আছে এবং এখন ১৫০ মাইল ড্রেন পাকা মাত্র। আর বাদবাকি ৮০ মাইল ড্রেন এখনও কাঁচা রয়েছে। আজকে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বর্ষ চলেছে এবং এ বিষয়ে নিশ্চিন্ত যে, এই এক বছরের মধ্যে ৮০ মাইল ড্রেন মিউনিসিপ্যালিটি পাকা করতে পারবেন না এবং সরকার থেকে তার কোন আর্থিক সাহায্য করা হবে না। অবশ্য এ ছাড়া আর একটা সমস্যা রয়েছে আউটফল ড্রেন যেটা হচ্ছে হাওড়া শহরের আশেপশে যে ড্রেনগুলি আছে সেখান দিয়ে সমস্ত সুয়ারেজ যায়। সেগুলিকে বলা হয় আউটফল ড্রেন এবং সেগুলি গঙ্গায় গিয়ে পড়ে কিংবা কোন জলাশয়ে গিয়ে পড়ে। এই টাউনের আউটস্কার্টস সেই সমস্ত ওয়ার্ডের ভিতর দিয়ে গিয়েছে। স্পীকার মহাশয়, আপনি যদি কোনদিন নিজ চোখে না দেখেন তাহলে বিশ্বাস করতে পারবেন না যে, এইরকমভাবে ফিলদি হতে পারে নোংরা কোন টাউন। সেই আউটফল ড্রেনএর পাশে যাদের বাড়ি তারা জানে এবং সেই আউটফল ড্রেনের দৈর্ঘ্য হচ্ছে ১৬ মাইল এবং শৈলবাবু জানেন, হাওড়ার সকলেই জানে যে সেই ১৬ মাইলের মধ্যে বোধহয় ১ মাইল পাকা নেই। ফজলুল রহমান সাহেব, আপনি কর্পোরেশন করে হাওড়ার অ্যাডমিনিস্ট্রেশনের উন্নতি করতে চাইছেন। কিন্তু ভিতরকার সমস্যার দিকে আপনি চেয়ে দেখছেন না। আজকে তার যা চেহারা তাকে যতই ফুলের গয়না পরান আর যাই পরান, তার আসল রূপ খুলবে না যতক্ষণ পর্যন্ত এই সমসস্যার সমাধান করার জন্য ভিতরে প্রবেশ না করেন ততক্ষণ এই সমস্যার সমাধান হবে না। স্যার, এর পরে আমি হাওড়ার জল সরবরাহের ব্যবস্থার কথা বলতে চাই। ১৮৬২ সালে কর্পোরেশন হয়েছে এবং ১৮৮১-৮২ সালে তখনকার ২ লক্ষ ৩০ হাজার লোককে জলসরবরাহ করার জন্য দৈনিক ৪০ লক্ষ গ্যালন

জল সরবরাহ করতে পারে এরকম একটা পাম্পিং স্টেশন হয়েছিল শ্রীরামপুরে। তারপর থেকে বিগত ৭০-৮০ বছরের মধ্যে আর কোন পাম্পিং স্টেশন করা হয় নি। কি করা হয়েছে? গুটিকয়েক ডিপ সিঙ্কিং টিউবওয়েল, যার জন্য পাইপের ভিতর দিয়ে গেলে পাইপগুলোর উপর ডিপোজিটেড হয় এবং আসতে আসতে পাইপগুলো চোকিং আপ হয়ে যায়। এই ৮০ বছরের মধ্যে জল সরবরাহের বন্দোবস্ত হয়েছে কত? না, ৪০ লক্ষ গ্যালন এবং আমি সমস্ত ধরছি ৮০ লক্ষ গ্যালন জল এখন ৫ লক্ষ লোককে সরবরাহ করা হয়। অর্থাৎ ১৫ থেকে ১৬ গ্যালন পার ডে একজন লোকে পায়। কিন্তু ৩০ গ্যালন থেকে ৫০ গ্যালন জল বিভিন্ন দেশে দেয়। আমরা দেখছি যে ২০ থেকে ৩০ গ্যালন জল আজকে হাওড়ার লোককে সরবরাহ করা যায় না। অথচ হাওড়া কর্পোরেশন করতে চলেছেন। ফজলুর রহমান সাহেব, কর্পো-রেশন করলে কি হবে, না পপুলেশন বাড়ানো হবে। অর্থাৎ এই যে আমাদের দারিদ্র্য আছে, সেটাকে আবার আমরা নিজেদের মধ্যে ভাগ বাটোয়ারা করে দেব। দারিদ্র আরো বাড়বে এক্সপ্যান্ড করবে। কর্পোরেশনের মধ্যে গ্রামের লোক আনছেন প্রায় ৭০।৭৫ হাজার, জগাছা থানার ১৩।১৪ হাজার, বালি মিউনিসিপ্যালিটি থেকে ১ লক্ষ ৭০ হাজার লোক আসছে। অর্থাৎ ৫ লক্ষের উপর আরো প্রায় আড়াই লক্ষ লোক আপনি যোগ দিচ্ছেন। এছাড়া জল সরবরাহের নূতন কোন বন্দোবস্ত নেই। বালিতে জল সরবরাহের যে ব্যবস্থা আছে সেও অত্যন্ত অপ্রচুর এবং জগাছা এলাকায় হ্যান্ড টিউবওয়েল ছাড়া আর কোন বন্দোবস্ত নেই। অর্থাৎ এই যে সীমিত জলের উপর আবার ভাগ বসাবার জন্য আরও পপুলেশন টেনে কর্পোরেশন নাম দিয়ে মেয়র তৈরি করে অল্ডারম্যান ইলেকশন করে আপনি একটা অদ্ভুত কিছু করবার চেষ্টা করতে যাচ্ছেন এই কথা অন্তত বলবেন না তাহলে অত্যন্ত ভাঁওতা দেওয়া হবে। স্যার, রাস্তাঘাটের অবস্থা যে কি তা বলে আমি আমার বক্তব্য বাড়াতে চাই না। আমি শুধু ফজলুর রহমান সাহেবের কনজারভেন্সির কথা বলব যে, আপনি জানেন কনজার-ভেন্সি, ম্যানুয়াল সার্ভিস, আন্ডরগ্রাউন্ড সুয়ারেজ ওখানে নেই এবং হতে অনেক দেরী।
ভেন্সি, ম্যানুয়াল সার্ভিস, আন্ডারগ্রাউন্ড সুয়ারেজ ওখানে নেই এবং হতে অনেক দেরী।
আজকে যে কটি কনজারভেন্সি লরী আছে তার দ্বারা সমস্ত হাওড়ার ময়লা ওঠে না এটা শৈলবাবু জানেন এবং আমি একটা উদাহরণ দিই। আমার বাড়ির সামনে একটা তেল ডিপো আছে এবং সেখানে সকালবেলায় ঐ সমস্ত ময়লা টবে করে নিয়ে আসে এবং সেই টব থেকে গাড়িতে ঢালা হয়। সেই ডিপোগুলিতে বিগত ৫-৭ দিন ধরে দুবার লরী আসার কথা ছিল, একবার মাত্র লরী আসছে। তার ফলে কি হচ্ছে, না, আমাদের ওখানকার ড্রেনে ঐ সমস্ত ময়লা ফেলে দিচ্ছে। আপনি কল্পনা করতে পারেন? আমরা ইনিসিয়েটিভ নিয়ে ওভারসিয়ার মেথরদের কাছে সাধারণ মানুষকে নিয়ে মিউনিসিপ্যালিটির কাছে যাব না? তোমরা যদি এই কর তাহলে মারধোর লাগাব এই কথা বলতে বাধ্য হতে হয়েছে, আমাদের হাতে আইন নিতে হয়েছে তবে সেটা বন্ধ হয়েছে। কাজেই আজকে আরও ৭০ হাজার লোককে বালি মিউনিসপ্যালিটি এবং এইরকম কনজারভেন্সি সার্ভিসএর মধ্যে জগাছা অঞ্চলের ৭০ হাজার লোককে আপনারা আনছেন।

[3-10—3-20 p.m.]

কিন্তু এই আইনের মধ্যে এমন কিছু দেখলাম না যাতে নাকি এই ৭০ হাজার লোককে কনজারভেন্সি সার্ভিসের মধ্যে আনলে আজকে যে ওভারট্যাক্সড কনজারভেন্সি সার্ভিস হাওড়া মিউনিসিপ্যালিটির সেটা ক্রাম্বল ডাউন করবে না, ব্রেক ডাউন করবে না। সে প্রমাণ কোথায়? হয়ত বলবেন যা আছে তা রইল, শুধু অ্যাডেড এরিয়া হবে। কিন্তু লোকেরা ট্যাক্স দেবে কেন? আপনি জানেন ১৯১৬ সালে হাওড়া মিউনিসিপ্যালিটিতে যে এরিয়া অ্যাড করা হয় সেই অ্যাডেড এরিয়ায় ১৯৫৫-৫৬ সালের আগে কোন অ্যামেনিটিজ দেওয়া যায় নি, দেওয়া সম্ভব হয় নি ৪০ বছর ধরে। আজকে যে এরিয়া অ্যাড করছেন তাদের কাছ থেকে ট্যাক্স নেবেন, অ্যামেনিটিজ না দিলে সেখান থেকে যাঁরা কাউন্সিলর ইলেক্টেড হবেন তাঁদের অবস্থার কথা একটু বিবেচনা করে দেখুন, সেদিকে চিন্তা করে দেখুন। কিন্তু আইনের ভেতর সেই সমস্যার কোন সমাধান নেই। সেই সমস্যা সমাধানের কোন ইঙ্গিত আমি খুঁজে পেলাম না। আমি

এই বিলের আর একটা ধারা সম্বন্ধে আলোচনা করে আমার বক্তব্য শেষ করব। প্রথমে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটা ধারার প্রতি সেই ধারাটা হচ্ছে আপনারা যে ডিলিমিটেশন করবেন সেই ডিলিমিটেশনটা ২৫ নম্বর ধারা অনুযায়ী করবেন। ডিলিমিটেশন করবেন কি করে, না অফিসিয়াল গেজেটে নোটিফিকেশন দিয়ে আপনারা ডিলিমিটেশন করে দেবেন। এখন প্রথম কথা হচ্ছে দুদিক থেকে এটা অত্যন্ত অগণতান্ত্রিক। সরকার ডিলিমিটেশন করলেন যা ইচ্ছা করলেন করে দিয়ে বললেন সাধারণ মানুষ তোমরা মেনে নাও। কিন্তু তাদের একটা সুযোগ দেওয়া উচিত যে এ সম্বন্ধে তাদের কোন আপত্তি আছে কিনা। তার কোন ধারা এখানে নেই। জনসাধারণ এতে যোগ দিতে চায় কিংবা এটা বদলাতে চায় এ সম্পর্কে তাদের মতামত দেবার কোন অধিকার আপনারা এই বিলে দেন নি। এই হল প্রথম দিক থেকে অগণতান্ত্রিক। দ্বিতীয়তঃ আমরা মনে করি এটা খানিকটা বেআইনী হচ্ছে। আমি অবশ্য আইনের ছাত্র নই তাহলেও সাধারণ বুদ্ধিতে আমার যেটুকু মনে হয় তাতে এই ধরনের পঞ্চায়েত অ্যাক্টের ১১ নম্বর ধারার ২ এবং ৩ উপধারাটা এইভাবে হাইকোর্ট আল্ট্রা ভায়ার্স ডিক্লেয়ার করেছেন। তাঁরা বলেছেন যে

Section 11(2) and (3) is ultra vires to the Constitution. It suffers from the defect of excessive delegation of legislative powers. It is discriminatory and violative of article 14...............

আমাদের সংবিধানের ১৪ ধারার পরিপন্থী বলে এটাকে এই করা হয়েছে। আমিও মনে করি স্টেট গভর্নমেন্টের হাতে আজকে যদি এতখানি ক্ষমতা তুলে দিই তাহলে হাইকোর্টে চ্যালেঞ্জ হবে। স্টেট গভর্নমেন্ট ইচ্ছা করলে ডিলিমিটেশন করে দেবেন, জনসাধারণের কোন কথা শুনবেন না, শোনবার কোন স্কোপ নেই, স্টেট গভর্নমেন্ট যেটা করে দিলেন সেটাই মেনে নিতে হবে এইরকম ধারা যদি সংযোজিত করা হয় তাহলে এটা হাইকোর্টে চ্যালেঞ্জড হবে, হাইকোর্টে চ্যালেঞ্জড হয়ে শেষ পর্যন্ত এটা আল্ট্রা ভায়ার্স ডিক্লেয়ার হবে বলে আমি ভয় করছি। আমরা চাই যে, হাওড়া মিউনিসিপ্যালিটির নির্বাচন হোক, সে কর্পোরেশনের নাম দিয়েই হোক আর হাওড়া মিউনিসিপ্যালিটির নাম দিয়েই হোক। কিন্তু আমরা চাই না যে, এমন কোন ধারা এখানে সন্নিবেশিত করা হোক যাতে হাইকোর্ট চ্যালেঞ্জ করে সমস্ত নির্বাচনকে পিছিয়ে দেয়। হাওড়া মিউনিসিপ্যালিটির নির্বাচন হওয়া উচিত ছিল, কিন্তু হাওড়া মিউনিসিপ্যাল বিল এল বলে নির্বাচন পিছিয়ে দেওয়া হয়েছে। কিন্তু এমন তাড়াহুড়া করবেন না যাতে হাইকোর্টে গিয়ে সেটা চ্যালেঞ্জড হয়। সেদিকে আপনি লক্ষ্য রাখবেন। এছাড়া আর একটা বক্তব্য আছে এরিয়া যেটা ইনক্লুড করছেন সে সম্পর্কে। প্রথমত জগাছা থানার মধ্যে যেটা থিকলি পপুলেটেড এরিয়া সেটাকে মিউনিসিপ্যালিটির মধ্যে নিচ্ছেন আমার আপত্তি নেই। কিন্তু উনসানি এবং পুইল্লা এই দুইটি এলাকা সম্পূর্ণ গ্রাম এলাকা, যেখানে ধানের ক্ষেত, পাটের ক্ষেত ইত্যাদি রয়েছে সেই সমস্ত এলাকা মিউনিসিপ্যালিটির মধ্যে এনে আর কমপ্লিকেশনের সৃষ্টি করবেন না। সেই সমস্ত এলাকার চাষীদের বলবেন না যে মিউনিসিপ্যাল ট্যাক্স দাও। যেটুকু ধানের জমি পাটের জমি রয়েছে সেগুলির উপর রাতারাতি আপনারা ট্যাক্স বসিয়ে তাদের উপর উৎপীড়ন করবেন না, কর্পোরেশনের মধ্যে সেই সিস্টেম ইন্ট্রোডিউস করবেন না। সেজন্য বলব ঐ দুইটি গ্রাম বাদ দিয়ে মিউনিসিপ্যাল এলাকাকে কর্পোরেশন এলাকায় উন্নীত করা হোক।

মোটামুটি আমার বক্তব্য হচ্ছে এই, আজকে এই যে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন আইন এনেছেন, এর মধ্য দিয়ে হাওড়া মিউনিসিপ্যালিটির উপরকার অ্যাডমিনিস্ট্রেশনএর চেহারা পাল্টে যেতে পারে। হয়ত এর দ্বারা নির্বাচিত কমিশনারদের এতদিন যে ক্ষমতা ছিল, তা কেড়ে নিয়ে কিছু সরকারী বা সরকার কর্তৃক নিযুক্ত কমিশনারদের হাতে দিয়ে দিচ্ছেন। কিন্তু একথা বোঝাবার চেষ্টা করেন নি জনসাধারণকে যে এর দ্বারা আরও বেটার অ্যাডমিনিস্ট্রেশন হবে বা এর দ্বারা হাওড়া মিউনিসিপ্যালিটির যে ইনহেরেন্ট গুটিকয়েক প্রবলেম রয়েছে সেই প্রবলেমগুলির সমাধানের চেষ্টা করা হবে। তবে এইটুকু বলা যেতে পারে যে, এই করে হাওড়া মিউনিসিপ্যালিটির স্ট্যাটাস বাড়িয়ে দিচ্ছেন বটে, কিন্তু এর দ্বারা অ্যাজ সাচ কিছুই হবে না, জনসাধারণের কোন উপকার সাধিত হবে না।

Shri Gopal Banerjee:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, শৈলবাব্ বলেছেন যে, আমি একটি কড়া ভাষণ এই সম্পর্কে দেব কিনা! শৈলবাব্ যেভাবে প্রমট্ করছেন প্রতিটি ব্যাপারে, আমার ভাষণ দেবার ব্যাপারেও তিনি প্রমট্ করেছেন, স্তরাং ভাষণ আমাকে দিতে হচ্ছে।

এই বিলটি পড়ার পরে আমার কাছে সমস্যাটা এইরকমভাবে মনে হয়েছে যে, হাওড়া শহরে কতকগ্লো গ্রুতর সমস্যা আছে এবং হাওড়ার একজন সাধারণ মান্ষ রোজ যে সমস্যার দর্ন দ্র্ভোগ ভোগে, সেই সমস্যার সমাধান এই বিলের মারফত কতখানি হবে? এই হাওড়ার সমস্যা সম্পর্কে কানাইবাব্ যেভাবে বলেছেন, উনি হাওড়ার লোক, তার চেয়ে বাড়িয়ে বলবার আমার কিছ্ নাই। কিন্তু হাওড়ার সমস্যা গভীরভাবে আমরা সকলে জানি। সাধারণ মান্ষ যারা, তারা যে নাগরিক জীবনের স্খস্বিধা খ্ব সামান্যই পায়—এটাই হচ্ছে বড় সমস্যা। হাওড়ার বস্তি অঞ্চলের অবস্থা অত্যন্ত মারাত্মক, এ বোধ হয় দ্বিতীয় শহর হাওড়া—এই ব্যাপারে। গ্রামাঞ্চলে অন্যান্য যেসমস্ত শহর আছে, তার চেয়ে বস্তির অবস্থা এখানে অধিকতর খারাপ। এই যে সমস্যা দেখা যাচ্ছে—হাওড়ায়, সেখানে কি করে আরো বেশী করে নাগরিকদের স্খ-স্বিধা দান করা যায়, সেটাই বিচার্য বিষয়। এই বিলের মধ্যে যা যা বলা হয়েছে যে হাওড়ার শাসন ব্যবস্থার উন্নতি, আমার মনে হয় যেন এর মধ্যে ঠেকে আছে। নাগরিকদের স্খস্বিধা বিধান করবার ব্যবস্থা হোক্ আমরা চাই। কিন্তু বিলের উদ্দেশ্য সম্বন্ধে একথা বলা হচ্ছে যে একটা ভাল অ্যাডমিনিস্ট্রেশন হাওড়ায় দেওয়ার জন্য এই বিল আনা হয়েছে। উন্নত অ্যাড-মিনিস্ট্রেশন-এর হয়ত প্রয়োজন আছে। কারণ হাওড়ায় দ্-লক্ষ লোকের বদলে এখন ৫-৬ লক্ষ লোক হয়েছে। কাজেই মিউনিসিপ্যালিটির দায়িত্বও অনেক বেড়েছে। সেখানে অ্যাডমিনিস্ট্রেশন-এর ক্ষেত্রে কিছ্ একটা আইন আনা প্রয়োজন—এটা ঠিক। তবে এটা শ্ধ্ হাওড়ার ব্যাপার নয়, অন্যান্য সমস্ত মিউনিসিপ্যালিটির ক্ষেত্রেও এটা দীর্ঘদিন যাবৎ দাবী করে আসা হচ্ছিল যে, ১৯৩২ সালের যে আইন আছে তার মধ্য দিয়েই মিউনিসিপ্যালিটিগ্লি শাসন করা হয়, যার কিছ্টা হাওড়ায়ও প্রযোজ্য, সেটা বর্তমানে পরিবর্তন করা দরকার। স্তরাং এটা মেনে নিলেও যেটা সবচেয়ে বড় সমস্যা থাকে—সেটা হলো এর আর্থিক দিকে। হাওড়া মিউনিসিপ্যালিটি এখন একটা কর্পোরেশন হলে অর্থাৎ এর স্ট্যাটাসটা বাড়িয়ে দিলে, একে ন্তন গয়নাগাটি পরালেও তার ভেতরকার অবস্থার কোন পরিবর্তন হবে কিনা এটাই হচ্ছে প্রশ্ন। আমাদের মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে এ সম্বন্ধে কোন আলোকপাত করলেন না, কোন কথা উল্লেখ করলেন না। এই বিল আইনে পরিণত হতে হলে অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে সামান্য কিছ্ হের-ফের হবে মাত্র। যেমন যেখানে পাওয়ার এইরকম আছে—বোর্ড অফ কমিশনারদের হাতে গিয়ে কনসেনট্রেটেড হয়েছে, যেখানে স্ট্যান্ডিং কমিটি আছে, তিন ভাগে অর্থারিটি ভাগ হবে, সে অর্থারিটি হবে কলকাতা কর্পোরেশনের মত। কিন্তু সেই তিনটি অর্থারিটি কাজ করবেন কি দিয়ে? ট্যাক্স পাওয়ার রাস্তাটা কোন্ দিক থেকে হলো? কলকাতা কর্পোরেশনের যে আইন, বর্তমানে তিনটি অর্থারিটি থাকা সত্ত্বেও এবার কলকাতা কর্পোরেশনের নির্বাচন শেষ হবার পর কংগ্রেসের কাউন্সিলাররা একত্রিত হয়ে বসেছিলেন এবং প্রথম যে সমস্যা সেই আর্থিক সমস্যা নিয়ে বিচার বিবেচনা করেছেন, খবরের কাগজে বেরিয়েছে। আর্থিক দিক দিয়ে কলকাতা কর্পোরেশনকে আরো একট্ শক্ত করবার চেষ্টা করতে হবে—এই সিদ্ধান্ত তারা নিয়েছেন। এর আগে বি কে

[3-20—3-30 p.m.]

সেন-কে কমিশনার করে দেওয়া হয়েছিল এবং তিনি যখন লাস্ট বাজেট নিয়ে আসেন তখন তিনি বলেছিলেন লিবারেল ফাইন্যানসিয়াল অ্যাসিস্ট্যান্স ফ্রম গভর্নমেন্ট। তিনি আরও বলেছিলেন কর্পোরেশনকে কোন কোন ব্যাপারে ট্যাক্স বসাবার স্যোগ দেওয়া হোক এবং রাজ্যসরকার যে সমস্ত ট্যাক্স আদায় করেন তার কিছ্ অংশ দেওয়া হোক। এ সম্পর্কে কি দাঁড়িয়েছে আমি জানতে চাই। সব মিউনিসিপ্যালিটির এই অবস্থা এবং হাওড়াও তার চেয়ে ব্যাতিক্রম নয়—বরং হাওড়ার সমস্যা অ্যাকিউট। স্যার, মিউনিসিপ্যালিটিতে রেকারিং এক্সপেন্ডিচার করতে গিয়ে টাকা খরচ হয় বলে ডেভালপমেন্ট-এর জন্য কোন টাকা থাকে না এবং হাওড়া ইমপ্র্ভমেন্ট ট্রাস্ট হবার পরেও এই সমস্যার পরিবর্তন হয় নি। কিন্তু টাকার দিকটা কিভাবে মীমাংসা হবে সে

সম্বন্ধে প্রারম্ভিক ভাষণে আভাষ পেলে বোঝা যেন যে অ্যাডমিনিস্ট্রেশন সত্যই কোন উপকার করতে পারবে কিনা। অ্যাডমিনিস্ট্রেশন-এর মধ্যে যেভাবে অথরিটি ডিভিসন করা হয়েছে তা নিয়ে কর্পোরেশন-এ নিত্যই ঝগড়াঝাটি, ট্রায়াল অ্যান্ড এরর চলছে। শৈলবাবু যখন লাস্ট অ্যামেন্ডিং বিল এনেছিলেন তখন তিনি বলেছিলেন আমরা স্ট্রিমলাইন করতে চাই এই তিনটি অথরিটির মধ্যে। পাওয়ার কতটা হবে সেটা বোঝা যাবে কিছুদিন পর যে এটা স্ট্রিমলাইন হবে, না আরও বেশী ক্রাইসিস অ্যাকিউট হবে। এটা নির্ভর করে দুটি জিনিসের উপর এবং তার একটা হচ্ছে কর্পোরেশন শুধু লোক্যাল সেলস-গভর্নিং ইনস্টিটিউশন সম্বন্ধে রাজ্য-সরকারের অ্যাটিচুড কি এবং আর একটা হচ্ছে এই সমস্ত স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানগুলো তাদের নিজেদের আভ্যন্তরিণ সমস্যাগুলো কিভাবে সমাধান করতে চায়। কাজেই অ্যাডমিনিস্ট্রেশন-এর প্রবলেম নিশ্চয় তাঁরা সমাধান করতে পারবেন না এবং এটা ছাড়া ফাইন্যানসিয়াল প্রবলেমও মিউনিসিপ্যালিটির আছে। স্যার, কয়েকদিন আগে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশন-এর যে কনফারেন্স হয়ে গেল সেখানে কর্পোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যালিটির প্রতিনিধি ছিলেন এবং মন্ত্রিমহাশয় গিয়ে ভাষণ দিলেন। তাঁর ভাষণের পর সেখানে যে রেজলিউশনগুলো গৃহীত হয়েছে সেখানে সমস্যাকে কিভাবে দেখান হয়েছে? সেখানে একটা সমস্যা নিয়ে আলোচনা করা হয়েছে যে, মিউনিসিপ্যালিটিগুলোকে ইন্টিগ্রেট করে দিলে তারা যেন বেটার অ্যামিনিটিস দিতে পারবে। এটার ইন্টিগ্রেশন হচ্ছে বালির সঙ্গে এবং কিছু নন-মিউনিসিপ্যাল এরিয়ার সঙ্গে। ইন্টিগ্রেট করে দিলে বেটার অ্যামিনিটিস দেওয়া সম্ভব হবে এরকম কথা বলা হচ্ছে, কিন্তু মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশন-এর কনফারেন্স-এ সমস্ত জিনিসটাকে, প্রবলেমটাকে অন্যভাবে দেখান হয়েছে। সেখানে বলা হয়েছে শুধু ইন্টিগ্রেশন-এ সমস্যার সমাধান হবে না, বরং বাড়িয়ে দেবে—কারণ বড় বড় অফিসারদের মাইনে বাড়িয়ে দেওয়া হবে। স্যার, টাকা না থাকলে কোন উন্নতি করা সম্ভব নয়, কাজেই আর্থিক দিক থেকে পৌরসভাকে শক্তিসম্পন্ন করবার জন্য সরকারের ব্যবস্থা করা উচিত। লোকাল ফাইন্যান্স এনকোয়ারী কমিশন এবং ট্যাক্সেশন এনকোয়ারী কমিশন-এর রিপোর্টে যে সুপারিশ আছে তাতে আরও ফাইন্যান্সিয়াল অ্যাসিসট্যান্স দেওয়া এবং ডেভলপমেন্ট-এর কাজের দায়িত্ব গ্রহণ তাই নয়, ট্যাক্সেসন প্রিন্সিপল সম্বন্ধে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে যা আছে সেগুলিকে চেঞ্জ করবার কথাও বলা হয়েছে। কিন্তু সরকার তাঁদের দৃষ্টিভঙ্গী পরিবর্তন করতে পারেন নি এবং ইন্টিগ্রেশনটা অর্থাৎ টেরিটোরিয়াল ইন্টিগ্রেশন এটা সমস্যা হিসেবে দেখা দেয় নি মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশন-এর আলোচনায়। তাঁরা আর্থিক দিক বিচার করেছেন, কিন্তু মীমাংসার রাস্তা নেই। এটা নাহলে হাওড়ার লোকের কাছে, জগাছার লোকের কাছে বা যারা রুর‍্যাল এলাকার লোক তাদের কাছে গিয়ে যদি বলেন এটা তাদের কাছে একটা আশীর্বাদস্বরূপ এসেছে তাহলে বলব এটা অবাস্তব কথা, বাড়াবাড়ি কথা।

ডাঃ কানাইবাবু বললেন সেখানে লোকের উপর ট্যাক্স বসবে। যারা জমি চাষ করে খেত, মিউনিসিপ্যালিটি হবার পর, মিউনিসিপ্যালিটির নাম দিয়ে তাদের উপর ট্যাক্সের হার বাড়ান হতে পারে এবং বিপদ হতে পারে।

দ্বিতীয় কথা—সুযোগ-সুবিধার মধ্যে ডেনসিটি অফ পপুলেশন ১০০ পার একর থেকে ৭০তে নেমে আসবে। এটাই হচ্ছে একমাত্র ইন্টিগ্রেশনের ফল। এবং এটা কিভাবে হবে? এই যে নন-মিউনিসিপ্যাল এলাকা যেগুলি আনা হয়েছে তাতে এভিকশনের রাস্তা খোলা হয়েছে এবং রি-হ্যাবিলিটেশন প্রোগ্রাম সম্বন্ধে বলেছেন যে রি-হ্যাবিলিটেশনের জন্য এই জায়গাগুলি মিউনিসিপ্যালিটির মধ্যে আনা দরকার কিন্তু ফিনান্সিয়াল আসপেক্ট স্ট্রেংগদেন করার জন্য কি করা হবে? দ্বিতীয়তঃ হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন নাম দেবার পর ইমপ্রুভমেন্ট ট্রাস্টের প্ল্যান কার্যকরী করার জন্য কিছু লোককে উৎখাত করতে হবে, এটা স্পষ্ট এবং তাদের রি-হ্যাবিলিটেশনের জন্য কি করা হবে সেটা তাঁর বক্তৃতায় বলেন নি এবং বিলের অবজেক্টস অ্যান্ড রীজনসে এটাই প্রাধান্য পেয়েছে যে, রি-হ্যাবিলিটেশনের জন্য কিছু এলেকা নিয়ে এটাকে কর্পোরেশন করতে হবে। তবে আমার যেটা ভয় সেটা হচ্ছে এই যে, ইন্টিগ্রেশন করা হচ্ছে নন মিউনিসিপ্যাল এলাকা সেখানে রি-হ্যাবিলিটেশন করার নামে কিছু লোককে জবরদস্তি করে মাত্র কিছু কমপেনসেসন দিয়ে এমনিভাবে বার করে দেওয়া হবে কিন্তু হাওড়া নন মিউনিসিপ্যাল এলাকা যেটা ইনক্লুড

করা হচ্ছে সেখানে তারা বসবার সুযোগ পাবে কিনা সন্দেহ। অর্থাৎ তাদের জন্য ডেফিনিট কোন জায়গা রাখা হচ্ছে কিনা, সেই সব জমি তাদের দেওয়া হবে কিনা, অনেককে নাকি সহরের এলাকা ছেড়ে চলে যেতে হবে আরও দূর গ্রামে। কলকাতা শহরের একটা প্রবলেম দেখছি ব্যারাকপুরে এবং অন্যান্য সাবডিভিশনে তারা হু হু করে লোক বাইরে যেতে বাধ্য হচ্ছে এবং এজন্য যে কর্পোরেশনের চাপে এবং অন্যান্য ব্যাপারে সাধারণ মধ্যবিত্ত কলকাতায় থাকতে পাচ্ছে না। পৈতৃক আমলের হয়ত একখানা বাড়ি ছিল সেখানে বিক্রি করে তারা বাইরে সেখানে গিয়ে হাজির হয়েছে, কলকাতায় থাকার সুযোগ পাচ্ছে না। হাওড়ায়ও যেটা হচ্ছে তাতে এটা হবে যে সাধারণ গরীব গৃহস্থ যারা মধ্যবিত্ত তারা ডেভেলপমেন্টের নামে জবরদস্তি উৎখাত হবে এবং তাদের রি-হ্যাবিলিটেশনের কোন ব্যবস্থা হবে কিনা সন্দেহ। মৌখিকভাবে একটা স্তোকবাক্য দেওয়া হচ্ছে, কিন্তু মূল কথা হচ্ছে আমার কর্পোরেশন নাম করে দিলেই, যেটা সরকার আরও কতকগুলি ব্যাপারে চিন্তা করছেন এবং যেটা বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েশন থেকেও বার বার করে বলা হয়েছে, সেটা হচ্ছে বহু জায়গা একত্র করে কর্পোরেশন নাম দিলেই সমস্যার সমাধান হবে না। নিশ্চয়ই বড় এলাকার জন্য নূতন করে অথরিটি ক্রিয়েট করা যেতে পারে, পলিসি মেকিং বডির মধ্যে এক্সিকিউটিভ পাওয়ার ডিভিশন করা যেতে পারে, এটা ঠিকই যে বোম্বে, মাদ্রাজ এবং অন্যান্য রাজ্যে এটা আছে। এখন পলিসি মেকিং বডি আছে—কাউন্সিলারস বা কমিশনার্স এটা করার যুক্তি থাকতে পারে কিন্তু বাংলা দেশে একটা ভয়ানক অবস্থা দেখা দিয়েছে সেই সমস্যা হচ্ছে যারা কমিশনার বা এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হন, যোগ্যতা তাদের থাকুক আর নাই থাকুক, এবং সরকার এতে বিব্রত বোধ করেন, কয়েকদিন আগে নৈহাটি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এসেছিলেন মন্ত্রিমহাশয়ের কাছে এজন্য যে, যিনি এক্সিকিউটিভ অফিসার আছেন তাকে উইথড্র করে নিন, তিনি কালেকশন তো বাড়াতে পারেনই নাই বরং কমিশনারের সঙ্গে তার রেষা-রেষি হয়, একটা দ্বৈত শাসন বা ডায়ার্কি হয়ে যায়, তাঁরা মনে করেন তাঁরা সরকারের লোক, সরকারী চাকুরি, তাদের উপর থেকে চাপিয়ে দেওয়া হয়, তাদের সম্বন্ধে আইনে লেখা আছে They are responsible to the Chairman through the Board of Commissioners কখনও সেকথা মানেন না, নিশ্চয়ই শৈলবাবু বা ফজলুর রহমান সাহেব জানেন। তাঁদের অভিজ্ঞতা আছে। আমি আমার মিউনিসিপ্যালিটির কথা জানি, সেখানে যিনি এক্সিকিউটিভ অফিসার বসে-ছিলেন তার সঙ্গে আমাদের দিক থেকে সহযোগিতা করে দেখেছি তাতে তারও কনফ্লিক্ট বেড়ে যায়। ক্যালকাটা কর্পোরেশনেও এই ঘটনা হচ্ছে, অনেক জায়গায় হয়েছে, আমি জানি না এর জন্য সরকারই দায়ী কিনা। যে পলিসি মেকিং বডি এবং এক্সিকিউটিভ বডি আছে অন্যান্য জায়গায় দেখেছি ক্ষমতা ডিভিশন হয়েছে, এখানে কেন হল না? মূল কারণ হচ্ছে রাইটার্স বিল্ডিংসের লোকাল সেলফ-গভর্নমেন্টের অ্যাটিচুডের উপর সেটা নির্ভরশীল। সুতরাং পাওয়ার ডিভাইড করলেও এবং হাওড়া কর্পোরেশন খুললেও ফাইন্যান্সিয়াল দিক থেকে যদি কর্পোরেশনের উন্নতি না করা যায় তাহলে আরও অসুবিধার সৃষ্টি হবে, ঝগড়াঝাঁটি হবে। কলকাতা কর্পোরেশন আইনে যেটা মীমাংসা করতে পারেন নি সেই আইন চালু করা হচ্ছে, সুতরাং এ জিনিসটা আর একটু চিন্তা করা প্রয়োজন ছিল—বৃহত্ ক্যালকাটা কর্পোরেশন অ্যাক্ট দেওয়া উচিত কিনা। এবং ইন্টিগ্রেশন-এর মধ্য দিয়ে

[3-30—3-40 p.m.]

ওরা যে প্রবলেম সলিউশান করবার চেষ্টা করেছেন হোল অ্যাটিচুডটা ঠিক কিনা এটাও ভাববার প্রয়োজন আছে, কারণ ইন্টিগ্রেশন-এ এমন অবস্থা হতে পারে যে, বালি মিউনিসিপ্যালিটি যে সুবিধা পাচ্ছিল হাওড়ার সঙ্গে মার্জ হবার পর হয়ত বালি এ্যাফেকটেড হবে। এমন ঘটনাও হতে পারে বালির লোকদের বোঝান হবে যে তোমার খুব সুবিধা হবে হাওড়ার সঙ্গে গেলে তোমার নাম কর্পোরেশন হবে। সেখানের লোকেদের মধ্যে একটা আশা হবে যে হয়ত আমরা সুযোগসুবিধা পাব। কিন্তু দেখা যাবে আফটার কম্বিনেশন অফ টেন ইয়ার্স তারা কিছুই পাবে না বরং সেখানে লোকগুলো একত্রিত হয়ে মিউনিসিপ্যাল প্রবলেম সলভ করবার চেষ্টা করছিল এর ফলে সেখানে নিজেদের মধ্যে ঝগড়া হবে, হাওড়ার লোকেদের বালির লোকেদের সঙ্গে ঝগড়া হবে, হাওড়া এলাকার লোক মনে করবে বালি বেশী নিচ্ছে। যতক্ষণ না এর মীমাংসা হয় ততক্ষণ এ ঘটনা হবে, এ নিয়ে হাঁসবার কথা নয়, আমি আমার মিউনিসিপ্যাল

এলাকার কথা বলতে পারি টিটাগড় এবং খড়দহ যদি একত্রিত হয়, খড়দহের অ্যামিনিটিস বেশী, টিটাগড়ের এমন অবস্থা মনে হয় টিটাগড় পাঁচ লক্ষ টাকা পাচ্ছে, কিন্তু অ্যামিনিটিস ও ট্যাক্সেসন রেট বেশী সেখানে দেখা যাবে, ঝগড়া বেশী হচ্ছে যে ওরা নিয়ে যাচ্ছে এই বলে যদি না একটা Minimum Existing level of amenities—better. amenities immediate future এ দেওয়া যায়। তার জন্য যদি কিছু ব্যবস্থা না করা হয়, তাহলে আমি মনে করি যে এই আইনের মধ্য দিয়ে আরো ঐ এলাকার লোকের মধ্যে কনফিউশান এবং ডিভিশন এটা সৃষ্টি করা হবে। বেটার সিভিল অ্যাডমিনিস্ট্রেশন-এর বদলে সেখানে ঝগড়াঝাটি বেড়ে যাবে এবং সেটা যদি উভয় জায়গায় একই দল থাকেন তাদের মধ্যেও ঝগড়া অনেক বেশী বেড়ে যাবে তা নিশ্চয়ই চিন্তা করা প্রয়োজন। এর সংগে সংগে নিশ্চয়ই এটাও বলা প্রয়োজন যে, আমি যেটা বললাম যে, লোক্যাল সেলফ গভর্নমেন্ট ইনস্টিটিউশনগুলোর উপর সরকারী অ্যাটিচুচ যা সে অ্যাটিচুড-এর ফলে এ ঘটনা দাঁড়াচ্ছে। দাঁড়াচ্ছে এই যে, তারা নিজেরা পাওয়ারটাকে কখনও অনেক বেশী ঐ লোক্যাল বোর্ডকে দেন না, কলকাতা কর্পোরেশান যতখানি পাওয়ার কনসেনট্রেটেড হওয়া দরকার তা কমিশনার-এর উপরে, হাওড়ায় হয়ত ৩৩টা দরকার ছিল না। হাওড়ার এখনও এক্সিকিউটিভ হেড হিসাবে চেয়ারম্যান ছিলেন, সেটাকে কমপ্লিটলি নিয়ে এসে একেবারে কমিশনার-এর হাতে সমস্তটা দিয়ে দেওয়া হল, এটার হয়ত অতটা প্রয়োজন ছিল না যেটা ডাঃ ভট্টাচার্যও বলেছেন। একটা মাঝামাঝি ক্ষেত্রে দাঁড়ানটাই হয়ত হাওড়ার ক্ষেত্রে ভাল ছিল। এ যদি না হয় তাহলে যে অবস্থা থেকে হাওড়া চলে আসছে ক্যালকাটা কর্পোরেশন-এর পর্যায়ে—সেটা অবশ্য ফজলুল রহমানসাহেব বলেছেন সেটা হয়ত ঠিক নয়, তিনি বলেছেন যে, মোটামুটি হাওড়া পরোক্ষভাবে ক্যালকাটা কর্পোরেশন দ্বারা পরিচালিত হচ্ছে না—ঐ হাওড়া মিউনিসিপ্যালিটি, যদিও উনি মনে করছেন তাহলেও ঠিক ততখানি নয়। সুতরাং এর মধ্য দিয়েও কনফিউশন-এর স্থান আছে। আমি সেজন্য যেটা বলেছিলাম, আমার সারকুলেশন মোশন ছিল এজন্যই যে, এটা নিয়ে আরো একটু ভাবনা চিন্তার আছে এবং সমস্ত ব্যাপারে গভর্নমেন্ট-এর যে অ্যাটিচুড তারও পরিবর্তনের প্রয়োজন আছে। বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশন-এর কনফারেন্সে যে প্রস্তাবগুলো নেওয়া হয়েছে সেসব বিবেচনা করেছেন কিনা জানি না, সেসব প্রস্তাব যদি ওঁরা বিবেচনা করেন তাহলে সেখানে যে প্রশ্ন তোলা হয়েছিল সে প্রশ্নই হচ্ছে সবচেয়ে বড় প্রশ্ন, অর্থাৎ হাওড়া যদি মিউনিসিপ্যালিটি থাকতো তাকে যদি ফাইন্যানসিয়ালি স্ট্রেংদেন করা হতো তাহলে হয়ত হাওড়ার সমস্যার সমাধান করা যেত। হাওড়ার সমস্যা হচ্ছে এই যে, হাওড়া ফাইন্যানসিয়ালী ক্রিপলড হয়ে গিয়েছিল। এই হাওড়ায় যদি গভর্নমেন্ট অ্যাসিস্ট্যান্স, ট্যাক্সেশন সেয়ার, লিবারেল অ্যাসিস্ট্যান্স না দেওয়া হয় তাহলে এ দেওয়া হলে ঐ হাওড়া মিউনিসিপ্যালিটি অনেক প্রবলেম সলভ করতে পারতো কর্পোরেশন না করেও, এ সমস্যার সমাধান হত। হয়ত একাজ করতে গিয়ে তখন অ্যাডমিনিস্ট্রেশন-এর কিছু পরিবর্তন করাটা বাঞ্ছনীয় অথবা প্রয়োজন হত এবং সবাই একমত হয়ে করা যেত। কিন্তু এখন হচ্ছে কি, ঘোড়ার আগে গাড়ি জুড়ে দেওয়া হচ্ছে, আগে অ্যাডমিনিস্ট্রেশন চেঞ্জ আনা হচ্ছে অথচ ফাইন্যানসিয়ালি ভাইএবল করবার প্রশ্ন হাওড়া মিউনিসিপ্যালিটিকে—সেটাকে পেছনে নিয়ে যাওয়া হচ্ছে—এই হচ্ছে হাওড়ার ক্ষেত্রে সমস্যা যা দেখা দেবে এবং গভর্নমেন্টের যে অ্যাটিচুড তা হচ্ছে আগে অ্যাডমিনিস্ট্রেটিভ চেঞ্জ যেন প্রশাসনিক ব্যবস্থার জন্য সমস্ত পৌর অঞ্চলের উন্নতি ব্যাহত হচ্ছে। আর্থিক দিকটা বড় নয়, কিন্তু আমাদের কাছে আর্থিক দিকটাই বড় প্রশাসনিক দিকটা গৌণ। অবশ্য আর্থিক দিকে কাজ করতে গেলে তার পরে নিশ্চয়ই একটা প্রয়োজন দেখা দেয় যখন প্রশাসনিক ব্যবস্থার পরিবর্তন আনা দরকার। সুতরাং গভর্নমেন্টের যে অ্যাটিচুড এই অ্যাটিচুড-এর মধ্য দিয়ে যে বিল আসছে তাতে হাওড়ার যে বেশী কিছু উন্নতি আগামী দিনে করতে পারবে তা মনে করি না। সুতরাং এটা বলা খুব প্রয়োজন যে উচ্চাশা এবং বড় বড় কথা মন্ত্রিমহাশয় বলছেন হাওড়ার লোকের তাতে সান্ত্বনা পাবার কিছু নেই। যে অবস্থা চলছিল আগামী ভবিষ্যতে সে অবস্থা চলবে যদি না আর্থিক দিক দিয়ে হাওড়ার সমস্যার সমাধানের দিকে যাওয়া যায়, সেজন্য আমি জনমত সংগ্রহের জন্য এ বিল সারকুলেট করতে বলছি।

Shri Nikhil Das:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমাদের সামনে এল এস জি মন্ত্রিমহাশয় হাওড়া মিউনিসিপ্যাল বিল আনতে গিয়ে তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যেকটা কথা বলেছেন তা হচ্ছে হাওড়ার লোকসংখ্যা অত্যন্ত বেশী এবং রাস্তাঘাট অত্যন্ত অপ্রশস্ত, বস্তি অত্যন্ত বেশী, জনসংখ্যার অবস্থা খারাপ, জল-সরবরাহের অবস্থা খারাপ, এ অবস্থা যদি ভাল করতে হয় তাহলে হাওড়া মিউনিসিপ্যালিটির সঙ্গে বালি মিউনিসিপ্যালিটির যোগ করে এবং গ্রামাঞ্চলের কিছু এলাকা নিয়ে যদি একটা কর্পোরেশন করা যায় তাহলে এ সমস্যার সমাধান করা যায় এবং তিনি তাঁর প্রারম্ভিক বক্তৃতায় একমাত্র যুক্তি হাওড়া কেন কর্পোরেশন করবেন তা দিলেন এবং বর্ধিত এলাকা যে যোগ করবেন তার জন্য টাকা যে কোথা থেকে পাবেন এ সম্পর্কে একটা আবছা কথা বলেছেন সেটা হচ্ছে যে, আন্তর্জাতিক সংস্থা থেকে টাকা পেতে পারি হাওড়া যদি কর্পোরেশন করা যায় এবং বড় এলাকা যদি নেওয়া যায় সি এম পি ও-র মত সংগঠন করে তাহলে বাইরে থেকে সাহায্য—তা আমেরিকা থেকে আসবে কিনা তা অবশ্য বলেন নি, শুধুমাত্র বলেছেন আন্তর্জাতিক সংস্থা থেকে সাহায্য পেতে পারি যার দ্বারা এই কর্পোরেশন-এর সুযোগসুবিধা হতে পারে। আমি ক্যালকাটা কর্পোরেশন এলাকায় বাস করি। বহুদিনকার কর্পোরেশন-এ যে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট আছে সেটা হাওড়ার বেলায়ও প্রযোজ্য হচ্ছে। ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট বহুদিন থেকে প্রযোজ্য আছে কিন্তু তবু ক্যালকাটা শহরের চেহারা কি? দিনের পর দিন কলকাতা শহরের পৌরজীবন উন্নতির দিকে যাচ্ছে না নীচের দিকে যাচ্ছে? ক্যালকাটার মানুষ বেশী জল পাচ্ছে না পাচ্ছে না? কলকাতার রাস্তাঘাট ভাল হচ্ছে না হচ্ছে না? কলকাতার বস্তিবাসীর উন্নতি হচ্ছে না হচ্ছে না? কলকাতার যে খোলা ড্রেন আছে তা উঠে গেছে কি না? সেদিক থেকে যদি বিচার করি দেখি যে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর বার বার সংশোধন হয়েছে কিন্তু কলকাতায় পৌর জীবনের যে সমস্যাগুলো আছে সে সমস্যা দিনের পর দিন খারাপের দিকে যাচ্ছে এবং সেগুলি তারা ভাল করতে পারেন নি। আমি এই হাউসে তিন বৎসর এসেছি তার আগেও যারা বিরোধীপক্ষ থেকে এসেছেন সকলেই বার বার বলছেন যে, দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের প্রয়োজন আছে। ইংরাজ আমলে যে আইন ছিল সে দৃষ্টিভঙ্গী নিয়ে যদি স্বায়ত্বশাসন আইন চলে তাহলে কিছুই হবে না। সেজন্য সে দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করে সামগ্রিকভাবে যদি একটা স্বায়ত্বশাসন আইন গ্রহণ না করি তাহলে এ মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর পিস-মিল সংশোধনের দ্বারা কোন মিউনিসিপ্যাল এবং কর্পোরেশন-এর উন্নতি করা যাবে না। শৈলবাবু যখন ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল আনলেন তখন তিনি ঘোষণা করেছিলেন যে সামগ্রিকভাবে মিউনিসিপ্যাল আইন সংশোধন করে নূতন করে এই মিউনিসিপ্যাল বিল এই হাউস-এ আনবেন কিন্তু তিন বৎসর চলে গেলো ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল সংশোধন হল না। হাওড়া মিউনিসিপ্যাল বিল এসেছে কিন্তু সামগ্রিকভাবে মিউনিসিপ্যাল বিল পরিবর্তন করা বর্তমান যুগোপযোগী আইন করার দিকে সরকারের দৃষ্টি নেই, সুতরাং বড় কথা বলে লোককে ভুলিয়ে রেখে দুইটা বৎসর যদি কাটিয়ে দেওয়া যায় তাহলে হলেই হল। আপনি জানেন যে, ক্যালকাটা মিউনিসিপ্যাল আইন আমরা যখন সমালোচনা করলাম, সে সমালোচনায় প্রথম কথা ছিল যে ক্যালকাটা মিউনিসিপ্যাল আইন এবং ক্যালকাটা কর্পোরেশনকে আর্থিক ক্ষমতা দেওয়া হোক, ক্যালকাটা ট্রাম কোম্পানী, ক্যালকাটা বিজলীবাতি কোম্পানী, বম্বে যেগুলি চালায় সেগুলি এর হাতে দেবার ব্যবস্থা প্রকল্প এখনও করেন নি, এগুলি বিলাতি কোম্পানী। শহরের যে ভিকেল ট্যাক্স-এর যে অংশ ক্যালকাটা কর্পোরেশনকে দেবার কথা ছিল সেটা দেন নি। অ্যামিউজমেন্ট ট্যাক্স-এর যে অংশ ক্যালকাটা কর্পোরেশনকে দেবার কথা ছিল তাও দেন নি।

[3-40—3-50 p.m.]

অর্থাৎ কর্পোরেশনের আয় বাড়িয়ে—কর্পোরেশনের উন্নতির যে দিক সে দিকে পরিবর্তন তারা করেন নি। পুরানো যে দৃষ্টিভঙ্গী সেই দৃষ্টিভঙ্গী—অর্থাৎ জনসাধারণের উপর ট্যাক্স বসাও এবং তার মাধ্যমে কিছু আর্থিক-সাহায্য দিয়ে কলকাতা কর্পোরেশনকে কোনরকমে জুড়ে দিয়ে চালিয়ে নাও—তার এক একটা বছর পার হয়ে যাচ্ছে সমস্ত দিক দিয়ে কলকাতার কর্পোরেশনের অবস্থা খারাপ হচ্ছে এবং আমার বক্তব্য হাওড়ায় যখন নূতন করে কর্পোরেশন করতে যাচ্ছেন—হাওড়া কর্পোরেশন অ্যাক্ট তখন কি করে হাওড়া কর্পোরেশনকে বিজলী বাতি, অ্যামিউজমেন্ট

ট্যাক্স, মোটর ভিহিকলস ট্যাক্স ইত্যাদি তাদের হাতে দেওয়া যায় কিনা সে সম্পর্কে কলকাতা কর্পোরেশন অ্যাক্টে যা আছে সেগুলি রেখেছেন। ভালর দিকে যান নি। স্বায়ত্বশাসনের স্বায়ত্বের যে-দিকটা সেটা ধীরে চলে যাচ্ছে—ধীরে ধীরে এগুলিকে সরকার নিজেদের কুক্ষিগত করে নিচ্ছেন—অর্থাৎ রাজ্যসরকার ধীরে ধীরে এই প্রতিষ্ঠানগুলির উপর নিজেদের ক্ষমতা প্রতিষ্ঠিত করতে চলেছেন। এইবার যখন কলকাতা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল যখন আসে তখন তার সমালোচনা করতে গিয়ে আমরা একটা কথা বলেছি যে কর্পোরেশন কারা দখল করবে সেটা ঠিক নেই। কংগ্রেসপক্ষ যেতে পারে বিরোধীপক্ষও যেতে পারে—কিন্তু স্থানীয় স্বায়ত্বশাসন চালাতে গিয়ে যদি নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতা খর্ব করা হয়, প্রতি পদক্ষেপে সরকার যদি তাদের ক্ষমতার জায়গাগুলি ধরে রাখেন তাহলে এই ডুয়াল পাওয়ারের মধ্যে ঝগড়া চলবে এবং তার মধ্যে কলকাতা কর্পোরেশনের কোন উন্নতি হবে না—এখানে হাওড়া মিউনিসিপ্যাল বিল যেটা এসেছে সেখানেও ডুয়াল পাওয়ার থাকবে। সরকার এক দিকে নির্বাচিত প্রতিনিধিরা এক দিকে আর মাঝখানে থাকবে সরকার কর্তৃক নির্বাচিত চাকুরি দেওয়া কমিশনার। এই তিনজনের ঝগড়ার ফলে যে কর্পোরেশন গড়ে উঠবে তাতে হাওড়ার সীমাবদ্ধ উন্নতিটুকুও হবে না। আপনি জানেন যখন কলকাতা কর্পোরেশন অ্যামেন্ডমেন্ট বিল আসে তখন আমরা বলেছিলাম যে কলকাতা শহরের বস্তি উন্নয়নের জন্য কি স্কীম আপনাদের আছে সেই বস্তি উন্নয়ন স্কীমে একটা কথা আছে—স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট পাশ করেছিলেন কিন্তু তাকে তারা কার্যকরী করতে পারেন নি। তারা বস্তির কোন উন্নয়ন করতে পারেন নি। কিছু লোককে সেখান থেকে উচ্ছেদ করেছেন। কিন্তু আসল কাজ তারা করতে পারেন নি। তাই মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিলের বস্তি উন্নয়নের যে ধারাগুলি রাখা উচিত ছিল সেখানে তার অভাব আমরা লক্ষ্য করেছি। আপনি জানেন কলকাতা কর্পোরেশন এলাকায় শতকরা ৪০-৫০ ভাগ শহরের লোক বস্তী এলাকায় থাকেন তারা কি পশুর মত জীবন যাপন করেন তা আপনি দেখেছেন যে এলাকা থেকে এসেছেন নির্বাচিত হয়ে সেইটা বস্তিপ্রধান এলাকা এবং আপনি জানেন হাওড়া শহরের শতকরা ৬০-৬৫ ভাগ লোক বস্তীতে থাকে এবং তারা কি পশুর মত জীবন যাপন করেন। কাজেই বস্তী উন্নয়ন করার ব্যাপারে আর্থিক সঙ্গতি যদি হাওড়া কর্পোরেশনকে না দেওয়া হয় তাহলে এর চেহারা আরও খারাপ হবে। বস্তীর ব্যাপারে কলকাতা কর্পোরেশন আইনে যা আছে তাই যদি থেকে যায় তাহলে হাওড়া শহরের জঞ্জাল কোনদিন পরিষ্কৃত হবে না এবং হাওড়া শহরকে ভাল করে গড়ে তোলা যাবে না। মাননীয় সভাপালমহাশয়, আপনি জানেন অ-গণতান্ত্রিক ধারা হিসাবে আমরা বলেছিলাম যে স্ট্যান্ডিং কমিটি যা আছে সেগুলি প্রপোরসন্যাল রিপ্রেজেনটেশনে করা হোক। অর্থাৎ যারাই ক্ষমতায় যান সে কংগ্রেস হোক আর বিরোধীপক্ষই হোক, সেই স্ট্যান্ডিং কমিটিগুলি হাতে যে ক্ষমতা রয়েছে সেখানে প্রোপোরসন্যাল রিপ্রেজেনটেশন নিন। সেগুলিকে এক দলীয় সংস্থা করবেন না তাহলে বাস্তবে স্বায়ত্বশাসন ঠিকমত চলতে পারে না, এটা রাজ্য সরকারের ব্যাপার নয়, সরকারী ব্যবস্থা নয়, যে সেখানে এক দলীয় সরকার গড়ে উঠবে। স্বায়ত্বশাসন যেভাবে সাফল্যমণ্ডিত হয়ে উঠে তার যে মূল নীতি হচ্ছে সবার সহযোগিতা। সবাইকে এক জায়গায় এনে যদি এর ব্যবস্থা না করা যায় তাহলে স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান কোনদিন গড়ে উঠতে পারে না। হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্টের সেই গলদ—স্ট্যান্ডিং কমিটিগুলি একদলীয় হবে—এই অগণতান্ত্রিক ধারা যেহেতু ক্যালকাটা কর্পোরেশন অ্যাক্টে আছে সেই হেতু ওখানেও থাকবে। মাননীয় সভাপালমহাশয়, আপনি জানেন ক্যালকাটা মিউনিসিপ্যাল বিলে আর একটি সংশোধন করেছেন যার বিরুদ্ধে আমরা প্রতিবাদ করেছি, সেটা হচ্ছে কর্পোরেশনের যারা কাউন্সিলার তারা কর্পোরেশনের এমপ্লয়ীদের অ্যাসোসিয়েশনের সংগে জড়িত থাকতে পারবেন না—অত্যন্ত অগণতান্ত্রিক ব্যবস্থা। আজকে কর্পোরেশনে যারা কাজ করে কাউন্সিলার হলে তাদের অ্যাসোসিয়েশনের সঙ্গে যুক্ত থাকতে পারবেন না এ কোন যুক্তি আমরা বুঝতে পারি না। সেদিন শৈলবাবু বা রহমনসাহেব আমাদের এ সম্বন্ধে কিছু বুঝাতে পারেন নি। কাজেই যেহেতু ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুযায়ী এই অ্যাক্ট গড়ে উঠছে সেই হেতু সেখানে ঐ সমস্ত গলদ থেকে যাবে—যেমন একদিকে তাদের বাড়তি আর্থিক সংস্থানের ব্যবস্থা করতে পারেন নি, ঠিক তেমনি অপরদিকে কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্টের অগণতান্ত্রিক ধারাগুলির খপ্পরে গিয়ে হাওড়া কর্পোরেশন পড়বে। আর একটা কথা তুলে ধরতে চাই গ্রামাঞ্চল থেকে কিছু এলাকা এনে জুড়ে দেওয়া হবে। আপনি জানেন ৭-৮ বছর হয়েছে ক্যালকাটা কর্পোরেশনের সাথে

টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি যোগ করে দেওয়া হয়েছে। ক্যালকাটা কর্পোরেশনের মত একা কর্পোরেশন সেখানে টালিগঞ্জ একটা মিউনিসিপ্যাল এলাকা এলো এবং আপনিও সে এলাকা হয়ত ঘুরে এসেছেন এবং দেখেছেন যে সেখানে জলসরবরাহের ব্যবস্থা নেই সেখানে আলো নে বললেই হয়—বিজলী বাতির ব্যবস্থা কত খারাপ সেটা সেই এলাকায় গেলেই দেখতে পাবেন সেখানে রাস্তাঘাটের অবস্থা, জল নিকাশের অবস্থা কি মশার উপদ্রব সেখানে কি পরিমাে বেড়েছে সেটা গেলেই বুঝতে পারবেন—এটা ৭-৮ বছর পূর্বে জুড়ে দেওয়া হয়েছে কিন্তু সে এলাকার কোন উন্নতি হয় নি। আর গ্রামের ধানক্ষেত এলে সেটার উন্নতি বিধান করে হাওড় কর্পোরেশনকে স্বর্গপুরী বানিয়ে দেবেন একথা বললে হাওড়ার এবং কলকাতার মানুষ বিশ্বা করবে না। তা যদি সম্ভব হোত তাহলে টালিগঞ্জ মিউনিসিপ্যাল এলাকা যেটা ক্যালকা কর্পোরেশনের মধ্যে এসেছে তার উন্নতি হোত। সেখানে আলোর ব্যবস্থা, জলের ব্যবস্থ আন্ডারগ্রাউন্ড ড্রেনের ব্যবস্থা করা কেন সম্ভব হয়নি? সেই এলাকার পায়খানা করার ঠিকম ব্যবস্থা হয়নি কেন—বিজলী বাতির ব্যবস্থা করা হয় নি কেন—এইজন্য হয়নি যে টাকার দরকা টাকা ছাড়া কাজ হয় না এবং টাকা যোগানের ব্যবস্থা করা দরকার। সেই টাকার জন্য আমে রিকার দিকে চেয়ে থাকলে হবে না—আন্তর্জাতিক সংস্থা থেকে টকা চাইলে হবে না—কার তারা টাকা এমনিতে দেয় না। আমাদের রাজনৈতিক ব্যবস্থাকে যদি তারা কিনে নিতে পারে- তাহলে আন্তর্জাতিক সংস্থার কাছ থেকে টাকা পাওয়া যায়। আন্তর্জাতিক সংস্থার উপ নির্ভর করে যদি একটা দেশের শহর বা মিউনিসিপ্যালিটি গড়ে তোলা যায় তাহলে যে কি বলবে তার ভাষা আমার সামনে নেই, আমরা সি এম পি ও সম্বন্ধে বক্তৃতা অনেক শুনেছি—এটা গে উঠেছে কলকাতা এবং পার্শ্ববর্তী এলাকার উন্নতির জন্য—আমরা খবরের কাগজে নানারক বিবৃতি পড়ছি—কিন্তু উন্নতি কি এতটুকুও হয়েছে? টাকা খরচ হয়েছে সত্য, কিন্তু উন্নি কিছুই হয় নি। হয় নি এইজন্য যে বিদেশের টাকার উপর নির্ভর করে কোন দেশ বা শহ গড়ে উঠে না—তাতে দেশের কোন উন্নতি হয় না। যদি নিজেদের আর্থিক সঙ্গতির উপ নির্ভর করে দেশকে গড়ে তোলা যায় তাহলে বৈদেশিক সাহায্যের সংথে সেটা যোগ করে দি আরও ভালভাবে করা যায়। কিন্তু বৈদেশিক সাহায্য পেলেই হবে তা না হলে হবে না এইরক দৃষ্টিভঙ্গী থাকলে শহরের উন্নতি কোনদিনই হয় না। তাই হাওড়ার উন্নতি হবে গ্রাম এলাকা গুলি হাওড়ার সংথে জুড়ে যাবে—হাওড়ার সাথে এলেই বড় হোল, অঙ্কের হিসাবে বলে দিলে পার একর ১০০ লোক ছিল বিরাট এলাকা জুড়ে দিলে পার একর ৭০ জন লোক হোল—এ যে ম্যাজিকের ব্যাপার।

[3-50—4-30 p.m.]

ম্যাজিকে যে দন্ড, ম্যাজিকের যে ওয়ার্ডটা, সেটাকে তিনটি এলাকার মাথায় ছুঁইয়ে দিলে আর আপনা আপনি একর প্রতি ৭০ জন হয়ে গেল, এটা যে কি ধরনের কথা তিনি বললে আমি বুঝতে পারলাম না। এমনি মানুষ যায় না, মানুষকে যেতে হলে তার ব্যবস্থা করতে হয়, তারপর যায়। তাই একটা খোলা এলাকা, খোলা মাঠকে একটা শহরের সাথে যোগ করে দিয়ে হিসাব করে যদি দেখেন যে পার একর ৭০ জন হয়ে গেল, একটা খোলামেলা শহর হয়ে গেল, রাস্তাঘাট বড় হয়ে গেল, জনস্বাস্থ্য বড় হয়ে গেল, সেটা যে কিসের হিসাব, সেই হিসাবটা আমার মাথায় ঢোকে নি। প্রথমত হাওড়া মিউনিসিপ্যালিটিকে কর্পোরেশন করার মধ্যে যদি বলতে পারতেন এত টাকা হাওড়া ডেভালপমেন্ট-এর জন্য ঠিক করেছেন, টাকাগুলো এইভাবে আসবে এবং হাওড়া মিউনিসিপ্যালিটির এই আয় ছিল, বালি মিউনিসিপ্যালিটির এই আয় ছিল, সাধারণ মানুষের উপর ট্যাক্স না করে এই দুটো মিউনিসিপ্যালিটিকে এবং গ্রামাঞ্চল এলাকাকে জুড়ে দিয়ে যে কর্পোরেশন করছেন, তার আর্থিক আয়ের ব্যবস্থা এই দিক দিয়ে বাড়িয়ে দিচ্ছেন এইভাবে তারা টাকা পাবে এবং সেই টাকা দিয়ে তারা কর্পোরেশনকে উন্নয়ন করবে, তাহলে বুঝতাম যে তাদের একটা বাস্তব দৃষ্টিভঙ্গী আছে। খালি তিনটি এলাকা জুড়ে দিলেন, হিসাব করে বুঝিয়ে দিলেন যে ওখানে ফাঁকা এলাকা, এখানে ঘিঞ্জি এলাকা—এই ঘিঞ্জি এলাকার সঙ্গে ফাঁকা এলাকা জুড়ে দিলে মানুষ সুখে থাকবে, মানুষ বাতাস পাবে। এই হিসাব আজকের

দিনে, বৈজ্ঞানিক যুগে চলে না, সেই হিসাব অচল হিসাব. এই হিসাবকে দিয়ে একটা বিলকে পাশ করানোর যে অপচেষ্টা, সেই অপচেষ্টা না করাই ভাল। সত্যি কথা সত্যভাবে বলা ভাল, যে সত্যকথাটা হচ্ছে যে, এই হাওড়া কলকাতার পার্শ্ববর্তী এলাকা, হাওড়ার উন্নয়ন আমরা কিছু করতে পারি নি এবং লোকের মধ্যে ধারনাটা আমরা সৃষ্টি করতে চাই—কংগ্রেসের তরফ থেকে তা হচ্ছে যে দেখো হাওড়াবাসী, দেখো বালীবাসী তোমাদের যে উন্নতি করতে পারি নি, তার একমাত্র কারণ মিউনিসিপ্যালিটি তোমাদের ছিল। তোমাদের জুড়ে দিয়ে যদি একটা কর্পোরেশন করতে পারি তাহলে হাওড়াকে স্বর্গরাজ্যে পরিণত করতে পারবো, এই ভাঁওতা হচ্ছে তার একমাত্র কারণ। কারণ আগামী দেড় বছর পরে নির্বাচন আসছে, সাধারণ নির্বাচন, সেই নির্বাচনের আগে এই বিলটা পাশ হবে. হাওড়াবাসীর সামনে যাবে, দেখ আমরা কত কাজ করেছি, হাওড়ার দরদে আমাদের প্রাণ কেঁদে উঠছে। যদিও এটা ফজলুর রহমানসাহেব এনেছেন, এর পেছনের মাথাটা আমার মনে হয় শৈলবাবুর মাথা এবং ফজলুর রহমানের পাশে উনি বসে আছেন। কারণ হাওড়ার তিনিই আসলে লোক, হাওড়ার কংগ্রেসী রাজনীতিকে তিনি চালান। তাই তিনি জানেন যে হাওড়াবাসীর বিক্ষোভ কোথায়? হাওড়া শহর আজকে যেখানে পেঁচৈছে, হাওড়ার পার্শ্ববর্তী এলাকা যেখানে গিয়ে পেঁচৈছে, তাতে হাওড়াবাসীর মধ্যে বিক্ষোভ দেখা দেবে, তা তিনি জানেন এবং সেই বিক্ষোভকে উপশম করতে হলে সৎ পথে চলে তাকে উপশম করার চেষ্টা শৈলবাবুর নেই এবং কোনদিন ছিল না। তাই আজকে হাওড়াবাসীর কাছে তুলে ধরেছেন—দেখ, আমি অর্থমন্ত্রী হওয়া মাত্র—আগে দেড়-দু-বছর অর্থমন্ত্রী ছিলাম না, অর্থমন্ত্রী হওয়ামাত্র হাওড়ার জন্য কর্পোরেশন আমি নিয়ে এলাম। প্রত্যেকবার আমাকে ভোট দাও। আমি হাওড়া কর্পোরেশনকে সাজিয়ে গুছিয়ে ঠিক করে দেবো, তারপর এই বিল আনার আমাদের সামনে কোন অর্থ হয় নি। টাকার কোনও সংস্থান নেই, ব্যবস্থার কোন সংস্থান নেই, কিভাবে হাওড়া শহরের হিন্দু এলাকাকে সরিয়ে দেবেন পার একর ৭০ জন কি করে করবেন? হাওড়া শহরের এলাকা ভিত্তিক লোকগুলোকে কি জগাছা থানায় নিয়ে চলে যাবেন? সেই লোকগুলোর ওখানে যে জীবিকা ছিল, সেই জীবিকার কি ব্যবস্থা হবে? ওখানকার ব্যবসাদার, দিনমজুর, ওখানে থাকলে কি করবে? পুনর্বসতির যে বিরাট ব্যবস্থা, সেই ব্যবস্থার যে ব্যয়, সেই ব্যয়ের কথা চিন্তা করতে হয়, আপনারা, উদ্বাস্তুরা যারা এসেছিল, তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারেননি, স্বর্ণশিল্পীরা বেকার হয়েছে, তাদের কিছু করতে পারেন নি, রাস্তায়-ঘাটে তাদের ফেলে রেখেছেন। এক এলাকা থেকে মানুষ যখন অন্য এলাকায় উৎখাত হয়ে চলে গেছে, তাদের কোনও পুনর্বসতি দিতে পারেন নি, আর হাওড়ার ঘিঞ্জি এলাকা থেকে মানুষকে তুলে নিয়ে গিয়ে জগাছা এলাকায়, তাদের সেখানে ঘরবাড়ি করে দেবেন, চাকরি বাকরী করে দেবেন, এটা কেউ বিশ্বাস করবে না। এটা ভুল এবং ভাওতা, মানুষের সামনে ধরে তুলবেন না। মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন নামের পার্থক্য আমাদের কাছে নেই। মিউনিসিপ্যালিটিতেও ভাল কাজ করা যায়, কর্পোরেশন নাম হয়ে গেলেই ভাল হয়ে যাবে, এটা আমরা বিশ্বাস করি না। কর্পোরেশন অ্যাক্ট অনুযায়ী যদি আনা যায়, তাহলে এই কর্পোরেশনকে আরও সরকারের কুক্ষিগত করা যায়, এছাড়া নতুন কোনও ব্যাপার নয়। আর একটা ব্যাপার হয়, সেটা হচ্ছে এই কর্পোরেশন-এর নামে যদি কিছু বাড়তি টাকা আসে, সেই টাকা আনচান হয়ে যাবার সম্ভাবনা থাকে এবং সেই সম্ভাবনা এই আইনের মাধ্যমে থাকবে। এই আইনটা তাড়াহুড়ো করে আনার কোনও দরকার করে না। কারণ যদি বুঝতাম যে ক্যালকাটা কর্পোরেশন এবং ক্যালকাটা মিউনিসিপ্যালিটির আইনের মাধ্যমে কলকাতার উন্নয়ন সম্ভবপর হয়িছে এবং হাওড়ার উন্নয়ন যে সম্ভব নয়, তার একমাত্র বাধা হল মিউনিসিপ্যাল অ্যাক্ট এবং কলকাতার আইন যদি সেখানে চালু করা যায়, তাকে যদি কর্পোরেশন করা যায়, তাহলে হাওড়ার উন্নতি হয়ে যাবে এমন যদি বুঝতাম, আমাদের বোঝাতে পারতেন, তাহলে এই আইন সানন্দে আমরা পাশ করে দিতাম। কিন্তু মিউনিসিপ্যালিটিকে কর্পোরেশন করলে, এলাকা বাড়ালে, তার উন্নতি হয়ে যাবে, এটা আমি বিশ্বাস করি না। উন্নতি যদি করতে চান—হাওড়াকে যদি উন্নত করতে চান, বালীর উন্নয়ন যদি করতে চান, হাওড়ার সংলগ্ন এলাকার যদি উন্নয়ন চান, তার স্কিমটা যদি সাথে সাথে

বলে দিতে পারেন, যে টাকা এইভাবে আসবে, শহরতলী এইভাবে গড়ে উঠবে, কনজারভেন্সি এই ভাবে হবে, ওয়াটার সাপ্লাই এইভাবে হবে, এমপ্লয়মেন্ট এইভাবে হবে, হাওড়ার ঘিঞ্জি এইভা সরিয়ে দেবো, রাস্তাঘাট এইভাবে হবে, এত টাকা লাগবে, তাহলে এটা বুঝতে পারতাম যে পেছ একটা বৈজ্ঞানিক যুক্তি রয়েছে, বৈজ্ঞানিক মন রয়েছে, সেগুলো ওদের নেই, বৈজ্ঞানিক যুক্তি নে যখন যা খেয়ালখুসী তখন তা করাই হচ্ছে ওদের একমাত্র কাজ। মাথায় এসেছে হাওড়া কর্পোরেশন করতে হবে, সুতরাং করে দাও! আবার হয়তো কিছুদিন বাদে দেখবো এই আই বাতিল হয়ে গেল, কার্যকর হল না এবং মিউনিসিপ্যালিটি হয়তো আবার রয়ে গেল, তা আপনার মাধ্যমে যে কথাটা অত্যন্ত জোর দিয়ে বলতে চাই, তা হচ্ছে এই জনসাধারণের অর্থে বৃথা অপচয় যেন না হয়। আমরা কলকাতার নরকে বাস করছি, ক্যালকাটা মিউনিসিপ্যালি থাকা সত্ত্বেও, কলকাতা কর্পোরেশন হওয়া সত্ত্বেও আজ কলকাতার মানুষ, কলকাতার নর ভুগছে, কলকাতার মানুষের পৌর জীবনে যে কি অব্যবস্থা, তার সাথে আপনার সম্পর্ক রয়ে এবং সেটা কোন পথে যাচ্ছে তার সঙ্গে আপনার সংস্পর্শ রয়েছে, হাওড়ার পৌরজীবনের জঞ্জালগুলো রয়েছে, সেই জঞ্জাল থেকে হাওড়াকে বাঁচাবার একমাত্র পথ হাওড়াকে কর্পোরেশ করে, হাওড়া মিউনিসিপ্যালিটি নামকে পাল্টিয়ে দিয়ে কর্পোরেশন করার এ ভাঁওতা যেন মা মহাশয় আমাদের না দেন। যদি এই তিনি আমাদের বোঝাতে পারেন, যে এইভাবে আম হাওড়া মিউনিসিপ্যালিটি উন্নয়ন করবো, টাকা এইভাবে আসবে, হাওড়ার উন্নতি এইভাবে আসে আমরা সানন্দে তাকে সমর্থন জানাবো। আর তা না করে ভাঁওতা দেবার জন্যে হাওড়ার মানুষ গ্রামাঞ্চলের মানুষকে এইভাবে এনে ট্যাক্স-এর বোঝা তাদের ঘাড়ে চাপিয়ে দেওয়া, তাদের ম কোনও অ্যামিনিটিস থাকে না, যা টালিগঞ্জ মিউনিসিপ্যালিটির মানুষগুলোর হয়েছে, তাদে উপর ট্যাক্সেসন হয়েছে, ক্যালকাটা কর্পোরেশন অনুযায়ী, কিন্তু অ্যামিনিটিস তারা পাচ্ছে ন গ্রামাঞ্চলের মানুষকে টেনে নিয়ে আসছেন, অ্যামিনিটিস তারা পাবে না।

আমরা জানি যে, একটি দেশ যখন উন্নতির দিকে অগ্রসর হয়, তখন সেই দেশের, গ্রামাঞ্চ মানুষ ভাবে যে আমার এলাকায় মিউনিসিপ্যালিটি গড়ে উঠুক। কিন্তু বাংলাদেশের মানু চিন্তাধারা আজ কোথায় গেছে? আপনি যদি একটা মিউনিসিপ্যাল এলাকার পাশের এলাক মানুষকে জিজ্ঞাসা করেন যে তোমাদের এলাকায় যদি মিউনিসিপ্যালিটি প্রসারিত হয়, তোম খুসী হবে, না দুঃখিত হবে। সে একটা জবাব আপনাকে দেবে যে আমরা দুঃখিত হ আনন্দিত হবো না। কারণ আমাদের যে পাশের মিউনিসিপ্যাল এলাকা সেখানে সেই মানু গুলোর উপর ট্যাক্স-এর ভার আছে, কিন্তু মিউনিসিপ্যালিটির যে সুযোগ-সুবিধা দরক সেই সুবিধা তারা পাচ্ছে না। জলের সুবিধা, রাস্তাঘাটের সুবিধা, বাতির সুবি তারা পাচ্ছে না। তাই মিউনিসিপ্যালিটি গড়ে ওঠার যে মনোভাব একটা উন্নতিশীল দেশের যেই দেশটা গড়ে উঠছে, সেই দেশের মানুষের মধ্যে গড়ে ওঠে, আমাদের দেশে তার উলটো হ উলটো হচ্ছে এই জন্য যে গত ১৭-১৮ বছরে কংগ্রেস সরকার কোনও এলাকার উন্নয়ন কর পারেন নি, ট্যাক্স-এর বোঝা মানুষের ঘাড়ে পড়েছে, কোনও এলাকা ভিত্তিক উন্নয়ন করতে পা নি, তাই শেষ কথা আপনার মাধ্যমে বলতে চাই, তাড়াহুড়ো করে বিল আনবেন না মিউনি প্যালিটিকে কর্পোরেশন নাম দিলেই সমস্যার সমাধান হবে না, ভাল করে ভাবুন, চিন্তা করু দলবাজীর জায়গা নয় এটা, মানুষের মঙ্গল করার জায়গা, সেদিকে দৃষ্টি রাখুন, সামগ্রিকভ সংশোধন করে সারা পশ্চিমবাংলার জন্য মিউনিসিপ্যাল আইন তৈরি করুন, মানুষ আশীব করবে, যে আশীর্বাদের কথা আপনি বললেন, সেই আশীর্বাদ কর্পোরেশন করলে মানুষ কর না। আশীর্বাদ করবে সামগ্রিকভাবে মিউনিসিপ্যাল আইনকে পরিবর্তন করে ঠিকভাবে স্বা শাসন সংস্থাগুলোকে যদি গড়ে তুলতে পারেন, আর্থিক যোগান যদি আপনারা দিতে পা এবং তার উন্নয়নের ব্যবস্থা যদি করতে পারেন, তাহলেই মানুষ আশীর্বাদ করবে, এই কথা ব এই বিলকে জনমত সংগ্রহের জন্য বিলিব্যবস্থা করা হোক, এই কথা বলে আমি আমার ব শেষ করছি।

[At this stage the House was adjourned for half-an-hour.]

[AFTER ADJOURNMENT.]

[4-30—4-40 p.m.]

Shri Anadi Das:

মিঃ স্পীকার, স্যার, আজকে হাওড়া মিউনিসিপ্যাল বিল উত্থাপন করে মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যেটা বলতে চেয়েছেন তার একমাত্র উদ্দেশ্য আমাদের কাছে যেটা মনে হয়েছে সেটা হচ্ছে কিছু নতুন এলাকা যোগ করলে পশ্চিম হাওড়ার যে মিউনিসিপ্যাল অ্যামিনিটিজ সেটা নাকি বেশী করে পাওয়া যাবে। এছাড়া অন্য কোন উদ্দেশ্য তিনি ব্যাখ্যা করেন নি। লোক বেড়েছে, সুতরাং কি করা যায়, কিছু অ্যাডেড এরিয়া চাই। বালি মিউনিসিপ্যালিটির ডেন্সিটি অফ পপুলেশান বেশী। কাজেই সেটাকে হাওড়া মিউনিসিপ্যালিটির সঙ্গে যুক্ত করে দেওয়া হোক, তাহলে সেটা ডিভাইজড হয়ে যাবে। এই একমাত্র উদ্দেশ্য যা তিনি বলেছেন। জেনারেল অ্যাডমিনিস্ট্রেশান ভাল হবে, অ্যামিনিটিজ বেশী পাওয়া যাবে, এই কথার উপর গুরুত্ব তিনি তাঁর বক্তৃতায় দেন নি। আমরা বিলটা সার্কুলেশানে দেওয়ার জন্য বক্তৃতা করতে উঠে যতখানি গুরুত্ব দিয়েছি ততখানি গুরুত্ব মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তৃতায় পাওয়া যায় নি। হাওড়া কর্পোরেশন করার ফলে হাওড়ার জনসাধারণের ভবিষ্যৎ কি হবে কতটুকু উন্নতি হবে সেটা শুধু এই কথা শুনলেই বুঝতে পারা যায়। স্যার, আমি এই কথা বলতে চাই যে কোন আইনকে বিচার করতে গেলে সাধারণ লোক এই আইনকে কোন দৃষ্টিতে দেখছে তারা মনে মনে কি বলছে বা প্রকাশ করছে এটাকে বিচার করা দরকার। যদি হাওড়ার লোকের কাছে যান তাহলে শুনতে পাবেন তারা একটা কথাই বলছে যে মিউনিসিপ্যালিটি কর্পোরেশন হচ্ছে বটে কিন্তু কর্পোরেশন হলে আমাদের একমাত্র ট্যাক্স বেশী হবে। এছাড়া আর কোন জিনিস তারা চিন্তা করতে পারছে না। হাওড়া শহর কিভাবে তৈরি হয়েছিল—যে কোন জায়গা খানাডোবায় ভর্তি ছিল, লোক এসে নিজেদের উননের ছাই, অন্যান্য জঞ্জাল দিয়ে খানাডোবা ভর্তি করে বসবাস করেছে. এইভাবে তারা নতুন শহর তৈরি করেছে। যে মিউনিসিপ্যালিটি হয়েছিল সেই মিউনিসিপ্যালিটি তার অধিবাসীকে এমন কিছু বেশী অ্যামেনিটিজ দেয় নি। আজ তারা ভাবছে এই কর্পোরেশান হওয়ার ফলে আমরা যারা এত কষ্ট করে সারা জীবন বংশপরম্পরায় একদিন, অর্ধ দিনে নয়, জঞ্জাল ভর্তি করে জঙ্গল কেটে এই শহর তৈরি করলাম আমাদের বোধ হয় আর কর্পোরেশানের মধ্যে থাকার জায়গা হবে না। শহর যখন জঙ্গল ছিল তখন আমরা ছিলাম, শহর যখন খারাপ ছিল তখন আমরা ছিলাম, শহর যদি ভাল হয় তাহলে সেই ভালটা ভোগ করবার অধিকার আমাদের থাকবে না। এই কথা সাধারণ মানুষ চিন্তা করছে। আপনারা বলছেন যে কিছু নতুন জায়গা এনে দিলেই আমাদের অ্যামেনিটিজ বেশী দেওয়া যাবে। এক নম্বর ওয়ার্ডে অনেক জায়গা যোগ করার ফলে ৯ বছরের মধ্যে সেখানে কি উন্নতি হয়েছে সেটা শৈলবাবু জানেন। সেই জায়গাটা যদি একবার পরিক্রম করেন তাহলে দেখবেন সেখানে এই ৯ বছর ধরে তারা ট্যাক্সের পর ট্যাক্স দিচ্ছে কিন্তু সেখানে একটা রাস্তাও তৈরি হয় নি। টিউবওয়েল বসাচ্ছেন ড্রেনের উপর, আর ভাল জায়গা নাই। এটা কোন্ স্বাস্থ্যসম্মত বিধান অনুযায়ী হল? সেখানে ড্রেনের জল চুঁইয়ে চুঁইয়ে ভেতরে যাচ্ছে। আলো এতটুকু দেয় নাই। আর কি হয়েছে? আর একটা জিনিসে আমরা আতঙ্কিত হচ্ছি। সেটা হলো অ্যাডেড এরিয়া, যেখানে বর্ষার সময় আগে জল জমতো না, কিন্তু মিউনিসিপ্যালিটি হবার পর সেখানে রাস্তায় জল জমতে আরম্ভ করেছে, অ্যাডিশন এইটুকু হয়েছে —সেখানে রাস্তা হয় নাই, ড্রেনের কোন ব্যবস্থা হয় নাই, পানীয় জলের ব্যবস্থা হয় নাই, কনজারভেন্সির ব্যবস্থা হয় নাই। ভাল ব্যবস্থা এইটুকু হয়েছে আগে যেখানে রাস্তায় জল জমতো না, সেখানে এখন জল জমতে আরম্ভ করেছে। এই অবস্থার ফলে সেখানকার লোক ভাবছে যে, কর্পোরেশন বলে আবার আর একটা নূতন জিনিস আমাদের উপর যে চাপিয়ে দেবার ব্যবস্থা হচ্ছে, তার পরিণাম কি? তারা চাচ্ছেনা সেটা। বর্তমানে দুটো দিক তাদের মনে পড়ছে। একদিকে তাদের অ্যামিনিটিস চাই। সকালবেলা উঠে দেখবেন হাওড়ার সমস্ত লোক ঐ লাইনের ধারগুলি ভর্তি করে বসে আছে, আর ঐ ড্রেনের ধারে দেখবেন, বাচ্চা ছেলেরা বসেছে। এই আপনারা করেছেন এতদিন ধরে মিউনিসিপ্যালিটি করে এবং এই দশ বছরে এই অ্যাডেড এরিয়া যেটা—তাতে এই কাণ্ডটা করেছেন। সকালবেলা লোক মাটি হাতে নিয়ে ড্রেনের ধারে ধারে লাইন করে বসছে। কি করে বসে যায়? এখন তারা ভাবছে আমাদের ঘাড়ে মিউনিসিপ্যাল

কর্পোরেশন আসার ফলে ট্যাক্সেশন-এর হার বাড়ছে, কিন্তু কোন উন্নতি হবে না। আর উন্নতি যদিও হয়, তবে যে অ্যাটিচুড-এ সমস্ত জিনিসটা পরিচালিত হয়, সেই উন্নতি ভোগ করবার মত আমরা থাকবো না। হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট হয়েছে, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট রাস্তা করবার পরিকল্পনা করেছেন এবং পরিকল্পনা করে সেটা অনেক কুঁড়ে ঘরের উপর দিয়ে চালাচ্ছেন। লোকে প্রশ্ন করছে—এই যে রাস্তা তাঁরা তৈরি করছেন, এর মধ্যে সুবিধাটা কি হচ্ছে? আমাদের ঘরদোরগুলি ভাঙ্গা হচ্ছে অথচ দেখছি রাস্তাগুলি আঁকিয়ে-বাঁকিয়ে নেওয়া হচ্ছে জিগ-জ্যাগ কোর্স-এ হচ্ছে, স্ট্রেট হচ্ছে না। অর্থশালী লোক, প্রভাবশালী লোক তাঁরা, তাঁদের নিজেদের সম্পত্তি বাঁচাবার জন্য এই খেলা তাঁরা খেলছেন। আর রাস্তা যেখানে হচ্ছে না, সেখানে রাস্তার জন্য ডেভালপমেন্ট ফি নিয়ে আরো নূতন এলাকা নেওয়া হচ্ছে। ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর চেয়ারম্যানের সঙ্গে যখন আমরা দেখা করলাম, তিনি বললেন যে, আমরা এত বড় একটা রাস্তা তৈরি করবো—একশো ফুট চওড়া রাস্তা হবে, আর তার পাশে বস্তি থাকবে? তাতো হতে পারে না। তাহলে যে বিউটি অফ দি টাউন উইল বি লস্ট। সেইজন্য বস্তির উচ্ছেদ হওয়া উচিত। অথচ তার জন্য অলটারনেটিভ কোন ব্যবস্থা নাই। এই হচ্ছে তাদের দৃষ্টিভঙ্গী। শহরকে যদি সুন্দর করতে হয়, তাহলে গরীব লোকের ঘরবাড়িগুলি ভেঙ্গেচুরে নষ্ট করতে হবে। করুন। যাদের বাড়িঘরদোর গেল, তারা বলছে—আমাদের বসবাসের বিকল্প জায়গার ব্যবস্থা করুন। আর কর্তৃপক্ষ বলছেন আমরা তো দাম দিচ্ছি বারশো, তেরশো টাকা দাম দিচ্ছি। দাম তো খুব দিচ্ছেন! চার-পাঁচ হাজার টাকা পর্যন্ত যে জায়গায় দাম, সেখানে বলছেন বারশো টাকা দাম দিচ্ছি। এই দাম যা আপনারা দিচ্ছেন, তা অত্যন্ত কম। উপরন্তু এই দামে ঐরকম জমি পাবো কোথায়? ঘরবাড়ির দামও তাতে হয় না। জমির দাম এত অল্প করে দিচ্ছেন কেন? আরো বেশী দেওয়া উচিত। আপনাদের কোন পরিকল্পনা নাই যে এই জায়গার বদলে আর অন্য নূতন জায়গা পেতে পারে কনজেস্টেড জায়গায়। আপনাদের এই দৃষ্টিভঙ্গী দেখে আশঙ্কা হচ্ছে যে হাওড়া কর্পোরেশন যদি হয়, তাহলে দুটো জিনিস হবে। একটা হবে ট্যাক্সের পরিমাণ বাড়বে সেইমত অ্যামি-

[4-40—4-50 p.m.]

নিটিস আমরা পাব না। আর যদি কিছু অ্যামিনিটিস হয় তাহলে সেগুলি ভোগ করবার জন্য আমরা আর থাকব না, আমাকে হাওড়ার বাইরে কোথাও গিয়ে জায়গা নিতে হবে। স্যার, কোন আইন বিচার করতে গেলে সাধারণ মানুষ, গরীব মানুষ কোন্ দৃষ্টিভঙ্গী থেকে বিচার করবে সেটাই হচ্ছে বিচারের একমাত্র মাপকাঠি। আপনারা যতই গালভরা কথা বলুন না কেন তাতে কিছু আসবে যাবে না। তারপর, যেসব জায়গায় স্কীম তৈরি হয় নি, শুধু কাগজ কলমে চালু হয়েছে তারা বলছে আমরা শেষ পর্যন্ত আর থাকতে পারব না। বিরাট বিত্তশালী লোকেরা এসে বিরাট বিরাট অট্টালিকা তৈরি করবে এবং আমরা তার আড়ালে কোথায় তলিয়ে যাব। এই দৃষ্টিভঙ্গী যতক্ষণ না পরিবর্তন হচ্ছে ততক্ষণ পর্যন্ত কর্পোরেশন করুন আর মিউনিসিপ্যালিটিই করুন কোনটাতে কোন কাজ হবে না। তারপর, হাওড়ার জল সরবরাহের অবস্থা সম্বন্ধে দেখছি সেখানে যখন চার লক্ষ লোক ছিল তখন যে অবস্থা ছিল আজ যেখানে পাঁচ লক্ষ বাস করে সেখানে জল সরবরাহের স্কীম সেইরকম অবস্থায়ই আছে। আমি জিজ্ঞাসা করি সেখানে যে জল সরবরাহের পরিমাণ বাড়ল না সেটা কি কর্পোরেশন না থেকে মিউনিসিপ্যালিটি ছিল বলে, না আপনাদের উপযুক্ত পরিকল্পনা নেই বলে? কিন্তু আশ্চর্যের বিষয় সেই পরিকল্পনা কাজে লাগাবার জন্য যে যে ব্যবস্থা করা দরকার সেটা আপনারা করেন নি। স্বায়ত্বশাসনের ক্ষেত্রে আমরা যে লড়েছিলাম তার কারণ হচ্ছে এবং উদ্দেশ্য হচ্ছে ইংরেজের অনিচ্ছুক হাত থেকে, সাম্রাজ্যবাদীদের অনিচ্ছুক হাত থেকে আমরা যতটা পারি ক্ষমতা আদায় করে নেই। আজকে আপনারা যা করছেন তাতে সেই উদ্দেশ্যের কথা শুনি বটে, কিন্তু কেমন করে লোকের কাছ থেকে আরও বেশী করে কো-অপারেশন পাব এবং সেটা পেয়ে কেমন করে এই কাজগুলি সুষ্ঠুভাবে এবং অল্প সঙ্গতির মধ্যে করব সেই দৃষ্টিভঙ্গী আপনাদের নেই। বরং দেখছি সহযোগিতা কেমন করে না পাওয়া যায় তার পরোক্ষ প্রচেষ্টা চলছে, শুধু নামটি রাখা হয়েছে স্বায়ত্বশাসন এবং বলা হচ্ছে তোমাদের স্বায়ত্বশাসন, তোমরা ট্যাক্স দেবে, তোমরা করবে। স্যার, সেদিন বৃটিশ গভর্নমেন্ট স্বায়ত্বশাসনের অধিকার দেয় নি, কিন্তু আজ যখন সেটা করা হোল তখন বলা হচ্ছে আমরা যে ট্যাক্স নেই সেটা ছাড়া বাড়তি ট্যাক্স দিয়ে তোমরা এর উন্নতি কর, তা না হলে ডেভলপমেন্ট স্কীম করা যাবে না।

ţ আমরা কি দেখছি? আমরা দেখছি কল্যাণী ডেভলপ করেছে, কিন্তু সেখানে মিউনিসি-
লটি নেই, দীঘা ডেভলপ করছে, কিন্তু সেখানে মিউনিসিপ্যালিটি নেই। উন্নতি সেখানে
কিনা জানি না, কিন্তু আপনারা সেখানে পরিকল্পনা করছেন। কাজেই দেখা যায় পরি-
না থাকলে এবং জনসাধারণের উপর দরদ থাকলে কাজ হতে পারে। শুধু মিউনিসিপ্যালিটি
কর্পোরেশন এই দুটি নামের জন্য স্বায়ত্বশাসনের উন্নতি আটকে নেই, আটকে আছে আপনা-
মনোভাবের পার্থক্যের জন্য, দৃষ্টিভঙ্গীর পার্থক্যের জন্য। আপনাদের দৃষ্টিভঙ্গী জনতার
নেই বলে সমস্ত কাজ আটকে আছে এবং কর্পোরেশন আইন হলেই যে এটা থাকবে না তা
আপনারা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট করে ঘরগুলি ভাঙ্গছেন। ঘরের দাম দিচ্ছেন বটে, কিন্তু
ন ছোট দোকানদার যার দোকানঘর ভাঙ্গা হোল সে যদি দোকান না পায় তাহলে জীবিকা
হবে। একজন লোক লেদ মেসিন বসাল, কিন্তু তার জায়গা যদি চলে যায় তাহলে তার
বকা নষ্ট হবে। এইসব কারণে আমি বলেছি এটাকে জনমত সংগ্রহের জন্য দেওয়া হোক।
পর, কানাইবাবু মাস্টারপ্ল্যান সম্বন্ধে বলেছেন যে, হাওড়ার অধিবাসীরা মাস্টার প্ল্যান,
ার প্ল্যান বলে চীৎকার করা সত্ত্বেও আপনারা সেই মাস্টার প্ল্যান বার করেন নি। অন্য
গায় মাস্টার প্ল্যান না থাকা সত্ত্বেও স্পেকুলেশন অফ ল্যান্ড হচ্ছে। আপনারা একজন লোকের
? নিলেন, কিন্তু আর একটা জমি সংগ্রহ করে কোথায় সে বাড়ি করবে সেটা আপনারা
ছেন না।

(এই সময় মাননীয় স্পীকার-এর নির্দেশে মাননীয় সদস্য তাঁর আসন গ্রহণ করেন।)

Shri Rabindra Nath Mukhopadhyay:

নে যে আলোচনা হল, প্রধান দুই তিনটা দিক সম্পর্কে যে সন্দেহ উঠেছে, তারই জবাব
াবতঃই আমি আশা করবো সরকারের কাছ থেকে। এই বিল মারফত যেটা তাঁরা করতে
ছন, আমি এটাই বুঝেছি যে কর্পোরেশন করছেন, মিউনিসিপ্যালিটি নামের পরিবর্তে। কিন্তু
বিলের মধ্যে আমরা যেটা চাই, সেটা হল, স্বায়ত্বশাসনের ক্ষেত্রে গণতন্ত্র প্রসারিত হোক, সাধারণ
ষের হাতে, সাধারণ করদাতাদের হাতে ক্ষমতা ক্রমাগত প্রসারিত হতে থাকুক, তাদের হাতে
ও ক্ষমতা আসতে থাকুক এটাই আমরা চাই, এটাই ছিল চিরকালের লক্ষ্য এবং উদ্দেশ্য।
ীনতা আন্দোলনের গোড়া থেকে এটাই ছিল প্রধান বক্তব্য। আর যতদিন যাচ্ছে, আমরা
া করে দেখছি যে, প্রত্যেকটি জায়গায় সরকার মিউনিসিপ্যালিটিগুলিতে এবং বিশেষ করে
র্পোরেশনের আইনের মধ্য দিয়ে কলকাতা কর্পোরেশনকে আস্তে আস্তে একটা ডিপার্টমেন্টে
ণত করতে যাচ্ছেন। আমাদের এখানে প্রধান একটা আপত্তি বরাবরই ছিল এবং আজও সেই
ঙ্কাই থেকে যাচ্ছে। শুধু প্রশাসনিক ব্যাপারে নয়, মূল ব্যাপারটা হচ্ছে, জনসাধারণ
ীনতাকে আস্বাদ করতে চায় দৈনন্দিন ক্ষমতাকে তাদের হাতে নিয়ে, সেই ক্ষমতাকে তারা
বাদ করতে চায়, সেই ক্ষমতা দিনের পর দিন তাদের হাত থেকে চলে যাচ্ছে।

তৃতীয় কথা হচ্ছে—অনেকে বলছেন এই কর্পোরেশন নামে কি আসে যায়? এই প্রসঙ্গে একটা
উত্তর দিই। ইতিপূর্বে শৈলবাবু যখন স্বায়ত্বশাসনের মন্ত্রী হলেন তখন আমি কয়েকটি
গায় তাঁর বক্তৃতা শুনতে লাগলাম, তিনি যা বলতেন তার শতকরা যদি এক ভাগই এসে
ছুত তাহলেও খুসী হতে পারতাম। তিনি যেখানেই গিয়েছেন ১৯৬২ সালের পর থেকে সেখানে
ন বলেছেন তিনি সব জায়গায় জীবনের একটা স্পন্দন অনুভব করছেন এবং তিনি স্বপ্ন
খছেন কল্পনা করেছেন যে মিউনিসিপ্যালিটিগুলি কিভাবে অতি দ্রুতভাবে এগিয়ে চলেছে,
বির্তিত হতে চলেছে। তিনি এইসমস্ত কথাই বলতেন। তখন সম্ভবত বুঝেন নি আমরা
ন বুঝেছিলাম এবং আমাদের অনেক বন্ধুরা বুঝেন নি, কিন্তু এখন আস্তে আস্তে
তে আরম্ভ করেছেন মন্ত্রী হবার পর কথা বলার মধ্যে যদি আদর্শবাদ না থাকে, লক্ষ্য না থাকে
লে সেখানে আদৌ পৌঁছান যায় না। কলকাতা কর্পোরেশনের নির্বাচনের সময় শুনেছিলাম
াদের অতুল্যবাবুর বৈরাগ্য এসেছে, কলকাতা কর্পোরেশনে রাজনীতি আছে একথা ঠিক নয়।
ন তিনি এবং তারই হুকুমে গত ৪-৫ বছর যাবৎ অন্যান্য যারা নির্বাচিত প্রতিনিধি ছিলেন
দর কোন স্ট্যান্ডিং কমিটি বা অন্য জায়গায় না রাখারই চূড়ান্ত ব্যবস্থা তিনি করেছিলেন।
লকশনের আগে এক অ্যাটিচুড আর ইলেকশনের পরে আর এক অ্যাটিচুড। আমি এটুকু জানতে

াই যে কলকাতা কর্পোরেশনের মত বা হাওড়া কর্পোরেশন যা হতে চলেছে, সেটা আপনারা ভোটের জোরে পাশ করুন কিন্তু আমার কাছে মিউনিসিপ্যালিটির বদলে কর্পোরেশন এই নামের কান মোহ নাই। মোটকথা হচ্ছে সেখানে কি করে সংখ্যাগরিষ্ঠ বা সংখ্যালঘিষ্ঠ যা হোক না কেন

4-50—5 p.m.]

তারা সকলেই কর্পোরেশন রাজনীতি, অর্থনীতিতে স্বায়ত্বশাসনের মধ্যে সকলে সমানভাবে যাতে অংশগ্রহণ করতে পারেন এবং নিয়মকানুনের ব্যবস্থা তারা যদি করতে পারেন তবেই স্বায়ত্বশাসন-মূলক প্রতিষ্ঠান ভাল হতে পারে তা না হলে কিছুই নয়। কর্পোরেশন সম্পর্কে একটা কথা উঠেছে এবং শুধু কর্পোরেশন নয় আমরা কিছু কাল যাবৎ কাগজে দেখছি কতকগুলি ছোট মিউনিসিপ্যালিটিকে ইন্টিগ্রেশন-এর মধ্য দিয়ে কর্পোরেশন-এ রূপান্তরিত করা হবে। আমরা জানতে চাই—মোট সমস্যা নামে নয় মোট সমস্যা হচ্ছে আর্থিক প্রশ্ন, মিউনিসিপ্যালিটি অর কর্পোরেশনকে ভাবে তারা জনসাধারণের করদাতাদের আধুনিক জীবনের সুখ সুবিধা এনে দেবে। বলেম যে প্রবলেমকে বাদ দিয়ে অন্য কথা বলা হয় তাহলে আজকের দিনে সে কথা সম্পূর্ণ অলীক বলে প্রমাণিত হবে, আজকে একটা ভাঙ্গা বাড়ির কার্নিসকে চাকচিক্য দিয়ে ভরিয়ে দেওয়া যায় তাতে যেমন ভগ্নাবশেষ অট্টালিকার কিছু হবে না এরূপ কর্পোরেশন নাম দিলে মৌলিক জিনিসের পরিবর্তন কিছু হবেনা। গ্রামাঞ্চলকে নিয়ে ঠিক করলেন যে প্রতি একরে ১০০ জন বাস করে সেখানে রাস্তাঘাট ইত্যাদির উদ্দেশ্যর মধ্য দিয়ে যে জায়গা আসছে সে জায়গা আঙ্কিক নিয়মে যে একর প্রতি ৭০ জন এসে দাঁড়ায় কিন্তু আসল অভিজ্ঞতা আমরা দেখলাম যে মিউনিসি-প্যাল অঞ্চলে যারা যারা আজও পর্যন্ত বাস করছেন সেখানে মিউনিসিপ্যালিটি যদি প্রসারিত হতে থাকে তা হলে সে মিউনিসিপ্যালিটি প্রসারিত হবার পর সে জায়গায় অধিবাসীদের অন্য জায়গায় চলে যেতে হয়েছে। সেখানকার উন্নয়ন প্রকল্পের বিরুদ্ধে আমি নই, কিন্তু সেখানকার লোক যাতে উচ্ছেদ হয়ে যাবে অন্য পাশের জায়গায় সে জায়গার কি গ্যারান্টি আছে যে কর্পো-রেশন-এ যারা বাস করছে অথবা তাদের যে কর্পোরেশন সে কর্পোরেশন-এর মধ্য দিয়ে কি করে ঘরবাড়ি করে বাস করবে সে গ্যারান্টি কোথায়? আমরা জানি, সাধারণ মানুষের হাত থেকে জমি ঘর চলে যাবে। গ্রাম ছেড়ে চলে যাবে এবং যাদের অর্থ আছে তারাই সেখানে আসবে। কর্পোরেশনে দেখলাম, ক্যালকাটা কর্পোরেশন-এর বাংলাদেশের মধ্যবিত্তের কাছে কলকাতায় ধূলিস্যাৎ হয়ে গেছে। কলকাতা এখন আর বাঙ্গালীদের হাতে নেই। ঠিক সেরকম অন্যত্র যেখানে কর্পোরেশন হবে সেখানে চৌদ্দ পুরুষের ভিটামাটি থেকে তারা উচ্ছেদ হয়ে যাবে, এই উচ্ছেদ যারা হবে তাদের জন্য কি বিশেষভাবে অন্যত্র জায়গা রাখা হবে বা যে কর্পোরেশন হবে সে কর্পোরেশন টাকা দিয়ে কে বসতি করতে পারবে সে সব কথা কোথাও নেই। সুতরাং আমরা জানতে চাই, যারা সেখানের চৌদ্দ পুরুষের ভিটামাটি থেকে উচ্ছেদ হবে তাদের কি গ্যারান্টি আছে? একটা উদাহরণ আমি দিই, বেহালার মিউনিসিপ্যালিটি সম্বন্ধে দিতে পারি। বেহালা মিউনিসিপ্যালিটি ১।১৪ স্কোয়ার মাইল এরিয়া একটা বিপুল অংশ প্রসারিত হবে সেখানে ধানক্ষেত এবং আগে এ ধান-ক্ষেতে চাষ হত সে ধানক্ষেতে দেড় দুই হাজার টাকা কাঠা হয়ে গেছে। মানুষ সেখানে গিয়ে বাস করতে বাধ্য হচ্ছে কর্পোরেশন হলে এভাবে চাষী উচ্ছেদ হবে, ধান ফলন উঠে যাবে এবং সে সব ক্ষেতগুলোয় গিয়ে লোকে যখন বসবাস করবে তার ডিম্যান্ড আনছে, আপনারা বলবেন যে ট্যাক্স দাও তারা বলবে জল দাও, আলো দাও, ড্রেন দাও, এভাবে আপনারা যে মিউনিসিপ্যালিটি গুলো নিয়েছেন সে পরিকল্পনার মধ্যে দেখা যায় যে চোদ্দ দুরুষের ভিটামাটি ছেড়ে তারা চলে যাবে এবং ধানক্ষেতে বাড়ি হবে তার ড্রেনেজ সম্পর্কে ব্যবস্থা কি হবে তা কেউ জানে না। আমাদের বাস্তব জীবনে এ ঘটনা ঘটছে পৌরশাসনের পরিবর্তন করতে কর্পোরেশন বা অন্য যে কোন নাম পরিবর্তন করে দিন না কেন জনসাধারণের সুখসুবিধা কিছু হবে না। আমরা সেজন্য জানতে চাই আর্থিক গ্যারান্টি কি? ফোর্ড ফাউন্ডেশন-এর কাছ থেকে টাকা ধারের কথা উঠেছে। শৈলবাবু তাঁর অভিনয়ের সুরে বলে থাকেন চিন্তা নেই সব হয়ে যাচ্ছে। পরিকল্পনার মধ্য দিয়ে এই সরকার যে অসঙ্গতি সে টাকা দেনার সুদে যে দিন কার্যকরী হবে সেদিন ঐ টাকা কি সেখানকার মানুষ বহন করবে? আমরা জানি সাধারণ গরীব মানুষ তারা এখান থেকে চলে যাবে এবং বাইরাগতরা এখানে আসবে। এছাড়া আর কোন পরিবর্তন হবে না। কর্পোরেশন এবং

মিউনিসিপ্যালিটি-এর আর্থিক ব্যবস্থা কি না ডাইরেক্ট ট্যাক্সেসন বাবদ। একমাত্র ডাইরেক্ট ট্যাক্সেশনই গতি। মন্ত্রিমহাশয় যখন কোন মিউনিসিপ্যালিটিতে যান তখন তিনি বলেন এ মিউনিসিপ্যালিটি অযোগ্য, কিন্তু প্রধান কথা হচ্ছে, যতরকম ট্যাক্স আছে সব নিয়ে নেবো এবং ডাইরেক্ট ট্যাক্স যেটা হবে তাদের সেটা দিয়ে বলবেন জল দাও, কল দাও, রাস্তাঘাট কর। এডুকেশন-এর ব্যবস্থা কর, পার্ক কর, ইত্যাদি কর, কিন্তু তা হয় না, কাজেই যে কোন ইনকাম সে সোর্স অফ ইনকাম তাদের বাড়াতে হবে। যে কায়দায় ঠিক গ্র্যান্ট তা গিয়ে পৌঁছায় না এবং তার জন্য যে ব্যবস্থা রেখেছেন যে, তার ফলে গ্র্যান্ট কি হয়ে যায়, সুতরাং এতে যে কত বৎসর লাগবে তা জানি না। কানাইবাবু বললেন যে, শতকরা ৭৫ ভাগের চেয়ে ট্যাক্স কম আদায় হয়েছিল বলে ইউ পি বোর্ড সে উৎখাত হয়ে গেল কিন্তু বেহালারটা দেখুন শতকরা ৩১ ভাগ ট্যাক্স আদায় হয় অথচ কিরকম চমৎকারভাবে সে চলছে। এর আর অন্য কোন কারণ নেই। একমাত্র কারণ যাই তারা কালেকশন করুন না কেন যেখানে কর্পোরেশন-এর ছাপ আছে সেখানে এক্জি-কিউটিভ অফিসার নেই দরাজ লুঠের ব্যবস্থা আছে। বেহালায় রাজনৈতিক কনফারেন্স হল, ভদ্রলোকের কিছু জমি নিয়েছিলেন। এইভাবে মিউনিসিপ্যালিটিও এই কর্পোরেশন চলছে, কে না চায় প্রসারিত রাজপথ হোক„ জল হোক স্যানিটেশন হোক এবং হাওড়ার মত ঘিঞ্জী অবস্থার পরিবর্তন হোক। আমি জানি বেহালা মিউনিসিপ্যালিটি হাওড়ার চেয়ে ভাল শুধু পপুলেশন এর দিক থেকে নয়, পায়খানা আনপ্ল্যান্ড ওয়েতে শহরে এটা কোন মানুষ চায় না, কিন্তু তার পরিবর্তন যদি করতে হয় হাওড়ায় যেসমস্ত মানুষ চোদ্দ পুরুষ ধরে ছিল তারা কর্পোরেশন-এর নামে উৎখাত হয়ে যাবে এবং সেখানে দেখা যাবে কলকাতা শহরের মত বাংলাদেশের একটা অংশ বার হয়ে গেল এবং সম্পদশালী লোক সেখানে এলো। এই রকমের মধ্য দিয়ে কোন মানুষ চায় না কর্পোরেশন গড়ে উঠুক, সেজন্য সারকুলেনশন-এ যে কথা উঠেছে যে সার্কুলেশন-এর মধ্যে দিয়ে এই প্রসঙ্গগুলোতে জনসাধারণের সম্মতি নিয়ে বিবেচনা করে দেখুন। এজন্য একথা বলে আমি শেষ করছি।

[5—5-10 p.m.]

Shri Bejoy Bhattacharyya:

মিঃ স্পীকার, স্যার, আমি এতক্ষণ ধরে বিরোধীপক্ষের বক্তৃতা অত্যন্ত ধীরস্থিরভাবে শুনলাম। হাওড়ায় চোদ্দ পুরুষের বাস যাদের, আমি তাদের মধ্যে একজন এবং হাওড়ায় যারা মিউনিসি-প্যালিটির প্রশাসনিক ক্ষমতা ব্যবহার করেছেন তাদের মধ্যে আমি একজন। সুতরাং আমি সর্বান্তকরণে মিঃ ফজলুর রহমন যে বিলটা এনেছেন সেটা সমর্থন করছি। বরং আমি বলবো যে এই বিলটা বহুদিন পূর্বে নিয়ে এলে হাওড়ার সত্যিকারের কল্যাণ হোত। বিরোধীপক্ষের যেসব বক্তৃতা দিয়ে থাকে সে সেই একই ধরনের মামুলী কথা—থোড় বড়ি খাড়া, খাড়া বড়ি থোড়—তোমরা সব কুক্ষিগত করবে—তোমরা নিজেদের ক্ষমতা বাড়াবার চেষ্টা করবে এইসব যুক্তির আমি জবাব দিতে যাবো না। কারণ জনসাধারণ এখন বুঝেছে ঐ যুক্তি ছাড়া আর কিছু বলবার ওঁদের নেই। কনস্ট্রাকটিভ থিংকিং-এর যাদের অভাব আছে তারা এইরকম যুক্তি নিয়ে তাদের নিজেদের কেস প্রমাণ করবার চেষ্টা করে থাকেন সেদিকে আমি যাবো না। সর্বপ্রথম আমি বলতে চাই একটা কথা যে আজ নয়, আজ প্রায় ৩৫ বছর ধরে হাওড়া মিউনিসিপ্যালিটির কমিশনারস চেয়ারম্যান সকলেই আপত্তি করে আসছেন যে হাওড়া মিউনিসিপ্যালিটি যে আইন চলেছে সেটা পরিবর্তন করা একান্ত দরকার। খানিকটা বেঙ্গল মিউনিসিপ্যালিটির অ্যাক্ট এবং খানিকটা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর ভিতর দিয়ে কেবল চলেছে। কিছু কিছু অ্যাক্ট পরিবর্তন হচ্ছে। কলিকাতা মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯২৩, সংশোধন হয়ে গেল, কিন্তু হাওড়ায় সেই অ্যাক্ট বরাবর প্রচলিত রইলো। কমিশনাররা একবাক্যে সকলেই এই কথা বলে এসেছেন যে, আইনের পরিবর্তন হওয়া দরকার, এতদিন পরে পরিবর্তন হচ্ছে বলে আমি দুঃখিত—এর আগে হলে খুশী হতাম, তাহলেও ইট ইজ নেভার টু লেট টু মেন্ড। এই কারণেই আমি এটা সমর্থন করছি। দ্বিতীয় কথা—কানাইবাবু এবং সকলেই জানেন যে হাওড়া শহরের মধ্যস্থলে ভীষণ ডেনসিটি অফ পপুলেশন হয়েছে। তার ফলে যেখানে কানাইবাবুর বাড়ি যেখানে ১০ বছর পূর্বে জনসাধারণের বাস অত্যন্ত কম ছিল সেখানে বহু লোক গিয়ে বাস করছেন। হাওড়া

এবং কলকাতার শহর অঞ্চল থেকে গিয়ে বাস করছে এবং যেখানে ১০০-২০০-৪০০ টাকা ক কাঠা ছিল এখন সেখানে ২-৩-৪ হাজার টাকা কাঠায় জমি বিক্রি হচ্ছে। সুতরাং হাওড়া শহ ক্রমে ক্রমে এগিয়ে আসছে যে সাঁতরাগাছি মিউনিসিপ্যাল এরিয়া হয়েছে এবং তার মিউনিসিপ্যা এরিয়ার ভিতর বহু জনসমাগম হয়েছে—উনি জানেন সাঁকরাইল পর্যন্ত ও গ্রান্ডট্রাঙ্ক রোডে আসেপাশে বহু লোক জায়গা কিনছে এবং সেখানে ব্যবসা বাণিজ্য করবার চেষ্টা হচ্ছে। সেখানে ঘরবাড়ি হচ্ছে এবং শিল্পপ্রধান হাওড়ায় শিল্পের আরও উন্নতির ব্যবস্থা হচ্ছে। সেই শিল্পপ্রধান জায়গা হাওড়া তার এলাকা বেড়ে যাচ্ছে এবং তার পরিণাম খুব খারাপ। যদি এখ থেকে তার ব্যবস্থা না করা যায় মিউনিসিপ্যাল আইন পরিবর্তন করে এই বৃহত্তর যে এলাব আছে সেই এলাকায় স্বাস্থ্যের ইত্যাদির ব্যবস্থা যদি না করেন তাহলে হাওড়ার ভবিষ্যত বংশধর তারা আমাদের গালাগালি দেবে। এইজন্য আমার মনে হয় হাওড়া মিউনিসিপ্যালিটির জন্য বিল আনা হয়েছে সেটার খুব দরকার ছিল। তার পর ইমপ্রুভমেন্ট ট্রাস্টের কথা—কানাইবাব যা বললেন আমি শুনে আশ্চর্য হয়ে গেলাম যে ল্যান্ড অ্যাকুইজিশন কালেকটর যারা তারা ক কমপেনসেশন দিচ্ছেন। সেটা নাকি এই কংগ্রেসের ইমপ্রুভমেন্ট ট্রাস্টের যারা কর্তা তাদের কানা কানি শুনে কম দিচ্ছেন। কিন্তু তিনি জানেন বোধ হয় বহু কংগ্রেসের লোকের জায়গা বহ বাড়িঘর এই এলাকায় পড়েছে—তারা আপত্তি করেছিল এবং যে দাম দেওয়া হয়েছে তারা তাে যথেষ্ট আপত্তি করেছেন এবং কিছু কিছু লোক হাইকোর্টে চলে গেছেন। এমন কেস হয়েে এই পরিষদের প্রাক্তন সদস্য যিনি একটি স্কুলের সেক্রেটারী সেই স্কুলের এরিয়া আমাদের ল্যান্ অ্যাকুইজিশন কালেকটর অ্যাকোয়ার করে যে দাম দিয়েছিলেন তাতে আপত্তি হোল এবং আপি হয়ে তার যে দাম ল্যান্ড অ্যাকুইজিশন কালেকটর দিয়েছিল তার চেয়ে আরও ৩০ হাজার টাব বেশী হাইকোর্ট দিয়েছেন। যদিও তিনি সেক্রেটারী—কংগ্রেসের লোক এক সময় এখানকা এম এল এ ছিলেন আমার মনে হয় কানাইবাবু যে যুক্তি দিয়েছিলেন সেটা মোটামুটি একা মামুলী বিরোধী দলের যুক্তি দিয়েছিলেন যে তোমরা যা করছো সব খারাপ—সুতরাং এটা খারাপ। (**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** প্রাক্তন এম এল এ-টি কে) বেনীবাবু। আমার মনে হ যেখানে ইমপ্রুভমেন্ট ট্রাস্টের অ্যাকুইজিশন যা হচ্ছে ল্যান্ড অ্যাকুইজিশন কালেকটরের কাছ থেকে তখন যার যা প্রাপ্য তাই পাবে তার বেশী দেওয়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের পক্ষে সম্ভব নয় এবং সো দিলে বেআইনী হবে এবং ল্যান্ড অ্যাকুইজিশন কালেকটর আশেপাশের জমির বা বাড়ির দাম দে তিনি মূল্য স্থির করেন। সেখানে তার বিরুদ্ধে যুক্তি আমি তো খুঁজে পাই না। আর একা কথা হাওড়া মিউনিসিপ্যালিটির এখন যে ছোট্ট এরিয়া আছে—এতে আরও বড় বড় কাজ হবা কথা হাওড়া মিউনিসিপ্যালিটির এখন যে ছোট্ট এরিয়া আছে—এতে আরও বড় বড় কা হবার চেষ্টা হচ্ছে। আপনি জানেন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট হয়েছে—ইমপ্রুভমে ট্রাস্ট বহু জায়গা অ্যাকোয়ার করে বহু লোকের বসবাস করবার চেষ্টা করছেন আমাদের অনিলবাবু যে যুক্তি দিলেন যে মানুষ যখন তার বাসস্থান থেকে উৎখাত হয়ে যা তখন সে কোথায় যাবে তার স্থির থাকে না। ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এই যে ব্যবস্থা করছেন আমা মনে হয় এটা জনসাধারণের কল্যাণের ব্যবস্থা। হাওড়া শহরের বাইরের বিস্তৃত এলাকা তা যদি অ্যাকোয়ার করে মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে নিয়ে আসেন তাহলে খুব ঘন বসতিপূ এলাকায় যারা বাস করেন এবং যাদের বাড়িঘরদোর অ্যাকোয়ার হয়ে যাবে তারা সেখানে গি বসবাস করতে পারেন। আমার জানা আছে বহু পুরাতন ফ্যামিলি ছিল হাওড়ায় যাদের পুরানে বাড়ি ভেঙ্গে চুরমার হয়ে গেছে—অনেক ক্ষেত্রে তারা আমাদের কাছে আসে সে ইমপ্রুভমেন্টে ট্রাস্টের যে রাস্তা হচ্ছে সেই রাস্তা কোনরকম করে আমাদের বাড়ি দিয়ে চালিয়ে দিতে পারে না? তারা জানে যে যখন প্রথমে সেখানে বাড়িঘরদোর হয়েছিল তখন হয়তো ১০০-২০০ টাব কাঠা ছিল এখন তার জায়গায় ১-২-৫ হাজার টাকা কাঠা হয়েছে। এইভাবে বাড়ি অ্যাকোয়া হলে সেই পুরানো ভাংগা বাড়ি বিক্রি করে ঐ গাঁয়ে গিয়ে বাস করে স্বস্তির নিশ্বাস নিে পারে, এই কারণে আমার মনে হয় যে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের কাজ ঠিকভাবে করা দরকা এবং কাজ ঠিকভাবে করতে হলে বাইরের বহু এলাকা অ্যাকোয়ার করা দরকার এবং সেই কারণে মিউনিসিপ্যাল এলাকার এক্সটেনশন করা দরকার। আর একটা খুব সাধারণ কথা যা সকলে বোঝা উচিত সেটা হচ্ছে এই ছোট ছোট মিউনিসিপ্যালিটি যখন খুব কনজেস্টেড হয়ে পড়ে তখ তার ইমপ্রুভমেন্ট স্কীম কস্টলি হয়ে পড়ে এবং একটা মিউনিসিপ্যালিটির পক্ষে একটা ইমপ্রুভমে

স্কীম কার্যকরী করা অসুবিধা হয়ে পড়ে। কথা হচ্ছে যখন ইমপ্রুভমেন্ট করলেন মিউনি প্যালিটি—মিউনিসিপ্যাল এলাকার ধার নিয়ে যখন ড্রেনেজ ক্যানেলগুলি গেল এক দিকের লে ড্রেনেজ ক্যানেলের সুবিধা পাবে—অন্য দিকের লোক সুবিধা পাবে না এটা মূল্যবান কথা এইরকম একটা দৃষ্টিভঙ্গী থাকলে জনসাধারণের কল্যাণ কিছুই হবে না এবং আমি জানি সাঁকরাইল পর্যন্ত বহু এলাকার জায়গা জমি ইতিমধ্যেই লোকজন কিনেছে এবং সেখানে শি গড়ে উঠবার চেষ্টা হচ্ছে। বালটিকুরীতে প্রকান্ড প্রকান্ড শিল্প গড়ে উঠবার চেষ্টা হচ্ছে। এ সমস্ত শিল্পপ্রধান অঞ্চল মিউনিসিপ্যাল এরিয়ার বাইরের ঐ অঞ্চল মিউনিসিপ্যালিটির ভিত এলে তবে সেখানকার লোকের সুবিধা হবে। সাধারণ মানুষ আমার যতদূর ধারনা এই হাও মিউনিসিপ্যালিটিকে যে কর্পোরেশন করা হবে তাতে তারা খুব আনন্দ প্রকাশ করবেন এ তাড়াতাড়ি যদি এই মিউনিসিপ্যালিটিকে একটা কর্পোরেশনে পরিণত করা যায়। এই কথা ব আমি মিঃ ফজলুর রহমনকে সমর্থন করছি।

[5-10—5-20 p.m.]

Shri Aswini Roy:

মাননীয় সভাপাল মহাশয়, হাওড়া পৌরসভা বিল সম্পর্কে রাস্তা হয়েছে, উন্নয়নের জন্য যেসম লোক হাওড়া থেকে উচ্ছেদ হবে, তাদের বসবাসের জন্য গ্রামের জমি দরকার—নতুন এলাক দরকার। কাজেই এই বিলের উদ্দেশ্য হচ্ছে, হাওড়ার বস্তি অঞ্চল এবং অন্যান্য অনুন্নত অঞ্চ যাঁরা বাস করেন, যেটাকে হাওড়া সিটি বলা হয়, সেখান থেকে উন্নয়নের ফলে যাঁরা যাবেন তাঁ গ্রামে গিয়ে বসবেন। কিন্তু গ্রামে যাঁরা বাস করেন, তাঁরা উচ্ছেদ হলে কোথায় যাবেন সে সম্প কোন বক্তব্য রাখা হয় নি। আর একটি উদ্দেশ্যের কথা বলেছেন যে টেরিটোরিয়্যাল ইউনিট হবে আর তৃতীয় উদ্দেশ্য হচ্ছে, এইসমস্ত পরিকল্পনা করতে গেলে কোলকাতায় যে পৌরআইন রয়েছে সম্পূর্ণরূপে সেই পৌর আইনের অন্তর্ভুক্ত করা উচিত। এই আইন হাওড়ার উপর চালু ক উচিত। কিন্তু, যেহেতু হাওড়া এবং কোলকাতাতে পার্থক্য আছে সেই হেতু বহু জায়গায় পার্থ রাখতে হবে। প্রথম উদ্দেশ্য সম্পর্কে অনেকেই বলে গেছেন, আমি আর বলব না। তবে দ্বিত উদ্দেশ্য সম্পর্কে যে কথা বলা হয়েছে, হাওড়াবাসী এবং আরো তিনটি গ্রাম্য থানাকে নেওয়া হবে তাহলে ঐ তিনটি গ্রাম্য থানার ৮৬ হাজার লোকসংখ্যা, বালির এক লক্ষের উপর লোকসংখ্যা এ হাওড়ার পাঁচ লক্ষের উপর লোকসংখ্যা, মোট সাত লক্ষের উপর লোকসংখ্যা একত্রিত করবে এ যেন হাতী, ব্যাঙ আর ছাগলকে একসঙ্গে বেঁধে যদি রিলে রেসে চলতে বলা হয় তাহলে ব্য আর ছাগল যেমন চাপা পড়ে মারা যায় তেমনি এই ইন্টিগ্রেশন-এর ফলে বালীর সাধারণ মধ্যবি যাঁরা বালি অঞ্চলে বাস করেন এবং যাঁরা কিছুদিনের মধ্যে বাড়ি কিনতে বা করতে পারতেন তাঁ তেমনিভাবে চাপা পড়বেন অর্থাৎ এটা হওয়ার ফলে তাঁরা আর তা করতে পারবেন না। কোলকা এবং হাওড়া অঞ্চলের যেসমস্ত ল্যান্ড শার্ক্স আছে, যেটা শৈলবাবু খুব কারসাজির সঙ্গে পৌ আইনেই বলুন বা কোলকাতা মেট্রোপলিটন প্ল্যানিং এরিয়াতেই বলুন বেশ পুষে গেছেন তাঁদে একটা সুযোগ হবে। তাঁদের চাপে পড়ে এঁরা নাজেহাল হয়ে যাবেন। কাজেই এ উদ্দেশ্যটাকে উদ্দেশ্য বলে নেওয়া যেতে পারে না। উন্নতি করার ইচ্ছা যদি থাকত তাহলে ঐ গ্রামাঞ্চলে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের মধ্যে এনে কিছুটা উন্নত করে ইন্টিগ্রেশন করা যেত। কারণ, আপনা কোলকাতার লোক, আপনারা জানেন এই তো টালিগঞ্জকে ইন্টিগ্রেশন করা হয়েছে, কিন্তু বিশে কি ইমপ্রুভমেন্ট হয়েছে? এসব দেখেই বালির লোকেরা এই ইন্টিগ্রেশন এর বিরোধীতা করেছেন তাঁদের তরফ থেকে ১৯৬২ সালে প্রস্তাব গিয়েছে যে, না, আমরা এই ইন্টিগ্রেশন চাই না—একত্রি হতে চাই না। আমরা আলাদা থাকতে চাই। কিন্তু তাঁদের কথা উপেক্ষা করেও আপনারা এ বিলটা আনলেন। এটা যদি শুধু হাওড়ার জন্য হত তাহলে না হয় মানা যেত, কিন্তু তা ন এঁরা একটা মডেল তৈরি করেছেন। যে মডেল কোলকাতায় চালু হয়েছে এবং সেই মডেলই হাও ড়াতে চালু হবে। কিছুদিন পরে হয়ত পশ্চিমবঙ্গের যেসব শহরে বর্তমানে পৌরআইন চাল আছে সেটাকে বাতিল করে এই একই মডেল চলবে। এখন এই মডেলটা কি? এ মডেলে জিনিসগুলো উনি তুলে ধরলেন এবং আইনটাকে যেভাবে রেখেছেন তাতে মনে হচ্ছে যে, কোলকাত মিউনিসিপ্যাল বিলের যে অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট হয়েছে সেটা আবার নতুন করে অ্যামেন্ড করে নূত

আইন করা হচ্ছে। কোলকাতা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল পাইলট করেছিলেন শৈলবাবু। এবারে আর তিনি না করে একবারে হাওড়া মিউনিসিপ্যাল বিল নামে রহমান সাহেবের মাধ্যমে উপস্থিত করা হয়েছে। কিন্তু মোটামুটিভাবে কলকাতা পৌর আইনেরই কিছু কিছু সংশোধন হাওড়ার জন্য হচ্ছে। এখন এই সংশোধনের মধ্যে কতকগুলি জিনিস আছে। যেমন ওয়াটার সাপ্লাই সম্পর্কে যে সংশোধন করেছেন সেটা সাটেল ওয়েতে করেছেন। তিনি বলেছেন ফিল্টারড ওয়াটার-এর একটা রেশন করে দিয়েছেন। এখন চারিদিকে যখন রেশন হচ্ছে, তখন ফিলটার ওয়াটার সম্পর্কেও রেশন হওয়া উচিত। কলকাতার লোকেরা ফিলটারড এবং আন-ফিলটারড দুরকম জল পায়। এখন সেই বিলটাতে ওয়াটারের মধ্য থেকে যদি সমস্ত কাজগুলি করতে হয় তাহলে রেশনের পরিমাণটা কমে যায়। সেইজন্য তিনি এখানে একসেপশান ফিল্টারড্ করেছেন। তারপর, উন্নয়নের জন্য হাওড়াতে অদূর ভবিষ্যতে আন্ডার গ্রাউন্ড সুয়েজ ইত্যাদি হবার পরিকল্পনা ব্যাপারেও উনি ক্লিয়ারলি বললেন যে না, এরকম কোন পরিকল্পনা অদূর ভবিষ্যতে নেওয়া যাবে না। সুতরাং এইরকম পরিকল্পনা যদি উন্নয়ন পরিকল্পনার মধ্যে না থাকে তাহলে হাওড়ার যে কি উন্নতি হবে সেটা বেশ বোঝা যাচ্ছে না। তারপর, আয়ের ক্ষেত্রে আমরা দেখেছি, সব মিউনিসিপ্যালিটিতেই পৌর ট্যাক্স বাড়িয়ে দেওয়া হয়েছে। বর্ধমানে আমরা দেখেছি আয় বাড়ানোর জন্য ট্যাক্স অনেক বেড়ে গেছে, তেমনি এখানেও বাড়বে। এখন কোলকাতা পৌর আইনের মধ্যে কতকগুলি জিনিস ছিল যেগুলি অগণতান্ত্রিক, যেমন সেকশন ৪৭(সি) কিভাবে নতুন ইতিহাস তৈরি করেছিলেন, সেকশন ৪৭ যেটা ছিল সুপারসেশন অফ দি মিউনিসিপ্যালিটি, তারপর '(সি)' '(ডি)' করে সেটা কতদিন করবে। যেমন উনি করলেন এক্সটেনশন। কিন্তু সেগুলি এই বিলেতে আনলেন না। কারণ, বিলের মধ্যে যা আছে সেই ক্লজ ছাড়া আপনি তো অ্যামেন্ডমেন্ড করতে পারেন না। কাজেই চতুর মুন্সিয়ানার ভিতর শৈলবাবু ওটা আনতে দিলেন না। এই যে সুপারসেশান-এর কথা, আমরা নিজেরা ভুক্তভোগী আমরা জানি। ১৯৬২ সালে বর্ধমান মিউনিসিপ্যালিটিতে বিরোধী দলের লোকেরা ছিল, সেটাকে সুপারসিড করা হয় এবং কয়েকজন কমিশনারসকে জেলে পোরা হয়, এবং একজন অ্যাডমিনিস্ট্রেটারকে বসিয়ে দেওয়া হয়। কিন্তু গত ৩-৪ বছরের মধ্যে কোন ইমপ্রুভমেন্টই হয় নি, অথচ সেই অ্যাডমিনিস্ট্রেটরকে পয়সা দেওয়া হচ্ছে। তেমনি হাওড়াতে যেটা আছে, কোলকাতা পৌর আইনে, সেখানে একজন কমিশনারকে বসানো হচ্ছে। এতে হাওড়ার আয়ের চেয়ে ব্যয় বাড়বে। কেন না, মাসে দুই হাজার টাকা করে তাঁকে বেতন দিতে হবে, তা ছাড়া তাঁর দপ্তরের জন্যও ব্যয় হবে। লোকের উপকারের জন্য যেমন কোলকাতায় কমিশনার করেছেন তেমনি সমস্ত প্রভিশনগুলি এখানে রাখছেন। আমার বক্তব্য হচ্ছে, গণতান্ত্রিক অধিকার যদি মানুষকে দিতে হয়, পৌর নির্বাচন যেমন অ্যাডালট ফ্রানচাইজ ভিত্তিতে হবে, সেদিক থেকে যাতে আরো আইনগুলি গণতান্ত্রিক সুযোগ-সুবিধা পেতে পারে। পৌরসভায় নির্বাচিত যেসব সদস্য হবে কমিশনারস হবে তাদের কতকগুলি অধিকার থাকা উচিত। কিন্তু ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর সকল জায়গায় আছে কমিশনার্স তারপর স্টেট গভর্নমেন্ট। মাঝখানে এই যে নির্বাচিত প্রতিনিধি মিউনিসিপ্যাল চেয়ারম্যান বা মিউনিসিপ্যাল কাউন্সিলার্স এ'দের অধিকারগুলি ক্রমে ক্রমে কেটে নেওয়া হচ্ছে, ক্ষুন্ন করা হচ্ছে। কাজেই সেই গণতান্ত্রিক অধিকারগুলি এ'রা দিতে রাজি নন। তার কারণ কি? কারণ, এই যে প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে যেখানে নির্বাচন হবে সেখানে ও'রা শঙ্কিত হচ্ছেন। যেমন, এখানে ৩৫ জন বিরোধী নির্বাচিত হলেন, তার মধ্যে ছয় জনকে জেলে রাখা হল। আইনে যেখানে সুযোগ-সুবিধা রয়েছে, ডি আই আর-এ যেখানে প্যারোল দেওয়া যেতে পারে, সেখানে তাঁরা তাঁদের ১০ দিন বা ১-২ ঘণ্টার জন্য নিয়ে এসে ভোট দেবার অধিকার দিলেন না। অল্ডারমেন ইলেকশন-এ যেটা আছে, সেটা হলে অল্ডারম্যানটা হতে পারত কিনা বলা যায় না। কাজেই এইভাবে ধীরে ধীরে গণতান্ত্রিক অধিকারগুলি একই মডেলের ছাঁচে ও'রা চেষ্টা করছেন যাতে মানুষের অধিকারকে ক্ষুন্ন করা যায়। আইনের বিভিন্ন ধারা যেগুলি আছে সেগুলি ক্লজ বাই ক্লজ-এ বলব তবে সত্যিকারের যদি আরো ভালো মডেলে পৌরআইন করতে হয়—বিশেষ করে যেখানে কোলকাতার সঙ্গে হাওড়ার পার্থক্য রয়েছে, তাহলে এটাকে জনমত প্রচারের জন্য পাঠানো উচিত। আর ১২৩ ধারা যেটাকে উনি ডিলিট করছেন, সেখানে প্রাথমিক শিক্ষার দায়িত্ব কর্পোরেশনের থাকে। এখন এই দায়িত্ব কর্পোরেশনের হাত থেকে চলে গেলে কে নেবে তার কোন স্থিরতা নেই। এটা স্টেট গভর্নমেন্ট নেবেন, না কর্পোরেশন নেবেন, না

ও'রা নেবেন, কি হবে বোঝা যাচ্ছে না। কোলকাতা পৌরআইনের ১২৩ ধারায় যেটা আছে সেটা ও'রা ডিলিট করছেন। এই ধরনের কয়েকটি জায়গা মোটামুটিভাবে ডিলিট করে বিলটাকে

[5-20—5-30 p.m.]

নিয়ে এসেছেন। আজকে এই যে উজ্জ্বল চিত্র দিলেন এই উজ্জ্বল চিত্র দেখে সাধারণ মানুষ বলবে তাইতো আমাদের কর্পোরেশন হচ্ছে, আমাদের চেয়ারম্যানের জায়গায় মেয়র হবে, অল্ডার-ম্যান হবে! কিন্তু আয়টা আসবে কোথা থেকে? সেক্ষেত্রে যদি এইরকমভাবে বলতেন যে আয় আসবে ওখানকার যেসমস্ত ট্রান্সপোর্ট অর্গানাইজেশন আছে—যেমন অন্যান্য মিউনিসিপ্যালিটিতে হয়, যেমন বোম্বে কর্পোরেশানে আছে, বোম্বে ট্রান্সপোর্টের যে আয় সেই সমস্ত আয় কর্পো-রেশানের আয়—সেই সমস্ত ট্রান্সপার্ট অর্গানাইজেশশান থেকে, সেই ধরনের যদি উজ্জ্বল চিত্র দিতে পারতেন তাহলে বোঝা যেত। কিংবা যেসমস্ত বড় বড় কলকারখানা আছে তাদের উপর আরো বেশী ট্যাক্স বসাবার অধিকার যদি থাকত তাহলে বোঝা যেত আয়টা সেখান থেকে আসবে। কিন্তু আইনে সেই অধিকার দিচ্ছেন না, আয় বাড়াবার ব্যবস্থা করছেন না, তা না করে কমিশনার তার ব্যয়ভার যাতে কর্পোরেশানের উপর চড়ে তার ব্যবস্থা করেছেন। কাজেই আমি এই বিলের বিরোধীতা করছি এবং আমার যে সার্কুলেশান মোশান আছে সেই সার্কু-লেশানের জন্য দাবি করছি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য বিজয়বাবু বিলটাকে অভিনন্দন জানাতে গিয়ে বলেছেন যে, হাওড়ার সর্বাত্মক উন্নয়নের জন্য একটা নতুন আইন রচনা করা হয়েছে এবং সেজন্য তিনি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী শ্রীফজলুর রহমানকে সাধুবাদ জানিয়েছেন। আমি বুঝতে পারলাম না এই বিলের মধ্যে নতুন আইনের রূপে কেমন ভাবে তিনি খুঁজে পেলেন। ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টকে শুধুমাত্র বিধানসভার একটা ছাপ দিয়ে হাওড়া পৌরসভার ক্ষেত্রে প্রয়োগ করার প্রচেষ্টা মাত্র হয়েছে। এছাড়া এর মধ্যে নতুনত্ব কিছু খুঁজে পাই নি। সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী তাঁর উদ্বোধনী ভাষণে আমাদের কাছে বোঝাবার চেষ্টা করেছেন যে হাওড়া এবং বালি পৌরসভার উন্নয়নের জন্য এই বিলটা রচনা করা হয়েছে। তিনি বলেছেন যে, হাওড়া এবং বালি এবং তার সংলগ্ন এলাকার জন্য যাতে একটা উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা যায় তার জন্য নতুন আইন তিনি বিধানসভার সামনে এনেছেন। আমি জিজ্ঞাসা করতে চাই আজকে এটা কি একমাত্র সমস্যা? এই আইন যদি রচনা করা না হত তাহলে কি হাওড়া পৌরসভার উন্নয়ন সম্ভবপর হত না? আজকে হাওড়া মিউনিসিপ্যালিটির যে সমস্যা সেই সমস্যা বাংলাদেশের প্রায় প্রতিটি মিউনিসিপ্যালিটির আছে। হাওড়া মিউনিসিপ্যালিটির বর্তমানে যা ডিমান্ড, বর্তমান বাজেট আমি জানি, সেখানকার টোট্যাল ডিমান্ড হচ্ছে ৯০ লক্ষ টাকা। এই ৯০ লক্ষ টাকার মধ্যে শতকরা ৬৩ ভাগ টাকা ট্যাক্সের মাধ্যমে আদায় হয় এবং এই শতকরা ৬৩ ভাগ আদায়ীকৃত ট্যাক্সের মধ্য দিয়ে হাওড়ার বিভিন্ন সমস্যা সমাধানের জন্য পৌর-সভাকে চেষ্টা করতে হয়। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন হাওড়ার শুধুমাত্র ড্রেনের পরিমাণ হচ্ছে ২৩০ মাইল। এই ২৩০ মাইল ড্রেনের সংস্কার, বস্তি উন্নয়ন, পানীয় জল সরবরাহের উন্নয়ন সমস্ত কিছু কাজ এই শতকরা ৬৩ ভাগ আদায়ীকৃত ট্যাক্সের মধ্য দিয়ে চালান কখনও সম্ভবপর নয়। যেখানে আপনারা বলছেন যে হাওড়া পৌরসভার উন্নয়নের জন্য সরকার বদ্ধপরিকর, হাওড়া এলাকার উন্নয়নের জন্য আপনারা নতুন আইন রচনা করছেন সেখানে আমি মাননীয় শৈলবাবুকে একটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই যে, হাওড়া এলাকায় যেসমস্ত বড় বড় ধনী লোক আজকে ট্যাক্স ফাঁকি দিয়ে পৌরসভার স্বার্থকে বিঘ্নিত করছে তাদের বিরুদ্ধে আপনারা কোন ব্যবস্থা অবলম্বন করার চেষ্টা করেছেন কিনা? আমি বলতে পারি হাওড়ার ম্যাকলিয়ড কোম্পানীর যিনি প্রোপ্রাইটার সেই চিরঞ্জীবলাল বাজোরিয়ার আড়াই লক্ষ টাকা ট্যাক্স বাকি আছে, হাওড়া পৌরসভা তাঁর বিরুদ্ধে কোন প্রস্তাব গ্রহণ করে ব্যবস্থা অবলম্বন করেছেন কিনা? এই ম্যাকলিয়ড কোম্পানীর সংগে মাননীয় মন্ত্রী শৈলবাবুর গত পাঁচ বছর ধরে যোগ ছিল, তাঁর স্পীকারসিপ চলে যাওয়ার পর তিনি ম্যাকলিয়ডে চাকরি করতেন। সেই ম্যাকলিয়ড কোম্পানীর প্রোপ্রাইটার চিরঞ্জীবলাল বাজোরিয়া হাওড়া মিউনিসিপ্যালিটির আড়াই

লক্ষ টাকা ফাঁকি দিয়ে বসে আছে। অথচ সেই টাকা আদায় করার কোন ব্যবস্থা না করে আজকে আমাদের কাছে নতুন কথা শোনান হচ্ছে যে, হাওড়া পৌরসভার উন্নয়নের জন্য এই বিল আনা হচ্ছে। আমি জিজ্ঞাসা করতে চাই হাওড়ার বিশিষ্ট কংগ্রেসী নেতা সন্তোষ দত্ত, তিনি প্রাক্তন পার্লামেন্টের সদস্য, তাঁর কাছে মিউনিসিপ্যালিটির ৫২ হাজার টাকা ট্যাক্স বাকি আছে। সেই টাকা আদায় করার জন্য আজ পর্যন্ত পৌরসভার পক্ষ থেকে কোনরকম ব্যবস্থা করা হয়েছে কিনা?

আমরা দেখেছি একদিকে সমস্ত ধনী লোকেরা, রাঘববোয়ালরা মিউনিসিপ্যালিটির লক্ষ লক্ষ টাকা ট্যাক্স ফাঁকি দেয়, আর অন্য দিকে মিউনিসিপ্যালিটির উন্নয়নের নামে, অ্যাসেসমেন্ট-এর নামে সাধারণ মানুষের উপর নূতনভাবে ট্যাক্স বা কর ধার্য করা হয়। এই সমস্যা শুধুমাত্র এই হাওড়া মিউনিসিপ্যালিটির নয়, সারা বাংলা দেশের ৮৯টি মিউনিসিপ্যালিটির সমস্যা। অ্যাসেসমেন্ট-এর নামে যেভাবে সাধারণ মানুষের উপর করের বোঝা চাপান হয়, তাতে সাধারণ মানুষ অত্যন্ত অসহায় অবস্থার মধ্যে পড়ে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন বাংলা দেশের বিভিন্ন পৌরসভাতে যে অবস্থা চলেছে, হাওড়া মিউনিসিপ্যালিটিরও তাই অবস্থা। আজকে হুগলী, চুচুড়া, বর্ধমান ও বহরমপুর পৌরসভা থেকে অ্যাসেসমেন্ট-এর নাম করে শতকরা চারশো-পাঁচশো ভাগ করের বোঝা সাধারণ মানুষের উপর চাপান হয়েছে। এই সমস্ত মিউনিসিপ্যালিটিতে দেখা যায় রাঘববোয়ালরা ট্যাক্স ফাঁকি দিচ্ছেন। যদি হাওড়া পৌর এলাকার উন্নয়নের জন্য সরকার কোন বাস্তব পন্থা অবলম্বন করতেন এবং উপর ভিত্তি করে এই বিল আনতেন, তাহলে সেটা আমরা সমর্থন করতাম। আমরা যদি দেখতাম চিরঞ্জীবলাল বাজোরিয়ার কাছ থেকে বাকি আড়াই লক্ষ টাকা মিউনিসিপ্যাল ট্যাক্স তাঁরা আদায় করতে পেরেছেন, আমরা যদি দেখতাম কংগ্রেস নেতা সন্তোষ দত্তের কাছ থেকে ৫২ হাজার টাকা বাকি কর আদায় করতে পেরেছেন এবং তারপর যদি এই বিল আনতেন, তাহলে আমরা সর্বান্তকরণে এটা সমর্থন করতাম। একদিকে যেখানে কর ফাঁকি দিচ্ছে, আর অন্য দিকে অ্যাসেসমেন্ট-এর নাম করে, উন্নয়নের নাম করে সাধারণ মানুষের উপর করভার চাপান হচ্ছে, সেখানে আমরা এই বিলকে কোনক্রমেই সমর্থন জানাতে পারি না। এখানে আমার বক্তব্য হচ্ছে এই কর ফাঁকি যদি বন্ধ করতে হয়, তাহলে এই মিউনিসিপ্যাল আইন নূতনভাবে প্রণয়ন করা হোক।

আজকে অত্যন্ত পরিষ্কার কথা হচ্ছে যদি ধরে নেওয়া যায় যে টোট্যাল ডিম্যান্ড তারা সেন্ট পার্সেন্ট কালেকশন করলো, হাওড়া মিউনিসিপ্যালিটির টোট্যাল ডিমান্ড যেখানে মাত্র ৫০ লক্ষ টাকা, সেটা সেন্ট পার্সেন্ট কালেকশন হলেও তা দিয়ে হাওড়া পৌরসভার উন্নয়নমূলক পরিকল্পনা কার্যকরী করা সম্ভব নয়। সেখানে আমরা বার বার বলেছি যে এর জন্য গভর্নমেন্টকে দায়িত্ব নিতে হবে। গভর্নমেন্টকে সাবভেনশন দিতে হবে। এবার যেখানে ২২ লক্ষ অনুদান হিসেবে দেওয়া হয়েছে, সেটা যথেষ্ট নয়। সেটা বাড়িয়ে অন্তত ৬০ লক্ষ টাকা করতে হবে। মোটর ভিহিকলস ট্যাক্স ও এন্টারটেনমেন্ট ট্যাক্স মিউনিসিপ্যালিটিকে দিতে হবে এবং পৌর এলাকার বিভিন্ন প্রকল্প ও কার্যক্রমকে উদারহস্তে সাহায্য করতে হবে। তা যদি না করা যায়, তাহলে শুধুমাত্র মিউনিসিপ্যালিটির নামের বদলে দু-তিনটা মিউনিসিপ্যালিটিকে একত্রে ট্যাগ করে যদি একটা কর্পোরেশন করা হয়, তাহলে বিভিন্ন পৌর এলাকার নাগরিকদের সুখসুবিধার উন্নয়ন করা সম্ভবপর হবে বলে আমি মনে করি না। এই বিল নিয়ে যখন আমরা আলোচনা করছি, তখন নিশ্চয়ই মাননীয় মন্ত্রী শৈলবাবু জানেন আজকে যে হাওড়া মিউনিসিপ্যাল বিল আলোচনা হচ্ছে, সেই হাওড়া মিউনিসিপ্যালিটির কর্মচারীরা বাংলা দেশের অন্য ৮৮টি মিউনিসিপ্যালিটির কর্মচারিদের সঙ্গে আগামী ১২ই মে থেকে ধর্মঘট করতে যাচ্ছে। আপনি নিশ্চয়ই একথা স্বীকার করবেন যে, যে-কোন পৌরসভার যে-কোন উন্নয়নমূলক পরিকল্পনা এক্সিকিউট করতে হলে পৌর-সভার কর্মচারীদের সহযোগিতা প্রয়োজন। এই হাওড়া মিউনিসিপ্যালিটিকে কর্পোরেশন করতে চাওয়া হচ্ছে। কিন্তু সেই পৌরসভার ১২ হাজার শ্রমিক কর্মচারী—অন্যান্য পৌরসভার হাজার হাজার কর্মচারীর সঙ্গে ধর্মঘটের পথে নামছে। অথচ তাদের সেই সমস্ত ডিম্যান্ড মিট করবার কোন ব্যবস্থা তাঁরা করেন না। দীর্ঘকাল ধরে বাংলা দেশের ৮৯টি পৌরসভার কর্মচারীরা বার বার সরকারের কাছে বলেছে, তাদের দাবী রেখেছে যে, তাদের জন্য একটা ইউনিফরম স্কেল করে

দেওয়া হোক বেতনের। তাদের ডিয়ারনেস অ্যালাউএন্স বাড়াবার কথা সরকার চিন্তা করুন। তাদের প্রভিডেন্ট ফান্ড-এর রেট্‌টা বাড়িয়ে ৮⅓ করা হোক, তাদের মেডিক্যাল ফেসিলিটিস বাড়াবার কথা সরকার চিন্তা করুন, তাদের জন্য ই এস আই স্কীম-এর কথা সরকার চিন্তা করুন। এইসমস্ত দাবী রাখার পরে তারা যখন ব্যর্থ হয়েছে, তখন তাদের সংস্থা মিউনিসিপ্যাল ফেডারেশনের পক্ষ থেকে ধর্মঘটের নোটিশ দেওয়া হয়েছে। বিক্ষুব্ধ অসন্তুষ্ট কর্মচারীদের বাদ দিয়ে কখনো পৌর এলাকার উন্নয়ন পরিকল্পনাকে আমরা কার্যকরী করতে পারি না। কাজে কাজেই হাওড়া মিউনিসিপ্যালিটি বদলে দিয়ে হাওড়া কর্পোরেশন করবেন উত্তম কথা। কিন্তু সেখানে যদি বিক্ষুব্ধ অসন্তুষ্ট কর্মচারী থাকে, তাহলে তাদের নিয়ে হাজার ভাল পরিকল্পনা করলেও তা আপনারা কার্যকরী করতে পারবেন না। এই মূল সমস্যা সমাধানের কথা যদি সরকার চিন্তা না করেন তাহলে পৌরসভার কখনো উন্নয়নমূলক কাজ আমরা করতে পারবো না।

আমার শেষ কথা—যেটা আমি নিবেদন করতে চাচ্ছি—সেটা হচ্ছে এই আমরা দেখেছি আজকে তাঁরা বলছেন যে হাওড়া ও বালি এলাকার উন্নয়ন করবার জন্য এই বিল তাঁরা এনেছেন। কিন্তু আমি পরিষ্কারভাবে রাখতে চাই যে, আমরা দেখেছি যে এইসমস্ত মিউনিসিপ্যালিটি বাংলা দেশের অন্যান্য মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে দেখা গেছে যে যখন বিরোধীদল ক্ষমতায় আসে, তাঁদের গণতান্ত্রিক অধিকারকে কেড়ে নেওয়ার চেষ্টা করা হয়। এই হাওড়া মিউনিসিপ্যালিটি যখন ইউ সি সি-র বোর্ড হয়েছিল, তখন অত্যন্ত সামান্য কারণে তা বাতিল করে দিয়ে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছিল এবং বাংলা দেশের বিভিন্ন মিউনিসিপ্যালিটির ক্ষেত্রেও দেখা গেছে যেখানে বিরোধী দল ক্ষমতায় এসেছে, সেখানে সরকার আইন প্রয়োগ করে, ক্ষমতা প্রয়োগ করে তা বাতিল করে দিয়ে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করেছেন। আজকে সেখানকার প্রতিনিধিদের নিরাপত্তা ও গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করার কথা সরকার যদি ঘোষণা না করেন, তাহলে হাজার রকম আইন প্রণয়ন করলেও উন্নয়নমূলক কোন পরিকল্পনাকে কার্যকরী করা যাবে না।

তাই বলতে চাই এই যে বিল এনেছেন এটাকে পাশ না করে সাধারণ মানুষের মত নেবার জন্য প্রচারার্থে যে মোশান আনা হয়েছে তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Point of Personal Explanation

Shri Saila Kumar Mukherjee: Sir, on a point of personal explanation. Just now Shri Sambhu Charan Ghosh has made a very dirty allegation against me. I was a servant of McLeod & Co., he says and that the McLeod & Co. has properties in Howrah and the Howrah Municipality has not realised tax from them. Sir, everything is false, false to his knowledge. I can assure you and the House that McLeod & Co. has not an inch of land in Howrah and further I was not a servant of McLeod & Co. I was an elected Director of several of the Companies managed by them and which I resigned on being elected to this House.

Secondly, a Company, known as 'Howrah Trading Co.', was in arrears and the Municipality realised one lakh of rupees from them by way of distress warrant.

[5-30—5-40 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি জানতে চাই চিরঞ্জীলাল বাজোরিয়ার কাছে আড়াই লক্ষ টাকা ট্যাক্স বাকি আছে এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় অবহিত আছেন কিনা?

শ্রীশৈলকুমার মুখার্জীঃ ইউ হ্যাভ সেড ম্যাকলিয়ড অ্যান্ড কোম্পানী, হুইচ ইজ এ এ ডার্টি লাই।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: আমি আপনাকে চ্যালেঞ্জ করছি, আমি এক সপ্তাহ আগে দেখে এসেছি তাদের কাছে টাকা পাওনা আছে।

শ্রীশৈলকুমার মুখার্জী: আই অ্যাকসেপ্ট দি চ্যালেঞ্জ।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া মিউনিসিপ্যাল বিলের আলোচনা প্রসঙ্গে বিরোধীদলের বন্ধুগণ যেসমস্ত পয়েন্ট তুলে ধরেছেন তার মধ্যে না গিয়ে মিউনিসিপ্যাল বিল যা মন্ত্রিমহাশয় নিয়ে এসেছেন তার স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এর একটা অংশ থেকে আমি আমার বক্তব্য সুরু করব। এই স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনস-এ তিনি বলছেন,

> In order to facilitate the operations of the Board, it is necessary to extend the area of the municipality so that sufficient land may be available for re-housing of the people to be displaced by execution of improvement schemes.

এখানে বোর্ড মানে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এবং হাওড়া মিউনিসিপ্যালিটি এই দুটি মিলিয়ে। স্যার. এটাই হচ্ছে অবজেক্টস অ্যান্ড রিজনস-এর মধ্যে অন্যতম এবং ইনকংগ্রুইটি অফ দি প্রেজেন্ট অ্যাক্ট এটা আর একটা। মন্ত্রিমহাশয় যখন অবজেক্টস অ্যান্ড রিজনস-এর অংশ পড়ছিলেন তখন স্বভাবতই আমার ভয় হচ্ছিল, কারণ সবচেয়ে বড় শিক্ষা হোল অভিজ্ঞতা এবং সত্য। আমরা দেখেছি এবং আপনারা সকলেই জানেন কোলকাতার বস্তী অঞ্চল থেকে যারা ডিসপ্লেসড হয়েছে তারা কিভাবে পুনর্বাসন লাভ করেছে। স্যার কোলকাতায় ফুটপাথ আছে বলে দরিদ্র মধ্যবিত্ত লোক যারা বস্তী থেকে উচ্ছেদ হয়েছে তারা কোনরকমে ফুটপাথে ঘর বেঁধেছে এবং আকাশের নীচে মাথা রেখে কোনরকমে রান্নাবাড়া করছে। কিন্তু হাওড়ায় যদি এরকম অবস্থা হয় তাহলে স্বভাবতঃই আমাদের ভয় হচ্ছে, কারণ হাওড়ায় ফুটপাথ নেই বলে বেচারারা ফুটপাথেও থাকতে পারবে না।

এই সমস্ত বিল আনতে গেলে যে দৃষ্টিভঙ্গী, যে প্রস্তুতি দরকার, সেই প্রস্তুতি সম্বন্ধে আমাদের বিচার করা দরকার। আমরা দেখতে পাচ্ছি যে স্বায়ত্ত্বশাসন নিয়ে অনেক বড় বড় কথা বলা হচ্ছে এবং বেহালায়, চব্বিশপরগনায় যে কনফারেন্স হয়েছিল, তাতে শৈলবাবু উপস্থিত ছিলেন. তাতে তিনি যা বলেছেন. যাকে বলে স্বপ্নমূলক উচ্ছাসের কথা, তাই দেখলাম খবরের কাগজে যা বেরিয়েছে। স্বায়ত্ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলো সম্বন্ধে যে পদ্ধতি নিয়ে চলেছেন সেটা ব্রিটিশ আমলের উচ্ছিষ্ট পদ্ধতি এবং তাই নিয়ে আপনারা চর্বিতচর্বণ করছেন। মাননীয় স্পীকারমহাশয়, আপনি জানেন ব্রিটিশ যখন এদেশে ছিল তখন সাম্রাজ্যবাসী হিসাবে তাদের সঙ্গে জনতার একটা সম্বন্ধ ছিল এবং সে সম্বন্ধ হচ্ছে অ্যান্টাগোনিজমের সম্বন্ধ, বিরোধীতার সম্বন্ধ। তদানীন্তনকালে শাসকগোষ্ঠীর প্রত্যেকটি আইনকানুনের ভিত্তি ছিল জনসাধারণের আশা আকাঙ্খাকে ধূলিসাৎ করা এবং তার মধ্য দিয়ে আর একটা উদ্দেশ্য ছিল, সেটা হচ্ছে যখন স্বাধীনতা আন্দোলন একের পর এক বেড়ে যেতে আরম্ভ করল তখন জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য তথাকথিত স্বায়ত্ত্বশাসনমূলক প্রতিষ্ঠান সৃষ্টি করা। কিন্তু স্পীকারমহাশয়, আপনি জানেন মাননীয় মন্ত্রী ফজলুর রহমানসাহেব জানেন কলকাতা কর্পোরেশন হওয়ার পর দেশবন্ধু চিত্তরঞ্জন সে সম্বন্ধে কি বলেছিলেন, তিনি বলেছিলেন এদের অস্ত্র দিয়েই এদেরকে মারব। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে চলেছিল কংগ্রেস দেশবন্ধুর নেতৃত্বে। ব্রিটিশ আমলে এই প্রতিষ্ঠানগুলো সম্বন্ধে শাসকগোষ্ঠীর যে দৃষ্টিভঙ্গী ছিল, আজকেও তাই আছে, তার বিন্দুমাত্র পরিবর্তন হয়নি। অ্যাক্টগুলো ঠিক সেইভাবেই আছে, যথাযথ পরিবর্তন হয়নি, অ্যাক্টগুলোকে ঢেলেসেজে জনতার হাতে ক্ষমতা দেওয়ার জন্য স্বায়ত্ত্বশাসনকে সম্পূর্ণ সুষ্ঠু করার জন্য যে মৌলিক বোলড স্টেপ দরকার মন্ত্রীসভা সেই স্টেপ নেন নি, মুখে বললেও তা নেই এবং যখন ইমপ্রুভমেন্ট ট্রাস্ট করছেন তখন উচ্ছেদ করতেই হবে। আমি জিজ্ঞাসা করছি মাননীয় মন্ত্রিমহোদয়কে আর্বান

ল্যান্ড সিলিং নির্ধারণ না করেই কি করে উচ্ছেদ করে যাবেন। আর্বান ল্যান্ড সিলিং-এর জন্য স্পেকুলেটারদের জন্য কোন আইন করলেন না যার ফলে ল্যান্ড সীজ করে নেবে স্বনাম এবং বেনামীতে। কলকাতায় যেভাবে জমি চলে গেছে উচ্চ মধ্যবিত্তদের হাতে এবং অবাঙ্গালীর হাতে ঠিক সেইভাবে জমি সেখানেও যাবে। বিজয়বাবুর চোদ্দ পুরুষের ভিটা আছে তিনি কংগ্রেসে আছেন, তাঁরটা থেকে যেতে পারে, তিনি ভাগ্যবান লোক কিন্তু দুর্ভাগা লোক যারা তাদের থাকবে না। আর্বান ল্যান্ড সিলিং না করলে তাদের জমি থাকবে না। সেজন্য কি করেছেন, তার কি প্রটেকশন দিয়েছেন। স্পেকুলেটার্সদের হাত নিরস্ত্র থাকবে না।

তারপর আর একটা কথা এখানে বলতে চাই, বালি এবং হাওড়া মিউনিসিপ্যালিটি এই দুটো অ্যামালগেমেট করে হবে এই কর্পোরেশন। আমি অন্তত যতটুকু জানি এবং মাননীয় মন্ত্রি-মহাশয়ও জানেন হয়ত বেঙ্গল মিউনিসিপ্যালিটির যে জুরিশডিকশন আছে তা নালিফাই করার জন্য এমন কোন জিনিস করেন নি যার ফলে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টের প্রভিশনগুলি একে-বারে উচ্ছেদ হয়ে যাবে। বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে কি আছে? এইভাবে যদি পাশাপাশি মিউনিসিপ্যালিটিগুলিকে অ্যামালগেমেট করতে চাই তাহলে তাদের জয়েন্ট কমিটি করে রেজ-লিউশন পাশ করতে হবে, তারপর স্টেট গভর্নমেন্টের কাছে পাঠাতে হবে। এখানে কি হচ্ছে, স্টেট গভর্নমেন্ট করে দিচ্ছেন কিন্তু এই যে রেজলিউশন এ সম্বন্ধে কি মিউনিসিপ্যাল অথরিটি, কমিশনার, তাদের সঙ্গে কোন এগ্রিমেন্ট কি করা হয়েছে বা তাদের কনসেন্ট কি নেওয়া হয়েছে? আমি আপনাকে একথাই জিজ্ঞাসা করি। যদি ভুল বলে থাকি তাহলে আমাকে বলবেন।

আর একটা কথা হচ্ছে, ক্লজ ৫-এর এক জায়গায় বলা হয়েছে ক্যালকাটা কর্পোরেশন অ্যাক্টকে অনেকখানি ফলো করা হয়েছে। কিন্তু একটা জায়গায় দেখতে পাচ্ছি ক্লজ ৫-এ আছে: The State Government shall, by notification in the Official Gazette, divide the area of Howrah into fifty-five wards.

[5-40—5-45 p.m.]

এ পর্যন্ত ঠিক আছে। কিন্তু এই যে ৫৫ ওয়ার্ডস ডিলিমিটেশন এবং তার যে এরিয়া সেই এরিয়া পর্যন্ত ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল যখন নিয়ে এসেছিল তখন হাউস-এর কাছে সমস্ত চিত্র রাখা হয়েছিল কোথা কোন ওয়ার্ড। আজ ক্যালকাটা কর্পোরেশন যেটা ফলো করছেন সেটা তাহলে এই জায়গায় ভেগ রেখেছেন কেন? আজ হাউস-এর সম্মানে সেই ডিলিমিটেশন দিলেন না কেন। আর একটা কথা পৌরসভাগুলির অবস্থা সম্পর্কে বলে শেষ করব। এ বিষয়ে আমি নিজে ভুক্তভোগী। পৌরসভাগুলি আজ যে পলিটিক্স-এর আড্ডাখানা হয়েছে সে বিষয়ে সন্দেহ নেই। অতুল্যবাবু খুব বড় বড় কথা বলেন, কিন্তু কি ক্যালকাটা কর্পোরেশন, কি মিউনিসি-প্যালিটি সর্বত্রই এগুলো পলিটিক্স-এর আড্ডাখানা হয়েছে। এর জন্য দায়ী হচ্ছেন ও'রা। সরকারী যন্ত্রকে হাতে রেখে দলবাজী করার কুৎসিৎ চেহারা আমরা দেখেছি। আমি জিয়াগঞ্জ-আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটির কমিশনার। সেখানে ১২ জন কমিশনারের মধ্যে ৫ জন রেজিগনেশান দিয়েছেন। সেখানে মিউনিসিপ্যালিটির মিটিং-এ কোরাম হয় না। সেটা কংগ্রেসের বোর্ড বলে সেটা সুপারসিড করছেন না—সুপারসিড করা সম্ভব নয়। কারণ তাহলে দল ভেঙে যাবে। এইভাবে দলবাজী করাটা আপনাদের ব্যাধি। বিজয়বাবু বললেন আমরা চর্বিতচর্বণ করছি—থোড় বড়ি খাড়া, আর খাড়া বড়ি থোড় করছি। এটা খুব সত্যি কথা। কারণ যেখানে যাচ্ছেন সেখানে সেই ভিসিয়াস সার্কেল করছেন। রাইটার্স বিল্ডিংস, চৌরঙ্গীর গোপন নির্দেশে এইসব হচ্ছে। এসব যদি বন্ধ করেন তাহলে আমরা এসব কথা বলব না। কিন্তু আপনারা যতক্ষণ তা না করবেন ততক্ষণ আমাদেরও এসব বলতে হবে। ক্যালকাটা কর্পোরেশন-এ নিছক দলবাজী করার মধ্য দিয়ে ৬ জন কমিশনারকে আটক রেখে দিয়ে আপনারা গদী দখল করতে যাচ্ছেন, আপনাদের এই পাওয়ার লাভিং-এর জন্য আপনারা গণতন্ত্রকে কোথায় নিয়ে যাচ্ছেন, স্বায়ত্তশাসনকে কোথায় নিয়ে যাচ্ছেন সেটা আজ ভাবার কথা। এইভাবে জনসাধারণের সামনে একটা ভ্যাকুয়াম সৃষ্টি করছেন। হাওড়া মিউনিসিপ্যালিটিতে যে উদ্দেশ্যের কথা বলছেন সেই

উদ্দেশ্য নিশ্চয় ভাল। হাওড়া মিউনিসিপ্যালিটি ভাল করায় কোন আপত্তি করব না। রামনাম ভাল কথা ও সেটা আমরা অ্যাপ্রিসিয়েট করব, কিন্তু একটা জায়গা থেকে যদি শোনেন তাহলে আঁৎকে উঠবেন, সেটা হচ্ছে ভূতের মুখে রামনাম। সুতরাং সুন্দর বলবার পর যাঁরা খারাপ ভাবে রূপান্তরিত করেন তাঁদের হাতে বিলের ভার দিয়ে যদি চোখ বুজে থাকেন তাহলে আপনারা জনসাধারণের সঙ্গে বিশ্বাসঘাতকতা করবেন।

Adjournment

The House was then adjourned at 5.45 p.m. till 1 p.m. on Wednesday, the 21st April, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday. the 21st April, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 9 Ministers, 4 Ministers of State and 170 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

High Power Committee on Land Reforms

***478.** (Admitted question No. *2589.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে ভূমি সংস্কার বিষয়ে উচ্চ ক্ষমতাবিশিষ্ট কমিটি গঠিত হইয়াছে কি না;

(খ) হইয়া থাকিলে তাহার সদস্যগণের নাম কি; এবং

(গ) এই সমিতির প্রধান প্রধান কাজ কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) গঠনের সিদ্ধান্ত হইয়াছে।

(খ) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(গ) ভূমি সংস্কার বিষয়ক উদ্দেশ্যগুলির সার্থক রূপায়নে পরামর্শদান ও সুপারিশ করা। এবং এজন্য রাজ্যে ভূমিসংস্কার কার্যাদির প্রগতি মধ্যে মধ্যে পর্যবেক্ষন করা।

Statement referred to in clause (kha) in reply to starred question No. 478

List of Members

1. Shri S. Bhattacharya, Minister, Land and Land Revenue Department and Irrigation and Waterways Deprtment,
2. Shri K. N. Das Gupta, Minister, Departments of Public Works, Roads, Construction Board and Housing,
3. Shrimati Purabi Mukhopadhyay, Minister, Health Department,
4. Shrimati Abha Maiti, Minister, Refugee, Relief and Rehabilitation Department,
5. Shri T. Wangdi, Minister-in-charge of Tribal Welfare Department,
6. Shri Ajoy Kumar Mukherjee, President West Bengal Pradesh Congress Committee,
7. Shri Dinabandhu Das, M.L.A.,
8. Shri Arabinda Roy, M.L.A.,
9. Shri Asoke Krishna Datta, M.L.A.,

10. Shri Hemanta Kumar Basu, M.L.A.,
11. Shri Shamsuddin Ahmed, M.L.A.,
12. Shri Upendra Nath Burman, M.L.C.,
13. Shri Sasanka Sekhar Sanyal, M.L.C.,
14. Shri Sukamal Kanti Ghosh, Editor, Jugantar,
15. Shri Asoke Kumar Sarkar, Editor, Ananda Bazar Patrika,

with Secretary, Land and Land Revenue Department as Convenor.

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী জানিয়েছিলেন এর আগে যখন ল্যান্ড রিফর্মস এমেন্ডমেন্ট আসে যে স্টেট এ্যাকুইজিসন এবং ল্যান্ড রিফর্মস বিল এই দুটোকে একত্রিত করে একটা সামগ্রিকভাবে বিল রচনা সময় সাপেক্ষ। সে সম্পর্কে আমরা বিবেচনা করছি- আমার বক্তব্য হচ্ছে এই যে কমিটি গঠন করা হয়েছে এই কমিটির কাছে এই বিষয়ে থাকবে কিনা এস্টেটস এ্যাকুইজিসন এ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস এ্যাক্ট যে সব আছে সেটা পরিবর্তন করার মত এ্যাডভাইস করতে পারেন কিনা সেই ক্ষমতা তাদের দেওয়া আছে কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ এই কমিটির যা লক্ষ্য সেটা অনেকখানি ব্যাপক কারণ ভূমি সংস্কারের উদ্দেশ্য যাতে সার্থকভাবে রূপায়িত হতে পারে এবং ভূমি সংস্কার আইনের বিধানগুলি যাতে ঠিক ঠিকমত কার্যকরী হতে পারে সেই রকম এই কমিটি সমস্ত বিষয় পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজন মত সুপারিশ করবেন। কাজেই সমস্ত প্রকার ভূমি সংস্কার সম্পর্কে যে আইন আছে সেগুলি একত্রিত করে যদি একটা ব্যাপক আইন রচনার কথা উঠে তাহলে নিশ্চয়ই সেই কমিটি সেই বিষয়ে আলোচনা করতে পারবেন।

শ্রীসনৎকুমার রাহাঃ আমি বলছিলাম সরকার থেকে এই ধরনের কোন নীতি নির্দেশ করে দেওয়া হয়েছে কিনা যে বাংলাদেশের ভূমিসংস্কার এসেসমেন্ট করে যে পর্যায়ে এসে গেছে সেখানে এস্টেটস এ্যাকুইজিসন এ্যাক্ট কিছু পরিবর্তন করা দরকার এবং ল্যান্ড রিফর্ম এ্যাক্টেও বর্গাদার ক্ষেতমজুরদের বা অন্যান্য বিলি বণ্টন সম্পর্কে কিছু আইন পরিবর্তন করা দরকার এ বিষয়ে সরকার কোন টার্মস অব রেফারেন্স দেবেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ সরকার টার্মস অব রেফারেন্স দেবেন না। এই কমিটি গঠিত হয় ন্যাশন্যাল ডেভেলপমেন্ট কাউন্সিলের একটা মিটিংয়ে। ন্যাশন্যাল ডেভেলপমেন্ট কাউন্সিল বলেছিলেন যে বিভিন্ন রাজ্যের ভূমি সংস্কার বিষয়ক আইনগুলি যাতে যথাযথভাবে কার্যকরী হতে পারে সেজন্য একটা উচ্চ পর্যায়ে কমিটি গঠিত হোক যে কমিটির মধ্যে থাকবেন ক্যাবিনেট মিনিস্টাররা সদস্যরা রিপ্রেজেন্টেটিভস অব পাবলিক ওপিনিয়ন ইত্যাদি। সেই হিসাবে কমিটি গঠিত হয়েছে, এই কমিটির যা লক্ষ্য স্থির করে দেওয়া হয়েছে ন্যাশন্যাল ডেভেলপমেন্ট কাউন্সিল থেকে তাতে তারা অনেক কিছু বলতে পারবেন এবং অনেক কিছু সুপারিশ করতে পারবেন।

শ্রীসনৎকুমার রাহাঃ আমার বক্তব্য হচ্ছে এই ল্যান্ড রিফর্মস কমিটিতে যে সমস্ত লোক নিয়েছেন তাতে কৃষক সমিতির সঙ্গে যুক্ত কৃষক আন্দোলন এবং সংগঠনের সঙ্গে যুক্ত যে কোন দলেরই হোক সেই সমস্ত বিশিষ্ট নেতাদের আপনারা ভবিষ্যতে নেবার কথা ভাবছেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ ন্যাশন্যাল ডেভেলপমেন্ট কাউন্সিল যা সুপারিশ করেছিলেন তাতে তারা বলেছিলেন যে একটা উচ্চ পর্যায়ে কমিটি গঠন করা হোক এবং তাতে থাকবেন মন্ত্রী পরিষদের সদস্যগণ এবং জনমতের প্রতিনিধিগণ।

শ্রীপাঁচগোপাল ভাদুড়ীঃ আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, এই কমিটি এসেম্বলীর সামনে এসে মনোনীত হল না কেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের ল্যান্ড রিফর্মস ইমপ্লিমেন্টেসন কমিটি বলে একটা কমিটি আছে, সেই কমিটিতে ঐ রকমভাবে উচ্চ পর্যায়ে কমিটি গঠন

করবার জন্য রাজ্যসরকারদের কাছে সুপারিশ করা হয়—তাতে বলা হয়েছে এই রকমভাবে কমিটি গঠন করতে হবে—কিভাবে গঠন করতে হবে সে সম্পর্কে এই ন্যাশন্যাল ডেভেলপমেন্ট কাউন্সিলের ল্যান্ড ইমপ্লিমেন্টেসন সাব কমিটি যেভাবে নির্দেশ দিয়েছেন আমরা সেই নির্দেশ পালন করেছি।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারী হচ্ছে যে বিরোধী দলগুলির মধ্যে ভূমিসংস্কার সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের বাদ দেওয়া হয়েছে এটা মনে করেন কিনা মন্ত্রিমহাশয়?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ না আমরা কাউকে বাদ দিয়েছি এ কথা মনে করি না।

শ্রীঅবনীকুমার বসুঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই যে কমিটি যেটা হয়েছে এটা কি শুধু বর্তমানে যে সমস্ত আইন চালু আছে সেই আইনকে কার্যকরী করবার বিষয়ে পরামর্শ দেবেন, না নূতন নীতি নির্ধারণ করার ক্ষমতাও এই কমিটির থাকবে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ নীতি মোটামুটি স্থির হয়ে গেছে—নীতি নির্ধারণ করা সম্পর্কে কমিটি ইচ্ছা করলে সুপারিশ করতে পারেন—তবে যে সমস্ত নীতি অবলম্বন করে ভূমিসংস্কার বিষয়ক আইনগুলি রচিত হয়েছে সেই সমস্ত নীতি ঠিক ঠিক কার্যকরী হচ্ছে কিনা এবং ভূমি-সংস্কার বিষয়ক বিধানসমূহ রূপায়িত হচ্ছে কিনা—কার্যে প্রযুক্ত হচ্ছে কিনা সেগুলি অবশ্য এরা দেখবেন।

শ্রীঅবনীকুমার বসুঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই কমিটি কবে থেকে কাজ সুরু করবেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ কমিটি শীঘ্রই তাদের প্রথম অধিবেশন আরম্ভ করবেন।

শ্রীরাধাকৃষ্ণ সিংহঃ মন্ত্রিমহাশয় বল্লেন, যে পলিসি অলরেডি গভর্নমেন্ট নিয়েছে সেই পলিসিটা এ'রা ইমপ্লিমেন্ট করবেন—তাহলে সেটা এক্‌জিকিউটিভ কমিটি বলে কি আমরা আখ্যা দিতে পারি? এরা কোন পলিসি নূতন করে করবে না, যে পলিসি গভর্নমেন্ট নিয়েছেন সেটাকে ইমপ্লিমেন্ট করবেন এটাই বল্লেন তো?

[উত্তর নাই]

[1-10—1-20 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় রাজস্বমন্ত্রী কি বলবেন—এই কমিটি এখনও বসেনি, বসবে—এই কমিটিতে যেসমস্ত আলোচনা হবে এবং সিদ্ধান্ত গৃহীত হবে সেগুলি তাঁরা আইনসভায় পেশ করবেন?

Shri Syamadas Bhattacharyya:

এমন কোন কথা আমরা বলতে পারি না। এই কমিটি আমাদের বিধানসভার কোন সাব-কমিটি নয় যে বিধানসভাতে কমিটির কার্যাবলীর বিবরণ পেশ করতে হবে।

Shri Nani Bhattacharjee:

এটা গোপন কোন কিছু কিনা সেটা জানতে চাই। ধরুন আপনি সেই কমিটিতে আছেন, আমরা আপনার কাছ থেকে এই কমিটির বিভিন্ন সময়ের যে সিদ্ধান্ত সেটা যদি গোপন না হয় তাহলে বিধানসভাতে সেই সমস্ত সংবাদ বা সিদ্ধান্ত পেতে পারি। সুতরাং সেই রকম গোপন কোন কিছু ঘটাব বলে মনে করছেন, না, সেটা প্রকাশ্য সিদ্ধান্ত হবে এবং মাঝে মাঝে আমরা সেই সিদ্ধান্ত আপনার মারফৎ জানতে পারব?

Shri Syamadas Bhattacharyya:

ভূমিসংস্কার বিষয়ক কোন সিম্ধান্ত গোপন সিম্ধান্ত নয়। তবে এই কমিটির কোন কার্য-বিবরণী বা প্রোসিডিংস বা সিম্ধান্ত কতখানা এখানে উপস্থিত করতে হবে না করতে হবে সেটা কমিটির সদস্য স্থির করবেন তা নয়, প্রয়োজনমত সরকার নিশ্চয়ই এখানে মাননীয় সদস্যদের কাছে কমিটির সিম্ধান্ত উপস্থিত করতে পারেন।

Shri Nani Bhattacharjee:

মাননীয় রাজস্বমন্ত্রী কি বলবেন যে এই কমিটির কাছে এ পর্যন্ত ভূমি-সংস্কার বলুন বা জমিদারী দখল আইন সংক্রান্ত ব্যাপারে বলুন কোন সুপারিশ বা কোন সাজেসান বা কোন দাবী এসেছে কিনা বিভিন্ন কৃষক প্রতিষ্ঠানের কাছ থেকে?

Shri Syamadas Bhattacharyya:

এই কমিটির প্রথম মিটিং আগামী ৪ঠা বসবে। এই কমিটির সদস্যদের কাছে কোন রকম সুপারিশ বা অভিমত জনসাধারণের তরফ থেকে বা বিভিন্ন কর্মীর তরফ থেকে এসেছে তা আমার এখনও জানা নেই।

Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যেসমস্ত বে-আইনী হস্তান্তর হয়েছে বা অন্যায়ভাবে যেসমস্ত উচ্ছেদ হয়েছে—হয়ত আইনের সুযোগ নেওয়া যায়নি—সেই ধরনের কোন অভিযানের বিচার করার বা অনুসন্ধান করার এই কমিটির ক্ষমতা আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এই কমিটির টার্মস অব রেফারেন্সে আমরা বলেছিলাম ভূমি সংস্কার বিষয়ক যেসমস্ত আইন-কানুন প্রণয়ন করা হয়েছে সেই সমস্ত আইন-কানুন ঠিকভাবে প্রয়োগ করা হচ্ছে কিনা ভূমি সংস্কারের উদ্দেশ্য সার্থক হচ্ছে কিনা সেই সমস্ত বিচার করে কমিটি বিভিন্ন বিষয়ে সুপারিশ ইমপ্লিমেন্টেসান সম্পর্কে সুপারিশ করতে পারবেন। কমিটি হয়ত নতুন আইন প্রণয়ন করা সম্পর্কে সুপারিশ করতে পারেন; কমিটির আসলে আমার যতদূর মনে হচ্ছে স্কোপ অনেক বেশী।

Shri Jiban Krishna Dey:

আমরা তো শুনেছি সরকার লাঙ্গল যার জমি তার এই নীতি কার্যকরী করবেন। তা যদি হয় তাহলে কমিটিতে বিরোধী দলের সদস্যদের নিতে ভয় হচ্ছে কেন?

Shri Syamadas Bhattacharyya:

আমরা কাউকে বাদ দিচ্ছি না, সকলের অভিমত গ্রহণ করব।

Shri Birendra Narayan Ray:

এই যে মন্ত্রিমহাশয় বললেন কাউকে বাদ দেওয়া হয়নি, আমার প্রশ্ন হচ্ছে এই সদস্যদের মধ্যে কতজন কংগ্রেসী এবং কতজন বিরোধী সদস্য আছেন?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় বীরেনবাবু নিজেই ব্যাখ্যা করলেন। আমি একথা বলিনি যে সবাইকে নেওয়া হয়েছে। আমি বলেছি ইচ্ছাপূর্বক কাউকে বাদ দেওয়ার প্রশ্ন উঠে না।

Shri Narayan Choubey:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এই কমিটির যখন সিটিং হবে তখন তাঁরা বিভিন্ন যেসমস্ত সংগঠন কৃষকদের মধ্যে কাজ করে, যারা ভূমি সংস্কার আন্দোলন এতদিন করে এসেছে যেমন বঙ্গীয় কৃষক সভা, অগ্রগামী কৃষক সভা, তাঁদের মতামত নেবার জন্য এই কমিটি কি ব্যবস্থা করেছেন?

Shri Syamadas Bhattacharyya:

এই কমিটি সমস্ত প্রতিনিধিমূলক সংস্কার মতামত বিবেচনা করবেন, এ সম্বন্ধে কোন বাধা নেই।

Shri Sanat Kumar Raha:

যে কমিটি গঠিত হয়েছে সেই কমিটিতে ভবিষ্যতে আরো সদস্য সংখ্যা বাড়াবার কোন স্কোপ আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এটা হলো কেবিনেটের সিদ্ধান্ত। এ সম্বন্ধে কেবিনেট ভবিষ্যতে কি করবেন—বলতে পারি না।

Shri Narayan Choubey:

এই কমিটির কাজকর্ম দেখবার জন্য আবার কি কোন কমিটি নিয়োগ করা হবে?

Shri Syamadas Bhattacharyya:

এই কমিটি গঠিত হয়েছে মাননীয় সদস্যদের নিয়ে, মাননীয় সদস্যদের সংখ্যা এখানে বেশী বলে বাইরে থেকে দু-জন সদস্য আছে। এখন তাদের কার্যাবলীর উপর গোয়েন্দাগিরি করবার জন্য আর একটি কমিটির দরকার হবে বলে আমি মনে করি না।

Shri Sanat Kumar Raha:

আমি আপনার মাধ্যমে একটি সাজেসান রাখছি। ভূমি-রাজস্ব মন্ত্রিমহাশয় আপনি এই কমিটির সদস্য আছেন, আমি দাবী করছি যে প্রথম কমিটির মিটিং-এ বাংলাদেশের বিভিন্ন কৃষক সংগঠনের সঙ্গে যোগাযোগ করবার জন্য আপনাদের মেমোরেণ্ডাম তাদের দেন বা তাদের মেমোরেণ্ডাম আপনারা নেন—এই রকম একটা কিছু করা উচিত।

[No reply.]

Erosion of the Damodar in Haivatpur Village

***479.** (Admitted question No. *2687.)

শ্রীপুরঞ্জয় প্রামানিক: সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্ধমান জেলার জামালপুর থানার হৈবৎপুর গ্রাম দামোদর নদীর ভাঙ্গনের ফলে নিশ্চিহ্ন হইবার উপক্রম হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে এই ভাঙ্গন প্রতিরোধের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না?

Shri Syamadas Bhattacharyya:

(ক) হৈবৎপুর গ্রামের নিকট ভাঙ্গন সম্বন্ধে সরকার অবগত আছেন।

(খ) এই ভাঙ্গন প্রতিরোধকল্পে পরিকল্পনা রচনার জন্য অনুসন্ধান ও জরিপাদির কাজ চলিতেছে।

Shri Puranjoy Pramanik:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ভাঙ্গন প্রতিরোধের কাজ কতদিনে আরম্ভ করা হবে?

Shri Syamadas Bhattacharyya:

এই হাইভাতপুর গ্রামটি দামোদর নদের দক্ষিণ দিকে অবস্থিত। এখানে গত কয়েক বছর ধরে ভাঙ্গন হচ্ছিল। ১৯৬৪ সালে এবং ১৯৬২ সালে এই ভাঙ্গনের পরিমান বেড়েছে। এই নদীকে নিয়ন্ত্রণ করে ভাঙ্গন প্রতিরোধ করতে গেলে অনেক রকম তথ্যের প্রয়োজন, অনেক রকম জরীপ ও অনুসন্ধান ইত্যাদির প্রয়োজন। সেই সমস্ত তথ্য সংগ্রহের জন্য জরীপ ও অনুসন্ধানের কাজ চালান হচ্ছে।

Shri Puranjoy Pramanik:

মন্ত্রিমহাশয় কি জানাবেন—আগামী বর্ষার আগে এই হাইভাতপুর গ্রামটি ভাঙ্গনে নিশ্চিহ্ন হবার পূর্বে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করার কাজ আরম্ভ করা হবে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

আমরা অবশ্য চেষ্টা করছি। কিন্তু যেখানে একটি প্রবল স্রোতস্বিনী নদী প্রবাহিত হচ্ছে একপাশে চর ও আর একপাশে ভাঙ্গন সৃষ্টি করছে, সেখানে দ্রুত কাজ করতে গেলে ইঞ্জিনীয়াররা কাজে কতখানি সফল হবেন, প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করবার ব্যাপারে কতখানি সফল হবেন, এ বিষয়ে খানিকটা অনিশ্চয়তা আছে। তবে তাঁরা কাজে হাত দেবেন, আমি যদি জোর করে বলি অমুক জায়গায় এমব্যাঙ্কমেণ্ট দিতে হবে, কালভার্ট কন্সট্রাকসান করতে হবে, তাহলে আমার পক্ষে নন-টেক্নিক্যাল লোক হিসেবে উপদেশ দেওয়া ঠিক হবে না।

Shri Puranjoy Pramanik:

দশ মাস পূর্বে আনন্দবাজারে এই সম্পর্কে প্রকাশিত হবার পর জরীপ ইত্যাদি কাজ ও পরিকল্পনা রচনার ব্যাপারে এত দেরি হচ্ছে কেন ?

Shri Syamadas Bhattacharyya:

দেরি হচ্ছে না জরীপ ইত্যাদি তথ্য সংগ্রহের কাজ চলছে।

Shri Birendra Narayan Ray:

মন্ত্রিমহাশয় বলবেন কি—ঐ গ্রামটি নিশ্চিহ্ন হবার পর আপনাদের পরিকল্পনা সুরু হবে?

[No reply.]

Santipur-Guptipara Ferryghat Road

***480.** (Admitted question No. *2796.)

শ্রীকানাই পাল: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিপুর গুপ্তিপাড়া খেয়াঘাট রাস্তা প্রস্তুতির কাজ কত তারিখে শুরু ও কত তারিখে শেষ করা হয়;

(খ) এই রাস্তাটি প্রস্তুত করার জন্য কত লোকের মোট কত জমি সরকার দখল লইয়াছেন; এবং

(গ) এই সকল জমির ক্ষতিপূরণ বাবদ আজ পর্যন্ত মোট কতজনকে মোট কত টাকা দেওয়া হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) রাস্তার কাজ ১৯৬১ সালের জানুয়ারি মাসে শুরু এবং ১৯৬৩ সালের ডিসেম্বর মাসে শেষ হয়।

(খ) ৮৭ জন লোকের প্রায় সাড়ে ছয় একর জমির দখল লওয়া হয়।

(গ) ৮৭ জনকে মোট ১০,০৯৩ টাকা ৮০ পয়সা ক্ষতিপূরণ বাবদ দেওয়া হইয়াছে।

Shri Kanai Pal:

ঐ ৮৭ জনের যে জমি নেওয়া হয়েছে, তাদের ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কি

Shri Syamadas Bhattacharyya:

সমস্ত জমির ক্ষতিপূরণ দেওয়া হয়েছে. কোন প্রদেয় টাকা দিতে এখন আর বাকী নাই।

Rupnarayan Bridge near Kolaghat

***481.** (Admitted question No. *2836.)

Shri Narayan Choubey: Will the Minister-in-charge of the Public Works (Spl. Roads) Department be pleased to state—

(a) whether a new bridge on the Rupnarayan near Kolaghat is being constructed?

(b) If answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) when the work of construction started;

(ii) what is the target date for completing this bridge;

(iii) what amount of money sanctioned for this brige; and

(iv) what is the progress so far made in the construction of the bridge?

[1-20—1-30 p.m.]

Shri Khagendra Nath Das Gupta: (a) Yes.

(b) (i) January, 1962.

(ii) December, 1966.

(iii) (a) Sanctioned for Rs. 1,12,21,000.

(b) Revised estimate Rs. 1,28,00,000.

(iv) (a) Viaduct-portion (840 ft.)—almost completed.

(b) Bridge-portion (2,450 ft.) (1) 2 wells-sunk and plugged (2) 10 wells-sinking in progress.

Shri Narayan Choubey:

আমি জিজ্ঞাসা করছি, ব্রিজটা কাকে ঠিকে দেওয়াছিল?

Shri Khagendra Nath Das Gupta:

ব্রিজটা গেমনস (ইণ্ডিয়া) লিমিটেডকে ঠিকে দেওয়া হয়েছিল।

Shri Narayan Choubey:

মাননীয় মন্ত্রিমহাশয়, জানেনকি যে এই ব্রিজটা ঠিকা দেওয়ার জন্য গ্লোবেল টেণ্ডার কল করা হয়েছিল কিনা?

Shri Khagendra Nath Das Gupta:

হ্যাঁ। অল ইন্ডিয়া টেন্ডার আহবান করা হইয়াছিল।

Shri Narayan Chaubey:

আপনি বলেছেন যে ডিসেম্বর ১৯৬৬ মধ্যে কোলাঘাটের ঐ ব্রিজটা শেষ হবে বলে টার্গেট আছে, কিন্তু প্রশ্ন হচ্ছে যে রেট-এ এটার প্রোগ্রেস হচ্ছে তাতে ব্রিজটার কাজ এই সময়ের মধ্যে শেষ হবে কি?

Shri Khagendra Nath Das Gupta:

আমাদের ১৯৬৬ সালের জুন-এর মধ্যে কমপ্লিট করার কথা, কিন্তু আশা করছি ডিসেম্বর-এর মধ্যে পারবো।

Shri Narayan Chaubey:

এই ব্রিজটার পিলার কটা হবে?

Shri Khagendra Nath Das Gupta:
১৫টা পিলার হবে।

Shri Narayan Choubey:
মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি, একটিও পিলার হয়েছে কিনা?

Shri Khagendra Nath Das Gupta:
আমি উত্তরে বলেছি ২টি পিলার প্লাগর্ড হয়েছে, একটির ওয়েল সাংক করা হয়েছে, আর একটিতে ওয়েল সাংক করার পর, তার উপর পিলার উঠছে আর বাকী আছে ১৩টা।

Shri Narayan Choubey:
ওয়েল সাংক করার পর পিলার হবে, এটা আমার প্রশ্ন নয়, আমার প্রশ্ন হচ্ছে একটা পিলার তৈরী হয়েছে কিনা নদীর উপর?

Shri Khagendra Nath Das Gupta:
হ্যাঁ, পিলার হয়েছে।

Shri Narayan Choubey:
নদীর বুকের উপর কটি পিলার হয়েছে?

Shri Khagendra Nath Das Gupta:
আগেই বলেছি ২টি ওয়েল সাংক হচ্ছে, একটি পিলার তৈরী কমপ্লিট হয়েছে, আর একটি তৈরী হচ্ছে।

Shri Narayan Choubey:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি—ঐ ব্রিজ-এর পাশে যে রেলওয়ে ব্রিজ শুরু হয়েছিল দু বছর পর, তার সমস্ত পিলারগুলো হয়ে গেছে এবং ৬ মাসের মধ্যে এটা কমপ্লিট হবে, এটা জানেন কি?

Shri Khagendra Nath Das Gupta:
তার উত্তর এর আগে দু-তিনবার দিয়েছি। রেলওয়ে ব্রিজ-এর সঙ্গে আমাদের কমপেরিজন হয় না, এখানে ১ কোটি ১২ লক্ষ টাকা খরচ হচ্ছে, আর রেলওয়ে ব্রিজ-এর জন্য ৩ কোটি টাকা খরচ হচ্ছে।

Shri Narayan Choubey:
রেলওয়ে ব্রিজ তৈরী করবার পর টোটাল রেলওয়ে লাইন আছে স্বাভাবিকভাবে তাদের খরচ বেশী হবে, আপনাদের দেয় তাদের স্পেন বড় হবে, এই খবর রাখেন কি?

Shri Khagendra Nath Das Gupta:
আমাদের চেয়ে স্পেন হবে না।

Shri Abani Kumar Basu:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যে দুটো পায়ার ভারটিক্যাল ক্র্যাক হয়েছে এবং সেগুলো ব্যবহারের অযোগ্য এই ব্রিজ-এ?

Shri Khagendra Nath Das Gupta:
হ্যাঁ।

Shri Narayan Chaubey:
মাননীয় মন্ত্রিমহাশয় জানেনকি, সেই ক্র্যাক রিপেয়ার হয়েছে কিনা? এবং সেটা কি অবস্থায় আছে?

Shri Khagendra Nath Das Gupta:

চারটে পায়ার ক্র্যাক হয়েছিল তার মধ্যে দুটো ইঞ্জিনীয়ার-এর ডাইরেকশান মত নেসেসারি রিপেয়ার, নিডিনিং ইত্যাদি করার পর চালু করা হবে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি? এই যে এডিসান অলটারেশান করতে হচ্ছে এই দুটো পিয়ারকে এর জন্য অতিরিক্ত ব্যয়ভার কেন্দ্রীয় সরকার বহন করবেন কিনা?

Shri Khagendra Nath Das Gupta:

না, কেন্দ্রীয় সরকার ব্যয়ভার বহন করবেন না।

Shri Narayan Chaubey:

যে রেট-এ প্রোগ্রেস হবার কথা নিশ্চয়ই আপনাদের একটা রেট আছে, সেই সিডিউল অনুযায়ী প্রোগ্রেস হচ্ছে কিনা?

Shri Khagendra Nath Das Gupta:

ব্রিজ করতে অনেক ডিফিকালটি হয় সিট পাইপ আনতে হয়েছিল ফরেন কাণ্টি থেকে। তার জন্য এক বছর লেগেছিল ফরেন একস্‌চেঞ্জ এরেঞ্জ করতে। তারপর ব্রিজ-এর প্রত্যেকটা ডিটেলড ডিজাইন সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর কাছে পাঠাতে হয়, প্রতিটি ব্যাপারে সেণ্ট্রাল গভর্নমেণ্ট এর কাছ থেকে এপ্রুভ্যাল এলে তার কাজ আরম্ভ হয়, কাজেই এই সমস্ত কারণে ডিলে কিছুটা হয়েছে তবে একটা টারগেট ডেট করেছি তার মধ্যেই আমরা কমপ্লিট করতে পারবো। তার জন্য যে একস্‌পেকটেড ডেট দেওয়া সম্ভব তা দিয়েছি, এ ছাড়া আমরা কমপোনেকে হেল্প করবার জন্য ২০ লক্ষ টাকা লোন দিয়েছি।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই পুলের কাজে দেরী হবার জন্য যে অতিরিক্ত ব্যয় হবে সেই অতিরিক্ত ব্যয় কে বহন করবে?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: কণ্ট্রাক্টর বহন করবে।

শ্রীঅশ্বিনী রায়: আপনি বললেন ১১টি পিলার-এর মধ্যে ২টি পিলার হয়েছে এবং ১৯৬৬ সালের জুন মাসে কমপ্লিট হবে। আমার প্রশ্ন হচ্ছে ওই পিলারগুলোর কনস্ট্রাকসন সাইমাল-টেনিয়াসলী হচ্ছে, না একটার পর আর একটা হচ্ছে?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: আমি বলেছি ১০টি পিলার। এর মধ্যে ৩টির ওয়েল সিংক করা হয়েছে এবং ৩টি চলছে—প্রায় কমপ্লিট হয়েছে।

শ্রীনারায়ণ চোবে: কতটা হয়েছে আপনি দেখে আসবেন কি?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: আমি দেখেছি।

Lands irrigated in Sadar Subdivision of Midnapore District

***482.** (Admitted question No. *2867.)

শ্রীঅনঙ্গমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে মেদিনীপুর সদর মহকুমার কোন কোন থানার কত জমি সেচের জল পাইয়াছে;

(খ) ঐ সকল জমির সেচের জন্য কি হারে জলকর চাওয়া হইয়াছে; এবং

(গ) উক্ত জলকরের কত অংশ আদায় হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) ১৯৬৪ সালে মেদিনীপুর সদর মহকুমার সেচ জলপ্রাপ্ত থানা ও জমির পরিমাণ এইরূপঃ—

থানা				জমির পরিমাণ
(১) ডেবরা	...	...	...	৩৪,৫৬৪·১৮ একর
(২) সবং	...	...	...	৮,২৬২·৭৩ একর
(৩) পিংলা	...	...	...	৫,১০৩·৮৯ একর
(৪) খড়্গপুর	...	...	...	৩২,৭০৫·৩৮ একর
(৫) নারায়ণগড়	...	...	...	৯,০১৬·২২ একর

(খ) উক্ত জমিসমূহে বাৎসরিক একর প্রতি ২·৫০ টাকা হারে জলকর চাওয়া হইয়াছে।

(গ) ১৯৬৪-৬৫ সালের মোট আদায়ের রিটার্ন প্রস্তুত না হওয়ায় ধার্য জলকরের কত অংশ আদায় হইয়াছে তাহা বলা সম্ভব নহে।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, জলকর যেটা ধার্য হয় সেটা কি হিসেবে ধার্য করা হয়? খাল খোলার জন্য মাঝে মাঝে রি-এক্সকাভেশন করা হয় সেটা ধরা হয়, না রেকারিং খরচ, কর্মচারীদের বেতন সেটাও ধরা হয়?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় সদস্য বোধ হয় জানেন পশ্চিমবাংলায় যতগুলি জায়গায় জলকর আদায় হয় তার মধ্যে মেদিনীপুর জেলায় মেদিনীপুর ক্যানেলের জন্য যেটা আদায় হয় সেটা সর্বনিম্ন এবং যে টাকা আদায় হয় তাতে আমাদের মেন্টেনেন্স খরচ ওঠে না।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, গত বছর যে জমিগুলো জল পেয়েছিল তার মধ্যে কতগুলি জমি উপরি-উক্ত পরিমাণ এবং যথা সময়ে জল পায় নি বলে অভিযোগ করেছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমি বলতে পারি না। তবে কথা হচ্ছে এখানে বহুদিন বাবদ আমরা জল দিচ্ছি এবং ১৮৭৬ সালের আইনের দ্বারা নিয়ন্ত্রিত হয় মেদিনীপুর ক্যানেল। বহুদিন থেকে জল দেওয়া হয় বলে কোন কোন জাগয়া জল পায় এবং কোন কোন জায়গা জল পায় না, সেটা ঠিক করা আছে এবং সেই কারণে বেশীরভাগ সময় কোন গোলমাল হয় না। তবে যদি কোথাও জল না পায় জলাভাবের জন্য বা অন্য কোন কারণের জন্য তাহলে সেই জমিতে জল না পাবার জন্য জলকর রেহাই দেওয়া হয়।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, যখন জমিতে জল পাওয়া গেল না তখন দরখাস্ত পাওয়া গেলে সঙ্গে সঙ্গে তদন্ত করা হয়, না পরে তদন্ত করা হয়?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ সাধারণত আমার যতদূর মনে আছে তাতে নিয়ম হচ্ছে ফসল কাটবার আগে দরখাস্ত করতে হয় যে জল পাই নি বা অতিরিক্ত জলের চাপ হয়েছে বা অন্য কোনও কারণে ফসল হানী হয়েছে। এটা পাবার পর ফসল কাটবার আগে তদন্ত করা হয়। ফসল কাটবার পর যদি দরখাস্ত করা হয় তাহলে তদন্ত বিলম্ব হয়।

শ্রীঅভয়পদ সাহাঃ মন্ত্রিমহাশয় বললেন, মেদিনীপুর জেলার মেদিনীপুর সদর মহকুমায় সেচের জন্য একর প্রতি ২ টাকা ৫০ পয়সা হারে ট্যাক্স আদায় করা হয় এবং ময়ূরাক্ষী ক্যানেল অঞ্চলে ১০ টাকা হারে ট্যাক্স আদায় করা হয়। আমার প্রশ্ন হচ্ছে এই বৈষম্য কেন করা হয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় সদস্যের দ্বারা এই বৈষম্যের কারণ সমর্থন করান কঠিন। এর কারণ হচ্ছে ১০০ বছর ধরে খাজনা এক টাকা হারে চলে আসছে—আগে খাজনা কম ছিল—এখন আড়াই টাকা হার হয়েছে। এটা অন্যান্য জায়গার তুলনীয় অংশের চেয়ে কম। ক্যানেল কর বাড়বে বলে এই যে চিন্তা করছেন তাতে আমার বক্তব্য হচ্ছে উভয় জায়গায় যাতে কোনরকম অসামঞ্জস্য না থাকে তার জন্য সরকার বিবেচনা করছেন।

Toll Charge on the Tilpara Bridge

***483.** (Admitted question No. *2957.)

শ্রীসুধীরচন্দ্র দাস: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ময়ুরাক্ষী নদীর উপর তিলপাড়া পুল পারাপার জন্য প্রতি বলদ পিছু দুই পয়সা ট্যাক্স আদায় করা হয়, কিন্তু জোড়া বলদযুক্ত খালি গো-যানের কোন ট্যাক্স দিতে হয় না;

(খ) সত্য হইলে ইহার কারণ কি;

(গ) ইহা কি সত্য জোড়া বলদযুক্ত খালি গো-যানের উপর ট্যাক্স মকুব করিলেও খালি রিক্সা ও সাইকেলের উপর ট্যাক্স আদায় করা হয়; এবং

(ঘ) সত্য হইলে এই বৈষম্যমূলক নীতি প্রচলনের কারণ কি?

[1-30—1-40 p.m.]

Shri Khagendra Nath Das Gupta:

(ক) হ্যাঁ।

(খ) খালি গোযানের উপর ট্যাক্স মকুবের সময় বলদের উপর ট্যাক্স মকুব করা হয় নাই। উহা মকুবের ব্যবস্থা করা হইতেছে।

(গ) হ্যাঁ।

(ঘ) সাইকেলের উপর ট্যাক্স মকুবের ব্যবস্থা করা হইতেছে।

শ্রীসুধীরচন্দ্র দাস: এই সম্পর্কে বিবেচনা করে বলে কাজ শেষ হবে অর্থাৎ এই মকুব করা সম্পর্কে বলবেন কি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: চেষ্টা করা হচ্ছে শীঘ্র হবে।

শ্রীরাধাকৃষ্ণ সিনহা: আজ পর্যন্ত এই বিলের জন্য টোল ট্যাক্স আদায় করা হয়েছে।

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: নোটিশ দিলে বলতে পারবো।

Garden Lease in the Development Area of Kalimpong Town

***484.** (Admitted question No. *3088.)

Shri Lakshmi Ranjan Josse: Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) what was the object behind the concept of 'Garden Leasse' in the Development Area of Kalimpong town;

(b) what is the life of a Garden Leasse; and

(c) if such lease is being still issued?

Shri Syamadas Bhattacharyya: (a) Dairy and cultivation purpose.

(b) 25 years.

(c) Yes.

Shri Lakshmi Ranjan Josse: With regard to the original objects of the garden lease, the Hon'ble Minister says they are cultivation and dairy —they are very general terms. There is no mahal land anywhere perhaps which does not do cultivation and does not rear cattle. This garden lease, when it was created, was something different from khas mahal land. There must be something special as regards garden lease. What is that? Are they allowed to cultivate paddy or grow cardamom in garden lease lands?

Shri Syamadas Bhattacharyya: The object is—as I find in the lease also—cultivation and dairy.

Shri Lakshmi Ranjan Josse: What is the rent payable by such garden lease lands per acre?

Shri Syamadas Bhattacharyya: That I cannot say immediately, but the lease is renewable for a period of 25 years on the terms and conditions to be settled by the Board. Unless the terms and conditions have been violated by the lessee, the lease is renewable. I cannot tell you immediately what is the rate of rent on which the lease is granted.

Shri Lakshmi Ranjan Josse: Is not this question very relevant? The adjoining land which is known as khas mahal land pays a rent of Rs. 1.75 per acre while the garden lease pays rent of Rs. 50 per acre and they are not allowed to grow paddy or cardamom. Even those lands that grow cash crops such as cardamom pay only Rs. 10 per acre. So, this is a case of injustice. There have been many certificate cases in regard to such lands and you must have received many petitions and representations from the aggrieved parties. What is the Government's reaction or what action the Government is going to take in this matter?

Shri Syamadas Bhattacharyya: Here is the lease form. One of the clauses—clause No. 4—says: The leasee shall not, without the consent in writing of the Deputy Commissioner, permit the premises to be used for any purpose other than dairy and cultivation purposes. The Deputy Commissioner may, if necessary, forbid the cultivation of any particular crop.

শ্রীশ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যে লেসী এটা কে কাকে লীজ দিয়েছেন, অনেক লোককে না একটা কোম্পানীকে?

Shri Syamadas Bhattacharyya: I believe many.

Shri Lakshmi Ranjan Josse: In Kalimpong there are three different categories of land settlement. First comes the Development Area in which the people can build houses and this is known as the building site. That has also four categories and, outside that, if a land does not come up to the building site specification, then it is classified as garden lease. The garden lease was created to feed the Development Area by horticulture, dairy, oranges and other things. But since the Development Area has already proved a flop, the people there are very much aggrieved for having to pay Rs. 50 per acre. Will Government kindly consider this?

Shri Syamadas Bhattacharyya: The terms were fixed on the basis of a contract between the Government and the lessee. If the terms are harsh the lessee might not have entered into the contract. The terms of the lease have been clearly set out. The lessee is not given the right to erect a building; if he does erect a building he violates the terms of the contract. I find from the report that some of the lessees have erected building in violation of the terms of the contract. It is for the Board to decide whether the violations should be condoned or the lease should be terminated. The Board is not in favour of continuing the lease on the expiry of the period of 25 years.

Shri Lakshmi Ranjan Josse: Has any representation been received from the aggrieved persons regarding the high rate of rent?

Shri Syamadas Bhattacharyya: I do not remember to have received any representation. Even if the rent was high it was decided on the basis of a lease, or on the basis of an agreement relating to a period of 25 years; the lessee agreed to pay a fixed rate for a period of 25 years. After having entered into an agreement to pay a certain amount of rent, it is not very fair to say that the rent is high.

Gana Mangal Trust

***485.** (Admitted question No. 3117.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জের অধিবাসী রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ জনসাধারণের উপকারের জন্য "গণ-মঙ্গল" ট্রাষ্ট নামক একটি সমিতি গঠন করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, (১) উক্ত সমিতির মালিকানাধীন কি কি ভূসম্পত্তি আছে; এবং

(গ) গত ছয় বৎসর উক্ত সমিতির কত টাকা আয় হইয়াছে এবং কি কি ভাবে উহা ব্যয় করা হইতেছে?

Hinglo Project

***486.** (Admitted question No. *3213.)

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হিংলো পরিকল্পনার রূপায়নের কাজ কখন হইতে আরম্ভ হইবে;

(খ) হিংলো পরিকল্পনায় কোন কোন থানায় কত জমি সেচের সুবিধা পাবে; এবং

(গ) হিংলো পরিকল্পনার রূপায়নের জন্য সর্বশেষ কত টাকা স্থিরীকৃত হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) হিংলা পরিকল্পনার রূপায়ণের জন্য প্ল্যানিং কমিশনের অনুমতি এখনও চূড়ান্তভাবে পাওয়া যায় নাই। কাজেই এই পরিকল্পনার কাজ কখন হইতে আরম্ভ হইবে তাহা এখন সঠিক বলা সম্ভব নহে।

(খ) হিংলা পরিকল্পনায় ওয়রাসোল, দুবরাজপুর ও ইসলামবাজার থানায় যথাক্রমে আনুমানিক ৪২০০,১২,০০০ ও ১৪,৪০০ একর জমি সেচের সুযোগ পাইবে বলিয়া আশা করা যায়।

(গ) বর্তমানে হিসাব অনুযায়ী এই পরিকল্পনার জন্য মোট প্রায় ৯৭·১৪ লক্ষ টাকা ব্যয় হইবে বলিয়া আশা করা যায়।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ আপনি বললেন যে এটা কখন হবে সেটা এখন ঠিক করা যায় নি, তাহলে এটা কি ঠিক যে, এই ব্যাপারে ল্যান্ড অ্যাকুইজিশান ডিপার্টমেন্ট থেকে ল্যান্ড একোয়ার করেছেন এই হিংলা পরিকল্পনার জন্য?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমরা আশা করছি যে, আমাদের প্রাথমিক বাধা অতিক্রম করবার জন্য এই কাজের চূড়ান্ত অনুমোদন আমরা পাব প্ল্যানিং কমিশন-এর কাছ থেকে তারা কয়েকটি তথ্য চেয়েছিলেন এবং সে তথ্য সেন্ট্রাল ওয়াটার ওয়েজ অ্যান্ড পাওয়ার কমিশন-এর কাছে

আমরা পাঠিয়েছি এবং তারা এটা প্ল্যানিং কমিশন-এর কাছে প্লেস করবেন। আমরা আশা করছি যে, কাজ শীঘ্র করতে পারবো এবং অ্যাডভান্স হিসাবে কিছু কিছু কাজ আমরা আরম্ভ করেছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ আপনি বলেছেন যে, এপ্রুভাল পাব কিন্তু এখনও তা পাওয়া যায় নি অথচ এর মধ্যে কাজ আরম্ভ হয়ে গেল সুতরাং এর কারণ কি—ল্যান্ড অ্যাকুইজিশান-এর কাজ আরম্ভ হল, যে জমিতে ধান হচ্ছিল তাতে তা একোয়ার করবার জন্য চাষীর ক্ষতি হবে। হিংলা পরিকল্পনা হোক তাতে আমাদের কারুর আপত্তি নেই কিন্তু তা না হওয়া সত্ত্বেও আপনারা ল্যান্ড অ্যাকুইজিশান ডিপার্টমেন্ট থেকে অ্যাকুইজিশান করছেন কেন সেটাই জিজ্ঞাসা করছি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ একুইজিশান-এর কথা এখুনি বলতে পারবো না, তবে হিংলায় যে জায়গা প্রয়োজন তাতে এই পরিকল্পনার জন্য আমরা দেখেছি যে বিহারের অনেক অংশ জলে নিমজ্জিত হয়ে যাবে এই ভেবে বিহারিদের আপত্তি হয়েছিল এবং তা এখন খণ্ডন করা গেছে সি ডবলিউ পি সি এবং প্ল্যানিং কমিশন-এর অনুমোদন চেয়েছি এবং আমরা আশা করছি যে প্ল্যানি কমিশন-এর চূড়ান্ত অনুমোদন আমরা লাভ করবো। মাননীয় সদস্যগণ জানেন যে, তৃতীয় পরিকল্পনায় হিংলা পরিকল্পনার কাজ করার জন্য আমাদের একটা টোকেন বরাদ্দ আছে তার কারণ হিংলা পরিকল্পনার গুরুত্ব বিবেচনা করে আমরা সেটা শীঘ্র করতে চাই। আপনি যে অ্যাকুইজিশন-এর কথা বললেন সেটা হয়েছে কিনা বলতে পারব না, তবে অ্যাকুইজিশন যদি হয়ে থাকে তাহলে সত্যি ভাল হয়েছে।

[1-40—1-50 p.m.]

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ অরিজিন্যাল প্ল্যানের সময় যা ছিল, যেটুকু জানি যে ৩৩ হাজার একর জমি সেচন হবে তার পর বিহার গভর্নমেন্ট সাতটি ব্যারেজ করবেন বলে প্ল্যানটিকে কি ছোট করে দেওয়া হয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ এখানে প্ল্যান পরিবর্তনের কোন কথা নেই। পরিকল্পনা ঠিকই আছে তবে হিসাব হয়তো আরও পরিবর্তিত হয়েছে—হিসাব করবার পর ভালভাবে তথ্য অনুসন্ধান করার পর কতখানি জমিতে ঠিক ঠিক জল দিতে পারা যাবে তার একটা হিসাব হয়তো এখানে দেওয়া হয়েছে।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ আমি বলছি যে, পরিকল্পনাটা হচ্ছে শান নদী এবং হিংলা নদীর মাঝে যে জমিগুলি আছে সেই জমিগুলি সেচ হবে তার পরিকল্পনা ছিল—সেটা হচ্ছে খয়রাসপুর থানা দুবরাজপুর এবং ইলামবাজার থানা। এখন কি সেই পরিকল্পনার পরিবর্তন হয়েছে? সেটা জানতে চাচ্ছি।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমি টেকনিক্যাল আসপেক্টটা বলতে পারবো না।

Distribution of Land in Samastipur Mauza of Malda district

***487.** (Admitted question No. *3220.)

শ্রীমতী ইলা মিত্রঃ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মালদহ জেলার মাণিকচক থানার মথুরাপুর জে, এল, আর, ও-এর আওতাধীন হীরানন্দপুর অঞ্চলের সমস্তীপুর মৌজায় গঙ্গা গর্ভ হইতে উত্থিত জমি বিতরিত হইয়াছে;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি পদ্ধতিতে এই জমি বিতরিত হইয়াছে; এবং

(২) যাহাদের বিতরণ করা হইয়াছে তাহাদের মধ্যে—

(/০) হেড মজুরের সংখ্যা কত;

(৵০) এক একর জমির মালিকের সংখ্যাও কি; এবং

(৶০) তদূর্ধ্বে জমির মালিকের সংখ্যা কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

শ্রীমতী ইলা মিত্র: এটা ঠিক কথা নয়, মথুরাপুরে যে হিরানন্দপুর অঞ্চল সেখানে প্রায় ৫০০ বিঘা উঠতি জমি যেটা গভর্নমেন্টের অধীনে তা বিতরণ করা হচ্ছে এটা আমি নিজে জেনে এসেছি যে ৫০০ বিঘা জমি গভর্নমেন্টের দখলে আছে এখন সেটা বিতরণ করা হচ্ছে—আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি যে, এই বিতরণের পদ্ধতিটা কি? এর আগে আমি যখন জিজ্ঞাসা করেছিলাম তখন আপনি বলেছিলেন যে কোয়েশ্চেন দিলে ভাল হয়, কারণ মালদা থেকে খবর, আনতে হবে—এখন কেন বলছেন যে প্রশ্ন ওঠে না। আমি ঠিক বুঝতে পারছি না।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এখানে দুটো প্রশ্ন আছে, একটা হচ্ছে ঐ অঞ্চলে গঙ্গা গর্ভ হতে উত্থিত জমি বিতরিত হচ্ছে কিনা—আমি উত্তরে বলেছি না, মাননীয়া সদস্যা যদি বলেন হচ্ছে তাহলে সেটা আমাকে খোঁজ করতে হবে—কিন্তু কথা হচ্ছে আমার যে ইনফরমেশন সেটা হচ্ছে এই জমিবিতরণ করার জন্য একটা স্থানীয় ভূমিবণ্টন উপদেষ্টা কমিটির হাতে এর বিতরণ করার ভার দেওয়া হয়েছে—এখনও পর্যন্ত বিতরণ সম্পূর্ণ হয় নি একথা আমি জানি। যদি ইতিমধ্যে হয়ে থাকে তাহলে নিশ্চয় ভুল তথ্য দেওয়া হয়েছে—আমি সেটা খোঁজ করবো।

শ্রীমতী ইলা মিত্র: আপনার উত্তরে যেটা দেওয়া হয়েছে, সেখানে দেখে এসেছি যে আমরা খুঁজতে পারি নি—না এই ধরনের কথা রয়েছে—আর একটা রয়েছে এই ধরনের খোঁজ করা সময় সাপেক্ষ এবং ব্যয়সাপেক্ষ। আমি জানি যে সেখানে ৫০০ বিঘা জমি গভর্নমেন্টের অধীনে রয়েছে এবং তা বিতরিত হচ্ছে সেটা জে এল আর ও-র অধীনে যে অফিসার আছে তিনি বিতরণ করনছন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমার কথা হচ্ছে ওখানে জে এল আর ও-কে নিয়ে একটা কমিটি হয়েছে সেই কমিটির হাতে বিতরণের ভার দেওয়া হয়েছে—আপনার তথ্য যদি এই হয় যে, বিতরণ করা হয়েছে, তাহলে আমার তথ্য ভুল। কিন্তু আমার কথা হচ্ছে বিতরণ করা হচ্ছে এখনও শেষ হয় নি। দ্বিতীয় কথা হচ্ছে যে কোন পদ্ধতিতে বিতরণ করা হয়—সে তো ইতিপূর্বে আলোচনা হয়েছে—আপনি নিশ্চয়ই জানেন।

শ্রীমতী ইলা মিত্র: পদ্ধতিটা আমি জানি যে ভূমিহীন কৃষকদের দেওয়া উচিত। কিছুদিন আগে যে বিল পাশ হোল ভূমি সংস্কার সম্পর্কে সেখানে এই প্রশ্ন আমি তুলেছিলাম—আমার যেটা বক্তব্য সেটা হচ্ছে ভূমিহীন কৃষকদের বদলে জে এল আর ও যার উপর এর ভার দেওয়া রয়েছে সেটা যারা জোতদার আছেন যাদের অনেক জমি আছে তারা প্রচুর ঘুষ দিয়ে ছেলের কাকার, দাদার নামে যে ছেলে জন্মেছে, এবং যে ছেলে জন্মায় নি তার নামে এইরকম করে করে সেই জমিগুলি দিয়ে দিচ্ছেন। আমি নিজে এটা দেখে এসেছি। এ সম্পর্কে কি খবর নিয়ে এসেছেন সেটা বলুন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমি একটা বিষয় মাননীয় সদস্যার কাছে জানতে চাই যে, কারা বিতরণ করছেন? বিতরণ করবার জন্য একটা কমিটি গঠিত হয়েছে সেই কমিটিতে প্রধানরা

আছেন তাঁরা এইভাবে দিচ্ছেন না। আমাদের কাছে যে খবর এসেছে তা হচ্ছে বিতরণ করা হচ্ছে এখনও শেষ হয় নি। সেই বিতরণ করবার মুখে যদি কমিটির সদস্যগণ এইরকম দুর্নীতির দায়ে অভিযুক্ত হন আমি মাননীয় সদস্যার কথা উড়িয়ে দেবো না—তবে কথা হচ্ছে আমরা এরকম খবর পাই নি। আমি অনুসন্ধান করে দেখবো।

শ্রীদেবশরণ ঘোষঃ জমি বিতরণের জন্য যে কমিটি আছে সেই কমিটির সিদ্ধান্ত হবার পর যখন জমি চাষীকে দেওয়া হবে তখন কি কমিটির সমস্ত সদস্যরা উপস্থিত থাকেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ কমিটির সমস্ত সদস্য বা যতজন উপস্থিত থাকবেন সকলের সম্মতি থাকা চাই।

শ্রীদেবশরণ ঘোষঃ কিন্তু জরি যখন বিলি করা হচ্ছে আমরা দেখেছি বহু ক্ষেত্রে সম্মতি দেবার পরে জে এল আর ও নিজের দায়িত্বে জমিগুলি বিলি করার জন্য কমিটির যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্তের পর বহু লোক জমি পায় না।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ কমিটির সিদ্ধান্তের বাইরে কেন লোককে কোন জমি দেওয়া যেতে পারে না। সেই জন্য বলছি কমিটির সদস্য যাঁরা আছেন তাঁরা নিতান্ত সাধারণ লোক নন—তাঁরা সেখানকার প্রধান স্থানীয় লোক—তাঁদের কথা অগ্রাহ্য করে তাঁদের অভিমতের বিরুদ্ধে কোন জায়গায় জমি বন্টন হলে সেখানে অত্যন্ত শোরগোল উপস্থিত হয়—এইরকম কোন ঘটনা আমাদের কাছে আসে নি।

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় রাজস্ব মন্ত্রিমহাশয়, বিশেষ একটা প্রশ্নের উত্তরে বললেন যে, সেখানে যে অ্যাডভাইসারী কমিটি আছে সেই অ্যাডভাইসারী কমিটি জেনারেলি বিতরণ করে থাকে—ব্যাপারটা হচ্ছে আমরা এ পর্যন্ত শুনে এসেছি যে সমস্ত টেনটু জমি বা জমিদারী দখল আইনের ফলে যেগুলি গভর্নমেন্টে ভেস্ট হয়েছে সেগুলির যে ডিস্ট্রিবিউশন সেটা সার্কেল অ্যাডভাইসারী কমিটির সুপারিশক্রমে হয়ে থাকে বা হবার নীতি গৃহীত হয়েছে। এটা কি সত্য যে সমস্ত খাস জমি ডিস্ট্রিবিউশন করার ব্যাপারে এই অ্যাডভাইসারী কমিটির সুপারিশের প্রয়োজন হয়?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ হ্যাঁ।

শ্রীসনৎকুমার রাহাঃ সমস্তিপুর মৌজায় কত জমি উঠেছে এবং কবে উঠেছে এবং সরকার দখল নিয়েছে কবে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমি সে তথ্য দিতে পারছি না।

শ্রী[illegible] ব্যানার্জিঃ এটা একটা গুরুতর প্রশ্ন। কারণ যিনি কোয়েশ্চেন করেছেন তিনি বলছেন গঙ্গা থেকে যে জমি উঠেছে সেই জমি বিতরণ কি পদ্ধতিতে হয়েছে, উনি বলছেন বিতরণ হয় নি—কিন্তু মাননীয়া সদস্যা বলছেন বিতরণ হয়েছে। আজকেই এটার খবর নেওয়া উচিত যে সত্যিই বিতরণ করা হয়েছে কিনা—যদি হয়ে থাকে তাহলে এই কোয়েশ্চেন অ্যানসারের মানে কি—এটা সাংঘাতিক কথা, উনি ক্যাটিগ্যারিক্যালি স্টেটমেন্ট করছেন যে বিতরণ হচ্ছে—আর মন্ত্রিমহাশয় বলেছিলেন যে বিতরণ হয় নি—এটা যদি মিথ্যা বলে সাব্যস্ত হয় তাহলে অফিসারদের তাড়িয়ে দিন।

মিঃ স্পীকারঃ আপনি সাপ্লিমেন্টারী করুন।

শ্রী[illegible] ব্যানার্জিঃ আমার সাপ্লিমেন্টারী হচ্ছে যে কোনটা ঠিক, এখানে মাননীয় মন্ত্রিমহাশয় যেটা বললেন সেটা যদি ভুল হয় তাহলে আমাদের উপায় কি?

মিঃ স্পীকারঃ যদির কথা ছেড়ে দিন।

শ্রীমতী ইলা মিত্রঃ মন্ত্রিমহাশয় কি জানেন যে, জমি বিতরণ হয়েছে এবং হচ্ছে এখনও।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমি যেটুকু জানি কালেকটরের রিপোর্ট অনুসারে যে ওখানে কমিটির কাছে জমির বন্দোবস্তের কথাটা বিবেচনাধীন আছে। সমস্ত জমি বিতরণ করা হয় নি। সমস্ত জমির বিতরণের ভার কমিটির উপর আছে এবং সেই কমিটিতে একমাত্র জে এল আর ও-ই নেই এবং জে এল আর ও-র কাছে ছেলের নাম করে বা অনাগত ছেলের নাম করে জমির বন্দোবস্ত নেওয়া হচ্ছে একথা সম্পূর্ণ কাল্পনিক।

[1-50—2 p.m.]

Shrimati Ila Mittra:

আমি ঠিক আমার প্রশ্নের উত্তর পাচ্ছি না। ওখানে গঙ্গা গর্ভ থেকে যে জমিটা উঠেছে সেই জমি বিতরিত হয়েছে অথবা হচ্ছে কিনা এটাই হচ্ছে ক্যাটিগোরিক্যাল প্রশ্ন।

Shri Syamadas Bhattacharyya:

আপনার প্রশ্ন হচ্ছে বিতরিত হয়েছে কিনা, আমি বলেছি হয় নি। সেই সংগে এই কথা বলেছি বিতরণের ভারটা বা বন্দোবস্তের ভারটা স্থানীয় কমিটিকে দেওয়া হয়েছে। সেই স্থানীয় কমিটি সমস্ত বিষয় বিবেচনা করবেন এই হচ্ছে আমার প্রশ্নের জবাব যেটা নিয়ে মাননীয় সদস্যা চ্যালেঞ্জ করেছেন যে এটা ভুল জিনিস। তাঁর কথা উপেক্ষা না করে আমি বলছি যে যদি ভুল হয় তাহলে তদন্ত করব। কিন্তু যেটা কালেক্টরের কাছ থেকে পেয়েছি বলেছি, সেটা অবিশ্বাস করতে পারছি না। আবার মাননীয় সদস্যা যেটা বলেছেন যে বিতরিত হয়েছে আমি বলেছি স্থানীয় কমিটির উপর বিতরণের ভার আছে। আর একটা কথা হচ্ছে জে এল আর ও-কে এখানে আনা ঠিক নয়, জে এল আর ও ইজ এ মেম্বার অফ দি কমিটি। কিন্তু জে এল আর ও মাননীয় সদস্য যাঁরা থাকেন উপদেষ্টা কমিটির মধ্যে সেই সদস্যদের মতামতের মধ্যে তিনি নিজের মত দিয়ে কোন-রকমভাবে কাজে বাধা সৃষ্টি করবেন না। তিনি প্রধানদের মতগ্রহণ করতে বাধ্য।

Shrimati Ila Mittra:

আমার বক্তব্য হচ্ছে জমি সম্পূর্ণ বিতরিত না হলেও জমি বিতরিত হচ্ছে। আমার প্রশ্ন যেটুকু বিতরণ হয়েছে সেটুকু ভোগ করছে কারা?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যা প্রশ্ন করেছেন বিতরণ হয়েছে এটা একটা প্রশ্ন, আর বিতরিত হচ্ছে আর একটা প্রশ্ন। আমি বলেছি বিতরণের ভারটা কমিটির হাতে বিবেচনাধীন আছে।

I take a very serious view of it and I shall certainly call the Collector to take if he has given me an incorrect answer.

কিন্তু মাননীয়া সদস্যার উক্ত ইস্যুটা ক্লিয়ার করা উচিত। তিনি যদি বলেন বিতরিত হয়েছে তাহলে আমি বলেছি না। আর যেটা বলেছেন বিতরিত হচ্ছে আমি বলেছি সমস্ত বিতরণের ভারটা বিবেচনাধীন আছে স্থানীয় উপদেষ্টা কমিটির হাতে।

Shri Somnath Lahiri:

উনি যা বলেছেন তার থেকে এই দাঁড়াল যে জমি বিবেচনাধীন আছে মানে বিতরিত হইতেছে, হতে পারে, তবে হইয়া গেছে তা নয়, কিন্তু হইতেছে। আপনার এইরকম কোন ইনফরমেশন আছে কিনা কতখানি অলরেডি বিতরিত হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

কোন ইনফরমেশন নাই।

Shri Narayan Chaubey:

এখন কি এই জমি ফ্যালো পড়ে আছে? এখন কি কোন চাষ হচ্ছে না?

Shri Syamadas Bhattacharyya:

আমি জানি না।

Shri Bhakti Bhusan Mandal:

ওয়েস্ট বেঙ্গল স্টেট অ্যাকুইজিশান অ্যাক্ট-এ যে জমিটা ভেস্ট করে সেটা যেভাবে বিতরিত হবে অন্য গভর্নমেন্টের যে জমিগুলি আছে যেমন গঙ্গায় খানিকটা চড়া পড়ে জমি হয়েছে সেটাও কি ঐ একই মেশিনারী দ্বারা বিতরিত হবে?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য শোনেন নি। আমি মাননীয় সদস্য শ্রীননী ভট্টাচার্যের প্রশ্নের উত্তরে ঠিক এই কথা বলেছি।

Lands cultivated by Bargadars

***488.** (Admitted question No. *2608.)

শ্রী[illegible]কুমার রাহা: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাতে কলমে বা কায়িক পরিশ্রমে চাষ করেন না এরূপ প্রজার (টেন্যান্ট) সংখ্যা কত;

(খ) এইরূপ টেনান্টের দখলে ও চাষে কত জমি; এবং

(গ) এই সকল জমির কত ভাগ ভাগচাষী চাষ করে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) এই সংক্রান্ত কোন তথ্য বর্তমানে সরকারের হাতে নাই। তাছাড়া এইরূপ তথ্য সংগ্রহ করা প্রচুর সময় ও ব্যয় সাপেক্ষ।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

আমরা দেখছি যে লাঙ্গল যার জমি তার এই আওয়াজ দেওয়া হচ্ছে। বাংলা সরকার কি এই বিষয়ে চিন্তা করছেন যারা হাতে কলমে চাষ করেন না অথচ প্রচুর জমি রেখেছেন তাদের সংখ্যা অনুসন্ধান করবেন এবং আইন সভাতে এই বিষয়ে একটা স্টেটমেন্ট দেবেন?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য যে প্রশ্ন এখানে উত্থাপন করেছেন তা খুব গুরুত্বপূর্ণ। কিন্তু ভাবতে একথা এই বিভাগকে যে টাকা বরাদ্দ করেন, তার মধ্যে এইরকম একটা তথ্য সংগ্রহ করতে গেলে যে পরিমাণ টাকা ব্যয় হবে তার জন্য আলাদা করে অতিরিক্ত টাকা বরাদ্দ করলে পর সেটা সম্ভবপর হতে পারে। শুধু স্ট্যাটিসটিক্যাল অরগ্যানাইজেশনএর পক্ষে এই তথ্য সংগ্রহ করা সম্ভব নয়। মাননীয় সদস্য অনুগ্রহ করে ভেবে দেখুন এইরকম তথ্য তাঁর নিজের এলাকায় সংগ্রহ করতে গেলে কতদিন লাগবে, কত লোক লাগবে—

Unless I set-up an efficient and suitable organisation for the purpose.

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় মন্ত্রিমহাশয় যে সমীক্ষার কথা জানালেন, মন্ত্রিমহাশয় কি বলবেন যে, তিন বছর আগে পশ্চিমবঙ্গের কৃষি ও কৃষি সম্পর্কিতদের সম্পর্কে একটা ব্যাপক সমীক্ষা হয়ে গেছে—তার তথ্য এর ভেতর দেওয়া হয় নাই?

Shri Syamadas Bhattacharyya:

আমি তা ঠিক বলতে পারবো না।

Shri Sanat Kumar Raha:

সমগ্র বাংলাদেশের সব ল্যান্ডের উপর সমীক্ষা করতে না পারলেও হয়ত কোন জায়গা বেছে নিয়ে স্যাম্পেল সার্ভের মত করতে বললেন. তখন সেই জায়গাটা বেছে নিয়ে করবেন কিনা?

Shri Syamadas Bhattacharyya: That is a request for action.

Dignagore-Baganchra Road

***489.** (Admitted question No. *2797.)

শ্রীকানাই পাল: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার দিগনগর-বাগ আঁচড়া রাস্তা প্রস্তুতির কাজ কত তারিখে শুরু হইয়াছে;

(খ) এই রাস্তার কাজ কতদূর অগ্রসর হইয়াছে এবং এই রাস্তার কাজ শেষ হইতে এখনও কত সময় লাগিবে;

(গ) এই রাস্তা প্রস্তুতির জন্য কত লোকের মোট কত জমি সরকার দখল লইয়াছেন; এবং

(ঘ) উক্ত রাস্তার জমির ক্ষতিপূরণ বাবদ আজ পর্যন্ত মোট কতজনকে মোট কত টাকা দেওয়া হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) ২০-১-৬১ তারিখে।

(খ) রাস্তাটির প্রথম তিন মাইল ইতিমধ্যেই ব্রক টপ স্টেজ পর্যন্ত সম্পূর্ণ হইয়াছে। বাকি অংশের কাজ সত্বর শেষ করার জন্য চেষ্টা হইতেছে।

(গ) ২১৪ জনের প্রায় ৩৪ একর জমি।

(ঘ) উক্ত জমির ক্ষতিপূরণের টাকা অতি সত্বর প্রদানের ব্যবস্থা করা হইতেছে।

Shri Kanai Pal:

চার বছর পূর্বে এই স্কীম নেওয়া হয়েছে আর এতদিনে তিন মাইল রাস্তার কেবল ব্রক টপ স্টেজ শেষ হয়েছে—মন্ত্রিমহাশয় জানালেন আমার প্রশ্ন হচ্ছে—এই রাস্তার দৈর্ঘ্য কত বলবেন?

Shri Syamadas Bhattacharyya:

আমি সে কথা বলতে পারছি না। আপনার প্রশ্ন হচ্ছে এই রাস্তার কাজ কত দূর অগ্রসর হয়েছে। রাস্তার কাজ শেষ হতে আরো কিছু সময় লাগবে। তাছাড়া এই বিভাগ থেকে এ প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়। যতটা আমি পেয়েছি সংশ্লিষ্ট বিভাগ থেকে সংগ্রহ করে বলেছি।

Shri Kanai Pal:

মন্ত্রিমহাশয় বলেছেন তিন মাইল অগ্রসর হয়েছে. আর কত মাইল বাকি আছে তা বলতে পারছেন না। কেন? এটা কি সঠিক উত্তর হচ্ছে? মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কিনা যে জায়গা দিয়ে, যে যে অঞ্চল দিয়ে রাস্তাটা যাবার কথা ছিল. তা না গিয়ে অন্য জায়গা দিয়ে রাস্তাটা নিয়ে যাবার জন্য সম্প্রতি ব্যবস্থা করা হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

রাস্তার এলাইনমেন্ট চার্জ করা হচ্ছে কিনা মাননীয় সদস্য সংশ্লিষ্ট বিভাগকে জিজ্ঞাসা করবেন।

Shri Kanai Pal:

মন্ত্রিমহাশয় জানাবেন কি এই রাস্তাটা অতীতে যেখান দিয়ে যাবে বলে নোটিশ দিয়েছিল, সেখানকার গাছপালাগুলি কাটানো হয়েছে এবং সেই রুটটা এখন পরিবর্তন করে অন্য দিক দিয়ে রাস্তাটা নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে—এ খবর কি তিনি রাখেন?

Shri Syamadas Bhattacharyya:

আমি এ খবর রাখি না। তবে মাননীয় সদস্যের কথা শুনে আমি দুঃখিত হচ্ছিই যদি এলাইন-মেন্ট বদল করা হয়, তাহলে তো জনসাধারণের ক্ষতি হয়—দুঃখের কথা! এই এলাইনমেন্ট বদল অনেক সময় মাননীয় সদস্যদের সুবিধার জন্য হয়ে থাকে, জনসাধারণের সুবিধার জন্যও হয়ে থাকে কিংবা দলাদলি দূর করবার জন্যও হয়ে থাকে।

Shri Kanai Pal:

এই যে রাস্তার অ্যালাইনমেন্ট পরিবর্তন করা হয়েছে—এটা তিনি খবর রাখেন কিনা যে এ পরিবর্তনটা জনসাধারণের স্বার্থের সংগে সংশ্লিষ্ট নয়, সরকারের স্বার্থের সংগেও সংশ্লিষ্ট নয়? এই যে পরিবর্তন করে যেখান দিয়ে রাস্তাটা নিয়ে যাবার চেষ্টা হচ্ছে তাতে অনেক বেশ লোকের ঘরবাড়ী নষ্ট হচ্ছে এবং বিরাট বিরাট কালভার্ট তৈরী করতে হবে। নূতন যেখা দিয়ে রাস্তাটা নিয়ে যাবার চেষ্টা হচ্ছে সেখান দিয়ে না নিয়ে পুরানো জায়গা দিয়ে নিয়ে গেলে অনেক লোকের সুবিধা হবে এ খবর আপনি রাখেন কি?

Shri Syamadas Bhattacharyya:

এ খবর আমি রাখি না। তার জন্য দুঃখিত। মাননীয় সদস্য সংশ্লিষ্ট বিভাগকে জিজ্ঞাসা করলে উত্তর পাবেন।

[2—2-10 p.m.]

শ্রীকানাই পাল: ব্লক টপ স্টেজ পর্যন্ত তিন মাইল তৈরী করা হয়েছে বলে এই যে উত্তর দেওয়া হয়েছে সেটা সম্পূর্ণ মিথ্যা সংবাদ সরবরাহ করা হয়েছে। তিন মাইল তৈরী হয় নি এবং অনেক জায়গায় যে কালভার্ট তৈরী হয় নি এটা আপনি অনুসন্ধান করে দেখবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমি বলেছি রাস্তার প্রথম তিন মাইল ব্লক টপ স্টেজ পর্যন্ত সম্পূর্ণ হয়েছে। একথাতে যা বোঝায় তাই বলেছি।

শ্রীকানাই পাল: ব্লক টপ স্টেজ পর্যন্ত হয়েছে এতে বোঝায় পাথরকুচি দিয়ে, পিচ দিয়ে কমপ্লিট করা হয়েছে। কিন্তু সেটা হয় নি, কাজেই আপনি অনুসন্ধান করবেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমার চেয়ে আপনি যদি বেশী ইনফর্মেশন রাখেন তাহলে আর প্রশ্ন করছেন কেন?

শ্রীকানাই পাল: আমি জানতে চেয়েছিলাম কতখানি হয়েছে এবং তার উত্তরে আপনি বলেছেন তিন মাইল হয়েছে। এই সংবাদ মিথ্যা। আপুনি কি আমাদের কাছে মিথ্যা সংবাদ সরবরাহ করবেন?

(নো রিপ্লাই)

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Trees in the River of Pingla police-station

***498.** (Admitted question No. *2897.)

শ্রীঅনঙ্গমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ক্ষিরাই ও দোবান্দী ও পাটবান্দা নদীর উত্তরাংশে পিংলা থানা ২নং, ৬নং এবং ৭নং অঞ্চলের মধ্যে উক্ত নদীগুলির ভিতরে যেসকল গাছ ও জঙ্গলাদি রহিয়াছে তাহা কাটিয়া দেওয়ার ব্যবস্থা এ পর্যন্ত কিছু করা হইয়াছে কিনা;

(খ) উত্তর যদি "না" হয়, তাহা হইলে তাহা কাটিয়া দেওয়ার ব্যবস্থার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা; এবং

(গ) উক্ত নদীগুলির মধ্যস্থ গাছ ও জঙ্গলাদি থাকায় স্রোতের গতি অবরুদ্ধ হইতেছে বলিয়া সম্প্রতি কোন অভিযোগ পাইয়াছেন কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) না।

(খ) হ্যাঁ।

(গ) সেচ বিভাগ সম্প্রতি কোন অভিযোগ পান নাই।

Compensation Office in Contai Subdivision

***491.** (Admitted question No. *3096.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমা ক্ষতিপূরণ অফিস স্থানান্তরিত করা হইতেছে, ইহা কি সত্য;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি;

(গ) ইহা কি সত্য যে, তৌজি রিপোর্ট না পাওয়ার জন্য ক্ষতিপূরণ টাকা প্রদানে বিলম্ব ঘটিতেছে; এবং

(ঘ) সত্য হইলে ইহার প্রতিকারের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Mniister for Land and Land Revenue:

(ক) ও (খ) না, প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) তৌজি অনুসন্ধানের ফলে ক্ষতিপূরণ প্রদান যাতে বিলম্বিত না হয় সেজন্য সরকার সচেষ্ট রয়েছেন। বর্তমানে ভূ-বাসন বিভাগকে প্রতিটি প্রাক্তন মধ্যস্বত্তাধিকারীর ক্ষেত্রে স্বতন্ত্র-ভাবে তার দায় ও বকেয়া পাওনা কি সে বিষয়ে 'ডি' রেজিস্টারে মৌজাওয়ারী রেজিস্ট্রেশান এবং পৃথক ও রেসিডুয়ারী হিসাব দেখে তালিকা প্রস্তুত করার নির্দেশ দেওয়া হয়েছে। এই তালিকা দেখে অনায়াসেই প্রত্যেক মধ্যস্বত্তাধিকারীর ব্যক্তিগত দায় ও বকেয়া জানা যাবে এবং ক্ষতিপূরণ প্রদানে বিলম্ব ঘটবে না।

Flood in the Silabati

***492.** (Admitted question No. *2898.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ সেচবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে প্রায় প্রতি বৎসর শীলাবতী নদীর জলে ঘাটাল মহকুমায় একটা বিরাট অংশ প্লাবিত হয়;

(খ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঐ সকল অঞ্চলের জমির পরিমাণ কত এবং উহা কোন্ কোন্ থানায় অবস্থিত; এবং

(গ) উক্ত প্লাবন বন্ধের কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রিমহোদয় কর্তৃক—

(ক) হ্যাঁ। শীলাবতী নদীর পরিবাহিকা অঞ্চলে কোন কোন বৎসরে অত্যধিক বৃষ্টির ফলে ঘাটাল মহকুমার কিয়দংশ জলপ্লাবিত হয়।

(খ) জলপ্লাবিত অঞ্চলের পরিমাণ বন্যার তীব্রতা অনুযায়ী কমবেশী হইয়া থাকে। কম পক্ষে ছয় বর্গমাইল পরিমিত এলাকা প্লাবিত হয় এবং উহা ঘাটাল, দাসপুর ও চন্দ্রকোনা থানার অন্তর্গত।

(গ) আংশিক প্রতিকারকল্পে একটি স্বল্পমেয়াদী প্রকল্প প্রস্তুত করা হইয়াছে এবং তাহা বর্তমানে পরীক্ষাধীন আছে।

Enjoyment of the Lands involved in mala fide transfer cases under the States Acquisition Act

***493.** (Admitted question No. *3194.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সিলিং ফাঁকি বিষয়ে যেসকল জমি সংক্রান্ত মামলা (ম্যালাফাইড কেস) চলে, এই মামলা চলাকালীন ন্যস্ত জমি ভোগ দখল করে কে; এবং

(খ) মামলার রায় যদি সরকারের পক্ষে (ন্যস্ত জমি হওয়ার পক্ষে) যায় তখন এইরূপ মামলা চলাকালীন ভোগ দখলের জন্য ভোগ দখলকারীকে বে-আইনী ভোগ দখলের জন্য ক্ষতিপূরণ দিতে হয় কি না?

The Minister for Land and Land Revenue:

(ক) সংশ্লিষ্ট জমির দখলকারী ব্যক্তিই উহা ভোগদখল করেন।

(খ) সাধারণ আইন অনুসারে বিধান আছে।

Calling Attention to Matters of Urgent Public Importonce

Mr. Spaker: I have received 10 notices of Calling Attention—one from Shri Birendra Narayan Ray and others on the death of Sreejukta Suhashini Ganguly in Seth Sukhlal Karnani Hospital, the next one from Shri Ananga Mohan Das on the recent Chief Secretaries Conference at Dacca, the next one from Shri Ananga Mohan Das on the fire at Nischintachalk village of Midnapore district, the next one from Jiban Krishna Dey on the non-availamility of rice in the M.R. Shops in Tufanganj sub-divisio, the next one from Shri Abdul Latif on the smuggling of cattle for sending them to Pakistan, the next one from Shri Sanot Kumar Raha on the non-payment of gratuitous relief in Berhampore P.S., the next one from Shri Sanat Kumar Raha on the rise in the price of rice, the next one from Shri Sambhu Charan Ghosh on "Rabindra Prize" to a novel of Gajendra Nath Mitra that had already won the "Academy Prize", the next one from Shri Dulal Chandra Mondal on the non-payment of D.A. to the primary school teachers of Howrah South Sadar and the last one from Shri Narayan Choubey on the new bridge on the Cossaye river near Midnapore town. I have selected the notice of Shri Birendra Narayan Ray and others on the subject of the death of Sreejukta Suhashini Ganguly in Seth Sukhlal karnani Hospital. The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the same.

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীমতী সুহাসিনী গাঙ্গুলীর এস এস কে এম হাসপাতালে মৃত্যু সম্পর্কে প্রাথমিক তদন্ত আমাদের ডিপার্টমেন্ট করেছে। সেই তদন্তের উপর আমি নিরপেক্ষভাবে বাইরের বিশেষজ্ঞ চিকিৎসকদের দ্বারা দ্বিতীয়বার তদন্ত করতে চাই এবং সেই তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এই অবস্থায় এখন আমার পক্ষে কোন বিবৃতি দেওয়া সমীচীন হবে না। তবে আমি হাউসকে একথা জানাতে পারি যে, সেই নিরপেক্ষ কমিটির দ্বারা তদন্ত হবার পর তাঁদের রিপোর্ট আমি হাউসে পেশ করব।

Publication in Basumati regarding Banga Bhaban

শ্রীমতী শান্তি দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে "বসুমতী" কাগজের পঞ্চম পৃষ্ঠায় যে খবর বার হয়েছে তাতে আমি নিজে অত্যন্ত চঞ্চল হয়ে পড়েছি। কিছুদিন পূর্বে দিল্লীর বঙ্গভবন নিয়ে এখানে বিশদভাবে আলোচনা হয়েছে এবং সেই সময় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় আমাদের জানিয়েছিলেন যে, যদি বঙ্গভবনে অ্যাকোমোডেশন থাকে তাহলে সেখানে থাকবার

উপযুক্ত লোক হচ্ছেন এখানকার মন্ত্রীরা, উচ্চপদস্থ কর্মচারীরা এবং স্থানীয় বিধানসভার এবং বিধান পরিষদের কোন অ্যাপ্রুভড কমিটি যদি হয় তাহলে তার মেম্বাররা।

কিন্তু আজকে আমি আপনাকে পড়িয়ে শোনাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেটা হেড লাইনে রয়েছে সেটা হচ্ছে এই, তবে ই'হারা কোথায় ছিলেন—আমি একটুখানি আপনাকে শোনাচ্ছি এবং পরে কাগজটা দিয়ে দিচ্ছি। এতে লেখা রয়েছে যে, ইদানীং পশ্চিমবঙ্গ হইতে যেসব উচ্চপদস্থ কর্মচারী রাজধানীতে আসিতেছেন কি কারণে জানি না তাঁরা বঙ্গভবনে থাকাটা এড়াইয়া যাইতেছেন এবং বঙ্গভবনে থাকাকালে রাইটার্স বিল্ডিংসে ই'হাদের সঙ্গে টেলিপ্রিন্টার মারফত সব সময় যোগাযোগ হইতে পারে। আমি জানি না তাদের এই খবর সত্য কিনা। কিন্তু আমার মনে হয় এ বিষয়ে আপনি একটু সর্ট অ্যাকশন নিলে ভাল হয়।

Water-tax for deep tubewell in Nadia

শ্রীদেবশরণ ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিবিভাগের সংশিলষ্ট মন্ত্রিমহাশয় শ্রীযুক্ত স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলার কালিয়াগঞ্জ ব্লকে যে কয়েকটি সেচের জন্য ডিপ টিউবওয়েল আছে, তার মধ্যে ২৫-২৬-২৭ নম্বর টিউবওয়েল যখন প্রথম বসানো হয়েছিল তখন সরকারের তরফ থেকে বলা হয়েছিল যে, ২ বছর ওদের কাছ থেকে ওয়াটারের কোন ট্যাক্স নেওয়া হবে না। কিন্তু আমি জানতে পারলাম বিশেষ করে ঐ ২৫-২৬-২৭ নম্বর টিউবওয়েল থেকে যে বিগত ১৯৬৩ সাল থেকে ট্যাক্স আদায় করবার ব্যবস্থা হচ্ছে এবং এ নিয়ে সেই অঞ্চলের সাধারণ চাষীদের মনে একটা বিক্ষোভ দেখা দিয়েছে। কাজেই আমি আপনার মাধ্যমে সংশিলষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এ সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করা হয়।

[2-10—2-20 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সীমান্তে যে গুরুতর পরিস্থিতির উদ্ভব হয়েছে সে সম্পর্কে মাননীয় সদস্যদের, সংশিলষ্ট মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন পূর্বে যখন কোচবিহার জেলার সীমান্ত অঞ্চলে, যেখানে পাকিস্তানী হামলা হয়ে গেল সেগুলি দেখবার জন্য গত ১১ই এপ্রিল আমরা এখান থেকে গিয়েছিলাম এবং সঙ্গে মাননীয় ফরোয়ার্ড ব্লকের সদস্য শ্রীঅমর রায় প্রধান মহাশয় ছিলেন এবং প্রজা-সোস্যালিস্ট পার্টির কয়েকজন সদস্যবর্গও ছিলেন. সেখানে আমরা দেখলাম পাকিস্তানী গুন্ডারা কিভাবে হামলা চালিয়েছে এবং লুঠপাট করেছে। আমরা আরও দেখলাম যে, তিন বিঘার ভিতর দিয়ে পশ্চিম বাংলার ছিটমহল দাহাগ্রামের যাতায়াতকে কেন্দ্র করে সেই অঞ্চলে শত শত ঘর পুড়িয়ে দিয়েছে. মানুষের উপর অত্যাচার করেছে এবং শুধু ঘর পুড়িয়েই ক্ষান্ত হয় নাই, বহু গাছ-পালা পুড়িয়ে দিয়েছে এবং শত শত লোক প্রাণভয়ে সেখান থেকে পালিয়ে এসেছে। আমরা সেখান থেকে যে অভিযোগ পেলাম তা আপনি শুনলে অবাক হয়ে যাবেন। মার্চ মাসের প্রথম থেকে শেষদিক পর্যন্ত সেখানে বিক্ষিপ্তভাবে আক্রমণ করেছে। অথচ আমাদের লক্ষ লক্ষ টাকা খরচ করে সীমান্ত রক্ষী বাহিনী সেখানে রাখা হয়েছে. তাদের কোন সাহায্য তারা পায় নাই। ১৬ই মার্চ রাত্রি ৩টা থেকে পাকিস্তানী রাইফেল বাহিনী সেখানে ব্যাপকভাবে আক্রমণ করে। ১৬ই মার্চ থেকে ১৯এ এপ্রিল পর্যন্ত আমাদের পশ্চিমবঙ্গ রাইফেল বাহিনী থেকে তারা কোন সাহায্য পায় নাই। তারা ওদের ক্যাম্পে ছুটে গিয়েছে, সাহায্য চেয়েছে। তারা বলেছে যে, আমাদের কোন অর্ডার নেই। তখন তারা এস ডি ও-র কাছে গেছে। তিনি বলেছেন আমরা ব্যবস্থা করছি। এইভাবে তাদের সেখানে দিন কেটেছে, কোন ব্যবস্থা পায় নাই। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি শুনলে আরও আশ্চর্য হয়ে যাবেন যে, সেখানকার বর্ডারে যিনি ডি আই জি রয়েছেন রঞ্জিত গুপ্ত, তাঁর বিরুদ্ধে অমরা বহু অভিযোগ শুনে এলাম। তিনি তাঁর রক্ষীবাহিনীকে সম্পূর্ণ নিষ্ক্রিয় রেখেছিলেন। অবশ্য এখানে বলা উচিত যে, সেখানকার যিনি ইন্সপেক্টর হরেন্দ্র ঘোষ তাঁর

প্র্যাকটিস-এর লেটেস্ট এডিশন, পেজ ৩৮১, সেখানে কি বলছে আপনি দয়া করে একটু শুনলে ভাল হয়, ম্যাটার্স রিকোয়ারিং ইমিডিয়েট ইন্টারভেনসন অফ দি হাউস। আমি পড়ছি—

"Urgent matters which require immediate intervention of the House if they should occur during the sitting of the House may be raised at once in spite of interruption of the debate or other proceedings"

তাহলে দেখুন যেখানে আজকে হাউসে আলোচনা হচ্ছে, যেমন ধরুন কিছুদিন আগে মাননীয় সদস্য বিজয় পালকে হাউসের বাইরে পুলিসে ধরে নিয়ে গেছে—এমন সময় যখন আলোচনা হচ্ছে, আমরা যদি শুনি কোন মেম্বারকে বাইরে পুলিসে এসে ধরে নিয়ে গেছে আমরা এখানে সঙ্গে সঙ্গে পয়েন্ট অফ প্রিভিলেজ তুলবো। সেই সময় যদি আপনি বলেন ঐ রুল দেখিয়ে—যে আগে আপনি রুল অনুযায়ী নোটিশ দেন, ইন রাইটিং তারপর সাত ঘাট পেরিয়ে আপনার কাছে নোটিশ গেলে বিচার-বিবেচনা করে আপনি রুলিং দেবেন—তাহলে প্রিভিলেজের উপর বক্তব্য রাখবার যে রাইট, সেই অধিকার আর থাকবে না, আইনের একটি কথা আছে—ভ্যালিডিটি অফ এ প্রোপজিসান ইজ টু বি টেস্টেড বাই প্রোভাইডিং দি এক্সট্রা কেস। সুতরাং এই এক্সট্রিম কেসটিকে টেস্ট করে যদি পার করাতে পারেন, তাহলে পরে এবং তবেই ঐ প্রোপজিসনটাকে লেডাউন করবেন। সেই জন্য আমি আবার আপনার কাছে আবেদন করছি যে এটা ভাববার প্রশ্ন। যদি এখানে রুলিং হয়ে যায় আপনার যে এই হাউসে নোটিশ না দিলে এবং সেই নোটিশ দেওয়া সত্ত্বেও ২৪ ঘণ্টা সময় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও আবার আপনি বিবেচনা করে দেখবেন, তাহলে আমার প্রশ্ন হচ্ছে ঐ যে রুল ২২৪ ও রুল ২২৭ যা বলছে—অ্যাট দি আর্লিয়েস্ট অপরচুনিটি, এই আর্লিয়েস্ট অপরচুনিটি আপনি যদি পিক আপ করতে পারেন,

"Does it mean that the clause earliest opportunity is intended only with regard to the filing of the notide? Does it not also imply that these partilular words suggest not only that notice must be given at the earliest opportunity but the permission for discussion should be given at the earliest opportunity?"

আর্লিয়েস্ট অপরচুনিটি আমি দিয়ে গেলাম—আমাদের দারুণ একটা সিচুয়েশন সামনে এসেছে, আর্লিয়েস্ট অপরচুনিটি তার বিচার পাবো বলে একটি নোটিশ দিলাম। অথচ ডিসিশানটা হবে আর্লিয়েস্ট অপরচুনিটিতে নয়। তা হতে পারে না। ঐ আর্লিয়েস্ট অপরচুনিটিতে আমরা বলছি বার বার আপনি বিবেচনা করে দেখবেন। ঐ আর্লিয়েস্ট অপরচুনিটি হচ্ছে গভর্নিং রুজ এবং ঐ আর্লিয়েস্ট অপরচুনিটিতে যদি দেখেন তাহলে দেখবেন যেমন নোটিশ দেওয়া আর্লিয়েস্ট অপরচুনিটিতে উচিত, তেমনি আলোচনা করতে যাওয়ার এবং যে ডিসিশন সেটাও আর্লিয়েস্ট অপরচুনিটিতে হওয়া উচিত।

Shri Kanai Pal:

মাননীয় স্পীকার মহাশয়, এই সম্পর্কে আমি আমার কিছু বক্তব্য রাখতে চাচ্ছি। আমাদের সিদ্ধার্থবাবুর মত উকিল ব্যারিস্টার যারা—পয়সা নিয়ে যে কোন পক্ষ সমর্থন করেন, আমি কিন্তু সেই জাতীয় জীব নয় এবং মাঠের সাধারণ লোক—তাদের বিষয় নিয়ে এই আইন সভায় ওকালতি করবার জন্য এই মেঠো লোককে পাঠিয়েছেন তার স্বার্থ রক্ষা করবার জন্য। আমি ঠিক সেদিক থেকে বিষয়টাকে রাখতে চাচ্ছি।

আমার বক্তব্য হচ্ছে আপনি যে কোন কারণেই হোক, বুঝে না বুঝে নিজের বশবর্তী হয়ে এই যে জিনিষটা আপনি স্বীকার করে নেন তা নয়, তাতে শাপে বরের মত হয়ে দাঁড়িয়েছে এবং এই আলোচনাটা হওয়া একান্ত দরকার ছিল বলে আমি মনে করছি এবং এই আলোচনা হওয়াতে ভালই হলো বলে আমি মনে করছি। এদিক থেকে আজকে মাননীয় সদস্যরা এ বিষয়ে অনেকে বলেছেন এবং বিশেষভাবে তাঁরা দেখিয়েছেন যে ব্রিচ অফ প্রিভিলেজ কথাটা শুধু যেদিন তিনি তুলতে চান সেদিন সকালে এক আধ ঘণ্টা আগে তাঁরা জানান সেদিনের মধ্যে তাঁদের বিষয়টা শোনা এবং বিবেচনা করা উচিত এ জিনিসটা হবে। আমার কথাটা আর একটু বাড়িয়ে নিয়ে যেতে চাচ্ছি—সেটা তো বটে এবং কাশীবাবুর বক্তব্য আজই আপনার শুনে নেওয়া উচিত এবং

একান্ত কর্তব্য বলে মনে করছি। সেই সঙ্গে সঙ্গে আমি একথাও মনে করছি যে আজ শুধু বক্তব্যটা শুনে নিলেন আপনি, আর রায়টা দেবেন তিন মাস পরে বা ছ' মাস পরে, এক বছর পরে। এই যদি অবস্থাটা হয় তাহলে এই ব্রিচ অফ প্রিভিলেজ-এর ব্যাপারে যত বক্তব্য এখানে রাখা হয়েছে এবং যে সমস্ত রুল্জ, যতখানি গুরুত্ব নিয়ে যে সমস্ত কথা উল্লেখ করা হয়েছে এবং মাননীয় সদস্যরা বলেছেন—তার সঙ্গে কোন সঙ্গতি থাকে না। যদি আপনি প্রিভিলেজের প্রশ্ন তুলতেও দিতেন, আর রায়টা দিতেন তিন মাস পরে, যেমন আমি এই কথাটা বলতে চাচ্ছি, যেটা কাশীকান্তবাবু আগেই বলেছেন বর্ডার সিলিংএর ব্যাপারে আপনি ব্রিচ অফ প্রিভিলেজ তুলেছিলেন, আর আপনি ২০ দিন আগে তার রায় দেবেন বলেছিলেন।

আপনি আগের প্রিভিলেজটা সংবিধানে যে আইন রয়েছে সেই অনুযায়ী শুনেছেন, কিন্তু বাকীটা ২০ দিনেও দিলেন না। এটা অবশ্য আইনে কোথাও লেখা নেই যে, আপনি অমুক দিন দেবেন বা দিতে বাধ্য। কিন্তু এখানে ব্রিচ অফ প্রিভিলেজ-এর বিষয়টা যখন গুরুত্বপূর্ণ হিসেবে দেখান হয়েছে তখন রায় দেবার প্রশ্নটাও ততখানি গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করা উচিত—এটা অনন্তকাল ধরে ফেলে রাখার প্রশ্ন নয়। স্যার, আজকে বর্ডার সিলিং-এর ব্যাপারে প্রশ্ন উঠেছে এবং আমরা প্রতিদিন দেখছি ২০০।৩০০ লোক রানাঘাটে এসে রাস্তায় পড়ে থাকছে, স্টেশন-এর মধ্যে গড়াগড়ি খাচ্ছে আর চানাচুরওয়ালাদের ধরে জেলে পাঠান হচ্ছে। কাজেই এই বর্ডার সিলিং-এর ব্যাপারে ব্রিচ অফ প্রিভিলেজ-এর প্রশ্ন আপনার কাছে রাখতে চাই। আপনি এই ব্যাপারে কোন রায় দেন নি, কিন্তু কনক্লুশনএ আমার বক্তব্য হচ্ছে হাউস বসার আগে আপনার কাছে লিখিতভাবে প্রশ্ন দিলে, এমন কি না দিলেও আপনি যেভাবে এতদিন নিয়ে এসেছেন সেইভাবে যেন নেন এবং কাশীবাবুকে বলতে দেবার পর আপনার রায় যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করেন।

[3-30—3-40 p.m.]

Mr. Speaker: I have heard all the views of all the members and I will consider and take into account all the views that have been just now expressed on the floor of the House by the members along with the notice that has been given by Mr. Maitra and I will give my decision tomorrow.

শ্রীননী ভট্টাচার্য: স্যার, আমার বিনীত সাবমিসন হচ্ছে আর্টিকেল ২২৬ অনুসারে আপনি সেটা পারেন না। এখানে পরিস্কার বলা হয়েছে যদি কোন মাননীয় সদস্য নোটিশ দিয়ে আপনাকে জানান যে আজকে তিনি প্রশ্ন তুলতে চান তাহলে আপনাকে "না" বলে দিতে হবে এবং এখানে যে রুলস্ আছে ২২৬ তাতে আজকেই আপনাকে রায় দিতে হবে যে এই এই কারণে আমি তুলতে দেব না। আমি স্যার, এটা পয়েন্ট অফ অর্ডারে বলছি। ২২৬-এ পরিষ্কার করে বলা হয়েছে যদি কোন সদস্য ব্রিচ অফ প্রিভিলেজ সংক্রান্ত বিষয়ে নোটিশ দেন তাহলে তাঁকে সেই প্রশ্ন তুলতে দেবেন কি না সে বিষয়ে আপনার বক্তব্য সেই দিনই দিতে হবে। এটা হচ্ছে ২২৬-এর বড় কথা, গভর্নিং রুল্জ। ২২৭-কে গভর্ন করছে সেই রুল্জ। কাজেই আমার বিনীত সাবমিসন হচ্ছে আপনি আবার পুনর্বিবেচনা করুন এবং বলে দিন যে আমি তুলতে দেব না। আপনি ২২৬ রুল্জ-কে ভালভাবে দেখে, বিচার বিবেচনা করে তারপর রায় দিন এবং পুরান রায় পুনর্বিবেচনা করুন।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমরা যখন বিভিন্ন রুল-এর উল্লেখ করছিলাম তখন আপনি আমাদের ২২৭ নং রুল-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছিলেন। ২২৭ নং রুল-এ আছে প্রাইমা ফেসি কেস আছে কি না আপনি বিচার করবেন এবং তার পর আপনি রায় দেবেন। কিন্তু ২২৬ নং রুল-এ আছে যে যেদিন আমি উত্থাপন করতে চাইবো সেদিনই আপনাকে অনুমতি দিতে হবে। তবে অনুমতি দেবার আগে প্রাইমা ফেসি কেস আছে কি না সেটা আপনি

নিশ্চয়ই দেখবেন। রুল ২২৬ এবং ২২৭ পড়ে আমাদের এই ধারণাই হয়েছে যে, আজকে যদি আমি কোন অধিকারগত প্রশ্ন তুলতে চাই তাহলে অধিবেশন শুরু হবার পূর্বে সেক্রেটারী মারফত আপনাকে নোটিশ দিতে হবে। কিন্তু আপনি একদিকে রুলএর প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করছেন অপরদিকে বলছেন কালকে রুলিং দেবেন। এ দুটোর মধ্যে কোন সামঞ্জস্য আমরা দেখতে পাচ্ছি না। কাজে কাজেই আমরা বুঝতে পারছি না যে, কোন্‌টা আমরা মেনে চলবো? রুল বই যেটা হাউসের সমস্ত কাজকে গাইড করে সেটাকে না নূতন কোন নির্দেশ আমাদের নেতৃত্ব দেবে? যদি রুল ২২৬।২২৭ অনুযায়ী আপনি হাউসকে চালান এবং বিচার করেন তাহলে আজকেই আপনাকে নির্দেশ দিতে হবে।

Shri Nikhil Das:

মিস্টার স্পীকার, স্যার, ননী ভট্টাচার্য মহাশয় যে পয়েন্ট অফ অর্ডার তুলেছেন সেটার উপর আপনার পুনর্বিবেচনা হল কি'না জানতে চাই।

Mr. Speaker:

মিস্টার ভট্টাচার্য, আপনি কি পয়েন্ট অফ অর্ডার তুলেছিলেন?

Shri Nani Bhattacharjee:

স্যার, রুল ২২৬এ দুটো জিনিষ পরিষ্কারভাবে বলা হয়েছে। প্রথম কথা, যদি কোন মাননীয় সদস্য ব্রিচ অফ প্রিভিলেজ সংক্রান্ত কোন নোটিশ দেন—সেই নোটিশ কখন দিতে হবে তাও লেখা আছে, তিনি কমপ্লাই করেছেন এবং তিনি সেই নোটিশে একথাও উল্লেখ করেছেন যে, আজকে তিনি এই পয়েন্টটা রেইজ করতে চান। রুল ২২৬ অনুসারে আপনি অ্যালাউ করতে পারেন, নাও পারেন, সেটা আলাদা কথা কিন্তু ও'র নোটিশের উপর আপনার যা বক্তব্য সেটা আজকেই বলতে হবে। রুল ২২৬ হচ্ছে গভর্নিং রুল। রুল ২২৭ যেটায় আপনার ক্ষমতা আছে সেটা গভর্ন করছে এই ২২৬ রুল। রুল ২২৭এ সেখানে আপনার ক্ষমতা সংক্রান্ত ব্যাপারে বলছে যে, আপনি নোটিশ বিচার করে ঐ পয়েন্ট অফ প্রিভিলেজ প্রশ্ন রেইজ করতে দেবেন কি না সেটা নির্ভর করছে প্রাইমা ফেসি কেস আছে কি না সেটা বিচার করার পর। দ্বিতীয় যেটা বিচার করবেন সেটা হচ্ছে যে, ওটা ইংলিশ অপরচুনিটি রেইজ করা হয়েছে কি না? অর্থাৎ পুরানো কোন ব্রিচ অফ প্রিভিলেজ-এর প্রশ্ন—১০।১৫ দিন বা এক মাস পূর্বে যে ব্রিচ অফ প্রিভিলেজ হয়েছে সেটার সম্বন্ধে নোটিশ দিয়েছেন কি না? যদি তা হয়

[3-40—3-50 p.m.]

তাহলে সেটা এন্টারটেইন নাও করতে পারেন। সুতরাং সেখানে আপনার ক্ষমতা কিভাবে প্রয়োগ করবেন বা কিভাবে বিচার করবেন সেটা ২২৭এ আছে। কিন্তু সেটা গভর্নড হয় বাই রুল ২২৬ দ্বারা। তারপর টাইম-এর ব্যাপার, নোটিশ পাবার পর কখন আপনি সেই পয়েন্ট অফ প্রিভিলেজ রেইজ করতে দেবেন সে সম্বন্ধে পরিষ্কারভাবে বলা আছে। মাননীয় সদস্য যেদিনই রেইজ করতে চান সেই দিনই আপনাকে নির্দেশ দিতে হবে। এটাই আমার পয়েন্ট অফ অর্ডার। আমি রুলটা একবার পড়ে দিচ্ছি।

"A member wishing to raise a question of privilege shall give notice in writing to the Secretary before the commencement of the sitting on the day on which the question is proposed to be raised—question of privilege is proposed to be raised—by whom—by the member concerned".

কাশীকান্তবাবু তাঁর নোটিশে জানিয়েছেন যে আজকেই তিনি এই কোশ্চেন রেইজ করতে চান। সুতরাং ২২৭ নং রুল অনুযায়ী আপনার যে ক্ষমতা তাতে আজকেই আপনাকে রায় দিতে হবে। আমি আশা করি আপনি আমার এই পয়েন্ট অফ অর্ডারটা শুনে আপনার রায় পুনর্বিবেচনা করবেন।

Shri Jyoti Basu:
মাননীয় স্পীকার মহাশয়, রুলএর ইন্টারপ্রিটেশন যা নিয়ে এখানে এতক্ষণ আলোচনা হল সেটা একটা পয়েন্ট-এ এসে গেছে। আপনি আমাদের কাছে বলছিলেন যে, আপনি এটা পড়ে দেখবার সময় পান নি।

Mr. Speaker:
কনসিডার করবার ফুল টাইম পাই নি।

Shri Jyoti Basu:
সেই জন্য আপনি বলতে পারছেন না যে ও'কে বলতে দেবেন কি না? ধরে নিলাম আপনি কালকে বলবেন। কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে, এই যে রুল-এর ইন্টারপ্রিটেশন যা নিয়ে এতক্ষণ আলোচনা হ'ল যে, আরজেন্সী অফ দি ম্যাটার, এটার তাহলে কি দাঁড়ায়? স্পীকার হিসাবে আপনার অনেক অথরিটি আছে আমরা জানি কিন্তু এটা করার কি আপনার অধিকার আছে? রুল-এ যেখানে লেখা আছে আরজেন্সীর কোন ব্যাপার নিয়ে টাইমের মধ্যে নোটিশ দিলে সেই দিনই অন্য বিজিনেস আসবার আগে এটাকে দিতে হবে, এগুলি ইগনোর করে আপনি বলতে পারেন না যে আমি ৫ দিন পর বা এক্সট্রিম কেস নিচ্ছি, আমি ১০ দিন পর বলব আমার ইচ্ছা। আমরা জানি আপনার অনেক অধিকার আছে কিন্তু এটা বলার আপনার অধিকার নেই। কারণ এখানে স্পেসিফিকেলি রুল-এর মধ্যে বলা আছে ম্যাটার অফ প্রিভিলেজ-এর মধ্যে এখন যদি এমন হয়, রুল-এর ইন্টারপ্রিটেশন নিয়ে আপনি কিছু বলবেন, তাহলে আমি বলছি কালকের জন্য ওয়েট করতে রাজি আছি। সঙ্গে সঙ্গে এটাও জানতে চাচ্ছি, কারণ, আমরা মনে করছি এটা মস্ত বড় প্রিভিলেজ-এর প্রশ্ন, আমাদের অধিকার আপনি হরণ করে নিচ্ছেন। যদি কালকে বলেন তাহলে এটা ধরে নেবেন না যে এটা একটা প্রিসিডেন্ট হয়ে গেল এবং আমরা এই ইন্টারপ্রিটেশন মেনে নিলাম।

Mr. Speaker:
প্রিসিডেন্ট একবারেই হবে না।

Shri Jyoti Basu:
কিন্তু মুশকিল হচ্ছে, আপনি যা বলছেন তাতে আমি বুঝছি যে, হ্যাঁ, লেখা আছে যে আজকে আপনি তুলবেন। কিন্তু আমি যদি স্পীকার হিসাবে প্রিপেয়ার্ড না থাকি ইউ ক্যান্ট ডু এনিথিং। আমাদের যেখানে কথা হচ্ছে উই ক্যান ডু সামথিং। আমরা বিনীতভাবে বলব আপনি এভাবে চিন্তা করতে পারেন না—রুল বহির্ভূত এ চিন্তাধারা। আপনাকে সেইদিনই বলতে হবে যে প্রাইমা ফেসি কেস আছে কি না? তাছাড়া আপনি ফুললি স্যাটিসফাইড হোন বা না হোন আপনি আমাদের বলতে দেবেন। কিন্তু এর সঙ্গে সঙ্গে যদি এরকম ঘটনা হয় তাহলে মারাত্মক হবে। যদি ইমিডিয়েটলি আফটার কোশ্চেন আওয়ার অমুক জিনিস নোটিশ দিচ্ছি আমি তুলতে চাই, আপনি বললেন যে, আমি প্রিপেয়ার্ড নই, তার পরের দিনও ওই একই কথা বললেন যে আমি পড়বার সময় পাই নি—এরকম যদি হয় তাহলে আমার মনে হয় যে, রুল-এর কোন মানে হয় না। আমাদের পার্লিয়ামেন্ট, অ্যাসেমব্লী এগুলি শুধু রুল-এর দ্বারাই পরিচালিত হয় না, প্রিসিডেন্ট আছে, প্র্যাকটিস আছে। যার জন্য মে'জ পার্লিয়ামেন্টারী প্র্যাকটিস হাতে করে আমাদের ঘুরতে হয়। এইজন্যই আমাদের বুঝতে অসুবিধা হচ্ছে যে, কালকে আপনি কি বলবেন? আপনি কি এটা ধরে নিলেন যে আমরা এটা মেনে নিলাম, আপনার অধিকার আছে, এইভাবে পোস্টপোন করতে পারেন আপনার ডিসিসান।

Mr. Speaker: Question of privilege is a serious question involving the rights of all the members based on the rules and their own right as honourable members of the House............right............No one can take away...........decision...........Now let us turn to that. Therefore, on all

the points I will give my ruling to-morrow. Regarding the points whether there is any incongruity in the rules, what should be the reading of the rules 226 and 227, whether it should be discussed on the very day on which the notice is received—on everything I will give my ruling to-morrow. I will look into the entire matter—it is not for me but for the members of the House—so that a bad precendent is not created due to my ruling.

Shri Nikhil Das:

ননীবাবুর পয়েন্ট অব অর্ডার-এর রুলিং কালকে দেবেন?

Mr. Speaker: Do you expect that I have to reassure you again? Do you expect from your Speaker the assurance that it should be given to-morrow?

Shri Nikhil Das: That's all right, Sir.

Massages

Secretary (Shri P. Roy): Sir, the following Messages have been received from the West Bengal Legislative Council:—

(1) that the Colncil at its meeting held on the 7th April, 1965 agreed to the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Bill, 1965 without any amendment;

(2) that the time for presentation of the Report of the Joint Committee of the Houses on the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965 has been extended till the end of the second week of the next Session; and

(3) that the Council has concurred in the recommendation of the Assembly and nominated five of its Members to associate with the Committee on Public Accounts of this House for the year 1965-66.

Sir, I beg to lay the Messages on the Table.

GOVERNMENT BILL

The Howrah Municipal Bill, 1965

Shri Hemanta Kumar Basu:

স্যার, হাওড়া মিউনিসিপ্যাল বিল যেটা আমাদের সামনে আনা হচ্ছে এই বিলটা নিশ্চয়ই সরকার হাওড়ার যে দুরবস্থা, হাওড়া যে অস্বাস্থ্যকর, যে জলের অভাব যেন সমস্ত বিবেচনা করে চলেছেন। কিন্তু হাওড়া মিউনিসিপ্যাল বিল তাঁরা যে নিয়ে এলেন তার আগে আমরা শুনেছি যে এখানে সস্তায় জমি সংগ্রহ করবার অধিকার দিয়ে বিল পাশ হয়েছে। সি এম পি ও ৩২টা মিউনিসিপ্যালিটি নিয়ে একটা প্ল্যান করবে একটা অর্গানাইজেসন করবে নানা রকম উন্নতি সাধন করবে, লোকের বসবাসের উন্নতি সাধন করবে, জলের ব্যবস্থা করবে, রাস্তাঘাটের ব্যবস্থা করবে এবং ৩২টা মিউনিসিপ্যালিটির সমস্ত উন্নয়ন সাধন করবে। আবার হাওড়া মিউনিসিপ্যাল বিল-এর মধ্যে আসায় সি এম পি ও যে আইন হল তারা যে উন্নয়ন ব্যবস্থা করবেন তার মধ্যে এটার সংগে কিরূপ মিল হবে তা বুঝতে পাচ্ছি না। হাওড়া মিউনিসিপ্যাল বিল যেভাবে এসেছে এবং সি এম পি ও যে আইন আমরা পাশ করেছি এই দুটার মধ্যে কিরূপ সামঞ্জস্য নিয়ে তারা একটা মাষ্টার প্ল্যান তৈরি করবেন যে প্ল্যান এখনও আসে নি। আমরা শুনেছি ১৯৬৬

সালে এই মাস্টার প্ল্যান হবে সে মাস্টার প্ল্যান কিরূপ হবে তার সঙ্গে হাওড়া মিউনিসিপ্যালিটি এরিয়া যেটা নূতন ভাবে করা হচ্ছে তার কিরূপ যোগাযোগ হবে তা বুঝতে পাচ্ছি না। মাত্র ১ বছরের ব্যাপার সি এম পি ও-কে দিয়ে একটা যে মাস্টার প্ল্যান তৈরী হয়েছে সে মাস্টার প্ল্যান এরূপ একটা বিল তারা কতখানি কার্যকরী হবে তা বুঝতে পারছি না। সেজন্য আমি মনে করি এ দুটার মধ্যে একটা অসামঞ্জস্য আছে অর্থাৎ তারা যে মাস্টার প্ল্যান তৈরী করবেন এবং এরা যে প্ল্যান তৈরী করবেন তর সঙ্গে কি রকম সামঞ্জস্য থাকবে তা বলতে পারছি না। এরা বৃহত্তর এলাকার উপর মাস্টার প্ল্যান তৈরী করবে এবং এরা ক্ষুদ্রতম এলাকার উপর প্ল্যান তৈরী করে উন্নতি করবে। মন্ত্রিমহাশয় বলেছেন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর উন্নতির জন্য এই বিল আনা হচ্ছে। হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর যাতে সুবিধা হয় সেজন্য হাওড়া মিউ-নিসিপ্যালিটি এবং বালি মিউনিসিপ্যালিটি এবং আরও আরও কয়েকটা গ্রাম নিয়ে এই মিউনিসিপ্যালিটি এরিয়া তৈরী হবে।

[3-50—4-35 p.m.]

এবং যে প্ল্যান তৈরী হবে তাতে করে অনেক লোক উচ্ছেদ হবে তাতে সন্দেহ নেই। আমরা দেখেছি সি আই টি কলকাতার উন্নতির জন্য যে সমস্ত লোক বাড়ী ঘর থেকে উচ্ছেদ হয়ে গেছে সে সমস্ত লোকের সে জায়গায় স্থান হয় নি। কলকাতার পুরানো অধিবাসী তারা কলকাতায় ইমপ্রুভমেন্ট-এর জন্য উচ্ছেদ হয়ে গেছে। কলকতা সহরে এভাবে জমির দাম দিনের পর দিন বেড়ে চলেছে, এরজন্য কোন সিলিং-এর ব্যবস্থা নেই। সুতরাং হাওড়া মিউনিসিপ্যাল বিল-এর মধ্য দিয়ে করপোরেশন তৈরী হলে সেখানেও যে জমির দাম অত্যধিক বেড়ে যাবে সে বিষয়ে সন্দেহ নেই এবং কলকাতার মত তার অবস্থা হবে। শৈলবাবু কালকে বললেন আপনারা কনসট্রাকটিভ সাজেসান দিন আমি সেই কনসট্রাকটিভ সাজেসান দিচ্ছি যে হাওড়া ইমপ্রুভমেন্ট-এর জন্য যে সমস্ত লোক উচ্ছেদ হবে এবং যে সমস্ত নূতন জমি সংগৃহীত হবে এবং এর উপর যে প্ল্যান তৈরী হবে তাতে হাওড়ার স্থানীয় লোক তারা যাতে সেখানে থাকতে পারে সেইভাবে প্ল্যান তৈরী করুন। অর্থাৎ যে জমি সংগৃহীত হবে সে জমির যে দাম হবে তার যে বেটারমেন্ট ফি হবে সে জমির মূল্য এমনভাবে নির্ধারণ করা হবে যাতে ঐ সমস্ত লোক যারা উচ্ছেদ হবে তাদের সেখানে বসবাসের উপযোগী হয় এবং প্ল্যান মত বাড়ী তৈরী করতে পারে। যেমন উদ্বাস্তুদের বাড়ী ঘরের জন্য লোনের ব্যবস্থা করতে পারে সেখানে জমির যে দাম ধরা হবে সে জমির দাম সেটা একটা ইনস্টলমেন্টে দেবার ব্যবস্থা করা হোক। জমির দাম একটু বেশী হবে সে বিষয়ে সন্দেহ নেই কিন্তু যত কম হয় সে মত ব্যবস্থা করা হোক এবং সেখান থেকে যারা উচ্ছেদ হবে তারা বাড়ী ঘর তৈরী করবার জন্য যদি যথেষ্ট টাকা না থাকে তা হলে সরকার থেকে ঋণ দিয়ে তাদের সেখানে বসবাসের ব্যবস্থা করা হোক। আমরা জানি হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বিশেষ কোন কাজ করতে পারেন নি শুধু তারা মোটা মোটা মাহিনা পেয়েছেন এবং ২১ লক্ষ টাকার মধ্যে ১৪ লক্ষ টাকা কর্মচারীদের মাহিনা দিতেই গেছে অর্থাৎ মাত্র ৭ লক্ষ টাকার কাজ হয়েছে আজ কয়েক বৎসর হল হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আইন পাশ হয়েছে কিন্তু এ পর্যন্ত তার কোন উন্নতি হয় নি। কাজেই এদিক থেকে এই করপোরেশন আইন যা পাশ হল তাতে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর কাজ খুব তাড়াতাড়ি হবে বলে মনে হয় না।

তারপর এই হাওড়া মিউনিসিপ্যাল বিল পাশ হলে মিউনিসিপ্যাল এলাকার বাইরের এলাকা এতে আসবে, তার ফলে দরিদ্র চাষী সাধারণ লোক তাদের উপর ট্যাক্সের বোঝা বাড়বে—সেই আমার কনসট্রাকটিভ সাজেসন হচ্ছে যতদিন পর্যন্ত সেই সব জায়গার উন্নতি না হয় ততদিন পর্যন্ত যেন তাদের উপর ট্যাক্স চাপানো না হয়। আমাদের কলকাতা সহরে যেগুলি এডেড এরিয়া, মাণিকতলা, উল্টাডাঙ্গা প্রভৃতি সেই সব জায়গাতে পুরানো নর্দমার ময়লা জল ধরার যে ব্যবস্থা সেগুলির আজও উন্নতি হয় নি। কিন্তু তাদের উপর ট্যাক্সের বোঝা ভীষণভাবে চাপানো হয়েছে অথচ সেই সব জায়গার ময়লা এবং জল নিকাশের অব্যবস্থা আছে, মশা মাছি প্রভৃতি এখনও দূর হয় নি। অত্যন্ত অস্বাস্থ্যকর সেই সব জায়গা সেখানে নাকে কাপড় চাপা দিয়ে চলতে হয়। হাওড়ার অবস্থাও তাই। হাওড়া সহরের মধ্যে—কি পল্লীর

মধ্যে যদি যান তাহলে দেখবেন যে অত্যধিক অপরিষ্কার এবং নোংরা। সেখানে জলের ব্যবস্থা নেই। বস্তীগুলি অত্যধিক অপরিষ্কার অবস্থায় রয়েছে। আমাদের এখানে স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট পাশ হয়েছে কিন্তু এ পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি না যে বস্তীগুলির কিছু উন্নতি হয়েছে—সেজন্য আমরা বলেছিলাম স্ল্যাম ক্লিয়ারেন্স অ্যাক্টের সময় যে বস্তীর অধিবাসীরা যদি সরকারের প্ল্যান অনুসারে যদি বস্তীর উন্নতি করতে চায় তাহলে তাদের সেটা করতে দেওয়া উচিত। কিন্তু সেই রকম কোন ব্যবস্থা হয় নি। কাজেই এইভাবে যে হাওড়ার ইমপ্রুভমেন্ট হবে এটা বিশ্বাস করতে পারছি না এর ফলে গরীব লোকের উপর ট্যাক্সের বোঝা অত্যধিক চাপবে, সেইজন্য সেই স্থানের উন্নতি হবার আগে যাতে গরীব লোকের উপর ট্যাক্সের বোঝা না চাপে তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি। কারণ করপোরেশন হলে পর করপোরেশনের বড় বড় কর্মচারীদের রাখতে হবে—যতখানি কাজ না হোক তাদের ঠিক রেখে দিতে হবে। যেমন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে হয়েছে—মোটা টাকা মাইনের কর্মচারী রাখা হয়েছে এখানে; করপোরেশন হলেও সেই রকম মোটা মাইনের লোক রাখতে হবে, চীফ এক্জিকিউটিভ অফিসার রাখতে হবে—বিভিন্ন বিভাগে আরও বড় বড় কর্মচারী রাখতে হবে। কাজেই খরচ বেড়ে যাবে এবং তার ব্যয়ভার সাধারণ লোক রেট পেয়ারর্স তাদেরই বহন করতে হবে। কাজেই এইভাবে হাওড়ায় করপোরেশন তৈরী করবার জন্য চেষ্টা হচ্ছে। তারপর আমরা যা দেখছি কলকাতা মিউনিসিপ্যাল বিল যেভাবে বিধিবদ্ধ করা হয়েছে তাতে করে আমাদের কলকাতা সহরের পৌর শাসন যাতে ভালভাবে চলে তার কোন ব্যবস্থা নেই। আমরা মনে করি এই পৌর শাসনকে সম্পূর্ণভাবে রাজনীতির উর্ধ্বে রাখা দরকার। কোন রাজনৈতিক দৃষ্টিতে এই পৌর কার্য পরিচালনা করা উচিত নয়—কিন্তু আমরা কলকাতা করপোরেশনে দেখছি যে সেখানে গত কয়েক বছর ধরে এই জিনিসই চলছে। দেশবন্ধু দাস, দেশপ্রিয় সেনগুপ্ত, নেতাজী সুভাষ তাঁরা যখন করপোরেশনের মেয়র ছিলেন তখন আমরা দেখেছি যে বিরোধী দলের সংখ্যা যত কমই হোক সেখানে ঐ স্ট্যান্ডিং কমিটিতে বিরোধী দলের লোকদের স্থান দেওয়া হোত এবং করপোরেশনকে দলমতের উপর রেখে করপোরেশনের কার্য পরিচালনা করা হোত এবং তাতে কাজের সুবিধাও হোত। কিন্তু আজকে করপোরেশনের যে অবস্থা আপনারা সকলেই দেখছেন। কাজেই হাওড়া মিউনিসিপ্যাল বিল যে পাশ হচ্ছে আমরা দেখছি ক্যালকাটা মিউনিসিপ্যাল আইনে যেভাবে করা হয়েছে তাতে কাউন্সিলারের সংখ্যা, বা অল্ডরম্যান ইলেকসন বা তাদের যে স্ট্যান্ডিং কমিটি আছে সেই নীতিতেই এটা গঠিত হবে। কাজেই হাওড়া মিউনিসিপ্যালিটির স্ট্যান্ডিং কমিটিতে যাতে সকলে কাজ করবার সুযোগ পায় সেই বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। কারণ সেই সুযোগ তারা যদি না পায় তাহলে নিশ্চয়ই সব সময় বিরোধিতা চলবে এবং কাজের অসুবিধা হবে। জল, ড্রেন, রাস্তা ময়লা পরিষ্কার প্ল্যান পাশ করা এই হচ্ছে করপোরেশনের কাজ। কাজেই এর মধ্যে রাজনীতির ব্যাপার থাকতে পারে না—এই জন্য হাওড়া মিউনিসিপ্যাল বিল যেভাবে তৈরী হচ্ছে তাতে মন্ত্রীকে বলবো যে এটা এমন ভাবে করা হোক যাতে সকল দলের লোক করদাতাগণের স্বার্থ রক্ষা করে তাদের স্বাচ্ছন্দ বিধানের জন্য এবং তাদের অভাব দূরীকরণের জন্য সকলেই সুযোগ পায়। যেভাবে এখানে সুপার সেসনের ক্লজ দেওয়া হয়েছে—সেখানে যাতে অ্যাসেসমেন্ট বা ভ্যালুয়েসন অত্যধিক না বাড়ে সেই সব দিকেও বিশেষভাবে দৃষ্টি রাখতে হবে। কাজেই সেই সব দিক থেকে আমি বলবো যে ক্যালকাটা মেট্রোপলিটন অর্গানাইজেসনের মাস্টার প্ল্যান এবং হাওড়া মিউনিসি-প্যালিটিকে করপোরেশনে পরিণত করবার যে প্ল্যান এটার সঙ্গে কি করে সামঞ্জস্য হবে সেদিকে লক্ষ্য রেখে যেন এটা করা হয়—এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[At this stage the House was adjourned for half an hour.]

[After adjournment]

[4-35—4-45 p.m.]

Shri Abhoy Pada Saha:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয়, শ্রীফজলুর রহমান সাহেব হাওড়া মিউনিসিপ্যাল বিল নিয়ে এসে দেখাতে চাচ্ছেন হাওড়া সহরের অধিবাসীদের যে এখন যে অ্যাক্ট প্রচলিত আছে মিউনিসিপ্যাল অ্যাক্ট সেই অ্যাক্টের দরুন তাদের সুযোগ

সুবিধা--নগর জীবনের যেসব সুবিধা তা সেই অ্যাক্ট স্বারা করা যাচ্ছে না—সেইজন্য তাদের দুর্ভোগ ভুগতে হচ্ছে। নর্দমা হচ্ছে না, জলের ব্যবস্থা হচ্ছে না, ঘিঞ্জী বসতি এই যে অত্যন্ত দুরবস্থার মধ্য দিয়ে হাওড়া সহরের লোক বাস করছে—এই অ্যাক্ট স্বারা তাদের বোঝাতে চাচ্ছেন যে এই নুতন আইন যদি তৈরী হয় তাহলে ভবিষ্যতে তাদের ঐ সহর জীবনের সুখ স্বাচ্ছন্দ আসতে পারবে। এই বিলে এই কথাটাই স্পষ্ট হয়ে দেখা যাচ্ছে। কিন্তু হাওড়া মিউনিসিপ্যালিটিকে যদি কর্পোরেশনে পরিণত করা যায় তাহলে সহর জীবনে সুখ-স্বাচ্ছন্দ্য আসবে কিনা সেটা ভবিষ্যতের কথা। মিউনিসিপ্যাল অ্যাক্ট ইংরাজ আমলে তৈরী হয়েছিল সহর জীবনে সুখ-স্বাচ্ছন্দ্য এনে দেবার জন্য। মিউনিসিপ্যাল অ্যাক্ট যেখানে চালু থাকবে সেই অঞ্চলে যেসব লোক বাস করবে তাদের জন্য রাস্তা পাকা হবে, রাস্তায় আলো হবে, জলের ব্যবস্থা থাকবে, স্বাস্থ্যের ব্যবস্থা থাকবে, পরিষ্কার পরিচ্ছন্ন একটা সুন্দর নাগরিক জীবনের ব্যবস্থা হবে। কিন্তু স্বাধীনতা প্রাপ্তির পর সেই অ্যাক্ট চালু আছে, অবশ্য কিছু কিছু অ্যামেন্ডমেন্ট হয়েছে, কিন্তু সহরে যে হারে লোক বেড়েছে, যে অবস্থায় আজ সহর এসে উপস্থিত হয়েছে তাতে সহর জীবনের যে সুখ-স্বাচ্ছন্দ্য প্রয়োজন সেই হারে কাজের উদ্যম বাড়ে নি, কাজ বাড়ে নি, সেই আগেকার যুগের অবস্থায় রয়ে গেছে। সেজন্য মিউনিসিপ্যালিটির যে সুযোগ-সুবিধা, সেই বহু পুরানো কালের যেসব তৈরী জল-কল, রাস্তাঘাট, আলোর ব্যবস্থা, স্বাস্থ্যের ব্যবস্থা সেগুলি আগেকার অবস্থায় রয়ে গেছে, তার দরুন বর্ধিতহারে জনসংখ্যার সুযোগ-সুবিধা ঐ ব্যবস্থার স্বারা হওয়া সম্ভব নয়। মাননীয় মন্ত্রিমহাশয় এই হাওড়া মিউনিসিপ্যাল বিল রচনা করে দেখাতে চাইছেন যে অ্যাক্ট আছে সেই অ্যাক্টের জন্য কিছু করা যাচ্ছে না, ঐ অ্যাক্ট বদলে কলকাতায় যেমন কর্পোরেশন আছে এই কর্পোরেশনের মত যদি অ্যাক্ট করা যায় তাহলে হাওড়ার জনসাধারণ কলকাতার মত সুখ-স্বাচ্ছন্দ্য পাবে, হাওড়া টাউন যেভাবে অপরিচ্ছন্ন, ঘিঞ্জি, জলের ব্যবস্থা নাই, পয়ঃপ্রণালী নেই, তার ব্যবস্থা হবে। এই যে আশার আলো হাওড়া সহরের জনসাধারণকে দেখান হচ্ছে এতে আমি জানি না ১৯৬৭ সালে যে পৌর নির্বাচন হবে সেই নির্বাচনের জন্য এই অ্যাক্ট তৈরী হচ্ছে কিনা। তবে জনসাধারণকে আশ্বাস দেওয়ার মত ব্যবস্থা তিনি তৈরী করেছেন এটা বলা যায়। অ্যাক্ট করলেই যে সব পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে সুন্দর সহর গড়ে উঠবে এটা আমরা মনে করি না। কারণ, তারজন্য চাই আন্তরিক ইচ্ছা যে সহর তৈরী করব, সহরকে ভাল করে গড়ব, সহরে যারা বাস করে তাদের সুযোগ-সুবিধা এনে দেব। এটা যে দল সরকার চালায় সেই দলের আন্তরিক ইচ্ছার উপর নির্ভর করে এবং তার জন্য ঐ হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্ট থাকলেও করা যায় এই কথা আমরা মনে করি। অ্যাক্ট পরিবর্তন করলেই যে একেবারে সহরের সর্বাঙ্গীন উন্নতি করা যাবে এ আমরা মনে করি না। কারণ, এই অ্যাক্ট পড়ে আমরা দেখেছি যে কাউন্সিলারের সংখ্যা আছে, অল্ডারম্যান আছে, মেয়র আছে, এই কতকগুলি পদের ব্যবস্থা হয়েছে এবং সেই পদের লোভে ঐ হাওড়া এলাকার যেসব নেতৃস্থানীয় লোক তাঁরা কিছুটা আশ্বাস পাবেন বলে মনে হয়।

ঐ হাওড়া কর্পোরেশন অ্যাক্ট পাস হয়ে যাবে। তারপর যখন নির্বাচন আসবে, তখন নির্বাচনের দিকে মেতে থেকে হয়ত সরকার যে দল চালাচ্ছেন, সেই দলের উপর খানিকটা নির্ভরশীল হয়ে পড়বে। তার ফলে ১৯৬৭ সালে যে নির্বাচন হবে, তাতে কংগ্রেসের সুযোগ সুবিধা হবে—এটা হতে পাবে। কিন্তু হাওড়া সহরের উন্নতি ঐ আক্ট-এর উপর নির্ভর করে বলে আমার মনে হয় না। সে হচ্ছে আন্তরিক ইচ্ছা। অপর পক্ষে অন্য যেসব গরীব শ্রেণী আছে, কি বর্ধিষ্ণু শ্রেণীর বড়লোক আছে তাঁরা এর জন্য উৎফুল্ল হবেন, উৎসাহিত হবেন। অপর পক্ষে গরীব শ্রেণীর লোক যারা বাস করে—যাদের দৈনন্দিন কাজ করে খেটে খেয়ে বেঁচে থাকতে হয়, কলকারখানায় কাজ করে, তারা ভয়ে আড়ষ্ট হয়ে গেছে—না জানি তাদের রুজি-রোজগার বুঝি কর্পোরেশন হলে বন্ধ হয়ে যাবে। ঐ বস্তিতে মাথা গুঁজে কোন রকমে রুজি-রোজগার করে

ছেলেমেয়ে নিয়ে দিন কাটছে, কর্পোরেশন হলে বোধ হয় তা বন্ধ হয়ে যাবে। ছোট কুটির শিল্পের মত লেদ মেশিন হাওড়ায় এত বেশী চালু আছে যে তাকে আমরা ছোট ছোট শিল্পাঞ্চল বলে থাকি। ছোট ছোট কারখানা বহু অলিতে গলিতে বস্তিতে আছে। এই অ্যাক্টকে তারা ভাল চোখে দেখছে না। তাদের জীবিকার উপায় বুঝি বন্ধ হয়ে যাবে এই তারা মনে করছে। যেসব পল্লীঅঞ্চলকে এই অ্যাক্ট-এর মধ্যে ইনক্লুড করা হয়েছে, সেই পল্লীঅঞ্চলের লোকগুলো খুব ক্ষুব্ধ হয়েছে—এই ভেবে যে তাদের উপর হয়ত বেশী করে ট্যাক্স চেপে যাবে, তাদের যে সামান্য রুজি-রোজগারের ব্যবস্থা আছে, সেটুকুর কথা চিন্তা করে কর্পোরেশন হলে তাদের উপর অনাবশ্যকভাবে ট্যাক্স বেড়ে যাবে। তাদের ধারণা কর্পোরেশন হলে তাদের উপকার হবে না, উপরন্তু নিষ্পেষিত হবে এবং তাদের বাসস্থান থেকে ছেড়ে চলে যেতে হবে। এটা তাদের বদ্ধমূল ধারণা। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যাতে সকল শ্রেণীর লোক এর দ্বারা আশ্বস্ত হতে পারে তার ব্যবস্থা করুন যে সমস্ত পল্লী এলাকা অন্তর্ভুক্ত হলো তাদের বলুন করপোরেশন হলে তোমাদের উৎখাতের ব্যবস্থা হবে না, বরং নূতন উন্নত জীবনের ব্যবস্থা করা হবে, তোমাদের রুজি-রোজগারের পথ আরও ভালভাবে খুলে দেওয়া হবে। যেভাবে ঘিঞ্জি এলাকায় তোমরা বাস করছো—তার চেয়ে ভাল ঘর তৈরী করে বাস করতে দেওয়া হবে। এই সমস্ত কথা যখন তারা হৃদয়ঙ্গম করতে পারবে, তখন এই অ্যাক্ট পাস করার সার্থকতা থাকতে পারে। কংগ্রেস পক্ষ যাঁরা সরকার চালাচ্ছেন, তাঁদের উদ্দেশ্য যদি অন্য রকম হয়, তাহলে এই অ্যাক্ট-এর কোন সার্থকতা নাই। তাই আমি বলছি—এই আইন জনমত সংগ্রহের জন্য প্রচারার্থে দেওয়া হোক।

[4-45—4-55 p.m.]

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় চেয়ারম্যান স্যার, এই বিল-এর সার্কুলেসন মোশনে মাননীয় সদস্যগণ যে আলোচনা করেছেন আমি তা গভীর মনোযোগ সহকারে শুনেছি। যে কথা কয়টির জবাব দেওয়া প্রয়োজন এবং যা এই বিলের সম্বন্ধে প্রযোজ্য আমি সে বিষয় কিছু বলব, পৃথকভাবে আমি সকলের কথা বলতে চাই না। যে পয়েন্টগুলো এখানে উপস্থাপিত হয়েছে এবং যে সমস্যা সকলের নিজ নিজ মনে জাগ্রত হয়েছে তা যদি আমরা আলোচনা করি তাহলে তার জবাব তাঁরা পাবেন। আমাদের কানইবাবু যে যে পয়েন্ট রেখেছেন আমি তা থেকেই আরম্ভ করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্ট কর্পোরেশনের নামে এসেছে এবং একটা জিনিস আমরা আলোচনার মধ্যে লক্ষ্য করছি যে, বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট এবং হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট অ্যাক্ট এই দুটিকে জড়িয়ে ফেলা হয়েছে। প্রায় ১০০ বছর পূর্বে হাওড়া মিউনিসিপ্যালিটি জন্মগ্রহণ করেছিল এবং তার কিছু পর, অর্থাৎ ৫০।৬০ বছর পর বালি মিউনিসিপ্যালিটি এসেছে। ১০০ বছর পূর্বে হাওড়া মিউনিসিপ্যালিটি এসেছে এবং ধারাবাহিকভাবে লোকের সুখ-স্বাচ্ছন্দ্যের প্রতি দৃষ্টি রেখে তার কলেবর বেড়েছে। ইংরেজ আমলে বা মুসলিম লীগ আমলে যাঁরা নির্বাচিত প্রতিনিধি ছিলেন তাঁরা নিজেদের ক্ষমতায় এবং মনোনীত প্রতিনিধি যাঁরা ছিলেন তাঁরা নিজেদের ক্ষমতায় লোকের সাহায্য করে এলেও সাধারণ নাগরিকের আশা আকাঙ্ক্ষা যে পূরণ হয় নি এটা সকলের স্বীকৃত মত। তবে এটা ঠিক যে, যে অঞ্চল সহরে পরিণত হয়েছে সেখানে তাঁরা সাধ্যমত চেষ্টা করেছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে, সহর আগে আসে নি, পল্লী আগে এসেছে এবং সেই পল্লী পরে সহরে রূপান্তরিত হয়েছে। কাজেই সেখানকার লোকের সুখ-স্বাচ্ছন্দ্যের প্রতি লক্ষ্য রেখে আইনের ত্রুটি-বিচ্যুতি যাই থাকুক না কেন মিউনিসিপ্যাল অ্যাক্ট হয়েছে। স্যার, এটা দেখা গেছে যে, ক্রমান্বয়ে অবস্থার পরিবর্তন, যুগের পরিবর্তন, মানুষের আশা, আকাঙ্ক্ষার পরিবর্তন এবং সভ্যতার, সংস্কৃতির বিকাশের সঙ্গে সঙ্গে মানুষের মনের যে চাহিদা, সংস্কৃতির যে চাহিদা সেটা বাড়ছে এবং তাকে মেটাবার জন্য সর্বদিক থেকে চেষ্টা স্বাধীনতা-উত্তর যুগ থেকে হয়ে আসছে। এই মিউনিসিপ্যালিটি ১০০ বছর পূর্বে জন্মগ্রহণ করবার পর এই বিশেষ বিশেষ অবস্থার প্রতি লক্ষ্য রাখা সত্ত্বেও, বঙ্গীয় মিউনিসিপ্যাল অ্যাক্ট দ্বারা শাসিত হওয়া সত্ত্বেও আইনগতভাবে তার প্রয়োজন যে মেটেনি তার কারণ হচ্ছে হাওড়া হচ্ছে এমন একটা জায়গা যার লোকজনের কাজ-কারবার, সেখানকার শিল্প, সেখানকার মানুষের চালচলন, [illegible] প্রণালী, সেখানকার মানুষের জীবিকার্জনের পথ অনেকাংশে পৃথক। এটা কলকাতার সঙ্গে মেলে এবং ব্রিজ পার হয়ে গেলেই সেই জায়গা। হাওড়া

যদিও মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুসারে শাসিত, কিন্তু হাওড়াকে একটা বিশেষ ক্ষেত্র হিসেবে গ্রহ করে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট প্রয়োগ করা হচ্ছে। এটা একটা এ্যানোমালি—অর্থাৎ আমি বাস করছি পশ্চিম বাংলায় আর শাসিত হচ্ছি বিহারের আইনে এটা দেখা যায় না। এটা বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুসারে কন্সটিটিউটেড কিন্তু ইনটার্ন্যাল অ্যাডমিনিস্ট্রেসন ইন দি ইন্টারেস্ট অব পাবলিক অ্যাডমিনিসট্রেশন হচ্ছে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুসারে। এই অবস্থা কেন হল তার প্রতি আমি মাননীয় সদস্যদের দৃষ্টি দিতে বলছি। এর কারণ হচ্ছে এখানকার আকার, আয়তন, বিভিন্ন জটিল সমস্যা, এখানকার লোকের জীবনযাত্রার প্রণালী তাদের থাকা-খাওয়া, তাদের বাসা, তাদের পথঘাট, তাদের জল, পায়খানা, ড্রেন প্রভৃতির কথা চিন্তা করে এই পথ গ্রহণ করা হয়েছে।

[4-55—5-5 p.m.]

কিন্তু এতেও সমস্যা মিটল না। ১৯৩২ সাল থেকে যদিও ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর ধারাগুলি প্রয়োগ রেখে, এই এলাকার মধ্যে না হচ্ছে মিউনিসিপ্যালিটি না কর্পোরেশন, না মফস্বলের মিউনিসিপ্যালিটি, না সহরের কর্পোরেশন এই অবস্থায় থেকে শাসিত হচ্ছে এবং অবস্থা খাপ খাওয়াবার জন্য এবং অবস্থার প্রয়োজন মিটল না। দেশ স্বাধীন হওয়ার পরে এটা প্রয়োজনীয়তা অনুভূত হল। সেই জন্য ১৯৫৬ সালে হাওড়ায় ইমপ্রুভমেন্ট ট্রাস্ট হল। মাননীয় চেয়ারম্যান মহাশয়, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট—সেটার স্ট্যাটুটরি বডির একটা স্বাধীন সত্তা আছে স্বাধীন আইন কানুন আছে। অ্যাজ ইট ইজ গাইডেড বাই ইটস অউন মিউনিসিপ্যাল অ্যাক্ট, অ বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, সেটা এখন শাসিত হচ্ছে হাওড়ায়। কিন্তু কনস্টিটিউট হয়ে সেটা হাওড়ায়, আর শাসিত হচ্ছে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টে। সেটা একটা ইন্ডিপেনডে স্ট্যাটুটরি বডি—এই দুটোর সাথে কোনখানে কোন সংঘাত আছে কিনা দেখুন। ১৯৫৬ সা আমি বলে গেছি যে এই প্রয়োজনীয়তা দেখা দেয়, হাওড়া যদিও শাসিত হচ্ছে ক্যালকাটা মি নিসিপ্যাল অ্যাক্ট অনুসারে এবং এখানকার লোকের যেগুলি প্রয়োজন আছে, যে যে উন্নয়নে কাজ প্রয়োজন আছে সে সব কাজগুলি করা প্রয়োজন আছে। হাওড়া মিউনিসিপ্যালিটি আর্থিক অবস্থা, তার অর্থ, তার অর্থনৈতিক উন্নয়ন, তার ক্ষমতা, তার প্রশাসনিক ব্যবস্থা, এ উপর দিয়ে যদি আর একটা বডি কিছু না থাকে তাহলে তার ইমপ্রুভমেন্ট—হাওড়া ইমপ্রুভমে ট্রাস্ট মানে হল যে হাওওড়ার উন্নয়ন সাধন করা। এখন এই যে দৃষ্টি হাওড়া ইমপ্রুভমে ট্রাস্টে দেওয়া হল—এর কারণ হল এই যে হাওড়ার কলেবর বৃদ্ধি, এলাকা সব দিক থেকে বে যাচ্ছে এক্সপেনসান-এর মত, তার সমস্যা বাড়ছে, চাহিদা বাড়ছে, লোকের প্রয়োজন বাড়ছে, জী ধারণের প্রণালী বাড়ছে, প্রিঅ্যাম্বেল অব হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট ইত্যাদি—এই জন্য মানন চেয়ারম্যান মহাশয় এই দৃষ্টিভঙ্গীকে সামনে রেখে সেখানে চমৎকারভাবে বর্ণনা করা হয়েছে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টে মিউনিসিপ্যাল অ্যাক্ট নিয়ে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে প্রয়োজনীয়তা, প্রিঅ্যাম্বেলের কথা কেন হয়েছে ১৯৫৬ সালে, না, সেখানে বলেছে যে

"Whereas it is expendient to make provision for the improvement an expansion of Howrah in the manner hereinafter appearing".

তারপরে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট যেটা হচ্ছে সেটা শুধু হাওড়ায় নয়, ভবিষ্যতে হাওড় আয়তন আরও বাড়তে পারে, হাত-পা ছড়াতে পারে, মানুষ বাড়তে পারে, শিল্প আরও প্রসারি হতে পারে, এই সমস্ত দৃষ্টিভঙ্গী রেখে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট করা হয়েছে। এটা তো প্রি অ্যাম্বেলের কথা। সেকশান ওয়ান-এ সাব সেকশান থ্রি-তে স্পষ্ট বলে দিচ্ছে যে

"Except as otherwise hereinafter provided, this Act shall extend only the Howrah Municipality; but any provision of this Act may be extend by the State Government entirely or in part, by notification, under t procedure prescribed by section 157, to any specified area in the neig bourhood of that Municipality".

আইনে এর বিধান রেখে গেল, উদ্দেশ্য আইনের ঠিক থাকল। যদি আইনের বিধান না থা উদ্দেশ্যকে কার্যকরী করবার জন্য, সেই জন্য সেকশান থ্রি-তে বলে গেল যে এই ইমপ্রুভমে ট্রাস্ট অর্থাৎ হাওড়া মিউনিসিপ্যালিটির মধ্যে আছে। ভবিষ্যতে এক্সপেনশান হাওড়ার হতে পা

এবং ভবিষ্যতে এক্সপেনডেড হাওড়ার তাড়াতাড়ি প্রয়োজনীয়তা না হয় সে ক্ষেত্রে স্টেট গভর্নমেন্ট-এর দায়িত্ব হল যে তার এক্সপেনশান-এর দিকে লক্ষ্য রেখে অথরিটি দিতে হবে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, তাহলে দেখবেন যে প্রত্যেকটি সেকশানে হাওড়া মিউনিসিপ্যালিটি এই এক্সপেনশানের দিকে লক্ষ্য রেখে তার দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করে এই হয়েছে। তাহলে দেখা যাচ্ছে যে একটা কাজ হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে নেই, এক্সপেনশান করে দেয় যাতে হাওড়ার সুখ-স্বাচ্ছন্দ্য বিধান হয়ে থাকে। তাহলে হাওড়া ইমপ্রুভমেন্ট, এক্সটেনডেড হাওড়া-এর সাথে মিউনিসিপ্যালিটির কোন স্বার্থের সংঘাত নেই। দুটো ইমপ্রুভমেন্ট ইন্সটিটিউসান বডি, তার নিজস্ব বডি. তার নিজস্ব সোর্স অব ইনকাম, নিজস্ব প্ল্যান আছে এবং তার সাথে মিউনিসিপ্যালিটি অ্যাজ ইট স্ট্যান্ডস নাউ তার নিজস্ব প্ল্যান, তার নিজস্ব সোর্স—যার কাজ সেখানে করা যায়। কিন্তু সেই কাজটাকে ত্বরান্বিত করতে পারে না বলেই হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের জন্ম হয়। যে কাজ হাওড়া মিউনিসিপ্যালিটি করে যাচ্ছে তাতে হস্তক্ষেপের কোন প্রয়োজন নেই। যে সোর্স অব ইনকাম—সেইভাবে চললে তার সাথে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আরও কাজ করে দিয়ে তাকে বর্ধিত করে সুখ-স্বাচ্ছন্দ্য বিধানের জন্য সেকশান ৩৩ অব হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট তিনটি কাজ করছে। সেকশান ৩৩-তে দেখা যাচ্ছে কি, না, আলো, রাস্তা, ড্রেন, ওয়াটার সাপ্লাই গার্ডেন পার্ক ইত্যাদি মানুষের স্বাধীনভাবে জীবন যাপনের জন্য যা কিছু আছে সেগুলি সেকশান ৩৩-তে করবার কথা আছে। করা হয় নি, ঘর করা আছে, সেটা আলাদা কথা। কিন্তু হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে বলবত করবার জন্য এই আইনটা আনা হয়েছে। হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের নিজস্ব কোন সত্তা নেই এবং তার আয়ু সংক্ষিপ্ত। কিন্তু হাওড়ার আয়ু সংক্ষিপ্ত নয়। ১৮৫।৮৬ অব দি হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট অ্যাক্ট স্পষ্ট ভাষায় বলে দিচ্ছে যে হাওড়ার ইমপ্রুভ করে এর কাজ ফুরিয়ে যাবে। কিন্তু ১৮৪ অব দি হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট অ্যাক্ট-এ হাওড়া গঠিত হবে কবে, না, যখন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এক্সটেনডেড হাওড়ার জন্য এই সব কাজ তার শেষ হবে, ইমপ্রুভ করে তার প্রয়োজনীয়তা ফুরিয়ে যাবে এবং তাকে ছেড়ে যেতে হবে। ছেড়ে কোথায় যাবে, না, মিউনিসিপ্যালিটিতে যাবে। ইমপ্রুভড যে জিনিসগুলি হবে, রাস্তা-ঘাটই বলুন আর যাই বলুন, প্রত্যেকটি ইট উইল অটোমেটিক্যালি ভেস্ট ইন দি মিউনিসিপ্যালিটি করে দিয়ে তারপরে সবগুলোকে যেতে হবে। কিন্তু হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের যদি এই উদ্দেশ্য থাকে এবং আইনে যদি সেই উদ্দেশ্য থাকে এবং যদি হাওড়া ক্যালকাটা কর্পোরেশান-এর মত সেই আদর্শে শাসিত হয়ে থাকে তাহলে তার নামকরণ নিয়ে কোন গোলমাল হবে না। শ্রদ্ধেয় মাননীয় সদস্য বলেছেন যে বিগত যৌবনা হাওড়া, ইমপ্রুভমেন্ট ট্রাস্ট তার গায়ে অলংকার চাপিয়ে কি হবে, তিনি যে কুলী নগরী তার গায়ে অলংকার চাপিয়ে কি হবে, তার গায়ে পোষাক চাপিয়ে কি হবে? তার নাকে নথ, কপালে একটু টিপ দিয়ে পায়ে মল লাগিয়ে স্যান্ডেল পরে চলতে দিন। কুলী নগরী তার কুলী নগরীর ডেসক্রিপশান দিচ্ছেন ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয় যে ইমপ্রুভমেন্টের প্রয়োজনে এক্সপেনশানের প্রয়োজনে একটা ছবি দিচ্ছেন। সেই ছবিটায় এইটুকু মনে হয়।

It seems to be a description of a shattered old tavern full of filth and direct ringing in oaths and curses.

যেন একটা দৃষ্টান্ত দিচ্ছেন, পরিষ্কার বলছেন কি, না, চোখের সামনে মলত্যাগ করছে, শৌচ করছে এবং সেই মলগুলি নিয়ে এসে তাদের নাকের ডগায় বাড়ীর সম্মুখপানে ঢেলে দিচ্ছে। খোলা ড্রেন, আলো নেই, বাতাস নেই, মানুষ চলতে পারে না, ফিরতে পারে না, ঘিঞ্জি বসতি, মানুষ আলো বাতস পাচ্ছে না, এই ছবি যদি হয়ে থাকে তাহলে নিশ্চয়ই হাওড়ার ইমপ্রুভমেন্ট ট্রাস্টের প্রয়োজন আছে এবং যদি ঘন বসতি হয়ে থাকে তাহলে নিশ্চয়ই হাওড়াকে বাড়াবার প্রয়োজন আছে। লোকে যদি আলো বাতাস পাওয়ার সুযোগ সুবিধা না পায় তাহলে নিশ্চয়ই রাস্তা-ঘাটের ব্যবস্থা করার প্রয়োজন আছে। তা যদি হয় তাহলে আইনের প্রভিসন কিসের জন্য ? এ আইনের প্রভিসনে হয় না যে ইমপ্রুভমেন্ট ট্রাস্টে সেটা হবে, সেটা হবে অ্যাডমিনিস্ট্রেশান। ইমপ্রুভমেন্ট ট্রাস্ট হল ইমপ্রুভমেন্ট ট্রাস্টের কথা। কাজেই হাওড়ায় যদি ইমপ্রুভমেন্ট ট্রাস্টের প্রয়োজন হয়ে থাকে এবং ইমপ্রুভমেন্ট ট্রাস্টে যে সব জিনিস ইমপ্রুভড হবে তা যদি

জনসাধারণের স্বার্থে হয়ে থাকে এবং ভবিষ্যতে যদি তা করবার প্রয়োজন হয়ে থাকে তাহলে আমি বলব যে আজকে হাওড়া কর্পোরেশন অনিবার্যরূপে দেখা দিয়েছে। যদি এক্সপেনশান করা হয় তাহলে কোন দিকে যাবে আইনে তা বলে দিচ্ছে। তার উন্নতির পথটা কোনদিকে যাবে, পশ্চিমে যাবার পথ আছে, আর আছে দক্ষিণে। এছাড়া আর কোন পথ নেই। কাজেই এক্সপেনডেড যদি হয় তাহলে যাবে বালির দিকে আর যাবে পশ্চিম দিকে এবং অনিবার্যরূপে এক্সপেনশান হলে লোক সংখ্যা বেড়ে যাচ্ছে, আয়তন বেড়ে যাচ্ছে এবং তার পরিকল্পনা আরও বেড়ে যাচ্ছে এবং বৃহত্তর পরিকল্পনার আওতায় এসে যাচ্ছে। এবং বৃহত্তর পরিকল্পনার আওতায় এসে দেখছি কিনা লোক সংখ্যা বেশী সংযুক্ত সংস্থা তাকে আমরা কর্পোরেশন বলছি। এখানে বলা হচ্ছে যা তার উত্তরে বলছি কর্পোরেশন করছে কি যে আইন শাসিত হচ্ছে—সব জায়গায় এসব সত্য কিন্তু নাম ঐ মিউনিসিপ্যালিটি রাখতে বলা হচ্ছে। এখানে কর্পোরেশন করবার কথা ও'রা বলছেন না কর্পোরেশন না করে যেমন আছে তেমনি থাক। কিন্তু প্রয়োজন আছে। কাজেই এ প্রয়োজনে কর্পোরেশন হওয়ার প্রয়োজন, নামকরণ করার প্রয়োজন এবং নামকরণের প্রয়োজন আছে। যে আইনকে কার্যে পরিণত করে লিপিবদ্ধ করে আনবার জন্য এ বিল এনেছি। কাজেই যুক্তির দিক দিয়ে বা উদ্দেশ্যের দিক দিয়ে কোন কারও যদি আপত্তি থাকে তা গ্রহণযোগ্য নয় এবং সেজন্য যে সব সমালোচনা করা হয়েছে আমি তার বিরোধিতা করছি। দ্বিতীয় হল এই ডিলিমিটেসান-এর কথা বলেছেন কানাইবাবু। সেকশান-এ এরূপ ডিলিমিটেসান-এর কথা বলা হয়েছে যাতে এটা নাকি আলট্রা ভায়ারস অফ দি কনস্টিটিউসান হয়েছে। সেকশান ১১-এ দেখেছেন কিন্তু সেকশান ১১-এ কথা হল প্রেসক্রাইবড অথরিটি-কে ক্ষমতা দেওয়া হচ্ছে যে গ্রামসভাগুলো যতগুলি ওয়ার্ড-এ বাড়াতে চান বাড়াতে পারেন। প্রেসক্রাইবড অথরিটি ডেলিগেট করে দিচ্ছেন তারা স্টেট গভর্নমেন্ট নিজে এই ডিলিমিটেশান করে দিচ্ছেন। ডিলিমিটেশান এখন বর্তমানে উনি মিউনিসিপ্যালিটি অ্যাক্ট-এর কথা বলেছেন। মিউনিসিপ্যালিটি অ্যাক্ট-এ কিরূপ আছে সেকশান ২০-তে কি আছে বলা আছে। ফার্স্ট যখন মিউনিসিপ্যালিটি হবে তখন স্টেট গভর্নমেন্ট ডিলিমিটেশান করবেন। তারপরে যখন হবে তখন সেখানে মিউনিসিপ্যাল কমিশনাররা তাদের মতামত নিয়ে ডিভিসন্যাল কমিশনার তিনি করবেন।

It is the first Corporation which is going to come into existence—

প্রথম কর্পোরেশন হতে যাচ্ছে তাকে ডিলিমিটেশান করতে হবে। এখানে আইনে আলট্রা ভায়ারস অফ দি কনস্টিটিউশান নেই, এক্সটেনশন অফ পাওয়ার নেই, এবং যদি কর্পোরেশন না করেন ঐ কর্পোরেশন-এর আইনের—ঐ নূতন বিলে নিউ সেকশান গ্রহণ করতে হচ্ছে। এখানে ডিলিমিটেশান সম্বন্ধে ব্যতিক্রম নেই। এখানে আরও বলা হয়েছে শৈলবাবু বলেছেন ২টা মিউনিসিপ্যালিটিকে এক করছেন। ২টা মিউনিসিপ্যালিটির বিধান আছে, এটা কথাবার্তা বলে করুন না কেন? এটা ২টা মিউনিসিপ্যালিটির কথা নয়, যদি ২টা মিউনিসিপ্যালিটির কথা হত তাহলে বিধানসভায় আসতে হত না। সেকশান ৬ অ্যান্ড ৮ অফ দি বেংগল মিউনিসিপ্যাল অ্যাক্ট সেখানে তাদের মতামত বিচার করুক। অধিকার বাই নোটিফিকেশান সেখানে যুক্ত হবে যেমন করা হয়েছে উত্তরপাড়া-কোতরংকে। কিন্তু যেহেতু মিউনিসিপ্যাল একত্রিকরণ নয় কর্পোরেশান হচ্ছে এবং যেহেতু একটা মিউনিসিপ্যালিটি। মিউনিসিপ্যালিটির না সে খ্যাতি কিন্তু পরিচালিত হচ্ছে অন্য আইনে, ক্যালকাটা কর্পোরেশান এই যে অথরিটি একে এক্সপেনশান দরকার হচ্ছে, এডিশান দরকার হচ্ছে। অন্য মিউনিসিপ্যালিটিতে আসতে হচ্ছে সেজন্য টু পুট অ্যান এন্ড টু অল দিজ এনামেলিজ এই কর্পোরেশান করা হচ্ছে। নামকরণ হচ্ছে, আয়তনের তুলনা নেওয়া হচ্ছে। কাজেই সেকশান ২০ অফ দি বেংগল মিউনিসিপ্যাল অ্যাক্ট প্রয়োজন নেই। সেকশান ১১ অফ ক্লজ ৩ প্রয়োজন নেই যে আইন করা হচ্ছে তা আইনসংগতভাবে করা হচ্ছে। কানাইবাবু, শৈলেনবাবু এবং গোপালবাবু বলেছেন তারা আপত্তি নিয়েছেন। তারপর আরও বলা হয়েছে যে ঐই জমি জায়গা এক্সপেনশান-এর ব্যাপারে নেবেন তাদের দশা কি হবে? যারা ডিসপ্লেস হবে তাদের কি হবে? কানাইবাবু বলেছেন আইন আমি সব পড়েছি ওর কথা বলবেন না। সেকশান ৩৩ অ্যান্ড সেকশান ৩৪ অফ দি হাওড়া ইমপ্রুভমেন্ট অ্যাক্ট যে এতে বলা হয়েছে যে ভবিষ্যতে এক্সপেনডেড হলে বহু লোক বাস্তুচ্যুত হতে পারে। তারা অন

জায়গায় যাবে, কাজেই যখন ডিসপ্লেসড তখন সেকশান ৩৩, ৪২, ৪৩, স্পেসিফিক্যালি বলে দিচ্ছে তাদের প্রোভাইড করতে হবে হাওড়া ইমপ্রুভমেন্ট অ্যাক্ট-এ বলে দিচ্ছে।

"The Board may frame schemes—in this Act called re-housing schemes—for the construction, maintenance and management of such and so many dwellings and shops and other classes of accommodation as they may consider ought to be provided for persons who are displaced by the execution of any improvement scheme sanctioned under this Act or are likely to be displaced."

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: দোজ হু আর রিসাইডিং ইন দি হাউস......?

[5-5—5-15 p.m.]

শ্রী এস, এম, ফজলুর রহমান: যে এখানে সেকশান ৩৩ স্কীম-এ বলেছে এ জেনারেল ইমপ্রুভমেন্ট স্কীম এই বস্তী ইমপ্রুভমেন্ট স্কীম-এর মধ্যে কি প্রভিসান আছে পারসন ডিসপ্লেসড হলে তাদের ঠিকমত জমি দিতে হবে। এই কথা হল এই ইমপ্রুভমেন্ট যখন করবে তখন বলা হয়েছে

The nature and condition of neighbouring are as and Howrah as a whole expanded.

নেইবারিং এরিয়া কন্ডিসান দেখা ইমপ্রুভমেন্ট হবে অর্থাৎ টালি ঘরে যে বাস করে ইমপ্রুভমেন্ট এরিয়া যদি হয় সেখানে মাল্টিস্টোরিড বিল্ডিংস করে এই দৃষ্টিভঙ্গী দিয়ে করবার কথা সেখানে নেই।

Several directions which the expansion of Howrah appears likely to be taken place

কোন কোন দিকে এক্সপেনডেড হলে তবে ইমপ্রুভমেন্ট হতে পারে। বালি থেকে এভাবে নেওয়া হয়েছে নদী পার হয়ে যেতে আমরা পারি নি।

likelihood of improvement schemes being required for other parts of Howrah.

তার মানে ভবিষ্যতের দিকে ২৪ ঘন্টা লক্ষ্য রেখে, ভবিষ্যতের ঘটনার দিকে লক্ষ্য রেখে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট নেওয়া হয়েছে। সকল ইমপ্রুভমেন্ট-এর সার হল চাই এক্সপানশান। এই এক্সপেনশান পেতে গেলে যে অনিবার্যরূপে ঐ বালি এবং কয়েকটা মৌজা এবং পূর্বে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট অ্যাক্ট-এর দ্বারা শাসিত হবার জন্য এনোমেলি দূর করবার জন্য হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্ট আনা হয়েছে। এর অন্য কোন উদ্দেশ্য নেই। এটা রুরাল এরিয়ার জন্য। আমি ধন্যবাদ জানাই যে রুরাল এরিয়ার লোক যারা নূতন অ্যাডেড হচ্ছে তাদের ভাগ্য কি হবে? টালিগঞ্জের দৃষ্টান্ত দিয়েছেন, আমি তা শুনেছি। এটাও অনুসরণ করি যে রুরাল এরিয়া যেগুলো কমপ্লিটলি একবার ডেভেলপট হয় নি, আওতায় আসছে, তাদের অনেকের দেবার সাধ্য আছে, অনেকের দেবার সাধ্য নেই। সেজন্য আমি পূর্বাহ্নে একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি যে ১ বৎসরের মধ্যে তাদের সাধারণভাবে যে এমিনিটিজ পাবে তাছাড়া অন্য দিক দিয়ে যে সব প্রোপার্টি ট্যাক্সেবল হয় সেগুলি হাফ-এর উর্দ্ধে যাবে না অনলি হাফ। বৎসরের মধ্যে এদের যেন বন্ধি হয় না। কি হতে পারে, তার একটা নূতন রাস্তা হচ্ছে, সে রাস্তায় সকলে চলবে, স্ট্রীট লাইটিং হচ্ছে, সেখানে আলো সকলে ব্যবহার করবে। সাইডওয়েতে হাইড্রান্ট হচ্ছে, জল সকলে খাবে, কনসোলেডেটেড রেন্ট সকলে যখন চিন্তা করবে তখন এসব জিনিস বাদ দিয়ে যে সম্বন্ধে আসে নি, যেহেতু স্ট্রীট লাইট এসে আমার বাড়ী আলোকিত হয়েছে, যেহেতু এ রাস্তায় হাইড্রান্ট এলে আমার বাড়ী জল হয়েছে, এ ধারণার বশবর্তী হয়ে কিছু করা যাবে না। ১০ বৎসরের মধ্যে গ্রাজুয়েল প্রোসেস-এ যখন যে সুবিধাগুলো যেমন যেভাবে ডেভেলপমেন্ট সম্প্রসারিত হবে তখন তা হবে। এজন্য ধন্যবাদ জানাচ্ছি দেয়ার ওয়াজ এ লেকনা ইন দি বিল সেজন্য পূর্বাহ্নে অ্যামেন্ডমেন্ট মুভ করছি এবং তা বিবেচিত হবে। এর উপরে আরও কয়েকটা কথা বলেছেন যে ক্ষমতা হরণের কথা যে মড়যন্ত করে ক্ষমতা হরণ হচ্ছে এটা যদি তাই হত দলবাজী হত তা হলে আগেই হত। তাহলে এখানে দলবাজী করতে এসেছি। সাধারণ লোক সেখানে পূর্ণ বয়স্কর ভিত্তিতে ভোট দেবে। সেখানে সকলেই আছেন।

কেন না সাধারণ লোক প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের বলে তারা সেখানে ভোট দিচ্ছে—যাকে তারা বিশ্বাস করে তাকেই ভোট দেবে। সেখানে আপনারা আসতে পারেন আমরাও আসতে পারি। ক্ষমতা হরণের কথা বলছেন বটে, কিন্তু এখানে ক্ষমতা হরণের প্রশ্ন আসে না। পূর্ণ বয়স্ক ভোটাধিকারের লোক সেখানে রয়েছে। একটা কথা বলেছেন হস্তক্ষেপ করার কথা। হস্তক্ষেপ করার কি কারণ আছে? আইনে কোন বিধান নেই হস্তক্ষেপ করার। কিন্তু মাননীয় সদস্যারা—নির্বাচিত প্রতিনিধিরা যদি হস্তক্ষেপ করার সুযোগ করে দেন তখন অন্য কথা। কানাইবাবু সেটা স্বীকার করেছেন—বলেছেন ১৯৫১ কবে ও'নার দল রাজত্ব করেছিলেন—সেখানে জোর করে কেড়ে নেওয়া হল কেন যে সেখানে ৭৫ পারসেন্ট ট্যাক্স আদায় হচ্ছিল না বলে—আবার বলছেন যে সেখানে ৬০।৬৩ পারসেন্ট হচ্ছে আদায়—অথচ সুপারসেসন হচ্ছে না। তাঁরা দেখাতে চাচ্ছেন যে আমাদের বেলায় না হোক অন্যের বেলায় হোক এটাই চাচ্ছেন—কিন্তু এই সুযোগটা আপনারা কেন দেবেন? বাংলা দেশের তিনটি মিউনিসিপ্যালিটি ছাড়া ২৭টি মিউনিসিপ্যালিটি আছে যেখানে ৪০, ৩০, ১৫, ১৭ পারসেন্ট ট্যাক্স আদায় হয়। এইতো অবস্থা। অতএব সেখানে প্রশাসনিক ব্যাপার কি রকম হবে আপনারা ভাবুন। তাদের যা ট্যাক্স তাও আদায় করতে পারে না। কিন্তু সেখানে রীতিমত এসট্যাবলিসমেন্ট চলছে। সব কিছু তারা চাইবেন কিন্তু পয়সার বেলায় দেবেন না যেটুকু পাবার সুযোগ সুবিধা আছে সেটাও তাঁরা করবেন না—যোগ্যতার প্রমাণ করবেন না অথচ এখানে কর্পোরেশান করে প্রশাসনিক শক্তি বৃদ্ধি করবার যে চেষ্টা হচ্ছে সেটা তাঁরা চাইবেন না। অনেকে বললেন, হ্যাঁ, মহাশয়, প্রশাসনিক শক্তি দিয়ে কি হবে—মূলে নেই টাকা—আবার বলেন টাকায় কি হবে? আমার ডিপার্টমেন্টের ব্যাপার আমি এবারে বাজেটে আসতে পারি নি—খুবই ক্রিটিসিজম হয়েছে—অযোগ্য, অকর্মণ্য ডিপার্টমেন্ট—এতো টাকা দিয়েছি কিন্তু ব্যয় করতে পারেন নি—কাজেই এ ডিপার্টমেন্ট একেবারে অযোগ্য। টাকা যত বেশী দেবো কিছুতেই হবে না যদি না আমরা হাতের পাঁচটা আঙ্গুল ফাঁক রাখি। মাননীয় চেয়ারম্যান স্যার, যদি ফাঁক থাকে তাতে তেল গলে যাবে, জল গলে যাবে—কিন্তু পাঁচ আঙ্গুল যদি জোড় থাকে—একসঙ্গে থাকে তাহলে সব অংশই পাবো। কাজেই প্রশাসনিক দুর্বলতা যদি থাকে ঐ ট্যাক্স কেন আদায় হয় নি—শম্ভুবাবু খুব দুঃখিত হয়ে এই কথা বললেন —তার মধ্যে ক্ষোভ আছে, আবেগ আছে, আন্তরিকতা আছে—বললেন—মহাশয় এখানে কর্পোরেশানের কথা বলছেন—আর এখানে মানুষ খেতে পাচ্ছে না, এমপ্লয়ীরা টাকা পাচ্ছে না চাকরকে মাইনে দিতে পাচ্ছে না—কাজেই এফিসিয়েন্ট হতে গেলে যেখানে যেমন ট্যাক্স আদায় করা দরকার আপনি করুন। তা নয়, আপনারা ট্যাক্স আদায় করবেন না—লোকের কাছে কম ট্যাক্স ধরছেন—তা না হলে ধরা পড়ে যাবেন এই সমস্ত যদি থাকে তাহলে আইনগত হস্তক্ষেপ করার অধিকার যদি দেওয়া হয়ে থাকে তাহলে প্রশাসনিক দুর্বলতার জন্যই হয়েছে। সুপারসেসন যদি হয়ে থাকে তাদের দুর্বলতার জন্যই হয়েছে। এক্জিকিউটিভ অফিসার যদি থাকে তাহলে তাদের দুর্বলতার জন্যই সেখানে থাকে। কাজেই আইনে যেটা করা হয়েছে তাতে হস্তক্ষেপ করবার ক্ষমতা অপহরণ করবার প্রশ্নই নেই—বরং শক্তি সম্প্রসারণের কথাই আছে। যদি সেখানে এই সব নানা কান্ড ঘটে তাহলে নিশ্চয় সাবধান করতে হবে—পশ্চিমবঙ্গ সরকার এমন কোন অকর্ম করে ফেলেন তাহলে কি সেন্টার হস্তক্ষেপ করবেন না—নিশ্চয়ই করবেন।

(এ ভয়েস: জিয়াগঞ্জ মিউনিসিপ্যালিটির কি হোল?)

জিয়াগঞ্জ মিউনিসিপ্যালিটির কিছু হচ্ছে না মিঃ অধিকারীর জন্যই হচ্ছে না। রবিবাবু সেকথা বলেছেন। নিখিলবাবু কয়েকটি খুব প্রয়োজনীয় কথা বলেছেন—তাদের আর্থিক সঙ্গতির কথা বলেছেন যে অর্থ কোথা থেকে পাওয়া যাবে। সেখানে প্রমোদ কর না—আইন সংশোধন করুন, মোটর যানের কর নেই, আইন সংশোধন করুন—আমি গত বছরের পূর্ব বছর থেকে এই ডিপার্টমেন্ট আমার হাতে যখন এসেছে তখন স্পষ্ট ভাষায় স্বীকার করেছিলাম যে যে পরিমাণ রেভিনিউ এই মিউনিসিপ্যালিটিগুলির সংগৃহীত হয় সেই টাকায় তাদের এসট্যাবলিসমেন্ট ছাড়া কোন ইমপ্রুভমেন্ট-এর কাজ তারা করতে পারেন না এবং সম্ভবও নয়। তার জন্য সরকারকে অগ্রণী হতে হবে। তার জন্য সরকারকে এগিয়ে আসতে হবে। সরকার সেখানে নীরব দর্শকের মত থাকতে পারে না—এই কথা আমি বলেছিলাম—এখনও সেই কথাই বলছি এবং এও

বলছি যে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর জন্য ৩২ লক্ষ টাকা যেটা অলরেডি স্যাংসান হয়ে আছে —তাদের টাকা দেওয়া হবে এবং কিছু কিছু কাজও সুরু হয়েছে আর্টিরিয়াল সিউয়েজ স্কীম ১ কোটি ৭০ লক্ষ টাকা,

Emergency Water Supply Scheme and Public Health Engineering

স্কীম হচ্ছে ১ কোটি ৭ লক্ষ টাকা—হাওড়া স্টেশন রিপ্ল্যানিং স্কীম ৬০ লক্ষ টাকা। এই স্কীম-গুলি অলরেডি স্যাংসানড হয়েছে। কিছু স্কীম-এর কাজ আরম্ভ হয়েছে। সেখানে দেখা যাচ্ছে প্রায় ৪।৫ কোটি টাকার সেখানে কাজ হচ্ছে হাওড়াতে—ইমপ্রুভমেন্ট ট্রাস্টের কাজ। এ ছাড়া চতুর্থ পরিকল্পনায় আপনারা জানেন এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী তা বলেও গেছেন যে হাওড়া এবং পার্শ্ববর্তী অঞ্চলের কথা বলে গেছেন সেখানে কোনো টাউনশিপের কথা বলেছেন সেখানে ১ কোটি ২০ লক্ষ টাকা লাগবে বস্তী ইমপ্রুভমেন্টের জন্য লাগবে ২ কোটি টাকা, হাওড়া ব্রীজে লাগবে ১৬ কোটি টাকা তাছাড়া আর যে যে স্কীমগুলি আছে...........

(এ ভয়েস : টাকাটা আসছে কোথা থেকে ?)

টাকাটা আসছে ভারত গভর্নমেন্টের কাছ থেকে—আমাদের কিছু করবার নেই। তাছাড়া আছে হাউসিং প্রোগ্রাম ইন ক্যালকাটা অ্যান্ড হাওড়া তার জন্য ধরা আছে ৩ কোটি ৮৫ লক্ষ টাকা—এর শেয়ার পাবেন, আরবান ডেভেলপমেন্ট-এর জন্য আছে ৩ কোটি টাকা, এর অংশ পাবে হাওড়া। তার সোয়ারেজ ড্রেনেজ অ্যান্ড স্যানিটেসান স্কীম-এর জন্য ৩ কোটি টাকা

[5-15—5-25 p.m.]

অন্যান্য স্কীমের জন্য ১১ কোটি ৯৯ লক্ষ টাকা—এই সবেরই অংশ পাবে হাওড়া। তারপর রোডস-এর জন্য ১৮ কোটি ৯৩ লক্ষ টাকা—এরও অংশ পাবে হাওড়া; কাজেই অভাব কোথায়? এই যে কোটি কোটি টাকা হাওড়া ইমপ্রুভমেন্টের জন্য আসছে, তাহলে কানাইবাবু কি চাচ্ছেন যে তাঁর বাড়ীর আশেপাশের অলিতে গলিতে দেই ঢেলে সেই টাকা ? হাওড়াকে বাঁচাতে গেলে —জনসাধারণকে ঘনবসতি থেকে মুক্ত করতে গেলে একটু আলোবাতাস—অন্ততঃপক্ষে সকাল বেলায় একটু সুরভির গন্ধ যাতে আসে—এইসব করতে হবে এবং এই যদি চান তাহলে নিশ্চয়ই হাওড়াকে সম্প্রসারণ করতে হবে এবং তা করবার জন্য টাকার অভাব নেই। কাজেই ইমপ্রুভ-মেন্ট ট্রাস্টকে আরও ব্যাপকভাবে কাজ করবার অধিকার দিতে হবে। এবং অনিবার্যরূপে তার সাথে এসে যাচ্ছে রুর‍্যাল এরিয়াগুলো। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। অনেকেই বলেছেন—উদ্দেশ্য ভাল নয়—প্রাইমারী এডুকেসনের কথা বলেছেন। আরব্যান ফ্রি প্রাইমারী কমপালসরি অ্যাক্ট এবং বেটারমেন্ট ফিজ, এই সব কথা বলেছেন শ্রদ্ধেয় হেমন্তবাবু। তিনি বলেছেন অবশ্য জমির দাম বেড়ে যাবে—এই মাষ্টার প্ল্যান সম্বন্ধে উনি আমার কাছে গিয়েছিলেন এবং বলেছেন যে মহাশয়, মাষ্টার প্ল্যান কোন মাষ্টার মাইন্ড প্ল্যান কিছু আছে। সেখানে কেউ জানলো না—উনিই স্বীকার করেছেন, মহাশয়, মাষ্টার প্ল্যান হোল কিনা তাই জানি না—এখন হওড়া ভাসছে—তার মধ্যে থেকে কিন্তু স্পেকুলেসন আরম্ভ হয়ে গেছে। কাজেই খুলে যদি বলি মহাশয় এই হচ্ছে তাহলে তো আর রক্ষা নাই। সেই সময়টা পেতে গেলেই আপত্তি আছে। কাজেই ফাইন্যান্সের দিক দিয়ে প্ল্যানের দিক দিয়ে এটাও যাতে তারা করতে না পারে ডাঃ ভট্টাচার্যকে এই কথা বলতে পারি যে এই আর্বান ল্যান্ড পলিসি চেঞ্জ করবার জন্য ইউটিলাইজেসান অব আর্বান ল্যান্ড এই ব্যাপারে সব সেন্ট্রাল মিনিস্টারদের মধ্যে একটা কমিটি হল। আর্বান ল্যান্ড ইউটিলাইজেসান কমিটি

Fortunately or unfortunately I happened to be the Chairman of that Committee.

রেকমেন্ড করেছেন স্পেকুলেসান বন্ধ করার জন্য। যেখানেই ইমপ্রুভমেন্ট হচ্ছে সেখানেই অমনি ফাটকাবাজরা জমিগুলি কিনে নিয়ে লক্ষ লক্ষ টাকা কামিয়ে নিচ্ছে। তা যদি হয় তাহলে ইম-প্রুভমেন্ট চলে না। সেজন্য সেটাকে কার্যকরী করবার জন্য—যেহেতু এই ল্যান্ড অ্যাকুইজিসান অ্যাক্ট সেন্ট্রাল অ্যাক্ট সেন্টারের অনুমতির প্রয়োজন হবে, সেই অনুসারে সেখানে সর্বসম্মতিক্রমে আমরা এই রেকমেন্ড করেছি। যদি তা কার্যকরী হয়ে যায় তাহলে আশা করছি সেখানে

স্পেকুলেসান বন্ধ করতে পারা যাবে। আর ফাইন্যান্স বাড়াবার জন্য যে কথা বলা হয়েছে তাতে সেখানে মোটর ভেহিকলস ট্যাক্সের কথা বলা হয়েছে, অ্যামিউজমেন্ট ট্যাক্সের কথা বলা হয়েছে, ইলেকট্রিসিটির কথা বলা হয়েছে। তাছাড়া হাওড়ার পক্ষে আর একটা কথা যেটা রেকমেন্ড করেছি সেটা অলরেডি ইন অ্যাডভান্স, কথাবর্তা চলছে, সেটা টার্মিন্যাল ট্যাক্সের কথা বলা হয়েছে এবং সংক্ষেপ যে যাত্রী যারা আসা যাওয়া করে, সে মাল আসুক বা নিজে আসুক, বাসে আসুক বা ট্রামে আসুক বা ট্রেনে আসুক, তাদের টার্মিন্যাল ট্যাক্স দিতে হবে। কাজে কাজেই ফাইন্যান্সটা অগমেন্ট করবার জন্য যা কিছু পদ্ধতি নেওয়া দরকার সেটা নেওয়া হচ্ছে। মাননীয় চেয়ারম্যান মহাশয় এই কয়েকটা কথা বলে আমি বিরোধিতা করছি এজন্য যে নতুন আইনে কিছু এসে যায় না। কলকাতা কর্পোরেশন অ্যাক্ট গ্রহণ করা হচ্ছে, মোটামুটি যে অ্যাক্ট সেদিন এই হাউসে সিলেক্ট কমিটি থেকে আলোচিত হয়ে এসেছে, পুঙ্খানুপুঙ্খরূপে ভালমন্দ বিচার হয়েছে সেটাই গ্রহণ করা হচ্ছে। সুতরাং আর নতুন করে সার্কুলেশানে দেওয়ার দরকার আছে বলে আমি মনে করিনা। কাজে কাজেই বিরোধী দলের মাননীয় সদস্য যে সার্কুলেশান মোশান এনেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং মূল মোশান আজকে বিচার করার জন্য বিবেচনা করার জন্য আপনার কাছে উপস্থাপিত করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri S. M. Fazlur Rahman that the Howrah Municipal Bill, 1964, be taken into consideration was then put and agreed to.

Clause 1

[5-25—5-35 p.m.]

Shri S. M. Fazlur Rahman: I move that in sub-clause (1) of clause 1, for the figures "1964", the figures "1965" be substituted.

The motion was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Aswini Roy: I move that after clause 2(6) the following be inserted:—

'(6a) "Population" means the population mentioned in the Census Report of 1961 or subsequent Report'.

এই ক্লজ টু-তে আমি একটি কথা বলছি সেটা হচ্ছে একটি নূতন সংজ্ঞা, ঐ সেকসান-৭-এর পরে যুক্ত করবার জন্য আমার এই এমেন্ডমেন্ট এখানে

"Population" means the population mentioned in the Census Report of 1961 or subsequent Report.

এটার কারণ হচ্ছে কি পরবর্তীকালে যেখানেতে আইন করা হচ্ছে সেখানে কতকগুলি কাউন্সিলর হবে। সেটা হবে কি ভিত্তিতে? তার কোন ভিত্তি নাই। মন্ত্রিমহাশয়ও সে সম্বন্ধে কোন কথা বলেন নাই। তাই আমি এখানে এই নূতন সংজ্ঞা পপুলেসান একথা এড করতে চাচ্ছি যে ১৯৬১ সালের সেনসাস-এ যা বলা হচ্ছে তা স্বীকার করা হোক। এটা মেনে নেওয়া উচিত হবে বলে আমি মনে করি।

The motion of Shri Aswini Roy that after clause 2(6) the following be inserted:—

'(6a) "Population" means the population mentioned in the Census Report of 1961 or subsequent Report'.,

was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Dr. Kanai Lal Bhattacharya: I move that in clause 3(2) line 6, the words "Union Board or" be omitted.

I also move that in clause 3(3), line 3, the words "Union Board or" be omitted.

Shri S. M. Fazlur Rahman:

আমরা তাই করে দিতে পারি পপুলেসান-এর ডেফিনিসান-এ কি চাচ্ছি? সেটা ফিক্সড করে দেওয়া মুসকিল, পরে বাড়তে কমতে পারে সেনসাস-এর ভিত্তিতে কর্পোরেশনের যে ইলেকসান হয়, মিউনিসিপ্যাল ইলেকসান হয়, সেই সময় ইলেকটোরাল রোল-এ যাদের নাম থাকে তাদের ধরতে হবে। এবং কাজেই ১৯৬১ সালের যে পপুলেসান আছে সেটাই ধরে নিতে হবে। কাজেই আমি অপোজ করছি।

মিঃ চেয়ারম্যান স্যার, আমার এমেন্ডমেন্ট খুব সহজ এবং সাধারণ। এটা হচ্ছে ঐ যে ৩নং ক্লজে কর্পোরেশনের মধ্যে কোন কোন এরিয়া নেওয়া হবে, তার যে কনস্টিটিউসান দেওয়া আছে, তার মধ্যে বলা হয়েছে ইউনিয়ন বোর্ড বা পঞ্চায়েত। আমি বলছি ইউনিয়ন বোর্ড এই কথা দুটো বাদ দিয়ে দেওয়া হোক। আজকে যে এলাকাগুলি নিয়ে এই কর্পোরেশন গঠন করা হচ্ছে, তার মধ্যে কোন ইউনিয়ন বোর্ড নাই, পঞ্চায়েৎ আছে, জগাছা থানার যে এলাকা নেওয়া হয়েছে তার মধ্যে ইউনিয়ন বোর্ড নাই। সাঁকরাইল থানার যেটা নেওয়া হয়েছে তার মধ্যেও কোন ইউনিয়ন বোর্ড নাই। কাজেই আইনের মধ্য থেকে এই ইউনিয়ন বোর্ড কথা দুটো বাদ দিয়ে দেওয়া হোক। কারণ এটা আননেসেসারী, ইট ইজ রিডানডেন্ট।

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 3(2), in line 6, after the word "Panchayat" the words "as defined in the West Bengal Panchayat Act, 1957" be inserted.

স্যার, আমার এ্যামেন্ডমেন্ট খুব মারাত্মক নয়। এখানে আছে ইউনিয়ন বোর্ড অর পঞ্চায়েত, আমি সেই পঞ্চায়েত কথাটা আরও বেশী ডিফাইন করবার জন্য বলেছি এ্যাস্ ডিফাইন্ড ইন দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত এ্যাক্ট, ১৯৫৭ এটা এ্যাড করা হোক।

শ্রী এস এম ফজলুর রহমান: স্যার, আমি কানাইবাবুর এ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না কারণ পঞ্চায়েত এ্যাক্ট পাশ হবার পরও এমন কতগুলি এলাকা আছে যেখানে ইউনিয়ন বোর্ড আছে ইন পার্ট। আবার এমন এলাকা আছে যেখানে ইউনিয়ন বোর্ডের ইলেকসন হয়নি। যদি না থাকে তাহলে না থাকবে, এবং সেই জন্যই ইউনিয়ন বোর্ড অর পঞ্চায়েত কথাটা আছে। এটা থাকতে পারে, এর পসিবিলিটি আছে এবং সেই কারণে টু পুট এ্যান এন্ড টু অল দিজ ট্রাবলস্ এইভাবে করা হয়েছে। আমি ও'র এ্যামেন্ডমেন্ট-এর বিরোধিতা করছি।

The Motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 3(2), line 6, the words "Union Board or" be omitted was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 3(3), line 3, the words "Union Board or" be omitted was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 3(2), in line 6, after the word "Panchayat" the words "as defined in the West Bengal Panchayat Act, 1957" be inserted was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 4(1)(a), line 1, for the words "fifty-six" the words "requisite number of" be substituted.

I also move that for clause 4(1)(a)(i), the following be substituted:—

"(i) councilors elected from the wards comprising ten thousand population on the basis of 1961 Census Report, and".

স্যার, ক্লজ ফোর (ওয়ান-এ)-তে বলা হচ্ছে ফিফ্‌টিসিক্স কাউন্সিলার-এর মধ্যে ফিফ্‌টিফাইভ কাউন্সিলার্স স্যাল বি ইলেকটেড। আমি আমার এ্যামেণ্ডমেণ্ট-এর মাধ্যমে বলতে চাই এই যে ওয়ার্ডগুলো হবে এগুলি কিসের ভিত্তিতে হবে? আমাদের ন্যূনতম যে নির্বাচন সেটা হচ্ছে গ্রাম পঞ্চায়েত নির্বাচন এবং সেই নির্বাচন করতে গেলে একটা এলাকায় ১০০০ পপুলেসন থাকবে এই ভিত্তিতে হওয়া উচিত। লোকসভায় এবং বিধানসভায় যথাক্রমে ৭ লক্ষ এবং ১ লক্ষ পপুলেসন ধরা হয়। আমার মনে হয় এতদিন পর যখন আইন করা হচ্ছে তখন এর মধ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী থাকা উচিত বা বৈজ্ঞানিক ভিত্তিতে এটা হওয়া উচিত। এই কারণে আমি এ্যামেণ্ডমেণ্ট দিয়ে বলেছি যে, কাউন্সিলার্স ইলেকটেড ফ্রম দি ওয়ার্ডস কমপ্রাইজিং টেন থাউজেণ্ড পপুলেসন অন দি বেসিস অব নাইনটিন সিক্সটি ওয়ান সেন্সাস রিপোর্ট। এখানে প্রশ্ন উঠতে পারে বেসিসটা কি হবে? উনি যদি বলেন ১০ হাজার নয়, ১৫ হাজার করব— সেটা তিনি করুন। আমার বক্তব্য হচ্ছে পপুলেসন বেসিস-এ যেন ওয়ার্ড হয় এবং সেই জন্যই বলেছি কাউন্সিলার্স ইলেকটেড ফ্রম দি ওয়ার্ডস কম্প্রাইজিং টেন থাউজেণ্ড পপুলেসন অন দি বেসিস অব নাইনটিন সিক্সটিওয়ান সেন্সাস রিপোর্ট। তাহলে ওয়ার্ড কি নিয়ে হচ্ছে, না ১০ হাজার পপুলেসন নিয়ে একটা ওয়ার্ড হবে। আর এখানে কত পপুলেসন, না উনি বলছেন রুরাল এরিয়া যেটা ইনক্লুড করছে সেটা নিয়ে বোধহয় ৬/সাড়ে ছয় লক্ষ হবে। এখানে ৫৫-এর জায়গায় হয়ত ৬৫ হতে পারে, কিন্তু একটা ভিত্তি থাকা উচিত। অর্থাৎ ওয়ার্ড হিসেবে যেটাকে ডিটারমিন করব সেটা হবে অন দি বেসিস অব পপুলেসন এবং সেই জন্যই আমি ১০ হাজার রেখেছি এবং বলেছি এই নিয়ে একটা ওয়ার্ড হোক।

শ্রী এস এম ফজলুর রহমান: স্যার, এটা ইমপ্রাক্‌টিক্যাল কারণ যে এলাকায় নির্বাচন হবে সেখানে লোকসংখ্যা কমতে পারে আবার বাড়তেও পারে। আমি যদি ফিক্সড কোটা করে দেই যে ১০ হাজার হবে, তাহলে ১০ হাজারের উপর যখন হবে তখন কি হবে? যে কয়টা সিট আমরা ফিক্স করেছি তাতে রেসিও অনুসারে যেভাবে ওয়ার্ড ডিভিসন হয় ডিস্ট্রিবিউসন অব ভোটার্স-ও সেইভাবে হবে। কাজেই এটা ইমপ্রাক্‌টিক্যাল এবং সেই কারণে আমি এর বিরোধিতা করছি।

The motion of Shri Aswini Roy that in clause 4(1)(a), line 1, for the words "fifty-six" the words "requisite number of" be substituted was then put and lost.

The motion of Shri Aswini Roy that for clause 4(1)(a)(i), the following be substituted:—

"(i) councillors elected from the wards comprising ten thousand population on the basis of 1961 Census Report, and"

was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

[5-35—5-45 p.m.]

Clause 5

Dr. Kanai Lal Bhattacharya: I move that the following provisos be added to clause 5(1):—

"Provided that the State Government shall take into consideration the contiguity and population of the area:

Provided further that the State Government shall invite objection and suggestions, if any, from the public and consider the same before the delimitation of the area of Howrah is made final.".

স্যার, ক্লজ ৫-এ আমার ২টো এমেণ্ডমেণ্ট আছে, তার মধ্যে প্রথমটি মুভ করছি না। তার মানে এমেণ্ডমেণ্ট নাম্বার ইলেভেন মুভ করছি না। তার পরের এমেণ্ডমেণ্ট মুভ করছি। সেটা হচ্ছে ৩১, এই ধারাটা খুব ইম্পরটেণ্ট। আমার মনে হয় এই বিলের মধ্যে সবচেয়ে ইম্পরটেণ্ট ধারা এবং এটারই আমি তীব্র বিরোধিতা করছি। কারণ এই ধারাটার ভেতর দিয়ে সরকারের একটা মনোভাবের পরিচয় পাওয়া যাচ্ছে এবং সেটা হচ্ছে ফেসিস্ট মনোভাব। তারা ক্যালকাটা করপোরেসান-এর যে আইন আছে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট ১৯৬১ সেটা এমেণ্ড করেছেন কিছুদিন আগে, সেই আইন অনুযায়ী আছে ডিলিমিটেসান, একটা আইনের সিডিউল-এর মধ্যে করে দিয়ে সেটা আমাদের লেজিসলেচার-এ এঁরা পাস করিয়ে নিয়ে গেলেন। কলকাতার বেলায় এবং কিছুক্ষণ আগে বক্তৃতা দেবার সময় হাওড়াকে বললেন যে মফঃস্বল মিউনিসিপ্যালিটির মত নয়, এটা কলকাতার মত। সেই জন্য ক্যালকাটা করপোরেশান-এর মত সেই আইন তৈরী করছেন। সব কলকাতার মত হবে, কিন্তু এই ডিলিমিটেসানটা আমরা নিজেরা করবো। কাউকে কিছু বলতে দেবো না, সরকার পক্ষ থেকে ডিলিমিটেসান করে দেওয়া হবে, শুধু বলছে কি যে

The State Government shall by notification in the Official Gazette divide the area of Howrah into 55 wards.

ও'রা হাওড়ায় যে এটা করলেন ষ্টেট-গভর্নমেণ্ট নিজে অর্থাৎ ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা সাব-ডিভিসনাল অফিসার তাদের যে রকম সুযোগ-সুবিধা হবে, পার্টি ইন পাওয়ার তাদের সুযোগ-সুবিধা অনুযায়ী তাঁরা সেই ডিভিসান করে নেবেন এবং সে সম্পর্কে আর কারও কোনও আপত্তি থাকবে না। প্রথমে আমি এমেণ্ডমেণ্ট দিয়েছিলাম যে অফিসিয়েল গেজেট-এ পাবলিশ না করে এটা বাই লেজিসলেসানে করা হোক। যেটা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট ১৯৫১, যে মিউনিসিপ্যাল অ্যাক্ট-এ সম্পূর্ণরূপে ফলো করা হয়েছে। এবং যে মিউনিসিপ্যাল অ্যাক্ট—এই কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্ট এবং হাওড়া মিউনিসিপ্যাল অ্যাক্ট একই লাইন-এ হচ্ছে। সেই আইনকে যদি ফলো করতে হয় তাহলে আজকে লেজিসলেচার পাস করুক যে কিভাবে ডেলিমিটে-সান হবে। কিন্তু যেহেতু আমি দেখছি যে হাওড়ার মিউনিসিপ্যাল ইলেকসান ১ বছর পেছিয়ে দিতে হচ্ছে, এই হাওড়া করপোরেশান বিল-এর জন্য, কাজেই আবার যদি আমরা এখানে দাবি করি যে এটা বাই লেজিসলেসান করা হোক তাহলে ইলেকসানটা আরও পেছিয়ে যায়, ওরা একটা বলবার সুযোগ পায়, আরও পেছিয়ে দিচ্ছি, সেই জন্য আমি ঐ এমেণ্ডমেণ্টটাকে না মুভ করে আর একটা এমেণ্ডমেণ্ট দিয়েছি। কাজেই সরকার পক্ষ থেকে এটাকে মেনে নেওয়া হোক। তার দুটো কারণ আছে এক হচ্ছে এটা খানিকটা গণতান্ত্রিক মনোভাবের পরিচয় দেয়া হবে যে দুটো প্রোভাইসো যোগ দিয়ে দেওয়া হোক,

Provided that the State Government shall take into consideration the contiguity and population of the area.

যে এরিয়াটা তারা ভাগ করবেন, তাঁরা যদি মনে করেন ৭ লক্ষ লোক থাকে, ৭ লক্ষ লোক নিয়ে

যদি পপুলেসান হয়, ৫৫টা ওয়ার্ড যদি করতে হয় তাহলে অন্ততঃ ১১ হাজার ১২ হাজারের মত হয়. প্রত্যেক ওয়ার্ড-এ ১১ হাজার ১২ হাজার-এর বেশী লোক থাকবে না। গত মিউনিসিপ্যাল ইলেকসান-এ যে ডিলিমিটেসান হয়েছে সেই ডিলিমিটেসান-এ আমি দেখিয়ে দিতে পারি যে কোন জায়গায় পপুলেশান আছে ১১ হাজার, কোন জায়গায় পপুলেশান আছে ২৫ হাজার। এইভাবে যেখানে সুবিধা হচ্ছে সেইভাবে ডিলিমিটেসান করে দেওয়া হয়েছে, এবং সেখানকার পাব্লিক-এর তরফ থেকে কোনও অবজেকসান এ'রা শোনেন নি। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে যে পপুলেসানটা ষ্টেট গভর্নমেণ্ট-এর কনসিডার করতে হবে এবং সংগে সংগে কনটিগুইটির যে সুবিধা হলো একটা লম্বা এরিয়া করে দিলেন, তাদের অসুবিধা হল কিম্বা একটা ঘোড়ার খুরের মত এলাকা করে দিলেন, অনেক জায়গায় এই রকমভাবে করা হয়েছে—সেইভাবে না করে কণ্টিগুয়াস এরিয়া যাতে হয় সেটার দিকে ষ্টেট গভর্নমেণ্ট-এর নজর দিতে হবে। সংগে সংগে আমার এমেণ্ডমেণ্ট-এর মধ্যে আর একটা জিনিষ আছে, এই যে ডিলিমিটেসান এই ডিলিমিটেসান সম্বন্ধে পাব্লিক কি বলতে চায় তার ওপিনিয়ন দেবার জন্য তাদের সময় দিতে হবে। তার জন্য খুব বেশী সময় যাবে না, যেমন আজকে যে ডিলিমিটেসান আমাদের এসেমব্লী কনসটিটুয়েন্সীতে হচ্ছে। ডিলিমিটেসান কমিটি, তারা ডিলিমিটেসান করে আজকে গেজেট-এ ছাপিয়েছে এবং অবজেকসান এণ্ড সাজেসানস, ইফ এনি, ইনভাইট করেছে এবং তার জন্য ডেট দিয়েছে ১০ই মে এবং তাদের অবজেকসানস এণ্ড সাজেসানস দিতে হবে। আমারও মত হচ্ছে তাই। আপনাকে যে সেকেণ্ড প্রোভাইসো দিয়েছি,

Provided further that the State Government shall invite objections and suggestions, if any, from the public and consider the same before the delimitation of the area of Howrah is made final.

এটাকে ফাইনেলাইজ করার আগে পাব্লিক তাদের তরফ থেকে কি সাজেসান এবং অবজেকসান আছে, সেগুলো ইনভাইট করতে হবে এবং সেগুলো কনসিডার করতে হবে। এটা খুব বড় ব্যাপার নয়। এটা করার আর একটা উদ্দেশ্য আছে, আইনগত উদ্দেশ্য যেটা মন্ত্রিমহাশয় বললেন, অতি সহজে তিনি বলে দিলেন, বলে দিয়ে আমাদের কাছে দেখালেন যে আইনগত ব্যাপার দেখেছি, সেটার সারবত্তাই নেই, বুঝিয়ে দিলেন, ব্যাপারটা এত সহজ নয়। মন্ত্রিমহাশয় ভুলে যাচ্ছেন যে হাওড়া মিউনিসিপ্যালিটিকে আজকে করপোরেশান করছেন বটে সেটা নতুন হচ্ছে না, এটা ১০০ বছর আগে ছিল। করপোরেশান নামে মিউনিসিপ্যালিটি, হাওড়া মিউনিসিপ্যালিটি ১০০ বছর আগে ছিল, বালি মিউনিসিপ্যালিটি ছিল, সেদুটো যোগ করে আর কিছুটা এরিয়া আজকে এড করা হচ্ছে। তার মানে এনটায়ারলি একটা নতুন মিউনিসিপ্যালিটি হচ্ছে না। এবং তার জন্য বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাকট-এর উনি যে নজীর তুলেছেন, সেই নজীর এখানে খাটে না। হাওড়া মিউনিসিপ্যালিটি অনেকদিন থেকে আছে, তার নামটা পরিবর্তন করা হচ্ছে, হাওড়া মিউনিসিপ্যাল করপোরেশান তার সংগে এলাকা কিছুটা জুড়ে দেওয়া হচ্ছে। তার মানে এটা নয় যে একটা নতুন করপোরেশান সৃষ্টি করা হচ্ছে। তাতে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুযায়ী উনি ক্ষমতা পেয়ে গেলেন, আমরাই ডিলিমিটেসান করে নেবো এবং এই আইন যখন এতদিন হাই কোর্ট-এ চেলেঞ্জড হয়নি, তবে এখন কেন এটা চেলেঞ্জড হবে, এই কথা বললেন, এর পেছনে কোনও যুক্তি নেই। হাওড়া মিউনিসিপ্যালিটি অনেকদিন থেকে আছে এবং শুধু হাওড়া মিউনিসিপ্যালিটির এরিয়াটাকে বাড়ানো হচ্ছে। এবং কিছুটা ক্ষমতার অদল-বদল করা হচ্ছে। তার মানে এই নয় যে হাওড়া মিউনিসিপ্যালিটি নেই, সেটাকে উড়িয়ে দেওয়া হচ্ছে, হাওড়া মিউনিসিপ্যালিটি নতুন করে সৃষ্টি করা হচ্ছে। একথাটা নয়, কাজেই এখানে বেঙ্গল এমেণ্ডমেণ্ড অ্যাক্ট-এ উনি যে যুক্তি দেখিয়েছেন যে ষ্টেট গভর্নমেণ্ট নতুন করে ব্যবস্থা করতে পারে, তারা ডিলিমিটেসান করতে পারে, সেই আইনের যে ক্ষমতা, সেই ক্ষমতা এখানে প্রযোজ্য হবে না। সেই জন্য আমি বলছি যে ষ্টেট গভর্নমেণ্ট এই যে পাওয়ারটা নিচ্ছেন, ডিলিমিটেসান-এর যে পাওয়ার বেঙ্গল মিউনিসিপাল অ্যাক্ট-এ আছে, যে যে মিউনিসিপ্যালিটি চলছে, সেই মিউনিসিপ্যালিটির মধ্যে ডিলিমিটেসান করতে গেলে কমিশনারকে ডিভিশনাল কমিসনারকে মিউনিসিপ্যালিটির কমিশনারদের অপিনিয়ন নিতে হবে, পাবলিক-এর ওপিনিয়ন নিতে হবে। এখানেও ঠিক তাই, আজকে যেভাবে এই আইনের দ্বারা আমরা ক্ষমতা সরকারের হাতে দিয়ে

দিচ্ছি, তার মানে আমরা যেভাবে ক্ষমতাটাকে ডেলিগেট করছি দ্যাট ইজ কনট্রেরি টু আর্টিকল ১৪ আমাদের সংবিধানের ১৪ ধারার প্রতিকূল এটা। এটা ইট ইজ এ ভাওলেসান অফ আর্টিকল ১৪। আমরা যে পাওয়ার ডেলিগেট করছি একসেসিভ ডেলিগেসান অফ লেজিস্লেটিভ পাওয়ার। আমরা লেজিসলেসান অত্যধিক ওদের পাওয়ার ডেলিগেট করছি। অর্থাৎ ওরা আমাদের কাছ থেকে ডেলিগেড করে নিয়ে নিচ্ছেন। এই বেইজই হাই কোর্ট-এ গিয়ে এটা আলটা ভায়ার্স হতে পারে, সেই ভয় বা সম্ভাবনা আছে। আমরা চাই যে আইনটা ভালভাবে, সুষ্ঠুভাবে প্রয়োগ হোক, তাড়াতাড়ি হাওড়া মিউনিসিপ্যালিটি-এর নির্বাচন হক এবং যদিও ক্ষমতা ও'রা কেড়ে নিচ্ছেন তাহলেও এই একটা এক্সপেরিমেণ্ট আমরা করতে চাই। আমি বিরোধী পক্ষের তরফ থেকে এটুকু বলতে পারি, তার জন্য আমি চাই না যে এমন একটা ডিফেকটিভ লেজিস্লেসান এখানে হক, যার জন্য যে কোনও লোক রামা, শ্যামা, যদু, দোজ হু আর ইনটারেসটেড তারা হাই কোর্ট-এ গিয়ে আইনটাকে আবার একটা ইনজাংসান-এর মধ্যে ফেলে দিয়ে নির্বাচনটাকে পিছিয়ে দিক—এটা আমি চাই না। সেই জন্য মন্ত্রিমহাশয়কে আমি বলছি একটু ভালভাবে বিচার বিবেচনা করুন এবং নিজেদের হাতে এতখানি ক্ষমতা নেবেন না। তার দুটো কারণ—একটা হচ্ছে গণতন্ত্রের দিক দিয়ে, আর একটা হচ্ছে আইনের দিক দিয়ে, এ করলে অত্যন্ত অন্যায় করা হবে। এই কথা বলে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, আমার এই এমেণ্ডমেণ্ট গ্রহণ করার জন্য।

[5-45—5-58 p.m.]

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 5(1), lines 2-3, for the words "fifty-five wards" words "wards on the basis of ten thousand population" be substituted.

Sir, I beg to move that the following proviso be added to clause 5(1):—

"Provided that an appeal for modification of the area of a ward or any objection to the division of the area of a ward should reach the appropriate authority within sixty days from the date of publication in the Official Gazette and the decision of the State Government on being heard shall be final."

কানাই ভট্টাচার্য যেভাবে এমেণ্ডমেণ্ট দিয়েছেন এখানে আরও স্পেসিফিক্যালি বলেছেন যে এই যে ডিলিমিটেসান করলেন কিন্তু ডিলিমিটেসান-এর পরে সাধারণ মানুষের যদি কোন আপত্তি থাকে যেমন অন্যান্য আইনে পঞ্চায়েত অ্যাক্টএও আছে যে একটা ডিলিমিটেসান করলে তার আপত্তি জানাবার জন্য হয়ত ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার আছেন। আমাদের এসেমব্লী কনসটিটুয়েন্সী পার্লিয়ামেন্টারী কনস্টিটুয়েন্সীর ক্ষেত্রেও তার এপিল-এর প্রভিসান আছে বা অবজেকসান দেবার প্রভিসান আছে। এজন্য এখানে আর একটা সেকসান-এ ঐ প্রোভাইসো এড করার জন্য আমি এমেন্ডমেন্ট দিয়েছি, নং হল ৮ সেখানে বলেছি যদি কোন আপত্তি "appeal for modification of the area of a ward or any objection to the division of the area of a ward should reach the appropriate authority within 60 days from the date of publication in the Official Gazette".
এখন এই যে পাবলিকেসান ইন দি অফিসিয়েল গেজেট এটার সম্বন্ধে অনেক অসুবিধা আছে কারণ অনেকে জানতে পারেন না, কিন্তু তাহলেও যারা জানেন তারা অন্তত একটা সুযোগ পান যে গভর্নমেণ্ট কি করলো না করলো তার সম্বন্ধে আপত্তি জানাবার প্রভিসান-এর মধ্যে রাখা হয়নি সেজন্য এটা দিয়েছি ভাষাটা অন্যভাবে করতে পারেন, এটা রাখা মনে হয় একটা গণতান্ত্রিক অধিকার। এটা বিবেচনা করছেন কিনা জানিনা তবে এটা থাকা উচিত বলে মনে করি।

Shri S. M. Fazlur Rahman:

স্যার, ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয়ের যে এমেণ্ডমেণ্ট এটার প্রথম পার্ট-এ প্রোভাইসো প্রথমে Provided the State Government shall take into consideration the contiguity and population of the area
এই ডিলিমিটেসান করতে গিয়ে, কনটিগুইটিকে বাদ দিয়ে, পপুলেসানকে কনসিডার না করে

কি করে ডিলিমিটেসান হবে? এটা তো ইণ্টারেস্ট ইন দি ডিলিমিটেসান। এটা কখনই হতে পারে না মাইনাস কনটিগ্যুইটি, মাইনাস পপুলেসান—লোক সংখ্যা ধরলাম কনটিগ্যুইটি ধরলাম না, একটার মধ্যে ফাঁক রেখে দিয়ে তারপর লাফিয়ে গিয়ে আর একটা করলাম। এভাবে হয় না। কোন পঞ্চায়তে এতও হয় না, মিউনিসিপ্যালিটির বা করপোরেশান-এ হয় না, এভাবে হতে পারে না, কাজে কাজেই ধরে নিতে হয় যে যখন ডিলিমিটেসান করা হচ্ছে, তখন কনটিগ্যুইটিটা কনসিডার করা দরকার অ্যাজ কনডিসান প্রিসিডেন্ট করি দোজ আর থিংস টু বি কনসিডারড ফার্স্ট, কাজে কাজেই প্রথম দিকে যা বলা হয়েছে ওটা রিডানডেন্ট।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য:

এমনও তো হয় ১০ হাজার নিয়ে হল একটা, ২৪ হাজার নিয়ে হল একটা। পপুলেসানটাকে কনসিডার করা মানে যাকে যতদূর সম্ভব, ১০ থেকে ১২ হাজার বা ১০ থেকে ১৪ হাজার যে লিমিটটার কথা বলছি।

শ্রী এস, এম, ফজলুর রহমান: সে লিমিট

At the time of actual delimination facts and figures

এর উপর নির্ভর করবে একটা ছোট এরিয়া হতে পারে, লোক সেখানে বেশী হতে পারে—অল্প জায়গা হতে পারে, আবার জায়গা বেশী লোক কমও হতে পারে, কাজে কাজেই যখন ডিলিমিটেসান হয় তখন কনটিগ্যুইটি, পপুলেসান এবং

as far as possible equitable distribution of population on the basis of the number of wards.

কাজেই ওটা যা বলছেন ওটা মানুষের মনের ধারণা, এটা হল রিডানডেন্ট, দ্বিতীয়তঃ আমি এর বিরোধিতা করছি এজন্য যে ক্যালকাটা করপোরেশান-এর ব্যাপারে বলা হচ্ছে যে তার নির্দেশ বা নীতি মেনে নিয়ে করা হচ্ছে আর এটার বেলায় করা হচ্ছে না কেন, এটা হল ক্যালকাটা করপোরেশান যখন ফার্স্ট এসেছে হোয়েন ইট কেম ইন্টু বিয়িং সেখানে এরকম প্রভিসান-এর কথা বিশ্বাস করি না। কোন মিউনিসিপ্যালিটি বা করপোরেশান যখন প্রথম আসে—বলা হয়েছে সব ঠিক আছে কেবল কাগজে কলমে নাম পরিবর্তন করা হয়েছে। কিন্তু প্রকৃত প্রস্তাব কি? প্রকৃত প্রস্তাবে আইনসঙ্গতভাবে যখন করপোরেশান কনস্টিটিউটেড হচ্ছে, যখন তার ওয়ার্ড ডিভিসান প্রশ্ন উঠছে, কাজেই তখন ফার্স্ট টাইম-এ রিস্ক নিতেই হবে। মিউনিসিপ্যাল-এর ব্যাপার সেকসান ২০ ক্লিয়ারলি বলা আছে, সুতরাং মিউনিসিপ্যালিটির বেলায় স্টেট গভর্নমেণ্ট-এ বলা হচ্ছে,

The State Government may, in the case of new municipality of its own motion.

আমি বলছি নিউ মিউনিসিপ্যালিটি নিউ করপোরেশান-এর বেলায় সেম জিনিষ।

one is municipality absolutely governed by Bengal Municipal Act,

এটা এনোমেলি কাজেই নূতন আইন, নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে করপোরেশান করতে গেলে এ ক্ষমতা রাখতে হবে। আমি এর জন্য বিরোধিতা করছি আর ওখানে যা বলা হল এপিলেট প'ওয়ার তাহলে নেভার এনডিং প্রোসেস, কোনকালে ডিলিমিটেসান কারো মনঃপুত হবে এটা আমার মনে হয় না। কাজেই প্রথম ডিলিমিটেসান করার পর যেহেতু আমার মনঃপুত নয় তাই এ্যাপিল করি।

তাহলে এটা চলবে না। সেজন্য যদি প্রথম ডিলিমিটেসানের পর ভবিষ্যতে যদি কোন অসুবিধা হয় কাজেই সেখানে করপোরেশান-এ বিশেষ সিলেকসান আছে অর্থাৎ কমিশনার বা কাউনসিলার বা নিজেদের মধ্যে ঠিক করে নেবেন যে এটা কতদূর যুক্তিসঙ্গত বা যুক্তিসঙ্গত নয়, এখন যখন রদবদলের সম্ভাবনা বা প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। কিন্তু ফার্স্ট যেখানে করপোরেশান কনসটিটিউটেড হবে এবং এমন ধরনের করপোরেশান যেটা খানিকটা মিউনিসিপ্যালিটি, খানিকটা করপোরেশান-এর এবং পঞ্চায়েতের অধীনে, আবার এই তিনটি মিলিয়ে নূতন যে হচ্ছে এখানে সব পুট ইন্টু কমপ্লিসান অফ অল এনোমেলিজ সেজন্য আমি এর বিরোধিতা করছি।

The motion of Shri Aswini Roy that in clause 5(1), lines 2-3, for the words "fifty-five wards", the words "wards on the basis of ten thousand population" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 5(1):—

"Provided that an appeal for modification of the area of a ward or any objection to the division of the area of a ward should reach the appropriate authority within sixty days from the date of publication in the Official Gazette and the decision of the State Government on being heard shall be final.".

was then put and a division taken with the following result:—

NOES—71.

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, Shri Syamadas
Bose, Dr. Maitreyee
Chakravarti, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadahyay, Dr. Susil Ranjan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Das Adhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Sushil Kumar
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Mallick, Shri Ramendra Kishore
Mitra, Dr. Gopikaranjan

Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Ziaul Haque, Shri Md.

AYES—19.

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Robindra Nath
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath

The Ayes being 19 and the Noes 71, the motion was lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the following be added to clause 5(1):—

"Provided that the State Government shall take into consideration the contiguity and population of the area:

Provided further that the State Government shall invite objection and suggestions, if any, from the public and consider the same before the delimitation of the area of Howrah is made final.",

was then put and a division taken with the following result:—

NOES—71.

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, Shri Syamadas
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadahyay, Dr. Susil Ranjan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Das Adhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Sushil Kumar
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Mallick, Shri Ramendra Kishore
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Sishuram

Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Ziaul Haque, Shri Md.

AYES—19.

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Rabindra Nath
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra

The Ayes being 19 and the Noes 71, the motion was lost.

The question that clause 5 do stand part of the Bill was then put ar agreed to.

Adjournment

The House was then Adjourned at 5.58 p.m., till 1 p.m. on Thursda the 22nd April, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 22nd April, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 11 Ministers, 4 Ministers of State and 168 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Private practice by the medical officers posted in teaching institutions

***426.** (Admitted question No. *2452.)

Sm. Santi Das: Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the officers of the Institute of Post Graduate Medical Education and Research and the attached S.S.K.M. Hospital have been declared to be non-practising; and

(b) whether private practice have been allowed in other teaching institutions?

Shrimati Purabi Mukhopadhyay: (a) Under the proposed scheme for re-organisation of the Cadre of Health Services the medical officers of the West Bengal Health Service posted in the Institute of Post-Graduate Medical Education and Research, Calcutta (including its attached hospital, viz. Seth Sukhlal Karnani Memorial Hospital), which is a teaching and research institution for post-graduate medical students, will not be allowed private practice of any kind.

The provisions of the new scheme, however, will not be made applicable to the medical officers who had opted for the old terms and conditions of service as were in force prior to the promulgation of the West Bengal Health Service (Cadre, Pay and Allowance) Rules, 1958, as well as the Honorary Medical Officers who will continue to enjoy the privilege of private practice even when employed in the above institution.

(b) Private practice will be allowed to the medical officers of the West Bengal Health Service posted in the under-graduate Medical Colleges and their attached hospitals except when they are employed in any of the following posts:—

(i) Principals and Superintendants;

(ii) Vice-Principals and Deputy Superintendents;

(iii) Director-Professors;

(iv) All teaching posts in the non-clinical and para-clinical departments of Anatomy, Physiology, Pharmacology, Pathology and Bacteriology, Forensic and State Medicine and Preventive and Social Medicine excepting Demonstrators and Curators attached to these departments; and

(v) Resident Surgeons, Resident Physicians and Resident Medical Officers.

Dr. Narayan Chandra Roy:
আপনার জবাবের মধ্যে দুটো ভাগ ছিল ফার্স্ট হাফে পোস্ট গ্র্যাজুয়েট কি ইউনিভার্সিটি পোস্ট গ্র্যাজুয়েট মিন করছেন?

Shrimati Purabi Mukhopadhyay: Institute of Post Graduate Medical Education.

Dr. Narayan Chandra Roy:
তাঁদের প্রাইভেট প্র্যাকটিস অ্যালাও করলেন, না করলেন না?

Shrimati Purabi Mukhopadhyay:
শুধু ওল্ড বি এম এস অনারারী সার্ভিসে যাঁরা রয়েছেন তাঁদের বাদ দিয়ে একদম করলাম না।

Dr. Narayan Chandra Roy:
ইহা কি সত্য যে, যাঁরা ওল্ড কেডারে রয়েছেন তারা প্র্যাকটিস করবেন এবং ওল্ড কেডার অনুসারে মাইনে পাবেন এবং যাঁরা অপ্ট করেছিলেন নতুন স্কেলে তাঁরা নতুন স্কেল পাবেন, কিন্তু এই এই ক্যাটিগরি যেমন ফার্মাকোলজি, প্যাথোলজি, এ্যানাটমি, এ'রা প্র্যাকটিস করতে পারবেন না?

Shrimati Purabi Mukhopadhyay:
কোন ডিপার্টমেন্ট ধরে কোন স্পেশাল কিছু করা হয় নি। ইনস্টিটিউট অফ পোস্ট গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন এটাকে একেবারে পুরো নন-প্র্যাকটিসিং ইনস্টিটিউট ডিক্লেয়ার করা হয়েছে। যেহেতু ঐ ওল্ড বি এম এস যাঁরা তাঁদের কোন রকম সার্ভিস কন্ডিসানে হাত দিতে পারি না, কারণ, তাঁরা স্পেসিফিক্যালি কতকগুলি প্রভিশান নিয়ে সার্ভিসে জয়েন করেছিলেন. সেজন্য ওল্ড বি এম এস লোকেরা অনারারী অ্যাপয়েন্টমেন্ট যাঁদের তাঁরা যে-কোন ডিপার্টমেন্টের হোন না কেন প্র্যাকটিস করবার সুযোগ পাবেন। তাঁরা যে পে স্কেল পাবেন সেটা ওয়েস্ট বেংগল হেলথ সার্ভিস কেডার-এর পে স্কেলের চেয়ে অনেক কম।

Dr. Narayan Chandra Roy:
যাঁরা ওল্ড পে স্কেল-এ ছিলেন, নূতন অর্ডারে নিউ অর্ডার-এ ওপট্ করেছিলেন, তাঁরা যাতে পরে আবার ওল্ড অর্ডারে যেতে পারেন তার কোন প্রসিডিওর আছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:
না। যাঁরা ওল্ড কেডার-এ ছিলেন, আমরা একবার তাদের অপসান চেয়েছিলাম, যখন ১৯৫৮-এর পয়লা জানুয়ারী থেকে নূতন স্কেল বা নিউ কেডার হয়, সেই সময় চেয়েছিলাম, তখন মাত্র দু-জন ওল্ড বি এম এস—তাঁরা অপট করবার জন্য মত দিয়েছিলেন এবং অপট করেছিলেন, কিন্তু যে কোন কারণে হোক তখন তাঁদের ওয়েস্টবেঙ্গল হেলথ সার্ভিস কেডার-এ জয়েন করতে দেওয়া হয় নাই। এবার আমরা তাঁদের দু-জনের অপসান চেয়ে পাঠিয়েছি।

Dr. Narayan Chandra Roy:
এদের মধ্যে যাঁরা ওল্ড অর্ডার-এ থাকতে চান নিউ অর্ডার সুট করছে না বলে, এখন তাঁদের রিজাইন করা ছাড়া আর কোন রাস্তা আছে কি?

Shrimati Purabi Mukhopadhyay:
আমি পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট-এ গিয়ে বলে এসেছিলাম—যাঁরা প্রাইভেট প্র্যাকটিস করতে চান, তারা ওল্ড কেডার-এ থাকতে পারবেন না। আর তা যদি তাঁরা করতে চান তাহলে আমরা তাদের পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট বা অন্য জায়গায় টিচিং ইনস্টিটিউট আন্ডার গ্র্যাজুয়েট কলেজ-এ ট্রান্সফার করে দেব। যাঁরা প্রাইভেট প্র্যাকটিস করতে পারবেন না, রেজিগনেশান দেবেন বলে ভেবেছিলেন তাঁরা আমাদের কাছে চেয়েছেন অন্য জায়গায় যেতে, যেখানে প্র্যাকটিস-এর সুযোগ আছে। আমরা তাঁদের ফর দ্যাট টেম্পোরারী পিরিয়ড সেখানে ট্রান্সফার করে দেব।

Eye Bank

***494.** (Admitted question No. *2556.)

Shri Aswini Roy: Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the Government have the proposal to open an Eye Bank for supply of cornea;

(b) if so, the approximate time by which the scheme will be implemented;

(c) total number of grafting of eyes since 1961 April to December 1964 in State hospital; and

(d) the names of the institutions both private and public in Calcutta where such grafting is done?

Shrimati Purabi Mukhopadhyay: (a) Yes.

(b) It cannot be stated now.

(c) 63.

(d) Regular grafting is done in the Eye Infirmary, Medical College Hospitals, Calcutta. A few such operations are reported to have been done in the Dr. M. N. Chatterjee Memorial Eye Hospital and Ghasiram Bubna Hospital, Calcutta.

Shri Aswini Roy:
এই যে আপনি (বি) উত্তরে বললেন—ইট ক্যান্ট বি স্টেটেড নাউ—এ ধরনের আপনাদের যদি কোন একটা স্কীম থেকে থাকে তাহলে কেন আপনারা খুব জরুরী মনে করা সত্ত্বেও এখনো স্থির করতে পারলেন না কত বছরের মধ্যে পারবেন?

Shrimati Purabi Mukhopadhyay:
এই সম্পর্কে প্রথমে আমাদের বিধানসভায় এসে আইন পাস করতে হবে আই ব্যাঙ্ক করবার জন্য। এই সেসানে নোটিশ দিয়েছি করনিয়া গ্রেপটিং বিল আনবার জন্য। টাইম দেওয়া হলে এই সেসানে এই বিল পাস করতে পারবো। তারপর যে প্যারাফেনেলিয়া ইত্যাদি আছে সেদিকে অগ্রসর হয়ে আছে, এই বিল পাস হলে আর কোন রকম দেরী যাতে না হয় তার জন্য নির্দিষ্ট টাইমে পারা যাবে বলে ঐ উত্তর দিয়েছি।

Dr. Narayan Chandra Roy:
যেমন আই ব্যাঙ্ক করবার জন্য লেজিস্লেটিভ আইন দরকার তেমনি আপনারা কি মনে করেন যে ঐ চোখ নেবার জন্য আই ব্যাঙ্ক আইনের কোন সংশোধন করা প্রয়োজন আছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:
না। করনিয়া গ্রেপটিং আইন যা আপনারা করবেন, তাতে প্রভিশান থাকবে। কাজেই আলাদা করে চোখ গ্রহণ করবার জন্য কোন নূতন আইন করবার বা আই ব্যাঙ্ক বর্তমানে আইনের সংশোধন করবার প্রয়োজন হবে না।

Dr. Narayan Chandra Roy:
তার আত্মীয়স্বজন, উত্তরাধিকারী—এইসব খোঁজ করে আইনসংগতভাবে যাতে চোখটা নেওয়া যেতে পারে, তার জন্য আইন সংশোধন করবার প্রয়োজনীয়তার কথা আমাদের কানে এসেছে এ সম্বন্ধে আপনার বক্তব্য কি?

Shrimati Purabi Mukhopadhyay:
আমরা এটা ভলানটারী বেসিস-এ করবার চেষ্টা করছি। অতএব যাদের আত্মীয়স্বজনের পক্ষ থেকে আপত্তি হবে সেখানে আমরা হাত দেব না। তারপর ব্যাঙ্ক ফাংশান করলে পর যদি প্রয়োজন অনুভূত হয় তাহলে পরে সংশোধন করবো।

Dr. Kanai Lal Bhattacharya:
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন তিন বছরে অর্থাৎ ১৯৬১ সালের এপ্রিল থেকে ১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত ৬৩টা আই গ্রেপটিং হয়েছে, সেগুলি কি সব সাকসেসফুল হয়েছে?

Shrimati Purabi Mukhopadhyay:
আমাদের যতগুলি আই গ্রেপটিং করা হয়েছে তার সবগুলিই সাকসেশফুল হয়েছে।

Hydrants in the Alipore Central Jail

***495.** (Admitted question No. *2604.)

শ্রীকানাই পাল: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে অল্প বৃষ্টিপাতের ফলে আলিপুর কেন্দ্রীয় কারাগারের বিভিন্ন ওয়ার্ডে হাইড্রেন্ট হইতে মলমূত্রাদি বাহির হইয়া মাঠে মাঠে ছড়াইয়া পড়ে;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, ইহার কারণ কি; এবং

(গ) এই অবস্থা দূর করার কথা সরকার চিন্তা করিতেছেন কি?

Shri Jagannath Koley:

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Shri Kanai Pal:
আমি যখন কিছুদিন আগে ঐ জেলে ছিলাম তখন এই অবস্থা দেখেছি। এক মাসের মধ্যে আই জি-র সঙ্গে কথা হয়েছে এবং আই জি ঐ জেল সুপারিনটেনডেন্টকে ফোন করে বলেছেন। মন্ত্রিমহাশয় তাঁর উত্তর দিয়েছেন সব জায়গায় হয় নি, কোন কোন জায়গায় অব্যবস্থা আছে এই ধরনের যে মিথ্যা সংবাদ পরিবেশন করা হয় এটা ভাল নয়। ড্রেন থেকে ময়লা উঠে সর্বত্র ছড়িয়ে পড়ে—এ সম্বন্ধে অনুসন্ধান করে প্রতিকার করবেন কিনা সেটা আমি জানতে চাচ্ছি?

[1-10—1-20 p.m.]

শ্রীজগন্নাথ কোলে: আপনি বলেছেন স্বল্প বৃষ্টিপাতের ফলে হয় কিনা। আপনি যদি বলতেন অতি বৃষ্টিপাতের ফলে তাহলে আমি অন্য কথা বলতাম।

শ্রীকানাই পাল: তাহলে অনুগ্রহ করে বলবেন কি যে, এর প্রতিকারের কি ব্যবস্থা করছেন। আপনি যদি এটাকে স্বল্প বৃষ্টির কথা বলে এটাকে না বলেন বা এর উত্তর যথাযথ না দেন তাহলে আমি কি বলবো?

শ্রীজগন্নাথ কোলে: আমরা দেখেছি যদি খুব বৃষ্টি হয় তখন কলকাতা শহরও ঐ বারিপাতের ফলে ভেসে যায়, রাস্তায় প্রচুর জল জমে এবং তার জন্য ম্যান হোল খুলে দিয়ে কর্পোরেশনকে সেই জলনিকাশের ব্যবস্থা করতে হয়। এটা আমাদের সকলের জানা আছে কর্পোরেশন-এর রাস্তায় প্রচুর জল জমে এবং সেখানের জল না গেলে কিছু করবার নেই। সুতরাং অতি বৃষ্টিপাতের ফলে সব জায়গায় জল জমে।

শ্রীকানাই পাল: আপনি যে নজীর দিয়েছেন সেটা এখানে বলার কোন মানে হয় না, কারণ স্বল্প বৃষ্টি হলেও সেখানে হাইড্রেন্ট থেকে জল বেরিয়ে যায় এবং মল চারিদিকে ছড়িয়ে যায়। কলকাতা শহরে কোথায় এরকম ছড়িয়ে যায় বলুন?

শ্রীজগন্নাথ কোলে: আপনি যেটা বলছেন সেটা বোধ হয় এক বছর আগের কথা, এখন আর সেরকম নেই।

শ্রীকানাই পাল: আমি এক মাস আগে সেখানে দেখেছি এবং আমার সঙ্গে এ বিষয় নিয়ে আই জি-এর কথা হয়েছে, তিনিও এটা স্বীকার করেছেন এ বিষয়ে অনেকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। সুপারিনটেনডেন্ট তিনিও জানেন সুতরাং এখানে আপনি যা বলছেন তাতে এই কথাই বলতে হয় তাতে এখানে আমাদের প্রশ্ন দেওয়ার যে অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে। সেখানে বৃষ্টিপাত হলে শুধু স্বল্পই হোক আর বেশী হোক এরূপ হয়ে থাকে, কিন্তু তার উত্তরে আপনি বলেছেন যে অধিক বৃষ্টিপাত হলে তবে এ ধরনের জিনিস হয় সুতরাং এটা আত্মপ্রবঞ্চনা ছাড়া কি বলবো?

শ্রীজগন্নাথ কোলেঃ আপনি যেরূপ কোশ্চেন করেছেন সেরূপ উত্তর দেওয়া হয়েছে। স্বল্প বৃষ্টিপাত হলেও সেখানে জল জমে কিনা? তার উত্তরে বলা হয়েছে যে, অধিক বৃষ্টিপাত হলে জল জমে। আপনি যদি বলতেন অধিক বৃষ্টিপাত হলে জল জমে কিনা তাহলে আমি ঐ ধরনের উত্তর দিতাম যে, হ্যাঁ জল জমে এবং আগেও আমি বলেছি যে অধিক বৃষ্টিপাত হলে শুধু সেখানে নয়, কলকাতার রাস্তাও জলে ভেসে যায়।

শ্রীকানাই পালঃ জল জমার প্রশ্ন নয় কথা হচ্ছে স্বল্প বৃষ্টি হলেও বাহিরে থেকে মল ওয়ার্ড-এর মধ্যে চলে আসে এসব সংবাদ আপনি জানেন কি?

শ্রীজগন্নাথ কোলেঃ আপনার কোন আইডিয়া নেই, ন্যাচারেলি বেশী বৃষ্টি হলে সব জায়গায়ই জল জমবে।

Complaints for the violation of Plantation Labour Rules and Plantation Housing Rules

***496.** (Admitted question No. *2737.)

Shri Deo Prakash Rai: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of complaints received by his department from the Labour Unions for contravention or non-implementation of various provisions under Plantation Labour Rules and Plantation Housing Rules, since 1960, in the hill tea gardens of Darjeeling district; and

(b) the action taken on them?

Shri Bijoy Singh Nahar:

(ক) বাগিচা শ্রম নিয়মাবলীর অধীনে ১৯৬০ সাল হইতে মোট ৬৩টি অভিযোগ পাওয়া গিয়াছে। তন্মধ্যে ২৩টি বাসগৃহ সম্পর্কীয় অভিযোগ এবং ৪০টি অন্যান্য অভিযোগ। নিম্নে বৎসর অনুযায়ী উহাদের সংখ্যা দেওয়া হইল।

বৎসর	বাসগৃহ নির্মাণ সম্পর্কীয় অভিযোগ	অন্যান্য অভিযোগ
১৯৬০	×	×
১৯৬১	১০	১৬
১৯৬২	৩	৬
১৯৬৩	৫	৭
১৯৬৪	৫	১২

(খ) বাসগৃহ সম্পর্কীয় ২৩টি অভিযোগ যে বাগিচাগুলির বিরুদ্ধে পাওয়া গিয়াছে উহাদের মধ্যে ৫টি বাগিচার মালিক আর্থিক অনটন অথবা গৃহ নির্মাণ উপযোগী দ্রব্যাদির দুষ্প্রাপ্যতা হেতু বাগিচা শ্রম নিয়মাবলীর সংশ্লিষ্ট ধারা হইতে অব্যাহতি চাহিয়া আবেদন করিয়াছেন। এই আবেদনগুলি সরকার-এর বিবেচনাধীন রহিয়াছে। একটি ক্ষেত্রে, বাগিচার মালিকের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে। অবশিষ্ট ১৭টি ক্ষেত্রে বাগিচার মালিকগণকে যথাযথ ব্যবস্থা অবলম্বনের প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হইয়াছে।

অন্যান্য ৪০টি অভিযোগ সম্বন্ধে তদন্ত করিয়া বাগিচার মালিকগণকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হইয়াছে।

Objection raised in regard to answering questions in Bengali when the notice of it was in English

Shri Deo Prakash Rai: Mr. Speaker, Sir, I feel that I am gagged from putting supplementary question. You will find that my original question was put in English but the reply has been given by the Hon'ble Minister in

a language which is like Greek to me. It will remain Greek until I learn the language which will take at least 10 years. The other day also in reply to my calling attention notice which was in English the Hon'ble Minister of Land and Land Revenue gave a statement in Bengali which I brought to your notice and I was very kindly assured by you that in future if questions or calling attention notices were put in English they would be replied in English. That was your assurance to me.

Shri Bijoy Singh Nahar: I can only say that it was the direction of the House that we should reply in Bengali and so I have done that. If the Hon'ble member has not followed then I will explain the whole thing in English.

You know that in 1960 we received 63 complaints, 23 for housing and 40 for others—I am giving a summary and not the exact translation—in 1961, 10 complaints for housing and 15 for others, in 1962, three complaints for housing and six for others, in 1963, five complaints for housing and seven for others and in 1964, five complaints for housing and 12 for others.

Out of the above complaints for housing which we received, 8 owners applied for relaxation of the rules because either they had want of fund or materials were not available, and these are under the consideration of the Government.

In one case a suit has been filed and in 17 cases the owners have been given necessary direction to do the needful.

In 40 other cases also the owners have been given direction to do the needful.

Shri Deo Prakash Rai: Will the Hon'ble Minister kindly state the names of those 5 gardens which have applied to the Government for relaxation of the Housing Rules?

Shri Bijoy Singh Nahar: (1) Selimbong Tea Estates,

(2) Dilaram Tea Estates,

(3) Goomtee Tea Estates,

(4) Selimbong Tea Estates,

(5) Gayabari Tea Estates.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state as to what are the owners of those Tea Estates?

Shri Bijoy Singh Nahar: If you kindly give notice I will try to give you the names.

Shri Nani Bhattacharjee:
এই যে বাড়ি সংক্রান্ত ব্যাপারে আইন ভঙ্গ করেছেন কি, অর্থাৎ এরা ন্যাচারেলী বাড়ি করে নি না সাব-স্ট্যান্ডার্ড-এ করেছে বা স্পেশিফিকেলি মত করে নি কোন্‌টা ঠিক?

শ্রীবিজয় সিং নাহার: বাড়ি তৈরী করে নি।

শ্রীভদ্রবাহাদুর হামাল: তারা বাড়ি তৈরী করলে প্ল্যান্টেশান লেবার অ্যাক্ট-এ ক্লজ (এ)-তে বাড়ি তৈরী করা হয়েছে কিনা আমি জানি তারা সে রুল ভায়োলেশন করেছে?

শ্রীবিজয় সিং নাহার: তারা রিলাক্সেশান চেয়েছে, অর্থাৎ জিনিসটা বিবেচনাধীন আছে কয়েকটা কারণ হল এর মধ্যে যে তারা টিন পাচ্ছে না, সিমেন্ট পায় নি এবং দু-এক জায়গায় তারা এরকম কথাও বলেছে তাদের ফান্ড নেই সরকার থেকে যদি তাদের লোন হিসেবে কিছু দেওয়া হয় তাহলে তারা কিছু করতে পারে।

Shri Deo Prakash Rai: Will the Hon'ble Minister kindly state whether any of those five owners of gardens or all of them, who have requested for relaxation of the Housing legislation, have applied for the loan from the Industrial Plantation Labour Housing Fund?

Shri Bijoy Singh Nahar: I cannot tell you exactly whether they have asked for loan but they have applied for relaxation.

Sinking of Tubewells during Outbreak of Cholera

***497.** (Admitted question No. *2754.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পানীয় জলের অসুবিধাযুক্ত পল্লীঅঞ্চলে গ্রীষ্মকালে কলেরা রোগ ব্যাপক আকারে দেখা দিলে অবিলম্বে জল সরবরাহের জন্য নূতন নলকূপ স্থাপনের কোন বিশেষ ব্যবস্থা করা হয় কিনা;

(খ) গত বৎসর এইরূপ অবস্থায় এই রাজ্যে কয়টি নলকূপ প্রোথিত হইয়াছে?

[1-20—1-30 p.m.]

Shri Bhadra Bahadur Hamal:
স্যার, বিজয়বাবু আজকে একটা নূতন জিনিস দেখালেন, ইংরাজী এবং বাংলা দুটোই চললো। এটা অন্য মন্ত্রীরা করলে ভাল হয়।

(নো রিপ্লাই)

Shrimati Purabi Mukhopadhyay:
(ক) হ্যাঁ, করা হয়।

(খ) গত বৎসর (১৯৬৪-৬৫) ৮৫টি নূতন নলকূপ খনন ও ৮০টি অকেজো নলকূপ পুনর্খনন করা হইয়াছে।

Shri Ananga Mohan Das:
কলেরা যেসমস্ত জায়গাতে ঘটে থাকে ব্যাপক আকারে সেসমস্ত ক্ষেত্রে নলকূপ ভাল—অকেজো আছে কিম্বা অকেজো নেই সব ক্ষেত্রেই কি আপনারা টিউবওয়েল সিংক করার জন্য ব্যবস্থা করেন?

Shrimati Purabi Mukhopadhyay:
এমারজেন্সী বেসিসে করা হয় প্রত্যেকটা ক্ষেত্রে।

Shri Deb Saran Ghosh:
মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে রি-সিঙ্কিং যেখানে করা হয় সেখানে টাকা নেয়া হয় কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:
এমারজেন্সী বেসিসে যেগুলি হয় সেগুলি টাকার জন্য অপেক্ষা করা হয় না। কলেরা ব্রেক আউট করেছে বলে রি-সিঙ্কিং বা নূতন সিঙ্কিং-এ টাকার জন্য দেরী হবে বলে এটা ইনসিস্ট করা হয় না।

Shri Gurupada Khan:
যেসব অঞ্চলে নলকূপ বসানোর উপযুক্ত নয় সেসব জায়গায় নলকূপের বদলে পাকা কুয়ার কি আপনারা ব্যবস্থা করে থাকেন?

Shrimati Purabi Mukhopadhyay:
এগুলি এমারজেন্সী বেসিসে নলকূপের প্রশ্ন—সেখানে টিউবওয়েলের জায়গায় কুয়া খনন করতে হলে অনেক সময় বেশী লাগবে।

Dr. Kanai Lal Bhattacharya:
মন্ত্রিমহাশয়া জানাবেন কি কয়জন লোকের কলেরা হলে এবং কয়জন লোক মারা গেলে একটা নলকূপ পাওয়া যায়?

Shrimati Purabi Mukhopadhyay:
এটা ভুললে চলবে না যে, এমারজেন্সী বেসিসে যে নলকূপগুলি করা হয় সেগুলি টেন্ডার এবং অন্যান্য যেসমস্ত প্যারাফার্নালিয়া রয়েছে সেগুলিকে এক্ষেত্রে ওয়েভ করা হয়। অতএব একটা কলেরা কেস হলে যদি প্রত্যেকবার টেন্ডার ডাকা ইত্যাদিগুলিকে বাদ দিয়ে এমারজেন্সী বেসিসে কাজ করতে হয় তাহলে পরে কাজের ক্ষেত্রে অকাজ অনেক বেশী হয়ে যাবে। সেজন্য যখন রিপোর্ট আসে যে সেখানে ব্যাপক আকারে কলেরা দেখা দিয়েছে তখন এমারজেন্সী বেসিসে কাজ হওয়া উচিত তবে বাস্তবক্ষেত্রে দেখা যাচ্ছে ইদানীংকালে মেদিনীপুর জেলায় বিশেষ করে প্রত্যেক সিজনে আমরা এত টেলিগ্রাম পাচ্ছি যে আগে আগে টেলিগ্রাম পাওয়া মাত্র এমারজেন্সী বেসিসে অর্ডার হয়ে গেছে, তারপরে খোঁজ করে দেখা গেল যে অনেকগুলি টেলিগ্রার যেখানে কলেরা ব্রেক আউট করেছে বলে লেখা আছে সেখানে ঠিক কলেরা ব্রেক আউট করে নি। অতএব এরপরে আমরা ধীরেসুস্থে দিচ্ছি।

Shri Deb Saran Ghosh:
মন্ত্রিমহাশয়া জানাবেন কি যে, এমারজেন্সী বেসিসে যেসব টিউবওয়েল বসানো হয়, এমারজেন্সী চলে গেলে, অর্থাৎ কলেরা ভাল হয়ে গেলে কি সেসব টিউবওয়েল তুলে দেয়া হয়?

Shrimati Purabi Mukhopadhyay:
না।

Shri Sudhir Chandra Das:
মেদিনীপুর জেলায় যেসব ক্ষেত্রে কলেরা হয়েছে বলে নলকূপ দাবী করেছেন অথচ এনকোয়ারী করার পর দেখতে পেরেছেন যে কলেরার কোন প্রকোপ নেই, সে ক্ষেত্রগুলির নাম বলতে পারেন কি?

Shrimati Purabi Mukhopadhyay:
সেগুলি নোটিশ ছাড়া প্রত্যেক ক্ষেত্রের নাম মুখস্থ রাখা সম্ভব নয়।

Shri Balai Lal Das Mahapatra:
আপনি বললেন যে মেদিনীপুর জেলায় কলেরা হয়েছে এরকম রিপোর্ট পেয়েছেন, তারপরে খোঁজ করে দেখেছেন যে কলেরা হয় নি, কলেরা সম্পর্কে আপনাদের কি ধারনা সেটা আমি একটু জানতে চাচ্ছি। অনেক সময় ৭-৮-১০ জন কলেরায় মারা যায় কিন্তু সংবাদ আসে যে কলেরা নয়। সুতরাং কোনটা কলেরা সেটা একটু ব্যাখ্যা করে বলবেন কি?

(No reply)

Pipe-line for the water-supply in Calcutta

***498.** (Admitted question No. *2776.)
শ্রীজীবনকৃষ্ণ দেঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় জল সরবরাহের জন্য ৭২ ইঞ্চি পাইপ লাইনটি চালু আছে কিনা;

(খ) চালু থাকলে কবে থেকে;

(গ) এর দ্বারা জলের অবস্থার কিছু উন্নতি হয়েছে কিনা; এবং

(ঘ) হয়ে থাকলে কতটুকু হয়েছে?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) আছে।

(খ) ১লা বৈশাখ ১৩৭১ ইং ১৪ই এপ্রিল ১৯৬৪ সাল।

(গ) হ্যাঁ।

(ঘ) প্রতি দিন বিশ লক্ষ গ্যালন অতিরিক্ত জল সরবরাহের ব্যবস্থা হয়েছে।

Shri Jiban Krishna Dey:
এই বিশ লক্ষ গ্যালন দ্বারা কোলকাতা শহরের জল সরবরাহের সমাধান হয়েছে বলে কি মন্ত্রি-মহাশয়া মনে করেন?

Shrimati Purabi Mukhopadhyay:
৮ কোটি ৮০ লক্ষ গ্যালন জল হওয়া উচিত, সেই জায়গায় ৮ কোটি ২০ লক্ষের ব্যবস্থা হয়েছে। ওখানকার যে ট্যাঙ্কগুলি সিমেন্টে আটা হয়ে গেছে এবং যে পাইপগুলি ফুটো হয়ে গেছে বলে জল লিক করছে এগুলিকে যদি ভাল করে বন্দোবস্ত করা যায় তাহলে তাদের ৫০ লক্ষ গ্যালন জলের ব্যবস্থা হতে পারে। কর্পোরেশন তার ব্যবস্থা করছেন।

Shri Jiban Krishna Dey:
এই ৭২ ইঞ্চি পাইপ চালু হবার পর কোন কোন এলাকা উপকৃত হল মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shrimati Purabi Mukhopadhyay:
এটা তো সমস্ত কোলকাতা ব্যাপী যে টোট্যাল কনজামশন অব ওয়াটার তাতে এই ২০ লক্ষ গ্যালন অ্যাডেড হল। অতএব বিশেষ এলাকা ধরে আমি উত্তর দিতে পারবো না।

Shri Aswini Roy:
মন্ত্রিমহাশয়া কি জানেন যে, কোলকাতা পৌর আইনে জলের জন্য তাঁরা যে ট্যাক্স নেন তাতে আছে সবচেয়ে কম জল হচ্ছে ৩০ গ্যালন পার হেড। বর্তমানে কোলকাতায় যে ২০ লক্ষ গ্যালনের কথা বলছেন তাতে কি মিনিমাম যেটা ট্যাক্সেসন রেটের মধ্যে আছে, ৩০ গ্যালন পার ক্যাপিটা সাপ্লাই করতে প্যরছেন?

Shrimati Purabi Mukhopadhyay:
এ প্রশ্নের জবাব আমি দিতে পারবো না—এটা স্বায়ত্ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করবেন।

Shri Abani Kumar Basu:
মন্ত্রিমহাশয়া কি জানাবেন যে, এই ৭২ ইঞ্চি পাইপলাইন চালু হবার পূর্বে জল সাপ্লাইয়ের পরিমাণ কত ছিল?

Shrimati Purabi Mukhopadhyay:
৮ কোটি গ্যালন।

Want of Doctors and Nurses in villages

***490.** (Admitted question No. *2819.)
শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পল্লীবাংলায় ডাক্তার ও নার্সের অভাব আছে; এবং

(খ) সত্য হইলে এই জরুরী সমস্যার সমাধানের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

Shrimati Purabi Mukhopadhyay:
(ক) পশ্চিমবাংলার পল্লীঅঞ্চলে প্রতি ৩,৪৭৬ জনে একজন ডাক্তার ও প্রতি ১৩,৬০৬ জনে একজন নার্স আছে। শহর ও পল্লী ধরিয়া সর্বভারতীয় পরিসংখ্যান হইতেছে ৪,৯৬৯ জনে এক জন ডাক্তার ও ১৩,৪৬৯ জনে এক জন নার্স।

(খ) পল্লী অঞ্চলে প্রতিটি উন্নয়ন ব্লকে একটি প্রাথমিক এবং দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্র ক্রমে ক্রমে স্থাপন করিয়া ডাক্তার ও নার্সের সংখ্যা বৃদ্ধি করা হইতেছে।

মেডিক্যাল কলেজসমূহে বাৎসরিক ছাত্রভর্তির সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে এবং চতুর্থ পরিকল্পনাকালে আরও দুইটি মেডিক্যাল কলেজ স্থাপনের প্রস্তাব আছে। নার্সের শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যাও বৃদ্ধি করা হইয়াছে ও হইতেছে।

Shri Sanat Kumar Raha:
মন্ত্রিমহাশয়া বাংলাদেশের যে দায় দিয়েছেন ১৩,৬০৬ জনের উপর একজন নার্স, অর্থাৎ সর্ব-ভারতীয় পরিসংখ্যান অনুসারে নার্সের পোজিশান খারাপ অথচ ডাক্তারের বেলায় পশ্চিমবাংলার পোজিশান অপেক্ষাকৃত ভাল—নার্সের বেলায় খারাপ। এই সংখ্যাকে বাড়াবার জন্য বিশেষ কোন ব্যবস্থা হচ্ছে কিনা যাতে ভারতবর্ষের সংখ্যাকে অতিক্রম করতে পারে?

Shrimati Purabi Mukhopadhyay:
আমাদের আরো বেশীসংখ্যক নার্স শিক্ষণকেন্দ্র খোলা হচ্ছে। প্রথম দিকে পশ্চিমবাংলায় নার্সিং শিখতে মেয়ে খুব কম আসতো। সেজন্য আমরা প্রথম দিকে খুব পিছিয়ে পড়েছিলাম। এখন সেই দ্বিধা দূর হয়েছে এবং প্রচুর সংখ্যক মেয়ে আসছে। আমরা প্রত্যেকটা জেলা হাসপাতালে নার্সিং ট্রেনিং-এর ব্যবস্থা করবার জন্য চেষ্টা করছি।

Shri Sanat Kumar Raha:
প্রচুর সংখ্যায় যে আসছে, আমি কংক্রিটলি জানতে চাই যে অন্ততপক্ষে বিগত ৫-৭ বছরের মধ্যে কত হারে বেড়েছে?

Shrimati Purabi Mukhopadhyay:
আগে যেখানে বিজ্ঞাপন দিলে পর রিকুইজাইট নাম্বার অফ এপ্লিকেশান আমরা পেতাম না, এখন আমরা প্রায় ডবল সংখ্যক দরখাস্ত পাচ্ছি।

Shri Sanat Kumar Raha:
প্রাথমিক হাসপাতাল, উপ-হাসপাতালগুলিতে নার্সিং ট্রেনিং-এর ব্যবস্থা হচ্ছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:
প্রাথমিক হাসপাতালে নার্সিং ট্রেনিং হতে পারে না।

Shri Sanat Kumar Raha:
আপনি উপ-হাসপাতাল, প্রাথমিক হাসপাতালে নার্স ডাক্তারের সংখ্যা বাড়াবেন বলছেন—হাতে না থাকলে বাড়াবেন কি করে? প্রাইমারী হেলথ সেন্টার, অর্থাৎ [illegible] হেলথ সেন্টারে দেবেন কি করে?

Shrimati Purabi Mukhopadhyay:
আমাদের টোট্যাল নাম্বার অফ নার্সেস যখন বাড়বে তখন আমরা এইসমস্ত সাবসিডিয়ারী অ্যান্ড প্রাইমারী হাসপাতালে পোস্ট করতে পারবো। আজকে নার্সিং ট্রেনিং দিতে হয়। একটা প্রাইমারী হেলথ সেন্টারে ঐ ১০টা বেডের উপর ভিত্তি করে যদি নার্সিং ট্রেনিং দেয়া হয় তাহলে সেটা খুব ডিফেক্টিভ ট্রেনিং হবে এবং স্ট্যান্ডার্ড অফ এফিসিয়েন্সী নেমে আসবে। আমরা সেজন্য জেলা হাসপাতালগুলির তলায় নামাতে চাচ্ছি না, তবে কিছু কিছু সাবডিভিশনে অনেক বেশী বেতন বাড়ানো হয়েছে—সেই সমস্ত জায়গায় বাড়ি পাওয়া গেলে আমরা নার্সিং ট্রেনিং-এর ব্যবস্থা করছি।

[1-30—1-40 p.m.]

Shri Sanat Kumar Raha:
মেডিক্যাল কলেজ খুলবেন, এই মেডিক্যাল কলেজ-এ কতগুলো সিট থাকবে?

Shrimati Purabi Mukhopadhyay:
আমরা একটা খুলবো, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি সংলগ্ন শিলিগুড়িতে, আর একটা কোথায় খোলা হবে তার স্থান এখনও নির্বাচন করা হয় নি।

Shri Narayan Choubey:
আপনি গ্রাম্য বাংলায় ডাক্তার এবং নার্সদের স্বল্পতার কথা বললেন কলকাতার বাইরে যেসমস্ত সরকারী হাসপাতাল আছে, সেই সমস্ত হাসপাতালে ডাক্তার এবং নার্স কত কম স্যাংসানড কেডার স্ট্রেনথ্ কত এবং কত কম আছে?

Shrimati Purabi Mukhopadhyay:
আমাদের কেডার-এর স্যাংশান স্ট্রেংথ অনুপাতে সমস্ত হাসপাতালেই কম আছে।

Shri Nani Bhattacharya:
মন্ত্রিমহাশয় বললেন যে এইরকম ধরনের পল্লীঅঞ্চলে, মফঃস্বলে সাবসিডিয়ারী হেলথ সেন্টার এবং প্রাইমারী হেলথ সেন্টারস আছে, সেখানকার প্রয়োজনীয় যে ডাক্তার কম আছে এই সমস্ত বিচার বিবেচনা করে, আপনারা কি ভাবছেন এম বি পাশ ডাক্তার মফঃস্বলের হেলথ সেন্টারে কাজ করতে যাচ্ছে না! এটা দেখা যাচ্ছে আগের এল এম এফ কোর্স চালু করে যাতে তারা রুর‍্যাল হেলথ সেন্টার-এ ডাক্তাররা যান, সেইরকম কোনও ব্যবস্থা করবেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:
কোথাও এল এম এফ বা কনডেনসড কোর্স হবে কিনা এর একমাত্র ডিসাইড করতে পারেন ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল, এই ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল-এর সঙ্গে আলোচনা করে-ছিলাম, যে অন্তত যে স্টেপ গেপ হিসাবে আরও বেশী সংখ্যক কনডেনসড ট্রেনিং-এ রাখতে পারি কিনা? তারা এই প্রস্তাবের বিরোধীতা করেন, তাঁরা বলেন যে, ভালভাবে এফিসিয়েন্ট ট্রেনিং ছাড়া ডাক্তার আর বাজারে ছাড়া উচিত নয়। আমাদের যে ভ্যাকেন্সি ছিল, পাবলিক সার্ভিস কমিশন আমাদের ৩৮৯টি নাম পাঠিয়েছেন এবং এবার এডভারটাইজমেন্ট-এ খোলাখুলি লিখে দিয়েছিলাম যে, আমাদের গ্রামাঞ্চলের জন্য ডাক্তার দরকার, তারাই শুধু এপ্লিকেশান করবেন যাঁরা গ্রামে যেতে চান, অতএব আশা করা যাচ্ছে, যাদের পাঠানো হচ্ছে তাঁরা জেনেই এসেছেন যে তাঁদের গ্রামে যেতে হবে অতএব এই ভ্যাকেন্সিতে ডাক্তারের অভাব হবে না।

Shri Narayan Choubey:
আপনি জানেন কি বাংলাদেশের ডাক্তাররা বাংলাদেশের বাইরে ভাল এমোলিউমেন্টস-এর জন্য বাংলার বাইরে চলে যাচ্ছেন, সেদিক থেকে বিচার করে কলকাতার ডাক্তারদের তাদের বেতন বৃদ্ধি করবার বিষয়টা বিবেচনা করবেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:
আপনি যেটা বললেন তার বেসিসটাই ভুল। আমাদের চেয়ে ভাল বেতন কিছু তা নয়, আমাদের কোনও কেডার-এর চেয়ে বেশী নয়, সেখানে যাচ্ছেন কনট্রাক্ট সার্ভিস-এ অর্থাৎ তাঁরা টেম্পোরারী পিরিয়ড-এ যাচ্ছেন বলে তাঁরা বেশী মাইনে পাচ্ছেন। আমাদের অভিজ্ঞতা হচ্ছে যে মুহূর্তে সেইসমস্ত স্টেট-এর লোক্যাল ছাত্ররা বেরিয়ে আসবে, তখন এই সার্ভিসগুলো টারমিনেট করে দেবে। অতএব একথা সত্য নয় যে, আমাদের চেয়ে তাঁরা বেশী মাইনে দেন বলে চলে যাচ্ছেন।

Shri Abani Kumar Basu:
এই যে নার্সদের এত অভাব আমরা দেখতে পাচ্ছি, সেই অভাব দ্রুত দূর করবার জন্য নার্সদের সর্ট কোর্স ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:
নার্সিং ট্রেনিং-এর ব্যবস্থা সরকার করেন না নার্সিং কাউন্সিল করেন। তারা কোনওরকম সর্ট কোর্স ট্রেনিং-এর সম্পূর্ণ বিরোধী, এমন কি আমাদের যেসমস্ত জায়গায় মেয়েরা ১৫-১৬ বছর ধরে কাজ করছেন, যেমন যাদবপুর টি বি হসপিট্যাল—আমি নিজে তাদের কাছে চিঠি লিখে-ছিলাম এদের ট্রেনিং রেগুলারাইজ করে নাও এবং প্রয়োজন হলে সর্ট কোর্স ট্রেনিং দিয়ে দাও, তারা সেটাও করেছেন।

Shri Abani Kumar Basu:
অক্সিলিয়ারী নার্সেস ট্রেনিং-এর কি কি ব্যবস্থা আছে?

Shrimati Purabi Mukhopadhyay:
আমাদের সমস্ত জেলা হাসপাতালে অক্সিলিয়ারী নার্সেস ট্রেনিং-এর
আপাতত ৮টা জেলায় হচ্ছে।

Shri Sailendra Nath Adhicary:
মন্ত্রিমহাশয়, ডাক্তার এবং নার্স-এর সংখ্যা দিলো, ১৩ হাজার এবং আরও ব৯০ হাজার উপরে, আমার প্রশ্ন হচ্ছে যখন ডাক্তারের সাপ্লাই পাচ্ছেন না ঠিকমত, বিভিন্ন প্রাইমারী হেলথ সেন্টারে

উপযুক্ত সংখ্যক ডাক্তার দিতে পারছেন না, তখন এই সমস্ত প্রাইমারী হেলথ সেণ্টার সংলগ্ন বা তাদের পেরিফেরির মধ্যে যেসমস্ত কোয়ালিফাইড ডক্টর আছেন, তাঁদের ভিজিটিং ডক্টর হিসাবে অ্যাপয়েন্ট করে এই গেপ পূরণ করার চিন্তা করেছেন কিনা?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমরা সেই পরিকল্পনা গ্রহণ করেছি এবং বিভিন্ন জায়গায় যা পাওয়া গেছে আমরা তাদের অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি এবং আরও লোক যাতে এগিয়ে আসেন তার জন্য অ্যাপিল করেছি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মন্ত্রিমহাশয় এই যে অ্যাভারেজ-এর কথা বললেন সেটা নিশ্চয়ই সমস্ত হেলথ সেন্টারগুলোকে ধরে বললেন। কিন্তু এর মধ্যে এমন অনেক হেলথ সেন্টার আছে যার কোন অস্তিত্ব নেই—যেমন মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর হেলথ সেন্টার হাওড়ায় উড়ে গেছে, রোগী নেই। কাজেই আমি জানতে চাই এই সমস্তগুলো ধরে কি অ্যাভারেজ করেছেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ যেগুলো চালু হাসপাতাল তাদের ধরে অ্যাভারেজ করা হয়েছে।

শ্রীসনৎকুমার রাহাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, বহরমপুর শহর থেকে এরকম কোন মেমো-রেন্ডাম পেয়েছেন কিনা যে, সেখানে একটা মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা করবার জন্য সরকার যদি উদ্যোগী হন তাহলে সরকারের সঙ্গে সহযোগিতা করা হবে?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমরা এমন দরখাস্ত বেশীরভাগ জেলা থেকেই পেয়েছি। কিন্তু কথা হচ্ছে মেডিক্যাল কলেজ করতে যে বিরাট টাকার দরকার হয় স্থানীয় জনসাধারণের কাছ থেকে তার শতকরা এক অংশও পাওয়া যায় না। কাজেই স্থানীয় জনসাধারণ কি কন্ট্রিবিউট করবেন তার উপর নির্ভর করে একটা মেডিক্যাল কলেজ করা সায়েন্টিফিক হবে না। তাছাড়া বেড সংখ্যা কত আছে, ছাত্র ভর্তির সম্ভাবনা কিরকম আছে, শিক্ষক পাবার সম্ভাবনা কি রকম আছে, ক্লিনিক্যাল মেটেরিয়াল কি আছে এই সমস্ত বিবেচনা করে একটা জায়গায় মেডিক্যাল কলেজ স্থাপন করতে হবে। অতএব বহরমপুর সম্পর্কে এখনই কিছু মন্তব্য করা যায় না এবং চতুর্থটি কোথায় করব সেটাও ঠিক করি নি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ বহরমপুর সম্বন্ধে কোন মন্তব্য করলেন না, কিন্তু এটা কি আশা করতে পারি যে নেগলেকটেড মুর্শিদাবাদ সম্বন্ধে আপনারা চিন্তা করছেন?

(নো রিপ্লাই)

শ্রীননী ভট্টাচার্যঃ উত্তরবঙ্গের মেডিক্যাল কলেজের ব্যাপারটা বহুদিন ধরে চলছে। আমার প্রশ্ন হচ্ছে সেই মেডিক্যাল কলেজ ওপেন করার পরিকল্পনা আপনাদের আছে কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ওখানে জমি অ্যাকোয়ার করা হয়েছে।

শ্রীকানাই পালঃ মন্ত্রিমহাশয় প্রশ্নোত্তরে বলেছেন আগে আমাদের দেশের মেয়েরা নার্সিং ট্রেনিং-এ আসতো না, কিন্তু এখন ডাবল-এরও বেশী দরখাস্ত মেয়েদের কাছ থেকে পাওয়া যায়। কিন্তু আপনি কি জানেন যে, সমস্ত বছর ধরে দরখাস্ত নেওয়া হয় না, বছরের মধ্যে কয়েকদিন মাত্র জুনিয়ার নার্সিং-এর দরখাস্ত নেওয়া হয় এবং এক বছরেরও বেশী সময় হয়ে গেল যাদের দরখাস্ত নেওয়া হয়েছে তাদের পরীক্ষা এবং ট্রেনিং-এর ব্যবস্থা হয় নি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আপনি ঠিকই বলেছেন। ট্রেনিং সেন্টার সব জায়গায় না হলে আমরা নিতে পারব না।

শ্রীকানাই পালঃ একথা কি ঠিক যে, দুই বছর ধরে তাদের ট্রেনিং-এর ব্যবস্থা হয় নি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ যতক্ষণ পর্যন্ত আমাদের নার্সিং ট্রেনিং সেণ্টার না বাড়বে ততক্ষণ পর্যন্ত [illegible] নার্স যারা পরীক্ষার্থী হতে চান তাদের নেওয়া সম্ভব হবে না।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণিঃ আমাদের এখানে যখন নার্সেস সর্টেজ তখন নার্সেস রিক্রুটমেন্ট যাতে বেশী করে হয় তার দিকে নজর দেওয়া উচিত এবং তাদের ট্রেনিং এবং এমপ্লয়মেন্ট-এর ব্যবস্থাও যাতে ভালভাবে হয় তার দিকে লক্ষ্য রাখা উচিত। কিন্তু আপনি কি জানেন যে, নার্সদের সার্ভিস কন্ডিশন নানা দিক থেকে অত্যন্ত খারাপ এবং তার জন্য কোলকাতা শহরে বহু কোয়ালিফাইড নার্স প্রাইভেট প্র্যাকটিস করতে চায়? শুধু তাই নয়, আপনি কি জানেন যে, তারা প্রাইভেট প্র্যাকটিসের সুযোগ পাচ্ছে না এবং সার্ভিসে তাদের শুধু টাকা পয়সার ব্যাপারই নয়, তাদের সিকিউরিটি অফ সার্ভিস নেই, সব ব্যাপারে খারাপ ব্যবহার তাদের সংগে করা হয় এবং থাকা খাওয়ার ব্যবস্থাও খারাপ?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আপনি অনেকগুলো প্রশ্ন করেছেন, স্পেসিফিক কেস না বললে জেনারেলভাবে উত্তর দেওয়া সম্ভব নয়। তবে খারাপ ব্যবহারের প্রশ্ন আসে না কারণ সরকার সচেতন হয়েছেন এবং তাদের সম্মানের ব্যাপারে, খাওয়ার ব্যাপারে ভাল ব্যবস্থা করেছেন। তাদের ডায়েট স্কীম আমরা বাড়িয়ে দিচ্ছি, রিসেন্টলী স্কেলও দেখা হয়েছে, আর সিকিউরিটি অফ সার্ভিস সম্পর্কে বলার কিছু নেই—কারণ যতক্ষণ পর্যন্ত গ্রস ইনডিসিপ্লিন না হচ্ছে বা নেগলিজেন্স অফ ডিউটি না হচ্ছে ততক্ষণ পর্যন্ত কারুর চাকুরী যাবার সম্ভবনা নেই।

Treatment of Patients in the Health Centres of Malda district

***500.** (Admitted question No. *2832.)

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার গাজোল থানার গাজোল প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রে (হাতিমারী) পাণ্ডুয়া সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রে, রানীপুর সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রে ও বাবুপুর সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের বহির্বিভাগে গত ৪ বৎসরে কোন যক্ষ্মা রোগী চিকিৎসিত হইয়াছেন কিনা; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে তাহা হইলে তাহার সংখ্যা কত এবং উক্ত চিকিৎসিত রোগীদের মধ্যে তফশীল ও তফশীল উপজাতির সংখ্যা কত?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) এতৎসহ সন্নিবেশ করা হইল।

Statement referred to in reply to clause (kha) of starred question No. 500

চিকিৎসিত যক্ষ্মারোগীর সংখ্যা :	১৯৬১	১৯৬২	১৯৬৩	১৯৬৪
গাজোল (হাতিমারী) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ..	১৪	৩৪	৩২	৪৭
পাণ্ডুয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র	৪	৮	১৭	২৯
রাণীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	৯	১০	১১	১১
বাবুপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	২৫	২০	২৬	২৬
উহাদের মধ্যে উপজাতীয় রোগীর সংখ্যা :				
গাজোল (হাতিমারী) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ..	৭	১৬	১৫	১৬
পাণ্ডুয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র	২	৬	১২	১২
রাণীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	১	৪	৬	৫
বাবুপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	১৫	১১	২	১৪
উহাদের মধ্যে তপশীল সম্প্রদায়ভুক্ত রোগীর সংখ্যা :				
গাজোল (হাতিমারী) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ..	৪	৬	৭	৮
পাণ্ডুয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র	১	১	৩	১৪
রাণীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	২	..	..	..
বাবুপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	২	২	..	৪

Shri Kamal Krishna Ray:
গত চার বছরে মালদহ জেলায় এই যক্ষ্মা প্রতিষেধক কোন টিকার ব্যবস্থা হয়েছিল কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:
যক্ষ্মা প্রতিষেধক সম্পর্কে প্রশ্ন করেন নি, আমি আন্দাজে উত্তর দিতে পারব না।

Scarcity of Nurses in the Durgapur Steel Plant Hospital

***501.** (Admitted question No. *2895.)

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that there is such a scarcity of nurses in the Durgapur Steel Plant Hospital that even small-pox cases are refused admission and advised to go to Burdwan or Asansol, scores of Kilometre away;

(b) if so, what is the real cause of this scarcity; and

(c) what steps if any the Government is taking to remove this scarcity?

[1-40—1-50 p.m.]

Shrimati Purabi Mukhopadhyay: (a), (b) and (c)—The Durgapur Steel Plant Hospital is not under the administrative control of the State Government. This is a special hospital owned and run by the Durgapur Steel Project authorities for the exclusive benefit of the Steel Plant employees. It is, therefore, not possible for the State Health Department to furnish the information.

Shri Sanat Kumar Raha:
(a), (b) and (c)—The Durgapur Steel Plant Hospital is not under the administrative control of the State Government. This is a special hospital owned and run by the Durgapur Steel Project authorities for the exclusive benefit of the Steel Plant employees. It is, therefore, not possible for the State Health Department to furnish the information.

Shri Sanat Kumar Raha:
এই যে দুর্গাপুর হাসপাতাল সম্পর্কে যেটা সরকারের দায়িত্বের বাইরে বললেন সরকারের স্বাস্থ্য বিভাগের সঙ্গে তার কি কোন সংযোগ নেই?

Shrimati Purabi Mukhopadhyay:
কিছুই সম্পর্ক নেই।

Shri Sanat Kumar Raha:
এমন কি সংবাদ রাখারও প্রয়োজন নেই?

Shrimati Purabi Mukhopadhyay:
না, আমি মনে করি না আছে বলে।

Shri Aswini Roy:
যদি এই দুর্গাপুর স্টীল প্ল্যান্টে যক্ষ্মা বা কোন রকম পক্স বা কলেরা হয় তাহলে কি পশ্চিমবঙ্গ সরকারের এ সম্বন্ধে কোন কিছু দায়িত্ব নেই?

Shrimati Purabi Mukhopadhyay:
দুর্গাপুর স্টীল প্ল্যান্ট হাসপাতাল সম্পর্কে প্রশ্ন ছিল, আমি বলেছি হাসপাতালের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই অথবা আমার কোন অথরিটি নেই তাদের বিহাফে কোন প্রশ্নের জবাব দেওয়ার। তবে সেখানকার জনসাধারণ কেন পশ্চিমবঙ্গের যে-কোন জায়গায় জনসাধারণ থাকুক না কেন তাদের স্বাস্থ্যের ব্যাপারে দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের আছে এবং আমরা সেই দায়িত্ব পালন করছি।

Dr. Kanai Lal Bhattacharya:
দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডে যে হাসপাতাল আছে সেই হাসপাতালের দায়িত্ব তো আপনাদের আছে?

Shrimati Purabi Mukhopadhyay:
সেটা হল স্টীল প্রোজেক্ট। দুর্গাপুর প্রোজেক্টের হাতে যে হাসপাতাল রয়েছে সেটার সংগে আমাদের কোলাবোরেসান হয়, যদিও ওখানকার দুর্গাপুর প্রোজেক্ট নিজেরাই হাসপাতাল চালান। যখনই কোন ডিফিকাল্টি হয় তখনই তাঁরা আমাদের কাছে রেফার করেন, আমরা সব রকম সাহায্য দিয়ে থাকি।

Dr. Kanai Lal Bhattacharya:
এই হাসপাতালে পক্স রোগীকে কি এ্যালাও করা হয়?

Shrimati Purabi Mukhopadhyay:
আমি আন্দাজে বলতে পারব না।

Shri Gopikaranjan Mitra:
হাসপাতালে কোন টাকা দেওয়া হয়?

Shrimati Purabi Mukhopadhyay:
আমি বলতে পারব না।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:
আপনি বললেন কোলাবোরেসান রয়েছে, তাদের দরকার হলে আপনাদের জানান। সেজন্য নার্সেস সর্টেজের কথা ও'রা কি আপনাদের জানিয়েছেন?

Shrimati Purabi Mukhopadhyay:
ওটা হচ্ছে দুর্গাপুর প্রোজেক্ট আর এটা হচ্ছে স্টীল প্ল্যান্ট।

Agencies for Government Advertisements in Newspapers

***502.** (Admitted question No. *2931.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কোনও এজেন্সী মারফত সংবাদপত্র বা সাময়িক পত্র পত্রিকাকে বিজ্ঞাপন দিয়া থাকেন কিনা;

(খ) দিয়া থাকিলে, সেই সকল এজেন্সির নাম কি; এবং

(গ) ১৯৬১ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কোন বৎসর কোন এজেন্সী মারফত কোন কোন পত্র পত্রিকাকে কত টাকার বিজ্ঞাপন সরকার দিয়াছেন?

Shri Bijoy Singh Nahar:
(ক) হ্যাঁ।

(খ) পাবলিসিটি ফোরাম, প্রগ্রেসিভ পাবলিসিটি সার্ভিস, কল্পনা অ্যাডভারটাইজিং অ্যান্ড পাবলিক রিলেশানস, ইন্ডিয়ান পাবলিসিটি ব্যুরো, ক্লারিয়ন অ্যাডভারটাইজিং প্রাইভেট লিমিটেড, আলফা অ্যাডভারটাইজিং সার্ভিস এবং জে ওয়াল্টার টমসন।

(গ) এজেন্সীর মাধ্যমে কোন্ পত্র-পত্রিকায় কত টাকার বিজ্ঞাপন ১৯৬১ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত দেওয়া হইয়াছে তাহার বিস্তারিত হিসাব সংগ্রহ করা প্রভূত সময় সাপেক্ষ।

Shri Birendra Narayan Ray:
আপনারা যখন সরাসরি বিজ্ঞাপন দেন তখন এজেন্ট মারফত বিজ্ঞাপন দিচ্ছেন কেন?

Shri Bijoy Singh Nahar:
কতকগুলি সরাসরি দেওয়া হয় এবং কতকগুলি টেকনিক্যাল কাজের জন্য দরকার হয় এজেন্সী মারফত বিজ্ঞাপন দেওয়ার।

Shri Birendra Narayan Ray:
আপনি কি জানেন এই এজেন্সী মারফত মফঃস্বলে পত্র-পত্রিকাতে বিজ্ঞাপন দেওয়া হয়? এবং যেসব পত্র-পত্রিকা প্রায় অচল উঠে গেছে, সেইসব পত্র-পত্রিকাতে বিজ্ঞাপন দেওয়া হয় এজেন্সী মারফত?

Shri Bijoy Singh Nahar:
এই প্রথা বহুদিন বন্ধ করে দেওয়া হয়েছে।

Shri Birendra Narayan Ray:
মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি কোন্ কোন্ পত্র-পত্রিকাকে বর্তমান সময় পর্যন্ত কোন্ বছর কত টোটাল টাকা দেওয়া হয়েছে এজেন্সী মারফত?

Shri Bijoy Singh Nahar:
টোটাল আমার কাছে নেই এজেন্সী মারফত কত দেওয়া হয়েছে।

Shri Birendra Narayan Ray:
কোন্ বছর এজেন্সী মারফত কত টাকা দেওয়া হয়েছে?

Shri Bijoy Singh Nahar:
আমার কাছে যে লিষ্ট আছে তা পড়ে দিচ্ছি। ১৯৬১-৬২ সালে অ্যাডভারটাইজিং অ্যান্ড পাবলিক রিলেসানস তাকে মোট দেওয়া হয়েছে ৯,৬৭৮ টাকা; পাবলিসিটি ফোরামকে দেওয়া হয়েছে ৪৮,২৯২·১৬ টাকা; প্রোগ্রেসিভ পাবলিসিটি তাকে দেওয়া হয়েছে ৯৯,৯০১৲৯০ পয়সা; ক্যারিয়ন অ্যাডভারটাইজিং সার্ভিসেস তাকে দেওয়া হয়েছে ৪,২২০.০০ টাকা।

আর ১৯৬২-৬৩ সালে কল্পনা অ্যাডভারটাইজিং অ্যান্ড পাবলিক রিলেসানস তাকে দেওয়া হয়েছে ১,৫৭৬ টাকা; পাবলিসিটি ফোরাম তাকে দেওয়া হয়েছে ৩৪,৪৭৩ টাকা; প্রোগ্রেসিভ পাবলিসিটি তাকে দেওয়া হয়েছে ৪৬,৪১৬·৫০ টাকা; ইন্ডিয়ান পাবলিসিটি ব্যুরো তাকে দেওয়া হয়েছে ১৭,৫৪৪ টাকা। আর ১৯৬৩-৬৪ সালে দেওয়া হয়েছে কল্পনা অ্যাডভারটাইজিং অ্যান্ড পাবলিক রিলেসানস তাকে দেওয়া হয়েছে ২২,৪১৭·১০ টাকা; পাবলিসিটি ফোরামকে দেওয়া হয়েছে ৬,১৩৩·৪৪ টাকা; প্রোগ্রেসিভ পাবলিসিটি সারভিস তাকে দেওয়া হয়েছে ৬৬,৩৯৩·৭০ টাকা; ইন্ডিয়ান পাবলিসিটি ব্যুরো তাকে দেওয়া হয়েছে ১৬,৫৬৬ টাকা; আলফা অ্যাডভারটাইজিং সার্ভিস তাকে দেওয়া হয়েছে ৩৯,৫১৬·২৫ টাকা; ক্যারিয়ন অ্যাডভারটাইজিং সার্ভিস তাকে দেওয়া হয়েছে ১৮,৭০৯·৭৫ টাকা।

আর ১৯৬৪-৬৫ সালে কল্পনা অ্যাডভারটাইজিং অ্যান্ড পাবলিক রিলেসানসকে দেওয়া হয়েছে ২৩,৩১০·৩৫ টাকা; প্রোগ্রেসিভ পাবলিসিটি সার্ভিসকে দেওয়া হয়েছে ৪৩,৩০৮·৭৭ টাকা; ইন্ডিয়ান পাবলিসিটি ব্যুরো তাকে দেওয়া হয়েছে ২৫,৩৭০·৬০ টাকা; আলফা অ্যাডভারটাইজিং সার্ভিস তাকে দেওয়া হয়েছে ৩৪,৮৯৩·৫৪ টাকা; জে, ওয়ালটার থমসন তাকে দেওয়া হয়েছে ১১,৭৫১·৪০ টাকা।

Lay-off in Bangeswari Cotton Mills, Serampore

***503.** (Admitted question No. *2958.)

Shri Panchu Gopal Bhaduri: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether there has been any lay off of workers of Bangeswari Cotton mills of Serampur on and from 22-3-65;

(b) if so, what is the reason of the lay off?

Shri Bijoy Singh Nahar:

(ক) হ্যাঁ।

(খ) কারখানার বয়লারের চিমনী ভাঙ্গিয়া যাওয়ায় লে-অফ করা হইয়াছিল।

Shri Panchu Gopal Bhaduri:
একথা কি সত্য যে ঐ চিমনীটা যেভাবে ভেঙ্গে পড়ে যায়, সেটা ম্যানেজমেন্ট-এর ম্যানুপুলেসান?

Shri Bijoy Singh Nahar:
সেটা আমি বলতে পারবো না ম্যানুপুলেসান কিনা।

Shri Panchu Gopal Bhaduri:
খোঁজ করে কি দেখা হয়েছে চিমনী চারটা ইস্পাতের কর্ড দিয়ে চারিদিকে বাঁধা ছিল, সেটা মাঝে মাঝে খুলে দেওয়া হয়েছে যাতে ঐটা পড়ে যেতে পারে এবং এমন সময় সেটা পড়ে গেছে, যে সময় মিলে তুলার যোগান ছিল না, সেই সময় এদের মজুরী ফাঁকি দেওয়া যায় এবং লে অফ করা যায় বলে এটা করা হয়েছে?

Shri Bijoy Singh Nahar:
চিমনীর অনুসন্ধান লেবার ডিপার্টমেন্টের আওতায় আসে না। কাজেই সেটা দেখা হয়নি বা দেখার সুযোগ ছিল না।

Shri Panchu Gopal Bhaduri:
মন্ত্রিমহাশয় জানাবেন কি, চিমনী সংক্রান্ত অনুসন্ধান ফ্যাক্টরী ইন্সপেক্টর-এর তদন্তের মধ্যে আছে কিনা?

Shri Bijoy Singh Nahar:
আমার যতদূর জানা আছে চিমনী আসে না, বয়লার পর্যন্ত আসে।

Shri Panchu Gopal Bhaduri:
চিমনী হচ্ছে বয়লারের একটা পার্ট, কাজেই চিমনী বয়লার থেকে আলাদা নয়। এটা তো ঠিক?

Shri Bijoy Singh Nahar:
আমি বলে দিচ্ছি—
Chimney does not come under the purview of Indian Boilers Act.

Shri Sanat Kumar Raha:
তাহলে লে অফ-এর সম্ভাবনা আছে--এই দৃষ্টিতে লেবার ডিপার্টমেন্ট থেকে চিমনী সংক্রান্ত তদন্ত করা সম্ভব নয়?

Shri Bijoy Singh Nahar:
না।

Shri Sanat Kumar Raha:
লে-অফের কারণে এটা ঘটান হয়েছে কিনা সেটা লেবার ডিপার্টমেন্ট তদন্ত করেছেন?

Shri Bijoy Singh Nahar:
লে-অফ করতে গেলে যে অবস্থা হওয়া দরকার, সেটা হয়েছে লেবার ডিপার্টমেন্ট দেখেছেন।

[1-50—2 p.m.]

শ্রীঅনাদি দাস: কি প্রোটেকটিভ মেজার্স নেওয়া হয়েছিল ঐ ফ্যাক্টরীতে যাতে নাকি দুর্ঘটনা না ঘটে এই সম্পর্কে ফ্যাক্টরী ইন্সপেক্টরস-এর দায়িত্ব আছে। চিমনী ভেঙ্গে পড়লো এবং এর জন্য যে দুর্ঘটনা ঘটতে পারে সে সম্পর্কে কোন কিছু হয়েছিল কিনা কারণ ইন্ডিয়ান বয়লার্স অ্যাক্টএ যে বিধান আছে সে দায়িত্ব পালন করা হয়েছে কিনা?

শ্রীবিজয়সিংহ নাহার: এটা বলতে পারবো না ঐ বিধান অনুসারে কতটা দায়িত্ব আছে কিন্তু এখানে পরিষ্কার বলা আছে যে চিমনী ইন্ডিয়ান বয়লার্স অ্যাক্টএর মধ্যে আসে না।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এই যে লে-অফ ম্যালাফাইড হয়েছে কিনা?

শ্রীবিজয়সিংহ নাহার: লে-অফ মেলাফাইড বলতে পারবো না।

শ্রীপাঁচুগোপাল ভাদ্রড়ী: অন্‌সন্ধান করবেন কি?

শ্রীবিজয়সিংহ নাহার: করতে পারি সেটা মেলাফাইড কিনা।

শ্রীপাঁচুগোপাল ভাদ্রড়ী: এই সম্পর্কে জানেন কি যে মেলাফাইড চ্যালেঞ্জ করা হয়েছিল এবং কোম্পানী চারদিন ঐ লে-অফ চেপে দেবার জন্য ২ দিনের মাহিনা দিয়ে দিয়েছে?

শ্রীবিজয়সিংহ নাহার: সকলকে মাহিনা দেয় নি যাদের পাওনা ছিল তাদের দিয়েছে। আমার যে রিপোর্ট তাতে লে-অফ চেপে দেবার জন্য সব মাহিনা দিয়ে দেওয়া হয়নি।

শ্রীপাঁচুগোপাল ভাদ্রড়ী: আমি আবার বলছি আপনি সাবসিকোয়েন্টলি এই লে-অফ মেলাফাইড সম্পর্কে অন্‌সন্ধান করবেন কি?

শ্রীবিজয়সিংহ নাহার: হ্যাঁ, খোঁজ করে দেখবো মেলাফাইড কিনা।

Health Centres in Ranaghat police-station

***504.** (Admitted question No. *3069.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অন্‌গ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট থানায় কতগর্‌লি হেলথ সেন্টার আছে;

(খ) রানাঘাট থানার প্রত্যেকটি "অঞ্চলে" বা ইউনিয়নে হেলথ সেন্টার আছে কিনা;

(গ) কোন কোন অঞ্চলে হেলথ সেন্টার আছে আর কোন কোন অঞ্চলে নাই; এবং

(ঘ) যেসমস্ত অঞ্চলে হেলথ সেন্টার নাই, সেখানে হেলথ সেন্টার স্থাপনের কোন প্রস্তাব আছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) রানাঘাট থানা দুইটি উন্নয়ন সংস্থায় বিভক্ত হইয়াছে। উক্ত দুইটি সংস্থায় বর্তমান স্বাস্থ্যকেন্দ্রের অবস্থা নিম্নরূপঃ

রানাঘাট ১নং উন্নয়ন সংস্থা—প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১), (হবিবপুর নির্মীয়মান) উপস্বাস্থ্য কেন্দ্র (২)।

রানাঘাট ২নং উন্নয়ন সংস্থা—প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১), উপস্বাস্থ্যকেন্দ্র (২)।

(খ) না।

(গ) রানাঘাট ১নং ও ২নং উন্নয়ন সংস্থা নিম্নলিখিত ইউনিয়ন বা অঞ্চল লইয়া গঠিত ১নং সংস্থা, (১) জামুরিয়া, (২) হারাধন, (৩) খিসমা, (৪) বারাসত, (৫) পাহাড়পুর (৬) হবিবপুর, (৭) নপাড়া মাসুন্দা। ২নং সংস্থা (১) বৈদ্যপুর, (২) মাঝেরগ্রাম, (৩) দেবগ্রাম (৪) আইথামালি, (৫) দত্তপুলিয়া, (৬) বাহিরগাছি, (৭) আড়ংঘাটা, (৮) কমলপুর (৯) নাকাশি, (১০) রঘুনাথপুর। উহাদের মধ্যে ১নং সংস্থায় ৫, ৬ ও ৭নং অঞ্চলে ও ২নং সংস্থায় ২, ৫, ৭ ও ৮নং অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র আছে।

(ঘ) বর্তমানে নাই।

Establishment of Hospitals in Birbhum district

***505.** (Admitted question No. *3212.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অন্‌গ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় হাসপাতাল করার জন্য সরকারকে স্থানীয় লোক টাকা ও জমি দিয়াছেন অথচ সরকার আজ পর্যন্ত কোন হাসপাতাল তৈয়ারী করেন নাই এমন ঘটনার সংখ্যা কত; এবং

(খ) বীরভূম জেলায় জেলা হাসপাতালে যে স্টাফ আছেন তাহাদের সংখ্যা কত?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) কেবলমাত্র টাকা পাওয়া গিয়াছে	...	৬টি স্থানে
কেবলমাত্র জমি পাওয়া গিয়াছে	...	২টি স্থানে
টাকা ও জমি পাওয়া গিয়াছে	...	৩টি স্থানে
	মোট	১১টি স্থানে

(খ) ৮৪ জন সেবিকা সহ মোট ২৫৯ জন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আপনি বললেন যে তিনটে জায়গায় জমি এবং টাকা পাওয়া গিয়েছে। আমার জিজ্ঞাস্য তাহলে হাসপাতাল হয়নি কেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: আমাদের বর্তমান যে নিয়ম করা হয়েছে তাতে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ২টা সাবসিডিয়ারী হেলথ সেন্টার যেখানে তিনটা করে হয়ে গেছে সেখানে টাকা এবং জমি পাওয়া গেলেও আপাততঃ সেখানে সমস্ত কিছু করা স্থগিত আছে।

শ্রীসিদ্ধেশ্বর মন্ডল: বীরভূম জেলায় রামনগর থানায় হেলথ সেন্টার করার জন্য অনেকদিন আগে জমি এবং টাকা দেওয়া হয়েছে অথচ এখনও কিছু করা হয়নি কেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: কোন স্পেসিফিক কেস-এর কথা বলতে পারবো না যেখানে প্রাইমারী এবং সাবসিডিয়ারী হয়ে গেছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন নূতন যে নীতি তাতে প্রাইমারী হেলথ সেন্টার এবং সাবসিডিয়ারী হেলথ সেন্টার যেখানে আছে সেখানে নূতন কিছু করবার দরকার নেই। আমার জিজ্ঞাস্য এই নীতি কি ঠিক অনুসরণ করছেন।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: তৃতীয় পরিকল্পনা আর সেখানে করা যাবে না।

Setting up of a Water-Works at Kalna

***506.** (Admitted question No. *3225.)

শ্রীহরেকৃষ্ণ কোঙার: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কালনা শহরের জলকল (ওয়াটার ওয়ার্কস) স্থাপনের প্রথম পর্যায় কবে শেষ হইয়াছে;

(খ) ঐ পরিকল্পনার দ্বিতীয় পর্যায় কবে সুরু হইবে; এবং

(গ) এ বিষয়ে কালনা পৌরসভা সরকারকে কিছু জানাইয়াছেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ১৯৬৩ সালের সেপ্টেম্বর মাসে।

(খ) যথাসম্ভব শীঘ্রই আরম্ভ করা হইবে।

(গ) কালনা পৌরসভা সরকারকে পরিকল্পনাটির কার্য যথাশীঘ্র আরম্ভ করিবার অনুরোধ করিয়াছেন।

শ্রীঅশ্বিনী রায়: আমার কথা হচ্ছে কালনা পৌরসভা প্রথম কবে রিকোয়েস্ট করে পাঠান?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: আমি সবটা জানাচ্ছি আমাদের ফাস্ট ফেইজ-এর কাজ হয়ে গেছে সেকেন্ড ফেইজ-এর জন্য আরও সাড়ে তিন লক্ষ টাকা লাগবে বলে পৌরসভা জানিয়েছেন এবং ওয়ান-থার্ড তারা লোন হিসাবে পায় এবং টু-থার্ড গ্র্যান্ট হিসাবে দিতে হয় এবং এই খরচ বহন করতে পারবেন কিনা তার উত্তরে বলেছেন পারবেন এবং যতশীঘ্র সম্ভব কাজ আরম্ভ করা হবে।

G.D.A.'s of Howrah General Hospital

***507.** (Admitted question No. *3259.)

শ্রীঅনাদি দাসঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেনারেল হাসপাতালে কর্মরত জি ডি এ-এর সংখ্যা কত;

(খ) তাহাদের মধ্যে কতজন স্থায়ী ও কতজন অস্থায়ী;

(গ) ইহা কি সত্য যে, তাহাদের কাহাকেও এ পর্যন্ত সার্ভিস বুক দেওয়া হয় নাই, ফলে তাহারা ছুটি ভোগ করিতে পাইতেছেন না এবং তাহাদের মাহিনা বৃদ্ধি বন্ধ আছে এবং

(ঘ) সত্য হইলে, সরকার এ সম্পর্কে কোন ব্যবস্থা করিতেছেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ১৪৬।

(খ) স্থায়ী ৭৩ জন এবং অস্থায়ী ৭৩ জন।

(গ) সার্ভিস বুক সকলেরই হইয়াছে। আইনানুযায়ী সকলেই ছুটি পাইতেছে। আইনানুযায়ী বেতন বৃদ্ধি হইতেছে।

(ঘ) প্রশ্ন উঠে না।

শ্রীঅনাদি দাসঃ হাওড়া হাসপাতালের সমস্ত জি ডি এ এরই সার্ভিস বুক দেওয়া হয়েছে কিন্তু শ্রীবীরেশ্বর দে সার্ভিস বুক পাচ্ছে না বলে দরখাস্ত দিয়েছিল সেটা কি হয়েছে কেন পাচ্ছে না তাহা জানাবেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ নিশ্চয়ই এ সম্পর্কে কোন অভিযোগ আছে।

শ্রীঅনাদি দাসঃ অভিযোগ থাকলে তাহা জানাবার বিধি আছে সেরূপ জানানো হয়েছে কিনা?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ টেমপোরারী স্টাফেদের এরূপ জানাবার কোন বিধি নেই।

শ্রীঅনাদি দাসঃ বীরেশ্বর দে টেমপোরারী না পারমানেন্ট?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ এখানে জি ডি এ-দের কথা বলেছেন কতজন পারমানেন্ট এবং কতজন টেমপোরারী তা জিজ্ঞাসা করেছেন এইভাবে স্পেসিফিক কেস-এর কথা বলতে পারবো না। এরূপ জিজ্ঞাসা করতে হলে আলাদা প্রশ্ন করলে জানাবো।

শ্রীঅনাদি দাসঃ বীরেশ্বর দে একজন টেমপোরারী জি ডি এ একথা জানেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আপনি যদি বিশেষ কোন কেস সম্পর্কে জিজ্ঞাসা করতে চান বা জানতে চান তাহলে আমার সঙ্গে দেখা করতে পারেন অথবা আলাদা প্রশ্ন করতে পারেন। এখানে আপনার প্রশ্ন ছিল টেমপোরারী জি ডি এ কত এবং পারমানেন্ট কত এবং আমি তার উত্তর দিয়েছি।

Chemical Laboratories

***508.** (Admitted question No. *2559.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী বা সরকারী সাহায্যপ্রাপ্ত রাসায়নিক পরীক্ষাগারের বর্তমানে সংখ্যা কত;

(খ) ১৯৬৩-৬৪ সালে উক্ত পরীক্ষাগারগুলিতে স্থায়ী পরীক্ষকের ও সহকারী পরীক্ষকের সংখ্যা ও বেতন বাবদ কত ব্যয় হয়; এবং

(গ) উক্ত আর্থিক বৎসরে কোনও অস্থায়ী পরীক্ষক বা সহকারী নিযুক্ত হইয়া থাকিলে তজ্জন্য কত ব্যয় হয়?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) একটি।

(খ) স্থায়ী পরীক্ষকের সংখ্যা ১, স্থায়ী সহকারী পরীক্ষকের সংখ্যা ৭ এবং বেতন বাবদ ব্যয় ২৩,৩৫০·০০ টাকা।

(গ) উক্ত বৎসরে ঐরূপ কোন কর্মচারী নিযুক্ত হয় নাই।

শ্রীঅশ্বিনী রায়: আপনি একটা পরীক্ষাগারের কথা বলেছেন অথচ বিধানসভায় যে অভিযোগ পাওয়া যায় কেমিক্যাল এনালেসিস-এর ব্যাপারে সে সম্পর্কে আর কোন এরূপ ধরনের পরীক্ষাগার স্থাপনের ইচ্ছা আছে কিনা?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: না। এটা হচ্ছে কেমিক্যাল একজামিনেসান-এর ব্যাপারে আমাদের মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল-এর ভেতরে এরূপ একটা ব্যবস্থা আছে। সেখানে খাদ্যদ্রব্য এবং অন্যান্য সব পরীক্ষা করা হয় পাবলিক ডায়গোনিস্টি লেবোরেটরী-এর নাম্বার বাড়াবার প্রয়োজন আছে বলে মনে করি না। এখানে শুধু এনালিসিস-এর কথা ছাড়া আর কিছু করা হয় না। এছাড়া নয়টা যে আর কেমিক্যাল লিস্ট-এর কথা আমি বলেছি সেটা এর মধ্যে আসে না। সেখানেও অনেক কিছু পরীক্ষা করা হয়।

Jail Code

***509.** (Admitted question No. *2606.)

শ্রীকানাই পাল: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কারা সংহিতা আমূল পরিবর্তন করা হইতেছে; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় জানাইবেন কি এই কাজ সম্পন্ন হইতে কত সময় লাগিবে?

Shri Jagannath Kolay:

(ক) ও (খ) না, তবে সংশোধিত হইয়াছে এবং মুদ্রিত হইতেছে। মুদ্রণ কার্য কবে সম্পন্ন হইবে সঠিক বলা সম্ভব নহে।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে সংশোধন করা হচ্ছে এই সংশোধনটা আমূল সংশোধন করা হচ্ছে না কেন?

শ্রীজগন্নাথ কোলে: সংশোধন অনেক হচ্ছে—অনেক সংস্কার হচ্ছে তবে আমূল পরিবর্তন নয়।

শ্রীকানাই পাল: আমার প্রশ্ন হচ্ছে ইংরেজ আমলে যে দৃষ্টিভঙ্গী নিয়ে জেল সংহিতা লেখা হয়েছিল তার আমূল সংশোধন হওয়ার প্রয়োজন একথা মনে করেন কিনা?

শ্রীজগন্নাথ কোলে: যেখানে যেখানে পরিবর্তন করা দরকার মনে হয়েছে সেখানেই পরিবর্তন করা হয়েছে এবং দরকার হলে আরও পরিবর্তন করা হবে।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যে সমগ্র কারা সংহিতা সংশোধন করে তার সর্ট ডিস্ট এই ধরনের কোন কিছু বার করবার জন্য চেষ্টা করবেন কিনা যেটা কারা বিভাগের কর্মচারীদের এবং কারাগারে যারা আছে তাদের নূতন আবশ্যকীয় জিনিস এতে মেটাতে পারে সেইজন্য আমার কথা হচ্ছে যে এরকম ডিস্ট করে কিছু ছাপাবার ব্যবস্থা করবেন কি?

শ্রীজগন্নাথ কোলে: আপনি যি ছোট আকারে ছাপাবার কথা বলছেন এরূপ ছোট আকারে ছাপা সম্ভব নয়!

Wages for Bidi-Workers

***510.** (Admitted question No. *2826.)

শ্রীসনৎকুমার রাহাঃ শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিড়ি তৈয়ারীর বৃহৎ কেন্দ্র কোথায়;

(খ) এই সকল কেন্দ্রে বিড়ি শ্রমিকদের নিম্নতম মজুরী চালু আছে কিনা;

(গ) থাকিলে ওই মজুরির হার কি; এবং

(ঘ) ধুলিয়ান ও অরংগাবাদে কি মজুরী ধার্য করা আছে?

Shri Bijoy Singh Nahar:

(ক) পশ্চিমবঙ্গে বিড়ি তৈয়ারীর বৃহৎ বৃহৎ কেন্দ্র নিম্নলিখিত স্থানে অবস্থিত:—

(১) মুর্শিদাবাদ জেলার ধুলিয়ান, নিমতিতা, ঔরঙ্গাবাদ ও জঙ্গীপুর অঞ্চল।

(২) পুরুলিয়া জেলার ঝালদা ও পুরুলিয়া শহর।

(৩) বাঁকুড়া জেলার বাঁকুড়া সদর।

(৪) বর্ধমান জেলার রানীগঞ্জ অঞ্চল।

(৫) মালদহ জেলার কালীয়াচক অঞ্চল।

(৬) পশ্চিম দিনাজপুর জেলার হিলি অঞ্চল।

(খ) হ্যাঁ।

(গ) মিউনিসিপ্যালিটি এবং মহকুমা শহর ও তৎপার্শ্ববর্তী দুই মাইলের মধ্যে অবস্থিত অঞ্চলের জন্য। অন্যান্য এলাকার জন্য।

	প্রতি হাজারের হার টাকা	প্রতি হাজারের হার টাকা
ধুলিয়ান, ঔরঙ্গাবাদ ও নিমতিতা	১·৫০	১·৩৮
জঙ্গীপুর	২·০৬	১·৯৪
পুরুলিয়া শহর	২·০০	১·৮৭
ঝালদা শহর	১.০০	৮৭
বাঁকুড়া	২·০০	১·৮৮
বর্ধমান	২·০৬	১·৯৪
মালদহ	২·০০	১·৮৮
পশ্চিম দিনাজপুর	২·০৬	১·৯৪

(ঘ) হ্যাঁ।

শ্রীসনৎকুমার রাহাঃ বহরমপুরে এবং কলকাতার বিভিন্ন জায়গায় তিন টাকা করে বিড়ির হাজারের রেট—সমস্ত জায়গাতে এই সর্বনিম্ন রেট কলকাতা বা বহরমপুর অনুসারে নির্দিষ্ট আছে কিনা এবং একটা ইউনিফর্ম রেট বিশেষ করে মফঃস্বল শহরে চালু নেই কেন?

শ্রীবিজয়সিংহ নাহারঃ ইউনিফর্ম রেটের জন্য যে কমিটি করা হয়েছিল—ওয়েজ বোর্ড তারা ইউনিফর্ম রেট করে দেন নি—যে রেট তারা করে দিয়েছেন সেই চালু আছে—আমরা একটা অ্যাডভাইসারী কমিটি করেছি মুর্শিদাবাদ শহরের জন্য তাদের সভা হচ্ছে এবং তারা একটা ইন্টারিম রিলিফ সেই অঞ্চলে দিয়েছে—আর একটা আমরা ব্যবস্থা করছি এবং শীঘ্রই করা হবে সারা বাংলাদেশের জন্য নিম্নতম মজুরী বিড়ি শ্রমিকদের নির্ধারণ করার—এবং আশা করছি যে এটা শীঘ্রই করা হবে।

শ্রীসনৎকুমার রাহাঃ ঝালদায় এক টাকা ১৪ আনা করে হাজারের রেট—এটা কি আপনাদের দৃষ্টিতে আসে নি যে এই রেটটা বাড়ানো উচিত।

শ্রীবিজয়সিং নাহারঃ সব জায়গায় বাড়ানো উচিত বলেই তো একটা কমিটি করে যাতে রেটটা রিভাইস করা যায় তার ব্যবস্থার কথা আমরা চিন্তা করছি এবং আশা করি শীঘ্রই সেটা করা হবে।

শ্রীনারায়ণ চৌবে: আপনারা যে রেট ফিক্স করেছেন সেটাও ইমপ্লিমেন্টেড হচ্ছে না বহু জায়গাতে সুপারভিসন হচ্ছে না বলে এবং এটা বার বার আপনাদের কাছে বলেছি কিছু করতে পারেন কিনা?

শ্রীবিজয়সিং নাহার: আমাদের কাছে যেটুকু খবর দিয়েছেন প্রত্যেক জায়গায় চেষ্টা করেছি এবং ব্যবস্থা করা হয়েছে যাতে ঠিকমত হয়। যারা ঠিকমত পয়সা দিচ্ছেন না তার জন্য বিহিত ব্যবস্থা করছি। যেসব জায়গা পাচ্ছে না অনুগ্রহ করে জানান নিশ্চয়ই আমরা ব্যবস্থা করবো।

Cases of Adulteration in Milk, Ghee and Butter in Midnapore District

***511.** (Admitted Question No. *2854.)

শ্রীঅনঙ্গমোহন দাশ: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে মেদিনীপুর জেলায় কতজনকে দুধে, ঘিতে এবং মাখনে ভেজাল দেওয়ার অপরাধে অভিযুক্ত করা হইয়াছে; এবং

(খ) উহাদের মধ্যে কতজনের সাজা হইয়াছে এবং কিরূপ সাজা হইয়াছে?

The Minister for Health:

(ক)

খাদ্যদ্রব্যের নাম		অভিযুক্ত ব্যক্তির সংখ্যা
দুধ	...	১৭ জন
ঘি	...	×
মাখন	...	১ জন

(খ)

খাদ্যদ্রব্যের নাম	সাজাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা	সাজার পরিমাণ
দুধ	১০ জন *	১০ টাকা হইতে ৫০, টাকা পর্যন্ত জরিমানা।
ঘি	...	...
মাখন	*	...

*অবশিষ্ট ৮টি অভিযোগের (৭টি দুধের এবং ১টি মাখনের) মামলা এখনও বিচারাধীন।

Bonus for the Workers of India Jute Co. Ltd., Serampore

***512.** (Admitted Question No. *2969.)

Shri Panchugopal Bhaduri: Will the Minister for Labour Department be pleased to state—

(a) whether the Government is aware (i) that the cotton section of India Jute Co., Ltd., of Serampore has not paid their workers adequate bonus in 1964 either according to cotton textile tribunal award or as per recommendations of the Bonus Commission, and

(ii) that about 30 workers have been charge-sheeted and suspended for demanding the proper quantum of bonus; and

(b) if so, what steps Government proposes to take in this matter?

The Minister for Labour:

এ (১) কোম্পানী এবং শ্রীরামপুর সাবডিভিশনাল কটন টেক্সটাইলস ওয়ার্কার্স ইউনিয়নের মধ্যে সম্পাদিত ৫-১০-৬৪ তারিখের চুক্তি অনুযায়ী ১৯৬৪ সালে বোনাস দেওয়া হয়। বোনাস কমিশনের সুপারিশ অনুযায়ী প্রদেয় নিম্নতম বোনাস অপেক্ষা কোম্পানী প্রদত্ত বোনাসের পরিমাণ এই চুক্তি অনুযায়ী পাঁচ টাকা কম।

বস্ত্র বিভাগের (কটন সেকশন) কাজ ১৯৬০ সালে আরম্ভ হয়। কোম্পানী ১৯৫৮ সালের কটন টেক্সটাইল ট্রাইব্যুনালের পক্ষ ভুক্ত ছিলেন না কাজেই উক্ত ট্রাইব্যুনালের সিম্ধান্ত মানার বাধ্য-বাধকতা কোম্পানীর নাই।

এ (২) উচ্ছৃঙ্খল আচরণের জন্য প‘চিশ জন কর্মীকে চার্জসীট দেওয়া হয় এবং সাময়িক-ভাবে কর্মচ্যুত করা হয়।

বি সংশ্লিষ্ট কর্মীদের ব্যাপারে ঘরোয়া তদন্ত করা হইতেছে। কোম্পানী তাঁহাদের সম্বন্ধে শীঘ্রই সিম্ধান্ত গ্রহণ করিবেন। প্রয়োজন হইলে উক্ত সিম্ধান্তের বিরুদ্ধে শিল্পবিরোধ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

Primary and Subsidiary Health Centres in Malda district

***513.** (Admitted Question No. *3027.)

শ্রীকমলকৃষ্ণ রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় ৩টি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আজ পর্যন্ত কয়টি প্রাইমারী ও কয়টি সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্র স্থাপিত হইয়াছে;

(খ) ঐ স্বাস্থ্য কেন্দ্রগুলির কোনটি কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত; এবং

(গ) উক্ত জেলার গাজোল থানার রানীপুর সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্রটি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে, প্রস্তুত হওয়া সত্ত্বেও এবং দশটি শয্যার উপযোগী বিল্ডিং তৈয়ারী হওয়া সত্ত্বেও মাত্র চারিটি শয্যাতে রোগী রাখার ব্যবস্থা আছে ইহার কারণ কি?

The Minister for Health:

(ক) ১১টি প্রাথমিক ও ১৯টি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে।

(খ) এতৎসহ একটি বিবরণী সন্নিবেশিত হইল।

(গ) গাজোল থানার অন্তর্গত রাণীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রটি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে স্থাপিত হইয়াছে। তৎকালীন স্থাপন নীতি অনুযায়ী উক্ত স্বাস্থ্যকেন্দ্রে ৪ (চারিটি) শয্যা সন্নিবেশিত হইয়াছে। উক্ত স্বাস্থ্যকেন্দ্রের গৃহটি ৪ (চারি) শয্যার উপযোগী নির্মিত হইয়াছে; দশ শয্যার উপযোগী নহে।

Statement referred to in reply to clause (kha) of starred question No. 513

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা	তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা
বৈদ্যপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র (১০)	আড়াইডাঙ্গা উপ-স্বাস্থ্যকেন্দ্র	রাতুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০)
দৈলতপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০)	বাবুপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	
দেবীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র (১০)	বামনগোলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০)	মধুরাপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র (২)
সতীমারী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০) (গাজল ব্লক)	গোবিন্দপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র (১০)	চঞ্চল উপ-স্বাস্থ্যকেন্দ্র
হবিবপর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০)	গোপালগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০)	ভালুকা উপ-স্বাস্থ্যকেন্দ্র
হরিশ্চন্দ্রপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (৫০)	হামিদপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	নুরপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র (২)
মিলকি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০)	কুম্ভীরা উপ-স্বাস্থ্যকেন্দ্র	চণ্ডীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র (২)
খাদিপর উপ-স্বাস্থ্যকেন্দ্র (১০)	খড়বা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (১০)	
রাণীপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র (৪)	খেমপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র খুসীদা উপ-স্বাস্থ্যকেন্দ্র	
ছোট সুজাপুর প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্র (১০)।	মানিকচক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (২০)	
	পাণ্ডুয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র (১০)	
	ঋষিপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	
	ভিঙ্গল উপ-স্বাস্থ্যকেন্দ্র	

Discharge of Workers from Kalyani Spinning Mill

***514.** (Admitted Question No. *3153.)

Shri Gour Chandra Kundu: Will the Minister-in-charge of the LABOUR DEPARTMENT be pleased to state—

(a) whether it is a fact that 23 workers of Kalyani Spinning Mill at Kalyani (Nadia) have been discharged in the month of March '65; and

(b) if so, what are the reasons for this retrenchment?

The Minister for Labour:

(এ) ও (বি) ২৩-৩-৬৫ তারিখ হইতে ১৭ জন কর্মীকে কর্মচ্যুত করা হইয়াছে।

১০-১০-৬৪ তারিখের অবস্থান ধর্মঘটকে কেন্দ্র করিয়া নানা প্রকার উচ্ছৃংখল আচরণই এই কর্মচ্যুতির কারণ।

Acquisition of Land for Kalna Subdivisional Hospital

***515.** (Admitted Question No. *3226.)

শ্রীহরেকৃষ্ণ কোঙার: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রস্তাবিত কালনা মহকুমা হাসপাতালের জন্য নির্দিষ্ট জমি দখলের ব্যাপারে যে মামলা চলিতেছিল তাহা নিষ্পত্তি হইয়াছে কি না;

(খ) মামলার রায় সরকারের পক্ষে হইয়া থাকিলে, সরকার সেই জমির দখল লইয়াছেন কি না; এবং

(গ) প্রস্তাবিত হাসপাতাল নির্মাণের জন্য কোন টেণ্ডার আহ্বান করা হইয়াছে কি না।

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় জমির দখল লওয়া হইয়াছে।

(গ) না।

Deaths from Dog-bites

***516.** (Admitted Question No. *3241.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বেওয়ারিশ কুকুরের কামড়ে গত তিন বৎসর প্রতি বৎসর কত লোক আহত এবং মৃত্যুমুখে পতিত হয়; এবং

(খ) এই দুর্ঘটনা নিবারণের কোন ব্যবস্থা সরকার অদ্যাবধি করিয়াছেন কি না এবং করিয়া থাকিলে তাহা কি?

The Minister for Health:

(ক) গত তিন বৎসরে পশ্চিমবঙ্গে বেওয়ারিশ কুকুরের কামড়ে আহত ও মৃতলোকের সংখ্যা নিম্নরূপ:—

সাল (ইং)	আহতের সংখ্যা	মৃত্যুর সংখ্যা
১৯৬২	১৩,৬২৫	৮০
১৯৬৩	১৫,১৩৮	১২৩
১৯৬৪	১৪,৯৮৬	১১৫

(খ) আইন অনুসারে এই সকল দুর্ঘটনা নিবারণের ব্যবস্থা অবলম্বন করিবার দায়িত্ব স্থানীয় স্বায়ত্তশাসন কর্তৃপক্ষের।

Employees of the State Blood Transfusion Service

***517.** (Admitted Question No. *2567.)

Shri Aswini Roy: Will the Mnister-in-charge of the Health Department be pleased to state—

(a) total number of permanent officers employed in the State Blood Transfusion Service during the years of 1963 and 1964;

(b) their scales of pay; and

(c) total collection of Blood in each of the above years?

The Minister for Health: (a) and (b) There is no separate State Blood Transfusion Service. Medical Officers of West Bengal Health Service are employed in Blood Banks in Calcutta and Districts. A statement is laid on the library table regarding permanent posts of officers etc., in Blood Banks under the State Government.

(c) Total collection of blood:—

1963—40,863 bottles of 250 c.c. each.

1964—35,214 bottles of 250 c.c. each.

Statement referred to the reply to clauses (a) and (b) starred question No. 517

Permanent Officers and their scales of pay—attached to Blood Banks under the State Government (1963)

Officers	No.	Scale of pay
1. Medical Officer-in-Charge ..	1	Rs. 850—50—1,300—plus N. P. A. and other admissible allowances.
2. Medical Officer	6	Rs. 300—25—800 plus N. P. A. and other admissible allowances.
3. Publicity Officer	1	Rs. 225—10—325—15—475 plus other admissible allowances.
4. Laboratory Assistant... ..	8	Rs. 200—10—400 plus other admissible allowances.
5. Stenographer	1	Rs. 175—7—245—8—325 plus other admissible allowances.
6. Social Welfare Organiser ..	2	Rs. 200—10—400 plus other admissible allowances.
7. Staff-Nurse	2	Rs. 175—7—245—8—325 plus other admissible allowances.
8. Head Clerk-cum-Cashier ..	1	Rs. 200—10—300 plus other admissible allowances.
9. Store-Keeper	1	Rs. 125—3—140—4—200 plus other admissible allowances.
10. Clerks	2	Rs. 125—3—140—4—200 plus other admissible allowances.
11. G. D. A. (Gr. II)	9	Rs. 65—1—85 plus other admissible allowances.
	34	

Permanent Officers and their scales of pay—attached to the Blood Banks under the State Government (1964)

Officers.	No.	Scale of pay.
1. Director (The post of Medical Officer-in-charge has been re-designated from 1-6-64.)	1	Rs. 1,500—60—1,800 plus N. P. A. and other admissible allowances.
2. Medical Officer	8	Rs. 300—25—800 plus N. P. A. and other admissible allowances.
3. Publicity Officer	1	Rs. 225—10—325—15—475 plus other admissible allowances.
4. Laboratory Assistant (Gr. I) ..	8	Rs. 200—10—400 plus other admissible allowances.
5. Stenographer	1	Rs. 175—7—245—8—325 plus other admissible allowances.
6. Social Welfare Organiser ..	2	Rs. 200—10—400 plus other admissible allowances.
7. Staff Nurse	2	Rs. 175—7—245—8—325 plus other admissible allowances.
8. Head Clerk-cum-Cashier ..	1	Rs. 200—10—300 plus other admissible allowances.
9. Store Keeper	1	Rs. 125—3—140—4—200 plus other admissible allowances.
10. Clerks	2	Rs. 125—3—140—4—200 plus other admissible allowances.
11. G. D. A. (Gr. II)	9	Rs. 65—1—85 plus other admissible allowances.
12. Senior Technician	1	Rs. 200—10—400 plus Rs. 50 as special allowance.
13. Junior Technician	1	Rs. 200—10—400 plus Rs. 30 as special allowance.

38

Measures against Polio Diseases

***518.** (Admitted Question No. *2654.)

শ্রীকানাই পাল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে সরকার ব্যাপকভাবে পলিও রোগের প্রতিষেধক টিকা দেওয়ার ব্যবস্থা চালু করার সিদ্ধান্ত গ্রহণ করার কথা চিন্তা করিতেছেন;

(খ) সত্য হইলে, এই সিদ্ধান্ত কার্যকরী করিতে কত সময় লাগিবে;

(গ) বিধানচন্দ্র রায় পলিও ক্লিনিক এবং বরানগরে অবস্থিত পলিও ক্লিনিকে কতগুলি করিয়া শয্যা আছে; এবং

(ঘ) এই পলিও ক্লিনিক দুটিতে রোগের প্রতিষেধক টিকা দেওয়ার কোন ব্যবস্থা আছে কিনা?

The Minister for Health:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বিধানচন্দ্র রায় পলিওক্লিনিকে পলিও রোগীর জন্য মোট ২০টি শয্যা আছে। বরাহনগরে কোন পলিওক্লিনিক নামে কোন বিশেষ প্রতিষ্ঠান নাই, তবে ঐ স্থানের হসপিটাল ফর ক্রিপল চিলড্রেন এ পোলিও রোগীর জন্য নির্দিষ্ট কোন শয্যাসংখ্যা না থাকিলেও পোলিও রোগের চিকিৎসা ব্যবস্থা আছে।

(ঘ) না।

Want of Doctors in the Health Centres of Midnapore district

***519.** (Admitted Question No. *2899.)

শ্রীঅনঙ্গমোহন দাশ: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন কোন স্বাস্থ্য কেন্দ্রে বর্তমানে কোন ডাক্তার নাই;

(খ) উক্ত ব্যাপারের কারণ কি; এবং

(গ) এর জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিবার কথা চিন্তা করিতেছেন কিনা?

The Minister for Health:

(ক) নিম্নলিখিত স্বাস্থ্যকেন্দ্রগুলি সম্প্রতি খুলিবার আদেশ হইয়াছে। কিন্তু ডাক্তারের স্বল্পতা হেতু এযাবত কোনও ডাক্তার উক্ত স্বাস্থ্য কেন্দ্রগুলিতে নিয়োগ করা সম্ভবপর হয় নাই। ফলে স্বাস্থ্যকেন্দ্রগুলিও এযাবত খোলা যায় নাই:

উন্নয়ন সংস্থা	স্বাস্থ্যকেন্দ্র
ঘাটাল	নটুক উপস্বাস্থ্যকেন্দ্র
ডেবরা	কাঁকড়া শিবরাম উপস্বাস্থ্যকেন্দ্র
দাশপুর ১নং	মকরামপুর উপস্বাস্থ্যকেন্দ্র
দাশপুর ১নং	নাসজোল উপস্বাস্থ্যকেন্দ্র
রামনগর ১নং	চন্দনপুর উপস্বাস্থ্যকেন্দ্র
কাঁথি ১নং	কুলবেড়িয়া উপস্বাস্থ্যকেন্দ্র (হয়পুর ইউনিয়ন)
কাঁথি ১নং	নয়াপুট উপস্বাস্থ্যকেন্দ্র
দাঁতন ২নং	সাববা উপস্বাস্থ্যকেন্দ্র
চন্দ্রকোনা ১নং	ডিঙ্গাল উপস্বাস্থ্যকেন্দ্র

(গ) সরকারের অনুরোধক্রমে পাবলিক সার্ভিস কমিশন সম্প্রতি ৩৮৯ জন ডাক্তার মনোনীত করিয়া পাঠাইয়াছেন। উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে শীঘ্রই প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার নিযুক্ত করার ব্যবস্থা করা হইবে।

Registration Fees for the Allopathic, Homoeopathic and Ayurvedic Practioners

***520.** (Admitted Question No. *3173.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অ্যালোপ্যাথ ডাক্তারদের রেজিস্ট্রেশনের জন্য প্রতি পাঁচ বছর অন্তর কোন ফি দিতে হয় কিনা;

(খ) হোমিওপ্যাথ ডাক্তারদের রেজিস্ট্রেশান বাবদ প্রতি পাঁচ বছর অন্তর কত ফি লাগে; এবং

(গ) আয়ুর্বেদ চিকিৎসকদের কয় বছর অন্তর কত রেজিস্ট্রেশান ফি লাগে?

The Minister for Health:

(ক) না।

(খ) ২৫ টাকা।

(গ) প্রথমবার রেজিস্ট্রেশনের পর আয়ুর্বেদ চিকিৎসকদিগকে বাৎসরিক ৫ টাকা রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হয়।

K. C. Guha Memorial T. B. Hospital, Ranaghat

***521.** (Admitted Question No. *3188.)

Shri Gour Chandra Kundu: Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) who is the present R.M.O.-cum-Superintendent of K. C. Guha Memorial T. B. Hospital at Ranaghat;

(b) whether Government of West Bengal bears the establishment expenses of this Hospital; and

(c) if so, what is the amount of money given in every month during the last one year?

The Minister for Health: (a) Dr. Benoy Kr. Chatterjee.

(b) Government make grant towards the maintenance of 13 free beds reserved for Government nominees. Ad-hoc non-recurring grant is also paid towards the maintenace of the Hospital. No grant is paid specifically for establishment expenses.

(c) During 1964-65 a total sum of Rs. 31,200 was paid in two instalments for maintenance of 13 reserved beds. A further sum of Rs. 10,000 was paid in two instalments towards maintenance of the Hospital.

Calling Attention to Matters of Urgent Public Importance

[2—2-10 p.m.]

Mr. Speaker: I have received 11 notices of Calling Attention—the first one from Shri Birendra Narayan Ray and others on the outbreak of small-pox and chicken pox in West Bengal, the next one from Shri Ananga Mohan Das on the factory of spurious drugs at Agarpara, the next one from Shri Sanat Kumar Raha on the want of supply to the co-operative shops at Berhampore, the next one from Shri Ashadulla Ghoudhury on the distress due to a cyclone over Rajnagar of Kaliachak P.S., district Malda, the next one from Shri Sambhu Charan Ghosh on the "Rabindra Prize" to a novel of Gajendra Kumar Mitra that had already won the "Academy Prize", the next one from Shri Aswini Roy on the order for non-supply of paddy to mills manufacturing flat rce (chira), the next one from Shri Amarendra Nath Roy Prodhan on the squatting on lands in South Berubari of Jalpaiguri district by the Pakistan Rifle Force, the next one from Shri Sanat Kumar Raha on the speeches of Shri G. L. Nanda and other Central Ministers at the meeting of the Bharat Chamber of Commerce, the next one from Shri Jiban Krishna Dey on the harassment in respect of realising "Group Loan" from the peasants, the next one from Shri Narayan Choubey on the non-supply of paddy to the mills (chirakal) of flat rice (chira) and the last one from Shri Gour Chandra Kundu on the refugees returned from Dandakaranya. I have selected the notice of Shri Ashadulla Choudhury on the subject of distress due to a cyclone over Rajnagar of Kaliachak P.S., district Malda. The Hon'ble Minister in charge will please make a statement today, if possible, or give a date for the same.

Shrimati Abha Maiti: Next day.

Condition of people at Haldia port area

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি ৪ঠা এপ্রিল তারিখে হলদিয়া বন্দর এলাকা পরিদর্শনে গিয়েছিলাম। সেখানে যে দৃশ্য দেখে এসেছি তার প্রতি আমি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেখানে উন্নয়ন প্রচেষ্টা যেমন চলেছে দ্রুত তেমনি অন্য দিকে দেখে এলাম যে ওখানে বাস্তুচ্যুত নরনারীদের আর্তনাদ উঠেছে—তার সংখ্যা হবে প্রায় ৩ হাজার এবং যারা ভূমিহীন বর্গাদার তারা শতকরা প্রায় ৮০ ভাগ এমনি অসহায় অবস্থায় ঠিক পাশের মাঠের মধ্যে শিশু পুত্রকন্যা নিয়ে পানীয় জল এবং খাদ্যের অভাবে ছটফট করছে। এটা আমি প্রায় ৩।৪টি বড় বড় যেখানে বসতি করেছে—মাঠের মধ্যে যে তারা পড়ে আছে সেটা দেখে এসেছি। এমনি কি যেখানে পরিত্যক্ত ঘর এবং পুকুর ছেড়ে এসেছে সেখানে পানীয় জল এবং স্নানের জল তাদের ব্যবহার করতে দেওয়া হচ্ছে না—এই করুণ দৃশ্য আমি দেখেছি। ত্রাণ বিভাগ থেকে কোন চেষ্টা হচ্ছে না—তাদের কোন প্রকার চেষ্টা আছে বলে আমি দেখতে পেলাম না। ভূমিহীন এবং বর্গাদার যারা শতকরা ৮০ ভাগ তাদের কোন প্রকার সম্বল নেই যে তারা গিয়ে কোথায়ও বসবাস করতে পারে এবং বাস্তুচ্যুত হবার পর তারা কোন রকম সম্বল সংগ্রহ করতে পারে তার সম্ভাবনা নেই। এখনও পর্যন্ত পুনর্বাসনের যে পরিকল্পনা নেওয়া হয়েছিল সেটাও তাঁরা সফল করতে পারেন নি—তাদের এই দুর্গতি আমি দেখে এসেছি। সেইজন্য আমি ত্রাণ বিভাগকে এবং শ্যামাদাসবাবু যাঁর দৃষ্টি সেদিকে রয়েছে—বিশেষ করে তাঁর প্রতি সেই অঞ্চলের অধিবাসী-দের বিশ্বাস আছে এটাও আমি দেখে এসেছি—এ বিষয়ে আমি ত্রাণ বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি যে সেখানে যে অসহায় অবস্থায় তারা রয়েছে সেখানে ত্রাণ বিভাগ থেকে রিলিফ লোন দেবার কোন চেষ্টা নেই এবং তাদের বাঁচবার কোন চেষ্টা নেই—অথচ উন্নয়নের চেষ্টা হচ্ছে। কেন দিচ্ছেন না—তার কারণও এই হতে পারে যে ত্রাণ মন্ত্রীর সঙ্গে অজয়বাবুর প্রতিদ্বন্দ্বিতা আছে কি না? কাজেই মানবতার খাতিরে আমি আবেদন জানাবো এই সমস্ত মানুষগুলিকে বাঁচাবার জন্য তাঁরা যেন সেখানে ব্যবস্থা করেন।

Mill for preparing chira

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে বর্ধমান বা পশ্চিমবাংলার বহু জায়গায় চিড়া কল আছে। এখন এই চিড়া যেটা দেওয়া হয় বর্ধমান এবং এই রকম সহরাঞ্চলে সেগুলি মোটামুটি-ভাবে এই যে ইন্ডাস্ট্রিয়াল এলাকা রয়েছে হুগলী হাওড়া ২৪-পরগনা বিশেষ করে চটকল এলাকার শ্রমিকরা এই চিড়াটা বেশীরভাগ তাদের পরিপূরক খাদ্য হিসাবে খেয়ে থাকেন। এই সমস্ত চিড়া কল ধান আগে যা পেতেন, বর্তমানে সরকার একটা নির্দেশ দিয়েছেন যে একমাত্র চালকল ছাড়া কাউকে যেন ধান সরবরাহ করা না হয়। তার ফলে চিড়াকলগুলি বন্ধ হতে চলেছে এবং অন্তত বর্ধমান সহরে ৪ ডজন চিড়াকল আছে এবং সেখানে ৩০০ লোক কাজ করে—এদের বেকার হওয়ার সম্ভাবনা আছে। সেইজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় এখানে আছেন, তাঁকে বলবো তিনি যদি এই আদেশের কিছু পরিবর্তন করে চিড়াকলগুলিকে ধান সরবরাহ করার কোন নির্দেশ দেন তাহলে ভাল হয়।

চিড়াকলে যে ধান থেকে চিড়া তৈরী হয় সেটা একটা বিশেষ রকমের ধান এবং সেই ধান সব জায়গায় পাওয়া যায় না। সাধারণ চাষী যখন সেই ধান চিড়াকলে দেন তখন তাঁরা কি দাম পান সেটা দেখা দরকার। সরকার ধানকে ৩ ভাগে ডিভাইড করেছেন—ফাইন, মাঝারী এবং মোটা: কিন্তু চাষী যখন সেই ধান চিড়াকলে দেন তখন তাঁরা তার দাম বেশী পান কারণ কলওয়ালা এটাকে ফাইন ধান হিসেবে গ্রহণ করেন।

[2-10—2-20 p.m.]

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি এবং আমাদের খুব সৌভাগ্য যে, স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত

আছেন। বীরভূম জেলার রাজনগর থানায় ব্যাপকভাবে বসন্ত মহামারীরূপে দেখা দিয়েছে এবং ৪০।৫০ জনের মৃত্যু হয়েছে। আমাদের স্বাস্থ্য দপ্তর যে ব্যবস্থা করেছে সেটা অত্যন্ত নগণ্য, কাজেই ব্যাপকভাবে ব্যবস্থা যাতে করা হয় তার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসনৎকুমার রাহা: স্যার, আমি একটা ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা অনেকদিন ধরেই বলে আসছি যে দেশে দারুণ খাদ্যাভাব এবং জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। আজকে আনন্দবাজার পত্রিকার সেকেন্ড এডিটোরিয়াল-এ একটা ভয়াবহ সংবাদ বেরিয়েছে যে, বাংলাদেশের রেশনিং ব্যবস্থাকে নষ্ট করবার জন্য ব্যবস্থা হচ্ছে এবং কৃত্রিমভাবে জিনিসপত্রের দাম বাড়িয়ে দেওয়া হচ্ছে। মুর্শিদাবাদ জেলা থেকে চিঠি পেয়েছি যে, সেখানে দেড় টাকা, দু' টাকা মণ প্রতি বেড়ে গেছে। কাজেই বাংলা সরকারকে অনুরোধ করছি তাঁরা যেন রেশনিং-কে রক্ষা করবার জন্য ব্যবস্থা করেন এবং সর্বত্র যাতে নির্দিষ্ট দরে লোকেরা জিনিসপত্র পেতে পারে তার ব্যবস্থা করেন। আমরা শুনছি দর বৃদ্ধির জন্য নাকি সেন্টার চাপ দিচ্ছে। এ সম্পর্কে আপনাদের বক্তব্য কি? দাম বৃদ্ধির জন্য চাপ দেওয়া হচ্ছে কি না, রেশনিং ব্যবস্থা বানচাল হচ্ছে কি না এবং দর নির্দিষ্ট করবার ব্যবস্থা করবেন কি না সেটা জানতে চাই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি কাঁথিতে গিয়ে দেখলাম সেখানে আটা, ময়দা, চিনি দুষ্প্রাপ্য এবং তার ফলে বহু দোকান বন্ধ হয়েছে। চোরাবাজারে যে চিনি পাওয়া যায় তার দাম দু' টাকা, আড়াই টাকা এবং তিন টাকা; মিশ্রির দাম ৫ টাকা। সেখানে ময়দা পাওয়া যায় না, চালের দর বেড়েছে এবং রেশন দোকানে চাল পাওয়া যায় না। আপনারা যদি এর প্রতিকার না করেন এবং রেশন দোকান মারফত আটা, ময়দা, চাল, চিনি সরবরাহ না করেন তাহলে গুরুতর অবস্থার সৃষ্টি হবে এবং জনসাধারণ বিপদের সম্মুখীন হবে। কাজেই এর প্রতিকার করুন।

Observation from the chair regardng Notice of Privilege given by Shri Kashi Kanta Maitra

Mr. Speaker: Honourable Members, I now refer to the notice regarding the point of privilege raised by Shri Kashi Kanta Maitra. Yesterday some questions of principles and interpretation of the rules relating to matters of privilege were raised and discussed at length and I assured the House to give my considered views on them. These matters arose in connection with the notice of Shri Kashi Kanta Maitra dated the 20th April seeking to raise the question of privilege. Having gone through the notice of Shri Maitra, I find the subject matter of the notice was covered at least partly by the discussion held yesterday. I, therefore, feel that, before I give my views on the subject raised, I should give an opportunity to Shri Kashi Kanta Maitra to bring up the subject of his notice to which I hereby give my consent. After hearing him I shall give my considered views in the course of this day.

Elucidation by the member of the Notice of Privilege as permitted by the chair

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে অধিকারগত প্রশ্ন তুলতে চেয়েছিলাম সেটা আপনি তুলতে দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমার অধিকারগত প্রশ্ন যা তুলতে চেয়েছিলাম সেটা হচ্ছে এই, গত দিনে আমি একটা মুলতুবী প্রস্তাব এখানে উত্থাপন করেছিলাম এবং সেই মুলতুবী প্রস্তাব, আপনি কনসেন্ট দেন নি। আমার প্রশ্ন ছিল এই "হাউসে" অ্যাডজর্নমেন্ট

মোসান সম্বন্ধে যে রুলস রয়েছে রুল ৫৯ টু ৬৩ সেই রুল পড়লে দেখা যায় যে তার কতকগুলি পদ্ধতি আছে এবং অ্যাডজর্নমেন্ট মোসান-এ দু'টি পয়েন্ট আছে—একটা হচ্ছে কনসেন্ট পার্ট। সেখানে

You can refuse to give consent to move an adjournment motion and regarding the other part you can disallow the adjournment motion. But the consent part is independent of the other part.

এই দু'টো অংশ রয়েছে কিন্তু আমি আশা করেছিলাম আমি যখন অ্যাডজর্নমেন্ট মোসান আনতে চেয়েছিলাম তখন সেটা আপনি আমাকে পড়বার সুযোগ দেবেন—সাবজেক্টটা বলবার সুযোগ দেবেন এবং আমার বক্তব্যটা বলবার পর গভর্নমেন্টের পক্ষ থেকে যদি কিছু বলার থাকে সেটা শোনার পর আপনি ডিসঅ্যালাও করতে পারেন। কিন্তু আমার অ্যাডজর্নমেন্ট মোসানকে নিয়ে এখানে যা হ'ল সেটা যেন একটা প্রিনেটাল ডেথ হ'য়ে গেল, আমি সাবজেক্টটা তুলতেই পারলাম না। আপনি প্রথমে কনসেন্ট রিফিউজ করলেন। আমি এ সম্বন্ধে অ্যাজ এ স্টুডেন্ট অফ পার্লিয়ামেন্টারী অ্যাফেয়ার্স আমি আপনার কাছে রাখছি যে এটা আজকের প্রশ্ন নয়, এ নিয়ে আগামী দিনে মিনিস্টার-ইন-চার্জ বিবেচনা ক'রে দেখবেন এটাই আমি আশা করি। আমি এই হাউস-এর রুলিং দেখছিলাম। আজিজুল হক্ যিনি বিখ্যাত স্পীকার হিসেবে খ্যাতি অর্জন ক'রেছিলেন, তিনি তাঁর রুলিং-এ বলছেন.................

Mr. Speaker:

মিঃ মৈত্র, আপনি যে সাবজেক্টটার ওপর নোটিশ দিয়েছেন তার উপরই বলুন।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি সেটাই বলছি

Can a member raise a question of privilege without giving notice of the privilege in writing and I said that undeniably if that interpretation is accepted then whatever convention we have accepted and followed in this House would stand nullified and, therefore, that would be a concomitant breach of the valuable rights guaranteed to the members of the House by the Rules of Procedure and Conduct of Business, and by Article 194 of the Constitution of India. That was the subject and I still stick to it and say that when I raised that question of adjournment motion I had read the subject and you could have, in my humble submission, after hearing me and if you thought it necessary after heraing the Government side, disallowed the adjournment motion. You have not even read out the adjournment motion. It was your duty. I say with great humility and with great respect that as a supreme authority this House you had the supreme duty to read out the adjournment motion at least. "I promised to give a decision on the point as to whether the adjournment motion is in order or not. I have heard the statement which has been moved by the honourable mover as also the statement made by the Hon'ble Chief Minister, and I feel that the motion is in order, for

আমি স্যার, এই জন্যই বলছি যেহেতু এটা গুরুত্বপূর্ণ বিষয়, আর তা ছাড়া লীডার অফ দি অপজিশন-এর সঙ্গেও আমি আলোচনা করেছি আপনার কাছে বক্তব্য রাখার জন্যে। আপনি যদি অনুমতি দেন তবে আমি প'ড়ে শোনাতে পারি। আজিজুল হক্ রুলিং-এর একটা বিশেষ ক্ষেত্রে বলছেন

the reason that so far as the facts are concerned, there seems to be no difference substantially between the statement which has been moved by the mover and that made by the Government."

এখানে প্রশ্নটা এসেছিল রুলটা ছিল এই।

When an adjournment motion is sought to be moved a question arises whether the Speaker is to judge the facts or whether it is for the House to decide the matter. The Speaker gave the above ruling.

সুতরাং এখানে প্রশ্ন হল, আমি যখন অ্যাডজর্নমেন্ট মোসান দিয়েছি তখন আমার রাইট আছে সেটা প্লেস করা। আপনার সেক্রেটারী যদি রুল ১৫৯ দেখেন তাহলে দেখবেন, রুলস-এ বলছে —রুল ৬০-এর লাস্ট পোর্সন তাতেও বলছে

The Secretary shall inform the member as early as possible whether the Speaker has given his consent or not." So far as I am concerned I have not heard from the Secretary that the Speaker has refused consent. It is only for the first time, when the matter came up, that I heard that the Speaker has refused consent.

Mr. Speaker:
মিস্টার মৈত্র, আপনার নোটিসের উপর বলুন। এটা যদি হয় তাহলে দ্যাটস এ কোয়াইট ডিফারেণ্ট কোশ্চেন।

Shri Kashi Kanta Maitra:
স্যার, আমার নোটিশটা হচ্ছে, একজন মেম্বার তিনি কোন রিটন নোটিশ না দিলে হাউস চলাকালিন প্রিভিলেজ তুলতে পারেন। প্রশ্নটা হচ্ছে, আমি যখন মুলতুবী প্রস্তাব বলতে উঠেছিলাম তখন বাধা পেয়ে বলতে পারলাম না এবং সেই জন্যই প্রিভিলেজ-এর প্রশ্ন তুললাম। আমার বাধা পাওয়ার ব্যাক গ্রাউন্ডে যে কথা বলতে চাইছিলাম সেটা হচ্ছে, আমার প্রিভিলেজটা কি? তাতে হয় দি স্পীকার সুড রিড আউট দি অ্যাডজর্নমেন্ট মোসান।
আমি লিডার অফ দি অপজিসন-এর সাথে আলোচনা করেছি এবং তিনিও দেখিয়েছেন, হাউসের সব মেম্বাররাই জানেন, আপনি শুধু এইটুকু বললেন

I have received an adjournment motion from Mr. Maitra on the question of present utterance of three Central Ministers at the business committee meeting in Calcutta.

[2-20—2-30 p.m.]

Mr. Speaker: The question is whether adjournment motion should be read out in the House or not.

Shri Kashi Kanta Maitra: That is my privilege.
আপনি এটা চিন্তা করে দেখুন, হাউসের কোন মেম্বার জানতে পারছেন না যে আমি কি অ্যাডজর্নমেন্ট মোসান তুলতে চাইছি। আমি একটা অ্যাডজর্নমেন্ট মোসান তুললে তা কে কে জানতে পারেন, স্পীকার জানতে পারেন, লিডার অফ দি অপজিশন জানতে পারেন।

Mr. Speaker:
মিস্টার মৈত্র, আমি আপনাকে বাধা দিচ্ছি না। আমি বলছি যে, আপনি বলছেন

I am hereby giving notice that I would like this question of privilege to be discussed to-morrow after question hour. This question of privilege which is stated here is practically the same thing which was discussed yesterday on the floor of this House.

কিন্তু আপনি আর একটা পয়েন্ট-এ এসে যাচ্ছেন। যদিও আপনার রাইট আছে সব পয়েন্টই ব্রিং বিফোর দি হাউস।

Shri Kashi Kanta Maitra:
আমি স্যার, অন্য পয়েন্ট-এ যাচ্ছি না। এটা দেখুন, এটা যদি অ্যাডজর্নমেন্ট মোসান-এর পরের দিনের ঘটনা হত তাহলে হত। আমি সেদিন প্রিভিলেজ তুলেছিলাম, অ্যাডজর্নমেন্ট মোসান যখন ডিসঅ্যালাউড হয়েছে তখন প্রিভিলেজ-এর প্রশ্ন আসে। অন্য কনটেক্সট-এ প্রিভিলেজ-এর প্রশ্ন আসতে পারে। কিন্তু আমার প্রিভিলেজ-এর প্রশ্ন ছিল তখন যখন আপনি অ্যাডজর্নমেন্ট মোসান ডিসঅ্যালাও করলেন. অমি স্যার, আপনার অবগতির জন্য জানাতে পারি ভি পি লেজিসলেচার-এ সেখানে চাইনিজ কনসেনটেসান সম্বন্ধে একটা অ্যাডজর্নমেন্ট মোসান এসেছিল। সেখানে স্পীকার সেই অ্যাডজর্নমেন্ট মোসান ডিসঅ্যালাও করলেন তখন কমিউনিস্ট পার্টির ডেপুটি লিডার একটা কথা বলেছিলেন,

M.L.A. accuses the Speaker of panic mongering and M.L.A. concerned was ordered out of the House.

কিন্তু কেন হল না, স্পীকার সেখানে অ্যাডজর্নমেন্ট মোসান ডিসঅ্যালাও করলেন। কারণ,

The Speaker read out the adjournment motion and the result was that the entire House would take cognisance of the matter which was sought to be raised in the House.

স্পীকার সেটা ডিসঅ্যালাও করলেন কিন্তু তিনি সেটা পড়ে দিলেন। আপনিও যদি অ্যাড-জর্নমেন্ট মোসানটা পড়ে দিতেন তাহলে হাউসের সমস্ত সদস্যরা জানতে পারতেন যে আমি কি বলতে চেয়েছি। অথচ ব্যাপারটা এমন দাঁড়ালো যে, আপনার সঙ্গে যেন আমার একটা ওয়ার্ড ডুয়েল দাঁড়িয়ে গেল। এট লিস্ট নিউজ পেপার-এর রিপোর্ট দেখে তাই মনে হয়। কিন্তু তাও নয়। আমি একটা গুরুত্বপূর্ণ জিনিষ তুলতে গিয়েছিলাম, লোকের মনে হল স্পীকার আমাকে বলতে দিলেন না এবং আমারও মনে হল বাধা পেয়ে আমি বলতে পারলাম না। আমার প্রিভিলেজ ক্ষুন্ন হল। আমি এ নিয়ে জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, এর আগে শংকরদাসবাবু যখন স্পীকার ছিলেন তখন এই হাউসের প্র্যাকটিস ছিল যে অ্যাডজর্নমেন্ট মোসান যখনই এসেছে তখনই অ্যাডজর্নমেন্ট মোসান ইউসড টু বি রিড আউট বাই দি মুভার কনসার্নড। সেইজন্য আমি আপনাকে বলছি, এটা আপনার বিবেচনা করা দরকার। আপনি যখন কনসেন্ট রিফিউজ করছেন তখন রেজাল্ট হচ্ছে, অ্যাট দি সেম টাইম যদি আপনি অ্যাডজর্নমেন্ট মোসান হাউসে না পড়েন তাহলে হাউসের কোন মেম্বার জানতে পারছেন না। দ্বিতীয়তঃ যিনি মুভার তাঁর প্রতিও সুবিচার করা হচ্ছে না। অ্যাডজর্নমেন্ট মোসান-এর মাধ্যমে পরে যে প্রিভিলেজ তুলতে চেয়েছিলাম সেটা হচ্ছে এই, অ্যাডজর্নমেন্ট মোসান সম্বন্ধে হাউসের মেম্বারদের বলতে দেওয়া উচিত। রুল ৫৯ এবং ৬০, লাস্ট পোরশন দেখছিলাম, তা ছাড়া রুল ৬৩, তাতে দেখুন এটা যদি অ্যালাও করেন তাহলে প্রোভাইসো টু রুল ৬৩(১) দেখুন, তাতে বলছে,

"Provided that where the Speaker has refused his consent under rule 59 or is of opinion that the matter proposed to be discussed is not in order, he may, if he thinks it necessary, read the notice of motion and state the reasons for refusing consent or holding the motion as being not in order."

আমার তাই মনে হয়েছিল যে আপনাকে তাহলে বলতে হবে আই ডু নট কনসিডার ইট নেসেসারী বিকজ অফ দিজ রিজনস্। সুতরাং আমার সেখানেই প্রিভিলেজ ছিল। যদি আপনি এটা তুলতেন, নিজে যদি পড়ে দিতেন তাহলে এই হাউসের সমস্ত সদস্যরা জানতে পারতেন যে বিষয়টা তুলেছিলাম সেটা গুরুত্বপূর্ণ বিষয় কি না, ম্যাটার অফ আরজেন্ট পাবলিক ইমপরটেন্স কি না এবং তার উপর সরকার পক্ষের বক্তব্য রাখার প্রয়োজন ছিল কি না। আমার এটাই হচ্ছে প্রিভিলেজ। এবং এই প্রসঙ্গে আমি আবার বলছি যে এই ধরনের প্রিভিলেজের প্রশ্ন যখন এই হাউস ইন রাইটিং আপনার কাছে দিয়েছি—আপনি অবশ্য আজকে বলতে দিয়েছেন এজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, তখন এর পারপাস এবং ইনটেনসান হচ্ছে সেদিনই আপনাকে অ্যালাও করতে হবে এবং আপনার অবগতির জন্য নিবেদন করছি যে আপনি মনে করে দেখুন লোক-সভায় কি হয়েছে। লোকসভাতে নন্দজী সম্বন্ধে মনিরাম বাগড়ী এবং রাম সেবক যাদব যে ব্রিচ অব প্রিভিলেজ মোসান আগের দিন দিলেন স্পীকার ঠিক পরের দিন গতকাল সেটা তুলতে দিয়েছিলেন এবং দ্বিতীয় দফে দেখবেন আজকের কাগজে স্পীকার রুলিং দেওয়ার আগে অপজিসন পার্টি এবং গভর্নমেন্ট পক্ষের সমস্ত নেতাদের তঁদের বক্তব্য বলবার সুযোগ দিয়েছেন এবং স্পীকার ডিসিসান দিয়েছেন। আপনার বোধ হয় মনে আছে পাবলিক অ্যাকাউন্টস কমিটি ভারত সেবক সমাজের উপর যে রিপোর্ট দিয়েছিলেন সেই রিপোর্ট সম্বন্ধে পার্লামেন্টের মেম্বার নন এমন একজন সদস্য দিল্লীতে বক্তৃতা করেছিলেন সেই এবং বক্তৃতা করবার পর হাউসে সর্দার হুকুম সিং, স্পীকার, বলেছিলেন এটা অবমাননার উক্তি তারপর তিনি ক্ষমা চেয়েছিলেন। সুতরাং দেখা যাচ্ছে প্রিভিলেজের প্রশ্ন যখনই হাউসে উঠবে, তিনি ইন রাইটিং যদি নাও দেন তাহলে ইন রাইটিং না দিলেও আপনি সঙ্গে সঙ্গে রুলিং দেবেন। তা যদি না হয় তাহলে এর আর্জেন্সি

নষ্ট হয়ে যায়। প্রশ্নটা হচ্ছে ইজ দি ম্যাটার অফ সাচ ইমপরটেন্স দ্যাট দি বিজিনেস অফ দি হাউস সুড বি ইন্টারাপটেড? কেন না, আপনি যেটা বলছেন আমাদের রুলের যা উদ্দেশ্য সেটা হচ্ছে কেন নোটিশ দেওয়া হচ্ছে—এইজন্য যে যখন তখন যদি প্রিভিলেজ-এর প্রশ্ন ওঠে তাহলে হয়ত বিজনেস অফ দি হাউস মে বি ইনটারাপটেড অ্যান্ড ইনটারভেনড। কিন্তু মে'জ পার্লিয়ামেন্টারী প্র্যাকটিস বলছে যে দি বিজনেস অফ দি হাউস মে বি অ্যালওড টু বি ইনটারাপটেড অ্যান্ড ইনটারভেনড ইন সারটেন সারকামস্ট্যান্সেস এবং সেজন্য পেজ ৩৮১ অব মে'জ পার্লামেন্টারী প্র্যাকটিস দেখবেন সেখানে একজসটিভ ডিসকাসান রয়েছে যে কোন কোন সারকামস্ট্যান্সে স্পীকার এই ধরনের ইনটারাপসান বা ইনটারভেনসন অ্যালাও করবেন। একমাত্র কারণেই হবে যখন

The matter is of urgent public importance and the matter should be discussed at the earliest opportunities.

সুতরাং এই দুটো দিক বিবেচনা করে যখনই প্রিভিলেজের প্রশ্ন তোলা হবে এই হাউসে আপনি তখনই তাঁদের তুলবার সুযোগ দেবেন। গতকাল জ্যোতিবাবুর প্রশ্নের উত্তরে আপনি একটা কথা স্পষ্টভাবে বলেছেন—যদিও আপনি কালকে আমাকে এ সম্বন্ধে বলবার সুযোগ দেন নি, আজকে সুযোগ দিলেন—এটাকে যেন প্রিসিডেন্ট হিসাবে কোন দিন ট্রিট না করি। আপনাকে আমি স্মরণ করিয়ে দেব কালকে যে অ্যাসিওরেন্স দিয়েছেন আজকে একদিন বাদে আমাকে বলবার সুযোগ দিলেন—এর থেকে যেন ভবিষ্যতে এই ইন্টারপ্রিটেসান না করেন যে প্রিভিলেজ সম্বন্ধে যদি কেউ নোটিশ দেন তাহলে সেদিন আপনি পার্মিসান না দিয়ে পরের দিন বা তারপরে পার্মিসান দিতে পারেন। এ সম্বন্ধে আপনি যেটা বলেছেন সেটা প্রিসিডেন্ট হয়ে রইল না, সে সম্বন্ধে আপনি যেন সচেতন থাকেন এবং আমরাও সচেতন রইলাম এটা প্রিসিডেন্ট হয়ে থাকল না।

Mr. Speaker: Mr. Maitra, regarding the privilege matter—apart from the adjournment point which has just now been made out by you today so clearly and candidly—regarding the privilege and other points, rules, interpretation of rules discussed yesterday, I will give my considered views immediately after recess. Regarding the point of adjournment motion and reading of the notice, I think that I give more privilege to the honourable members, more accommodation to the honourable members when an adjournment motion is given notice of and when I refuse my consent. The rule says that the Speaker may read the notice. Of course, I read the summary, and then I allow the member, who has brought that to read it notwithstanding refusal of my consent thereon time and opportunity to say something on that motion, to read by himself the notice to all the members. I feel that I give more opportunity and more privilege to all the members on this issue. If you say that better that the notice be read and let not members say anything, certainly I will be always ready. I feel I give better cooperation and better opportunity to all the members, and after refusal I always give opportunity to the honourable members to say something if they feel they have got something more to clarify on the adjournment motion for which he wanted my consent. If you say, let the notice be always read.

Shri Kashi Kanta Maitra:
আমি তা বলি নি। আমি বলেছি যেখানে অ্যাডজর্নমেন্ট মোশন ডিসঅ্যালাও হয়েছে সেখানে পর্যন্ত স্পীকার.........

Mr. Speaker:
মিঃ মৈত্র, আমি এটাতে আপনাদের বেশী রাইট দিই। যদি আপনারা বলেন যে এটা বেশী রাইট নয় তাহলে আপনারা নোটিশটা পড়বেন
Rules say it is discretionary. I will always read it.
আই ফিল যে আপনাদের বেশী অপরচুনিটি দিচ্ছি।

Shri Kashi Kanta Maitra: I bow to your decision.
আজিজুল হকের যে ডিসিসানটা রয়েছে আশা করি সেটাকে আমরা যেন ডিপার্ট না করি।
The mover of the adjournment motion, as it appeared in that ruling, was given full opportunity to make a statement and thereafter the Minister concerned was allowed to make a statement, and then the Hon'ble Speaker decided whether it was in order or not.

If that procedure is followed and an adjournment motion is disallowed, our conscience will be satisfied.

Shri Jyoti Basu:
রুলিংটার কি হবে?

Mr. Speaker:
সেটা রিসেস-এর পর দেয়া যাবে।

Arrest of Shri Bejoy Pal, M.L.A.

Shri Jyoti Basu:
মিঃ স্পীকার, স্যার, আমি আর একটা বিষয় বলতে চাচ্ছি আপনার অনুমতি নিয়ে। আজকে তো হউস অ্যাডজর্নড হবে, আবার কবে খুলবে জানি না। যাহোক, আমি অনেক দিন আগে একটা প্রশ্ন তুলেছিলাম—শ্রীবিজয় পাল, এম এল এ তিনি এখন বিনাবিচারে আটক আছেন। তিনি অভিযোগ করে পাঠিয়েছেন—তাকে অ্যাসেম্বলী প্রিসিংক্‌ট্‌-এর মধ্যে গ্রেপ্তার করা হয়, তাঁকে ভেতর থেকে টেনে নিয়ে যাওয়া হয়। এই ব্যাপার আমার মনে আছে—বোধ হয় কালকে জিজ্ঞাসা করেছিলাম তার কি হলো। আপনি বলেছিলেন, খবর নিয়ে দেখবো, যে রিপোর্ট তৈরী হয়েছে সেটা অমি পাব। আপনার আমার কথা নয় সেটা। এই হাউসে যখন আমরা তুলেছি তখন সেটা আমাদের জানা দরকার—কি দাঁড়ালো। আমার মনে হয় আপনি সেটা সার্কুলেট করে দিলে ভাল হয়, তাতে সময় নষ্ট হবে না। আর না হয় আপনি সেটা পড়েও দিতে পারেন—সেই রিপোর্টটা কী।

Non-supply of travelling coupons to honourable members

[2-30—2-40 p.m.]

Shri Jyoti Basu:
আর একটা কথা মন্ত্রিমহাশয় বলতে পারবেন—অনেক সদস্য বলছেন তাঁরা ট্রাভেলিং কুপনস্‌ পাচ্ছেন না। সেই কুপনগুলি নাকি সরকারী ছাপাখানায় ছাপা হচ্ছে না। সরকার কি উঠে গেল, না, আছে—তা বোঝা যাচ্ছে না। এটা আমাদের জানা দরকার, এ নাকি এক মাস ধরে হচ্ছে। আমি অনেকদিন হলো নেই নি—আমি জানি না। আপনি কি কিছু এ সম্বন্ধে বলতে পারেন আমাদের? ছাপাখানা বন্ধ হয়ে গেছে কি সরকারের? না, ট্রাভেলিং কুপন পাওয়া যাচ্ছে না? এখনো তো ইন্ডিয়া গভর্নমেন্ট আছেন বলে আমরা জানি। তাঁরা তো গ্রেপ্তার করছেন, কুপনগুলো কি হলো?

Mr. Speaker: Mr. Nahar, can you enlighten me on the point whether the Government Press is working or not?

Shri Bijoy Singh Nahar: So far as I know, these coupons are being printed in the Government of India Press.

Shri Jyoti Basu:
উনি কি করবেন? ওটা তো এখানে ছাপা হয় না। ওটা তো বিজয়বাবুর ডিপার্টমেন্ট, কিন্তু রেলের কুপন আপনাদের পশ্চিমবাংলার প্রেসে ছাপা হয় না। সেটা যদি মন্ত্রীরা খবর নিয়ে বলেন। আমরা কুপন পাচ্ছি না, এটা আমাদের প্রিভিলেজের ব্যাপার।

Mr. Speaker: As I am told, these coupons have not yet been received because they are printing new coupons due to increase in the fares or something like that.

Shri Jyoti Basu:
এটা তো আমরা জানি নট ইয়েট বিন রিসিভড। কিন্তু মেম্বারদের একটা প্রাপ্য জিনিষ। আমরা আজকে বাইরে যাই বা না যাই—আমাদিগকে কুপন চাইতে হবে। আমাদের যখন কুপন পাওয়া যাচ্ছে না, তখন দিল্লীতে টেলিফোন করে খোঁজ নেওয়া দরকার যে ব্যাপারটা আসলে কী দাঁড়ালো।

Mr. Speaker:
কুপন না পাওয়া গেলে খরচ তো দিয়ে দিতে হবে। কারণ যাতায়াত তো বন্ধ থাকবে না।

Shri Khagendra Nath Das Gupta:
এই কুপন প্রিন্ট গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল করেন না, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া করেন। আমি খোঁজ করে পরের দিন জানাবো। কেন না—গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছ থেকে কুপন পাওয়া যায় এবং অ্যাসেমব্লী সেক্রেটারিয়েট থেকে তা ডিস্ট্রিবিউটেড হয়।

Observation from the Chair regarding arrest of Shri Bejoy Pal, M.L.A.

Mr. Speaker: Regarding the arrest of Shri Bejoy Pal, M.L.A. I thought that this report had been sent to you. However, I read it. On the 16th February Shri Jyoti Basu raised the question of the arrest of Shri Bejoy Pal, an honourable member of this House, within the precincts of this House on the 12th February. I have also received a telegram and a letter from jail of Shri Bejoy Pal alleging that he was arrested by the Police within the North Gate of the precincts of this House and dragged outside from there. I have since caused a detailed enquiry to be made in this regard. The Hon'ble Chief Minister has informed me after enquiries that Shri Pal was arrested well outside the Assembly compound on Esplanade Row West after he had left the precincts of the Assembly House and was going towards the tram line near the High Court. Independently I have caused detailed enquiries to be made by my officers and particularly of the gate-keeper of the North Gate and I have satisfied myself that Shri Pal was not arrested within the precincts of this House. While I leave the matter at this stage, I feel I should warn all concerned that any interference with the members of this House in the discharge of their duty within the precincts of the Assembly building will be visited with severe consequences.

Shri Jyoti Basu:
স্পীকার মহাশয়, তাহলে এটা দাঁড়াল বিজয় পাল যেটা বলেছেন সেটা সত্য নয় এটাই আপনি এনকোয়ারী করে বলছেন।

মিঃ স্পীকার: আমি আমার রেজাল্ট অফ দি এনকোয়ারীর কথা বললাম।

শ্রীজ্যোতি বসু: আপনি তো রেজাল্ট অফ দি এনকোয়ারী এভাবে বলতে পারেন না এটা হাউস-এর প্রিভিলেজ, হাউসকে যদি এভাবে অ্যাসেসমেন্ট করে—তাহলে এটা আপনাকে বলে দিই যে এরূপ ব্রিটিশ আমলে, মুসলিম লীগ আমলে হয়েছিল তখন নূরুল আমিন চেয়ারে ছিলেন এবং আমাদের চীফ মিনিস্টার ছিলেন দোহা বলে একজন ডেপুটি কমিশনার অফ পুলেশ, এবং এটা শুনলে আশ্চর্য হয়ে যাবেন আমরাও এরূপ ঘটনা শুনি না যে সেটা হওয়া মাত্র তখন কিরণশঙ্কর রায় কংগ্রেসের লীডার ছিলেন। তিনি এসে এখানে ম্যাটারটা রেইজ করেন কারণ তিনি ঘটনাটা দেখে এসেছিলেন। দেখে এসে এখানে রেইজ করেন এবং রেইজ করা মাত্র নূরুল আমিন অ্যাসেমব্লী বন্ধ করে দেন এবং বলেন যে এটা যতক্ষণ না তদন্ত হচ্ছে আমি অ্যাসেমব্লী চালাব না, এবং তারপর সুরাবর্দি সেখানে যান, গিয়ে আমাকে যে অ্যারেস্ট করেছিলেন —আমি যে দাঁড়িয়েছিলাম উইদিন দি কম্পাউন্ড এবং তখন উনি আমায় বলেন ইউ আর নট

অ্যারেস্ট, তারপর আমি চলে আসি এখানে এবং তারপরের ঘটনা শুনলে আপনি আশ্চর্য হয়ে যাবেন যে চীফ সেক্রেটারী ইংরাজ তখন পুলিশ কমিশনার ইংরাজ তখন এদের সংগে কথা বলে, সামসুদ দোহা যিনি ডেপুটি কমিশনার অফ পুলিশ তিনি আমার কাছে ক্ষমা চান এবং তখন সৌভাগ্যবশতঃ কংগ্রেসের যারা ছিলেন তারাও সেটা সমর্থন করেছিলেন এবং মুসলীম লীগের যারা অনেকে ছিলেন যারা সরকার তখন চালাতেন তারাও সমর্থন করেছিলেন যে ক্ষমা চাওয়া উচিত তা না হলে হাউস চলতে পারে না। সেখানে অন্ততঃ আমার কাছে জিজ্ঞাসা করেছিলেন যে কি হয়েছিল—কি দাঁড়িয়েছিল—কেন হয়েছে এঘটনা? কিন্তু আমি আশ্চর্য হয়ে যাচ্ছি—হয় একজন বিজয় পালের মত এম এল এ তিনি চিঠি লিখে পাঠালেন টেলিগ্রাম করে পাঠালেন আর আপনি বললেন আই হ্যাভ কজড অ্যান এনকোয়ারী টু বি মেড; আপনি একজন আইনজ্ঞ হিসাবেও অন্ততঃ এটুকু চিন্তা করবেন যে বিজয় পালকেও তো আপনি লিখে পাঠাবেন যে আমি এনকোয়ারী করছি, এবং নানাজন এক এক জন এক এক রকম কথা বলছে, যে আপনার কি বক্তব্য আছে—স্পট এটা করা হয়েছিল এগুলি যদি আপনি আপনাদের কাছে প্লেস করতেন তাহলে আমি বুঝতাম যে এটা কি হচ্ছে—আপনি কি মনে করেন যে যেখানে চীফ মিনিস্টার একথা বলছে একটা গেট কিপার যদি কিছু দেখেও থাকে তা হলে সে এসে এখানে বলবে যে না আমি দেখেছি বিজয়বাবু যেটা বলেছেন সেটা সত্য কথা। সেজন্য আমার মনে হয় এ তদন্ত একবারেই আপনার ঠিক হয় নি। আমি অন্ততঃ এতে কিছুতেই একমত হতে পারি না। সেজন্য আমি বলি আপনি বরং একটা কাজ করুন প্রিভিলেজ কমিটিতে এটা দিয়ে দিন এবং আমরা তারপর এনকোয়ারী করে দেখেছি বিজয় পাল সাক্ষ্য দেবে, পুলিশ সাক্ষ্য দেবে, এবং তারপর চীফ মিনিস্টার সাক্ষ্য দেবে যারা সেখানে আছে সাক্ষ্য দেবে এবং তারপর আমরা সিদ্ধান্তে আসবো যে কি হল না হল, তা না হলে এই যদি হয় যে গেট কীপার কি বললো না বললো, পুলিশ কি বললো—যারা নাকি কম্পাউন্ডএর মধ্যে গ্রেপ্তার করেছে এবং চীফ মিনিস্টার যিনি অর্ডার দিয়ে আটক করেছেন তিনি কি বললেন সে কথাগুলি আপনার কাছে বড় হবে এটা কি কোন জাজমেন্ট হল?

[2-40—2-50 p.m.]

এটা কি কোন কনক্লুসান হল যার বিন্দুমাত্র শ্রদ্ধা আছে গণতন্ত্রে তিনি এটা কখনও মেনে নিতে পারবেন না। সেজন্য আমি স্পীকার মহাশয়, আমি বলছি যে আপনি হয়ত আপনার বিচারে এ সিদ্ধান্তে পৌছেছেন আমি যে ঘটনাগুলি বললাম। কারণ আমার সদস্যকে আমি অবিশ্বাস করতে পারি না, আমি একথা বলব যে আপনাকে আর কিছু করতে হবে না, আপনি এটা প্রিভিলেজ কমিটিতে দিন সেখানে যা হবার হবে, অন্ততঃ এটুকু স্যাটিসফাইড হব যে সেখানে পুলিস এসে বলবেন কোন ব্যাপারে কিভাবে গ্রেপ্তার হল। কারণ বিজয় পালকে আপনি জানেন তিনি লুকিয়ে আত্মগোপন করে ছিলেন না। দিনের পর দিন এই হাউসে তিনি আসছিলেন তাঁকে বাড়ীতে গিয়ে ধরতে পারতেন যেখানে তিনি থাকেন সেখানে গিয়ে ধরতে পারতেন অসুস্থ লোক তাকে যদি এভাবে রাস্তায় গ্রেপ্তার করে তা হলে এর কি অর্থ হয় তা আমি বুঝতে পাচ্ছি না। সেজন্য আপনার কাছে আমি বলবো যে এটা নিশ্চয়ই তদন্ত হওয়া দরকার এবং আপনি এটা প্রিভিলেজ কমিটিতে দিয়ে দিন।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ জ্যোতিবাবু যে অধিকারগত প্রশ্ন তুলেছেন সেটার সম্বন্ধে কিছু বলতে চাই কারণ বিষয়টা খুবই সিরিয়াস। মেম্বারকে হাউস-এর প্রিসিংকটস-এর মধ্যে ধরেছে কি বাইরে ধরেছে এই প্রশ্নের মীমাংসা আপনি করেছেন, পুলিস, চীফ মিনিস্টার এবং দরওয়ানের স্বাক্ষর ভিত্তিতে, এখন কথাটা হচ্ছে সিম্পল এই যে কি সাক্ষ্য অন্য পক্ষ থেকে দেওয়া হচ্ছে যিনি অভিযোগকারী তাকে সে সাক্ষ্য জেরা করবার কোন অধিকার দেওয়া হয় নি। এখন অভিযোগকারীর কি বক্তব্য তাও পূর্ণভাবে নেওয়া হয় নি। সুতরাং নিশ্চয়ই আপনি বুঝতে পারবেন যে এনকোয়ারী কমপ্লিট হয় নি, এনকোয়ারী একতরফা হয়েছে। আপনাকে কোন দোষ দিচ্ছি না বা দেওয়া উদ্দেশ্যও নয়। কিন্তু আপনি একটা কথা বিবেচনা করবেন যে এনকোয়ারী কোর্টের উপর একতরফা হয়েছে। যিনি অভিযোগ করেছেন তার বক্তব্য পূর্ণ,

ঘটনার বিবরণ পূর্ণ এবং তার জন্য অপরাধী যে-কারণ এখানে পুলিশ অপরাধী, অভিযোগ পুলিসের বিরুদ্ধে, তাদের বক্তব্য জেরা করে সত্য বার করবার কোন সুবিধা তাকে দেওয়া হয় নি। তার স্পোকম্যান শ্রীজ্যোতি বসুকে দেওয়া হয় নি। এ অবস্থায় তদন্ত সম্পূর্ণ হয় নি। আমি বলছি না যে আপনি তদন্ত করেন নি, কিন্তু তদন্ত সম্পূর্ণ হয় নি এই আমাদের মনে ধারণা হচ্ছে, এ অবস্থায় যেহেতু বিষয়টা অত্যন্ত সাংঘাতিক এবং যেহেতু গভর্ন-মেন্ট এখনও ইমারজেন্সী পাওয়ার-এর জোরে ধরাকে সরা জ্ঞান করে চলছেন সমস্ত ব্যাপারে। সুতরাং তাদের পক্ষে এটা মোটেই আশ্চর্য নয় যে তাদের পুলিসের এতখানি স্পর্ধা হবে অ্যাসেমব্লী প্রিসিনক্টস-এর মধ্যে এসে ধরে নিয়ে যাবে। সুতরাং সে কথা অবিশ্বাস করবার এখনও পর্যন্ত কোন কারণ আমরা খুঁজে পাই নি যতক্ষণ পর্যন্ত না তার নিরপেক্ষ তদন্ত হয় আপনার চেয়ারম্যানসিপ-এর লোক এঁরা হচ্ছে না ইন্টারেস্টেড এদের ইন্টারেস্টেড উইটনেস ভ্যালু কিছু মাত্র নাই এক্ষেত্রে কাজেই হাউসের সদস্যদের এটা একটা বড় মৌলিক অধিকার, এ অধিকারও যদি চলে যায় তাহলে হাউস চালাবার কোন প্রয়োজন থাকে না। হাউস তুলে দিলে চলতে পারে, সুতরাং হাউসের ভেতরেও যে মেম্বাররা নিরাপদ থাকতে পারবেন না তাহলে বাংলাদেশের গণতন্ত্র একবারে শেষ হয়ে যাবে। কাজেই আমি আপনাদের বলবো যে আপনি ও বিষয়টা আরো তদন্ত সম্পূর্ণ করুন, যিনি অভিযোগ করেছেন তাঁর বক্তব্য শুনতে দিন, আমাদের জানতে দিন এবং জেরা করবার সুযোগ দিন, তারপর যা হয় সাব্যস্ত করবেন।

Permission given by the Chair to move a Privilege motion regarding arrest of Shri Bejoy Pal, M.L.A.

মিঃ স্পীকারঃ আমাকে এনকোয়ারী করতে বলা হয়েছিল আমি যত সোর্স থেকে পেয়েছি এনকোয়ারী করেছি। উনি একটা কথা এখন বলছেন যে মেম্বার কি মিছে কথা বলেছে—অবশ্য আমার এনকোয়ারী রেজাল্ট আপনাদের কাছে প্লেস করছি।

তার চেয়ে বেশী কথা সত্য মিথ্যা বলতে চাই না। সেটা যদি হয় তাহলে ব্রিচ অফ প্রিভিলেজ মোসন মুভ করতে পারে ইট উইল বি কনসিডার্ড বাই দি হাউস যেটা জ্যোতিবাবু হ্যাজ কাইন্ডলী পয়েন্টেড ইট আউট। ব্রীচ অফ প্রিভিলেজ যদি হয় তাহলে তা করতে পারেন—এটা মেম্বারদের রাইট......

Of course, it is my duty to vindicate the rights of the members. I can doubly assure the members that so long as I am here, none of them will be touched within the precincts of the House. I have so far safeguarded the interests of the members. The question of belief or disbelief, question of evidence and other things are there. Of course, Mr. Basu has said, it is better that a privilege motion may be moved. That is the better course.

শ্রীজ্যোতি বসুঃ তাহলে এটা লিখে আপনাকে দিতে হবে—আমি সেকশনটা ভুলে গেছি।

মিঃ স্পীকারঃ আমার মনে হয় এটা লিখে দিলে ভাল হয়।

শ্রীজ্যোতি বসুঃ আজকে আমাদের হাউস শেষ হয়ে যাবে—কাজেই এটা আজকের মধ্যেই চাই।

মিঃ স্পীকারঃ আপনি ২৩০ না কত রুল আছে তাতে করতে পারেন—

শ্রীজ্যোতি বসুঃ সরকার কোন আপত্তি করবেন না তো—

মিঃ স্পীকারঃ না তা করবেন না, কারণ এটা আমার রুলে প্রভাইড করেছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ স্যার, এই যে ব্রিচ অফ প্রিভিলেজ যেটা জ্যোতিবাবু মুভ করবেন—এখন ধরুন আপনি যে রিপোর্ট দিলেন সেটা কি হবে? এটা একটা কোজেন্ট অ্যানসার দরকার। আপনি যে রিপোর্ট হাউসের সামনে রাখলেন তাহলে উইলি-নিলি আপনি একটা পার্টি হয়ে পড়লেন—তাহলে সেই রিপোর্টটা কি প্রিভিলেজ কমিটিতে যাবে? এই প্রশ্নটা আমি আপনার কাছে রাখছি যে ব্রিচ অফ প্রিভিলেজের প্রশ্নটা জ্যোতিবাবু নিয়ে আসবেন—আপনি

দয়া করে যেটা বলেছেন সেটা সম্বন্ধে আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি—সংগে সংগে বলছি যে রিপোর্টটা পড়লেন এবং বললেন যে এই রিপোর্ট আমি পেয়েছি এবং হাউসের কাছে সাবমিট করছি—সেই রিপোর্টটা যখন পড়লেন তখন আপনি উইলি-নিলি পার্টনার হয়ে পড়লেন—আপনার রিপোর্টটা কি অ্যাড হবে?

মিঃ স্পীকার: নো নো, অ্যাড হবে কেন? আমি এনকোয়ারীর রেজাল্ট পড়েছি—তার পর হচ্ছে একজন অনারেবল মেম্বার হি হ্যাজ মেড এ স্টেটমেন্ট। সেটা আমি ডিস-বিলিভ করছি কি না—আমার রেজাল্ট অফ এনকোয়ারী বলেছি—সেই পয়েন্টে একটা প্রিভিলেজ মোশন তুলতে পারেন—আই ক্যান ইমিডিয়েটলি রেফার ইট টু দি কমিটি।

শ্রীকাশিকান্ত মৈত্র: একটা রিপোর্ট আপনি দিলেন এবং বললেন আই হ্যাভ কন্ডড অ্যান এনকোয়ারী টু বি মেড।

যাতে করে আনপ্রেজুডিসড ডিসকাশন
last this might be construed as a piece of evidence against that unprejudiced deliberation.

আমরা একটা অ্যাসিওরেন্স চাচ্ছি
that this evidence will not be taken into account.

Mr. Speaker: Certainly it will not be taken notice of by the Committee.

Privilege Motion regarding arrest of Shri Bejoy Pal, M.L.A.

Shri Jyoti Basu: Sir, under rule 224 of the Rules of Procedure I move that the complaint made by Shri Bejoy Pal, M.L.A., that he was arrested by the police within the precincts of the House, be sent to the Committee of Privilege for enquiry, recommendation and action as it involves a question of breach of privilege of a member and of the House.

Mr. Speaker: Honourable members, I received a telegram from Shri Bejoy Pal which reads as follows:—

Dragged arrested Assembly compound Friday protest

As matters have progressed up to this day and now that a privilege motion has been moved by Shri Jyoti Basu—the statement of the honourable member is here—I think there is a prima facie case and I refer this matter straight under rule 230 to the Privilege Committee to be considered by them and for submission of their report.

[2-50—3 p.m.]

Shri Kanai Pal:
মিঃ স্পীকার স্যার, আমার বক্তব্য হচ্ছে যে এইরকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনাকে তদন্ত করতে বলা হয়েছিল,

Mr. Speaker:
যে এনকোয়ারি করা হয়েছিল তার বিষয় দেওয়া হয়েছে তাতে
Honourable members are not really happy. But I have got the telegram of the honourable member and I have given leave to move the motion of privilege before the Privilege Committee.

I have received a notice from Shri Sambhu Charan Ghosh dated 21st April, 1965, seeking to raise a question of privilege. I give my consent to that too.

Infringement of decorum and etiquette of the House caused a Minister while making a policy statement outside the House during its meeting

Shri Sambhu Charan Ghosh:
মাননীয় স্পীকার মহাশয়, এর আগেও ঠিক এই ধরনের প্রশ্ন হাউসের সামনে রাখা হয়েছে এবং আপনি তার উপর আপনার বক্তব্য রেখেছেন। এর আগে আমরা হাউসের সামনে রেখেছিলাম যে হাউস চলাকালীন কোন মন্ত্রী হাউসের বাইরে কোন পলেসি স্টেটমেণ্ট করতে পারেন কিনা— আপনি তখন বলেছিলেন যে হাউসের ডেকোরাম এবং এটিকেটের খাতিরে মন্ত্রীদের উচিত যদি কোন পলেসি ষ্টেটমেণ্ট করতে হয় তাহলে হাউসের অভ্যন্তরে তা করতে হবে। আপনি বলা সত্বেও দেখা যাচ্ছে যে মাননীয় মুখ্যমন্ত্রী গত ১৭ই এপ্রিল জাপান যাবার আগের দিন সাংবাদিক বৈঠক ডেকে তিনি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কতকগুলি নূতন পলেসি ষ্টেটমেণ্ট করেছেন এবং মাননীয় স্পীকার স্যার, আমি আপনার কাছে রাখতে চাই যে এটিকেট এবং ডেকোরাম মেনে চলার বিধান থাকা সত্বেও এবং আপনার নির্দেশ দেওয়া সত্বেও মুখ্যমন্ত্রী যেখানে সেই এটিকেট এবং ডেকোরাম মানেননি সেখানে অধিকার ভঙ্গের প্রশ্ন আসে। আমরা দেখেছি মেজ পার্লামেন্টারী প্রাকটিসে বা লোকসভার রুলসে সেখানে আছে যে

The privilege of a member or of the House covers the entire parliamentary practice and etiquette.

আজকে দেখা যাচ্ছে যে এটিকেট এবং ডেকোরামকে যেখানে না মেনে মুখ্যমন্ত্রী হাউসের বাইরে নূতন পলেসি ষ্টেটমেণ্ট করেছেন সেখানে তিনি সমগ্রভাবে বিধানসভার অধিকার ভঙ্গ করেছেন। গত ১৭ই এপ্রিল মুখ্যমন্ত্রী সাংবাদিক বৈঠক ডেকে তিনি ভূমি-সংস্কার নীতি সম্পর্কে এবং শিল্প-নীতি সম্পর্কে কতকগুলি নূতন পলেসি ষ্টেটমেণ্ট করেছেন। প্রত্যেক সংবাদপত্রে সে সংবাদ বেরিয়েছে। আমি যুগান্তর পত্রিকা কোট করছি—যুগান্তরে বেরিয়েছে—মুখ্যমন্ত্রী শ্রী সেন তাঁর পরিকল্পনার বিস্তৃত বিবরণ দিয়া বলেন—তিনি বিশ্বাস করেন যে পশ্চিমবঙ্গের সকল কৃষি জমিকে যদি লাভজনক অংশে পুনর্বণ্টন করা সম্ভব হয় তাহলে পশ্চিমবঙ্গের খাদ্য-সমস্যার সমাধান হবে। ঐ পত্রিকার আর এক জায়গায় বলেছেন যে এই ২৩ লক্ষ কৃষক পরিবারের ছোট ছোট জমিগুলিকে লাভজনক অংশে পুনর্বণ্টন করতে হবে—তার জন্য ভূমি-সংস্কার আইনের প্রয়োজন। আর এক জায়গায় বলছেন অলাভজনক জমির উপর নির্ভরশীল কৃষকদের— অন্যান্য ক্ষুদ্র শিল্পের কাজে নিয়োগ করে একদিকে জমির উপর চাপ হ্রাস অন্য দিকে শিল্পোৎপাদনের পরিমাণ বৃদ্ধি দ্বারা অর্থনীতিকে সঞ্জীবিত করার চেষ্টা করা হবে। অপর একটি জায়গায় বলছেন একটা প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী জানান সরকার নীতি হিসাবে কৃষি জমির রাষ্ট্রীয়করণ সমর্থন করেন না। মাননীয় স্পীকার স্যার, ঠিক এই রকম সংবাদ এদেশের বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে—সাংবাদিক বৈঠকের রিপোর্ট-এ বেরিয়েছে—তিনি এ সম্বন্ধে কতকগুলি নূতন কথা বলেছেন ইকনমিক হোল্ডিং-এর ক্ষেত্রে একটা নূতন কথা রেখেছেন, অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা নীতির কথা তিনি ঘোষণা করেছেন যে সরকার জমির বা ভূমি ব্যবস্থা রাষ্ট্রীয়করণ নীতিকে সমর্থন করেন না। আমরা জানি যে পশ্চিমবাংলায় যেখানে এষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট আছে যে এ্যাক্ট মারফত উদ্বৃত্ত জমি সরকার নিজের খাসে নিতে পারেন সেই উদ্বৃত্ত জমিকে সরকার জাতীয়করণ করতে পারেন—সেখানে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী সাংবাদিক বৈঠকে নূতন নীতির কথা ঘোষণা করেন যে পশ্চিমবঙ্গ সরকার নাকি ভূমি ব্যবস্থার জাতীয়করণ বা রাষ্ট্রীয়করণ নীতির সম্পূর্ণ বিরোধী।

তিনি একথা বলেছেন যে, কারুর জমি আমরা জোর করে কেড়ে নেবার কথা চিন্তা করি না কারণ এটা সংবিধান বিরোধী। মাননীয় স্পীকার মহাশয়, আমরা আশা করেছিলাম বিধানসভার অধিবেশন যখন চলছে তখন মুখ্যমন্ত্রী আমাদের সামনে তাঁর যা কিছু বক্তব্য আছে তা রাখার পর বাইরে গিয়ে তিনি নূতনভাবে তাঁর বক্তব্য রাখবেন। এ সম্পর্কে লোকসভার যে নজীর আছে তা আমি আপনার সামনে রাখতে চাই। আপনি নিশ্চয়ই দেখেছেন কিছুদিন আগে লোকসভায় প্রশ্ন উঠেছিল যে, কংগ্রেস সভাপতি কামরাজ এবং কোন কোন কেন্দ্রীয় মন্ত্রী ভাষা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের নীতির নূতন ব্যাখ্যা লোকসভার বাইরে গিয়ে করেছেন। তাতে লোকসভার স্পীকার হুকুম সিং বলেছেন যে লোকসভাচলাকালীন কেন্দ্রীয় সরকারের কোন মন্ত্রী যদি লোকসভার বাইরে কেন্দ্রীয় সরকারের নীতি সম্পর্কে নূতন বক্তব্য রাখেন তাহলে সেটা তাঁর পক্ষে সমীচীন হয়েছে বলে আমি মনে করি না। আমি মনে করি এটিকেট এবং ডেকোরাম-এর

ধার তাঁরা ধারেন না, আপনার অনুরোধ এবং নির্দেশ তাঁরা মানেন না। এই এটিকেট এবং ডেকোরাম না মানার মধ্য দিয়ে, আপনার নির্দেশ না মানার মধ্য দিয়ে এবং অধিবেসন চলাকালীন বাইরে বিবৃতি দেবার মধ্য দিয়ে তাঁরা বিধানসভার অধিকার ক্ষুন্ন করেছেন এবং সেদিক থেকে আমি মনে করি এই প্রশ্ন প্রিভিলেজ কমিটিতে দেওয়া উচিত।

মিঃ স্পীকার: আই উইল গিভ মাই রুলিং ল্যাটার অন।

শ্রীনমী ভট্টাচার্য: স্যার, এর আগে পয়েন্ট অব অর্ডার এবং ইন্টারপ্রেটেসন অব রুলস্ সংক্রান্ত বিষয়ে যে আলোচনা হয়েছে সে সম্পর্কে আপনি বলবেন বলেছিলেন।

মিঃ স্পীকার: আমি এ্যাডজোর্নমেণ্ট মোসন-এর পয়েন্ট বলেছি। রেস্ট অব দি ম্যাটার যা আছে সেটা আমি আফ্‌টার দি রিসেস্ বলব। আই হ্যাভ হার্ড হিম ফার্দার এ্যাণ্ড আই উইল গিভ মাই ডিসিসন আফ্‌টার দি রিসেস।

The Howrah Municipal Bill, 1964

Clause 6

Dr. Kanai Lal Bhattacharya: I move that in clause 6(2), lines 5-7, the words beginning with "and may provide or" and ending with "force in Howrah" be omitted.

স্যার, আমি এই যে সংশোধনী মুভ করলাম এর উদ্দেশ্য হচ্ছে সরকার এই ধারার দ্বারা চেষ্টা করছেন যে বিল এখানে গৃহীত হবে, কিংবা সেই আইন অনুযায়ী যে সমস্ত নিয়ম তৈরী করা হবে, ল, রুলস্ তৈরী করা হবে সেই সমস্ত রুলস্-এর অদল বদল সরকার ইচ্ছা করলেই করতে পারবেন। আমি এর বিরোধিতা করছি। ৬ নম্বর ধারার ২ নম্বর উপধারায় আছে "A notification applying to and bringing into force in Howrah any law under the second proviso to sub-section (1) may be issued so as to be retrospective to any date not earlier than the date of coming into force of such law in Calcutta"

এটা বুঝলাম। কিন্তু তারপর যেখানে বলছেন,

"and may provide for such modifications or exceptions, as the State Government may think fit, subject to which such law shall apply to and come into force in Howrah."

সেটা আমি বাদ দিতে চাইছি। যে সমস্ত রুলস্ এবং বাই-লজ তৈরী হবে সেগুলি সরকার যখন মনে করবেন তখনই পরিবর্তন করতে পারবেন এই ৩টি লাইন আমি বাদ দিতে চাইছি। আমি মনে করি এর দ্বারা মিউনিসিপ্যালিটি পরিচালনা করা অসম্ভব হবে এবং সেই জন্যই বলছি এই ৩টি লাইন বাদ দিন।

[3—3-10 p.m.]

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 6(1), in first proviso, line 2, after the word and figures "Chapter IV" the words and figures "and sections 47C and 47D of Chapter III" be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সংশোধনী নম্বর হচ্ছে ৪২ নম্বর। এখানে যে কথাটা আপনারা বলছেন তাতে এই আ্যক্টের এই ধারা সম্পর্কে কতকগুলি ধারাকে বাদ দিচ্ছেন এবং সেই সংগে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের যে ধারাগুলি রয়েছে এবং যেটা খুব পীড়নমূলক এবং যে ধারাটা প্রযোজ্য হলে মিউনিসিপ্যালিটির স্বাধীনতা বহুদিনের তরে শেষ হয়ে যাবে, তার কণ্ঠরোধ হয়ে যাবে সে সম্পর্কে। কিন্তু কিছু নিয়ে আসছেন না যে সেটা পরিবর্তন করা যেতে পারে। যদি বুঝতাম ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের সেকশান ৪৭ বি এণ্ড সেকশান ৪৭ সি এণ্ড ৪৭ ডি, এর যেখানে সুপারসেশন ক্লজ আপনারা রেখেছেন, সেটা ঠিক ঐ কলকাতা

পৌর আইন যেভাবে থেকে গেল এবং সেটা ঠিক সেইভাবে হাওড়ার ক্ষেত্রে প্রযোজ্য হবে। এখন আমি আমার বাস্তব অভিজ্ঞতার কথা বলছি যে ঐ সুপারসেশান ষ্টেট গভর্নমেণ্ট করতে পারে এবং সুপারসিড হবার পর আবার সেই সুপারসেশান পিরিয়ড ষ্টেট গভর্নমেণ্ট বাড়াতে পারে। এখন এখানে আমার বক্তব্য হচ্ছে যে আমাদের রাষ্ট্রপতি তার নির্দেশ বলে বহু জায়গার আইনসভায় বাতিল করেন। কিন্তু বাতিল করবার পরে সেটা ১ মাসের মধ্যে সেটা পার্লামেণ্ট-এ আনতে হয়। কিন্তু কলকাতা পৌর আইনে সেই ধরনের কোন কিছু রাখা হয়নি যে কলকাতা পৌরসভাকে বা করপোরেশানকে ষ্টেট গভর্নমেণ্ট যদি বাতিল করে তাহলে তার এ্যাপ্রুভ্যাল-এর জন্য সেটা আইনসভাতে আসবে এই ধরনের কোন ক্লজ নেই। কাজেই সেই একই বিষয়বস্তু হাওড়া পৌরসভার ক্ষেত্রে আপনারা রাখছেন। এখন এই যে সুপারসেশানের ব্যাপারটা তার বাস্তব অভিজ্ঞতা কি? আসানসোল পৌরসভাতে ৭/৮ বছর আগে সেটা বাতিল করে দেওয়া হয়েছে। কাজেই আসানসোলে সাধারণ লোকে যে সুযোগ-সুবিধা পৌরসভা থেকে পেয়ে থাকে—ট্যাক্স পেয়ার-এর যে সুবিধাগুলো পাওয়া দরকার তার সম্বন্ধে তাঁদের কোন কিছু বক্তব্য তাঁরা রাখতে পারছেন না। এটা গণ-ভোটের ভিত্তিতে কখন সেখানে নির্বাচন হবে সেটা তারা জানতে পারছে না। বর্ধমানের ক্ষেত্রেও সেই একই ব্যবস্থা। সেই জন্য যখন আপনারা পরিবর্তন করতে পারবেন তখন এই সেকশান ৬, সেকশান ৯ ও ৪৭সি এণ্ড ৪৭ডি-তে কতকগুলি জিনিস করবেন। তেমনি ৪৭সি এণ্ড ৪৭ডি ইনক্লুড এটাও দরকার হলে ষ্টেট গভর্নমেণ্ট কলকাতা পৌরসভাতে যে সমস্ত রুল আছে ঐ সেকশান ৪৭সি এবং ৪৭ডিটাকেও ওর মধ্যে ইনক্লুড করা যদি প্রয়োজন মনে করেন তাহলে ঐ ধরনের পরিবর্তন করতে পারেন। সেই জন্য আমি সেকশান ৪৭সি এণ্ড ৪৭ডিটাতে একটি প্রোভাইসো এ্যাড করবার জন্য বলছি।

শ্রী এস এম ফজলুর রহমান: মাননীয় চেয়ারম্যান মহাশয়, অশ্বিনীবাবুর এই অ্যামেণ্ডমেণ্টটি আশ্চর্য ধরনের। বিলে যা বিধান করা হয়েছে সেকসান ৬, ৯, ২০ এণ্ড ২৩ অফ চাপটার ১৪ এটার কথা বলা হয়েছে এই জন্য যে করপোরেশান ইলেকসান সম্বন্ধে যাবতীয় ব্যাপার এই সেকশানস ৪৭সি এণ্ড ৪৭ডি অব চ্যাপ্টার থ্রিতে লিপিবদ্ধ আছে। আর উনি ৪৭সি এণ্ড ৪৭ডি কে এর মধ্যে ঢুকিয়ে দিতে বলেছেন। তার ফল দাঁড়াচ্ছে এই যে রামের জন্ম গ্রহণের আগেই রামায়ণ রচনা হয়ে যাবে। করপোরেশান কন্সটিটিউট হওয়ার পরে তবে সুপারসিশানের প্রশ্ন ওঠে। কিন্তু করপোরেশানের পূর্বে সুপারসিশান—তার মানে করপোরেশান না হতেই তার সুপারসিশান, সেই জন্য আমি এটা গ্রহণ করতে পারলাম না। দ্বিতীয়তঃ ডাক্তার কানাই ভট্টাচার্য মহাশয় যে কথাটা বলছেন যে যদি কোন আইন ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর কোন আইনের ধারার অংশ বিশেষ যেটা প্রয়োজন হবে না হাওড়ায় যা আংশিকভাবে প্রযোজিত হবে বাই নোটিফিকেশান গভর্নমেণ্ট সেটা করতে পারবে। কিন্তু উনি বলছেন যে না বাই পিওর এণ্ড সিম্পল এটা যদি বাই নোটিফিকেশান ইন দি অফিসিয়াল গেজেট, যেটা ষ্টেট গভর্নমেণ্ট ফিল না করে—এটা না রেখে উঠিয়ে দিই, তাহলে নূতন পিস অব লেজিসলেশান ছাড়া কাজ করা যাবে না। তাহলে আরো অচল অবস্থার সৃষ্টি হবে। কাজেই এটা আমি ঠিক যুক্তিসঙ্গত মনে করি না।

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 6(2), lines 5-7, the words beginning with "and may provide for" and ending with "force in Howrah" be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 6(1), in the first proviso, line 2, after the word and figures "Chapter IV" the words and figures "and sections 47C and 47D of Chapter III" be inserted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Shri Aswini Roy: I beg to move that in clause 8 (Proviso), lines 1-2, the words "assessment made, tax, rate, toll or fee assessed or imposed" be omitted.

माननीय अध्यक्ष महाशय, এই ৮ নম্বর ক্লজে উনি বলেছেন যে করপোরেশান হবার আগে যদি কোন এ্যাসেসমেণ্ট হয়ে থাকে, যদি কোন ট্যাক্স ধার্য হয়ে থাকে, যদি কোন ফি ধার্য হয়ে থাকে তাহলে সেগুলি মোটামুটিভাবে কন্সটিটিউটেড হবার পরে করপোরেশান সেগুলিকে মেনে নেবে। এখন এখানে একটা জিনিস হচ্ছে এই যে একটা নির্বাচিত বডি যদি থাকে তাহলে সেই নির্বাচিত বডি আবার পুর্ননির্বাচিত হল, সেই রকম যদি থাকে তাহলে কোন সংশয়ের উদ্যোগ হত না। কিন্তু এর আগেই আমি ৪৭সি এণ্ড ডি-এর কথা বলে গিয়েছিলাম। বহু মিউনিসি-প্যালিটি আছে যেখানে মিউনিসিপ্যালিটি নেই, পৌরসভা নেই, ঐ পৌরসভা যা কিছু করে থাকে। এখন সেই সমস্ত পৌরশাসক যা কিছু সমস্ত করে থাকেন। যদি তাঁরা কোথাও ৮/১০ গুণ ট্যাক্স বাড়িয়ে থাকেন, যেমন বর্ধমানের ক্ষেত্রে বেড়েছে। সেই জন্য আমার সংশয় হচ্ছে যে তাহলে ঐ ধরনের ৮/১০ গুণ ট্যাক্স পৌরশাসক বাড়িয়ে গেলেন, তার অ্যাসেসমেণ্ট হয়ে গেল, লোকে সেটার বিরোধিতা করুক বা না করুক এটা তাদের উপর বাধ্যতামূলক হয়ে যায়। কাজেই ঐ যে একটা নির্বাচিত প্রতিনিধি বা সংস্থা সেখানে থাকছে না, একজন অফিসার সেখানে থাকছেন। তিনি যে কাজটা করে যাচ্ছেন, সেই কাজটা ৫ বছরের জন্য থেকে যাবে। এইবার কারো হয়ত ১০ টাকা ট্যাক্স ছিল, তার এ্যাসেসমেণ্ট করে যদি ১০০ টাকা ট্যাক্স হয়ে যায় তাহলে ৫ বছরের মধ্যে আর কোন পরিবর্তন হবে না। কারণ, নূতন পৌরসভা যখনই হচ্ছে, নির্বাচিত হবার পর তাদের অ্যাসেসমেণ্ট ইত্যাদির উপর কোন হাত থাকছে না। কারণ, সেটা ঠিক হয়ে গেছে যে পৌরশাসকের আমলে যেটা হয়েছে সেটাই তাদের মেনে নিতে হব। সেই জন্য আমি এই পরিচ্ছেদ থেকে সমস্ত জিনিসটাই মেনে নিচ্ছি। কিন্তু এ্যাসেসমেণ্ট মেড, ট্যাক্স, রেইট, টোল অর ফি এ্যাসেসড্ অর ইমপর্ডজড এই কথাটিকে বাদ দিতে বলছি। তার কারণ, এখানে রয়েছে, শুধু এখানে নয় অধিকাংশ মিউনিসিপ্যালিটিতে বহুদিন সুপারসিডেড থেকে যায় এবং দেখা যায় ঐ সুপারসেসন পিরিয়ডে এ্যাডমিনিস্ট্রেটর-এর একটা যে ট্যাক্স থাকে তাকে ১০/১৫ গুণ করে বাড়িয়ে থাকে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি আশ্চর্য হয়ে যাবেন যে বর্ধমানের একটি মন্দিরের উপর ৯৫ টাকা ট্যাক্স বসিয়ে দিয়েছে। এখন এই ৯৫ টাকা ট্যাক্স পৌরশাসকের সময়ে হয়েছে।

এখন এই ৯৫ টাকা ট্যাক্স পৌরশাসকের সময়ে হয়েছে। তারপর রহমান সাহেব বলছেন যে ১৯৬৫ সালে আর্থিক বছরের মধ্যে পৌর নির্বাচন হবে। মার্চ মাসে পৌর নির্বাচন হয়ে গেলে জনসাধারণের প্রতিনিধিরা সেখানে বসলেন। কিন্তু জনসাধারণের প্রতিনিধিদের উপর বাধ্যতামূলকভাবে ঐ জিনিসটা থেকে যাবে যে সেই মন্দিরের ৯৫ টাকা ট্যাক্স তাঁরা মকুব করতে পারবেন না যতক্ষণ না আইন অনুযায়ী ৫ বছর পরে রিএ্যাসেসমেণ্ট হচ্ছে। কাজেই এই কয়েকটি কথা বাদ দেওয়ার জন্য মন্ত্রিমহাশয়কে বলছি যে আমার এ্যামেণ্ডমেণ্টটি মেনে নিন।

[3-10—3-20 p.m.]

Shri S. M. Fazlur Rahman:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অমিসান কথাটার অর্থ হচ্ছে
The omission means that until assessment made, tax, rate, toll or fee assessed or imposed in proviso to clause (8)
এর মধ্যে কোন ট্যাক্স হবে না, এটা আনথিংকেবল, এই পিরিয়ড উইদাউট ট্যাক্স থাকবে এটা হতে পারে না। সেজন্য আমি এটা অপোজ করছি।

The motion of Shri Aswini Roy that in clause 8 (Proviso), lines 1-2, the words "assessment made, tax, rate, toll or fee assessed or imposed" be omitted, was then put and lost.

The question that Clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 9, 10, 11 and 12

The question that Clauses 9, 10, 11 and 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that in clause 13, line 6, the words "or any of" be omitted.

মাননীয় স্পীকার মহাশয়, এই ধারাতে আমার একটা সংশোধনী প্রস্তাব আছে, সংশোধনীটা খুব ছোট। এই ধারাতে আছে যে নির্বাচনের জন্য যেসমস্ত খরচ হবে সেই সমস্ত খরচ সরকার দুটো মিউনিসিপ্যালিটি কিংবা যেকোন একটা মিউনিসিপ্যালিটির কাছ থেকে নিতে পারবেন। আমার বক্তব্য হচ্ছে যে অব এনি অফ অর্থাৎ যেকোন একটা মিউনিসিপ্যালিটির কাছ থেকে নেবেন এটা কেন করছেন? দুটো মিউনিসিপ্যালিটির কাছ থেকে নেওয়া হোক এবং এমন কিছু কথা নয় যে হাওড়া মিউনিসিপ্যালিটি বা বালী মিউনিসিপ্যালিটি ব্যাংক্রাপট হয়ে গেছে, নির্বাচনের খরচ দিতে পারবে না। কাজেই একটা মিউনিসিপ্যালিটির উপর চাপানর উদ্দেশ্য কি সেটা আমি বুঝতে পারছি না। সেজন্য আমি বলছি অর এনি অফ এই কথাগুলি বাদ দেওয়া হোক, দুটো মিউনিসিপ্যালিটির কাছ থেকে খরচ আদায় করা হোক। আজকে যদি বালী মিউনিসিপ্যালিটির নির্বাচন হত তাহলে বালী মিউনিসিপ্যালিটিকে দিতে হত। কাজেই এই নির্বাচনের খরচ দুটো মিউনিসিপ্যালিটির কাছ থেকে তোলা হবে এটাই হচ্ছে আমার সংশোধনী। আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

Shri S. M. Fazlur Rahman:
স্যার, দুটো মিউনিসিপ্যালিটি একত্রিত হচ্ছে, তবে আর একটা এরিয়া হচ্ছে। সেখানকার এলাকার ইলেকসানের রোল তৈরি হবে, অন্যান্য ব্যাপার তৈরি হবে। দুটো মিউনিসিপ্যালিটিরই দেবার ক্ষমতা আছে, এ্যাসেসমেণ্ট ঠিক আছে, দুটোর আলাদা ফাণ্ড আছে। সুতরাং একটা মিউনিসিপ্যালিটির কস্ট সেই মিউনিসিপ্যালিটি না দিয়ে কেন দুটো মিউনিসিপ্যালিটি সমান-ভাবে দেবে এর কোন যুক্তি খুঁজে পাই না। আপনি অর এনি অব অমিট করে দিতে বলেছেন। যদি অর একটা উঠিয়ে দেওয়া যায় তাহলে একটা না দিলে আর একটা দিচ্ছে না এই রকম অবস্থার সৃষ্টি হচ্ছে এবং এর ফলে দাঁড়াচ্ছে যে দুজনকেই দিতে হবে। এটা আমি ফেয়ার এণ্ড ইকুইটেবল বলে মনে করি না। সেজন্য আমি এর বিরোধিতা করছি।

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in clause 13, line 6, the words "or any of" be omitted was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14.

The question that Clause 14 do stand part of the Bill was then put and agreed to.

Schedule A.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that in Schedule A (Boundaries), lines 13 to 26, for the words beginning with "thence westward along the southern boundaries" and ending with "west boundary of mouza Jagacha in Jagacha Police Station" the words "thence westward along the southern boundaries of mouzas Sultanpur and Jagacha in Jagacha Police Station to the point where it meets the western boundary of the same mouza" be substituted.

মাননীয় চেয়ারম্যান স্যার, আমার এই যে এমেন্ডমেন্ট-এর উদ্দেশ্য হচ্ছে যে কিছুটা গ্রাম্য এলাকা যেটা এই কর্পোরেশনের মধ্যে ইনক্লুড করবার কথা মন্ত্রিমহাশয় সিডিউল-এর মধ্য দিয়ে বলেছেন, সেটা বাদ দিয়ে দেওয়া।

স্যার, জগাছা থানার জগাছা ইউনিয়নের উনসানি মৌজা ও পদুইল্লা মৌজা একেবারে এ দুটি মৌজা গ্রাম্য এলাকা। এখানে সহরের কোন টাচ নাই। সেখানে এখনো ধানের জমি, পাটের জমি, পুকুর ইত্যাদি রয়েছে। সেখানে একটি গ্রাম্যজীবন এবং গ্রাম পরিবেশ তার মধ্যে রয়েছে। কিন্তু জগাছা থানার অন্যান্য অঞ্চলে সাতগাছা, পাকসাড়া ইত্যাদি যেসমস্ত এলাকা ঘনবসতি এলাকা, সেখানে কিছু কিছু রাস্তা হয়ে গেছে। পদুইল্লা ইউনিয়ন বোর্ডের প্রচেষ্টায় সেখানে ইলেকট্রিক লাইট হয়েছে। সে সমস্ত মিউনিসিপ্যাল এলাকার মধ্যে আসা উচিত। যেসমস্ত এলাকা ইম্প্রুভড কিছু কিছু হয়েছে, সেই সমস্ত এলাকার লোকজনের ট্যাক্স দিতে বেশী আপত্তি হবে না যদি তারা মিউনিসিপ্যালিটির কনজারভেনসী সার্ভিস পায়, যদি তারা ইলেকট্রিক লাইট পায়, স্ট্রীট লাইট পায়, যে স্কীম ইউনিয়ন বোর্ডের মেম্বার কিংবা পঞ্চায়েতের মেম্বাররা চালাচ্ছেন পাবলিকের কাছ থেকে চাঁদা নিয়ে, সেই চাঁদা যদি তাদের না দিতে হয়। এ ছাড়া পায়খানা পরিষ্কারের জন্য মেথরদের মাইনে যদি তাদের না দিতে হয়, মিউনিসিপ্যালিটি যদি সেই দায়িত্ব গ্রহণ করে, তাহলে সেই অঞ্চলের মানুষের কোন অসুবিধা হবে না, মিউনিসিপ্যাল কর্পোরেশনের মধ্যে আসতে। বরং এই প্রচেষ্টার জন্য তারা সরকারকে ধন্যবাদ জানাবে, আশীর্বাদ করবে। আমি জানি ঐ অঞ্চলের মানুষ বাকসাড়া ইত্যাদি অঞ্চলের মানুষ চায় ঐ অঞ্চলে মিউনিসিপ্যালিটি হোক; কনজারভেনসী সার্ভিস পায়, স্ট্রীট লাইটম্যান। কিন্তু যে কথাটা ফজলুররহমান সাহেব প্রারম্ভিক ভাষনে বলেছেন গ্রাম্য অঞ্চল বাকসাড়া এর মধ্যে ইনক্লুড করছেন। কারণ হাওড়া থেকে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর কাজের জন্য যারা উৎখাত হবে, তাদের বসবাস করানোর জন্য ঐ অঞ্চল নেবার প্রয়োজন আছে বলে। সেটা যুক্তিযুক্ত নয়। সেটা যুক্তিযুক্ত নয়। কারণ হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর জন্য যারা উৎখাত হবে, তাদের জন্য এত কিছু জমি প্রয়োজন হবে না—যেটা নাকি ফজলুররহমান সাহেব জগাছা ও অন্যান্য অঞ্চলে নিচ্ছেন, সেখানে সেটা পাবেন না এমন কোন কথা নয়। তবে অন্যান্য অঞ্চল গ্রাম্য এলাকা বাদ দিয়ে সাতগাছা, বাকসাড়া অঞ্চল ইনক্লুড করছেন, সেটা এমন কিছু ঘিঞ্জি সহর নয়, তার মধ্যে বহু ফাঁকা জমি আছে। এমন কি আমার ১০নং ওয়ার্ড, যে ওয়ার্ডে আমি আছি, সেটাও ঘিঞ্জি সহর নয়। মন্ত্রিমহাশয় যেটা বলেছেন হাওড়া ঘিঞ্জি—হাওড়ার মধ্যে হতে পারে, তবে তার পার্শ্ববর্তী এলাকা তত ঘিঞ্জি নয়।

[3-20—3-30 p.m.]

সেখানে যদি রিহ্যাবিলিটেসান করতে চান তাহলে রিহ্যাবিলিটেসান করতে পারেন এবং ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট-এর জন্য কিছু কিছু জমিও দখল করছেন, কাজেই এটা একটা কোন যুক্তি হল না যে ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট ভুক্ত হবেন বলে তাদের গ্রাম্য-এলাকা নিয়ে গিয়ে বলতে হবে। এটা যুক্তির মধ্যে আসে না, যদি গ্রাম্য এলাকা নেওয়া হয় তা হলে ঐ অঞ্চলের গ্রামের সাধারণ মানুষ যারা ৭।৮ কিংবা ১০ হাজারের মত হতে পারে এদের উপর ট্যাক্স বসাবেন এবং কিছু কিছু লোকের জমি দখল হবে কারণ এভাবে সেখানে মিউনিসিপ্যালিটি করার সঙ্গে সঙ্গেই সেখানে মিউনিসিপ্যালিটির সুযোগ-সুবিধা পেতে পারা যায় না বা পাওয়া সম্ভব নয়। প্রথমতঃ প্রশ্ন হচ্ছে, এই যে এখানকার লোকেরা যে গ্রাম্য-জীবন পেত হঠাৎ মিউনিসিপ্যালিটির সুখ-সুবিধা দিতে তাদের পারা যাবে না। একটা ট্রেনজিসান পিরিয়ড-এর মধ্যে তাদের ট্রেনজিসান-এ স্কোপ দেওয়া উচিত যে মিউনিসিপ্যালিটিতে তারা এভাবে জাষ্ট আউট অফ দি মিউনিসিপ্যালিটি যদি তারা ঐভাবে ঐ অঞ্চল থেকে উৎখাত হয় তারা সেখানে গিয়ে জমি কিনে বসবাস করবে এবং আস্তে আস্তে অন্ততঃ সেখানে একটু নাগরিক জীবন গড়ে উঠুক তা হলে একবারে গ্রাম্য যে পরিবেশ সে পরিবেশকে সহরের মধ্যে টেনে এনে তাদের উপর খানিকটা অত্যাচার করা হবে বলে আমি মনে করি। আমি মনে করি তাদের উপর আননেসেসারী ট্যাক্স বাড়ান হবে এবং তাদের কোন মিউনিসিপ্যাল ফেসিলিটি দেওয়া যাবে না। সেজন্য আমি মনে করি যে ঐ এলাকা মিউনিসিপ্যালিটি-এর মধ্যে না এনে আমার সংশোধনী প্রস্তাব গ্রহণ করবেন।

শ্রী এস এম ফজলুর রহমান: কানাইবাবু ২টা গ্রাম ও মৌজা ছেড়ে দেবার কথা বলেছেন। উনি যুক্তি হিসাবে দেখিয়েছেন যে এর বেশীর ভাগ গ্রামগুলির মধ্যেই সহরের কোন আবহাওয়া নেই পুরা গ্রামের লোক এই হিসাবেই তিনি বলেছেন, কিন্তু আমরা আমাদের রিপোর্ট যা দেখেছি যে কোন এলাকা যদি মিউনিসিপ্যাল এলাকার মধ্যে আসে তা হলে এটলিস্ট ৭৫ পারসেন্ট অফ দি পিপল নন-এগ্রিকালচারেল এই কন্ডিসান সেখানে ফুলফিল দরকার এবং যে কন্ডিসান দেখিয়েছেন সেটা ফেলে দেবার না হলেও সব যুক্তির মধ্যে কঠিন যুক্তি দাঁড়ায় যে তিনি যেভাবে গ্রাম ২টি ছাড়ার কথা বলেছেন তারই পরিপ্রেক্ষিতে আমি দেখলাম ঐ মৌজার ম্যাপে যা দেখলাম তাতে যে মৌজার মধ্যে এইভাবে করলে মধ্যে গ্যাপ থেকে যায়। এর ফলে সুলতানপুর মৌজার যে অংশ এবং জগাছার দক্ষিণ দিকের যে অংশ সেটার মধ্যে যোগাযোগ থাকছে না, বিচ্ছেদ হয়ে যাচ্ছে, কাজেই সেদিক থেকে একটি লিংক সেটা থাকছে না, কানেকসান থাকছে না কাজেই এই একটি লিংক বা কানেকসান না থাকার জন্য আমি মনে করি এই এমেন্ডমেন্ট গ্রহণ করা যুক্তিযুক্ত নয়।

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in Schedule A (Boundaries), lines 13 to 26, for the words beginning with "thence westward along the southern boundaries" and ending with "west boundary of mouza Jagacha in Jagacha Police Station" the words "thence westward along the southern boundaries of mouzas Sultanpur and Jagacha in Jagacha Police Station to the point where it meets the western boundary of the same mouza" be substituted was then put and lost.

The question that Schedule A do form part of the Bill was then put and agreed to.

Schedule B

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to move that in Schedule B,—

(a) in item 5, for the words, figure and letter "in section 7, clause (b)", the words, figure and letter "section 7, clause (b)" be substituted;

(b) in item 58, for the words and figures "of section 237", the words and figures "of section 337" be substituted.

Item No. 6

Dr. Kanai Lal Bhattacharya:
আইটেম নাম্বার ৬ এতে রহমন সাহেবের এইমাত্র আমি একটা এমেন্ডমেন্ট পেলাম। অবশ্য রহমান সাহেব যদি এমেন্ডমেন্ট মুভ করেন তাহলে আমি আর এই এমেন্ডমেন্ট মুভ করতে চাই না। আমি আইটেম নাম্বার ৬-এর উপরই বলছি। সিডিউল্ড "বি"-তে আইটেম-ওয়াইস্ এই-ভাবে আমি করতে বলছি কারণ এইভাবে আলোচনা করলে সুবিধা হয়। এমেন্ডমেন্ট নাম্বার ১৭তে যে এমেন্ডমেন্ট তাতে বলা হচ্ছে যে ঐ আইটেম ৬কে বাদ দেওয়া হোক, আইটেম ৬তে বলা হচ্ছে যে ক্লজ(এ) অফ সেকসান ১৩এ অফ দি মেইন অ্যাক্টকে বাদ দিয়ে দেওয়া হোক অর্থাৎ কাউন্সিলার এবং অল্ডারম্যানদের যে অনারেরিয়াম ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এর মত ১০০ টাকা করে মাসিক যে অনারারিয়ামটা হাওড়া মিউনিসিপ্যাল কমিশনার্স এবং কাউন্সিলারদের দেওয়া হবে না এটা বলছি, এটা আইটেম ৬এ যেটা আমার বক্তব্য তাতে বলা হচ্ছে যে এটা বাদ দিয়ে দেওয়া হোক কিন্তু আমি দেখছি রহমান সাহেব এটা মুভ করতে চান তার পর বলেছেন যে ক্লজ(৩)তে যে ১০ টাকার জায়গায় ২০ টাকা করা হোক এবং ৫০ টাকার জায়গায় ১০০ টাকা করা হোক। এইভাবে যদি এ্যামেন্ডমেন্ট মুভ করা হয় তাহলে আমি এই এ্যামেন্ডমেন্ট মুভ করবো না।

Shri S. M. Fazlur Rahman: I move that in Schedule B, for item 6, th following item be substituted, namely:—

"6. In section 13A,—

(a) clause (a) shall be omitted,

(b) in clause (b),—

(i) for the words "ten rupees", the words "twenty rupees" shal be substituted, and

(ii) for the words "fifty rupees", the words "one hundred rupees' shall be substituted."

আমি এই এমেণ্ডমেণ্ট আগেই দিয়েছি এমেণ্ডমেণ্ট নাম্বার (৬৯)তে বলেছি যে সেকসা ১৩এ অফ দি মেইন অ্যাক্ট সেটাকে আমরা করবার জন্যই বলেছি, আরও বলা হয়েছে ১০ টাকা জায়গায় ২০ টাকা করা হোক এবং মেক্সিমামটা ১০০ টাকা করা হোক। আমি স্যার এটাবে এইভাবে মুভ করছি এবং আমি মনে করি ডাঃ ভট্টাচার্য ও অশ্বিনী রায় মহাশয় যেটা মুভ করেছেন সেটা উইথড্র করে নেবেন।

শ্রীঅশ্বিনী রায়ঃ এমেণ্ডমেণ্ট স্যার রহমান সাহেব যে এমেণ্ডমেণ্ট মুভ করেছেন তা আমি পেয়েছি। উনি এমেণ্ডমেণ্ট নাম্বার (৬৯) যেভাবে মুভ করলেন এবং তার পরবর্তী যেভাবে করেছেন তারই পরিপ্রেক্ষিতে আমার এমেণ্ডমেণ্ট নাম্বার (৪৭)তে আমি আর মুভ করছি না উইথড্র করে নিচ্ছি।

[3-30—3-40 p.m.]

Mr. Chairman: Is it not better to finish discussion of all the items and then put the items separately?

Shri S. M. Fazlur Rahman:
আপনি প্রথমে যেমন বিগিন করেছেন, যেমন ক্লজ-ওয়াইজ করেছিলেন এই সিডিউল বি-টা আইটেম-ওয়াইজ করলে ভাল হয়।

Shri Saila Kumar Mukherjee: There are 83 items. Therefore, each item has to be taken up separately.

Mr. Chairman: The movers of amendments will kindly let me know which of their amendments relate to which of the items.

Items 1 to 4

The question that items 1 to 4 of Schedule B do stand part of the Bill was then put and agreed to.

Item 5

The motion of Shri S. M. Fazlur Rahman that in Schedule B,—

(1) in item 5, for the words, figure and letter "in section 7, clause (b)", the words, figure and letter "section 7, clause (b)" be substituted;

(2) in item 58, for the words and figures "of section 237", the words and figures "of section 337" be substituted;

was then put and agreed to.

Item 6

The motion of Shri S. M. Fazlur Rahman that in Schedule B, for item 6, the following item be substituted, namely:—

"6. In section 13A.—

(a) clause (a) shall be omitted,

(b) in clause (b),—

(i) for the words "ten rupees", the words "twenty rupees" shall be substituted, and

(ii) for the words "fifty rupees", the words "one hundred rupees" shall be substituted."

was then put and agreed to.

Item 7

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that in Schedule B, item 7 be omitted.

আমি চাচ্ছি যে আইটেম সেভেনটাকে বাদ দেওয়া হোক।

এ্যাক্টে আছে সেখানে ১০ করা হোক। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে ১২টাই রেখে দেওয়া হোক। যুক্তি হিসাবে বলতে পারি, রহমান সাহেব হয়তো বলবেন যে কলকাতা করপোরেসনে ১০০ জন কাউন্সিলার—সেখানে ষ্ট্যাণ্ডিং কমিটিতে ১২ জন আছে—কাজেই হাওড়া করপোরেসনে ৭৫ জন কাউন্সিলার সেখানে ১০ জন থাকবে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এতদিন হাওড়া মিউনিসিপ্যালিটিতে যে ষ্ট্যাণ্ডিং কমিটি ছিল তার সংখ্যা ছিল ১২। এখন ঐ সংখ্যা কমিয়ে দেবার কোন যুক্তি নেই। কাজেই এখন অন্তত ৫৫ জন কাউন্সিলার যাতে একটা করে কমিটিতে সার্ভ করতে পারেন তার স্কোপ রেখে দেওয়া দরকার। সেই জন্য আমি বলবো যদিও কাউন্সিলারের সংখ্যা কলকাতা করপোরেসনের চেয়েও কম তা সত্ত্বেও আমার মনে হয় ষ্ট্যাণ্ডিং কমিটির সভ্য সংখ্যা কমানো উচিত হবে না। কারণ এতদিন হাওড়া মিউনিসিপ্যালিটির ৩০ জন কমিশনার ছিলেন—১২ জন স্ট্যান্ডিং কমিটির মেম্বার ছিলেন। সেখানে ৫৫ জন হওয়ায় ১২ জনই থাকুক আর কমাবেন না।

শ্রীফজলুর রহমান: স্যার, কানাইবাবুর যুক্তিটি গোড়ায় আমার দিকে দিলেও শেষ পর্যন্ত উনি একটু সরে যাচ্ছেন। কলকাতা করপোরেসনে ১০০ জন কাউন্সিলার আর হাওড়া করপোরেসনে ৫৫ জন আর পাঁচজন ৬০ জন হচ্ছে—তার ৫টি ষ্ট্যাণ্ডিং কমিটি হবে। এক একটি স্ট্যান্ডিং কমিটিতে মেম্বার আমরা ১২ জন না নিয়ে ১০ জন বলেছি। কাজেই লোকসংখ্যার তুলনায় কাউন্সিলারের তুলনায় ১২ জন না দিয়ে ১০ জন নেওয়াই যুক্তিসঙ্গত।

The motion of Dr. Kanai Lal Bhattacharya that in Schedule B, item 7, be omitted, was then put and lost.

[3-40—3-50 p.m.]

Mr. Chairman: Amendment No. 55 relates to items Nos. 5 and 58. Two items are referred to in it.

Shri S. M. Fazlur Rahman: That is a clerical mistake. Amendment of item No. 58 is necessary.

Item 9

Shri Narayan Choubey: Sir, I beg to move that in item 9 of Schedule B, line 2, for the words "two thousand" the words "one thousand and five hundred" be substituted.

শ্রীনারায়ণ চৌবে:
আমার বক্তব্য হচ্ছে যে কমিশনারকে যে দু' হাজার টাকা বেতন দিয়ে রেখেছেন, সেটা দেড় হাজার করে দিন। কারণটা বলছি এই যে হাওড়া মিউনিসিপ্যালিটির ১ নম্বর ক্যালকাটা কর্পোরেশনের চেয়ে ছোট হবে। কলকাতার চেয়ে হাওড়া কর্পোরেশনের আয় অনেক কম এবং আর এক দিক থেকে দেখাতে পারি, আমাদের যে ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, তার যে বেতন, তার চেয়েও বেশী দেওয়া হচ্ছে। সেইজন্য আমরা মন করি যে এটা দু' হাজারের জায়গায় দেড় হাজার করে দেওয়া হোক।

শ্রী এস, এম, ফজলুর রহমন:
ক্যালকাটায় আছে তিন হাজার, আর হাওড়ায় আছে দু' হাজার। আবার এদিকে দেখছি যে কলকাতার অন্যান্য বিষয়ের সঙ্গে টাকা পয়সার প্যারিটি টার্মস অফ কয়েন্স এক এক জায়গায় বাড়াবার কথা বলেছেন। আবার কোনও জায়গায় কমাবার কথা বলেছেন। এখানে কথা হলো একটা কমিশনার অফ এ কর্পোরেশন তার দেড় হাজার টাকা মাইনে, তার এফিসিয়েন্সির দিকে বিচার করে ভালভাবে হয় না, কাজেই দু' হাজার টাকা রাখাই সমীচীন বলে মনে করছি।

The motion of Shri Narayan Choubey that in item 9 of Schedule B, line 2, for the words "two thousand" the words "one thousand and five hundred" be substituted was then put and lost.

Items 10 and 11.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that in Schedule B item 10 be omitted.

Sir, I beg to move that in Schedule B, item 11 be omitted.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য:
শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ (ক) হ্যাঁ।

(খ) এই সম্পর্কীয় একটি বিবরণী এই সঙ্গে দেওয়া হইল।

রিভার পাম্প স্কীমগুলির কাজ ১৯৬৫-৬৬ সালেই আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়। ৩৭টি ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলির মধ্যে ২০টির কাজ ১৯৬৫-৬৬ সালের মধ্যেই সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Statement of Small Irrigation Schemes

	Name of scheme	Location	Name of Anchal
1.	Shallow tubewell scheme	Panchra	Panchra.
2.	Village channel scheme	Salmula	Do.
3.	Ditto	Mazzaffarpur	Abujhati.
4.	Tank Scheme	Dogachia	Jaugram
5.	Village Channel	Kulingram	Abujhati
6.	Shallow tubewell	Sargram	Panchra
7.	Village Channel	Panchsimul	Abujhati
8.	Ditto	Duttapara	Abujhati
9.	Shallow tubewell	Ruppur	Panchra
10.	Drainage channel	Krishnajibanpur	Abujhati
11.	Village channel	Basantpur	Panchra
12.	Ditto	Abujhati (East)	Abujhati
13.	Ditto	Duttapara (West)	Do.
14.	Badpur channel	Jaugram	Jaugram
15.	Pan Tank Scheme	Ilsora	Jaugram
16.	Gayla Tank	Auruknioyna	Jaugram
17.	Dena Tank	Badpur	Panchra
18.	Shallow tubewell	Chakaryandi	Berugram
19.	Ditto	Selimabad	Jaugram
20.	Ditto	Jotsriram	Jaugram
2 —28.	Shallow tubewell	Naibatpur	Berugram
29—32.	Ditto	Balarampur	Jamalpur
33—37.	Ditto	Jankuli	Do.

Statement of River Lift Irrigation Schemes

(1) Scheme at Hijalna Hana (2) Scheme at Nakra Hana (3) Scheme at Basunda Hana (4) Scheme at Mohonpur Hana	Transdamodar area of Raina and Jamalpur police-station.

Petition for parole by Shri Bamapada Mukherjee, a detenu in Midnapore Jail

***522.** (Admitted question No. *3354.)

শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলে (ডি, আই, রুলস-এ) আবদ্ধ বামাপদ মুখার্জীর মাতা গুরুতর পীড়িত ও মৃত্যুশয্যায় শায়িত বলিয়া টেলিগ্রাম মারফত সংবাদ পাইয়া উক্ত বন্দী "পেরোলে" মাতাকে দেখিতে অনুমতি চাহিয়া সরকারের নিকট গত ৭ই এপ্রিল ১৯৬৫ হইতে বারংবার টেলিগ্রাম ও দরখাস্ত করিয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

(ক) ও (খ) মেদিনীপুর জেলে আবদ্ধ শ্রীবামাপদ মুখার্জীর মাতা পিড়ীত বলিয়া স্বরাষ্ট্র সচিবের উদ্দেশ্যে প্রেরিত একটি টেলিগ্রাম (৮ই এপ্রিল তারিখের) পাওয়া গিয়াছে এবং ১৩ই এপ্রিল তারিখের তাঁহার একটি দরখাস্ত পাওয়া গিয়াছে। রোগিনীর ঠিকানা ভুল থাকায় এ সম্বন্ধে সত্যাখ্যানে গোলযোগ ঘটে।

অসুস্থ মাতাকে (যিনি ক্রমশঃ আরোগ্যলাভ করিতেছেন) দেখিতে যাইবার জন্য গত ২০-৪-৬৫ তারিখে তাঁহাকে ৪ ঘণ্টার ছুটি মঞ্জুর করিয়া সিউড়ি জেলে বদলী করা হইয়াছিল। যে ঠিকানা তাঁহার চিঠিতে উল্লিখিত ছিল সেই ঠিকানায় তাঁহার মা না থাকায় সাক্ষাত হয় নাই। পুনরায় তাঁহার শেষ পত্রে উল্লিখিত নিজ ঠিকানায় লইয়া যাওয়ার জন্য ছুটি মঞ্জুর করা হইয়াছে।

শ্রীঅশ্বিনী রায়ঃ এইরকম একটি আরজেন্ট ব্যাপার, যখন ৮ তারিখে টেলিগ্রাম পেয়ে ১৩ তারিখে দরখাস্ত করা হলো, আর ২৪ তারিখে প্যারোলের ব্যবস্থা হলো। আজকের দিনে যেখানে রেডিওগ্রাম আছে আরো অনেক ব্যবস্থা আছে, ডিটেন হয়ে যেতে পারে। সেখানে এগারদিন পরে প্যারোলে সিউড়ি জেলে ট্রান্সফার করা হলো। এত দেরীর কারণ কি বলতে পারেন?

[1-10—1-20 p.m.]

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ ১৩ তারিখে চিঠি পাঠিয়েছিলেন ২০ তারিখে অর্থাৎ ৭ দিনের মধ্যে এনকোয়ারি করে দেখা গেল যে পেসেন্ট-এর অবস্থা শোচনীয় নয়। ইনি ধীরে ধীরে আরোগ্যলাভ করছেন সেজন্য এরূপ করা হয়েছিল।

শ্রীঅশ্বিনী রায়ঃ তিনি যে ধীরে ধীরে আরোগ্যলাভ করছেন এটা কি পুলিশ এনকোয়ারিতে জানলেন আপনি কিভাবে এনকোয়ারি করে জানলেন বা ইনফরমেশন কোথা থেকে পেলেন?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ পুলিশ এনকোয়ারী তো নিশ্চয়ই।

শ্রী[illegible] অধিকারীঃ আপনি বললেন যে ৮ তারিখে টেলিগ্রাম পেয়েছেন এবং ২০ তারিখে দরখাস্ত করেছিলেন। এখন এই ৮ তারিখে টেলিগ্রাম পাবার পর সঙ্গে সঙ্গে এনকোয়ারি-এর নির্দেশ দিয়েছিলেন অথবা এই এনকোয়ারি-এর রিপোর্ট কবে দেওয়া হয়েছে?

শ্রীখগে[illegible] দাশগুপ্তঃ ডেটটা আমার কাছে নেই যে এনকোয়ারি-এর রিপোর্ট কবে দেওয়া হয়েছে। এ ব্যাপারে আলাদা কোয়েশ্চেন করলে বলতে পারবো।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আমার জিজ্ঞাস্য যে ৮ তারিখে টেলিগ্রাম পাবার সঙ্গে সঙ্গে কি এনকোয়ারি করতে পাঠিয়েছিলেন না ১৩ তারিখের পর পাঠিয়েছিলেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: আমার মনে হয় ৯।১০ তারিখ নাগাদ হবে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ভুল ঠিকানার জন্য এনকোয়ারি করতে দেরী হয়েছিল। এটা ভুল ঠিকানা বলতে কি বলছেন সেখানে কোন ঠিকানা ছিল?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: প্রথমে মহেশ্বর, রামপুর ডিস্ট্রিক্ট বীরভূম এখানে ছিল। কিন্তু পরে বড় ভাই তাকে নিয়ে গিয়েছিলেন সেটা হল বেলেঘাটা ও রঘুনাথগঞ্জ ডিস্ট্রিক্ট মুর্শিদাবাদ।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি এনকোয়ারি করলেন বীরভূমে তখন জানলেন যে রঘুনাথগঞ্জ। আমার কথা হচ্ছে যে একদিনের মধ্যেই তো খবর নিতে পারতেন কিন্তু এটা করতে এত দেরী হল কেন। পীড়িত মাতাকে দেখবার জন্য প্যারোলএ দেখবার জন্য কি ব্যবস্থা আছে?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: গ্রামের মধ্যে ১ দিনের মধ্যেই এনকোয়ারি করা সম্ভব হয় না।

শ্রীঅশ্বিনী রায়: তার মাকে দেখবার জন্য ফারদার প্যারোল পরে তাকে আবার মঞ্জুর করা হয়।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: তার মাকে দেখবার জন্য ফারদার প্যারোল করে তার ছুটির মঞ্জুর করা হয়েছিল কি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: ছুটি মঞ্জুর করা হয়েছে কিনা এ পর্যন্ত তা খবর নিয়ে বামাপদ মুখোপাধ্যায় ১৩ তারিখে চিঠি দিয়েছিলেন যে আমার মা এখানে নেই। ২৬-৪-৬৫ তারিখে আবার বামাপদবাবুর কাছ থেকে চিঠি আসে যে তাকে পাওয়া যায়নি কারণ তার মা সেখানে নেই।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: এই যে চিঠি ২৮ তারিখে দেওয়া হয়েছে তার রিসিভ হয়েছে কবে এবং এই চিঠি পাবার পর অর্ডার ইস্যু হয়েছে কবে?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: এটা ঠিক বলতে পারবো না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: তা হলে আমার জিজ্ঞাস্য হল যে পীড়া যদি গুরুতর হয় এবং যদি কোন অঘটন ঘটে তাহলে কি তারপর ছুটি মঞ্জুর করা হবে। আপনার উত্তর দেখে মনে হয় এটা যেন অ্যাকচুয়ালি প্রতিহিংসা নেবার জন্যই করা হয়েছে এবং আপনি কি এটা স্বীকার করে নেবেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: অসুস্থ মা হাসপাতালে তার অবস্থা খারাপের জন্য সঙ্গে সঙ্গে সেখানে পাঠিয়ে দেবার ব্যবস্থা করা হয়। প্রতিহিংসার কথা যেটা বলছেন এটা সম্পূর্ণ অসত্য।

শ্রীশৈলেন্দ্রনাথ দাসগুপ্ত: যদিও এর সঙ্গে কনেকটেড তবুও জিজ্ঞাসা করছি এই যে সমস্ত বন্দীদের কাছ থেকে যে সমস্ত চিঠি আসে তার সেন্সার করা হয় কিনা কারণ আমার কাছে একজন বন্দী শ্রীঅনন্ত ভট্টাচার্য বর্ধমান জেল থেকে লিখেছেন যে তাদের ব্লিৎস লিঙ্কড পত্রিকায় দেওয়া হয় তার সেন্সার করা হচ্ছে এটা খোঁজ নেবেন কি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: আলাদা প্রশ্ন করলে উত্তর দেব।

শ্রীসোমনাথ লাহিড়ী: আপনি বলেছেন যে পুলিশ রিপোর্টে জানতে পেরেছেন যে তার মা আরোগ্যের পথে। আমার কথা হচ্ছে পুলিশ কি ডাক্তার?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: পুলিশ ডাক্তার নয়, তবে ডাক্তার ছাড়া কেউ বলতে পারবে না এটা ঠিক নয়।

Employees of Home (G.A.) Dept.

***523.** (Admitted question No. *2540.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগে মোট কতজন কর্মচারী গত ৫ বৎসর ধরিয়া অস্থায়ীরূপে কাজ করিতেছেন; এবং

(খ) তাঁহাদের মধ্যে কতজন স্থায়ী পদে কাজ করিতেছেন?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: (ক) ১৩ জন।

(খ) ইহাদের কেহই স্থায়ী পদে কাজ করিতেছেন না।

শ্রীঅনঙ্গমোহন দাস: এই ১৩ জনে কাজ করেছেন ৫ বৎসর অস্থায়ীভাবে এ কাজ করছেন এরা কি সকলেই টেম্পরারি পোস্ট-এর এগেনস্ট-এ কাজ করছেন না পারমানেন্ট পোস্ট-এর এগেনস্টএ কাজ করছেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: টেম্পোরারি পোস্টের এগেনস্টে কাজ করছেন।

শ্রীঅনঙ্গমোহন দাস: এই যে পোস্টগুলো টেম্পোরারি এইগুলি এ অবস্থায় কতদিন রাখা হয়েছে এবং এরকম টেম্পোরারি পোস্ট রাখার কারণ কি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: এই যে ১৩ জন বি ডি ও আছেন এদের কেসটা পাবলিক সার্ভিস কমিশনের কাছে পাঠান হয়েছিল কিন্তু পাবলিক সার্ভিস কমিশন এদের স্বপক্ষে অনুমোদন দেন নি তাই পারমানেন্ট করা সম্ভব হয়নি। আবার পাঠান হবে এবং এই বি ডি ও-এর পোস্ট সব টেম্পোরারি।

শ্রীঅনঙ্গমোহন দাস: এই যে কতকগুলি কর্মচারীকে বৎসরের পর বৎসর টেম্পোরারি রাখা হয়েছে এই সমস্ত লোকেদের পারমানেন্ট না করার জন্য তারা যে অসুবিধায় পড়েছেন তা দূর করার জন্য আইনসঙ্গত কোন পরিবর্তন করবেন কি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: আইনসঙ্গত পরিবর্তন করার কোন দরকার দেখা দেয়নি। আমি প্রথমেই বলেছি এই ১৩ জন বি ডি ও যারা নিযুক্ত হয়েছেন তারা টেম্পোরারি পোস্টের এগেনস্টে নিযুক্ত হয়েছেন এই বি ডি ও-এর পোস্টগুলি হল ডবলিউ বি জে সি এস-এর পোস্টের আন্ডারে এবং পারমানেন্ট করার জন্য আমাদের পাবলিক সার্ভিস কমিশনের থ্রু দিয়ে যেতে হয়। পাবলিক সার্ভিস কমিশনে পাঠান হয়েছিল তারা মঞ্জুর করেন নি আবার পরে পাঠান হবে।

শ্রীমতী শান্তি দাস: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বি ডি ও-এর পোস্টগুলি টেম্পোরারি আমার জিজ্ঞাস্য যে ঐ ১৩ জন কেবল কি টেম্পোরারি পোস্টে আছেন না এন্টায়ার বি ডি ও যারা হোল ওয়েস্ট বেঙ্গলে আছেন তারা সকলেই টেম্পোরারি পোস্টে কাজ করছেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: যা আমার মনে পড়েছে তা থেকেই এটা বললাম তবে যদি আলাদা প্রশ্ন করেন তাহলে সমস্ত কিছু উত্তর দিতে পারবো এটা হোম ডিপার্টমেন্টের ব্যাপার তারা হলেন হোম ডিপার্টমেন্টের অফিসার এটুকুই বলছি।

শ্রীসুনীল দাসগুপ্তঃ ৫ বৎসর ধরে আর কতজন লোক এরূপ টেম্পোরারি আছেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ আমার কাছে এর হিসেব নেই এখানে যারা ঐ পোস্টে ৫ বৎসর ধরে কাজ করেছেন তাদের কথাই আমি বলেছি।

Granting of Arpannama to the refugee families of Fulia Colony

***524.** (Admitted question No. *2981.)

শ্রীকানাই পালঃ কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে ফুলিয়া কলোনীর একটি উদ্বাস্তু পরিবারকেও আজ পর্যন্ত সরকার অর্পণনামা দেন নাই;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি আজ পর্যন্ত অর্পণনামা না দেওয়ার কারণ কি; এবং

(গ) অর্পণনামা দিতে কত সময় লাগিবে?

(ক) ফুলিয়া উপনগরীর বাড়ীঘর, জমিজমা প্রভৃতি সম্পূর্ণরূপে ভারত সরকারের সম্পত্তি। এই সমস্ত বাড়ীঘর ও জমিজমা বন্টনের ব্যাপারে ভারত সরকার নীতি গ্রহণ করিয়া থাকেন। ফুলিয়া উদ্বাস্তু কলোনী পরিকল্পনাটি ভারত সরকার কর্তৃক রচিত ও তাঁহাদের অর্থে তাঁহাদের কর্মচারী দ্বারা রূপায়িত হইয়াছিল। পরবর্তীকালে সমষ্টি উন্নয়ন ব্লক স্থাপিত হইলে এই উপনগরীর প্রশাসনিক ভার (অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল) রাজ্যসরকারের কাছে হস্তান্তরিত হইয়াছে মাত্র। রাজ্যসরকার ভারত সরকারের কেবলমাত্র এজেন্ট (প্রতিনিধি) হিসেবে ফুলিয়া উপনগরীর দৈনন্দিন কাজকর্ম পরিচালনা করেন।

(খ) ও (গ) এই পরিপ্রেক্ষিতে পরবর্তী প্রশ্নগুলি উঠে না।

[1-20—1-30 p.m.]

শ্রীকানাই পালঃ মন্ত্রিমহাশয় নিজেই স্বীকার করেছেন যে বর্তমানে এই উপনগরীর দেখা-শুনার দায়িত্ব রাজ্যসরকারের উপর রয়েছে। তিনি অনুগ্রহ করে বলবেন কি যে একটাও অর্পণ-নামা সেখানে দেওয়া হয়েছে কিনা?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ দেখাশুনার দায়িত্ব দেওয়া হয়েছে কিন্তু অর্পণনামা দেওয়া হবে কিনা এই নীতির প্রশ্নটা ভারত সরকারের উপর নির্ভর করে।

শ্রীকানাই পালঃ দেওয়া হয়েছে কিনা?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ না দেওয়া হয় নি।

শ্রীকানাই পালঃ পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে এ বিষয়ে কিছু জানানো হয়েছে কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ এ বিষয়ে ভারত সরকারকে লেখা হয়েছে—ভারত সরকার এই অঞ্চলের জমিজমা এবং বাড়ীগুলির ভ্যালুয়েসন ঠিক করছেন—ঠিক হয়ে গেলেই আশা করা যায় এ সম্বন্ধে ব্যবস্থা হবে।

শ্রীকানাই পালঃ কত সময় লাগবে বলে মনে হচ্ছে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ একবার কনস্ট্রাকসন বোর্ডের চীফ ইঞ্জিনীয়ার ভ্যালুয়েসন করেছিলেন কিন্তু ভারত সরকারের সেটা অনুমোদন পায়নি। আর একবার ভ্যালুয়েসন করতে দেওয়া হয়েছে।

শ্রী[illegible] রায়ঃ মন্ত্রিমহাশয় বললেন যে তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করেছেন অর্পননামা দেবার জন্য। কোন তারিখে প্রথমে সুপারিশ করেছিলেন?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ তারিখটা বলতে পারবো না—আমি আগেই বলেছি যদি ভ্যালুয়েসন হয়ে যায় তাহলে শীঘ্রই হয়ে যাবে।

Border incidents perpetrated by Pakistan during 1963-64

***525.** (Admitted question No. *3026.)

শ্রী[illegible] সাহাঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক-সি, আর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৩-৬৪ মধ্যে, মুর্শিদাবাদ জেলার সীমান্তে কোথায় কতবার পাকিস্তান হইতে হানা দেওয়া হয় এবং ইহাতে ভারতের নাগরিকদের কি কি ক্ষতি হয়?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ

উক্ত জেলার সীমান্তে ১৯৬৩-৬৪ সালের মধ্যে পাকিস্তানীরা মোট ১০ বার হানা দিয়াছিল। এ সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত তালিকা গ্রন্থাগারের টেবিলে রাখা হইয়াছে।

Particulars of border incidents perpetrated by the Pakistanis on the border of Murshidabad district during the years 1963 and 1964

Serial No.	Place of incident	Date of incident	Number of Indian nationals			No. of cattle lifted by Pakistanis	Other properties. looted
			Killed	Injured	Kidnapped		
		1963					
1.	Majherdiar border, P. S. Raninagar, district Murshidabad	12-1-1963	..	..	2	..	....
2.	Hazrahatichar, P. S. Jalangi, district Murshidabad	17-2-1963	..	..	..	..	....
3.	River Padma near Taranagar B.O.P., P. S. Lalgola, district Murshidabad.	19/20-3-1963	..	..	7	..	One boat and fishing net.
4.	Rahanapur, P. S. Suti, district Murshidabad	17-4-1963	..	..	..	..	....
5.	Char Mourashi, P. S. Raninagar, district Murshidabad	18-6-1963	..	..	..	314	....
6.	Kanapara, P. S. Lalgola, district Murshidabad	30-6-1963	..	..	..	4	Two carts.
7.	Char Kristopur, P. S. Lalgola, district Murshidabad	9-11-1963	..	..	..	..	....
		1964					
8.	Dearmanik Chak, P. S. Lalgola, district Murshidabad	19-5-1964	..	..	..	6	....
9.	Sovapur Char, P. S. Shamsherganj, district Murshidabad	18-6-1964	1	3	..	107	....
10.	Atrashia Durlavpur Kanchichar, P. S. Lalgola, district Murshidabad	23/24-6-1964	..	..	5	.	....

শ্রীসনৎকুমার রাহা : দশবার হানা দেওয়া হোল একই বছরে এবং একই জায়গায় এমন ক্ষেত্র কি সরকার পেয়েছেন ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত : ১০টি জায়গায় হানা দিয়েছে দেখছি এই বছরে—অন্য বছরের কথা বলতে পারবো না। আপনি ১৯৬৩ সালের সংবাদ চেয়েছিলেন—ঐ সালে ১০টি গ্রামে হানা দিয়েছিল।

শ্রীসনৎকুমার রাহা : ১৯৬২-৬৩ সালে কি বেশী ছিল ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত : ঐ বছরের কথা বলতে পারবো না।

শ্রীসনৎকুমার রাহা : ১৯৬৩-৬৪ সালে ১০টি জায়গায় যে হানা দেবার সংবাদ সরকার পেয়েছেন—এগুলি প্রতিরোধ করবার জন্য কি ব্যবস্থা করেছেন ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত : যেখানে যেখানে হানা দিয়েছিল সেই সংবাদ পেয়ে আমরা পাকিস্তানের কাছে প্রটেস্ট নোট পাঠাই এবং তারা যাদের ধরে নিয়ে গিয়েছিল তাদের তারা ফেরত দিয়েছে। আর যেসব গরু তারা নিয়ে গিয়েছিল আমরা এখনও পর্যন্ত তা ফেরত পাই নি—লুটেড প্রপার্টি আমরা এখনও ফেরত পাই নি।

শ্রীসনৎকুমার রাহা : যে পরিমাণ ক্ষতি হয় নাগরিকদের গরু-মহিষ ইত্যাদি মিলিয়ে তাতে কত টাকা নষ্ট হয় ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত : টাকার হিসাব চান নি এ প্রশ্নে কাজেই এটার জবাব দিতে পারবো না।

শ্রীসনৎকুমার রাহা : যে কয়টি লোককে নিয়ে গিয়েছিল তারা কোন শ্রেণীর—কৃষক না জেলে—পুলিশের লোক না কোন চর ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত : ডিটেলস কোন শ্রেণীর লোক—কটা ছেলে না মেয়ে এগুলির সংবাদ যদি পৃথক পৃথকভাবে চাইতেন তাহলে উত্তর দিতে পারতাম।

শ্রীসনৎকুমার রাহা : ভারতের নাগরিকদের কি কি ক্ষতি হয়েছে—এ সম্পর্কে বিস্তৃত সাপ্লিমেন্টারী করতে গেলে এগুলি তো স্বাভাবিকভাবে আসে—কি পরিমাণ লোক ছিল, কি ধরণের লোক—ব্যবসায়ী না চোরাকারবারী ইত্যাদি। সভাপাল মহাশয়, আমি এদিকে দৃষ্টি আকর্ষণ করছি যাতে সাপ্লিমেন্টারী কোয়েশ্চেনের উত্তর ইন ডিটেলস পাই।

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত : সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন মানে এই নয়। আপনি জানতে চেয়েছেন কতজন মানুষ ধরা পড়েছে—আমি মানুষের সংখ্যা দিয়েছি এখন আপনি বলছেন এর ভিতর কতজন কৃষক ইত্যাদি। এগুলির ডিটেলস জানতে চাইলে বিস্তারিত প্রশ্ন দেওয়াই ভাল।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে ১০টি জায়গা বললেন—কোন কোন জায়গায় হামলা হয়েছিল ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত : ওটা টেবিলে উল্লেখ করা হয়েছে।

শ্রী[illegible] অধিকারী : স্যার, টেবিলে যা রয়েছে—ওটা আগাগোড়া ভুল—চর কৃষ্টপুর লালগোলা পি এস-এ নয়—এই রকম ধরণের তথ্য উনি হাউসে সাপ্লাই করছেন নাকি ?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: ওটা লালগোলা থানায়।

শ্রীসনৎকুমার রাহা: এই হানাটা কি ধরণের? এটা আধা সামরিক, সামরিক, না, বেসরকারীভাবে?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: বেসামরিক।

শ্রীসনৎকুমার রাহা: সম্পূর্ণ বেসামরিক?

(উত্তর নাই)

Ar-khisma Irrigation Project

*526. (Admitted question No. *3071.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether water is being supplied to peasants through Ar-Khisma Irrigation Project in Ranaghat P.S., Nadia;

(b) if not, what are the reasons; and

(c) the amount of expenditure incurred so far on this Ar-Khisma Irrigation Project?

Shri Smarajit Bandyopadhyay: (a) No water is at present supplied to the cultivators' fields from the Ar-kishma Irrigation Project.

(b) The irrigation channel of the project is now being renovated and lined.

(c) The Development Department who originally sponsored the scheme incurred a total expenditure of Rs. 5,07,876. The renovation and lining of the existing irrigation channel will require an additional expenditure of Rs. 2,01,867.92 p., which has since been sanctioned.

শ্রীঅশ্বিনী রায়: আপনি বললেন যে এখনও চাষীদের জল দেওয়া হয় নি, তাহলে কোন বছর আপনি চাষীদের জল দিতে পারবেন—কখন?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: আমরা আশা করছি রবি ক্রপে দিতে পারবো—খারিফ ক্রপে দিতে পারবো না।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে অধিকাংশ ক্ষেত্রে এই যে জল দেওয়া হয়—এগুলি ফুটো এবং ইঁদুরের ফুটো হয়ে যাবার ফলে জল দেওয়া সম্ভব হচ্ছে না?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: এটা পুরানো খবর—আমি আগেই বলেছি মাননীয় সদস্য বোধ হয় খেয়াল করেন নি—আবার নূতন করে চ্যানেল করা হচ্ছে।

শ্রীকানাই পাল: আমি জানাতে চাচ্ছি আপনারা যত জায়গায় করেছেন অধিকাংশ জায়গায় জল সাপ্লাই হচ্ছে না এবং আন্ডার গ্রাউন্ড হওয়া একান্ত দরকার।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: লিফট ইরিগেশন নদী থেকে এখানে করা হয়েছে, আর কোন জায়গায় করা হয় নি।

Ensuing Cabinet meeting at Darjeeling

***527.** (Admitted question No. (*3086.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আগামী মে মাসে পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রিরা কর্মচারিবৃন্দ সহ দার্জিলিঙ যাইবেন এবং সেখানে মন্ত্রিসভার বৈঠক করিবেন এরূপ স্থিরীকৃত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত বৈঠক উক্ত সময়ে "সিজন পিরিয়ডে" করার কারণ কি ?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) হ্যাঁ।

(খ) মে মাসে সকল প্রকার লোকের সহিত মেলামেশা করিবার সুযোগ পাওয়া যায়। এই সময় দার্জিলিং-এ মন্ত্রীপরিষদের বৈঠক স্থির করা হইয়াছে।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ আপনি বললেন সর্বপ্রকার লোকের সঙ্গে সিজন পিরিয়ডে মেলা-মেশা করার সুযোগ পাওয়া যায়—প্রথমে শুনেছিলাম ওখানকার পাহাড়ীয়াদের জীবনযাত্রা উন্নত করার জন্য করা হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে সর্বপ্রকার লোক তো দার্জিলিং-এ যেতে পারে না—কিছু শ্রেণীর লোক যেতে পারে—আপনারা আর কিছু লোক তাহলে আপনারা সিজন পিরিয়ডে না করে অন্য পিরিয়ডে করছেন না কেন ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ যারা দার্জিলিং-এ যায় তাদের সঙ্গে দেখা করবার জন্য। আমরা যাচ্ছি না—দার্জিলিং জেলার অধিবাসীদের সাথে মেলবার জন্য আমরা যাচ্ছি।

Shri Lakshmi Ranjan Josse: If the object is to meet the local people, they are always there. Why don't you choose the lean season?

Shri Khagendra Nath Das Gupta: May is the most appropriate season, otherwise during the rains or during winter, it is not possible to meet people there.

[1-30—1-40 p.m.]

Shri Lakshmi Ranjan Josse: We have always been told—time and again—that these visits by the Cabinet or other Ministers are for boosting up the economy of that part of the country. If that is the object, why do you choose a season which is not a lean season. You should boost up the economy when the season is lean, i.e., in winter. In the peak period people who can spend more money come up there.

Shri Khagendra Nath Das Gupta:

In May we can meet people there and fulfil our objective.

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে মাসে যখন বাইরে থেকে প্রচুর লোক সেখানে যায় তখন শুধু শুধু সেখানে ভীড় জমিয়ে সেই সমস্ত সিটগুলি অকুপাই না করে অন্য সময়ে যে সময়ে গিয়ে এই টাকাটা দার্জিলিং-এ খরচ করলে দার্জিলিং-এর অধিবাসীদের সুবিধা হবে সেই সময়ে কেন যাওয়া হয় না? কেন এই পিক পিরিয়ডে যাওয়া হয়? এটা কি [illegible] সুবিধার জন্য যাওয়া হয় যে রথ দেখাও হবে কলা বেচাও হবে ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত ঃ মন্ত্রীদের সুবিধার জন্য মোটেই নয়। আমরা দার্জিলিং-এ যাবার জন্য মোটেই উৎসুক নই। কেন না দার্জিলিং-এ গেলে খরচ অনেক বেশী পড়ে, কিন্তু প্রয়োজন বোধে মন্ত্রীদের সেখানে যেতে হচ্ছে। আর একটা কথা বলেছেন যে মে মাসে এবং জুন মাসে প্রচুর লোক দার্জিলিং-এ যায়। আপনারা বোধ হয় জানেন না যে আজকাল দার্জিলিং-এ টুরিস্ট সিজিনে টুরিস্টরা কম যায়। টুরিস্টদের অ্যাট্রাকসান দার্জিলিং-এর উপর প্রচুর, কিন্তু গত ২।৩ বছর ধরে টুরিস্টরা সে পরিমাণে যাচ্ছে না, যেতে গেলে পার্মিট লাগে। এজন্য সিজিন টাইমে আগে যে পরিমাণ লোক হত সাধারণতঃ আজকাল তা হচ্ছে না। আর একটা কথা আমি বলি মন্ত্রীসভা প্রতি বছর একবার করে দার্জিলিং-এ যাবেন এটা স্থির করেছিলেন আগে। গত বছর যাওয়া হয়নি। মন্ত্রীসভা গোটা দার্জিলিং জেলা ঘুরে দেখেছেন যে সেখানকার ইকনমি ডেভেলপমেন্টের জন্য উত্তর অঞ্চলে যাওয়ার বিশেষ প্রয়োজন। মন্ত্রীসভা তাঁদের সুযোগ সুবিধা মত দিন স্থির করেন। মে মাস হচ্ছে উপযুক্ত সময়। বর্ষাকালে বা শীতকালে মন্ত্রীসভা ওখানে গিয়ে কাজ করতে পারবেন না বলে মে মাস স্থির করেন।

শ্রীমনোরঞ্জন রায় ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আজকাল দার্জিলিং-এ টুরিস্টরা যায় না। কিন্তু আমরা জানি গত পূজার সময় হোটেলে জায়গা দিতে পারেনি, বাইরের লোক গিয়ে স্টেশনে শুয়ে ছিল এবং স্টেশন মাস্টার তাদের নিয়ে গিয়ে ট্রেণের কামরার ভেতর রাত্রিবেলা শুতে দেন। কাজেই একথা সত্য নয়। মন্ত্রিমহাশয় যেটা বললেন যে টুরিস্ট বাইরের লোক যান না, বাংলাদেশের বাইরের টুরিস্ট বলতে যদি আমেরিকা, ইংলন্ড হয়ে থাকে তাহলে সে তথ্য আমার কাছে নেই, আমি জানি না। কিন্তু বাইরের লোক দার্জিলিং-এ প্রচুর যাচ্ছে এবং এবারেও সেখানে জায়গা হবে না। সেজন্য এখানে প্রশ্ন রাখা হয়েছে যে মে মাস না করে যদি অন্য সময় করেন তাহলে দার্জিলিং অধিবাসীদের আয় হয় এবং তাদের সঙ্গে মেলামেশা করবার সুযোগটা মন্ত্রীসভারও বেশী হয়। টুরিস্ট যখন সিজন টাইমে আসে তখন তাদের সঙ্গে দেখা সাক্ষাৎ করতেই তাদের সময় চলে যায়, আপনাদের সংস্পর্শে তারা আসতে পারে না। সুতরাং মে মাস না করে অন্য সময় এটার ব্যবস্থা করতে পারেন কিনা সেজন্য প্রশ্নটা রাখা হয়েছে।

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত ঃ আমি পূর্বেই বলেছি মন্ত্রীসভা শীতকালে কি বর্ষাকালে দার্জিলিং গেলে দার্জিলিং যে উদ্দেশ্যে যাওয়া সেই উদ্দেশ্য সিদ্ধ হবে না। এজন্য এমন সময়ে যেতে হবে যখন দার্জিলিং-এর সর্বত্র ঘুরে সকল শ্রেণী লোকের সঙ্গে তাঁরা যোগাযোগ করতে পারেন সেজন্য মন্ত্রীসভা নিজেদের সুযোগ-সুবিধামত একটা দিন স্থির করেন। আর একটা কথা তুলেছেন যে দার্জিলিং-এ এক একটা সময় আসে যখন হোটেলে জায়গা দেওয়া যায় না।) এর মানে এই নয় যে সব সময় এই রকম হয়। দার্জিলিং-এ গেলে থাকার স্থান হবে না একথা ঠিক নয়।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ মন্ত্রিমহাশয় বললেন যে উদ্দেশ্য সিদ্ধ হবে না। আমার প্রশ্ন হচ্ছে উদ্দেশ্য সিদ্ধ কাদের ? মন্ত্রীদের, না, দার্জিলিং জেলার অধিবাসীদের ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত ঃ দার্জিলিং জেলার অধিবাসীদের বলে আমি মনে করি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র ঃ এই যে সর্বসাধারণের সঙ্গে মিশবার জন্য দার্জিলিং-এ বৈঠক হচ্ছে, এই রকম পুরুলিয়া যাবার মাঝে মাঝে সুবিধা হয় কিনা, সেখানকার অধিবাসীদের সঙ্গে মেলামেশার ব্যবস্থা করা যায় কিনা ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত ঃ এই দুটো এক পর্যায়ে পড়ে না। পুরুলিয়ার অধিবাসী ও দার্জিলিং-এর অধিবাসীদের মধ্যে একটা পার্থক্য আছে। তবে আমরা ভেবেছিলাম পুরুলিয়ায় একবার সভা করবো, কিন্তু তা সম্ভব হয়ে ওঠেনি।

Shri Lakshmi Ranjan Josse: The people of Darjeeling who are so dear and near to you, as it appears, are very enxious to know when the promise of holding the session of the Legislature in Darjeeling is going to be fulfilled.

Shri Khagendra Nath Das Gupta: Due to non-availability of accommodation, it is not possible to held the Assembly session there at present.

শ্রীভদ্র বাহাদুর হামাল: আপনারা দার্জিলিং গেলে ওখানকার ঠান্ডা আবহাওয়ার লোকের কি কি ডিম্যান্ড আছে দেখবেন। আপনারা জানেন বৃটিশ আমলে কর্মচারীরা ২৫ পারসেন্ট হিল অ্যালাউন্স পেত। ওখান থেকে এ সম্বন্ধে নানা রকম মেমোর‍্যানডাম দেওয়া হয়েছে এই হিল অ্যালাউন্স সম্বন্ধে, আপনারা সেটা একটু কন্সিডার করবেন কি ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: হিল অ্যালাউন্স-এর প্রশ্নটা বিবেচনা করা হবে।

শ্রীভদ্র বাহাদুর হামাল: আপনাদের জন্য তো বড় বড় বাড়ী, আপনাদের সঙ্গের বড় বড় কর্মচারীদেরও থাকার ব্যবস্থা করেছেন আলাদা করে ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: যারা আমাদের সঙ্গে যাবে, তাদের থাকবার ব্যবস্থাও করা আছে।

ডাঃ আবু আসাদ মোহাম্মদ ওবেইদুল গণি: আপনারা কি ডাক্তারের অ্যাডভাইস নিয়ে দার্জিলিং-এ বেড়াতে যান ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: ডাক্তারের অ্যাডভাইস নেওয়া প্রয়োজন বোধ করি না।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়: এটা কি সত্য যে আপনারা পাক হামলার পরিপ্রেক্ষিতে ওখানে যাওয়া বন্ধ করেছেন ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: এখনও প্রোগ্রাম ঠিক আছে—বন্ধ করা হয় নাই।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় বললেন বর্তমানে তাঁদের ইচ্ছা না অ্যাসেম্বলি সেসন দার্জিলিং-এ বসে; আমার জিজ্ঞাস্য হচ্ছে আগামী শীতকালে নভেম্বর-ডিসেম্বর মাসে অ্যাসেম্বলি সেসন দার্জিলিং-এ বসবার কথা চিন্তা করেছেন কিনা ? সেখানে অ্যাসেম্বলি সেসন বসালে তাদের অর্থনৈতিক সুবিধা হবে বলে বলা হয়েছে।

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: এতবড় বিরাট অ্যাসেম্বলি সেসন তার মেম্বার ও অ্যাসেম্বলি সেক্রেটারিয়েট-এর জন্য যে পরিমাণ অ্যাকোমোডেসান প্রয়োজন, তা দার্জিলিং-এ নাই। শীতের সময় দার্জিলিং-এ যে কি পরিমাণ শীত পড়ে তা অনেকে জানেন না। দার্জিলিং-এ ঐ বিপুল পরিমাণ অ্যাকোমোডেসান পাওয়া যাচ্ছে না। অ্যাকোমোডেসানের ব্যবস্থা করতে পারলে ওখানে অ্যাসেম্বলি সেসন করার কথা চিন্তা করবো।

[1-40—1-50 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ক্যাবিনেট বৈঠকের জন্য সরকারের কত টাকা ব্যয় হবে ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: এটা এখন ঠিক বলতে পারবো না।

শ্রীভদ্র বাহাদুর হামাল: মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কি শীতের সময় সব জায়গায় ফাঁকা থাকে এবং রাজ দরবার হলেও ফাঁকা থাকে, সে সময় তো ওখানে করা যেতে পারে?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: শীতের সময় অধিকাংশ মেম্বাররা যেতে চান না।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় কি মাননীয় সদস্যদের মতামত গ্রহণ করে এ কথা বলছেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: শীতকালে দার্জিলিং-এ কি রকম শীত পড়ে সে সম্বন্ধে আমাদের অভিজ্ঞতা আছে বলেই বলছি।

শ্রীভদ্র বাহাদুর হামাল: অনেক মেম্বারই জানেন যে নভেম্বর মাসের ওয়েদার ক্লিয়ার থাকে এবং অনেকে হায়ার হিল ইত্যাদি ঐ সময় দেখতে যান। সুতরাং অক্টোবর-নভেম্বর মাস নাগাদ আপনাদের করতে আপত্তি কি?

(নো রিপ্লাই)

শ্রীমতী শান্তি দাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ওখানে যদি ২।১টা জয়েন্ট সিলেক্ট কমিটির সিটিং বসান যায় তা হলে হয়তো বিরোধী পক্ষের মেম্বাররা সন্তুষ্ট হতে পারেন।

(নো রিপ্লাই)

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়: আপনাদের এই বৈঠকের জন্য কতজন সরকারী কর্মচারীকে যেতে হতে পারে? আজ দীর্ঘ ১৭।১৮ বৎসর হয়ে গেল আপনারা দার্জিলিং-এ এমন একটা কিছু করতে পারলেন না যাতে ঐ লিন পিরিয়ড-এ সেখানকার লোকের উন্নতি হয়।

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: আলাদা প্রশ্ন করলে উত্তর দেব, এভাবে বলতে পারবো না।

Supply of Dal through ration shops

***528.** (Admitted question No. *3104.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অনুমোদিত রেশন দোকানের মাধ্যমে ডাল সরবরাহের ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন;

(খ) সত্য হইলে, (১) এই ব্যবস্থা কোন তারিখ হইতে চালু হইবে; এবং (২) কি কি ডাল সরবরাহ করা হইবে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) ৫-৩-৬৫ তারিখ হইতে রাজস্থান হইতে আমদানীকৃত ছোলার ডাল অনুমোদিত রেশন দোকানের মাধ্যমে সরবরাহ করা হইতেছে। ইহা ব্যতীত রেশন দোকান মারফৎ গোটা মাসকলাইও সরবরাহ করা হইতেছে।

শ্রীঅশ্বিনী রায়: অন্যান্য বেসমস্ত ডাল, মুগ, মসুর ইত্যাদি এগুলি রেশন সপ মারফত দেবার কোন ব্যবস্থা আছে কি?

শ্রীঅরবিন্দ বন্দ্যোপাধ্যায়ঃ না।

শ্রীঅশ্বিনী রায়ঃ তাহলে রাজস্থান থেকে আপনারা যেমন ছোলার ডাল আনলেন সেরূপ মুগ, মুসুর ইত্যাদি ডাল বাইরে থেকে আনাবার ব্যবস্থা করে—উত্তরপ্রদেশ ইত্যাদি থেকে আনা-বার ব্যবস্থা করে সেগুলি রেশন সপ মারফত বিলি করার ব্যবস্থা হবে না কেন?

শ্রীঅরবিন্দ বন্দ্যোপাধ্যায়ঃ আমাদের এসমস্ত ডাল বাইরে থেকে আনতে হচ্ছে এবং আমরা যেটা পেয়েছি সেটা দিচ্ছি।

শ্রী[illegible] অধিকারীঃ এগুলি কি মফঃস্বলের সব জায়গায় পাঠান হয়েছে?

শ্রীঅরবিন্দ বন্দ্যোপাধ্যায়ঃ না।

শ্রী[illegible] হামানঃ তাহলে পাঠাবার ব্যবস্থা করবেন কি?

শ্রীঅরবিন্দ বন্দ্যোপাধ্যায়ঃ পেলে নিশ্চয়ই করবো।

Collection of paddy through levy system on farmers

*529. (Admitted question No. *3129.)

শ্রীসোমনাথ লাহিড়ীঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধান-ভানা কলে ধান ভানাইতে গেলে কৃষকদের ধানের উপর সরকার যে লেভি ধার্য করিয়াছেন তাহাতে এই বৎসর কি পরিমাণ ধান পাওয়া যাইতে পারে সে সম্বন্ধে সরকারের কোন প্রাক্কলন (এস্টিমেট) আছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে উহার পরিমাণ কত এবং এখন পর্যন্ত এইভাবে কত ধান সংগৃহীত হইয়াছে?

(ক) ও (খ) উক্ত লেভী ধার্য করিবার আদেশ এই রাজ্যের মাত্র পাঁচটি জেলায় (যথা—চব্বিশপরগনা, হাওড়া, হুগলী, বর্ধমান এবং মেদিনীপুর) ২২-২-৬৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে। কিন্তু নিজের বা নিজের পরিবারের ব্যবহারের জন্য যাঁহারা ঐ সমস্ত জেলাস্থিত হাস্কিং মিলে ধান ছাঁটাই করিতে আনবেন যথাযথ সার্টিফিকেট দাখিল করিলে তাঁহাদের ধানকে এই লেভী প্রথা হইতে অব্যাহতি দেওয়া হয়। এই কারণে উক্ত লেভী বাবদ এই বৎসর কত চাউল পাওয়া যাইবে তাহার প্রাক্কলন (এস্টিমেট) দেওয়া সরকারের পক্ষে সম্ভব নয়।

উক্ত লেভী বাবদ এখন পর্যন্ত কোন চাউল সংগৃহীত হয় নাই।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আপনার যদি কোন এস্টিমেট না থাকে এবং এখনও পর্যন্ত যদি সংগৃহীত না হয়ে থাকে তাহলে এ পরিকল্পনা বাতিল করবার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীঅরবিন্দ বন্দ্যোপাধ্যায়ঃ হাস্কিং মিল-এর উপর লেভী যেটা আমরা ২৫ পার্সেন্ট নিতাম সে পরিকল্পনা বাতিল করা হয়েছে তবে ব্যবসাদাররা চালের জন্য মিল করতে এলে সেখানে লেভী করা হবে।

Supply of sugar in Malda district

***530.** (Admitted question No. *3183.)

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় শহর ও গ্রামাঞ্চলের অধিবাসীদের জন্য বরাদ্দকৃত রেশন কার্ডে এবং মিষ্টান্ন বিক্রেতাদের দোকানের জন্য মাসিক কত চিনি প্রয়োজন হয়;

(খ) মালদহ জেলায় প্রতি মাসে কত পরিমাণ চিনি সরবরাহ করা হইতেছে;

(গ) মিষ্টান্ন বিক্রেতারা মাসিক বরাদ্দের চিনি পূর্ণ মাত্রায় পাইতেছেন কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'না' হয়, তাহা হইলে কতদিন যাবত মিষ্টান্ন বিক্রেতারা পূর্ণ মাত্রায় চিনি পাইতেছেন না, কেন পাইতেছেন না এবং কোন মাস হইতে তাহাদের চিনি পূর্ণ মাত্রায় পাইবার আশা আছে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) রেশন কার্ডে: শহরাঞ্চলে—২৯·২ মেট্রিক টন,

গ্রামাঞ্চলে—২৬৫·০ মেট্রিক টন,

মিষ্টান্ন বিক্রেতাদের জন্য: শহরাঞ্চলে—৯১·০ মেট্রিক টন, এবং

গ্রামাঞ্চলে—৪৭·০ মেট্রিক টন।

(খ) স্বাভাবিক (নরম্যাল) বরাদ্দ অনুযায়ী ২৬১·০ মেট্রিক টন। তবে সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠান বাবদ প্রায় প্রতি মাসেই নিয়মিত বরাদ্দের উপর কিছু অতিরিক্ত চিনি বরাদ্দ করা হয়। ঐ অতিরিক্ত চিনি ধরিয়া মাসিক চিনি সরবরাহের পরিমাণ আনুমানিক গড়ে ২৭৫·৫ মেট্রিক টন হইবে।

(গ) ও (ঘ) মিষ্টান্ন বিক্রেতারা মার্চ ১৯৬৫ হইতে পূর্ণ মাত্রায় চিনি পাইতেছে। ইহার পূর্বে ১৯৬৪ সালের সেপ্টেম্বর মাস হইতে সরবরাহের স্বল্পতার জন্য মিষ্টান্ন বিক্রেতাদের মাসিক বরাদ্দ কিছুটা হ্রাস করা হইয়াছিল।

শ্রীমঙ্গলচরণ সাঁতরা: এইসমস্ত জেলায় মিষ্টান্ন বিক্রেতারা কি গড়ে অর্থাৎ মার্চ মাস থেকে সমস্ত চিনি পাচ্ছে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: সমস্ত জেলায় এটা বাড়ান হয়েছে।

শ্রীসনৎকুমার রাহা: এই যে বরাদ্দ করা হয় এটা নিশ্চয়ই কোন ভিত্তির উপর বা কোন নীতির উপর ভিত্তি করেই করা হয়। আমার কথা হচ্ছে সেই নীতি এবং ভিত্তিটা কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: যেভাবে রিকোয়ারমেন্ট আসে সেরূপ দেওয়া হয়।

শ্রীসনৎকুমার রাহা: ধরুন যেখানে রিকোয়ারমেন্ট দশ সের তা সেখানে দেওয়া হয় না তাহলে কিসের উপর ভিত্তি করে দেওয়া হয়?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ রিকোয়ারমেন্ট এবং অ্যাভেইলেবিলিটি-এর উপরই দেওয়া হয়।

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ২৬৫ মেট্রিক টন চিনি বরাদ্দ হিসেবে প্রয়োজন। মালদহের গ্রামাঞ্চলে কি পরিমাণ চিনি সরবরাহ করা হয় সেটা বলবেন কি?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আমি বলেছি ২৬৫ মেট্রিক টন চাহিদা তবে বরাদ্দ হয়েছিল ২৬১ মেট্রিক টন এবং ধর্মীয় অনুষ্ঠান ইত্যাদি যোগ করলে দাঁড়ায় ২৭৫ মেট্রিক টন।

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ আমি গ্রামের কথা জিজ্ঞাসা করছি যেখানে ২৬৫ মেট্রিক টন প্রয়োজন সেখানে কত দেওয়া হয়েছে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ প্রায় দেওয়া হয়েছে ২৬১ মেট্রিক টন-এর মত।

[1-50—2 p.m.]

Shri Bhadra Bahadur Hamal:

ওখানে যে যে রেকমেন্ডেশন করেছিল সেগুলি আপনারা পালন করেছেন?

Shri Khagendra Nath Das Gupta: Most of the recommentations of the Committee were accepted and acted upon.

Darjeeling Enquiry Committee

*531. (Admitted question No. *3215.) **Shri Deo Prakash Rai: With** reference to para 6 in page 45 of the Preliminary Memorandum on the Fourth Five-Year Plan—Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) who are the members of the Darjeeling Committee; and

(b) when the Committee held its last meeting.

Shri Khagendra Nath Das Gupta: A Committee known as the Darjeeling Enquiry Committee was appointed under this Government Resolution No. 8417-P., dated 9th November, 1955. The Committee held its last meeting on the 10th August, 1957 and submitted its report towards the end of 1957. The impression sought to be conveyed by the relevant paragraph of the preliminary Memorandum on the Forth Five-Year Plan as quoted by the honourable member that the "Committee is still functioning" is due to an unfortunate printing mistake in the first sentence of para 6 at page 45 of the said Memorandum in so far as the present tense was used through in-advertence. The sentence should really be: "There was a Committee, known as the Darjeeling Enquiry Committee, which met from time to time to examine the problems of this district and suggested solutions."

Promulgation of section 144 at Kalyangarh and arrest of some political leaders in 1964

*532. (Admitted question No. *3223.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৪ সালের ২৯শে ফেব্রুয়ারী বারাসত মহকুমার কল্যাণগড়ে ১৪৪ ধারা জারী করা হইয়াছিল এবং ঐ ১৪৪ ধারা বলবৎ থাকাকালীন ঐ তারিখে

কল্যাণগড় বালিকা বিদ্যালয়ের প্রাচীর ভাঙ্গিয়া রুদ্ধ কক্ষে অনুষ্ঠিত সারা বাংলা বাস্তুহারা সম্মেলন হইতে কয়েকজন নেতা ও একটি সংবাদপত্রের প্রতিনিধিকে গ্রেপ্তার করা হইয়াছিল;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যা' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ ধৃত ব্যক্তিগণের বিরুদ্ধে অভিযোগ কি,

(২) ঐ বালিকা বিদ্যালয়ের রুদ্ধ কক্ষের উপরও ১৪৪ ধারা জারী করা হইয়াছিল কিনা, এবং

(৩) ঐ প্রাচীর ভাঙ্গিবার নির্দেশ কে দিয়াছিল;

(গ) ইহা কি সত্য যে, ঐ তারিখের পরদিন ঐ স্থানে একটি প্রতিবাদ সভা হইয়াছিল; এবং ঐ প্রতিবাদ সভার জন্যও কয়েকজনকে গ্রেপ্তার করা হইয়াছে;

(ঘ) ইহা সত্য হইলে, ঐ তারিখে ধৃত নেতাদের বিরুদ্ধে অভিযোগ কি; এবং

(ঙ) উল্লিখিত দুই দিনের ধৃত ব্যক্তিগণের বিরুদ্ধে এখনও মামলা চলিতেছে না নিষ্পত্তি হইয়াছে?

শ্রীঅর্ধেন্দুভূষণ নস্কর: (ক) ২৯এ ফেব্রুয়ারী ১৯৬৪ সালে হাবড়া থানা এলাকার কল্যাণগড় ও অন্যান্য স্থানে ১৪৪ ধারা জারী ছিল এবং ১৪৪ ধারা বলবত থাকাকালীন ঐদিন কল্যাণগড় বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে সারা বাংলা বাস্তুহারা সম্মেলনের উদ্যোগে একটি জনসভা অনুষ্ঠিত হবার সময় কয়েকজন নেতা ও একজন সাংবাদিককে গ্রেপ্তার করা হয়েছিল। সভাটি রুদ্ধকক্ষে অনুষ্ঠিত হয় নি এবং বিদ্যালয়ের প্রাচীরও ভাঙ্গা হয় নি।

(খ) (১) দাঙ্গাহাঙ্গামা, সরকারী কর্মচারীর কর্তব্য সম্পাদনে বাধাদান এবং সাম্প্রদায়িক সম্পত্তি বিপন্ন করা।

(২) না।

(৩) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্নটি উঠে না।

(গ) ও (ঘ) পরদিন একটি সভা হইয়াছিল বটে তবে উহা অনুষ্ঠিত হয় অন্যত্র। ঐ তারিখে কাহাকেও গ্রেপ্তার করা হয় নি। ১৪৪ ধারা অমান্য করিয়া ঐ সভার ব্যবস্থা করা হইয়াছিল বলিয়া ১৪ জন ব্যক্তির বিরুদ্ধে বারাসতের মহকুমা ম্যাজিস্ট্রেট ভারতীয় দণ্ডবিধির ১৮৮ ধারায় প্রসিডিংস ড্র করেন।

(ঙ) এখনও মামলাগুলি বিচারাধীন আছে।

শ্রীসুধীরচন্দ্র দাস: আপনি বললেন ১৪৪ ধারার অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয় নি। দাঙ্গাহাঙ্গামা এবং অন্যান্য আপত্তিকর অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয়েছে। আপনি কি জানেন যে, ঐদিন রেডিওতে প্রচার করা হয়েছে যে, ১৪৪ ধারা অমান্য করার অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয়েছে এবং যুগান্তরের ১লা মার্চ তার পরের দিন প্রকাশ হয়েছে ১৪৪ ধারা অমান্যের অভিযোগে ২৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। একথা অবগত আছেন কি?

শ্রীঅর্ধেন্দুভূষণ নস্কর: ১৮৮ ধারা মানেই তো ১৪৪ ধারা ব্রেক করার জন্য।

শ্রীনিরঞ্জন নাথ অধিকারী: মন্ত্রিমহাশয় বললেন যে, ১৪৪ ধারা জারী করা হয় নি এই স্থানে?

[illegible] নস্করঃ আমি বলেছি পরদিন একটি সভা হইয়াছিল বটে,—তবে উহা অনুষ্ঠিত হয় অন্যত্র। ঐ তারিখে কাহাকেও গ্রেপ্তার করা হয় নি—১৪৪ ধারা অমান্য করিয়া ঐ সভার ব্যবস্থা করা হইয়াছিল বলিয়া ১৪ জন ব্যক্তির বিরুদ্ধে বারাসতের মহকুমা ম্যাজিস্ট্রেট ভারতীয় দণ্ডবিধির ১৮৮ ধারায় প্রসিডিংস ড্র করেন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ পর দিনের সভায় যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের এগেনস্টে কি চার্জ দেওয়া হয়?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ সারা বাংলা বাস্তুহারা সম্মেলন কল্যাণগড় বালিকা বিদ্যালয়ের রুদ্ধদ্বারকক্ষে অনুষ্ঠিত হয় নি—উক্ত বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হইয়াছিল। ঐ সময় উক্ত স্থানে ১৪৪ ধারা বলবৎ ছিল—পুলিশ আসিবার পর সমবেত জনতার ভিতর হইতে ইটপাটকেল বর্ষিত হইতে থাকে এবং জনসাধারণকে পাকিস্তানের ঘটনার প্রতিশোধ লইবার জন্য উত্তেজিত করা হইতে থাকে—এইরূপ অবস্থায় পুলিশ ২২ জন নেতৃস্থানীয় লোককে গ্রেপ্তার করে এবং তাদের বিরুদ্ধে মামলা বিচারাধীন আছে।

শ্রী[illegible] অধিকারীঃ তাদের বিরুদ্ধে যে মামলা বিচারাধীন আছে—কি কি তাদের এগেনস্টে চার্জ দেওয়া হয়েছে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ যে মামলা বিচারাধীন আছে সে সম্বন্ধে কিছু বলাটা যুক্তিসংগত নয়।

শ্রী[illegible] অধিকারীঃ আমি বলছি যে, তাঁদের এগেনস্টে যে চার্জসীট দেওয়া হয়েছে সেটা বিচারাধীন মামলা হিসাবে এভিডেন্স হবে না। আপনি ধরার পর কোর্টে হাজির করলেন—আপনি কন্টেন্টস বলছেন না—আমি জিজ্ঞাসা করছি তাদের এগেনস্টে কি কি চার্জ দেওয়া হয়েছে?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ আমি ইন ডিটেল বলতে পারবো না।

শ্রী[illegible] অধিকারীঃ আপনি বললেন যে কল্যাণগড়ের রুদ্ধদ্বার কক্ষে হয় নি ওখানে মুক্ত প্রাঙ্গণে একটা মিটিং হয়েছিল আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে যে বিবৃতিটা উনি রেখেছেন সেটা সত্য নয়, এবং তিনি যদি সত্য যাচাই করতে চান তাহলে তিনি স্বয়ং কল্যাণগড়ে গিয়ে এনকোয়ারী করবেন এবং সেকন্ডলি আমি নিজে দেখে এসেছি কল্যাণগড়ে সেখানে প্রাচীর ভেঙ্গে দিয়েছে এবং ওখানকার লোকেরা বলছে যে পুলিশ ভেঙ্গেছে—এর পরেও কি মন্ত্রিমহাশয় পুলিশকে সাপোর্ট করে এইরকম বিবৃতি দেবেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ একটা ইনফরমেশন-এর উপর বেস করে তো আমাদের করতে হবে—একটা মেসিনারীর উপর আমাদের নির্ভর করতে হবে। এই ব্যাপারটা এই হাউসে বহুবার আলোচনা হয়েছে। মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তার পরিপ্রেক্ষিতে আমার কাছে যতটুকু ইনফরমেশন আছে আমি সেটা আপনাদের সামনে রেখেছি।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ ঘটনাটা এতো গোলমেলে পুলিশ করেছে যে, এ বিষয়ে আমাদের অত্যন্ত সন্দেহ উপস্থিত হয়েছে—সেই জন্য প্রশ্ন হচ্ছে. আপনি এটা জানেন কি—যে সার্টিফায়েড কপি

'Certified copy of the order passed by the District Magistrate, 24-Parganas, on the 28th February, 1964, under section 144, Cr. P. C., in respect of the villages Kalyangarh, Habra, etc., within P.S. Barasat on the 29th February, and on the 1st March, 1964, as announced in the Calcutta Radio on the 28th February, 1964.'

এর উত্তর দিচ্ছেন যে ও'রা অর্ডার দিয়েছিলেন। এই তারিখে ১৪৪ ধারা জারী হয়েছে কিনা—তাতে তারা দিয়েছে

No order pass.

এরকম কোন অর্ডার নেই। আমি অর্ডারটা পড়ে দিচ্ছি—

There is no such order in the Judicial Department at the Alipore Court.

মিঃ ডেপুটি স্পীকারঃ আপনি প্রশ্নটা বলুন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আমার প্রশ্ন হচ্ছে ১৪৪ ধারা মোটেই জারী হয় নি, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অর্ডারে—একথা জানেন কি?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ হতে পারে। যেটা বিচারাধীন মামলা সে সম্বন্ধে আমি তথ্য দিতে পারি না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মন্ত্রিমহাশয় বললেন বিচারাধীন মামলার বিষয়ে বলবেন না—আপনি বললেন যে, পরের দিন যে মিটিং হয়েছিল তাতে ১৪৪ ধারা ভঙ্গের অভিযোগে ১৮৮ ধারায় প্রসিকিউট করা হয়েছে—এই যে ১৮৮ ধারায় প্রসিকিউট করলেন ১৪৪ ধারা ব্রেক করার জন্য—সুধীরবাবুর প্রশ্ন ছিল যে উনি জুডিসিয়াল ডিপার্টমেন্ট থেকে নকল নিয়ে দেখিয়েছেন যে সেরকম কোন অর্ডার ছিল না—তাহলে আপনার কথাটা ঠিক না জুডিসিয়াল ডিপার্টমেন্টের নকলটা ঠিক?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ আমি যা বলেছি তার অতিরিক্ত কিছু বলতে পারবো না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মন্ত্রিমহাশয় কি বলবেন যে, কল্যাণগড়ে যেদিন মিটিং পুলিশ ভেঙ্গে দেয় সেদিন বাংলাদেশের বিপ্লবী যুগের অন্যতম নেতা ডাঃ ভূপাল বোসকে পুলিশ অত্যন্ত বিসদৃশভাবে ম্যান হ্যান্ডেল করেছিল এই অভিযোগ মন্ত্রিমহাশয়ের কাছে এসেছিল কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ আমি ওটা জানি না—তবে যে ২৭ জনকে অ্যারেস্ট করা হয় তার মধ্যে ডঃ ভূপাল বসুও আছেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ তাঁকে টেগার্ট সাহেব যেভাবে মেরেছিলেন তার চেয়ে বেশী না হলেও সেইরকমভাবে তার উপর মারধোর করা হয় একথা কি জানেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ এটা তো আদালতে প্রমাণিত হবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মন্ত্রিমহাশয় কি বলতে পারেন যে পরের দিন মিটিংয়ে যোগ দেবার জন্য মাননীয় কাশিকান্ত মৈত্রকে প্রসিকিউট করেছেন কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ সে তথ্য আমার কাছে নেই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে রুদ্ধদ্বার কক্ষে সম্মেলন হয় নি—প্রাঙ্গণে হয়েছিল—এই প্রাঙ্গণের চারিধার কি প্রাচীর দিয়ে ঘেরা ছিল?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ আমি তো বলেছি ২৯এ ফেব্রুয়ারী ১৯৬৪ সালে হাবড়া থানা এলাকার কল্যাণগড় ও অন্যান্য স্থানে ১৪৪ ধারা জারী ছিল এবং ১৪৪ ধারা বলবত থাকাকালীন ঐদিন কল্যাণগড় বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে সারা বাংলা বাস্তুহারা সম্মেলনের উদ্যোগে একটি জনসভা অনুষ্ঠিত হবার সময় কয়েকজন নেতা এবং একজন সাংবাদিককে গ্রেপ্তার করা হয়েছিল—এখানে প্রাঙ্গণ বলতে যা বুঝায় সেটাই বলেছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, সে কম্পাউন্ডের উপর ১৪৪ ধারা জারী ছিল কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: এটা তো মতামতের প্রশ্ন।

শ্রীসুধীরচন্দ্র দাস:

"যুগান্তর" এটা খুব সুন্দর করে তার পরের দিন প্রকাশ করেছে যে কিছু সময় পরে পুলিস হঠাৎ বিদ্যালয়ের সীমানার প্রাচীর ভাঙ্গিয়া ভেতরে প্রবেশ করে এবং ১৪৪ ধারা আদেশ অমান্য করার অভিযোগে ২৭ জনকে গ্রেপ্তার করে। সুতরাং প্রাচীর ছিল, তা সত্ত্বেও এ'রা মিথ্যা রিপোর্ট দিয়েছেন। এ বিষয়ে আপনি তদন্ত করবেন কিনা আমি জানতে চাই।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর:

আমি তো বলেছি যে প্রাচীর ভাঙ্গা হয় নি।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Inclusion of Jed Road in Bantra P.S.

*533. (Admitted question No. *3260.)

শ্রীঅনাদি দাস: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলায় বালি থানার অন্তর্গত (বর্তমান লিলুয়া থানার অন্তর্গত) "জেড" রোড এলাকা ব্যাঁটরা থানার অন্তর্গত করার যে পরিকল্পনা সরকারের ছিল, তাহা কতদূর কার্যকরী করা হইয়াছে?

The Minister for Home (Police):
বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন আছে।

C. M. P. O.

*534. (Admitted question No. *3306.)

শ্রীপাঁচগোপাল ভাদুড়ী: উন্নয়ন ও পরিকল্পনা (টাউন কান্ট্রি প্ল্যানিং) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানাইজেশন কোন্ কোন্ দেশী-বিদেশী সংস্থা বা প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট বা সংযুক্ত;

(খ) ইহার পরিচালনার জন্য দায়িত্ব কাহার উপর ন্যস্ত;

(গ) আজ পর্যন্ত ইহার কার্যে কোন সংস্থা কিরূপ অর্থ ব্যয় করিয়াছে; এবং

(ঘ) ইহার কোনো নিয়মিত আয় ও ব্যয়বরাদ্দ আছে কি না?

The Minister for Development and Planning (Town Country Planning)

(ক) কলিকাতা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানাইজেশন, ফোর্ড ফাউন্ডেশন, ওয়ার্লড ব্যাঙ্ক, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ইউনাইটেড নেশানস স্পেশাল ফাণ্ডের সহিত সংশ্লিষ্ট আছে।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের উপর।

(গ) (১) ফোর্ড ফাউন্ডেশন—২৫,৬২,০০০ ডলার অর্থাৎ প্রায় ১ কোটি ২২ লক্ষ টাকা। (২) ইউনাইটেড নেশানস সোশাল ফান্ড—৩,২৪,১০০ ডলার অর্থাৎ প্রায় ১৫,৩৯,৪৭৫ টাকা। (৩) ওয়ার্লড ব্যাংক ৮৫,০০০ ডলার অর্থাৎ প্রায় ৪,০৪,৬০০ টাকা।

(ঘ) ইহার কোন আয় নাই। পশ্চিমবঙ্গ সরকারের বাজেটে ইহার ব্যয়বরাদ্দ আছে।

Death of Bhabaranjan Acharya in Police Custody

*535. (Admitted question No. *3370.) **Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that one Bhabaranjan Acharya of Entally died in police-custody on 17-11-64, as a result of police assault on him?

(b) if so, what steps the Government has taken against the Officer-in-charge of the Entally P.S., when this assault was reported to have taken place.

The Minister for Home (Police): (a) and (b) According to a report received from the Commissioner of Police, Calcutta, late Bhabaranjan Acharya who was arrested on 10th November, 1964, in a theft case and kept in Entally Thana lock up, was assulted by two under-trial prisoners the same night and removed to N.R.S. Hospital where he succumbed to his injuries on 17th November, 1964. A case under section 302, I.P.C., was started. The police version of the case was not believed by the Magistrate, who held an inquest into the cause of death of Bhabaranjan, whose verdict was that Bhabaranjan apparently died as a result of injuries which were caused by unknown police personnel while in custody of Entally Thana Police. It has been decided to move the court for a Magisterial enquiry under section 159, Cr. P.C., regarding the murder case started under section 302, I.P.C. and to postpone departmental proceedings against the Sub-Inspector concerned till the determination of proceedings in the court.

Kidnapping of Children in 1964

*536. (Admitted question No. *2750.)

শ্রীজনংগমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী এই রাজ্যে গত ১৯৬৪ সালে কতগুলি বালকবালিকা অভিভাবকের হেফাজত হইতে অপহৃত হইয়াছে;

(খ) ঐগুলির মধ্যে কতগুলি বালকবালিকাকে উদ্ধার করা হইয়াছে; এবং

(গ) ঐ প্রসংগে কতজন অপরাধী গ্রেপ্তার হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) ৩২টি বালক এবং ৪০০টি বালিকা উক্ত সময়ে অভিভাবকের হেফাজৎ হইতে অপহৃত হইয়াছে।

(খ) ২৬টি বালক এবং ৩৭৫টি বালিকাকে উদ্ধার করা হইয়াছে।

(গ) ৫৮৮ জন।

Allegation against the operator of Deep Tubewell at Teghari

*537. (Admitted question No. *302.)

শ্রীকানাই পাল: গত ১৭-২-৬৪ তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত ৩৬৭নং (অ্যাডমিটিড প্রশ্ন নং ১৬০১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া কৃষি ও সমষ্টি উন্নয়নের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নির্বাহী বাস্তুকার (সিভিল ইরিগেশন) ইস্টার্ন ডিভিশন, কল্যাণী, শান্তিপুর থানার তেঘরী গ্রামের গভীর নলকূপ পরিচালকের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তদন্ত শেষ করিয়াছেন কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক এই তদন্তের ফলাফল জানাইবেন কি?

The Minister for Agriculture:

(ক) কৃষ্ণনগরের সহবাস্তুকার তেঘরী গ্রামের গভীর নলকূপ পরিচালক শ্রীসুশীলকুমার ঘোষের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তদন্ত করিয়াছিলেন।

(খ) অভিযোগ প্রমাণিত হয় নাই। তবে উক্ত সহবাস্তুকার ঐ নলকূপ পরিচালককে অন্যত্র বদলী করার সুপারিশ করিয়াছেন। ইহা বিবেচনাধীন আছে।

Supply of rations through consumers co-operative stores

*538. (Admitted question No. *3108.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা বিধিবদ্ধ রেশন এলাকায় ভোগ্য পণ্য সমবায় ভাণ্ডার (কনজিউমার্স কো-অপারেটিভ স্টোরস) মারফত রেশন বিতরণের প্রকল্প কি কার্যকরী হইয়াছে;

(খ) কার্যকরী হইলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(১) কোন সালের কোন সময় হইতে চালু হইয়াছে; এবং

(২) আজ পর্যন্ত উক্ত সমবায় ভাণ্ডারের সংখ্যা; এবং

(৩) মোট গ্রাহক সংখ্যা কত?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) ২২-১-৬৫ তারিখ হইতে।

(২) মোট ১৫৭টি।

(৩) ৩৯,২১৯ (১১-৪-৬৫ পর্যন্ত)।

Flat-rice mills

*539. (Admitted question *3187.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চিড়া কলের সংখ্যা কত; এবং

(খ) এই কলগুলিতে ধান সরবরাহের জন্য কি কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Food and Suplies:

(ক) ১১৮টি।

(খ) চিড়াকলগুলিতে ধান সরবরাহের জন্য সরকারের কোন ব্যবস্থা নাই। এই সমস্ত কলের মালিকগণ সরকার কর্তৃক প্রদত্ত লাইসেন্সের বলে নিজেরাই খোলাবাজার হইতে ধান ক্রয় করিয়া থাকেন।

Plan for overall development of hill areas

***540.** (Admitted question No. *3218.)

Shri Deo Prakash Rai: (a) Will the Minister-in-charge of the Development Department be pleased to state—if it is a fact that the Union Government have asked the State Governmen to prepare a plan specially for overall development of hill areas of West Bengal; and

(b) If the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) whether that plan has since been prepared; and

(ii) if so, what are the salient features of the plan?

The Minister for Development: (a) No.

(b) (i) and (ii) Does not arise.

Substitute for mustard oil

***541.** (Admitted question No. *3242.)

শ্রী [illegible] রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার (১) সরিষার তেলের বিকল্প হিসাবে কুসুম বীজের নির্যাস এবং (২) গবাদি পশুর দুধের বিকল্প হিসাবে সোয়াবিন জাতীয় উদ্ভিদের নির্যাস প্রস্তুত এবং চালু করিতে মনস্থ করিয়াছেন?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত বিকল্প দুইটি যথাক্রমে সরিষার তেল এবং গবাদি পশুর দুধের মত উপকারী এবং স্বাদু হইবে কি না;

(২) উক্ত বিকল্প দুইটি সম্বন্ধে বিশেষজ্ঞদের মত লওয়া হইয়াছে কি না;

(৩) সেই মত কি ও তাহার বিবরণ কি?

The Minister for Food and Suplies:

(ক) ইহা সত্য নহে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Supply of sugar to the Confectioner's of Howrah district

*542. (Admitted question No. *3268.)

শ্রীঅনাদি দাসঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়ায় চা ও মিষ্টির দোকানসমূহের এস্টাবলিশমেন্ট কার্ডে চিনি সরবরাহের পরিমাণ কম করিয়া দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে কোন প্রকার দোকানে কত ভাগ কমান হইয়াছে এবং ইহার কারণ কি;

(গ) এস্টাবলিশমেন্ট বোর্ড সরবরাহকৃত চিনির বর্তমান দাম কত;

(ঘ) উহা ফ্যামিলি রেশন কার্ডে সরবরাহকৃত দাম হইতে পৃথক কি না; এবং

(ঙ) পৃথক হইলে তাহার কারণ কি?

The Minister for Food and Suplies:

(ক) হ্যাঁ।

(খ) মিষ্টির দোকানের চিনির বরাদ্দ শতকরা ৬৫ ভাগ এবং চালের দোকানের বরাদ্দ শতকরা ৫৫ ভাগ কমানো হইয়াছে। চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় বরাদ্দ কমানো হইয়াছে।

(গ) এস্টাবলিশমেন্ট পারমিটে সি-৩০ ও 'ডি-৩০' গ্রেডের চিনি সরবরাহ করা হয়। উহাদের বর্তমান পাইকারী দাম (পাইকারী ব্যবসায়ীদের গুদাম হইতে) নিম্নে দেওয়া হইল—

ইনিসিয়ার এরিয়া	এক্সটেন্ড এরিয়া
'সি-৩০ গ্রেড—১৩১·৪৫ পঃ প্রতি কুইন্টাল।	১৩১·৭০ পঃ প্রতি কুইন্টাল।
'ডি-৩০ গ্রেড—১৩০·৩০ পঃ প্রতি কুইন্টাল।	১৩০·৫৫ পঃ প্রতি কুইন্টাল।

(ঘ) ও (ঙ) ফ্যামিলি রেশন কার্ডে সাধারণত 'ডি-৩০ ও 'ডি-২৯' ও ই-২৯ গ্রেডের চিনি সরবরাহ করা হয়। গ্রেড অনুসারে চিনির দামের তারতম্য হয়। চিনির গ্রেডের অক্ষরগুলি অর্থাৎ এ, বি, ডি ও ই চিনির দানার আকৃতি বুঝায়। 'এ' অক্ষরযুক্ত গ্রেডের চিনির দানা সর্বাপেক্ষা বড়। গ্রেডের নম্বরগুলি অর্থাৎ ৩০, ২৯ ও ২৮ চিনির রং বুঝায়। ৩০ নম্বর যুক্ত গ্রেডের চিনি সর্বাপেক্ষা সাদা।

Lotteries in West Bengal

*543. (Admitted question No. *3332.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে লটারী ব্যবসায় কোং কয়টি রেজিস্ট্রারীকৃত আছে; এবং

(খ) এই সব লটারী কোং রাজ্য সরকারকে কি পরিমাণ রাজস্ব গত তিন বছরে দিয়াছে (প্রতিটির নামসহ)?

The Minister for Home (Police):

(ক) পশ্চিমবঙ্গে কোন লটারী ব্যবসায় কোং নাই।

(খ) লটারী বাবত রাজ্যসরকার কোন রাজস্ব পান না।

Supply of rice mixed with insecticides through the M.R. shops of Nadia district

***544.** (Admitted question No. *3343.)

শ্রীভবানী মুখোপাধ্যায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলায় এম আর সপ হইতে বিক্রীত কীটনাশক ঔষধ মিশ্রিত চাউল খাইয়া কয়েকজন ব্যক্তি সম্প্রতি মারা গিয়াছেন এবং উক্ত চাউল বিষাক্ত বলিয়া স্থিরীকৃত হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে ঐরূপ ঔষধ মিশ্রিত চাউলের বিক্রয় সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Food and Suplies:

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

C.I. Sheets received during 1963-64 from the Central pool

***545.** (Admitted question No. *2857.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের পুল হইতে কত সি আই সিট পাইয়াছিলেন;

(খ) উহার মধ্যে জনসাধারণের ব্যবহারের জন্য কত দেওয়া হইয়াছে এবং কত সরকারী কাজে লাগিয়াছে; এবং

(গ) বর্তমানে কত স্টকে জমা আছে?

The Minister for Food and Suplies:

(ক) ১৯৬২ সালের এপ্রিল মাসের পর হইতে এই রাজ্যের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কোন সি আই সিটের বরাদ্দ পাওয়া যায় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Special committee for development of agriculture in the hill areas

***546.** (Admitted question No. *3219.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if it is a fact that the Union Government have constituted a special committee for the development of agriculture in the hill areas; and

(b) if so, who are the members on the said Committee from the State Government of West Bengal?

The Minister for Agriculture: (a) No Special Committee for the development of Agriculture only has been formed, but the Central Hill Development Advisory Committee has been constituted with the idea of formulating ways and means in an integrated way for dealing with the basic problems of the hills.

(b) Minister of Agriculture, West Bengal, is a member of the said Committee.

Expenses invited in maintaining Border posts

***547.** (Admitted question No. 3333.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সীমান্ত রক্ষার জন্য কয়টি বর্ডার পোস্ট ও পুলিশ ও স্টাফ আছে;

(খ) এই কাজে কত ব্যয় বার্ষিক হয়; এবং

(গ) সীমান্ত রক্ষার ব্যয়ে কেন্দ্রীয় সরকার কি পরিমাণ অর্থ দেন?

The Minister for Home (Police):

(ক) জনস্বার্থের খাতিরে এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়।

(খ) ১৯৬৫-৬৬ সালের হিসাব অনুযায়ী বার্ষিক অনুমিত ব্যয় ১,৪০,৭৭,২০০ টাকা।

(গ) কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত এককালীন মোট ৩৪,০০,০০০ টাকা দিতে স্বীকৃত হইয়াছেন।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Bakery in West Bengal

992. (Admitted question No. 194.)

শ্রীকাশীকান্ত মৈত্র: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় মোট কতগুলি ছোটবড় রুটি তৈয়ারির কারখানা আছে;

(খ) ১৯৬৩, ১৯৬৪ সালে কি পরিমাণ আটা, ময়দা ও চিনির সরবরাহ এইসব বেকারীতে করা হয়;

(গ) আটা, ময়দা, চিনির অভাবে মোট কতগুলি উল্লিখিত কারখানা বন্ধ হবার উপক্রম হয়েছে;

(ঘ) কি পরিমাণ লোক এই সব কারখানায় চাকরি করে অথবা রুটি বিক্রি করে জীবিকা নির্বাহ করে; এবং

(ঙ) বেকারীগুলি পুরাপুরি চালু রাখার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

The Minister for Food and Supplies:

(ক) ২,১৭৯টি কারখানা আছে। ইহার মধ্যে ৩৪৪টি কলিকাতায়।

(খ) ১৯৬৩	১৯৬৪
	জেলা
আটা—×	৩২৩ মেঃ টন।
ময়দা—২১৫ মেঃ টন	২,৬৯৯ মেঃ টন।
চিনি—১,০৭৮ মেঃ টন	১,৫৬৪ মেঃ টন।
কলিকাতার জন্য খোলা বাজার ছিল।	কলিকাতা
	আটা—২২ মেঃ টন।
	ময়দা—১১,৮৫১ মেঃ টন।
	চিনি—৫,৩৯৮ মেঃ টন।

(গ) জেলা—২১৫।
কলিকাতা—১১৪।

(ঘ) জেলার চাকুরিয়ার সংখ্যা—৪,২৯৯।

(ঙ) আমদানি অনুসারে সরবরাহের ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন।

Government Quarters for Ministers

993. (Admitted question No. 971.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী বা উপমন্ত্রী সরকারী কোয়ার্টার্সে বাস করেন এবং কোয়ার্টার্সগুলির রুম সংখ্যা কত;

(খ) উক্ত কোয়ার্টার্সসমূহ সজ্জিত করার জন্য কত টাকা ব্যয় করা হইয়াছে;

(গ) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কোন্ মন্ত্রী কত টাকা কোয়ার্টার্স সজ্জিত করার জন্য ব্যয় করিয়াছেন; এবং

(ঘ) বাৎসরিক কত টাকা কোয়াটার্স সজ্জিত করার জন্য এবং বাগান প্রভৃতির জন্য খরচ করার নিয়ম রহিয়াছে?

The Minister for Public Works:

(ক) মুখ্যমন্ত্রী, বাস্তুবিভাগের মন্ত্রী, স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী, শিক্ষা বিভাগের রাষ্ট্রমন্ত্রী এবং কৃষি বিভাগের রাষ্ট্রমন্ত্রী সরকারী কোয়ার্টার্সে বাস করেন। মুখ্যমন্ত্রী এবং অপর দুই মন্ত্রী মহোদয়ের বাসগৃহে রান্নাঘর, খাবার ঘর এবং ভাঁড়ার ঘর সমেত ৯টি করিয়া এবং রাষ্ট্রমন্ত্রীদ্বয়ের বাসগৃহে ৭টি করিয়া কামরা আছে।

(খ) কেবলমাত্র মুখ্যমন্ত্রী, বাস্তু বিভাগের মন্ত্রী এবং স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী মহোদয়গণের বাসগৃহ সরকারী ব্যয়ে সজ্জিত এবং এই নিমিত্ত ব্যয়ের হিসাব নিম্নে দেওয়া হইল:—

(১) মুখ্যমন্ত্রী—টাকা ১৬,৬২০·০২ পয়সা।

(২) বাস্তুবিভাগের মন্ত্রী—টাকা ৬,০৮৩·৪৩ পয়সা।

(৩) স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী—টাকা ৬,৭৮২·৭৫ পয়সা।

(গ)	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
(১) মুখ্যমন্ত্রী	×	টা ৫৯৮·৪৭ পঃ	টা ১,২৫৭·০০
(২) বাস্তুবিভাগের মন্ত্রী	×	×	×
(৩) স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী	×	টা ৩,৩৪৮·৮৯ পঃ	×

(ঘ) এই বিষয় কোন নির্ধারিত নিয়ম নাই।

Old age pension

শ্রীজীবন — দেঃ ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে কোন্ জেলায় কত ব্যক্তিকে বার্ধক্য ভাতা দেওয়া হয়;

(খ) এই অনুদান পাবার জন্য প্রার্থীর যোগ্যতার বিবরণ কি কি;

(গ) টাকা বরাদ্দ, তদন্ত ও বিতরণের মালিক (ভারপ্রাপ্ত কর্মচারী) কে; এবং

(ঘ) এই অনুদানের মাথা-প্রতি পরিমাণ কত?

994. (Admitted question No. 1386.)

The Minister for Relief and Social Welfare:

(ক) ১৯৬৪ সালে বার্ধক্য ভাতা প্রাপ্তদের সংখ্যা জেলাভিত্তিতে নিম্নরূপ:

১। কলিকাতা—৩৯

২। ২৪-পরগনা—২১

৩। বর্ধমান—১৩

৪। হুগলি—১২

৫। নদীয়া—১০

৬। মুর্শিদাবাদ—৯

৭। মেদিনীপুর—৪

৮। পশ্চিম দিনাজপুর—৪

৯। হাওড়া—২

১০। জলপাইগুড়ি—২

১১। বীরভূম—১

১২। বাঁকুড়া—১

১৩। পুরুলিয়া—x

১৪। মালদহ—x

১৫। দার্জিলিং—x

১৬। কোচবিহার—x

মোট—১১৮

(খ) (১) প্রার্থীর বয়স সত্তর ও তদূর্ধ্ব হইবে এবং প্রার্থীকে পশ্চিম বাংলায় কমপক্ষে দশ বৎসর বাস করিতে হইবে।

(২) প্রার্থীকে নিঃস্ব হইতে হইবে অর্থাৎ তাহার কোন আয় থাকিবে না এবং তাহার ভরণপোষণ করিবার মত কোন আত্মীয় থাকিবে না। আত্মীয়দের পারিবারিক আয় যদি মাথা পিছু মাসিক চার টাকা অথবা তাহার কম হয় তবে ধরিয়া লওয়া হইবে যে, ঐরূপ আত্মীয় প্রার্থীর ভরণপোষণে অক্ষম।

(৩) পেশাদার ভিখারী এবং ভিক্ষাজীবী সন্ন্যাসীরা যোগ্য বলিয়া বিবেচিত হইবে না; তবে যেসকল প্রার্থী মাঝে মাঝে সাধারণের সাহায্য লইয়া থাকে তাহারা যোগ্যতার অন্যান্য নিয়ম অনুসারে যোগ্য হইলে ভাতা পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে। সম্প্রতি ১-৩-৬৫ হইতে উপরিলিখিত নিয়মাবলী নিম্নরূপ সংশোধন করা হইয়াছে। প্রার্থীকে পশ্চিম বাংলার অধিবাসী হইতে হইবে। প্রার্থীর বয়স কমপক্ষে ৬৫ বৎসর হইবে, তবে শারীরিক ও মানসিক রোগগ্রস্ত প্রার্থীর বয়স কমপক্ষে ৬০ বৎসর হইলেও চলিবে। প্রার্থীর কোন আহার সংস্থান থাকিবে না ও জীবিকা নির্বাহের কোন উপায় থাকিবে না। প্রার্থীর ভরণপোষণ করিবার মত কোন আত্মীয় থাকিবে না। আবেদন করিবার তারিখ পর্যন্ত প্রার্থীকে পশ্চিম বাংলায় অন্তত দশ বৎসর বাস করিতে হইবে। পেশাদার ভিখারী এবং ভিক্ষাজীবী সন্ন্যাসীরা যোগ্য বলিয়া বিবেচিত হইবে না। তবে যাহারা মাঝে মাঝে সাধারণের সাহায্য লইয়া থাকে তাহার যোগ্যতার অন্যান্য শর্ত পালন করিলে যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

(গ) চূড়ান্তরূপে ভাতা অনুমোদন করেন স্বরাষ্ট্র (সমাজকল্যাণ) বিভাগের বর্তমান ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের সংযুক্ত সচিব মহাশয়।

কলিকাতার তদন্ত ও বিতরণের মালিক সমাজকল্যাণ অধিকর্তা ও অন্যান্য জেলায় তদন্ত ও বিতরণের মালিক জেলাশাসক ও উপ-ভুক্তিপতি। বর্তমানে সংশোধিত নিয়মাবলীতে কলিকাতায় তদন্ত ও বিতরণের ভার উপ-ত্রাণ অধিকর্ত্রীকে এবং অন্যান্য জেলায় তদন্ত করিবার ভার অঞ্চল পরিষদকে এবং বিতরণের ভার জেলাশাসক ও উপ-ভুক্তিপতিকে নদওয়া হইয়াছে।

(ঘ) শহরাঞ্চলে মাসে ১৫ টাকা ও গ্রামাঞ্চলে মাসে ১২ টাকা। সংশোধিত নিয়মাবলীতে বর্তমানে শহর বা গ্রাম নির্বিশেষে একই হারে কুড়ি টাকা ভাতার ব্যবস্থা করা হইয়াছে।

Change of sites of Primary School under the District School Board of Midnapore

995. (Admitted question No. 1506.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলা স্কুল বোর্ড ময়না থানার কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ের স্থান পরিবর্তনের প্রস্তাব সরকারের কাছে পাঠাইয়াছেন;

(খ) সত্য হইলে, কয়টির জন্য প্রস্তাব দিয়াছেন;

(গ) সরকার উক্ত স্থান পরিবর্তনের প্রস্তাব অনুমোদন করিয়াছেন কি না; এবং

(ঘ) অনুমোদন করিয়া থাকিলে কোন্ তারিখে তাহা করিয়াছেন?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) দুইটি।

(গ) ও (ঘ) রসিকপুর প্রাথমিক বিদ্যালয়টিকে স্থানান্তরিত করার প্রস্তাব ৩০-১২-৬৪ তারিখে অনুমোদিত হইয়াছে। রায়চক প্রাথমিক বিদ্যালয়টিও স্থানান্তরের আদেশ দেওয়া হইয়াছে।

Proposal for perpetuating the memory of martyrs in Jails

996. (Admitted question No. 1517.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাধীনতা সংগ্রামে পশ্চিম বাংলার জেলে যাঁহাদের ফাঁসী দেওয়া হইয়াছে ঐ সমস্ত জেলের মধ্যে সেই সমস্ত "শহীদদের" স্মৃতি রক্ষার কি ব্যবস্থা আজ পর্যন্ত সরকার করিয়াছেন;

(খ) কোন ব্যবস্থা না হইয়া থাকিলে কি কারণে করা হয় নাই;

(গ) ৩য় পরিকল্পনার সময়ের মধ্যে উঁহাদের প্রত্যেকের মর্মর মূর্তি (মার্বেল স্ট্যাচু) ঐ সমস্ত জেলের মধ্যে স্থাপন করার সিদ্ধান্ত রহিয়াছে কিনা; এবং

(ঘ) সিদ্ধান্ত না থাকিলে ৪র্থ পরিকল্পনাতে করা হইবে কিনা?

The Minister for Home (Jails):

(ক) ও (খ) স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করিয়া যাঁহারা কারাভ্যন্তরে ফাঁসী বরণ করিয়াছিলেন তাঁহাদের নাম সংশ্লিষ্ট কারাগারে প্রস্তরফলকে উৎকীর্ণ করিয়া রাখিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(গ) তাঁহাদের মর্মর মূর্তি কারাগৃহে স্থাপনের সিদ্ধান্ত তৃতীয় পরিকল্পনায় গ্রহণ করা হয় নাই।

(ঘ) এইরূপ পূর্বাভাস এখন দেওয়া সম্ভব নয়।

Violation of West Bengal Rice and Paddy Control Order in Raigunj subdivision, West Dinajpur

997. (Admitted question No. 1566.)

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমায় ওয়েস্ট বেঙ্গল রাইস অ্যান্ড প্যাডি কন্ট্রোল অর্ডার, ১৯৬৪, ভায়লেট করার দরুন আজ পর্যন্ত কোন্ কোন্ মিল মালিক, জোতদার অথবা মহাজনের বিরুদ্ধে এবং কি ধরনের কেস করা হইয়াছে?

The Minister for Home (Police):

কোন মিল মালিকের বিরুদ্ধে কোন কেস করা হয় নাই। সর্বশ্রী খরু মহম্মদ, উপেন্দ্রকুমার সাহা, মতিলাল সোমানী, চম্পা সোমানী এবং বৈজনাথ সোমানী নামক পাঁচজন জোতদারের বিরুদ্ধে মজুতের অপরাধে কেস করা হয়। পাইকারী ব্যবসার লাইসেন্সধারী বীরঘোই কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির ১২ জন সদস্যের বিরুদ্ধে মজুতের অপরাধে কেস করা হয়। ইহা ছাড়া কিশোরীচাঁদ সোমানী নামক একজন মহাজনের বিরুদ্ধে অন্যান্য অপরাধের জন্য কেস করা হয়।

Government farm in Bharatpur Block I, Murshidabad

998. (Admitted question No. 1586.)

শ্রীশম্ভুগোপাল দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানার ভরতপুর ১নং ব্লক অফিস সংলগ্ন সরকারী কৃষিক্ষেত্রে ১৯৬৩ সালে কত এবং ১৯৬৪ সালে কি কি ফসলের চাষ করা হইয়াছে;

(খ) কি কি ফসল পাওয়া গিয়াছে ও তাহাদের পরিমাণ কত;

(গ) ঐ কৃষিক্ষেত্রে চাষের কাজ কতজন ব্যক্তি করে; এবং

(ঘ) কোন্ বা কোন্ কোন্ সর্তে তাহারা ঐ কাজ করে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ)

শস্যের নাম	উৎপন্ন ফসলের পরিমাণ কিলোগ্রাম	
	১৯৬৩	১৯৬৪
আউস	৭৯৯	২,৬৪৮
আমন	২০,৪৬৫	১৮,০১৫
জোয়ার	১১,৯৯০	৭,৭৬৫
ধৈঞ্চা	৫৮১	৫৮২
	*	*
বিলাতী সব্জীর চারা	১২৪,১০০	১৪০,০০০
কুমড়া	১০৪	৭
গম	৪৮০	৬৬২
পেয়াজ	২২৫	৫৪২
কলাই	৭১৪	—
পেপে	—	১৭২
কলা	—	৪
মুগ	—	১০
তিল	—	৭৯

*চারা গাছের সংখ্যা

(গ) বিভাগীয় কর্মচারী ছাড়া চাষের কাজ করে এইরূপ ব্যক্তির মোট সংখ্যা ১৯৬৩ ও ১৯৬৪ সালে যথাক্রমে ২,৬৪৫ ও ২,৫১৭ দিনমজুরের (ম্যান-ডেজ)।

(ঘ) দৈনিক ৮ ঘণ্টা কাজ করিবার জন্য মজুরদিগকে বিভিন্ন মরশুমে ১ টাকা ২৫ পয়সা হইতে ২ টাকা ৫০ পয়সা পর্যন্ত দিনমজুরী দেওয়া হয়।

Junior High and High Schools of Midnapore district recognised during 1965

999. (Admitted question No. 1606.)

শ্রীঅনংগমোহন দাসঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ১৯৬৫ সালে (১) কয়টি ২য় শ্রেণী বিশিষ্ট জুনিয়ার হাই স্কুল (২) কয়টি ৪র্থ শ্রেণী বিশিষ্ট জুনিয়র হাই স্কুল ও (৩) কয়টি দশম শ্রেণীযুক্ত হাই স্কুল মঞ্জুর হইয়াছে; এবং

(খ) ঐ সকল বিদ্যালয় সরকার হইতে কিরূপ সাহায্য কবে হইতে পাইবে এবং ঐ বিদ্যালয়গুলি কোথায় কোথায় স্থাপিত হইবে?

The Minister for Education:

(ক) ও (খ) ১৯৬৫ সালের মঞ্জুরীদান কার্য মধ্যশিক্ষা পর্ষৎ করিতেছেন। কাজ শেষ হয় নাই। কাজেই আকাঙ্খিত তথ্যাদি এখন দেওয়া সম্ভব নহে।

Recognition of Tarakganj Junior High School and Ten-class High School at Mahespur, Nadia

1000. (Admitted question No. 1657.) **Shri Mahananda Haldar:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Junior High School at Tarakganj, P.S. Karimpur, and the ten-class High School at Mahespur, P.S. Chapra, both in the district of Nadia, have been given recognition; and

(b) when did the Managing Committees of those schools apply for recognition?

The Minister for Education: (a) The cases of granting recognition to both theses schools are under consideration of the West Bengal Board of Secondary Education.

(b) (1) Simulia Junior High School already recognised as a 4-class Junior High School in Mahespur Anchal, P.S. Chapra, applied for recognition as a 10-class High School in 1964.

(2) Tarakganj Junior High School applied for recognition in 1962. The school was inspected in 1962 but it did not then fulfil the requisite conditions. The case has since been reviewed and is under consideration of the West Bengal Board of Secondary Education.

Deep tubewells in Jhargram police-station, Midnapore

1001. (Admitted question No. 1722.)

শ্রী [illegible] মাহাত: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানার কোন্ কোন্ মৌজায় গভীর নলকূপ বসাইবার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) উহাদের কাজ কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে;

(গ) ঝাড়গ্রাম থানার ১০ নং ইউনিয়নের কলসীভাঙ্গা ও বলদমারা মৌজায় গভীর নলকূপ স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা;

(ঘ) ঝাড়গ্রাম থানার গুপ্তমল কলোনীতে গভীর নলকূপ স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঙ) যদি (গ) ও (ঘ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কবে পরিকল্পনার কাজ আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) এ পর্যন্ত মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানার জামদা মৌজায় গভীর নলকূপ বসাইবার জন্য একটি স্থান নির্বাচিত হইয়াছে।

(খ) ঐ নলকূপটি বসাইবার কাজ আগামী বর্ষার পর আরম্ভ হইবে বলিয়া আশা করা যাইতেছে। কাজ আরম্ভ হইবার এক সপ্তাহের মধ্যেই বসান সম্পূর্ণ হইবে।

(গ), (ঘ) ও (ঙ) মেদিনীপুর জেলা স্থান নির্বাচন কমিটি এ পর্যন্ত উক্ত এলাকাগুলিতে নলকূপ বসানর জন্য কোন স্থান নির্বাচন করেন নাই। যদি ঐ সমস্ত এলাকায় কোন স্থান নির্বাচিত হয় সেই সমস্ত স্থানে নলকূপ বসানর কাজ আগামী বর্ষার পর আরম্ভ হইবে এবং এক সপ্তাহের মধ্যেই বসানর কাজ সম্পূর্ণ হইবে।

Deep tubewell in Pathra mauza of Sankrail police-station, Midnapore

1002. (Admitted question No. 1727.)

শ্রী [illegible] মাহাত: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শাঁকরাইল থানার ৭নং ইউনিয়নের পাথরা মৌজায় গভীর নলকূপ সংস্থাপনের সরকারের পরিকল্পনা আছে কিনা: এবং

(খ) থাকিলে পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ, একটি গভীর নলকূপ সংস্থাপনের পরিকল্পনা আছে।

(খ) আশা করা যায় পরিকল্পনার কাজ ১৯৬৫-৬৬ সালেই আরম্ভ এবং সমাপ্ত হইবে।

Deep tubewell in Ramnagar Bachara Anchal of Beldanga police-station

1003. (Admitted question No. 1903.)

শ্রীদেবশরণ ঘোষঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বেলডাঙ্গা থানার রামনগর বাছাড়া অঞ্চলে একটি ডিপ টিউবওয়েল মঞ্জুর করা হইয়াছে;

(খ) সত্য হইলে কবে উহা বসানোর কাজ শুরু হইবে; এবং

(গ) টিউবওয়েলটি কি ব্লক ও অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট স্থানের বসান হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার গভীর নলকূপ বসাইবার জন্য নিম্নলিখিত স্থানগুলি নির্বাচিত হইয়াছে।

১। আব্দুলবারি

২। গোপালপুর

৩। কাশীপুর

৪। মঙ্গলা

৫। গঙ্গাপুর

৬। লওদা

৭। পুলেন্দু—২

৮। লোকনাথপুর—১

৯। লোকনাথপুর—২

১০। মাগনপাড়া

১১। রেজিনগর

(খ) উপরি-উক্ত স্থানগুলিতে নলকূপ বসাইবার কাজ আগামী তিন মাসের মধ্যেই আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) মুর্শিদাবাদ জেলা স্থান নির্বাচন কমিটি দ্বারা অনুমোদিত স্থানগুলিতেই নলকূপ বসানো হইবে।

Properties of Late Kalicharan Chattopadhyay of Midnapore district

1004. (Admitted question No. 1924.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তীঃ বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার স্বগতঃ কালীচরণ চট্টোপাধ্যায় তাঁহার সমুহ সম্পত্তি ইং ১৯০২ সালে ১২নং উইল রেজেস্ট্রী করিয়াছিলেন;

(খ) উক্ত উইলে বর্ণিত তাঁহার সম্পত্তির আয় হইতে কি কি জনহিতকর কার্যে ব্যয়িত হইবার প্রতিশ্রুতি ছিল ও তাহার মধ্যে মেদিনীপুর জেলা ম্যাজিস্ট্রেটের হেফাজতে কোন্ দফায় কত টাকা উক্ত সম্পত্তির আয় হইতে ব্যয় করা হইয়াছে;

(গ) মেদিনীপুর জেলায় এগরা থানায় চাটলা মৌজায় একটি দাতব্য চিকিৎসালয় স্থাপনের জন্য উক্ত এস্টেটের আয় হইতে কত টাকা এ পর্যন্ত গচ্ছিত রহিয়াছে;

(ঘ) এই চিকিৎসালয় প্রতিষ্ঠার জন্য চাটলা মৌজায় কোন স্থান নির্দিষ্ট আছে কি; এবং

(ঙ) উক্ত জমিদারের প্রদত্ত সরকারের দখলে চাটলা মৌজায় কোন খাস জমি থাকিলে তাহার রকম কি ও পরিমাণ কত?

The Minister for Judicial:

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) উক্ত উইলে তাঁহার সম্পত্তির আয় নিম্নলিখিত ২টি জনহিতকর কার্যে ব্যয়িত হওয়ার প্রতিশ্রুতি ছিলঃ

(১) এগরা থানার চাটলা গ্রামে দাতার নামে একটি দাতব্য চিকিৎসালয় স্থাপন;

(২) মেদিনীপুর কলেজে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ প্রথম হইতে তৃতীয়ের মধ্যে একটি গরীব ছাত্রকে দাতার নামে একটি বৃত্তি দান করিতে হইবে।

কোন দফায় এ যাবৎ কোন টাকা ব্যয় করা সম্ভব হয় নাই।

(গ) উক্ত এস্টেটের আয় হইতে নিম্নরূপ টাকা জমা রহিয়াছেঃ—

(১) পি এল অ্যাকাউন্টে—১১,৪৬৩ টাকা ৮৭ পয়সা।

(২) ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট আছে ১৫,৩৫০ টাকা। উক্ত সার্টিফিকেট ম্যাচিওর হইয়া গিয়াছে এবং ঐগুলি ভাঙ্গাইলে পাওয়া যাবে ২৭,০৫৪ টাঃ ৪০ পঃ।

(৩) ন্যাশনাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট—৮,২৭৫ টাকা।
মোট—৪৬,৭৯৩ টাঃ ২৭ পঃ।

(ঘ) হ্যাঁ।

(ঙ) উক্ত মৌজায় উক্ত জমিদারের নিম্নবর্ণিত খাস জমিগুলি সরকারের দখলে আসিয়াছেঃ—
জমির রকম ও পরিমাণ

১। ভাঙ্গা ও পতিত জমি (৮১টি প্লটে মোট)— ২·৯৪

২। শ্মশান ও গোরস্থান—·৯৭

৩। ভাগাড়—·০৯

৪। বাস্তু—·১০

৫। পুকুর—১·০৬

৬। পুকুর পাড়—১·১৮

৭। পথ—০·৮৯

৮। জল—·০৯

Lands in Egra police-station, Midnapore

1005. (Admitted question No. 1927.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তীঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় মোট আবাদী ও অনাবাদী ভূমির পরিমাণ কত;

(খ) তন্মধ্যে জমিদারী উচ্ছেদের ফলে কোন্ কোন্ অঞ্চলে কি প্রকারের জমি সরকারের খাসে আসিয়াছে; এবং

(গ) ঐ থানায় কোন্ অঞ্চলে কি পরিমাণ জমি ভূমিহীন কৃষকদের বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) মোট আবাদী ভূমির পরিমাণ ৮৮,৯৪০·৩৪ একর ও অনাবাদী ভূমির পরিমাণ ৪,৮৬২·৪৭ একর।

(খ) যেসকল জমি সরকারের খাসে আসিয়াছে তাহার বিবরণ নিম্নরূপঃ

অঞ্চল নং, আবাদী ও অনাবাদী জমির পরিমাণ

অঞ্চল নং	আবাদী জমির পরিমাণ	অনাবাদী জমির পরিমাণ
	একর	একর
১।১	১৪৩	৮৯
১।২	২০৪	১০৯
১।৩	১০৪	১০৮
১।৪	১৫১	১০২
১।৫	১৯৪	১০০
১।৬	১৮১	১১১
১।৭	১১৩	১১৪
১।৮	১৪০	১১১
২।১	৩৪৬	১৩১
২।২	৪৪১	১১০
২।৩	২১৬	১০০
২।৪	২১৫	১০৮
২।৫	১৬১	৯৮
২।৬	১৮৫	৯১
২।৭	৯৩	৭৯
২।৮	৮৭	৮৫
মোট	২,৯৭৪	১,৭২২

(গ) যে পরিমাণ জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে, তাহার বিবরণ নিম্নরূপঃ—

অঞ্চল নং ও বিলিকৃত জমির পরিমাণ

১।১—৫২ একর

১।২—৫০ একর

১।৩—৪১ একর

১।৪—৫৯ একর

১।৫—৬৫ একর

১।৬—৪৯ একর

১।৭—৫৫ একর

১।৮—৩৭ একর

২।১—৭৮ একর

২।২—৯৮ একর

২।৩—৭২ একর

২।৪—৪৮ একর

২।৫—৫৭ একর

২।৬—৩৫ একর

২।৭—২৩ একর

২।৮—১৬ একর

মোট—৮৩৫ একর

Small Irrigation Loans in Egra police-station, Midnapore

1006. (Admitted question No. 1929.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় ১নং ও ২নং ব্লকে গত ১৯৬২ সাল হইতে ১৯৬৪ ফেব্রুয়ারি পর্যন্ত ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনার মাধ্যমে কোন্ অঞ্চলের কোন্ কোন্ ব্যক্তিকে কত টাকা কি বাবত ঋণ দেওয়া হইয়াছে;

(খ) উক্ত পরিকল্পনাগুলির রূপায়ণে কত জমি উপকৃত হইবে; এবং

(গ) উক্ত কার্যগুলি যথাযথ সম্পন্ন হইয়াছে বলিয়া কে রিপোর্ট দিয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) কোন ঋণ দেওয়া হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Husking Mills in Midnapore district

1007. (Admitted question No. 1930.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ থানায় কতগুলি লাইসেন্সপ্রাপ্ত ও লাইসেন্স বিহীন ধান ভানাই মেসিন রহিয়াছে;

(খ) ইহাদের মধ্যে কতগুলি চাউল ব্যবসায়ের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত এবং কতগুলি কেবলমাত্র গৃহস্থদের প্রয়োজনে মজুরী লইয়া ধান ভানাই করে;

(গ) সরকারের পরিকল্পনা অনুসারে বর্তমানে উক্ত কোন্ কোন্ শ্রেণীর ধান ভানাই মেসিনগুলি লেভীর আওতায় আসিবে;

(ঘ) লাইসেন্সবিহীন বাণী মিলগুলির ভবিষ্যত কি? তাহারাও কি সরকারকে 'লেভী' দিতে বাধ্য থাকিবেন;

(ঙ) গ্রাম এলাকায় বাণী মিলগুলি কি লেভী হইতে রেহাই পাইবেন; এবং

(চ) সরকারের এই বিষয়ে কি পরিকল্পনা রহিয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

(গ) মেদিনীপুর জেলার লাইসেন্সপ্রাপ্ত সকল ধান্যভানাই কলগুলি ওয়েস্ট বেঙ্গল রাইস (লেভী অন বাণি-মিলিং) অর্ডার, ১৯৬৪-এর আওতায় আসে। তবে নিজ ব্যবহারের ধান্যের পরিমাণ বিষয়ে যথাযথ সার্টিফিকেট দাখিল করিলে ঐ ধান্যের জন্য লেভী প্রথা হইতে অব্যাহতি পাওয়া যায়।

(ঘ) লাইসেন্সবিহীন বাণী মিলগুলির মালিকগণ হইতে প্রাপ্ত দরখাস্তের গুণাগুণ বিবেচনা করিয়া লাইসেন্স দেওয়া হয়। যে সব মিলগুলি লাইসেন্স পাইবার অযোগ্য বিবেচিত হয়, সেগুলি বন্ধ রাখিতে হয়। তাহারা লেভী অন বাণী-মিলিং অর্ডার, ১৯৬৪-এর আওতায় পড়ে না।

(ঙ) যে সব জিলাগুলিতে (মেদিনীপুর, হাওড়া, চব্বিশপরগনা, হুগলি এবং বর্ধমান) উপরি-উক্ত আদেশ বলবৎ হইয়াছে সেখানে রেহাই পাইবে না। এ বিষয়ে 'গ'-এর উত্তর দ্রষ্টব্য।

(চ) 'গ' এবং 'ঙ'-এর উত্তরে তাহা দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 1007

Name of the police-station	Number of licensed Mill			
	Total number of licensed husking Mill	Number of licensed husking Mill who husked paddy on Customer's account only	Number of licensed husking Mill who husked paddy both on customers and their own account	Number of unlicensed husking Mill.
Sutahata	53	53	..	24
Tamluk	106	106	..	54
Moyna	40	40	..	37
Nandigram	56	56	..	77
Panskura	169	169	..	82
Mohisadal	109	109	..	56
Contai	105	105	..	61
Bhagwanpore	55	55	..	66
Pataspur	68	68	..	49
Egra	47	47	..	24
Khajuri	37	37	..	21
Ramnagar	27	27	..	21
Jhargram	19	14	5	10
Benapore	21	19	2	8
Sankrail	14	13	1	4
Gopiballavpore ..	9	9	..	1
Jamboni	7	7	..	5
Nayagram	8	8	..	6
Ghatal	77	74	3	32
Chandrakona	51	49	2	5
Daspore	152	152	..	44
Debra	97	97	..	27
Kotwali	42	38	4	20
Salboni	79	18	1	10
Garbetta	40	38	2	19
Kharagpore	78	76	2	40
Mohanpore	18	18	..	16
Sabong	68	67	1	28
Danton	64	63	1	23

Name of the police-station	Number of licensed Mill: Total number of licensed husking Mill	Number of licensed husking Mill who husked paddy on Customer's account only	Number of licensed husking Mill who husked paddy both on customers and their own account	Number of unlicensed husking Mill.
Kesihari	18	18	..	10
Narayangarh	68	68	..	31
Pingla	38	38	..	44
Keshpore	39	39	..	20
	1,819	1,795	24	975

N.B.—The figure of unlicensed Husking Mill is based on the case of Form I application so far rejected and pending. The Mill against which permit granted has not been included.

Sd. ILLEGIBLE,

District Controller of Food and Supplies, Midnapore.

Barabani Thana Block in Asansol subdivision

1008. (Admitted question No. 2078.)

শ্রীহরিদাস চক্রবর্তী: কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-

(ক) আসানসোল মহকুমায় বারাবনী থানা ব্লকে ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কোন্ কোন্ খাতে ব্যয়ের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত টাকার কোন্ কোন্ খাতে কত ব্যয় হইয়াছে; এবং

(গ) অর্থ ব্যয়ের বিবরণ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরের প্রারম্ভে বারাবনী ব্লকের প্রথম পর্যায় শুরু হইয়াছে। ১৯৬৩-৬৪ বৎসরে এই ব্লকে পরিকল্পনা খাতে কোন অর্থ বরাদ্দ ছিল না; ১৯৬৪-৬৫ বৎসরে বিভিন্ন পরিকল্পনায় অর্থ বরাদ্দের পরিমাণ নিম্নরূপঃ—

পরিকল্পনা		অর্থ বরাদ্দের পরিমাণ
		টাকা
(১) ফলাফল প্রদর্শন	... ...	৪০০
(২) ক্ষুদ্র কর্মশালা	... ...	৩,৬০০

(৩) পশুপালন (হাঁস মুরগী)	...	...	...	৩৫০
(৪) বিবিধ কৃষি	...	...	...	২,০০০
(৫) ক্ষুদ্র সেচ প্রকল্পে ঋণদান	...	...	...	৫,০০০
(৬) কৃষি উন্নয়নের জন্য উৎপাদন পরিকল্পনা		...	...	২,০০০
(৭) পতিত জমি উদ্ধার ইত্যাদির জন্য ঋণদান		...	...	২,০০০
(৮) অনাময় ব্যবস্থা	...	...	...	৫০০
(৯) বিদ্যালয়ের উন্নতি	...	...	...	২,০০০
(১০) সমাজ শিক্ষা	...	...	...	৫০০
(১১) কাঁচা রাস্তা নির্মাণ	...	...	...	১,০০০

(খ) ও (গ) প্রয়োজনীয় কর্মচারীদের অভাবে ১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত উপরি-উক্ত অর্থ ব্যয় হয় নাই; তবে বর্তমান আর্থিক বৎসরের মধ্যে উহা সম্পূর্ণ ব্যয় হইবে আশা করা যায়।

Salanpur Block in Asansol subdivision

1009. (Admitted question No. 2079.)

শ্রীহরিদাস চক্রবর্তী: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার সালানপুর ব্লকে ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কোন্ কোন্ খাতে ব্যয়ের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত টাকার কোন্ কোন্ খাতে কত ব্যয় হইয়াছে; এবং

(গ) অর্থ ব্যয়ের বিবরণ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬৪ সালের এপ্রিল মাসে সালানপুর ব্লকের প্রথম পর্যায় আরম্ভ হইয়াছে। ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে এই ব্লকের বিভিন্ন পরিকল্পনাগুলির জন্য অর্থ বরাদ্দের পরিমাণ নিম্নে দেখান হইল:—

পরিকল্পনা				অর্থ বরাদ্দের পরিমাণ
১৯৬৩-৬৪				টাকা
(১) বিবধ কৃষি পরিকল্পনা	...	...	...	১,০০০
১৯৬৪-৬৫				
(১) ফলাফল প্রদর্শন	...	...	...	২৭০
(২) ক্ষুদ্র কর্মশালা	...	...	...	৪,০০০
(৩) উন্নত ধরনের হাঁসমুরগী বিতরণ	...	...	...	৩৫০
(৪) বিবিধ কৃষি পরিকল্পনা	...	...	...	২,০০০
(৫) ক্ষুদ্র সেচ প্রকল্প	...	...	...	২,০০০
(৬) পতিত জমি উদ্ধার ইত্যাদির জন্য ঋণদান		...	...	৪,০০০
(৭) পশুপালনের উন্নতির জন্য উৎপাদক পরিকল্পনা			...	১,০০০

(৮) কৃষি উন্নয়নের জন্য উৎপাদন পরিকল্পনা	...	...	২,০০০
(৯) স্বাস্থ্য ও গ্রাম্য অনাময় ব্যবস্থা	...	...	...	২,০০০
(১০) বিদ্যালয়ের উন্নতি	...	...	...	২,০০০
(১১) সমাজ শিক্ষা (প্রদর্শনী, পুরস্কার বিতরণ, শিশুউদ্যান ইত্যাদি)				৫০০
(১২) কাঁচা রাস্তা নির্মাণ	...	...	...	২,০০০

(খ) ও (গ) ১৯৬৩-৬৪ বৎসরে বিবিধ কৃষি পরিকল্পনায় বরাদ্দ অর্থ ব্যয় হইয়াছে।

১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ১৯৬৪-৬৫ বৎসরে বিভিন্ন পরিকল্পনায় বরাদ্দ অর্থের মধ্যে বিবিধ কৃষি পরিকল্পনায় ১৫০ টাকা ব্যয় হইয়াছে। 'ক্ষুদ্র কর্মশালা' এবং সমাজ শিক্ষা' পরিকল্পনা দুইটি ব্যতীত এই বৎসরে অন্যান্য পরিকল্পনাগুলিতে বরাদ্দ অর্থ ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরের মধ্যে সম্পূর্ণ ব্যয় হইবে আশা করা যায়।

Government Vested lands in Tufanganj subdivision

1010. (Admitted question No. 2117.)

শ্রীজীবনকৃষ্ণ দে: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমায় ভেস্টেড জমির পরিমাণ কত;

(খ) ১৯৬৪ সাল অবধি ঐ জমি লওয়ার জন্য মোট কত দরখাস্ত পড়ে;

(গ) কতজন প্রার্থী তার মধ্যে জমি পেতে সক্ষম হয়;

(ঘ) বণ্টিত জমির পরিমাণ কত;

(ঙ) প্রার্থীদের মধ্যে ভূমিহীন দিন মজুর ও ভাগচাষীদের সংখ্যা কত; এবং

(চ) কতগুলি দরখাস্ত এখনও তদন্তাধীন?

The Minister for Land and Land Revenue:

(ক) ৫,৭৭২·৯৩ একর।

(খ) ১,৪৭০টি।

(খ) ১,৪৭০টি।

(গ) ৮৯০ জন।

(ঘ) ১,০১২·০০ জন।

(ঙ) ১,১৭১ জন।

(চ) ২৮১টি দরখাস্ত বিবেচনাধীন এবং ২৯৯টি বিবেচনার অযোগ্য।

Wages of the Prisoners in different Jails

1011. (Admitted question No. 212.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কোন্ জেলে কতজন কয়েদীকে কত পারিশ্রমিক দেওয়া হইয়াছে; এবং

(খ) এই পারিশ্রমিকের হার কিভাবে নির্ণয় করা হইয়া থাকে?

The Minister for Home (Jails):

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের ৫টি কেন্দ্রীয় কারাগারে (তিন মাসের অধিক কালের জন্য সশ্রম কারাদণ্ডে দণ্ডিত) কয়েদীদের কায়িক শ্রমের জন্য পারিশ্রমিক দেওয়ার প্রথা আছে। উল্লিখিত দুইটি বৎসরে ঐসব কারাগারে যে পারিশ্রমিক দেওয়া হইয়াছিল তাহার বিস্তৃত বিবরণ এতৎ-সন্নিবিষ্ট তালিকায় দ্রষ্টব্য।

(খ) নিম্নোক্ত হারে পারিশ্রমিক দেওয়া হইয়া থাকেঃ—

(/০) কঠিন শ্রম—পুরা কাজের জন্য দৈনিক মাথা পিছু ৩৭ পয়সা।

(/০) লঘু শ্রম—পুরা কাজের জন্য দৈনিক মাথা পিছু ২৫ পয়সা।

পুরা কাজের শতকরা ২৫ ভাগ বা তদূর্ধ্ব পর্যন্ত বাড়তি কাজের জন্য দৈনিক মাথা পিছু ১২ পয়সা বোনাস।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1011

তালিকা।

কারাগারের নাম।	১৯৬৩-৬৪ সাল		১৯৬৪-৬৫ সাল ২৪শে মার্চ, ৬৫ পর্যন্ত	
	পারিশ্রমিক প্রাপ্ত মোট কয়েদীর সংখ্যা	মোট পারিশ্রমিকের পরিমাণ	পারিশ্রমিক প্রাপ্ত মোট কয়েদীর সংখ্যা	মোট পারিশ্রমিকের পরিমাণ
		টাকা		টাকা
পৌর কারাগার (প্রেসিডেন্সি জেল) ..	৮৩২	৩১,৪১২.৭৪	৮৫৯	৩৪ ৪০৪.৫০
আলিপুর কেন্দ্রীয় কারাগার ..	১,৯৬৮	১,২২,৪৩১.২৬	১,৮৭১	১,১৬,৭৯৭.৬৫
দমদম কেন্দ্রীয় কারাগার ..	১,৩৮০	৪৬,৪৫২.১৭	১,০৬৪	৩৫,৫৭৪.৭১
মেদিনীপুর কেন্দ্রীয় কারাগার ..	১,৩৯৯	৬৫,৪৯৯.৯৪	১,৪৯৪	৬৭,১২৬.৩৬
বহরমপুর কেন্দ্রীয় কারাগার ..	৮৮৯	৬৭,৪২৬.১০	৯৭৩	৭৫,০৩৩.৭৮

Deep tubewells under Berhampore Block, Murshidabad

1012. (Admitted question No. 2191.)

শ্রীসনৎকুমার রাহাঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর ব্লকের অধীনে বহরমপুর শহরের সংলগ্ন এলাকা রাজধরপাড়া অঞ্চল, জাকুড়ী অঞ্চল, নওদাপাপুর অঞ্চল ও [illegible] অঞ্চলের জন্য কয়টি গভীর নলকূপ সেচের জন্য বরাদ্দ আছে; এবং

(খ) কবে ওই নলকূপগুলি সংস্থাপিত হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অবশিষ্ট সময়ে মুর্শিদাবাদ জেলায় দুইশতটি গভীর নলকূপ সংস্থাপনার পরিকল্পনা আছে, তন্মধ্যে বহরমপুর থানায় নলকূপ সংস্থাপনার নিমিত্ত ২৮টি স্থান এ পর্যন্ত নির্বাচিত হইয়াছে। এ সম্পর্কে একটি বিবরণী এতৎসহ সংযুক্ত হইল।

(খ) মুর্শিদাবাদ জেলায় গভীর নলকূপ সংস্থাপনার কাজ আরম্ভ হইয়াছে এবং আশা করা যায় যে এই বৎসর ১৯৬৫ সন মে মাসের মাঝামাঝি সময় বহরমপুর থানায় গভীর নলকূপ বসানোর কাজ আরম্ভ হইবে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1012

থানার নাম	মৌজার নাম
বহরমপুর	১। জানমহম্মদপুর
	২। ঐ
	৩। যদুপুর
	৪। বালিয়াখালি
	৫। বড়সতুই
	৬। তারকপুর
	৭। মধুপুর
	৮। চিরুটি
	৯। মাজিরা
	১০। কোদলা
	১১। পূর্বনারায়ণপুর
	১২। রাজধরপাড়া
	১৩। বাসুদেবখালি
	১৪। বৈকুণ্ঠপুর
	১৫। নতুনপুর
	১৬। হাতিনগর—১
	১৭। হাতিনগর—২
	১৮। বাণীনাথপুর
	১৯। বাড়ীরগাছি
	২০। নওদাপানুর
	২১। রুহিয়া
	২২। দৌলতাবাদ
	২৩। চাহাঘান—১
	২৪। চাহাঘান—২
	২৫। হবিপুর
	২৬। কালাডাঙ্গা
	২৭। খালডাঙ্গা
	২৮। বৈকুণ্ঠপুর

Site selection for Block Offices

1013. (Admitted question No. 2229.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্লক অফিসের স্থান নির্বাচন কিভাবে নির্ধারণ করা হয়;

(খ) ব্লক অফিসের স্থান নির্বাচনের কোন কমিটি আছে কিনা;

(গ) থাকিলে তাহা ব্লকওয়ারী কি জেলাওয়ারী;

(ঘ) ব্লকওয়ারী থাকিলে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার ব্লকগুলির স্থান নির্বাচন কমিটির সদস্যগণের নাম কি; এবং

(ঙ) জেলাওয়ারী থাকিলে মেদিনীপুর জেলার ব্লকসমূহের স্থান নির্বাচন কমিটির সদস্যগণের নাম কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক), (খ) এবং (গ) প্রতি জেলাতেই একটি করিয়া স্থান নির্বাচন কমিটি (সাইট সিলেকসন কমিটি) আছে। ব্লকের স্থান নির্বাচন উক্ত কমিটির মাধ্যমে হইয়া থাকে। ব্লকওয়ারী কোন কমিটি নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) এ বিষয়ে একটি তালিকা সংযোজিত করা হইল।

Statement referred to in reply to clause (Uma) of unstarred question No. 1013

List showing the members of the Site Selection Committee

1. The District Magistrate, Midnapore—Chairman.
2. The Additional District Magistrate, Development and Estate Acquisition—Convenor and Secretary.
3. The Chief Medical Officer of Health, Midnapore.
4. The Block Development Officer.
5. A representative of the Chief Engineer, Construction Board.
6. A representative of the Chief Engineer, Public Health Engineering.
7. The Subdivisional Officer.
8. The Special Officer, Planning and Development, Midnapore.

Distribution of Government Published Text Books

1014. (Admitted question No. 2252.) **Shri Monoranjan Roy:** Will the Minister-in-charge of the Education Departmnet be pleased to state—

(a) how the school text books, Kishalaya, Itihas, Prakriti Parichaya, Pecock Reader, published by the Director of Public Instruction, Government of West Bengal, have been distributed this year at the beginning of the current school session;

(b) whether the Government is aware of the fact that copies of above-mentioned books are regularly being sold with their note-books on the footpaths in a particular area of Calcutta at enhanced prices ;

(c) if so, what action has been taken in this respect?

The Minister for Education: (a) In the city of Calcutta and Howrah the school text-books published by the Director of Public Instruction, West Bengal, have been distributed through the heads of institutions and through the Education Department of the Calcutta Corporation for Corporation managed schools.

In mufossil areas, those text books have been supplied to the heads of the institutions concerned through the Sub-Inspectors of Schools as in previous years.

(b) No such report has been received in the Education Department.

(c) Does not arise.

Industrial Training Institute, Midnapore

1015. (Admitted question No. 2283.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if the work of construction of the Industrial Trainnig Institute sanctioned in Midnapore Block near Midnapore town has been taken up; and

(b) if so, when the work is expected to be completed and when the Institute will commence functioning?

The Minister for Commerce and Industries: (a) Yes.

(b) It is expected that the construction work will be completed during 1965-66 and the Institute will commence functioning from November, 1965.

Reclamation of Purusha Khal in Moyna police-station, Midnapore

1016. (Admitted question No. 2315.)

শ্রীঅনঙ্গমোহন দাস: গত ৯ই মার্চ, ১৯৬৫ তারিখে প্রদত্ত অ-তারকিত ৫৪৪নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১৩৫০) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুষা খালের দ্বারা ময়না থানার কত জমির জল নিষ্কাশন হয়; এবং

(খ) উক্ত খাল পলির দ্বারা আবদ্ধ হওয়ায় ধান্য চাষের কি পরিমাণ ক্ষতি হইতেছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) পুরুষা খালের দ্বারা ময়না থানার প্রায় ২৭ বর্গমাইলের জল বর্ষাকালে নিষ্কাশন হওয়ার ব্যবস্থা ছিল, কিন্তু অধিকাংশ সময়ই কসাই নদীর জল পুরুষা বেসিনের জলের সমতা (লেভেল) হইতে উঁচু স্লুইস থাকায় বর্ষাকালে পুরুষা খালের স্লুইস দিয়া অধিকাংশ জল নির্গত হইতে পারে না।

(খ) বিশেষ অনুসন্ধান ব্যতীত ধান্য চাষের ক্ষতির পরিমাণ বলা বর্তমানে সম্ভব নহে।

Procurement of paddy in Moyna police-station, Midnapore

1017. (Admitted question No. 2324.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বৎসর মেদিনীপুর জেলায় ময়না থানায় কতজনের নিকট হইতে ধান সংগ্রহ করা হইয়াছে; এবং

(খ) উক্ত সংগৃহীত ধান্যের জন্য মণ প্রতি কিরূপ মূল্য দেওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) গত বৎসরে সরকার তরফে কোন ধান্য সংগ্রহ করা হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Primary, Secondary and Higher Secondary Schools in Purulia district

1018. (Admitted question No. 2343.)

শ্রীদমন কুইরী: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পুরুলিয়া জেলায়—

(১) কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে;

(২) কতগুলি সিভিল স্কুল আছে; এবং

(৩) কতগুলি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আছে?

The Minister for Education:

(১) ২,১০৯টি প্রাথমিক বিদ্যালয় ও ১৭৪টি নিম্ন বুনিয়াদী বিদ্যালয় আছে।

(২) সিভিল স্কুল বলিয়া কোনও বিদ্যালয় নাই।

(৩) মাধ্যমিক বিদ্যালয়—২৯, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়—৮০, সিনিয়র বেসিক স্কুল—১১, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়—২৩।

Asansol Mohishila Colony

1019. (Admitted question No. 2385.)

শ্রীবিজয় পাল: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহিশীলা কলোনির মোট জমির পরিমাণ কত;

(খ) এই জমি যাঁহাদের বিলি করা হইয়াছে তাঁহাদের সংখ্যা কত;

(গ) প্রত্যেককে কি পরিমাণে জমি ও ঋণ দেওয়া হইয়াছে;

(ঘ) তাঁহাদের মধ্যে যাঁহারা রিফিউজি ক্যাম্প হইতে আসিয়াছেন তাঁহাদের সংখ্যা কত; এবং

(ঙ) এই ক্যাম্প হইতে আগত ব্যক্তিদের বাড়ী নির্মাণের জন্য এবং ব্যবসার জন্য কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) ১৩২·২৭ একর।

(খ) ৬৭৬ (পরিবার)।

(গ) প্রত্যেককে প্রায় ছয় কাঠা জমি এবং ১,২০০ হইতে ৫,০০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হইয়াছে।

(ঘ) ২৬৫ (পরিবার)।

(ঙ) শিবিরাগত পরিবারগুলির মধ্যে ১৮১টিকে গৃহনির্মাণ বাবত ১,২০০ টাকা এবং ক্ষুদ্র ব্যবসায় বাবত ৭৫০ টাকা হারে ঋণ দেওয়া হইয়াছে। বাকী ৮৪টি পরিবারের প্রত্যেক পরিবারকে গৃহনির্মাণের জন্য ১,৪০০ টাকা এবং ক্ষুদ্র ব্যবসায়ের জন্য ৭৫০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

Production of food crops this year

1020. (Admitted question No. 2288.)

শ্রী[illegible] হালদার: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমান বৎসরে গত বৎসরের তুলনায় বেশী খাদ্যশস্যের ফলন হইয়াছে; এবং

(খ) সত্য হইলে কোন্ খাদ্যশস্যের কত বেশী ফলন হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) গত বৎসর অপেক্ষা বর্তমান বৎসরে পশ্চিমবঙ্গে আউস ও আমন ধান্যের চাউলের উৎপাদন ৪ লক্ষ ২২ হাজার টন বৃদ্ধি পাইয়াছে। বোরো ও অন্যান্য খাদ্যশস্যের ফসল এখনও উঠে নাই।

Motor vehicles accident cases

1021. (Admitted question No. 312.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কোন্ জেলায় কতজন পুরুষ, নারী এবং শিশু বাস, ট্রাক ও ট্যাক্সি দুর্ঘটনায় আহত ও নিহত হইয়াছে;

(খ) উক্ত বৎসরের প্রতি বৎসর কতগুলি কেস ধরা পড়িয়াছে এবং কত টাকা জরিমানা হইয়াছে; এবং

(গ) দুর্ঘটনায় পতিত ব্যক্তিদের ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ কোন্ ক্ষেত্রে কত?

The Minister for Home (Police):

(ক) এ বিষয়ে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে স্থাপিত হইল।

(খ) এ বিষয়ে তথ্যাদি সংগ্রহ করা সময়সাপেক্ষ বিধায় এই প্রশ্নের উত্তর বর্তমানে দেওয়া সরকারের পক্ষে সম্ভব নয়।

(গ) এই প্রশ্নের জবাব দেওয়া সরকারের পক্ষে সম্ভব নয় কারণ ইহা আদালতের বিচারের উপর নির্ভরশীল।

Build Your Own House Scheme in Tamluk police-station, Midnapore

1022. (Admitted question No. 423.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "নিজের গৃহ নিজে নির্মাণ করা" স্কীমে গত ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সনে মেদিনীপুর জেলার তমলুক থানাতে কোন্ কোন্ গ্রামের কোন্ কোন্ ব্যক্তির গৃহ নির্মাণ করা হইয়াছে;

(খ) ঐসকল গৃহের মধ্যে মঞ্জুরীপ্রাপ্ত কোন্ কোন্ ব্যক্তির গৃহ আজও নির্মিত হয় নাই;

(গ) যে যে ব্যক্তির গৃহ নির্মাণের জন্য মঞ্জুরী দেওয়া হইয়াছিল তাহাদের সকলের নিজস্ব সংস্থানের উপর গৃহনির্মাণের মঞ্জুরী ছিল কিনা; এবং

(ঘ) ঐসকল জায়গা, তাহাতে দরখাস্তকারীর স্বত্ব এবং দখলের বিবরণ যে আইনসঙ্গত তাহা কে স্থির করিয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক), (খ), (গ) ও (ঘ) বিস্তৃত তথ্য সম্বলিত বিবরণী বিধানসভার লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইয়াছে।

Scheme for Development of Agriculture in Habibpur police-station, Malda

1023. (Admitted question No. 562.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিকার্যের উন্নতির জন্য মালদহ জেলার হবিবপুর থানায় গত ছয় বৎসরে কোন্ বৎসর কত টাকা কি কি বাবত খরচ করা হইয়াছে; এবং

(খ) ইহাতে উক্ত থানায় কত বেশী ফসল উৎপন্ন হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) একটি বিবরণী (স্টেটমেন্ট) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Wheat and Gram seeds supplied in Purulia district

1024. (Admitted question No. 1699.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬০ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ বৎসর পুরুলিয়া জেলায় থানাওয়ারী কত গম ও ছোলার বীজ দেওয়া হইয়াছে এবং কোন্ ব্লক অফিসে কত গম ও ছোলার বীজ বিক্রয় হইয়াছে;

(খ) উক্ত গম বীজ চাষের জন্য না আটা প্রস্তুতের জন্য দেওয়া হইয়াছে; এবং

(গ) বানদোয়ান ব্লকে কত পরিমাণ জমিতে উক্ত গম বীজ উক্ত বৎসরগুলিতে বপন করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) একটি বিবরণী (স্টেটমেন্ট) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) উক্ত গমের বীজ চাষের জন্যই সরবরাহ করা হইয়াছিল।

(গ) একটি বিবরণী (স্টেটমেন্ট) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Agents for distribution of Fertiliser in West Bengal

1025. (Admitted question No. 1751.)

শ্রীসনৎকুমার রাহাঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সার বিক্রয়ের জন্য অনুমোদিত এজেন্টগণের নাম কি;

(খ) কি শর্তে তাহাদিগকে এই সার দেওয়া হয়;

(গ) নগদ টাকায় এজেন্টরা সার ক্রয় করেন কিনা;

(ঘ) রেজিস্টার্ড ফার্ম নহে এরূপ কোন সংস্থাকে বিক্রয়ের জন্য সার দেওয়া হইয়াছে কি না; এবং

(ঙ) কোন্ ফার্মকে কত টাকার সার বিক্রয় করিবার জন্য গত তিন বছরে দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) বর্তমান বৎসরের অনুমোদিত এজেন্টগণের একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(খ) নির্দিষ্ট কাল ও এলাকার জন্য সারের এজেন্ট নিযুক্ত করা হয়। এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য সংস্থাগুলিকে নিরাপত্তা আমানত (সিকিউরিটি ডিপোজিট) রাখিতে ও একটি চুক্তিপত্র (এগ্রিমেন্ট) সম্পাদন করিতে হয়। এজেন্টদিগকে তাহাদের চাহিদা মত নাইট্রোজেন ঘটিত ও সুপার ফসফেট সার চাষীদের নিকট নির্ধারিত মূল্যে বিক্রয়ের জন্য দেওয়া হইয়া থাকে। তাহাদের নিজ নিজ এলাকার অন্তর্গত প্রতি ব্লকে সাব-ডিপো এবং প্রতি জেলায় অন্তত একটি করিয়া বাফার গোডাউন খোলার নির্দেশ দেওয়া আছে। চাষীদের নিকট সার বিক্রয়ের জন্য এজেন্টগণ নির্ধারিত কমিশন পাইয়া থাকেন। মিশ্র সার প্রস্তুতের জন্য নাইট্রোজেন ঘটিত উপকরণগুলি (ইনগ্রেডিয়েন্টস) তাহাদের নিকট বিক্রয় করা হয়। সরকার সকল মিশ্রসারের সূত্র (ফরমূলা) ঠিক করিয়া দেন। এজেন্টগণ ঐ সূত্র অনুযায়ী মিশ্র সার প্রস্তুত করিয়া কৃষি রসায়নবিদের দ্বারা বিশ্লেষণ করাইয়া সূত্রের মান অনুযায়ী প্রস্তুত হইলেই নির্ধারিত মূল্যে চাষীদের নিকট বিক্রয় করিতে পারেন। সকল সারই তাহাদিগকে সরকারের নিকট হইতে অগ্রিম টাকায় কিনিতে হয়, তাহাদিগকে সরকারের নিকট হইতে সার ব্যবসা করার জন্য অনুজ্ঞাপত্র (লাইসেন্স) লইতে হয়। তাহা ছাড়া তাহাদের এইসকল সার ক্রয় ও বিক্রয়ের হিসাব (অ্যাকাউন্ট) রাখিতে ও সরকারের নিকট এবং স্থানীয় আধিকারিকদের নিকট সাময়িক প্রতিবেদন (রিপোর্ট) ও তথ্য (রিটার্ন) দেওয়ার নির্দেশ দেওয়া আছে।

(গ) এজেন্টগণ সারের মূল্য বাবদ সরকারের নিকট তফসিলী ব্যাঙ্কের (সিডিউল্ড ব্যাঙ্ক) উপর দেওয়া ড্রাফট তফসীলী ব্যাঙ্কের পে অর্ডার সরকার অনুমোদিত ব্যাঙ্কের প্রত্যাভূতি অনুসারে বিলম্বিত হুন্ডি।

(By Hundis payable at sight guaranteed by a Bank approved by the Government)

অথবা রিজার্ভ ব্যাঙ্ক বা ট্রেজারিতে টাকা জমা দিয়া তাহার প্রত্যায়িত চালান জমা দিলে সার পাইয়া থাকেন।

এজেন্টগণের নিকট হইতে সারের মূল্য বাবদ সরাসরি নগদ টাকা দপ্তরে নেওয়া হয় না।

(ঘ) হইয়াছে।

(ঙ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1025

১। মেসার্স দ ওয়ালেশ এন্ড কোং লিঃ, ৪ ব্যাঙ্কশাল স্ট্রীট, কলিকাতা।

২। মেসার্স র‍্যালিজ ইন্ডিয়া লিমিটেড, ১৬ হেয়ার স্ট্রীট, কলিকাতা।

৩। মেসার্স বি, এন ইলিয়াশ এন্ড কোনং, ১ এবং ২ ওল্ড কোর্ট হাউস কর্নার, কলিকাতা।

৪। মেসার্স জয়শ্রী কেমিকেলস এন্ড ফার্টিলাইজারস, ইন্ডিয়া এক্সচেঞ্জ, কলিকাতা।

৫। মেসার্স ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউসিং কর্পোরেশন, ৪৫ গণেশচন্দ্র এভিনিউ, কলিকাতা—১৩।

৬। মেসার্স জার্ডিন হেন্ডারসন লিমিটেড, ৪ ক্লাইভ রো, কলিকাতা।

৭। মেসার্স ফসফেট কোম্পানী লিমিটেড, ১৪ নেতাজী সুভাষ রোড, কলিকাতা।

৮। মেসার্স বি, সি পাল এন্ড কোম্পানী, ১৮ নেতাজী সুভাষ রোড, কলিকাতা।

৯। মেসার্স আর এন চ্যাটার্জী এন্ড কোং, ১৩৫ ক্যানিং স্ট্রীট, কলিকাতা।

১০। মেসার্স ইউনিভার্সাল ফার্টিলাইজার কোং প্রাঃ লিঃ, ২ চার্চ লেন, কলিকাতা-১।

১১। মেসার্স আসাম বেঙ্গল ফার্টিলাইজারস সিন্ডিকেট, ১৫এ ক্লাইভ রো, কলিকাতা।

১২। মেসার্স দেওয়ান ব্রদার্স এন্ড কোং, ১৪/২ ওল্ড চীনাবাজার স্ট্রীট, কলিকাতা।

১৩। মেসার্স দামোদর ফার্টিলাইজারস, ৩ বেনিয়াটোলা স্ট্রীট, কলিকাতা।

১৪। মেসার্স ন্যাশনাল সাপ্লাই এজেন্সী, ১৫১বি মুক্তারামবাবু স্ট্রীট, কলিকাতা।

১৫। মেসার্স ওয়েস্ট বেঙ্গল অ্যাপেকস কো-অপারেটিভ এগ্রিঃ মার্কেটিং সোসাইটি লিমিটেড, ৩ ডালহৌসি স্কোয়ার ইস্ট, কলিকাতা।

১৬। মেসার্স কে, পি, সাহা, ধনিয়াখালি, হুগলী।

১৭। মেসার্স আরবান ফার্টিলাইজারস ডিস্ট্রিবিউটারস, ১১ ক্রুকেড লেন, কলিকাতা-১।

১৮। মেসার্স শালিমার ফার্টিলাইজারস ইন্ডাস্ট্রিজ, ৬৩ সিমলা রোড, কলিকাতা।

১৯। মেসার্স মান্না মল্লিক এন্ড কোং, ৫৮ ক্লাইভ স্ট্রীট, কলিকাতা।

২০। মেসার্স এ, তালুকদার এন্ড কোং, ফার্টিলাইজারস প্রাঃ লিঃ, ১৫ ক্লাইভ রো, কলিকাতা।

২১। মেসার্স দিবাকর দাস এণ্ড ব্রাদার্স, পোঃ সাঁইথিয়া, জেলা বীরভূম।

২২। মেসার্স ভাগীরথী ফার্টিলাইজারস এণ্ড কোং, ১২২এ মহর্ষি দেবেন্দ্র রোড, কলিকাতা।

২৩। মেসার্স ভাগরথী ফার্টিলাইজারস ডিস্ট্রিবিউটারস, ১৬৭ ওল্ড চীনাবাজার স্ট্রীট, কলিকাতা।

২৪। মেসার্স ওয়েস্টার্ন ফার্টিঃ সিন্ডিকেট, ২০০/১ আপার চিৎপুর রোড, কলিকাতা-৭।

২৫। মেসার্স সুরেন্দ্রনাথ নন্দী প্রাঃ লিঃ, ৪৫এ আদ্যশ্রাদ্ধ ঘাট রোড, কলিকাতা।

২৬। মেসার্স কৈলাসচন্দ্র পাল এন্ড সন্স প্রাঃ লিঃ, পোস্ট বক্স নং ৪৩, পুরুলিয়া।

২৭। মেসার্স আরমারি, ৪বি ম্যাডান স্ট্রীট, কলিকাতা।

২৮। পল্লীশ্রী প্রাইভেট লিঃ, ৭ ইন্ডিয়ান মিরার স্ট্রীট, কলিকাতা।

Bus Routes in Burdwan district

1026. (Admitted question No. 1826.)

শ্রীবিজয় পালঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলার আর টি এ-র অন্তর্ভুক্ত বিভিন্ন অঞ্চলে যেসব বাস লাইন আছে সেইসব বাসের মালিকদের নাম ও ঠিকানা কি?

The Minister for Home (Transport):

বর্ধমান জেলা পরিবহণ সংস্থার অধীনস্থ স্থায়ী বাস লাইনের বাসের মালিকদের নাম ও ঠিকানার একটি তালিকা লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

Tank Improvement Scheme for Pisciculture in Ghatal subdivision

1027. (Admitted question No. 1837.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে ঘাটাল মহকুমায় কোন্ কোন্ থানার কোথায় কোথায় মাছের উৎপাদন বৃদ্ধির জন্য কয়টি পুকুর সংস্কার করা হইয়াছে;

(খ) উক্ত কয় বৎসর পুকুর সংস্কারের কতগুলি আবেদন সরকার পান এবং কতগুলি মঞ্জুর করেন এবং এদের মধ্যে মৎস্যজীবীর সংখ্যা কত;

(গ) উক্ত বৎসরগুলির কোন্ বৎসর কত টাকা এই বাবদ খরচ হয়?

The Minister for Fisheries:

(ক) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে ঘাটাল মহকুমায় মোট ৩৯টি পুকুর সংস্কার করা হইয়াছে। এই পুকুরগুলির বিস্তারিত বিবরণ সহ তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

জরুরী অবস্থার জন্য পুকুর সংস্কার করার উদ্দেশ্যে ঋণদানের প্রকল্পটি ১৯৬৩-৬৪ সালে স্থগিত রাখা হয়।

(খ) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে যথাক্রমে ১৬২, ৭৭ এবং ২২টি দরখাস্ত পাওয়া যায়।

উক্ত দরখাস্তের মধ্যে ১৩টি এবং ২৬টি যথাক্রমে ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালে মঞ্জুর করা হয়। ১৯৬৩-৬৪ সালে জরুরী অবস্থার জন্য প্রকল্পটি চালু না থাকায় কোন দরখাস্ত মঞ্জুর করা হয় না।

দরখাস্তকারীগণের মধ্যে ১১৮ জন মৎস্যজীবী।

(গ) ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালে যথাক্রমে ৪,০০০ টাকা ও ৮,৪০০ টাকা এ বাবদ খরচ হয়।

জরুরী অবস্থার জন্য ১৯৬৩-৬৪ সালে প্রকল্পটি চালু না থাকায় ঐ বৎসর কোন টাকা এ বাবদ খরচ হয় নাই।

Bhagirathi River Jalkar

1028. (Admitted question No. 1904.)

শ্রীদেবশরণ ঘোষ: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, ভাগীরথী নদী জলকর হিসাবে বন্দোবস্ত দেওয়া থাকে;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, কোন্ জেলায় (সীমা নির্দেশ করিয়া) কাকে বা কোন্ সমিতিকে বর্তমানে বছরে কত টাকায় বন্দোবস্ত দেওয়া হইয়াছে; এবং

(গ) বন্দোবস্তের সময় কত বছরের জন্য?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) একটি তালিকা লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত হইল।

M. R. Dealers in Kandi subdivision, Murshidabad

1029. (Admitted question No. 2053.)

শ্রীশম্ভুগোপাল দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের কান্দি মহকুমায় মোট কতজন এম আর ডিলার আছেন; এবং

(খ) তাহাদের নাম কি?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এতৎসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Cold Storages in West Bengal

1030. (Admitted question No. 2353.)

শ্রীঅশ্বিনী রায়ঃ কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ১৯৬৫ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত কতগুলি হিমঘর নির্মিত হইয়াছে এবং এগুলির ঠিকানা কি; এবং

(খ) প্রতি হিমঘরের আয়তন কত?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬৪ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ১০৪টি হিমঘর নির্মিত হইয়াছে। উহাদের ঠিকানা সম্বলিত একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) প্রতি হিমঘরের আয়তন (ক্যাপাসিটি) উক্ত তালিকায় সন্নিবেশিত হইল।

Financial assistance to the Secondary Schools of Moyna and Pingla police-stations

1031. (Admitted question No. 280.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার ময়না ও পিংলা থানাতে কোন্ কোন্ মাধ্যমিক বিদ্যালয়কে গৃহনির্মাণ বা অন্যান্য সাহায্য বাবদ কত টাকা সাহায্য করা হইয়াছিল; এবং

(খ) ঐ সকল বিদ্যালয়ে কোন্ কোন্‌টি পূর্ববর্তী সময়ে কি কি বাবদ কত টাকা সাহায্য পাইয়াছিল?

The Minister for Education:

১৯৬১-৬২		আসবাবপত্র বাবদ টাকা
১। দোনাচক দেশপ্রাণ জুনিয়র হাই স্কুল	...	৫০০
২। পরমানন্দপুর হাই স্কুল	...	৭৫০
৩। পূর্ণানন্দ বিদ্যাপীঠ	...	৭৫০
৪। দক্ষিণ ময়না জুনিয়র হাই স্কুল	...	২০০
৫। ময়না গার্লস স্কুল	...	৭৫০
৬। মুদিবার জুনিয়র হাই স্কুল	...	৩০০
১৯৬২-৬৩		
১। যজ্ঞেশ্বর কন্যা বিদ্যাপীঠ	...	১,০০০
২। পূর্ব নৈছনপুর জুনিয়ার হাই স্কুল	...	১,০০০
৩। দেউলি হাই স্কুল		

১৯৬৩-৬৪

১। ময়না জুনিয়র হাই স্কুল	...	১,০০০
২। তিলখোজা জুনিয়র হাই স্কুল	...	৫০০
৩। গোকুলনগর জুনিয়র হাই স্কুল	...	৫০০
৪। দক্ষিণ আনুয়া জুনিয়র হাই স্কুল	...	২০০

(খ) ১৯৫৯-৬০

১। দক্ষিণ ময়না জুনিয়র হাই স্কুল	...	৫০০
২। মুদিবার জুনিয়র হাই স্কুল	...	৫০০
৩। দেউলি হাই স্কুল	...	৫০০
৪। তিলখোজা জুনিয়র হাই স্কুল	...	৬০০

১৯৬০-৬১

১। পরমানন্দপুর হাই স্কুল	...	৮০০
২। গোকুলনগর জুনিয়র হাই স্কুল	...	৪০০

Managing Committee of Saktipur K. M. C. Institution, Beldanga police-station, Murshidabad

1032. (Admitted question No. 516.)

শ্রীদেবশরণ ঘোষঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার অন্তর্গত শক্তিপুর কে, এম, সি, ইনস্টিটিউশনের বর্তমানে কি কোন কমিটি আছে ;

(খ) কমিটি থাকিলে, উক্ত কমিটির সদস্যগণ কোন্ সালে নির্বাচিত হইয়াছেন ;

(গ) উক্ত সদস্যদের কতজন নির্বাচিত সদস্য ও মনোনীত সদস্য (নমিনেটেড) ;

(ঘ) উক্ত সদস্যদের নাম ও ঠিকানা কি ; এবং

(ঙ) কোন্ সালে শেষ নির্বাচন হইয়াছে ?

The Minister for Education:

(ক) হ্যাঁ, আছে।

(খ) ১৯৫৮ সালে।

(গ) ৭ জন নির্বাচিত, ৪ জন মনোনীত ও প্রধান শিক্ষক (পদাধিকারবলে)।

(ঘ) (১) ব্লক ডেভেলপমেন্ট অফিসার—সভাপতি, পোঃ শক্তিপুর।

(২) শ্রীমদনকুমার রায়—সহ-সভাপতি, গ্রাম লাহাদহ, পোঃ আমলাই।

(৩) ডাঃ [illegible]চন্দ্র দে—সম্পাদক, পোঃ শক্তিপুর।

(৪) শ্রীরামপ্রসাদ ভট্ট—সভ্য, পোঃ শক্তিপুর।

(৫) শ্রীবামনদাস মণ্ডল—সভ্য, পোঃ শান্তিপুর।

(৬) শ্রীসতীন্দ্রমোহন সরকার—সভ্য, পোঃ শক্তিপুর।

(৭) শ্রীত্রিপুরারীমোহন সিংহ—সভ্য, পোঃ শক্তিপুর।

(৮) শ্রীক্ষীরোদমোহন দাস—সভ্য, পোঃ শক্তিপুর।

(৯) শ্রীসত্যবাদ ঘোষ—সভ্য, পোঃ হান্তিপুর।

(১০) প্রধান শিক্ষক, শক্তিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় (পদাধিকারবলে)।

(১১) শ্রীকুলদানাথ চক্রবর্তী—শিক্ষক প্রতিনিধি, পোঃ শক্তিপুর।

(১২) শ্রী[illegible] গুহ—শিক্ষক প্রতিনিধি, পোঃ শক্তিপুর।

(ঙ) ১৯৫৮ সালে। পুনরায় ১৯৬২ সালে নির্বাচন অনুষ্ঠিত হইয়াছিল কিন্তু উহা মধ্যশিক্ষা পর্ষদ্ বাতিল করিয়াছেন। উক্ত বিদ্যালয়ের কমিটি ঐ আদেশ পুনর্বিবেচনার জন্য মধ্যশিক্ষা পর্ষদের নিকট আবেদন করিয়াছেন। উহার চূড়ান্ত ফলাফল এখনও জানা যায় নাই।

Government vested lands at Bonagram

1033. (Admitted question No. 1195.)

শ্রীগিরিজাভূষণ মুখার্জি: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারি দখলে আইন পাস হইবার পর এ পর্যন্ত বনগ্রামে আবাদযোগ্য কত জমি সরকারে বর্তাইয়াছে ;

(খ) ইহার মধ্যে কত জমি এ পর্যন্ত বিলি হইয়াছে ; এবং

(গ) কোন্ অঞ্চলে এবং কাহাদের মধ্যে বিলি করা হইয়াছে ?

The Minister for Land and Land Revenue:

(ক) ৫৫৩·০৯ একর।

(খ) ৩১৩·৫৮ একর।

(গ) অঞ্চলগুলির নাম তালিকায় প্রদত্ত হইল। ৩১·০০ একর সামরিক কর্মচারীদের মধ্যে এবং বাকী জমি বাৎসরিক মেয়াদে কৃষকদের মধ্যে বিলি করা হইয়াছে।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 1033

Name of Anchals

P. S. Gaighata:

1. Chandpara.
2. Dhainapur.
3. Jaleswar.

4. Ichapur.
5. Fulsara.
6. Sutia.
7. Ramnagore.
8. Simulpur.
9. Jhowdanga.
10. Dooma.

P. S. Bongaon:

11. Bairampur. ......
12. Chonbaria.
13. Kalupur. ... ...
14. Palla. ......

P. S. Bagdah: (Bagdah L. R. Circle)

1. Sindrani.
2. Ranaghat.
3. Malipota.
4. Bagdah.
5. Boyra.

P. S. Bongaon:

6. Asharu.
7. Ganrapota.
8. Tangra.
9. Sundarpur.
10. Dharampukuria.
11. Ganganandapur.
12. Gopalnagore.
13. Bairampur.
14. Akaipur.
15. Kaniara.

Exemption of rents for homestead lands in Sankrail police-station, Howrah

1034. (Admitted question No. 1674.) **Shri Dulal Chandra Mondal:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Depratment be pleased to state how many owners of homestead and domestic lands have come under exemption of rents in Sankrail police-station area, district Howrah?

The Minister for Land and Land Revenue: 3,683 owners of homestead lands in police-station Sankrail, district Howrah, have applied for exemption of rent and their cases are being examined.

Setting up of new Primary Schools

1035. (Admitted question No. 1820.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়া: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ প্রদেশের যেসব জেলার সকল স্থানে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে তাহাদের মধ্যে কোন্ কোন্ জেলায় জেলা স্কুল বোর্ড বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার রূপদানের জন্য কয়টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করিবার প্রস্তাব পাঠাইয়াছেন ; এবং

(খ) উক্ত প্রস্তাব অনুযায়ী বর্তমান আর্থিক বৎসরে কোন্ জেলায় কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করিবার আদেশ সরকার হইতে প্রদত্ত হইয়াছে ?

The Minister for Education:

(ক) ও (খ) পুরুলিয়া জেলা ব্যতীত পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার সমগ্র গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে প্রবর্তনের জন্য প্রজ্ঞাপন বাহির হইয়াছে।

বিভিন্ন জেলা স্কুল বোর্ড হইতে ১,৭০০ নূতন বিদ্যালয় স্থাপনের প্রস্তাব পাওয়া গিয়াছে। (সংযোজিত বিবরণী দ্রষ্টব্য।)

এইসকল প্রস্তাবের মধ্যে যে গ্রামে ৬-১১ বৎসর বয়স্ক শিশুর সংখ্যা ১৫-এর অধিক এবং যাহার এক মাইলের মধ্যে অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় নাই এরূপ গ্রামে বিদ্যালয় স্থাপনের বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

Statement referred to in reply to unstarred question No. 1035

ক্রমিক সংখ্যা	জেলা স্কুল বোর্ডের নাম	জেলা স্কুল বোর্ড কর্তৃক প্রস্তাবিত বিদ্যালয়ের সংখ্যা
১।	বাঁকুড়া	১০৬
২।	বীরভূম	৭০
৩।	বর্ধমান	১২৭
৪।	কোচবিহার	১০৪
৫।	দার্জিলিং	১৭
৬।	হুগলী	১৯২
৭।	হাওড়া	১৫৯
৮।	জলপাইগুড়ি	৩৯
৯।	মালদা	৫৯
১০।	মেদিনীপুর	৪৩৫
১১।	মুর্শিদাবাদ	৮২
১২।	নদীয়া	৪৩
১৩।	চব্বিশপরগনা	২২২
১৪।	পঃ দিনাজপুর	৪৫
		১,৭০০

Jeeps for Kandi Block Offices

1036. (Admitted question No. 2127.)

শ্রীশম্ভুগোপাল দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমার কতগুলি ব্লক অফিসে জীপ গাড়ী আশে ;

(খ) ব্লকের কোন্ কোন্ অফিসার উক্ত জীপ ব্যবহার করিতে পারেন ;

(গ) জীপ গাড়ী ব্যবহারের দৈনিক রিপোর্ট রাখা হয় কি না ; এবং

(ঘ) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে উক্ত জীপ গাড়ীসমূহের রিপেয়ারিং, পেট্রোল খরচ এবং চালকের মাহিনা বাবদ কত টাকা ব্যয় হইয়াছে এবং এ সমস্ত গাড়ীর ক্রয়মূল্য কত?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) কান্দী মহকুমার ৫টি ব্লক অফিসে জীপ গাড়ী আছে।

(খ) উন্নয়ন আধিকারিক নিজে এবং তাঁহার অনুমতিক্রমে অন্যান্য সম্প্রসারণ আধিকারিকগণও জীপ গাড়ী ব্যবহার করিতে পারেন।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৯৬২-৬৩,১৯৬৩-৬৪ সালে উক্ত জীপ গাড়িসমূহের মেরামত বাবদ ১০,৪৯৬ টাকা, পেট্রোল বাবদ ১৮,২৬৩ টাকা এবং চালকের মাহিনা বাবদ ১২,৩৩৮ টাকা খরচ হইয়াছে। এ সমস্ত জীপ গাড়ীর ক্রয় মূল্য মোট প্রায় ৭৫,০০০ টাকা।

Subdivisional Libraries in Midnapore district

1037. (Admitted question No. 2206.)

শ্রীঅনঙ্গমোহন দাস: গত ৮ই মার্চ ১৯৬৫ তারিখে প্রদত্ত অ-তারকিত ৪৮১ (অ্যাডমিটেড প্রশ্ন নং ৪২১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমা লাইব্রেরী মহকুমা শহরে না হইয়া ক্ষীরপাই গ্রামে স্থাপিত হইবার কারণ কি ; এবং

(খ) কাঁথি ও তমলুকে মহকুমা লাইব্রেরী হওয়ার কোন ব্যবস্থা হইতেছে কি না এবং হইলে তাহা কবে এবং কোথায় স্থাপিত হইবে?

The Minister for Education:

(ক) অনুমোদিত প্রকল্প অনুযায়ী কোন মহকুমা লাইব্রেরী কেবলমাত্র মহকুমা শহরের প্রয়োজনের জন্যই নহে, পরন্তু সারা মহকুমার জন্যই স্থাপিত হয়। উপযুক্ত স্থান, পরিবেশ, সক্রিয় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং যোগ্য সংগঠক ও কর্মী পাওয়া গেলে উহা মহকুমার যে কোন স্থানেই স্থাপিত হইতে পারে। এই বিবেচনায় ক্ষীরপাই গ্রামের গভর্নমেন্ট স্পনসর্ড পল্লী পাঠাগারটিকে মহকুমা লাইব্রেরীতে উন্নীত করা হইয়াছে।

(খ) তমলুকে একটি অতিরিক্ত জেলা গ্রন্থাগার স্থাপিত হইয়াছে, এবং মহিষাদলে একটি টাউন লাইব্রেরী স্থাপিত হইয়াছে। সুতরাং বর্তমানে তমলুকে আর একটি মহকুমা লাইব্রেরী স্থাপনের কোন প্রয়োজন আছে বলিয়া মনে হয় না। কাঁথিতে কোন মহকুমা লাইব্রেরী স্থাপনের প্রস্তাব বর্তমানে নাই। সরকারের আর্থিক সংস্থান সাপেক্ষে পরে ঐরূপ প্রস্তাব বিবেচনা করা যাইবে।

Embankments and tanks in Midnapore district

1038. (Admitted question No. 2309.)

শ্রীজনার্দনমোহন দাস: সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সরকারী সাহায্যে গত ৩ বৎসরে কয়টি বাঁধ প্রস্তুত হইয়াছে ;

(খ) ঐগুলির কোন্ কোন্‌টির দ্বারা কত জমি সেচের জল পায় ; এবং

(গ) গত ৩ বৎসরে মেদিনীপুর জেলায় সেচের জলের জন্য কয়টি পুষ্করিণী সংস্কার সরকারী সাহায্যে হইয়াছে এবং উহাদের প্রত্যেকের দ্বারা কত জমিতে সেচের জন্য জল পাওয়া যাইতেছে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) সেচ ও জলপথ বিভাগ কর্তৃক মেদিনীপুর জেলায় সরকারী সাহায্যে গত ৩ বৎসরে কোন সেচ বাঁধ প্রস্তুত হয় নাই। বস্তুতঃ, এই বিভাগ হইতে অপরকে সাহায্য দিয়া বাঁধ তৈয়ারী করানো হয় না।

(খ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

(গ) সেচ ও জলপথ বিভাগ কর্তৃক পুষ্করিণী সংস্কার করা হয় না অথবা অপরকে সাহায্য দিয়াও করানো হয় না। কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগ কর্তৃক পুষ্করিণী সংস্কারকার্য সম্পন্ন হয়। ঐ বিভাগ কর্তৃক মেদিনীপুর জেলায় ১৯৬১-৬২ সালে জলসেচের জন্য ২টি পুষ্করিণী সংস্কার করা হইয়াছে এবং তাহার দ্বারা ১২২ একর জমিতে জলসেচ হইতেছে। ১৯৬২-৬৩ সালে কোন পুষ্করিণী সংস্কার করা হয় না। ১৯৬৩-৬৪ সালে ৩টি পুষ্করিণী সংস্কার হইয়াছে এবং তাহার দ্বারা ৬৬৩ একর জমিতে জলসেচ হইতেছে।

Welfare Homes in Midnapore district

1039. (Admitted question No. 2313.)

শ্রীজনার্দনমোহন দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ স্থানে সরকারী সাহায্যে বা সরকারী পরিচালনায় কয়টি অনাথ আশ্রম আছে ;

(খ) ঐগুলির প্রত্যেকটিতে কতজন করিয়া অনাথ বালক বা বালিকা রাখিবার ব্যবস্থা আছে ;

(গ) উহাদের শিক্ষার কিরূপ ব্যবস্থা আছে ;

(ঘ) কিভাবে ঐ সকল আশ্রমে অনাথ শিশুরা ভর্তি হইতে পারে ; এবং

(ঙ) উহাদের প্রত্যেকটির জন্য পরিচালক সমিতি আছে কি না ?

The Minister for Education.

(ক) মেদিনীপুর জেলায় মোট ৬টি অনাথ আশ্রম আছে।

সরকার পরিচালিত

১। কাঁথি রাষ্ট্রীয় কল্যাণ ভবন (বালিকাদের জন্য সরকারী সাহায্যপ্রাপ্ত)।

(বালকদের জন্য)

১। শিশুরক্ষা সমিতি, তমলুক।

২। শ্রীরামপুর শিশু নিকেতন, পোঃ শ্রীরামপুর (ভায়া ময়না)।

৩। ক্ষীরপাই বালক ভবন, পোঃ ক্ষীরপাই।

৪। শিশুরক্ষা সমিতি, খাগদা, পোঃ খাগদা।

৫। শিশুরক্ষা সমিতি, মহিষাদল, পোঃ মহিষাদল।

(খ) উক্ত কল্যাণ ভবনগুলিতে যে সংখ্যক আবাসিক বালক-বালিকা রাখিবার ব্যবস্থা আছে তাহা নিম্নে দেখান হইল—

১। কাঁথি রাষ্ট্রীয় কল্যাণ ভবন—১৫০ (বালিকা)

২। শিশুরক্ষা সমিতি, তমলুক—২৫ (বালক)

৩। শ্রীরামপুর শিশু নিকেতন—৩৫ (বালক)

৪। ক্ষীরপাই বালক ভবন—৩০ (বালক)

৫। শিশুরক্ষা সমিতি, খাগদা—৮০ (বালক)

৬। শিশুরক্ষা সমিতি, মহিষাদল—৬৬ (বালক)

(গ) উক্ত কল্যাণ ভবনগুলির মধ্যে শিশুরক্ষা সমিতি, তমলুক, শ্রীরামপুর শিশুনিকেতন এবং শিশুরক্ষা সমিতি, খাগদা, ব্যতীত অপর তিনটি প্রতিষ্ঠানের মধ্যেই জুনিয়র হাই স্কুল অথবা জুনিয়ার বেসিক স্কুল আছে। আবাসিক বালক-বালিকারা এই বিদ্যালয়ে পড়াশুনা করিয়া থাকে এবং পরে বহিঃস্থ স্কুলে অথবা কলেজে পড়াশুনা করে। যে তিনটি প্রতিষ্ঠানের ভিতর কোন স্কুল নাই, সেখানকার বালকেরা নিকটবর্তী স্কুলে পড়ে। বালক-বালিকাগণের পড়ার খরচ বাবদ সরকার হইতে অনুদান মঞ্জুর করা হয়।

শিশুরক্ষা সমিতি, তমলুক এবং শ্রীরামপুর শিশুনিকেতন ছাড়া অন্য চারিটি প্রতিষ্ঠানে বিভিন্ন প্রকারের কারিগরী শিক্ষণের ব্যবস্থাও রহিয়াছে।

(ঘ) আবেদনকারীদের দরখাস্তসমূহ সরকার কর্তৃক অনুমোদিত তদন্তকারী অফিসারদের নিকট প্রেরিত হয়। অনুসন্ধান মন্তব্যপত্র হইতে যদি দেখা যায় যে বালক-বালিকাগণ সরকারী নিয়মানুযায়ী কল্যাণ ভবনে ভর্তির যোগ্য এবং যদি কল্যাণ ভবনে আসন খালি থাকে তবে শিক্ষা অধিকারের সমাজকল্যাণ শাখা হইতে ভর্তির আদেশ দেওয়া হয়।

(ঙ) হ্যাঁ, আছে।

Murder Cases in Midnapore district during 1963-64

1040. (Admitted question No. 2368.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার কোন্ মহকুমায় কতজন পুরুষ, নারী ও শিশু খুন হইয়াছিল ;

(খ) উক্ত বৎসরগুলিতে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং কতজনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হইয়াছে ; এবং

(গ) কতগুলি ক্ষেত্রে এখনও কোন অপরাধী খুঁজিয়া পাওয়া যায় নাই

The Minister for Home (Police):

(ক) সদর (উত্তর) মহকুমায় ৫ জন পুরুষ ১ জন নারী, সদর (দক্ষিণ) মহকুমায় ৬ জন পুরুষ এবং ৩ জন নারী, কাঁথি মহকুমায় ৩ জন পুরুষ এবং ২ জন নারী, ঝাড়গ্রাম মহকুমায় ১২ জন পরুষ এবং ৪ জন নারী, তমলুক মহকুমায় ১ জন পুরুষ এবং ২ জন নারী ও ঘাটাল মহকুমায় কেবলমাত্র ১ জন পুরুষ খুন হইয়াছে। কোন মহকুমায় কোন শিশু খুন হয় নাই।

(খ) গ্রেপ্তার করা হইয়াছে ১৯১ জনকে এবং ১০৮ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে।

(গ) সকল ক্ষেত্রেই অপরাধীকে পুলিশ গ্রেপ্তার করিয়াছে।

Site Selection for Bamangola Development Block Office in Malda district

1041. (Admitted question No. 2401.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার বামনগোলা উন্নয়ন ব্লক অফিস নির্মাণের জন্য কোন জায়গা নির্ধারণ করা হইয়াছে কি ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তাহা হইলে বামনগোলার কোন্ জায়গা নির্ধারণ করা হইয়াছে ; এবং

(গ) কতদিনের মধ্যে নির্মাণ কাজ আরম্ভ হইবে বলে আশা করা যায় ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) না।

(খ) ও (গ) এ প্রশ্ন এখন উঠে না।

Contai Subdivisional Hospital

1042. (Admitted question No. 2409.)

শ্রীসুধীরচন্দ্র দাস : স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমা হাসপাতালের নূতন গৃহনির্মাণের কার্য কবে শেষ হইবে ; এবং

(খ) ঐ নব নির্মিত হাসপাতালটির কার্য আরম্ভ হইবার পর কাঁথি শহরে অবস্থিত পুরাতন হাসপাতালে চিকিৎসার কোন ব্যবস্থা থাকিবে কিনা ; এবং থাকিলে কি কি চিকিৎসার ব্যবস্থা থাকিবে ?

The Minister for Health:

(ক) ও (খ) এখন সঠিক বলা সম্ভব নহে।

Mobile Libraries

1043. (Admitted question No. 2434.)

শ্রীঅনন্তমোহন দাস : শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কয়টি সরকারী পরিচালনায় ভ্রাম্যমান লাইব্রেরী কোন্ কোন্ জেলায় রহিয়াছে ;

(খ) ঐ সকল লাইব্রেরীতে কতগুলি করিয়া বই আছে ;

(গ) পাঠকগণ কিভাবে এই সকল লাইব্রেরী হইতে বই পড়িতে পারে ; এবং

(ঘ) উক্ত লাইব্রেরীর প্রত্যেকটিতে কি কি প্রকারের কয়জন করিয়া কর্মচারী রহিয়াছে ?

The Minister for Education:

(ক) সরকারী পরিচালনায় কোন জেলায় কোন ভ্রাম্যমাণ লাইব্রেরী নাই।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

Establishment of Ghatal Health Centre in Egra police-station, Midnapore

1044. (Admitted question No. 2480.)

শ্রীসুধীরচন্দ্র দাস : স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এগরা থানরা চাটলা গ্রামে স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার জন্য এক ব্যক্তি মেদিনীপুর জেলা ম্যাজিস্ট্রেটের নিকট উইলের দ্বারা বহু টাকা ও সম্পত্তি দান করিয়াছেন ইহা কি সত্য ;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, ঐ টাকা ও সম্পত্তির পরিমাণ কি ; এবং কবে দান করিয়াছেন ; এবং

(গ) চাটলা গ্রামে ঐ স্বাস্থ্যকেন্দ্রটি প্রতিষ্ঠার কি ব্যবস্থা হইয়াছে ?

The Minister for Health:

(ক), (খ) ও (গ) সম্প্রতি স্বাস্থ্যবিভাগের গোচরে আসিয়াছে যে এক ব্যক্তি ১৯০২ সালে একটি উইলের দ্বারা তাঁহার নিঃসন্তান অবস্থায় মৃত্যু হইলে তাঁহার পত্নীর মৃত্যুর পর কিছু সম্পত্তি এগরা থানার চাটলা গ্রামে একটি দাতব্য চিকিৎসালয় স্থাপনের নিমিত্ত ব্যবহারের নির্দেশ দিয়াছিলেন। বিষয়টি অনুসন্ধান করা হইতেছে.

Balisai Charitable Dispensary in Ramnagore police-station, Midnapore

1045. (Admitted question No. 2507.)

শ্রীবলাইলাল দাশ মহাপাত্র: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার প্রাক্তন জেলা বোর্ড পরিচালিত বালিসাই দাতব্য চিকিৎসালয়টিকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার জন্য সরকারের নিকট প্রস্তাব আসিয়াছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই প্রস্তাবিত স্বাস্থ্যকেন্দ্রের জন্য কোন সংগঠন কমিটি গঠিত হইয়াছে কিনা, এবং

(২) উক্ত সংগঠন কমিটি নির্দিষ্ট পরিমাণ টাকা ও জমি দেওয়ার প্রতিশ্রুতি দিয়াছেন কিনা এবং প্রতিশ্রুতি দিয়া থাকিলে তাহার পরিমাণ কত।

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) (১) কোন সংগঠন কমিটি গঠনের সংবাদ স্বাস্থ্য বিভাগে নাই।

(২) অর্থ ও ভূমিদানের কোন প্রতিশ্রুতি পাওয়া যায় নাই।

Chandanpur Subsidiary Health Centre in Ramnagore police-station, Midnapore

1046. (Admitted question No. 2508.)

শ্রীবলাইলাল দাশ মহাপাত্র: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার বাঁধিয়া অঞ্চল পঞ্চায়েতের এলাকাধীন চন্দনপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের কাজ আরম্ভ করার জন্য ডাক্তার, কম্পাউণ্ডার প্রভৃতি পাঠান হইয়াছে কিনা ; এবং

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের পর কোন্ তারিখে স্বাস্থ্যবিভাগ পূর্তবিভাগ হইতে চার্জ বুঝিয়া লইয়াছেন ?

The Minister for Health:

(ক) ডাক্তারদের স্বল্পতাহেতু এখানে কোনও ডাক্তার নিয়োগ করা সম্ভব হয় নাই। পাবলিক সার্ভিস কমিশন শূন্য পদগুলিতে নিয়োগের জন্য উপযুক্ত ডাক্তার নির্বাচনের ব্যবস্থা করিতেছেন। তাঁহাদের সুপারিশ পাইলে এই স্বাস্থ্যকেন্দ্রের জন্য ডাক্তার নিয়োগ করা হইবে। যে পর্যন্ত না ডাক্তার নিযুক্ত হইতেছেন, ততদিন অন্যান্য কর্মচারী নিয়োগের প্রশ্ন উঠে না।

(খ) ৮ই ডিসেম্বর ১৯৬৪ তারিখে।

Taking over of the management of Balisai Charitable Dispensary in Ramnagar police-station, Midnapore

1047. (Admitted question No. 2509.)

শ্রীবলাইলাল দাশ মহাপাত্র: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার এলাকাধীন জেলা বোর্ড পরিচালিত বালিসাই দাতব্য চিকিৎসালয়টির পরিচালনভার সরকার কোন্ সময় হইতে নিজ-হস্তে গ্রহণ করিয়াছেন ;

(খ) পরিচালন দায়িত্ব গ্রহণ করার পর কোন্ কোন্ কাজে কত টাকা ব্যয় করিয়াছেন ; এবং

(গ) যদি এখনও পরিচালন দায়িত্ব গ্রহণ না করিয়া থাকেন তাহার কারণ কি ?

The Minister for Health:

(ক) সরকার এখনও এই চিকিৎসালয়টির পরিচালনভার গ্রহণ করেন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) এই চিকিৎসালয়টির পরিচালনভার গ্রহণ করিয়া এখানে রামনগর থানার প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্র স্থাপন করা সম্ভব কি না সেই বিষয় সরকার বিবেচনা করিতেছেন।

Advisory Committee of the Government Basic Training College, Burdwan

1048. (Admitted question No. 2543.)

শ্রীজহরলাল ব্যানার্জি: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান সরকারী বি টি কলেজের কোন উপদেষ্টা সমিতি আছে কিনা ; এবং

(খ) উপদেষ্টা সমিতি থাকিলে সভ্যদের নাম কি ?

The Minister for Education:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Remission of Canal Tax

1049. (Admitted question No. 2570.)

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৫৮-৫৯ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় জমির খাজনা যেসব ক্ষেত্রে মকুব করা হইয়াছে সেই সকল ক্ষেত্রে উক্ত বছরের জন্য ক্যানাল কর মকুব করার কথা সরকার চিন্তা করিতেছেন কি ?

The Minister for Irrigation and Waterways:

১৯৫৮-৫৯ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত বলিয়া কোন এলাকাতে জমির খাজনা মকুব করা হয় নাই। কাজেই উক্ত বৎসরের ক্যানাল কর মকুব করার প্রশ্ন উঠে না।

Irrigation Schemes in Gopiballavpore and Nayagram police-station, Midnapore

1050. (Admitted question No. 2581.)

শ্রীদেবনাথ হাঁসদা: সেচবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় ১ম ও ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন্ কোন্ সেচ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল ও তাহার কার্য সম্পন্ন করা হইয়াছে কিনা ;

(খ) ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন সেচ পরিকল্পনা গ্রহণ করিবার প্রস্তাব আছে কিনা; এবং

(গ) যদি পরিকল্পনা থাকে তাহা হইলে পরিকল্পনাগুলির নাম কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) সেচ ও জলপথ বিভাগ কর্তৃক প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় কোন সেচ পরিকল্পনা গ্রহণ করা হয় নাই। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষাশেষি কেবলমাত্র নয়াগ্রাম থানায় রুগীয়াম খাল বাঁধ পরিকল্পনাটির কার্য আরম্ভ করা হইয়াছিল এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উহার কার্য সম্পন্ন করা যাইবে বলিয়া আশা করা যায়।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Budget of Asansol Municipality

1051. (Admitted question No. 2145.)

শ্রীবিজয় পাল: স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে আসানসোল পৌরসভার বাজেট কত ছিল;

(ক) কি কি বাবদে কত টাকা ধার্য করা হইয়াছিল? এবং কিভাবে তাহা খরচ করা হইয়াছে?

(২) উক্ত বৎসরগুলিতে কি পরিমাণ ট্যাক্স আদায় হইয়াছে:

(ক) ট্রেড লাইসেন্স বাবতে উক্ত বৎসরগুলিতে কি পরিমাণ ট্যাক্স পাওয়া গিয়াছে:

(খ) রেল কর্তৃপক্ষের নিকট হইতে উক্ত বৎসরগুলিতে কি পরিমাণ ট্যাক্স আদায় হইয়াছে;

(গ) সাধারণ করদাতাদের নিকট হইতে উক্ত বৎসরগুলিতে কত টাকা আমদানী হইয়াছে;

(ঘ) উক্ত বৎসরগুলিতে অনাদায়ী ট্যাক্সের পরিমাণ কত;

(৩) (ক) ৫০০ টাকার উপর যাহাদের নিকট ট্যাক্স বাকী আছে তাহাদের সংখ্যা ও নাম;

(খ) উক্ত বৎসরগুলিতে যাহাদের অনাদায়ী ট্যাক্স মকুব করা হইয়াছে তাহাদের নাম ও সংখ্যা কত; এবং

(৪) উক্ত বৎসরগুলিতে পশ্চিমবঙ্গ-সরকারের নিকট হইতে কত টাকা ঋণ ও সাহায্য পাওয়া গিয়াছে?

The Minister for Local Self-Government:

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে সংস্থাপিত হইল।

'Build Your Own House' Scheme in Tamluk police-station, Midnapore

1052. (Admitted question No. 302.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের (সমষ্টি-উন্নয়ন) মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক থানার দুইটি ব্লকে এ যাবত কোন্ কোন্ ব্যক্তিকে 'বিল্ড ইওর ওন হাউস' স্কীমে গৃহনির্মাণ বাবত কত টাকা সাহায্য করা হইয়াছে;

(খ) ঐগুলির মধ্যে কোন্ কোন্ ক্ষেত্রে গৃহনির্মাণ সম্পন্ন হইয়াছে;

(গ) যাহাদিগকে এ প্রকার সাহায্য করা হইয়াছে তাহারা নিজ নিজ জমিতে গৃহনির্মাণ করিয়াছে কিনা; এবং

(ঘ) ঐসকল ক্ষেত্রে অর্থমঞ্জুরীর ও প্রদানের সময় কার্য সম্পন্নের সার্টিফিকেট দিয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক), (খ), (গ) ও (ঘ) বিস্তৃত তথ্য সম্বলিত একটি বিবরণী বিধানসভায় লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইয়াছে।

Government vested lands of Binpur police-station, Midnapore

1053. (Admitted question No. 481.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানায় সরকারে ন্যস্ত জমির মধ্যে ১,৩০৫·৬৬ একর জমি যাহাদিগকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে ইউনিয়নওয়ারী উহাদের নাম কি কি; এবং

(খ) যাহাদিগকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে তাহারা সকলেই ভূমিহীন কৃষক কিনা?

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা লাইব্রেরীর টেবিলে ন্যস্ত হইল।

(খ) ভূমিহীন ও যাহাদের অনধিক ৫ একর জমি তাহাদিগকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

Supply of Seeds from Bharatpur Block Office, Murshidabad

1054. (Admitted question No. 1587.)

শ্রীশম্ভুগোপাল দাস: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভরতপুর ১নং ও ভরতপুর ২নং ব্লক অফিস দুইটি হইতে গত বৎসরে কৃষকদিগকে মোট কত ধান, গম, ছোলার বীজ সরবরাহ করা হইয়াছে;

(খ) ভরতপুর ১নং ব্লকের অধিবাসীদের জন্য উক্ত বীজ কত পরিমাণ দেওয়া হইয়াছে;

(গ) ভরতপুর ২নং ব্লকের অধিবাসীদের জন্য ঐ বীজ কত দেওয়া হইয়াছে; এবং

(ঘ) এই দুই ব্লকে কোন্ কোন্ কৃষককে বীজ সরবরাহ করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

		কুইন্ট্যাল
(ক)	ধানের বীজ	১৬০·১৮
	গমের বীজ	৫·৪০
	ছোলার বীজ	২·৮৫
(খ)	ধানের বীজ	১০৭·৭৬
	গমের বীজ	২·০০
	ছোলার বীজ	০·৮৫
(গ)	ধানের বীজ	৫২·৪২
	গমের বীজ	৩·৪০
	ছোলার বীজ	২·০০

(ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Families of displaced persons from East Pakistan rehabilitated on lands of different States

1055. (Admitted question No. 1819.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়াঃ উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ব পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুগণ পশ্চিম বাংলা ছাড়া কোন্ কোন্ প্রদেশে কোন্ জেলার কোন্ স্থানে কত সংখ্যায় রহিয়াছেন ;

(খ) তাঁহাদের মধ্যে যাঁহারা কৃষক তাঁহাদের চাষ-আবাদ করিবার কোন সুযোগ-সুবিধা দেওয়া হইয়াছে কিনা;

(গ) সুযোগ দেওয়া থাকিলে তাহা কিরূপ; এবং

(ঘ) এইসব উদ্বাস্তুগণের ছেলেদের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা এবং বাংলা ভাষায় তাঁহাদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে কিনা ?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) রাজ্যসরকারের রিটার্ন অনুসারে বলা যায় যে ১৯৬৪ সালের পূর্বে আগত উদ্বাস্তুগণের প্রায় ১১,০০০ জনকে আন্দামানে, ১৮,০০০ জনকে উত্তরপ্রদেশে, ৮,০০০ জনকে মধ্যপ্রদেশে, ৩০,০০০ জনেরও কিছু বেশী সংখ্যক দণ্ডকারণ্যে, ৬,৩৮০ জনকে বিহারে এবং ৬,২৩৫ জনকে উড়িষ্যায় পুনর্বাসন দেওয়া হইয়াছে। নবাগত (অর্থাৎ ১৯৬৪ সালের জানুয়ারী মাস হইতে আগত) উদ্বাস্তুগণের মধ্যে পশ্চিম বাংলার বাহিরে পুনর্বাসন গ্রহণেচ্ছু ২০৪,৩৮২ জনকে ভারত সরকারের নির্দেশানুসারে নানা শিবিরে প্রেরণ করা হইয়াছে। তথা হইতে তাঁহাদিগকে পুনর্বাসনের যথাবিহিত ব্যবস্থা কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত হইবে।

এতদ্‌সংক্রান্ত দুইটি বিবরণ লাইব্রেরী টেবিলে রাখা আছে।

(খ) ও (গ) হ্যাঁ। পশ্চিম বাংলার বাহিরে যেসকল উদ্বাস্তুকে পুনর্বাসনের জন্য (১৯৬৪ সালের পূর্বে) পাঠানো হইয়াছে তাঁহারা প্রায় সকলেই কৃষিজীবী। চাষ-আবাদের সুবিধার জন্যই তাঁহারা অন্য রজ্যে গিয়াছেন। যতদূর জানা গিয়াছে সেই অনুসারে বলা যায় যে বেশীর ভাগ জায়গাতেই ৭ একর জমি দেওয়া হয়। ঋণের পরিমাণও এদেশ হইতে বেশী।

(ঘ) এ সম্বন্ধে সঠিক সংবাদ এই যে উড়িষ্যা ও মধ্যপ্রদেশে বাংলা ভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দেওয়া হয়। অন্যান্য প্রদেশের খবর সংগ্রহের চেষ্টা চলিতেছে কিন্তু [illegible] সঠিক খবর এখনও পাওয়া যায় নাই।

Ideal Agricultural Farm in Midnapore district

1056. (Admitted question No. 1823.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়া: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কয়টি আদর্শ কৃষিক্ষেত্র (এগ্রিকালচারাল ফার্ম) আছে ;

(খ) তাহা কোন্ কোন্ থানায় অবস্থিত ;

(গ) এই কৃষিক্ষেত্র সংস্থাপনে কোথায় সরকারের এককালীন কত টাকা ব্যয় হইয়াছে ;

(ঘ) গত তিন বৎসরে এইসব কৃষিক্ষেত্রের কোন্‌টির কত আয় এবং কোন্‌টির কত ব্যয় হইয়াছে ; এবং

(ঙ) উক্ত সরকারী কৃষিক্ষেত্রে গত তিন বৎসরে কোথায় একরে গড়ে কত ধান্য ফলন হইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হইতে (ঙ) একটি বিবরণী (স্টেটমেন্ট) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Oil Mills in Midnapore district

1057. (Admitted question No. 2017.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোথায় কোথায় তেলকল আছে ;

(খ) ঐগুলির কোন্ কোন্‌টির গত ১৯৬৪ সালে প্রতি মাসে কি পরিমাণ তৈল উৎপাদন করিয়াছিল; এবং

(গ) উহারা সরিষা কোথা হইতে সংগ্রহ করে ?

The Minister for Food and Supplies:

(ক) এবং (খ) এতৎসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ঐ তেলকলগুলি প্রধানতঃ মধ্যপ্রদেশ, পাঞ্জাব, রাজস্থান, উত্তরপ্রদেশ ও কলিকাতা হইতে সরিষা পাইয়া থাকে।

Ration Card holders in Sadar Subdivision, Howrah

1058. (Admitted question No. 2134.)

শ্রীতারাপদ দে: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় সদর মহকুমার প্রতি অঞ্চলে রেশন কার্ড হোল্ডারদের সংখ্যা কত ;

(খ) ঐ মহকুমার বিভিন্ন অঞ্চলে বিভিন্ন রিটেল দোকানে কত করিয়া রেশন কার্ড সংযুক্ত করা হইয়াছে ; এবং

(গ) উক্ত মহকুমায় প্রতি অঞ্চলের উক্ত প্রতি রিটেল দোকান মারফত কত পরিমাণ চিনি, গম এবং চাল গত বৎসর সরকার সরবরাহ করিয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক), (খ) ও (গ) এতৎসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

Distribution of Relief in Moyna police-station

1059. (Admitted question No. 2485.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়না থানার ১, ২ এবং ৯ নং অঞ্চলের কোন্ কোন্ ব্যক্তিকে (ঠিকানা উল্লেখে) কাপড় ও কম্বল গত ১৯৬৪ সালে বিলি করা হইয়াছে ; এবং

(খ) উক্ত ৩টি অঞ্চলে প্রত্যেকটিতে কোন্ কোন্ তারিখে উক্ত সনে টাকা ও গম কি পরিমাণে দেওয়া হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) ও (খ) দুইটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল (বিবরণী 'ক' ও 'খ')।

Dealers for distribution of Fertiliser in Moyna police-station, Midnapore

1060. (Admitted question No. 1475.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানাতে সার বণ্টনের জন্য কতজন ও কে কে সরকার কর্তৃক ডিলার নিযুক্ত হইয়াছেন ;

(খ) উক্ত ডিলারগণ গত ১৯৬৪ সালে কি কি সার কত পরিমাণ কতজন কৃষককে বিলি করিয়াছে ; এবং

(গ) ঐ সকল সার কি হারে দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) মেদিনীপুর জেলায় সার বণ্টনের জন্য ১৬টি সংস্থাকে সরকার নিযুক্ত করিয়াছেন। উহাদের মধ্যে তিনটি সংস্থা তাহাদের নিযুক্ত ১১টি ডিলারের মাধ্যমে ময়না থানায় ১৯৬৪ সালে নিম্নলিখিত পরিমাণ সার ৬,৭৯১ জন চাষীর নিকট বন্টন করিয়াছেন:—

		কে জি
১। অ্যামোনিয়ম সালফেট	...	৮,২৮৯
২। সুপার ফসফেট	...	৭৭৬

		কে জি
৩। ইউরিয়া	...	২,৫০৫
৪। ধানের মিশ্রসার	...	৩৪,৯১০
৫। পাটের মিশ্রসার	...	৬,০৩০
৬। আলুর মিশ্রসার	...	২৬,১৮৪

সার বণ্টনকারী ও তাহাদের ময়না থানায় নিযুক্ত ডিলারগণের একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(গ)

		কিলো প্রতি
১। অ্যামোনিয়ম সালফেট	...	৩৭ পয়সা
২। সুপার ফসফেট	...	২১ পয়সা
৩। ইউরিয়া	...	৬২ পয়সা
৪। ধানের মিশ্রসার	...	৩৪ পয়সা
৫। পাটের মিশ্রসার	...	৩৪ পয়সা
৬। আলুর মিশ্রসার	...	৩৭ পয়সা

Statement referred to in clauses (ka) and (kha) of unstarred question No. 1060

ময়না থানার সারের ডিলারের নাম ও ঠিকানা
যে বণ্টনকারী দ্বারা নিযুক্ত তাহার নাম ও ঠিকানা

১। সুরেন্দ্র নাথ মাইতি, গ্রাম গরশফত, পোঃ ময়না।	শ' ওয়ালেশ অ্যান্ড কোম্পানী, ৪, ব্যাঙ্কশাল স্ট্রীট, কলিকাতা।
২। হরিদ্যা নাথ ঘোরাই, পোঃ ও গ্রাম রামচন্দ্রপুর।	ঐ
৩। নিরঞ্জন ঘোরাই, গ্রাম ও পোঃ পরমানন্দপুর।	ঐ
৪। ভরত চন্দ্র বেরা, গ্রাম ব্রজবল্লভপুর, পোঃ বড়কুমারচক।	আসাম বেঙ্গল ফার্টিলাইজার সিন্ডিকেট, ১৫, ক্লাইভ রো, কলিকাতা-১।
৫। প্রফুল্ল কুমার জানা, পোঃ ও গ্রাম পরমানন্দপুর।	ঐ
৬। বেণীমাধব সামন্ত, পোঃ ও গ্রাম সুদামপুর।	ঐ
৭। মনীন্দ্র কুমার বেরা, গ্রাম দক্ষিণ চেনাগরচক, পোঃ ডোনাচক।	ঐ
৮। সুধীর কুমার দাস, গ্রাম হরিদাসপুর, পোঃ জয়গিরচক।	ঐ
৯। বারানসী খলুয়া, গ্রাম ও পোঃ বাকচা।	ঐ
১০। অনিল কুমার ঘোরাই, গ্রাম ও পোঃ রামচন্দ্রপুর।	
১১। বিপিন বিহারী বেরা, গ্রাম মলাগোচিয়াচক, পোঃ আরঙ্গাকিয়ারাণা।	ভাগিরথী ফার্টিলাইজার কোং, ১২২এ, মহর্ষি দেবেন্দ্র রোড, কলিকাতা।

Surplus staff of Food Department

1061. (Admitted question No. 1627.)

শ্রীসনৎকুমার রাহা : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাদ্য দপ্তরের যেসকল কর্মচারী বাড়তি বলিয়া গণ্য হইয়াছিল তাহাদের সংখ্যা কত ; এবং

(খ) বর্তমানে ঐ সকল কর্মচারীর কত শতাংশ পুনঃ নিযুক্ত হইয়াছেন ?

The Minister for Food and Supplies:

(ক) ১১,৮১৩ জন। (যদিও ১৩,২১৩ জন উদ্বৃত্ত হয় উহাদের মধ্যে ১৯৫৭ সালে ১লা এপ্রিল হইতে এই বিভাগ পুনর্গঠন হওয়ার দরুন ১,৩১০ জন এই বিভাগে থাকিয়া যায়।)

(খ) ২৮-২-৬৫ তারিখ অবধি ১,২৪৬ জন অর্থাৎ ১০.৫ শতাংশ পুনঃ নিযুক্ত হইয়াছেন।

'Ulo-Khar' in Government Khas Lands of Karimpur police-station, Nadia

1062. (Admitted question No. 1637.)

শ্রী[illegible] মোকতার : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নদীয়া জেলার করিমপুর থানার অন্তর্গত চরভদ্রা ইংকুড়ি, উদয়নগর ও উদয়নগরখণ্ড মৌজায় সরকারী খাস জমিতে প্রচুর উলো খড় ১৯৬৪ সালে জন্মিয়াছিল ; এবং

(খ) সত্য হইলে এই সমস্ত খড় কাহাদের নিকট কাহারা বিক্রয় করিয়াছেন ?

The Minister for Land and Land Revenue:

(ক) সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Procurement and Storing Agent of Midnapore district

1063. (Admitted question No. 1925.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমায় বর্তমান বাজারে ধানের রকম অনুযায়ী কি কি ধান্য কি দামে বিক্রয় হইতেছে;

(খ) ঐ জেলায় কতজন ও কে কে কোথায় কোথায় ধান্য ক্রয়ের জন্য সরকার কর্তৃক এজেন্ট নিযুক্ত হইয়াছেন;

(গ) তাহার মধ্যে কে কে ধান্য ক্রয়ের কার্যে সক্রিয় আছেন ও কোন্ কোন্ এজেন্ট ধান্য ক্রয় করিতেছেন না;

(ঘ) উপরি-উক্ত নিষ্ক্রিয় এজেন্টগণ কি কারণে ধান্য ক্রয় করিতেছেন না;

(ঙ) উক্ত এজেন্টগণ ফেব্রুয়ারী ১৯৬৫ পর্যন্ত কে কত ধান্য ক্রয় করিয়াছেন; এবং

(চ) এজেন্টগণ কতদিন পর্যন্ত ধান্য ক্রয়ে অসমর্থ হইলে তাহার লাইসেন্স বাতিল করা হয় বা কি প্রতিকার সরকার করিয়া থাকেন?

The Minister for Food and Supplies:

(ক) মোটা ধান মূল্য প্রতি কুইন্টাল।

	টাকা
সর্বোচ্চ	৩৯
সর্ব নিম্ন	৩৭.৫১
সরু ধান	
সর্বোচ্চ	৪১.২০
সর্ব নিম্ন	৪০

(খ) একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) পটাশপুর থানা কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ ধান্য ক্রয়ের কার্যে সক্রিয় আছেন, অন্যান্য এজেন্টের ধান্য ক্রয়ের সক্রিয়তা দেখা যায় না।

(ঘ) চাউল কল ও স্থানীয় পাইকারী ব্যবসায়িগণ নির্ধারিত মূল্যের নিচে ধান ক্রয় না করায় উক্ত এজেন্টগণের প্রাইস সাপোর্ট স্কীম অনুযায়ী নির্ধারিত মূল্যে ধান্য ক্রয় করিবার প্রশ্ন উঠে নাই।

(ঙ) ফেব্রুয়ারী ১৯৬৫ পর্যন্ত একমাত্র উক্ত পটাশপুর থানা কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ ২৫২ কুইন্টাল মোটা ধান এবং ৫৬ কুইন্টাল সরু ধান ক্রয় করিয়াছেন।

(চ) এজেন্টগণকে সরকারের সহিত এগ্রিমেন্টে আবদ্ধ থাকিতে হয়। মাত্র ১৪ দিনের নোটিশে যে কোন পক্ষ উক্ত এগ্রিমেন্ট বাতিল করিতে পারেন। কোন নির্ধারিত সময়ের মধ্যে কেনা-বেচার কাজ না করিতে পারিলে আপনা হইতেই উক্ত এগ্রিমেন্ট বাতিল হইয়া যায়।

Serial No.	Name and address of the District Procurement and Storing Agent appointed.	Name of the Connected assembling point
1.	Egra Thana Co-operative Agricultural Marketing Society Ltd., at Egra.	Paniparul.
2.	Tatashpur Thana Co-operative Agricultural Marketing Society Ltd., at Pania.	Pratapdighi, Manglamaro and Itaberia.
3.	Bhagwanpur Thana Co-operative Agricultural Marketing Society Ltd., at Kalaberia.	Kalaberia and Itaberia.
4.	Pingla Thana Co-operative Marketing Society Ltd. at Mumdumari	Pingla.
5.	Keshiary Samabaya Bipanan Samity Ltd. at Keshiary ..	Keshiary.
6.	Nandigram Thana Co-operative Marketing Society Ltd., at Teropakhia.	Terapakhia.
7.	Silda Large Sized Credit Society at Silda	Silda.
8.	Bhuyan Ram Chandra Das Mahapatra, P. O. Jamirapalgarh, district Midnapore.	Kharikamathani.
9.	Pulin Behari Maity, Vill. Garh-Safat, P. O. Moyna, district Midnapore.	Srirampur.
10.	Shri Barenya Kumar Sahas Roy, P. O. Lalgarh, district Midnapore	Lalgarh.
11.	Mahopadhaya Sree Ranjit Kishore Bhaktiasastri Bidyabenode, Kaibalyadham, Khudiramnagar, P. O. & district Midnapore.	Ramgarh.
12.	Jnanendra Nath Das, Vill. Baburampathra, P. S. Nayagram, district Midnapore.	Kharikamathani.

Small Scale Irrigation Scheme for Blocks of Egra police-station, Midnapore

1064. (Admitted question No. 1928.)

শ্রীহৃষীকেশ চক্রবর্তী: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানায় ১নং ও ২নং ব্লকের কোন্ কোন্ অঞ্চলে ক্ষুদ্র সেচ পরিকল্পনা কতগুলি মঞ্জুর ছিল ও তাহার বিবরণ ;

(খ) এই মঞ্জুরীকৃত পরিকল্পনার কোন্ কোন্‌টির কার্য সম্পন্ন হইয়াছে ও খরচের পরিমাণ কি ;

(গ) মঞ্জুরীকৃত পরিকল্পনাগুলির কোন্‌টি কি কারণে কার্য সম্পন্ন করা সম্ভব হয় নাই; এবং

(ঘ) বর্তমানে কতগুলি পরিকল্পনা কর্তৃপক্ষের বিবেচনাধীন রহিয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলার এগরা থানায় ১নং ব্লকে কোনও ক্ষুদ্র সেচ পরিকল্পনা মঞ্জুরীকৃত হয় নাই। উক্ত থানার ২নং ব্লকে খাগদা ঘেরী বাঁধের পুনর্নির্মাণ ও খাগদাখোপঘেরী বাঁধের পুনর্নির্মাণ নামক দুইটী ক্ষুদ্র সেচ পরিকল্পনা ১৯৬৩-৬৪ সালে মঞ্জুরীকৃত হইয়াছিল।

(খ) মঞ্জুরীকৃত পরিকল্পনা দুইটির কোনটিরই কার্য সম্পন্ন হয় নাই।

(গ) স্থানীয় জনসাধারণের বিরোধিতার ফলে পরিকল্পনা দুইটিকে বাতিল করা হয়।

(ঘ) এগরা থানায় ১নং ব্লকে কোনও ক্ষুদ্র সেচ পরিকল্পনা কর্তৃপক্ষের বিবেচনাধীন নাই। তবে ২নং ব্লকে বর্তমান পাঁচটি ক্ষুদ্র সেচ পরিকল্পনা কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে।

C. I. Sheets for Midnapore district

1065. (Admitted question No. 2015.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বিভিন্ন ব্যক্তিকে দেওয়ার জন্য গত ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে কত টিন সরবরাহ করা হইয়াছে;

(খ) আবেদনকারীর সংখ্যা বেশি থাকিলে, কি পদ্ধতিতে দরখাস্তগুলির অগ্রাধিকার ধার্য করা হয় ; এবং

(গ) আগুনে পোড়া, ঝড়ে ক্ষতিগ্রস্ত, বন্যায় ধ্বংসপ্রাপ্ত ব্যক্তিগণের গৃহ পুনর্নির্মাণ বাবত টিন সরবরাহের কোন বিশেষ ব্যবস্থা আছে কিনা ?

The Minister for Food and Supplies:

(ক) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) প্রতিটি আবেদনপত্রের প্রয়োজনীয়তার গুরুত্ব বিবেচনা করিয়া অগ্রাধিকার ধার্য করা হয়।

(গ) হ্যাঁ, তাহারা যদি ঝড়ে বা আগুনে ধ্বংসপ্রাপ্ত গৃহ নির্মাণকল্পে আবেদন করে তবে তাহাদিগের চাহিদার অগ্রাধিকার দেওয়া হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1065

	Midnapur Sadar	Jhargram	Ghatal	Contai	Tamluk
1962-63	164 bundles	220 bundles	668 bundles	Nil	Nil
1963-64	288 „	1,049 „	Nil	Nil	Nil
1964-65	1,556 „	881 „	Nil	Nil	Nil

N.B.—In addition to the above receipts, permits for G. C. I. Sheets have been issued on Calcutta Stock by the Directorate of Consumer Goods against applications recommended and forwarded by the Subdivisional Controllers of Food and Supplies of the different Subdivisions.

Deep tubewells in Balagarh police-station, Hooghly

1066. (Admitted question No. 2395.)

শ্রীঅশ্বিনী রায়ঃ কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) হুগলি জেলার বলাগড় থানায় ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে কতগুলি গভীর নলকূপ মঞ্জুর হয় ;

(২) ১৯৬৪ সালের ফেব্রুয়ারী পর্যন্ত মোট কতগুলি নলকূপ বসানো হয়; এবং

(৩) প্রতিটি নলকূপ খননের জন্য আনুমানিক কত ব্যয় হয় ?

The Minister of State for Agriculture and Community Development:

(১) হুগলি জেলার বলাগড় থানায় ১৯৬৩-৬৪ সালে কোন গভীর নলকূপ মঞ্জুর হয় নাই। ১৯৬৪-৬৫ সালে ৪০টি মঞ্জুর করা হইয়াছে।

(২) ৪০টি।

(৩) প্রতিটি নলকূপ বসাইবার খরচ গড়ে ২৮,০০০ টাকা।

Sitai-Barthar Road in Cooch Behar district

1067. (Admitted question No. 2405.)

শ্রীবিজয়কুমার রায়ঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার সিতাই হইতে বরথর রাস্তাটি পাকা করবার প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে রাস্তাটি পাকা করার কাজ কবে আরম্ভ হইবে ?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) এক মাসের মধ্যে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

Settlement of the spill area of the river Rasulpur, Contai subdivision

1068. (Admitted question No. 2412.)

শ্রীসুধীরচন্দ্র দাস: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার মধ্যে রসুলপুর নদীর স্পিল এরিয়া বন্দোবস্ত দেওয়া হইয়াছে ইহা কি সত্য ; এবং

(খ) ইহা সত্য হইলে, কোন্ কোন্ মৌজায় কত জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) সেচ বিভাগ হইতে কোন জমি বন্দোবস্ত দেওয়া হয় নাই। তবে ভূমি ও ভূমিরাজস্ব বিভাগ হইতে কিছু জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(খ) যেসমস্ত মৌজায় জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে তাহার নাম ও জমির পরিমাণ নিম্নে দেওয়া হইল।

মৌজার নাম	জমির পরিমাণ একর
১। কাঁথি থানার কসাফলিয়া মৌজায়	১৪৫·১৫
২। কাঁথি থানার কানাইচট্টা মৌজায়	৪·০০
৩। কাঁথি থানার হরিপুর চতুর্থখণ্ড মৌজায়	২·৭৫
৪। খেজুরী থানার দক্ষিণ কলসদান মৌজায়	১০·৭৪

Marine Compass of Contai Nazarat

1069. (Admitted question No. 2443.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি নেজারতের ষ্টোরে রক্ষিত কয়েক হাজার টাকা মূল্যের তিনটি মূল্যবান মেরিন কমপাস্ পাওয়া যাইতেছে না ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে—

(১) এই সম্পর্কে দুর্নীতিদমন বিভাগ হইতে কোন তদন্ত হইয়াছে কিনা ; এবং

(২) হইয়া থাকিলে, তাহার ফলাফল কি ?

The Minister for Home (General Administration):

(ক) কাঁথি নেজারত স্টোরে একটি মেরিন কমপাস্ ছিল এবং তাহা এখনও আছে। কিন্তু কিছুকাল পূর্বে ঐ ষ্টোর হইতে চারিটি পুরাতন, ভগ্ন ও অকেজো সার্ভে কম্পাস হারাইয়াছে তাহাদের মূল্য নির্ধারণ করা সম্ভবপর নহে।

(খ) এই সম্পর্কে দুর্নীতিদমন বিভাগ হইতে তদন্ত হয় নাই, কিন্তু মহাকুমা-শাসক কর্তৃক বিভাগীয় তদন্ত হইয়াছিল। উহার ফলে দায়িত্ব নির্ধারণ করা সম্ভব হয় নাই।

Gopalnagar Veterinary Sub-Centre, Purulia

1070. (Admitted question No. 2492.)

শ্রীগিরীশ মাহাতঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার মানবাজার এক নম্বর ব্লকের গোপালনগর ভেটারিনারি সাব-সেন্টারে আজ পর্যন্ত কত টাকা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) উক্ত টাকায় কি কি কাজ করা হইয়াছে ; এবং

(গ) কতদিন হইতে পশুচিকিৎসার কাজ হইতেছে এবং পশুচিকিৎসকের নাম কি ?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) এই সাব-সেন্টারের জন্য অদ্যাবধি ৫,৪১০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) বিনা খরচে উক্ত সাব-সেন্টারে পশুপক্ষীর চিকিৎসা করা হয়।

(গ) গত ১৯৬৩ সাল হইতে উক্ত সাব-সেন্টারে পশুচিকিৎসার কাজ হইতেছে। সাব-সেন্টারটি বর্তমানে মানবাজার ১ নম্বর ব্লকের পশুচিকিৎসক শ্রী এ কে দে-র অধীনে।

Distribution of lands by Digha Development Board

1071. (Admitted question No. 2503.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দীঘা উন্নয়ন সংস্থা এ পর্যন্ত কত জন ব্যক্তিকে দীঘা উন্নয়ন এলাকায় জমি বিতরণ করিয়াছেন ;

(খ) উক্ত এলাকায় কি কি শর্তে জমি বিতরণ করার ব্যবস্থা আছে;

(গ) সর্বোচ্চ কত পরিমাণ জমি কাঠা-প্রতি কত দরে বিতরণ করা স্থিরীকৃত হইয়াছে ;

(ঘ) উন্নয়ন সংস্থার অধীনে যেসকল আবাদী জমি রহিয়াছে তাহা আবাদের জন্য বিঘা-প্রতি কি হারে অস্থায়ী বন্দোবস্ত দেওয়া হইতেছে এবং তাহাতে গত তিন বৎসরে বার্ষিক কত টাকা আয় হইয়াছে ?

The Minister for Development and Planning:

(ক) দীঘা উন্নয়ন সংস্থা নামে কোন সংস্থা নাই।

(খ) সরকার কর্তৃক দীঘায় দখলীকৃত জমির লে আউট প্ল্যান এখনও তৈয়ারী হয় নাই এবং জমি বিতরণের পূর্ণ শর্তও এখনও তৈয়ারী হয় নাই।

(গ) উপরি-উক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

(ঘ) (ক) প্রশ্নের জবাবের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

Cattle purchase loans and industrial loans distributed in Gazole and Old Malda blocks

1072. (Admitted question No. 2512.)

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ কৃষি ও সমষ্টি -উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে মালদহ জেলার গাজোল ও ওল্ড মালদহ উন্নয়ন সংস্থা হইতে কতজন চাষী বলদ খরিদ-ঋণ ও কতজন শিল্প-ঋণ পাইয়াছেন; এবং

(খ) উক্ত দুইটি ঋণের দফাওয়ারী পরিমাণ কত ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) গত ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে মালদহ জেলার গাজোল ও ওল্ড মালদহ থানার চৌদ্দজন চাষী বলদ খরিদ-ঋণ গ্রহণ করিয়াছেন।

(খ) উক্ত ঋণের জন্য ঐ চাষীদিগকে মোট ২,৬৫০ টাকা বিলি করা হইয়াছে।

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) গত ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে মালদহ জেলার গাজোল উন্নয়ন সংস্থা হইতে ৭ জন শিল্পীকে শিল্প-ঋণ দেওয়া হইয়াছে ; ওল্ড মালদহ উন্নয়ন সংস্থা হইতে কোন শিল্প-ঋণ দেওয়া হয় নাই।

(খ) ১৯৬৩-৬৪ সালে উক্ত গাজোল উন্নয়ন সংস্থা হইতে মোট ১,০০০ টাকা শিল্প-ঋণ দেওয়া হইয়াছে।

Programme of Health Centre for Malda police-station, Malda

1073. (Admitted question No. 2517.)

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার মালদহ থানায় কোন স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের পরিকল্পনা আছে কিনা ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কয়টি স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের পরিকল্পনা আছে; এবং

(গ) কতদিনে ঐগুলির নির্মাণকার্য আরম্ভ হইবার সম্ভাবনা আছে?

The Minister for Health:

(ক) আছে।

(খ) একটি প্রাথমিক ও দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্র।

(গ) প্রয়োজনীয় জমি পাওয়া গেলেই এ সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হইবে।

Maternity Ward of Garhbeta Thana Health Centre, Midnapore

1074. (Admitted question No. 2523.)

শ্রীসনৎকুমার রাহা ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গড়বেতা থানা হেল্‌থ সেন্টারে প্রসূতির জন্য কয়টি শয্যা আছে ; এবং

(খ) উক্ত হেল্‌থ সেন্টারে কোন মহিলা ডাক্তার আছে কিনা ?

The Minister for Health:

(ক) এই স্বাস্থ্যকেন্দ্রের মহিলাদের ২৫টি শয্যার ভিতর ১০টি শয্যা প্রসূতিদের জন্য নির্দিষ্ট।

(খ) হ্যাঁ, আছেন।

Veterinary Hospitals in Midnapore district

1075. (Admitted question No. 2531.)

শ্রীঅনংগমোহন দাস ঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার প্রতি থানাতে পশুচিকিৎসালয় আছে কিনা ;

(খ) উক্ত চিকিৎসালয়গুলির ডাক্তারগণ পশুরোগ চিকিৎসার জন্য আহূত হইলে কিরূপ হারে ভিজিট পাইবেন ; এবং

(গ) সর্পাঘাতে বা ক্ষিপ্ত জন্তুদের দ্বারা দংশিত পশুগণের জন্য বিনামূল্যে ঔষধ দেওয়ার ব্যবস্থা আছে কিনা ?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) না।

(খ) মেদিনীপুর জেলায় যেসব পশুচিকিৎসালয় আছে সেখানকার ভারপ্রাপ্ত চিকিৎসকগণ নিম্ন হারে ভিজিট পান—

(১) ভেটারিনারি ইন্সপেক্টর—৪ টাকা

(২) ভেটারিনারি অ্যাসিস্ট্যান্ট সার্জেন—২ টাকা

(গ) গরিব মালিকদের পশু ক্ষিপ্ত জন্তুদের দ্বারা দষ্ট হইলে বিনামূল্যে ঔষধ দেওয়ার ব্যবস্থা আছে। সর্পদষ্ট পশুদের বিনামূল্যে চিকিৎসার কোন ব্যবস্থা নাই।

Tubewells in Midnapore district

1076. (Admitted question No. 2532.)

শ্রীঅনংগমোহন দাস ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর মেদিনীপুর জেলায় কতগুলি নূতন নলকূপ স্থাপন এবং কতগুলি পুরাতন নলকূপের পুনঃসংস্কার মঞ্জুর হইয়াছে ; এবং

(খ) উহাদের মধ্যে কতগুলির কাজ আরম্ভ হইয়াছে এবং কতগুলির কাজ শেষ হইয়াছে ?

The Minister for Health:

(ক) সমগ্র মেদিনীপুর জেলায় ১৯৬৪-৬৫ সালের রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর মাধ্যমে ৩১৭টি নূতন নলকূপ খনন, ২১০টি পুরাতন নলকূপ পুনর্খনন ও ১৫০টি কূপ খনন মঞ্জুর করা হইয়াছে।

(খ) উক্ত জল-উৎসগুলির স্থান নির্বাচনে বিলম্বের দরুন উহাদের কাজ যথাসময়ে করিতে পারা যায় নাই। তবে যত শীঘ্র সম্ভব উহাদের কাজ আরম্ভ করিবার ব্যবস্থা করা হইতেছে।

Government help to the victims of fire

1077. (Admitted question No. 2534.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অগ্নিদাহের ফলে পল্লী অঞ্চলে, গৃহহীন ব্যক্তিগণের গৃহ পুনর্নির্মাণের জন্য কিরূপ সাহায্যের ব্যবস্থা আছে ; এবং

(খ) উক্ত দুর্ঘটনায় পতিত ব্যক্তিদের গৃহনির্মাণ বাবত ঋণ দেওয়ার কিরূপ ব্যবস্থা আছে ?

The Minister for Relief and Social Welfare:

(ক) যাঁহাদের কোন আবাদী জমি নাই বা অতি সামান্য জমি আছে এবং ঋণ পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হন না সেইরূপ ব্যক্তিদের আকস্মিক অগ্নিকাণ্ডে বিনষ্ট বা আংশিক ক্ষতিগ্রস্ত গৃহনির্মাণ বা মেরামতের জন্য পরিবারপিছু সর্বোচ্চ ১৫০ টাকা পর্যন্ত অনুদান দেওয়ার ব্যবস্থা আছে।

(খ) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মধ্যে যাঁহারা আবাদী জমির মালিক বা দখলীকার তাঁহাদিগকে ১৮৮৪ সালের কৃষিঋণ আইন অনুসারে গৃহনির্মাণ বা মেরামতের জন্য প্রয়োজনমত কৃষিঋণ দেওয়ার ব্যবস্থা আছে।

Maternity Hospitals in Midnapore district

1078. (Admitted question No. 2537.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ স্থানে কত শয্যাযুক্ত প্রসূতি চিকিৎসালয় আছে ;

(খ) উহাদের প্রতিটিতে প্রতি শয্যার জন্য কত টাকা করিয়া রোগীকে দিতে হয় ;

(গ) উক্ত চিকিৎসালয়গুলিকে সরকার কিরূপ সাহায্য করেন;

(ঘ) উহাদের প্রত্যেকটির জন্য সরকার মনোনীত বা মঞ্জুরিপ্রাপ্ত পরিচালক সমিতি আছে কিনা ; এবং

(ঙ) থাকিলে, উক্ত সমিতির সদস্যগণের নাম ও ঠিকানা কি ?

The Minister for Health:

(ক) মেদিনীপুর জেলায় সরকার পরিচালিত পৃথক কোন প্রসূতি চিকিৎসালয় নাই। তবে সরকারী হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রসমূহে প্রসূতি চিকিৎসার জন্য শয্যা সংরক্ষিত আছে। বে-সরকারী পরিচালনায় দুইটি প্রসূতি চিকিৎসালয় আছে। তাহাদের নাম ও শয্যাসংখ্যা সংশ্লিষ্ট তালিকায় প্রদত্ত হইল।

(খ) সরকারী ব্যবস্থাপনায় হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে প্রসূতিদের জন্য টাকা লওয়া হয় না। বে-সরকারী প্রসূতি চিকিৎসালয়ে টাকা লওয়া হয় কিনা সরকার অবগত নহেন।

(গ) উক্ত বে-সরকারী প্রসূতি চিকিৎসালয়দ্বয়ে সরকার নিম্নলিখিত সাহায্য করেন :—

(১) গোপল স্মৃতি মাতৃভবন—প্রতি বৎসর সরকারী আর্থিক অনুদান পাইয়া থাকে। চলতি বৎসরে ৯,০০০ টাকা দেওয়া হইয়াছে। ইহা ব্যতীত একজন লেডি হেল্‌থ ভিজিটর, একজন সেবিকা ও একজন দাই-এর মাহিনা ও ভাতা বাবত সমুদয় ব্যয় সরকার বহন করেন।

(২) রেডক্রস পরিচালিত প্রসূতি চিকিৎসালয়ে একজন লেডি হেল্‌থ ভিজিটরের মাহিনা ও ভাতা বাবত সমুদয় ব্যয় সরকার বহন করেন।

(ঘ) উক্ত প্রতিষ্ঠানদ্বয়ে সরকার মনোনীত বা মঞ্জুরীকৃত কোন পরিচালক সমিতি নাই।

(ঙ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1078

List of Non-Government Maternity Centres with number of beds

(১) গোপল স্মৃতি মাতৃভবন, বাগদা—শয্যাসংখ্যা ১৮।

(২) রেডক্রস পরিচালিত মেদিনীপুর মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ কেন্দ্র—শয্যাসংখ্যা ১৭।

Primary Health Centre in Khandaghosh police-station, Burdwan

1079. (Admitted question No. 2544).

শ্রীজহরলাল ব্যানার্জি: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় খণ্ডঘোষ থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি কোন্ তারিখে সরকার মঞ্জুর করিয়াছিলেন ; এবং

(খ) কোন্ সময়ের মধ্যে ইহা চালু হইবে ?

The Minister for Health:

(ক) এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির নির্মাণকার্য ১৯৬৩ সালের জানুয়ারি মাসে মঞ্জুর করা হইয়াছে।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

Construction of Primary Health Centre at Khandaghosh police-station, Burdwan

1080. (Admitted question No. 2546.)

শ্রীজহরলাল ব্যানার্জি : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) কোন্ সময়ের মধ্যে উহার নির্মাণকার্য শেষ হইবে ?

The Minister for Public Works:

(ক) স্বাস্থ্যকেন্দ্রটি নির্মাণের জন্য ঠিকাদার নিয়োগের উদ্দেশ্যে এ যাবত তিনবার টেণ্ডার ডাকা হইয়াছে। প্রথম বারে দুইটি টেণ্ডার পাওয়া গিয়াছিল, কিন্তু সেগুলি রীতিবিরুদ্ধ হওয়ায় মনোনীত হয় নাই, পরের দুইবারে কোন টেণ্ডার পাওয়া যায় নাই। শীঘ্র চতুর্থবার টেণ্ডার ডাকা হইবে।

(খ) উপরি-উক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে ইহার নির্মাণকার্য কবে শেষ হইবে বলা সম্ভব নহে।

Rasulpur-Khandaghosh-Chakpurohit Road

1081. (Admitted question No. 2547.)

শ্রীজহরলাল ব্যানার্জি : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া কনস্ট্রাকসন ডিভিসনের অধীনে রসুলপুর-খণ্ডঘোষ-চকপুরোহিত রাস্তাটি বর্ধমান জেলায় কত মাইল পড়িয়াছে ;

(খ) বর্ধমান জেলা অংশের রাস্তাটির নিম্নলিখিত কার্যগুলি কতদূর অগ্রসর হইয়াছে;

(১) মাটির কাজ, (২) সেতুর কাজ, এবং (৩) পাকাকরণের কাজ; এবং

(গ) কোন্ সময়ের মধ্যে রাস্তাটি সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Public Works (Roads):

(ক) প্রায় ১৩ মাইল।

(খ) (১) ও (২) মাটির কাজ এবং সেতুর কাজ যথাক্রমে প্রায় শতকরা ৯০ ভাগ এবং ৭০ ভাগ সমাপ্ত হইয়াছে।

(৩) রাস্তাটি পাকাকরণের জন্য অগ্রিম মাল-মসলার প্রায় শতকরা ৬০ ভাগ সংগ্রহ করা হইয়া গিয়াছে।

(গ) আগামী ১৯৬৭ সালের মার্চ মাসের মধ্যে সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

Audit Report of Bhatar Thana Co-operative Agricultural Development and Marketing Society, Burdwan

1082. (Admitted question No. 2572.)

শ্রীসৈয়দ আব্দুল মনসুর হবিবুল্লা: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ভাতার থানা সমবায় কৃষি উন্নয়ন ও বিপণন সমিতির বাৎসরিক অডিট নিয়মিতভাবে প্রতি বছর করা হইতেছে কি ; এবং

(খ) ইহা কি সত্য যে, উক্ত সমিতির ইংরাজী ১৯৬২-৬৩ সনের অডিট রিপোর্ট আজও সাধারণ সভ্যদের নিকট প্রকাশ করা হয় নাই ?

The Minister for Co-operation:

(ক) উক্ত সমিতির অডিট নিয়মিতভাবে প্রতি বৎসর করা হইতেছে, কিন্তু ১৯৬২-৬৩ সনের অডিট রিপোর্ট এখন পর্যন্ত চূড়ান্ত হয় নাই।

(খ) হ্যাঁ, ১৯৬২-৬৩ সনের অডিট রিপোর্ট চূড়ান্ত না হওয়ায় উহা সাধারণ সভ্যদের নিকট প্রকাশ করার জন্য সমিতিতে পাঠান হয় নাই।

Auction Sale of Forests in Gopiballavpur Range of Midnapore district

1083. (Admitted question No. 2575.)

শ্রীদেবনাথ হাঁসদা: বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর রেঞ্জের অধীনে ১৯৬৪-৬৫ সালে কত একর পরিমিত জঙ্গল নীলামে বিক্রয় করা হইয়াছে এবং কত টাকায় ;

(খ) নীলাম খরিদ্দারের নাম কি কি ; এবং

(গ) লোকাল সেলের জন্য কত একর জঙ্গল দেওয়া হইয়াছে ?

The Minister of State for Forests:

(ক) ৩৬৮·৮৪ একর, মোট ১১,৭৫০ টাকায়।

(খ) শ্রীপ্রিয়নাথ পাত্র, শ্রীমনোরঞ্জন মন্দলী, শ্রীচিন্তামণি দন্ডপাত, শ্রীমৃগেন্দ্রনাথ পাত্র এবং শ্রীদুর্গাপ্রসাদ সাহু।

(গ) ২৩৯·৪৮ একর।

Road from Hatibari mouza to Gopiballavpur in Midnapore district

1084. (Admitted question No. 2576.)

শ্রীদেবনাথ হাঁসদা: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার ১নং ইউনিয়নের অন্তর্গত হাতীবাড়ি মৌজা হইতে গোপীবল্লভপুর পর্যন্ত রাস্তা নির্মাণ করিবার জন্য প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত ছিল;

(খ) সত্য হইলে, রাস্তাটি নির্মাণ না করিবার কারণ কি ;

(গ) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় উক্ত রাস্তাটি ধরা হইয়াছে কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'না' হয়, তাহা হইলে উক্ত রাস্তা তৈয়ারি করিবার পরিকল্পনা কবে গ্রহণ করা হইবে ?

The Minister for Public Works (Roads):

(ক) ও (গ) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(ঘ) সংশ্লিষ্ট জেলা উন্নয়ন পর্ষদ রাস্তাটি তৈয়ারি করার ব্যাপারে অগ্রাধিকার দিলে চতুর্থ পরিকল্পনায় বিবেচনা করা যাইতে পারে।

Primary Health Centre in Gopiballavpur police-station, Midnapore

1085. (Admitted question No. 2578.)

শ্রীদেবনাথ হাঁসদা ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কার্য শেষ হইতে আর কতদিন লাগিবে; এবং

(খ) ঐ কেন্দ্রে কত সংখ্যক বেড থাকিবে ?

The Minister for Health:

(ক) সঠিক বলা সম্ভব নয়।

(খ) ১০টি।

Appointment of Anchal Panchayat Secretaries in Nayagram Block, Midnapore

1086. (Admitted question No. 2579.)

শ্রীদেবনাথ হাঁসদা ঃ পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানার আঞ্চলিক পরিষদের অধীন কোনও অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীকে নিয়োগ করা হয় নাই ;

(খ) সত্য হইলে কারণ কি ; এবং

(গ) কবে নিয়োগ করা হইবে ?

The Minister of State for Panchayats:

(ক) না ; সত্য নহে। নয়াগ্রাম থানার সকল অঞ্চল পঞ্চায়েতেই সচিব নিয়োগ করা হইয়াছে। ঐ সকল সচিব এবং তাঁহারা কোন্ কোন্ অঞ্চলের জন্য নিয়োগপত্র পাইয়াছেন তাহার একটি তালিকা নিম্নে দেওয়া হইল ঃ—

সচিবের নাম এবং পঞ্চায়েতের নাম।

(১) শ্রীবিমলকুমার দাস—পাটীনা।

(২) শ্রীমুরলীধর মহতা—চন্ডবীলা।

(৩) শ্রীসুরেন্দ্রনাথ টুডু—বড়খাড়ী।

(৪) শ্রীদীনেশচন্দ্র দুবে—ধলম।

(৫) শ্রীবিমলচন্দ্র সরেন—বড় নিগুই।

(৬) শ্রীসুভাষচন্দ্র সাহা—নয়াগ্রাম।

(৭) শ্রীপ্রসন্নকুমার কপাট—জামীরাপাল।

(৮) শ্রীনীলাম্বর মহতা—চন্দ্ররেখা।

(৯) শ্রীবিদ্যুৎকুমার কর—বেড়াজাল।

(১০) শ্রীঅযোধ্যা মহতা—খরিকামাথানী।

(১১) শ্রীবুধনাথ মহতা—বালীগেড়িয়া।

(১২) শ্রীযোগেশচন্দ্র মহতা—আরা।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Supply of Power to Kalimpong from the Jaldhaka Project

1087. (Admitted question No. 2597.) **Shri LAKSHMI RANJAN JOSSE:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether Kalimpong town is likely to recive electric power from Jaldhaka Project after its completion;

(b) whether it is a fact that Sikkim Government has offered electric power to Kalimpong town;

(c) if so, whether that offer has been accepted, and

(d) if not, the reasons therefor?

The Minister for Commerce and Industries: (a) There is at present no such scheme for supply of power to Kalimpong from the Jaldhaka Hydro-electric Project.

(b) Not known to Government.

(c) and (d) Does not arise.

Social workers attached to the Medical College Hospitals

1088. (Admitted question No. 2610.) **Dr. ABU ASAD MOHAMMAD OBAIDUL GHANI:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if there are any social workers attached to the Medical College Hospitals to guide the patients to the proper department; and

(b) if so, their number?

The Minister for Health: (a) Yes.

(b) Twenty-two.

Electrification of the Thana Hospital at Bolpur

1089. (Admitted question No. 2616.) **Dr. ABU ASAD MOHAMMAD OBAIDUL GHANI:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the Bolpur Thana Hospital with 50 beds has got no electricity although the neighbourhood has got electricity; and

(b) if so, whether the Government propose to supply electricity to this Hospital?

The Minister for Health: (a) No.

(b) This Health Centre has already been electrified.

Pollution of river water near Asansol by the impure water discharged by the Carew Co. at Asansol

1090. (Admitted question No. 2620.)

শ্রীবিজয় পাল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল থানার অবস্থিত ক্যারু কোম্পানী (Carew Company) নামে যে বিলাতি মদের দোকান আছে তাহার দূষিত জল একটি ছোট নদীতে পড়িয়া আসানসোল শহরের পার্শ্ববর্তী এলাকায় এবং শহরের মধ্যেই আসিয়া জমা হয় এবং তাহার ফলে স্থানীয় অধিবাসীদের স্বাস্থ্যের বিশেষ অবনতি ঘটিতেছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিবার কথা চিন্তা করিতেছেন?

The Minister for Health:

(ক) ও (খ) আসানসোল থানার এলাকায় ক্যারু কোম্পানী (Carew Co.) নামে কোন বিলাতি মদের দোকান নাই। তবে আসানসোল থানার অন্তর্গত ক্যারু কোম্পানী নামে একটা মদ তৈরি করিবার কারখানা আছে। উক্ত কারখানাটি হইতে যে জল নির্গত হয় তাহা ভূগর্ভস্থ পাইপ দিয়া জি টি রোড হইতে ৭।৮ ফার্লং উত্তরে দুইটি বৃহৎ রিজার্ভারে ফেলা হয় এবং পরে রাসায়নিক পদার্থের সহযোগে পরিশোধিত করিয়া উহা গারুই নামক নালাতে ২।৩ মাস অন্তর নিষ্কাশন করা হয়। উহা হইতে স্থানীয় অধিবাসীদের স্বাস্থ্যের অবনতি ঘটিতেছে বলিয়া কোন সংবাদ সরকার অবগত নহেন।

Adjournment motions

[2—2.10 p.m.]

Mr. Deputy Speaker: There are seven adjournment motions. I have withheld consent to these motions, but they may be read. Shri Sambhu Charan Ghosh may read his adjournment motion.

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় ডেপুটি স্পিকারের উপর একটা মুলতুবী প্রস্তাব আলোচনার জন্য দিয়েছিলাম, আপনি আলোচনার অনুমতি দেন নি, শুধুমাত্র প্রস্তাব উত্থাপন করবার জন্য অনুমতি দিয়েছেন। আমি প্রস্তাবটা পড়ছি—শ্রীগজেন মিত্রের "পোষ-ফাল্গুনের পয়লা" উপন্যাসটা এই বৎসর রবীন্দ্র পুরস্কার লাভ করিয়াছে। "পোষ-ফাল্গুনের পয়লা" উপন্যাসটা শ্রী মিত্রের "কলকাতার কাছেই" উপন্যাসটা ইতিপূর্বে অ্যাকাডেমী পুরস্কার পাইয়াছে। রবীন্দ্র পুরস্কার কমিটির বিধান অনুযায়ী (৬নং ধারা) সরকারের পুরস্কার প্রাপ্ত (যেমন অ্যাকাডেমী পুরস্কার) কোন উপন্যাস বা সাহিত্য গ্রন্থ রবীন্দ্র পুরস্কার পাইতে পারে না। উক্ত বিধান সত্ত্বেও "পোষ-ফাল্গুনের পালা"কে রবীন্দ্র পুরস্কার দেওয়া হইয়াছে। ইহা ছাড়া পোষ-ফাল্গুনের পালা উপন্যাসের এমন কোন বিশেষ সাহিত্য মূল্য নেই যার জন্য ইহাকে রবীন্দ্র পুরস্কার দেওয়া যাইতে পারে। এই সমস্ত ঘটনা লইয়া ইতিমধ্যে বাংলা দেশে সুধীমহলে তীব্র আলোড়ন সৃষ্টি হইয়াছে এবং সংবাদ পত্রেও প্রতিবাদ হইয়াছে। এই বিষয় এখনও পর্যন্ত সরকার কোন বক্তব্য রাখেন নাই।

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি এর সঙ্গে দুটো কথা মাত্র যোগ করতে চাই। সরকার অবশ্য কয়েকদিন আগে বিধান পরিষদে তাঁর বক্তব্য রেখেছেন। কিন্তু শিক্ষামন্ত্রী যে বক্তব্য রেখেছেন সেটা অত্যন্ত অস্পষ্ট বক্তব্য। তিনি বলেছেন পোষ-ফাল্গুনের পালা উপন্যাসটা একটা স্বয়ংসম্পূর্ণ উপন্যাস। কিন্তু আমি আপনার মাধ্যমে বক্তব্য রাখতে চাই যে ১৮ই এপ্রিল ১৯৬৪ সালে দেশ পত্রিকায় অত্যন্ত পরিষ্কারভাবে এই সম্পর্কে বলা হয়েছিল যে অ্যাকাডেমী পুরস্কার প্রাপ্ত "কলকাতার কাছে" এই উপন্যাসের শেষ এবং তৃতীয় খণ্ড হচ্ছে "পোষ-ফাল্গুনের পালা" এবং আপনি যদি পোষ-ফাল্গুনের পালা উপন্যাসের মুখবন্ধ লক্ষ্য করেন তাহলে দেখবেন সেখানে বলা হয়েছে যে কলকাতার কাছে শ্যামার যে চরিত্র সূচনা হয়েছিল তার অবতারণার কথা হল পোষ-ফাল্গুনের পালার মধ্যে। কাজে কাজেই আমি আপনার মাধ্যমে রাখতে চাই এই সম্পর্কে শিক্ষামন্ত্রী যেন আরো পরিষ্কার বক্তব্য আমাদের সামনে রাখেন।

Mr. Deputy Speaker: Shri Kashi Kanta Maitra may now read his adjournment motion.

শ্রীকাশীকান্ত মৈত্র: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি এটা পড়বার আগে আপনাকে ধন্যবাদ দিচ্ছি। কারণ, আপনি একটা নতুন প্রিসিডেন্ট রাখলেন। এটা নতুন বলব না, কেন না এই হাউসে এটাই ট্র্যাডিসান যে আপনি আমাদের অ্যামেন্ডমেন্ট মোশান পড়তে দিচ্ছেন। এটা বলা প্রয়োজন। কেন না এই নিয়ে আমি একদিন বিতর্ক তুলেছিলাম এবং আপনি যেটা করছেন তার জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। এটাই হচ্ছে অ্যাসেম্বলী প্রোসিডিওর, পার্লামেন্টারী প্রোসিডিওর।

শ্রীজগন্নাথ কোলে: স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। অ্যাডজোর্নমেন্ট মোশান যেটা সেটা স্পীকার পড়বেন—

speaker will read the adjournment motion

কিন্তু আজকে হচ্ছে কি আপনি পড়তে পারবেন না বলে ওঁকে অ্যালাও করছেন, এটা আমরা ধরে নিচ্ছি। কিন্তু এটা প্রত্যেকদিন হতে পারে না।

Observation regarding Adjournment motions before the House under the new rules

মিঃ ডেপুটি স্পীকার: আমি এই হাউসে ৩০ বছর আছি। এই বিষয়ে নতুন রকমের যে প্রোসিডিওর হয়েছে তা আমি জানি। অ্যাডজোর্নমেন্ট মোশান বেশীর ভাগ পড়া হয়েছে এবং মেম্বাররা কোন কমেন্ট রাখতে পারেন নি। দে ক্যান রিড দেয়ার অ্যাডজোর্নমেন্ট মোশান। এটাই বরাবর হয়েছে। তবে উনি যা বলেছেন তাও হয়েছে।

I allowed the members to read their adjournment motions but they should not make any comment on the adjournment motions.

শ্রীজগন্নাথ কোলে: আপনি যেটা বলছেন ৩০ বছর আছেন, হ্যাঁ, এটা হয়ে আসছিল। কিন্তু যে সময় যে রুলস ছিল, তা পরিবর্তন হয়েছে। এই পরিবর্তনের সঙ্গে সঙ্গে অনেক প্রিসিডেন্টও পরিবর্তন হয়েছে। যেটা করা হয়েছে এই সভা থেকে, সে রুল পাস হয়েছে। আপনি যখন দিচ্ছেন, আমার আপত্তি নাই।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অমার বক্তব্য হচ্ছে পার্লামেন্টরী অ্যাফেয়র্স-এর মিনিস্টার আপনার রুলিং-এর উপর এই রকম মন্তব্য করতে আরম্ভ করলে হাউস বা অ্যাসেম্বলী চলতে পারে না।

শ্রীকাশীকান্ত মৈত্র: আজিজুল হকেরও একটা রুলিং রয়েছে এ সম্পর্কে। আমার অ্যাডজোর্নমেন্ট মোশান হচ্ছে

"This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence. namely, acute food situation in the State of West Bengal particularly in Nadia, Murshidabod, Cooch Behar, Jalpaigri, etc. Alarming reports are daily pourning in from different parts of West Bengal that price of rice is going up by leaps and bounds. In Nadia district price is now varying between Rs. 1.05 P and Re. 1.10 P. per Kg. Supply of rice and atta through M.R. Shops is extremely irregular and scanty. Fish has almost disappeared from the market. Immediate steps should be taken to guarantee full supply of rice and atta through M.R. Shops and rice should be rushed to border districts in the present context of bellicose Pak attitude and reported massing of Pakistani troops along the border of Nadia and other border districts—for supply through sponsored shops at controlled rate and open more M.R. Shops, etc.".

আমি স্যার কোন কমেন্ট করছি না। আমি যে টেলিগ্রামটা পেয়েছি তা এখানে পড়ে দিচ্ছি। সত্যদাস গুপ্ত, অ্যাডভোকেট ও জেনারেল সেক্রেটারী, পি এস পি, নদীয়া, তিনি লিখছেন—

"Food situation in Nadia alarming rice soaring up. Supply of rice through M.R. Shop must be guaranteed. Border district needs special attention. Ask Chief Minister to rush rice to Nadia from surplus district and to take immediate steps to fully protect neglected Nadia Border".

এটা আমি মুখ্যমন্ত্রীর কাছে দেবার জন্য অনুরোধ করছি।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: স্যার, আমার অ্যাডজোর্নমেন্ট মোশান হচ্ছে চালের দাম যেভাবে বাড়ছে সেই সম্পর্কে—

"The House do now adjourn to discuss a matter of urgent public importance, namely, the menacing upward trend of rice prices in the rural areas of the State presaging serious troubles ahead in the countryside as also the

possible breakdown of statutory rationing in Calcutta metropolitan area also.":

আপনি পারমিশান দেন নাই, আমি সে সম্বন্ধে বলছি না। কিন্তু এ সম্বন্ধে বিবেচনা করতে বলি। এই রকম বিষয়ে পারমিশান না দিলে কিভাবে আমরা পাবলিক ডিউটি করতে পারবো সেটা আমাদের বুঝিয়ে বলবেন।

আমার দ্বিতীয় অ্যাডজোর্নমেন্ট মোশান হচ্ছে পাক-ভারত যে সংঘর্ষ চলছে সেই সম্পর্কে—

"The House do now adjourn to discuss the following matter of urgent public importance, namely, following the continuing troubles and clashes in both eastern and western borders of India the sagging internal moral as also the question of buttressing and strengthening inter-communal amity and of restoring confidence demand an immediate all-India campaign on national integration, national defence and communal harmony."

এ বিষয়েও আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয় খুব আশ্চর্য হয়ে গেলাম যে কি কারণ থেকে এটাকে অনুমতি দিলেন না। কারণ এই রকম একটা জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আমাদের মত পাবলিক পর্জিসনের লোকের প্রত্যেকের প্রত্যেক জেলায় কি করা হয়েছে বা করা উচিত সমবেত-ভাবে বসে একত্রে আলোচনা করে সিদ্ধান্ত করে কোন উপায় বের করা প্রয়োজন। এই হাউস অ্যাডজোর্ন করে সেই সম্পর্কে যদি দু-একটা কথা বলেন, তাহলে বাধিত হব।

[2-10—2-20 p.m.]

শ্রী[illegible]: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার যে মুলতুবী প্রস্তাবটা বলতে চাইছি সেটা হচ্ছে এই,

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

Food situation in West Bengal

Prices of rice are rising day by day in different districts of West Bengal. Scarcity of rice is also there in the open market. The people of West Bengal are in much distress due to the above reasons.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্যসংকট সম্পর্কে আমি আমার মুলতুবী প্রস্তাবে যেটা বলেছি তাতে বিশেষ করে আলদহ শহরের প্রকাশ্য বাজারে চাল পাওয়া যাচ্ছে না এবং যদিও পাওয়া যাচ্ছে তাও আবার ২ টাকা কে জি-তে উঠে গেছে। এ সম্পর্কে আপনি আমার মুলতুবী প্রস্তাব নাকচ করেছেন ঠিকই, কিন্তু এই কথা বলবার সুযোগ পেয়েছি বলে আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ করছি তাঁরা যেন প্রয়োজনীয় ব্যবস্থা করেন।

শ্রীসুনীল দাশগুপ্ত: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি [illegible] রায় প্রধান, এবং কমল গুহ এই তিনজনে মিলে যে অ্যাডজোর্নমেন্ট মোশন মুভ করেছিলাম, প্রথমে আমি সেটা পড়ে শোনাচ্ছি।

We beg to move the following Adjournment Motion to discuss an urgent matter of public importance:—

The proceedings of the House do now stand adjourned to discuss an urgent matter of public importance, namely,—

The serious food scarcity throughout North Bengal

Rice is not available at fixed prices. Food situation is very serious—M. R. Shops not being introduce in villages—Edible oil, coal, kerosene, sugar and essential commodities are not available in the open market.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি এই হাউসে আমাদের আজকে একটা নূতন অধিকার দিয়েছেন বলে আমি মনে করি যে আমাদের একটি অধিকার দিয়ে সেই অধিকার কেড়ে নেবেন না। আমার এই মুলতুবী প্রস্তাবের উপর আমরা এর আগে কয়েকটি কথা বলবার সুযোগ পেয়েছিলাম। আমি আশাকরি আপনি সেই অধিকার আমাদের দেবেন। প্রথমতঃ আমি বলতে চাই গত বছর নভেম্বর মাসে এই হাউসে দাঁড়িয়ে আমাদের মুখ্যমন্ত্রী সারা পশ্চিমবঙ্গে খাদ্য-শস্যে স্টেট ট্রেডিং করবেন বলেছিলেন। কিন্তু এই অ্যাসেমব্লীর মধ্যে তিনি যে পবিত্র আশ্বাস দিয়েছিলেন সেটা পরিত্যাগ করে খাদ্য-শস্যের ব্যবসায় রাষ্ট্রীয়করণ করলেন না এবং আমরা দেখলাম কলকাতা এবং তার শিল্পাঞ্চলে স্ট্যাটুটরি রেশনিং চালু করে বাংলাদেশের অন্যান্য অঞ্চলকে মুনাফাবাজী এবং চোরাকারবারীদের হাতে তুলে দিলেন। আজকে আমি পরিষ্কারভাবে বলতে চাই পশ্চিমবঙ্গের বর্তমান যে খাদ্যের অবস্থা এবং বিশেষ করে আমাদের উত্তরবঙ্গের খাদ্যের অবস্থা যা দাঁড়িয়েছে—আমরা কিছুদিন আগে কাগজে দেখেছি যে পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রিসভা বিশেষভাবে বিবেচনা করেছেন। তাই আমি দাবী করি এই যে এদিকে সীমান্তে পাকিস্তানী গোলযোগ এবং পাকিস্তান সৈন্য-সামন্ত নিয়ে দাঁড়িয়ে আছে। দেশের মধ্যে পঞ্চমবাহিনী আছে এবং তারপর খাদ্যশস্যের চোরাকারবারী ও মুনাফাবাজী পশ্চিমবাংলার অন্যান্য অঞ্চলে চলেছে সেই কারণে আমি আশা করি আপনি আমাদের মুলতুবী প্রস্তাব উত্থাপন করতে দিয়ে দেশের একটা সমূহ সমস্যাকে আলোচনা করতে সময় দেবেন।

Mr. Deputy Speaker: I have refused consent to all the motions.

শ্রী [illegible] গুহ: মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে আমিও এই অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলাম সুনীল দাশগুপ্তের সাথে। কিন্তু আমরা বুঝতে পারলাম না যে সারা বাংলাদেশের সাথে উত্তরবঙ্গেও যখন এইরকম খাদ্যসংকট এবং সাধারণ মানুষ যখন খাদ্যের সন্ধানে ছুটে বেড়াচ্ছে, মানুষের দৈনন্দিন জীবনযাত্রা বিপর্যস্ত হয়ে গেছে, সরকারের দৃষ্টি আকর্ষণ করেও খাদ্য যোগাড় হচ্ছে না, তখন সম্পূর্ণ মুনাফাখোরদের হাতে সরকার জনসাধারণকে ঠেলে দিয়েছে। আর একদিকে কন্ট্রোল ব্যর্থ হয়ে গেছে, রেশনিং ব্যর্থ হয়ে গেছে। এই অবস্থায় আজকে আপনি আমাদের যে অনুমতি দিলেন না, তার কারণ কিছু বুঝতে পারলাম না। দেশে এর থেকে আর কি জরুরী অবস্থা এলে আপনি অ্যাডজোর্নমেন্ট মুভ করতে দেবেন যেদিন লোক না খেয়ে মরে যাবে, যেদিন সমস্ত দেশ শ্মশান হয়ে যাবে সেদিন কি আপনি অ্যাডজোর্নমেন্ট মোশন মুভ করতে দেবেন? তার আগে যখন মানুষ খেতে পাবে না, ক্ষিধের জ্বালায় ছট-ফট করবে স্কুলের ছেলে-মেয়েরা—২ কে জি চালের জন্য লাইনে দাঁড়িয়ে স্কুলে যেতে পারে না, যেখানে চিনি, চাল, ডাল, কেরসিন, সরিষার তেল, ইত্যাদি পাওয়া যায় না—সমস্ত উত্তরবঙ্গের যখন এই অবস্থা তখন যদি আপনি আলোচনা করতে সুযোগ না দেন এবং আপনাদের কতকগুলি আজে বাজে বিল এখানে আলোচনা করবেন এটা যদি মন্ত্রিমহাশয় মনে করে থকেন, এই অবস্থায় হাউস এইভাবে চলবে এবং অন্যান্য আলোচনা চলবে, অথচ দেশের যেটা সমূহ খাদ্যসংকট সেটার সুযোগ আমরা উত্তরবাংলার লোক এখানে এসে পাব না সেটা হতে পারে না। আমাদের কাছে এটা সবচেয়ে আশ্চর্য লাগছে যে আপনি আজকে দেশের এই অবস্থাটা বিবেচনা করতে পারলেন না বা মন্ত্রীসভা আপনার কাছে এইভাবে বক্তব্য রাখলেন না। তাঁরা এখানে শুনছেন, অথচ কিছু করছেন না। আমরা দেখছি যে সরকারী কর্মচারীরা এবং মুনাফাখোররা এক সাথে যোগসাজসে উত্তরবাংলার খাদ্যসংকটকে আরো তীব্রতর করে তুলেছে। কাজেই আমরা এ সম্বন্ধে আলোচনা করতে চাই এবং আমরা অনুরোধ করব যে খাদ্য সম্পর্কে এখানে আলোচনা করবার একটু সুযোগ দেবেন।

শ্রীজ্যোতি বসু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি জানি না মন্ত্রিমহাশয় কি বলবেন। ওঁকে কি বলবার জন্য আপনি ডেকেছেন? কিন্তু আমি একটি চিঠি দিয়েছিলাম এবং যখন আপনার দপ্তর থেকে আমরা একটা চিঠি পাই তাতে লেখা ছিল ৪ দিনের অধিবেশন এইবার হবে এবং আমি তৎক্ষণাৎ চিঠিটা স্পীকারের কাছে পাঠাই এবং শ্রী কোলের কাছেও পাঠাই। কারণ, মুখ্যমন্ত্রী এখানে নেই এবং সেটা হচ্ছে ৪ দিনের এজেন্ডা আছে, অন্য যা বিল আছে সে সব আছে। কিন্তু দুটি বিষয়ের উপর কিছু দেখলাম না। একটি হচ্ছে খাদ্য-সংকট। সে বিষয়ে শুধু একটু বিবৃতি শুনে আমাদের লাভ নেই, সে বিষয়ে একটা আলোচন দরকার। এটা শুধু উত্তর বাংলার ব্যাপার নয়, সমস্ত বাংলাদেশের ব্যাপার। আমি ২৪-পরগণার দু-একটি জায়গায় গিয়েছিলাম। সেখানে চাল উধাও হয়ে গেছে, বাজারে চাল নেই এবং য পাওয়া যাবে তাও চুরি করে ১ টাকা ১০ পয়সায় বিক্রী হচ্ছে। এখন এই অবস্থায় স্বাভাবিক-ভাবে আমরা লিখেছিলাম, অধিবেষণ যখন আমাদের চলছে তখন এটার জন্য একটা দিন ধার্য করা উচিত। আজকে যদি না করতে পারেন মুলতুবী প্রস্তাবের উপর, তাহলে আমরা জানতে চাই কবে হবে? বিবৃতি আমরা অনেক শুনেছি, আর শুনতে চাই না, আমরা আলোচনা করতে চাই। কারণ, আপনি জানেন যে এখানে বলা হয়েছিল বাম্পার ক্রপ হয়েছে। বাম্পার ক্রপ হলে ১ টাকা ১০ পয়সা চালের দাম কি করে হতে পারে? কাজেই আমরা এই সব অনেক তত্ত্ব কথা শুনেছি। এখন আমরা আলোচনা চাই, আমাদের বক্তব্য একটা বলতে চাই। দ্বিতীয়তঃ আমি আপনাকে বলে দিই হয়ত উঠে কিছু বলে দেবেন, তারপরে আপনি সময় দেবেন না আমাদের আলোচনা করতে। সে বিষয়ে একটা দিন ধার্য করতে হবে। তৃতীয়তঃ হচ্ছে সীমানা নিয়ে এর আগের বারেতে এখানে কথা হল যে আমরা নানা রকম আশ্বাস পাবো ইত্যাদি শুনলাম। এখন আবার নূতন করে যখন এই সমস্ত ঘটনা হচ্ছে, এর একটা সঠিক ব্যাপার আমরা কিছু বুঝতে পারছি না। সেই জন্য আমার মনে হয় যে এটা একটা আলোচনার বিষয়বস্তু। সব জিনিস আলোচনা করার সুযোগ পাওয়া যায় না। কিন্তু যতটা পারা যায় সেটা হতে পারে এটা মন্ত্রিমণ্ডলী একটু আমাদের সঙ্গে বসে চিন্তা করে দেখুন যে তাঁদের দেওয়া উচিত কিনা। আমার আর একটা কথা ছিল, কারণ এই সব যে প্রোগ্রাম জড়িয়ে যাচ্ছে হঠাৎ দেখলাম আজকে ১ ঘণ্টা দেওয়া হয়েছে। শ্রীনন্দা আমাদের কম্যুনিস্ট পার্টির বিরুদ্ধে যে সব মিথ্যা অভিযোগ করেছেন সেই বিষয়ে আলোচনা করবার জন্য তিনি যে বিবৃতি পার্লামেন্টে দিয়েছেন তার জন ২ ঘণ্টা ধার্য করা হয়েছে। এখন ২ ঘণ্টায় কি করে হবে? আমার একারই তো ১ ঘণ্টা লাগবে কাজেই যেখানে ১ হাজার লোক জেলে আছে সেখানে ২ ঘণ্টায় আলোচনা হয় না। সেই জন অন্ততঃ আমি মনে করি একটা দিন, তার বেশী যদি নাও দেওয়া যায়, একটা পুরো দিন দিলে ভাল হয়। আমি শ্রী কোলেকে বলেছিলাম এবং তিনি বলেছেন যে আচ্ছা আমরা ভেবে দেখে একটা কিছু স্থির করব। সেই জন্য আমার মনে হয় হাউস শেষ হবার আগে মোট ৪ দিনের প্রোগ্রাম আছে। আমরা জানতে চাই যে এ বিষয়গুলি কি হবে? কোনটা ক ঘণ্টা আলোচন হবে এবং কিভাবে হবে এগুলি একটু আমাদের জানা প্রয়োজন আছে।

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, জ্যোতিবাবু যে সাজেশন দিয়েছেন আমার মনে হয় সেটা যুক্তিসঙ্গত এবং সেটা সাব্যস্ত করবার জন্য আপনি অ্যাডভাইস করুন যাতে বিজনেস অ্যাডভাইসরী কমিটি আজকে মিট করে, করে প্রোগ্রাম সম্বন্ধে আলোচন করুন।

মিঃ ডেপুটি চেয়ারম্যান: প্রোগ্রাম ঠিক না হলে বিজনেস অ্যাডভাইসারী কমিটি কি করবে?

শ্রীসোমনাথ লাহিড়ী: বিজনেস অ্যাডভাইসারী কমিটি ঠিক করতে পারেন যে প্রোভাইডেড দেয়ার ইজ গুডউইল অন বোথ সাইডস্ এই প্রোগ্রাম হবে সেটা তো সম্ভব নয়, আপনি তো এক করতে পারবেন না, গভর্নমেন্ট পক্ষ আছেন। কাজেই বিজনেস অ্যাডভাইসারী কমিটি এই জন হয়েছে যে, যে বিজনেস আছে তার ফারদার কি হবে এবং নূতন বিজনেস ইনক্লুড করা হবে কিন সে সম্বন্ধে আলোচনা করে ঠিক করা হয় সাধারণতঃ। কাজেই সেটার যদি একটা ব্যবস্থা হয় তাহলে আমরা একটা সিদ্ধান্তে পৌঁছুতে পারি।

[2-20—2-30 p.m.]

শ্রীহেমন্ত বসুঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্য পরিস্থিতি নিয়ে সারা বাংলাদেশময় এবং বিশেষ করে উত্তরবঙ্গের যে অবস্থা তার কথা এর পূর্বে আমাদের পার্টি এর ডেপুটি লিডার ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয় বলেছেন। আজকে চাল পাওয়া যাচ্ছে না, চালের চারিদিকে অভাব এই অবস্থায় আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু সরকার এ বিষয়ে কিছু বলেন নি। বিষয়টা অত্যন্ত জরুরী—এই খাদ্য পরিস্থিতির জন্য যে অ্যাড-জর্নমেন্ট মোশন দিয়েছিলাম তা আপনি অ্যালাউ করেন নি। আমরা মনে করি এ নিয়ে আলোচনা করা উচিত যে সমস্ত বিল আছে—তার চেয়েও এ খাদ্য পরিস্থিতি অনেক গুরুত্বপূর্ণ সেজন্য খাদ্য পরিস্থিতি এবং সীমান্তের ব্যাপার নিয়ে ২টা দিন ধার্য করা হোক এটাই আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করছি। খাদ্য পরিস্থিতি অত্যন্ত জটীল এবং জরুরী। সরকার স্ট্যাটুটরি রেশনিং করে কন্ট্রোল করে কিছুই করতে পারেন নি। অন্য দিক থেকে সরকার এই সীমান্তের ব্যাপারে কি করছেন সেটাও আমরা জানতে চাই। আমাদের বর্ডার রক্ষার জন্য এখানে আলোচনা হওয়া দরকার, বর্ডার-এর প্রোটেকশন দরকার। এর জন্য আমরা প্রস্তাবও দিয়েছি রুল ১৮৫ অনুসারে আমরা এ সম্বন্ধে আলোচনা করতে চাই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ জ্যোতিবাবু এবং হেমন্তবাবু যে কথা বললেন এর পরে আমিও কিছু বলতে চাই। তাঁরা যা বললেন আমি সেটাকে সমর্থন করি। আমি মনে করি এ সম্বন্ধে কিছু না বললে আমাদের পবিত্র কর্তব্য যে কর্তব্য থেকে চ্যুত হবো। মুর্শিদাবাদ জেলায় আমি দেখেছি যে চালের জন্য চারিদিকে হাহাকার আরম্ভ হয়েছে কোন জায়গায় চাল পাওয়া যাচ্ছে না এবং যা ২।১ জায়গায় পাওয়া যাচ্ছে তা ব্ল্যাক মার্কেট-এ বিক্রী হচ্ছে, সেটা সরকার পক্ষ থেকে ধরতে সাহস নেই, চাল একেবারে উধাও হয়ে যাবে বলে। সরকার নিজেকে নিজের কনডেম করছেন এখানে মুখ্যমন্ত্রিমহাশয় বলেছিলেন যে বাম্পার রুপ হয়েছে কিন্তু আজকে কি অবস্থা দেখছি। আমি জিজ্ঞাসা করছি আমরা কি এখানে কেবল ঠাট্টা তামাসা করতে এসেছি। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয়দের পক্ষ থেকে কি বলার আছে সেটা জানতে চাই। এর এফেক্ট কি সেটা আমরা জানতে চাই। কিন্তু আমরা দেখছি সব উল্টো হয়ে যাচ্ছে আমরা এ্যাডজয়েণ্টমেণ্ট মোশান দিয়েছিলেন তা আপনি তুলতে দিলেন না আমি প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকেই বলছি যে মুর্শিদাবাদ জেলায় এ ধরনের অবস্থা হয়েছে এর আগে কাশীবাবু এবং কমলবাবু বলেছেন এ্যাকচুয়েলী সমস্ত পশ্চিমবাংলায় এরূপ অবস্থা, সুতরাং এ সম্বন্ধে একটা আলোচনা হওয়া উচিত। আজ এরূপ অবস্থা যদি চলতে থাকে বিশেষ করে বর্ডার-এর উল্টো দিকে পাকিস্তান যেখানে ওয়ারলাইক প্রিপারেশন করছে—আমি বলছি পাকিস্তান যেভাবে সৈন্য সাজাচ্ছে আমার কাছে রিপোর্ট আছে যেভাবে তারা আরটিললারি রাজসাহীর ওধারে রেখেছে সেদিক থেকে মানুষের মনে যদি আজ আশা না থাকে তাহলে আমরা কি করে কি করবো। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে আপনি এটা একটু চিন্তা করে দেখুন। জ্যোতিবাবু যেটা বলেছেন সেটা মঞ্জুর করুন এবং ২টা দিন আপনি দিন। আমাদের ফুড-এর উপর ডিসকাস হোক এবং ক্যাটিগোরিক্যালি জগন্নাথ কোলে মহাশয় বলুন যে এই যে ফুড সিচুয়েশান এই সিচুয়েশান-এর উপর আলোচনা হোক। এই ২টা যা বললাম এটা একবারেই হোভারিং এ সম্বন্ধে পশ্চিমবাংলার লোক শঙ্কিত এটা যদি আমরা আলোচনা করতে না পারি তাহলে আমাদের পবিত্র কর্তব্যচ্যুত হব বলে আমরা মনে করি।

শ্রীজগন্নাথ কোলেঃ ফুড ডিবেট-এর জন্য হেমন্তবাবু চিঠি লিখেছিলেন এবং এ ছাড়া আরও ৪।৫ জন লিখেছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে। যখন আমাদের বাজেট ডিবেট তখন কথা হয় ফুড ডিবেট দরকার নেই কারণ আমরা মনে করছি যে বাজেটের মধ্যে অনেকটাই ফুড ডিবেট হয়ে গেছে।

কমলকান্তি গুহঃ আপনারা বলেছিলেন যে বাম্পার ক্রপ হয়েছে, আমরা সেটাই দেখতে চাই।

শ্রীজগন্নাথ কোলেঃ এ নিয়ে অনেক ডিবেট হয়েছে সেজন্য আমরা মনে করেছিলাম এজন্য দিন দেবার দরকার নেই। মাননীয় সদস্যরা এ্যাডযারমেণ্ট মোশান-এর অনুমতি চেয়েছিলেন। এ নিয়ে অনেক ডিসকাসান হয়েছে। ও'রা যুক্তি দিয়ে বলেছেন যে একটা দিন ধার্য করুন আলোচনার জন্য। আমি বলতে চাই যে আমরা ৭ই মে হাউস শেষ করবো এবং কালকে এই সম্বন্ধে স্মরজিতবাবু একটা স্টেটমেণ্ট দেবেন এর পর আমাদের তরফ থেকে কোন আপত্তি হবে না, কিছু সময় দেওয়ার জন্য এবং এ ব্যাপারে ডিসকাসান করতে আপত্তিও হবে না। তবে স্মরজিৎবাবু স্টেটমেণ্ট দেবার পর যদি আপনারা চিন্তা করেন যে এর উপর ডিবেট দেওয়া প্রয়োজন তা হলে বিসনেস এ্যাডভাইসরি কমিটির মিটিং বসাতে হবে এবং আমাদের বিসনেস সেভাবে এ্যাডজাস্ট করতে হবে। এ ব্যাপারে তোমার নির্দেশ মেনে নেবো।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ হাউসই সুপ্রিম বডি সুতরাং হাউসের কাছে বলতে হবে যে ফুড ডিবেট হবে কিনা। স্মরজিৎবাবু একটা স্টেটমেণ্ট দেবেন তাতে কি থাকবে ইন এণ্টিসিপেশন আমরা তো কিছুই জানি না তার স্টেটমেণ্ট-এ কি সরকারের নীতি থাকবে?

মিঃ ডেপুটি স্পীকারঃ এ নিয়ে আলোচনা দরকার অধিকার নেই।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমরা জানতে চাই ডিবেট হবে কিনা?

শ্রীজগন্নাথ কোলেঃ কালকে স্টেটমেণ্ট দেবার পর যদি মাননীয় ডেপুটি স্পীকার মনে করেন যে একটা ডিসকাসন দরকার তাহলে আমাদের দিক থেকে কোন আপত্তি হবে না।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ তাহলে এটা ডেপুটি স্পীকার ঠিক করবেন এবং ডিসকাসন হবে আমরা ধরে নেব?

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ মনে হচ্ছে গভর্নমেণ্টের তরফ থেকে রাজী আছেন ফুড ডিবেট-এর ব্যাপারে, তাহলে এখন প্রশ্ন হচ্ছে ১০ তারিখে ফুড ডিবেট হতে পারে এবং এর জন্য এক্সট্রা ডেট দেওয়ার দরকার।

শ্রীজগন্নাথ কোলেঃ সেজন্য বলছি কালকে স্টেটমেণ্ট দেবার পর বিসনেস এ্যাডভাইসরি কমিটির মিটিং বসে এটা এ্যাডজাস্ট করতে হবে সে ৭ই করুন, ১০ই করুন বা কবিগুরুর জন্ম-দিনে করুন তাতে আপত্তি নেই।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ একটা প্রশ্নের জবাব দিয়েছেন সে সম্বন্ধে আশা করতে পারি কিছু হবে কিন্তু আর একটা কথা হল সীমান্ত আক্রমণ সম্বন্ধে। এই হাউসে এটা নিয়ে আলোচনা নিশ্চয়ই করা দরকার।

শ্রীজগন্নাথ কোলেঃ আমি মনে করি এখানে এ আলোচনা হওয়া উচিত নয় এবং সেজন্য আমরা এটা এগ্রি করতে পাচ্ছি না।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমাদের কথা হচ্ছে যখন চীন সীমান্ত আক্রমণ করেছিল এই হাউসে ডিসকাস হয়েছিল এবং এ ব্যাপারে আমরা একটা সিদ্ধান্ত গ্রহণ করতে পারি। আজকে পাকিস্তানের আমাদের এই সীমান্ত আক্রমণ নিয়ে যে অবস্থা হয়েছে তা নিয়ে আলোচনা করা একটা কর্তব্য বলে মনে করি। কাজেই আমরা মনে করি এ নিয়ে একটা দিন ধার্য করা দরকার। যদিও বিষয়টা কেন্দ্রীয় কিন্তু সীমান্তের মানুষের মনে একটা প্রশ্ন জেগেছে সে প্রশ্ন সম্বন্ধে

পশ্চিমবঙ্গ বিধানসভায় কি বক্তব্য আছে সেটা মানুষ জানতে চায়, কাজেই এ সম্বন্ধে বলার দরকার আছে। সেজন্য এটাকে এজেন্ডা এর মধ্যে রাখা দরকার। আমি গভর্নমেন্ট হুইপকে অনুরোধ করবো যাতে এটা আলোচনা হয় সেটা দেখবেন।

শ্রীহেমন্তকুমার বসু: সীমান্তে রান অফ কচ যে অবস্থা ঘটেছে তার পর জনসাধারণের সরকারের বিরুদ্ধে নৈরাশ্যের ভাব এসেছে। সেদিক থেকে আমরা দেখছি সীমান্তের চতুর্দিকে পাকিস্তানী সৈন্য সমাবেশ হয়েছে। কাজেই এ সম্বন্ধে জনসাধারণের মনে যে একটা নৈরাশ্য এসেছে তা দূর করবার জন্য যাতে অ্যাসেমব্লীতে ভালভাবে আলোচনা করতে পারি সরকার কি করছেন না করছেন যাতে জনসাধারণ তা জানতে পারে সেদিক লক্ষ্য রেখে এটা করা দরকার এবং আমি মনে করি এটা করলে ভাল হবে।

কাজেই সেদিক থেকে আমি বলছি যে ১০ই তারিখে হোক ১১ই তারিখে হোক খাদ্য সম্বন্ধে আলোচনা হোক—এবং আমার একটা প্রস্তাবও দেওয়া আছে এ বিষয়ে একটা ভাল করে আলোচনা হোক। কারণ এটা খাদ্যের চেয়ে কোন অংশে কম নয় এবং অত্যন্ত জরুরি—তাই দাবি করেছি যে সীমান্ত সমস্যা নিয়ে একদিন আলোচনা হোক।

[2-30—2-40 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মিঃ ডেপুটি স্পীকার, স্যার সীমান্ত সমস্যা নিয়ে হেমন্তবাবু যে কথা বলেছেন—আপনিও জানেন আমি সেটা সমর্থন করছি—কিন্তু জগন্নাথবাবু বলছেন যে এ সম্বন্ধে আমাদের কোন ডিবেট দিতে উনি রাজী নন। আমি এর আগে দেখেছি যে সীমান্ত সমস্যা নিয়ে ডিবেট হয়েছে—কিন্তু এখন কেন যে রাজী নন সেটা বুঝতে পারছি না। এটা যদি ভাল করে বোঝাতেন তাহলে না হয় আমরা বুঝতে চেষ্টা করতাম। আমি জগন্নাথবাবুকে বলছি যে আমরা সীমান্তের লোক আমরা সীমান্তের হানা সম্পর্কে খবর পাচ্ছি এবং কিভাবে আমাদের সীমান্ত রক্ষিত হবে সে সম্বন্ধে আমরা অত্যন্ত উদ্বিগ্ন হয়ে আছি। আমরা আমাদের সীমান্ত রক্ষা করবো—সমস্ত বাংলাদেশের জনসাধারণ তাদের রক্ত দিয়ে সীমান্ত রক্ষা করবে—আমি বলছি যে কত দিন আর এইভাবে আমাদের দেশকে অপমানিত করবেন—কত দিন আর ভারতবর্ষের মুখ পৃথিবীর কাছে কালো হয়ে থাকবে—সেই জন্য আমরা জানতে চাই যে পশ্চিম-বাংলায় আপনারা কি করছেন সেটা আমাদের জানান—আমাদের জানবার অধিকার আছে—মিলিটারি সিকনরট সম্বন্ধে জিজ্ঞাসা করবো না—পলিসি সম্বন্ধে জিজ্ঞাসা করবো। আর সীমান্তে যেভাবে পাকিস্তানের তরফ থেকে উস্কানি দেওয়া হচ্ছে এবং একটু আগেই আমরা দেখেছি যে ১ বছরে মুর্শিদাবাদ সীমান্তে ১০টি ঘটনা ঘটে গেছে। এ ব্যাপারে আমরা খবরের কাগজও দেখছি এবং আমি খবরের কাগজেরই কথা বলছি যে সমস্ত ভারতবর্ষের উপর একটা চাপ দেবার জন্য এমনকি—যুদ্ধের অবস্থা সৃষ্টি করার জন্য চেষ্টা হচ্ছে—যেটা শাস্ত্রীজীও বলেছেন প্রস্তুত থাক—সেই জন্য পাকিস্তান অগ্রসর হচ্ছে কাজেই একটা ডিবেট করবো—তা না করে আমরা এখানে অন্যান্য বিল আলোচনা করবো—অথচ আমাদের মাতৃভূমির জন্য কি করা হবে সে সম্বন্ধে আলোচনা করবো না এ কথা আমি অন্তত স্বীকার করতে পারছি না। আপনি পার্লামেন্টারী অ্যাফেয়ার্সের মিনিস্টার হিসাবে আপনি বলুন যে সীমান্ত সমস্যা সম্বন্ধে ডিবেটের জন্য একটা দিন ধার্য করতে রাজী আছেন কিনা—এটা আমাদের দাবী। আমরা কারও কাছে দয়া ভিক্ষা করছি না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: স্যার, আমি বুঝতে পারছি না, মাননীয় কোলে মহাশয় কি করে বলছেন যে সীমান্ত সম্বন্ধে আমরা আলোচনা করবো না—অথচ পার্লামেন্টে আলোচনা হচ্ছে।

শ্রীজগন্নাথ কোলে: এখানে আমাদের রুল অনুযায়ী দিস ইজ নট দি ফোরাম, আমরা আলোচনা কোন রকম করতে পারি না—নীতিগত ব্যাপারে এখানে।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: স্যার, চাইনিজ এগ্রেসনের সময় এখানে ডিবেট হয়েছিল অথা আজকে কেন হবে না—এইভাবে আমাদের অবমাননা করা হচ্ছে মন্ত্রিসভার তরফ থেকে। আমি বলছি যে উত্তরবঙ্গের সীমান্তের অবস্থা অত্যন্ত শোচনীয়। আমাদের ওখানে পুলিশের বে প্রতিরক্ষা ব্যবস্থা আছে—অর্ধেন্দুবাবু নিশ্চয় স্বীকার করবেন যে, ২৯শে এপ্রিল তারিখে আপনাদের পুলিশ নিজেরা আগুন লাগিয়ে তারা রাইফেল গুলি বন্দুক পাকিস্তানে পাচার করে দিয়েছে—এই অবস্থা সেখানে চলছে—কাজেই আমি বলছি সীমান্ত নিয়ে এখানে একটা ডিসকাসন হবার প্রয়োজনীয়তা আছে। আপনারা পুলিশের খাতে মিলিটারির খাতে খরচ করবেন—কাজেই ডিসকাসন কেন হবে না—এই জিনিসটার ডিসকাস করার অধিকার আমাদের আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে উত্তরবঙ্গে একদিকে পাকিস্তান আর একদিকে চীন মুখোমুখি দাঁড়িয়ে অছে। আজকে হলদিবাড়ি জলপাইগুড়ি শিলিগুড়ি সর্বত্র মিলিটারিতে ছেয়ে গেছে—সেদিন আপার হাউসে রবীন্দ্রলাল সিংহ মহাশয় উত্তর দিয়েছিলেন যে আমাদের কোন জমি পাকিস্তানের দখলে নেই—কিন্তু জলপাইগুড়ির ডি সি এবং ইস্ট দিনাজপুরের ডি সি-র যে সম্মেলন হোল তাতে আমাদের যে ৬০, বিঘা জমি তারা দখল করে আছে সে সম্বন্ধে। অথা এখানে মন্ত্রিসভার সদস্যরা মিথ্যা স্তোকবাক্য জানাচ্ছেন। সর্দার সরণ সিং-ও জানিয়েছেন যে পশ্চিমবঙ্গ সরকার আমাদের জানিয়েছেন যে কোন জমি আমাদের পাকিস্তানের দখলে নেই কেন এই রকম করা হচ্ছে? আসল কথা আমাদের সীমান্ত ধীরে ধীরে পাকিস্তানীরা গ্রাস করছে—ও'রা চাচ্ছেন যে পাকিস্তানীরা গ্রাস করে নিক—সেজন্য আমি বলব যে এ ব্যাপারে একটা ডিসকাসন হওয়া দরকার।

মিঃ ডেপুটি স্পীকার: আমি একটা কথা বলছি মুখ্যমন্ত্রী ৬ তারিখে আসছেন। তিনি এলে আপনারা তাঁর কাছে এই সমস্ত কথা জানাবেন। এখন আর আলোচনা করে কি হবে? তাঁকে আসতে দিন, তিনি আসুন—তার পর আপনারা তাঁর সঙ্গে আলোচনা করবেন।

শ্রীকমলকান্তি গুহ: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমাদের ভারতবর্ষ বা আমাদে পশ্চিমবঙ্গের উপর আক্রমণ হবে—আর সে সম্বন্ধে এ মন্ত্রিসভা আলোচনা করতে চাচ্ছেন না-অথচ চীন যখন ভারতবর্ষ আক্রমণ করেছিল—যখন পশ্চিমবঙ্গের সীমান্ত থেকে অনেক দূরে চীনাবাহিনী ছিল তখন পশ্চিমবঙ্গ বিধানসভার ভিতরে চাইনিজ অ্যাগ্রেসন সম্বন্ধে আলোচ হয়েছিল। তাঁরা সেদিন কেন করেছিলেন—তখন কমিউনিস্ট পার্টিকে রাজনৈতিকভাবে কি ক অপদস্থ করা যায় সেই সুযোগ তাঁরা নিতে চেয়েছিলেন, আর আজকে আলোচনা করছেন না এ জন্য যে যেহেতু আজকে পাকিস্তানের আক্রমণ সম্বন্ধে বা পাকিস্তানী চর সম্বন্ধে আলোচ করলে ও'দেরই কতকগুলি লোকের গায়ে লাগতে পারে সেই জন্য ও'রা সাহস পাচ্ছেন না কিন্তু আমি বলছি যে এ সম্বন্ধে আলোচনা করতে হবে। আজকে ও'রা দেশকে কিভা পাকিস্তানের হাতে তুলে দিচ্ছেন কিভাবে পাকিস্তান গুপ্তচরবৃত্তি করছে সেটা সকলের জা দরকার। এই হাউসে আমরা পূর্বে বার বার বলেছিলাম যে পাকিস্তানীদের অনুপ্রবেশ ঘটেছে আমাদের সীমান্তের নিরাপত্তা নষ্ট হচ্ছে। কাজেই আমরা একটা আলোচনা চাই—আম মুখ্যমন্ত্রী-টন্ত্রি বুঝি না—মুখ্যমন্ত্রী বাংলাদেশের সব নন—আমরা মন্ত্রিসভার কাছে জান চাচ্ছি যে এ সম্বন্ধে আলোচনা হবে কিনা?

মিঃ ডেপুটি স্পীকার: একটু পার্লামেন্টারী ওয়েতে বলুন—মুখ্যমন্ত্রীকে বুঝি না—এ কি কথা বলছেন।

শ্রীজ্যোতি বসু: ডেপুটি স্পীকার মহাশয়, একটু মুস্কিল হয়ে যাচ্ছে, আপনি তো বলে মুখ্যমন্ত্রী এলে আপনারা ও'র সঙ্গে আলোচনা করবেন—কিন্তু শ্রী কোলে মন্ত্রিমণ্ডলীর হ বা তাঁর নিজের পক্ষ থেকে বলছেন কিনা জানি না—তিনি বলে দিলেন যে এখানে সীমান্ত বিষয় আলোচনা হতে পারে না—এটা ফোরাম নয়। এটা তো আমরা মানতে পারি না—তি জানেন যে এটা ফোরাম।

মিঃ ডেপ্‌্টি স্পীকারঃ আমিও ও'র কথা তো বলছি না। আমার কথা হচ্ছে, যে আপনারা অন্যভাবে এটা আলোচনা করতে পারেন—রেজলিউসন করবার অধিকার আপনাদের আছে—করতে পারেন। আমি বলতে চাই যে, এখানে আলোচনাটা নিষিদ্ধ এটা আমি বলতে পারি না—এটা আমার ওপিনিয়ন নয়। আমি বলছি আপনারা আলোচনা করতে পারেন—আপনারা রেজলিউসন করে সেণ্টারকে বলতে পারেন, তার অধিকার আপনাদের সম্পূর্ণভাবে আছে।

শ্রীজ্যোতি বস্‌ুঃ আমি জানি না হেমন্তবাবু কি নোটিশ দিয়েছেন কিন্তু আমার কথা হচ্ছে যে ঐ প্রস্তাবটা ব্যালটে তো নাও আসতে পারে—সে তো প্রশ্ন নয়, হেমন্তবাবু একটা নোটিশ দিয়েছেন, এখন ৭ তারিখের বেশী এসেম্বলী চলবে না, বড়জোর উনি বলছেন খাদ্যের জন্য উনি রাজী হয়েছেন ১০ তারিখে হতে পারে। তবে ১০ তারিখে এসে গভর্নমেণ্ট বিসনেস এ্যাডজর্ন করে দিয়ে যদি চলে যান তাহলে আমাদের আর কিছু করার থাকবে না। তা না হলে বিসনেস এ্যাডভাইসারী কমিটিতে বসে আমরা তো কালকেই আলোচনা করতে পারি—এই রকম সুষ্ঠু-ভাবে আমরা করতে পারি—

শ্রীজগন্নাথ কোলেঃ আমি তো সেটাই বলছি।

শ্রীজ্যোতি বস্‌ুঃ আপনি তো এটা বাতিল করে দিয়ে বল্লেন যে সীমান্তের আলোচনা এখানে হবে না।

শ্রীজগন্নাথ কোলেঃ সীমান্তের আলোচনাটা আমি যা মনে করেছি যে এখানে হবে না—তবে ডেপুটি স্পীকার যা বল্লেন, মুখ্যমন্ত্রী এলে তাঁর কাছে বলতে পারেন—তিনি যদি মনে করেন, করবেন—কিন্তু আমি এটা এ্যাকসেপ্ট করতে পারছি না।

শ্রীজ্যোতি বস্‌ুঃ

তার মানে ক্যাবিনেট বলছেন আমরা মুখ্যমন্ত্রী ছাড়া, যদিও সমস্ত ক্যাবিনেট মিনিস্টার কলকাতায় উপস্থিত, রেসপনসিবিলিটি নিতে পারছেন না। মুখ্যমন্ত্রী যখন ৬ তারিখে আসছেন তখন ৬ তারিখের পর আলোচনা হবে, কারণ, মুখ্যমন্ত্রীরই জবাব দিতে হবে, অন কোন মন্ত্রীর হয়ত অসুবিধা আছে এটা আমি বুঝতে পারছি। কিন্তু আপনারা মন্ত্রিমণ্ডলী একেবারে কি এই রকমও বলতে পারেন না যে মুখ্যমন্ত্রী না এলে আমরা বলতেই পারব না যে আলোচনা হতে পারে কিনা?

মিঃ ডেপ্‌ুটি স্পীকারঃ জ্যোতিবাবু, আপনি এত টানবেন না। আমি বলছি তিনি এলে সুবিধা হবে।

[2-40—2-50 p.m.]

শ্রীজ্যোতি বস্‌ুঃ তাহলে কালকে কি এ্যাডভাইসারী কমিটির মিটিং হবে? কারণ, আমার ভয় হচ্ছে আর একবার এই রকম হয়েছিল ডেপুটি স্পীকার মহাশয়, হাউস এ্যাডজোর্ন করে দিয়ে ও'রা চলে গেলেন। আমরা আর কি করে ও'দের ধরব? পিছন থেকে দৌড়ে তো আর ধরতে পারি না। সেজন্য এখন থেকে ঠিক হওয়া দরকার। তা না হলে অন্য সমস্ত বিজনেস বন্ধ করে দিয়ে আলোচনা হোক।

শ্রীজগন্নাথ কোলেঃ হাউস এ্যাড্জোর্ন করেছিলাম তখন একটা ব্যাপার হয়েছিল। তবে এটা বলছি যে কালকে বিজনেস এ্যাডভাইসারী কমিটি ডাকা হোক। সেখানে ঠিক করা হোক কি হবে না হবে।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ স্যার, এটা সম্বন্ধে আমাদের পায়েণ্টটা জানা দরকার যে কি দাঁড়াল। আমরা পরিষ্কার হতে চাচ্ছি।

মিঃ ডেপুটি স্পীকারঃ উনি বলছেন যে বিজনেস এ্যাডভাইসারী কমিটির মিটিং ডাকবেন কালকে।

শ্রীজগন্নাথ কোলেঃ কালকে বিজনেস্ এ্যাডভাইসারী কমিটির মিটিং ডাকা হবে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Secretary (Shri P. Roy): The following Calling Attention Notices have been received, namely,—

(2) Encroachment of land by Pakistani Forces at South Berubari—by Shri Amarendra Nath Roy Prodhan.

(2) 'Rabindra Prize' to a novel of Gajendra Kumar Mitra which had already won 'Academy Prize'—by Shri Sambhu Charan Ghosh.

(3) Non-availability of rice in Asansol and Raniganj areas—by Shri Bejoy Pal.

(4) Implementation of statutory rationing in Asansol subdivision—by Shri Bejoy Pal.

(5) Rise in price of paddy in West Bengal—by Shri Ananga Mohan Das.

(6) Provincial discrimination in admission of patients in Marwari Hospital, Calcutta—by Shri Birendra Narayan Ray and for others.

(7) Closure of Manindra Mills of Cossimbazar in Murshidabad district —by Shri Nikhil Das.

Mr. Deputy Speaker: I have selected the notice of Shri Sambhu Charan Ghosh on the subject of 'Rabindra Prize' to a novel of Gajendra Kumar Mitra which had already won 'Academy Prize'. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Jagannath Kolay: Statement will be made on the 6th next.

Messages

Secretary (Shri P. Roy): Sir, I beg to report that messages have been received from the West Bengal Legislative Council to the effect that the Council had agreed to—

(1) The West Bengal Land Reforms (Amendment) Bill, 1965,

(2) The West Bengal Fisheries (Requisition and Acquisition) Bill, 1965,

(3) The West Bengal Criminal Law Amendment (Special Courts) Amending Bill, 1965, and

(4) The West Bengal Shops and Establishments (Amendment) Bill, 1965,

without any amendments.

Sir, I beg to lay the messages on the table.

Printing mistakes in the Howrah Municipal Bill, 1965, as passed by the Assembly

Mr. Deputy Speaker: Honourable Members, I have to acquaint you that certain printing errors have been detected in the printed copies of the Howrah Municipal Bill, 1965, as passed by this House in this Session. As the Bill has been transmitted to the Council for their concurrence I am sending a Message to the Council in respect of these errors.

ডাঃ আবু আসাদ মোহাম্মদ ওবাইদুল গণি: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাই এই সুযোগ দেবার জন্য। কালকের একটি ঘটনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এন্টালী কনস্টিটিউয়েন্সীতে ডক্টর সুরেশ সরকার রোডে স্ট্যান্ডার্ড ফারমাসিউটিক্যাল ওয়ার্কস ওষুধের দোকান। তাতে কালকে অ্যাকসিডেন্টালী আগুন ধরে যায় এবং তার অনেক ক্ষতি হয়। সেখানে আজকে আমি গিয়ে দেখে এসেছি। ওখানে একটি ছোট কম্পাউন্ডের মধ্যে ঐ স্ট্যান্ডার্ড ফারমাসিউটিক্যাল ওয়ার্কস-এর স্টোর ও অফিস আছে। তার কাছেই কয়ার কোম্পানী ও মার্কস কোম্পানীর অফিস ও স্টোর রয়েছে। সেই ছোট্ট কম্পাউন্ডের দক্ষিণ বাউন্ডারীর আশেপাশে তিনটি স্টোরে মালগুলি থাকে এবং সেখানে কালকে আগুন ধরে যায়। সবচেয়ে বেশী ক্ষতি হয়েছে স্ট্যান্ডার্ড ফারমাসিউটিক্যাল ওয়ার্কস-এর। আজ পর্যন্ত যখন দুপুরে দেখতে যাই তখন অ্যামোনিয়ার স্ট্রং গন্ধ বের হচ্ছে এবং সমস্ত স্টোরটা ভেঙ্গে পড়েছে এবং অনেক পুড়ন্ত জিনিস পড়ে রয়েছে। আর একটি জিনিস শুনলাম যে যখন আগুন ধরে, দু ঘণ্টা পর্যন্ত ফায়ার ব্রিগেড থেকে কিছু করতে পারেনি ডিউ টু ল্যাক অফ ওয়াটার প্রেসার। তার বাউন্ডারীর পাশে দোতলা, তিনতলা রেসিডেনসিয়াল হাউস রয়েছে, রামকৃষ্ণ মিশনের নূতন বিল্ডিং খুব কাছেই ছিল। বাতাসের গতি সেদিকে ছিল না বলে সেসব বেঁচে গেছে। তা না হলে রেসিডেনসিয়াল হাউসগুলি পুড়ে যেত। জলের পাম্পে এত ফোর্স ছিল না যে তা তিন-চারতলা পর্যন্ত উঠে আগুন নেভাবার চেষ্টা করা যায়। একতলা শেডটি ধূলিসাৎ হয়ে গেছে। তারপর আগুন নেভান হয়েছে। প্রথমেই দেখতে হবে— ঐ রেসিডেনসিয়াল এরিয়ায় তিনটি কোম্পানীর স্টোর হাউস অফ ভোলাটাইল অ্যান্ড ইনফ্লামেবল অবজেক্ট—ঐসব জিনিসগুলি থাকা অত কাছাকাছি উচিত কিনা এবং থাকলেও সিকিউরিটি মেজার কি কি রাখতে হবে। ঠিক বাউন্ডারীর গায়ে সাদা বাড়ীগুলি রয়েছে, সেখানে স্টোর রাখা উচিত নয়। আর জেনারেল কমপ্লেয়েন্ট হচ্ছে কলকাতা শহরে ফায়ার ব্রিগেডের পাম্প-গুলির কি হয়েছে? ওখানে তার আশেপাশে কোন পুকুর নাই অথচ হাইড্রেন্টেও জল পাওয়া যায়, জলের প্রেসার নাই। তাহলে এখন উপায় কি হবে? আগুন ধরলে যাতে তাড়াতাড়ি নেভান যায় সেদিকে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রী এবং স্বরাষ্ট্র বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। কাঁথিতে গত সাত-আটদিনের মধ্যে কয়েকটি দুর্ঘটনা ঘটে গেছে এবং ফলে সাত-আটজন লোক মারা গেছে ও ২৫।৩০ জন আহত হয়েছে। এই সম্পর্কে আনন্দবাজার পত্রিকার পয়লা তারিখের সংক্ষেপ রিপোর্ট আমি এখানে পড়ে দিচ্ছি।

"সোমবার বিকালে নরঘাট থেকে মঙ্গলামাড়ো যাওয়ার সময় একখানি যাত্রী বোঝাই বাস কাজলগড়ের কাছে পথের উপর উলটে যায়। সঙ্গে সঙ্গে দুজন মারা যায়। পরে হাসপাতালে আরো তিনজন মারা গিয়েছে। আরো ৪।৫ জনের অবস্থা খারাপ। ২৫ জন আহত হয়েছে। বাসে ৭০।৭৫ জন যাত্রী ছিল। প্রকাশ বাসটি খুব জোরে চলছিল, মোড় ঘুরতে গিয়ে পথের

পাশে পাথরকুচির গাদার উপর উঠে গিয়ে খালে পড়বার উপক্রম হলে ড্রাইভার সজোরে ব্রেক করে। ফলে বাসটি রাস্তার উপর উলটে যায়। বাসের ছাদেও কিছু যাত্রী ছিল, তারা পথের পাশে খানায় গিয়ে ছিটকে পড়ে। ঐ দিনই দীঘা থেকে ফেরার সময় কাঁথি শহরের কাছে ছত্রধরায় একটি প্রাইভেট কার উলটে গিয়ে খানায় পড়ে। তিনজন আহত হয়, একজনের আঘাত গুরুতর। সকলেই হাসপাতালে। কাঁথি-বেলদা রাস্তায় থাকুড়দার কাছে একটি মালবোঝাই লরী দুজন পথচারীকে চাপা দেয় এবং দুজনই মারা গিয়েছে।

[2-50—3 p.m.]

এই ৭।৮ জন মারা যায়। কাঁথি হাসপাতালে ২৫।৩০ জন রয়েছে, কাজেই এ সম্বন্ধে আমি বলছি, এই যে বেপরোয়াভাবে গাড়ী চালান হচ্ছে. কখনও কখনও ৫০।৬০ মাইল স্পিডে গাড়ী চালায়, এই স্পিড কন্ট্রোল এবং এ সম্বন্ধে, এবং যদি ওভার-লোডিং না করা হয় এবং পুলিশ যদি এ সম্বন্ধে সতর্ক দৃষ্টি না রাখে, তাহলে আমার মনে হয় মানুষের জীবন এইভাবে অকালে নষ্ট হবে, আমি সেইজন্য বলছি যদি এই সম্বন্ধে একটা জুডিসিয়াল কমিশন গঠন করা না হয় এবং এ সম্বন্ধে বর্তমানে বিশেষভাবে তদন্ত না করা হয় তাহলে আমি মনে করি আরও শোচনীয় অবস্থা হবে। শুধু কাঁথির ঘটনা নয়, ৬।৭ দিনের মধ্যে কাঁথিতে ৫টি ঘটনা ঘটেছে এবং সমগ্র বাংলাদেশে এই সমস্ত ঘটনা ঘটছে। সেইজন্য আমি মনে করি মাননীয় পরিবহণ মন্ত্রী এবং পুলিশ বিভাগের মন্ত্রী এ সম্বন্ধে বিশেষভাবে দৃষ্টি দেবেন এবং এই যে দুর্ঘটনা ঘটছে এর জন্য পুলিশ বিভাগই বিশেষভাবে দায়ী, তাদের দুর্নীতি পরায়ণতা এবং তাদের অবহেলার জন্য। কারণ তারা দেখে যে ওভার-লোডিং এক একটা গাড়ীতে ৫০।৬০ জন থেকে ১০০ জন পর্যন্ত গাড়ীতে বোঝাই করে নিয়ে যায় এমন কি ছাদের উপর পর্যন্ত লোক তোলে, অথচ পুলিশ কিছু করে না। তারা সেখানে বিনা পয়সায় গাড়ী তো চড়েই, তারপর নানাভাবে ঘুষ নেয়, এইসব ঘটনা ঘটছে। দ্বিতীয়তঃ আমরা যা লক্ষ্য করছি এইসব কারণে দুর্ঘটনা ঘটছে। আপনি না জানলে এইসব বুঝতে পারবেন না। একটা হয়তো প্যাসেঞ্জারকে নেওয়ার জন্য একটা বাস আর একটা বাসকে টপকিয়ে যায় এবং সেখানে ৫০।৬০ জন, ৭০ জনের জীবন নিয়ে খেলা করে। কাজেই এইসব কম্পিটিসান, এইগুলো বন্ধ করতে হবে। কাজেই এই যে আইন আছে, এইগুলো পরিবর্তন করতে হবে। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে প্রকৃত ব্যবস্থা তিনি করেন।

The West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1965

Shri Tarun Kanti Ghosh: I beg to introduce the West Bengal Standards of Weights and Messures (Enforcement) (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Tarun Kanti Ghosh: I beg to move that the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1965, be taken into consideration.

Sir, the object of the Bill is to amend the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Act, 1958 (West Bengal Act XXIII of 1958), for the following purposes:

(a) to define the term "transaction" as used in the Act. Government is of the opinion that to remove any doubts as to the sphere and scope of the term "transaction" the term "transaction" may be defined in the Act keeping in view the necessity of enforcing the Standards of Weights and Measures in any

transaction for commercial purposes including levy of duties, taxes, freight charges or payment of wages based on output assessed in terms of weights and measures;

(b) to restrict the scope of manufacture and sale of unstamped weights, measures, etc., for the purpose of use in commercial transaction on the plea of use in non-commercial transaction;

(c) to have statutory power at the Government level to dispose of the appeals that may be preferred by any aggrieved person against the orders of the licensing authority, i.e., the Controller of Weights and Measures, West Bengal, in the matter of granting licence, refusal, revoking and suspending any licence for the purpose of carrying on any trade in this State involving manufacture, sale or repair of any weights, measure, weighing instrument and measuring instrument;

(d) to exempt small packages or containers from the purview of section 12 of the Act which inter alia provides marking of net weights or measures on sealed packages or containers;

(e) to substitute the words "any trade or commerce" for the words "any transaction" as and where they occur in the Act. This is in consideration of the proposed definition of the term "transaction" and to bring the term in conformity with sections 6, 8, 9, 19 and 20 of the Act which inter alia provides for enforcement of the provisions of the Act in any transaction;

(f) to minimies the procedural and administrative difficulties in seizing any weight or measure, etc., in respect of which an offence appears to have been committed, and in bringing the seized articles to the Office of the officer who seized the articles;

(g) to exempt the verification and stamping of weights, measures, weighing instrument and measuring instrument used in Defence Service Units under the Government of India from the purview of the Act in the interest of security.

With these words I commend my motion for acceptance of the House.

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটা সমর্থন করার জন্য উঠলেও, এর প্রয়োজনীয়তা আছে জানলেও এর সমালোচনা থাকা দরকার। এইজন্য যে বাটখারা এবং মার্কেট কন্ট্রোল পাশাপাশি চলে আমরা জানি। যখন দশমিক বাটখারা সুরু করলেন বাজারে, ঠিক সেই সময় বাজার থেকে দশমিক বাটখারা পাওয়া গেল না, আর দামও আকাশ ছোঁয়া দর ফলে সরকারের এই যে অব্যবস্থা তার ফলে কতকগুলো ছোট ছোট শাকওয়ালা, মাছওয়ালা এরা সব মারা গেলে, কাজেই বাটখারা ম্যানুফ্যাকচার সম্বন্ধে আজকে আপনারা যেসব আইন পত্তন করছেন, সেইসব আইন ভাল, আনটোলড কিন্তু কথা হচ্ছে সরকারের দৃষ্টি থাকা উচিত। যখন যে আইনটা আনা উচিত, সেই সময় সেটা আনা উচিত ছিল। আমার মনে হয় স্ট্যান্ডার্ড ওয়েইট-এর এই যে বিলটা এতদিন পরে আপনারা এনেছেন, যখন বাজারে অনেকরকম অরাজকতা সৃষ্টি করেছে, বহুরকম উৎপীড়ন করেছে. বাজারের বাটখারার জন্য আমাদের জনসাধারণ ঠকেছে এবং ছোটখাট দোকানদাররা ঠকেছে, তারপরে অনেক জল ঘোলা করার পর সরকার এই বিলটা এনেছেন। এই বিল আরও অনেক আগে আনা উচিত ছিল। দ্বিতীয়তঃ আমি বলতে চাই যে একটা জিনিস হচ্ছে স্ট্যান্ডার্ড ওয়েইট সম্পর্কে সিজ করবেন, ম্যানুফ্যাকচার করতে হলে লাইসেন্স নিতে হবে, ঠিক লাইসেন্স অনুযায়ী ম্যানুফ্যাকচার করতে না পারলে, আপনারা তার উপর পানিসমেন্ট দেবেন, সব ভাল, কিন্তু বাজারে সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে যে মণের স্ট্যান্ডার্ডটা কি? ৪০ সেরে ১ মণ কিন্তু কত

কোজিতে এক মণ? আমরা তো বাজারে গিয়ে দেখি ৪০ কেজিতে ১ মণ করে নিচ্ছে। মার্কেট কন্ট্রোল-এর সংগে এর কি সম্পর্ক আছে? আমি সরকারকে এইটুকু বলতে চাই যে, যে বিলটা আপনারা এনেছেন এটা টেকনিক্যালি অর মেকানিক্যালি আপনারা দেখবেন না? আমার মনে হয় মার্কেট কন্ট্রোল করার সংগে এই স্ট্যান্ডার্ড ওয়েট সম্পর্কে সরকারের একটা বিশেষ চিন্তাধারা থাকা উচিত। স্ট্যান্ডার্ড ওয়েট যদি ইন্ট্রোডিউস করতে হয়, এনফোরস করতে হয়, সেই স্ট্যান্ডার্ড ওয়েট আজকে চলতা কসুড়ীর বিরুদ্ধে থাকা উচিৎ, কবে সেই চলতা কসুড়ীর বিল আসবে আমি জানি না, কিন্তু বিল না আসার আগেও বাজারে ঘোষণা করে দেওয়া উচিত, সেই স্ট্যান্ডার্ড ওয়েট মানে এই, এর বেশী যারা নেবে তারা পানিসেবল হবে। আমার মনে হয় সরকার থেকে স্ট্যান্ডার্ড ওয়েট সম্পর্কে যে বিল নিয়ে এসেছেন, সেই বিল থেকে স্ট্যান্ডার্ড ওয়েট-এর দিক থেকে সমর্থন করলেও এর এনফোরসমেন্ট সম্পর্কে বাজারে নানারকমের অত্যন্ত অরাজকতা চলছে, এই ওয়েস্ট সম্পর্কেও, এই ওয়েট না থাকলে পরে ছোট ছোট করে যে এই বিলটা নিয়ে বেরুলেন, বাজারে দেখা গেল সেই ওয়েট বাজারে বিক্রি হয় না। যদিও বা কোথায় পাওয়া যায়, এত দাম দিয়ে কিনতে হয় যে ছোট ছোট দোকানদাররা কিনতে পারে না। কাজে কাজেই আমার মনে হয় সরকারের এই বিষয়ে চিন্তা করা উচিত। যে বিল নিয়ে এসেছেন সেদিকে যদি সরকার দৃষ্টি না দেন সেই অরাজকতা থাকবে স্ট্যান্ডার্ড ওয়েট-এর কোনই মূল্য থাকবে না। আমি এটুকু বলছি সরকারকে বিবেচনা করার জন্য। এই বিলটা আমি সমর্থন করতে দাঁড়িয়েছি, কিন্তু আরও কতকগুলো ধারা আনার দরকার ছিল, পরিবর্তন করার দরকার ছিল, কিন্তু তা হয়নি। আমি, এই যে ওজনের জটিলতা দূর করার জন্য বর্তমান যে প্রথার প্রবর্তন করা হচ্ছে, অবশ্য খুবই ভাল হয়েছে, যদিও জনসাধারণকে কিছু কিছু অসুবিধা ভোগ করতে হচ্ছে, এবং আমি মনে করি পরে ঠিক হয়ে যাবে, তাদের অসুবিধা দূর হবে। কারণ নূতন পয়সা এবং পুরানো পয়সা দুটোই থাকার জন্য যেমন অসুবিধা হয়েছিল, এখন ধীরে ধীরে মানুষ অভ্যস্ত হয়ে যাচ্ছে। এটাও তাই হবে, কিন্তু আম মনে করি ১৯৫৮ সালে এই আইনটা পাশ করা হয়েছিল। আজ ৬।৭ বছর পরেও আজও আমরা হাটে বাজারে দেখি সেই পুরাতন বাটখারা এখনও চলছে, যার জন্য মানুষকে অনেক অসুবিধা ভোগ করতে হচ্ছে। যারা অসাধু ব্যবসায়ী, তারা এখনও মানুষকে ঠকাচ্ছে। আপনি যে ইন্সপেক্টর সম্বন্ধে বললেন—ইন্সপেক্টর সম্বন্ধে ২।১টা কথা বলা দরকার। আমাদের কাঁথিতে একজন ইন্সপেক্টর আছেন, প্রত্যেক মহকুমায় একজন ইন্সপেক্টর আছেন, তিনি যান, আজকাল এখনও পর্যন্ত যখন দশমিক বাটখারা পরিচালিত হতে পারছে না, প্রবর্তন হচ্ছে না, তার জন্য মূলতঃ দায়ী যেমন জনসাধারণের খানিকটা আর্থিক অবস্থা দায়ী তেমনি সংগে সংগে এই ইন্সপেক্টর বলে যে বস্তুটা থাকেন, একটি জীব—বস্তু বলার থেকে জীব বলাই ভাল—মাননীয় সভাপাল মহাশয়, এই বিলটা আমি সমর্থন করতে দাঁড়িয়েছি বটে কিন্তু আরো কতকগুলি ধারা আনার দরকার ছিল, পরিবর্তন করার দরকার ছিল, কিন্তু তা হয়নি। আমি, এই যে ওজনের জটিলতা দূর করার জন্য বর্তমানে যে প্রথার প্রবর্তন করা হচ্ছে—অবশ্য খুবই ভাল হচ্ছে, যদিও জনসাধারণকে কিছু কিছু অসুবিধা ভোগ করতে হচ্ছে তবে মনে করি পরে ঠিক হয়ে যাবে, তাদের অসুবিধা দূর হবে। যেমন নূতন পয়সা এবং পুরানো পয়সা দুটোই থাকার জন্য প্রথমে অসুবিধা হয়েছিল পরে ধীরে ধীরে মানুষ অভ্যস্ত হয়ে যাচ্ছে। এটাও তাই হবে। কিন্তু আমি মনে করি ১৯৫৮ সালে এই আইনটা পাশ করা হয়েছিল, আজ ৬।৭ বছর পরেও আমরা হাটে বাজারে দেখি সেই পুরাতন বাটখারা এখনও চলছে। যার জন্য মানুষকে অনেক অসুবিধা ভোগ করতে হচ্ছে। যারা অসাধু ব্যবসায়ী তারা এখনও মানুষকে ঠকাচ্ছে। আপনি ইন্সপেক্টার সম্বন্ধে যা বললেন সে বিষয়ে ২।১টি কথা বলা দরকার। আমাদের কাঁথীতে একজন ইন্সপেক্টার আছেন, যেমন প্রত্যেক মহকুমায় একজন করে থাকেন। আজকে এখন পর্যন্ত দশমিক বাটখারা প্রবর্তিত হচ্ছে না তার জন্য যেমন জনসাধারণের খানিকটা আর্থিক অবস্থা দায়ী তেমনি ঐ ইন্সপেক্টার বলে যে বস্তুটা তিনিও দায়ী। অবশ্য বস্তু বলার চেয়ে জীব বলাই ভাল।

[3—3-30 p.m.]

আমার ব্যাক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি যে তাঁরা বিভিন্ন হাটে বাজারে যান সেখানে পুরাণ বাটখারা যারা চালায় তাদের কতকগুলি লোককে ধরে এবং তারপর ঘুষ নিয়ে ছেড়ে দেন। ম্যানুফ্যাকচারিং করবার দায়িত্ব দিয়েছেন আপনাদেরই লোকের হাতে, তখন বাটখারার দাম ছিল ২৫ থেকে ৩০ টাকা এখন যেটা ৫।৭ টাকায় পাওয়া যাচ্ছে আপনাদের পেটোয়া লোকগুলোকে বাটখারা করবার জন্য লাইসেন্স দিয়েছেন কিন্তু সেখানে বাটখারা ৫ টাকায় পাওয়া যায় সেটা ৫০ টাকায় পাওয়া যাচ্ছে, ফলে অনেক লোক কিনতে পারে না এবং অফিসার যারা হাটে বাজারে ঘুরে বেড়ান তাদের নানারকম উপরি আয় করবার সুযোগ করে দিচ্ছেন। সেজন্য সাজেসান্স দিচ্ছি যে বিলের এর মধ্যে যদি থাকতো তাহলে অভিনন্দন জানাতাম, দলের মধ্যে এটা আনতে পারেন তাহলে ভাল হয়। প্রত্যেক মহকুমায় একটা করে কমিটি করা দরকার যে কমিটি আপনাদের ইন্সপেক্টরদের সাহায্য করবে। এক একটা জায়গায় ইন্সপেক্টরদের সম্বন্ধে বহু অভিযোগ আছে যে তারা ঘুষ খায় যেমন দেউলিয়াহাট, পাটনাহাট. ইছাবানীহাট, এসব জায়গা থেকে বহু অভিযোগ এসেছে যে ইন্সপেক্টর গিয়ে কতকগুলো লোককে ধরে তাদের কাছ থেকে ২০০।২৫০ টাকা ঘুস নিয়ে তারপর ছেড়ে দেয়। সনংবাবু যেকথা বললেন যে বেগুন, মাছ, যারা বিক্রি করে তাদের খুবই অসুবিধা হয়, কিন্তু তাদের অসুবিধা সত্ত্বেও যদি কম টাকা ব্যবসায়ী লোকদের ম্যানুফ্যাকচারিং করবার সুযোগ দেন তাহলে বাটখারার দাম নেমে যাবে, সেজন্য আমার প্রথম কথা হচ্ছে দুর্নীতি বন্ধ করবার চেষ্টা করুন, ৭।৮ বৎসর হয়ে গেল সেখানে কোন বাজারে বড় বড় ব্যবসায়ী নেই যারা পুরানো বাটখারা নিয়ে জিনিষ বিক্রি করেন—এসব তদন্ত করা দরকার। সেজন্য আমি মনে করি এর জন্য প্রধান দরকার ইন্সপেক্টর-এরা এইগুলি করেন তাহলে ভালই হবে এবং ওজন যদি সর্বভারতীয় ভিত্তিতে চালু হয় তাহলে ভাল হবে। বর্তমানে বিভিন্ন ধরনের ওজন আছে—সেসব একত্র করে করলে লোকের অসুবিধা হবে তা সত্ত্বেও লোকের ভাল হবে। সেজন্য আমি মনে করি একটা কমিটি করুন—মহকুমা বেসিস কমিটি হবে, মাঝে মাঝে তাদের বৈঠক হবে এবং তাঁরা গিয়ে তদন্ত করবেন, হাট বাজারের যারা মালিক তাদের উপর প্রেসার দেবে এই বাটখারা ছাড়া অন্য কোন বাটখারা চলবে না। এটা যদি করেন তাহলে আপনাদের উদ্দেশ্য সফল হবে। আশা করছি ভবিষ্যতে ওটার দিকে লক্ষ্য রেখে আপনারা এই আইন পরিবর্তন করুন এবং রুলসএ যাতে মানুষের সুখ সুবিধা হয় সেদিকে লক্ষ্য রাখবেন।

শ্রীতরুণকান্তি ঘোষঃ মাননীয় বলাইবাবু যে কথাগুলি বললেন এইগুলি হচ্ছে সাজেশন যে আরও ভাল কি করে যায়—আরও ভাল করে কি করে এনফোরস করা যায় সেই কথাই তিনি বলেছেন। তিনি যে সমস্ত সাজেশন দিয়েছেন আমরা নিশ্চয়ই চিন্তা করবো এবং দেখবো আরও ভালভাবে করা যায়। সকলেই এই বিলকে সাপোর্ট করেছেন সুতরাং এ ব্যাপারে আমার আর কিছু বলার নেই।

The motion of Shri Tarun Kanti Ghosh that the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3 to 12

The question that clauses 3 to 12 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Tarun Kanti Ghosh: Sir, I beg to move that the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Non-Trading Corporations Bill, 1964

Shri Tarun Kanti Ghosh: Sir, I beg to introduce the West Bengal Non-Trading Corporation Bill, 1964.

(Secretary then read the title of the Bill.)

Shri Tarun Kanti Ghosh: Sir, I beg to move that the West Bengal Non-Trading Corporations Bill, 1964, be taken into consideration.

জিনিষটা হচ্ছে এই ধরুন চেম্বার্স অব কমার্স রয়েছে, একটা ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন রয়েছে এখন কোম্পানী অ্যাক্ট যা ভারতবর্ষে আছে সেগুলি সমস্ত ভারতবর্ষের উপরই প্রযোজ্য কিন্তু নন-ট্রেডিং করপোরেশন যা রয়েছে সেগুলি কোম্পানী যে অ্যাসোসিয়েশন সেগুলি যদি স্টেট-এর হয় তাহলে তাদের অ্যাকটিভিটি তার মধ্যেই সীমাবদ্ধ থাকে তখন তারা আর কোন কোম্পানী-এর অ্যাক্ট আওতায় পড়ে না। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া আমাদের বলেছিলেন ১৯১৩ কোম্পানী অ্যাক্ট যেটা ছিল সেটা তারা ১৯৬১-৬২তে অ্যামেন্ড করলে পর দেখা গেল এই আইনের মধ্যে পড়ে না। সেজন্য আমাদের দিক থেকে তখন এরূপ ধরনের একটা বিল পাস করার প্রয়োজন হয়ে পড়ে। এটা আর কিছুই নয় এদিক এ বিল পাস হলে আমাদের একটু সুবিধা হবে। এই বলেই আমি শেষ করছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: নন-ট্রেডিং কোম্পানী বলতে আপনি কোন কোনটি মিন করছেন আমরা একটু ক্লিয়ারলি জানতে চাই কোম্পানী অ্যাক্ট-এর মধ্যে কোন কোনগুলি পড়ে অর্থাৎ নন-ট্রেডিং বলতে কোন কোনগুলি বলছেন।

শ্রীতরুণকান্তি ঘোষ: যেমন ধরুন চাকী অ্যাসোসিয়েশন আপনি করলেন কিংবা গেঞ্জী অ্যাসোসিয়েশন করলেন এই সব বিজিনেস যেগুলো সেই সমস্তগুলো করা নিজেরা করছেন না যারা এরূপ কমবিনেশন অফ ডিফারেন্ট বিজিনেস ইত্যাদি এই সব চেম্বার অফ কমার্স ধরুন এইসবগুলির কথাই আমি বলছি।

The motion of Shri Tarun Kanti Ghosh that the West Bengal Non-Trading Corporations Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 5

The question that clauses 1 to 5 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Tarun Kanti Ghosh: Sir, I beg to move that the West Bengal Non-Trading Corporations Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for twenty minutes.)

[3-30—3-40 p.m.]

Mr. Speaker: Honourable members, with the consent of the House I will make a little change in the order of the day's business. For the convenience of the Ministers concerned. I will ask Hon'ble Saila Kumar Mukherjee to move the West Bengal Traffic Regulation Bill, 1965 and then Shri Khagendra Nath Das Gupta to move the Howrah Bridge (Amendment) Bill, 1965. The last Bill, viz., the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1965, will e moved by some one on behalf of our Chief Minister.

Visit of Ministers at Cooch Behar

শ্রীকমলকান্তি গুহ: মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে এইমাত্র কাউন্সিলে শুনলাম যে গত ২৮শে তারিখে মন্ত্রীরা যে কোচবিহারে গিয়েছিলেন—সেটা তাঁরা সরকারীভাবে সফর করেছিলেন। আমরা আগে মনে করেছিলাম যে সরকারীভাবে তাঁরা যান নি—সেখানে কংগ্রেসের সভা হয়েছিল সেইজন্য গিয়েছিলেন। কিন্তু এখন শুনলাম যে তাঁরা সরকারীভাবে সফর করেছেন—অথচ সেই সময় তাঁরা কোচবিহারের এম এল এদের কিছু জানালেন না—বা তাদের সঙ্গে সাক্ষাত করবারও ব্যবস্থা করলেন না। তাঁরা উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপারে গিয়েছিলেন। অথচ সেই সময় সেখানে খাদ্য সংকট ছিল। তাঁরা সেখানে গিয়ে কংগ্রেস কর্মীদের মিটিং করলেন—কংগ্রেসের সভা করলেন সরকারের খরচে। এ সম্বন্ধে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁদের কি বক্তব্য আছে সেটা অনুগ্রহ করে রাখলে আমি খুশী হবো।

The West Bengal Traffic Regulation Bill, 1965

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to introduce the West Bengal Traffic Regulation Bill, 1965.

Secretary then read the title of the Bill, 1965

Visit of Ministers at Cooch Behar

শ্রীসুনীল দাসগুপ্ত: ওটা কি হল স্যার? স্যার, তাঁরা পাবলিকের টাকা খরচ করে পার্টি করবেন—অথচ সেখানকার লোক্যাল এম এল এ-দের জানাবার প্রয়োজন অনুভব করবেন না এই জিনিসটা স্যার, শ্রী নন্দের সদাচার সমিতির সামনে পাঠিয়ে দেওয়া উচিত। সব কয়টিই দুর্নীতিপরায়ণ।

(তুমুল হট্টগোল)

স্যার, এটা যদি বারে বারে চলে তাহলে দেশ কোনদিকে যাবে। ও'রা আবার জনসাধারণকে ত্যাগের কথা বলেন—ও'দের ত্যাগের এই নমুনা আমরা দেখছি।

মিঃ স্পীকার: ঠিক আছে আপনি বসুন। মিস্টার দাশগুপ্ত প্লিজ টেক ইউর সিট।

Shri Saila Kumar Mukherjee: The other House gave a Calling Attention Notice and I made the statement. If you give a Calling Attention Notice then I will give all the detailed answer.

শ্রীকমলকান্তি গুহ: মিঃ স্পীকার স্যার, এ সম্বন্ধে আমি আর একটা কথা বলতে চাই যখন মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা মেকলিগঞ্জে গিয়েছিলেন সীমান্ত ব্যাপারে তখন আমরা অনুরোধ করেছিলাম যে সেখানকার এম এল এ-দের যেন নিয়ে যান—কিন্তু তা নেওয়া হয় নি। অথচ দেখলাম তাঁরা অতুল্য ঘোষকে নিয়ে গিয়েছিলেন পার্টিবাজী করতে সরকারী খরচে।

The West Bengal Traffic Regulation Bill, 1965

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Traffic Regulation Bill, 1965, be taken into consideration.

Sir, the traffic conditions in and around Calcutta have progressively deteriorated over the past few years and this process of deterioration is continuing. The reason for this is primarily the growth of population and increase of the number of vehicles of all types combined with rapid construction of multistoreyed buildings and corresponding shrinkage of vacant space in the city. The population of the city of Calcutta increased from 8.47 lakhs in 1901 to 29.26 lakhs in 1961. The number of motor vehicles increased from 50,000 in 1950 to 82.000 at the end of 1963. In addition to these 82,000 motor vehicles the city has 21,000 slow-moving vehicles like hand-carts, rickshaws, bullock-carts, etc. and 50,000 bi-cycles. For accommodating this vehicular traffic and the large poulation the city has a road mileage of only 485 in a total area of 39 sq. miles. Furthermore, huge multi-storeyed buildings have been constructed without adequate space for parking of vehicles attracted by them and the pace of building construction has diminished vacant space for parking purposes.

In the presence of the conditions described above, the co-existence side by side of slow-moving vehicles, e.g., hand-carts, bullock-carts, rickshaws, hackney carriages, tri-cycles, etc. and fast-moving vehicles is fraught with grave danger. Because of their comparatively large size and inadequate manoeuvrability the slow-moving vehicles obstruct the flow of traffic and create traffic jams which assume serious proportions and which, apart from causing substantial loss of working hours, create grave risks of accidents. Fortunately, the Commissioner of Police, Calcutta, possesses powers under sections 61A and 62 of the Calcutta Police Act, 1866 and sections 38A and 39 of the Calcutta Suburban Police Act, 1866, of issuing orders and making rules with the sanction of the State Government for controlling the plying of all types of vehicles in streets and public places within his jurisdiction. Unfortunately, however, District Magistrates in the districts do not possess such powers and in recent times their absence has been keenly felt in the Greater Calcutta area, notably in Howrah, where the conditions obtaining are almost identical to those of Calcutta. In point of fact, the menace created by slow-moving vehicles assumed such dimensions in Howrah town that the District Magistrate of Howrah was compelled to invoke his power under section 144 Cr. P.C. and to prohibit the plying of such vehicles. As any order under section 144 Cr. P.C., passed by a District Magistrate can remain valid only for a period of two months, the District Magistrate, Howrah, approached this Government for the issue of a similar order on a permanent basis. The opinion of the Legal Remembrance was that the proper remedy for the evil existing in Howrah lay not in any action under the provisions of the Cr. P.C., but in a legislative measure empowering the District Magistrate to prohibit the plying of slow-moving vehicles. The Inspector-General of Police has also requested

Government to procure a legislative measure conferring upon the executive authorities in the districts the powers exercised by the Commissioner of Police within his jurisdiction. What is true of Calcutta has now become true of Howrah and 24-Parganas and will inevitably become true of the remaining industrial belt of West Bengal. Slow-moving and fast-moving vehicles cannot be allowed to co-exist any longer side by side. It is therefore proposed that the Legislative Department may be given instructions for drafting a Bill for an Act, which is now before the Legislature.

It will be noticed that a minimum imposition of fine has been proposed. The reason for this is that similar offences under the Calcutta Police Act and the Calcutta Suburban Police Act have been punished with fines ranging from Re. 1 to Rs. 10. Such punishment has not proved deterrent and the evil against which it was directed, continued unabated.

It will be noticed that the legislative measure proposed above is a State-wide measure and furthermore all powers under it can be exercised by Government or delegated as and when considered necessary by Government. This has been done to ensure that there is uniformity and co-ordination in the policy that may be followed in Calcutta and the districts. Such uniformity and co-ordination are necessary for the simple reason that a situation in one place leads to repercussion in some other place and therefore it is desirable that both places should come under the regulatory jurisdiction of one agency. This point can be illustrated by the traffic arrangements that had to be made on the occasion of the immersion at Gandhighat, Barrackpore, of the ashes of our late Prime Minister, Shri Jawaharlal Nehru. Traffic had to be regulated both in Calcutta and in the adjacent districts of 24-Parganas and Howrah.

[3-40—3-50 p.m.]

As these fall under three different administrative agencies, viz., the Commissioner of Police, Calcutta, the District Magistrate of 24-Parganas, and the District Magistrate of Howrah, and as the arrangements that were necessary within the jurisdiction of one agency had to be synchronised with those in the jurisdiction of other agencies, the Commissioner of Police approached the Government with a comprehensive proposal for the regulation of traffic over the entire territorial area involved. Accordingly, a Press note was issued by Government indicating the manner in which traffic would be regulated. This was purely an administrative measure without any basis in law for in so far as the direction contained in the Note related to slow-moving vehicles Government had no power to issue them. The power in Calcutta is vested in the Commissioner of Police and elsewhere it is non-existent.

To quote another instance, the cause of a traffic jam that occured at Howrah some time ago was attributed by the D.I.G. Traffic to conditions prevailing in Calcutta. It will thus be seen that powers for controlling the plying of slow-moving vehicles are necessary not only in Calcutta but in the districts as well and such powers should be vested in Government. In this connection it may be noted that the orders that the Commissioner of Police issues and the rules that he frames under the Calcutta Police Act and the Calcutta Suburban Police Act, require the prior sanction of Government and, therefore, the powers conferred by these Acts with regard to the plying of vehicles are virtually exercised by Government.

In the proposed Act the power has been reserved for Government to modify or rescind at any time any order that may be issued under its

provisions by any Authority appointed in that behalf by Government. This power will enable Government to ensure that powers under the Act delegated to any authority are judiciously exercised by that authority and are not misused.

The removal of slow-moving vehicles from streets and public places will have to be done on a phased basis. They will be replaced by scooters and tempos. In point of fact, permits for tempos and scooters are freely granted and the number of permits granted annually by the Regular Traffic Act, Calcutta, taking the average from the year 1962 onwards, is 324 in the case of tempos and 66 in the case of scooters. It may be noted that each tempo can take the load of six hand-carts.

The legislative measure proposed above will involve amendment of the Calcutta Police Act, 1866 and the Calcutta Suburban Police Act, 1866, as provisions of these Acts relating to the plying of vehicles have been reproduced in the above proposal and will therefore become redundant. The proposed legislative measure has found the approval of the Commissioner of Police, Calcutta, the D.I.G. Traffic, West Bengal and the Inspector-General of Police, West Bengal. It was also placed before the Transport Advisory Board of Government which met on the 7th September, 1964, under the Chairmanship of the Minister-in-charge of the Home (Transport) Department. The Board made the following recommednations:—

> "This Board is of the opinion that the traffic conditions obtaining in the Greater Calcutta Area have assumed such dimensions that the co-existence side by side of slow-moving vehicles and fast-moving vehicles is no longer possible and accordingly requests Government to adopt as early as possible adequate legislative measures as envisaged in the Note prepared by the Home (Transport) Department and placed before this Board for the removal of slow-moving vehicles from streets and public places of the aforesaid area."

Representatives of the Chambers of Commerce, the Railways, Road Transport Operators, the Indian Roads and Transport Development Association, leading members of the public, D.I.G Traffic, Director of Industries, Chief Engineers, Public Works and Roads Departments of Government are members of this Board. A section of the Calcutta Press has also recommended the adoption of measures of the nature proposed above.

I therefore move for consideration of this Bill.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

মাননীয় স্পীকার মহাশয় আমি আমার এ্যামেণ্ডমেণ্ট এই সারকুলেসান মোশানটা মুভ করছি। আমার বক্তব্য হচ্ছে এই যে আইনটা আনা হয়েছে, দৃশ্যতঃ এই বিলটি যেটা হয়েছিল, এটা খারাপ নয়, ভালই। এর দ্বারা মনে হচ্ছে যে ট্রাফিক রেগুলেট করার প্রচেষ্টা সরকার পক্ষ থেকে করা হবে। আমার সরাসরি শৈলবাবুর কাছে জিজ্ঞাস্য—এই আইনের দ্বারা কোন ট্রাফিক রেগুলেসান করা যাবে কিনা? এই রকম এই ট্রাফিক রেগুলেসান-এর সঙ্গে কলকাতা এবং তার আশেপাশের এলাকায় যে যানবাহন চলাচলের সমস্যা তা নয়, সমস্ত সমস্যাই এর সঙ্গে জড়িত রয়েছে মেইনলি পোপুলেসান জনসংখ্যার সমস্যা, অত্যধিক জনসংখ্যার চাপ। দ্বিতীয়তঃ

আমাদের হাওড়া বলুন, ২৪-পরগণা বলুন, কলকাতার অনেক অঞ্চল, সেখানকার রাস্তাঘাটের যে সমস্যা তাও এর সংগে জড়িত রয়েছে। কাজেই পিসমিল একটা লেজিসলেসান করে এই একটা সমস্যার সমাধান করা যাবে না। তার কারণ হচ্ছে আজকে আইন যাঁরা হাতে নিলেন মোটর ভেহিকলস অ্যাক্ট তাঁদের হাতে আছে। তার দ্বারা ও'রা কতখানি কলকাতার যানবাহন সমস্যার সমাধান করতে পেরেছেন—আমরা বুঝতে পারছি না। তা সত্ত্বেও আরো বেশী ক্ষমতা তাঁদের হাতে নেওয়া দরকার। জেলা শাসকদের হাতে ক্ষমতা আরও দেওয়া দরকার—আমি শৈলবাবুকে জিজ্ঞাসা করি? তারা স্লো-মুভিং ট্রাফিক সম্পূর্ণরূপে বন্ধ করতে পারবেন না। এই স্লো-মুভিং ট্রাফিক বন্ধ করতে গেলে অন্য দিকে তা ডাইভার্ট করতে হবে। আর ঠেলাওয়ালারা শুধু ঠেলা চালাতে পারবে না—এই অর্ডার দিলেই তো হব না। ঠেলাওয়ালা যদি ঠেলা না চালায়, তাহলে আরও সমস্যার উদ্ভব হবে। তারা জীবিকানির্বাহ করবে কী করে? হাওড়ার ছোট ছোট কারখানার মালিক যারা ঠেলা করে মাল পাঠায়, তাদের পক্ষে সমস্যা সৃষ্টি হবে। আপনি আইন সেটা বন্ধ করতে পারবেন না। এই যে স্লো-মুভিং ট্রাফিক-এর যে সমস্যা, সেই সমস্যা সরকারকে সমাধান করবার জন্য অন্য উপায় চিন্তা করতে হবে। যদি স্লো-মুভিং ট্রাফিক বন্ধ করতে চান তাহলে তা রিপ্লেস করতে হবে। কীভাবে রিপ্লেস করতে হবে? না, তিন চাকার টেম্পোগুলি হয়েছে, ছোট ছোট লরীর মত, তার প্রোডাকসান বাড়াতে হবে। আমাদের দেশে কি করে সস্তায় তা পাওয়া যায় তার বন্দোবস্ত করতে হবে। আর সংগে সংগে ঠেলাওয়ালাদের জন্য বিকল্প কাজের বন্দোবস্ত করতে হবে। আস্তে আস্তে যদি ঠেলা ও গরুর গাড়ি রিপ্লেস করতে পরেন, তাহলে সমস্যা সমাধান হতে পারে। আর যদি ক্ষমতা হাতে নিয়ে এটা বন্ধ করতে চান তাহলে দেশের মধ্যে একটা নূতন সমস্যা সৃষ্টি হবে। আমি বলতে পারি—হাওড়া ব্রীজের উপর দিয়ে বেলা ১০টা থেকে পাঁচটা পর্যন্ত স্লো-মুভিং ট্রাফিক এক সময় বন্ধ করে দেওয়া হয়েছিল, তার দ্বারা কী সমস্যার উদ্ভব হয়েছিল, তা সেই সময় যাঁরা হাওড়া ব্রীজের উপর দিয়ে চলাচল করেছেন, ক্রস করেছেন তাঁরা জানেন। পাঁচটার পরে ঠেলাওয়ালারা হাওড়া ব্রীজের দক্ষিণ দিকে ভীড় করে দাঁড়িয়ে থাকতো! তার পর ছ'টা বাজলে ক্রস করতে চেষ্টা করতো। কাজেই এইভাবে ট্রাফিক সমস্যার সমাধান করা যাবে না। আমি তাঁকে বলবো কলকাতা ও হাওড়ার যানবাহন সমস্যার সমাধান করতে গেলে এই ক্ষমতা হাতে নিলেই হবে না। আমি তাঁকে জিজ্ঞাসা করছি এ সম্বন্ধে কোন পরিকল্পনা করেছেন কিনা?

[3-50—4 p.m.]

শুধু স্লো মুভিং ট্রাফিকই নয় হাওড়ায় যে রকম সরু সরু রাস্তা তাতে ইচ্ছা থাকলেও আপনি নাম্বার অফ বাসেস বাড়াতে পারছেন না। যদিও দেখছেন বাসে নাম্বার অফ প্যাসেঞ্জার বেশী হচ্ছে এবং যদি বাসের সংখ্যা ডবল করা যায় তাহলে সমস্যার সমাধান হতে পারে। কিন্তু ডবল করার কোন স্কোপ নেই। হাওড়ার রাস্তা অত্যন্ত ন্যারো সেখানে নাম্বার অফ বাস ডবল করলে ট্রাফিক একটা গুরুতর সমস্যা হয়ে দাঁড়াবে। সেদিক দিয়ে বিচার করে হাওড়ায় বাসের সংখ্যা খুব বেশী বাড়ানো যাবে না। তবুও ২৭১ খানা বাস বাড়াবার কথা আপনারা বোধহয় চিন্তা করছেন যদিও তার পারমিট এখন দেননি। যাইহোক এর বেশী বাড়াতে পারছেন না। কারণ, হাওড়ার রাস্তার উইথ্ তার লেঙথ্, মাইলেজের দ্বারা হাওড়ায় বাস আর বাড়ানো যায় না। সেই জন্যই বলছি ট্রাফিক রেগুলেট করতে গেলে শুধু ক্ষমতা হাতে নিলেই সমস্যার সমাধান হবে বলে মনে করি না। আমি মনে করি এই ক্ষমতাগুলি যদি এখনই ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর হাতে দেওয়া যায় তাহলে তাঁরা এগুলি এমনভাবে ব্যবহার করবেন যাতে সাধারণ মানুষের উপর পীড়ন হবে। আননেসেসারলি তাদের উপর একটা হ্যারাসমেন্ট হবে। কাজেই এই আইন এক্ষনি এলে, এই সমস্যার সমাধান আপনারা করতে পারবেন না। এই আইন আনবেন না। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর হাতে ক্ষমতা দেবার প্রয়োজন নেই। তার আগে সমস্ত জিনিষটাকে বড় দৃষ্টিভঙ্গী নিয়ে চিন্তা করুন। যেভাবে চিন্তা করে সি, এম, পি, ও, গঠন

করেছেন, সেই রকম বোর্ডভাবে চিন্তা করুন তাহলেই সমস্যার সমাধান হবে। শুধু ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর হাতে ক্ষমতা দিলেই সমস্যার সমাধান হবে বলে মনে করি না। সেই জন্য এই বিলের বিরোধীতা করছি।

Shri Bakti Bhushan Mandal: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 2nd June, 1965.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে বলতে গিয়ে প্রথমেই বললে চাই, ওয়েষ্ট বেঙ্গল হোল ষ্টেট-এর উপরে এই বিল এক্সটেণ্ড করতে চান তাহলে সবচেয়ে বড় কথা যেটা আমরা মনে করছি তা হচ্ছে অধিকাংশ মিউনিসিপ্যালিটিতে অর্থাৎ রুরাল এরিয়া যেসব মিউনিসিপ্যালিটি আছে যেখানে গরুর গাড়ী ও রিক্সাই গরীব লোকের মিনস অফ কমিউনিকেশন, এখন যদি ক্ষমতা ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর হাতে দেওয়া হয়—যেটা এই আইনের কোন জায়গায় কোন প্রভিসান-এর মধ্যে পাচ্ছি না, তবে বলা হয়েছে অথরাইজড অথরিটিকে দেওয়া হবে, স্পেসিফিকালি কিছু বলা হয়নি, তাহলে এই যে দেশের গরীব জনসাধারণ যারা গরুর গাড়ী বা রিক্সা চালায় তাদের প্রতি একটু বেশী অত্যাচার করা হবে। তা ছাড়া এরকম করলে পাড়াগাঁ থেকে যেসব গাড়ী বাজারে আসবে তাদের আসার পক্ষে নানা রকম অন্তরায় হয়ে দাঁড়াবে। গরীব মানুষ যারা গরুরগাড়ী করে ধান চাল নিয়ে বিক্রী করতে আসবে তাদের সর্বদিক দিয়েই অসুবিধা হবে। সুতরাং এটা না করে, মোটর ভিহিকলস অ্যাক্ট ও পুলিশ অ্যাক্ট-এ দুটো অ্যাক্ট পড়ার পর সেখানেই যদি কিছু অ্যামেণ্ড করার দরকার হয় করে দিলে এই নতুন বিল আনার কোন প্রয়োজন হয় না। কাজেই যদি দুটো অ্যাক্ট-এর অ্যামেণ্ড করে দেওয়া হয় এবং সেখানে যদি কিছু ইনসারসন করা হল তাহলেই কাজ হবে। সুতরাং যাতে এই বিল সারকুলেশন-এ যায় তার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Aswini Roy: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May 1965.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন এই সারকুলেশান মোশান দিয়েছি সে সম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। প্রথমতঃ এই বিলের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে, ট্রাফিক জ্যাম এ্যাণ্ড এভয়ডেন্স অফ রোড একসিডেণ্ট। উদ্দেশ্যটা ভালো, কিন্তু এই উদ্দেশ্যে আইন প্রণয়ন হলেই যে সেটা সার্থক লাভ করবে সেটা আমি মনে করি না। এর আগে একজন মাননীয় সদস্য যুক্তি দিয়ে বলে গেছেন যে পুরানো দিনের কিছু কিছু যানবাহন সেগুলি বাতিল করে নতুন যানবাহন প্রবর্তন করার চেষ্টা করা উচিৎ। যেমন ঠেলাগাড়ী আছে তার সঙ্গে বড় বড় লরির যে একটা কণ্ট্রাডিকশন এই ধরনের কণ্ট্রাডিকশন রয়েছে। তেমনি আমরা জানি মফস্বল শহরে যেমন কালনা বা বর্ধমান শহরে সাইকেল রিক্সা ২।৩ বছর আগে সেই সাইকেল রিক্সার পরিবর্তে কয়েকজন স্কুটার মালিক স্কুটার চালাবার জন্য লাইসেন্স চান। আমরা তখন জেলা ম্যাজিষ্ট্রেট-এর দৃষ্টি আকর্ষণ করে বলি যে, স্কুটার-এর যদি পারমিশান দেওয়া হয় তাহলে বহু সংখ্যক রিক্সা চালক বেকার হয়ে পড়বে। কাজেই এই ধরনের সমস্যা রয়েছে। আর এই সমস্যাগুলি সমাধানের বিকল্প ব্যবস্থা করে হঠাৎ যদি কিছু করা হয় তাহলে নতুন করে সমস্যার সৃষ্টি হবে। তা ছাড়া যারা এই বিলের সঙ্গে সংশ্লিষ্ট, যাদের [illegible] উপর আঘাত করবে সেই ধরনের সংগঠন যেমন রিক্সাগুলির এসোসিয়েশান যা বাংলাদেশের বহু জায়গায় আছে বা রোড ট্রান্সপোর্ট ওয়ার্কার্স অ্যাসোসিয়েশন বা সারা ভারতবর্ষে আছে তাদের একটা অভিমত নেওয়া দরকার। কারণ রোড ট্রান্সপোর্ট বিশেষ করে মোটর ভেহিকলস বা এই সব রিক্সা থেকে কম রাজস্ব আদায় হয় না। কাজেই আর যেখানে হয় সেখানে তাদের প্রতিনিধিদের সঙ্গে একটা আলাপ-আলোচনা করা দরকার। অন্ততঃ তাদের মতামত কি এটা জানার জন্য বিলটা সার্কুলেশন-এ দেওয়া উচিত। তারপর অ্যাকসিডেন্ট সম্বন্ধে বলব। অ্যাকসিডেন্ট রোধ করার জন্য আইনে বলা হয়েছে যে কোন একটা রাস্তা বন্ধ করে দিলাম তাহলেই অ্যাকসিডেন্ট রোধ হবে। তা কিন্তু হবে না। অ্যাকসিডেন্ট-এর বহু কারণ আছে। কিছুদিন আগে সংবাদপত্রে আসানসোলে জি, টি, রোড-এর কাছে যে অ্যাকসিডেন্ট হয়

তার কারণ সম্পর্কে বলা হয়েছে, বর্তমানে এই যে ড্রাইভিং লাইসেন্স দেওয়া হয়, সেগুলি উপযুক্তভাবে শিক্ষা না দিয়েও অনেক সময় দেওয়া হয়। আর জি, টি, রোড বা বড় বড় রাস্তা যখন মিউনিসিপ্যালিটির কাছাকাছি হচ্ছে সেই সমস্ত এলাকায় লাইটিং অ্যারেঞ্জমেন্ট বাতির ব্যবস্থা এত অল্প যার জন্য বহু ক্ষেত্রে অ্যাকসিডেন্ট হয়। এ কারণগুলো অবশ্য শৈলবাবুর দপ্তরে মাঝে মাঝে যে আলাপ আলোচনা হয় বা সেই রিপোর্ট থেকে বলছি। তারপর, আসানসোল থেকে কোলকাতা পর্যন্ত বহু সংখ্যক গাড়ী বিশেষ করে মোটর ভিহিকেলস, লরি যাতায়াত করে। কিন্তু এতদূর রাস্তার মধ্যে কোন পার্কিং প্লেস এখনও পর্যন্ত করা হয়নি আমরা জানি জি, টি, রোড-এ বর্ধমান কার্জন গেটের কাছে ২।১ দোকান আছে, সেখানেই ২০০।২৫০ লরি পার্ক করে দেয়। ফলে রাস্তা জ্যাম হয়। এগুলি আগে করা দরকার। তা ছাড়া ইন্টার স্টেট ভেহিকলস যারা অন্যান্য রাজ্য থেকে আসছে, হয়ত ২৪ ঘন্টাব্যাপি গাড়ী চালিয়ে আসছে তাদের জন্য মাঝে মাঝে কিছু পার্কিং প্লেস দরকার, আর কোলকাতায় যেসমস্ত সুদূরবাহী ভেহিকলস আসছে তার ড্রাইভার ট্রান্সপোর্ট স্টাফরা ক্লান্ত হয়। কোলকাতায়ও লরি রাখবার জায়গা নেই। যদি ওই রাজাকাটরার ওদিকটা দেখেন দেখবেন যানবাহন চলাচল অসম্ভব হয়ে পড়ে এমনকি মানুষ চলাচলও অসম্ভব হয়ে পড়ে। কাজেই এগুলির প্রতিবিধান করা দরকার। তাতে হয়ত আপনারা চার্জ করতে পারেন যে, এই পার্কিং প্লেস-এ থাকবে ৪ আনা বা ৮ আনা লেভী হিসাবে বা যাহোক কোন হিসাবে দিতে হবে। আর তাতেও একটা অ্যামেনিটিস হয়।

[4—4-10 p.m.]

তারপর যেসমস্ত লরি ড্রাইভার ইত্যাদি আছে তাদেরও কলকাতায় থাকবার কোন ব্যবস্থা নেই, হয়ত সকালবেলা কলকাতায় পেঁৗছেছে মাল বোঝাই করে, তার পরেই তারা আবার রওনা করলেন এইভাবে তাদের থাকবার কোন ব্যবস্থা নেই। কাজেই তাদের যদি পার্কিং করবার এবং সঙ্গে সঙ্গে থাকবার ব্যবস্থা করা হয় এবং এই সমস্ত ট্রান্সপোর্ট স্টাফ-এর থাকবার ব্যবস্থা হয় তাহলে একসিডেন্ট কম হয় কারণ যে সমস্ত লোক দ্বারা গাড়ী চালাচ্ছে ঐ ড্রাইভার এবং তার স্টাফেরা তারা হয়ত জি, টি, রোড দিয়ে দিবারাত্র গাড়ী চালিয়ে যাচ্ছে—এদের হুঁস থাকতে পারে না এবং স্পীড মেনশন না করার ফলেই বহু একসিডেন্ট হয়। এ সবের ব্যবস্থা না করে—যদি এই বিল আনা হয় তাহলে এর মৌলিক কিছু পরিবর্তন করা যাবে না বা সংশোধন করা যাবে না এবং মাঝে মাঝে এরূপ একসিডেন্ট হতেই থাকবে এবং তাদের উপর জুলুমটা বাড়বে। সেই জন্য আইনে যে জুলুম বা পেনাল্টি-এর কথাটা আছে সেই পেনাল্টিটাকে একটু বেশী করে রেখে দিয়েছেন—এটা ঠিক নয়। মনে করুন একটা সাধারণ রাস্তা দিয়ে যাওয়া নিষেধ আছে এবং ড্রাইভাররা ভুল করে সেই রাস্তা চলে গেলে তাকে ৫০০ টাকা ফাইন দিতে হবে এখন এই যে ফাইন এটা মালিকরা দেয় না ড্রাইভার-এর কাছ থেকে জুলুম করে নেওয়া হয়। এই সমস্ত ড্রাইভাররা তারা মাত্র ১০০।১৫০ টাকার বেশী পায় না কাজেই এ ধরনের ট্যাক্স বা জুলুম হিসেবে এটা তাদের কাছ থেকে আসছে। সেই জন্য আমি বলছি এত বেশী পেনাল্টি রাখা ঠিক নয়। তারপর আপনারা সেখানে সিজার-এর কথা বলেছেন যে গাড়ী নিয়ে যাওয়া হবে। এই ব্যাপারে একটা জিনিষ থাকা উচিত। এ ধরনের সিজনের ক্ষেত্রে আপনারা অনেক পাওয়ার দিয়েছেন এবং সেই পাওয়ারটা এরকমভাবে রাখছেন না যে সিজ করতে গেলে বর্তমানে যে সব আইন আছে তার দ্বারা সে ভালভাবে বিচার করে দোষী করতে পারবে, কাজেই সেখানে অত্যাচার করা হবে এবং অত্যন্ত অনিচ্ছা সত্ত্বেও তার গাড়ী সিজ করে নেবেন। আপনারা এই সব যে পাওয়ার দিচ্ছেন এই সব একজন পুলিশ ইন্সপেক্টরকে সেটা ইকুভেলেণ্ট টু দি পুলিস ইন্সপেক্টর এই জিনিষটার কোন পরিবর্তন করা হল না। আমি একটা ঘটনার কথা বলছি, মার্চ মাসে একজন সাধারণ শিক্ষক যিনি শুধু শিক্ষকই নন—শ্রীদত্ত এম এ, বি এল, বি টি, বরসুল স্কুলের সহকারী শিক্ষক তাঁর বিরুদ্ধে ওয়ারেণ্ট ছিল সামান্য ক্রিমিন্যাল কেস। ইন্সপেক্টর মহাশয়ের তাঁর প্রতি অনেকদিন থেকে মনোভাব ভাল ছিল না, তিনি বরসুল স্কুলে গিয়ে সেই শিক্ষক মহাশয়কে হ্যাণ্ডকাফ দিয়ে বর্ধমান থানায় নিয়ে আসেন। এই ধরনের ইন্সপেক্টরও পুলিশ অফিসার যারা

রয়েছেন এ'রাই তো ইন্সপেক্টর অফ ভেহিকেলস হবেন। কাজেই এই ধরনের পাওয়ার সিজ করার ক্ষেত্রে তাদের বহুল পরিমাণ যে ক্ষমতা দেওয়া হচ্ছে এটা ঠিক হচ্ছে না কাজেই এই সমস্ত যে অবস্থা তাতে দেখা যাচ্ছে এবং অভিমত হচ্ছে অন্ততঃপক্ষে যে সমস্ত সংগঠন এই কাজ করেন সে সব সংগঠনের অভিমত গ্রহণ করা, এবং জনসাধারণের অভিমত গ্রহণ করবার জন্য এটাকে অন্ততঃ প্রচারের জন্য পাঠান হোক।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সার্কুলেশান মোশানকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। আমি মনে করি এই ট্রাফিক রেগুলেসান বিল-এ আনা উচিত ছিল। যদি পুলিশ অ্যাক্ট যেটা আছে সেই এক্সিজিসটিং অ্যাক্ট ও মোটর ভেহিকলস অ্যাক্ট যেটা আছে সেটা সংশোধন করলেই চলতো এই বিল আনার কোন দরকার হত না। আমরা নিশ্চয়ই চাই যে ট্রাফিক রেগুলেশান হোক এবং যে বিপদ চারিদিকে ঘটেছে সেটা দূর হোক। আমি কিছুক্ষণ আগে পাব্লিক এ্যাটেনসান-এ নাম করে যেটা এই হাউস-এ রেখেছি, তাতে আমি কাঁথির দুর্ঘটনার কথা বলেছি এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। গত ২৬শে এপ্রিল থেকে এই ৭ই মে পর্যন্ত সেখানে ৫।৬টা বাস এবং ট্রাক দুর্ঘটনা ঘটেছে এবং সে দুর্ঘটনাগুলো রিক্সাওয়ালারা বা গরুর গাড়ীওয়ালারা ঘটায়নি সেগুলি সম্পূর্ণ ঘটেছে বাসের দ্বারা এবং ট্রাক দ্বারা। আমি আগেই বলেছিলাম তারা বেপরোয়া গাড়ী চালায়, ওভারলোড করে নিয়ে যায়, এবং পুলিশ দুর্নীতিপরায়ণ হওয়ার জন্য এগুলি কোন স্টেপ নেওয়া হয় না, গাড়ীর চেকিং হয় না ও ওভারলোড চেক করা হয় না, তার ফলে এই সমস্ত দুর্ঘটনা ঘটে। হয়ত যেখানে ট্রাকের মধ্যে যা মাল ধরতে পারে বা যা মাল থাকার কথা এইরূপভাবে ২০০ মনের জায়গায় তারা ৫০০ মণ নেয় কাজেই সেখানে নিত্য এরূপ ঘটনা ঘটছে। এগুলিকে যদি রেগুলেশান অনুসারে এই চার ধারা সম্পর্কে এটাকে করতে যান তাহলে যেমন ৪(১) ধারা আছে ভেহিকলস অ্যাক্টকে কণ্ট্রোল করবেন। যে কথাটা বলেছেন যে মিউনিসিপ্যালিটীতে সেখানে রিক্সা, গরুরগাড়ী, স্কুটার প্রভৃতি ছোট ছোট গরুর গাড়ী আছে, সেগুলি দেখা হবে কিন্তু মোটর গাড়ী যে বেপরোয়াভাবে চালিয়ে যাচ্ছে সেটা দেখবার কোন ব্যবস্থা হচ্ছে না, আমি আগেই বলেছি রিক্সারা বেপরোয়াভাবে চালায় না বা অন্য গাড়ী বেপরোয়াভাবে চালয় না। যেটা বলা হয়েছে যে প্রিভেনটিভ ডেঞ্জার অবস্ট্রাকশন ইন কর্নভিয়েন্স স্পীড কণ্ট্রোল ইত্যাদি দেখার কোন ব্যবস্থা করা হয় না এবং এই কারণে ডেঞ্জার ঘটায়। এই যে ডেঞ্জার ঘটায় এরা সব হল বাসওয়ালা এবং ট্রাকওয়ালারা, পুলিশ এদের কাছে ঘুস নেয়। সাধারণ লোক যারা গরুর গাড়ী চালায় রিক্সা চালায় দু-পয়সা রোজগার করবার জন্য তারা এইভাবে জীবন দিয়ে চালায় না। তারা যা দু-পয়সা আয় করে তাতেই তারা জীবিকা নির্বাহ করে। আমি বলতে চাই আরও কঠোরভাবে এই আইন তৈরি করুন এবং স্পেস কণ্ট্রোল করবার ব্যবস্থা করুন যে কখনই ঘণ্টায় ২৫ মাইলের বেশীতে গাড়ী চালাতে পারবে না বা বাস চালাতে পারবে না। আরও আপনারা করতে পারেন সকালে যারা গাড়ী চালাবে রাত্রিতে তারা গাড়ী চালাতে পারবে না এবং যারা মদ খেয়ে বেপরোয়াভাবে গাড়ী চালাবে তাদের হিন্স দেওয়া হবে না। আপনারা এইভাবে আইন করুন যে, যাদের ড্রাইভিং লাইসেন্স দেওয়া হবে তাদের অন্ততঃ এ বিষয়ের অভিজ্ঞতা ৩ বৎসর বা ৫ বৎসর না হলে দেওয়া হবে না। আজকে যে গাড়ী চালনা শিখলো কালকেই সে ড্রাইভার হয়ে গেল এবং পুলিস তাদের কাছ থেকে ঘুস নিয়ে এরূপ করতে লাগলো এ জিনিষটা হতে পারে না। আরও মাঝে মাঝে এই সমস্ত চেকিং থাকার দরকার। বড় বড় গাড়ী যারা চালাচ্ছে তাদের মোটর ভেহিকলস অ্যাক্ট অনুসারে সব কিছু আছে কিনা সেটা দেখা দরকার। আইন যে হওয়ার দরকার সে বিষয়ে সন্দেহ নেই কিন্তু যেভাবে এই বিলটা এনেছেন সেটার আনার প্রয়োজন আছে বলে মনে করি না, যে ক্ষমতা মোটর ভেহিকলস অ্যাক্ট-এ আছে তা সংশোধন করে এই ব্যবস্থা করা

যায়। এরূপ যদি করা যায় যারা দুর্ঘটনা ঘটাবে তাদের নন-বেলেবল কেস হয় এবং প্রকৃত অপরাধী যে তাকে কঠোরভাবে দণ্ড দেওয়া হয় তা হলে সেটা অত্যন্ত ভাল হবে। কিন্তু আপনারা এইভাবে বিল পাস করলে সাধারণ মানুষ অনেক ক্ষতিগ্রস্ত হবে এবং নানাভাবে হয়রাণি হবে, অত্যাচারিত হবে। সেজন্য আমি এটাকে পাবলিক ওপিনিয়ন-এর জন্য বা প্রচারের জন্য অনুরোধ করেছি, যদি এই বিল আনতেই হয় তাহলে এর অনেক পরিবর্তন দরকার হবে, এই অনুরোধ জানিয়ে শেষ করছি।

Shri Sudhir Chandra Das: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July 1965.

Shri Saila Kumar Mukherjee: Sir, I entirely agree with the observations just now made by Dr. Kanai Lal Bhattacharyya and Shri Balai Lal Das Mahapatra that this Bill alone will not solve the entire problem of traffic control in the Greater Calcutta Metropolitan area. I can assure my friends that it is for this reason that Government is actively considering legislation about metropolitan traffic authority on the lines of the London Metropolitan traffic authority which will have a unified controlling body for controlling traffic not only in the city of Calcutta, but entirely in the Greater Calcutta industrial belt. Today accidents whether they happen in Grand Trunk Road near Durgapur or Burdwan or Asansol are all linked up with the problem of Calcutta's traffic. That requires various controls, e.g., provision of parking places, provision of zones, provision of parking hours, provision of control of drivers, provision of control over speed, directive control, and restriction of zones of traffic. All that cannot be done in the short space of time. Calcutta traffic has reached the saturation point and yet Calcutta is expanding round the industrial belt covering 400 sq. miles. I am thinking of the way how to solve this problem of traffic. CMPO traffic authorities and experts have already been entrusted to draw up a skeleton legislation on that line. But in the meantime the situation in Calcutta and its surroundings has reached such a saturation point that there is frequent traffic jam on the Howrah Bridge which has been a problem of the greatest headache to the traffic authorities.

[4-10—4-20 p.m.]

As I have already said in my inaugural speech introducing this Bill, we have taken this decision in consultation with almost all available authorities, official and non-official, as to what is the shortest and quest remedy for giving some relief to Calcutta's traffic congestion and movement of traffic as well as manoeuvrability, and everybody is of the unanimous opinion that some such control over slow-moving traffic is necessary as, you will find, perhaps it is only in the city of Calcutta in the modern world, slow-moving traffic in such huge numbers ply in the streets. We have been getting everyday letters from our Chief Minister in Tokyo; he is full of praise for everything in Japan, not only for what the Government have done there but what the Japanese people have done during the last ten years. In Tokyo, in New York, in London, in Paris, in all civilised countries, in metropolitan cities, slow-moving traffic has completely disappeared from the streets. Not that the day this law is passed, slow-moving traffic will be off; it cannot be done. That will not help the city's problem; I have said in my inaugural speech that this has to be done in a phased manner as soon as other alternative traffic and loading arrangements, carrying arrangements are available. Some of my friends have said, what will happen to these Thelawallas

and others. If you remember, Calcutta about eight or ten years ago contained 12,000 buffalo and bullock carts. Today, they have all disappeared from the streets. How ? Because of modern technicalities, and people have taken to trucks and lorries. So, they have disappeared. All these men have got employment. They have been absorbed in the various truck industries and heavy loading and carrying industries. They have all got employment. But these lorries require control to avoid accidents. We want to control their speed, we want to control the drivers' action and various othehr things. That requires another legislation. In the meantime as a stop gap measure, this is being done. Moreover, we have got certain controlling powers under the Calcutta Police Act, but there is no power under any Act for the districts. Take for instance the Barrackpore area, Howrah area or Durgapur area. These are becoming daily congested and traffic is increasing. There is no law now for the police to control it except what is there in the Calcutta Police Act. Therefore, this Act is intended to be operative over the whole of West Bengal for controlling slow moving traffic which has been found by experts to be a great handicap for the movement of speedier traffic, quicker traffic and also cheaper traffic. Some of my friends suggested to be that the tempo production has to be increased. We are already in contact with the tempo production authorities and impressed on them that if we resort to this legislation Calcutta will greatly demand more tempos so that these tempo carriers may be available in plenty to meet the absence of hand-carts, etc. We have also voluntarily intended to offer to any hand-cart owner that if he surrenders the hand-cart he will immediately get permit for a tempo. So, there will be no difficulty for them to carry on. Moreover, trade and industry will be benefited if they carrying goods from one place to another by quick means of transport which will not block the way nor create traffic congestion.

In this view of the matter it is only a traffic regulation Bill for controlling only slow-moving traffic for the whole of West Bengal. Some friends in the Opposition while admitting the need to control slow-moving traffic have suggested the enactment of a comprehensive legislation. We agreed with them.

Sir, we are thinking of a comprehensive legislation, but that will take time. In the meantime, I have brought this Bill before the House and I recommend it for acceptance by the House. I oppose all motions of circulation.

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that the West Bengal Traffic Regulation Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 to 4

The question that Clauses 1 to 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 5(1), line 3, for the words "three months" the words "one month" be substituted.

I also move that in clause 5(1), line 4, for the words "five hundred rupees" the words "three hundred rupees" be substituted.

৫নং ক্লজে আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে পেনাল্টি বিষয়ে যে ভায়োলেশন হলে কন্ট্রাভেনশন হলে ম্যাজিস্ট্রেট তিন মাসের জেল এবং ৫০০, টাকা জরিমানা করতে পারবেন। আমার মনে হয় এরা তো চোর ডাকাত খুনী নয়, কাজেই কোন অর্ডার-এর যদি কন্ট্রাভেনশন হয় তাহলে তার শাস্তিটা একটু কম হওয়া উচিত। সেই জন্য আমি রেখেছি তিন মাসের জায়গায় এক মাস হোক আর ৩০০ টাকা পর্যন্ত হবে ম্যাকসিমাম। সেটা ভিহিকলস অনুযায়ী হবে। ছোট ভিহিকল হলে ১০ টাকা এবং বড় ভিহিকল হলে আরও বেশী হবে এটাই ম্যাকসিমাম করা উচিত—তার চেয়ে বেশী হওয়া উচিত নয়। এরা সমাজদ্রোহী নয়, কোন আইনের বিধান লঙ্ঘন হয়ে গেছে বলে এদের সাজা খাটতে হচ্ছে। সেই জন্য এটাকে কমাবার জন্য আমার এই অ্যামেন্ডমেন্ট।

Shri Saila Kumar Mukherjee: Sir, it is not from that point of view—nobody looks upon these people as criminals—that this penalty is being imposed. Already under the Calcutta Police Act and other Acts, there is provision for fines varying from Re. 1 to Rs. 10. But we have found from our experience, as Shri Balai Lal Das Mahapatra has said, that drivers who create accidents on the Grand Trunk Road are prosecuted and penalised, but what is the penalty? They have to pay a fine of Rs. 10 and they gladly pay it. So, we have given the Magistrate the power to levy a maximum fine of Rs. 500. It is not that in every case a fine of Rs. 500 will be imposed. It is entirely in the discretion of the Magistrate to fix the quantum of fine in individual cases. But we have made provision for the maximum amount of fine so that the punishment may be deterrent and these nefarious acts of rash driving and negligent driving or violation of traffic rules may be stopped. So, it is for this purpose that we have provided for a deterrent punishment, for the maximum punishment. From our experience we have found that the lorry-driver do not care for paying a fine of Rs. 10—they throw it in the face of the Magistrate who imposes it and they carry on their nefarious work. So, if we want the Act to be effective, I think we should provide for deterrent punishment. We have also provided for imprisonment for three months. It does not mean that in every case this punishment will be given. It is entirely in the discretion of the District Magistrate to decide what punishment would be suitable in a particular case. In some cases, seizure of the vehicles is also necessary as a threat so that they may not repeat the offence.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 5(1), line 3, for the words "three months" the words "one month" be substituted was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 5(1), line 4, for the words "five hhundred rupees" the words "three hundred rupeas" be substituted was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 6(3), lines 4 and 5, for the words "until the case is disposed of" the words "for a month within which the case is to be disposed of" be substituted.

আমার ৬ ক্লসে এমেন্ডমেন্ট হচ্ছে এখানে যে লেখা আছে ,

'Upon receipt of such report and after such enquiries, if any, as the Magistrate thinks fit, the Magistrate shall either order the vehicle to be released or pass such orders as he thinks fit for the interim custody of the vehicle until the case is disposed of.'

শ্রীসনৎকুমার রাহা: আমাদের যে অভিজ্ঞতা আছে তাতে বলতে পারি অনেক সময় পুলিস ধরে নিয়ে যায়, কেস করে দেয়। তারপর এক মাস ধরে রিক্সা আটক থাকল, কেস আসে না। সেজন্য আমার বক্তব্য হচ্ছে এই যে ভেহিকলস নিয়ে যাক কিন্তু এক মাসের মধ্যে এনকোয়ারি করে ফর এ মান্থ উইদিন হুইচ দি কেস ইজ ডিসপোজড অফ—এটা থাকা উচিত। আনটিল দি কেস ইজ ডিসপোজড অফ না বলে একটা টাইম ঠিক করে দেওয়া উচিত।

[4-20—4-30 p.m.]

Shri Saila Kumar Mukherjee: That is the object and that will be covered by the rules.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 6(3), lines 4 and 5, for the words "until the case is disposed of" the words "for a month within which the case is to be disposed of" be substituted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7, 8 and the Preamble

The question that clauses 7, 8 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Saila Kumar Mukherjee: I move that the West Bengal Traffic Regulation Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Howrah Bridge (Amendment) Bill, 1965

Shri Khagendra Nath Das Gupta: I beg to introduce the Howrah Bridge (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Khagendra Nath Das Gupta: I move that the Howrah Bridge (Amendment) Bill, 1965, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোচ্য বিলটার উদ্দেশ্য দ্বিবিধ। নিউ হাওড়া ব্রীজ কমিশনার হাওড়া ব্রীজের নির্মাণের জন্য সরকারের অনুমোদনক্রমে খোলা বাজার থেকে ৩ কোটি টাকা ঋণ গ্রহণ করেছিলেন। এই ৩ কোটি টাকা ঋণ দেবার এবং আনুষঙ্গিক কার্যাদি পরিচালনার জন্য ১৯২৬ সালের নিউ হাওড়া ব্রীজ অ্যাক্টের ১১ ধারা অনুসারে সরকার প্রতি বছর ৪ লক্ষ টাকা করে নিউ হাওড়া ব্রীজ কমিশনারকে দিয়ে আসছিলেন। কিন্তু বর্তমানে নিউ হাওড়া ব্রীজ কমিশনারের আর্থিক অবস্থা অনেক উন্নত হয়েছে। ১৯৬৩-৬৪ আর্থিক বছরের হিসাব অনুসারে নিউ হাওড়া ব্রীজ কমিশনারের ঋণ পরিশোধ তহবিলে ১ কোটি ৭০ লক্ষ ৫০ হাজার ১৮৯ টাকা জমা আছে।

অন্যান্যস্তরে ডিবেঞ্চার ঋণের পরিমাণ হল ১ কোটি ৫৪ লক্ষ ৮৩ হাজার টাকা। বিভিন্ন উৎস থেকে নিউ হাওড়া ব্রীজ কমিশনারগণের বাৎসরিক আয়ের পরিমাণ প্রায় ২৭ লক্ষ টাকা। আনুমানিক ব্যয়ের পরিমাণ বছরে প্রায় ৮ লক্ষ টাকা। এই হিসাবে বাৎসরিক উদ্বৃত্তের পরিমাণ প্রায় ১৯ লক্ষ টাকা। কাজেই বর্তমান আর্থিক পরিস্থিতিতে সম্পূর্ণ ঋণ পরিশোধ অন্তে নিউ হাওড়া ব্রীজ কমিশনারদের হাতে যথেষ্ট উদ্বৃত্ত থাকে। এইরূপ অবস্থায় সরকার বর্তমান হাওড়া ব্রীজ আইনের ১১ ধারা বাতিল করে উক্ত বাৎসরিক ৪ লক্ষ টাকা প্রদানের বিধি রদ করবার প্রস্তাব করেছেন। বিগত ১৪ই অগাস্ট, ১৯৬৪ তারিখে কলকাতা পৌর প্রতিষ্ঠান হাওড়া ব্রীজের নাম পরিবর্তন করে রবীন্দ্র সেতু করবার জন্য একটা প্রস্তাব গ্রহণ করেন। বিশেষভাবে বিবেচনা করে সরকার উক্ত প্রস্তাব গ্রহণ করেছেন। এই উদ্দেশ্যে ১৯২৬ সালের হাওড়া ব্রীজ আইনে একটা নতুন ধারা সংযোজিত করবার প্রস্তাব করা হয়েছে। উল্লিখিত সংশোধনী প্রস্তাব দুটি সম্পর্কে নিউ হাওড়া ব্রীজ কমিশনারগণের কোন আপত্তি নেই। এই হচ্ছে বিলের মূল উদ্দেশ্য। আমি আশা করি এই বিলটা আপনারা গ্রহণ করবেন।

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

মাননীয় স্পীকার মহাশয়, আমার এই সার্কুলেশন মোশনটা মুভ করতে উঠে আমি এই হাওড়া ব্রীজ (অ্যামেন্ডমেন্ট) বিল যেভাবে মন্ত্রিমহাশয় এনেছেন, সেই সম্পর্কে দু-একটি কথা বলতে চাই।

এই যে মন্ত্রিমহাশয় একটি হিসেব দিলেন ২৭ লক্ষ টাকা নিউ হাওড়া ব্রীজ কমিশনারদের ইনকাম বছরে; আর খরচ ৮ লক্ষ টাকা; অর্থাৎ ১৯ লক্ষ টাকার মত বাড়তি হয়। সরকারের পক্ষ থেকে সেকশন অনুযায়ী যে ৪ লক্ষ টাকা দেওয়া হচ্ছিল সেই টাকা দেওয়াটা তাঁরা বন্ধ করবেন। আমি সেই সঙ্গে আর একটি প্রোপোজাল রাখতে চাই মন্ত্রিমহাশয়ের কাছে। হাওড়া এবং কলকাতার সাধারণ নাগরিককে যে তাদের বাড়ীর ভ্যালুয়েশন ধরে মিউনিসিপ্যাল ট্যাক্সের সঙ্গে যে পরিমাণ ট্যাক্স হাওড়া ব্রীজের জন্য দিতে হয় অর্থাৎ ওয়ান-ফোর্থ পার্সেন্ট অফ দি অ্যানুয়েল ভ্যালুয়েশন দিতে হয়, সেটাও বন্ধ করে দেওয়া উচিত বলে আমি মনে করি। কারণ এই হাওড়া ব্রীজ তৈরী হবার পর থেকে এই করটা তাঁদের দিতে হচ্ছিল এবং এতদিন তাঁরা দিয়ে আসছেন। হাওড়া ব্রীজের জন্য যে এক কোটি ৮০ লক্ষ টাকা দেনা ছিল, তা শোধ হয়ে গেছে এবং হাওড়া ব্রীজ রক্ষণাবেক্ষণ করার ভার ও অন্যান্য সোর্স থেকে যে ইনকাম হয়, তার উপর ছেড়ে দেওয়া উচিত বলে আমি মনে করি। সে বিষয়ে আমি মন্ত্রিমহাশয়কে বলবো—এই আইনে হয়ত সেটা সম্ভব হবে না। কিন্তু আর একটি নূতন করে বিল নিয়ে এসে হাওড়া এবং কলকাতার লোকের উপর যে কর ধার্য করা হচ্ছে সেটা বন্ধ করা উচিত। তিনি যেন তার জন্য প্রচেষ্টা করেন।

আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই হাওড়া ব্রীজের নাম রবীন্দ্র সেতু নামকরণ করা সম্পর্কে সরকার রবীন্দ্র স্মৃতি রক্ষা করবার জন্য কিছু কিছু প্রচেষ্টা চালাচ্ছেন। এডুকেশন ডিপার্ট-মেন্ট-এর তরফ থেকে যে একটা প্রচেষ্টা আমাদের দেশের সমস্ত লোক সমর্থন করেছিল সেটা হচ্ছে কম দামে অর্থাৎ ৭৫ টাকার মধ্যে পনের ভলিউম রবীন্দ্র রচনাবলী তাঁরা প্রকাশ করেছেন। সত্যি তার জন্য সাধারণ মানুষ সরকারকে ধন্যবাদ জানিয়েছেন। কিন্তু সংখ্যা তার এত কম হয়েছে যে অনেকে এখনো তা পান নি। রবীন্দ্রনাথের নামকে, যদি আপনারা রবীন্দ্রনাথের স্মৃতিকে রাখতে চান তাহলে একটি মনুমেন্ট বা একটা রাস্তা বা ব্রীজ তাঁর নাম দিয়ে রবীন্দ্রনাথের স্মৃতিরক্ষা করবার জন্য প্রচেষ্টা আপনারা করবেন না। এটা অন্যায় এবং তাঁকে ছোট করা হয়। রবীন্দ্রনাথকে তাঁর কাজের ভেতর দিয়ে, তাঁর রচনাবলীর ভেতর দিয়ে যে জিনিষ তিনি দিয়ে গেছেন মানুষকে, সেটা মানুষের মধ্যে ছড়িয়ে দেবার প্রচেষ্টা করুন। তাহলে রবীন্দ্রনাথের স্মৃতি রক্ষা করা হবে এবং যে প্রচেষ্টা আপনারা নিয়েছেন যার জন্য আপনারা সাধারণ মানুষের অকুণ্ঠ প্রশংসা অর্জন করেছেন। সেটা আরো যাতে প্রসারতা লাভ করে তার চেষ্টা করা উচিত

অর্থাৎ আপনারা এই যে রবীন্দ্র রচনাবলী পাবলিশ করেছিলেন, যা এখন বন্ধ হয়ে গেছে, সেটা আবার যাতে ৭৫ টাকায় আমাদের দেশের সাধারণ মানুষ পায় তার ব্যবস্থা আপনারা করুন এইভাবে রবীন্দ্রনাথের নামে একটা রবীন্দ্রনগর কি রবীন্দ্র সেতু কি রবীন্দ্র সরণি ইত্যাদি করে রবীন্দ্রনাথের স্মৃতিকে রক্ষা করতে যাওয়া আমি অন্যায় বলে মনে করি এবং আমি এর তীব্র বিরোধিতা করি। হাওড়া ব্রীজের নাম রবীন্দ্র সেতু করে দিয়ে আমরা এই বিধানসভা থেকে এই রকম আইন পাশ করে তাঁর নামের অমর্যাদা করতে চাই না। সেই জন্য আমি এর তীব্র বিরোধিতা করছি।

সরকার এই রবীন্দ্র স্মরণী যেটা করছেন, অর্থাৎ জাতীয় নাট্যশালা, সেটাকে আরো তাড়াতাড়ি করতে পারতেন এবং তাঁরা তাড়াতাড়ি করবেন বলে কথা দিয়েছেন। কিন্তু করেন নি বা করতে পারেন নি, যার জন্য আমাদের দেশের শিল্পী, নাট্যরসিক, কবি ইত্যাদি তাঁরা অত্যন্ত বিক্ষুব্ধ এবং আজকে কাগজে দেখলাম যে আগামী শনিবার তাঁরা সেখানে সরকারের বিরোধিতা করেও রবীন্দ্র জন্ম বার্ষিকী উৎসব উদ্যাপন করবেন। অর্থাৎ সরকার বলেছিলেন যে এই বছর রবীন্দ্র জন্ম দিনে সেটা ওপেন করবেন। কিন্তু তাঁরা ফেল করলেন, সেটাকে কমপ্লিট করতে পারলেন না। সরকারের বিরুদ্ধে কার মনোভাব প্রকাশ করার জন্য তাঁরা সেখানে একটা সভা করবেন। সরকারের এই যে অক্ষমতা রবীন্দ্রনাথের স্মৃতি রক্ষার জন্য, তাঁরা সেটা করতে পারলেন না। কিন্তু তা না করে হাওড়া ব্রীজের নাম রবীন্দ্র সেতু করছেন। আমি বলছি সেটা করতে যাবেন না। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে বলব যে আপনি এই হাওড়া ব্রীজের নাম রবীন্দ্র সেতু করে একটা চীফ পাপুলারিটি গেন করবার চেষ্টা করবেন না এবং এর জন্য রবীন্দ্রনাথের নাম এইভাবে ব্যবহার করবেন না। রবীন্দ্রনাথের স্মৃতি যদি সত্যই রক্ষা করতে হয় তাহলে যেটা জাতীয় নাট্যশালা করছেন সেটা করবার চেষ্টা করুন এবং যে রবীন্দ্র রচনাবলী পাবলিশ করেছিলেন সেটাকে আবার সস্তায় ইন্ট্রোডিউস করুন। সাধারণ মানুষ সস্তায় রবীন্দ্র রচনাবলী পাক, পড়ুক এবং তার দ্বারাই রবীন্দ্রনাথের স্মৃতি বজায় থাকবে বলে আমি মনে করি।

[4-30—4-40 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, হাওড়া ব্রীজ অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৬৫, যেটা নিয়ে আসা হয়েছে সে সম্পর্কে আমি সংক্ষেপে ২।৪টি কথা বলতে চাই। এই বিলের মধ্যে বলা হয়েছে যেহেতু নিউ হাওড়া ব্রীজ, কমিশনাররা আজকে অর্থনৈতিক দিক দিয়ে সুপ্রতিষ্ঠিত হয়েছেন, সেই জন্য সরকারের পক্ষ থেকে বছরে যে ৪ লক্ষ টাকা অনুদান দেওয়া হত সেটা বন্ধ করে দেওয়া হবে। এই সঙ্গে সঙ্গে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আর একটু সুপারিশ করতে চাই। সেটা হচ্ছে এই যে মাননীয় মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন যে হাওড়া স্টেশন থেকে যে সমস্ত যাত্রী বাহিরে যান বা বাহির থেকে যে সমস্ত যাত্রী এখানে আসেন তাঁদের প্রত্যেকের নিকট থেকে রেলওয়ে টিকিটের সঙ্গে হাওড়া ব্রীজ ট্যাক্স কেটে নেওয়া হয় প্রতি থার্ড ক্লাস টিকিটে ২ পয়সা করে ট্যাক্স, ফার্স্ট ক্লাসের ৫ পয়সা করে ট্যাক্স, এবং মান্থলি টিকিটের ২৫ পয়সা ট্যাক্স, কোয়ার্টারলি টিকিটেন ৭৫ পয়সা ট্যাক্স নেওয়া হয়। সেই জন্য আমি আপনার কাছে সুপারিশ করছি যে যখন সরকার থেকে বিবেচনা করে ৪ লক্ষ টাকা অনুদান বন্ধ করে দেওয়া হচ্ছে, তখন এ বিষয়ে সরকার চিন্তা করে প্রয়োজন হলে মন্ত্রিমহাশয় কিছু মুভ করে গেলে রেলওয়ে টিকিটের সাথে হাওড়া ব্রীজ বাবদ যে ট্যাক্স দেওয়া হয়, সেই টাকাটা যাতে মকুব করা হয়, যাত্রীদের খানিকটা করভার লাঘব করা হয় সেদিকে তাঁরা সচেষ্ট থাকবেন। দ্বিতীয় যে বক্তব্য ডাঃ কানাইবাবু রেখেছেন যে রবীন্দ্র সেতু নামকরণ এদিক দিয়ে আমাদের হয়ত অন্য কোন আপত্তি থাকত না। কিন্তু আজকে বাংলাদেশেতে যে প্রচন্ড জন মত গড়ে উঠেছে, যেখানে রবীন্দ্র স্মরণী কলকাতার বুকে ২৫শে বৈশাখ এর মধ্যে গড়ে তোলা উচিত ছিল, দীর্ঘদিন ধরে সরকারের কাছে বহুদিন থেকে আবেদন নিবেদন এসেছে এবং সরকার বিভিন্নভাবে তাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কলকাতার বুকে রবীন্দ্র স্মরণী ২৫শে বৈশাখের

মধ্যে নিশ্চয়ই শেষ করবো। কিন্তু দেখা গেল যে আজ পর্যন্ত কলকাতার বুকে রবীন্দ্র স্মরণীর কাজ শেষ করতে পারলেন না। সেই জন্য এতকাল বাংলাদেশের বিভিন্ন শিল্পী এক সাংবাদিক বৈঠকে মিলিত হয়েছিলেন এবং তাঁরা পরিষ্কার ভাবে জানিয়েছেন যে সরকারের কাছে বহু আবেদন নিবেদন করেছেন, বহু পত্র দিয়েছেন, রবীন্দ্র স্মরণীর কাজ সম্পূর্ণ না হলে তার প্রাঙ্গনে তাঁদের উৎসব অনুষ্ঠান করবার অনুমতি দেওয়া হোক। কিন্তু সরকার পক্ষ থেকে তাঁরা আজ পর্যন্ত কোন রকম অনুমতিসূচক পত্র পায় নি। সেই জন্য তাঁরা স্থির করেছেন যে সরকার যদি কোন রকম অনুমতি না দেন বা সরকার যদি বাধা দেবার চেষ্টা করেন তাহলে তাঁরা সেখানে অবস্থান ধর্মঘট করবেন। বাংলাদেশের বিভিন্ন শিল্পী, সাহিত্যিক গোষ্ঠী আজকে মহাবোধী সোসাইটি হলে এক সভা আহ্বান করেছেন। সেই সভাতে তাঁরা চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন যে রবীন্দ্রনাথ সম্পর্কে পশ্চিমবাংলা সরকারের উদাসীন মনোভাব সত্যিই নিন্দনীয়। কাজে কাজেই আজকে বাংলাদেশের বুকে সবচেয়ে বড় প্রশ্ন যে রবীন্দ্রনাথের সঙ্গে বাংলাদেশের নাম জড়িত এবং রবীন্দ্রনাথের প্রতি যদি সরকারের সত্যিই শ্রদ্ধা থাকে তাহলে রবীন্দ্র স্মরণীর কাজ তাঁরা নিশ্চয়ই ত্বরান্বিত করবেন। কাজে কাজেই হাওড়া ব্রীজের নাম রবীন্দ্র সেতু রেখে আমরা বাংলাদেশের পক্ষ থেকে রবীন্দ্রনাথের প্রতি একটা নূতন কোন শ্রদ্ধা জ্ঞাপন করছি না। রবীন্দ্রনাথের প্রতি যদি আন্তরিকতা, শ্রদ্ধা সত্যিই সরকারের থাকে তাহলে রবীন্দ্র স্মরণীর কাজ ত্বরান্বিত করতে পারতেন বা আজকে বাংলাদেশের শিল্পী এবং সাহিত্যিক গোষ্ঠী যে আবেদন করেছেন যে এটার সম্পূর্ণ না হলে তাঁদের অন্ততঃ অনুমতি দেওয়া হোক এই রবীন্দ্র স্মরণী প্রাঙ্গণে তাঁরা রবীন্দ্র জন্ম উৎসব করবেন। কিন্তু এ বিষয়ে সরকারের যে উদাসীন মনোভাব যে অ্যাডামেন্ট অ্যাটিচিউড তাকে সত্যিই আমরা সমর্থন করতে পারি না। সেই জন্য ঐ বিল আনার মধ্য দিয়ে কোন একটা মহৎ কাজ হবে বলে আমি মনে করি না। এ'রা সস্তায় বাহবা কেনার চেষ্টা করছেন। কাজেই রবীন্দ্রনাথের প্রতি যদি সত্যিই তাঁদের প্রীতি থাকে তাহলে রবীন্দ্র স্মরণীর কাজটা ত্বরান্বিত করা এবং বাংলাদেশের সাহিত্যিক এবং শিল্পী গোষ্ঠীর পক্ষ থেকে যে আবেদন করা হয়েছে তাকে পূর্ণ মর্যাদা দেওয়া আমি কর্তব্য বলে মনে করি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার এত জিনিস থাকতে শেষ পর্যন্ত হাওড়া ব্রীজের নাম পরিবর্তন করে রবীন্দ্র সেতু নাম রাখছেন। সস্তায় কি করে বাজী মাত করতে হয় সেটা আমাদের সরকারের খুব জানা আছে। মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে করপোরেশন অনুরোধ করল, তাদের অনুরোধ ফেলতে পারছেন না, তাদের অনুরোধের জন্যই হাওড়া ব্রীজের নামকরণ রবীন্দ্র সেতু করা হয়েছে। করপোরেশন অনেক সময় অনেক অনুরোধ করে—এই জলের এত বড় কষ্টে, মানুষ জল পাচ্ছে না, জলের জন্য মানুষ কত অনুরোধ করেছে কই জলের জন্য তো হাতে দিতে পারছেন না। এখন মানুষ জল না খেয়ে মরে যাচ্ছে। কাজেই এই রকম অনেক কথা বলা যেতে পারে যে করপোরেশন বহু সময় অনেক টাকা চেয়েছেন। এ নিয়েই বহু অনুরোধ আপনাদের কাছে করেছে, কই সেদিকে তো আপনারা লক্ষ্য করেন নি? কিন্তু অনুরোধ গেছে যে রবীন্দ্রনাথের নামটি কি করে সস্তায় রেখে দিতে পারা যায়। ও'রা যদি নিজেরা একটা কিছু করতেন—যখন উনি তাদের বিবৃতি দিচ্ছিলেন তখন আমি জিজ্ঞাসা করেছিলাম হাওড়া ব্রীজ তৈরী হয়েছিল কবে? আমার যতদূর জানা আছে আজকের নয়। নিউ ব্রীজের কথা বলুন। অনেক আগের ব্যাপার, ব্রিটিশ আমলের তৈরী এবং ট্রাম কোম্পানী তাতে বহু টাকা দিয়েছে, বহু টাকা লোন করেছে ইত্যাদি। দেনা শোধ করা হয়েছে ঠিক কথা, কিন্তু হঠাৎ আপনাদের মাথায় এলো কেন যে হাওড়া ব্রীজের নামটা রবীন্দ্র সেতু নাম করা হবে? আমি আপনাকে জিজ্ঞাসা করি যেখানে রবীন্দ্রনাথের নামটা আসলে রক্ষা পেতে পারে সেখানে উপেক্ষা করছেন, অবহেলা করছেন। আমি প্রথমে নিমতলা শ্মশানঘাটের কথা বলছি। নিমতলা শ্মশানঘাটের দিকে তাকান যে সেখানে দৈনন্দিন আপত্তি উঠছে, সংবাদপত্রে দিনের পর দিন আপনাদের দৃষ্টি আকর্ষণ করছে যে তাঁর যে দেহাবশেষ রয়েছে সেই পুণ্যভূমি সেটা গঙ্গার গর্ভে নিমজ্জিত হতে যাচ্ছে এবং জঙ্গলে পরিণত হয়েছে। তার রক্ষণাবেক্ষণ-এর ব্যবস্থা আপনারা করতে পারছেন না, সেটাকে উপেক্ষা করে চলেছেন সেই বিশ্বমানবের

পুণ্য স্মৃতি ভূমি। দ্বিতীয় কথা আসুন যেখানে ভারতের শাশ্বত বাণী প্রচারিত হচ্ছে বিশ্ব ভারতী—সেই বিশ্বভারতী দিনের পর দিন নষ্ট হতে বসেছে, রবীন্দ্র আদর্শ প্রায় নষ্ট হতে বসেছে। এটা আমার কথা নয়, সেখানকার যে ব্যয়-বরাদ্দ কমিশন আছে—সেন্ট্রাল পর্যন্ত এ সম্বন্ধে মন্তব্য করছেন যে সেখানকার তপোবনের যে আদর্শ, যে শাশ্বত বাণী প্রচারিত হত, সে শিক্ষা শুধু ভারতবর্ষে নয় সারা বিশ্ব জানে। মানুষের মাঝখানে তিনি যে আদর্শ সৃষ্টি করতে চেয়েছিলেন ধীরে ধীরে সেটা নষ্ট হতে বসেছে। তারপরে আপনারা রবীন্দ্র ভারতীয় বিশ্ববিদ্যালয় যেটা করলেন, সেখানে অর্থ কমিশন নিজেই বলছেন যে, আপনারা রবীন্দ্রনাথের আদর্শ রক্ষা করতে পারছেন না বলে সাধারণ ভাবে কতকগুলি বিশ্ববিদ্যালয় চলছে, কলকাতা বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় চলছে, বর্ধমান বিশ্ববিদ্যালয় চলছে ইত্যাদি এই রকম কতকগুলি বিশ্ববিদ্যালয় আছে। সেখানে পড়ে এবং পরীক্ষার ব্যবস্থা আছে বলে আর সেখানে টাকা মঞ্জুর করবেন কিনা সন্দেহ এবং তাঁরা একদিন কঠোর মন্তব্য করেছেন। এইগুলি কি বাংলা সরকারের কর্তব্য নয়? তারপরে রবীন্দ্র স্মরণী সম্বন্ধে অনেকেই বললেন যে ৪২ লক্ষ টাকা খরচ করে সেখানে জাতীয় নাট্যশালা হবার কথা ছিল, কিন্তু আজ ৪ বছরের মধ্যে আপনারা তার কাজ এখন পর্যন্ত শেষ করতে পারলেন না? শেষ পর্যন্ত বাংলাদেশের যারা প্রখ্যাতনামা শিল্পী, সাহিত্যিক আপনাদের বিরুদ্ধে সত্যাগ্রহ করতে যাচ্ছেন ৮ই মে। আপনারা তাঁদের প্রাঙ্গণে বসে অনুষ্ঠান করতে না দেন, রবীন্দ্র স্মৃতি বার্ষিকী পরিচালিত করতে না দেন এবং তাতে যদি পুলিশ বাধাও দেয় তাহলেও তাঁরা সত্যাগ্রহ করবেন, বাধা শুনবেন না। এর চেয়ে লজ্জার আর কি হতে পারে? কাজেই আজ আমি বলছি, এবং গোড়াতেও বলেছিলাম যে সস্তায় যদি নাম কিনতে চান তাহলে রবীন্দ্রনাথের কি রকম স্মৃতি রক্ষা হবে সেটা সকলেই জানে। রবীন্দ্রনাথকে দেশের মানুষ কি করে চিনতে পারবে সে কথা কানাইবাবু আগেই বলেছেন যে, আপনারা আবার ৭৫ টাকায় রবীন্দ্রনাথের বই প্রকাশ করুন যাতে জনসাধারণ সহজে কিনতে পারে। আপনারা যে ৭৫ টাকায় বই প্রকাশ করেছিলেন অনেক লোক অভিযোগ করেছেন যে তাঁরা এখন বই পেল না।

[4-40—4-50 p.m.]

শুধু কয়েকজনকে দেন নি নয়, বহু লোকে টাকা জমা দিয়েও তাঁরা পাচ্ছেন না, যার ভিতর দিয়ে নাকি রবীন্দ্রনাথকে জানতে পারতেন সে ব্যবস্থা করা হল না। কয়েকটা সেতু বা ঘরবাড়ীর ভিতর দিয়ে রবীন্দ্রনাথকে জানা যায় না। তঁকে চিনতে হলে তাঁর বাণীর মধ্য দিয়ে, তাঁর বিশ্বমানবতার মধ্য দিয়ে জানতে হবে। কাজেই যদি এভাবে একটা পুলের নাম বা কয়েকটি নদীর নাম ইত্যাদি রাখা হয় তাতে রবীন্দ্রনাথের স্মৃতি রক্ষা হবে না। সেজন্য এই বিলের আমরা বিরোধিতা করছি; শুধু জনমত প্রচার নয়, আমরা সামগ্রিকভাবে এই বিলের বিরোধিতা করছি। আমি বলতে চাই আপনারা এইভাবে রবীন্দ্রনাথের স্মৃতি বা সমাজের অমর্যাদা করবেন না বা সেই স্মৃতিবিজড়িত মহান ব্যক্তির আদর্শ বা স্মৃতিকে এইভাবে অপদস্ত করার চেষ্টা করবেন না। বরং যার ভেতর দিয়ে তাঁর যে বাণী সে বাণী যাতে আমরা গ্রহণ করি সেই ব্যবস্থা করুন। সেজন্য আমি এই বিলের এই সব কারণে বিরোধিতা করছি এবং এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবশরণ ঘোষ: স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন এই নূতন হাওড়া ব্রীজের নাম রবীন্দ্র সেতু করা হচ্ছে, রবীন্দ্রনাথ ঠাকুরকে আমরা জানি, আর জানি রবীন্দ্রনাথ সিংহ মহাশয়কে। এই পর্যন্ত রবীন্দ্রনাথের নাম না থেকে শুধু বলা হচ্ছে রবীন্দ্র সেতু। সেজন্য আমাদের সন্দেহ হচ্ছে যে, এটা কি রবীন্দ্রলাল সিংহ মহাশয়ের স্মৃতিরক্ষার্থ হচ্ছে!

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত: মাননীয় স্পীকার, স্যার, আলোচ্য বিলটি সমর্থনের জন্য উপস্থিত করবার পর বিরোধী পক্ষের কয়েকজন মাননীয় সদস্য এই বিলের বিরোধিতা করে যে বক্তৃতা দিয়েছেন তা শুনলাম, একটা প্রস্তাবের সঙ্গে সঙ্গে এনেছেন যে হাওড়া ব্রীজ-এর যে খরচা তা

যাত্রীদের জন্য রেল এবং নাগরিকদের উপর ট্যাক্স বসান হয়েছে, সে ট্যাক্সটা এরই সংগে সংগে মকুব করা হোক, হাওড়া ব্রীজ তৈরী করবার জন্য যে ঋণ গ্রহণ করা হয়েছিল সে ঋণ আজও পরিশোধ হয় নি এবং আমি পূর্বেই জানিয়েছি এখনও ১ কোটি ৫৪ লক্ষ টাকা বাকী আছে, যদিও ১ কোটি ৫৪ লক্ষ টাকার স্থলে ১ কোটি ৭০ লক্ষ টাকার উপর এখন নিউ হাওড়া ব্রীজ কমিশনারদের হাতে আছে, তা হলেও এই কথা কিছু টাকা নিউ হাওড়া ব্রীজ কমিশনারদের হাতে সব সময় থাকা প্রয়োজন, কারণ ব্রীজ-এর যদি কোন রকম বড় সংস্কারের দরকার হয় তা হলে অনেক বেশী টাকার প্রয়োজন হতে পারে। অতএব ব্রীজ-এর রক্ষণাবেক্ষণের জন্য কিছু টাকা কমিশনারদের হাতে সব সময় প্রয়োজন এবং সেই কারণে ঐ ৪ লক্ষ টাকা বাদ দেবার প্রস্তাব এনেছি—এই টাকা শোধ হয়ে গেলে যে প্রস্তাব কানাইবাবু এনেছেন যে জনসাধারণের এই ট্যাক্স রেহাই দিতে সেটা আমরা বিবেচনা করবো। ট্যাক্স যদিও সবটা মকুব করা সম্ভব নয়, কারণ ব্রীজ থাকলেই তার রক্ষণাবেক্ষণ দরকার এবং বৎসরে বৎসরে যে খরচ হয় সে খরচ থাকবেই। মোটামুটি কিছু ট্যাক্স লাঘব করা যায় কি না সেটা আমরা বিবেচনা করে দেখব। দ্বিতীয় আর একটা কথা হচ্ছে যে বিলের দ্বিতীয় উদ্দেশ্য রবীন্দ্র সেতু নামকরণ সম্পর্কে আপত্তি উঠেছে। রবীন্দ্র সেতু নামকরণ এটা আমাদের দিক থেকে উঠে নি, উঠেছে কলকাতা কর্পোরেশনের দিক থেকে, কলকাতা কর্পোরেশন প্রস্তাব গ্রহণ করে আমাদের কাছে অনুমোদনের জন্য পাঠিয়েছেন যে, হাওড়া ব্রীজ-এর নামকরণ রবীন্দ্র সেতু করা হোক। কলকাতা কর্পোরেশন কলকাতার জনসাধারণের প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান তাঁরা যে প্রস্তাব করে পাঠিয়েছেন তদনুযায়ী হয় সেতুর নাম রবীন্দ্রনাথের নামে করা হোক না হয় প্রস্তাবটা অগ্রাহ্য আমরা করি। এখন একজন মহান ব্যক্তির নামের সাথে জড়িত হয়ে আমাদের কাছে যে প্রস্তাবটি এসেছে সেটি অগ্রাহ্য করা বা বিরোধিতা করার বিশেষ কোন যুক্তি আমরা পাই নি। নাম পরিবর্তন করে, কলকাতার অগণিত জনগণ যদি সুখী হন তাহলে আমাদের তাতে কি আপত্তি থাকতে পারে, সেই কারণেই আমরা আপত্তি জানাই নি এবং জানাই নি বলেই আমরা আইন করে নামকরণ কর্চ্ছি। (এ ভয়েসঃ রবীন্দ্র স্মরণী হল না কেন) এর সংগে এ বিষয়ে আরও আলোচনা করা হয়েছে রবীন্দ্র স্মরণীর কথা কলিং অ্যাটেনশনএ তার বিস্তারিত জবাব দেওয়া হয়েছে। প্রায় ৪০ লক্ষ টাকার উপর এই রবীন্দ্র স্মরণীর জন্য ব্যয় করা হচ্ছে, এর মধ্যে ভারত সরকার মাত্র আড়াই লক্ষ টাকা দিয়েছেন, সমস্ত টাকাটাই পশ্চিমবংগ সরকারকে বহণ করতে হচ্ছে। যে সদনটি নির্মাণ করা হচ্ছে এই জাতীয় সদন এশিয়া মহাদেশে আর একটিও নেই। পৃথিবীতে অন্যান্য নানা জায়গায় এই জাতীয় যে সমস্ত সদন আছে তাদের বিবরণ এনে একটি আদর্শ সদন নির্মাণ করা হচ্ছে, প্ল্যান এস্টিমেট করে এত টাকা সংগ্রহ করা এক বৎসর বা ২ বৎসরে তা সম্ভব হয় নি যখনই আমাদের সম্ভব হয়েছে তখনই আমরা এতে কিছু অর্থ দিয়েছি এবং এই সদনটি আমরা সম্পূর্ণ করাব চেষ্টা করছি। আমি এই সম্পর্কে যে তথ্য সংগ্রহ করেছি তাতে এই বৎসরের মধ্যে এই সদনটি নির্মাণ শেষ হবে। কানাইবাবু আলোচনা তুলেছিলেন সেখানে যে অনুমতি চাওয়া হয়েছিল ঐ ২৫শে বৈশাখের অনুষ্ঠানের জন্য সেটার কি হল। আপনারা যদি সদনের ভেতর গিয়ে দেখেন তাহলে দেখবেন যে কন্ট্রাকটারদের দ্রুত কাজ চলছে এবং কন্ট্রাকটাররা এদিকে ওদিকে ভারা বেঁধে রেখেছে ও এদিকে ওদিকে খোলামেলা করে কাজ চলছে, আজকে হঠাৎ সেই সব সরিয়ে যদি আমরা ২ দিনের জন্য পরিষ্কার করি ও ফাংশন করবার অনুমতি দি-ই তাহলে কন্ট্রাকটারদের অনেক টাকা খেসারত দিতে হবে। আপনারা যদি প্রাঙ্গণটায় গিয়ে দেখেন তাহলে দেখতে পাবেন যে এদিকে ওদিকে কত মালমসলা পড়ে আছে এবং কত মাটির পাহাড় হয়ে আছে। কাজেই নির্মাণরত যে সদন তার উপর হস্তক্ষেপ করতে গিয়ে যদি আরও টাকার প্রয়োজন হয় তাহলে মুস্কিলে পড়তে হবে। কারণ এই টাকাই যেখানে সংগ্রহ করা যাচ্ছে না, সেখানে আরও বেশী অর্থের প্রয়োজন হলে মাত্র ২ দিনের ফাংশন-এর জন্য তাহলে অনেক বিপদে পড়তে হয়। আমরা এই বিষয় চিন্তা করে দেখেছি যে এখন ওখানে উৎসব করতে দিলে আমাদের কাজের প্রচর ক্ষতি হবে। আমরা তাড়াতাড়ি করে এই বৎসর কাজ শেষ করতে চাই। এখন এরূপ অনুষ্ঠানের অনুমতি দিলে ঐ সমস্ত ভারা খুলে ফেলতে হবে এবং কাজ বন্ধ করতে হবে, এতে সময় নষ্ট হবে এবং অর্থ-ব্যয় পরিমাণও বাড়বে। সেদিক থেকে এ বৎসর আমরা ওখানে উৎসব করবার অনুমতি দিতে পারি নি, আমরা আশা করছি যে আগামী বৎসর থেকে ওখানে করা

সম্ভব হবে। (শ্রীবলাইলাল দাশ মহাপাত্রঃ সাহিত্যিক ও সাংবাদিকরা বলেছেন যে ২৫শে বৈশাখ তারা ওখানে উৎসব পালন করবেন, আপনি এখন বলুন যে আপনি এখন কি করবেন, আপনি কি পুলিশ দিয়ে তাদের ঠ্যাঙাবেন ঠিক করেছেন?) আমি এবিষয়ে যথেষ্ট বলেছি আমার আর অধিক কিছু বলবার নেই। আমি এই বিল অনুমোদনের জন্য হাউসের সামনে রাখছি এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the Howrah Bridge (Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

[4-50—4-58 p.m.]

Clauses 1, 2, 3 and the Preamble

The question that clauses 1, 2, 3 and the preamble do stand part of the Bill was then put and agreed to.

Ruling of the Hon'ble Speaker

Mr. Speaker: On the 22nd April last Shri Sambhu Charan Ghosh raised, with my previous consent, a question of breach of privilege of the House. His contention was that the Chief Minister, on the eve of his departure for Japan made a declaration of new policy regarding land reforms and small-scale industries before a Press Conference on the 17th April at a time when this House was sitting and that such statements of the Chief Minister made outside the House, which appeared in several newspapers on the 18th April, amounted to a breach of privilege and contempt of the House.

I have gone through the reports as published in the papers and the papers which were placed before me by Shri Sambhu Charan Ghosh. It seems that the Chief Minister has expressed his belief in the need of redistribution of cultivable lands to ensure economic holdings and of diversion of surplus agricultural labour to small-scale industries and not those of any policy of the Government to be adopted or of any major change in the policy to be made by the Government. There is no doubt that this House is entitled to claim precedence in the matter of declaration of new policy or major change of policy by the Government when the House is sitting and prior public statements on Government's decision made outside the House may amount to impropriety rather than contempt of the House. I am, therefore, of the view that no breach of privilege has been committed.

The West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1965

Shri Rabindra Lal Singha: I beg to introduce the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill.)

Shri Rabindra Lal Singha: I beg to move that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1965, be taken into consideration.

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ এই যে বিধেয়ক আমি উপস্থিত করছি এর পরিধি অত্যন্ত সীমাবদ্ধ এবং এর মূল উদ্দেশ্য অবজেক্টস অ্যান্ড রিজনসের মধ্যে বিবৃত হয়েছে। আসলে আমরা মূল আইনের একটা ধারা পরিবর্তন করতে চাচ্ছি পাঁচ ধারার চার উপধারাটা। এর কারণ হচ্ছে এই আপনি জানেন সভাপাল মহাশয়, যে এখন স্থায়ী সিনেমা গৃহের লাইসেন্স লাইসেন্সিং অথরিটি দেন এবং লাইসেন্সিং অথরিটি এই যে লইসেন্স দেন বা লাইসেন্স দিতে অস্বীকার করেন বা টার্মস অ্যান্ড কনডিশন ইমপোজ করেন এই চূড়ান্ত আদেশের বিরুদ্ধে অ্যাপিল চলে। কিন্তু আইনের নিয়মাবলী অনুযায়ী আজকাল হচ্ছে কোন স্থায়ী সিনেমা ভবন নির্মাণ করতে হলে প্রথমে লাইসেন্সিং অথরিটির কাছ থেকে অনুমতি গ্রহণ করতে হয়। স্থান সম্বন্ধে এবং যে ধরনের ভবন নির্মিত হবে তার প্ল্যান অ্যান্ড অ্যামিনিটিজ অ্যান্ড অ্যারেঞ্জমেন্ট সম্বন্ধে। সেই সময় সেই অনুমতি প্রদত্ত হলে তার পরে বাড়ী তৈরী হবে—বাড়ী তৈরী হবার পর প্রদত্ত অনুমতি অনুযায়ী যদি বাড়ী হয়ে থাকে তখন চূড়ান্ত লাইসেন্সের প্রশ্ন আসবে। কিন্তু এই যে বাড়ী তৈরীর অনুমতি দেওয়া হোল এটা অ্যাপিলেবল নয়। এই আদেশের বিরুদ্ধে কোন আপীল করা যায় না। ধরুন কোন একটা এলাকায় সিনেমা ভবন হতে যাচ্ছে—স্থানীয় লোকরা আপত্তি করলেন—আপত্তি মঞ্জুর হোল না তার আর কোন অ্যাপিলের অধিকার নেই। তার পরে যখন বহু টাকা ব্যয় করে ভবন হয়ে গেল চূড়ান্ত আদেশে তখন সেটাকে না করা অত্যন্ত দুরূহ। যে লোক লাইসেন্সিং অথরিটির আদেশ অনুযায়ী বাড়ী তৈরী করলো তাকে এই অপব্যয় এবং লোকসানের মধ্যে পড়তে হচ্ছে যদি লাইসেন্স না দেওয়া হয়। এই জন্য প্রথম আদেশের পরে যদি অ্যাপিল করা না যায় তাহলে চূড়ান্ত আদেশ থেকে আপীল করলে নানা রকম অসুবিধার সৃষ্টি হচ্ছে অবশ্য বিধান আছে চূড়ান্ত আদেশ থেকে আপীল করা যায় এখন এই প্রস্তাব হচ্ছে যে প্রথম আদেশ থেকে—অন্যান্য আদেশ থেকে নিয়মাবলী অনুযায়ী রুল অনুযায়ী আপীল করা যাবে অর্থাৎ আপীলের ক্ষেত্র প্রশস্ত করা হচ্ছে এবং তার সঙ্গে এই বিধান বিধিবদ্ধ করা হচ্ছে যে যখন আপীল চালু থাকবে তখন আপীলের অথরিটি প্রথম আদেশটার কার্যকারিতা স্থগিত রাখতে পারবেন কারণ একটা আদেশ দেওয়া হয়ে গেলে তার বিরুদ্ধে স্থানীয় জনসাধারণ আপীল করলে আপীলের চূড়ান্ত শুননী হবার আগে বাড়ী তৈরী হয়ে গেলে আবার একটা কমপ্লিকেশন আসবে এবং সেটা আদালতে বিচার্য হবে হয়তো—তাই এই মাত্র একটা ধারা সংশোধন করা হচ্ছে, আশা করবো এই সভা এটা গ্রহণ করবে।

The motion to Shri Rabindralal Singha that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that the Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Rabindralal Singha: Sir, I beg to move that the West Bengal Cinemas (Regulation) (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjourment

The House was then adjourned at 4-58 p.m. till 1 p.m. on Wednesday, the 5th May, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 5th May, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 10 Ministers, 2 Ministers of State and 178 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Gana Mangal Trust

***485.** (Admitted question No. *3117.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জের অধিবাসী রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ জনসাধারণের উপকারের জন্য "গণ মঙ্গল" ট্রাষ্ট নামক একটি সমিতি গঠন করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে, (১) উক্ত সমিতির মালিকানাধীন কি কি ভূ-সম্পত্তি আছে ; এবং

(২) গত ছয় বৎসর উক্ত সমিতির কত টাকা আয় হইয়াছে এবং কি কি ভাবে উহা ব্যয় করা হইতেছে ?

Shri Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ।

(খ) (১) ১১টি জমার মোট ৫০·৯০ একর জমি আছে।

(খ) (২) এতৎসম্পর্কে একটি বিবরণী প্রদত্ত হইল।

Statement referred to in clause (Kha)(2) of starred question No. 485.

আয়—

১৩৬৭ সাল হইতে ১৩৭০ পর্যন্ত মোট আয় ২,৪৭,৪২·৮৩ পয়সা।

ব্যয়—

(ক) দেনা শোধ—২৩·৭৮ পয়সা

বেতন—৯২২·০০ পয়সা

দান—৯২৪·২৭ পয়সা

স্টেশনারী—৩৫·৬৬ পয়সা

খাজনা—৬৮৩·২৭ পয়সা

খাওয়া খরচ—২৪০·৬৪

পেট্রল—২২·৪০ পয়সা

গুদাম খরচ—৩০৮·৩৬ পয়সা

চাষ খরচ—৪৫৬·৩৮ পয়সা

কুলি মজুরী, গাড়ীভাড়া ইত্যাদি—১৯৫·৪৪ পয়সা

হিসাব রক্ষার খরচ—৫০·০০ পয়সা

অবৈতনিক ভাতা—১২৫·০০ পয়সা

হিসাব পরীক্ষার খরচ—৩৪০·০০ পয়সা

বিবিধ—১১৬·৪২ পয়সা

মোট—৪,৪৪৩·৬২ পয়সা

(খ) বাড়ি তৈয়ারি—৬,৯৫২·১৬ পয়সা

শেয়ার ক্রয়—১,০০০·০০ পয়সা

আসবাব—২৩৮·৬২ পয়সা

নলকূপ—১৭৩·৭২ পয়সা

মোট—৮,৩৬৪·৫০ পয়সা

(গ) ট্রাস্টী ও ব্যাঙ্কে জমা—১১,৩৭২·০০ পয়সা

কর্জ দান—৫০·০০ পয়সা

হস্তে মজুত—৫১২·৭১ পয়সা

মোট—১১,৯৩৪·৭১ পয়সা

মোট ব্যয় (ক) + (খ) + (গ) = ২৪,৭৪২·৮৩ পয়সা

Shri Birendra Narayan Ray:

লাইব্রেরী টেবিলে তো বিবরণী পেলাম না। অন্তত লাস্ট টু ইয়ার্সের আয় এবং ব্যয়টা পড়ে শোনাবেন কি?

Shri Syamadas Bhattacharyya:

১৩৬৭ সাল হইতে ১৩৭০ সাল পর্যন্ত মোট আয় ২৪ হাজার ৭ শত ৪২ টাকা ৮৩ পয়সা। ১৩৬৬ এবং ১৩৭১ সালের হিসাব পাওয়া যায় নি। আর ব্যয় হচ্ছে—দেনা শোধ ২৩ টাকা ৭৮ পয়সা, বেতন ৯২২ টাকা, দান ৯২৪ টাকা ২৭ পয়সা, স্টেশনারী ৩৫ টাকা ৬৬ পয়সা, খাজনা ৬৮৩ টাকা ২৭ পয়সা, খাওয়া খরচ ২৪০ টাকা ৬৪ পয়সা, পেট্রল ২২ টাকা ৪০ পয়সা ইত্যাদি মোট ব্যয় হচ্ছে ৪ হাজার ৪ শত ৪৩ টাকা ৬২ পয়সা।

Shri Birendra Narayan Ray:

এই যে বললেন বেতন বাবদ ৯২২ টাকা খরচ হয়েছে, কতজন কর্মচারী আছে? এবং তাঁদের নাম কি?

Shri Syamadas Bhattacharyya:

তাদের নাম আমার জানা নেই।

Shri Birendra Narayan Ray:

ট্রাস্টীদের নাম বলতে পারেন?

Shri Syamadas Bhattacharyya: No.

Shri Birendra Narayan Ray:

স্যার, আমি ট্রাস্ট সম্বন্ধে প্রশ্ন করেছি। আমি সাপ্লিমেন্টারী করছি ট্রাস্টীদের নাম কি, উনি বলছেন বলতে পারব না।

Mr. Deputy Speaker:

আবার প্রশ্ন করবেন।

Shri Birendra Narayan Ray:

ইনকাম ২৪ হাজার ৭ শত ৪২ টাকা ৮৩ পয়সা আর খরচ হচ্ছে ৪ হাজার ৪ শত ৪৩ টাকা ৬২ পয়সা। আমার প্রশ্ন হচ্ছে বাকি টাকাগুলি ব্যয় করা হয়েছে কিনা? ব্যয় করা হয়ে থাকলে কি কি কাজে ব্যয় করা হয়েছে এবং ব্যয় না হয়ে থাকলে কোথায় জমা আছে?

Shri Syamadas Bhattacharyya:

আমি যা হিসাব পেয়েছি তাতে দেওয়া হয়েছে ৪ হাজার ৪ শত ৪৩ টাকা ৬২ পয়সা ব্যয় হইয়াছে। বাকি টাকা ব্যয় হয় নি। ব্যয় হয়ে থাকলে বলতে পারতাম।

Shri Birendra Narayan Ray:

আপনি মেনটেনেন্স ব্যয়ের কথা বলছেন। তাহলে জনমঙ্গল ট্রাস্টের বাকি টাকা জনগণের মঙ্গলের জন্য স্পেট খরচ হয়েছে কিনা? আর খরচ হয়ে থাকলে কি কি কাজে খরচ হয়েছে এবং খরচ না হয়ে থাকলে তা কোথায় জমা আছে?

Shri Syamadas Bhattacharyya:

খরচ হয়েছে বলে আমার কাছে কোন খবর নাই।

Shri Sailendra Nath Adhikary:

এই যে গণমঙ্গল ট্রাস্ট—এই ট্রাস্টের যে টাকা উদ্বৃত্ত হয়েছে, সে সম্বন্ধে আপনার ডিপার্টমেন্টের কাছে রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর যিনি এই ট্রাস্ট করবার জন্য দানপত্র করেছিলেন, তার অন্যতম অংশীদার, কোন নালিশ করেছেন কি?

Shri Syamadas Bhattacharyya:

এ খবর আমার জানা নাই।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি জানেন, এই গণমঙ্গল ট্রাস্টের নামে সরকারের হাতে যে জমি পড়া উচিত ছিল, সেই জমি না দিয়ে গণমঙ্গল ট্রাস্টের নামে সরকারকে ফাঁকি দেবার চেষ্টা করা হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

না, তা জানা নাই। আমি দেখতে পাচ্ছি এই ট্রাস্ট ১৩৬৬ সালে গঠিত হয়েছে, তাতে এই কথা লেখা আছে—যারা স্থানীয় পীড়িত লোক, তাদের অর্থসাহায্য করা হবে; বিশেষ করে দুঃস্থ ছাত্রদের বই কেনবার জন্য, পরীক্ষার ফি দেবার জন্য, স্কুল-কলেজের বেতন দেবার জন্য ব্যয় করা হবে। তাছাড়া গ্রাম্য লাইব্রেরীতে বা বিদ্যালয়ের জন্য অর্থব্যয় করা হবে এবং চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য দুঃস্থ ব্যক্তিকে টাকা দেওয়া হবে। তাছাড়া ডেটিনিউ যারা রয়েছে, তাদের সাহায্যের জন্যও টাকা ব্যয় করা হবে।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ট্রাস্ট গণমঙ্গল সমিতির নামে হয়েছে, সেগুলি গণমঙ্গলের কাজে ব্যয়িত না হয়ে ব্যক্তিগত কাজে ব্যয়িত হচ্ছে? সরকারের তরফ থেকে এ ব্যাপারে কোন পরীক্ষা-নিরীক্ষা করবার সুযোগ আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:
পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা করা যেতে পারে।

Shri Sanat Kumar Raha:
আপনার ডিপার্টমেন্ট থেকে পরীক্ষা-নিরীক্ষা করে দেখবার জন্য এমন কোন সংগঠন আছে কিনা যে সত্যই এই গণমঙ্গল ট্রাস্টটা ঠিক ট্রাস্টের মত কাজ করছে, ফাংশন করছে?

Shri Syamadas Bhattacharyya:
আমার ধারণা ট্রাস্ট নিয়ন্ত্রণ সম্পর্কে যে আইন আছে, সেই অনুসারে তা হয়ে থাকে।

Shri Sailendra Nath Adhikary:
মন্ত্রিমহাশয় খরচের হিসেব দিতে গিয়ে বললেন, পেট্রোলের জন্য সামান্য কিছু টাকা খরচ হয়েছে, এই পেট্রোলটা লেগেছে কি কোন পীড়িত বা দরিদ্রদের কোন সাহায্য করবার জন্য, না, অন্য কোন কাজের জন্য, না, ইলেকশন এক্সপেন্ডিচার বাবদ, কিসের জন্য?

Shri Syamadas Bhattacharyya:
এর উত্তর আমি দিতে পারব না।

Shri Sailendra Nath Adhikary:
এর উত্তর যদি না দিতে পারেন, তা হলে সে সম্বন্ধে আপনি এনকোয়ারি করে দেখবেন কি ট্রাস্টের যে উদ্দেশ্য লেখা আছে তাতে কোন্ লাক্সারি হিসেবে এই পেট্রোল লেগেছে?

Shri Syamadas Bhattacharyya: We shall do as far as we are permitted to do under the Act.

Shri Birendra Narayan Ray:
মন্ত্রিমহাশয় কি জানেন যে, এই গণমঙ্গল ট্রাস্টের যে ২০ হাজার টাকা বেঁচে আছে, খরচ হয় নাই, সেই টাকাটা আপনাদের কংগ্রেস এজেন্ট দুর্গাপদ সিংহ ব্যক্তিগত মঙ্গলের জন্য আত্মসাৎ করেছেন?

Shri Syamadas Bhattacharyya:
না।

Mantri-Bhawan at Calcutta

***548.** (Admitted question No. *3127.)

শ্রীসোমনাথ লাহিড়ীঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা মন্ত্রিভবনে কোন্ কোন্ মন্ত্রী বাস করেন ;

(খ) তাঁহাদের বাসস্থানের জন্য কোনো ভাড়া দিতে হয় কিনা ও দিতে হইলে তাহার পরিমাণ কত ;

(গ) উক্ত বাসস্থানগুলিতে সরকার হইতে কোনো আসবাবপত্র সরবরাহ করা হয় কিনা ও করা হইলে তাহার মূল্য কত ; এবং

(ঘ) উক্ত বাসস্থানগুলিতে ১৯৬২ ও ১৯৬৩ সালে বিজলী সরবরাহ বাবদ যথাক্রমে কত খরচ হইয়াছে এবং সে খরচ কি সরকার বহন করিয়াছেন?

[1-10—1-20 p.m.]

Shri Khagendra Nath Das Gupta:

(ক) মুখ্যমন্ত্রী, পূর্তমন্ত্রী এবং স্বায়ত্তশাসনমন্ত্রী কলিকাতা মন্ত্রিভবনে বাস করেন।

(খ) না।

(গ) হ্যাঁ;

মুখ্যমন্ত্রীর বাসভবনের আসবাবপত্রের মূল্য—১৬,৬২০ টাকা ২৭ পয়সা

পূর্তমন্ত্রীর বাসভবনের আসবাবপত্রের মূল্য—৬,০৮৩ টাকা ৪৩ পয়সা

স্বায়ত্তশাসনমন্ত্রীর বাসভবনের আসবাবপত্রের মূল্য—৬,৭৮২ টাকা ৭৫ পয়সা

(ঘ)

বিজলী খরচ—	১৯৬২	১৯৬৩
মুখ্যমন্ত্রীর বাসভবনের	১,৫৪৭·৪৩	১,৫১১·০৭
পূর্তমন্ত্রীর বাসভবনের	৮৫৩·১৫	১,৬৪৫·৬৪
স্বায়ত্তশাসনমন্ত্রীর বাসভবনের	৭৫৪:৩৮	১,২৯০·৯১

এই খরচ সরকার বহন করিয়াছেন।

Shri Somnath Lahiri:

যে যে মন্ত্রী মন্ত্রিভবনে আছেন, তাঁদের বাড়ীভাড়া বাবদ কোনও হাউস রেন্ট অ্যালাওয়্যান্স-এর বিধান আছে কি?

Shri Khagendra Nath Das Gupta:

হাউস রেন্ট অ্যালাওয়্যান্স হচ্ছে ৩৫০ টাকা পার মান্থ।

Shri Somnath Lahiri:

মুখ্যমন্ত্রী বললেন বাসস্থান আছে, তাতে কটা ঘর আছে বলতে পারেন?

Shri Khagendra Nath Das Gupta:

নোটিস দিলে বলতে পারব।

Shri Somnath Lahiri:

কালকের ৯৯৩নং কোশ্চেন অ্যাডমিটেড কোশ্চেন নাম্বার ৯৭৯ তাতে জানিয়েছেন যে, মুখ্য-মন্ত্রী এবং অপর দুজন মন্ত্রী, আপনি এবং আর একজনের বাসগৃহে রান্নাঘর, খাবার ঘর, ভাঁড়ার ঘর সমেত ৯টা করে কামরা আছে? এখন আমি জিজ্ঞাসা করছি যে, ঐ এলাকায় ৯টা করে ঘরসমেত কোনও বাসা কি ৩৫০ টাকায় পাওয়া যায়?

Shri Khagendra Nath Das Gupta:

আমি জানি না।

Shri Somnath Lahiri:

ঐ যে ৩৫০ টাকার বিনিময়ে আপনারা রাজপ্রাসাদের ৯টি করে ঘরের ফ্ল্যাট দিলেন, এর হিসেব আপনারা কি করে করলেন?

Shri Khagendra Nath Das Gupta:

এর হিসাব কিছু নেই, আমাদের মিনিস্টারদের স্যালারীজ অ্যাক্টএর মধ্যে আছে যে, তাঁরা হয় ৩৫০ টাকা ভাড়া নেবেন, নয় গভর্নমেন্ট থেকে কোয়ার্টার দেবেন।

Shri Somnath Lahiri:

অর্থাৎ হয় এবং নয় আইনে থাকলে তার মানেই দাঁড়ায় যে, কোয়ার্টারএর ভাড়া স্বভাবতঃই অ্যালাওয়্যান্স-এর কাছাকাছি দাঁড়াবে। সেইজন্য আমি জিজ্ঞাসা করছি যে, কি করে এ'রা সাব্যস্ত করলেন যে, গভর্নর প্যালেস-এর মধ্যে ৯ কামরা ফ্ল্যাট ৩৫০ টাকায় ভাড়ার সমান?

Shri Khagendra Nath Das Gupta:

৯ কামরার ফ্ল্যাট সব ঘর বড় বড় নয়, ছোট ছোট ঘর এবং বেশির ভাগই ছোট কামরা। ওখানে মিনিস্টারদের রাখবার জন্য আমাদের গভর্নমেন্ট থেকে, পূর্বে গভর্নর হাউসএর যেটা কিচেন ছিল সেই কিচেনকে দোতলায় কনভার্ট করে দুটো ফ্ল্যাট করে মিনিস্টারদের কোয়ার্টার দেবার অ্যারেঞ্জমেন্ট করা হয়েছে।

Shri Somnath Lahiri:

আপনারা ৩৫০ টাকায় ফ্ল্যাট-এ উঠে যান না কেন? আমি বলছি যে, ওখানে মূল্যবান জায়গায় এবং ঐরকম দামী এলাকায় ফ্ল্যাট ভাড়া কমপক্ষে হাজার টাকা হবে, তার বেশিতেও সেলামী পাবেন, সেখানে অফিস করে ২৫০ টাকার ফ্ল্যাট-এ উঠে যান না কেন?

Shri Khagendra Nath Das Gupta:

আমি বলব আমরা যদি অন্য জায়গায় যেতে পারি বেঁচে যাব। পারসোন্যালি স্পিকিং, এই ভাড়াতে থাকার কোনও ইচ্ছে নেই, তবুও বাধ্য হয়ে থাকতে হচ্ছে।

Shri Somnath Lahiri:

১৫ বছরের মধ্যে খুশী হবার জন্যে কি কি চেষ্টা করেছেন বলবেন কি?

Shri Khagendra Nath Das Gupta:

চারটে মিনিস্টারএর কোয়ার্টার রয়ে গেছে, ফারদার মিনিস্টারদের কোয়ার্টারএর জন্য আর টাকা খরচ করা সম্ভব নয়।

Shri Panchu Gopal Bhaduri:

ঐ যে ৯ কামরা ফ্ল্যাটএ মন্ত্রিভবনে মন্ত্রিমহাশয়রা থাকেন সেখানে স্থান সঙ্কুলান হয় কি?

Shri Khagendra Nath Das Gupta:

৯ কামরার ফ্ল্যাট কি ক কামরার ফ্ল্যাট আপনারা বললেন বলেই বলছি, কিন্তু জানি না কালকের রিটন রিপ্লাইতে কি আছে আমার সামনে নেই, আমি সেটা বলতে পারছি না। ধরে নিচ্ছি, তাতে......

Shri Somnath Lahiri:

প্রশ্ন করা হয়েছিল শ্রীমৃগেন্দ্রনাথ ভট্টাচার্যের অ্যাডমিটেড কোশ্চেন নং ৯৭৯, তাতে জিজ্ঞাসা করা হয়েছিল যে, (ক) কোন কোন মন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রী বা উপমন্ত্রী সরকারের কোয়ার্টারএ বাস করেন? এবং কোয়ার্টারগুলোর রুম সংখ্যা কত? এই (ক) প্রশ্নের জবাবে আপনার নাম আছে, মুখ্যমন্ত্রী, বাস্তুবিভাগের মন্ত্রী, স্বায়ত্তশাসন মন্ত্রী, শিক্ষাবিভাগের রাষ্ট্রমন্ত্রী এবং কৃষিবিভাগের রাষ্ট্রমন্ত্রী, সরকারী কোয়ার্টারে বাস করেন, মুখ্যমন্ত্রী এবং অপর দুইজন মন্ত্রীর বাসগৃহে রান্নাঘর, খাবার ঘর, ভাঁড়ার ঘর সমেত ৯টি করিয়া এবং রাষ্ট্রমন্ত্রীদ্বয়ের বাসগৃহে ৭টি করিয়া কামরা আছে।

(নো রিপ্লাই)

Shri Gopal Banerjee:

কোয়ার্টারগুলোর ফ্লোর স্পেস কত?

Shri Khagendra Nath Das Gupta:

প্রশ্ন করবেন, উত্তর দেবো, ফ্লোর স্পেস আমাদের মধ্যে নেই।

Shri Gopal Banerjee:

ব্যাপার হচ্ছে ফ্লোর স্পেস, এইজন্য জানতে চাই, সরকারী কর্মচারীদের সরকার বাড়ি তৈরী করে ভাড়া দিচ্ছেন, তাদের যে ফ্লোর স্পেস রয়েছে সেটা কি প্রোপোরসনেট হয়? অর্থাৎ তাদের কাছ থেকে যে হারে ভাড়া কেটে নেওয়া হয়, তাদের যতটুকু ঘরের জন্য, সেই হিসাব করলেও এই বাড়িগুলোর ভাড়া কি ৩৫০ টাকা হওয়া উচিত এটা কি জানাবেন?

Shri Khagendra Nath Das Gupta:

আমি আগেই বলেছি মিনিস্টারস অ্যালাওয়্যান্স অ্যাক্টএ প্রভিশন আছে, ৩৫০ টাকা করে এক একজন মন্ত্রীকে দেবেন, যাঁরা নিজেদের বাড়িতে বা অন্যত্র থাকতে চান। নইলে গভর্নমেন্ট থেকে কোয়ার্টার্স করে দেবে। এখানে কলকাতায় মিনিস্টারদের তাড়াতাড়ি কোয়ার্টার্স করে দেবার জন্য গভর্নর হাউস-এর কিচেনটি নেওয়া হয়েছিল। কিচেনটাকে নিয়ে সেখানে দুটো কোয়ার্টার এবং কিচেনটার ওপরে আর দুটো কোয়ার্টার করে মন্ত্রীদের থাকার ব্যবস্থা করা হয়েছে। আর মন্ত্রীদের থাকার জন্য এই যে বাড়ি হয়েছে, এই বাড়ি ছেড়ে দিয়ে আমরা অন্যত্র যেতে পারলে খুশী হই, এই কথা আমি আগেই বলেছি। কেননা এ বাড়িগুলো তেমন হ্যাবিটেবল বলে আমি মনে করি না।

Shri Nikhil Das:

বছরে ১৫০০ টাকা ইলেকট্রিক খরচা হয়, তার মানে ধরতে গেলে মাসে ১০০ টাকার উপর ইলেকট্রিক খরচা হয় এবং ১৯৬৩ সালে—আপনারা বললেন যেটা সেটা ১১০০ টাকার মত এবং স্বায়ত্তশাসনমন্ত্রী ১২০০ টাকার মত, অর্থাৎ ১০০ টাকার উপর বা ১০০ টাকার কাছাকাছি ইলেকট্রিক খরচ হয়। এই যে ইলেকট্রিক খরচ এটা কি করতে গিয়ে হয়?

Shri Khagendra Nath Das Gupta:

সেখানে অফিস আছে, মিনিস্টারদের সিকিউরিটি গার্ডস আছে, তাদের থাকার জায়গা আছে, সেখানে সার্ভেন্টস কোয়ার্টার আছে সবশুদ্ধ নিয়ে—অফিসএর লাইট নিয়ে এবং সেখানে ভিজিটার্সদের রুম তার লাইটিংএর ব্যবস্থা সব ধরে আর এখানটায় মিনিস্টারদের কোয়ার্টারএ সবশুদ্ধ ইলেকট্রিক খরচ সম্পর্কে সর্বোচ্চ সীমা বেঁধে দেওয়া হয়েছে। ওর ওপরে খরচ হলে মন্ত্রীদের নিজেদের অর্থ দিতে হবে।

Shri Somnath Lahiri:

সরকার ফ্যামিলির বিবৃতি অনুসারে ডেফিনিশন হচ্ছে, এই যে যিনি, তিনি এবং তাঁর লেজিটিমেট ওয়াইফ এবং চিলড্রেন, এই হলো ফ্যামিলি। আমাদের মুখ্যমন্ত্রীর তো শুনেছি কোনও লেজিটিমেট ওয়াইফ বা চিলড্রেন নেই, তাঁর ৯খানা ঘরই কাজে লাগে কি?

Shri Khagendra Nath Das Gupta:

সেটা আমি বলতে পারি না, আপনারা কোশ্চেন করলে চীফ মিনিস্টারএর কাছ থেকে জেনে বলতে পারি।

Shri Sanat Kumar Raha:

সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, মিনিস্টারদের এক্সট্রাভ্যাগান্ট লাইফ, ইলেকট্রিসিটি, তার এক্সপেন্ডিচার এবং বাড়িভাড়া ৩৫০ টাকায় বিরাট ছোটখাট রাজপ্রাসাদে এইভাবে জীবনধারণ করাটা, তাঁদের কোড অফ কন্ডাক্টএর বিরোধী কি না?

Shri Khagendra Nath Das Gupta:

এইগুলো মোটেই রাজপ্রাসাদ নয়, গিয়ে কিছুদিন থাকলেই বুঝতে পারবেন, আর সেই রাজপ্রাসাদে আমরা থাকতে চাইও না। কিন্তু মন্ত্রীদের কোয়ার্টার দেওয়া গভর্নমেন্ট ব্যবস্থা করেছেন, গোড়া থেকেই সব রাজ্যেই আছে, যে মন্ত্রীরা কোয়ার্টার পান না, তাঁরা নিজেরাই বন্দোবস্ত করতে পারেন।

Shri Nani Bhattacharya:

মন্ত্রিমহাশয় বললেন যে, ইলেকট্রিক খরচা এবং আসবাবপত্রের খরচা—ইলেকট্রিক খরচা আমরা দেখেছিলাম ১৯৬২ এবং '৬৩ সালে, এই দুবছরেই ১০০-র উপর হচ্ছে বা ১০০ টাকা হচ্ছে। এবং ১৯৬৩ সালে তার পরিমাণ বেড়েছে, আপনাদের ওখান থেকে একটা ফতোয়া দেওয়া হয়েছিল ইমারজেন্সির সময় ১৯৬২ সালের প্রথমে, সমস্ত ব্যয়সঙ্কোচ করতে হবে। ইলেকট্রিক পাখা, এমনি সব বাড়তি খরচ করা চলবে না। সেই ব্যাকগ্রাউন্ডএ ১৯৬০-৬১ সালের তুলনায় ১৯৬২-৬৩ সালে আপনাদের ইলেকট্রিক খরচ এবং আসবাবপত্রের খরচ বেড়েছে কি বাড়ে নি?

[1-20—1-30 p.m.]

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: ১৯৬২ সালের যে খরচ আমরা পেয়েছি এটা হল কয়েক মাসের বিল। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই পুরো বৎসরের দেন নি বলে এই কম টাকা খরচ দেখানো হয়েছে। ১৯৬৩ সালের বারো মাসের যে বিল পাওয়া গিয়াছে সেটার পেমেন্ট দেওয়া হয়েছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, স্যালারি অ্যান্ড অ্যালাওয়্যান্সেস অ্যাক্ট হিসাবে তাঁরা বাড়িভাড়া পান ৩৫০ টাকা কিংবা তার বদলে একটা ফ্ল্যাট পান। এই যে ফ্ল্যাটএ এয়ার কন্ডিশন আছে সেটা আমি জিজ্ঞাসা করছি, সেটা কিভাবে আছে অর্থাৎ সমস্ত কোয়ার্টারটা কি এয়ার কন্ডিশন করা হবে?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: প্রভিশনএ আছে কি হবে না হবে, যেভাবে প্রভিশন আছে সেইভাবেই হয়েছে।

শ্রীবীজেশচন্দ্র সেন: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন যে, এটা মন্ত্রিভবন হবার আগে এটা কি ছিল?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: আগে কিচেন ছিল।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আমি জিজ্ঞাসা করছি, মন্ত্রিমহাশয়রা যে বাড়ীতে থাকেন সে বাড়ীতে ইলেকট্রিসিটির যে খরচ হয় তার মধ্যে আপনারা যে রেফ্রিজারেটর রেখেছেন সেটা কি এর মধ্যে আছে?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: এর মধ্যেই সব আছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আমি আর একটা কথা জিজ্ঞাসা করছি এই যে, এয়ার কন্ডিশন করবার জন্য যে খরচ হয়েছে সেটা কি গত কয়েক বৎসরের মধ্যে হয়েছে, না প্রথমেই করা হয়েছিল?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: রুমগুলো গত কয়েক বৎসরের মধ্যে করা হয়েছে।

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, এর আগে কিচেন ছিল মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, এই কিচেনকে মন্ত্রিমহাশয়দের বাড়িতে রূপান্তরিত করতে কি ধরনের পয়সা খরচ হয়েছে?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: ঐ কিচেনকে দোতলার রূপান্তরিত করা হয়েছে।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমি পরিষ্কারভাবে প্রশ্ন করছি, এই কিচেনকে দোতলা বাড়িতে রূপান্তরিত করতে কি পরিমাণ পয়সা খরচ হয়েছে সেটা বলবেন কি?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ আলাদা কোশ্চেন করলে বলতে পারবো।

শ্রীবীরেশচন্দ্র সেনঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই যে ৩৫০ টাকা হাউস রেন্ট পান, এটা কি ইনক্লুডিং ইলেকট্রিক চার্জেস?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ আমি এর আগেই বলেছি যে, অ্যাক্টএ যে প্রভিশন আছে সেইমত হয়েছে, মন্ত্রিমহাশয়দের এইভাবে ফ্রি কোয়ার্টার দেওয়া হয় এবং ইলেকট্রিক চার্জেস গভর্নমেন্ট বিয়ার করবার ব্যবস্থা আছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে চান যে, এয়ার কন্ডিশন রুম রয়েছে, ঐ ৯টা রুম নিয়ে অর্থাৎ যে ৯টা রুম নিয়ে মন্ত্রিমহাশয়রা থাকছেন এভাবে এই যেটা হচ্ছে এটা কি সমাজতন্ত্রের প্রাথমিক রূপ কি নমুনা সেটা বলবেন কি?

(নো রিপ্লাই)

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবেদুল্লা গনিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, রাজভবন এলাকা বা ডালহৌসী স্কোয়ার এলাকায় যেখানে ৮।৯টা কেন ২।৩খানা ঘরও ঐ ৩৫০ টাকায় পাওয়া যায় কিনা? যেখানে নাকি ফ্ল্যাটএর ভাড়া অত্যধিক?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ কোন্ ঘরের কত ভাড়া আমার তা জানা নেই।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আপনি বলেছেন ইলেকট্রিক খরচ দিয়ে থাকেন কিন্তু আমি জিজ্ঞাসা করছি এই টেলিফোনের জন্য যে খরচ হয় সেটা কি মন্ত্রিমহাশয়ের ফ্রি দেওয়া হয়?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ হ্যাঁ।

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, প্রশ্ন উত্তরে জানা গেল লাটসাহেবের কিচেনটা মন্ত্রিমহাশয়দের বাসভবন এবং সেটা রম্যভবন বলেই তার জন্য এত টাইম গেল। আমি জানতে চাই কিচেনটা যদি এরূপ হয় তা হলে লাটসাহেবের বাড়িটা কি রকম?

Payment of Compensation to Intermediaries

***549.** (Admitted question No. *3162.)

শ্রীসনৎকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দশ হাজার টাকা পর্যন্ত মোট ক্ষতিপূরণ প্রাপক এইরূপ মধ্যস্বত্বভোগী কোন্-জেলায় কত ; এবং

(খ) এই সমস্ত মধ্যস্বত্বভোগীদের মধ্যে কোন্ জেলায় কতজনকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ ক এবং খ-এর উত্তর এ পর্যন্ত যা পাওয়া গিয়াছে তাহার সংখ্যা নিম্নে দেওয়া হইলঃ—

দশ হাজার পর্যন্ত প্রাপক মধ্যস্বত্বভোগীর সংখ্যা	উক্ত মধ্যস্বত্বভোগীদের মধ্যে যাহারা সম্পূর্ণ ক্ষতিপূরণ পাইয়াছেন তাহার সংখ্যা
বাঁকুড়া ১,৫৮,৩০৭	৩৫,১৫৭
বীরভূম ১১,৭০০	৫৫,৬৮২
বর্ধমান ২,২৬,৯২২	৬১,২৮৫

দশ হাজার পর্যন্ত প্রাপক মধ্যস্বত্বভোগীর সংখ্যা	উক্ত মধ্যস্বত্বভোগীদের মধ্যে যাহারা সম্পূর্ণ ক্ষতিপূরণ পাইয়াছেন তাহার সংখ্যা
কুচবিহার ৩৩,০৫৩	১২,৪৬২
দার্জিলিং ২,৬৩০	১,৬১০
হুগলি ১১৩,৯৭২	২৬,৭৬১
হাওড়া ৯২,৪০৩	১৮,২৮৪
জলপাইগুড়ি ১৯,৯২১	১,০৯০
মালদহ ২২,৫৭৮	৯,৬২১
মেদিনীপুর ১৭৯,০৪৪	৪৮,৮৭৭
মুর্শিদাবাদ ১৭২,০০০	৬৬,৯৬২
নদিয়া ১০২,০১৩	৩২,৩৮০
পশ্চিম দিনাজপুর ৫২,৭১১	২২,৩৭২
২৪-পরগনা ৪২১,৩৩৬	১,১০,৫৪২

শ্রীসনৎকুমার রাহাঃ দশ হাজার পর্যন্ত ক্ষতিপূরণ যারা পেয়েছে তাদের হিসাব পাওয়া গেল কিন্তু সমস্ত ক্ষতিপূরণ দেবার কথা ঘোষিত হয়েছিল কিন্তু দেখা যাচ্ছে কোথাও ½ কোথাও ½ বা আরও কম পেয়েছেন, এর কারণ কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ চূড়ান্ত ক্ষতিপূরণ তালিকা প্রকাশিত না হলে চূড়ান্ত ক্ষতিপূরণ দেওয়া যায় না। চূড়ান্ত ক্ষতিপূরণ দেবার আগে ড্রাফট কম্পেনসেশন রোল বা খসড়া ক্ষতিপূরণ তালিকা তৈরি করতে হয়। সেটা হবার পর যিনি ক্ষতিপূরণ পাবেন, তিনি আপত্তি করতে পারেন এবং তা অনেক সময় করেনও, তারপর সেগুলি শুনানী করতে হয় এবং তাদের দেবার ব্যবস্থা করতে হয়। আমরা যতদূর সম্ভব এই নীতি অবলম্বন করেছি যে, যাঁরা কম টাকা পাবেন তাঁদেরই আগে ক্ষতিপূরণ তালিকা প্রস্তুত করতে হবে। এর মধ্যে যেসমস্ত ক্ষতিপূরণ তালিকা প্রস্তুত করেছি তার মধ্যে বেশির ভাগ হল অল্পভোগী লোকের তালিকা। এবং তাদের দেবার কথাই হয়েছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ৪৮,৮৭৭ জনকে মেদিনীপুরে ক্ষতিপূরণ দেওয়া হয়েছিল যাদের পাওনা দশ হাজার পর্যন্ত কিন্তু ৫ টাকা, ৭ টাকা থেকে ১ হাজার, দু হাজার টাকা পাওনা তাদের মধ্যে কত লোক টাকা পেয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ সব এখনই বলতে পারছি না, ক্ষতিপূরণ তালিকা চূড়ান্তভাবে প্রকাশিত হবার পর ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হয়, যেখানে এক হাজার টাকা পর্যন্ত ক্ষতিপূরণ দেওয়ার কথা কিংবা অ্যাড-ইন্টারিম তৌজি ইনভল্ভড সেটা একটা কথা, আমরা সেসব জায়গায় লোকাল পেমেন্ট দেওয়ার ব্যবস্থা করছি। ৭-৮টা ক্যাম্প করে এ ধরনের ক্ষতিপূরণ দেওয়া হয় কিংবা যেখানে অ্যাড-ইন্টারিম রয়েছে তৌজি দেওয়া হয়েছে—সেইসমস্ত জায়গায় ক্ষতিপূরণ দেওয়া হয় কম্পেনসেশন অফিস থেকে, সব যে দেওয়া হয়েছে তা নয়, তবে যাদের টাকা কম পরিমাণ দিতে হবে তাদের ক্ষতিপূরণ তালিকা আগে থেকে প্রস্তুত করতে হবে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ কাঁথিতে এখনও ৫-৭ টাকা থেকে ১,০০০ টাকা পর্যন্ত পাবে—আপনি যেটা বলছেন যে বিভিন্ন জায়গায় লোক্যাল অফিসার মারফত পেমেন্ট করা হয়েছে—তা করা হয় নি—অথচ তৌজির সঙ্গে কোন সম্পর্ক নেই, সে সংবাদ কি আপনি জানেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমরা দেখেছি মাননীয় সদস্য ২-৪টি জায়গায় গিয়ে দেখতে পারেন যখন ক্ষতিপূরণ দেওয়া হয়—যাদের ৫-৭ টাকা ক্ষতিপূরণ পাবার কথা তাঁরা অনেকে আসেন না। সেখানে একবারের জায়গায় দুবার নোটিস দেওয়া হয় তাতেও আসেন-না—সেই সব জায়গায় বাধ্য হয়ে আমাদের ক্ষতিপূরণের তালিকাগুলি জেলা কম্পেনসেশন অফিসে পাঠাতে

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমি পরিষ্কারভাবে প্রশ্ন করছি, এই কিচেনকে দোতলা বাড়িতে রূপান্তরিত করতে কি পরিমাণ পয়সা খরচ হয়েছে সেটা বলবেন কি?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ আলাদা কোশ্চেন করলে বলতে পারবো।

শ্রীবীরেশচন্দ্র সেনঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই যে ৩৫০ টাকা হাউস রেন্ট পান, এটা কি ইনক্লুডিং ইলেকট্রিক চার্জেস?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ আমি এর আগেই বলেছি যে, অ্যাক্টএ যে প্রভিশন আছে সেইমত হয়েছে, মন্ত্রিমহাশয়দের এইভাবে ফ্রি কোয়ার্টার দেওয়া হয় এবং ইলেকট্রিক চার্জেস গভর্নমেন্ট বিয়ার করবার ব্যবস্থা আছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে চান যে, এয়ার কন্ডিশন রুম রয়েছে, ঐ ৯টা রুম নিয়ে অর্থাৎ যে ৯টা রুম নিয়ে মন্ত্রিমহাশয়রা থাকছেন এভাবে এই যেটা হচ্ছে এটা কি সমাজতন্ত্রের প্রাথমিক রূপ কি নমুনা সেটা বলবেন কি?

(নো রিপ্লাই)

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবেদুল্লা গনিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, রাজভবন এলাকা বা ডালহৌসী স্কোয়ার এলাকায় যেখানে ৮।৯টা কেন ২।৩খানা ঘরও ঐ ৩৫০ টাকায় পাওয়া যায় কিনা? যেখানে নাকি ফ্ল্যাটএর ভাড়া অত্যধিক?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ কোন্ ঘরের কত ভাড়া আমার তা জানা নেই।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আপনি বলেছেন ইলেকট্রিক খরচ দিয়ে থাকেন কিন্তু আমি জিজ্ঞাসা করছি এই টেলিফোনের জন্য যে খরচ হয় সেটা কি মন্ত্রিমহাশয়ের ফ্রি দেওয়া হয়?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ হ্যাঁ।

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, প্রশ্ন উত্তরে জানা গেল লাটসাহেবের কিচেনটা মন্ত্রিমহাশয়দের বাসভবন এবং সেটা রম্যভবন বলেই তার জন্য এত টাইম গেল। আমি জানতে চাই কিচেনটা যদি এরূপ হয় তা হলে লাটসাহেবের বাড়িটা কি রকম?

Payment of Compensation to Intermediaries

***549.** (Admitted question No. *3162.)

শ্রীসনৎকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দশ হাজার টাকা পর্যন্ত মোট ক্ষতিপূরণ প্রাপক এইরূপ মধ্যস্বত্বভোগী কোন্‌-জেলায় কত; এবং

(খ) এই সমস্ত মধ্যস্বত্বভোগীদের মধ্যে কোন্ জেলায় কতজনকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ ক এবং খ-এর উত্তর এ পর্যন্ত যা পাওয়া গিয়াছে তাহার সংখ্যা নিম্নে দেওয়া হইলঃ—

দশ হাজার পর্যন্ত প্রাপক মধ্যস্বত্বভোগীর সংখ্যা	উক্ত মধ্যস্বত্বভোগীদের মধ্যে যাহারা সম্পূর্ণ ক্ষতিপূরণ পাইয়াছেন তাহার সংখ্যা
বাঁকুড়া ১,৫৮,৩০৭	৩৫,১৫৭
বীরভূম ১১,৭০০	৫৫,৬৮২
বর্ধমান ২,২৬,৯২২	৬১,২৮৫

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আইনের ১২(২) উপধারা মতে স্পেশ্যাল পেমেন্টের ব্যবস্থা আছে এবং সেসব জায়গাতে যিনি মধ্যস্বত্বাধিকারী ছিলেন তিনি যদি শুধু বলেন আমার স্পেশ্যাল পেমেন্টের দরকার বিশেষ কারণবশত—আমার ফাইন্যান্সিয়াল সারকামস্ট্যান্সেস আর সাচ অ্যাজ টু জাস্টিফাই স্পেশ্যাল পেমেন্ট—এই কথা বললে আমরা তাঁদের ফাইন্যান্সিয়াল সারকামস্ট্যান্সেস অনুসন্ধান না করে স্পেশ্যাল পেমেন্ট দেবার উপযুক্ত হলে দিয়ে থাকি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহোদয় বললেন এবং স্বীকার করলেন যে ক্ষতিপূরণের ব্যাপারে বেশ কিছু দেরি হয়েছে—তবে বিভিন্ন কারণে হয়েছে বলে বললেন—আমি সেদিক দিয়ে কিছু বলছি না, আমি জিজ্ঞাসা করছি যে, এই ক্ষতিপূরণ দেবার আগে চূড়ান্ত তালিকা প্রস্তুত না করলে তো ক্ষতিপূরণ দিতে পারবেন না। সেই চূড়ান্ত তালিকা যেদিন পাবলিকেশন হবে সেদিন পর্যন্ত যে গভর্নমেন্টকে সুদ দিতে হচ্ছে—আজকে আপনি এইভাবে ফেলে রাখলে চূড়ান্ত তালিকা যদি তাড়াতাড়ি প্রস্তুত না করেন তাহলে এই যে সুদ বেড়ে যাচ্ছে সে সম্বন্ধে আপনি কি চিন্তা করছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এটা সত্যই দুঃখের কথা—যদি আমরা যে বছর জমিদারী উচ্ছেদ করলাম সে বছর ক্ষতিপূরণের সম্পূর্ণ টাকা দিয়ে দিতে পারতাম তাহলে খুব ভাল হত—কিন্তু তা দিতে পারি নি এবং মাননীয় সদস্যগণ স্বীকার করবেন যে, কোন হিসাবনিকাশ না করে দেওয়া সম্ভব ছিল না। সেই সময় যদি হিসাবনিকাশ করে একটা মোটামুটি অ্যাড-হক অ্যামাউন্ট দেওয়া হত ইন ফুল সেটেলমেন্ট অফ দি ডিউজ, তাহলে ভাল হত—কিন্তু সেই সময় অতিক্রান্ত হয়ে গেছে—তার কারণ এখন যতই ক্ষতিপূরণের তালিকা নির্ণয় বা প্রস্তুত তালিকা আসছে তাতে বুঝতে পারবেন জটিল কেস আসছে যে কেসগুলি অনেকগুলি ক্যাম্পের মধ্যে, যেগুলি অনেকগুলি জেলার মধ্যে ছড়িয়ে রয়েছে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন এমন কেসও আছে যার ১৫৭ জন সরিক এবং ৮।১০ জেলাতে ছড়ানো আছে কয়েকশত মৌজার মধ্যে। সেখানে একজন কো-শেয়ারারের ক্ষতিপূরণের মোট পরিমাণ হয়ত দশ হাজার টাকার কম, কিন্তু সেখানে তার ক্ষতিপূরণ তালিকা চূড়ান্ত নির্ণয় করতে বহু সময় লেগে যাবে। সেইজন্য আমি একথা বলেছিলাম যে যে মেসিনারী সেট-আপ করা হয়েছিল সে মেসিনারিতে ভুল-ত্রুটি সত্ত্বেও আমরা যতশীঘ্র সম্ভব তাড়াতাড়ি কাজ করার চেষ্টা করছি।

শ্রীকানাইলাল দাস মহাপাত্র: কোন কোন লোকাল অফিসারের মারফত কত টাকার ক্ষতিপূরণগুলি দেওয়া হচ্ছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: সেটেলমেন্ট অফিসার—সেটেলমেন্ট অফিসার বলতে জেলায় সেটেলমেন্ট অফিসার আছেন—তাঁর নিচে চার্জ অফিসার আছেন—তাছাড়া ক্যাম্প অফিসার আছেন, তাঁদের উপর ভার আছে—তাঁরা বিভিন্ন জায়গায় গিয়ে পেমেন্ট করবেন ১০০০ টাকা পর্যন্ত যাদের কম্পেনসেশন প্রদেয় সুদ বাদে সেখানে দিতে পারেন—তবে যেখানে অ্যাড-ইনটারিম বা স্পেশ্যাল পেমেন্টের বা তৌজির ব্যাপার রয়েছে সেখানে তাঁরা দিতে পারছেন না—তার হিসাবনিকাশ করবার জন্য আমাদের বাধ্য হয়ে মূল কম্পেনসেশন অফিসে রোলগুলি পাঠাতে হচ্ছে।

[1-40—1-50 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যাদের একটু বেশি টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে তাদের সেই টাকাটা ক্রস্‌ড চেকে দেওয়া হয়েছে এবং সেই ক্রস্‌ড চেক ভাঙ্গাতে গিয়ে আইডেন্টিফিকেশন ইত্যাদির ব্যাপারে জটিলতার সৃষ্টি হয়েছে? আমি [illegible] ধুলিয়ান অঞ্চলের কথা বলছি ফারাক্কা অঞ্চলের কথা বলছি। সেখানে তাদের অনেক কিছু দান দক্ষিণা দিয়ে তারপর সেই টাকাটা ভাঙ্গাতে হয়েছে। এই জিনিসটা ইকোয়েট করবার জন্য যখনই টাকাটা দেবেন তখনই তাদের আইডেন্টিফাই করে দিয়ে অফিসারকে দিয়ে অ্যাটেস্ট করিয়ে দেবার ব্যবস্থা করতে পারেন কিনা। এটা করলে এই সমস্ত দুর্নীতি হয় না। এ খবর কি আপনি জানেন?

Shri Syamadas Bhattacharyya:

আপনি কম্পেনসেশনের কথা বলছেন? সেটা আলাদা জিনিস।

Shri Girish Mahato:

সব জেলার ক্ষতিপূরণের তালিকা দেওয়া হল অথচ পুরুলিয়া জেলার ক্ষতিপূরণের তালিকা দেওয়া হল না, সরকারের তরফ থেকে সেখানে খাজনা আদায় করা হচ্ছে। তার কারণ কি?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যগণ জানেন পুরুলিয়াতে ১৩৭১ সালের ১লা বৈশাখ এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট প্রয়োগ করা হয়েছে। এর আগে এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট সেখানে প্রয়োগ করা হয় নি। তারপর থেকে রেকর্ড প্রস্তুতির কাজ দ্রুত চলছে। আমাদের এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী কম্পেনসেশনের তালিকা ইত্যাদি প্রস্তুত করা হচ্ছে।

Shri Girish Mahato:

সরকারের তরফ থেকে খাজনা আদায় করা হচ্ছে কন?

Shri Syamadas Bhattacharyya:

হবেই তো।

Shri Girish Mahato:

বিহার সরকার থেকে আধা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে আর আধা পড়ে রয়েছে সেটার কি হবে?

Shri Syamadas Bhattacharyya:

পাওনা থাকলে এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী নিশ্চয়ই পাবে।

Shri Balai Lal Das Mahapatra:

লোকাল অফিসার হিসাবে বি ডি ও-কে গণ্য করবেন কিনা? আপনারা সেটেলমেন্ট অফিসারের উপর যেমন দায়িত্ব দিয়েছেন সেইরকম বি ডি ও-কে অন্তর্ভুক্ত করা হবে কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: না।

Acquisition of land for the construction of Maleor Bundh

***550.** (Admitted question No. *3182.)

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র: সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর থানার মালিওর বাঁধ নির্মাণের জন্য কোন্ বৎসর কত একর জমি অধিকার (অ্যাকুয়ার) করা হইয়াছে;

(খ) উক্ত পরিকল্পনা কার্যকরী করার জন্য কত একর জমির বহালী শস্য (স্ট্যান্ডিং ক্রপস্) কাটার প্রয়োজন হইয়াছিল;

(গ) জমির জন্য এবং শস্যের জন্য কয়টি পরিবারকে কত টাকা ক্ষতিপূরণ হিসাবে দেওয়া হইয়াছে; এবং

(ঘ) যাঁহারা এখনও ক্ষতিপূরণ পান নাই তাঁহাদের কতদিনের মধ্যে ক্ষতিপূরণের টাকা পাইবার সম্ভাবনা আছে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) ১৯৬২ সালে ১০·২১ একর, ১৯৬৩ সালে ৫০৩·৭৩২৫ একর এবং ১৯৬৪ সালে ২৩০·৭১২৫ একর জমি অধিকার করা হইয়াছে।

(খ) ভূমিগ্রহণ আইন অনুযায়ী 'রিকুইজিশন' করিয়া জমির দখল লওয়ার সময় জমিতে কোন বহালী শস্য ছিল না। রিকুইজিশনের পূর্বে যেসব জমির দখল লওয়া হইয়াছিল তাহাদের কত একর জমির উপর বহালী শস্য ছিল সে সম্পর্কে তথ্যাদি সংগ্রহ এখনও সম্পূর্ণ হয় নাই।

(গ) জমির জন্য এ পর্যন্ত ৫১৮টি পরিবারকে মোট ২,১১,৫৬১ টাকা ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে। শস্যের জন্য কত ক্ষতিপূরণ দেওয়া হইবে তাহা প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করিবার পর স্থির করা হইবে।

(ঘ) যথাশীঘ্র ক্ষতিপূরণ প্রদানের জন্য যাবতীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

Shri Birendra Kumar Maitra:
১৯৬৩ সালে যখন জমির এ্যামিকেবল পজেসান নেওয়া হয়েছিল সেই সময় যে স্ট্যান্ডিং ক্রপ ছিল তার হিসাব এখনও সংগ্রহ করা হয়নি বলছেন। সেই হিসাব সংগ্রহ কত দিনের মধ্যে সম্ভব হতে পারে?

Shri Syamadas Bhattacharyya:
রিকুইজিসান অ্যাক্ট-এ আগেও আলোচনার মাধ্যমে জমির দখল নেওয়া চলে। এখন কাজটা খুব গুরুত্বপূর্ণ এবং খুবই প্রয়োজন ছিল। রিকুইজিসানের যে প্রসেস আছে সেই প্রসেস পরিপূর্ণ করতে গেলে দেরি হবে বলে স্থানীয় লোকজনের কাছে ইঞ্জিনীয়াররা গিয়ে তাদের অনুরোধ করেছিলেন জমি ছেড়ে দিতে। সেই জমি ছেড়ে দেওয়ার পর কাজ আরম্ভ হয়। তারপর রীতি-নীতি অনুযায়ী রিকুইজিসান করা হয়, পরে অ্যাকুইজিসান করা হয়। রিকুইজিসানের পূর্বে যে পরিমাণ প্রদেয় টাকা শস্যের জন্য সেই টাকাটা অবশ্যই দিতে হবে। সেই টাকা দেওয়ার জন্য ইরিগেশান বিভাগ ল্যান্ড রেভেনিউ বিভাগের কর্মচারীদের সাহায্য এবং পরামর্শ চেয়েছেন এবং কি পরিমাণ শস্য ছিল ওখানে তার তথ্য সংগ্রহ হলেই টাকা দেওয়া হবে।

Shri Birendra Kumar Maitra:
কতদিনের মধ্যে এই তথ্য সংগ্রহ করা সম্ভব হবে?

Shri Syamadas Bhattacharyya:
আশা করি খুব শীঘ্র হবে।

Shri Birendra Kumar Maitra:
এই যে (এ) প্রশ্নের উত্তরে বলেছেন যথাশীঘ্র সম্ভব—এই যথাশীঘ্র বলতে আনুমানিক সময় বোঝাতে চেয়েছেন?

Shri Syamadas Bhattacharyya:
তার মানে হচ্ছে একটা নির্দিষ্ট সময় বলা আমার পক্ষে সম্ভব নয়। কারণ স্থানীয় কর্মচারীরা সমস্ত বিষয় বিবেচনা করবেন। আমি নিজে ওখানে গিয়েছিলাম এবং স্থানীয় ইঞ্জিনীয়ারকে নির্দেশ দিয়ে এসেছি যে স্থানীয় আই এল আর ও যিনি আছেন বিশেষ করে ল্যান্ড অ্যাকুইজিসান অফিসার যিনি আছেন তার সঙ্গে যোগাযোগ করে খুব শীঘ্র এস্টিমেট তৈরী করে কর্তৃপক্ষের কাছে যেন পাঠান হয়।

Shri Birendra Kumar Maitra:
এটা কি সত্য মালদহ ল্যান্ড অ্যাকুইজিসান অফিসে কর্মচারীর অভাবে এই তালিকা প্রণয়ন করা সম্ভব হচ্ছে না?

Shri Syamadas Bhattacharyya:
আমাকে কেউ কেউ সেই রকম খবর দিয়েছেন। আমি দেখছি সত্বর সেখানে কর্মচারী পাঠান যায় কিনা।

Shri Birendra Narayan Ray:
মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই প্রশ্নকর্তার ব্যক্তিগত অনেক জমি যা একোয়ার করা হয়েছে তার ক্ষতিপূরণ কবে দেওয়া হবে?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যের কোন জমি আছে কিনা আমি জানি না। তাছাড়া মাননীয় সদস্য বীরেনবাবুরও যদি জমি থাকে, তিনি অগ্রাধিকার দাবী করবেন আমি আশা করি না।

Shri Sailendra Nath Adhikary:

আপনারা ক্ষতিপূরণ হিসেবে যে টাকাটা দেবেন, সেটা চেক ইত্যাদিতে না দিয়ে তারা যাতে ঠিক-মত সঙ্গে সঙ্গে টাকাটা পায়, তার জন্য কোন ব্যবস্থা আপনারা করবেন কিনা ?

Shri Syamadas Bhattacharyya:

আমি এ সম্বন্ধে মাননীয় সদস্যকে বলতে পারি যে নগদ টাকা দিলে সব সময় গ্রামাঞ্চলের প্রাপকদের পক্ষে সুবিধা হয় না, বিশেষ করে টাকার পরিমাণ যদি বেশী হয়। যেখানে বেশি টাকা দিতে হবে, সেখানে একটা নিয়ম করবার চেষ্টা করছি। নিয়মটা হবে এই রকম—ধরুন এক হাজার, দেড় হাজার টাকা নগদ দেওয়া হল ; তার অতিরিক্ত টাকা দিতে গেলে তাদের চেক দেওয়া গেল ; সেখানে চেক দেওয়া সম্পর্কে পোস্টাল অথরিটির সঙ্গে যোগাযোগ করে এই চুক্তিতে এসেছি যে পোস্ট অফিসের লোকেরা সেখানে উপস্থিত থাকবে এবং তাদের সম্মুখে চেকটা পোস্ট অফিসের সেভিংস অ্যাকাউন্ট-এ জমা দেওয়া হবে এবং সাবসক্রাইবার-এর নামে সেটা খোলা হবে ও সেখানে ঐ টাকা জমা পড়বে। এর ফলে সেভিংস অ্যাকাউন্ট-এ তাদের টাকাটা জমবে ; কারণ সঙ্গে সঙ্গে নগদ টাকা পেলে খরচ করবার যে একটা প্রবণতা দেখা দেয়, সেটাও কমবে। এইভাবে একটা নির্দেশ দিয়েছি।

Shri Kashi Kanta Maitra:

এই ইন্টারমিডিয়ারিজ সবাই কি গ্রামের লোক ? এর মধ্যে সহরের তো বহু লোক আছে। আপনারা গ্রামের লোকের হাতে টাকা দেবেন না বলছেন, কিন্তু মফঃস্বল টাউনের বা কলকাতা সহরের যাঁরা মধ্যস্বত্বভোগী থাকবেন, তাঁদের ব্যাপারটা কিভাবে ব্যবস্থা করবেন ?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য বোধহয় অ্যাবসেন্ট মাইন্ডেড ছিলেন, এটা মধ্যস্বত্বভোগীদের ব্যাপার নয়।

Shri Sailendra Nath Adhikary:

এই যে সিস্টেমটা আপনারা করলেন পেমেন্ট-এর ব্যাপারে, সেই অনুসারে এর আগে আপনারা করেছেন ? আমি যে দুর্নীতির কথা বললাম ক্রসড চেকের ব্যাপারে, সেটা দিলে তা অ্যাটেস্ট করান খুব কঠিন হয়ে দাঁড়ায়। আমি বলছি ধুলিয়ান-ফরাক্কার লোকদের চেক ভাঙ্গাতে গিয়ে কম্পেনসেসান-এর দাবীদারদের ওখানকার বি ডি ও-র কাছে গেলে, তিনি রিফিউজ করেছেন অ্যাটেস্ট করতে। অনেক কষ্টে স্কুলে চাঁদা, কংগ্রেস কমিটিতে চাঁদা ইত্যাদি দিয়ে তবে সেই ক্রসড চেক অ্যাটেস্ট করিয়েছি। এইসব হয়রানি ইকোয়েট করবার জন্য আপনারা এমন কোন ব্যবস্থা করবেন কিনা যাতে এই রকম ধরনের হাঙ্গামা না হয় ? এটা আপনার কাছে আমি প্রোপোজ করছি।

[1-50—2 p.m.]

Shri Syamadas Bhattacharyya:

আমি সেই কথাই বলছিলাম। এটা ভাঙ্গাতে স্টেট ব্যাঙ্কে যেতে হবে—অন্য জায়গায় ট্রেজারীতে যেতে হবে। অ্যাটেস্টেসান-এর প্রশ্ন আছে। কাজেই যদি সেই চেকটা নিয়ে আর কোথাও না গিয়ে সেখানে পোস্ট অফিসে একজন লোক বসে থাকবেন তাঁর হাতে জমা দিলেই তিনি সঙ্গে সঙ্গে তাঁর নামে একটি রসিদ দিয়ে দেবেন এবং যথাকালে একটি পাশ বই খুলে পাঠিয়ে দেবেন। এ ব্যবস্থা কয়েক জায়গায় করেছি। এতে যাঁরা কোনদিন পোস্টাল সেভিংস ব্যাঙ্কে কোনদিন টাকা রাখেননি এবং পোস্টাল সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট কাকে বলে জানেন না তাঁরা প্রথম প্রথম যদিও গালাগালি দেবেন কিন্তু পরে উপকার বোধ করবেন এবং খুশী হবেন।

Shri Birendra Kumar Maitra:

পার্সোন্যাল এক্সপ্লানেসন স্যার, এখানে বলা হয়েছে আমার জমি আছে এবং একোয়ার করা হয়েছে সেইজন্য আমি এ প্রশ্ন তুলেছি। আমি এখানে পরিষ্কারভাবে জানতে চাই, আমার নিজস্ব জমি ২ একরের বেশী নেই। আর ঐ বাঁধের মধ্যে আমার কোন জমি একোয়ার করা হয়নি।

Protection of Kalna town from the erosion of the Ganges

***551.** (Admitted question No. *3224.)

শ্রীহরেকৃষ্ণ কোঙার: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভাগীরথী নদীকে নিয়ন্ত্রণ করার জন্য এবং ভাগীরথীর ভাঙ্গন হইতে কালনা শহরকে রক্ষার জন্য নিভূজালয়ের নিকট নদীর দক্ষিণ তীর বাঁধান হইতেছিল। তাহা শেষ হইয়াছে কিনা এবং শেষ হইয়া থাকিলে কবে শেষ হইয়াছে এবং কত খরচ হইয়াছে;

(খ) ইহার দ্বিতীয় পর্যায় অর্থাৎ কালনা কোর্টের নিকট হইতে শহরের মহিষমর্দিনীতলা পর্যন্ত বাঁধাইবার কাজ শুরু করার কোন প্রস্তাব সরকারের আছে কিনা; এবং

(গ) এই দ্বিতীয় পর্যায়ের জন্য কত খরচ হইবে এবং পৌরসভা কর্তৃক কোন অর্থ দেওয়ার উপর এই কাজ নির্ভর করিতেছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

(ক) ভাগীরথী নদীকে নিয়ন্ত্রণ করার জন্য কোন কার্য সেচ ও জলপথ বিভাগ গ্রহণ করে নাই। তবে কালনা শহরে, নাভাঙ্গা বিল হইতে মহকুমা শাসকের বাসস্থান পর্যন্ত ভাগীরথী নদীর তীরকে অবক্ষয় হইতে রক্ষা করিবার জন্য একটি সংরক্ষণ প্রকল্প গ্রহণ করা হইয়াছে। প্রকল্পের কার্য বর্তমানে চলিতেছে। ১৯৬৫ সালের মার্চ মাস পর্যন্ত উক্ত কার্য বাবদ ৬,৪৬,৬৮৩ টাকা খরচ হইয়াছে।

(খ) দ্বিতীয় পর্যায়ে মহকুমা শাসকের বাসস্থান হইতে মহিষমর্দিনীতলা পর্যন্ত নদীর তীর সংরক্ষণ কার্যের একটি প্রস্তাব আছে।

(গ) দ্বিতীয় পর্যায়ের জন্য ২৭,৩৯,০৮৯ টাকা খরচ হইবার কথা। এই প্রকল্পটি কার্যকরী করিবার জন্য উহার মোট ব্যয়ের কিছু অংশ যাহাতে পৌরসভা বহন করেন তাহার চেষ্টা চলিতেছে।

Shri Aswini Roy:

"খ" প্রশ্নের উত্তরে বললেন প্রকল্প তৈরী আছে। সেই প্রকল্পের কাজ কবে চালু হবে?

Shri Syamadas Bhattacharyya:

আমি যা খবর পেয়েছি সেটা হচ্ছে এই রকম। মহকুমা শাসকের বাসস্থান থেকে মহিষমর্দিনী-তলা পর্যন্ত মোট দূরত্ব ৭ হাজার ৮০০ ফুট। ভাগীরথী নদীর তীরকে সংরক্ষিত করার উদ্দেশ্যে ২৭ লক্ষ ৩৯ হাজার ৮৯ টাকার একটি প্রকল্প এবং প্রক্কলন প্রস্তুত করা হয়েছে। স্টেট টেকনিক্যাল কমিটি এটা অনুমোদন করেছেন। এর পরে আমরা পরিকল্পনা কমিশনকে অনুরোধ করেছি এটা অনুমোদন করার জন্য। অর্থ বিভাগের কাছ থেকেও এটার অনুমোদন পাওয়া যায়নি। তাঁরা এই প্রকল্পকে চতুর্থ পরিকল্পনার মধ্যে কার্যকরী করতে উপদেশ দিয়েছেন। এই প্রকল্প থেকে জনসাধারণ নিশ্চয়ই উপকৃত হবেন। সেইজন্য কালনা পৌরসভা যাতে এই প্রকল্পের কিছু অংশ ব্যয় করেন তার জন্য তাদের কাছে অনুসন্ধান করা হচ্ছে। তবে এমন কোন আইন নেই যদি দ্বারা পৌরসভাকে ব্যয়ের অংশ বহন করতে বাধ্য করা যায়। তবে যেহেতু সংশ্লিষ্ট পৌরসভা এ থেকে উপকৃত হবেন সেইহেতু তাঁদের অনুরোধ করা হয়েছে।

Shri Aswini Roy:

পৌরসভার কাছে পারসেন্টেজ-এর জন্য যেটা চেয়ে পাঠিয়েছিলেন তাতে কি ও'রা রাজী হয়েছেন বা তার কোন উত্তর পেয়েছেন ?

Shri Syamadas Bhattacharyya:

"না", এখনও রাজী হননি।

Dr. Narayan Chandra Roy:

ফরাক্কা প্রকল্পের জন্য গঙ্গার বক্ষ অন্য রকম ভাবে টানা হবে, এটা চিন্তা করে ঐ গঙ্গার ধারের কয়েকটি শহরের ভাঙ্গন রোধের কতকগুলি প্রকল্প বন্ধ করা হয়েছে কি ?

Shri Syamadas Bhattacharyya:

ফরাক্কা প্রকল্পের জন্য এই অবক্ষয় নিবারণের কোন প্রকল্প বন্ধ হয়েছে বা ব্যাহত হয়েছে বলে আমার জানা নেই বা ঠিক এখনই বলতে পারছি না।

Dr. Narayan Chandra Roy:

এখানে ক্রমাগত মাপ জরিপ হচ্ছে। তাতে স্থানীয় লোকেরা শুনছে যে, ফরাক্কা এক্সটেনসান-এর জন্য এগুলি করা হচ্ছে। গঙ্গার ধারের বাঁধগুলি নতুন করার বাধা হচ্ছে ফরাক্কা হলে আবার বদল করতে হবে। সেইজন্য অনেকগুলি জায়গায় তাঁরা কাজ হাতে নিচ্ছেন না। এটা কি সত্য ?

Shri Syamadas Bhattacharyya:

এ সম্পর্কে আমার বিস্তৃত বিবরণ জানা নেই। তবে ফরাক্কা প্রকল্প সত্যি সত্যি কার্যকরী করতে গেলে ভাগীরথী, হুগলী নদী সম্পর্কে কতকগুলি অনুসন্ধান কার্য চালিয়ে যাওয়া দরকার। সেইজন্য অনুসন্ধান কার্য কিছু কিছু চলছে। তবে এখনও অনেক বাকি আছে। কাজেই এখনই ও'রা পরিমাপ করে কি বলছে না বলছে আমার জানা নেই।

Langalhata Beel Drainage Scheme

***552.** (Admitted question No. *3228.)

ডাঃ রাধানাথ চট্টোরাজ: সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার "লাঙ্গলহাটা বিল ড্রেনেজ" স্কীমের জন্য অর্থ মঞ্জুর করিয়াছেন ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) আগত বর্ষার পূর্বে মঞ্জুরীকৃত অর্থ উক্ত পরিকল্পনা রূপায়ণে ব্যয় করা হইবে কিনা ; এবং

(২) না হইলে, তাহার কারণ কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ। বর্তমান বৎসরে অর্থাৎ ১৯৬৫-৬৬ সালে দখলীকৃত জমির মূল্য বাবদ দেয় ১৮,০০০ টাকা বরাদ্দ ধরা হইয়াছে। ইহা ছাড়া রক্ষণ ও মেরামত কাজের জন্য ২০,০০০ টাকা ব্যয়ের প্রস্তাব আছে।

(খ) (১) ও (২) এই প্রকল্পের মূল কাজগুলি সম্পূর্ণ হইয়াছে। এতৎসংক্রান্ত কোন নূতন কাজ করিবার নাই। জমি বাবদ টাকা দেওয়া এবং রক্ষণ ও মেরামতের কাজ ত্বরান্বিত করা হইবে, তবে আগামী বর্ষার পূর্বে সমস্ত টাকা ব্যয় করা হইবে কিনা বলা যায় না, কারণ সময় অত্যন্ত অল্প।

Workers of P.W.D. engaged in road construction

***553.** (Admitted question No. *3233.)

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পি, ডবলু, ডি-র রাস্তা নির্মাণে কায়িক পরিশ্রমে রত বিভিন্ন ধরনের (ক্যাটাগরি) সরকারী কর্মীদের মাসিক বেতন কত ; এবং

(খ) ইহা কি সত্য যে, দীর্ঘদিন ধরিয়া বেতনবৃদ্ধির পরও তাঁহারা বর্ধিত হারে বেতন পান না?

Shri Syamadas Bhattacharyya:

(ক) একমাত্র রোড মজদুর শ্রেণীর কর্মীরাই পূর্ত (সড়ক) বিভাগের রাস্তা নির্মাণে কায়িক পরিশ্রমে রত সরকারী কর্মচারী। ইহারা ১-৪-৬১ তারিখ হইতে নিম্নলিখিত বর্ধিত হারে নির্দিষ্ট (কনসোলিডেটেড) মাসিক বেতন পান :

(১) যাহারা ১-৪-৬১ তারিখের পূর্ব হইতে কর্মে নিযুক্ত আছেন;

(ক) যে স্থানে বাড়ী ভাড়া ভাতা প্রদান করা হয় সে স্থানে কর্মে নিযুক্ত থাকিলে সর্বসাকুল্যে (কনসোলিডেটেড) মাসিক ৬৭ টাকা।

(খ) অন্যত্র কর্মে নিযুক্ত থাকিলে সর্বসাকুল্যে (কনসোলিডেটেড) মাসিক ৬২ টাকা।

(২) যাহারা ১-৪-৬১ তারিখ বা তাহার পরে কর্মে নিযুক্ত হইয়াছেন তাঁহারা পূর্বোক্ত নিয়ম অনুযায়ী যথাক্রমে ৬৫ টাকা এবং ৬০ টাকা হারে সর্বমোট (কনসোলিডেটেড) মাসিক বেতন পান।

(খ) ইহা সত্য নয়।

Shri Panchu Gopal Bhaduri:

এটা কি সত্য যে, যারা আগে কাজে নিযুক্ত হয়েছে এবং যাদের ইনক্রিমেন্ট পাবার কথা তারা ইনক্রিমেন্ট পাচ্ছে না ?

Shri Khagendra Nath Das Gupta:

কনসোলিডেটেড অ্যামাউন্ট একটা দেওয়া হচ্ছে, এইজন্য যারা অনেকদিন কাজ করছে তাদের কনসোলিডেটেড পে একটু বেশী হয়।

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister kindly let us know whether these workers are getting any house allowance?

Shri Khagendra Nath Das Gupta: Some of them get house allowance if they work within a city.

STARRED QUESTIONS

to which answers were laid on the table

Recording of the agricultural lands of Scheduled Tribes in Belpahari areas

***554.** (Admitted question No. *3245.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জিলার বেলপাহাড়ী পাহাড় অঞ্চলের আদিবাসীগণের চাষের জমি সরকারের "খাস" বলিয়া ভুল রেকর্ড হইয়াছে ?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এ-বিষয়ে সংশ্লিষ্ট আদিবাসী চাষীদের নিকট হইতে কোন আবেদন সরকার পাইয়াছেন কিনা ; এবং

(২) উক্ত ব্যাপারে সরকার কী করিতেছেন ?

The Minister for Land and Land Revenue:

(ক) না।

(খ) (১) ও (২) এই বিষয়ে কতিপয় আদিবাসীগণের নিকট হইতে কিছু দরখাস্ত পাওয়া গিয়াছিল। কিন্তু সরেজমিন তদন্তের ফলে জানা গিয়াছে যে যদিও বা দরখাস্তকারীদের মধ্যে কেহ কেহ জমি চাষ করিয়া থাকেন, তবু তাহাদের কাহারও জমিতে কোন স্বত্ব বা অধিকার নাই।

Irrigation scheme in the Mujnai river of Jalpaiguri district

***555.** (Admitted question No. *3322.)

শ্রীহিরন্ময় বিশ্বঃ সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

জলপাইগুড়ি জেলার মুজনাই নদীতে সেচ পরিকল্পনা কবে কার্যকরী করা হইবে ?

The Minister for Irrigation and Waterways:

উক্ত সেচ পরিকল্পনাটি সরকারের বিবেচনাধীন আছে। উহা আপাততঃ চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত। সুতরাং উহার কার্য কবে আরম্ভ করা হইবে এখন বলা সম্ভব নয়।

Pay-scales of Folio-copyists of Settlement Offices

***556.** (Admitted question No. *3409.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া-হুগলি-নদিয়া বিভাগের সেটেলমেন্ট দপ্তরের ফোলিও কপিস্টরা কি হারে বেতন পান ;

(খ) বর্তমানে পার্টির কাছ হইতে সরকার যেখানে ফোলিও পিছু ৩৭ পয়সা নেন, সেখানে কপিস্টরা ফোলিও পিছু কত পয়সা পান ; এবং

(গ) সেটেলমেন্ট বিভাগের ফোলিও কপিস্টদের নির্দিষ্ট হারে মাসিক বেতন দিবার কথা সরকার চিন্তা করিতেছেন কি ?

The Minister for Land and Land Revenue:

(ক) তাহারা কোন নির্দিষ্ট হারে বেতন পান না।

(খ) পার্টির নিকট হইতে ফোলিও পিছু যাহা আদায় হয় তাহার অর্ধেক ফোলিও কপিস্টদের প্রাপ্য।

(গ) না।

Bazars at Bijanbari and Pulbazar in Darjeeling district

***557.** (Admitted question No. *3425.)

Shri Deo Prakash Rai: Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether the Government have received any representation from the people of Bijanbari and Pulbazar in the district of Darjeeling urging upon the Government to take over the above bazars from the Zamindar under the Estates Acquisition Act or the Zamindari Abolition Act; and

(b) if so, what action the Government contemplates to take in this matter?

The Minister for Land and Land Revenue: (a) Yes.

(b) Tenanted portions of the Bijonbari and Pulbazar hats have vested in the State under the E.A. Act, but the remaining portions which were under possession of the intermediaries have been retained by them. The Government has under consideration the queston of acquiring the retained portion.

Selami and rents for the lands of Srimantapur mauza in Farakka police-station

***558.** (Admitted question No. *3430.)

Shri Syed Abul Hossain: Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

what amounts of Selami and rents, respectively, per cottah have been fixed for the lands of the mauza Srimantapur, thana Farakka, on which the displaced persons of village Khejuria, mauza Srimantapur, police-station Farakka, district Murshidabad, have been rehabilitated?

The Minister for Land and Land Revenue: The displaced persons have been rehabilitated in three sites of different villages, namely, Palashi, Gharaipara (1) and Gharaipara (2). Selami and rent per cottah respectively for these sites are as below:—

		Selami.	Annual rent.
Palashi	...	Rs. 20.80	Rs. 2.08
Garaipara (1)	...	Rs. 20.00	Rs. 2.00
Garaipara (2)	...	Rs. 35.30	Rs. 3.53

Tolly's Nullah

***559.** (Admitted question No. *3128.)

শ্রীসোমনাথ লাহিড়ী: সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার নিকট টালির নালা সংস্কারের জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে ঐ পরিকল্পনার কাজ কতদূর অগ্রসর হইয়াছে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) টালির নালা সংস্কারের কাজ এখনও আরম্ভ হয় নাই।

Sub-Registrars

***560.** (Admitted question No. *3185.)

শ্রী[illegible] মৈত্র : বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি সাবরেজিস্ট্রারের পদ আছে এবং কয়টি পদ কতদিন যাবৎ শূন্য আছে ; এবং

(খ) সাবরেজিস্ট্রারের অনুপস্থিতি হেতু মালদহ জেলার চাঁচল এবং তুলশীহাটা সাব-রেজিস্ট্রী অফিস ১৯৬৪ সনের জানুয়ারি হইতে ১৯৬৫ সনের ৩১শে মার্চ পর্যন্ত কতদিন বন্ধ ছিল ?

The Minister for Judicial:

(ক) পশ্চিমবঙ্গে মোট ১৭২টি অবর নিবন্ধকের পদ আছে। বর্তমানে ১৮টি অবর নিবন্ধকের পদ শূন্য আছে। শূন্য পদের মধ্যে দুইটি পদ ১৯৬০ সালের পূর্ব হইতে শূন্য আছে। অবশিষ্ট ষোলটি পদ ১৯৬৪ সালের জুলাই মাসে সৃষ্ট হওয়ার পর হইতে শূন্য আছে।

(খ) অবর নিবন্ধকের অনুপস্থিতি হেতু মালদহ জেলার তু[illegible]হাটায় অবস্থিত নিবন্ধন কার্যালয়ে ২২শে অক্টোবর ১৯৬৪ হইতে ২৭শে অক্টোবর ১৯৬৪ এবং চাঁচলে অবস্থিত নিবন্ধন কার্যালয়ে ২২শে অক্টোবর ১৯৬৪ হইতে ১১ই ফেব্রুয়ারী ১৯৬৫ পর্যন্ত নিবন্ধন সংক্রান্ত কার্য সম্পাদিত হয় নাই। ২৮শে অক্টোবর ১৯৬৪ হইতে ৩রা ডিসেম্বর ১৯৬৪ পর্যন্ত একজন অবর নিবন্ধক তুলশীহাটা নিবন্ধন কার্যালয়ে সপ্তাহে দুইদিন এবং চাঁচল নিবন্ধন কার্যালয়ে সপ্তাহে চারদিন কার্য করিয়াছিলেন।

Reconstruction of Serampore-Dankuni Link Road

***561.** (Admitted question No. *3234.)

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: পূর্ত (বিশেষ সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

জাতীয় সড়ক দিল্লী রোডের লিঙ্ক রোড শ্রীরামপুর-ডানকুনি সড়ক পুনর্নির্মাণ কবে শুরু হইবে ?

The Minister for Public Works including Roads:

শ্রীরামপুর-ডানকুনি সড়কের শ্রীরামপুর হইতে বাগিহাটি পর্যন্ত অংশটিতে আপাততঃ কোন কাজের পরিকল্পনা নাই; বাগিরহাটি-ডানকুনি অংশটিতে দিল্লীগামী ২নং জাতীয় সড়কের বিকল্প রাস্তা হিসাবে কাজ চলিতেছে। (জি, টি, রোড বাই পাস)

Bagdahar-Palasbarighat-Harirampurghat Road

***562.** (Admitted question No. *3246.)

শ্রী[illegible] অধিকারী : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জিলার জিয়াগঞ্জ থানার বাগডহর হইতে পলাশবাড়িঘাট হইয়া হরিরামপুরঘাট পর্যন্ত সড়কটি তৃতীয় প[illegible]নায় অন্তর্ভুক্ত করিতে District Development Council সুপারিশ করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে, ঐ সুপারিশ অনুযায়ী উক্ত সড়ক কবে আরম্ভ হইবে ?

The Minister for Public Works including Roads:

(ক) হ্যাঁ।

(খ) উক্ত সড়ক নির্মাণ প্রকল্পটি বিশেষ বিবেচনার পর তৃতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয় নাই। সুতরাং ঐ সুপারিশ অনুযায়ী উক্ত সড়ক কবে আরম্ভ হইবে এই প্রশ্ন উঠে না।

Alternative road of National Highway No. 34

***563.** (Admitted question No. *3252.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩৪নং জাতীয় সড়ক রাস্তাটির পাশাপাশি কোন বিকল্প রাস্তার পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) উক্ত সড়ক মেরামত ও আংশিক সংস্কারের জন্য গত তিন বছরে কি পরিমাণ ব্যয় হইয়াছে ?

The Minister for Public Works:

(ক) নাই।

(খ) ১৯৬২-৬৩—২২,৫২,৯৪২ টাকা।

১৯৬৩-৬৪—১৯,১৮,৬৯৬ টাকা।

১৯৬৪-৬৫—১৬,৯৫,৭৪৭ টাকা।

মোট ... ৫৮,৬৭,৩৮৫ টাকা।

State Government representative in the administration of Farakka Barrage Project

***564.** (Admitted question No. *3449.)

Shri Syed Abul Hossain: Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the State Government has any hand in the administration of the Farakka Barrage Project; and

(b) if there is any representative of the State Government in the Farakka Barrage Control Board?

The Minister for Irrigation and Waterways: (a) No.

(b) Yes.

Payment of compensation for the lands acquired for Durgapur Express Road

***565.** (Admitted question No. *3237.)

শ্রীগাঁচুগোপাল ভাদুড়ী: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর এক্সপ্রেস রোড নির্মাণের জন্য হুগলি জেলার চণ্ডীতলা থানার বাস্তু ও চাষের জমির দরুন বিঘাপ্রতি কত করিয়া ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে ;

(খ) চণ্ডীতলা থানায় উক্ত উদ্দেশ্যে দখলীকৃত সমস্ত জমির ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে কিনা; এবং

(গ) না দেওয়া হইলে, কোথায় এবং কেন দেওয়া হয় নাই ?

The Minister for Land and Land Revenue:

(ক) চণ্ডীতলা থানায় কোন বাস্তুজমি উক্ত উদ্দেশ্যে এখনও দখল করা হয় নাই এবং ক্ষতিপূরণের হারও ধার্য করা হয় নাই। বিভিন্ন গ্রামের চাষের জমির গুণানুসারে বিঘাপ্রতি ৫৩৩ টাকা হইতে ১,৪০০ টাকা ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

South Salt Lake Reclamation Scheme

***566.** (Admitted question No. *3294.)

শ্রীবনবংকুমার রায়: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার দক্ষিণ লবণ হ্রদের উন্নয়নের জন্য সরকার তিনটি পরিকল্পনায় কত টাকা ব্যয় করিয়াছেন ; এবং

(খ) উক্ত উন্নয়নের ফলে কোন রাজস্ব বৃদ্ধি হইয়াছে কিনা ?

The Minister for Irrigation and Waterways:

(ক) দক্ষিণ লবণ হ্রদের উন্নয়ন কার্যের জন্য এখনও কোন ব্যয় হয় নাই।

(খ) উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Doulatnagore River Irrigation Scheme

***567.** (Admitted question No. *3314.)

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র: সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
মালদহ জেলার দৌলতনগর গ্রামে যে নদী সেচ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে তাহার কার্য কতদূর অগ্রসর হইয়াছে ?

The Minister for Irrigation and Waterways:

মালদহ জেলার দৌলতনগর গ্রামে সেচ ও জলপথ বিভাগের কোন নদী সেচ পরিকল্পনা নাই। তবে কৃষি ও সমাজ উন্নয়ন দপ্তর পরিকল্পনাটি গ্রহণ করিয়াছেন এবং ইতিমধ্যে ইহার প্রাথমিক কার্যাবলীও সুসম্পন্ন হইয়াছে। পাম্পিং যন্ত্র বসাইবার ব্যবস্থা চলিতেছে।

UNSTARRED QUESTIONS TO WHICH WRITTEN ANSWERS WERE LAID ON THE TABLE

Expenditure incurred as loans and grants for agriculture

1091. (Admitted question No. 511.)

শ্রীদেবশরণ ঘোষ: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কত টাকা ঋণ এবং সাহায্য হিসাবে কৃষিকার্যের জন্য ব্যয় করা হইয়াছে; এবং

(খ) ১৯৬৩-৬৪ সালের জেলাওয়ারী অনাদায়ী কৃষি ঋণের পরিমাণ কত?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কৃষিজীবীদের যেসকল ঋণ ও সাহায্য দেওয়া হইয়াছে সেইগুলি সম্বন্ধে প্রয়োজনীয় তথ্য সম্বলিত একটি বিবরণী বিধানসভার লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এই সম্পর্কেও একটি পৃথক বিবরণী বিধানসভার লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Renewal of licenses by hawkers in West Bengal

1092. (Admitted question No. 1202.)

শ্রী[illegible] রাহা: স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত লাইসেন্সধারী হকার ১৯৬০-৬১ হইতে অদ্যাবধি প্রতি বৎসর রিনিউ করিয়াছে?

The Minister for Local Self-Government:

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Government khas lands in Moyna and Pingla police-stations, Midnapore

1093. (Admitted qustion No. 1499.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার ও পিংলা থানায় জমিদারী দখল আইন প্রচলিত হইবার পর কোন্ কোন্ গ্রামে কত জমি সরকারে খাস হইয়াছে;

(খ) উক্ত জমিগুলির মধ্যে কত পরিমাণ ধান জমি, কালা, বাস্তু, বাঁধ, খাল, পুষ্করিণী ও জঙ্গল; এবং

(গ) উহাদের মধ্যে কোন্ কোন্‌টি কতদিনের জন্য কিরূপ খাজনায় বিলি করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা লাইব্রেরীর টেবিলে ন্যস্ত করা হইল।

(খ)

			পিংলা থানায় একর	ময়না থানায় একর
ধানজমি	...	...	৫৮৬·১২	১২১·৬৬
কালাজমি	...	...	৪৬৬·৪৩	২১৬·৭৫
বাস্তুজমি	...	...	৩৪·১৫	২১·৫৭
বাঁধ	...	...	৬৭২·০১	৩৫৭·২৯
খাল	...	...	৮৫·১৭	৪১৭·৯৭
পুষ্করিণী	...	...	৫৫·১৫	৪৫·৯০
জঙ্গল	...	...	নাই	নাই

(গ) উহাদের মধ্যে ধানজমি ১৩৭০-৭১ সাল হইতে স্থানীয় জমির প্রচলিত হারের দেড় গুণ খাজনায় ২ বৎসরের মেয়াদে বিলি করা হইয়াছে। খাল ও পুষ্করিণী টেন্ডার ডাকিয়া ১-৩ বৎসরের জন্য বন্দোবস্ত দেওয়া হইয়াছে। ইহা ছাড়া অন্যান্য জমি বিলি হয় নাই।

Aided Libraries in Tamluk subdivision

1094. (Admitted question No. 1373.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমার কতগুলি লাইব্রেরীকে কি কি হারে গত ১৯৬৩-৬৪ সালে পুস্তক ক্রয়ের জন্য সাহায্য করা হইয়াছিল;

(খ) ঐসকল লাইব্রেরীর ন্যূনপক্ষে কতগুলি পুস্তক রহিয়াছে; এবং

(গ) ঐসকল লাইব্রেরীর নিজস্ব গৃহ আছে কিনা?

The Minister for Education:

(ক), (খ) ও (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Payment of grants-in-aid to different Anchal Panchayats in Nalhati police-station

1095. (Admitted question No. 1644.)

শ্রীশিরোমণি প্রসাদ: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নলহাটী থানায় কোন্ কোন্ অঞ্চল পঞ্চায়েতকে গ্র্যান্ট-ইন-এড-এর টাকা গত পাঁচ বৎসরে কত পরিমাণে দেওয়া হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে নলহাটী অঞ্চল পঞ্চায়েতকে গ্র্যান্ট-ইন-এড বহুদিন দেওয়া হয় না; এবং

(গ) সত্য হইলে (১) কতদিন দেওয়া হয় নাই, (২) তাহা কতদিনের মধ্যে দেওয়া হইবে এবং (৩) দীর্ঘদিন এই গ্র্যান্ট-ইন-এড-এর টাকা না দেওয়ার কারণ কি?

The Minister of State for Panchayats:

(ক) নলহাটী থানার অন্তর্ভুক্ত প্রত্যেকটি অঞ্চল পঞ্চায়েতকে নিয়মিতভাবে গ্র্যান্ট-ইন-এড-এর টাকা ১৯৫৯ সাল হইতে দেওয়া হইতেছে। কোন অঞ্চল পঞ্চায়েতকে কোন্ বৎসর কত টাকা দেওয়া হইয়াছে তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) না; ইহা সত্য নয়।

(গ) এ প্রশ্ন উঠে না।

Percentage of education among Tribal people

1096. (Admitted question No. 2064.)

শ্রীঅপূর্বলাল মজুমদার: আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তফশীল উপজাতি ও তফশীল সম্প্রদায়ভুক্ত বিভিন্ন জাতির মধ্যে শিক্ষিতের হার কত এ বিষয়ে সরকারের কোন তথ্য জানা আছে কি; এবং

(খ) জানা থাকিলে বর্তমানে বিভিন্ন উপজাতি ও তফশীলভুক্ত জাতিসমূহের মধ্যে কোন্ জাতির শিক্ষিতের হার কিরূপ?

The Minister of State for Tribal Welfare:

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬১ সালের লোকগণনা অনুযায়ী তথ্য লাইব্রেরীর টেবিলে রক্ষিত বিবরণীতে উল্লেখ করা হইল।

Demonstration centres under Mira and Barachandghar Anchals in Kaligunj police-station, Nadia

1097. (Admitted question No. 2239.)

শ্রীমহানন্দ হালদার: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কালীগঞ্জ থানার মীরা ও বড় চাঁদঘর অঞ্চল পঞ্চায়েতগুলির কোন্ কোন্ স্থানে কৃষি প্রদর্শনী খোলা হইয়াছে ও উহার কোন্ কোন্‌টিকে কোন্ কোন্ ফসল কি কি পরিমাণে উৎপাদিত হইয়াছে; এবং

(খ) এই ব্যাপারে সরকার হইতে কি পরিমাণ অর্থ ব্যয় করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মীরা অঞ্চলে ১০টি কৃষি প্রদর্শনী ক্ষেত্র খোলা হইয়াছে। বড় চাঁদঘর অঞ্চলে কোন কৃষি প্রদর্শনী ক্ষেত্র খোলা হয় নাই।

উপরি-উক্ত ১০টি কৃষি প্রদর্শনী যে যে স্থানে খোলা হইয়াছে ও ঐগুলিতে উৎপাদিত ফসলের নাম ও পরিমাণ সহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এই ব্যাপারে সরকার যে অর্থ ব্যয় করিয়াছেন তাহার পরিমাণ উপরি-উক্ত বিবরণীতে প্রদর্শিত হইয়াছে।

Government vested lands in Tufanganj subdivision

1098. (Admitted question No. 2282.)

জীবনকৃষ্ণ দে: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী দখল আইন চালু হবার পর অদ্যাবধি তুফানগঞ্জ মহকুমায় কত বিঘা জমি সরকারে অর্পিত হইয়াছে; এবং

(খ) ঐ ভেস্টেড জমি এ পর্যন্ত কাহাকে কাহাকে কত পরিমাণে বন্দোবস্ত বা বিলি করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ৫,৭৭২·৯৩ একর।

(খ) একটি তালিকা লাইব্রেরীর টেবিলে ন্যস্ত করা হইল।

Water supply sources in Gajole and Old Malda Development Blocks

1099. (Admitted question No. 2518.)

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলায় গাজোল ও ওল্ড মালদহ সমষ্টি উন্নয়ন সংস্থায় মৌজাওয়ারী বিভিন্ন দপ্তর কর্তৃক নির্মিত নলকূপ, রিংওয়েল ও ইন্দারার বর্তমান সংখ্যা কত?

The Minister for Health:

জল উৎসের মোট সংখ্যা ৬৫৫। মৌজা বা গ্রামওয়ারী বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

Tractors for agricultural use in West Bengal

1100. (Admitted question No. 2553.)

শ্রীঅশ্বিনী রায়ঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পশ্চিমবঙ্গ রাজ্যে কৃষিতে ট্রাক্টর ব্যবহার সম্পর্কে ১৯৬২ সালের ১লা এপ্রিল হইতে ১৯৬৫ সালের ১লা মার্চ পর্যন্ত জেলা ভিত্তিতে বিভিন্ন ক্ষমতাসম্পন্ন ট্রাক্টরের সংখ্যা কত;

(২) ১৯৬৫ সালের ১লা মার্চ পর্যন্ত জেলা ভিত্তিতে অচল ট্রাক্টারের সংখ্যা কত; এবং

(৩) অচল বা অকেজো হইবার কারণ?

The Minister of State for Agriculture and Community Development:

(১), (২) ও (৩) বেসরকারী মালিকানায় ব্যবহৃত ট্রাক্টর সম্পর্কিত তথ্য সরকারের জানা নাই। সরকারী মালিকানায় কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের অধীন ট্রাক্টর সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি সংগৃহীত বিবরণীতে সন্নিবেশিত করিয়া লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Grants and loans paid to the Krishnagar Municipality

1101. (Admitted question No. 192.)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর পৌর প্রতিষ্ঠানকে রাজ্য সরকার ১৯৬১, ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে গ্র্যান্ট ও লোন বাবত মোট কত টাকা কি কি বাবত দিয়াছেন;

(খ) যেসব বিশেষ উদ্দেশ্যসাধনের জন্য এইসব অর্থ মঞ্জুর করা হয় ঠিক ঠিক সেই সেই কাজের জন্য অর্থ পৌর প্রতিষ্ঠান ব্যয় করেছেন কিনা সে সম্বন্ধে রাজ্যসরকার অবহিত আছেন কিনা; এবং

(গ) এই শহরের উন্নত আধুনিক ধরনের ড্রেনেজ ব্যবস্থা ও পর্যাপ্ত পরিমাণে পানীয় জল শহরের সমস্ত অঞ্চলে সরবরাহের জন্য ও শহরের অনুন্নত অবহেলিত অঞ্চলগুলির রাস্তাগুলির ব্যাপক উন্নতি ও সংস্কারের জন্য এই পৌর প্রতিষ্ঠানকে অর শত বর্ষ পূর্তির পর অতিরিক্ত অর্থ সাহায্য বা গ্র্যান্ট দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা।

The Minister for Local Self-Government:

(ক) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) বিবরণীর ৬, ১২, ১৪, ১৯ ও ২১ নং গ্র্যান্ট ও ঋণ বাবত প্রদত্ত টাকার মধ্যে ২১,৫৮৩·১৯ টাকা ব্যয় করা হয় নাই। বাকি অর্থ যথাযথ উদ্দেশ্যে ব্যয়িত হইয়াছে।

(গ) ভূগর্ভস্থ নালীর একটি বৃহৎ পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। শহরের সর্বত্র জল সরবরাহের জন্য নাজিরাপাড়া জল উত্তোলন কেন্দ্র বৈদ্যুতিকরণের নিমিত্ত সরকার ১,০১,৪০০ টাকার একটি ঋণ দানের প্রস্তাব বিবেচনা করিতেছেন।

বিবরণী

১৯৬০-৬১

(১) পৌর কর্মচারীদের মহার্ঘভাতা বাবত সাহায্য—৬২,৩২৫·০১ টাকা।

(২) নিম্নতম বেতন আইন অনুযায়ী কর্মচারীদের বেতন বাবত সাহায্য—২৮,৭০২·৯৯ টাকা।

(৩) প্রাথমিক শিক্ষা বাবত সাহায্য—৩,৭১৩ টাকা।

১৯৬১-৬২

(৪) পৌর কর্মচারীদের মহার্ঘভাতা বাবত সাহায্য—৬২,৮২৮·৮৭ টাকা।

(৫) নিম্নতম বেতন আইন অনুযায়ী পৌর কর্মচারীদের বেতন বাবত সাহায্য—২৮,৮৫৯·৬৭ টাকা।

(৬) মোটর ভেইকল ট্যাক্স বাবত গ্র্যান্ট—১৯,৪৫৫ টাকা।

(৭) প্রাথমিক শিক্ষা বাবত সাহায্য—৯,৭৭৩ টাকা।

১৯৬২-৬৩

(৮) পৌর কর্মচারীদের মহার্ঘভাতা বাবত সাহায্য—৬২,৮৬৮·৮৬ টাকা।

(৯) নিম্নতম বেতন আইন অনুযায়ী পৌর কর্মচারীদের বেতন বাবত সাহায্য—১৭,৩৬২·১৩ টাকা।

(১০) স্বাস্থ্য আধিকারিকের অর্ধেক বেতন বাবত সাহায্য—১,৪৩০ টাকা।

(১১) পৌরসভার জলকল সম্প্রসারণের জন্য ঋণ বাবত—৪,৯৪,৫৩৩ টাকা।

(১২) উদ্বাস্তু অধ্যুষিত এলাকার উন্নয়নের জন্য ঋণ বাবত—১,০০,০০০ টাকা।

(১৩) প্রাথমিক শিক্ষার জন্য সাহায্য বাবত—৩,৬০০ টাকা।

(১৪) ঝাড়ুদারদের জন্য গৃহনির্মাণ বাবত গ্র্যান্ট—২,৭০০ টাকা।

১৯৬৩-৬৪

(১৫) পৌর কর্মচারীদের মহার্ঘভাতা বাবত সাহায্য—৬৪,০৩১·৪৩ টাকা।

(১৬) নিম্নতম বেতন আইন অনুযায়ী পৌর কর্মচারীদের বেতন বাবত সাহায্য—১৭,৩৫৩·৪৭ টাকা।

(১৭) স্বাস্থ্য আধিকারিকের বেতন বাবত সাহায্য—২,০৮০ টাকা।

(১৮) বনমহোৎসবের পুরস্কার বাবত—৩০০ টাকা।

(১৯) রাস্তা উন্নয়নের জন্য গ্র্যান্ট—৭১,২০০ টাকা।

(২০) প্রাথমিক শিক্ষা বাবত সাহায্য—৩,৬০০ টাকা।

(২১) ঝাড়ুদারদের জন্য গৃহনির্মাণ বাবত গ্র্যান্ট—১৩,৫০০ টাকা।

(২২) হুইল ব্যারো গাড়ী ক্রয় বাবত গ্র্যান্ট—১৬,১২৫ টাকা।

Colleges in Midnapore district

1102. (Admitted question No. 359.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মেদিনীপুর জেলায় কলেজের সংখ্যা কয়টি এবং তাহাদের নাম কি, কোথায় কোথায় ঐগুলি প্রতিষ্ঠিত এবং কোন্ কলেজ কোন্ বৎসর প্রতিষ্ঠিত হইয়াছে;

(খ) কোন্ কোন্ কলেজ গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ এবং মঞ্জুরী কোন্ বৎসর হইতে পাইয়াছে;

(গ) কি কি বিষয় বিবেচনা করিয়া "গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ" মঞ্জুর করা হয়; এবং

(ঘ) আর কয়টি কলেজ গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ-এর অন্তর্ভুক্তির বিবেচনাধীন রহিয়াছে এবং কতদিনে ঐগুলি মঞ্জুরী পাওয়ার আশা রহিয়াছে?

The Minister for Education:

(ক) কলা, বিজ্ঞান, বাণিজ্য ও শিক্ষক শিক্ষণ কলেজের মোট সংখ্যা ২০টি। ইহাদের সম্বন্ধে অন্যান্য তথ্য সংশ্লিষ্ট বিবরণীতে দেওয়া হইল।

(খ) সংশ্লিষ্ট বিবরণীতে দেওয়া হইয়াছে।

(গ) যে সব অঞ্চলে উন্নত মানের উচ্চশিক্ষার সুবিধা নাই, সেই সব অঞ্চলে স্থানীয় জনসাধারণের দান এবং সরকারের আর্থিক অবস্থা বিবেচনা করিয়া "স্পনসর্ড" কলেজ স্থাপন করার প্রস্তাব বিবেচনা করা হয়।

(ঘ) বর্তমানে কোন প্রস্তাব বিবেচনাধীন নাই।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 1102.

Arts, Science, Commerce and Basic Training Colleges established in the district of Midnapore up to 31st December, 1964.

	Name of College.	Founded in	
1.	Bajkul Milan. Mahavidyalaya	1964	Government sponsored from beginning.
2.	Belda College, P. O. Belda .	1963	
3.	Bhatter College, P. O. Dantan .	1963	
4.	Garhbeta College, P. O. Garhbeta ..	1948	
5.	Jhargram Raj College, P.O. Jhargram .	1948	Government College.
6.	Kaibaiyadaini College of Commerce, P. O. Midnapore.	1961	
7.	Kharagpur College, P. O. Kharagpur ..	1940	
8.	Mahisadal Raj College, P.O. Mahisadal	1946	Government sponsored from 1956.
9.	Midnapore College, P.O. Midnapore	1875	Government sponsored from 1956.
10.	Mugberia Gangadhar Mahavidyalaya, P. O. Mugberia.	1964	
11.	Panskura Banamali College, P. O. Panskura ..	1961	
12.	Prabhat Kumar College, P.O. Contai ..	1926	
13.	Rabindra Satabarsiki Mahavidyalaya, P. O. Ghatal.	1961	
14.	Raja Narendralal Khan Women's College, P.O. Midnapore.	1957	Government sponsored from 1957.
15.	Sevabharati Mahavidyalaya, P. O. Parihati ..	1964	
16.	Sevayatan Sikshan Mahavidyalaya, P. O. Sevayatan (Jhargram).	1960	Government sponsored from begining.
17.	Sitananda College, P. O. Nandigram ..	1960	
18.	Tamralipta Mahavidyalaya, P. O. Tamluk ..	1948	
19.	Vivekananda Satabarsiki Mahabidyalaya, P. O. Manikpara.	1964	
20.	Yogoda Satsangha Palpara Mahavidyalaya, P. O. Palpara.	1964	

Dagi goondas in West Bengal

1103. (Admitted question No. 382.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
১৯৬৫ সালের ১লা জানুয়ারী তারিখে কলিকাতা সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় দাগী গুণ্ডা
সংখ্যা কত ছিল?

The Minister for Home (Police):

ভারতীয় দণ্ডসংহিতায় "দাগী গুণ্ডা"র কোন সংজ্ঞা নাই। যাহারা দাগী অপরাধী বা যাহার সমাজবিরোধী বলিয়া পুলিশের খাতায় অন্তর্ভুক্ত, এই রকম ব্যক্তিদিগের সংখ্যা জেলাওয়ারীভাবে নিম্নে দেওয়া হইল—

(১) বর্ধমান—৬০, (২) পুরুলিয়া—২১, (৩) হুগলী—৪১, (৪) নদীয়া—৪৪ (৫) মুর্শিদাবাদ—৬৭, (৬) হাওড়া—১৫৯, (৭) পশ্চিম দিনাজপুর—৫ (৮) জলপাইগুড়ি—৫, (৯) মালদহ—৯, (১০) দার্জিলিং—৬২, (১১) কোচবিহার—১১, (১২) বীরভূম—১৩, (১৩) মেদিনীপুর—৮৯, (১৪) বাঁকুড়া—৫৯ (১৫) চব্বিশপরগনা—১,৬৫৮ এবং (১৬) কলিকাতা—১,১৩৫।

Establishment of new colleges in West Bengal

1104. (Admitted question No. 419.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে কোন জেলায় কয়টি নূতন কলেজ মঞ্জুরী পাইয়াছে;

(খ) ঐ সনে মেদিনীপুর জেলার যে কয়টি কলেজ মঞ্জুরী পাইয়াছে তাহাদের নাম ও অবস্থান কি;

(গ) কি কি সর্তে ঐ সকল কলেজকে মঞ্জুরী দেওয়া হইয়াছে এবং তাহাদের প্রত্যেকে শ্রেণীওয়ারী ছাত্র ও ছাত্রী সংখ্যা কত; এবং

(ঘ) ঐ সকল কলেজের কোন্ কোন্‌টিকে কি কি বিষয়ে অনার্স পড়াইবার অনুমতি দেওয়া হইয়াছে? কৃতজ্ঞ

The Minister for Education:

(ক) ১৯৬৪-৬৫ শিক্ষা বৎসরে এই রাজ্যে মোট ১৪টি নূতন কলেজ স্থাপিত হইয়াছে ও বিশ্ববিদ্যালয় হইতে মঞ্জুরী পাইয়াছে। সংলগ্ন এক নম্বর তালিকা দ্রষ্টব্য।

(খ) সংলগ্ন দুই নম্বর তালিকা দ্রষ্টব্য।

(গ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী দান কালে যে সকল সর্ত আরোপ করেন বিশ্ববিদ্যালয় তাহা করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। ছাত্র ও ছাত্রীর সংখ্যা উপরোক্ত দুই নম্বর তালিকায় দেওয়া হইয়াছে।

(ঘ) কোন কলেজকেই কোন বিষয়ে অনার্স পড়াইবার অনুমতি বিশ্ববিদ্যালয় দেন নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1104.

LIST No. 1

List of colleges affiliated with effect from 1964-65 session

Midnapore district ...

1. Bajkul Milani Mahavidyalaya, P.O. Kismer Bajkul (sponsored).
2. Mugberia Gangadhar Mahavidyalaya, P.O. Mugbehia.
3. Seva Bharati Mahavidyalaya, Parihati.
4. Vivekananda Satabarshiki Mahavidyalaya, Manickpara.
5. Yogoda Satsangha Palpara Mahavidyalaya, Palpara.

Howrah district

1. Lal Baba College, P.O. Belur.
2. Prabhu Jagatbandhu Mahavidyalaya, P.O. Anantapore.

24-Parganas district

1. Mrinalini Dutta Mahavidyalaya, Birati.
2. K. K. Das College of Commerce, Baishnabghata, P.O. Garia.

Calcutta

1. Calcutta Girls' College, 169 Dharmatalla Street, Calcutta-16.

Birbhum district

1. Sambhunath College, P.O. Labpur.

Hooghly district

1. Raja Rammohan Mahavidyalaya, P.O. Radhanagore.

Burdwan district

1. Vivekananda Mahavidyalaya, P.O. Burdwan (sponsored).

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1104

LIST No. 2

Enrolment and subjects taught in new colleges located in Midnapore district during 1964-65 session

	Name of the college.	Subject taught.	Enrolments.	
1.	Bajkul Milani Mahavidyalaya, P.O. Kismet, Bajkul	P.U.—English, Civics, Bengali, Logic and History.	P.U. ..	94
			B.A.(1st year)	122
	..	B.A.— English (Compulsory), Bengali (Vernacular), Economics, Political Science, Philosophy and History.		216
2.	Mugberia Gangadhar Mahavidyalaya, P.O. Mugberia.	P.U.— English, Bengali, Sanskrit, History, Logic, Civics.	P.U. ..	122
			B.A.(1st year)	91
		B.A.— English (General), Bengali (Vernacular), Sanskrit, History, Philosophy, Economics, and Political Science.		213
3.	Seva Bharati Mahavidyalaya, Parihati.	P.U.— English, Bengali, History, Logic, Element of Civics and Economics.	P.U. ..	50
			B.A.(1st year)	20
				70
		B.A.—English, Bengali History, Political Science, Economics and Philosophy.		
4.	Vivekananda Satabarshiki Mahavidyalaya, Manickpara.	P.U.— English, Bengali, Elements of Civics and Economics, History and Logic.	P.U. ..	57
			B.A.(1st year)	46
				103
		B.A.— English, Bengali, Economics, Political Science, History and Philosophy.		
5.	Yogoda Satsangha Palpara Mahavidyalaya, Palpara.	P.U.— English, Bengali, Elements of of Economics and Civics, History and Logic.	P.U. ..	99
			B.A.(1st year)	45
				144
		B.A.— English, Bengali, Economics, Political Science, History and Philosophy.		

Arrest of persons for committing communal disturbances

1105. (Admitted question No. 645.)

[illegible]শ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে জানুয়ারী-ফেব্রুয়ারীর সাম্প্রদায়িক হাঙ্গামার জন্য জেলাওয়ারী কয়জনকে গ্রেপ্তার করা হইয়াছিল;

(খ) তাহার মধ্যে কয়জন সংখ্যাগুরু ও কয়জন সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত;

(গ) উহাদের কয়জনের বিরুদ্ধে এখনও কয়টি মামলা চলিতেছে;

(ঘ) কয়টি ক্ষেত্রে অপরাধীদের সাজা হইয়াছে;

(ঙ) কয়টি ক্ষেত্রে এবং কয়জনকে পুলিশ আদালতে সোপর্দ না করিয়া ফাইন্যাল রিপোর্ট দিয়াছে; এবং

(চ) উক্তরূপ হাঙ্গামা যাহাতে পুনরায় না হয় সে সম্বন্ধে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Home (Police):

(ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) এ সম্পর্কে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(চ) উক্তরূপ হাঙ্গামা যাহাতে পুনরায় না হয় সেইজন্য সমাজবিরোধীদের উপর সজাগ দৃষ্টি রাখা এবং প্রয়োজনবোধে নিবারক আইনে তাহাদের আটক রাখা, জনসাধারণের সহিত সতত সংযোগ রক্ষা করা, বিভিন্ন সংস্থার মাধ্যমে স্থানীয় পরিস্থিতি সম্বন্ধে সতর্ক হওয়া, পুলিশের শক্তিবৃদ্ধি করা ইত্যাদি বহুবিধ ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

Statement referred to in clauses (Ka), (Kha), (Ga), (Gha) and (Uma) of unstarred question No. 1105

জেলা	ধৃত ব্যক্তির সংখ্যা			আদালতে বিচারাধীন কেসের সংখ্যা		অপরাধীদের সাজা হইয়াছে এমন কেসের সংখ্যা সংখ্যা	ফাইনাল রিপোর্ট দেওয়া হইয়াছে এমন কেসের সংখ্যা		মন্তব্য
	সংখ্যাগুরু সম্প্রদায়ভুক্ত	সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত	মোট	কেসের সংখ্যা	সংশ্লিষ্ট ব্যক্তির		কেসের সংখ্যা	সংশ্লিষ্ট ব্যক্তির সংখ্যা	
নদীয়া ..	.. ১,২৮১	..	১,২৮১	..	..	..	২০	১০৬	
মুর্শিদাবাদ ..	.. ৬৩	৫৯	১২২	২	১৮	..	১১	১০২	
হাওড়া ..	.. ১,৮৫৯	২৩৩	২,০৯২	১৩	১৯	২১৬	১৩	৩৮৫	
বর্দ্ধমান ..	.. ৩৫০	২১৭	৫৬৭	৫	২১	২	৬৩	২৮৯	
হুগলী ..	.. ২৪১	২৬	২৬৭	৫	৩৩	১	৭	২২	
২৪-পরগণা ..	.. ৩,৭৭০	৩০৩	৪,০৭৩	১৩৯	১,৩২৪	১৮	৩০৪	২,২০৬	
মেদিনীপুর ..	.. ৫১	১৪	৬৫	..	..	..	৮	৪৩	
শিয়ালদহ জি, আর, পি,	.. ১৩১	২	১৩৩	৩	২১	..	৯	৫৫	
কলিকাতা ..	.. ৫,২৬২	৪,০৭০	৯,৩৬২	১৪	৭৪	১,১৭৮	৩৯১	১,৬৭৭	

মন্তব্য: অনেক ক্ষেত্রে সন্দিগ্ধ ব্যক্তিগণ যাহাতে অপরাধ করিতে না পারে সেজন্য আইনের অপ-রাধ ক্ষমতার বলে তাহাদিগকে গ্রেপ্তার করা হয়। সেসব ক্ষেত্রে কোনো কেস না করিয়া কিছুদিন পরে কোর্টের আদেশ লইয়া তাহা-দের ছাড়িয়া দেওয়া হয়।

Establishment of new colleges in West Bengal

1106. (Admitted question No. 875.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে গত ১৯৬৪ সালে কোন্ জেলায় কয়টি করিয়া নূতন কলেজ স্থাপিত ও মঞ্জুরী পাইয়াছে;

(খ) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ কলেজ কি কি বিষয়ের জন্য ঐ বৎসর মঞ্জুরী পাইয়াছে? ঐ কলেজগুলির প্রত্যেকের (১৯৬৪ সালে) ছাত্রসংখ্যা কত ছিল; এবং

(গ) ঐ সকল কলেজের কোন্ কোন্‌টিতে কি কি বিষয়ের অনার্স পড়াইবার জন্য অনুমতি দেওয়া হইয়াছে?

The Minister for Education:

(ক), (খ) ও (গ) তারকা চিহ্নবিহীন ৪১৯ নং প্রশ্নের উত্তরের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হইতেছে।

Percentage of expenditure on education during 1963-64.

1107. (Admitted question No. 1075.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গ রাজ্যে ১৯৬৩-৬৪ সালে ব্যয়ের অনুপাতে শিক্ষার জন্য শতকরা কতভাগ ব্যয় করা হইয়াছিল?

The Minister for Education:

২৮-শিক্ষা খাতে ১৯৬৩-৬৪ সালে রাজস্ব খাতে ব্যয়ের শতকরা ২০·৬ ভাগ ব্যয় হইয়াছিল।

Agricultural production in West Bengal

1108. (Admitted question No. 1155.)

[illegible] রাহাঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে সরকারী পরিসংখ্যান আছে কিনা?

(১) পশ্চিমবঙ্গে ১৯৬০-৬১ হইতে কৃষি উৎপাদনের হার কি প্রধানত আউস, আমন, পাট, ইক্ষু, ছোলা, গমের বিঘাপ্রতি কত ফলন হইয়াছে,

(২) ১৯৬০ হইতে অদ্যাবধি বছরে কত পরিমাণ সার সরকার বিলি করিয়াছেন, কত পরিমাণ দরকার,

(৩) ১৯৬০ হইতে কোন বছরে কত জমিতে সেচের ব্যবস্থা হইয়াছে,

(৪) গভীর নলকূপ কয়টি হইতে কত পরিমাণ জমি এবং ময়ূরাক্ষী হইতে কত পরিমাণ জমি সেচ পায়,

(৫) কতগুলি সেচের পুকুর হইতে কত পরিমাণ জমিতে সেচ দেওয়ার ব্যবস্থা আছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে তাহা কি?

The Minister of State for Agriculture and Community Development

(ক) ও (খ) অদ্যাবধি প্রাপ্ত পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হইলঃ

(১) শস্য	বিঘাপ্রতি ফলন			
আউস ধান্যের চাউল	২·৯৪	২·৭৪	২·৭১	৩·০৫
আমন ধান্যের চাউল	৪·৫০	৪·০৮	৩·৭১	৪·৪৩
*পাট	০·৯৮	০·৯৮	০·৯৭	০·৯৯
ইক্ষু	১৮৫·৫৭	১৯০·৭৬	১৫৭·১০	১৭০·২৭
ছোলা	২·১০	১·৭৬	১·৯৯	২·০৬
গম	২·৬৮	২·৭২	২·২৬	২·১৫

*বিঘাপ্রতি বেল (bale)

১৯৬৪-৬৫ সালে আউস ও আমন ধান্যের চাউলের বিঘাপ্রতি ফলন যথাক্রমে ৩·৫৬ ও ৪·৫৯ মণ হইয়াছে।

(২) সাল	আনুমানিক দরকারের পরিমাণ (মেট্রিক টন)	বণ্টিত সারের পরিমাণ (মেট্রিক টন)
১৯৬০-৬১	১,০২,০০০	৭৫,১০৫
১৯৬১-৬২	২,২৭,০০০	১,১১,৫৯৪
১৯৬২-৬৩	২,৪৯,৫০০	৯৩,৬৮৮
১৯৬৩-৬৪	৫,৬৩,৩৪০	১,২৫,০০০
১৯৬৪-৬৫	৫,৯৩,৩০০	১,৩৮,০০০

(৩) ১৯৬০-৬১ সালে সেচপ্রাপ্ত জমির পরিমাণ প্রায় ৩৫,০০,০০০ একর ছিল। পরবর্তী কালের কৃষি পরিসংখ্যান এখনও প্রস্তুত হয় নাই।

(৪) মোট ২৬৩টি নলকূপ চালু করা হইয়াছে এবং ঐগুলি হইতে ৪০,৪৫০ একর জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব।

ময়ূরাক্ষী পরিকল্পনায় ১৯৬৪-৬৫ সালের খরিফ মরশুমে ৪,৯৬,০০০ একর জমিতে সেচের জল দেওয়া হইয়াছে এবং রবিশস্য চাষের জন্য ১৮,০০০ একর জমিতে সেচের জল দেওয়া হইতেছে।

(৫) ১৯৬৩-৬৪ সাল পর্যন্ত মোট ৬,৯৪৬টি পুষ্করিণীর উন্নয়ন সাধন করা হইয়াছে এবং তাহা হইতে ৩,০৭,৪৯০ একর জমিতে সেচ দেওয়ার ব্যবস্থা আছে।

Registered Co-operative Marketing Societies in West Bengal

1109. (Admitted question No. 1209.)

শ্রীসনৎকুমার রাহাঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে ১৯৬৩-৬৪ সালে ও ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কত সমবায় বিপণন সমিতি রেজিস্টারী করা হয় এবং সমস্ত সমিতির মোট সদস্য কত?

The Minister for Co-operation:

সংগীয় ক্রোড়পত্রে দ্রষ্টব্য।

Statement referred to in reply to unstarred question No. 1109.

ক্রোড়পত্র

	জেলার নাম	সাল ১৯৬৩-৬৪	সাল ১৯৬৪-৬৫	সদস্য সংখ্যা
১।	দার্জিলিং	১	..	১১৫
২।	মেদিনীপুর (৩) (কাঁথি)	১	..	১৩৮
৩।	বীরভূম	..	২	২২২
৪।	২৪ পরগণা (উত্তর)	১	১	৫৬
৫।	মেদিনীপুর (২) (তমলুক)	১	১	৫৪৫
৬।	মেদিনীপুর (১)	১	১	৩১৮
৭।	মুর্শিদাবাদ	১	১	২৫২
৮।	বাঁকুড়া	১	১	১১১
৯।	মালদহ	১	..	৩৯
১০।	২৪ পরগণা (দক্ষিণ)	১	৩	১২৪
১১।	বর্দ্ধমান (২) (কাটোয়া)	..	২	৫০
১২।	হুগলী	..	..	..
১৩।	পুরুলিয়া	..	১০	৩৫১
১৪।	হাওড়া	..	১	৫২
১৫।	নদীয়া	..	১	২২
১৬।	পশ্চিম দিনাজপুর	১	..	৬৬
১৭।	কুচবিহার	..	..	..
১৮।	বর্দ্ধমান	১	..	৩৫
১৯।	জলপাইগুড়ি	১	১	৩৬
	মোট সংখ্যা ..	১২	২৪	২,৫৩২

Theft committed in Alipurduars subdivision, Jalpaiguri

1110. (Admitted question No. 1430.)

শ্রীঅনন্তমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার কোন্ কোন্ থানাতে কয়টি করিয়া চুরির ঘটনা ঘটিয়াছে; এবং

(খ) ঐসকল ঘটনার মধ্যে কতগুলি চা বাগানের অফিস বা কর্তৃপক্ষের গৃহে সংঘটিত হইয়াছিল এবং উহার প্রত্যেকটিতে কি পরিমাণ অর্থ অপহৃত হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) থানার নাম ও চুরির সংখ্যা—

(১) কালচিনি—৩।

(২) ফলাকাটা—২।

(৩) মাদারিহাট—৫।

(৪) কুমারগ্রাম—১।

(খ) ৩টি চুরির ঘটনা চা বাগানের কর্তৃপক্ষের গৃহে সংঘটিত হইয়াছিল। অপহৃত অর্থের আনুমানিক পরিমাণ ১৯৭, ১৬৮ ও ৩৫০ টাকা। চা বাগানের কোন অফিসে উক্ত সময় চুরি হয় নাই।

Lands in Bishnupur and Joypur police-stations, Bankura

1111. (Admitted question No. 1557.)

শ্রীরাধিকা ধীবর: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও জয়পুর থানায় মোট আবাদী ও অনাবাদী জমির পরিমাণ কত;

(খ) তন্মধ্যে জমিদারী আইনের ফলে কোন্ অঞ্চলে কি প্রকারের জমি সরকারের খাস দখলে আছে;

(গ) কোন্ অঞ্চলে কি পরিমাণ জমি ভূমিহীন ব্যক্তিকে দেওয়া হইয়াছে ও কি পরিমাণ জমি এখনও বণ্টনযোগ্য আছে; এবং

(ঘ) ভূমিহীনের দ্বারা খাস জমি বন্দোবস্ত গ্রহণের কোন্ অঞ্চলে কতগুলি দরখাস্ত সরকারের বিবেচনাধীন আছে?

The Minister for Land and Land Revenue:

		থানা বিষ্ণুপুর একর	থানা জয়পুর একর
(ক)			
	আবাদী	৪১,০৪৯·৭০	৩৬,৮৬০·০২
	অনাবাদী	৫২,৭২৭·৪৩	২৭,৬৮৪·৬৩
(খ)			
	আবাদী	৫৪২·০০	২৯৯·০০
	অনাবাদী	৬৫৮·০০	৩৮৪·০০
(গ)			
	বন্দোবস্তকৃত জমি	৭৫·০০	২৬৯·০০
	বণ্টনযোগ্য জমি	৩০০·০০	৯০·০০

(ঘ) বিষ্ণুপুর—কিছুই নাই। জয়পুর—১১৫।

Permanent office accommodation of Debshala Anchal Panchayat in Ausgram II Block, Burdwan

1112. (Admitted question No. 1592.)

অনুমোদিত প্রশ্ন মন্ত্রী: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার আউসগ্রাম ২নং উন্নয়ন সংস্থার অধীনে দেবশালা অঞ্চল পঞ্চায়েতের স্থায়ী অফিসগৃহের স্থান বর্ধমান সদর মহকুমা অঞ্চল পঞ্চায়েত-সমূহের স্থান নির্বাচন কমিটি কর্তৃক চূড়ান্তভাবে সিদ্ধান্ত হইয়া গিয়াছে :

(খ) সত্য হইলে উক্ত সিদ্ধান্ত গ্রহণ কোন্ তারিখে করা হইয়াছে:

(গ) কোন্ মৌজায় উক্ত স্থান নির্বাচন করা হইয়াছে; এবং

(ঘ) উক্ত অঞ্চল পঞ্চায়েতের কোন মৌজায় কত লোকসংখ্যা (১৯৬১-এর সেনসাস অনুযায়ী) ?

The Minister of State for Panchayats:

(ক) হ্যাঁ; ইহা সত্য। অঞ্চল পঞ্চায়েতের সর্বসম্মতিক্রমে গৃহীত প্রস্তাব অনুসারে স্থান নির্বাচন সমিতি সর্ব বিষয় বিবেচনা করিয়া উক্ত স্থান নির্বাচন করিয়াছেন। এই বিষয়ে অঞ্চল পঞ্চায়েতের গৃহীত প্রস্তাবটি নিম্নে দেওয়া হইল:—

"অদ্যকার অঞ্চল বোর্ডের মেম্বারগণ সর্বসম্মতিক্রমে স্থির করিলেন যে অত্র অঞ্চল বোর্ডের যে অফিস গৃহ নির্মাণের জন্য স্থান ঠিক করিবার নির্দেশ দেওয়া ছিল, উক্ত অঞ্চলের মধ্যস্থলের গ্রাম জিঞ্জিরা গ্রামে উক্ত অফিসগৃহ নির্মাণের জন্য গত পূর্বেকার রেজোলিউশন মতে. ও শ্রীপূর্ণেন্দু রায় মহাশয়ের দরখাস্ত মত উক্ত দেবশালা অঞ্চল বোর্ডের অফিসগৃহটী নির্মাণ করিবার জন্য স্থান ঠিক করা হইল। ইহাই অত্র বোর্ডের অঞ্চল মেম্বারগণের সর্বসম্মতিক্রমে স্থিরীকৃত হইল।"

সহি—

(স্বাঃ) শ্রীগোপীনাথ কোঙার।
৮-২-৬৩

(স্বাঃ) শ্রীঅনিলকুমার মণ্ডল।
৮-২-৬৩

(স্বাঃ) শ্রীকমলাকান্তি চৌধুরী।
৮-২-৬৩

(স্বাঃ) শ্রীননীগোপাল অধিকারী।
৮-২-৬৩

(স্বাঃ) শ্রীসুধীরকুমার কোঙার, উপ-প্রধান দেবশালা অঞ্চল পঞ্চায়েত।
৮-২-৬৩

(খ) ১৭ই ডিসেম্বর, ১৯৬৪।

(গ) জিঞ্জিরা।

(ঘ) প্রয়োজনীয় তথ্য-সম্বলিত একটি তালিকা এইসঙ্গে দেওয়া হইল।

মৌজার নাম	জে এল নং	লোকসংখ্যা
(১) ছোটরামচন্দ্রপুর	২০	৪০২
(২) ধানতোর	২১	১৮৪
(৩) চকপিয়ারিগঞ্জ	২৪	৭৬
(৪) আর্জুরি	২৮	১৩৫
(৫) কানকারা	২৫	৩৩৬
(৬) পশ্চিম চণ্ডীপুর	২৬	৯৯
(৭) গোবিন্দপুর	৭১	২৯৬
(৮) দেবশালা	২৭	১,৮১১
(৯) পোদুরা	৬৯	৩৯৩
(১০) বিলাসপুর	৭০	২৪১
(১১) বারডোবা	৬৭	৫৪২
(১২) জিঙ্গিরা	৬৮	৩৬২
(১৩) রঙগখিলা	২৯	৮৮১
(১৪) টিলং	৩২	১০
(১৫) চক টিলং	৩১	১০১
(১৬) পলিসা	৩০	৩৮৬
(১৭) মৌকোটা	৩৩	৪৬১
(১৮) লক্ষ্মীনারায়ণপুরচক	৬৬	৮০
(১৯) ভাতকুণ্ডা	৩৪	১,৩৪০
(২০) বলরামবাটী	৩৫	...
		৮,১১৩

Non-payment of grant from Girls' education to some Junior High Schools in Burdwan district

1113. (Admitted question No. 1596.)

শ্রীমনোরঞ্জন বক্সীঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলায় কিছু সংখ্যক জুনিয়র হাই স্কুল গত ১৯৬৩-৬৪ সালের গার্লস এডুকেশনের মাহিনা বাবদ অর্থ এখনও পায় নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ও কত দিনের মধ্যে এ অর্থ দেওয়া হইবে?

The Minister for Education:

(ক) না, সত্য নয়।

(খ) প্রশ্ন উঠে না।

Upgrading of schools to Higher Secondary Schools

1114. (Admitted question No. 1610.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালের এ পর্যন্ত এই রাজ্যে জেলাওয়ারী কয়টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এই বৎসর মঞ্জুরী পাইয়াছে ;

(খ) এই বৎসর এ পর্যন্ত মেদিনীপুর জেলাতে কোন্ কোন্ উচ্চ বিদ্যালয় কি কি বিষয়ে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত হইয়াছে ; এবং

(গ) এই বৎসর উক্ত জেলাতে এ পর্যন্ত কোন্ কোন্ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে অতিরিক্ত কোন্ কোন্ বিষয় পড়াইবার অনুমতি দেওয়া হইয়াছে ?

The Minister for Education:

(ক) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করিবার মঞ্জুরী পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষৎ দিয়া থাকেন। ১৯৬৫ সালের অনুমোদন দানের কার্য পর্ষৎ এখনও শেষ করিতে পারেন নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Opening of Science section at the Rani Binode Manjuri Government Girls' School, Jhargram

1115. (Admitted question No. 1729.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রামস্থ বিনোদ মঞ্জুরী গভর্নমেন্ট বালিকা বিদ্যালয়ে বর্তমান সনে বিজ্ঞান শাখা খোলার প্রস্তাব আছে কি ;

(খ) ইহা কি সত্য যে, স্থানাভাবে বহু ছাত্রীকে এই বিদ্যালয়ে ভর্তি করা হয় নাই ; এবং

(গ) সত্য হইলে অধিক সেকসন খোলার পরিকল্পনা আছে কি না ?

The Minister for Education:

(ক) বর্তমান সন হইতে বিজ্ঞান শাখা খোলা হইয়াছে।

(খ) এই ধরনের কোন সংবাদ আজ পর্যন্ত শিক্ষা বিভাগ পান নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Emlpoyees for collection of Land Revenue

1116. (Admitted question No. 1755.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সালে সরকার কর্তৃক ভূমিরাজস্ব আদায়ের ব্যবস্থা করিবার সময় কোট কতজন তহশীল কর্মচারী নিযুক্ত হইয়াছিল ;

(খ) বর্তমানে রাজস্ব আদায়ের জন্য মোট তহশীল কর্মচারী, মুহুরী ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর সংখ্যা কত ;

(গ) মুহুরী ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বেতন কত ;

(ঘ) বারো মাসের জন্য মুহুরী নিযুক্ত থাকেন কি না ;

(ঙ) এই সকল কর্মচারীর জন্য সার্ভিস বুক আছে কি না ;

(চ) এই সকল কর্মচারী চিকিৎসা প্রকল্পের সুযোগ পান কি না ; এবং

(ছ) এই সকল কর্মচারীদের বোনাস দেওয়া হয় কি না ?

The Minister for Land and Land Revenue:

(ক) ৭,৫১৩ তহশীলদার ও ২৩ জন মণ্ডল।

(খ) তহশীদার—৬,৩৫৯ জন, কর্মচারী—৮৪ জন, মুহুরী—৫,২৬১ জন ও তহশীল পিওন—৬,৪৪৩ জন।

(গ) মুহুরী মাসিক ২৫ টাকা ভাতা পান। তহশীল পিওনের ভাতা ঐ ব্লকের 'ডিমান্ড' অনুসারে নির্দ্ধারিত হয়, যেমন,—

(১) ৬,০০০ টাকা পর্যন্ত ডিমাণ্ডের মাসিক ভাতা—১২ টাকা।

(২) ৬,০০০—৮,০০০ পর্যন্ত ডিমাণ্ডের মাসিক ভাতা—১৪ টাকা।

(৩) ৮,০০০ টাকার উর্দ্ধে ডিমাণ্ডের মাসিক ভাতা—১৬ টাকা।

(ঘ) বৎসরে মাত্র চার মাসের জন্য মুহুরী নিযুক্ত থাকে।

(ঙ) ও (চ) না।

(ছ) এ পর্যন্ত কেবলমাত্র তহশীলদারদিগকে ১৩৬৯ সালের আদায়ের উপর একটি নির্দিষ্ট হারে বোনাস দেওয়া হইয়াছে।

Egra Registration Office, Midnapore

1117. (Admitted question No. 1759.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় অবস্থিত এগরা নিবন্ধন কার্যালয়ে ১৯৬৩ ও ১৯৬৪ সালে জমি হস্তান্তরের কতগুলি দলিল রেজেস্ট্রী করা হয় ; এবং

(খ) ঐ সময়ে উক্ত কার্যালয়ের অধীনে কত মোহরার ও দলিল লেখক লাইসেন্সপ্রাপ্ত ছিল ?

The Minister for Judicial:

(ক) ১৯৬৩ সালে ৬,৮৫০টি ও ১৯৬৪ সালে ৬,৩০৭টি জমি হস্তান্তরের দলিল এগরা নিবন্ধন কার্যালয়ে নিবন্ধীকৃত হয়।

(খ) ১৯৬৩ সালে এগরা নিবন্ধন কার্যালয়ে দুইজন মোহরার, ছয়জন অতিরিক্ত মোহরার এবং একজন লাইসেন্সপ্রাপ্ত দলিল লেখক নিযুক্ত ছিল। ১৯৬৪ সালে উক্ত কার্যালয়ে দুইজন মোহরার, সাতজন অতিরিক্ত মোহরার এবং একজন লাইসেন্সপ্রাপ্ত দলিল লেখক ছিল।

Fisheries Department employees in Midnapore district

1118. (Admitted question No. 1766.)

শ্রীঅনঙ্গমোহন দাস: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমায় ১৯৬৩-৬৪ সালে কতজন করিয়া মৎস্য বিভাগীয় কর্মচারী নিযুক্ত ছিলেন ;

(খ) তাঁহাদের বেতন ও ভাতা ইত্যাদি বাবদ সরকার ১৯৬৩-৬৪ সালে কত খরচ করিয়াছিলেন ; এবং

(গ) গত ১৯৬৩-৬৪ সালে মৎস্য চাষের উন্নতির জন্য কতজনকে মোট কত টাকা সরকার ঋণ ও অনুদান বাবদ প্রদান করিয়াছিলেন ?

The Minister for Fisheries:

(ক) ১৯৬৩-৬৪ সালে উক্ত জেলার বিভিন্ন মহকুমায় নিযুক্ত মৎস্য বিভাগীয় কর্মচারীর সংখ্যা নিম্নরূপ ছিল ঃ—

সদর—৯; ঝাড়গ্রাম—৩; ঘাটাল—২; কাঁথি—১০৪ ও তমলুক—৪।

কাঁথির সংখ্যার মধ্যে জনপুট মৎস্যচাষ ও গবেষণা কেন্দ্রের ৯৫ জন কর্মচারী আছেন।

(খ) বেতন ও ভাতা বাবদ খরচের পরিমাণ যথাক্রমে ১,২৯,৪৭৬·০৫ পঃ ও ১৭,৬৮০·৭৬ পঃ।

(গ) ঐ সালে উক্ত জেলায় কোন ঋণ দান প্রকল্প চালু ছিল না। তবে পূর্ববর্তী বৎসরগুলিতে প্রদত্ত ঋণের দরুন ১৯৬৩-৬৪ সালে বিভিন্ন মহকুমার ঋণগ্রহীতাদের নিম্নলিখিত অর্থ সাবসিডি হিসাবে দেওয়া হইয়াছিল ঃ—

ঝাড়গ্রাম—১ জনকে ২১·২৫ পঃ; ঘাটাল—৬ জনকে ২৭২·৭০ পঃ, কাঁথি—৪০ জনকে ১,৬৯৭·৯২ পঃ ও তমলুক—৫৫ জনকে মোট ৩,০৬৬·২৫ পঃ; সদর—১৮ জনকে মোট ১,১৩৩·৬০ পয়সা।

State Guest House

1119. (Admitted question No. 1649.)

শ্রীজীবনকৃষ্ণ দে ঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারের অধীনে রাষ্ট্রীয় অতিথি ভবন কোথায় এবং কতগুলো আছে ;

(খ) অতিথিদের কি কি ধরনের সুযোগ সুবিধা এখানে দেওয়া হয়ে থাকে ;

(গ) ১৯৬৪ সালে কতজন অতিথিকে এই রাজ্যে আপ্যায়ন করা হয় এবং উল্লেখযোগ্য কয়েকজনের নাম ; এবং

(ঘ) উক্ত বছরে মোট খরচের পরিমাণ এই কারণে কত ?

The Minister for Public Works:

(ক) রাজ্য সরকারের অধীনে দুইটি রাষ্ট্রীয় অতিথি ভবন আছে, একটি স্থায়ী এবং একটি অস্থায়ী। স্থায়ী অতিথি ভবনটি ২নং কিড স্ট্রীটে এবং অস্থায়ী ভবনটি রাজভবন প্রাঙ্গণের উত্তর-পূর্ব কোণে মন্ত্রীমহোদয়গণের নিমিত্ত নির্মিত বাসগৃহের একটিতে অবস্থিত।

(খ) রাষ্ট্রীয় অতিথিগণের থাকা খাওয়া ইত্যাদি সকল খরচ সরকার বহন করেন।

(গ) স্থায়ী অতিথি ভবনটি ২৮-১-৬৫ তারিখে খোলা হয়। সুতরাং ১৯৬৪ সালে এখানে কোন অতিথি আপ্যায়নের প্রশ্ন উঠে না। ঐ বৎসর অস্থায়ী অতিথি ভবনে মাত্র একজন অতিথিকে আপ্যায়ন করা হয় এবং তিনি বিহারের অর্থমন্ত্রী শ্রীঅম্বিকা শরণ সিংহ।

(ঘ) ১৯৬৪ সালে এই কারণে মোট খরচ ৬১ টাকা ১৫ নঃ পয়সা।

Lands for cultivation of paddy in West Bengal

1120. (Admitted question No. 1887.)

শ্রীঅনাদি দাস ঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৩-৬৪ সালে পশ্চিমবঙ্গে ধানী জমির পরিমাণ কত ছিল ;

(২) তার মধ্যে কত জমিতে চাষ হইয়াছিল ;

(৩) ঐ সালে বিঘাপ্রতি গড় ফলন কত ছিল ;

(৪) ঐ গড় হিসাব কি ভাবে করা হইয়াছিল ;

(৫) ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবঙ্গে কত বিঘা জমিতে ধান চাষ হইয়াছিল এবং আজ পর্যন্ত প্রাপ্ত হিসাবে ঐ সালে বিঘাপ্রতি গড় উৎপাদন কত ; এবং

(৬) পশ্চিমবঙ্গে বর্তমানে যে চাষ পদ্ধতি প্রচলিত, সেই অনুযায়ী কৃষি বিভাগের হিসাব মতে এক বিঘা জমিতে ধান উৎপাদন ও সংগ্রহ করিতে, বীজতলা তৈয়ারী হইতে গোলায় ধান তোলা পর্যন্ত কত খরচ হয় ?

The Minister of State for Agriculture and Community Development:

(১) ও (২) সাধারণতঃ বৃষ্টি কম বেশী হওয়ার উপর ধানী জমির চাষ নির্ভর করে। ১৯৬২-৬৩ সালে বৃষ্টি কম হইয়াছিল, সেই বৎসর ১০,৯৮৩,৬০০ একর জমিতে ধান চাষ হইয়াছিল। ১৯৬৩-৬৪ সালে বৃষ্টি ভাল হইয়াছিল, সেই বৎসর ১১,১৯৭,১০০ একর জমিতে ধান চাষ হইয়াছিল।

(৩) ১৯৬৩-৬৪ সালে বিঘাপ্রতি ধানের চাউলের গড় ফলন ৪·২৫ মণ ছিল।

(৪) রাজ্য পরিসংখ্যান সংস্থা কর্তৃক সম্পাদিত র‍্যানডম স্যাম্পিং মেথডএ ক্রপ-কাটিং-এর ভিত্তিতে উক্ত গড় ফলনের হিসাব করা হইয়াছে।

(৫) ১৯৬৪-৬৫ সালে সংশোধন সাপেক্ষ হিসাব অনুযায়ী ধান চাষের জমি ও বিঘাপ্রতি ধানের চাউলের উৎপাদনের পরিমাণ যথাক্রমে ১১,৫৪৬,৭০০ একর ও ৪·৪৬ মণ।

(৬) ১৯৬২-৬৩ সালে ২৪-পরগনা, নদীয়া, হুগলী, বর্ধমান ও বীরভূম জেলায় পরিচালিত একটি সমীক্ষায় প্রাপ্ত তথ্য হইতে হিসাব করা হইয়াছে যে বিঘাপ্রতি আমন ধান উৎপাদনের খরচ, বীজ নির্বাচন ও বীজতলা তৈয়ারী হইতে শস্য কাটা ও মজুত রাখা পর্যন্ত গড়ে ১১৭ টাকা ২০ পয়সা হয়।

Compensation and Annuity to ex-Zamindars, intermediaries, etc., in Moyna and Pingla police-stations, Midnapore

1121. (Admitted question No. 2097.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না ও পিংলা থানার কতজন (১) ভূতপূর্ব জমিদারী, (২) মধ্যস্বত্বভোগী, ও (৩) দেবোত্তর সম্পত্তি সরকার জমিদারী দখল আইন অনুসারে এ পর্যন্ত দখল করিয়াছেন ;

(খ) তাহাদিগকে মোট কত টাকা ক্ষতিপূরণ বা অ্যানুইটি দিতে হইবে ;

(গ) তাহাদের মধ্যে কতজন আংশিক ক্ষতিপূরণ বা অ্যানুইটি পাইয়াছে ; এবং

(ঘ) কতজন সম্পূর্ণ ক্ষতিপূরণ পাইয়াছে ?

The Minister for Land and Land Revenue:

(ক)

	ময়না থানা	পিংলা থানা
(১) ভূতপূর্ব জমিদারী	১২৪	২০৭
(২) মধ্যস্বত্বভোগী	১,৬৭৪	২,৪১৫
(৩) দেবোত্তর দম্পত্তি	১৪৪	২৫৫

(খ)

	ময়না থানা টাকা	পিংলা থানা টাকা
ক্ষতিপূরণ	২,১২,৫৭০·৪৮	২,৯১,৭৫৪·০২
অ্যানুইটি	১০,৯৮০·২৭	১১,২৯১·০৩

(গ) ৭৫০ জন।

(ঘ) ১,২৮৮ জন।

Circles in Tamluk subdivision and inspection of Primary schools thereof

1122. (Admitted question No. 2100.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক মহকুমায় প্রাথমিক বিদ্যালয়গুলি পরিদর্শন ও পরিচালনের জন্য কতগুলি সার্কেল আছে এবং প্রত্যেক সার্কেলে কতগুলি করিয়া জেলা স্কুল বোর্ড অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় আছে;

(খ) ঐ সকল সার্কেলের কোন্ কোন্‌টিতে কয়টি করিয়া কতদিন অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় চলিয়া আসিতেছে এবং উক্ত বিদ্যালয়গুলিতে সার্কেল ইন্সপেক্টার কর্তৃক পরিদর্শিত হইয়া অনুমোদনের সুপারিশ পাইয়াছে কিনা;

(গ) ঐ সকল সার্কেল ইন্সপেক্টারগণ গত বৎসর কতগুলি বিদ্যালয় (১) একবার ও (২) একাধিকবার পরিদর্শন করিয়াছেন: এবং

(ঘ) ঐ সকল সার্কেলের কয়টি বিদ্যালয় বৎসরে একবারও পরিদর্শিত হয় নাই?

The Minister for Education:

(ক), (গ) ও (ঘ) সংশ্লিষ্ট তথ্যাদি সংযোজিত বিবরণীতে দেখা যাইবে।

(খ) অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় সম্পর্কিত পরিসংখ্যান সরকারের কাছে নাই। বিশেষ কোন বিদ্যালয় সবন্ধে প্রশ্ন করিলে অনুসন্ধান করিয়া আনানো যাইতে পারে।

Statement referred to in reply to clauses (Ka), (Ga) and (Gha) of unstarred question No. 1122.

সার্কেলের নাম		"ক" মেদিনীপুর জিলা বিদ্যালয় পর্ষদ অধীনস্থ প্রাথমিক বিদ্যালয় সংখ্যা	"গ(১)" ১৯৬৩-৬৪ সালে একবার পরিদর্শিত বিদ্যালয় সংখ্যা	"গ(২)" একাধিকবার পরিদর্শিত বিদ্যালয় সংখ্যা	"ঘ" অপরিদর্শিত বিদ্যালয় সংখ্যা
১। তমলুক (দক্ষিণ)	..	৯০	৭২	১০	৮
২। তমলুক (উত্তর)	..	১০৯	১০৪	৫	..
৩। পাঁশকুড়া ..	..	১১২	৫১	..	৬১
৪। কোলাঘাট ..	..	১২২	১০৯	..	১৩
৫। সুতাহাটা ..	..	১৪৩	১২২	..	২১
৬। নন্দীগ্রাম (পূর্ব)	..	১১৫	১১৫	..	..
৭। নন্দীগ্রাম (পশ্চিম)	..	১১৩	৮১	..	৩২
৮। মহিষাদল (পূর্ব)	..	১০১	৮০	..	২১
৯। মহিষাদল (পশ্চিম)	..	১২৭	১২৭	..	..
১০। ময়না ..	..	১২৩	৭৫	..	৪৮
১১। নরঘাট ..	..	৮৯	৭৩	১৬	..

Basic Training School at Jashohari Anukhan (Kandi subdivision)

1123. (Admitted question No. 2185.)

সনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যশোহরী আনুখাঁ (কান্দী মহকুমা) অঞ্চলে বেসিক ট্রেনিং স্কুলের জন্য কোন জায়গা ক্রয় করা হইয়াছে কিনা; এবং

(খ) উক্ত জমি ক্রয় করা হইলে কবে ঐ জায়গায় স্কুল ভবন নির্মিত হইবে?

The Minister for Education:

(ক) যশোহরী আনুখাঁ (কান্দী মহকুমা) অঞ্চলে বহড়া বিদ্যাপীঠ সোসাইটি শিক্ষা প্রসারণের ন্য নয় বিঘা আন্দাজ জমি ক্রয় করিয়াছে এবং ঐ জমির উপরে একটি বেসিক ট্রেনিং কলেজ থাপনের জন্য আবেদন করিয়াছে।

(খ) মুর্শিদাবাদ জেলায় গভর্নমেন্ট স্পনসর্ড একটি বেসিক ট্রেনিং কলেজ আছে। সরকারী ীতি অনুসারে ঐ বিদ্যালয়ের সম্প্রসারণ করা হইবে।

ভবিষ্যতে মুর্শিদাবাদ জেলায় যদি নতুন বেসিক ট্রেনিং কলেজ স্থাপন করা হয় তখন অন্যান্য স্তাবের সহিত ঐ প্রস্তাবও সরকার বিবেচনা করিবেন।

Bus-route Road from Midnapore Town to Dheruaghat

1124. (Admitted question No. 2215.)

Shri Syed Shamsul Bari: Will the Minister-in-charge of the Public Works Roads) Department be pleased to state—

(a) if it is a fact that Bus-route from Midnapore town to Dheruaghat is in a highly damaged condition; and

(b) if so, when the repair work of the said road will be taken up?

The Minister for Public Works (Roads): (a) The road which is main-ained by the Zilla Parishad of Midnapore, though in need of repairs, is not n a highly damaged condition.

(b) A proposal for improvement of the road is under consideration by the Zilla Parishad.

State Government employees in Midnapore

1125. (Admitted question No. 2326.)

শ্রীজনগমোহন দাস: স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর শহরে বিভিন্ন বিভাগের কতজন কর্মচারী কাজ করেন;

(খ) তাহাদের মধ্যে কতজন গেজেটেড ও কতজন নন-গেজেটেড;

(গ) উহাদের মধ্যে কতজন ইউ ডি কেরাণী, কতজন এল ডি কেরাণী এবং কতজন ৪র্থ শ্রেণীর কর্মচারী আছেন; এবং

(ঘ) যাহারা শহরে ভাড়া বাড়িতে বাস করেন, তাহাদিগকে ঘরভাড়া বাবত কোন ভাতা দেওয়া হয় কিনা?

The Minister for Home (General Administration):

(ক) ৪,৩১৫ জন।

(খ) ১৪২ জন গেজেটেড ও ৪,১৭৩ জন নন-গেজেটেড।

(গ) উহাদের মধ্যে ১৩১ জন ইউ ডি কেরাণী, ৮৮৫ জন এল ডি কেরাণী এবং ২,১৩২ জন ৪র্থ শ্রেণীর কর্মচারী আছেন।

(ঘ) পুলিশী কার্যে নিযুক্ত কর্মচারিগণ মোটর ট্রান্সপোর্টে নিযুক্ত ৯ জন কর্মচারী, জেলা স্বাস্থ্য বিভাগের ১৪৩ জন কর্মচারী এবং উদ্বাস্তু, ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের অফিসার-ইন-চার্জ ব্যতীত কাহাকেও বাড়িভাড়া বাবত কোন ভাতা দেওয়া হয় না।

Production and areas under cultivation of potato

1126. (Admitted question No. 2351.)

শ্রীঅশ্বিনী রায়: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৪ ও ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত প্রতি জেলায় প্রতি বৎসরে—

(১) আলু চাষে ব্যবহৃত জমির পরিমাণ,

(২) মোট উৎপাদন, এবং

(৩) একর প্রতি উৎপাদনের হার কত?

The Minister of State for Agriculture and Community Development:

(১) (২) ও (৩) ১৯৬৩-৬৪ সালের আলু চাষের জমি উৎপাদনের একটি বিবরণী (স্টেটমেন্ট) উপস্থাপিত করা হইল। ১৯৬৪-৬৫ সালের চূড়ান্ত হিসাব এখনও পর্যন্ত পাওয়া যায় নাই।

Statement referred to in reply to unstarred question No. 1126.

Statement showing total production, areas under cultivation and yield rate per acre in respect of potato crop during 1963-64

Name of district.	Area in ·000 acres 1963-64	Production in ·000 tons 1963-64	Yield rate in mds. per acre 1963-64
24-Parganas	7·1	13·3	51·04
Nadia	1·2	1·7	38·11
Murshidabad	6·3	16·8	72·43
Burdwan	32·2	125·0	105·65
Birbhum	12·3	37·4	82·66
Bankura	6·1	13·8	61·84
Midnapore	20·3	83·1	111·48
Hooghly	48·1	177·7	100·55
Howrah	3·9	11·8	82·65
Jalpaiguri	4·4	7·1	43·94
Darjeeling	4·8	7·8	44·23
Malda	1·6	2·7	45·80
West Dinajpur	7·7	13·5	47·85
Cooch Behar	3·3	3·6	29·78
Purulia	0·3	0·4	38·41
Total—West Bengal ..	159·6	515·7	89·95

Government grant to landless peasants in Malda district

1127. (Admitted question No. 2403.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬২ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত মালদহ জেলার কোন্ কোন্ উন্নয়ন ব্লকে উপজাতি সম্প্রদায়ের কতজন ভূমিহীন কৃষককে জমি ও বাস্তুভিটা ক্রয়ের জন্য টাকা দেওয়া হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

হবিবপুর, বামনগোলা, গাজোল, পুরাতন মালদহ ও খরবা ব্লকের মোট ৩০ জন আদিবাসীকে অর্থ সাহায্য করা হইয়াছে।

Midnapore Central Jail

1128. (Admitted question No. 2420.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর সেন্ট্রাল জেলে মোট কতজন কয়েদী থাকিতে পারে ও বর্তমানে কতজন কয়েদী আছে;

(খ) তাহাদের মধ্যে কতজনের ৫ বা তদূর্ধ্ব বৎসরের জন্য সাজা হইয়াছে;

(গ) উহাদের মধ্যে কতজনের সশ্রম দণ্ডভোগ করিতে হইতেছে;

(ঘ) উহাদের কতজনকে কি কি শ্রম করিতে হয়; এবং

(ঙ) প্রত্যেক কয়েদীর জন্য দৈনিক কত মূল্যের খাবার দেওয়া হয়?

The Minister for Home (Jails):

(ক) মেদিনীপুর কেন্দ্রীয় কারায় মোট ১,৬২২ জন কয়েদীর স্থান সঙ্কুলান আছে এবং উক্ত কারায় বিগত ইং ২৪এ মার্চ, ১৯৬৫ তারিখে আবদ্ধ কয়েদীর সংখ্যা ছিল ১,৬২৯ জন।

(খ) ৮৬৫ জন।

(গ) উক্ত জেলে ২৪এ মার্চ, ১৯৬৫ তারিখের মোট বন্দী সংখ্যার মধ্যে ১,১৮৭ জন।

(ঘ) বিভিন্ন শিল্পে ও শ্রম কার্যে নিযুক্ত সাজাপ্রাপ্ত বন্দীদের তথ্যাদি এতৎসংশ্লিষ্ট নিম্ন তালিকায় দেওয়া হইল।

(ঙ) বন্দীদের কারা সংহিতায় উল্লিখিত তালিকা অনুযায়ী খাদ্যদ্রব্য সরবরাহ করা হয়। তত্র জেলস্থ বাগানে বন্দীদের খাদ্য হিসাবে ব্যবহারের জন্য প্রচুর পরিমাণে সবজি উৎপাদিত হয়। সে কারণে তথা নির্ধারিত মূল্যে (কন্ট্রোল রেট) এবং দর পত্রের মাধ্যমে (বাই টেন্ডার) ও উপযুক্ত মরশুমে (চীপেস্ট সীজন) কাঁচামাল কিনিয়া জেলের ভিতরে খাদ্য প্রস্তুত করিয়া পরিবেশিত হওয়ায় মূল্যের পরিমাপে খাদ্যের অনুমান ঠিক করা যায় না। যাহা হউক, উপরোক্তভাবে তৈয়ারীকৃত খাদ্যের খরচ এই জেলে বন্দী পিছু ৬৬ পয়সা।

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 1128.

Statement showing the distribution of labour of convicted prisoners, confined in the Midnapore Central Jail

		Total
Manufactory Department.		
Tailoring	188	
Weaving	120	
Durrie weaving	35	
Dhobies	15	
Bamboo and cane	38	
Carpentry	3	
Smithy	5	
Pottery	2	
Total	406	406
General Department.		
Leper convicts	58	
Night watchman	60	
Convict overseer	55	
Cooks and other miscellaneous	..	
Services in the kitchen	61	
Sweepers (mathors)	32	
Gardening and agriculture	168	
Water carrying gang	37	
Juvenile	20	
Dairy	1	
Road repairing	14	
Employed to help paid teachers in the jail school	..	
Office attendant	8	
Hospital attendant	26	
Barber	4	
On miscellaneous jail services.		
For cleaning jail premises	3	
Faltooes (Miscellaneous works)	14	
Dhobies (for G.D.)	15	
Drawing water	67	
Lamp cleaners and lighters	10	

		Total.
Gang Book writers	17	
Panchayets	5	
Repairing Prison-kits	3	
Dal grinding	24	706
Total	706	
Sick in hospital	53	
Convict produced before Court	1	
Convicts under observation in jail hospital	8	
Convicts in special gang	13	75
	75	
Grand total		1,187

Junput and Balisai Fisheries, Midnapore

1129. (Admitted question No. 2450.)

শ্রীবলাইলাল দাশ মহাপাত্র: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত কাঁথি থানার জুনপুট ও রামনগর থানার বালিসাই (আলমপুর) মৎস্য উন্নয়ন কেন্দ্রের জন্য কি কি প্রকল্প গ্রহণ করা হইয়াছে;

(খ) প্রকল্পগুলির জন্য ১৯৬২, ১৯৬৪ এবং ১৯৬৪ সালে কি কি বাবত কত টাকা ব্যয় হইয়াছে ; এবং

(গ) উক্ত বৎসরগুলিতে উক্ত মৎস্য উন্নয়ন কেন্দ্র দুইটি হইতে মৎস্য ও অন্যান্য জিনিস বিক্রয় করিয়া সরকার কত টাকা পাইয়াছেন ?

The Minister for Fisheries:

(ক) মেদিনীপুর জেলার জুনপুটের মৎস্য উন্নয়ন কেন্দ্রে (ফিস্ টেকনোলজিক্যাল স্টেশনে) আটটি মৎস্য চাষ এবং একটি শার্কলিভার তৈল উৎপাদন কেন্দ্র আছে। রামনগর থানার অন্তর্গত আলমপুরে চৌদ্দটি মৎস্য-চাষ কেন্দ্র আছে।

(খ)

ব্যয়ের পরিমাণ

আর্থিক বৎসর

	১৯৬২-৬৩ টাকা	১৯৬৩-৬৪ টাকা
জুনপুট মৎস্য-চাষ কেন্দ্র--		
আবর্তিত ব্যয়	১৫,৬১১	৪০,৫০০
অনাবর্তিত ব্যয়	৪১,৩৮৮	২,২৯০
জুনপুট শার্কলিভার তৈল কেন্দ্র--		
আবর্তিত ব্যয়	৭,২৪৫	৭,৭৫৩
অনাবর্তিত ব্যয়	১৫,৪২৭	১৫,২৪৫
আলমপুর মৎস্য-চাষ কেন্দ্র--		
আবর্তিত	৩৫,৫২৭	
অনাবর্তিত ব্যয়	২৪,৭০৮	১,৪০,৫৮৬

(গ)

আয়ের পরিমাণ

আর্থিক বৎসর

				১৯৬২-৬৩	১৯৬৩-৬
				টাকা	টাকা
জুনপুট মৎস্য-চাষ কেন্দ্র	..	..	..	২১,৭৫৯	২২,৮৭৮
জুনপুট শার্কলিভার তৈল কেন্দ্র	..	..	..	৩২,৬৩৮	৩০,৩৪৮
আলমপুর মৎস্য-চাষ কেন্দ্র ..	..	..	..	..	৩,৫৩৪

Jail Garden

1130. (Admitted question No. 2525.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেল বাগান (জেল গার্ডেন) বাবত ১৯৬৩-৬৪ সালে কত ব্যয় হয় ;

(খ) জেল বাগানের ফসল ও ফুল বিক্রয় করা হয় কিনা ;

(গ) বিক্রয় করা হইলে উক্ত বছরে কত টাকা কোন্ জেল হইতে পাওয়া গিয়াছে ; এবং

(ঘ) ফসল ব্যতীত অপরাপর উৎপাদন (প্রোডাক্ট) যা হয় তাহা সাধারণে বিক্রয় করা হয় কিনা ?

The Minister for Home (Jails):

(ক) পশ্চিমবঙ্গের জেল বাগান বাবত ইংরাজী ১৯৬৩-৬৪ সালে টাকা ১৫,৭২৮·৯৮ পয়সা ব্যয় হইয়াছে।

(খ) ও (গ) সাধারণত একমাত্র দার্জিলিং জেলা কারার বাগানে উৎপন্ন ফসল বিক্রয় করা হয়। তবে ১৯৬৩-৬৪ সালে কয়েদীদের খাদ্যের জন্য সরবরাহ করিবার পর উদ্বৃত্ত হওয়ায় নিম্নলিখিত কারাগুলি হইতেও বাগানে উৎপন্ন কিছু পরিমাণ সবজি বিক্রয় করা হইয়াছিল। কারার নাম ও অর্থের পরিমাণ নিম্নে দেওয়া হইল:

কারা ও অর্থের পরিমাণ

১। দার্জিলিং জেলা কারা—টা ১৭৮·০১ পয়সা।

২। সিউড়ী জেলা কারা—টা ৩·৩৭ পয়সা।

৩। বারাসাত উপকারা—টা ১৬।

৪। ঘাটাল উপকারা—টা ৩১৫।

৫। ঝাড়গ্রাম উপকারা—টা ১৫।

(ঘ) হ্যাঁ।

Jail made articles and Jail visitors of Midnapore Jail

1131. (Admitted question No. 2539.)

ধরমপুর	২০০	১২৫
লালগড়	২০০	১২৫
সিজুয়া	১৫০	১২৫
রামগড়	২০০	১২৫
নেপুয়া	২০০	১২৫

New Howrah Bridge

1183. (Admitted question No. 3039.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন হাওড়া পুল নির্মাণে মোট কত টাকা ব্যয় হইবে; এবং

(খ) ইহার নির্মাণ কার্য কবে আরম্ভ আর কবে শেষ হইবে?

The Minister for Development and Planning:

(ক) সেতুর সংযোগকারী রাস্তাসমূহ নির্মাণ এবং প্রয়োজনীয় জমির মূল্য সমেত নূতন সেতু নির্মাণে আনুমানিক ১৬ কোটি টাকা ব্যয় হইবে।

(খ) প্রকল্পটি চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে। ঐ পরিকল্পনা মঞ্জুর হওয়ার পূর্বে কার্য আরম্ভ বা শেষ হওয়ার কথা বলা যায় না।

Co-operative Societies in Midnapore district

1184. (Admitted question No. 3045.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সমবায় প্রতিষ্ঠানগুলির গত পাঁচ বৎসরে মোট কত টাকা লাভ বা লোকসান হইয়াছে; এবং

(খ) গত পাঁচ বৎসরে মেদিনীপুর জেলায় কতগুলি সমবায় সমিতি বন্ধ করিয়া দেওয়া হইয়াছে এবং কতগুলি নূতন সমবায় সমিতি গঠিত হইয়াছে?

The Minister for Co-operation:

(ক) লাভ—৫৭,৩৫,৮১৪ টাকা।
লোকসান—৮,২৪,৬৬২ টাকা।

(খ) ৫৯৯টি সমিতি বন্ধ করিয়া দেওয়া হইয়াছে এবং ১,০৮৫টি নূতন সমিতি গঠিত হইয়াছে।

Irrigation in the Jhargram subdivision, Midnapore

1185. (Admitted question No. 3049.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় ১৯৪৭ সাল পর্যন্ত কত অংশ জমিতে স্থায়ী এবং কত অংশ জমিতে অস্থায়ী সেচের ব্যবস্থা ছিল;

(খ) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত ঝাড়গ্রাম মহকুমায় কত জমিতে স্থায়ী এবং কত জমিতে অস্থায়ী সেচের ব্যবস্থা হইয়াছে এবং ঐ বাবদ কত টাকা খরচ হইয়াছে;

(গ) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে কত জমিতে সেচের পরিকল্পনা করা হইয়াছে;

(ঘ) প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলায় সেচ ব্যবস্থার জন্য কত টাকা বরাদ্দ ছিল, তাহার কত অংশ ঝাড়গ্রাম মহকুমায় খরচ হইয়াছে এবং তাহার পরিমাণ কত; এবং

(ঙ) তৃতীয় পরিকল্পনায় কত টাকা ঝাড়গ্রাম মহকুমায় বরাদ্দ আছে এবং কত অংশ এবং কী পরিমাণ জমিতে স্থায়ী ও অস্থায়ী সেচের ব্যবস্থা হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় ১৯৪৭ সাল পর্যন্ত সেচ বিভাগের অধীনে কোন স্থায়ী এবং অস্থায়ী সেচের ব্যবস্থা করা হয় নাই।

(খ) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত ঝাড়গ্রাম মহকুমায় মোট ৮,০৭৭ একর জমিতে এই বিভাগ কর্তৃক স্থায়ী সেচের ব্যবস্থা করা হইয়াছে এবং এ বাবদ মোট ৯,৮০,৮৭০ টাকা খরচ হইয়াছে। উক্ত মহকুমায় এ সময় পর্যন্ত এই বিভাগ কর্তৃক কোন অস্থায়ী সেচের ব্যবস্থা করা হয় নাই।

(গ) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঝাড়গ্রাম মহকুমায় এই বিভাগ কর্তৃক মোট ৩৮৮ একর জমিতে স্থায়ী সেচের ব্যবস্থা করা হইয়াছে।

(ঘ) প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলার সেচ ব্যবস্থার জন্য ৯,২৭,৬২৭ টাকা বরাদ্দ ছিল। তাহার মধ্যে ৫,২৯,৩৩৪ টাকা ঝাড়গ্রাম মহকুমায় খরচ হইয়াছে।

(ঙ) তৃতীয় পরিকল্পনায় ঝাড়গ্রাম মহকুমায় ১,০৯,৫০০ টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে ৮৬,২১০ টাকা খরচ হইয়াছে এবং ৩৮৮ একর জমিতে এই বিভাগ কর্তৃক স্থায়ী সেচের ব্যবস্থা হইবে।

Powerloom Co-operative Societies in Nadia district

1186. (Admitted question No. 3075.)

Shri Gour Chandra Kundu: Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state the number of Powerloom Co-operative Societies in the district of Nadia and the names of those Co-operative Societies?

The Minister for Co-operation: There are sixteen Powerloom Co-operative Societies in the district of Nadia as named below:

1. Nabadwip Co-operative Weavers and Industrial Society Ltd.
2. Nabadwip Textile Industrial Co-operative Society Ltd.
3. Tarakdas Industrial Co-operative Society Ltd., Birnagar.
4. Falguni Co-operative Industrial Society Ltd., Birnagar.
5. Naliniranjan Co-operative Textile Society Ltd., Pritinagar.
6. Nutangram Industrial Co-operative Society Ltd., Ranaghat-I.
7. Lalit Chandra Silpa Samabay Samity Ltd. (P.O. Hijuli, Ranaghat-I).
8. Nasra Industrial Co-operative Society Ltd. (Ranaghat-I).
9. Modern Industrial Co-operative Society Ltd. (Ranaghat-I).
10. Saktinagar Textile Industrial Co-operative Society Ltd. (P.S. Santipur
11. Srikrishna Co-operative Textile Society Ltd. (police-station Santipur
12. Santipur Industrial Co-operative Society Ltd.
13. Nabadwip Weavers' Co-operative Society Ltd.
14. Rebuilding of West Bengal (Santigarh) Co-operative Multipurpose Society Ltd.
15. The People's Co-operative Industrial Society Ltd.
16. Birnagar Tantubaya Samabay Samity Ltd.

Advisory Committee of Santipur Primary Health Centre

1187. (Admitted question No. 3090.)

শ্রীকানাই পাল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে শান্তিপুর থানা প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্রের জন্য কোন পরামর্শদাতা কমি আছে কিনা;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয়া অনুগ্রহ করিয়া জানাইবেন কি, এ পরামর্শদাতা কমিটি কাহাদের লইয়া গঠিত; এবং

(গ) এই কমিটি গঠিত হওয়ার পর কতগুলি সভা অনুষ্ঠিত হইয়াছে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) এতৎসহ একটি বিবরণী সন্নিবেশ করা হইল।

(গ) তিনটি।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1187

(১) উন্নয়ন অঞ্চল আধিকারিক (ব্লক ডেভেলপমেন্ট অফিসার)--সভাপতি।

(২) স্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসাধিকারিক—সম্পাদক।

(৩) শ্রীপুলক গোস্বামী, প্রধান শিক্ষক, শান্তিপুর মুসলিম হাই স্কুল--সদস্য।

(৪) শ্রীমতী রেখা বাগচী, প্রধান শিক্ষিকা, শান্তিপুর গার্লস হাই স্কুল– সদস্যা।

(৫) ডাঃ ক্ষেত্রমোহন রায়, দত্তপাড়া—সদস্য।

(৬) শ্রীকামিনীকুমার বর্মণ, হরিপুর অঞ্চল—সদস্য।

(৭) শ্রীশচীন্দ্রনাথ ঘোষ, প্রধান, বাবলা অঞ্চল—সদস্য।

(৮) শ্রীমাণিকচন্দ্র বিশ্বাস, প্রধান, বেলঘরিয়া অঞ্চল—সদস্য।

Culvert construction over Panipia Khal under Contai Basin Scheme

1188. (Admitted question No. 3094.)

শ্রীসুধীরচন্দ্র দাশঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কাঁথি বেসিন পরিকল্পনায় যে পানিপিয়া খাল খনন কার্য চলিতেছে, সেই খালের কোন্ কোন্ স্থানে নতুন পুল করিবার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

কাঁথি বেসিন পরিকল্পনার অন্তর্গত পানিপিয়াখালের উপর নিম্নলিখিত স্থানে নতুন পুল নির্মাণ করার প্রস্তাব আছেঃ

স্থানের নাম ও পুলের বিবরণ

(১) পুরুষোত্তমপুর পুরিনামবাড়—ফুটব্রীজ।

(২) বক্সিপুর—ফুটব্রীজ।

(৩) বলিয়ারপুর—ফুটব্রীজ।

(৪) দক্ষিণ ফতেপুর—ফুটব্রীজ।

(৫) জগন্নাথপুর—ফুটব্রীজ।

(৬) পানিপিয়া—কাট ব্রীজ।

Incidence of Small-pox at village Barabelun under Bhatar police-station, Burdwan

1189. (Admitted question No. 3105.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার ভাতাড় থানার বড়বেলুন গ্রামে বসন্তরোগ শু হইয়াছে;

(খ) ইহা সত্য হইলে, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৫ সালের ১লা হইতে ১৬ই মার্চ পর্যন্ত কতজন আক্রান্ত হইয়াছে ও কতজ মারা গিয়াছে; এবং

(২) সরকার এই রোগ প্রতিরোধের জন্য ঐ অঞ্চলে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Health:

(ক) উক্ত গ্রামে বর্তমান বৎসরে বসন্তরোগ (স্মল পক্স) হওয়ার কোন সংবাদ নাই।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) গত বৎসর উক্ত গ্রামে প্রায় অধিকাংশ অধিবাসীকে বসন্ত (স্মল পক্স) নিরোধক টি দেওয়া হইয়াছিল। বর্তমান বৎসরে জাতীয় বসন্ত উচ্ছেদ পরিকল্পনার কর্মিদল তাহাদের নির্দি পরিকল্পনা অনুযায়ী উক্ত অঞ্চলে কাজ আরম্ভ করিয়াছেন।

Outbreak of Small-pox in Howrah Municipality area

1190. (Admitted question No. 3106.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া পৌর এলাকায় বসন্তরোগ ব্যাপকভাবে শুরু হইয়াছে;

(খ) সত্য হইলে, মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) ১৯৬৫ সালের ১৬ই ফেব্রুয়ারী হইতে ১৬ই মার্চ পর্যন্ত এই রোগে আক্রান্তের সংখ ও মৃতের সংখ্যা কত; এবং

(২) রোগ প্রতিরোধের জন্য সরকার হইতে ঐ এলাকায় কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Health:

(ক) হাওড়া পৌর এলাকার কয়েকটি অঞ্চলে বসন্তরোগ দেখা দিয়াছে।

(খ) (১) ঐ সময়ে আক্রান্ত ও মৃতের সংখ্যা যথাক্রমে ১২২ ও ৮৪।

(২) প্রচলিত কানুন অনুসারে পৌর এলাকায় সংক্রামক রোগের তথ্য সরবরাহ ও তাহ নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য নিজ নিজ কর্তৃপক্ষই দায়ী। হাওড়া পৌর এলাকায় পৌর স্বাস্থ্য সংস্থ পরিপূরক ও সহায়ক হিসাবে রাজ্যসরকারের কিছু কিছু স্বাস্থ্য কর্মী নিযুক্ত আছেন। হাও পৌর এলাকায় বসন্তরোগের খবর জানুয়ারী মাসের মাঝামাঝি স্বাস্থ্য দপ্তরে জানা যায়। তখ পৌর স্বাস্থ্যাধিকারিককে নিয়ন্ত্রণ ব্যবস্থা অবলম্বন করিতে অনুরোধ করা হয়। ফেব্রুয়া

মাসের মাঝামাঝি অবস্থার উন্নতি না হওয়ায় স্বাস্থ্যকৃত্যক অধিকর্তা এ বিষয়ে পৌর স্বাস্থ্যাধিকারিক ও গভর্নমেন্টের বিশেষজ্ঞদের সহিত এ বিষয়ে আলোচনা করেন, ফলে পৌর কর্তৃপক্ষ ২৫ জন অতিরিক্ত টিকাদার নিয়োগ করেন এবং স্বাস্থ্যকৃত্যক হইতে ৩০ জন টিকাদার প্রেরণ করা হয়।

ব্যাপকভাবে টিকা দেওয়া চলিতে থাকে এবং ১৪-২-৬৫ হইতে ১৩-৩-৬৫ মধ্যে মোট ৪.০১৯ জনকে প্রাথমিক ও ৭৪,২৫৮ জনকে পুনঃ টিকা দেওয়া হয়। পৌর এলাকায় পুরাতন ৪, ৫ ও ৭ নং ওয়ার্ডে অবস্থা আয়ত্তে আসিবার কোন লক্ষণ না দেখায় স্বাস্থ্যকৃত্যক অধিকর্তা এবং অন্যান্য স্বাস্থ্য কর্মিগণ, জেলার প্রশাসনিক কর্তৃপক্ষ ও পৌর কর্তৃপক্ষের সহিত পরামর্শ করিয়া কর্মরত কর্মচারীদের সাহায্যার্থে মহামারী নিয়ন্ত্রণের ভার সরকারী স্বাস্থ্যকৃত্যকের আওতায় সাময়িকভাবে গ্রহণ করেন। পৌর কর্তৃপক্ষের ২৫ জন টিকাদার ও ১ জন পরিদর্শক, গভর্নমেন্টের ৪৫ জন টিকাদার ও ২ জন পরিদর্শক এবং স্বাস্থ্যকৃত্যকের ৪টি ভ্রাম্যমাণ চিকিৎসা সংস্থা, ৮ জন স্বাস্থ্য পরিদর্শক একযোগে ৪ জন মহামারী বিশারদ ও একজন সহস্বাস্থ্য অধিকর্তার প্রত্যক্ষ তত্ত্বাবধানে কাজ করিতে থাকেন। জেলা-শাসকের মাধ্যমে মহল্লা কমিটি গঠন করা হয় এবং পৌর কমিশনারগণ সক্রিয় সাহায্য শুরু করেন। শীঘ্রই মহামারীগ্রস্ত এলাকায় প্রায় ৫০ হাজার বস্তি অধিবাসীর মধ্যে কমবেশী ৪৫ হাজার টিকা দেওয়া হয়। পরে ১নং ওয়ার্ডে রোগটি ছড়াইয়া পড়ায় এই অঞ্চলেও প্রায় ১২৫টি টিকাদার, ১২ জন স্বাস্থ্য পরিদর্শক ও দুইজন মহামারী বিশেষজ্ঞ প্রেরণ করা হইয়াছে এবং এই অঞ্চলেও পৌর কর্তৃপক্ষের সহযোগিতায় ব্যাপকভাবে টিকা দেওয়ার কাজ চলিতেছে।

অবস্থা ক্রমশ আয়ত্তে আসিতেছে, নথিতে সংবাদ তথ্য হইতে ইহা বুঝা যাইবে গত ২ সপ্তাহ অর্থাৎ ১০-৪-৬৫ তারিখে যে সপ্তাহ শেষ হইয়াছে সেই এবং পরবর্তী সপ্তাহে পূর্বেকার সপ্তাহগুলির অপেক্ষা আক্রমণ ও মৃত্যু অনেক কমিয়াছে। ইহা ব্যাপক টিকা দেওয়ার ফলে শীঘ্রই নির্মূল হইবে আশা করা যায়।

[2—2-10 p.m.]

Calling Attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject of distress due to a cyclone over Rajnagar of Kaliachak P.S., district Malda, called attention by Shri Asadulla Chowdhury.

Shrimati Abha Maiti: Sir, the statement will be made to-morrow.

Secretary (Shri P. Roy): There are nine notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Bus strike on 22nd and 23rd April, 1965 at North Calcutta—by Shri Ananga Mohan Das.

(2) Present high price of rice in West Bengal—by Shri Birendra Narayan Ray and three others.

(3) Police firing on the refugees in Mana Camp—by Shri Nikhil Das.

(4) Higher price and scarcity of rice in Lalbagh market in Murshidabad district—by Shri Sanat Kumar Raha.

(5) Resinking of tubewells for supply of drinking water—by Shri Sanat Kumar Raha.

(6) Discontinuance of supply of drinking water at Midday in Burdwan Municipal area—by Shri Aswini Roy.

(7) Repairing of derelict tubewells in Nadia district—by Shri Kashi Kanta Maitra.

(8) Fall in the cost of living index—by Shri Rabindra Nath Mukhopadhyay.

(9) Escape of an Indian border policeman with arms and ammunitions to Pakistan—by Shri Amarendra Nath Roy Prodhan.

Mr. Deputy Speaker: I select the notice of Shri Birendra Narayan Ray and others on the subject of present high price of rice in West Bengal. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Smarajit Bandyopadhyay: Mr. Deputy Speaker, Sir, the Aman harvest of 1964 and 1965, was much above the average and so the availability of rice in the market was above the normal. In January, February and March, ordinarily the cultivators sell paddy in the markets and the availability of paddy in the first three months of the year 1965 was much more than during the corresponding period of 1964. A section of unsocial traders and big jotedars want to take advantage of the general inflationary pressure consequent on the mounting development and defence expenditure and want to exploit the situation by withholding and cornering all stocks. To overcome such unsatisfactory state of affairs, Government took the decision to introduce statutory rationing in the Calcutta industrial area and modified rationing in the districts. Big employers of labour were also encouraged to purchase available stocks in the market for use during the lean season.

I now recapitulate our actions during the first four months of the year. According to the plan the entire Calcutta industrial area containing about 65 lakhs of people has been put on statutory rationing with a scale of 1.2 Kg. of wheat and wheat products and 1.2 Kg. of rice which comes to over 12 ozs. of cereal per adult per day. Heavy manual workers are given an extra ration of 600 grammes of wheat per week. A specific application for inclusion as a heavy manual worker is necessary before a card can be suitably marked indicating that there is a heavy manual worker in the card.

Rationing started on 5th January, 1966 and the rationed population is about 79 lakhs of people. If 2 per cent. of the population are taken to be children under 8 years, the adult population will be of the order of 71 lakhs indicating thereby that there are about 12 lakhs of ghost units in the ration card population. The department is taking all possible steps to eliminate the ghost ration cards.

To feed Calcutta Rationing procurement was undertaken by way of levy of 50 per cent. production of rice mills. Government estimated to procure 4 lakh tons of rice by way of levy. Up to 3rd May, 1965, 2 lakhs 24 thousand and forty-two tons in terms of rice (Aman rice, Aus rice and paddy in terms of rice) have already been procured. Soon after the harvest the price of paddy showed a positive downward tendency. This was specially noticed in West Dinajpore district and the Government had to step into purchase rice through the price support policy. Purchase was made at one rupee per quintal less than the maximum controlled rate.

About 13,500 tons of paddy was procured by this policy. The major portion of the procured stock has been moved to Calcutta for issue through ration shops. We have now adequate stocks to keep Calcutta ration going. We are keeping the Bengal common rice in the districts for local consumption as far as possible.

Plans are ready to put the rest of the State on Modified Rationing as and when necessary. Population has been classified under three categories, A, B and C, A class people being the poorest and C class people the richest. Under this Modified Rationing, a person is entitled to get 1 Kg. of rice and 1 Kg. of wheat. Due to withholding of stocks by big producers and traders, the prices in certain pockets in the districts went up earlier than expected and we started issuing stocks through M.R. The following approximate quantities of rice and wheat were issued to different districts of West Bengal under Modified Rationing in the four months of the year:—

		Figures in M.T.	
		Rice	Wheat
January	...	2,600	5,600
February	...	3,000	7,400
March	...	4,100	6,000
April	...	5,000	4,500

The overall shortage in cereal in West Bengal is proposed to be met by Government of India by 3.5 lakh tons of rice and 10 lakh tons of wheat. Two-thirds of this rice were originally proposed by Governemnt of India to be supplied in the shape of coarse variety at a cheap rate and the balance in finer grade at economic prices. Government of India, however, is not able to keep up the promise and therefore we have received about one lakh tons of rice, the majority of which is of finer variety. As regards wheat, there is a slight shortfall primarily due to the strike in the ports of the United States of America. The strike has been withdrawn and the position of supply of wheat is gradually showing signs of improvement.

The shortfall in the supply of wheat by the Government of India compelled the State Government to reduce despatch of wheat to the districts for issue through M.R. Absence of wheat in the market naturally put a pressure on the rice market, but owing to the easy position prevailing in the rice market immediately after the harvest, such pressure was not felt

in January, February or March. We could despatch over 7,900 Metric Ton of whole wheat and wheat products from flour mills in Calcutta in April anc from May onwards 10,000 tons of whole wheat will be despatched to th districts per month besides wheat products from flour mills.

There are continued attempts by the trade to push up the price of rice in deficit pockets of the districts and Government's policy is to nullify sucl attempts by supplying rice not only through Modified Rationing, but als through controlled trade channel from surplus to deficit districts. Distric Magistrates of surplus districts are authorised to send levy-free rice fron rice mills to deficit districts and already about two lakh tons of milled ric have thus been sent to deficit districts for consumption either by the ordinar public or for stock-piling by big employers of labour. The District Magis trates are to give the highest priority to the maintenance of Price Contro Order. Government of India have undertaken to supply rice direct to dis tricts for Modified Rationing, but as the rate of despatch was not accordin to our expectation, Government of West Bengal despatched a considerabl quantity of common rice to the districts. All the districts have now sufficien stocks to keep M.R. going which will undoubtedly have a sobering effec on the general market position. The number of persons benefited by M.R in April, 1965 is about five times that of April, 1964, while allotment in M.R. was made at a much wider scale this year. Sudden spurt in the pric of rice has been recently noticed in the subdivisions of Islampur, Dinhata Mathabhanga, Toofanganj, Alipur Duar, Nadia Sadar, Howrah Sadar, Bon gaon, Murshidabad Sadar and Jangipur. In every case adequate supplie have reached districts and District officers have been authorised to issue ric through M.R.

[2-10—2-20 p.m.]

As regards mustard oil, Government is following the policy of graduall decreasing the statutory price following the harvest of mustard seeds in Northern India. Government is keeping close liaison with Uttar Pradesh anc other State Governments regarding the prevailing price of seeds. The presen controlled price is Rs. 2.95 per Kg. (exclusive of the cost of container) retai for non-Ag mark mustard oil, and mustard oil is available in the market a this price. The price of Ag mark mustard oil is Rs. 3.10 per Kg. (exclusiv of the cost of container).

As regards sugar, our State quota was fixed at 21,000 tons in 1963. In April, 1964 this was reduced to 19,950 tons but from November, 1964 this wa restored to 21,000 tons. The quota is considered to be inadequate and Gov ernment of India has been moved to increase the quota by 2,500 tons. Move ment from the factories to districts is generally smooth, but occasiona defence priority gives rise to difficulties of movement specially to area falling east of Siliguri.

As regards coke, there were some difficulties in some North Bengal dis tricts due to frequent railway restrictions for operational reasons. Arrange ments were made to move soft coke to North Bengal districts whicl considerably eased the position. Stockists in North Bengal are now bein directed to arrange stock-piling to solve sporadic difficulties created by occasional restrictions of rail movements. Special arrangements have beer made to move 300 wagons within the next two weeks for stock-piling.

While I share the concern of the honourable members about rise in prices of rice in some of the districts, I can assure the House that there is no cause for panic. I also take this opportunity of sounding a note of warning to those unsocial elements in trade who are responsible for this rise in prices.

Shri Nani Bhattacharjee:

শ্রীননী ভট্টাচার্য: আমার একটা কথা এখানে বলার আছে—আমার কতকগুলি জানার আছে সেটা হচ্ছে এই যে যতটুকু শুনলাম তাতে বোঝা গেল; ব্যাপারটা হচ্ছে ও'রা এর আগে বললেন গতবার বামপার রুপ হয়েছে।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: ফুড ডিবেটের জন্য দিন ঠিক হয়েছে—আপনি কাল ছিলেন না।

শ্রীননী ভট্টাচার্য: এটা কি ডিবেটের জন্য আপনি দিলেন? আমাদের মধ্যে সার্কুলেট হবে।

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: হ্যাঁ।

মিঃ ডেপুটি স্পীকার: ইট উইল বি সার্কুলেটেড।

শ্রীকমলকান্তি গুহ: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি—এই বইটি সম্পর্কে। এটা হচ্ছে এসেনসিয়াল অব ইংলিশ—যখন সেসন সুরু হোল তখন দিনহাটা শনিদেবী জৈন হাই স্কুলের একটা লিস্ট বেরুলো তাতে দেখা যাচ্ছে যে এসেনসিয়াল অফ ইংলিশ এই প্রতাপ চন্দ্র সাহা শনিদেবী হাই স্কুলের হেড মাস্টার, তার নিজের বইয়ের দোকান আছে—সেখান থেকে বইটা বিক্রি হোল এবং বইটার মধ্যে দেখা গেল প্রতাপ চন্দ্র সাহা, এম এ কিন্তু যখন লিস্ট বেরুলো তখন দেখা গেল এম এ লেখা নেই বি এ বি-টি লেখা আছে। আমরা পাবলিসারের কাছে লিখলাম কিন্তু সেখান থেকে রেজিস্টার্ড চিঠি ফেরত এলো নট নোন বলে। উনি হলেন দিনহাটা মন্ডল কংগ্রেসের প্রেসিডেন্ট। আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে টিচাররা বই লিখে বহু টাকা কামায়, এই সব টিচারদের লক্ষ্য করে নিশ্চয় মুখ্যমন্ত্রী বলেছিলেন এবং তিনি এটাও বলেছিলেন যে টিচারদের সম্বন্ধে বা শিক্ষার ব্যাপারে যে দুর্নীতি আছে তার জন্য তিনি একটা কমিশন বসাবেন—তা তিনি বসালেন না। এখন বুঝতে পারছি যে ঐ শ্রীপ্রতাপ চন্দ্র সাহা মন্ডল কংগ্রেসের প্রেসিডেন্টের কথা স্মরণ করে তিনি কমিশন বসালেন না। সুতরাং শিক্ষা জগতের দুর্নীতির দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা তারই স্কুলে আবার চলছে। এই রকম জালিয়াতির ব্যাপারে মন্ত্রিমহাশয় কোন ব্যবস্থা করবেন কি না সেটা জানতে চাচ্ছি। অনুরোধ করছি যে আপনারা যদি কোন ব্যবস্থা না করেন তাহলে আপনারা যে এইসব দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছেন দেশের লোক সেটাই মনে করবে।

Scarcity of food in Jalpaiguri and other border areas

Shri A. H. Besterwitch: Sir, I just want to draw the attention of all those Hon'ble gentlemen who are sitting on the Treasury benches. Just now the Hon'ble Minister has made a statement regarding food. Sir, I challenge the statement because in Jalpaiguri district, Khagen Babu is well aware.

Mr. Deputy Speaker: You will get a chance to discuss about food later on.

Shri A. H. Besterwitch: Sir, there is no food in Jalpaiguri district—the whole district is suffering from scarcity of food. In Alipurduar subdivision, the Government say, they have got huge stock-piles of food, but there the Deputy Commissioner is sitting idle. Sir, last time, on the 10th of April, the Chief Minister said that he was rushing food there, as stated by him, he sent 1,000 tons of rice for Cooch Behar, Jalpaiguri and Darjeeling districts! The Government say that the price has come down! But today in Alipurduar subdivision the price is Re. 1.25 p. per kilo. and still they say the price has come down. In the stock-pile there is no rice. If the Government is not going to take action by rushing food to the Jalpaiguri district and to the border areas, I am really at a loss to know how the people in the border areas

will avoid starvation. but the Government is absolutely callous about it. So, I would request the Hon'ble Minister to come to a decision regarding rushing food to the border areas immediately and thus save the people there.

Reduction in dearness allowance of labour

Shri Monoranjan Roy:

ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার মারফত মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ করে শ্রম মন্ত্রিমহাশয়ের। গত জানুয়ারী, ফেব্রুয়ারী এবং মার্চ—এই তিন মাসে দেখলাম যে শ্রমিকদের জীবন ধারণের ব্যয়ের সূচী এতো কমে গেলো যে তাদের মহার্ঘ ভাতা থেকে ৫·২০ ন প করে এপ্রিল মাস থেকে কাটা সুরু হয়ে গেল। এটা শুধু ইঞ্জিনীয়ারিং কারখানায় যারা কাজ করেন সেই সব শ্রমিকদেরই নয়, সুতাকলে যারা কাজ করে তাদেরও গত তিন মাসে ব্যয়ের সূচী কম দেখিয়ে মহার্ঘ ভাতা কাটা যাচ্ছে। এটা অত্যন্ত গুরুতর পরিস্থিতির সৃষ্টি করেছে। আমরা বার বার এই হাউসে এবং শ্রম মন্ত্রীর কাছে আই এন টি ইউ সি, এইচ এম এস, ইউ টি ইউ সি, এ আই টি ইউ সি একত্রিত হয়ে আবেদন জানিয়েছিলাম যে এই যে ব্যয়সূচী দেখানো হয় তার মধ্যে কারচুপি আছে এবং কিভাবে কারচুপি করা হয় সেটাও আমরা বার বার দেখিয়েছি এবং আমরা আবেদন করেছিলাম যুক্তভাবে যে আপনি একটা তদন্ত কমিটি গঠন করুন—যেমন অন্যান্য রাজ্যে করা হয়েছে—সম্প্রতি রাজস্থানে করা হয়েছে, ইন্দোরে করা হয়েছে, মধ্য ভারতে করা হয়েছে এবং আমাদের এখানে নাকি কিছুতে করা যাবে না যেহেতু দিল্লী সরকার করবেন না—দিল্লী সরকারকে চাপ দেওয়া প্রয়োজন।

আজকে আমি সমস্ত দায়িত্ব নিয়ে বলছি এবং শ্রম মন্ত্রী হয়তো একটু অবাক হবেন যে সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংগঠনগুলি মিলে শ্রমিকদের এই বিক্ষোভের যে একটা প্রকাশ হবে তাতে নেতৃত্ব দেবেন যদি কোন ব্যবস্থা গৃহীত না হয়। কারণ যখন আমরা আলোচনা করবো যে জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে খাদ্য পাওয়া যাচ্ছে না দুর্মূল্যতা দিনের পর দিন বাড়ছে ঠিক সেই সময় শ্রমিকদের মহার্ঘ্য ভাতা কাটা যাবে এই অজুহাত ও জুয়াচুরি দেখিয়ে যে তাদের নাকি ব্যয় সূচী কমে গেছে এটা কি করে হয়? আর একবার আমরা তুলেছিলাম চটকল শ্রমিকদের বেলায়—যে সময় জিনিসের দাম তিন চারগুণ বেড়ে গেল ঠিক সেই সময় চটকল শ্রমিকদের মহার্ঘ্য ভাতা কেটে দেওয়া হোল—তাদের নাকি ব্যয় সূচী কমে গেছে এই দেখিয়ে। সেই জন্য আমি আবেদন করছি যদি এক্সপার্ট কমিটি না বসানো হয় এই ব্যয়সূচী সম্বন্ধে তদন্ত করবার জন্য তাহলে অত্যন্ত গুরুতর পরিস্থিতির সৃষ্টি হবে এবং সেই সময় যেন কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলিকে দোষারোপ করবেন না। কারণ ইঞ্জিনীয়ারিং কারখানা বা সুতা কলের শ্রমিকরা কখনও এ জিনিস মাথা পেতে নেবে না এ কথা আমি বলে দিচ্ছি। এর ভেতর জুয়াচুরি কারচুপি করা হয়, সমস্ত খাদ্য দ্রব্যের দাম কমিয়ে দেখানো হয়—ডাঁটা শকের দাম কমেছে বলে সব জিনিসের দাম কমেছে এটা তারা কখনও সহ্য করবে না। কাজেই শ্রম মন্ত্রী বলুন তদন্ত কমিটি কেন হবে না— কেন দিল্লীর সরকারের উপর চাপ দেওয়া যাবে না এই তদন্ত কমিটি করার জন্য। অন্যান্য রাজ্যে হোল বাংলাদেশে কেন হবেনা—এখানে সবচেয়ে কম বেতন এবং এখানে মহার্ঘ্য ভাতা কাটা হবে—এই জিনিস বেশী দিন শ্রমিকরা সহ্য করবে না যতই আপনারা জরুরী অবস্থার দোহাই দিন—এই কথা বলে আমি শেষ করছি।

[2-20—2-30 p.m.]

Firing in Mana Camp

Shri Nikhil Das:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, মানা ক্যাম্পে যে ফায়ারিং হয়েছে সেই ফায়ারিংএ যে অভাগা উদ্বাস্তুরা মারা গেছে তাদের সম্পর্কে একটা কলিং অ্যাটেনসন দিয়েছিলাম। আপনি ডিস-অ্যালাও করেছেন। আমি পুনর্বাসন মন্ত্রীর কাছে বলতে চাই যে পুলিশ গুলি করেছে; ফলে

অবস্থা হচ্ছে এই যে দণ্ডকারণ্য থেকে হাজার হাজার উদ্বাস্তু পশ্চিম বাংলায় ফিরে আসছে। এই যে ভয়ানক পরিস্থিতির সৃষ্টি হয়েছে এতে সন্দেহ হচ্ছে দণ্ডকারণ্যে অ্যাডমিনিস্ট্রেসনের ভেতর যারা আছে তাদের নিশ্চয়ই কোন গলদ আছে যার ফলে উদ্বাস্তুতা সেখানে থাকতে পারছে না এবং তাদের উপর গুলি চালান হচ্ছে। সেখানে যে সমস্ত উদ্বাস্তুরা গেছে তাদের সাথে আমাদের সম্পর্ক রয়েছে, তাদের সম্পর্কে কোন ঘটনা ঘটলে আমরা উদ্বিগ্ন হয়ে উঠি। তাই আপনার মাধ্যমে পুনর্বাসন মন্ত্রীকে অনুরোধ করব কেন হাজার হাজার উদ্বাস্তু চলে আসছে, ওখানকার অবস্থা কি, কেন গুলি করে উদ্বাস্তুদের মারা হল, সে সম্পর্কে তিনি যদি আমাদের কিছু জানান তাহলে দেশের লোক অনেকটা নিশ্চিন্ত হবে। কেননা খবরের কাগজে বেরুচ্ছে আজকে হাজার হাজার উদ্বাস্তু চলে এল, কালকে এত চলে এল, গুলিতে এত লোক মারা গেল, এ সম্পর্কে মানুষের মন উদ্বিগ্ন আছে। এ সম্পর্কে তাই তিনি যদি আলোকপাত করেন তাহলে খুশী হব।

Shrimati Abha Maiti:

আমি মানা ক্যাম্পে ফায়ারিং সম্পর্কে ভারত সরকারের কাছে খবর জানতে চেয়েছি যে কি ঘটনা ঘটেছে ওখানে। তাঁরা আমাকে জানালে আমি জানাব।

Relief in Murshidabad district

Shri Deb Saran Ghosh:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানায় গত ২৪-৪-৬৫ তারিখে ঝিকরা গ্রামে, ২৮-৪-৬৫ তারিখে আর ৩০-৪-৬৫ তারিখে কাশীপুরে এবং ২-৫-৬৫ তারিখে শক্তিপুরে অগ্নিকাণ্ডে বহু পরিবারের বহু গৃহ এবং সম্পত্তি নষ্ট হয়ে গেছে। সেখানে আজ পর্যন্ত যথেষ্ট পরিমাণে রিলিফ গিয়ে পৌঁছায় নি। জেলা কর্তৃপক্ষের তরফ থেকে কিছু টাকা এবং কাপড় দেওয়া হয়েছে মাত্র। কালবৈশাখী এসে গেছে, বৃষ্টি হবার যথেষ্ট সম্ভাবনা দেখা যাচ্ছে। আজ পর্যন্ত সেখানে টেন্টের কোন ব্যবস্থা হয়নি। আমরা খোঁজ নিয়ে জানতে পারলাম যে জেলায় টেন্টের কোন ব্যবস্থা নেই। সেজন্য আমি ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই অবস্থায় সেখানে অবিলম্বে যেন কিছু টেন্ট পাঠাবার ব্যবস্থা করা হয়।

Water-supply in Burdwan

Shri Aswini Roy:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে পাবলিক হেল্থ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে বর্ধমান পৌর এলাকায় জল সরবরাহের যে ব্যবস্থা সেটা হচ্ছে সকাল ৬টা থেকে ১০টা পর্যন্ত, ১১টা থেকে ১২টা পর্যন্ত এবং বিকাল বেলায় ৫টার পর। বর্তমানে ওখানকার যিনি পৌর শাসক আছেন তিনি ১লা মে থেকে বেলা ১১টা থেকে ১২টা এই জলটা বন্ধ করে দিয়েছেন। আপনি জানেন বর্ধমান শহরে বহু লোক আছে যাদের স্নানের দরকার হয়, যারা কাজকর্ম করে বিশেষ করে যারা মজুর তাদের জন্য ১১টা থেকে ১২টা এই সময়ে যে জল সরবরাহ সেটা বিশেষ প্রয়োজন। সেজন্য মাননীয় মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন পৌর শাসকের কাছে এই বক্তব্য রাখেন ১১টা থেকে ১২টা যেটা বন্ধ করে দিয়েছেন সেটা যেন সত্বর রিজিউম করা হয়।

Shrimati Purabi Mukhopadhyay:

আমি খোঁজ নিয়ে জানাব।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, মুস্কিল হচ্ছে আপনার কাছে লিখিত একটা কলিং অ্যাটেনসান দিয়েছিলাম। আমি পাঁচবার তড়াক তড়াক করে লাফিয়ে উঠিনি বলে আমার দিকে আপনি তাকাচ্ছেন না। আমার দুটি ব্যাপার—তার মধ্যে একটি মনোরঞ্জন রায় মহাশয় বলেছিলেন। আপনি বাংলাদেশে বাস করেন তো? ৫·২০ নঃ পঃ মাগ্‌গীভাতা কাটা হয়েছে। আমরা বুঝতে পারছি না—কেন ৫·২০ নঃ পঃ কমলো। এই সম্পর্কে আমি শ্রম মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই—কী ব্যাপার বলুন। এমপ্লয়াররা ও'র কাছে রিপ্রেজেণ্টেসান দিয়েছেন। বাংলা-দেশের শ্রমিকরা এই ডিয়ারনেস কাটা বরদাস্ত করতে রাজী নয়।

Shri Bijoy Singh Nahar:

একথা সম্পূর্ণ অসত্য।

Shri Rabindra Nath Mukhopadhyay:

যেখানে ১৪২ টাকা ডিয়ারনেস অ্যালাউন্স বোম্বেতে, সেখানে আমাদের এখানে ৮০।৮২ টাকা ছিল। সেখান থেকে যদি ৫ টাকা পড়ে যায়, তাহলে তিনি কী করবেন? বিজয়বাবু কি কিছু বলবেন এই সম্পর্কে? এরা মিনিমাম পাচ্ছে বলে আমি বরাবর অভিযোগ করেছি; বিজয়বাবু যে পার্টীর ইউনিয়নে আছেন, তাদেরও সেই অভিযোগ। এখানে একটি ফ্রডুলেন্ট ব্যাপার কিছু নয়। এক্সপার্ট কমিটিতে বিভিন্ন জায়গায় পাস হয়েছে যেটা, এখানে সেটা তিনি করতে অপত্তি করছেন কেন? এই কলিং অ্যাটেনসানএর উত্তরে যদি তিনি কিছু বলেন তো বুঝতে পারি।

Mr. Deputy Speaker:

আপনি কলিং অ্যাটেনসান দেবেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমার লিখিত কলিং অ্যাটেনসান তো দেওয়া আছে আপনার দপ্তরে, মন্ত্রিমহাশয় সেটা জানেন না?

Mr. Deputy Speaker:

আপনি কালকে আবার দেবেন, আমি অ্যালাও করবো।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমি দৃষ্টি আকর্ষণ করছি কলকাতার কয়টি অঞ্চলে কয়লা পাওয়া যাচ্ছে না, কেরোসিন তেলও পাওয়া যাচ্ছে না।

Mr. Deputy Speaker:

ফুড ডিবেট-এর সময় বলবেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

কয়লা ও কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না। শোনা যাচ্ছে কয়লার দোকানের মালিক বলছে যে বন্ধ লেগেছে, সব লরী কয়লা বহনের কাজ ছেড়ে দিয়ে ওখানে চলে যাচ্ছে ট্রেঞ্চিংএর ব্যাপারে। তাই কয়লা পাওয়া যাচ্ছে না। সাউথ বেহালায় কয়লা নাই, কেরোসিন নাই—কয়েকদিন যাবত। এই সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Somnath Lahiri:

হাউসের বিজিনেস সম্বন্ধে একটি জিজ্ঞাস্য আছে। আজকে জানান হলো ফুড সম্বন্ধে একটি ডিবেট হবে—সম্ভবতঃ সোমবারে। কিন্তু অন্য যেটা কালকে তুলেছিলাম পাকিস্তান সীমান্ত ব্যাপারে যে গোলমান করছে, সেই সম্বন্ধে—পার্লিয়ামেন্টারী অ্যাফেয়ার্সএর মিনিস্টার বলেছেন ওর সঙ্গে আমাদের কোন সম্বন্ধ নাই। সুতরাং আমাদের তা নিয়ে চিন্তা করবারও দরকার নাই। তারপর কাগজে দেখলাম সেণ্ট্রাল ডিফেন্স মিনিস্টার চাবন বলছেন পাকিস্তান তো সীমান্তে ইস্টার্ন ফন্টিয়ার মবিলাইজ করছে, সঙ্গীন অবস্থা ফ্রন্টিয়ারএ। আমাদের এখানে যদি

পাকিস্তানী মবিলাইজেসান হয়, তার পরেও যদি পশ্চিমবঙ্গ বিধানসভায় বক্তব্য পেশ করবার বা আলোচনার কোন প্রয়োজন না হয়, তাহলে কী অবস্থা দাঁড়াবে আমি জানি না। আমি সরকারকে অনুরোধ করবো পরিস্থিতি বিবেচনা করে যাতে এ সম্বন্ধে একটা আলোচনা বিধান সভায় আমরা করতে পারি তার জন্য একটি ব্যবস্থা করুন।

Shri Jagannath Kolay:

মুশকিল হচ্ছে কালকে সোমনাথবাবু ছিলেন না। আমাদের মত বলার পর ডেপুটি স্পীকার বলেছিলেন যে চীফ মিনিস্টার ফিরে এলে জিজ্ঞাসা করা হবে, তিনি এলে বিবেচনা করে দেখা হবে। তিনি যদি বলেন তো হবে।

[2-30—2-40 p.m.]

Condition of Division III prisoners in Cooch Behar Jail

Shri Jiban Krishna Dey:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বলবার জন্য আপনার কাছে পারমিসন চেয়েছিলাম। বিষয়টি হচ্ছে এই গতকাল আমি কুচবিহার থেকে এসেছি। কুচবিহারের যিনি সুপারিন্টেন্ডেন্ট এবং সি এম ও তাদের সাথে আমি দেখা করেছি। ব্যাপারটি হচ্ছে এই যে ৮ মাস আগে ২৫শে সেপ্টেম্বর ভারত বন্ধ আন্দোলন হয়। তাতে ওখান থেকে ৪৯ জন কমিউনিস্ট পার্টির সদস্যদের গ্রেপ্তার করা হয়। মামলা চলছে। এরা কেউ জেলখানায় ডিভিসন পায় নি। ডিভিসন ৩ প্রিজনার হিসাবে তারা অনেক দিন রয়ে গেছে। যদিও তারা গণতান্ত্রিক আন্দোলন, খাদ্য আন্দোলনে বন্দী। এই অবস্থায় আমি মাননীয় কারা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আপনার মাধ্যমে আমি আবার তাঁকে বলছি যে সে কেসের অন্যতম যারা আসামী তাদের সম্বন্ধে একবার খোঁজ-খবর করে দেখুন। গতকাল আমি শুনে এলাম কে পি দাসের আগে ডায়াবিটিস ছিল। এখন অত্যন্ত অ্যালার্মিং কন্ডিশনে হঠাৎ ধরা পড়েছে। তার টিউবারকুলসিস অত্যন্ত অদ্ভুতভাবে বেড়ে গেছে। তাকে টি বি হাসপাতালে সরিয়েছেন। ডাক্তারদের সকলের ধারণা তাকে মরে যেতে হবে, যদি কিনা সে সেখানে পড়ে থাকে। এখন আমার বক্তব্য হচ্ছে এই যে জেলখানায় থাকার ফলে ডিভিসন ৩ প্রিজনার হিসাবে, ৮ মাস পরে যদি একজন কর্মীর টি বি দেখা দেয় তাহলে স্বভাবতঃই এই ধারণা হয় যে জেলে য ডায়েট দেওয়া হয় এবং তাদের যে দুরবস্থার মধ্যে রাখা হয়েছে এটার জন্য আমরা অন্ততঃ সরকারকে সম্পূর্ণরূপে দায়ী করব। দায়ী করা না করা পরের কথা, ইমিডিয়েটলি তাকে যদি কলকাতার কোন ভাল হাসপাতালে রিমুভ করা না হয় তাহলে আমাদের বন্ধু ওখানে মারা যাবেন। এই জন্য আমি বিশেষ করে কারা মন্ত্রিমহাশয়কে আবার বলছি যে তিনি ওখানে খোঁজ-খবর নিন এবং তিনি আমাকে নিজে বলেছেন। আপনি দয়া করে খোঁজ-খবর করুন। এখন যে অবস্থা এতে আমি কোন ভরসা পাচ্ছি না। এই অবস্থায় আমি কারা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, হয়ত তিনি ইচ্ছা করলে এখুনি উত্তর দিতে পারবেন।

শ্রীজগন্নাথ কোলেঃ খোঁজ করে দেখছি।

Firing in Mana Camp

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ে পুনর্বাসন মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাচ্ছি যে পুনর্বাসন মন্ত্রী বলেছিলেন, মানা ক্যাম্পে যেগুলি চালান হয়েছে তিনি ভারত সরকারের কাছে জানতে চেয়েছেন। তারপর তিনি আমাদের জানাবেন। কিন্তু একটি বিষয়ে আমি জানতে চাচ্ছি আজকে সংবাদপত্রে দেখছিলাম তিনি কালকে কাউন্সিলে বলেছেন যে ভারত সরকারের পক্ষে মহাবীর ত্যাগী নাকি পার্লামেন্টে বলেছেন কোন সদস্য যদি প্রশ্ন তোলেন তাহলে তিনি জবাব দেবেন। পুনর্বাসন মন্ত্রী এখন বলছেন জানতে চেয়েছি, তাঁকে জানালে তিনি আমাদের জানাবেন। কোনটা ঠিক আমি বুঝতে পারলাম না তিনি যেটা বলেছেন সেটা ঠিক কিনা বুঝতে পারলাম না। কারণ, আমাদের একটা দায়িত্ব আছে। আমাদের এখানকার

উদ্বাস্তুরা দণ্ডকারণ্যে গেছে। সেখানে গুলি বর্ষণ হয়েছে। সেই জন্য আমরা অত্যন্ত উদ্বিগ্ন হয়ে আছি। আমাদের এখানে পরিষ্কারভাবে বলুন যে তিনি কবে জানতে চেয়েছেন, ভারত সরকার তাঁকে কি বলেছেন অথবা জানাতে পারবেন কিনা সেটা পরিষ্কারভাবে বলুন। যদি তা না হয় তাহলে আমাদের সেইভাবে ব্যবস্থা করতে হবে। সেই জন্য আমি পরিষ্কারভাবে জানতে চাচ্ছি কাউন্সিলে যে বক্তৃতা দিয়েছেন সেটা ঠিক, না আজ যেটা দিচ্ছেন সেটা ঠিক?

মিঃ ডেপুটি স্পীকারঃ এর জবাব হয় না।

GOVERNMENT BILLS

The Bengal Wakf (Amendment) Bill, 1965

Shri Iswar Das Jalan: Sir, I beg to introduce the Bengal Wakf (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Iswar Das Jalan: Sir, I beg to move that the Bengal Wakf (Amendment) Bill, 1965 be referred to a Joint Committee of the House consisting of 32 Members; 24 Members from this House, namely:—

(1) Shri Abdul Bari Moktar,
(2) Shri Abdul Gafur,
(3) Shri S. M. Abdullah,
(4) Shri Abani Kumar Basu,
(5) Shri A. K. M. Ishaque,
(6) Shri Jehangir Kabir,
(7) Shri Joynal Abedin,
(8) Shri Syed Kazim Ali Meerza,
(9) Shri Lutfal Haque,
(10) Shri Syed Abdul Hossain,
(11) Shri Mohammad Hayat Ali,
(12) Shri Shamsuddin Ahmed,
(13) Shri Shamsul Bari,
(14) Shri Asadullah Choudhury,
(15) Shri Abul Hashem,
(16) Dr. Golam Yazdani,
(17) Shri Khagendra Kumar Ray Choudhury,
(18) Dr. Abu Asad Mohammad Obaidul Ghani,
(19) Shri Apurba Lal Majumdar,
(20) Shri Abhoy Pada Saha,
(21) Shri Anadi Das,
(22) Shri Birendra Narayan Ray,
(23) Shri Brindaban Gayen, and
(24) Shri I. D. Jalan, Minister-in-charge, Judicial Department (the mover); and eight members from the Council;

That in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of Members of the Joint Committee

That the Committee shall make a report to this House by the end of the second week of the next Session;

That in other respects the rules of procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make;

That this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of Members to be appointed by the Council to the Joint Committee.

Sir, the objects are fully explained. It is an amending Bill and it is being referred to the Joint Select Committee. I do not think it necessary for me to explain the reasons.

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1965.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে সংশোধনী বিলটি আনা হয়েছে, এই বিলে ৯টি উদ্দেশ্যের কথা বলা হয়েছে। তার মধ্যে প্রথম উদ্দেশ্যটা হচ্ছে যে একজন ডেপুটি কমিশনার নিয়োগ করা এবং বাকি ২ থেকে ৮ নম্বর উদ্দেশ্য হচ্ছে বোর্ডের কি ক্ষমতা তাঁরা বাড়াচ্ছেন বা বোর্ডের হাতে কি ক্ষমতা দিচ্ছেন এই কটি উদ্দেশ্য এর মধ্যে রয়েছে। সেটা হচ্ছে মূলত বোর্ডের হাতে ক্ষমতা দেওয়া এবং আর একটা নামমাত্র উদ্দেশ্য সেটা হচ্ছে ওয়াকফ অ্যালাওয়েন্স বলে বর্তমানে আইনের আওতার বাহিরে ছিল, সেটাকে বোর্ডের হাতে এনে দেওয়া হয়েছে। এ একটি ভাল উদ্দেশ্য। দু' রকম ব্যবস্থা থাকা উচিত নয়, কেন না, একটি সম্প্রদায়ের বেশী দিনের যেসমস্ত সম্পত্তি রয়েছে সৎ কাজ করার জন্য তার থেকে দুটো আলাদা করে নেয়। সেটা অবশ্য ভাল এখন এই যে ডেপুটি কমিশনার নিয়োগ এবং বোর্ডের হাতে ক্ষমতা দেওয়া এই দুটোর সম্পর্কে আমার কিছুটা সন্দেহ আছে। কাজেই বিলের উদ্দেশ্যটা ভাল হলেও এই উদ্দেশ্যের মধ্যে বেশ কিছুটা অভিসন্ধি রয়েছে, সেটা হচ্ছে যে কিভাবে এই বোর্ড গঠিত হবে। বিলের ৮ এবং ৯ নম্বর ধারাতে যেটা ছিল যে প্রথম বৎসরে নির্বাচিত হবেন ৪ জন এবং মনোনীত হবেন ৭ জন। ৩ বছর পরে আইনে যেটা ছিল ৫ বছরের জন্য নেক্সট টাইম যেটা ছিল সেটা হচ্ছে নির্বাচিত হবেন ২ জন এবং মনোনীত হবেন ৮ জন। এখন এই যে ৮ নম্বর অধ্যায়ে ২ নম্বর ধারা এটাকে মোটামুটিভাবে তুলে দেওয়া হচ্ছে। তুলে দিয়ে যেটা থাকছে সেটা হচ্ছে এই নির্বাচনের ক্ষেত্রে নির্বাচিত প্রতিনিধি ২ জন এবং মনোনীত ৮ জন। এখন এই মনোনীত ৮ জন কিভাবে হয় মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি সেটা জানেন এবং এখানকার সকল সদস্যই জানেন যে একটি পার্টি, যাদের হাতে ক্ষমতা রয়েছে, তাদের হাতে যদি অধিকাংশ সদস্য মনোনীত হয় তাহলে সেই মনোনীত যে বোর্ড সেই বোর্ড মোটামুটিভাবে শাসক পার্টির একটি যন্ত্র হিসাবে পরিণত হয়। সেই জন্য উদ্দেশ্য ভাল হলেও এই ধারাগুলি পরিবর্তন না করে এই যে ১০ জন সদস্য থাকবে এরা সবাই নির্বাচিত হবেন। যেমন কয়েক বছরে বহু মনোনীত হল এবং যেসমস্ত আইন হয়েছে অঞ্চল পরিষদই বলুন বা জেলা পরিষদই বলুন, আগে যে ধরনের মনোনয়ন ছিল সেগুলি উঠে গিয়ে মোটামুটিভাবে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে হয়েছে। কাজেই এই নির্বাচিত প্রতিনিধিদের সংখ্যা কমিয়ে মনোনীত প্রতিনিধিদের যেখানে বেশী রাখা হচ্ছে সেজন্য সেখানে একটি সংশয় আসছে এবং সেই জন্য বিলটির এই অংশটি যদি পরিবর্তন না করা হয় তাহলে যেসমস্ত উদ্দেশ্যের কথা বলা হচ্ছে, ভাল হলেও সেই উদ্দেশ্য অভিসন্ধি-মূলক হবার আশঙ্কা রয়েছে। সেই জন্য আমি জনমত সংগ্রহের জন্য এই বিলটি আনতে বলেছি। এখন এই যে ডেপুটি কমিশনার নিয়োগ—১৮ নম্বর ধারা থেকে ২৪ নম্বর ধারা পর্যন্ত কমিশনারের যে ক্ষমতা আছে, সমস্ত ক্ষমতা ডেপুটি কমিশনারকে দেওয়া হয়েছে। এখন এই ডেপুটি কমিশনার নিয়োগ সম্পর্কে তাঁদের যে গুণাবলী—কি বলা হচ্ছে না, প্রফেসিং ইস্লাম, এটাই যথেষ্ট। একজন কমিশনার, মোটামুটিভাবে ডেপুটি কমিশনার, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পর্যায়ে হবেন এবং তাঁদের একমাত্র গুণ হবে প্রফেসিং ইস্লাম।

বর্তমান বিজ্ঞানের যুগে যদি এ ধরনের একটা গুণকে বেছে নেওয়া হয় তাহলে মারাত্মক ব্যাপার হয়। সেজন্য যেখানে এই ডেপুটি কমিশনার নিয়োগের কথা বলা হয়েছে সেখানে

[2-40—2-50 p.m.]

দেখতে হবে যে প্রতিষ্ঠানের তিনি ডেপ্নটি কমিশনার হচ্ছেন সে প্রতিষ্ঠানের উদ্দেশ্য কি? এর অবজেক্ট হচ্ছে এটা হচ্ছে একটা জনহিতকর প্রতিষ্ঠান, বিশেষ করে একটি সম্প্রদায়ের যে দানের টাকা রয়েছে, ওয়াকফ এস্টেট রয়েছে সে টাকা সেবাম্নলকভাবে কিভাবে খরচ করা যায় সে দ্নষ্টিভঙ্গী থাকা উচিত। কাজেই প্রফেসিং ইস্লাম কথাটা থাকা সত্ত্বেও আর একটা জিনিস থাকা উচিত। মোটাম্নটিভাবে এর্নপ দ্নষ্টিভঙ্গী আছে কি না বা অতীতে তাঁর এর্নপ ধরনের কোন কাজ করা আছে কি না, জনহিতকর বা সেবাম্নলক কাজে তাঁর অ্যাডমিনিস্ট্রেসন ও আইনের অভিজ্ঞতা আছে কি না এগ্নলি হচ্ছে ক্রাইটেরিয়ান ফর সিলেকটিং ডেপ্নটি কমিশনার। ডেপ্নটি কমিশনার থাকা উচিত কেন তা জানি না। কাজেই ডেপ্নটি কমিশনার নিয়োগের ব্যাপারে শাসক পার্টির একটা অভিসন্ধি চলেছে। সে ইচ্ছামত যে-কোন লোককে নিয়োগ করতে পারে। এখন প্রফেসিং ইস্লাম কথাটা খ্নবই খারাপ লাগে। বিশেষ করে আজকালকার দিনে আরব স্টেট বা আফ্রিকায় যে বহ্ন ম্নসলিম স্টেট রয়েছে সেখানে সামাজিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে শাসন কাঠামোর পরিবর্তনের যে পদ্ধতি তাঁরা নিয়েছেন তাতে তাঁরা এর্নপ রাখেন নি। সেজন্য আমি যে বক্তব্যগ্নলি বললাম সে কথাগ্নলো তাঁরা বলেছেন, সেজন্য এখানে আমার আপত্তি আছে। হয় কথা বলা হয়েছে বোর্ডের হাতে ক্ষমতা দেবার ব্যাপারে। এর আগেও বোর্ড ছিল কিন্তু আমি জানি বর্ধমানের প্নরাতন চকে একজন মাতোয়ালী আছেন গত নির্বাচনের সময় শাসক পার্টির প্রতিনিধির জন্য নির্বাচনে অংশ গ্রহণ করেন নি, তাঁকে অপসারণের প্রচেষ্টা হয়েছিল—অবশ্য সে প্রচেষ্টা সফল হয় নি। স্নতরাং আপনারা যদি মনোনয়নের ব্যাপারগ্নলো নিয়ে আসেন তাহলে ঐ কাজগ্নলো শাসক পার্টির কথায় চলবে এবং সে একজন শাসক পার্টির চক্রে পরিণত হবে। মন্ত্রিমহাশয়কে অন্নরোধ করব যে বিলটা অভিমত গ্রহণের জন্য পাঠান। এই সমস্ত ওয়াকফ—ঐ যারা বহ্ন সম্পত্তি দান করেছেন এর্নপ ধরনের লোকদের কাছ থেকে মতামত গ্রহণের জন্য এটি পাঠান হোক। দ্বিতীয় আর একটি প্রশ্ন যে শ্নধ্ন প্রাদেশিক স্তরে নয়, কয়েকটি জেলা মিলিয়ে একটি অ্যাডভাইসরি বোর্ড ফর দি ওয়াকফ হওয়া উচিত। প্রাদেশিক স্তরে হলে সমস্যার সমাধান হবে না, যেখানে ওয়াকফ বেশী সংখ্যায় আছে সেখানে একটা জেলা নিয়ে অ্যাডভাইসরি বোর্ড হতে পারে, এগ্নলি মোটাম্নটিভাবে প্রতিনিধিত্বম্নলক হওয়া উচিত। আইনে যদি নির্বাচন পদ্ধতি বা কাকে নিয়ে বোর্ড গঠিত হবে সেটা যদি বদল না করেন, তাহলে আইন ভাল হবে না। বর্তমানে যেখানে থাকছে ২ জন প্রতিনিধি আর ৮ জন মনোনীত সেখানে সেটা দরকার কি? বিভিন্ন ধরনের নির্বাচন যেমন কাউন্সিলএর নির্বাচন হয়, টিচার্সদের নির্বাচন হয়, লোকাল সেলফ গভর্নমেন্টের নির্বাচন হয় সের্নপ মাতোয়ালীর একটা নির্বাচন কলেজ করে দিন সিয়াদের ইলেকটোরেল কলেজ করে দিন। তারপর সংশিলষ্ট ব্যক্তি যারা তাদের জন্য ইলেকটোরেল কলেজ করে নির্বাচন করা হোক। বিধানসভা এবং বিধান পরিষদে যে প্রতিনিধি আছে তার সংখ্যা বাড়ান হোক। এভাবে যদি বোর্ডের সংখ্যা বাড়ান হয় তাহলে ভাল কাজ ওয়াকফ দ্বারা হবে। তারপর ৮ ধারায় যেটা বলেছেন যে একজন মাতোয়ালীকে অপসারণ করার আগে যেটা ছিল—কোর্টে যেতে পারবে না, যেতে হবে ডিস্ট্রিক্ট জজের কাছে সেটা মারাত্মক হচ্ছে। কারণ বোর্ড তার হাতে ক্ষমতা নিয়ন্ত্রণের যে দায়িত্ব নিচ্ছে এর্নপভাবে এত ক্ষমতা যে নিয়ন্ত্রিক তা থাকা উচিত। তাদের উপর কোন পীড়নম্নলক ব্যবস্থা হলে তারা যেন আদালতে যেতে পারেন। এ উদ্দেশ্যে ৫এ বলেছেন এবং বিশেষ করে ক্লজ ৩০ এবং ক্লজ ২২এ যেকথা নিয়ে এসেছেন সে ২টা বিচার-বিবেচনা করা উচিত। বোর্ডের হাতে এত ক্ষমতা যদি দিতে হয় তাহলে মাতোয়ালীকে অপসারিত করতে হয়, ছাঁটাই করতে হয়, চাকরী থেকে সরিয়ে দেওয়া হয় তাহলে কোর্টের হাতে বিচারের ব্যবস্থা করা উচিত, সে প্রভিসান রাখলে ভাল হয়। কাজেই বিলটা যাতে জনমতের জন্য দেওয়া হয় তার জন্য আবেদন করছি।

Shri Deb Saran Ghosh

মাননীয় ডেপ্নটি স্পীকার মহাশয়, বেঙ্গল ওয়াকফ অ্যামেন্ডমেন্ট বিলের উদ্দেশ্য সম্পর্কে কয়েকটা ভাল কথা বলা হয়েছে। ডেপ্নটি কমিশনার নিয়োগের কথা বলতে চাই, একজন এটা করলে যে উদ্দেশ্য সাধিত হবে তা আমি মনে করি না কারণ, আমরা জানি একটা সম্প্রদায়ের দানে

যে সম্পদ তার ভেতরে আমরা দেখতে পাচ্ছি যে বহু স্বার্থান্বেষীর অনুপ্রবেশ ঘটেছে এবং ওয়াকফ এস্টেটের বিভিন্ন অঞ্চলে আমরা দেখেছি যে বহু দলাদলি এবং বহু পরিবারের মধ্যে ঝগড়া উপস্থিত হয়েছে। আজকে ওয়াকফ এস্টেটের স্বার্থের জন্যই এই সব ব্যয়িত হচ্ছে না —কয়েকজনের স্বার্থ রক্ষা করতে গিয়েই এই অবস্থা হয়েছে তা আমরা লক্ষ্য করছি, সেই জন্য এই বিলের মাধ্যমে যে পরিবর্তন হয়েছে এবং ওয়াকফ এস্টেটের ভেতরে যে দুর্নীতি এবং স্বার্থপরতা দেখা দিয়েছে তা দূর করা সম্ভব না। একটা মহৎ উদ্দেশ্য নিয়ে একটা সম্প্রদায়ের উন্নতির জন্য তৈরী হয়েছে, সে সম্পদ সৎ কাজে লাগাবার জন্য যে ব্যবস্থা ছিল সেটা আজকে হচ্ছে না। কতকগুলি স্বার্থান্বেষী ব্যক্তির নিজের ব্যক্তিগত সম্পদে এটা পরিণত করা হয়েছে, আসল ব্যাধি হল সেখানে। সেজন্য আমি মনে করি যে এর পরিবর্তনের জন্য যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে তাতে আসল উদ্দেশ্য যা নাকি ঐ সম্প্রদায়ের উন্নতির জন্য করা হয়েছে তা এর দ্বারা সম্ভবপর হবে না। সেজন্য আমি এই বিলটা জনমত সংগ্রহের প্রস্তাব করছি, এই বলেই এই বিলের উপর আমার যে বক্তব্য তা শেষ করছি।

[2-50—3 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

ডেপুটি স্পীকার মহোদয়, এই যে বিলটি এসেছে, এইটা সম্বন্ধে কিছু বলা প্রয়োজন। কারণ আমরা দেখেছি কয়েক বছরের অভিজ্ঞতায় এটা দেখেছি যে ও পক্ষ থেকে যে বিলই আসছে সেই বিলগুলি শেষ পর্যন্ত অধিকাংশ বিচারের কাছে গিয়ে সেগুলি হয় আবার অ্যামেন্ডমেন্ট করতে হচ্ছে আর না হয় কোন কোন ধারাকে তুলে দিতে হচ্ছে। অর্থাৎ এর দ্বারা প্রমাণ হচ্ছে যেভাবে বিলগুলি নিয়ে আসা হয় যেভাবে আনলে কোন লুপহোল থাকে না সেইভাবে নিয়ে আসার প্রচেষ্টাটা প্রায় দেখা যায় না। এখন ওয়াকফ সম্বন্ধে আমি বলবো যে কতকগুলি সরিয়তের নির্দেশ অনুসারে ওয়াকফ সৃষ্টি হয়। ওয়াকফ এমনি আসে না এটা মুসলমানদের সরিয়তের নির্দেশ অনুসারে তাকে ফুলফিল করতে ওয়াকফ সৃষ্টি হয়—সেখানে যিনি ওয়াকফ করবেন সেই ওয়াকফে তার যে উইল সেই উইলকে ফুলফিল করা হচ্ছে কিনা—সেটা দেখার প্রয়োজন। এই সরিয়তের যে ল সেটা রিটন আন রিটন—কোন গভর্নমেন্টের ক্ষমতা নেই যে ল-কে ভায়োলেট করে। এখানে দেখছি ২ রকমের ওয়াকফ হয়—একটা হচ্ছে পাবলিক ওয়াকফ আর একটা হচ্ছে ফেমিলি ওয়াকফ আওতায় যাকে বলে। এখন ফেমিলি ওয়াকফ হিসাবে তাদের যে সৃষ্টি করা হয় সেখানে বলা হচ্ছে ডিসক্রিমিনেশান বিটুইন পাবলিক ওয়াকফ অ্যান্ড ফ্যামিলি ওয়াকফ।

সে সম্বন্ধে ডিসক্রিমিনেসন হবে না। এখন ফেমিলি ওয়াকফ সেটা সেখানে ডিসক্রিমিনেসন রাখা হবে কিনা—সেটা কোন গভর্নর করে না—সেটা নির্ভর করছে যে উইল করছে তার উপর। সেটা সরিয়ত ল-র বেসিসে। আমি সে দিক থেকে বলছি মাননীয় আইন মন্ত্রী মহাশয় এটা বিচার করেছেন কি না জানি না—সরিয়ত ল হিসাবে আমি যতটুকু জানি তাতে ডিসক্রিমিনেসন করার অধিকার নেই। সেকেন্ডলি হচ্ছে, ডেপুটি কমিশনার একজন নিয়োগ করা হচ্ছে। ডেপুটি কমিশনার নিয়োগ করবেন এই জন্য অনেক সুদ অনেক ডিফিকালটিজ অ্যারাইজ করে যেগুলি কোর্টে যায়—সেটাকে ইকুয়েট করার জন্য উনি ডেপুটি কমিশনার অ্যাপয়েন্ট করতে চাচ্ছেন এখন এই ডেপুটি কমিশনার ব্যাপারটা আমাদের কাছে একটু সন্দেহের কারণ। এই জন্য যে ও'রা যা-ই করুন শেষ পর্যন্ত গিয়ে দেখা যায় প্র্যাকটিক্যাল খানিকটা দলীয় স্বার্থ হিসাবে নিযুক্ত হয়ে যায়। যেমন স্কুল বোর্ড অমুক তমুক—সেই রকম যখন ডেপুটি কমিশনারের হাতে পাওয়ার দেবেন এবং ডেপুটি কমিশনার ওয়াকফগুলি কন্ট্রোল করবেন তার বিভিন্ন আইনগত ডিফিকালটিগুলি এনে বিচার করবেন তখন দাঁড়াচ্ছে এই যে স্টেট গভর্নমেন্ট প্র্যাকটিক্যালি পিছন থেকে যা বলবেন—ডেপুটি কমিশনারকে সেই কাজ করতে হবে—সেইজন্য এইভাবে ডেপুটি কমিশনার নিয়োগ করাটা আমি খুব যুক্তিসম্মত বলে মনে করি না।

তারপর মাতোয়ালীর কথা বলছি। আপনি জানেন মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে অনেক মাতোয়ালী পাকিস্তানে চলে গেছে ওয়াকফ এস্টেটের। যেমন আমি বলছি আমাদের মুর্শিদাবাদে যিনি পাকিস্তানের এককালে রাষ্ট্রপতি ছিলেন ইসকান্দার মির্জা সাহেব তাঁর ওয়াকফ এস্টেট আছে—এটা সৃষ্টি হয়েছিল হার হাইনেস সামসুদ জাহান বেগম তাঁর উইল অনুসারে। তিনি পাকিস্তানে চলে গিয়ে সেখানকার রাষ্ট্রপতি হলেন—এখন লণ্ডনে আছেন না কোথায় আছেন জানি না। কিন্তু আজ দেখা যাচ্ছে যে তিনি যাকে রিপ্রেজেন্টেটিভ করে রেখে গেছেন সেই ওয়াকফের যে সমস্ত কন্ডিসন ছিল তিনি কোন রকম তা ফুলফিল করছেন না। সেই মাতোয়ালীর যে রিপ্রেজেন্টেটিভ তিনি কলকাতায় বসে থাকছেন—তিনি কলকাতাতে খরচ করছেন—এদিকে ইমামবাড়া থেকে আরম্ভ করে সব কিছু নেগলেক্টেড হয়ে রয়েছে। হুগলী ওয়াকফ এস্টেটে দেখা যাচ্ছে সেখানে কয়েক বছরের মধ্যে এমন কি রিলিজিয়াস পারফরমেন্স পর্যন্ত হচ্ছে না যেটা কন্ডিসনে ছিল। সেজন্য আমার বক্তব্য হচ্ছে এই আইনটিকে যেভাবে ঠিক করে রাখলে এই সমস্ত ডিফিকাল্টিগুলি সরানো যেতো ঠিক সেইভাবে হয় নি যদিও কতকগুলি জায়গায় যেটা করা উচিত ছিল সেটা করা হয়েছে এটা আমি স্বীকার করি। যেমন শিয়া কমিউনিটি এবং শুন্নি কমিউনিটি এদের যে ডিফারেন্স ছিল বিশেষতঃ সিয়া কমিউনিটিকে অন্যান্য স্টেটে তাদের ডেলিবারেসনের সুযোগ দিতো না সেটা উঠিয়ে দেওয়া হয়েছে ভাল জিনিস—ডিফারেন্সিয়েসন থাকবে কেন—যেটা মূলগত প্রশ্ন। সরিয়ত ল অনুসারে সরিয়ত ডিকটাম এবং ডিকটেসন অনুসারে যে জিনিসটা হচ্ছে সেটা সরিয়ত ল-র সঙ্গে যদি কন্ট্রাডিকসন হয় এবং সেখানে যদি কোন এগ্রিভড্ পার্টি হাইকোর্টে গিয়ে.........(এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চঃ কন্ট্রাডিকসন কোথায় হোল?) কন্ট্রাডিকসন হচ্ছে সরিয়ত ল অনুসারে যিনি মাতোয়ালী হবেন, যিনি ওয়াকফ করে দিয়েছেন যেটা উইল করেছেন সেই উইলটা যদি ফুলফিল না করা হয় এবং সেই উইলের মধ্যে যে সমস্ত প্রভিসন আছে সেই প্রভিসনগুলিকে যদি ফুলফিল না করা হয় এবং উইলটাকে যদি প্রাকটিক্যালী নাকচ করা হয় তাহলে সরিয়ত ল অনুসারে কন্ট্রাডিকসন হয়ে গেল এবং সে কন্ট্রাডিকসন হলে আমি মনে করি তাতে একটা নূতন ধরণের কমপ্লিকেসন অ্যারাইজ করবে—সেইজন্য আমি বলি মন্ত্রিমহোদয়কে যে উনি একটা ভাল কাজ করতে যাচ্ছেন, অনেক আগেই করা উচিত ছিল—কাজেই যে সমস্ত কথাগুলি বল্লাম সেগুলি চিন্তা করার চেষ্টা করুন এবং করে বিভিন্ন মুসলিম কমিউনিটির যারা প্রধান তাদের অপিনিয়ন চান চেয়ে যদি এটাকে আরও ভালভাবে নিয়ে আসেন তাহলে ভাল হয়—এই কথা বলে আমি পাবলিক অপিনিয়ন এলিসিট করবার জন্য তাঁকে অনুরোধ করছি।

Shri Iswar Das Jalan: The Joint Committee consists of practically many of the Muslim members of both Houses and they will consider each and every aspect of it, including the Shariat Law and whatever is involved in it. I do not think it needs any further reply. The discrimination between the rate of contribution between the two Wakfs is being removed. We are not fundamentally changing any of these two wakfs.

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Iswar Das Jalan that the Bengal Wakf (Amendment) Bill, 1965 be referred to a Joint Committee of the Houses consisting of 32 members; 24 members from this House, namely:—

(1) Shri Abdul Bari Moktar,
(2) Shri Abdul Gafur,
(3) Shri S. M. Abdullah,
(4) Shri Abani Kumar Basu,
(5) Shri A. K. M. Ishaque,
(6) Shri Jehangir Kabir,
(7) Shri Joynal Abedin,

(8) Shri Syed Kazim Ali Meerza,
(9) Shri Lutfal Haque,
(10) Shri Syed Abul Hossain,
(11) Shri Mohammad Hayat Ali,
(12) Shri Shamsuddin Ahmed,
(13) Shri Syed Shamsul Bari,
(14) Shri Asadullah Choudhury,
(15) Shri Abul Hashem,
(16) Dr. Golam Yazdani,
(17) Shri Khagendra Kumar Ray Choudhury,
(18) Dr. Abu Asad Mohammad Obaidul Ghani,
(19) Shri Apurba Lal Majumdar,
(20) Shri Abhoy Pada Saha,
(21) Shri Anadi Das,
(22) Shri Birendra Narayan Ray,
(23) Shri Brindaban Gayen, and
(24) Shri I. D. Jalan, Minister-in-charge, Judicial Department (the mover); and eight Members from the Council;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of Members of the Joint Committee;

that the Committee shall make a report to this House by the end of the second week of the next Session;

that in other respects the rules of procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make;

that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of Members to be appointed by the Council to the Joint Committee;

was then put and agreed to.

The Bengal Money-Lenders (Amendment) Bill, 1965

Shri Iswar Das Jalan: Sir, I beg to introduce the Bengal Money-Lenders (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill.)

Shri Iswar Das Jalan: Sir, I beg to move that the Bengal Money-Lenders (Amendment) Bill, 1965, be taken into consideration.

[3—3-10 p.m.]

Sir, the Statement of Objects and Reasons explains most of the important amendments to clauses of the Bill and so at this stage I don't think I should take the time of the House by repeating whatever has been mentioned in the Statement of Objects and Reasons. There are many amendments to clauses and so I think the proper time to consider the details of the clauses would be when we go to the consideration of the clauses.

Shri Bhakti Bhushan Mandal:

মিঃ ডেপ্যুটি স্পীকার, স্যার, বেঙ্গল মানি লেন্ডার্স বিল সম্বন্ধে উনি কয়েকটা বিষয় অবজেক্টস অ্যান্ড রিজনসে বলেছেন। কিন্তু আমার মনে হয়, উনি যে কথা বলেছেন সেটা করতে পেরেছেন কিনা এই বিল সম্বন্ধে আমার নিজের অন্ততঃ সন্দেহ আছে। বিশেষ করে আমরা জানি যে বেঙ্গল মানি লেন্ডার্স অ্যাক্টএর ব্যাপারটা গ্রামে গ্রামে যেভাবে চলে সে সম্বন্ধে উনি যে বিশেষ মনোযোগ দিয়ে চিন্তা করে দেখেছেন এটা মনে হয় না। কারণ, কয়েকটা জিনিস তাহলে উনি অন্তত লিখতেন বা বিলে আনবার চেষ্টা করতেন। কিন্তু সেটা না আনবার জন্য ফল কি হচ্ছে সেটা আমরা বুঝতে পারছি না। আমরা গ্রামে প্রায়ই দেখি যে, অভাবী লোকেরা টাকা ধার করতে যায়, তাদের অবস্থা দাঁড়ায় কি না, একটা কোবলা করিয়ে নেয়। যদি চারশো টাকা ধার দেয়, তাহলে নয়শো টাকা কোবলা করিয়ে নেয়। কোন কোন ভাল লোক আছে যারা এগ্রিমেন্ট করে দিচ্ছে যে, ৪-৫ বছর পরে ফেরৎ দেবে। কিন্তু বেশির ভাগ এগ্রিমেন্ট থাকে না, মৌখিক থাকে। যদি কোন জায়গায় থাকে তাহলে রেজিস্ট্রি করা থাকে না, তাহলে ৪-৫ শো টাকা নিয়ে প্রায় ৯শো টাকা দলিল লিখিয়ে দেয়, আউট অ্যান্ড আউট সেল দেখিয়ে দেয়, আউট অ্যান্ড আউট সেল হয়ে যায়। তারপর অনেক জায়গায় দেখেছি অজ্ঞতার জন্য অনেক লোক আছে যারা ঐ ৪ শো টাকা দিয়ে ঐ দলিলটা ছিঁড়ে ফেলে। মহাজন বললেই দলিলটা ছিঁড়ে দিলে হয়ে গেল। কিন্তু আইনজ্ঞরা জানেন দলিল ছিঁড়ে দিলে কোন লাভ হবে না। কেননা মহাজন যদি আবার সেটা কপি করে নেয় তাহলে জমিটা তার পজেশনে চলে আসবে। গ্রামের অধিকাংশ জায়গায় এই রকম ঘটনা ঘটছে। অথচ সে সম্বন্ধে কিছু দেখতে পাচ্ছি না। সেজন্য উনি যেকথা বলছেন আমি এটা খুব ভাল বিল বলে মনে করছি না। আর একটা কথা হচ্ছে লোন দেবার ব্যাপারে গভর্নমেন্ট যদি এইরকম প্রভিশন না করেন তাহলে গ্রামে মহাজনরা যে কোন শর্ত করুক সেই শর্তে মানুষ যখন দুঃখে পড়ে অবস্থা যখন খারাপ হয় তখন টাকা ধার নিতে বাধ্য হয়। টাকা ধার নেয় সারকামসট্যান্সেছে যখন তার কোন উপায় থাকে না, যেমন ছেলের বিয়ের সময় বা অসুখের সময়, তখন এই সমস্ত কণ্ডিশনগুলি করিয়ে নেয়। কাজেই মূল কথা হচ্ছে বরোয়ারকে বাঁচাবার জন্য, উনি বিলি কি কিছু করেছেন? সেটাই ওনার কাছে আমার জিজ্ঞাস্য। শুধু তাই না, আজকাল পাড়াগাঁয়ে বেশির ভাগ দেখা যাচ্ছে ঐ আফগান কাবুলিওয়ালা যাদের বলে তাদের সংখ্যা খুব বেশি বেড়ে গেছে। আমরা বীরভূম জেলায় দেখি অধিকাংশ গ্রামে কাবুলিওয়ালারা টাকা ধার দেয়। বেঙ্গল মানি লেন্ডার্স অ্যাক্ট অনুযায়ী তাদের লাইসেন্স একটা করে আছে। কিন্তু সেই লাইসেন্সটা তারা কি ফলো করে? আমার মনে হয় ফলো করে না। যারা টাকা দিতে পারে না, তাদের বাড়িতে বসে তারা চালে বাড়ি মারে। কিন্তু সাধারণ লোক যাদের অবস্থা খারাপ তারা ক্রিমিন্যালি প্রোসি-কিউট করতে পারে না। কিন্তু সেইসব ব্যাপারে কোনরকম প্রভিশন এখানে আনা হয়েছে বলে আমি মনে করি না এবং তার রেট অব ইন্টারেস্ট শুনলে আপনি অবাক হবেন, ওরা দিনে এক আনা করে সুদ নেয় দশ টাকাতে। অথচ এদের আইনের আওতায় কোনরকম আনা যায় না ওটা মৌখিক থাকে। একটা লোককে দশ টাকা ধার দেয়, কিন্তু ২০-৩০ টাকা লিখিয়ে নেয়। তারা প্রত্যেক সপ্তাহে আদায় করার চেষ্টা করে। এই যে আনস্ক্রুপুলাস যেসব মহাজন তাদের সম্বন্ধে এই বিলে কোন প্রভিশন আছে? আমি মনে করি বিল যখন হচ্ছে, অ্যামেন্ড-মেন্ট যখন নিয়ে এসেছেন তখন সে সম্বন্ধে ফোরসাইট থাকা দরকার। তারপর দেখছি সুদের হার বাড়িয়ে দেওয়া হয়েছে। এটা কি খুব ভাল হয়েছে? আমাদের সরকার নাকি সোস্যালি-স্টিক প্যাটার্নে দেশ গড়তে চাইছেন। কিন্তু যারা বরোয়ার ইন ডিসট্রেস, তাদের আরও বেশি সুদ দিতে হবে এটা কি যুক্তির ভেতর দিয়ে হয়েছে সেটা আমি বুঝতে পারছি না। উনি বলছেন মানি ডেপ্রিসিয়েশন হচ্ছে। আমি যা দেখলাম মানি যখন বেড়ে গেছে তখন কি মানি ভ্যালু ডিপ্রিসিয়েশন করছে না? উনি যেন মানি লেণ্ডারদের সঙ্গে একটা যোগসাজস করে এই ইন্টারেস্ট বাড়াবার চেষ্টা করছেন এবং আমার মনে হয় উনি ধন্যবাদ পাবেন মানি লেণ্ডার-দের কাছ থেকে, আনস্ক্রুপুলাস মহাজনদের কাছ থেকে যারা মানুষকে এক্সপ্লয়েট করছে।

আর একটা কথা তিনি বলবার চেষ্টা করেছেন সেটা আমি মনে করি আইনে টিকবেই না, বৃথা এ চেষ্টা করা হয়েছে। ক্লজ ১০-এ উনি বলেছেন—এভিডেন্স অ্যাক্ট-এ যে রিটেন এগ্রিমেন্ট থাকে,

যেটা সেকশান ৯২-তে বার হয়, সেটা হবে না। আমরা যা আইন করে দিলাম, আমার মনে হয় এই আইন করবার ক্ষমতা ও'র নাই। এভিডেন্স অ্যাক্ট-এ ওরাল এভিডেন্স এডমিশিবল ইন সিভিল অ্যান্ড ক্রিমিন্যাল প্রসিডিংস—এটা আমার মনে হয় শুধু কন্ট্রাডিকটরী নয়, উনি যেটা করেছেন তা চলতে পারে না। কোর্টে গেলে পর সেট এসাইড হয়ে যাবে এই ক্লজটা। আমার মনে হয় এই ক্লজটা করা ঠিক হয় নাই এবং করেও কোনরকম সুবিধা দিতে পারবেন না। ইণ্ডিয়ান এভিডেন্স অ্যাক্টকে কন্ট্রোল করবার ক্ষমতা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের নাই। তিনিও সেটা জানেন। এটা জানা সত্ত্বেও কেন তিনি এটা করেছেন? আমি একজন লইয়ার হিসেবে বুঝতে পারলাম না বলে দৃষ্টি আকর্ষণ করছি। এই পয়েন্ট এই জন্য বলতে চাচ্ছি—এটা সম্বন্ধে আমাদের অপোজ করা উচিত। কারণ এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজন্স যেটা দেওয়া হয়েছে, সেটা ফলপ্রদ হবে না; সেটা ঠিক হয় নি—এই কথাই বলতে চাচ্ছি।

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বেঙ্গল মানি ল্যান্ডার্স বিল একথা ঠিক যে ১৯৪০ সালে ফজলুল হক সাহেব যে অ্যাক্ট নাম্বার টেন করে দিয়েছিলেন এখন সময় হয়েছে তার অনেকগুলি পরিবর্তন করতে হবে। কিন্তু যে পরিবর্তন করতে হবে সেটা মূলতঃ খাতকের দিকে দৃষ্টি রেখে। শহর অঞ্চলে গরীব লোক যারা ধার করতে বাধ্য হয় কিংবা গ্রামাঞ্চলে যারা ঋণের দায়ে একদম ডুবে যেতে বসেছে, তাদের দিকে দৃষ্টি রেখে তাদের প্রতি সহানুভূতি নিয়ে এই আইন সংশোধন করার বা পরিবর্তন করার প্রয়োজন আছে। কিন্তু আমাদের এখানকার আইনমন্ত্রী —বাংলাদেশের শোষক সমাজের প্রতিভূ হিসেবে বিশেষ করে মহাজনদের প্রতিনিধির মত দাঁড়িয়ে তিনি এর একটা সংশোধন করতে চেয়েছেন। এর মধ্যে আমি দেখবার চেষ্টা করবো যেগুলি মূল প্রয়োজন যা কংগ্রেসের মোটা মোটা, বড় বড় বক্তব্যের মধ্য দিয়ে প্রতিফলিত হয়েছে, তার কিছুমাত্র এর মধ্যে নাই। ১৯৪৯ সালে যে এগ্রারিয়ান রিফর্মস কমিটির সুপারিশ বা কুমারাপ্পা কমিটির সুপারিশ—তার মধ্যে পরিষ্কার রয়েছে পরিশোধ করবার ক্ষমতানুযায়ী কৃষকের ঋণকে কমিয়ে আনতে হবে, কৃষিমজুরদের ঋণ একেবারে মাপ করতে হবে। সেদিক থেকে এর মধ্যে কোন দৃষ্টিভঙ্গী নাই।

ব্যাঙ্কিং এনকোয়ারী কমিটির রিপোর্টে যেমন মহাজনদের সম্পর্কে বলা আছে, আর এক দিকে ঋণের উৎস বা সোর্স সম্পর্কে বলা আছে, মহাজনদের সম্বন্ধে আগাগোড়া নিয়ম করে খাতকদের রিলিফ দেওয়ার প্রয়োজন আছে। তারপর ঋণের উৎস শুকিয়ে যেতে পারে, সেজন্য ক্রেডিট বন্দোবস্তের কথা আছে। বলা হয়েছে স্টেট ব্যাঙ্ক গ্রাম পর্যন্ত বিস্তারিত করতে হবে। কিন্তু স্টেট ব্যাঙ্ককে প্রত্যেক অঞ্চল এলাকা পর্যন্ত বিস্তারিত করা হয় নাই। কিংবা স্টেট ব্যাঙ্ক-এর হাতে যে প্রচুর টাকা তুলে দেওয়ার কথা, তাকেও কো-অপারেটিভ মারফত প্রসারিত করবার ব্যবস্থা করা হয় নাই। যার ফলে দেখছি ১৯৫১-৫২ থেকে ১৯৬১-৬২ পর্যন্ত প্রথম দুটি পরিকল্পনার মধ্যে গ্রাম্য ঋণের পরিমাল শুধুমাত্র বেড়ে গেছে ৯৫৪ কোটি টাকা থেকে ১৩৩২ কোটি টাকা আর কো-অপারেটিভ ক্রেডিট ৮ পার্সেন্ট থেকে ২৫ পার্সেন্ট হয়েছে। সেদিক থেকে ঋণের যে সরবরাহ যেটুকু সোর্স, সেই সোর্স অত্যন্ত কম। এদিকে ঋণের সরবরাহ দরকার। আর মহাজনদের সম্পর্কে আইনের কড়াকড়ি দরকার। আর আমাদের বদান্য মন্ত্রি-মহাশয়—তিনি মহাজনদের সম্পর্কে যে কুযুক্তি দিয়েছেন, তাতে তাদের সুবিধা করে দিতে চেয়েছেন।

[3-10—3-20 p.m.]

আর সুদ নেবার সময় টাকা বেশী রিকুইজিশন হচ্ছে বলে বেশী পরিমাণে টাকা নেওয়া দরকার, কি অদ্ভুত যুক্তি—আমি শুনেছি জালান সাহেব খুব ভাল ছাত্র ছিলেন, তিনি নাকি ঈশান স্কলারও ছিলেন। আমি জানি না কি করে হয়েছিলেন, এটা কিরকম ব্যাপার যে নেবার সময় একরকম হিসেব আর দেবার সময় আর একরকম হিসেব, এই হিসেব নিয়ে কখনও পণ্ডিতী করা

Shri Bhakti Bhushan Mandal:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, বেঙ্গল মানি লেন্ডার্স বিল সম্বন্ধে উনি কয়েকটা বিষয় অবজেক্টস অ্যান্ড বিজিনসে বলেছেন। কিন্তু আমার মনে হয়, উনি যে কথা বলেছেন সেটা করতে পেরেছেন কিনা এই বিল সম্বন্ধে আমার নিজের অন্ততঃ সন্দেহ আছে। বিশেষ করে আমরা জানি যে বেঙ্গল মানি লেন্ডার্স অ্যাক্টএর ব্যাপারটা গ্রামে গ্রামে যেভাবে চলে সে সম্বন্ধে উনি যে বিশেষ মনোযোগ দিয়ে চিন্তা করে দেখেছেন এটা মনে হয় না। কারণ, কয়েকটা জিনিস তাহলে উনি অন্তত লিখতেন বা বিলে আনবার চেষ্টা করতেন। কিন্তু সেটা না আনবার জন্য ফল কি হচ্ছে সেটা আমরা বুঝতে পারছি না। আমরা গ্রামে প্রায়ই দেখি যে, অভাবী লোকেরা টাকা ধার করতে যায়, তাদের অবস্থা দাঁড়ায় কি না, একটা কোবলা করিয়ে নেয়। যদি চারশো টাকা ধার দেয়, তাহলে নয়শো টাকা কোবলা করিয়ে নেয়। কোন কোন ভাল লোক আছে যারা এগ্রিমেন্ট করে দিচ্ছে যে, ৪-৫ বছর পরে ফেরৎ দেবে। কিন্তু বেশির ভাগ এগ্রিমেন্ট থাকে না, মৌখিক থাকে। যদি কোন জায়গায় থাকে তাহলে রেজিস্ট্রি করা থাকে না, তাহলে ৪-৫ শো টাকা নিয়ে প্রায় ৯শো টাকা দলিল লিখিয়ে দেয়, আউট অ্যান্ড আউট সেল দেখিয়ে দেয়, আউট অ্যান্ড আউট সেল হয়ে যায়। তারপর অনেক জায়গায় দেখেছি অজ্ঞতার জন্য অনেক লোক আছে যারা ঐ ৪ শো টাকা দিয়ে ঐ দলিলটা ছিঁড়ে ফেলে। মহাজন বললেই দলিলটা ছিঁড়ে দিলে হয়ে গেল। কিন্তু আইনজ্ঞরা জানেন দলিল ছিঁড়ে দিলে কোন লাভ হবে না। কেননা মহাজন যদি আবার সেটা কপি করে নেয় তাহলে জমিটা তার পজেশনে চলে আসবে। গ্রামের অধিকাংশ জায়গায় এই রকম ঘটনা ঘটছে। অথচ সে সম্বন্ধে কিছু দেখতে পাচ্ছি না। সেজন্য উনি যেকথা বলছেন আমি এটা খুব ভাল বিল বলে মনে করছি না। আর একটা কথা হচ্ছে লোন দেবার ব্যাপারে গভর্নমেন্ট যদি এইরকম প্রভিশন না করেন তাহলে গ্রামে মহাজনরা যে কোন শর্ত করুক সেই শর্তে মানুষ যখন দুঃখে পড়ে অবস্থা যখন খারাপ হয় তখন টাকা ধার নিতে বাধ্য হয়। টাকা ধার নেয় সারকামসস্ট্যান্সেছে যখন তার কোন উপায় থাকে না, যেমন ছেলের বিয়ের সময় বা অসুখের সময়, তখন এই সমস্ত কণ্ডিশনগুলি করিয়ে নেয়। কাজেই মূল কথা হচ্ছে বরোয়ারকে বাঁচাবার জন্য, উনি বিলি কি কিছু করেছেন? সেটাই ওনার কাছে আমার জিজ্ঞাস্য। শুধু তাই না, আজকাল পাড়াগাঁয়ে বেশির ভাগ দেখা যাচ্ছে ঐ আফগান কাবুলিওয়ালা যাদের বলে তাদের সংখ্যা খুব বেশি বেড়ে গেছে। আমরা বীরভূম জেলায় দেখি অধিকাংশ গ্রামে কাবুলিওয়ালারা টাকা ধার দেয়। বেঙ্গল মানি লেন্ডার্স অ্যাক্ট অনুযায়ী তাদের লাইসেন্স একটা করে আছে। কিন্তু সেই লাইসেন্সটা তারা কি ফলো করে? আমার মনে হয় ফলো করে না। যারা টাকা দিতে পারে না, তাদের বাড়িতে বসে তারা চালে বাড়ি মারে। কিন্তু সাধারণ লোক যাদের অবস্থা খারাপ তারা ক্রিমিন্যালি প্রোসি-কিউট করতে পারে না। কিন্তু সেইসব ব্যাপারে কোনরকম প্রভিশন এখানে আনা হয়েছে বলে আমি মনে করি না এবং তার রেট অব ইন্টারেস্ট শুনলে আপনি অবাক হবেন, ওরা দিনে এক আনা করে সুদ নেয় দশ টাকাতে। অথচ এদের আইনের আওতায় কোনরকম আনা যায় না ওটা মৌখিক থাকে। একটা লোককে দশ টাকা ধার দেয়, কিন্তু ২০-৩০ টাকা লিখিয়ে নেয়। ত'রা প্রত্যেক সপ্তাহে আদায় করার চেষ্টা করে। এই যে আনস্ক্রুপুলাস যেসব মহাজন তাদের সম্বন্ধে এই বিলে কোন প্রভিশন আছে? আমি মনে করি বিল যখন হচ্ছে, অ্যামেন্ড-মেন্ট যখন নিয়ে এসেছেন তখন সে সম্বন্ধে ফোরসাইট থাকা দরকার। তারপর দেখছি সুদের হার বাড়িয়ে দেওয়া হয়েছে। এটা কি খুব ভাল হয়েছে? আমাদের সরকার নাকি সোস্যালি-স্টিক প্যাটার্নে দেশ গড়তে চাইছেন। কিন্তু যারা বরোয়ার ইন ডিসট্রেস, তাদের আরও বেশি সুদ দিতে হবে এটা কি যুক্তির ভেতর দিয়ে হয়েছে সেটা আমি বুঝতে পারছি না। উনি বলছেন মানি ডেপ্রিসিয়েশন হচ্ছে। আমি যা দেখলাম মানি যখন বেড়ে গেছে তখন কি মানি ভ্যালু ডিপ্রিসিয়েশন করছে না? উনি যেন মানি লেণ্ডারদের সঙ্গে একটা যোগসাজস করে এই ইন্টারেস্ট বাড়াবার চেষ্টা করছেন এবং আমার মনে হয় উনি ধন্যবাদ পাবেন মানি লেণ্ডার-দের কাছ থেকে, আনস্ক্রুপুলাস মহাজনদের কাছ থেকে যারা মানুষকে এক্সপ্লয়েট করছে।

আর একটা কথা তিনি বলবার চেষ্টা করেছেন সেটা আমি মনে করি আইনে টিকবেই না, বৃথা এ চেষ্টা করা হয়েছে। ক্লজ ১০-এ উনি বলেছেন—এভিডেন্স অ্যাক্ট-এ যে রিটেন এগ্রিমেন্ট থাকে,

পারে, তাহলেই তাদের হয়ে গেল। এই তো ঐ বড় বড় অফিস-এর বাবুদের অবস্থা। একই রকম অবস্থা চলছে সমস্ত কর্মচারীদের মধ্যে। আর একটু যদি যান তাহলে দেখতে পাবেন ঐ চটকলের আড়াই লক্ষ শ্রমিকদের, তাদের ঋণের বোঝা কেমনভাবে মাসের পর মাস বহন করতে হচ্ছে। সেইসব জায়গায় বড় বড় সর্দার যারা ঐ কারখানাতেই কাজ করে, তারা যেদিন কাজে ঢোকে—একজন শ্রমিক সেদিন তাদের ধার দেয়, খাবার জন্য এক মাস বা এক সপ্তাহ বা পনেরো দিন এবং সেই পনেরো দিন পরে যখন সে মাইনে পায়, সেই ধার করা টাকার সুদ তাদের গুনতে হয়, আসলটা আর শোধ হয় না জীবনভোর তারা সুদই গুনে যায়। আমি জানি চটকল শ্রমিক যারা তাদের কার্যে জর্জরিত করে রেখে দিয়েছে, সেই সমস্ত সর্দাররা গুণ্ডা দিয়ে কি ভাবে সুদ আদায় করে। আজও পর্যন্ত বহু চটকল শ্রমিক আছে, যারা তাদের মাইনে পাবার পরে তাদের কোমর থেকে টাকাটা কেড়ে নেওয়া হয় সুদ বলে. তার নাকি বাকি ছিল এইরকম বলে। আসল কোনওদিন শোধ হয় না। আমি দেখেছি সেই শ্রমিক কাঁদতে কাঁদতে ইউনিয়ন অফিস-এ উপস্থিত হয়েছে. তার মাইনের একটা পয়সাও নেই, তার জন্য আমরা দেখলাম যে একজন ইন্সপেক্টার করার কথা আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন। সেই ইন্সপেকটারা কি কি কাজ করবেন--তাতে আছে যে যদি কেউ লাইসেন্সধারী সুদখোর থাকে এবং সে যদি আইনের কোন জায়গায় বিরোধিতা করে, আইন অমান্য করে, তাহলে সাব রেজিস্ট্রার-এর কাছে দরখাস্ত করে সেই ইন্সপেকটার মহাশয় তার লাইসেন্স ক্যানসেল করতে পারবেন। এই জনাই একজন ইন্সপেকটার-এর প্রয়োজন ছিল। আপনি যদি একবার শ্রমিকদের মধ্যে ঘুরে আসতেন তাহলে দেখতে পেতেন হাহাকার তাদের মধ্যে কিভাবে রয়েছে, কিভাবে আজও পর্যন্ত চটকলের শ্রমিকরা ঐ বড় ও ছোট সুদখোর দ্বারা নিষ্পেষিত হচ্ছে সুদ দিতে দিতে। তারা আসল যে মাইনে পায়, তার অর্ধেক নিয়ে বাড়ি ফিরতে পারে না। তাদের বাঁচাবার কি ব্যবস্থা আছে?

[3-20—3-30 p.m.]

আমি জানি এখানকার অ্যাসেম্বলীর সদস্য শ্রীনিরঞ্জন সেন মহাশয় পূর্ববর্তী যে এলকা ছিল হাজিনগর বা বর্তমানে আমি যে এলাকা থেকে এসেছি সেই নৈহাটী, জগদ্দল, কাঁকিনাড়া, ইত্যাদি সব জায়গায় দেখেছি যে প্রত্যেকটা চটকলের শ্রমিককে তাদের সর্দার কিভাবে শোষণ করছে সুদ নিয়ে নিয়ে, তাদের বাঁচাবার কি রাস্তা আছে? তাদের বিরুদ্ধে ইউনিয়নকে সংগ্রাম করতে হচ্ছে এবং অত্যন্ত আশ্চর্যের কথা পুলিশ বরাবরই সর্দারদের পেছনে এসে দাঁড়ায়। সর্দাররা লাঠি-ছোরা নিয়ে শ্রমিকদের অত্যাচার করে তখন থানায় গিয়ে বললেও কিছু ফল হয় না। সেখানে একজন ইন্সপেকটর কি করবে? সুতরাং যখন সংশোধন করবেন তখন ইন্সপেকটরদের কর্তব্য হবে যে চটকলে নিয়ে ঘুরে দেখা যে যারা কর্জ দিয়েছে তারা যেন জোর করে কেড়ে না নেয় কোথাও এটা উল্লেখ থাকে না যে কত টাকা নিল বা কত টাকা সুদ দিল। ইন্সপেকটররা গিয়ে যদি চটকলের শ্রমিক গ্রামের কৃষকদের মহাজন কিভাবে নিষ্পেষিত করছে ইত্যাদি যদি দেখেন এবং ধরার ব্যবস্থা করেন তাহলে অনেক উপকার হবে। অফিস-এ যারা কাজ করেন তাঁরা জানেন যে কি ভাবে কর্জ নিয়ে সুদ দিতে হয়। কিন্তু আজ পর্যন্ত সর্দার অফিস-এ পিওন মহাজনদের শরণাপন্ন হতে হয় তার থেকে রেহাই দেবার কোন ব্যবস্থা করা হয় নি। ধান কর্জ দেয় টাকা নিয়ে, যেখানে এক মণ নিল সেখানে দেড় গুণ দিতে হয় সুদ হিসাবে। এসব ব্যবস্থার কি প্রতিকার হবে তার কোন ব্যবস্থা নেই। আমরা জানি স্টেট ব্যাংক থেকে ধার দেওয়া হবে কো-অপারেটিভ ব্যাংক করা হবে কিন্তু কিছুই করা হয় নি। ইন্সপেকটাররা গ্রামে গ্রামে গিয়ে কি দেখবেন তা জানি না। কৃষকরা যে ধার নিল তার কত সুদ দিল, পুরা কত টাকা কর্জ নিল এবং কত সুদ দিল এসব ধরার কোন ব্যবস্থা নেই। সেজন্য আমি মনে করি যে, ইন্সপেকটার-এর দ্বারা কোন ভাল ফল হবে বলে মনে করি না। তারপর যারা দশ বৎসর ধরে কর্জ নিয়ে সুদ টানছে তাদের সে সম্বন্ধে খাতাপত্রে কিছু পাওয়া যাবে না এবং যতদিন তারা বেঁচে থাকবে বা পুত্র-পৌত্র তাদের সব এ সুদ টেনে যেতে হবে। এর উদাহরণ কংগ্রেসের ১৮ বৎসরের শাসনের পরেও বহু আছে। কেন এই আইন থাকবে না যে দশ বৎসরের বেশী কাউকে এ জাতীয় সুদ দিতে হবে না। কৃষক যারা ৫-১০ টাকা কর্জ নিয়েছে তাদের ১০০, ২০০, ৫০০ টাকা পর্যন্ত সুদ গুনে যেতে হচ্ছে, তাদের কেন মাফ করা হবে না এবং তার জন্য কি সংশোধনী হল সেটা জানতে চাই। সেজন্য আমি বলছি জনমত সংগ্রহের জন্য এ বিলটা সার্কুলেশানে দেওয়া হোক।

Shri Abhoy Pada Saha:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ১৯৪০ সালে যে মানি ল্যান্ডিং অ্যাক্ট চালু ছিল সেই অ্যাকট অনুসারে পল্লীগ্রামের জনসাধারণ উপকৃত হচ্ছিল। যে আইনের দ্বারা বহু লোক যে ধার দেনা পেত তার দ্বারা উপকৃত হত এবং এর দ্বারা জমি জমা ছিল আজ পর্যন্ত সকলেই পশ্চিমবাংলার প্রায় সব গ্রামের লোকই এই আইনের কথা বলে এবং আইন প্রণেতার কথাও স্মরণ করে। যা হোক এই আইন আজ সংশোধন হতে চলেছে এবং আইন মন্ত্রিমহাশয় যে কিছু কিছু সংশোধন এনেছেন যে সংশোধন যে ১৯৪০ সালের যে দৃষ্টিভঙ্গী নিয়ে তৈরী হয়েছিল সে দৃষ্টিভঙ্গীর কথা আমরা কিন্তু হাউস-এ শুনতে পেলাম না, সেইজন্য দৃষ্টিভঙ্গী যে এক সেটা আমরা মনে করতে পারছি না। সে দৃষ্টিভঙ্গী ছিল ধার গৃহীতা সাহায্যের জন্য কি করে সে ধার থেকে নিষ্কৃতি পেতে পারে সে ব্যবস্থা ছিল, আমরা দেখছি সে ব্যবস্থা মোটেই নেই। এখন পরবর্তী অবস্থায় ঋণের যে প্রচলন সেটা নানারূপ নিয়ে আবির্ভূত হয়েছে এবং যারা অভাবগ্রস্ত লোক তাদের শোষণ করা হচ্ছে, যাদের অর্থ আছে তারা বিভিন্ন উপায়ে সুদ খায়। যেমন আগে ধান বাড়ী ব্যবস্থা ছিল, এখন আর তা নেই, এখন ধান দেওয়া হয় চড়া দরেই তা দেওয়া হয় এবং তা স্ব-ইচ্ছায় ঋণ গৃহীতা তা নেয়। তার পর যখন ধানের দর উঠে তখন দেড়া দরে অর্থাৎ দেড়া সুদে সে শোধ দেয়। ধানের দাম যখন কমে তখন দেখা যায় যে আসলে তাকে সম পরিমাণ প্রায় তাকে আকর দিতে হচ্ছে এইভাবে অভাবগ্রস্ত লোককে অভাবের সুযোগ নিয়ে এভাবে শোষণ করা হচ্ছে, সে ৬-৮ মাসের মধ্যে তাকে সেই পুরান টাকার সম পরিমাণ সুদ সমেত দিতে হচ্ছে। এইসব যদি আইনের দ্বারা বন্ধ না করা হয় তা হলে ১৯৪০ সালের আইনের দ্বারা যে কতটা লোকের উপকার করতে পারবো সেটা ভাবা দরকার। আপনারা ইন্সপেকটার-এর কথা বলেছেন। ইন্সপেকটার করা হবে ত্রুটি বিচ্যুতি দেখার জন্য এবং লোন যেটা হবে ঐ মানি ল্যান্ডিং বিজনেস করার জন্য সেই লোনধারী কত লোক আছে যারা দেনা কেবল দিয়েই চলেছে, গ্রামের বোধ হয় এক পার্সেন্ট লোকেরও লাইসেন্স নেই সুতরাং ইন্সপেকটররা যাদের লাইসেন্স নেই তাদের কিভাবে ধরবেন তা বুঝতে পারছি না। আমরা মনে করি যেমন এক্সাইজ-এর সাব-ইন্সপেকটার আছেন, ইন্সপেকটার আছেন ঐ অবৈধ লোকের জিনিস ধরার জন্য এখানে যদি সেইভাবে ইন্সপেকটার বহাল করবার ব্যবস্থা করা হয় তাহলে ভাল হয়।

তাহলে আমরা মনে করবো যে যারা ধার গ্রহীতা তাদের কোন উপকার হবে না। বরঞ্চ তাদের আরও নিপীড়ন আরম্ভ হবে ঐ ইন্সপেকটর বসানোর জন্য। যারা ঋণ দেবার ব্যবস্থা করে ঐ ইন্সপেকটরকে সন্তুষ্ট করবার জন্য তাদের ব্যয় করতে হবে এবং সেই ব্যয় যারা ঋণ গ্রহণ করবে তাদের উপর দিয়ে তুলবে। এই অবস্থার সৃষ্টি হবে—সেইজন্য মন্ত্রিমহাশয়কে বলি যে এই বিলটিকে বিশেষভাবে চিন্তা করে জনসাধারণের মতামত নিয়ে যাতে ঋণ গ্রহীতারা ঠিক ঠিক মত সুদ দিয়ে টাকা ধার পায় সেইভাবে যদি একটা ব্যবস্থা চালু করতে পারা যায় তাহলে জনসাধারণ বুঝবে যে সরকারের তরফ থেকে আমাদের রক্ষা করা হচ্ছে সেই জন্য মন্ত্রিমহাশয়কে বলি যে এই বিলটিকে জনমত সংগ্রহার্থে দেওয়া হোক এবং সুষ্ঠুভাবে যাতে বিলটি তৈরী হয় সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি তাঁকে অনুরোধ করছি।

[3-30—3-40 p.m.]

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই বিলটি জনমত সংগ্রহের জন্য যে সার্কুলেশন মোশন এনেছি সেটা কেন এনেছি সে সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাচ্ছি। মাননীয় মন্ত্রিমহাশয়কে খুব দুঃখের সঙ্গে এই কথা বলতে হচ্ছে যে এই বিলটিতে যে ধারাটি সংযোজনা করেছেন তাতে পশ্চিমবাংলার ঋণ জর্জরিত দেশবাসীর ঘাড়ে আবার ঋণের বোঝা চাপিয়ে দেবার একটা বিশেষ ধারা যোগ করে দিয়েছেন। অর্থাৎ সুদখোর মহাজনদের হাতে আরও একটা শক্ত হাতিয়ার—অর্থাৎ যে হাতিয়ার ছিল তাকে অধিকতর শাণিত করে দেবার জন্য এই ধারাটি দিয়েছেন। কি যুক্তিতে সুদ বাড়াবার কথা তুলেছেন এই ধারাতে সেটা পড়লে ডেপুটি স্পীকার স্যার, আপনি আশ্চর্যান্বিত হবেন যেকথা পাঁচুগোপাল ভাদুড়ি তুলেছেন

Rupee has depreciated considerably since the passing of the Bengal Money-Lenders Act, 1940.

সেইজন্য সুদ ৮ টাকার জায়গায় ১০ টাকা ১০ টাকার জায়গায় সাড়ে বার টাকা করে দিতে চাচ্ছেন। এই যে যুক্তিটি আসল টাকা ডেপ্রিসিয়েশন হয় নি সুদের টাকা শুধু ডেপ্রিসিয়েশন হচ্ছে এটা অদ্ভুদ যুক্তি। টাকার যদি মূল্য কমে যায় তাহলে আসল টাকাও কমবে এবং সুদের টাকাও কমবে। এটা কি করে তার বিভাগ থেকে এত বুদ্ধিমান লোকেরা আমাদের সামনে এনেছেন সেটাই আমরা আশ্চর্য বোধ করছি। সুতরাং ভক্তিবাবু যেকথা বলেছেন জোরের সংগে যে সুদখোর মহাজনদের যোগসাজসে এইটা পাশ করিয়ে নেবার জন্য চেষ্টা করছেন—আমিও তাঁর কণ্ঠের সংগে কণ্ঠ মিলিয়ে সেই কথাই বলছি। আজ ঋণভারে জর্জরিত দেশবাসীকে বাঁচাবার জন্য কোন প্রকার ধারা এতে নেই। বরং তারা যতটকু ঋণ পাচ্ছিল ততটুকু ঋণ পাবার ব্যবস্থাকে আরও অচল করে দেবার ব্যবস্থা ইন্সপেকটার নিয়োগের দ্বারা হয়েছে। এই যে ইন্সপেকটার নিয়োগের কথা একজন তুললেন সেই ইন্সপেকটার যখন গ্রামে গিয়ে দেখবে তখন কেউ আর টাকা ধার দেবে না—এখনই টাকা ধার দেয় না, কেন না তার হিসাব রাখতে পারেন না বলে—লাইসেন্স করেন না—সুতরাং অতি কষ্টে গরীব লোকেরা সুদখোরদের কাছে আসল টাকার অনেক বেশী লিখিয়ে যে টাকা পায় ইন্সপেকটার প্রভুর আবির্ভাবে সেই টাকা পাওয়া যাবে না। সুতরাং গোপনে ঐ সাদা কাগজে টিপ দিয়ে জমি লিখিয়ে নেবার যে ব্যবস্থা সেটা আরও ভাল করে বলবৎ হবে। সুতরাং ইন্সপেকটারদেবের আবির্ভাবে এই টাকা পাবার সমস্যাকে পশ্চিমবাংলায় আরও জটিলতর করে দেওয়া হবে বলে আমি বিশ্বাস করি। সেই জন্য এই বিলের তীব্র বিরোধিতা করবার জন্য আমি দাঁড়িয়েছি। দুটো বিষয় তুললাম আর একটি বিষয় প্রসঙ্গত উল্লেখ করতে চাই—সরকারের দৃষ্টিভঙ্গী এতো খারাপ আজ মহাজনদের সুদ বাড়াবার জন্য তারা আইন করছেন—কিন্তু সরকারী আইনের মধ্যে যে সমস্ত জিনিস আছে চক্রবৃদ্ধি হারে সুদ আদায়ের যে আইন পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্টকে, তাকে সংশোধন করে যাতে দরিদ্র কৃষকরা ঋণ থেকে কিছুটা লাঘব পেতে পারে তার তো কোন ব্যবস্থা করলেন না। অধিকন্তু মহাজনদের হাতে এই ক্ষমতা তুলে দিচ্ছেন আমি আপনার কাছে দণ্ড সুদের কথাটা একটু খুলে বলি। আমাদের দেশে যেসমস্ত ঋণ সরকার দেন ১০০ টাকায় দণ্ড সুদ আদায় হচ্ছে ১০-১৫-২০-২৫-৩০ এমন কি ৫০ টাকা পর্যন্ত। এই করে তিন চার বছর পরে দেখা যায় যে আসল টাকার চেয়ে সুদ বেশী হয়। এটা হচ্ছে মান্ধাতা আমলের দণ্ড সুদের জঘন্য আইন যেটা এখনও চালু রেখেছেন—তা ক সংশোধন করবার ক্ষমতা এই সরকারের হয় নি। সুতরাং আমি আমার মনের কথা খুলে বললাম—এই বিলের আমি তীব্র বিরোধিতা করছি। এটা মহাজনদের হাত শক্ত করে দেবে—সেইজন্য জনমত সংগ্রহের জন্য আমি যে মোসান দিয়েছি আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন। এই বলে আমি শেষ করছি।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1965.

এই যে সংশোধনী বিলটি এসেছে আমি সার্কুলেশন মোসনকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই বিলটি আসা না আসা আপেক্ষিক বিচার করলে এটা দেখা যায় যে এই মহাজনী আইন যা ছিল আইনের অস্তিত্ব থাকা সত্ত্বেও আইনের বাইরে বেআইনীভাবে যে মহাজনী কারবার চলছে তাকে সরকার রোধ করতে পারে নি এবং পারবেও না, কারণ আইনটা সম্পূর্ণরূপে নেগেটিভ হয়ে গেছে। যে বিলটি এসেছে সেটাও নেগেটিভ বিল। আমি নেগেটিভ বলছি এই জন্য যে, পজেটিভলি সরকারের এমন কোন পরিকল্পনা নেই বা এমন কোন বিল বা আইন তাঁরা করতে চান না যার ফলে প্রত্যক্ষভাবে চাষীরা কৃষক মজুর সাধারণ লোকেরা এই সামন্ততান্ত্রিক সুদখোরী ব্যবসাদারদের হাত থেকে মুক্তি পেতে পারে। সামন্ততান্ত্রিক যুগের যে সুদখোরী ব্যবসা, সামন্ততান্ত্রিক যুগের যে চক্রবৃদ্ধির ব্যাপার যে শোষণ তাকে রেগুলারাইজ করে নেওয়া হচ্ছে বর্তমান সোস্যালিস্টিক প্যাটার্ন অফ গভর্নমেন্টের এই আইন দ্বারা। যে আইন ছিল তা যেমন ইনএফেকটিভ, যে সংশোধনী এসেছে সেটাও তেমনি ইনএফেকটিভ হতে বাধ্য। কারণ পজেটিভলি কৃষি ঋণ বা অন্য কোন ঋণ দেবার ব্যবস্থা এই সরকার করতে পারলেন না, ফলে লোকেরা ব্যাঙ্কে লোন দেন এবং ব্যাঙ্কে সুদ তিন-চারগুণ বেশী। আগে জানতাম টাকায় দুই পয়সা বেশী সুদ—এখন দেখছি মানুষ যত বিপদে পড়ে সুদের মাত্রাও তত বাড়ে। যেমন

যেমন চাষী চাষ করতে গেলে টাকা চাই—তাকে বেশী সুদ দিতে হবে—ফসলের ক্ষেত্রেও সেই অবস্থা আমরা দেখতে পাই, দেড় গুণ দু গুণ দিতে হয়। কাজেই ফসল তোলবার আগে পর্যন্ত যে অভাব সেটা মেটাবার ব্যবস্থা এই ১৮ বছর কংগ্রেসী শাসনে কিছুই হয় নি। ফলে একটা সমাজকে সরকার ছেড়ে দিয়েছেন এই সমস্ত মহাজনী ব্যবসাদারদের হাতে, যার ফলে বাংলাদেশের গরীব লোক কৃষক, মধ্যবিত্ত মজুর তারা আজকে মহাজনদের শোষণে দগ্ধ হতে চলেছে। আমার জেলার কয়েকটি কথা বলতে চাই—পাটের দেশ মুর্শিদাবাদ—পাট যখন চাষ করে তখন টাকায় চার আনা দিতে হবে এইভাবে দাদন দিতে হয়। কাজেই এই যে মানি লেন্ডিং কথাটা দিয়েছেন এই মানি লেন্ডিং কথাটি ক্যাপিটালিস্টিক ওয়ার্ল্ডে ফিউডালিস্টিক টার্ম। ১০০

[3-40 3-50 p.m.]

টাকা নিলে সেখানে ১২৫ টাকার জিনিস দিতে হবে। এক মাস পরে দুই মাস পরে ১২৫ টাকা ১৩০ টাকা ১৫০ টাকা হারে কষে ঐ হারে দিতে হবে। কারণ, ক্যাশ লোন দিচ্ছে কিন্তু সুদ নিচ্ছে ইন কাইন্ডস। কাজেই এই বিলটা সার্কুলেশানে দেওয়ার জন্য যে মোশান নিয়ে এসেছে তাতে আমি এইটুকু গুরুত্ব উপলব্ধি করেছি যে এই বিল আরো কমপ্রিহেনসিভ আকারে নিয়ে আসা উচিত, আরো ভালভাবে জনসাধারণের মতামত নেওয়া উচিত, কৃষক শ্রেণীর মধ্যে, মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে এর কি রিঅ্যাকশান হয় সেটা ভাল করে জানা দরকার। তারপর ভাল করে একটা বিল কম্প্রিহেনসিভ আকারে নিয়ে এসে যদি শুভ ইচ্ছা প্রকাশ করেন তাহলে সেই শুভ ইচ্ছা ফলবতী হতে পারে। আমি দেখছি এই আইনটা যদি পাশ হয়ে যায় তাহলে এর দুটো দিক আছে—একটা ভাল দিক আর একটা খারাপ দিক, ভাল দিকটা কাজে লাগবে না কিন্তু খারাপ দিকটা প্রচণ্ডভাবে কাজে লাগান হবে। কন্ডিশন্যাল সেল—মর্টগেজ করল, কন্ডিশন্যাল সেল হয়ে গেল, সেইসব কেস রিওপেন করে জাস্টিস পাবার সুযোগ এই বিলে নেওয়া হয়েছে। কিন্তু যেভাবে ইন্ডিয়ান এভিডেন্স এ্যাক্ট এখানে সংশোধন করার চেষ্টা করা হয়েছে তাতে ওর্যাল এভিডেন্সকে স্বীকার করে নেবার ব্যবস্থা করা হয়েছে। ওরাল এভিডেন্স বার করা হয়েছিল। সেইসব ব্যাপার আমার মনে হয় আইনের ধোপে টিকবে কিনা জানি না, তথাপি এইসব জিনিসগুলি আইনে আসার ফলে আমার মনে হয় যে শুভ ইচ্ছা কন্ডিসন্যাল সেল আটকান যাবে না। তারপর সুদের হার কমল না, মহাজনদের শোষণ বেড়ে গেল। সুদের হার যখন বাড়িয়ে দিলেন তখন যারা ইল্লিগ্যাল ব্যবসা করে বেআইনী ব্যবসা করে মহাজনী আইনকে ফাঁকি দিয়ে তারা নৈতিক ভিত্তি পাবে তাদের সুদের হার বাড়িয়ে দেবার জন্য। আজকে আমাদের দেশে মহাজনী আইন যেভাবে চলেছে তার হাত থেকে মুক্তি পাবার জন্য যেভাবে জনসাধারণের মতামত নেওয়া উচিত ছিল যেভাবে সামগ্রিক বিল রচনা করা উচিত ছিল, সরকার সেদিক দিয়ে ব্যর্থতা প্রমাণ করেছেন। আমার মনে হয় এদিক থেকে দৃষ্টিভঙ্গীও সুদূর প্রসারী নয়। প্রত্যেকটা গ্রাম এলাকায় কি ধরনের ঘটনা ঘটছে মহাজনী শাসন এবং শোষণের ফলে সরকার সেদিকটা মোটেই ভ্রূক্ষেপ করেন নি। কাজেই আমি এই বিলের সার্কুলেশান মোশান সম্পূর্ণ সমর্থন করি।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th July, 1965.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী জালান সাহেব আজকে যে সংশোধনী বিল নিয়ে এসেছেন সেই বিলের ব্যাপারে কিছু বক্তব্য রাখা প্রয়োজন বলে মনে করি এবং আজকে আমরা দেখতে পাচ্ছি বর্তমান পরিস্থিতিতে বিশেষতঃ চেঞ্জড্ সারকামস্টান্সএ যখন হয়েছে তখন যেভাবে বিলগুলি জনসাধারণের হিতার্থে নিয়ে আসা উচিত ঠিক সেইভাবে বিলগুলি আনা হচ্ছে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি এই হাউসে সবচেয়ে প্রবীনতম সদস্য। আপনি জানেন এই হাউসে একদিন বেঙ্গল মানিলেন্ডার্স অ্যাক্ট বৃটিশ আমলে স্বর্গত ফজলুল হক সাহেব নিয়ে এসেছিলেন এবং তখনই আপনারা যাঁরা অপোজিসানে ছিলেন এবং কংগ্রেস সদস্যরা অপোজিসানে ছিলেন, ঐই কথা বলেছিলেন যে অ্যাক্ট নিয়ে এসেছেন এর চেয়ে আরো ভালভাবে নিয়ে আসা উচিত ছিল। তখন করাচি কংগ্রেসের নির্দেশে যে সংশোধন সেই সংশোধন অনেকে এই হাউসে দাঁড়িয়ে উদ্ধৃত করেছিলেন। কিন্তু আজকে দেখতে পাচ্ছি যে ১৭ বছর পরে দেশ স্বাধীন হবার পর এবং বিশেষতঃ কংগ্রেস পক্ষ থেকে ভুবনেশ্বর রেজলিউসানে সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা নিয়ে আসার কথা ঘোষণা করেছেন তারপরে এইরকম একটা আইন যে আইনে না সমাজতন্ত্র না গণতন্ত্র কোন তন্ত্র নেই একমাত্র তন্ত্র আছে সেটা হচ্ছে সুদ তন্ত্রকে

একটু বাড়িয়ে দেওয়ার চেষ্টা সেই রকম আইন নিয়ে এসেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আজকের পরিস্থিতিতে আইন কিভাবে আনতে হবে কিসের উপর ভিত্তি করে আইনটা আনতে হবে সেটা নির্ভর করে সেই দলের দৃষ্টিভঙ্গীর উপর। যারা খাতক, যারা আন্ডার ডগস বাইরের কোটি কোটি মানুষ তাদের উপর ঋণের বোঝা থাকায় তারা দৈনন্দিন জীবনে সুদখোরদের হাতে বঞ্চিত হচ্ছে, তাদের বংশ পরম্পরার উপর ঋণের বোঝা চেপে বসে আছে। তার থেকে মুক্তি দেওয়াই হল সমাজতন্ত্রের রক্ষা। তা যদি হত তাহলে নিশ্চই এই বিলকে নিয়ে আসতেন না।

কিন্তু উনি সমাজতন্ত্র বলতে কী বোঝেন আমি জানি না। তাঁরা যা বুঝুন সেটা আমাদের পক্ষে মারাত্মক হয়ে দাঁড়িয়েছে। আমরা দেখছি বাংলাদেশে ঋণের পরিমাণ চাষীদের যেভাবে বেড়ে গেছে, তাদের বংশপরম্পরা সে ঋণ শোধ দেবার ক্ষমতা নাই! তবুও বাধ্য হয়ে চাষীদের ঋণ নিতে হয়। ও'রা অনেক সময় কো-অপারেটিভ সোসাইটির কথা বলেন—কিন্তু সেই কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটির ৫১ পার্সেন্ট মারা গেছে যার মারফৎ চাষীর ২৫ পার্সেন্ট নিডএর বেশী পূর্ণ হয় না। কাজেই তাকে বাধ্য হয়ে মানি লেন্ডার্সদের কাছে যেতে হয়। কোন লাইসেন্সড মানি লেন্ডারই হোক বা আন লাইসেন্সড মানি লেন্ডারই হোক তারা তার সমস্ত জমি সমস্ত প্রপার্টি খাসকোবালা লিখিয়ে নিয়ে তবে ঋণ দেয়, তা কখনো শোধ হয় না। তা থেকে কৃষকদের রক্ষা করবার কী ব্যবস্থা আপনারা করেছেন আমি মুর্শিদাবাদের কথা জানি—সেখানে এক লক্ষ একর জমি এইভাবে চাষীদের হাত থেকে মহাজনদের হাতে চলে গেছে—ঐ ঋণ নিতে গিয়ে কই এখানে তো তার জন্য কোন প্রভিসান নাই। মন্ত্রিমহাশয় সুদ বাড়াবার কথা বলছেন, এই সুদ বাড়ছে কেন? না, মানি ডেপ্রেসিয়েটেড হয়েছে। মন্ত্রিমহাশয় একজন অভিজ্ঞ ও বিজ্ঞ লোক, তিনি কি করে বললেন যে সুদ বাড়বে? যেহেতু মানি ডেপ্রিসিয়েটেড হয়েছে। সেই জন্য আমি মনে করি এই বিলটা এই রকমভাবে না নিয়ে এসে সত্যকারের চাষীদের রিলিফ দেবার যদি উদ্দেশ্য থাকে, তাহলে জনগণের সমর্থনের জন্য দেন যাতে ভাল করে বাংলাদেশের দুর্গত মানুষ আপনাদিগকে আশীর্বাদ করে যেমন করে তারা ফজলুল হক সাহেবকে করেছিল। এই কথা বলে আমি বিলের বিরোধিতা করছি।

Shri Birendra Kumar Maitra:
মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় মানি ল্যান্ডার্স বিলের বিরুদ্ধে যে সার্কুলেশন মোশন এখানে আনা হয়েছে, আমি তার বিরোধিতা করছি। এই বিলটা আনা সম্বন্ধে যদি সার্কুলেশন মোশন দেওয়া দরকার হয়, তাহলে আমাদের বক্তব্য ও সার্কুলেশনএ দেওয়ার দরকার। এই বিল সম্বন্ধে কারো কা'রো আপত্তি থাকতে পারে যদিও সব বক্তাই স্বীকার করেছেন এই বিলের প্রয়োজনীয়তা আছে।

অনেকে বলেছেন সুদ বৃদ্ধি করে মানি লেন্ডারদের সুবিধা করে দেওয়া হচ্ছে। আমি বলবো আগেই এই সুদ বৃদ্ধি করা উচিত ছিল। তার কারণ হচ্ছে বৃদ্ধি সুদে টাকা নিতে হচ্ছে। কাজেই আইনগতভাবে পেছনে পড়ে থাকার কোন মানে হয় না। প্রত্যেক ব্যাংক সুদ বৃদ্ধি করেছে পাঁচ-ছয় বছরের মধ্যে। কিন্তু মানি লেন্ডার্সদের সুদ বৃদ্ধি করা হয় নাই। এ সম্বন্ধে একটি ইন্সপেকশন স্টাফ থাকা খুব দরকার আমি মনে করি থাকা উচিত। একটি জিনিষ সম্বন্ধে অবিলম্বে হওয়া দরকার। একটি জিনিষ সব চেয়ে বড় হয়ে দেখা দিয়েছে কন্ডিশনাল জমি বিক্রীর কথা। আমি কয়েক বছরের মধ্যে দেখছি মানি লেন্ডাররা জমি সাফ কোবলা না করে কিছুতে লোন দেয় না। অনেক ক্ষেত্রে দেখা গেছে সাফ কোবালার কথা যে মুখে মুখে কন্ডিশান ছিল জরি ফেরত দেবে। কিন্তু সুদের মাত্রা বৃদ্ধি হওয়া সত্ত্বেও সে জমি ফেরত পাইনি।

[3-50—4 p.m.]

এই রকম কেসগুলি রিওপেন করা যায় কিনা? যেমন আগে ঋণ সালিশি বোর্ড করে অনেক ক্ষেত্রে সুবিধা পাওয়া গিয়েছিল সেটা পাওয়া যায় কিনা সে বিষয়ে একটু চিন্তা করতে অনুরোধ করছি। তারপর, আর একটা জিনিস আমরা গ্রামে দেখি, কোন সুদ বা টাকা লেখা হয় না। কেবলমাত্র সাদা কাগজে টিপ সই দিয়ে টাকা দেওয়া হয়। আর মানি লেন্ডাররা পরে ঐ সাদা কাগজে যেমন খুসি বসিয়ে দেয়। আইনতঃ এই সাদা কাগজে টিপ সই নেওয়া একবারে বন্ধ

করতে হবে। আমার জানা কতকগুলো পরিবার আছে যাদের কাছে হানা দিলে পুলিশ এরকম হাজার হাজার টিপসই দেওয়া কাগজ পাবে। এর ফলে আমরা দেখেছি বহু পরিবার পথে বসেছে। এ বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব যে, এই বিলে না হলেও অবিলম্বে অর্ডিন্যান্স জারি করে এটা বন্ধ করা দরকার। তা ছাড়া ফসলের বিরুদ্ধেও দাদন দেওয়া হচ্ছে। ২০, টাকা নিলে ২ মণ ফসল দিতে হয় কিন্তু সেটা লেখা থাকে না। এ জিনিষটাও বন্ধ করা দরকার। শৈলবাবু বলছিলেন আমরা কো-অপারেটিভকে সমস্ত টাকা দিতে পারিনি। সমস্ত টাকা দিতে আরও বহু দিন লাগবে। তার আগে মানি লেন্ডার্স অ্যাক্টটাকে ভালোভাবে চালু করা দরকার। অলিখিতভাবে ফসলের বিরুদ্ধে দাদন, সাদা কাগজে টিপসই এগুলো বন্ধ করার জন্য আবার আবেদন জানিয়ে এবং এই মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Clifford Noronha: Mr. Deputy Speaker, Sir, I should like to congratulate and thank the Hon'ble Minister for having brought the Bengal Money-lenders (Amendment) Bill. This Bill, I hope, will remove a great social evil, an evil which is no less grievous than the evils of black-marketing, hoarding, profiteering or adulteration, but with this difference that this evil has not had the publicity it deserves, because the borrowers are very much reluctant to let it be known that they have borrowed; and so they suffer in silence whereas those who suffer from the effects of profiteering, black-marketing or adulteration are free to shout their objections and grievances from house-tops.

I have considerable experience of money-lenders and their evil ways. About twelve years ago I organised a co-operative society known as the Christian Co-operative Credit Union. In this Society members are compelled to save something regularly every month and thus they acquire a habit of thrift. During the last twelve years we have lent our members about Rs. 6 million, mostly to save them from the clutches of money-lenders. We have got over a thousand applications for loans, and the main evils disclosed are, (1) that the money-lender charges a rate of 150 per cent. interest; (2) in most cases the borrower is compelled to sign inflated bonds, usually for four times the amount borrowed; and (3) as most money-lenders have printed bond forms on which names of various cities in India are enumerated, suits are brought not in Calcutta where loans are taken, but in places like Burdwan or Asansol which makes it impossible for the borrowers to contest the cases or even to plead for lower instalments. The Registrar who is in charge of the Money-lending Act has power to grant a licence but has no power to cancel it. The only remedy is for the borrower to go to Court but this, as I have said before, no borrower likes to do because no one likes it to be known that he is a borrower; and so these people are compelled to suffer without any redress.

In 1959, I submitted a bill to amend the Bengal Money-lenders Act with a view to removing these main grievances. I suggested that Inspectors should be appointed who could receive complaints from the borrowers, who could examine the accounts of money-lenders and then report to the Registrar. The Registrar should be empowered to cancel a licence or impose other penalties. It should be obligatory for every loan bond to specify the name of the place where the loan was taken.

I am happy to state that the Hon'ble Minister has accepted all these recommendations and incorporated them in the Bill. I am sure that many millions of people all over Bengal who mainly belong to the middle income group and the lower income group, will be saved and they will bless the Hon'ble Minister for having introduced this Bill. These people are suffering untold misery—blood, sweat and tears.

With these observations, Sir, I strongly support the Bill.

Shri Narayan Choubey:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলে ভালো যে কি হবে তা আমি বুঝতে পারছি না। কারণ এই বিলে সুদ বাড়ানো হচ্ছে। আর, তাছাড়া এ বিল আসলেই যে ধার নেওয়া বন্ধ হবে তাও নয়। যদি ঠিক সময় মানুষকে ধার—ক্রেডিট নেবার বা পাবার ব্যবস্থা না করা যায় তাহলে যতই আইন করুন না কেন তাদের সেই কিস্তীওয়ালা বা সুদওয়ালার হাতে গিয়ে পড়তেই হবে। এই আইন দিয়েও তার পরিত্রাণ নেই। কারণ এই মাত্র শুনলাম যে ১ মণ ফসল নিয়ে ২ মণ দিতে হয়। ২০ টাকা নিয়ে ২৫ টাকা দিতে হয়। তা ছাড়া কংগ্রেস পক্ষের একজন মাননীয় সদস্য বললেন যে তিনি পুলিসকে হাজার হাজার টিপসই দেওয়া কাগজ দেখাতে পারেন। অবশ্য কেন যে দেখান না জানি না। তবে শুধু ইনস্পেক্টার দিয়ে এগুলো বন্ধ করা যাবে না। অতএব আমি বলব সমস্ত দিক দিয়ে বিচার করে এই বিল আনলেই ভালে হ'ত। শুধু মাত্র অ্যাডভান্স-মেন্ট এখানে হয়েছে যে ওরাল এভিডেন্স আপনারা গ্রাহ্য করবেন এটা নিশ্চয়ই ভালো, এটাতে শুভেচ্ছা আছে বলে মনে করছি। তাছাড়া যারা খাতক তাদের আনস্ক্রুপলাস মানুষের হাত থেকে যে বাঁচাবেন না এ বিষয়ে আমার কোন সন্দেহ নেই। ইন্ডাস্ট্রিয়াল বেল্ট সম্বন্ধে আমার অভিজ্ঞতা আছে। ১০।১২ বছর সুদের কারবার করে বড় বড় বাড়ী, লক্ষ টাকার মালিক হতে অনেককে দেখেছি। কারখানার গেট থেকে মাহিনা না নিয়ে অন্য লোককে দেয়। মাহিনা কেড়ে নেওয়া বা মার খাওয়া এ সমস্ত চোখের সামনে দেখেছি। তা ছাড়া ১০০ টাকার জায়গায় ৫০০ টাকা লিখিয়ে নেওয়া বা টিপসই নিয়ে নেওয়া, সাক্ষী রাখা এবং যদি না দেয় আইনের সাহায্যে সম্পত্তি ক্রোক করার কেস হাজার হাজার দেখেছি। তাই আমার মনে হয় শুধু মাত্র এইটুকু পরিবর্তন করে এই বিলটা নিয়ে আসলে কোন উপকারই হবে না। তাই আমি অনুরোধ করবো একটা থরো গোইং বিল—পূর্ণাঙ্গ বিল আনার চেষ্টা করুন। যাতে করে সত্য সত্য যারা ধার নেয় তারা লাভবান হতে পারে। তারপর, লাইসেন্স প্রাপ্তদের জন্য আইন করেছেন, কিন্তু যারা লাইসেন্স প্রাপ্ত নয় তারা যদি কারবার করে তার জন্য কি করবেন? কিম্বা লাইসেন্স আছে এমন কাবুলিওয়ালা ছাড়াও মাদ্রাজী, পাঞ্জাবীরা আজকাল গ্রামে যাচ্ছে। তারা দৈনিক সুদ নেয় টাকায় ১০ আনা সুদ। এমনকি মাসে ১ টাকা নিলে ১ টাকা ১৪ আনা দিতে হয়। যারা আনাজ বিক্রী করে তাদের এরকম দিতে হয়।

[4—4-10 p.m.]

এসমস্ত ব্যাপারে একটা থরো বিল যদি না নিয়ে আসেন তাহলে কিছু হবে না, এবং সঙ্গে সঙ্গে যদি মানুষের ধার নেবার সময় ধার দেবার ব্যবস্থা না করতে পারেন তাহলে এ বিল পাশ করে কিছু ফল হবে না। এ সমস্ত বিবেচনা করে যদি আপনারা একটা থরো বিল আনেন তাহলে বাংলা দেশের মানুষ আশীর্বাদ করবে এবং যার টাকা বাকি পড়েছে তার টাকা যাতে মাফ হয়ে যায় তার ব্যবস্থা করুন। সেজন্য বলছি এ বিল সার্কুলেসানে দিন একটা থরো বিল আনুন তাতে বাংলা দেশের লোকের উপকার হবে।

Shri Iswar Das Jalan: Sir, I have heard with attention the remarks made by the honourable members of this House. I think they have forgotten the original Bengal Money-Lenders Act. If we look to the provisions of the Act, as it stands, we will find that there are ample provisions to safeguard a person from a money-lender. My friends have been saying that in spite of this Act and in spite of the high rate of interest people are borrowing money from Kabuliwallas and the money-lenders are doing all kinds of illegal acts in having blank papers signed by the people. For this what law is required? It is itself illegal to have a blank paper signed by a person. It is illegal for a Kabuliwalla to go and use his lathi in order to have the money from a person who is being charged at an exorbitant rate of interest. This is a matter for the police or for the law courts. Kabuliwallas cannot use a lathi. You use the lathi and you suffer. Therefore, it is not a matter to be provided for in the Bill. The law is already there. Under the Indian Penal Code if a person uses a lathi he should be prose-

cuted in a court of law by the police. If a man gives a slip of paper without putting anything on the paper—a blank paper—that is an illegal act and that is to be dealt with in a court of law. (A voice: But who will provide the money?) Now the position is that the State should provide the money by starting either Co-operative Societies or Banks. But if there is a class of money-lenders then their business has to be regulated. This law regulates the transactions of this class of money-lenders. (Voice: There is no necessity for them.) If money-lenders are not necessary for the society then nobody should borrow a single pice from a Kabuliwalla on undergoing all these illegal methods. Therefore, the necessity is there. In some cases the necessity is genuine and in some cases the necessity is due to spendthriftness of the man himself, or for hundred other reasons. How can you prevent that? Therefore, if money-lending is to go on you can make provisions as to how the money-lenders' business is to be transacted. The original Money-Lenders Act was passed in 1940. It took into account every provision which was necessary to safeguard the interest of a borrower and at the same time to provide some means of credit through the money-lenders. If a man does something illegal that cannot be prevented. It can be prevented by police or the law courts. How can we provide that in this Bill?

For these reasons this Bill is necessary. What we have done is that we have removed some of the lacunae. So far as the Act is concerned, there are provisions for interest. In respect of interest together with any amount already paid, the interest charged for secure loan should be 10 per cent. and for unsecure loan 12½ per cent. There are many things to be safeguarded and what is necessary to be provided has been provided. The law is that whenever there is a writing, oral evidence is inadmissible to show what is written there is not the true thing, but there is something else. By our amendment we have given the right of oral evidence. If a document purports to be something which is not true fact, you can adduce oral evidence to show what is written in the document is not correct. That is one of the lacunae which we have removed. So far as the Transfer of Property Act is concerned, we have provided for mortgage by conditional sale in our amendment. Another thing we have done is that we have increased the permissible rate of interest by 2 per cent. more. Now, my friends know quite well that the money market is very tight. Even commercial loans by first class commercial houses with full credit can be given at 12 per cent. per annum. Even with compound interest we have increased the rate of interest ranging from 5 to 7 per cent. on fixed deposit. It was not the case in 1940. Therefore what we say is that the interest can be charged up to 10 per cent. on secured loan and 12½ per cent. if it is not secured. That is the rate of interest at which if a man can get loan today, he will be fortunate. I know in commercial transaction the original rate of interest of six annas per month has been increased to Re. 1, Re. 1-2 as. or Re. 1-4 as. How can a money-lender give us money with all the risks of litigation at the rate of interest which is absolutely uneconomic? Therefore we have provided that a money-lender's legitimate interest must be in conformity with the conditions in the market. What we have done is nothing more than that. We have provided for appointment of Inspectors. Now, an Inspector has been given some powers for cancellation of license and checking mal-practices. The only thing that we want is that money-lending business should be carried on by State Banks and Co-operative Banks, otherwise it is impossible to check people if they join together to commit irregularities or illegalities by conniving at each other.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

4-10—4-35 p.m.]

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

NOES—98

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Dr. Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Haldar, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Ishaque, Shri A. K. M.
Jalan, Shri Iswar Das
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan

Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Manya, Shri Murari Mohan
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Bankim Chandra
Roy, Dr. Indrajit
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Jaynarayan
Sinha, Kumar Jagadish Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar

AYES—43

Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Jiban Krishna
Ghosh, Shri Deb Saran
Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Josse, Shri Lakshmi Ranjan
Kisku, Shri Mangla
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

The Ayes being 43 and the Noes 98, the motion was lost.

The motion of Shri Iswar Das Jalan that the Bengal Money-Lenders (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes.)

[After adjournment]

Clause 4

[4-35—4-45 p.m.]

Shri Clifford Noronha: Sir I beg to move that in clause 4, after proposed section 6A, the following new section be added:—

"6B. Any co-operative society may make an application to the Sub-Registrar for cancellation of the licence of a money-lender on the ground that having lent money to one of its members the said money-lender has contravened provisions of this Act or rules as render him unfit to carry on the business of money-lending."

Sir, under section 19 of the Bengal Money-Lenders Act, any borrower can go to the Court for redress of his grievances or for cancelling the licence of the money-lender. Now, the Sub-Registrar has been empowered to cancel the licence. Until the Inspectors are appointed, there will be no provision for redress of grievances. Therefore, I suggest that a co-operative society may make an application to the Sub-Registrar for cancellation of a licence for violation of any of the provisions of this Act. This will protect the borrowers, even if the borrowers are unable or unwilling to go to the Sub-Registrar for redress of their grievances.

Shri Iswar Das Jalan: Any person can give any information to the Sub-Registrar. So, a co-operative society can give the information or any individual can give the information. So, there is no necessity for this amendment. I oppose the amendment.

The motion of Shri Clifford Noronha that in clause 4, after proposed section 6A, the following new section be added:—

"6B. Any co-operative society may make an application to the Sub-Registrar for cancellation of the licence of a money-lender on the ground that having lent money to one of its members the said money-lender has contravened provisions of this Act or rules as render him unfit to carry on the business of money-lending."

was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 5, line 2, for the word "twenty-five" the word "Forty-five" be substituted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্লজ ৫-এ আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে যেখানে লাইসেন্স ফি ১৫ টাকা থেকে ২৫ টাকা করা হয়েছে আমি বলছিলাম মানি লেন্ডিং বিজনেসে যেভাবে বর্তমানে প্রফিট সুরু হয়েছে তাতে করে ২৫-এর জায়গায় ৪৫ টাকা করলে আপত্তি হওয়া উচিত নয়। একজন মানিলেন্ডার তার কাছে হাজার হাজার লোক সুদ দেবে—তার পার্সেন্টেজও বেড়ে যাচ্ছে। কাজেই আমি বলছি যে ঐ ২৫-এর জায়গায় ৪৫ টাকা লাইসেন্স ফি করা হোক এটাই আমার অ্যামেন্ডমেন্ট।

Shri Iswar Das Jalan: After all, this money-lending business is done by small money-lenders and not by big people. I oppose the amendment.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 5, line 2, for the "twenty-five" the words "forty-five" be substituted, was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Panchu Gopal Bhaduri: I move that in clause 6, for items (i) and (ii) of proposed clause (c), the following be substituted:—

"(i) unsecured loan, ten percentum simple,

(ii) secured loans, eight percentum simple;"

I also move that in clause 6, in proposed clause (c), after item (ii), the following item be added:—

"(iii) interest realisation from agricultural labourers must stop and remain suspended for the time being."

মিঃ স্পীকার, স্যার, শ্রীজালান তাঁর ঐ উদ্দেশ্যের মধ্যে বর্ণনা করেছেন যে সুদের হার বাড়াবার কারণ হচ্ছে টাকা ডেপ্রিসিয়েট করেছে। এখন যদি পাইকারী মূল্যমান ১৯৩৯ সালের ১ শোর জায়গায় এখন ৬ শো হয়ে থাকে তাহলে ১ টাকায় সাড়ে ১৬ পয়সা হয়েছে। সেটা যে টাকা ধার দেওয়া হয়েছে সেই টাকায় হয়েছে এবং যে টাকা সুদ নিচ্ছে সেই টাকায়ও হয়েছে। কাজে কাজেই টাকা ডেপ্রিসিয়েটেড হয়েছে বলে মনে করা যায় না। দ্বিতীয়তঃ উনি বক্তৃতা প্রসঙ্গে যে যুক্তি দিয়েছিলেন সেটা হচ্ছে মহাজনদের কোর্টে গেলে খরচ খরচা আছে। মহাজনদের জন্য এতখানি করুণা দেখাবার দরকার নেই। সেজন্য কথা হচ্ছে আগে যে সুদ ছিল সেই সুদের হার রাখা হোক, তাকে বাড়াবার কোন কারণ নেই। তৃতীয় নম্বর আর একটা এই ধারার সঙ্গে আছে সেটা হচ্ছে ইন্টারেস্ট রিয়েলাইজেসান ফ্রম এগ্রিকালচারাল লেবারার্স মাস্ট স্টপ অ্যান্ড রিটেইন সাসপেন্ডেড ফর দি টাইম বিং। এটা হচ্ছে বহুদিন আগে কংগ্রেসের একটা সুপারিশ —অ্যাগ্রারিয়ান কমিটি কুমারাপ্পা কমিটি বলেছিলেন খাতকদের মধ্যে যারা ক্ষেতমজুর তাদের ঋণটা বাতিল করা উচিত। বাতিল করার আগে তাদের কাছ থেকে ধারের যে সুদ আদায় সেটা বন্ধ করা উচিত। সেজন্য আমি ৩ নম্বর একটা অ্যামেন্ডমেন্ট যোগ করেছি। আর একটা হচ্ছে সুদ বাড়াবার কোন যুক্তি নেই এবং আর একটা হচ্ছে সুদ আদায় একেবারে বন্ধ রাখা হোক ক্ষেত মজুরদের সম্পর্কে।

Shri Clifford Noronha: I move that in clause 6, in proposed sub-clause (c), for items (i) and (ii), the following be substituted:—

"(i) unsecured loans—18 per centum,

(ii) secured loans—12 per centum;"

If the new law is put into force and vigorously enforced, the present money-lenders who take high interest will probably stop this business and utilise their money in other ways. So it is necessary to attract a new class, an honest class of money-lenders who now put their money in the Bank but who may—if we allow a rate of 18 per cent. interest—come forward and invest their money in this business. It is for this reason that I have moved my amendment.

Shri Iswar Das Jalan: It will not be proper to increase the rate to the extent Mr. Noronha has suggested. At the same time it is not possible to keep it at the rate which was provided for in 1940. Circumstances have changed considerably and the rate of interest has advanced considerably.

[4-45—4-55 p.m.]

I feel that it will not be possible to get money at this rate of interest. I do not think we can go beyond what we have provided for in this Bill. Sir, the amendment is there that interest realisation from agricultural labourers must stop and remain suspended for the time being. There was a Bengal Agricultural Debtors Act passed in 1940 which dealt with agricultural

debtors, moratorium and other things. So far as this Bill is concerned, it does not deal with that aspect at all. We are regulating money-lending and, therefore, this is out of the question. So far as the rate of interest is concerned, I think 10 per cent. and 12 per cent. will be provided as a golden mean and it should neither remain at the old rate, nor it should be increased to the rate proposed by Shri Naronha.

Sir, I oppose all the amendments.

The motion of Shri Panchu Gopal Bhaduri that in clause 6, for items (i) and (ii) of proposed clause (c), the following be substituted:—

"(i) unsecured loan, ten per centum simple,

(ii) secured loans, eight per centum simple;"

was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that in clause 6, in proposed clause (c), after item (ii), the following item be added:—

"(iii) interest realisation from agricultural labourers must stop and remain suspended for the time being."

was then put and lost.

The motion of Shri Clifford Noronha that in clause 6, in proposed sub-clause (c), for items (i) and (ii), the following be substituted:—

"(i) unsecured loans—18 per centum,

(ii) secured loans—12 per centum;"

was then put and lost.

The question that Clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7 and 8

The question that Clauses 7 and 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 9, the following proviso be added to proposed section 37A :—

"Provided that such cases which had been disposed of since 1962 to the date of passing this Bill may be taken up and opened by the persons affected."

আমার যে অ্যামেন্ডমেন্ট রেখেছি ক্লজ ৯তে যেটা সেভিং অ্যাজ টু মর্টগেজ বাই কন্ডিসন্যাল সেল এই প্রভিসান রেখেছি, তা যদি বিবেচনা করতে হয়, মর্টগেজকে যদি সাহায্য দিতে হয়, তাহলে আমার মনে হয় ১৯৬২ থেকে এর রিট্রসপেক্টিভ এফেক্ট দেওয়া উচিত। এইভাবে করা উচিত—Provided that such cases which had been disposed of since 1962 to the date of passing this Bill may be taken up and opened by the persons affected. কাজেই এই যে আইনের ধারা আছে যেখানে মর্টগেজ প্রপার্টি সেল করে দেওয়া হয়েছে, সেখানে জাস্টিস নাই, কিন্তু ভবিষ্যতে সুবিধা দিচ্ছেন যাতে জাস্টিস পেতে পারে—যাতে সম্পত্তি ফিরিয়ে নিতে পারে ওরাল এভিডেন্সের উপর। তাই বলছি ১৯৬২ সাল থেকে এটা প্রয়োগযোগ্য করুন।

Shri Iswar Das Jalan: Sir, it is not possible to give retrospective effect to a Bill in respect of matters which have been disposed of. We cannot re-open all the cases. I oppose the amendment.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 9, the following proviso be added to proposed section 37A:—

> "Provided that such cases which had been disposed of since 1962 to the date of passing this Bill may be taken up and opened by the persons affected."

was then put and lost.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 11 to 14

The question that clauses 11 to 14 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Iswar Das Jalan: Sir, I beg to move that the Bengal Money-lenders (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

Shri Balai Lal Das Mahapatra :

াননীয় অধ্যক্ষ মহাশয়, ২৫ বছর পরে জালান সাহেব একটা বিল নিয়ে এসেছেন এবং আমি ানি না। কার স্বার্থে তিনি এই বিলখানি এনেছেন। ফার্স্ট রিডিং-এ যে বক্তব্য উপস্থিত রেছিলেন তাতে বোঝা গেল তিনি একটা আইন পাশ করে দিয়েই খালাস। অর্থাৎ সাধারণ ানুষের কি অসুবিধা হচ্ছে, মানুষের কতখানি অভাবের তাড়নায় তারা ঋণ করতে যায়, সে কথা তিনি বিবেচনা করেছেন কিনা তাঁর বক্তব্য থেকে আমি পরিষ্কার বুঝতে পারলাম না। তিনি লেন কাবুলিওয়ালাদের কাছে কেন যায়? কেন যে যায় তার জবাব নেই। আমরা জিজ্ঞাসা রলাম টাকা পাবে কোথায়? তিনি বললেন ব্যাঙ্কে যাবে। আমি জানি রিজার্ভ ব্যাঙ্কএর নসাধারণের সঙ্গে স্বার্থ আছে, তারা হয়ত কাবুলিওয়ালাদের কাজ করেন। তারা রিজার্ভ ্যাঙ্কের কাছ থেকে ৩ পারসেন্ট সুদে টাকা পায়, কৃষকরা সেখানে ৯ পারসেন্ট দেয়। আবার তিনি এই যে সুদ বাড়ালেন শতকরা ৮ পারসেন্টএর জায়গায় ১০ পারসেন্ট এবং যারা ১৩ ারসেন্ট থেকে ১২॥ পারসেন্ট করলেন তার ফলে কৃষকদের সেখানে কতখানি সুদ দিতে হবে া কথা তিনি চিন্তা করেছেন কিনা আমি বুঝতে পারছি না। আসল উদ্দেশ্য হচ্ছে এই যে ংগ্রেস বেঞ্চ থেকে এলো আরো সুদের পরিমাণ বাড়াবার জন্য। নিশ্চয়ই হয়ত তিনি ব্যাঙ্কের ন্টারেস্টে বলেছেন এবং এই রকম বড় বড় লোক আছে তাদের ইন্টারেস্টে হচ্ছে সুদ বাড়াবার থা। কিন্তু জালান সাহেব তো কয়েকজন মুষ্টিমেয় বড় লোকের জন্য নন। এখানে লক্ষ লক্ষ রিদ্র মানুষ—যারা খাদ্যের জন্য লোন করে, যারা চিকিৎসার জন্য লোন করে, যারা চাষবাসের ন্য লোন করে তিনি তাদের কথা বিবেচনা করেছেন কিনা সেটার সম্বন্ধে তাঁকে চিন্তা করতে লছি। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই তিনি শুধু লাইসেন্সের কথা বললেন যে কেন আমরা া আইন করে দিয়েছি, কোন বেআইনীভাবে কেউ যদি দেয় তাহলে আমরা তার লাইসেন্স াতিল করে দেব। আমি জিজ্ঞাসা করছি লাইসেন্স হোল্ডার ছাড়া লক্ষ লক্ষ মানুষ যে বেআইনী

ভাবে ব্যবসা করে সে কথা তাঁর জানা আছে কিনা? এবং লাইসেন্স হোল্ডার যারা তাদের যে ইন্টারেস্টের রেট তারা সেটা মানে না এটা তাঁর জানা আছে কি না? আমি তাঁকে বলতে চাই যাদের লাইসেন্স আছে তারা শতকরা ২ টাকা থেকে আরম্ভ করে ৬ টাকা পর্যন্ত সুদ নেয় সেটা তাঁর জানা আছে কিনা? আমি এই কথা বলতে চাই যে ২৫ বছরের মধ্যে বাস্তব অভিজ্ঞতা এবং ঘটনা সম্বন্ধে তাঁর কোন মাত্র অভিজ্ঞতা নেই। যদি তাঁর অভিজ্ঞতা থাকতো তাহলে অন্ততঃ পক্ষে তাঁর বিলের মধ্যে পরিবর্তনের জন্য প্রিভেনটিভ-এর কিছু ব্যবস্থা থাকত এবং সেই সঙ্গে আমি তাঁকে জানাতে চাই যে ১ টাকার স্ট্যাম্পের উপর টিপ দিয়ে লক্ষ লক্ষ মানুষকে ঋণী করে দেন এটা তিনি জানেন কিনা এবং সেই ১ টাকার স্ট্যাম্প শেষ পর্যন্ত বায়না নামায় পরিণত হয় সেটা তাঁর জানা আছে কিনা? তিনি জানেন কিনা যে তাকে হ্যান্ডনোট দিয়ে লিখে দেয় এবং তারা ১ টাকার স্ট্যাম্পের উপর হ্যান্ডনোটএ সাদা কাগজের উপর লিখে নেয় এবং সেগুলো গ্রাহ্য হয়ে যায় এটা তাঁর জানা আছে কিনা? যেখানে ২।৩ টাকার স্ট্যাম্পে ১০০ টাকা দিয়ে ১০।১৫ টাকার স্ট্যাম্পের উপর সে বিক্রয় কোবালা লিখে নেয় এটা তিনি জানেন কিনা? যদি তাঁর এই বাস্তব ঘটনা সম্বন্ধে ধারণা থাকতো তাহলে তিনি অন্ততঃ পক্ষে জনসাধারণের স্বার্থে এই বিলটা আনতেন। কিন্তু আমি দেখলাম যে এর মধ্যে কোন কিছু নেই। তিনি বলবেন যে ৯ ধারায় ১০ ধারায় আমি কিছু পরিবর্তন এনেছি। ৯ ধারা সম্বন্ধে তিনি বলতে চাচ্ছেন যে মর্টগেজ সম্পত্তি বিক্রয়ে কিছু পাবে সেটা না হয় বুঝলাম। ১০ ধারা সম্বন্ধে তিনি বলছেন যে নৈতিক জবানবন্দীর জন্য আদালতে গ্রাহ্য হবে। সেখানে সে সাক্ষী-সাবুদ প্রমাণ করে শেষ পর্যন্ত ডিক্রী পাবে কিনা সেটা অনেকখানি ব্যাপার। কিন্তু সেই বিলের মধ্যে মহাজন, ধনীরা দাবী করেছেন, তাদের দণ্ডের ব্যবস্থা থাকলে—সেখানে কোন দণ্ডের ব্যবস্থা নেই। সেই জন্য আমি বলছি যে যদি তিনি সত্যিকারের জনসাধারণের স্বার্থে এই বিলটা এনে থাকেন তাহলে তিনি এই বিলটা প্রত্যাহার করে নিয়ে একটা ভাল বিল আনুন যাতে লক্ষ লক্ষ লোকের সুবিধা হতে পারে। আমি তাঁকে বলতে চাই যে তিনি যেটা বলতে চেয়েছিলেন কো-অপারেটিভ ব্যাঙ্কের কাছে যাবে। তিনি নিশ্চয়ই জানেন কো-অপারেটিভ ব্যাঙ্কের কাছে যদি কাউকে ঋণ করতে যেতে হয় তাহলে তাকে অনেক অসুবিধায় পড়ে যেতে হয়। সেখানে তাকে টাকা পেতে ২ মাস অপেক্ষা করতে হয়। তারপরে মনে করুন যে হঠাৎ তার ছেলের অসুখ হল, সে খেতে পেল না, রাত্রে চাল চাই, তখন সে রাত্রি ১২টার সময় ঘটিবাটি বন্ধক দিয়ে টাকা নিয়ে আসতে হয়। এই সব জায়গায় কি কো-অপারেটিভ ব্যাঙ্ক টাকা দেবে? সেখানে তাকে টাকার জন্য ২ মাস অপেক্ষা করতে হয়। যদি বলতেন যে আমি কো-অপারেটিভ ব্যাঙ্কের সংশোধনী আনবো, অর্থাৎ আইন করে নন-এগ্রিকালচারাল লোন-এর ব্যবস্থা করব এবং এইরকম দারিদ্র্যের সময় তারা যাতে লোন পেতে পারে তার ব্যবস্থা করব তাহলে কেউ মহাজনের কাছে যেত না শোষিত হবার জন্য, অত্যাচারিত হবার জন্য। এক বছরে যেখানে ৮।১০ টাকা সুদ সেখানে ২৪ টাকা থেকে ৩৬ টাকা পর্যন্ত এবং ধীরে ধীরে ৫০ টাকা সুদ দিতে হয়, সেখানে কেউ যেত না। আমি এই কথা বলতে চাই যে কেউ সহজে যায় না, নেহাত অসহায় অবস্থায় পড়ে, বিপদে পড়ে মহাজনের কাছে যায়। সেই জন্য আমি বলতে চাই যে গ্রামে গ্রামে কো-অপারেটিভ ব্যাঙ্কের ভিতর দিয়ে মানুষ সহজে যাতে লোন পেতে পারে, এগ্রিকালচারাল লোন পেতে পারে এবং বিপদ অবস্থার সময় টাকা পেতে পারে তার যতক্ষণ ব্যবস্থা না করছেন ততক্ষণ পর্যন্ত এই আইন কানুন করে কিছু হবে না। আমি বলছি যে আপনি ঠিক সাধারণ মানুষের কথা চিন্তা করে একটা বিল আনুন, আমরা নিশ্চয়ই আপনাকে অভিনন্দন জানাব। যদি তা না করেন তাহলে এই বিল দিয়ে জনসাধারণের কোন মঙ্গল হবে না, বরং যেভাবে অত্যাচারিত হচ্ছে, শোষিত হচ্ছে সেটা বরাবর থাকবে। সেই জন্য আমি এই বিলের বিরোধিতা করছি।

[4-55—5-8 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই থার্ড রিডিংএর সময় আমার বলার ইচ্ছা ছিল না। কিন্তু যখন দেখা যাচ্ছে বিলটা পাশ হতে চলেছে তখন কয়েকটা গুরুত্বপূর্ণ কথা উত্থাপন করা দরকার।

এখানে বলা হয়েছে যে এই মহাজনী আইন ঠিক মত করতে গেলে মহাজনের কাউন্টার্ড খাতক—এই খাতকদের কথা ভাবতে গেলে ভাবতে হয় এবং খাতক সম্প্রদায়কে রক্ষার জন্য কিছু ব্যবস্থা করতে হয়। এখানে শুধু মাত্র একলা মহাজন আইনের কিছু সংশোধন করা হল। কিন্তু ঐ ১৯৪০ সালে যখন ফজলুল হক রহমান সাহেব যে মহাজনী আইন এনেছিলেন তার সঙ্গে কৃষি খাতকদের আইনও এনে পাশ করেছিলেন তার সঙ্গে ঋণ সালিশী বোর্ড ছিল। অর্থাৎ বাংলাদেশে গ্রামীণ জনসাধারণের বেশীর ভাগ কৃষকদের রক্ষা করবার ব্যবস্থা করেছিলেন এবং মহাজনী আইনের ধারাতেও কৃষকদের খাতকদের বাঁচাবার জন্য অনেক ধারা উপধারা ছিল। কিন্তু ইতিমধ্যে সেই সমস্ত ধারা উপধারাগুলি ঘটনাচক্রে পরিস্থিতির এইরকম পরিবর্তন এসে সেগুলি প্রায় বাতিল হয়ে গেছে। এই আইনের বাহিরে সমস্ত ঋণের ব্যবস্থা এবং আইনের মধ্যে যেটা পড়ে রয়েছে—লাইসেন্স নেই, মানি লেন্ডারসরা লাইসেন্সটা চোখের সামনে রেখে লাইসেন্সের বাহিরে ধার দিয়ে থাকে। যেমন গ্রামাঞ্চলে যদি কারো লাইসেন্স থাকে, কত লোকের লাইসেন্স আছে বলা যায় না—কিন্তু গ্রামের লোক জেনেশুনে ঋণ—ঐ যে রুর‍্যাল ক্রেডিট কো-অপারেটিভ রিপোর্টএ যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে তাদের মধ্যে শতকরা ৪৫ জন লোকের থেকে ঋণ এসেছে, গ্রামের ধনী কৃষকদের কাছ থেকে। আর শতকরা ৮ ভাগ মাত্র ঋণ এসেছে কো-অপারেটিভ থেকে এবং কো-অপারেটিভ মাত্র ২৫ জন লোককে ছুঁতে পারে, স্পর্শ করতে পারে, তাদের ঋণের প্রয়োজনে বারন করতে পারে না। সেই ক্ষেত্রে ঋণ প্রসার করে সেদিকে আমি সরকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আর সহরাঞ্চলে যে কথা হয়েছে যে মজুরদের, শ্রমিকদের যে ঋণের প্রয়োজন সেটুকু সরকারী চৌহদ্দীর মধ্য দিয়ে হাতে নূতন প্রভিডেন্ট ফান্ডের টাকা ধার হিসাবে শ্রমিকরা পেত। কিন্তু এখানে এমন নূতন করে করা হয়েছে যে প্রভিডেন্ট ফান্ডের পরিবর্তন করে শুধু মাত্র ঘর তৈরী করবার জন্য প্রভিডেন্ট ফান্ডের অংশ মাত্র ধার হিসাবে পেতে পারে। কিন্তু অন্যান্য জরুরী প্রয়োজনে কেন ধার পেতে পারে না? প্রভিডেন্ট ফান্ড থেকে যে ধার পাওয়ার অসুবিধা শ্রমিকদের ছিল সেটা আবার নূতন করে এক্সটেন্ড করা হল। কিছু ঋণ তারা পেতে পারে এবং ঐ যে চক্রবৃদ্ধি সুদ রাখা আছে কখন আইনের মধ্যে পড়বে না, মানি লেন্ডারস অ্যাক্টএর মধ্যেও পড়বে না। এই রকম শ্রমিকদের যে ধার নিয়ে সুদ দিতে হয়, তার থেকে তারা প্রভিডেন্ট ফান্ডএর ধার পেলে কিছুটা বাঁচতে পারবে। এইভাবে সহরে এবং গ্রামে ক্রেডিট এক্সটেন্ড করার পদ্ধতি না বাড়ালে মানি লেন্ডার্সদের অত্যাচার থেকে এই আইন করে তাদের বাঁচানো যাবে না। সেদিকে দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Iswar Das Jalan: Sir, what my friends have stated is that there should be facilities for giving credit to these people. This Bill has nothing to do with that. It may be the policy of the Government to start State Banks, Co-operative Societies and other agencies by which Government can lend money to the borrowers. This Bill is concerned with regulation of money-lending business by money-lenders. If nobody wants money from money-lenders, the money-lenders cannot lend money to anybody. But when a man goes to a money-lender in order to obtain money, it is at the sweet will of the money-lender who lends money and it is also at the will of the borrower to borrow money. Then the question arises how is it to be done and what regulations have to be made. Now, what we have provided is that money-lending can be done under certain circumstances. These are all provided in the existing Bengal Money-lenders Act. If my friends can have a look at the Act itself they will find there are penalties provided for all those things which my friends have stated in this House. Take for instance, section 41. It provides that whoever molests or abets molestation of a debtor for the purpose of recovering or attempting to recover his debt shall be punishable. (A voice from Opposition Bench: This is hardly done in practice.) So far as the law is concerned, with which we are concerned today, we only provide the law; so far as execution of the law is concerned it is in the hands of the parties and the proper machinery. If a borrower makes a complaint against a Kabuliwalla, he may be prosecuted under sec-

tion 41; but if he does not make a complaint, nothing can be done. Therefore it is not a question of law making, it is a question of how to enforce the law. Therefore what we are concerned with is, in case a person goes to a money-lender and he is lent money, then these are the conditions under which money will be lent, these are the rights of the borrower, these are the rights of the lender. This is what we are concerned with, nothing else. Therefore, let us remember this fact that whatever malpractices are there they are prohibited by the law even as it stands, and if we are to prohibit them then we have got to enforce the law. We should remember that there are times when a person has to marry a daughter. He requires two thousand rupees; he does not get the money anywhere. Then he goes to a money-lender, accepts his terms, and he has got to borrow the money on those terms. The law provides, you cannot have this thing, you cannot have that thing; but as necessity requires, that thing has to be done. Therefore he takes recourse to these camouflages. By law we have provided safeguards. Here, we have said in this amending Bill, where there is a mortgage and the mortgager ostensibly on the face of it sells the mortgaged property on any of the conditions specified in sub-section (c) of section 58 of the Transfer of Property Act, 1882, then, notwithstanding anything to the contrary contained in the proviso to the said sub-section, the transaction shall always be deemed to be a mortgage by conditional sale.

The Transfer of Property Act prohibits certain things to be done. In order to safeguard the rights of a borrower, we are amending the Transfer of Property Act so that when a document shows that it is ostensibly a sale, if it is really a conditional sale, then evidence can be adduced to show that it is a conditional sale. But if nobody adduces evidence before the court, then it can't be helped. Then if it is a mala fide sale, we have prohibited that.

Then we have provided: "Notwithstanding anything contained in the Indian Evidence Act, 1872, evidence adduced by a borrower in a suit to which this Act applies or a suit brought by a borrower for relief under section 36 or in any criminal proceedings under section 41 or section 42, of any oral agreement or statement contradicting, varying, adding to or subtracting from the terms of any document creating or witnessing a loan shall be admitted." This we have done because under the Evidence Act, we cannot adduce evidence to show that what is written in the document is not really so but is something else. But here we have given the right to the borrower to show that what is written in the document is not the correct state of things.

Then we have provided that when an Inspector is to be appointed, certain rights have to be given to the Inspector. In this amending Bill, we have provided that an Inspector appointed under sub-section (1) shall exercise such powers and perform such duties as may be prescribed. He may apply to the Sub-Registrar for cancellation of the licence of a money-lender if he has reasons to believe that such money-lender is guilty of contravention of any of the provisions of this Act. We have also given him the right that with the permission of the Court, in any judicial proceeding under this Act against a money-lender, he may intervene in order to adduce such evidence which may be relevant in connection with such proceeding. Therefore, so far as law is concerned, we can make provisions under the law, but it is quite a different thing as to how the law is to be enforced by the police, as to how the law is to be enforced by the parties or as to how the law is to be enforced by the Court. We cannot make provisions for that in this Bill.

Now, the very fact that we could finish the second reading of the Bill in five minutes shows that there is no constructive amendment to be made in this Bill. Therefore, I submit that my motion may be accepted by the House.

The motion of Shri Iswar Das Jalan that the Bengal Money-lenders (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965

Shrimati Abha Maiti: Sir, I beg to introduce the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Adjournment

The House was then Adjourned at 5-8 p.m. till 1 p.m. on Thursday, the 6th May, 1965, at the Assembly House, Calcutta.

... of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, e 6th May, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 3 inisters of State and 179 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

—1-10 p.m.]

Ban on performances of drama

***568.** (Admitted question No. *2831.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বরাষ্ট্র (মুদ্রণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬০ সাল হইতে ১৯৬৪ পর্যন্ত সরকার কর্তৃক কোন্ কোন্ নাটকের অভিনয় নিষিদ্ধ হইয়াছে?

শ্রীজগন্নাথ কোলেঃ ১৯৬০ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত কোনও নাটকের অভিনয় সরকার কর্তৃক নিষিদ্ধ হয় নাই।

শ্রী... রাহাঃ কোন অফিসের কোন একটা অংশ কি নিষিদ্ধ করা হয়েছে, ঘোষিত বা অঘোষিত আকারে এমন কোন দৃষ্টান্ত কি সরকারের কাছে আছে?

শ্রীজগন্নাথ কোলেঃ না, আমাদের কাছে এরকম কিছু নেই।

শ্রীসনৎকুমার রাহাঃ বাংলাদেশে 'একক দশক শতক' এই অভিনয়ের উপর কোন রকম সরকারী হস্তক্ষেপ ছিল কিনা এবং 'অঙ্গার' নাটকের উপর কোন সরকারী হস্তক্ষেপ ছিল কিনা?

শ্রীজগন্নাথ কোলেঃ দুটো নাটকের উপর কোন সরকারী হস্তক্ষেপ ছিল না।

শ্রীসনৎকুমার রাহাঃ জরুরী অবস্থার সময় অঙ্গার নাটক উৎপল দত্তের দেখানোটা করেকদিন বন্ধ ছিল সে সংবাদ জানেন কি?

শ্রীজগন্নাথ কোলেঃ সেটা কে বন্ধ করেছিলেন জানি না। তবে সরকার কোন হস্তক্ষেপ করেন নি।

শ্রীমনোরঞ্জন রায়ঃ একক দশক শতক সম্বন্ধে এই হাউসে যখন আলোচনা হয়েছিল তখন আমাদের শিল্পমন্ত্রী স্বীকার করেছিলেন যে তিনি নিজে গিয়ে দেখে এসে তারপরে তার একটা অংশ বন্ধ করে দেবার জন্য তিনি বলেছিলেন এবং সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। মন্ত্রিমহাশয় বললেন যে বন্ধ করা হয়নি—তাহলে কোনটা ঠিক—সেদিন শিল্পমন্ত্রী যা বললেন সেটা ঠিক না উনি যেটা বললেন সেটা ঠিক?

শ্রীজগন্নাথ কোলেঃ তরুণবাবু বা বিজয়বাবু ব্যক্তিগতভাবে কি করেছেন তার সংগে সরকারের কোন সম্পর্ক নেই।

শ্রীকমলকান্তি গুহঃ কোন নাটক বা প্রতিষ্ঠানের উপর এই ধরনের হামলা যদি ব্যক্তিগতভাবে কেউ করে থাকে তাহলে সেই নাট্যকার বা সেই নাটককে রক্ষা করবার জন্য সরকার কি কোন ব্যবস্থা অবলম্বন করবেন?

Mr. Deputy Speaker: It is a hypothetical question.

শ্রীসুনীল দাশগুপ্তঃ যে নাটক ভাল স্টেজে অভিনয় করা হয় সে ভাল পয়সা করবার কি ব্যবস্থা সরকারের আছে?

শ্রীজগন্নাথ কোলেঃ নাটক ভাল পরীক্ষা করবার একটা ব্যবস্থা আমাদের আগে ছিল—ড্রামাটিক পারফরম্যান্স অ্যাক্ট, ১৮৭৬ আমাদের একটা ছিল, তাতে নাটক ভাল পরীক্ষা করবার অনেক ব্যবস্থা ছিল কিন্তু তারপর যখন আমাদের কনষ্টিটিউসন হল তখন তার আর্টিকেল ১৯(১)এ অ্যাক্টের সেকসন ৭টা আলট্রাভায়ারিস বলে এলাহাবাদ হাইকোর্টে ডিক্লায়ারড হল। সেজন্য যতক্ষণ না ড্রামাটিক পারফরম্যান্স অ্যাক্ট, ১৮৭৬টা বদলানো হচ্ছে কিম্বা অন্য একটা অ্যাক্ট করা যাচ্ছে ততক্ষণ আমরা কোন হস্তক্ষেপ করতে পারি না।

শ্রীনিখিল দাসঃ এর আগের দিন তরুণবাবু বলেছিলেন যে একক দশক শতক নাটকের যিনি প্রযোজক তাঁকে তিনি অনুরোধ করেছিলেন এবং ডেকেছিলেন, সেখানে আপনি উপস্থিত ছিলেন, বিজয়বাবু উপস্থিত ছিলেন এবং সেখানে তাঁকে অনুরোধ করেছেন—৩ জন মন্ত্রীর যে অনুরোধ এটা কি আদেশের মত নয়?

শ্রীজগন্নাথ কোলেঃ সরকারী আদেশ কিছুই ছিল না। আমি তো বললাম ব্যক্তিগতভাবে যদি তরুণবাবু, কি বিজয়বাবু, কি নিখিলবাবু কিছু করেন সেটা সরকারী আদেশ নয়।

শ্রীনিখিল দাসঃ নিখিলবাবু তো মন্ত্রীদের মধ্যে নেই, সরকারের সাথে কোন সম্পর্ক নেই কিন্তু ৩ জন, মন্ত্রী এঁরা সরকারের মধ্যে বসে আছেন। এঁরা ডেকে যেটা অনুরোধ করেছিলেন সেটা আদেশের মত নয় কি এবং তার ফলে কি পাল্টে যায় নি?

শ্রীজগন্নাথ কোলেঃ না, সেটা আদেশের মত নয় বলে আমি মনে করি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন একক দশক শতকের প্রযোজককে যে অনুরোধ করেছিলেন সেটা কিভাবে অনুরোধ করেছিলেন?

শ্রীজগন্নাথ কোলেঃ তরুণবাবু কি অনুরোধ করেছিলেন সেটা আমি বলতে পারবো না।

শ্রীকমলকান্তি গুহঃ মন্ত্রিমহাশয় কি জানেন যে কতক ভাল রেকর্ড আমাদের এখানে চালু আছে, যে রেকর্ডে নাটক এবং সংগীত আছে এবং সেটা পাকিস্তান থেকে চালু হয়েছে এবং তার শেষে আছে পাকিস্তান জিন্দাবাদ এগুলি মাইকে বাজানো হয় গ্রামাঞ্চলে। এ সম্পর্কে কি সরকার কোন ব্যবস্থা অবলম্বন করবেন?

শ্রীজগন্নাথ কোলেঃ এ বিষয়ে তো আমি বলেছি যে একটা নূতন বিল না করা পর্যন্ত আমরা এখন কিছুই করতে পারি না।

শ্রীকমলকান্তি গুহঃ এটা আমাদের রাষ্ট্রের পক্ষে ক্ষতিকর এবং আমাদের রাষ্ট্রের অপমান যে সেই রেকর্ডের শেষে, নাটকের শেষে বলা হচ্ছে পাকিস্তান জিন্দাবাদ এবং সেগুলি মাইকে বাজানো হচ্ছে। এ সম্পর্কে কি কোন ব্যবস্থা অবলম্বন করবেন?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি দেখবো কি করতে পারা যায়।

শ্রীকমলকান্তি গুহঃ এ সম্বন্ধে কিছুদিন আগে দিনহাটা পুলিশে একটা কেস দেয়া হয়েছিল যে সেখানকার মণ্ডল কংগ্রেসের সেক্রেটারী তিনি মাইকের ব্যবস্থা করেন, তিনি এই সমস্ত গান মফঃস্বলে বাজাচ্ছেন এবং তিনি ডি আই রুলে এ্যারেস্টেড হয়েছিলেন কিন্তু তাঁকে ছেড়ে দেয়া হয়েছে। পুলিশ এই যে জিনিস করছে এ সম্পর্কে তদন্ত করবে কি?

শ্রীজগন্নাথ কোলেঃ এটা পুলিশ ডিপার্টমেণ্টে প্রশ্ন করবেন।

শ্রীননী ভট্টাচার্যঃ মন্ত্রিমহাশয় বলেছেন যে ব্যক্তিগতভাবে শিল্পমন্ত্রী—তিনি একক দশক নাটকের ব্যাপারে বলেছেন যা আপনি ব্যক্তিগতভাবে বলেছেন এবং বিজয়বাবুও—একটা কথা জানতে পারি কি কিভাবে হলে ব্যক্তিগতভাবে বলা হয় এবং কিভাবে হলে সরকারীভাবে বলা হয়?

মিঃ ডেপুটি স্পীকারঃ এটা আমি অ্যালাউ করতে পারছি না।

শ্রীঅবনীকুমার বসুঃ মন্ত্রিমহাশয় কি জানেন যে এই রকম কোন রেকর্ড বাজারে চালু আছে কিনা যেখানে পাকিস্তান জিন্দাবাদ বলা হয়, এ বিষয়ে কি তাঁদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে এর পূর্বে?

মিঃ ডেপুটি স্পীকারঃ এ প্রশ্ন আসে না।

Shri Abani Kumar Basu: The question has already been put and answered by the Hon'ble Minister. I am just putting a further supplementary.

মিঃ ডেপুটি স্পীকারঃ মূল প্রশ্নের সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

শ্রীকমলকান্তি গুহঃ এই জিনিসটা আমি পরিষ্কার করে দিচ্ছি—দিনহাটা মণ্ডল কংগ্রেসের সেক্রেটারী সাধন বোস, তাঁর মাইকের দোকান আছে, তিনি সেই রেকর্ড বাজান, সেই রেকর্ডে পাকিস্তান জিন্দাবাদ বলা হয়। আমরা তাঁকে ধরিয়ে দিয়েছি। পুলিস ডি আই রুলে তাঁকে এ্যারেস্ট করেছিল—উপর থেকে চাপ দিয়ে সেই কেস যাতে বানচাল হয়ে যায় তার চেষ্টা হচ্ছে। সেই রেকর্ড বাজেয়াপ্ত করার কি ব্যবস্থা করবেন?

মিঃ ডেপুটি স্পীকারঃ এ সম্বন্ধে তো উনি বলেছেন।

শ্রীঅবনীকুমার বসুঃ মন্ত্রিমহাশয় কি এ বিষয়ে অনুসন্ধান করবেন?

শ্রীজগন্নাথ কোলেঃ এতে ড্রামাটিক পারফরম্যান্স সম্বন্ধে কোয়েশ্চেন করা হয়েছে—ডি আই রুলে কে এ্যারেস্টেড হয়েছে না হয়েছে সেটা আমি বলতে পারবো না।

ডাঃ আবু আসাদ মোহাম্মদ ওবেদুল গনিঃ আপনি বললেন যতক্ষণ না আইন পরিবর্তন হচ্ছে ততক্ষণ আপনি হেল্পলেস। ইতিমধ্যে কি আপনি এই নীতি প্রয়োগ করবেন যে ২।৩ জন মন্ত্রী গিয়ে হস্তক্ষেপ করবেন, যেমন আগে করেছেন?

শ্রীজগন্নাথ কোলেঃ আইন যতক্ষণ না হচ্ছে ততক্ষণ মন্ত্রীরা হস্তক্ষেপ করেন না। আমি তো বললাম যে প্রেস ডিপার্টমেন্টের তরফ থেকে কি গভর্নমেন্টের তরফ থেকে কোন নোটিশ দেওয়া হয়নি বা কোন হস্তক্ষেপ করা হয়নি। তবে যদি কারো বন্ধু থাকে, যেমন তরুণবাবুর বন্ধু ছিল, তাহলে সেটা ব্যক্তিগতভাবে বলতে পারেন কিন্তু আমি কিছু জানি না বা গভর্নমেণ্ট ডিপার্টমেণ্ট কিছু জানে না।

[1-10—1-20 p.m.]

শ্রীসনৎকুমার রাহাঃ অঙ্গার নাটক যেভাবে মঞ্চস্থ হয়েছিল তাতে সরকার হস্তক্ষেপ করেন নি বললেন। তাহলে অঙ্গার নাটকের অনুষ্ঠান কেন সম্ভব হয়নি সে সম্বন্ধে জানেন কি?

শ্রীজগন্নাথ কোলেঃ আমাদের সংবাদ যাঁরা কর্তৃপক্ষ তাঁরাই অঙ্গার নাটক বন্ধ করে দিয়েছিলেন।

শ্রীসনৎকুমার রাহাঃ অঙ্গার নাটকের বিরুদ্ধে কিছু কংগ্রেসী লোক গুণ্ডামী করেই হোক আর যাই করেই হোক বন্ধ করে দিয়েছিল এ সম্পর্কে আপনি জানেন?

(নো রিপ্লাই)

শ্রীকমলকান্তি গুহঃ চীনা পন্থীরা বইতে না লিখে নাটকে যদি বলে যে চীনা জিন্দাবাদ তাহলে কি করবেন?

শ্রীজগন্নাথ কোলেঃ ডি, আই, রুল প্রয়োগ করা হবে।

শ্রীকমলকান্তি গুহঃ আর পাকিস্তান জিন্দাবাদ বলায় কি করা হয়েছিল?

শ্রীজগন্নাথ কোলেঃ ডি, আই, আর প্রয়োগ করা হয়েছিল।

শ্রীকমলকান্তি গুহঃ তাহলে ছেড়ে দিলেন কেন?

(নো রিপ্লাই)

Midnapore Sadar Hospital

***500.** (Admitted question No. *3417.)

ডাঃ রাধানাথ চট্টরাজঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর সদর হাসপাতালে পোর্টেবল এক্সরে না থাকায় এবং ই, সি, জি, ও পাইলোগ্রাফি প্রভৃতি করার ব্যবস্থা না থাকায় চিকিৎসার যথেষ্ট অসুবিধা হইতেছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে ঐ সমস্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ মেদিনীপুর জেলা হাসপাতালে পোর্টেবল এক্স-রে যন্ত্র না থাকিলেও যে দুইটি স্ট্যাণ্ডার্ড এক্স-রে যন্ত্র আছে উহাদের সাহায্যে পাইলোগ্রাফ করা হয়। এই হাসপাতালে একটি ই, সি, জি, যন্ত্র সরবরাহ করা হইয়াছে। শীঘ্রই ইহা চালু হইবে।

[illegible] রায়ঃ পোর্টেবল এক্স-রে'র কাজটা কি স্ট্যাণ্ডার্ড এক্স-রে দিয়ে হয়?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ পোর্টেবল এক্স-রে না থাকলে স্ট্যাণ্ডার্ড এক্স-রে দিয়ে কাজ হবে না কেন?

শ্রীমনোরঞ্জন রায়ঃ পোর্টেবল এক্স-রে'র কাজ হচ্ছে যেসমস্ত রোগী উঠতে পারে না, বিছানা থেকে যাদের সরান যায় না তাদের জন্য। তাদের বেডে নিয়ে গিয়ে পোর্টেবল এক্স-রে দিয়ে ফটো তোলা হয়। আর স্ট্যাণ্ডার্ড এক্স-রে হচ্ছে যাকে সরান যায় না, রোগীটাকে সরাতে হবে। সুতরাং দুটো কাজ এক নয়। পোর্টেবল এক্স-রে'র কাজটা যদি স্ট্যাণ্ডার্ড এক্স-রে দিয়ে হত তাহলে পোর্টেবল এক্স-রে রাখার দরকার হত না।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ পোর্টেবল এক্স-রে সব জায়গায় নেই বলে স্ট্যাণ্ডার্ড এক্স-রে'র সাহায্য নিতে হয়। আমরা পোর্টেবল এক্স-রে সব জায়গায় দিয়ে উঠতে পারিনি, দেবার চেষ্টা হচ্ছে।

Proposed Thana Health Centre at Dhuliyan

***570.** (Admitted question No. *3429.) **Shri Syed Abul Hossain:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) at what stage is the scheme for the construction and opening of the Thana Health Centre at Dhuliyan, thana Shamsherganj, district Murshidabad, at present;

(b) if it is a fact that one Shri Jamunalal Saraogi (now deceased) donated a big sum of money for the said scheme; and

(c) if so, in whose custody that money is now lying and what is the total accumulation of money with interest at present?

Shrimati Purabi Mukhopadhyay: (a) One site has been selected for establishment of a Primary Health Centre at Dhuliyan and the Collector has been requested to requisition and acquire the land under the Land Acquisition Act of 1948. After possession of the land is received, action will be taken for construction of buildings.

(b) One Shri Swarupchand Jain donated a sum of Rs. 30,000 for the purpose of establishment of a Thana Health Centre and he wished it to be named as "Jamunalal Memorial Hospital".

(c) The money has been deposited at the Berhampore Treasury, district Murshidabad. The question of accumulating of interest thereto does not arise.

শ্রীসনৎকুমার রাহাঃ ধুলিয়ান হাসপাতাল ক'য় বছরের মধ্যে হবার সম্ভাবনা আছে?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ধুলিয়ান হাসপাতালের জন্য আমাদের কাছে জমি এবং টাকা দিয়েছিলেন যার জন্য যমুনা জৈন হাসপাতাল করবার কথা ছিল। কিন্তু সেই জমিটা জলের তলায় চলে যায়। সেজন্য এখন একটা নতুন জমি সংগ্রহ করা হচ্ছে অনুপনগরে ধুলিয়ানের পাশে। সেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলা হয়েছে জমিটা রিকুইজিসান কর। তারপর এ্যাকুইজিসানের সেকসান ২ এর আণ্ডারে জমিটা নিলে আমরা পজেসান পেলে সেখানে কাজ সুরু করব।

শ্রীসনৎকুমার রাহাঃ সেখানে এ্যাকুইজিশান, রিকুইজিসান নোটিশ দেওয়া হয়েছে কী?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ হ্যাঁ।

Mechanical testing laboratory

***571.** (Admitted question No. *3444.) **Shri Nikhil Das:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether it is a fact that the Labour Directorate of the Government of West Bengal is setting up a mechanical testing laboratory; and

(b) if so, what is the estimated cost for setting up the institution?

শ্রীবিজয় সিংহ নাহারঃ (ক) হ্যাঁ। পশ্চিমবঙ্গ সরকারের বয়লার ইন্‌স্পেক্টরেট (লেবার ডিরেক্টরেট নহে) বয়লার পরীক্ষার নিমিত্ত একটি পরীক্ষাগার (টেস্টিং ল্যাবরেটরি) স্থাপন করিতেছেন।

(খ) পরীক্ষাগারটির স্থাপনা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্গত একটি প্রকল্প হিসাবে গ্রহণ করা হইয়াছে এবং ইহার আনুমানিক ব্যয় ৬,৭৩,০০০ টাকা।

শ্রীনিখিল দাসঃ মন্ত্রিমহাশয় বললেন যে, বয়লার টেস্ট করবার জন্য বর্তমানে ল্যাবরেটরি স্থাপন করা হচ্ছে; তাহলে এখন বয়লার টেস্ট হয় কী করে?

শ্রীবিজয় সিংহ নাহারঃ এখন আলিপুর টেস্ট হাউস-এ হয়। তাঁদের কাছে বর্তমানে যে যন্ত্রপাতি আছে—আমাদের এখানে যত বয়লার তৈরী হয়, সেই অনুপাতে কম বলে অসুবিধা হচ্ছে। সেই জন্য নূতন করে এই বয়লার টেস্টের ল্যাবরেটরী করা হচ্ছে।

শ্রীনিখিল দাসঃ এখন বয়লার টেস্ট করার জন্য কয়টা ল্যাবরেটরী আছে এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের?

শ্রীবিজয় সিংহ নাহারঃ ঐ একটি ল্যাবরেটরীই আছে বাংলাদেশে।

শ্রীনিখিল দাসঃ এই নূতন ল্যাবরেটরী স্থাপন করবার মেশিনারী কি বিদেশ থেকে আনা হচ্ছে, না, সব দেশী মেশিনারী?

শ্রীবিজয় সিংহ নাহারঃ সব মেশিনারী এসে গেছে—কিছু দেশী, কিছু বিদেশী।

শ্রীনিখিল দাসঃ এই ল্যাবরেটরী চালাতে বাৎসরিক ব্যয় কত পড়বে? আপনি বললেন, ৭ লক্ষ টাকা ল্যাবরেটরী স্থাপন করবার জন্য লাগবে, এর বাৎসরিক রেকারিং এক্সপেন্স কত লাগবে?

শ্রীবিজয় সিংহ নাহারঃ নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীনিখিল দাসঃ এই বয়লার টেস্ট করতে কেন্দ্রীয় সরকারের ল্যাবরেটরীতে বাৎসরিক খরচ কত হতো?

শ্রীবিজয় সিংহ নাহারঃ নোটিশ দিলে বলবো।

শ্রীনিখিল দাসঃ আমি যতদূর জানি এখন বাৎসরিক খরচ পড়ে ন' হাজার টাকার মত, আর তাই ল্যাবরেটরী স্থাপন করবার পর বাৎসরিক খরচ হবে প্রায় এক এক লক্ষ টাকার মত। আমার সাপ্লিমেন্টারী হচ্ছে, এই যে বাড়তি টাকা, এই খাতে খরচ করা হচ্ছে যখন ইমারজেন্সি আছে এবং এমারজেন্সি থাকাকালীন ফরেন এক্সচেঞ্জ নষ্ট করে মেশিনারী আনা হলো। এর প্রয়োজন

ছিল কি—মন্ত্রিমহাশয় একটু বুঝিয়ে দেবেন? তিনি বললেন, আলিপুরে যে টেস্ট হাউস আছে সেখানে যত বয়লার আছে তা সব টেস্ট করা সম্ভব হচ্ছে না। আমার প্রশ্ন হচ্ছে এমারজেন্সি চলাকালে এত বেশী টাকা খরচ করে ল্যাবরেটরী স্থাপন না করলে কি চলতো না?

শ্রীবিজয় সিংহ নাহার: এই পরিকল্পনা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার গোড়াতে গ্রহণ করা হয়েছে। বাংলাদেশের যে কয়টি কারখানায় বয়লার তৈরী করবার ব্যবস্থা হয়েছে, সেখানে বয়লারগুলি আগে থেকে পরীক্ষা যদি না করা যায়, তাহলে কাজ চালু করা যাবে না। এই অবস্থায় এখানে যে বয়লার তৈরী হচ্ছে, সেগুলি টেস্ট করা সম্ভব নয়। আমাদের এখানে যখন বেশী বয়লার তৈরী হচ্ছে, তখন পরীক্ষার জন্য যেটুকু করা দরকার, তা নিশ্চয়ই করা উচিত। তার জন্য যে খরচ হচ্ছে তা কাজে লাগবে এবং ভালোর জন্য হচ্ছে।

শ্রীমনোরঞ্জন রায়: এই ল্যাবরেটরী শেষ করতে কতদিন লাগবে এবং কোথায় সেটা হচ্ছে?

শ্রীবিজয় সিংহ নাহার: আমরা কাজ আরম্ভ করেছি। হাওড়া ইন্ডাস্ট্রিয়াল এস্টেট-এর মধ্যে এই ল্যাবরেটরী করবার জন্য জমি নিয়েছি; সেখানে বসান হচ্ছে। আমাদের যত লোকের স্যাংকশন করা হয়েছে, তার জন্য পাবলিক সার্ভিস কমিশন থেকে বিজ্ঞাপন দেওয়া হয়েছে। সেই লোক আসলে আমরা কাজ চালু করে দেব। আমাদের প্রাথমিক কাজ শেষ হয়ে এসেছে।

Public analyst-cum-chemist

***572.** (Admitted question No. *3304.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পাবলিক এনালিস্ট-কাম-কেমিস্টের সংখ্যা কত;

(খ) শুধু কেমিস্টের সংখ্যা কত এবং তাহাদের বেতন কত;

(গ) প্রতি জেলায় পাবলিক এনালিস্ট আছেন কিনা;

(ঘ) এই পাবলিক এনালিস্ট-কাম-কেমিস্টের বেতন ও স্কেল কত; এবং

(ঙ) জুনিয়ার এনালিস্টদের বেতন কত?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: (ক) ছয় জন।

(খ) কুড়িজন। উহাদের বেতনের স্কেল নিম্নরূপঃ—

সরকারী কেমিস্ট—২২৫—১০—৩২৫—১৫—৪৭৫

স্বায়ত্তশাসন সংস্থার কেমিস্ট (দার্জিলিং, কলিকাতা ও আসানসোল মাইনস বোর্ড অফ হেল্থ)—২০০—৪৭০

(গ) প্রতি জেলার জন্য পাবলিক এ্যানালিস্ট নিযুক্ত আছেন।

(ঘ) বেতন ২০০ টাকা হইতে ৪৭৫ টাকার মধ্যে। স্কেল নিম্নলিখিতরূপঃ—

সরকারী পাবলিক-এ্যানালিস্ট-কাম-কেমিস্ট—২২৫—১০—৩২৫—১৫—৪৭৫

স্বায়ত্তশাসন সংস্থার অধীনে পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্ট—২০০—৪৭০

(ঙ) সরকার বা পৌরসভার অধীনে এইরূপ কোনো পদ (পোস্ট) বা কর্মচারী নাই।

[1-20—1-30 p.m.]

শ্রীসনৎকুমার রাহা: পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্ট সারা বাংলাদেশে মাত্র ৬ জন আছে। প্রতি জেলার পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্ট এই পজিশন-এ কতজন আছেন, ৬ জনের বেশি নেই সুতরাং প্রত্যেক জেলায় এই পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্ট নেই।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: সবশুদ্ধ ৮ জন আছেন, তার মধ্যে পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্ট আছেন ৬ জন, আর শুধু কেমিস্ট, পাবলিক হেল্থ ল্যাবরেটরিতে আছেন ২ জন।

ডাঃ নারায়ণচন্দ্র রায়: এই দুজনের মাইনের স্কেল কি? এবং তাদের সব স্কেলে ফেলা যায় কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: দুজনকার মাইনের তফাত কি, আমি এখানে দিয়েছি, এক স্কেল-এ ফেলা যায় না কারণ পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্ট-এর আর একটু কোয়ালিফিকেশন বেশি।

শ্রীসনৎকুমার রাহা: পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্টদের তরফ থেকে সরকার কোনও মেমোরান্ডাম পেয়েছেন কি, তাদের পদমর্যদা এবং পে স্কেল বাড়াবার জন্য?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: আমার ডিপার্টমেন্ট পেয়েছে কিনা জানি না, তবে আমি কিছু পাই নি।

শ্রীসনৎকুমার রাহা: তাহলে সরকারী কেমিস্টদের ২২৫ থেকে ৪৭৫, ধরে লোকাল সেলফ গভর্নমেন্ট-এর আন্ডার-এ যারা ডিস্ট্রিক্ট বোর্ড-এ আছেন তাদের ২০০ থেকে ৪৭০, এই তফাত করা হল কেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: কারণ একটা সরকারী আর একজন বেসরকারী প্রতিষ্ঠান তাঁরা ঐ মাইনে দেবার ব্যবস্থা করেছেন।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঐ পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্টদের ফাংকশন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এ্যানালিস্ট-কাম-কেমিস্টদের ফাংসান হচ্ছে প্রিভেনশন অফ অফেন্সেস আন্ডার ফুড য়্যাডালটারেশন অ্যাক্ট-এর বিধান অনুযায়ী এদের জল, খাদ্যদ্রব্য ইত্যাদি পরীক্ষা করা।

শ্রীঅবনীকুমার বসু: এই যদি হয় তাহলে মন্ত্রিমহাশয় কি মনে করেন প্রতি জেলার স্তরে একজন করে পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্ট রাখা উচিত?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: আমরা প্রত্যেক জেলাকে জাজ করেছি, পাশাপাশি কয়েকটা জেলা মিলিয়ে একটা করে লোকের আন্ডার-এ আছে। যতক্ষণ না আমাদের জেলায় পাবলিক ডায়াগনিসটিক ল্যাবরেটরি তৈরী না হবে ততক্ষণ প্রত্যেক জেলায় একজন করে দেওয়া সম্ভব নয় এবং সম্ভব হলে বিশেষ করে কোনও ল্যাবরেটরি না থাকলে তাঁরা কি করে কাজ করবেন?

শ্রীসনৎকুমার রাহা: পাবলিক এ্যানালিস্ট-কাম-কেমিস্ট আর শুধু কেমিস্ট এদের মিনিমাম কোয়ালিফিকেশন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: এখন বলতে পারবো না।

Health Centres at Farakka and Dhuliyan

*573. (Admitted question No. *3448.) **Shri Syed Abul Hossain:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that there are no Health Centres at the fast developing industrial areas of (1) Farakka and (2) Dhuliyan within police-station Samsherganj, district Murshidabad; and

(b) if so, whether the Government consider the desirability of establishing Health Centres at these areas?

Shrimati Purabi Mukhopadhyay: (a) (1) As regards Farakka Development Block one Subsidiary Health Centre at Arjunpur is functioning.

(2) As regards Samsherganj Development Block no Health Centre is functioning at present.

(b) So far as Farakka Barrage Project area is concerned the Project Authorities have a proposal to establish a 50-bedded hospital for rendering medical relief to the staff attached to the Project. One Primary Health Centre and one Subsidiary Health Centre for Farakka Development Block, and one Primary Health Centre and two Subsidiary Health Centres for Samsherganj Development Block are proposed to be established in the Fourth Plan. For this purpose steps are being taken to select suitable sites.

Shri Syed Abul Hossain: Does the Hon'ble Minister know that persons living outside the Farakka Barrage campus get no facility of treatment from the Farakka Barrage Hospital?

Shrimati Purabi Mukhopadhyay: There is no barrage hospital at the moment; there is only a proposal for the establishment of a 50-bedded hospital. So the question of getting treatment does not arise at this stage.

শ্রীসনৎকুমার রাহা: ফরাক্কায় হাসপাতাল নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার থেকে সাহায্য দেওয়া হচ্ছে কি? যখন প্রজেক্ট-এ কেন্দ্রীয় সরকারের সাহায্য আছে, এই প্রজেক্ট-এর—এর সংগে অ্যাটাচড টু হসপিটাল, তাতে কেন্দ্রীয় সরকারের কোনও টাকা আছে কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: প্রজেক্ট-এর হসপিটাল হবে, এখনও হয়নি, সেটা ইরিগেশন ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা করবেন।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: মন্ত্রিমহাশয় কি জানাবেন, সেখানে নতুন হসপিটাল গড়ে উঠলেও সেখানে কোনও আউট-ডোর ট্রিটমেন্ট-এর ব্যবস্থা হচ্ছে কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: আমি আগের প্রশ্নের জবাবে বলেছি যে আমাদের ধূলিয়ান কিম্বা ফরাক্কাতে আমাদের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র নেই। যে যে জমি এবং টাকা আমরা পেয়েছিলাম, সেই জমি জলের তলায় চলে গেছে। আমরা নতুন করে রিকুইজিশন করেছি এবং সেখানে নূতন জমির পজেশন পেলে আমরা কাজ শুরু করবো।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: আমি প্রজেক্ট-এর কথা জিজ্ঞাসা করেছি।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: প্রজেক্ট-এর জবাব ইরিগেটিং ডিপার্টমেণ্টকে দয়া করে জিজ্ঞাসা করবেন।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: সেখানে যে স্বাস্থ্য রক্ষার ব্যবস্থা, সেটা কি ইরিগেটিং ডিপার্টমেণ্ট করবেন না স্বাস্থ্য দপ্তর করবেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ কর্মচারীদের জন্য প্রাথমিক দায়িত্ব প্রজেক্ট-এর।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন সেখানে ইরিগেসান ডিপার্টমেণ্ট-এর কর্মচারী ছাড়া হাজার হাজার জনসাধারণ আছে যাদের সম্পূর্ণ দায়িত্ব স্বাস্থ্য দপ্তরের, তাদের সম্বন্ধে ইরিগেসান ডিপার্টমেণ্ট-এর সঙ্গে কোনও যুক্ত ব্যবস্থা স্বাস্থ্য দপ্তর কিছু করবেন কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমরা প্রজেক্ট অথরিটির সঙ্গে কথা বলেছি যে তাঁরা যে ৫০ বেড-এর হাসপাতাল করবেন তার আউট-ডোর পেশেণ্টদের সুযোগ স্থানীয় জনসাধারণ পেতে পারবেন কি না, আর তা ছাড়াও ওখানকার অনুপনগরে আমরা নতুন জমি রিকুইজিসান করেছি যাতে হাজার-হাজার জনসাধারণ স্বাস্থ্য সম্পর্কে সুযোগ-সুবিধা পাবেন।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয়া জানাবেন কি যে ঐ হাজার হাজার জনসাধারণ বর্তমানে যে আউট-ডোর চিকিৎসা ব্যবস্থা আছে, তার থেকে কোনও সুযোগ পেতে পারেন কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ বর্তমানে কোনও আউট-ডোর ডিপার্টমেণ্ট নেই।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয়া জানাবেন কি সেখানে প্রজেক্ট-এ যে আউটডোর ট্রিটমেণ্ট-এর এ্যারেঞ্জমেণ্ট আছে তার সঙ্গে স্বাস্থ্য দপ্তর কোনও ব্যবস্থা করেছেন কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ এখনও পর্যন্ত কিছু হয়নি, কারণ তারা জানিয়েছে, ৫০-বেডেড হসপিটাল হলে এক্সপ্যানসন অফ আউটডোর হলে তার সুযোগ আমরা পাবো।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয়া কি জানাবেন বর্তমানে প্রজেক্ট-এ আউটডোর ডিসপেন্সারী আছে এবং ডাক্তার আছে?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ হ্যাঁ আছে, কিন্তু এক্সপ্যানসন হবে না।

শ্রীসনৎকুমার রাহাঃ এই প্রজেক্টে যে ডিসপেনসারিতে ডাক্তার আছে, তার সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তরের কোনও সম্পর্ক আছে কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ প্রজেক্ট-এর সঙ্গে স্বাস্থ্য দপ্তরের কোন সম্পর্ক নেই, তবে সম্পর্ক স্থাপনের চেষ্টা আমরা করছি।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয়া মন্ত্রিমহাশয়া কি জানাবেন যে এই পশ্চিমবঙ্গ যেখানে এই ধরনের প্রজেক্ট গড়ে উঠছে সেখানে স্বাস্থ্য রক্ষার জন্য সেই প্রজেক্ট অথরিটি যেমন উৎগ্রীব তাদের সঙ্গে যুক্ত ব্যবস্থা রেখে ঐ অঞ্চলের অবহেলিত গ্রামের লোকেদের উন্নতি যেন আউটডোর ট্রিটমেণ্ট ফেসিলিটি পান, এটা গোড়া থেকে ব্যবস্থা করবেন কিনা?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ এটা নির্ভর করে প্রজেক্ট অথরিটির কো-অপারেসানের উপর, কারণ অনেক জায়গায় প্রজেক্ট অথরিটি, তাদের হসপিটাল যেটা তাদের এমপ্লয়ির জন্য করেন, তখন এমপ্লয়িস মেডিকাল বেনিফিট স্কীম-এর সঙ্গে তাঁরা কিছু টাকা ধার্য করেন, আমাদের সঙ্গে কো-অপারেসান করে সাধারণ লোককে তাঁরা সে সুযোগ দিতে চান না। আমরা তাদের সেই ইনকামকে সাপ্লিমেণ্ট করতে রাজী আছি।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই প্রজেক্ট অথরিটির সংগে স্বাস্থ্য দপ্তর এই বিষয়ে কোনও যোগাযোগ করেছেন কিনা? এবং করে থাকলে কখন করেছেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ফরাক্কা সম্বন্ধে কথা হচ্ছে, অন্য কোনও প্রজেক্ট সম্বন্ধে কথা হলে উত্তর দিতে পারি।

Strike in Cossimbazar Manindra Mills and B. T. Mills

***574.** (Admitted question No. *3389.)

শ্রীসনৎকুমার রাহাঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১০ই এপ্রিল ১৯৬৫ তারিখে কাশিমবাজার মনীন্দ্র মিলস ও বি, টি মিলসে শ্রমিকেরা অবস্থান ধর্মঘট করে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে, (১) এই ধর্মঘটের কারণ কি; এবং (২) এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহারঃ (ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

শ্রীসনৎকুমার রাহাঃ ১০ই এপ্রিল, ১৯৬৫ তারিখে এখানে অবস্থান ধর্মঘট হয়, এই রিপোর্টটা সত্য নয়, দ্বিতীয়ত অবস্থান ধর্মঘট হয়, এই কারণে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে জানাই, সেখানে মাইনে ঠিক সময় দেওয়া হয়নি বলে শ্রমিকরা একযোগে অবস্থান ধর্মঘট করে। তার পরের দিন বলা হয় তোমাদের অমুক তারিখে মাইনে দেওয়া হবে, তারপর আমি বহরমপুর থেকে এসে এখানে কোশ্চেন দিয়েছি, আপনি বললেন হয় নি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ যদি আপনি জানেন তাহলে প্রশ্ন করার দরকার নেই।

শ্রীসনৎকুমার রাহাঃ আমি যা জেনেছি সেটা সত্য কিনা যাচাই করবার জন্য জানতে চাচ্ছি।

শ্রীবিজয় সিংহ নাহারঃ আমি আগেই বলেছি এইরকম কোনও খবর পাইনি, আপনি বললেন তাঁরা মাইনে দিতে পারেনি ডেমোনস্ট্রেশন হয়েছিল, মাইনে দেওয়া হয়ে গেছে তার পরের দিন, অবস্থান ধর্মঘট হয়নি। আপনাকে যা জানিয়েছে সব ভুল জানিয়েছে।

শ্রীনিখিল দাসঃ ২৮শে এপ্রিল থেকে মণীন্দ্র কটন মিল বন্ধ হয়ে গেছে, ৮০০ শ্রমিক বেকার হয়েছে, একথা মন্ত্রিমহাশয় জানেন কি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ নোটিশ দিলে বলতে পারি।

[1-30—1-40 p.m.]

শ্রীগিরিজাভূষণ মুখার্জীঃ আপনি ওয়েজ বিল দেখবেন কি তারা অবস্থান ধর্মঘটের দিন মাইনে পায় নি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ সেদিন ডেমোনেসস্ট্রেসান হয়েছিল বলে মাইনে দিতে পারেন নি। তার পরের দিন থেকে আরম্ভ করে ৩ দিন লেগেছিল তাদের মাইনে শোধ করে দিয়েছে।

শ্রীগিরিজাভূষণ মুখার্জী: অবস্থান ধর্মঘটের দিন ওয়েজ কাট হয়েছে এটা কি জানেন?

শ্রীবিজয় সিংহ নাহার: আমি বলছি হয়নি।

শ্রীগিরিজাভূষণ মুখার্জী: ১০ই এপ্রিলে তারা মাইনে পেয়েছে কি—অর্থাৎ যেদিন ওয়ার্কিং ডে ছিল?

শ্রীবিজয় সিংহ নাহার: ১১ই এপ্রিল থেকে তাদের মাইনে দিতে আরম্ভ হয়েছিল।

শ্রীনারায়ণ চোবে: ১০ই এপ্রিলের মাইনে মানে ওয়েজ ফর দি টেন্থ এপ্রিল পেয়েছে কি?

শ্রীবিজয় সিংহ নাহার: নোটিশ দিলে বলতে পারব।

শ্রীমনোরঞ্জন রায়: ডেমোনেসট্রেসন-এর দিন তাদের তাঁত চালু ছিল কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: যারা ট্রেড ইউনিয়ন করেন তাঁরা জানেন যে যখন ডেমোনেসট্রেসান হয় তখন কাজ চলে কিনা?

শ্রীমনোরঞ্জন রায়: আপনি বলবেন কি ডেমোনেসট্রেসান-এর জন্য তাদের সেদিনকার মাইনে দেওয়া হয়েছে কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: নোটিশ দিলে বলতে পারব।

শ্রীনিখিল দাস: ১০ তারিখে অবস্থান ধর্মঘট সম্পর্কে আমি বলছি ২৮শে এপ্রিল কারখানা বন্ধ হয়ে গেছে এবং ৮০০ শত শ্রমিক সেখানে বেকার অবস্থায় আছে। এই খবর শ্রম দপ্তরে নিশ্চয় এসেছে। কিন্তু এ সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন হয়েছে কিনা শোনালে বাধিত হব।

শ্রীবিজয় সিংহ নাহার: এ প্রশ্ন থেকে এটা আসে না। সে জন্য এর উত্তর দিলে নিয়ম ভঙ্গ করা হবে বলে আমি উত্তর দেব না।

Refugees coming over to this State without valid travel documents

***575.** (Admitted question No. *3229.)

শ্রী[illegible] রায়: স্বরাষ্ট্র (পাসপোর্ট) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১লা এপ্রিল ১৯৬৫ হইতে পাকিস্তান হইতে বিনা বৈধ কাগজপত্রে প্রবেশ নিষিদ্ধ হওয়ার পর কোন্ কোন্ সীমান্ত দিয়া বর্তমান সময় পর্যন্ত কয়জন আশ্রয়প্রার্থী পশ্চিমবঙ্গে প্রবেশ করিয়াছিলেন;

(খ) তাঁহাদের কর্তৃপক্ষ কোন্ কোন্ স্থানে পাঠাইয়াছেন; এবং

(গ) কয়জনকে কর্তৃপক্ষ পুনরায় পাকিস্তানে ফেরত পাঠাইয়াছেন?

শ্রীজগন্নাথ কোলে: (ক) গত ১লা এপ্রিল, ১৯৬৫ হইতে ১৬ই এপ্রিল, ১৯৬৫ পর্যন্ত ২৪-পরগণা সীমান্ত দিয়া ১৬৫ জন, নদীয়া সীমান্ত দিয়া ৩২৮ জন, পশ্চিম দিনাজপুর সীমান্ত দিয়া ১৯ জন এবং মুর্শিদাবাদ সীমান্ত দিয়া ১৯ জন—সবশুদ্ধ ৫৩১ জন পাকিস্তানী হিন্দু বৈধ কাগজপত্র বিনা পশ্চিমবঙ্গে প্রবেশ করিয়াছেন।

(খ) উক্ত সময়ে অবৈধ প্রবেশকারীগণের পক্ষে সীমান্ত সম্পূর্ণ বন্ধ হওয়ায় তাহাদের কোন পুনর্বাসন বা সাহায্য-কেন্দ্রে পাঠাইবার প্রশ্ন উঠে নাই।

(গ) কর্তৃপক্ষের নির্দেশ বা পরামর্শ অনুসারে ৪৬৪ জন ভারতে প্রবেশ না করিয়াই সীমান্ত হইতে ফিরিয়াছেন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ আপনি বললেন টোটাল ৫৩১ জন বিনা পাসপোর্ট ভিসায় ভারতবর্ষে এসেছিল, আবার বললেন ৪৬৪ জন ভারতে প্রবেশ না করে ফিরে গেছে তাহলে বাকি ৬৭ জনের কি অবস্থা হল?

শ্রীজগন্নাথ কোলেঃ ৫৩১ জন বিনা পাসপোর্টে এখানে এসেছিল। আর বাকি ৪৬৪ জন তারা প্রবেশ করতে চেয়েছিল কিন্তু তাদের ঢুকতে দেওয়া হয়নি তারা আবার পাকিস্থানে চলে গেছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ ৫৩১ জনের যে নম্বর দিলেন তারপর প্লাস ৪৬৪ জন দিলেন এটা কি ওর মধ্যে ইনক্লুডেড?

শ্রীজগন্নাথ কোলেঃ ৫৩১ জন বিনা পাসপোর্টে এসেছে আর বাকি ৪৬৪ জন ভারতে ঢোকেনি পাকিস্তানে চলে গেছে।

শ্রীগোপাল ব্যানার্জিঃ ৫৩১ জন উইদাউট ভ্যালিড ডকুমেণ্ট-এ এসেছিল তাদের সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রীজগন্নাথ কোলেঃ ৫৩১ জনের মধ্যে ২৯৭ জনের বিরুদ্ধে মামলা সোপর্দ করা হয়েছে। আর বাকি ২৩৪ জনের সম্বন্ধে তথ্য সংগ্রহ করা হচ্ছে।

শ্রীগোপাল ব্যানার্জিঃ তারা এখন কোথায় আছে?

শ্রীজগন্নাথ কোলেঃ ভারতবর্ষে।

শ্রীসুনীল দাশগুপ্তঃ যাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে তাদের কি জেলে রাখা হয়েছে?

শ্রীজগন্নাথ কোলেঃ না।

শ্রীকমলকান্তি গুহঃ ৪০০ কত জন ভারতবর্ষে আসেনি বর্ডার থেকে ফিরে গেছে এ সংখ্যা জানলেন কোথা থেকে?

শ্রীজগন্নাথ কোলেঃ আমার কাছে যে তথ্য এবং রিপোর্ট আছে তা থেকে বললাম।

শ্রীকমলকান্তি গুহঃ আপনি কি কোন তথ্য দেখাতে পারেন যে এই সংখ্যা ফেরত গেছে? আমাদের সরকার তাদের ফেরত দিলেন, কিন্তু ইতিমধ্যে আমরা শুনেছিলাম কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে বলেছিলেন যে অবস্থা বুঝে ব্যবস্থা হবে এর শিথিলতা হবে—তাহলে কোথায় এটা হল?

শ্রীজগন্নাথ কোলেঃ এটা পাসপোর্ট ডিপার্টমেন্টের ব্যাপার।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ যাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে তাদেরকে আপনারা ভারতের নাগরিক হিসাবে গণ্য করবেন না পুশ ব্যাক করবেন কি না?

শ্রীজগন্নাথ কোলেঃ মামলা হয়েছে তাতে যা হয় হবে?

শ্রীকানাই পাল: যাদের বিরুদ্ধে মামলা হয়েছে তারা কি সকলে জামীনে আছে, না কেউ কেউ শ্রীঘরে আছে?

শ্রীজগন্নাথ কোলে: কোথায় কিভাবে আছে নোটিশ দিলে বলতে পারব।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: আপনি বললেন ২০০ জনের বিরুদ্ধে মামলা হয়েছে বাকি লোকের বিরুদ্ধে মামলা হয়নি। যাদের বিরুদ্ধে মমলা হয়েছে তারা এখন জেলখানায় আছে। জেলখানায় নিয়ম হচ্ছে তাদের যদি কনভিকসন হয়ে যায় তাহলে পুশ ব্যাক করার নিয়ম আছে এবং স্টেট গভর্নমেন্ট যদি ইচ্ছা করেন তাহলে তাদের এখানে রাখতে পারেন। কিন্তু যাদের বিরুদ্ধে মামলা হয়নি তাদের অবস্থা কি হবে সেটাই জানতে চাই এবং তাদের পাকিস্তানী গুপ্তচর বলে আটক করবেন—এ বিষয়ে আপনাদের নীতিটা কি?

শ্রীজগন্নাথ কোলে: এটা পাসপোর্ট ডিপার্টমেন্ট-এর ব্যাপার নয়। বিনা পাসপোর্টে যদি কেউ ঢোকেন তাদের বিরুদ্ধে আমরা মামলা করতে পারি কিম্বা যাদের তথ্য পাওয়া যায়নি এই রকম খবর পাওয়া যায় তাহলে আমরা তথ্য সংগ্রহ করতে পারি। এটা পাসপোর্ট ডিপার্টমেন্টের নয় রিহ্যাবিলিটেশান ডিপার্টমেন্টে প্রশ্ন করুন, জবাব পাবেন।

[1-40—1-50 p.m.]

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি (খ)-র উত্তরে বলেছেন উক্ত সময়ে অবৈধ প্রবেশকারীগণের পক্ষে সীমান্ত সম্পূর্ণ বন্ধ হওয়ায় তাহাদের কোন পুনর্বাসন বা সাহায্য কেন্দ্রে পাঠাইবার প্রশ্ন উঠে নাই।

এই হাউসে যখন এই প্রশ্ন নিয়ে আলোচনা হচ্ছিল কিছুদিন আগে তখন শৈলবাবু বলেছিলেন যে বর্ডার সীল হয়নি, এখন আপনি বলছেন সম্পূর্ণ বন্ধ আছে এই দুটোর মধ্যে কি কনট্রাডিকসন হচ্ছে না?

শ্রীজগন্নাথ কোলে: শৈলবাবু কি বলেছিলেন জানিনা, আমি যা দেখছি তাতে ১লা এপ্রিল থেকে বর্ডার সীল্ড হয়ে গেছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: বর্ডার সীল করেছেন?

শ্রীজগন্নাথ কোলে: হ্যাঁ।

শ্রীনিখিল দাস: ৫৩১ জন লোক উনি বলেছেন বিনা ভ্যালিড ডকুমেন্ট এসেছে, তার মধ্যে মাত্র ২৯৭-র এগেনস্টে কেস হয়েছে, বাকি লোকের বিরুদ্ধে কেস হয়নি। এই বাকি লোকের বিরুদ্ধে কেস হল না কেন, আর ২৯৭-র বিরুদ্ধে কেস হল কেন?

শ্রীজগন্নাথ কোলে: তাদের তথ্য সংগ্রহ করা হচ্ছে।

শ্রীনিখিল দাস: তারা ভ্যালিড ডকুমেন্ট ছাড়া এসেছে, তাদের অর্ধেকের বিরুদ্ধে কেস হল, অর্ধেকের বিরুদ্ধে হল না তথ্যটা কি বুঝতে পারছি না।

শ্রীজগন্নাথ কোলে: এ সম্বন্ধে আমি এখন কিছু বলতে পারছি না।

শ্রীনিখিল দাস: ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের জগন্নাথবাবু একটা পলিসিগত উত্তর বলে ফেলেছেন অর্থাৎ বর্ডার সীল করা হয়েছে এবং আমি জানিনা এটা আমাদের মন্ত্রীসভায় উত্তর কি না যে বর্ডার সীল করা হয়েছে। এই প্রশ্ন আমরা যখন আগে তুলেছিলাম তখন মন্ত্রীসভা থেকে বলা হয়েছিল যে বর্ডার তাঁরা সীল করেননি। কাজেই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে আরো পরিষ্কার হবার জন্য সাপ্লিমেন্টারী করছি—এক নং হচ্ছে এই যে ৫৩১ জন যে কোন ভ্যালিড ডকুমেন্ট ছাড়া এলো, তাদের বিরুদ্ধে যে কেস করা হয়েছে সেই কেস তাদের কি পাকিস্তানের নাগরিক ধরে করা হয়েছে?

শ্রীজগন্নাথ কোলেঃ আমি সেটা মিন করিনি—যারা এখানে আসবে তাদের ভ্যালিড ডকুমেন্ট নিয়ে আসতে হবে এবং ভ্যালিড ডকুমেন্ট নিয়ে না এলে আমরা ঢুকতে দেব না। ভ্যালিড ডকুমেন্ট মানে হচ্ছে মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে আসতে পারে, পাসপোর্ট নিয়ে আসতে পারে। এখানে আসার যা তথ্য আছে তাতে সবশুদ্ধ ৫৩১ জন এসেছে এবং তাদের কোন ভ্যালিড ডকুমেন্ট নেই। সেজন্য আমরা ২৯৭-র বিরুদ্ধে মামলা করেছি, আর বাকি যারা রয়েছে, তাদের সম্বন্ধে আমরা তথ্য সংগ্রহ করছি এবং মামলা করবো তথ্য সংগ্রহ হলে।

শ্রীনিখিল দাসঃ ২৩৪ জন যাদের বিরুদ্ধে মামলা করেননি তারা কোথায় কিভাবে আছে, তারা কি সরকারের তত্ত্বাবধানে আছে?

শ্রীজগন্নাথ কোলেঃ সেটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রীকমলকান্তি গুহঃ কিছুদিন আগে পার্লামেন্টে কেন্দ্রীয় সরকার বলেছেন যে বাংলাদেশে এক লক্ষ পাকিস্তানী অনুপ্রবেশ ঘটেছে, আপনি বলেছেন ৫৩১ জন এই দুটোর মধ্যে অসংগতি ঘটছে না কি?

শ্রীজগন্নাথ কোলেঃ ১লা থেকে ১৬ই এপ্রিল অবধি আমার উত্তর, যেদিন থেকে বর্ডার রেসট্রিকসন হয়েছে।

শ্রীকমলকান্তি গুহঃ এই এক লক্ষের মধ্যে কি ৫৩১ জন পড়ে?

(নো রিপ্লাই)

Ejection of bargadars

***575A.** (Short Notice) (Admitted question No. *3469.) **Dr. Gopika Ranjan Mitra:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) if it is a fact that in certain areas, bargadars are facing ejection on a large-scale due to a feeling they may be given full tenancy right; and

(b) if so, what are the steps which the Government propose to take in this regard?

Shri Syamadas Bhattacharyya: (a) Government have no information that bargadars are facing large-scale eviction on this ground. It is not, however, unlikely that some unscrupulous landowners here and there are trying to evict their bargadars on this ground.

(b) There are ample provisions in the existing law to safeguard the interests of the bargadars. The local officers are being asked to inform all concerned that these provisions are available to recorded and unrecorded bargadars alike. If subsequent events show that these are not sufficient, Government will not hesitate to amend the law and obtain necessary powers to punish the offenders.

শ্রীগোপীকারঞ্জন মিত্রঃ আপনি বলেছেন যে কোথাও কোথাও এই রিজামশন বা ম্যালাফাইড ট্রান্সফার ২-১টা হতে পারে। আমি জিজ্ঞাসা করছি আপনি যদি ল অ্যামেন্ড করেন তাহলে এই সেসন কেন এই সময়ের মধ্যে হয়ে যাচ্ছে সেগুলি রিট্রোসপেকটিভ এফেক্ট দিয়ে করবেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: যদি আনস্ক্রুপুলাস ল্যান্ড ওনাররা সেকশন ১৭ এবং অন্যান্য যে-সমস্ত ধারা রয়েছে সেগুলি অমান্য করে বর্গাদারদের উচ্ছেদ করে তাহলে নিশ্চয়ই বর্গাদারদের রক্ষণাবেক্ষণের জন্য এবং আইন ভঙ্গ করার জন্য মালিকদের উপযুক্ত শাস্তিবিধানের জন্য এখান থেকে আইনের প্রস্তাব করা হবে।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি জানাবেন বর্গাদার উচ্ছেদ করাটা দণ্ডনীয় অপরাধ কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: বর্গাদার উচ্ছেদ করলে সেখানে ১৯বি বলে একটা সেকশান আছে তার আশ্রয় নেয়া যায়। ১৯বিতে বলা হয়েছে

If a person owning a land terminates or causes to be terminated of the land by the bargadar in contravention of the provision of this Act, then an officer specially empowered by the State Government in this behalf shall on an application by the bargadar direct certain things.

এখানে বলা হয়েছে যে বর্গাদারকে সেখানে তার উচ্ছেদ করা জমিতে পুনরায় বন্দোবস্ত দেয়ার বা পুনরায় রেস্টোর করার ব্যবস্থা করা হবে এবং যে বছর সেই রেস্টোরেসন অফ পজেশনের আদেশ দেয়া হচ্ছে সে বছর ৪০ পার্সেন্ট অফ দি প্রভিসন যেটা মালিক পেতে পারতেন সেটা ফরফীট করা হবে এবং ৬০ পার্সেন্ট অব দি প্রভিসন বর্গাদার—যাকে তাকে উচ্ছেদ করা হয়েছিল—দেয়া হবে।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি জানেন যে আইনে বিধান আছে যেখানে অবৈধভাবে উচ্ছেদ করা হবে সেটা প্রমাণ হলে মালিককে (ইমপ্রিজনমেন্টস আপ টু এ টার্ম ফর সিক্স মান্থস) দেয়া যেতে পারবে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য বোধ হয় সেকশন ১৯-এর উল্লেখ করছেন তাতে একথা নেই। তাতে আছে

Any person who fails to comply with an order made under sections 17, 18 and 19 shall be punishable with imprisonment which may extend to six months or to a fine which may extend to Rs. 500 or more.

এখানে বলা হয়েছে সেকশান ১৭, ১৮ বা ১৯ অনুযায়ী কোন আদেশ যদি প্রদত্ত হয় এবং সেই আদেশ লঙ্ঘন করে যদি কেউ কাজ করেন তাহলে তাঁর জেল হয়ে যেতে পারে কিন্তু যদি কোন বর্গাদার উচ্ছেদ করা হয় সেকশন ১৭ ধারাগুলি অমান্য করে তাহলে সেকশন ১৯-বিতে যেতে হবে, সেখানে জেলায় কোন বিধান আপাতত আইনের মধ্যে নেই।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই বর্গাদার আধিয়ার—এদের নূতনভাবে টেনান্সি রাইট দেবার সম্বন্ধে সরকার কোন নীতি গ্রহণ করেছেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আপাতত এ সম্বন্ধে কোন নীতি গ্রহণ করা হয় নি। আমি মাননীয় সদস্যদের একথা বলতে পারি যে বর্গাদারদের যে অধিকার দেয়া হয়েছে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্টের বিভিন্ন ধারাতে সেই অধিকারগুলি যাতে সংরক্ষিত হয়, সেই অধিকারের সুযোগ-সুবিধাগুলি যাতে বর্গাদারেরা ভোগ করতে পারে বিনা বাধায় তার ব্যবস্থা করাটাই বর্তমানে সরকারের প্রধান লক্ষ্য।

[1-50—2 p.m.]

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন মায়াপুরে রাজনৈতিক সম্মেলনে যে রেজলিউসান নেওয়া হয়েছে সেই রেজলিউসান রূপায়িত করবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: ডেপ্টি স্পীকার মহাশয়, যে প্রশ্নটা আমাদের সম্মুখে উত্থাপন করা হয়েছে সেই প্রশ্নের সঙ্গে মাননীয় সদস্যের বর্তমান প্রশ্নটা অনেকখানি দূরত্বে রয়েছে। তার কারণ হচ্ছে মায়াপুর কংগ্রেস অধিবেশনে যে প্রস্তাব গৃহীত হয়েছে সেই প্রস্তাবটা স্বভাবতঃই একটা বৃহত্তম রাজনৈতিক প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রস্তাব বলে ভাল করে বিবেচনার যোগ্য। সে সম্পর্ক সরকার কোন নীতি গ্রহণ করবেন কি না করবেন সেটা যথাসময়ে বিবেচনা করবেন। কিন্তু সেই প্রশ্নটা বর্তমান প্রশ্নের সঙ্গে এতখানি দূরত্বে অবস্থিত যে আমার মনে হয় এটাকে অপ্রাসঙ্গিক বলা যেতে পারে।

শ্রীননী ভট্টাচার্য: মায়াপুর রাজনৈতিক সম্মেলনের পর থেকে, বিশেষ করে সেই সম্মেলনে যখন প্রস্তাব নেওয়া হল যে লাঙ্গল যার জমি তার তখন সেই প্রস্তাব নেওয়ার পর বিভিন্ন জায়গাতে যারা আধিয়ার ছিল তাদের জোতদার বলছে যে লাঙ্গল লিখে দিলে পর তবে তোমাদের আধিয়ারী করতে দেব। আমরা এই রিপোর্ট পেয়েছি, আপনারা পেয়েছেন কিনা পরে জিজ্ঞাসা করব। জমির মালিক পাছে আধিয়ার হয়ে যায় সেজন্য মালিক তাদের জবরদস্ত করে কৃষি মজুর হিসাবে লিখিয়ে নিয়ে উচ্ছেদ করার ষড়যন্ত্র করেছে। মুর্শিদাবাদ, বর্ধমান, ডুয়ার্স থেকে এইরকম কোন রিপোর্ট পেয়েছেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মায়াপুর অধিবেশনের সঙ্গে এটার কোন সম্পর্ক নেই। বর্গাদার বর্তমানে যে সুযোগ-সুবিধা ভোগ করেন সেই সুযোগ-সুবিধাগুলি যাতে বিনা বাধায় ভোগ করতে পারেন কিংবা তাদের কোন জোতদার অকারণে সেকশান ১৭-এর সমস্ত ধারাগুলির বিধান না মেনে উচ্ছেদ করতে না পারা সত্ত্বেও যদি উচ্ছেদ করে তাহলে সেই বর্গাদারকে তার হৃত জমিতে পুনরায় পজেশানে এনে দেওয়া বা তার চেয়েও বেশী বিধান যাতে করা যায় সে সম্পর্কে মাননীয় প্রশ্নকর্তা কতকগুলি প্রশ্নের ভেতর দিয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন। এ সম্বন্ধে আমি বলছি বর্তমানে যে বিধান আছে বর্গাদারকে রক্ষা করবার জন্য তাতে অধিকতর অধিকার দেবার জন্য সেই বিধানগুলি যাতে যথাযথ পালিত হয় সে সম্পর্কে সর্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করাটাই হচ্ছে বর্তমানে সরকারের লক্ষ্য।

শ্রীননী ভট্টাচার্য: আধিয়ার যাতে উচ্ছেদ না হয় সেজন্য কতকগুলি বিধান আছে, তার উপর জোর দেওয়া হবে এই কথা মাননীয় মন্ত্রিমহাশয় বললেন। আমরা আশ্বস্ত হলাম। কিন্তু কথা হচ্ছে মায়াপুর সম্মেলনের পর থেকে আধিয়ার উচ্ছেদের একটা হিড়িক বাংলাদেশের বিভিন্ন জেলায় সুরু হচ্ছে এই খবর আপনারা পেয়েছেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মায়াপুর অধিবেশনের সঙ্গে এই আধিয়ার উচ্ছেদের কোন প্রশ্ন নেই। প্রশ্ন হচ্ছে আধিয়ার উচ্ছেদ হচ্ছে অনেক দিন থেকে, মাননীয় সদস্য আমার কাছে এই হাউসের সামনে এই প্রশ্ন তুলেছেন যে আধিয়ার উচ্ছেদ বন্ধ করা উচিত। আধিয়ার উচ্ছেদ কোন কোন জায়গায় হচ্ছে, আমরা সে সম্পর্কে বলতে চাই মায়াপুর কংগ্রেসের সঙ্গে আধিয়ার উচ্ছেদের একটা সম্পর্ক স্থাপন করবার চেষ্টা করবার দরকার নেই। আমি শুধু এই কথা বলতে চাই কোন জায়গায় যদি আধিয়ার উচ্ছেদ হয়ে থাকে তাহলে সেই উচ্ছেদ করা আধিয়ার যাতে তার জমি ফেরত পায় তার ব্যবস্থা করা হবে এবং মালিকও যাতে উচ্ছেদের সুযোগ সুবিধা গ্রহণ করতে না পারে বেআইনীভাবে তারও ব্যবস্থা করা হবে।

শ্রীননী ভট্টাচার্য: এই ভূমি সংস্কার আইনকে এফেকটিভলি কার্যে পরিণত করবার জন্য যে উচ্চ পর্যায়ের কমিটি তৈরী হয়েছে, সেই উচ্চ কমিটিতে এই ব্যাপার নিয়ে আলোচনা হয়েছে বলে আজকে খবরের কাগজে দেখলাম একটা রিপোর্ট বেরিয়েছে। সেই যে হাই লেভেল কমিটি যেটা তৈরী হয়েছে যেখানে আধিয়ার উচ্ছেদের ব্যাপার নিয়ে আলোচনা হচ্ছে সেই আলোচনার এইরকম রিপোর্ট বেরিয়েছে যে, সেই কমিটি আধিয়ারকে পূর্ণ স্বত্ব দেবার কথা বিবেচনা করছেন। অথচ সঙ্গে সঙ্গে আবার আধিয়ার উচ্ছেদের ব্যাপারও চলছে। সেটা প্রতিরোধ করবার জন্য কি আলাপ-আলোচনা চলছে—সেটা জানতে চাচ্ছি।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: আমার মনে হয় সেই উচ্চ পর্যায়ের কমিটিতে তাদের কি আলাপ আলোচনা হয়েছে তার যখন সম্পূর্ণ বিবরণ এখানে দেওয়া হবে, তখন তা নিয়ে আলোচনা করা যেতে পারে। এখন সেই কমিটির ব্যাপার এখানে আলোচনা করবার ইচ্ছা নাই।

শ্রীগোপিকারঞ্জন মিত্র: মন্ত্রিমহাশয় উত্তর দেবার সময় বলেছেন যে কিছু কিছু ল্যান্ড রিফর্মস অফিসারকে ডাইরেকশানস পাঠিয়েছেন। বর্তমানে প্রশ্ন হচ্ছে ঐ সেকশন ১৭(বি)-তে যেসব রিজামশন কেসেস আছে, বিশেষ করে অ্যাবসেনটি ল্যান্ড লর্ডসদের যাঁরা দূরে থাকেন, সেই কেসগুলি সম্বন্ধে বিশেষ করে তদন্ত করবার জন্য সেই ল্যান্ড অফিসারদের কোন ডাইরেকশন দিয়েছেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: এই ১৭বি-তে বলা হয়েছে—

That the person owning the land requires it bona fide per bringing it under personal cultivation.

এই ধারা অনুসারে আমার নিজের যতদূর ধারণা খুব কম জায়গায়ই ভাগচাষীদের কাছ থেকে মালিক জমি ফেরত পেয়েছে। যদি এই ধারা অনুসারে ভাগচাষীর কাছ থেকে মালিক জমি পেয়ে থাকে তাহলে নিশ্চয়ই সেইসব ক্ষেত্রে খুবই সতর্কতার সঙ্গে তদন্ত করা দরকার। মাননীয় সদস্যের অভিমতটা খুব মূল্যবান বলে আমি মনে করি।

শ্রী[illegible] মৈত্র: মাননীয় মন্ত্রিমহাশয় একটা কথা বার বার করে বলছেন যে, ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এর সেকশন ১৬, ১৭, ১৮-এর প্রভিসন অনুসারে যারা বর্গাদার, আধিয়ার আছে তাদের প্রটেকশন রয়েছে ঠিকই। কিন্তু প্রশ্ন হচ্ছে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এর দুটো কারণে এভিকেশন হতে পারে—একটা হচ্ছে

If the landlord requires the land for his own use and occupation and if he wants to cultivate the land himself and also on the ground of defaults.

এই দুটো গ্রাউন্ডে হতে পারে। এখন প্রশ্ন হচ্ছে যে, কিছুদিন যাবত দেখা যাচ্ছে যে, আনস্ক্রুপুলাস ল্যান্ড ওনার্স যারা, তাদের একটা প্রবণতা দেখা যাচ্ছে এরা এই বর্গাদারদের ছাঁটাই করে দিয়ে সেই জমিতে অন্য লোককে ক্যাজুয়াল লেবার স্টাফ দিয়ে তাদের সঙ্গে কনট্রাকচুয়াল এগ্রিমেন্ট চুক্তি করিয়ে নিয়ে কন্ট্রাক্ট লেবার হিসেবে জমিতে কাজ করছে। এখন প্রশ্ন হচ্ছে এই সমস্ত জায়গায় বর্গাদার বা আধিয়ারকে যদি উচ্ছেদ করার জন্য কোন জোতদার বা ল্যান্ড-লর্ড এইরকমভাবে চুক্তি করে ঠিকা মজুর হিসেবে, ক্ষেত মজুর হিসেবে তাদের সেই জমিতে কাজে লাগান, তাহলে গভর্নমেন্টের তরফ থেকে ল্যান্ড রেভিনিউ ডেভোলপমেন্ট সেই সব জায়গায় তদন্ত করে যারা সেই সমস্ত জমিতে চাষ করতো, সেই বর্গাদারদের রাইট সেখানে অন্তত রেস্টোরড করবেন—এই অ্যাসুয়েরেন্স আপনার কাছ থেকে এখন পেতে পারি কি?

[2—2-10 p.m.]

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, সেকশন ১৯বি-তে আছে এবং বিধানই হচ্ছে এই, যদি জোর করে কাউকে সেকশন ১৭-এর ধারাগুলি অমান্য করা না হয়......

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি জোর করার কথা বলছি না।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য জোর করার কথা বলছেন না, তিনি বলছেন If, in contravention of the provisions of section 17.

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি ভুল করছেন। আমি বলছি ইন কমপ্লায়েন্স..............এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আমি বলছি ট্রাইব্যুনাল-এর কাছে, রেভিনিউ অফিসার-এর কাছে, জোতদার মামলা করলেন। তখন

If the Revenue Officer finds that the land-owner has been able to make out a case of reasonable requirement or a case of default and grants a decree to him, taking advantage of the decree the land-owner or the jotedar may get rid of the bargadar. He may say to the bargadar or adhiar, "From tomorrow I would have a separate agreement with you and your status will be no higher than that of a day-labourer. Therefore you are asked to work on my land as a day-labourer". The jotedars would thus be evading the provisions of the Land Reforms Act. Would you take care to see that the land-owners or jotedars do not take recourse to such subterfuge?

মিঃ ডেপুটি স্পীকার: মিঃ মৈত্র, আপনি ওর সঙ্গে আলাদাভাবে দেখা করে এটা ঠিক করে নিন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: স্যার, এটা একটা পলিসির ব্যাপার। ওঁকে বলুন এর জবাব দিতে। ওঁরা তো মায়াপুর নিয়ে অনেক কথাই বলেন। এখন জবাব দিন সরকারপক্ষ কি করতে চান?

মিঃ ডেপুটি স্পীকার: আপনারা বসুন, উনি জবাব দিচ্ছেন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য একটি কল্পিত কেস উত্থাপন করতে গিয়ে...............

(গোলমাল)

আচ্ছা ধরে নিলাম তিনি একটি বাস্তব কেস উত্থাপন করেছেন। মাননীয় সদস্য বোধ হয় প্রশ্নটা ভালো করে পড়ে দেখেন নি। এই প্রশ্নের মূল কথা হচ্ছে, যেখানে আইন ভঙ্গ করে, আইন অমান্য করে বর্গাদার মালিকের দ্বারা উচ্ছেদ হয়ে যাচ্ছে সেখানে কি করা হবে? মাননীয় সদস্য বলছেন একটা সাব-টেরফ্যুজ-এর মাধ্যমে যদি এরকম করে থাকে তাহলে কি হবে? আমি বলব, তিনি যদি মূল প্রশ্নের মধ্যে আবদ্ধ থাকতেন তাহলে অনেক সাপ্লিমেন্টারি কোশ্চেনস করতে পারতেন। আমরা সরকার থেকে যে উদ্দেশ্য ঘোষণা করেছি সেটা হচ্ছে এই, বর্গাদার তিনি রেকর্ডেড বর্গাদার হোন বা আন-রেকর্ডেড বর্গাদার হোন...........

(গোলমাল)

মাননীয় সদস্য উল্টো দিকে গিয়েছেন বলে তাঁর দৃষ্টিটা ঠিক জায়গায় আকৃষ্ট করছি। কথা হচ্ছে, অনেকের ধারণা আছে, আমার কাছে অনেকে এসে বলেছেনও যে, যারা রেকর্ডেড বর্গাদার তাদের রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা নেই। আমি এই প্রশ্নের মধ্যে বলেছি বর্গাদার—তিনি রেকর্ডেড হোন বা আন-রেকর্ডেড হোন—তিনি বর্গাদারের সম্পূর্ণ সুযোগ-সুবিধা লাভ করবেন। আর তাদের রক্ষণাবেক্ষণের যে বিধান রয়েছে তা প্রয়োগ করতে আমরা সরকারী কর্মচারীদের নির্দেশ দিয়েছি। সেখানে চেষ্টা করা হচ্ছে, যাতে বর্গাদারদের উচ্ছেদ করা না হয়। তবে তা সত্ত্বেও যদি উচ্ছেদ করা হয়, তাহলে বর্তমানে সেকশন ১৯(বি)-তে যে বিধান আছে সেটা আরো সম্প্রসারিত করা যেতে পারে। সেকশন ১৯(এ) মাননীয় সদস্য যদি মনে করেন অ্যামেন্ড করা যেতে পারে। যাঁরা আইনভঙ্গকারী মালিক, বর্গাদারকে বেআইনিভাবে উচ্ছেদ করছেন তাঁদের সম্পর্কেও উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করার জন্য ডি আই রুলস ব্যবহার করা যেতে পারে। আমার মনে হয় আপনার এ প্রশ্ন রেলিভ্যান্ট নয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব, প্রাসঙ্গিক বিবেচনা করে যদি সাপ্লিমেন্টারি করা হয় তাহলে আমার পক্ষে সুবিধা হয়।

শ্রীনিখিল দাসঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দিতে গিয়ে বললেন, যাঁরা আইন ভঙ্গ করে বর্গাদারকে উচ্ছেদ করবেন তাঁদের বিরুদ্ধে আইন হবে। কিন্তু প্রশ্নটা তা নয়। এখানে একটা ফিলিং দেখা দিয়েছে, যে বর্গাদারভুক্ত ফুল টেনান্সি রাইট পেয়ে যেতে পারে, তার জন্য তাদের উচ্ছেদ করা হচ্ছে। [illegible] যেটা বললেন সেখানে আইন ভাঙ্গার প্রশ্ন একটাও নেই। সেখানে হচ্ছে বর্গাদারকে উচ্ছেদ করবার পর অন্য লোক এনে দিন মজুরিতে কাজ করানো হচ্ছে। এটার উত্তর দিতে শ্যামাদাসবাবু বার বার এড়িয়ে যাচ্ছেন। সেইজন্যই স্যার, সাপ্লিমেন্টারীটা আবার বলছি। মায়াপুরের পরে বর্গাদার ফুল টেনান্সি রাইট পাবে এই ধারণার বশবর্তী হয়ে জোতদাররা আইনসঙ্গতভাবে [illegible] উচ্ছেদ করছেন। অর্থাৎ

If it is a fact that in certain areas, bargadars are facing ejection on a large scale due to feeling they may be given full tenancy right. That is the question.

এ সম্পর্কে যদি সরকার অবহিত থাকেন তাহলে তা বন্ধ করবার কোন ব্যবস্থা করেছেন কিনা বা কোন অর্ডিন্যান্স জারি করবেন কিনা? এ সম্পর্কে কোন জবাব উনি দিলেন না। কেবল সেকশন ১৭, ১৮, ১৯ দেখালেন। কিন্তু এর মধ্যে এগুলো আসে না। তাই আমরা জিজ্ঞাসা করছি তাদের জমি দেবার ব্যবস্থা করা হবে কিনা?

[2-10—2-20 p.m.]

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ আমি একটা কথা বরাবরই বলছি যে কথাটা এড়িয়ে গিয়ে বিরোধীপক্ষের সদস্যগণ অন্য কথা বলছেন। আমি বলতে চাই না যে এভিকশন হয় নি—এভিকশন কিছু কিছু হয়েছে, লার্জ স্কেল এভিকশন হয় নি, ২-৪ জায়গায় হয়ত হয়েছে। তবে যদি এভিকশন বন্ধ করতে হয় স্মল স্কেল এভিকশন বন্ধ করতে আমরা চাই। আমরা একথা বলেছি

There are ample provisions for safeguarding the rights of bargadars

এবং সেই রাইটসগুলি যাতে যথাযথভাবে রক্ষিত হয় তার জন্য চেষ্টা করব। আমরা একথা বলতে চাই না যে বর্গাদারদের একেবারে উচ্ছেদ করা হয় নি—কোন কোন জায়গায় হয়েছে। বর্গাদারদের যে রাইটগুলি আছে সেই রাইটগুলি যদি পুরোপুরি চালু করা হয় তাহলে বর্গাদারদের স্ট্যাটাস দেওয়া হবে সেটা তাহলে আমাদের অনেকেরই পক্ষে কাম্য হবে।

শ্রীঅনন্তকুমার বৈদ্যঃ এ বিষয়ে কি আইনের কোন পরিবর্তন করবেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্যঃ বর্তমানে যে বিধানগুলি আছে তা যথেষ্ট কিনা সেটা দেখতে হবে। তা যদি না হয় তাহলে বলা হয়েছে যে যারা আইনভঙ্গকারী মালিক তাদের জন্য শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা যায় কিনা সে সম্বন্ধে আইন করতে হবে।

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the Table

Deep and shallow tubewells in Midnapore district

1191. (Admitted question No. 2008.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানাতে কয়টি করিয়া গভীর নলকূপ এবং অগভীর (স্যালো) নলকূপ সেচের জন্য বসান হইয়াছে;

(খ) উক্ত নলকূপগুলি হইতে বসাইবার কতদিন পরে জল সরবরাহ করা হইতেছে; এবং

(গ) প্রত্যেক ক্ষেত্রে উক্ত নলকূপগুলির সাহায্যে কত জমি সেচের জন্য জল পায় এবং জমির স্বত্ত্বাধিকারীগণকে কি হারে জলকর দিতে হয়?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) গভীর নলকূপ সম্বন্ধে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

উহা ছাড়া নিম্নলিখিত থানাগুলিতে মোট ৫৮টি অগভীর (স্যালো) নলকূপ ১৯৬৪ সালে বসান হইয়াছে।

(১) গড়বেতা	... ...	৩৬টি
(২) শালবনী	... ...	১টি
(৩) চন্দ্রকোণা	... ...	২১টি
	মোট ...	৫৮টি

(খ) উপরি-উক্ত বিবরণীতেই গভীর নলকূপ সম্পর্কীয় তথ্য দেওয়া হইয়াছে। বিদ্যুৎ সংযোজনের তারিখ হইতেই নলকূপগুলি জল সরবরাহ করিতেছে। উপরি-উক্ত ৫৮টি অগভীর নলকূপই স্বয়ংক্রিয় (অটো-ফ্লো) নলকূপ। বসাইবার কাজ সম্পূর্ণ হইবার পর হইতেই ঐগুলি হইতে জল পাওয়া যায়।

(গ) উপরি-উক্ত বিবরণীতেই গভীর নলকূপ সম্পর্কীয় তথ্য দেওয়া হইয়াছে, একর প্রতি প্রথম শস্যের জন্য ১১ টাকা হারে এবং দ্বিতীয় এবং পরবর্তী শস্যের জন্য মোট ১৫ টাকা হারে জলকর আদায় হয়।

অগভীর নলকূপ ক্ষুদ্র সেচ পরিকল্পনার মাধ্যমে করা হয়, সুতরাং এক্ষেত্রে জলকরের প্রশ্ন উঠে না।

Motor accidents in the subdivisions of Midnapore district

1192. (Admitted question No. 2030.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩ এবং ১৯৬৪ সালে মেদিনীপুর জেলায় কোন্ মহকুমায় কয়টি মোটরযানের দুর্ঘটনায় কয়জন (১) আহত এবং (২) নিহত হইয়াছে;

(খ) উক্ত দুর্ঘটনার জন্য কয়টি কেস চলিতেছে এবং কয়টির কিভাবে নিষ্পত্তি হইয়াছে;

(গ) উক্ত দুর্ঘটনার জন্য আহতদের এবং নিহতদের ওয়ারিশগণকে কোন ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে কিনা; এবং

(ঘ) ক্ষতিপূরণ দেওয়া হইয়া থাকিলে প্রতি ক্ষেত্রে কত করিয়া দেওয়া হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) ও (খ) এ বিষয়ে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

(গ) ও (ঘ) এই সম্পর্কে জবাব দেওয়া সরকারের পক্ষে সম্ভব নয়, কারণ ইহা বীমা কোম্পানী এবং আদালতের বিচারের উপর নির্ভরশীল।

Government-owned khas tanks under Egra police-station, Midnapore

1193. (Admitted question No. 2263.)

শ্রীহৃষীকেশ চক্রবর্তী: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানার কোন্ অঞ্চলের কোন্ কোন্ মৌজায় সরকারী খাস পুষ্করিণী রহিয়াছে; এবং

(খ) উক্ত পুষ্করিণীগুলির কয়টি বর্তমানে মৎস্যচাষের জন্য কতদিনের মেয়াদী বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(খ) ২১৬টি পুষ্করিণী ৩ বৎসর মেয়াদে বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

G.R. given in Burwan police-station, Purulia

1194. (Admitted question No. 2642.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বান্দোয়ান থানায় গত ১৯৬৪ হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ মাসে কি কি শ্রেণীর দুঃস্থদের খয়রাতী সাহায্য দেওয়া হইয়াছে; এবং

(খ) কোন্ গ্রামের কতজন দুঃস্থ ব্যক্তিকে কি কি প্রকারের খয়রাতী সাহায্য দেওয়া হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) প্রশ্নের উল্লিখিত সময়ের মধ্যে প্রতি মাসে অসহায় অকর্মণ্য ব্যক্তি, অসহায় শিশু এবং অপ্রত্যাশিত বিপদগ্রস্ত দুঃস্থ ব্যক্তিকে খয়রাতী সাহায্য দেওয়া হইয়াছে।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Construction of Dulmi-Saridi Road under Test Relief Scheme in Bagmundi police-station, Purulia

1195. (Admitted question No. 2650.)

শ্রীদমন কুইরী: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বাঘমুণ্ডী থানার অন্তর্গত টেস্ট রিলিফের মাধ্যমে দুলমী-সারিডি রাস্তা নির্মাণের কাজ সম্পূর্ণ হইয়াছে কিনা;

(খ) উক্ত রাস্তার কাজে (১) পে মাস্টার ও মোহরার কে ছিল;

(২) মোট কতটি দলে কত সংখ্যক শ্রমিক কাজ করিয়াছিল; এবং

(৩) কোন্ কোন্ হেডম্যানের নামে টোকেন ইস্যু করা হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) হ্যাঁ।

(খ) (১) শ্রীকার্ত্তিক সিংমুড়া, সাং তুন্তুড়ি, পে মাস্টার; শ্রীনৃপেন্দ্রনাথ চক্রবর্তী, সাং তুন্তুড়ি, মোহরার।

(২) মোট ১,৪৮৯টি দলে ২৮,৬২০ জন শ্রমিক কাজ করিয়াছিল।

(৩) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Matha-Parda Road under Test Relief Work in Baghmundi Block, Purulia

1196. (Admitted question No. 2651.)

দমন কুইরী: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৪ঠা সেপ্টেম্বর ১৯৬৪ তারিখে প্রদত্ত ৫৬৩নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১২৮৩) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া ত্রাণ বিভাগের মন্ত্রিমহোদয়া জানাইবেন কি ১৯৬৩-৬৪ সালের টেস্ট রিলিফের মাধ্যমে পুরুলিয়া জেলার বাঘমুণ্ডী ব্লকের অন্তর্গত মাঠা পারত্তি রাস্তা নির্মাণের জন্য ২,২৯৯·১০ পয়সা এবং ২৮,৬১২,৫০০ কে জি গম খরচ হইয়াছে বলিয়া যে উল্লেখ হইয়াছে, সেই কাজ কোন প্ল্যান বা এস্টিমেট অনুসারে হইয়াছিল কি;

(খ) এই স্কীমে পে মাস্টার, মোহরার ও ডিলার কে ছিলেন;

(গ) মোট কতটি দলে কত সংখ্যক শ্রমিক কাজ করিয়াছিল;

(ঘ) কোন্ কোন্ হেডম্যানের নামে টোকেন ইসু করা হইয়াছিল; এবং

(ঙ) কোন্ অফিসার উক্ত স্কীমের কমপ্লিশন রিপোর্ট দিয়াছিলেন?

The Minister for Relief and Social Welfare:

(ক) ১২৮৩ নং প্রশ্নের উত্তরে মাঠা-পারত্তি নামে কোন রাস্তার উল্লেখ করা হয় নাই; তবে মাঠা-পাড়ড়া নামে একটি রাস্তার কার্যে ২,২৯৯·১০ পয়সা ও ২৮,৬১২,৫০০ কে জি গম খরচ করা হইয়াছে বলিয়া উল্লেখ করা হইয়াছিল এবং আলোচ্য মাঠা-পাড়ড়া রাস্তার কাজ যথাবিধি প্ল্যান ও এস্টিমেট অনুসারে করা হইয়াছিল।

(খ) পে মাস্টার শ্রীহরিপদ মাহাত, সাং খুদুডি; মোহরার শ্রীলক্ষ্মীনারায়ণ মাহাত, সাং খুদুডি; ডিলার শ্রীঅমূল্যরতন খাঁ, সাং মাঠা।

(গ) ৭০৪টি দলে ১৩,৮৯১ জন শ্রমিক।

(ঘ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(ঙ) বাঘমুণ্ডী ব্লকের বি ডি ও।

Cold Storages in West Bengal

1197. (Admitted question No. 2705.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) how many Cold Storages there are in West Bengal; and

(b) what is the capacity of each of them (name, address and capacity of each to be stated)?

The Minister of State for Agriculture and Community Development:

(a) There were 104 Cold Storages in West Bengal up to September, 1964.

(b) A list showing their names, addresses and capacity is placed on the Library Table.

Electricity to Industries in Midnapore district

1198. (Admitted question No. 2846.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কয়টি শিল্প প্রতিষ্ঠানকে বিদ্যুৎ ব্যবহারের সুযোগ গত ১৯৬৩-৬৪ সালে এবং ১৯৬৪-৬৫ সালে করা হইয়াছে;

(খ) এ সকল প্রতিষ্ঠানের নাম কি; এবং

(গ) এ সকল প্রতিষ্ঠানে কি কি শিল্পজাত দ্রব্য উৎপন্ন হয়?

The Minister for Commerce and Industries:

(ক) গত ১৯৬৩-৬৪ সালে ১৮টি এবং ১৯৬৪-৬৫ সালে ১১টি শিল্প প্রতিষ্ঠানকে বিদ্যুৎ ব্যবহারের সুযোগ দেওয়া হইয়াছে।

(খ) ও (গ) বিবরণী বিধানসভার লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Bus Route permits in Calcutta

1199. (Admitted question No. 2860.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতায় মোট কয়টি প্রাইভেট কোম্পানীকে কয়টি রুটে কয়টি করিয়া বাস রুট লাইসেন্স দেওয়া আছে?

The Minister for Home (Transport):

চব্বিশপরগনা সহ কলিকাতা অঞ্চলে ১৪টি প্রাইভেট কোম্পানীকে ৪৮টি রুটে মোট ৭৫১টি বাসরুট লাইসেন্স দেওয়া আছে। রুট প্রতি পারমিট বণ্টনের হিসাবের তালিকা লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

Primary Health Centres in West Bengal

1200. (Admitted question No. 2942.)

অম্বিনী রায়: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ১৯৬৫ সালের ৩১এ মার্চ তারিখে জেলা ভিত্তিতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কত;

(খ) উক্ত তারিখে উক্ত কেন্দ্রগুলির ৩জন ও ২ জন চিকিৎসকযুক্ত কেন্দ্রের সংখ্যা কত; এবং

(গ) উক্ত তারিখে যেসকল স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণকার্য সমাপ্ত হইয়াছে তাহাদের জেলা ভিত্তিতে সম্ভাব্য চালু করার তারিখ?

The Minister for Health:

(ক), (খ) ও (গ) এতৎসহ একটি স্টেটমেন্ট লাইব্রেরী টেবিলে সংরক্ষিত হইয়াছে।

Nursing Homes in Calcutta

1201. (Admitted question No. 3019.)

অনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে সরকারী পরিচালনায় বা সাহায্যপ্রাপ্ত কয়টি নার্সিং হোম আছে;

(খ) উহাদের মঞ্জুরী দেওয়ার কি কি শর্ত আছে; এবং

(গ) ঐগুলির কোন পরিচালক সমিতি আছে কিনা?

The Minister for Health:

(ক) লুম্বিনী পার্কের নার্সিং হোম সেকশনে ২২টি সংরক্ষিত শয্যার জন্য সরকারী অনুদান ওয়া ব্যতীত অন্য কোন সাহায্যপ্রাপ্ত বা সরকার-পরিচালিত নার্সিং হোম নাই।

(খ) লাইসেন্সের ব্যাপারে, পশ্চিমবঙ্গ ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট (১৯৫১) নিয়মাবলীর ১নং নিয়মে বর্ণিত শর্ত অনুযায়ী নার্সিং হোমগুলিকে মঞ্জুরী দেওয়া হয়। উক্ত নিয়মের কটি অনুলিপি লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

লুম্বিনী পার্ক নার্সিং হোমকে সরকারী অনুদান দেওয়ার শর্ত দুইটি: (১) ঐ ২২টি য্যায় রোগী ভর্তির অধিকার সরকারের থাকিবে; (২) উহার পরিচালনা সমিতিতে সরকারের কজন প্রতিনিধি লইতে হইবে।

(গ) "লুম্বিনী পার্কে" একটি পরিচালক সমিতি আছে।

Co-operative Societies in Jambani, police-station Midnapore

1202. (Admitted question No. 3165.)

সুরেন্দ্রনাথ মাহাত: সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় জাম্বনী থানায় কতগুলি কি প্রকারের সমবায় সমিতি কোথায় কোথায় আছে; এবং

(খ) উক্ত সমিতিগুলির মধ্যে কোন্ কোন্‌টি বর্তমানে অচল অবস্থায় আছে এবং অচল অবস্থায় থাকার কারণ কি?

The Minister for Co-operation:

(ক) এতৎসম্পর্কিত 'ক' তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) এতৎসম্পর্কিত 'খ' তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Co-operative Societies in Jhargram police-station, Midnapore

1203. (Admitted question No. 3166.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানায় কতগুলি কি প্রকারের সমবায় সমিতি কোথায় কোথায় আছে ; এবং

(খ) উক্ত সমিতিগুলির মধ্যে বর্তমানে কোন্‌টি অচল অবস্থায় আছে এবং অচল অবস্থায় থাকার কারণ কি?

The Minister for Co-operation:

(ক) এতৎসম্পর্কিত 'ক' তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) এতৎসম্পর্কিত 'খ' তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Co-operative Societies in Binpur police-station, Midnapore

1204. (Admitted question No. 3167.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানায় কতগুলি কি প্রকারের সমবায় সমিতি কোথায় কোথায় আছে ; এবং

(খ) উক্ত সমিতিগুলির মধ্যে কোন্ কোন্‌টি বর্তমানে অচল অবস্থায় আছে এবং অচল অবস্থায় থাকার কারণ কি?

The Minister for Co-operation:

(ক) এতৎসংশ্লিষ্ট 'ক' তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) এতৎসংশ্লিষ্ট 'খ' তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Applications for Mutation

1205. (Admitted question No. 593.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমি খারিজ সম্পর্কে কতজনের আবেদন বিভিন্ন জেলায় অদ্যাবধি জমা পড়িয়াছে ;

(খ) কত আবেদন কার্যকরী হইয়াছে এবং কতজনের আবেদন এখনও অকার্যকর অবস্থায় পড়িয়া আছে ; এবং

(গ) জমিদারী উচ্ছেদের পর হইতে এই খারিজ বিষয়ে ভূমিরাজস্ব বিভাগ কি কি ব্যবস্থা লইয়াছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) ও (খ) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(গ) সেটেলমেন্ট কার্যাদি সম্পর্কিত সংস্থার পুনঃসংগঠনে বেশ সময় লইয়াছিল। ইহা ছাড়া সংশোধিত ভূ-বাসন (রিভিসনাল সেটেলমেন্ট) কার্যও অগ্রসর হইতেছিল। এই সকল কারণে প্রাথমিক অবস্থায় জমি খারিজ সংক্রান্ত বকেয়া কাজ বহুল পরিমাণে জমিয়া যায়। বর্তমানে এই সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। প্রতি মৌজায় পরিদর্শনকালে জে এল আর ও ও সার্কেল ইন্সপেক্টরগণকে বহুল পরিমাণে বকেয়া জমি খারিজ সংক্রান্ত বিষয়গুলি সত্ত্বর নিষ্পন্ন করিতে নির্দেশ দেওয়া হইয়াছে এবং এজন্য অতিরিক্ত কর্মচারী নিয়োগ করা হইয়াছে। বহুল পরিমাণে জমি খারিজ বিষয়গুলি নিষ্পন্ন হয়, সেজন্য বিশেষ নজর রাখা হইতেছে।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 1205

	জেলার নাম	জমিখারিজের জন্য দরখাস্তের সংখ্যা	দরখাস্ত নিষ্পন্ন হইয়াছে	বিবেচনাধীন দরখাস্তের সংখ্যা
(১)	হাওড়া	৩৪,১৬৭	৮,৮৩২	২৫,৩৩৫
(২)	হুগলি	১০,০১৭	৬,০৮৩	৩,৯৩৪
(৩)	মেদিনীপুর	৫৬,৬৫৮	৩১,৪৫০	২৫,২৩৫
(৪)	বাঁকুড়া	৩,১৯৯	১,২৫০	১,৯৪৯
(৫)	বর্দ্ধমান	৮,৬৬৯	৫,৪৫৫	৩,২১৪
(৬)	বীরভূম	১,২৬৯	৭৭১	৪৯৮
(৭)	২৪-পরগণা	৭০,৭৫৩	৬৩,৩৫০	৭,৪০৩
(৮)	নদীয়া	৩৯,৬০৯	২৪,৭৯৭	১৪,৮১২
(৯)	মুর্শিদাবাদ	৪,৬৬০	১,৬২০	৩,০৪০
(১০)	মালদা	১,০৫০	৬৫৭	৩৯৩
(১১)	পঃ দিনাজপুর	৯২	৬০	৩২
(১২)	কুচবিহার	১৮,০১৫	৬,২২৭	১১,৭৮৮
(১৩)	জলপাইগুড়ি	৩৭,১৮৭	১১,২০৯	২৫,৯৭৮
(১৪)	দার্জিলিং	৮,২৬৪	২,২০৬	৬,০৫৮
(১৫)	পুরুলিয়া	৩,৯৭০	১,৬৩৬	২,৩৩৪

Government-vested lands in West Bengal

1205. (Admitted question No. 707.)

শ্রীহরেকৃষ্ণ কোঙার: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় দয়া করিয়া জানাইবেন কি—

(ক) আজ পর্যন্ত মোট কত একর আবাদী ও আবাদযোগ্য জমি পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইন ও ভূমি সংস্কার আইন অনুযায়ী সরকারে ন্যস্ত হইয়াছে ;

(খ) ইহার মধ্যে কত একর সরকার কার্যতঃ দখলে লইয়াছেন এবং কোন্ জেলায় কত ;

(গ) কত একর কতজন প্রজার মধ্যে এক বছরের মেয়াদে ও কত একর কতজনের মধ্যে দীর্ঘমেয়াদে বন্দোবস্ত করা হইয়াছে ;

(ঘ) উদ্বৃত্ত ও দখলীকৃত জমির মধ্যে কত একর প্রাক্তন চা-বাগান মালিকদের ছিল ; এবং

(ঙ) ১৯৬৪ সালের জানুয়ারী হইতে ডিসেম্বরের মধ্যে কোন উদ্বৃত্ত জমি সরকারের হাতে নূতনভাবে ন্যস্ত হইয়াছে কিনা এবং হইলে কত?

The Minister for Land and Land Revenue:

(ক) ৩,৫৩,৭৯৮·৯২ একর।

(খ) মোট ২,৩৯,৩৩২·১৬ একর দখল লওয়া হইয়াছে। ইহার জেলাওয়ারী হিসাব নিম্নে প্রদত্ত হইল—

জেলা					জমির পরিমাণ একর
বাঁকুড়া	...	...	...	...	১৩,৩২৮·০০
বীরভূম	...	...	..	...	৩,৬৫৩·০০
বর্ধমান	...	...	...	...	৬,২৫০·২৮
কোচবিহার	...	...	...	...	২৩,৩৫৭·৬৪
দার্জিলিঙ	...	...	...	...	১১,২১৬·৯৩
হুগলী	...	...	...	...	২,৯২৯·১২
হাওড়া	...	...	...	...	৫৬২·৬৭
জলপাইগুড়ি	...	...	...	...	৬৫,৯৫৪·৪৭
মালদহ	...	...	...	...	৩১,৫১২·৩০
মেদিনীপুর	...	...	...	...	২০,৮৩১·৭৩
মুর্শিদাবাদ	...	...	...	...	৪,৭৩৩·৭১
নদীয়া	...	...	...	...	৫,০৩৭·০৯
২৪-পরগনা	...	...	...	...	১৯,৫৬৩·০০
পঃ দিনাজপুর	...	...	...	...	৩০,৪০২·২২
*পুরুলিয়া	...	...	...	...	

*পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইন ১-১-১৩৭১ সাল হইতে প্রয়োগ করা হইয়াছে।

(গ) ১,০০,৭৪৮·৬৫ একর ১,১৪,১২৫ জনের মধ্যে ১ বৎসর মেয়াদে ও ৪৫,৭৬৫·৮২ একর ঐরূপ জমি ১৭,৪০২ জনের মধ্যে এক বৎসরের অধিক মেয়াদে বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(ঘ) ও (ঙ) এ পর্যন্ত জমিদারী গ্রহণ আইনের ৬(৩) ধারামতে ২৭,০৬৩ একর জমি উদ্বৃত্ত ঘোষণা করা হইয়াছে। উহার মধ্যে ১৯৬৪ জানুয়ারী হইতে ডিসেম্বর পর্যন্ত ১৩,৩১৯ একর উদ্বৃত্ত ঘোষণা করা হইয়াছিল। এ জমিগুলি সবই চা-বাগানের।

Summary Trial against Black Marketeers and Hoarders

1207. (Admitted question No. 1086.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত নভেম্বর মাসের কেন্দ্রীয় আইন অনুযায়ী পশ্চিমবঙ্গে কতজন চোরাকারবারী এবং মজুতদারের বিরুদ্ধে সামারী ট্রায়াল-এর ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Home (Police):

৬০০ জনের বিরুদ্ধে।

Government khas lands in Moyna police-station, Midnapore

1208. (Admitted question No. 1353.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী দখল আইন চালু হইবার পর মেদিনীপুর জেলার ময়না থানাতে কি পরিমাণ (১) ধান জমি, (২) কালা জমি, (৩) বাঁধ এবং (৪) খালের জমি সরকার খাস দখলে পাইয়াছেন;

(খ) ঐসকল খাস জমির মধ্যে কতগুলি ক্ষেত্রে বে-আইনী দখলের সংবাদ সরকার পাইয়াছেন; এবং

(গ) ঐসকল বে-আইনী দখলকারীদের নিকট হইতে পুনর্দখলের জন্য কতগুলি ক্ষেত্রে সরকার মামলা দায়ের করিয়াছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) সরকারের খাস জমির পরিমাণ নিম্নরূপ:—

	একর
(১) ধান জমি	১২১·৬৬
(২) কালা জমি	২১৬·৭৫
(৩) বাঁধ	৩৫৭·২৯
(৪) খালের জমি	৪১৭·১৭

(খ) ৫২টি।

(গ) ১টি।

Higher Secondary Schools in rural areas of West Bengal

1209. (Admitted question No. 1369.)

শ্রীতারাপদ দেঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সারা পশ্চিমবঙ্গে জেলায় জেলায় অষ্টম শ্রেণী পর্যন্ত গ্রামাঞ্চলের মেয়েদের বিনা বেতনে শিক্ষা দিবার ব্যবস্থা হওয়ার পূর্বে কতগুলি করিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ছিল;

(খ) বর্তমানে প্রত্যেক জেলায় ঐরূপ বিদ্যালয়গুলির সংখ্যা কত; এবং

(গ) বর্তমানে মেয়েদের স্কুল পরিদর্শনের জন্য প্রত্যেক জেলায় জেলা অফিস আছে কিনা এবং স্কুল পরিদর্শনের জন্য কি ব্যবস্থা চালু আছে?

The Minister for Education:

(ক) এই সম্বন্ধে একটি তালিকা (তালিকা 'ক') উপস্থাপিত করা হইল।

(খ) এই সম্বন্ধে একটি ভিন্ন তালিকা (তালিকা 'খ') উপস্থাপিত করা হইল।

(গ) প্রত্যেক জেলায় জেলা অফিস নাই। সমগ্র পশ্চিমবঙ্গে ৬টি জেলা বিদ্যালয় পরিদর্শিকার অফিস আছে। প্রত্যেক জেলা অফিসে দুই হইতে তিন পর্যন্ত বিদ্যালয় পরিদর্শিকা রহিয়াছেন। তাঁহারাই বালিকা বিদ্যালয় পরিদর্শন করেন। তবে কোচবিহার এবং পুরুলিয়ায় অবস্থিত বালিকা বিদ্যালয়গুলি সেই সকল জেলার জেলা বিদ্যালয় পরিদর্শক পরিদর্শন করেন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1209

তালিকা "ক"

দশম শ্রেণী বিদ্যালয়ের তালিকা (১৯৫৮)

(১) বাঁকুড়া	২
(২) বর্ধমান	১৩
(৩) বীরভূম	২
(৪) কুচবিহার	৩
(৫) দার্জিলিং	৪
(৬) হুগলী	২১
(৭) হাওড়া	১৭
(৮) জলপাইগুড়ি	২
(৯) মালদহ	১
(১০) মেদিনীপুর	৭
(১১) মুর্শিদাবাদ	৬
(১২) নদীয়া	৯
(১৩) পুরুলিয়া	২
(১৪) ২৪-পরগনা	৬৩
(১৫) পশ্চিম দিনাজপুর	৩
মোট ...	১৫৫

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1209

তালিকা 'খ'

মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা (১৯৬৪)

	একাদশ শ্রেণী বিদ্যালয়	দশম শ্রেণী বিদ্যালয়	মোট
(১) বাঁকুড়া	৩	২	৫
(২) বর্দ্ধমান	১১	১৪	২৫
(৩) বীরভূম	৩	৫	৮
(৪) কুচবিহার	২	৪	৬
(৫) দার্জিলিং	৫	৪	৯
(৬) হুগলী	২৫	২৫	৫০
(৭) হাওড়া	১৯	২৬	৪৫
(৮) জলপাইগুড়ি	৫	৬	১১
(৯) মালদহ	২	১	৩
(১০) মেদিনীপুর	১৬	২৭	৪৩
(১১) মুর্শিদাবাদ	৭	৭	১৪
(১২) নদীয়া	১০	২৬	৩৬
(১৩) পুরুলিয়া	২	২	৪
(১৪) ২৪-পরগনা	৩৪	৯৬	১৩০
(১৫) পশ্চিম দিনাজপুর	২	৫	৭
	১৪৬	২৫০	৩৯৬

Deep tubewells in Ghatal subdivision

1210. (Admitted question No. 1417.)

শ্রীনগেন্দ্র ভট্টাচার্য: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় ৩১-১-৬৫ পর্যন্ত কয়টি গভীর নলকূপ কোন্ কোন্ স্থানে সংস্থাপিত হইয়াছে এবং কোন্ তারিখ হইতে চালু করা হইয়াছে এবং কত টাকা খরচ হইয়াছে;

(খ) ঐ সমস্ত গভীর নলকূপ হইতে কোন্ বৎসর কত একর জমিতে জল দেওয়া হইয়াছে এবং কত উদ্বৃত্ত ফসল উৎপাদিত হইয়াছে;

(গ) সংস্থাপিত নলকূপগুলি হইতে কত পরিমাণ জমিতে সেচ দেওয়া যাইতে পারে;

(ঘ) কয়জন করিয়া কর্মচারী গভীর নলকূপগুলিতে নিযুক্ত করা হয় এবং তাহাদের বেতন এবং ভাতা কত;

(ঙ) কোন গভীর নলকূপ হইতে সেচ বাবদ কত টাকা ৩১-১-৬৫ পর্যন্ত পাওয়া গিয়াছে; এবং

(চ) তৃতীয় পরিকল্পনার মধ্যে ঐ মহকুমায় কোথায় কোথায় নলকূপ বসানর পরিকল্পনা আছে এবং তাহা কার্যকরী করা হইবে কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় প্রায় ৩২,০০০ টাকা খরচ করিয়া একটি গভীর নলকূপ বসান হইয়াছে। ১২-৬-৬২ তারিখে নলকূপটিতে বিদ্যুৎ সংযোজিত হইয়াছে এবং উক্ত তারিখ হইতেই নলকূপটি চালু আছে।

(খ) উক্ত নলকূপ হইতে বিভিন্ন বৎসরে নিম্নলিখিত এলাকায় জল দেওয়া হইয়াছেঃ

	১৯৫৯-৬০	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
	একর	একর	একর	একর	একর
১। খরিফ ..	৩০	৫০	১০০	১৪৪	১৮১
২। রবি ..	১২	২০	৮০	৮৪	১০৫

উদ্বৃত্ত ফসলের তথ্যাদি দেওয়া সম্ভব হইল না।

(গ) একটি নলকূপ হইতে ২০০ একর জমিতে জল দেওয়া সম্ভব।

(ঘ) একটি নলকূপের জন্য একজন ড্রাইভার-কাম-মেকানিক এবং একজন ওয়াটার ট্রান্সমিসন অ্যাসিস্ট্যান্ট নিযুক্ত হইয়া থাকে। ইহাদের বেতনের স্কেল যথাক্রমে ১৪০—৫—২১০ এবং ৬০—১/২—৬৫—১—৭৫ ইহা ছাড়া উপরোক্ত কর্মচারীরা নির্দিষ্ট হারে মহার্ঘভাতা পাইয়া থাকে।

(ঙ) একটি নলকূপ সম্পর্কীয় সমস্ত কাজ সম্পূর্ণ হইবার এক বৎসর পর জলকর আদায় করা হয়। উপরোক্ত নলকূপটি এখনও সম্পূর্ণ হয় নাই এবং সেজন্য জলকর আদায়ের প্রশ্ন এখনও আসে নাই; এবং

(চ) তৃতীয় পরিকল্পনার বাকি সময়ে মেদিনীপুর জেলায় আরো ১০০টি গভীর নলকূপ বসানর পরিকল্পনা আছে। উহার মধ্যে ঘাটাল মহকুমায় গভীর নলকূপ বসানর জন্য ১১টি স্থান এ পর্যন্ত নির্বাচিত হইয়াছে। এই সম্পর্কীয় একটি তালিকা এই সংগে দেওয়া হইল। তৃতীয় পরিকল্পনার মধ্যেই নলকূপগুলি বসান হইবে বলিয়া আশা করা যায়।

Statement referred to in reply to clause (Cha) of unstarred question No. 1210

Approved list of deep-tubewell sites in the Ghatal subdivision

Name of P.S., Mauza.

Daspur—

(1) Dubrajpur.
(2) Kaigaria.
(3) Kalaghara.
(4) Sonamui.
(5) Khanjopir.

Name of P.S. Mauza.

Ghatal—
(1) Kushman.
(2) Jalsara.
(3) Syamsundarpur.

Chandrakore—
(1) Radha-ballavpur.
(2) Jagannathpur.
(3) Madanmohanpur.

Tank Fishery loan in Moyna police-station, Midnapore

1211. (Admitted question No. 1673.)

শ্রীঅনঙ্গমোহন দাস: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুষ্করিণীতে মৎস্যচাষ বাবদ মেদিনীপুর জেলার ময়না থানার কোন্ কোন্ গ্রামে কোন্ কোন্ ব্যক্তিকে (১) স্বল্পমেয়াদী, (২) মধ্য মেয়াদী এবং (৩) দীর্ঘমেয়াদী ঋণ কত টাকা করিয়া গত ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সনে দেওয়া হইয়াছে;

(খ) উক্ত ঋণ টাকা প্রকৃত উদ্দেশ্যে ব্যয়িত হইতেছে কিনা তাহা দেখিবার কোন ব্যবস্থা সরকারের আছে কি; এবং

(গ) ঋণগ্রহীতাগণ নিয়মিতভাবে ঋণ আদায় দিতেছেন কি?

The Minister for Fisheries:

(ক) (১) আলোচ্য সময়ে স্বল্পমেয়াদী ঋণ কাহাকেও দেওয়া হয় নাই।

(২) এ সম্বন্ধে একটি বিবরণী পেশ করা হইল।

(৩) এরূপ ঋণ কাহাকেও দেওয়া হয় নাই।

(খ) হ্যাঁ, আছে।

(গ) দুইজন ঋণগ্রহীতা ব্যতীত সকলেই নিয়মিতভাবে ঋণ পরিশোধ করিতেছেন। উক্ত দুজনের নিকট হইতে সার্টিফিকেট ব্যবস্থায় প্রাপ্য আদায় করা হইতেছে।

Statement referred to in reply to clause (Ka)(2) of unstarred question No. 1211

ময়না থানার মধ্যমেয়াদী ঋণদানের বিবরণী

বৎসর	ঋণগ্রহীতার নাম	গ্রামের নাম	থানার নাম	ঋণদানের পরিমান	পরিশোধিত ঋণের পরিমান
১৯৬২-৬৩ ..	কাহাকেও ঋণ দেওয়া হয় নাই।				
১৯৬৩-৬৪ ..	জরুরী অবস্থার জন্য ঋণদান বন্ধ থাকে।				
১৯৬৪-৬৫ ..	শ্রীজ্ঞানেন্দ্রনাথ মাইতি ..	সুদামপুর ..	ময়না	৪০০ টাকা টাকা	

দরিদ্র মৎস্যজীবীদের জাল, সুতা ও নৌকা ক্রয়ের জন্য ঋণদানের বিবরণী

১৯৬২-৬৩ ..	শ্রীভারত হাইথ ..	দক্ষিণ চপাচক	ময়না	২০০	
	শ্রীগোপালচন্দ্র মুরা ..	শ্রীধরপুর ..	,,	২০০	(আসল ১,১৩৮ টাকা সুদ ১৮১ টাকা ২৮ পয়সা)
	শ্রীগুণঠাবারি এবং অন্যান্য ..	দোনাচক ..	,,	১৫০	
	শ্রীনয়ন বার	পুরাচক ..	,,	২০০	(এপর্যন্ত প্রাপ্ত তথ্যানুযায়ী)
	শ্রীকৃপাসিন্ধু বার এবং অন্যান্য ..	ঐ ..	,,	১৫০	
	শ্রীষষ্টিধর বারই ..	ঐ ..	,,	১০০	
	শ্রীজ্ঞানদাচন্দ্র হাজরা ..	ঐ ..	,,	১০০	
	শ্রীঅমূল্যচরণ হাইথ এবং অন্যান্য	দক্ষিণ চংরাচক	,,	২০০	
	শ্রীনিনী মুরা ..	শ্রীধরপুর ..	,,	২০০	
	শ্রীসুধাংশুশেখর রায় ..	ঐ ..	,,	২০০	
	শ্রীবিজয়কৃষ্ণ মণ্ডল এবং অন্যান্য	পায়রাচক ..	,,	২০০	
			মোট ঋণ ..	২,১০০	আদায় আসল ১,১৩৮ টাকা, সুদ ১৮১ টাকা ২৮ পয়সা
১৯৬৩-৬৪ ..	জরুরী অবস্থার জন্য সাহায্যদান বন্ধ থাকে।				
১৯৬৪-৬৫ ..	এ সম্পর্কে তথ্য এখনও পাওয়া যায় নাই।				

Deep tubewell in Jhargram police-station, Midnapore

1212. (Admitted question No. 1720).

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানার কোন্ কোন্ মৌজায় গভীর নলকূপ বসান হইয়াছে; এবং

(খ) নলকূপ বসানর ফলে কোন্ মৌজার কত জমিতে ভাল সেচ হইতেছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানার দক্ষিণশোল মৌজায় এ পর্যন্ত একটি গভীর নলকূপ বসান হইয়াছে।

(খ) নলকূপটির ডিজেল পাম্প ঠিকভাবে কার্যকরী না হওয়াতে নলকূপটি হইতে আশানুরূপ জল উঠিতেছে না। দক্ষিণশোল মৌজায় নলকূপটির নিকটস্থ ২০ বিঘা আন্দাজ জমিতে বর্তমানে সেচ দেওয়া হইতেছে। পাম্পটি অবিলম্বে মেরামত করার নির্দেশ দেওয়া হইয়াছে। মেরামতের পর বেশী পরিমাণ জমিতে জল দেওয়া সম্ভব হইবে।

শীঘ্রই ডিজেল ইঞ্জিনের পরিবর্তে এই নলকূপটিতে ইলেকট্রিক ইঞ্জিন বসান হইবে। ইহা করা হইলে প্রায় ১০০ একর জমিতে জল দেওয়া সম্ভব হইবে।

Compensation to Intermediaries in Midnapore district

1213. (Admitted question No. 1767.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী দখল আইন চালু হইবার জন্য মেদিনীপুর জেলায় মোট কতজন মধ্যস্বত্বভোগী ক্ষতিপূরণ বাবদ সরকারের নিকট টাকা পাইবেন;

(খ) উহাদের মধ্যে কতজনকে এ যাবৎ কিছুই দেওয়া হয় নাই;

(গ) কি কারণে উহাদিগকে কোন অর্থ প্রদান করা সম্ভব হয় নাই;

(ঘ) কোন্ সনে ঐ সকল মধ্যস্বত্বভোগীদের নিকট হইতে তাহাদের সম্পত্তি সরকার দখল পাইয়াছেন;

(ঙ) দেরীতে ক্ষতিপূরণ দেওয়ার জন্য মধ্যস্বত্বভোগীদিগকে কোন বিশেষ সুবিধা প্রদান করা হইবে কিনা; এবং

(চ) এযাবৎ মেদিনীপুর জেলায় ক্ষতিপূরণ বাবদ কতজনকে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) যাহাদের নীট আয় কিছুই ছিল না তাহারা বাদে ১,৮৪,০৩৬ জন ক্ষতিপূরণ পাইবেন।

(খ) আনুমানিক ৯৯,৯২৪ জন।

(গ) কতকগুলি ক্ষেত্রে নীট আয় এখনও নির্ধারিত হয় নাই এবং কতকগুলি ক্ষেত্রে ক্ষতিপূরণ রোল চূড়ান্তভাবে প্রকাশিত হইলেও মধ্যস্বত্বাধিকারী ক্ষতিপূরণ লইতে আসে নাই।

(ঘ) মধ্যস্বত্ত্বভোগীর স্বত্ত্ব বাংলা ১৩৬২ সনের ১লা বৈশাখ ও রায়তি স্বত্ত্ব বাংলা ১৩৬৩ সনের ১লা বৈশাখ হইতে সরকারে বর্তাইয়াছে।

(ঙ) জমিদারী গ্রহণ আইনের ২৩ ধারায় মধ্যস্বত্ত্বভোগীগণ জমিদারী গ্রহণ আইনের তারিখ হইতে চূড়ান্ত ক্ষতিপূরণের টাকার উপর শতকরা ৩ টাকা হারে সুদ পাইবেন।

(চ) চূড়ান্ত ও অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ বাবদ মোট ৮৪,১১২ জনকে ৩,৮৩,৭৮,৯৫৭·৬৬ টাকা প্রদত্ত হইয়াছে।

Investigation into cases of corruption in the Kandi subdivision, Murshidabad

1214. (Admitted question No. 2050.)

শ্রীশম্ভুগোপাল দাস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের কান্দী মহকুমায় এনফোর্সমেন্ট বিভাগ গত বৎসর কতগুলি দুর্নীতির ঘটনা সম্পর্কে তদন্ত করিয়াছেন; এবং

(খ) কতগুলি মামলা কোর্টে দিয়াছেন?

The Minister for Home (Police):

(ক) ১৯৬৪ সালে মুর্শিদাবাদ জেলার 'এনফোর্সমেন্ট ব্রাঞ্চ' কান্দী মহকুমায় পাঁচটি দুর্নীতির অভিযোগ সম্পর্কে তদন্ত করিয়াছেন।

(খ) এ পর্যন্ত কোন মামলা কোর্টে দায়ের করা হয় নাই। একটি মামলা সংক্রান্ত তদন্ত এখনও শেষ হয় নাই।

Berhampore Block

1215. (Admitted question No. 2190.)

শ্রীসনৎকুমার রাহা: আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর ব্লকের অন্তর্গত বিভিন্ন অঞ্চলে তফসিলী ও উপজাতি কল্যাণের জন্য বিগত তিন বছরে কত ব্যয় কোন্ খাতে হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

একট বিবরণী এতৎসহ পেশ করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 1215

কার্যসূচীর নাম	ব্যয়িত অর্থের পরিমাণ		
	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬
	টাকা	টাকা	টাকা
(১) পানীয় জল সরবরাহ	৯৪৩	৩,১০৩	..
(২) বয়স্ক শিক্ষাকেন্দ্র, নৈশ বিদ্যালয় ইত্যাদিকে অনুদান ..	..	১,৪০০	..
(৩) কারিগরগণকে অর্থ সাহায্য	১,৭৯৫	৮০০	..
(৪) চাষের সরঞ্জাম ক্রয়ের জন্য অনুদান	২০০	৮৫০	..
(৫) পৌরপ্রতিষ্ঠানের হরিজনদের বাসগৃহ নির্মানের জন্য অনুদান ..	..	..	১৩,৫৫
(৬) তফসিলী ছাত্রদের বেতন বাবদ	..	১,৬৪৭	৯
(৭) পতিত জমি উদ্ধার	১,০০০	২,৪৫০	..
(৮) গৃহ নির্মাণ	১,০০০	৫০০	..
(৯) প্রাথমিক বিদ্যালয় নির্মাণ	..	৫,০০০	..
(১০) মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রাবাস নির্মাণ	..	৬,১২৫	১০,০
(১১) বিশেষ কোচিং ব্যবস্থা	..	..	১
(১২) ধর্মগোলা স্থাপন ও তাহার পরিচালন বাবদ	১০,২৫০	৩৫৮	৯
(১৩) পশুপালন	..	৫৩৭	

Jute in Midnapore district

1216. (Admitted question No. 2157.)

শ্রী... দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাই কি—

(ক) গত ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানাতে কি পরিমাণ জমিতে কত করিয়া পাট উৎপাদিত হইয়াছিল;

(খ) ঐ সকল জমির কত জমিতে পরে ধান চাষ হইয়াছিল;

(গ) ঐ সকল পাট উৎপাদনকারীগণ কিভাবে কাহার মারফত বিক্রয় করিয়াছিল;

(ঘ) পাটকল মালিকগণ ঐ সকল পাট কি দামে ক্রয় করিয়াছিল; এবং

(ঙ) ঐ সকল পাট চাষের জমিতে সেচের কিরূপ ব্যবস্থা আছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) এই সম্বন্ধে একটি তালিকা এতৎসহ দেওয়া হইল।

(খ) ঐ সকল জমির মধ্যে পূর্ব মেদিনীপুরে মোট ৫,৯১৯·৭৯ একর ও পশ্চিম মেদিন মোট ১,৯০০ একর জমিতে ধান চাষ হইয়াছিল।

(গ) উৎপাদনকারীগণ সাধারণত তাহাদের স্ব স্ব বাড়ীতেই গ্রামের ফড়িয়া এবং বহিরাগত ব্যবসায়ীগণের নিকট বিক্রয় করিয়া থাকে। কিছু কিছু চাষী নিজেদের পাট নিজেরাই নিকটস্থ বিক্রয়কেন্দ্রে আনিয়া ব্যাপারী কিংবা মহাজনের আড়তে বিক্রয় করিয়া থাকে।

(ঘ) সর্বনিম্ন দাম মণ প্রতি ২৬ টাকা, সর্বোচ্চ দাম মণ প্রতি ৪০ টাকা।

(ঙ) জলের জন্য প্রধানত বৃষ্টিপাতের উপর নির্ভর করিতে হয়। কোন কোন এলাকায় পুকুর হইতে জল সেচের ব্যবস্থা আছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1216.

মেদিনীপুর--পূর্ব

	থানার নাম	পাটচাষের জমির পরিমাণ	একর প্রতি ফলন
		একর	গাইট
১।	তমলুক	১,৯৯৬.০০	২.৪০
২।	পাঁশকুড়া	১,৮০০.৬০	৩.০০
৩।	ময়না	১,৪৩০.০০	২.৫০
৪।	মহিষাদল	৬২৪.০০	২.৫০
৫।	নন্দীগ্রাম	১,৪৯৩.০০	৩.২১
৬।	সুতিহাটা	১০৬.৫০	১.৭৩
৭।	কাঁথি	৪৪০.১৬	৩.১০
৮।	এগরা	৩৪৯.২২	১.৫৭
৯।	রামনগর	৩৭৪.১১	১.৯০
১০।	পটাশপুর	৫৩০.০০	৩.০০
১১।	ভগবানপুর	২,৭৭৬.৫২	২.৪৭
১২।	খেজুরী	৯৭৩.০০	৩.০৭
১৩।	ঘাঁটাল	৩,২১৮.০০	৪.০০
১৪।	দাসপুর	৪,৭৮৮.৫০	৩.৭৫
১৫।	চন্দ্রকোনা	৩৬৫.৪০	৩.৫০

মেদিনীপুর--পশ্চিম

	থানার নাম	পাটচাষের জমির পরিমাণ	একর প্রতি ফলন
(১)	পিংলা	১,৩৩৭.০০	৩,৭৩৫
(২)	দেবরা	৪৪০.০০	১,৫৬২
(৩)	সাবং	৬০০.০০	১,৮৪৫

অন্যান্য থানায় পাট চাষের পরিমাণ নগন্য।

Surrender of sanctioned money from Moyna and Pingla Blocks, Midnapore

1217. (Admitted question No. 2203.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সম্মিষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলায় ময়না ও পিংলা ব্লকের বিভিন্ন খাতে মঞ্জুরীকৃত টাকা গত ১৯৬২ এবং ১৯৬৩ সালের আর্থিক বৎসরের মধ্যে খরচ করিতে না পারায় ফেরৎ দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে কোন্ বৎসর কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হয় নাই ; এবং

(গ) ঐগুলি খরচ না হইবার কারণ কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬২-৬৩ আর্থিক বৎসরে ময়না ও পিংলা ব্লক দুইটির কয়েকটি পরিকল্পনা খাতে মঞ্জুরীকৃত টাকার কিছু অংশ ব্যয় করা সম্ভব হয় নাই।

(খ) ও (গ) ব্যয় না হওয়ার কারণসহ একটি বিবৃতি অগ্রসহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 1217.

১৯৬২-৬৩ আর্থিক বৎসরে ময়না ও পিংলা ব্লক দুইটির বিভিন্ন পরিকল্পনায় বরাদ্দ অর্থের মধ্যে প্রত্যার্পিত অর্থের পরিমাণ এবং প্রত্যর্পণের কারণ সম্পর্কে বিবৃতি

ব্লক	পরিকল্পনা	প্রত্যার্পিত অর্থের পরিমাণ (টাকা)	প্রত্যর্পণের কারণ
ময়না	(১) ফলাফল প্রদর্শন	৮	উদ্বৃত্ত অর্থের পরিমাণ অত্যন্ত কম।
	(২) ক্ষুদ্র কর্মশালা	১১৪	উদ্বৃত্ত অর্থের পরিমাণ অত্যন্ত কম।
	(৩) বিবিধ কৃষি পরিকল্পনা	৫২৪	বরাদ্দ অর্থ বিলম্বে পাওয়া গিয়াছিল।
	(৪) শিক্ষণ ও উৎপাদন কেন্দ্র (বয়ন)	৫,৪৮৯	উৎপাদন অপেক্ষাকৃত কম হইয়াছিল।
	(৫) বিদ্যালয়ের উন্নতি (মাধ্যমিক)	৪,২৭৬	বরাদ্দ অর্থ আর্থিক বৎসরের সমাপ্তির মুখে পাওয়া গিয়াছিল।
	(৬) সমাজ শিক্ষা--		
	(ক) প্রদর্শনী, পুরস্কার বিতরণ ইত্যাদি	৩৮০	বরাদ্দ অর্থ আর্থিক বৎসরের সমাপ্তির মুখে পাওয়া গিয়াছিল।
	(খ) অডিও-ভিস্যুয়াল ইউনিট	১৩৭	বরাদ্দ অর্থ আর্থিক বৎসরের সমাপ্তির মুখে পাওয়া গিয়াছিল।
	(৭) যোগাযোগ (কাঁচা রাস্তা নির্মাণ)	৩,০০০	বরাদ্দ অর্থ আর্থিক বৎসরের সমাপ্তির মুখে পাওয়া গিয়াছিল।
পিংলা	(১) ক্ষুদ্র সেচ (ঋণ) প্রকল্প	৪৭,০০০	পাম্পিং মেসিন ক্রয় করিবার অর্থ মঞ্জুর হয় নাই, উপরন্তু বরাদ্দ অর্থ আর্থিক বৎসরের শেষ ভাগে পাওয়া গিয়াছিল।
	(২) সমাজ শিক্ষা--		
	(ক) সমাজ শিক্ষা কেন্দ্র	২,০২০	অল্প. কয়েকটি সমাজ শিক্ষা কেন্দ্রে ভালভাবে কাজ হইতেছিল।
	(খ) প্রদর্শনী, পুরস্কার বিতরণ ইত্যাদি	৮৮০	রাষ্ট্রের জরুরীকালীন পরিস্থিতি হেতু উক্ত অর্থ ব্যয় করা হয় নাই।

Licence for selling rice in the open Market in Jalpaiguri district

1218. (Admitted question No. 2221.)

শ্রীহীরালাল সিংহ: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সনের জন্য জলপাইগুড়ি জেলায় ন্যায্য মূল্যের খোলা বাজারে চাউল বিক্রয় করার জন্য কোন ব্যবসায়ীকে অনুমতি দেওয়া হইয়াছে কি ;

(খ) অনুমতি দেওয়া হইয়া থাকিলে ব্যবসায়ীদের নাম এবং ঠিকানা কি ; এবং

(গ) তাহাদের প্রত্যেককে প্রতি মাসে কত পরিমাণ চাউল দেওয়া হইতেছে?

The Minister for Food and Supplies:

(ক) খোলা বাজারে চাউল বিক্রয় করার জন্য লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ীদের কোন অনুমতির প্রয়োজন হয় না।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

Short Supply of Food articles in Asansol subdivision

1219. (Admitted question No. 2253.) **Shri Bijoy Pal:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the Government is aware that supply of Rice, Atta, Dal, Sugar and Mustard Oil are in extreme short supply in the Subdivision particularly in rural areas;

(b) if so, the reasons therefor; and

(c) if there is any proposal to ensure regular supply of the said principal food in the market and through M. R. Shops of those areas?

The Minister for Food and Supplies: (a) Except atta, there is no information that other commodities are in extremely short supply.

(b) Inadequacy of supply of wheat from the Government of India.

(c) With the improvement of the supply position of wheat from abroad, the regular distribution of wheat/atta will be ensured through M. R. Shops.

Cement for Malda district

1220. (Admitted question No. 2258.)

শ্রীপ্রমোদরঞ্জন বসু: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইংরাজী ১৯৬৪ সালে ও ১৯৬৫ সালের জানুয়ারী মাসতক মালদহ জেলায় কত টন সিমেন্ট সরবরাহ করা হইয়াছে ;

(খ) সরবরাহকৃত সিমেন্টের মধ্যে বিভিন্ন উন্নয়নমূলক কার্যে ব্যবহৃত ও জনসাধারণ দ্বারা ব্যবহৃত সিমেন্টের যথাক্রমে পরিমাণ কত ; এবং

(গ) ইংরাজী ১৯৬২ সাল হইতে ১৯৬৫ সালের জানুয়ারী মাসতক মালদহ জেলায় সিমেন্টের পারমিট পাওয়ার জন্য যে সমস্ত দরখাস্ত দাখিল হইয়াছে তাহার সংখ্যা কত?

The Minister for Food and Supplies:

(ক) ১৯৬৪ সালে—১,৭৭৮ মেট্রিক টন।

জানুয়ারী ১৯৬৫ সালে—৬৭ মেট্রিক টন।

মোট—১,৮৪৫ মেট্রিক টন।

(খ) উন্নয়নমূলক কার্যে ব্যবহৃত—

১৯৬৪ সালে—৪১৭ মেট্রিক টন।

জানুয়ারী ১৯৬৫ সালে—৫২ মেট্রিক টন।

মোট—৪৬৯ মেট্রিক টন।

সাধারণের ব্যবহার—

১৯৬৪ সালে—১,৩২০ মেট্রিক টন।

জানুয়ারী ১৯৬৫ সালে—১০৯ মেট্রিক টন।

মোট—১,৪২৯ মেট্রিক টন।

(গ) ৭,৯৭৪টি।

Engineering Institutions in West Bengal

1221. (Admitted question No. 2301.)

শ্রীগোপাল বসু: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ জেলাওয়ারী কোথায় কয়টি ইঞ্জিনীয়ারিং ও পলিটেকনিক শিক্ষায়তন আছে ;

(খ) তাহাদের প্রত্যেকটিতে শিক্ষার্থীর মোট আসন সংখ্যা কত ;

(গ) তৃতীয় ও চতুর্থ পরিকল্পনায় এই রাজ্যে ঐরূপ আর কোনও শিক্ষায়তন প্রতিষ্ঠার স্কীম আছে কি না ; এবং

(ঘ) স্কীম থাকিলে, কোথায় এবং কয়টি এইরূপ শিক্ষায়তন সংস্থাপন করা হইবে?

The Minister for Education:

(ক) একটি তালিকা (১নং) এতৎসহ পেশ করা হইল। মঞ্জুরীকৃত ২৯টি পলিটেকনিকের মধ্যে ৫টি এখনও চালু হয় নাই।

(খ) সংলগ্ন তালিকায় প্রত্যেক শিক্ষায়তনের শিক্ষার্থীর মোট আসন সংখ্যা দেখানো হইয়াছে।

(গ) ও (ঘ) তৃতীয় পরিকল্পনায় মোট দুইটি ইঞ্জিনীয়ারিং কলেজ ও মোট নয়টি পলিটেকনিক প্রতিষ্ঠা স্কীমের মধ্যে ছিল। তন্মধ্যে একটি পলিটেকনিক স্থাপনের আদেশ বাহির হইতে বাকি আছে। সংলগ্ন (২নং) তালিকায় স্থান নির্দেশ করা হইয়াছে।

চতুর্থ পরিকল্পনায় কয়টি শিক্ষায়তন স্থাপিত হইবে ঠিক হয় নাই।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 1221.

Statement I.

District.	Engineering Colleges.	Total Capacity.
Iowrah ..	(1) Bengal Engineeing College	2,000
'alcutta ..	(1) Jadavpur Engineering College ..	2,015+ 480 Part-time students
	(2) North Calcutta Engineering College ..	750
urdwan ..	(1) Regional Engineering College at Durgapur	1,250
ılpaiguri ..	(1) Jalpaiguri Engineering Clloege ..	750
		6,765+ 480 Part-time students
indapore ..	(1) Indian Institute of Technology, Kharagpur	2,250

6 Institutions of National Importance, 9,015+ 480 Part-time students financed by the Central Govt.

District.	Polytechnics.	Total Capacity.
ılcutta ..	(1) Central Calcutta Polytechnic ..	540+ 400 Part-time students
	(2) Jnan Chandra Ghosh Polytechnic ..	720+ 300 Part-time students
	(3) Acharya Prafulla Ch. Ray Polytechnic ..	800+ 600 Part-time students
	(4) Don Bosco Polytechnic	720
	(5) Women's Polytechnic	180
	(6) Birla Institute of Technology ..	320+ 200 Part-time students
	(7) School of Printing Technology ..	180+ 100 Part-time students
›wrah ..	(1) R. K. Mission Silpamandir	720
	(2) Polytechnic in Howrah	(Session not yet started).
-Parganas ..	(1) R. K. Mission Silpapith	720
	(2) Jagadish Ch. Polytechnic, Berachampa ..	540
	(3) Polytechnic of Basirhat	(Session not yet started).

District.	Polytechnics.	Total Capacity.
Burdwan ..	(1) Assansol Polytechnic	240+600 Part-time student
	(2) Ranigunge Mining Engineering Institute	(Session not yet started.)
	(3) Polytechnic at Kanyapur	Ditto.
	(4) M. B. C. Institute of Engineering and Technology.	800
Bankura ..	(1) K. G. Engineering Institute ..	760
Birbhum ..	(1) Sree R. K. Silpa Vidyapith	540
Midnapore ..	(1) Iswar Ch. Vidyasagar Polytechnic ..	720
	(2) Polytechnic at Contai	540
Hooghly ..	(1) Hooghly Institute of Technology ..	760
Nadia ..	(1) B. P. C. Institute of Technology ..	760
Murshidabad	(1) Murshidabad Institute of Technology ..	720
Jalpaiguri ..	(1) Jalpaiguri Polytechnic Institute	760
Cooch-Behar ..	(1) Cooch Behar Polytechnic	540
Darjeeling ..	(1) Darjeeling Polytechnic	540
Purulia ..	(1) Purulia Polytechnic	540
Malda ..	(1) Malda Polytechnic	360
West Dinajpur	(1) Polytechnic at Raigunge	(Session not yet started.)
	29.	14,020+2,200 Part-time students.

Statement referred to in reply to clauses (Ga) and (Gha) of unstarred question No. 1221.

Name of Institutions sanctioned during the Third Five-Year Plan

Degree Colleges—

(1) Jalpaiguri Engineering College, Jalpaiguri.

(2) North Calcutta Engineering College (now functioning within the campus of the Bengal Engineering College.)

Polytechnics—

(1) Central Calcutta Polytechnic, 21, Convent Road, Calcutta.

(2) Polytechnic for Women, 21, Convent Road, Calcutta (at present located).

(3) Polytechnic at Cooch Behar, Cooch Behar.

(4) Polytechnic for Darjeeling district, Darjeeling District.

(5) Polytechnic at Contai, Contai (Midnapore).

(6) Polytechnic at Howrah, Howrah.

(7) Polytechnic at Basirhat, Basirhat (24-Parganas).

(8) Polytechnic at Raigunge, Raigunge (West Dinajpur).

Tubewells in Midnapore district

1222. (Admitted question No. 2312.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ৩ বৎসরে মেদিনীপুর জেলায় কোন্ কোন্ থানাতে কয়টি করিয়া নূতন নলকূপ তফসিলী ও আদিবাসী কল্যাণ বিভাগ হইতে মঞ্জুর করা হইয়াছিল এবং কয়টি স্থাপিত হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

একটি বিবরণী এতৎসহ পেশ করা হইল। মঞ্জুরীকৃত সব কয়টি নলকূপই স্থাপিত হইয়াছে।

Statement referred to in reply to unstarred question No. 2312

থানার নাম	মঞ্জুরীকৃত নলকূপের সংখ্যা		
	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
(১) তমলুক	২	..	..
(২) ময়না	২	১	..
(৩) মহিষাদল	১	১	..
(৪) নন্দীগ্রাম	১	২	..
(৫) কণ্টাই	১	৩	..
(৬) ভগবানপুর	১	২	..
(৭) পটাশপুর	১	..	..
(৮) ঘাটাল	১	১	..
(৯) কেশপুর	১	২	..
(১০) সবং	১	১	১
(১১) পাঁশকুড়া	১	..	..
(১২) দাসপুর	১	..	১
(১৩) দেবরা	১	১	২
(১৪) সুতাহাটা	..	১	..
(১৫) এগরা	..	১	..
(১৬) রামনগর	..	১	..
(১৭) নারায়ণগড়	..	২	..
(১৮) চন্দ্রকোণা	..	২	..
(১৯) খড়গপুর	..	২	১
(২০) পিংলা	..	..	২

M. R. Shop dealership to the Co-operative Societies in Midnapore district

1223. (Admitted question No. 2323.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি সমবায় সমিতিকে সরকার এম আর সপ করিতে কবে হইতে ভার দিয়াছেন ; এবং

(খ) উক্ত সমিতিগুলির কোন্ কোন্‌টি কবে হইতে সরকারের নিকট মাল লইয়া যাইতেছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 1223.

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি সমবায় সমিতিকে সরকার এম আর সপ করিতে কবে হইতে ভার দিয়াছেন।		(খ) উক্ত সমিতিগুলির কোন্ কোন্‌টি কবে হইতে সরকারের নিকট মাল লইয়া যাইতেছে।
ঘাটাল মহকুমা		
(১) ইড়পালা কৃষি উন্নয়ন সমবায় সমিতি লিঃ	৩০-৮-৬৩	৩০-৮-৬৩
(২) আমদান সেবা সমবায় সমিতি লিঃ	৮-১১-৬৩	৮-১১-৬৩
(৩) চাইপাট সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	১১-১২-৬৩	১১-১২-৬৩
(৪) মারমনেষপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি	১৪-১২-৬৪	১৪-১২-৬৪
(৫) ঘাটাল দক্ষিণ অঞ্চল প্রাথমিক সমবায় ক্রেতা ভাণ্ডার লিঃ	২৫-১-৬৫	২৫-১-৬৫
(৬) চন্দ্রকোনা সার্ভিস কোঃ অপাঃ সমিতি লিঃ	১৫-৫-৬৪	কর্ম বিরতি। (নট ফাংসানিং)।
তমলুক মহকুমা		
(১) পাশকুড়া কোঃ-অপারেটিভ	১৪-৫-৬৩	১৪-৫-৬৩
(২) মাধবীলতা কোঃ-অপারেটিভ	৫-৪-৬৩	৫-৪-৬৩
(৩) পাঁশকুড়া কোঃ-অপারেটিভ	৫-১০-৬৩	৫-১০-৬৩
(৪) বাড়কালু কোঃ-অপারেটিভ	২৮-১২-৬৪	২৮-১২-৬৪
(৫) মাধবপুর কো-অপারেটিভ	১১-৯-৬৩	১১-৯-৬৩
(৬) কেশপুর জলপাই কোঃ-অপারেটিভ	১৭-১১-৬৪	১৭-১১-৬৪
(৭) কাষক সমবায় কোঃ-অপারেটিভ	২১ ১২-৬৪	২১-১২-৬৪

কাঁথি মহকুমা

(১) কাথি কন: কো: অপা:	৩-১১-৬৩	৩-১১-৬৩
(২) দেউলবাম সমবায় কৃষি উন্নয়ন সমিতি	২৭-১১ ৬৩	২৭-১১-৬৩
(৩) দিঘা সমবায় সমিতি	২১-১২-৬৪	২১-১২-৬৪
(৪) মালঞ্চা দেশবন্ধু সমবায় সমিতি	৩-১০-৬৩	৩-১০-৬৩
(৫) মান্দারপুর সমবায় কৃষি উন্নয়ন	২৩-৯-৬৪	২৩-৯-৬৪
(৬) ঈশ্বর সমবায় কৃষি উন্নয়ন	৪-৩-৬৩	৪-৩-৬৩
(৭) পুর্ব অমর্ষি সমবায় কৃষি উন্নয়ন	৫-৯-৬৪	৫-৯-৬৪
(৮) বাড় চুন ফুলি সমবায় কৃষি উন্নয়ন	২৩-৯-৬৪	২৩ ৯ ৬৪
(৯) চক ভোগী ক্ষেত্রপাল সমবায় কৃষি উন্নয়ন	২৭-৮-৬৩	২৭-৮-৬৩
(১০) চরাবাড় এগ্রিঃ মার্কেট	৪-৫-৬৩	৪-৫-৬৩
(১১) যাবদা সর্বার্থসাধক সমবায় সমিতি	আগষ্ট ১৯৫৬	আগষ্ট ১৯৫৬
(১২) কৃষ্ণ খয়রাতিবাড় সমবায়	২৩-৯-৬৩	২৩-৯-৬৩
(১৩) ধান্যঘরা সমবায় সমিতি	১৬-৬-৬৪	১৬-৬-৬৪
(১৪) পাটাপুকুরিয়া অনন্তবাড়	২৬-৬-৬৩	২৬-৬-৬৩
(১৫) ছত্তাভেড়ী সমবায় কৃষি উন্নয়ন	১-৮-৬৪	১-৮-৬৪

সদর মহকুমা

(১) আর, পি, এফ, কো: অপা:	২৩-১১-৬৪	ডিসেম্বর ১৯৬৪
(২) মেদিনীপুর কো: অপা:	১৬-৯-৬৪	অক্টোবর ১৯৬৪
*(৩) চেমিয়া কো: অপা:	৫-৬-৬৭	৫-৬-৬৭
(৪) দেশদা মিলনী কো: অপা:	১৬-১১-৬৪	নভেম্বর ১৯৬৪
(৫) নরমা কো: অপা:	১০-৬-৬৩	জুলাই ১৯৬৩
(৬) টেকনোলজী কো: অপা:	২০-১১-৫৮	নভেম্বর ১৯৫৮
(৭) ধনেশপুর কো: অপা:	৩-৯-৬৩	অক্টোবর ১৯৬৩
(৮) নোয়ারী কো: অপা:	১৩-৬-৬৪	জুন ১৯৬৪
(৯) আনন্দপুর কো: অপা:	২৮-৮-৬৪	সেপ্টেম্বর ১৯৬৪
(১০) সত্যপুর কো: অপা:	২-৮-৬৩	আগষ্ট ১৯৬৩
(১১) তাজবাগিচা কো: অপা:	২৩-২-৬৫	..

*চেমিয়া কো: অপা: এর ৫টি দোকান আছে।

ঝাড়গ্রাম মহকুমা

(১) বাছুরডোবা কনজিউমার কোঃ অপাঃ ষ্টোর ..	২-৩-৬৪ ..	২-৩-৬৪
(২) রঘুনাথপুর কোঃ অপাঃ ষ্টোর	১১-১০-৬৩ ..	১১-১০-৬৩
(৩) চন্দ্রী সর্বার্থ সমবায়	১৪-৫-৬৩ ..	১৪-৫-৬৩
(৪) কেন্দুয়াশোল কোঃ অপাঃ	৬-৯-৫৯ ..	৬-৯-৫৯
(৫) যশপুর সমবায় সমিতি	১০-৮-৬৪ ..	১০-৮-৬৪
(৬) খালশিউলী সমবায় সমিতি..	২২-৭-৬৩ ..	২২-৭-৬৩
(৭) আর, এন, সি, কে, সি, রগড়া	১২-৭-৬৩ ..	১২-৭-৬৩
(৮) আধারিয়া পল্লী উন্নয়ন সমিতি	১৪-৮-৫৯ ..	১৪-৮-৫৯

Bridges over rivers in Midnapore district

1224. (Admitted question No. 2328.)

শ্রীঅনংগমোহন দাসঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সময়ে মেদিনীপুর জেলায় নদীর উপর কয়টি সেতু নির্মিত হইতেছে ;

(খ) উহাদের প্রত্যেকের এস্টিমেট কত ; এবং

(গ) উহাদের প্রত্যেকের কত অংশ কাজ হইয়াছে ?

The Minister for Public Works (Roads):

(ক) ৭টি।

(খ) ও (গ) একটি পৃথক বিবরণী সন্নিবেশিত হইল।

Statement referred to in reply to Clauses (kha) and (ga) of unstarred question No. 1224.

	Name of the Bridge.	Amount of estimate. Rs.	Present progress
1.	Bridge over the river Jhalka on Midnapore - Keshpur - Narajole Road.	7,50,000	50 per cent. of the work has completed.
2.	Bridge over the river Rasulpur on Contai-Tamluk Road.	10,48,900	30 per cent. of the work has been completed.
3.	Bridge over the Sankarara Khal on Tamluk Diversion.	2,05,551	20 per cent. of the work has been completed.
4.	Bridge over the Nonakhal on the 1st mile of the link road connecting N. H. 5 and 6 and Mechada-Tamluk Road.	1,02,500	The work has been started very recently.
5.	Bridge over the Gauria Khal on the Gopiballavpur-Nazagram Road.	1,68,500	90 per cent. of the work has been completed.
6.	Bridge over the river Cossaye ..	40,31,367	The work of sinking of wells is now in progress.
7.	Bridge over the river Rupnarayan	1,28,00,000	40 per cent. of the work has been completed.

Government Centres for purchasing foodgrains

1225. (Admitted question No. 2354.)

শ্রীঅশ্বিনী রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার খাদ্যশস্য ক্রয়ের জন্য সরকারী ব্যবস্থাপনায় ক্রয় কেন্দ্র স্থাপন করিতেছেন;

(খ) সত্য হইলে, মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত ক্রয় কেন্দ্র কোন্ কোন্ জেলায় স্থাপিত হইবে; ও কি কি শস্য ক্রয় করা হইবে; এবং

(২) ক্রয় কার্য কোন্ জেলায় কোন্ মাস হইতে চালু হইবে?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) চাউল কলসমূহ সরকারের চাউল কিনিবার কেন্দ্র এবং প্রতি জেলাতেই চাউল কল আছে। ২৪-২-৬৪ তারিখ হইতে বিধিবদ্ধ লেভী মারফৎ চাউল কেনা হইতেছে।

ধানের জন্য প্রতি জেলাতেই ধান্য কিনিবার কেন্দ্র স্থাপিত হইয়াছে। ১লা জানুয়ারি ১৯৬৫ তারিখ হইতে প্রাইস সাপোর্ট স্কীম অনুযায়ী ধান কেনা হইতেছে।

Cattle-purchasing loans to Scheduled Castes and Tribes peasants in Malda district

1226. (Admitted question No. 2396.)

শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬২ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত মালদহ জেলার কোন্ কোন্ উন্নয়ন ব্লকে তফসিলী জাতি ও উপজাতির কতজন গরীব কৃষককে হালের বলদ ও মহিষ কেনার জন্য কত টাকা সাহায্য দেওয়া হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

হবিবপুর, হরিশ্চন্দ্রপুর, গাজোল, বামনগোলা, খরবা, পুরাতন মালদহ ও ইংলিশবাজার ব্লকে ২৬ জন তফসিলভুক্ত জাতিকে মোট ৫,৫০০ টাকা এবং ৭৪ জন আদিবাসিকে মোট ২২,৫০০ টাকা সাহায্য দেওয়া হইয়াছে।

Hostel of Dinhata Suni Debi Jain High School, Cooch Behar

1227. (Admitted question No. 2406.)

[illegible] রায়ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুচবিহার জেলার দিনহাটা সুনীদেবী জৈন হাই স্কুলের ছাত্রাবাসটিকে সরকার হইতে ১৯৬৩ ইং এবং ১৯৬৪ ইং সনে অর্থ সাহায্য দেওয়া হইয়াছে কি না;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে—

(১) উক্ত অর্থ সাহায্যের পরিমাণ কত; এবং

(২) ছাত্রাবাসটির কি কি কাজে উক্ত অর্থ ব্যয় করা হইয়াছে?

The Minister for Education:

(ক) ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সনে প্রতি বৎসর সুপারিন্টেনডেন্টের ভাতা বাবদ অর্থ সাহায্য করা হইয়াছে।

(খ) (১) উক্ত দুই বৎসরে প্রতি বৎসর টাকা ৬৩·০০ হিসাবে দেওয়া হইয়াছে।

(২) উক্ত টাকা প্রতি বৎসর হোস্টেল সুপারিন্টেনডেন্ট-এর এ্যালাউন্স হিসাবে ব্যয় হইয়াছে।

Upgrading of High and Higher Secondary Schools in Jhargram subdivision, Midnapore

1228. (Admitted question No. 2429.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার বিভিন্ন থানায় (ক) কয়টি হাই স্কুল হায়ার সেকেণ্ডারীতে উন্নীত হইয়াছে এবং তাহাদের নাম কি কি; এবং

(খ) কয়টি হায়ার সেকেণ্ডারী স্কুল মাল্টিপারপাস স্কুলে রূপান্তরিত হইয়াছে এবং তাহাদের নাম কি কি?

The Minister for Education:

(ক) এই সম্বন্ধে একটি তালিকা (ক) উপস্থাপিত করা হইল।

(খ) এই সম্বন্ধে একটি ভিন্ন তালিকা (খ) উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 1228.

তালিকা "ক"

Names of the Schools converted into Higher Secondary Schools

Name of the Thana.	Name of the Schools.	Post Office.	Course sanctioned.
Jhargram ..	(1) Jhargram Sri Ram Krishna Saradapeeth for Girls.	Jhargram ..	Humanities.
Do. ..	(2) Chandri Chandra Sekhar High School.	Chandri ..	Humanities.
Jamboni ..	(1) Gidni Elokeshi High School ..	Gidni ..	Humanities.
Do. ..	(2) Kapgari Seva Bharati Vidyayatan	Parihati ..	Agriculture.
Binpore ..	(1) Silda Radha Charan Institution	Silda ..	Humanities.
Do. ..	(2) Binpore High School ..	Binpore ..	Humanities.
Gopiballavpore	(1) Beliaberah Krishna Chandra Memorial High School.	Beliaberah ..	Humanities.
Daspore ..	(1) Lalgarh Ramkrishna Vidyalaya	Lalgarh ..	Humanities.

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1228.

তালিকা "খ"

Name of the Schools converted into Multipurpose Schools

Name of the Thana.	Name of the Schools.	Post Office.	Course sanctioned.
Jhargram	(1) Jhargram Rani Benode Manjuri Government High School for Girls.	Jhargram	Humanities, Home Science and Fine Arts.
Do.	(2) Sevayatan Vidyalaya	Sevayatan	Humanities, Science and Agriculture.
Do.	(3) Manikapara High School	Manikapara	Humanities, Science and Commerce.
Do.	(4) Jhargram Nanibala Vidyalaya	Jhargram	Humanities and Science.
Do.	(5) Jhargram Kumud Kumari Institution.	Jhargram	Humanities, Science and Commerce.
Binpore	(1) Belpahari Scheduled Caste High School.	Belpahari	Humanities and Science.
Do.	(2) Ergoda Nityananda Vidyayatan	Parihati	Humanities, Science, Agriculture and Fine Arts.
Do.	(3) Ramgarh Mokshoda Sundari High School.	Ramgarh	Humanities, Science and Agriculture.
Gopiballavpore	(1) Nayabasan Janakalaya Vidyapith High School.	Gopiballavpore	Humanities, Science and Commerce.
Do.	(2) Chhaybazari High School	Athangi	Humanities and Science.
Sankrail	(1) Rohini Chowdherani Rukmini Debi High School.	Rohini	Humanities and Science.
Do.	(2) Kultikri Scheduled Caste High School.	Kultikri	Humanities and Science.
Jamboni	Chichra High School	Chichra	Humanities and Science.
Nayagram	Nayagram Bani Bidyapith	Nayagram	Humanities and Science.

Slum Development Scheme in West Bengal

1229. (Admitted question No. 2435.)

শ্রীঅনঙ্গমোহন দাস: গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ব্যতীত অন্য কোন্ কোন্ শহরে বস্তি উন্নয়নের জন্য সরকার পরিকল্পনা করিয়াছেন;

(খ) ঐগুলির মধ্যে সরকারী তত্ত্বাবধানে বা সাহায্যে কোন্ কোন্ শহরে কয়টি বস্তি উন্নয়ন করা হইয়াছে; এবং

(গ) বস্তীবাসীদের [illegible] প্রত্যেক ক্ষেত্রে বসবাস করিবার সুযোগ দেওয়া হইয়াছে?

The Minister for Housing:

(ক) জলপাইগর্ড়ি শহরে একটি বস্তি এলাকা উন্নয়নের জন্য জলপাইগর্ড়ি পৌরসভার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। এতদ্ব্যতীত হাওড়া শহরে দর্ইটি বস্তি অপসারণের জন্য হাওড়া উন্নয়ন সংস্থার দর্ইটি প্রকল্প সরকারের বিবেচনাধীন রহিয়াছে। কোন ক্ষেত্রেই এখনও সরকারী সাহায্য মঞ্জর্র করা হয় নাই;

(খ) প্রশ্ন উঠে না;

(গ) প্রশ্ন উঠে না।

Slums in Asansol Municipality

1230. (Admitted question No. 2437.)

শ্রীবিজয় পাল: গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনর্গ্রহপর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল পৌরসভার অন্তর্গত বস্তির সংখ্যা কত;

(খ) ঐ সব বস্তিগর্লিতে মোট কত লোক বসবাস করেন;

(গ) ঐ সব বস্তি সংস্কার করিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি;

(ঘ) পৌরসভার আবর্জনা ফেলিবার জন্য কতগর্লি ভাগাড় আছে; এবং

(ঙ) ঐ ভাগাড়গর্লি পৌরসভার মধ্যে না বাহিরে?

The Minister for Housing:

(ক) ১,৭৮৯।

(খ) আনর্মাণিক ২০,০০০ হইতে ২৫,০০০।

(গ) না। বস্তি এলাকার রাস্তা, নর্দমা ও বৈদ্যর্তিক আলো প্রভৃতির উন্নতি সাধনের জন্য আসানসোল পৌরসভার পরিকল্পনা আছে।

(ঘ) দর্ইটি।

(ঙ) মধ্যে।

Midnapore District Rabindra Janma Sata Barsik Committee

1231. (Admitted question No. 2446.)

শ্রীবলাইলাল দাশ মহাপাত্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনর্গ্রহপর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপর্র জেলা ম্যাজিস্ট্রেটের সভাপতিত্বে যে 'রবীন্দ্র জন্ম-শতবার্ষিকী উৎসব কমিটি' গঠিত হইয়াছিল তাহাতে কাহাদের সদস্য হিসাবে গ্রহণ করা হইয়াছিল;

(খ) এই উৎসব উপলক্ষে মোট কত টাকা কি কি উপায়ে সংগৃহীত হইয়াছিল এবং কি কি কাজে ব্যয়িত হইয়াছিল;

(গ) অর্থ সংগ্রহের জন্য কোন রসিদ বা কুপন ব্যবহার করা হইয়াছিল কি না এবং যদি হইয়া থাকে তাহা হইলে সংগৃহীত অর্থ সহ সমস্ত রসিদ বা কুপনের হিসাব মিলান হইয়াছে কি না; এবং

(ঘ) সংগৃহীত অর্থের অডিট হইয়া থাকিলে, তৎসংক্রান্ত রিপোর্টের বিবরণ কি?

The Minister for Education:

(ক) সদস্যদের একটি তালিকা উপস্থাপিত করা হইল।

(খ) রাজ্য কমিটি কর্তৃক প্রেরিত কুপন, জেলা কমিটি কর্তৃক ব্যবহৃত রসিদ বই এবং কোন কোন মহকুমা কমিটি কর্তৃক ব্যবহৃত রসিদ বই প্রভৃতি মারফৎ মোট টাকা ৮৫,৫২৬·২১ সংগৃহীত হইয়াছিল।

বিভিন্ন স্থানে শতবার্ষিকী উৎসব উপলক্ষে এবং বিভিন্ন শিক্ষা ও সংস্কৃতিমূলক প্রতিষ্ঠানকে সাহায্য দানে উক্ত টাকা ব্যয়িত হইয়াছে।

(গ) হ্যাঁ।

(ঘ) সংগৃহীত অর্থের হিসাব অডিট করা হইতেছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1231.

Extract copy of the proceeding of the meeting held at the office Chamber of the District Magistrate, Midnapore, on May 23, 1960, at 5-30 p.m. in connection with the Rabindra Nath Tagore Centenary Celebrations.

I. Resolved that the "Rabindranath Tagore Centenary Committee, Midnapore District" be formed with the following persons:

1. Shri Chittaranjan Roy, Deputy Minister, West Bengal—Patron.
2. Shri T. Ghosh, I.A.S., District Magistrate, Midnapore—President (Ex-officio).
3. Shri Atul Chandra Bosu, B.L.—Vice-President.
4. Shri Gajendra Kumar Hazra, M.L.C.—Vice-President.
5. Shri A. K. Biswas, Senior Deputy Collector, Midnapore—Honorary General Secretary.
6. Shri Sudhamoy Banerjee, Advocate, Secretary Bangiya Sahitya Parishad—Honorary General Secretary.
7. Shri Amulya Sen, Joint Secretary, Rabindra Smriti Samity.
8. Shri Birendra Nath Bose, Secretary, Rajnarayan Bose Smriti Pathagar.

8(a) Shri Sudhangsu Mitra, Chootobazar.

9. Shri Cp. B. K. Dutta, Midnapore—Hony. Treasurer.
10. District Judge, Midnapore.
11. All Addl. District Magistrate, Midnapore.
12. Superintendent of Police, Midnapore.
13. All Subdivisional Officers of Midnapore district.
14. Superintendent, Midnapore Central Jail.
15. Director, I.I.T. Kharagpur, or his representative.
16. Chief Mechanical Engineer, South Eastern Railway, Kharagpur, or his representative.
17. All District Publicity Officers, Midnapore.
18. District Inspector of Schools, Midnapore.
19. District Inspectress of Schools, Midnapore.
20. District Social Education Officer, Midnapore.
21. All Executive Engineers, West Bengal Roads and Irrigation, Midnapore.

22. All A.R.C.P.s, Midnapore.
23. R.O. Food, Midnapore.
24. Income Tax Officer, Midnapore.
25. Superintendent of Post Offices, Midnapore.
26. Post Master, Midnapore.
27. Chairman, District Board, Midnapore.
28. Chairman, District School Board, Midnapore.
29. Chairman, of All Municipalities.
30. Principals of all Colleges within Midnapore district.
31. Headmasters and Head Mistresses of all secondary schools within Midnapore town.
32. All M.P.s of Midnapore district.
33. All M.I.A.s of Midnapore district.
34. All M.L.C.s of Midnapore district.
35. President, Pleaders' Bar Association.
36. President, Mukteers' Bar Association.
37. Editors of all district weeklies and fiction journalist.
38. Secretary, Bangiya Shaitya Parishad Midnapore Branch.
39. Joint Secretaries of Rabindra Smriti Samity, Midnapore.
40. Secretary, Raj Narayan Basu Pathagar.
41. Shri Amulya Dutta, Advocate.
42. Dr. S. K. Mukherjee, Bharat Sevak Samaj Midnapore Branch.
43. Dr. D. S. Roy, Indian Medical Association, Midnapore Branch.
44. Dr. K. C. Sarbadhikary, Midnapore.
45. Shri Surendra Mohan Dey, Midnapore.
46. Shri Satyendra Nath Jana, B.L., Tamluk Sahitya Parishad.
47. Shri Sachindra Nath Saha, Music College, Midnapore.
48. Shri Bibhuti Bhusan Bidyabinode, Midnapore.
49. Shri Aditya Kumar Ganguly, Headmaster, Ballichak High School
50. Secretary, Kristisansad, Midnapore.
51. Shri Jatindra Nath Maity, Midnapore.
52. Shri Ram Krishna Gupta, Manager, Tamluk Bus Association.
53. President, Silpishangha, Midnapore.
54. President, Bangiya Sahitya Parishad.
55. Shri Satya Ghoshal, Chandrakona town.
56. Shri Subodh Chandra Rana, Secretary, Tabasangha, Radhanagar.
57. President, Rabindranath Tagore Centenary Committee, Contai.
58. Prof. Sunity Kumar Pathak, Midnapore.
59. Shri Bansilal Jhaor, Midnapore.
60. Shri Ashutosh Nayek, Liberty Press, Midnapore.

Supply of Sugar from M.R. Shops in Burdwan district

1232. (Admitted question No. 2466.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪, এবং ১৯৬৪-৬৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত বর্ধমান জেলার সংশোধিত রেশন দোকান হইতে চিনি সরবরাহের কোনও নির্দিষ্ট হার ছিল কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) সহর ও গ্রামাঞ্চলে মাথা পিছু বরাদ্দের সাপ্তাহিক হার কি; এবং

(২) উক্ত হার বৃদ্ধির কোনও প্রস্তাব আছে কি না?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) মাথাপিছু বরাদ্দের হার বর্ধমান জেলার—

শহরাঞ্চলে প্রতি সপ্তাহে		গ্রামাঞ্চলে প্রত্যেকে প্রতি মাসে
"সি" ক্লাস	... ২৫০ গ্রাম	২৫০ গ্রাম
"বি" ক্লাস	... ২০০ গ্রাম	২৫০ গ্রাম
"এ" ক্লাস	... ১০০ গ্রাম	২৫০ গ্রাম

(২) এইরূপ কোন প্রস্তাব নাই।

Khari river flood in Bhatar police-station, Burdwan

1233. (Admitted question No. 2472.)

শ্রীঅশ্বিনী রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৮-৫৯ সালে খড়ি নদীর বন্যায় বর্ধমান জেলার ভাতাড় থানার আমারুণ ইউনিয়নে ফসলহানি হয়;

(খ) সত্য হইলে, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ক্ষতিগ্রস্ত মৌজাগুলির নাম কি, এবং

(২) ক্ষতিগ্রস্থ মৌজাগুলির খাজনা মকুব হইয়াছে কি না?

The Minister for Land and Land Revenue:

(ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

Procurement of paddy in Contai subdivision

1234. (Admitted question No. 2477.)

শ্রীসুধীরচন্দ্র দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার চাউলকলগুলি প্রত্যেকটি গত জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে কত ধান্য সংগ্রহ করিয়াছে; এবং ঐ কলগুলির নিকট সরকারী লেভীতে কত চাউল প্রাপ্য হইয়াছে; এবং

(খ) ঐ কলগুলি প্রত্যেকটি ১৯৬৪ সালের জানুয়ারী মাসে কত ধান্য সংগ্রহ করিয়াছিল?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এতৎসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Kharagpur Municipality

1235. (Admitted question No. 2496.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) what is the total amount of money sanctioned for Kharagpur Municipality for the year 1964-65;

(b) what amount is grant-in-aid and what amount is grant-in-loan and what are the Schemes for which such sanctions have been made;

(c) of the total amount, what amount is sanctioned for municipal roads; and

(d) on how many of such roads for which money has been sanctioned, work of development has actually started?

The Minister for Local Self-Government: (a) Rs. 6,11,287.

(b) (i) Grant-in-aid Rs. 6,11,287.

(ii) Loan—Nil.

(iii) Sanction was given for Schemes regarding development of roads, improvement of the living conditions of the municipal scavengers and sweepers and for dearness allowance and minimum wages.

(c) Rs. 4,86,458.

(d) Work has been started on the following roads:

(1) Malancha Road.
(2) Inda Road.
(3) Panchberia Road.
(4) Devalpur Road.
(5) Bhawanipore Road.
(6) Nimgeriapatna Road.
(7) Bhagawanpur Road.

Allegation of using forged Matric Certificates against Primary School Teachers under Midnapore District School Board

1236. (Admitted question No. 2501.)

শ্রীবলাইলাল দাশ মহাপাত্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসরে জাল ম্যাট্রিক বা স্কুল ফাইন্যাল সার্টিফিকেট ব্যবহার করিয়া মেদিনীপুর জেলা স্কুল বোর্ডের অধীনে শিক্ষকতার চাকুরী করায় কতজন ধরা পড়িয়াছেন;

(খ) উক্ত ধৃত ব্যক্তিদের নাম কি এবং তাঁহারা কোন কোন বিদ্যালয়ে চাকুরী করিতেছেন; এবং

(গ) তাঁহাদের বিরুদ্ধে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Education:

(ক) গত পাঁচ বৎসরে এই জেলায় ১৪ জন প্রাথমিক শিক্ষকের বিরুদ্ধে জাল সার্টিফিকেটের অভিযোগ দেওয়া গিয়াছে।

(খ) ও (গ) সংলগ্ন বিবরণী টেবিলের উপর প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 1236.

ক্রমিক সংখ্যা	অভিযুক্ত শিক্ষকের নাম	বিদ্যালয়ের নাম		
১	বৈকুণ্ঠ নাথ বিরিং ..	কুচাইক্ষিদা প্রাইমারী ..	কাজ ছাড়িয়া চলিয়া গিয়াছেন।	
২	শ্রীহরি চরণ পণ্ডা ..	বেলাবারুনিয়া প্রাইমারী ..	এনফোর্সমেণ্ট ব্রাঞ্চের তদন্তাধীন রহিয়াছে।	বেতন সাময়িক ভাবে বন্ধ আছে।
৩	রজনীকান্ত দত্ত ..	বাহরদা প্রাইমারী ..	ঐ	ঐ
৪	বঙ্কিমচন্দ্র নন্দ ..	সোলপাট্টা প্রাইমারী ..	ঐ	ঐ
৫	গোবিন্দ গিরি ..	তারুনিয়া প্রাইমারী ..	কাজ ছাড়িয়া চলিয়া গিয়াছেন।	
৬	ধীরেন্দ্র নাথ সিং ..	বেগুনিয়া প্রাইমারী ..	ঐ	
৭	হরিপদ পণ্ডা ..	তানুয়া প্রাইমারী ..	এনফোর্সমেণ্ট ব্রাঞ্চের তদন্তাধীন রহিয়াছে।	ঐ
৮	রাধাশ্যাম দাস ..	ডোবারিয়া প্রাইমারী ..	ঐ	ঐ
৯	ব্যোমকেশ মাইতি ..	জড়িপিকা প্রাইমারী ..	তদন্ত সাপেক্ষে সাময়িক বরখাস্ত করা হইয়াছে।	ঐ
১০	সুধীরচন্দ্র দাস ..	গোকুলপুর প্রাইমারী ..	ঐ	ঐ
১১	সতীসচন্দ্র মাইতি ..	পারুলদা প্রাইমারী ..	ঐ	ঐ
১২	গৌরমোহন বেরা ..	বিসরপুর প্রাইমারী ..	ঐ	ঐ
১৩	সুরজিৎ জানা ..	ভেটুরিয়া প্রাইমারী ..	আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইয়াছে।	বরখাস্ত করা হইয়াছে।
১৪	খগেন্দ্র নাথ দাস ..	ঘোড়াকাটা প্রাইমারী ..	এনফোর্সমেণ্ট ব্রাঞ্চের রিপোর্ট অনুযায়ী সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হইয়াছে।	

Supply of fish and tea in Midnapore Central Jail

1237. (Admitted question No. 2511.)

শ্রীমনোরঞ্জন হাজরা: কারা বিভাগের মন্ত্রিমহাশয় অবগত আছেন কি—

(ক) মাছ ২.৭৫ পয়সায় (কেজি প্রতি) সরবরাহ করার নির্দেশ থাকায় বর্তমানে মেদিনীপুর সেণ্ট্রাল জেলে বিনা বিচারে আটক কমিউনিস্ট বন্দীদের জন্য সপ্তাহে একদিনের অধিক আদৌ মাছ সরবরাহ করা যায় না;

(খ) চা ৪.৯৯ পয়সায় (কেজি প্রতি এবং মেদিনীপুর জেল গেটে পৌঁছানোর খরচ সহ) সরবরাহ করার ব্যবস্থার দরুন উক্ত বন্দীদের স্বাস্থ্যের পক্ষে হানিকর অত্যন্ত নিকৃষ্ট ধরনের চা খেতে বাধ্য করা হয়; এবং

(গ) উক্ত 'ক' ও 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি উক্ত বন্দীদের জন্য মাছ ও পানীয় যোগ্য চা সরবরাহের কোন ব্যবস্থা করার কথা সরকার বিবেচনা করছেন কি না?

The Minister for Home (Jails):

(ক) সরকারের নির্ধারিত মূল্যে (২ কেজি-র নিম্নে ২.৭৫ পয়সায় এবং তদূর্ধ্বে ওজনের মাছ ৩.০০ টাকায়) মাছ সর্বদা বাজারে পাওয়া যায় না। সুতরাং আলোচ্য বন্দীগণকে সপ্তাহে একদিন মাছ দেওয়া হয়। প্রচলিত নিয়মানুযায়ী যখন মাছ দেওয়া যায় না, তখন মাংস অথবা ডিম মাছের পরিবর্তে তাঁহাদিগকে দেওয়া হইয়া থাকে।

(খ) উক্ত বন্দীদের যে চা সরবরাহ করা হয় উহা স্থানীয় জেলা টেণ্ডার কমিটির সুপারিশ ক্রমেই অনুমোদন করা হইয়াছে। উহা নিকৃষ্ট ধরণের বা স্বাস্থ্যের পক্ষে হানিকর নহে।

(গ) প্রশ্ন উঠে না।

School Mothers' Training Centre at Malda

1238. (Admitted question No. 2513.)

শ্রীকমলকৃষ্ণ রায়: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় স্কুল মাদার ট্রেনিং সেণ্টার আছে কি না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত সেণ্টারে ভর্তি হইতে হইলে কি কি যোগ্যতার প্রয়োজন,

(২) উক্ত সেণ্টারে ভর্তি হইবার কোন নির্দিষ্ট সময় আছে কি না এবং শিক্ষণকাল কতদিন,

(৩) উক্ত সেণ্টারে শিক্ষা গ্রহণকালীন কি কি সুবিধা পাওয়া যায়,

(৪) আদিবাসী মহিলাদের জন্য বিশেষ কোন সুবিধা আছে কি না,

(৫) আবেদনকারিনীদিগকে শিক্ষণ প্রাপ্তির উদ্দেশ্যে নির্বাচন করার জন্য কোন নির্বাচক সমিতি আছে কি না, এবং

(৬) যদি (৫) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে নির্বাচক সমিতির সভ্যদের নাম কি?

The Minister for Education:

(ক) হ্যাঁ আছে।

(খ) (১) মাতৃভাষায় ও গণিতে অষ্টম শ্রেণী পর্যন্ত সাধারণ শিক্ষা নিম্নতম ও সর্বোচ্চ বয়ঃসীমা যথাক্রমে ২০ ও ৪৫ বৎসর।

(২) বৎসরে তিনটি শিক্ষণ ক্রম প্রচলিত আছে। সাধরাণতঃ প্রতি বৎসর ৭ই ডিসেম্বর, ১৫ই মার্চ ও ১লা জুলাই শিক্ষণ সুরু হয়। শিক্ষণকাল তিন মাস।

(৩) মাসিক ৩০ টাকা হারে প্রত্যেক শিক্ষার্থিণী ভাতা পাইয়া থাকেন। শিক্ষক গ্রহণ বাবদ কোন বেতন লাগে না। শিক্ষণ কেন্দ্র সংলগ্ন আবাসের ব্যবস্থা আছে। ছুটি সংক্রান্ত অন্যান্য সুবিধা দেওয়া হয়।

(৪) আদিবাসী মহিলাদেরও একই নিয়মে চলিতে হয়।

(৫) শিক্ষণ কেন্দ্রের পরিচালক সমিতি অনুমোদিত নিয়ম অনুযায়ী শিক্ষার্থী নির্বাচন করিয়া থাকেন।

(৬) এ প্রশ্ন উঠে না।

Dry cows in Calcutta Municipal Area

1239. (Admitted question No. 2557.) **Shri Aswini Roy:** (a) Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state whether the Government have any figure of dry cows in the Calcutta Municipal Area?

(b) If the reply to (a) be in the affirmative, will the Minister-in-charge of the department be pleased to state—

(1) total number of dry cows as on the 15th March, 1965; and

(2) particulars of receipt of the grants from the Central Council of Gosamvardhana in 1962, 1963 and 1964 and the expenditure incurred therefrom?

The Minister for Animal Husbandry and Veterinary Services: (a) According to the latest figures obtained during the Quinquennial Census of Livestock in 1961, the number of dry cows in the Calcutta Municipal Area was 3,873.

(b) (1) As no daily enumeration is carried out, the number of dry cows in the city as on the 15th March, 1965, is not known.

(2) No grant was received from the Central Council of Gosamvardhana during the years 1962, 1963, 1964, in this connection.

Health Centres in Jamalpore Block, Burdwan

1240. (Admitted question No. 2562.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার জামালপুর ব্লকের জামালপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ইলসোড়া স্বাস্থ্যকেন্দ্র ও চকদীঘি স্বাস্থ্যকেন্দ্রগুলির নির্মাণ কার্য কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) কোন্ সময়ের মধ্যে ইহার নির্মাণ কার্য শেষ হইবে?

The Minister for Public Works:

(ক) জামালপুর স্বাস্থ্যকেন্দ্রের কাজ আরম্ভ হইয়াছে এবং চলতি আর্থিক বৎসরে সম্পন্ন হইবে আশা করা যায়। ইলসোড়া স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য শেষ হইয়াছে। চকদীঘি স্বাস্থ্য-কেন্দ্র পরিকল্পনা এখনও প্রাথমিক পর্যায়ে আছে।

(খ) উপরের "ক" অনুচ্ছেদের উত্তর দ্রষ্টব্য।

Soviet wheel-type tractors

1241. (Admitted question No. 2569.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) total number of Soviet wheel-type tractors now being used in West Bengal;

(b) cost of each type of such tractors; and

(c) the number, if any, used by the Co-operative Societies?

The Minister of State for Agriculture and Community Development:

(a) Number of Soviet wheel-type tractors now being used by private parties or other bodies in West Bengal is not known to the Agriculture and Community Development Department of this Government. The Department of Agriculture and Community Development has got no such wheel-type tractor.

(b) and (c) Not known.

Chhatinasole-Pandachhencha Road in Gopiballavpore police-sation Midnapore

1242. (Admitted question No. 2583.)

শ্রীদেবনাথ হাঁসদা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার অন্তর্গত ছাতিনাশোল হইতে পণ্ডাছেঞ্চা পর্যন্ত রাস্তাটি জমিদারী উচ্ছেদের পর ভূমি সংস্কার বিভাগের তত্ত্বাবধানে রহিয়াছে; এবং তাহা বর্তমানে যানবাহন চলাচলের অযোগ্য; এবং

(খ) সত্য হইলে ঐ রাস্তাটি মেরামতের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি না?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ; তবে, ইহা সত্য নয় যে উহা যানবাহন চলাচলের সম্পূর্ণ অযোগ্য।

(খ) একটি পুল মেরামত করা হইয়াছে। একটি পুল মেরামতের পরিকল্পনা আছে।

Kendugari Bundh Scheme in Gopiballavpur police-station, Midnapore

1243. (Admitted question No. 2584.)

শ্রীদেবনাথ হাঁসদা: আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার অন্তর্গত কেন্দুগাড়ী নামক বাঁধ আদিবাসী-মঙ্গল দপ্তর হইতে নির্মাণ করিবার প্রস্তাব আছে; এবং

(খ) সত্য হইলে উহা কবে কার্যকরী হইবে?

The Minister of State for Tribal Welfare:

(ক) হ্যাঁ।

(খ) এখনও অনুসন্ধান করা হইতেছে। অনুসন্ধানের পর উপযুক্ত বিবেচিত হইলে ১৯৬৫-৬৬ সালে ইহা কার্যকরী হইবার সম্ভাবনা আছে।

Motor routes in West Bengal

1244. (Admitted question No. 2593.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কতগুলি মোটর রুট ১৯৬০-৬১ সালে ছিল এবং বর্তমানে ঐরূপ রুটের সংখ্যা কত?

The Minister for Home (Transport):

তালিকা দ্রষ্টব্য।

তালিকা

পশ্চিমবঙ্গে কোন কোন জেলায় কতগুলি মোটর রুট

জেলা	১৯৬০-৬১ সালে ছিল	বর্তমানে এইরূপ রুটের সংখ্যা কত
হাওড়া	৩৩	৩৬
হুগলী	২০	২৬
বর্ধমান	১১০	১৩৮
বীরভূম	৩২	৪১
বাঁকুড়া	৬৪	৭৯
কলিকাতা (২৪-পরগণা সহ)	৭৫	৮১
মেদিনীপুর	৯৩	১০৭
মুর্শিদাবাদ	৪৯	৫৫
মালদহ	৩২	৩৪
নদীয়া	৪৫	৫০
পঃ দিনাজপুর	১১	১১
জলপাইগুড়ি	৩৭	৪১
দার্জিলিং	৪	৪
কুচবিহার	২০	৩৭
পুরুলিয়া	৫৪	৭১

Coal-Roads Programme within Asansol subdivision, Burdwan

1245. (Admitted question No. 2619.)

শ্রীবিজয় পালঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কয়লা সরবরাহের সুব্যবস্থার জন্য আসানসোল মহকুমায় খনি অঞ্চলে যেসব নতুন রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন তাহার কাজ কত দিনের মধ্যে সমাপ্ত হইবে;

(খ) ঐসব রাস্তাগুলি নির্মাণ করিবার জন্য মোট কত টাকা খরচ হইবে;

(গ) ঐসব রাস্তাগুলি কোন্ স্থান হইতে কোন্ স্থানে গিয়া মিলিত হইবে; এবং

(ঘ) এক একটি পথ কত দীর্ঘ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) ১৯৬৮ সালের মার্চ মাসের মধ্যে সবগুলি রাস্তা সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

(খ) আনুমানিক ৫ কোটি ৫৫ লক্ষ টাকা।

(গ) ও (ঘ) দুইটি তালিকা পেশ করা হইল।

Statement referred to in reply to clauses (Ga) and (Gha) of unstarred question No. 1245.

Works on the G. T. Road (N. H. No. 2) under the Coal-Roads Programme within Asansol subdivision of Burdwan district

Name of work and length in miles

1. Construction of the Asansol Byepass of the G. T. Road up to Barakar river—14 miles.

2. Over-bridges at the crossings of the G. T. Road with—

   (a) Ondal-Sainthia Chord Line.
   (b) Ondal Loop Line.
   (c) Ondal-Baraboni-Sitarampur Line.
   (d) Sitarampur-Salampur-Rupnarayanpur Line.

   Reconstruction of weak bridges and culverts—

   (a) Bridge over Nunia river.
   (b) Bridge over Branch Nunia river.
   (c) Bridge over Tamla river.
   (d) Strengthening of existing cross drains.

4. Strengthening and widening of the existing pavement of the G. T. Road from Panagarh to Nunia river—33 miles.

Serial No., name of feeder roads and length in miles.

1. Feeder Road No. 1 (road taking off from N.H. 2 opposite Ondal and connecting road at Haripur via Ukra) ... 9
2. Feeder Road No. 2 (road taking off from N.H. 2 near M 124 and connecting Road 3 at Haripur via Kajora) ... 6
3. Feeder Road No. 3 (Raniganj-Suri Road from G. T. Road to Pandaveswar via Haripur) ... 17
4. Feeder Road No. 4 (road taking off from Road No. 1 at Ukra and leading Madhaigunj) ... 8
5. Feeder Road No. 5 (road taking off from Road No. 14 near Jamuria and connecting G. T. Road near Kanikapur) ... 4
6. Feeder Road No. 6 (road taking off from N.H. 2 at Asansol and connecting Road No. 8 at Domohini via Barabani) ... 5
7. Feeder Road No. 7 (road taking off from Road No. 14 at Jamuria and connecting Raniganj-Suri Road near Dobrana via Ukra) ... 6
8. Feeder Road No. 8 (road taking off from Road No. 18 at Lalgunj and leading to Domohini) ... 5
9. Feeder Road No. 9 (road taking off from Road No. 10 near Sitarampur and connecting Road No. 12 at Dendua via Salanpur) ... 5
10. Feeder Road No. 10 (road taking off from N.H. 2 at Neamatpur and connecting Road No. 12 at Rupnarainpur via Shamdi) ... 8
11. Feeder Road No. 11 (Pandeveswar to Gogla) ... 5

12.	Feeder Road No. 12 (road taking off from N.H. 2 at Barakar and leading to Rupnarayanpur via Dandua) ...	10
13.	Feeder Road No. 13 (road taking off from Road No. 18 and connecting Road No. 19 between Ethora and Chinchunda)	2
14.	Feeder Road No. 14 (road taking off from N.H. 2 at Ningha and connecting Road No. 5 at Domohani via Jamuria) ...	9
15.	Feeder Road No. 15 (road taking off N.H. 2 at Barakar and leading to Dishargarh) ...	4
16.	Feeder Road No. 16 (road taking off from N.H. 2 near Neamatpur and leading to Radhanagar) ...	3
17.	Feeder Road No. 17 (road taking off from N.H. 2 near Kalipahari and leading to Chelad) ...	4
18.	Feeder Road No. 19 (road taking off from N.H. 2 at Asansol and connecting Road No. 10 at Shamdih via Chinchurya and Lalganj) ...	9
19.	Feeder Road No. 21 (Pandaveshwar to Samla) ...	4
20.	Roads already included in the programme, but are likely to be dropped if not required by the Ministry of Mines and Metals, Government of India:—	
	(a) Road taking from Feeder Road No. 10 at Dharm and connecting Road No. 19 at Lalganj via Ethora (Feeder Road No. 18) ...	4
	(b) Radhanagar-Dishergarh Road (Feeder Road No. 20)	3
	Total ...	130

Husking mills in Kalna, Burdwan

1246. (Admitted question No. 2634.)

শ্রীসুচাঁদ সরেন: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলার কালনা অঞ্চলে প্রায় সাতশত হাস্কিং মিল বন্ধ আছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) যে সমস্ত হাস্কিং মিল বন্ধ হইয়াছে তাহাতে কর্মরত কত মালিক ও কর্মচারী কর্মচ্যুত হইয়াছেন; এবং

(ঘ) সরকার হাস্কিং মিলগুলি চালু করিবার কি কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক) না। কালনা অঞ্চলের মোট ১২২টি হাস্কিং মিলের মধ্যে গত ফেব্রুয়ারী মাসের প্রথমার্ধে মাত্র ৩২টি মিল ও মার্চ মাসের প্রথমার্ধে কেবলমাত্র ৬৪টি মিল বন্ধ ছিল।

(খ) ও (গ) এ বিষয়ে কোন তথ্য সরকারের গোচরে নাই।

(ঘ) হাস্কিং মিলসমূহ ব্যক্তিগত ব্যবসায়-ভিত্তিক এবং বাজারী প্রথা অনুযায়ী কেবলমাত্র জনসাধারণের চাহিদানুযায়ী উহারা ধান্য ভাঙ্গিয়া থাকে। এ বিষয়ে সরকারের নির্দিষ্ট কিছু করণীয় নাই।

Arrests made in the district of Bankura

1247. (Admitted question No. 2637.)

শ্রীজলেশ্বর হাঁসদাঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ১৯৬৫ সালের জানুয়ারি হইতে মার্চ মাসের ১৫ তারিখ পর্যন্ত কোন্ কেসে কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(খ) ইহাদের মধ্যে কতজনকে জামিন দেওয়া হইয়াছে এবং কতজনের বিরুদ্ধে মামলা রুজু করা হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) এই সময়ে বাঁকুড়া জেলায় বিভিন্ন কেসে মোট ৮৩১ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। কোন্ কেসে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে তাহা নিম্নে স্থাপিত বিবরণীতে বর্ণিত হইল।

(খ) ইহাদের মধ্যে ৭০১ জনকে জামিনে খালাস দেওয়া হইয়াছে এবং ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে ২১০টি মামলা রুজু করা হইয়াছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1247.

২-টি ডাকাতি কেসে ২৩ জনকে গ্রেপ্তার করা হইয়াছে ;

১-টি রাহাজানি কেসে ৪ জনকে গ্রেপ্তার করা হইয়াছে;

৩১-টি সিঁদচুরি কেসে ৪৪ জনকে গ্রেপ্তার করা হইয়াছে;

৯১-টি চুরি কেসে ১৩২ জনকে গ্রেপ্তার করা হইয়াছে;

১-টি খুনের কেসে ৬ জনকে গ্রেপ্তার করা হইয়াছে;

৬-টি দাঙ্গাহাঙ্গামার কেসে ৪৬৮ জনকে গ্রেপ্তার করা হইয়াছে;

১-টি সিকিউরিটি য়্যাক্ট কেসে ৪ জনকে গ্রেপ্তার করা হইয়াছে;

১-টি অসদুপায়ে জীবিকা নির্বাহের কেসে ১ জনকে গ্রেপ্তার করা হইয়াছে;

ডি ই বি কেস সহ অন্যান্য কেসে ১০৮ জনকে গ্রেপ্তার করা হইয়াছে;

ফৌজদারী কার্যবিধির ১৫১ ধারা এবং ভারতরক্ষা বিধির ৪১(১) ধারায় ১৬ জনকে গ্রেপ্তার করা হইয়াছে: এবং

ফৌজদারী কার্যবিধির ৫৪ এবং ১০৯ ধারায় ২৫ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

Rural water-supply in Moyna and Pingla police-stations, Midnapore

1248. (Admitted question No. 2670.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানায় ও পিংলা থানায় কোন্ কোন্ গ্রামে ১৯৬৪-৬৫ সালে রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম হইতে নূতন নলকূপ স্থাপন ও পুরাতন নলকূপ সংস্কার মঞ্জুর হইয়াছে;

(খ) উহাদের কোন্ কোন্‌টির কাজ আরম্ভ হইয়াছে; এবং

(গ) বাকিগুলির কাজ কবে আরম্ভ হইবে?

The Minister for Health:

(ক) এতদ্‌সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(খ) এবং (গ) কোনটিরই কাজ আরম্ভ করা হয় নাই। উহাদের স্থান নির্বাচন সমাপ্ত হইয়াছে এবং শীঘ্রই উহাদের কাজ আরম্ভ হইবে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1248.

Statement showing sinking and resinking of tubewells sanctioned under R. W. S. and S. Programme for 1964-65 in the villages of police-stations Moyna and Pingla in the district of Midnapore.

P. *S. Moyna.*

New sinking (one in each village)

1. Anandapur.
2. Brindabanchak.
3. Garsafat.
4. Purba Daksin Moyna.
5. Kanchowki.
6. Mudibe.
7. Radhaballavchak.
8. Kishorechak.
9. Narikelda.
10. Haridaspur.
11. Paramanandapur.
12. Sudampur.
13. Changra.
14. Kearana.
15. Daksin Harkuli.

Resinking (one in each village)

1. Shrikanta (Near Prodhanpara).
2. Purba Dakshin Moyna (Paschimpara).
3. Bhandarchak.
4. Paramanandapur (Habeli).
5. Mogra (Janapara).
6. Ismalichak.
7. Radhaballavchak.
8. Kripanandapur.

P. *S. Pingla.*

New sinking (one in each village).

1. Boalia.
2. Moglanichak.
3. Bagnabar.
4. Ragpur (Dulepara).
5. Samsara.
6. Kantapukur.

Resinking (one in each village).

1. Chak-Krishnadas.
2. Balliswarpur.
3. Dhaneswarpur Madhyobar.
4. Beluria.
5. Beluria.

Scheme for sluice gate at Kora in Jamalpore police-station, Burdwan

1249. (Admitted question No. 2686.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার জামালপুর থানার পুরাতন দামোদর নদীর বাঁধের উপর কোড়া নামক স্থানে স্লুইস গেট করার কোন প্রস্তাব আছে কিনা ; এবং

(খ) প্রস্তাব থাকিলে, তাহা কতদিনে কার্যকরী হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Tubewells in Khandaghosh Block, Burdwan

1250. (Admitted question No. 2695.)

শ্রীজহরলাল বন্দ্যোপাধ্যায়: আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—বর্ধমান জেলার খণ্ডঘোষ ব্লকে ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত তফসিলী কল্যাণ বিভাগ হইতে কয়টি নলকূপ কোন্ কোন্ স্থানে বসানো হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

সাল	নলকূপের সংখ্যা	গ্রামের নাম
১৯৬১-৬২	২	(১) বাওয়াই বাগদীপাড়া
		(২) চাগ্রাম বাগদীপাড়া
১৯৬২-৬৩	১	খুদকুড়ি
১৯৬৩-৬৪	১	নবগ্রাম
১৯৬৪-৬৫	২	(১) জারুল তফসিলীপাড়া
		(২) আমরুল তফসিলীপাড়া।

Deep tubewells for irrigation in Khandaghosh police-station, Burdwan

1251. (Admitted question No. 2696.)

শ্রীজহরলাল বন্দ্যোপাধ্যায়: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার খণ্ডঘোষ থানায় সেচের জন্য গভীর নলকূপ বসাইবার জন্য সরকারের কোন প্রস্তাব আছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে কয়টি কোন্ কোন্ স্থানে বসাইবার প্রস্তাব আছে এবং

(গ) এই নলকূপ বসানোর কাজ কতদিনের মধ্যে শুরু হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) জেলা স্থান নির্বাচন কমিটি গভীর নলকূপ বসানর জন্য খণ্ডঘোষ থানায় ১২-টি স্থান নির্বাচন করিয়াছে। এই সম্পর্কীয় একটি বিবরণী এই সংগে দেওয়া হইল।

(গ) উপরোক্ত ১২-টি স্থানের মধ্যে ৯-টিতে নলকূপ ইতিমধ্যে বসান হইয়াছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1251

Names of Deep-Tubewell approved sites under police-station Khandaghosh in the district of Burdwan.

Serial No.	Name of P. S.	Name of mouza.
1.	Khandaghosh	Polenpur-Kamalpur.
2.	Do.	Kamalpur.
3.	Do.	Tildanga.
4.	Do.	Salon.
5.	Do.	Pandua.
6.	Do.	Wanir-Krishnapur.
7.	Do.	Narioha.
8.	Do.	Rupsa.
9.	Do.	Sasanga.
10.	Do.	Masfia.
11.	Do.	Kelety.
12.	Do.	Chandipur.

D.V.C. water in Khandaghosh police-station, Burdwan

1252. (Admitted question No. 2697.)

শ্রীজহরলাল বন্দ্যোপাধ্যায়: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত ডি ভি সি হইতে বর্ধমান জেলার খণ্ডঘোষ থানায় মোট কত পরিমাণ এলাকায় জল দেওয়া হয়; এবং

(খ) উক্ত বৎসরগুলিতে যথাক্রমে কয়টি কি পরিমাণ সেচের জন্য ক্যানাল কাটা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) খণ্ডঘোষ থানায় বিভিন্ন বৎসরে দামোদর ভ্যালী কর্পোরেশনের রাইট ব্যাংক মেন ক্যানাল হইতে যে পরিমাণ জমিতে জল দেওয়া হইয়াছে তাহা নিম্নে বর্ণিত হইল:

১৯৬১-৬২—২৬,২১০ একর।

১৯৬২-৬৩—২৬,২১০ একর।

১৯৬৩-৬৪—২৭,১৪৮ একর।

১৯৬৪-৬৫—২৭,৭১৫ একর।

(খ) ঐ সকল বৎসরে খণ্ডঘোষ থানায় কোন নূতন খাল খনন করা হয় নাই।

Drainage Schemes under police-station Khandaghosh, district Burdwan

1253. (Admitted question No. 2698.)

শ্রীজহরলাল বন্দ্যোপাধ্যায়: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার খণ্ডঘোষ বিল ও খণ্ডঘোষ থানার নবগ্রামের পান্নার বিলের জল নিকাশের পরিকল্পনা আছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত?

The Minister for Irrigation and Waterways:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Cold storages in West Bengal

1254. (Admitted question No. 2706.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether there is any cold storage in West Bengal managed by the State Government directly or indirectly; and

(b) if so, what is the charge per quintal taken from the customers?

The Minister of State for Agriculture and Community Development:

(a) Yes. There are two cold storages managed directly by Government, one at Kanainatsal, Burdwan, and the other at Paharpur, Kidderpore. There is also a cold storage at Tarakeshwar, owned by the West Bengal State Warehousing Corporation which is indirectly managed by the State Government.

(b) So far as the Government cold storages are concerned, question of realising any charge from customers does not arise, as no space is hired out by Government. As regards the charge realised by the cold storage of the State Warehousing Corporation, a statement is enclosed.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 1254

STATEMENT

The following is the position with regard to storage charge realised by the State Warehousing Corporation's Cold Storage at Tarakeswar:

(1) March to 15th November—Rs. 17.00 per quintal.

(2) March to 15 October—Rs. 15.00 per quintal.

(3) March to 30th September—Rs. 15.00 per quintal.

(4) March to 15th September—Rs. 14.00 per quintal.

(5) March to 31st August—Rs. 12.00 per quintal.

(6) April to 15th September—Rs. 10.00 per quintal.

The above rates are subject to following rebates:

(i) Small growers for deposit up to 10 quintals at .40 per quintal.

(ii) Co-operative Societies for storage of 175 quintals or more by each society but not more than 3,500 quintals at the rate of Re. 1.25 per quintal.

(iii) Bulk depositors storing not less than 350 quintals and not more than 500 quintals by one individual (within a total ceiling deposit of 7,000 quintals) at .90 per quintal.

2. For drying of potatoes, a separate charge of .50 p. per quintal is levied.

3. An additional charge at the rate of Re. 1/- per quintal for every fortnight after the expiry of each season. After November season, viz., 16th November to 21st November additional charge at .50 p. per week is levied.

Industrial labourers in Asansol subdivision

1255. (Admitted question No. 2710.)

শ্রীবিজয় পাল: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে কোন সরকারী পরিসংখ্যান আছে কি—

(১) আসানসোল মহকুমায় বিভিন্ন শিল্পে (রাষ্ট্রায়ত্ত ও ব্যক্তিগত মালিকানায়) মোট কত শ্রমিক-কর্মচারী কাজ করেন,

(২) তাহার মধ্যে রাষ্ট্রায়ত্ত শিল্পে শ্রমিক-কর্মচারীর সংখ্যা কত,

(৩) ব্যক্তিগত মালিকানায় শিল্পগুলিতে শ্রমিক-কর্মচারীদের সংখ্যা কত, এবং

(৪) ইহার মধ্যে বিভিন্ন প্রদেশের বা ন্যাশনালিটি-র শ্রমিক-কর্মচারীদের সংখ্যা কত; এবং

(খ) পরিসংখ্যান থাকিলে তাহা কি?

The Minister for Labour:

(ক) (১) ৬৪,৮৩৫।

(ক) (২) ২২,৭১২।

(ক) (৩) ৪২,১২৩।

(ক) (৪) ও (খ) এই বিষয়ে তথ্য সংগৃহীত নাই।

Unemployed persons in Asansol subdivision

1256. (Admitted question No. 2713.)

শ্রীবিজয় পাল: শ্রম-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে অর্থাৎ ১৯৫৬ ও ১৯৬১ সালে আসানসোল মহকুমায় মোট রেজেস্ট্রীকৃত বেকার (শহর ও গ্রামে) সংখ্যা কত ছিল

(খ) ১৯৬৪ সালে ডিসেম্বরের শেষে তাহা কত হইয়াছে; এবং

(গ) (খ) প্রশ্নে উল্লিখিত বেকারদের মধ্যে শিক্ষিতের সংখ্যা এবং মহিলাদের সংখ্যা কত?

The Minister for Labour:

(ক) আসানসোল মহকুমায় অবস্থিত কর্মসংস্থান কেন্দ্রে ১৯৫৬ ও ১৯৬১ সালের ডিসেম্বরের শেষে রেজেস্ট্রীকৃত মোট বেকারের সংখ্যা ছিল যথাক্রমে ৯,৯৫৬ ও ৩৭,৮৯৬ জন।

(খ) ৪৬,২৫২ জন।

(গ) উহাদের মধ্যে শিক্ষিতের সংখ্যা (অর্থাৎ স্কুল ফাইন্যাল ও তদূর্ধ্ব) ছিল ৫,৫০০ জন এবং মহিলাদের সংখ্যা ছিল ৩৮৩ জন।

Sankrail Thana Building, Midnapore

1257. (Admitted question No. 2726.)

শ্রীনরেন্দ্রনাথ মাহাতোঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার শাঁকরাইল থানার কোন নিজস্ব গৃহ নাই এবং ভাড়া ঘরে থানার কার্য পরিচালিত হয়;

(খ) সত্য হইলে, শাঁকরাইল থানার নিজস্ব গৃহনির্মাণের সরকারের পরিকল্পনা আছে কিনা;

(গ) থাকিলে, কবে কার্যকরী হইবে;

(ঘ) শাঁকরাইল থানা অফিসের মাসিক ভাড়া কত; এবং

(ঙ) উক্ত থানা স্থাপনের পর হইতে আজ পর্যন্ত থানার অফিসের জন্য সরকার কত টাকা ব্যয় করিয়াছেন?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) এখনও পর্যন্ত নাই।

(গ) এ প্রশ্ন উঠে না।

(ঘ) ভারপ্রাপ্ত আধিকারিকের বাসস্থান ও ব্যারাকসহ উক্ত থানার মাসিক ভাড়া ৪০ টাকা।

(ঙ) প্রশ্নটি অস্পষ্ট হওয়ায় যথাযথ উত্তর দেওয়া সম্ভব নয়।

Entertainment Tax

1258. (Admitted question No. 2730.)

[illegible] রাহাঃ অর্থ-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের কোন্ জেলায় ১৯৬৩-৬৪ সালে কত আমোদকর আদায় হয়?

The Minister for Finance:

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ১৯৬৩-৬৪ সালে আদায়ীকৃত আমোদকরের পরিমাণ নিম্নে দত্ত হইলঃ—

জেলার নাম ও আমোদকরের পরিমাণ

(১) কলিকাতা—টাকা ১,৫৫,৮৯,৬২৮·৪১ পঃ।

(২) বাঁকুড়া—টাকা ১,৬২,৯১৪·২০ পঃ।

(৩) বর্ধমান—টাকা ১৬,৪৫,৩২৭·৮৮ পঃ।

(৪) বীরভূম—টাকা ১,৪২,০৪৪·২৩ পঃ।

(৫) দার্জিলিং—টাকা ৬,৯৫,৫৪৭·১১ পঃ।

(৬) জলপাইগুড়ি—টাকা ৫,৪০,০০৮·৪৩ পঃ।

(৭) পশ্চিম দিনাজপুর—টাকা ১,৩৬,৮৫৯·০২ পঃ।

(৮) হাওড়া—টাকা ১৮,১৫,৫০২·৬০ পঃ।

(৯) হুগলী—টাকা ১১,৯৯,৮২০·৪৫ পঃ।

(১০) মালদহ—টাকা ১,৩১,৪৬৮·৫৪ পঃ।

(১১) মেদিনীপুর—টাকা ৬,১২,৬৮৪·৬০ পঃ।

(১২) মুর্শিদাবাদ—টাকা ৩,৮৮,২৮২·৭২ পঃ।

(১৩) নদীয়া—টাকা ৪,৪৮,১৪৯·৫৫ পঃ।

(১৪) ২৪-পরগণা—টাকা ৩২,৮০,০৫৯·৩৫ পঃ।

(১৫) পুরুলিয়া—টাকা ১,৩৫,৬৮০·১৫ পঃ।

(১৬) কুচবিহার—টাকা ১,২৪,৩৩৯·৩৩ পঃ।

মোট টাকা—২,৭০,৪৯,৩১৬·৫৪ পঃ।

Haringhata Dairy Farm

1259. (Admitted question No. 2732.)

শ্রীসনৎকুমার রাহাঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটায় কত গরু, মহিষ আছে এবং কি পরিমাণ দুগ্ধ প্রত্যহ এই গরু ও মহিষ হইতে উৎপন্ন হয়;

(খ) বিশুদ্ধ দুগ্ধ অর্থাৎ গরু ও মহিষের খাঁটি দুধ বাজারে বিক্রি করা হয় কিনা; এবং

(গ) দুগ্ধ জাতীয় দ্রব্য আর কি কি হরিণঘাটায় উৎপন্ন হয় এবং তাহার পরিমাণ কত?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) হরিণঘাটা সরকারী কেন্দ্রে সরকারের মালিকানায় বর্তমানে ৯৯৭ দুগ্ধবতী গরু, ৮২ দুগ্ধবতী মহিষ, ও ১,৮৭৪ বিভিন্ন বয়সের বাচ্চা আছে। ইহা ছাড়া হরিণঘাটা দুগ্ধ উপনিবেশে ব্যক্তিগত মালিকানায় ২১ দুগ্ধবতী গরু, ৩,৬০২ দুগ্ধবতী মহিষ ও আনুমানিক ৮০০ বিভিন্ন বয়সের বাচ্চা আছে।

ঐ গর, ও মহিষ হইতে প্রত্যহ গড়ে নিম্নলিখিত পরিমাণ দ,গ্ধ পাওয়া যায়ঃ—

	গোদ,গ্ধ	মহিষ দ,গ্ধ
সরকারী গর, ও মহিষ হইতে—	১,৯০০ কেজি	১৮৮ কেজি
ব্যক্তিগত মালিকানায় রক্ষিত দ,গ্ধ উপনিবেশের গর, ও মহিষ হইতে—	৩৮ কেজি	১৮,৫৬৪ কেজি

(খ) বর্তমানে বৃহত্তর কলিকাতা দ,গ্ধ সরবরাহ সংস্থা হইতে গর,র দ,গ্ধ স্ট্যান্ডারডাইজ কাউ মিল্ক এবং মহিষের দ,গ্ধ টোণ্ড ও ডবল টোণ্ড করিয়া বিক্রয় করা হয়।

(গ) বর্তমানে দ,গ্ধের স্বল্পতা হেতু হরিণঘাটা হইতে কোন দ,গ্ধজাত দ্রব্য নিয়মিতভা উৎপন্ন হইতেছে না।

River Pump Irrigation Scheme at Tinka under Debra police-station, Midnapore

1260. (Admitted question No. 2739.) **Dr. Santosh Kumar Mukherje** Will the Minister-in-charge of the Agriculture and Community Develoj ment Department be pleased to state—

(a) whether River Pump Irrigation Scheme at Tinka in Anchal No. of Debra police-station in the district of Midnapore has bee sanctioned; and

(b) if so, when the work will begin?

The Minister of State for Agriculture and Community Development

(a) No.

(b) Does not arise.

Bhasra's Khal Bundh Irrigation and Drainage Scheme in police-station Debra, Midnapore

1261. (Admitted question No. 2740.) **Dr. Santosh Kumar Mukherjee** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Departmen be pleased to state—

(a) whether "Bhasra's Khal" Bundh Irrigation and Drainage Schem in anchal No. 7 of Debra police-station in Midnapore district ha been sanctioned; and

(b) if so, when the work will start?

The Minister for Irrigation and Waterways: (a) The scheme has no yet been sanctioned; it is under preparation at present.

(b) Does not arise.

Government owned industries in Midnapore district

1262. (Admitted question No. 2742.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে কোথায় কোথায় কয়টি সরকার পরিচালিত শিল্প প্রতিষ্ঠান আছে ;

(খ) উহাদের প্রত্যেকটিতে কি কি শিল্পজাত দ্রব্য গত বৎসর উৎপন্ন হইয়াছে;

(গ) ঐ সকল উৎপন্ন দ্রব্য কোথায় বিক্রয় করা হইয়াছে; এবং

(ঘ) উহাদের প্রত্যেকটিতে কত করিয়া মূলধন লগ্নী করা হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) (১) জোত ঘনশ্যাম—১টি বিষান (হর্ন) শিল্প কেন্দ্র।

(২) ঠাকুরচক (নারায়ণগড়), দাঁতন—১টি কাষ্ঠ শিল্প কেন্দ্র।

(৩) রামজীবনপুর, ময়না, ঘাটাল—১টি তাঁত শিল্প কেন্দ্র।

(৪) দাঁতন—১টি বস্ত্র মুদ্রণ শিল্প কেন্দ্র।

(৫) পূর্ব অমরর্ষি—১টি সীবন শিল্প কেন্দ্র।

(খ) (১) বিষাণ (হর্ন) শিল্পজাত দ্রব্যাদি, (২) কাষ্ঠশিল্পজাত আসবাবপত্রাদি, (৩) তাঁত বস্ত্রাদি, (৪) বস্ত্র মুদ্রণ ও (৫) তৈয়ারী পোষাক, যথা—প্যাণ্ট, সার্ট, ব্লাউজ, ফ্রক ইত্যাদি।

(গ) (১) স্বদেশ ও বিদেশের বিভিন্ন বাজারে।

(২)-(৫) স্থানীয় বাজারে।

(ঘ) (১) ৩,৬৩০·০০ টাকা।

(২) ৫,২০০·০০ টাকা।

(৩) ৫,৩০০·০০ টাকা।

(৪) ৫,১০০·০০ টাকা।

(৫) ৫,৩০০·০০ টাকা।

Bus, truck and rickshaw stand in Tamluk and Midnapore towns

1263. (Admitted question No. 2747.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে তমলুক ও মেদিনীপুর শহরে বাস, ট্রাক ও রিক্সা রাস্তার পার্শ্বে দাঁড়াইয়া থাকার মানুষ ও যানবাহনের চলাচলের বিঘ্ন হয়; এবং

(খ) অবগত থাকিলে উক্ত বিষয়ের প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Home (Transport):

(ক) হ্যাঁ।

(খ) যাত্রী এবং মাল উঠানামা করার জন্য প্রয়োজনীয় সময়ের উর্ধ্ব রাস্তার পার্শ্বে গাড়ী দাঁড়াইয়া থাকিলে তাহাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা অবলম্বিত হইয়াছে।

তমলুক সহরের এই সমস্যার স্থায়ী সমাধান কল্পে সহরের পাশ দিয়া একটি বিকল্প রাস্তা নির্মাণের ব্যবস্থা করা হইতেছে।

Engineering Establishment in West Bengal

1264. (Admitted question No. 2676.)

শ্রীসনৎকুমার রাহাঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বড় ও ক্ষুদ্র ইঞ্জিনীয়ারিং কারখানা ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪-তে কত ছিল; (ক্ষুদ্র বলিতে ৫ লক্ষ টাকার মূলধনের কম); এবং

(খ) এই সকল কারখানায় বর্তমানে মোট শ্রমিক ও কর্মচারী কত?

The Minister for Labour:

(ক) কারখানাগুলির আর্থিক শ্রেণীবিভাগের পরিসংখ্যান শ্রমদপ্তরে নাই। সুতরাং ছোট ও বড় ইঞ্জিনীয়ারিং কারখানার মোট সংখ্যা নিম্নে দেওয়া হইল:

বৎসর	রেজেস্ট্রীকরা কারখানার সংখ্যা
১৯৬০	১,৫৪০
১৯৬১	১,৬৬১
১৯৬২	১,৮৪৭
১৯৬৩	২,০৬৫
১৯৬৪	হিসাব এখনও প্রস্তুত হয় নাই।

(খ) কারখানার শ্রমিক ও কর্মচারীর পরিসংখ্যান পৃথকভাবে রাখা হয় না। শ্রমিকদের দৈনিক গড় উপস্থিতির হিসাব রাখা হয়। উহা নিম্নে দেওয়া হইল।

বৎসর	দৈনিক গড় উপস্থিতির সংখ্যা
১৯৬০	২,৩১,২৬৯
১৯৬১	২,৫৩,৯৬৫
১৯৬২	২,৭৪,৬৭১
১৯৬৩	২,৯৮,০১৫
১৯৬৪	হিসাব এখনও প্রস্তুত হয় নাই।

Liquor shops in Jhargram subdivision, Midnapore

1265. (Admitted question No. 2772.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় বর্তমানে মোট কতগুলি বিলাতি, দেশী ও পচাই মদের দোকান আছে;

(খ) ১৯৬২-৬৩ সালে উক্ত মদের দোকানের সংখ্যা কত ছিল; এবং

(গ) উক্ত দোকানগুলি হইতে গত ১৯৬৩ ও ১৯৬৪ সালে কত টাকা এক্সাইজ ডিউটি পাওয়া গিয়াছে?

The Minister for Excise:

(ক)

	১৯৬৪-৬৫		
	বিলাতি মদ	দেশী মদ	পচাই
দোকানের সংখ্যা	১	১০	৮৬

(খ)

	১৯৬২-৬৩		
	বিলাতি মদ	দেশী মদ	পচাই
দোকানের সংখ্যা	১	৮	৮৬

(গ) মহকুমা অনুযায়ী ডিউটির তথ্য রাখা হয় না।

Measures for checking the waterlogging in the streets of Calcutta

1266. (Admitted question No. 2779.)

শ্রীজীবন দে: স্থানীয় স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ষাকালে প্রতি বছরই কলকাতার রাস্তাঘাট জলে ডুবে যাবার যে অভিজ্ঞতা নাগরিকদের আছে তা প্রতিবিধানের কোন ব্যবস্থা এবার হয়েছে কি; এবং

(খ) এ বিষয়ে সরকার থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি?

The Minister for Local Self-Government:

(ক) যে সকল ব্যবস্থা অবলম্বন করায় গত বর্ষায় জল নিষ্কাশন ব্যবস্থার আংশিক উন্নতি পরিলক্ষিত হয়, সেই সকল ব্যবস্থা পৌরসভা কর্তৃক এই বৎসরও অবলম্বিত হইবে।

কলিকাতা পৌরসভার জল সরবরাহ বৃষ্টি ও ময়লা জল নিষ্কাশনের প্রকল্প সরকার অনুমোদন করিয়া অর্থ সাহায্য মঞ্জুর করিয়াছেন। এই প্রকল্প অনুযায়ী পামার ব্রীজ ও বালিগঞ্জে অবস্থিত দুইটি পাম্পিং স্টেশনকে অধিকতর শক্তিশালী করার ব্যবস্থা করা হইয়াছে। বালিগঞ্জ পাম্পিং স্টেশনে পাঁচটি বৃহদাকার জল নিষ্কাশনী পাম্পের অর্ডার দেওয়া হইয়াছে। এই পাম্পগুলি চালু হইলে ঐ স্টেশনের নিষ্কাশনী ক্ষমতা দ্বিগুণ হইবে এবং ফলে অবস্থার যথেষ্ট উন্নতি হইবে। পামার ব্রীজ পাম্পিং স্টেশনের জন্যও শীঘ্রই চারিটি পাম্প কেনা হইবে।

যে সকল এলাকার ভূ-গর্ভস্থ পয়ঃপ্রণালী নাই, প্রয়োজন বোধে সেই সকল এলাকার জল নিষ্কাশনের জন্য পাম্পের সাহায্য লওয়া হইয়া থাকে। অতিরিক্ত বৃষ্টিপাতের সময় নদীর নিকটবর্তী এলাকার জল নিষ্কাশনের জন্য স্লুইসগুলি খুলিয়া দেওয়া হয়।

(খ) চতুর্থ পরিকল্পনায় কলিকাতা পৌরসভা এলাকায় বৃষ্টির জল নিষ্কাশনের একটি প্রকল্প বাবদ ১৫০ লক্ষ টাকার বরাদ্দ প্রস্তাবিত হইয়াছে।

Local Development Works Programme in Khandaghose police-station, Burdwan

1267. (Admitted question No. 2807.)

শ্রীজহরলাল বন্দ্যোপাধ্যায়ঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার স্থানীয় উন্নয়ন (লোকাল ডেভেলপমেণ্ট) পরিকল্পনার মাধ্যমে ১৯৬২ সাল হইতে এ পর্যন্ত মোট কয়টি নলকূপ কোন্ কোন্ স্থানে বসান হইয়াছে;

(খ) ঐ নলকূপগুলির কয়টি বর্তমানে অকেজো অবস্থায় আছে; এবং

(গ) উক্ত অকেজো নলকূপগুলির সংস্কারের কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Development and Planning:

(ক) উক্ত থানায় ১৯৬২ সাল হইতে এ পর্যন্ত ৯০টি নলকূপ নিম্নলিখিত অঞ্চলে বসান হইয়াছেঃ (১) লোদনা—১১, (২) গোপাল বেরা—৪৭, (৩) সসংগা—২, (৪) সাসয়াই—২৭, (৫) কৈয়ার—৬।

(খ) সবগুলি নলকূপই চালু অবস্থায় আছে।

(গ) প্রশ্ন উঠে না।

Godowns in Khandaghosh Block, Burdwan

1268. (Admitted question No. 2804.)

শ্রীজহরলাল বন্দ্যোপাধ্যায়ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্ধমান জেলার খণ্ডঘোষ ব্লকে সমবায় বিভাগ হইতে সমবায় সমিতির জন্য কয়টি গুদাম কোথায় কোথায় স্থাপিত হইয়াছে?

The Minister for Co-operation:

বর্ধমান জেলার খণ্ডঘোষ ব্লকে সমবায় বিভাগ হইতে পাঁচটি সমবায় সমিতিকে পাঁচটি গুদাম নির্মাণের জন্য সরকারী অর্থ সাহায্য করা হইয়াছে। ঐ পাঁচটি সমিতির নাম এবং কোথায় কোথায় ঐ পাঁচটি গুদাম ঘর তৈরি হইয়াছে, হইতেছে বা হইবে, তাহা নিম্নে প্রদত্ত হইল।

	সমিতির নাম	গুদামঘরের অবস্থান	সংখ্যা	গুদাম নির্মাণের পর্যায়
১।	সগড়াই ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি লিঃ।	বাদুলিয়া ..	১	নির্মাণ সম্পূর্ণ হইয়াছে।
২।	শাকারী ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি লিঃ।	শিকারপুর তেলুয়া ..	১	সম্পূর্ণ হইতে সামান্য বাকী আছে।
৩।	বেরুগ্রাম সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	বেরুগ্রাম ..	১	সমিতি শীঘ্রই নির্মাণ কায আরম্ভ করিবে আশা করা যায়।
৪।	খণ্ডঘোষ সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	খণ্ডঘোষ ..	১	ঐ
৫।	কেন্দুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	কেন্দুর ..	১	ঐ

.ocal Development Works Programme in Jamalpore police-station, Burdwan

1269. (Admitted question No. 2811.)

শ্রীপূর্ণচন্দ্র প্রামাণিকঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক—

(ক) বর্ধমান জেলার জামালপুর থানার স্থানীয় (লোকাল ডেভেলপমেণ্ট) পরিকল্পনার মাধ্যমে ১৯৬২ সাল হইতে ১৯৬৫ সালের এই সময় পর্যন্ত মোট কয়টি নলকূপ কোন্ কোন্ স্থানে বসান হইয়াছে;

(খ) ঐ নলকূপগুলির কয়টি বর্তমানে অকেজো অবস্থায় আছে; এবং

(গ) উক্ত অকেজো নলকূপগুলির সংস্কারের কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Development and Planning:

(ক) জামালপুর থানায় ১৯৬২ সাল হইতে এ পর্যন্ত মোট ১১৩টি নলকূপ নিম্নলিখিত ।ঞ্চলের জন্য মঞ্জুর করা হইয়াছে।

(১) অবুজহাটি—৪৫।
(২) পরাতল—২২।
(৩) জোগ্রাম—১৬।
(৪) চকদীঘি—১৬।
(৫) বেরুগ্রাম—১৫।
(৬) জরাগ্রাম—৩১।
(৭) পাঁচড়া—৩২।
(৮) আঝাপুর—৯।
(৯) জামালপুর—৭।

(খ) সবগুলি নলকূপই চালু অবস্থায় আছে।

(গ) প্রশ্ন উঠে না।

Roads taken up under the Third Five-Year Plan for Murshidabad district

1270. (Admitted question No. 2820.)

শ্রীসনৎকুমার রাহাঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি তীয় পরিকল্পনায় মুর্শিদাবাদে কতগুলি এবং কোন্ কোন্ রাস্তা (পিচ রাস্তা) নির্মিত ইবার জন্য লওয়া হয় এবং কতগুলি সম্পূর্ণ হইয়াছে?

The Minister for Public Works (Roads):

তৃতীয় পরিকল্পনায় মোট ১৭টি পিচ রাস্তা নির্মাণের জন্য গৃহীত হয়। উহাদের নামের একটি পৃথক তালিকা নিম্নে সন্নিবেশিত হইল, এই রাস্তাগুলির কাজ সম্পূর্ণরূপে শেষ হয় নাই।

Statement referred to in reply to unstarred question No. 1270.

Serial No. and name of the roads taken up under the Third Five-Year Pla

1. Upgrading Panchgram-Nabagram-Lalbagh Road and protective work
2. Upgrading Akheriganj-Katlamari Road.
3. Upgrading Ramnagar-Bazarsahu-Chowrigacha-Khagraghat Road.
4. Upgrading Baharampur-Hariharpara-Amtala Road.
5. Upgrading Salika-Panuti Road.
6. Upgrading Sherpur-Vishnupur Road.
7. Upgrading Khargram-Parulia Section of Khargram-Rampurhat Roa
8. Upgrading Road from Sagardighi to N.H. 34.
9. Upgrading Jibanti-Sherpur Road.
10. Upgrading Sagardighi-Manigram-Gankar-Raghunathganj Road.
11. Upgrading Simulia-Salar-Kagram Road.
12. Upgrading Gramsalika-Majlispur Road (up to district border).
13. Kanupur-Bahutali via Ajagarpara (including bridge over the Pagla).
14. Chiruti R. S. (actually from Chandpara) to Gokarna Road.
15. Road from 4th mile of Berhampore-Bhagwangola Road to opposite ban of river Bhairab at Mohanpur.
16. Extension of Beldanga-Majjampur Road up to Chardiar Ferry-ghat o the Bhagirathi River including upgrading of Beldanga-Majjampur Roa
17. Road from Bhowanipur (on Bhagwangola-Lalgola Road) to Raj rampur.

Dahijuri-Binpore-Silda-Hatiari Road in Midnapore district

1271. (Admitted question No. 2874.)

[illegible] মাহাতঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার দাহিজুড়ি-বিনপুর-শিলদা-হাতিয়াড়ী রাস্ত নির্মাণকার্য মঞ্জুর হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে—

(১) ইহা কোন্ পরিকল্পনায় মঞ্জুর হইয়াছে এবং কত টাকা মঞ্জুর হইয়াছে ;

(২) কাজ আরম্ভ হইয়া থাকিলে কবে আরম্ভ হইয়াছে এবং রাস্তার কোন্ অংশে কা চলিতেছে;

(৩) কবে নির্মাণকার্য শেষ হইবে; এবং

(৪) এই রাস্তার দৈর্ঘ্য কত হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) (১) এই রাস্তাটি ২য় পরিকল্পনায় কেবল মাত্র 'কাঁচা' পর্যায় পর্যন্ত এবং ৩য় পরিকল্পনায় 'পিচ রাস্তা'র উন্নয়নের জন্য মঞ্জুর হইয়াছে। উভয় কার্য বাবদ অনুমোদিত মোট ব্যয়-বরাদ্দের পরিমাণ ১৭,০২,৫৫০ টাকা।

(২) রাস্তাটির কার্য ৩য় পরিকল্পনার প্রারম্ভেই শুরু করা হয়। বর্তমানে দাঁইজুড়ি হইতে শিলদা পর্যন্ত অংশটিতে পাথর মাড়াইয়ের কার্য চলিতেছে। এই রাস্তার উপর বিভিন্ন সাঁকো ও সেতু নির্মাণের কার্যসমূহ সম্পূর্ণপ্রায়; ঐ সকল স্থানেও কিছু কিছু কার্য চলিতেছে।

(৩) ১৯৬৬ সালের মার্চ মাসের মধ্যেই কার্যটি সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

(৪) ১৯ মাইল ৪৫ চেইন।

New employees for Statutory Rationing in Calcutta

1272. (Admitted question No. 2905.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ও শিল্পাঞ্চলে বিধিবদ্ধ রেশনিং চালু হওয়ার ফলে কতজন কি প্রকারের কর্মচারী নূতন নিয়োগ করা হইয়াছে;

(খ) ঐ সকল কর্মচারীকে স্থায়ী বা অস্থায়ী কি শর্তে নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) বর্তমানে কলিকাতার রেশনিং বিভাগে মোট কতজন কি কি প্রকারের কর্মচারী কাজ করিতেছেন?

The Minister for Food and Supplies:

(ক) গত ১লা এপ্রিলের হিসাব অনুযায়ী বিভিন্ন প্রকারের কর্মচারীর নূতন নিয়োগের সংখ্যা যথা—

গেজেটেড	নন-গেজেটেড		উপনির্মিত্ত (কন্টিনজেন্ট)	মোট সংখ্যা
	উর্ধতন	অধস্তন	অধস্তন	
৩৬	১,১৭৩	১৪৪	১১৪	১,৪৬৭

(খ) বর্তমানে অস্থায়ী শর্তে নিয়োগ করা হইয়াছে।

(গ) গত ১লা এপ্রিলের হিসাব অনুযায়ী নবনিযুক্ত ও পূর্ব হইতে বহাল বিভিন্ন প্রকারের কর্মচারীর সংখ্যা, যথাঃ—

গেজেটেড	নন-গেজেটেড			উপনির্মিত্ত (কন্টিনজেন্ট)	মোট সংখ্যা
	উর্ধতন	অধস্তন		অধস্তন	
২৮	২,৪১১	৩৯৭	...	৯৯	২,৯৩৫

Rural Electrification Scheme in Midnapore district

1273. (Admitted question No. 2908.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে মেদিনীপুর জেলার কয়টি গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা ছিল;

(খ) আজ পর্যন্ত কোন্ কোন্ গ্রামে উহা সরবরাহ করা হইয়াছে; এবং

(গ) কিরূপ মূল্যে এ সকল স্থলে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে?

The Minister for Commerce and Industries:

(ক) ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম চার বৎসরে (১৯৬১-৬২—১৯৬৪-৬৫) মেদিনীপুর জেলার ১৭টি গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হইয়াছিল এবং শেষ বৎসরে কয়টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইবে তাহা রাজ্য বিদ্যুৎ পর্যৎ কর্তৃক চূড়ান্তভাবে স্থিরীকৃত হইতেছে।

(খ) খড়্গপুর থানার ঢেকিয়া এবং তমলুক থানার হীরাপুর ও মুরারী কালুয়া গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে;

(গ) (১) গৃহস্থালী ও বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত আলো ও পাখা ৩১ পয়সা নেট প্রতি ইউনিট।

(২) হিটার ও রেডিওর জন্য— ১০ পয়সা নেট প্রতি ইউনিট।

(৩) ক্ষুদ্র ও মাঝারী শিল্পের জন্য— ৮ পয়সা হইতে ১৩ পয়সা নেট প্রতি ইউনিট।

(৪) কৃষি ও সেচের উদ্দেশ্যে—১০ পয়সা নেট প্রতি ইউনিট।

Illegal import of liquor in West Bengal

1274. (Admitted question No. 2916.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে চোরাই পথে আনা অনেক বিদেশী মদ ধরা পড়িয়াছে;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে ঐ সকল মদ কোন্ দেশ হইতে কিভাবে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে আসিয়াছে?

(গ) ঐ সকল চোরাই মদের কারবার বা ব্যবহার উপলক্ষে কয়জনকে ধরা হইয়াছে এবং কয়জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে; এবং

(ঘ) যাহাতে উক্ত চোরাই মদ এদেশে আসিতে না পারে তজ্জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

The Minister for Excise:

(ক) গত বৎসর চোরাই পথে আনা বিদেশী মদের সাতটি 'কেস' ধরা পড়িয়াছে।

(খ) ইউরোপের বিভিন্ন দেশ হইতে কলিকাতা বন্দরাভিমুখী বিদেশী জাহাজগুলিকে প্রথমে সাগর দ্বীপের বাতিঘরের নিকট জোয়ার বা 'পাইলটে'র জন্য অপেক্ষা করিতে হয়। সেই অবস্থায় দেশী নৌকা মারফৎ বিদেশী মদের চোরাই চালান হয় এবং পরে সেই সকল মাল দেশের অভ্যন্তরে প্রবেশ করে।

(গ) গত বৎসর ডায়মণ্ড হারবার থানার অন্তর্গত বিভিন্ন স্থানে চোরাই বিদেশী মদ আমদানী করিবার অভিযোগে সাতজনকে ধরা হয়। উহাদের ছয়জনের ২০০ টাকা করিয়া অর্থ-দণ্ড হয় এবং অপর জনের ৫০০ টাকা জরিমানা অনাদায়ে ছয় মাস কারাদণ্ড হয়।

(ঘ) যাহাতে এইরূপ চোরাই বিদেশী মদ আমদানী না হয় তাহা দেখিবার দায়িত্ব প্রধানত ভারত সরকারের অধীন বহিঃশুল্ক বিভাগের; অন্তশুল্ক বিভাগের কর্মচারীরা পোর্ট পুলিশ ও বহিঃশুল্ক বিভাগের সহযোগিতায় এইরূপ বে-আইনী আমদানী বন্ধ করিবার জন্য সকল সম্ভাব্য চেষ্টা করেন। ইহা ছাড়া বিদেশী দূতাবাস এবং জাহাজে ব্যবহারের জন্য যে সমস্ত বিদেশী মদ আমদানী হয় সেই মদের বোতলের গায়ে "ডিউটি ফ্রি" কথাটি পরিষ্কারভাবে ছাপানর জন্য ঐ মদের স্থানীয় নিযুক্তকের মারফৎ বিদেশী নির্মায়কদের রাজী করান হইয়াছে। এই ব্যবস্থা অবলম্বনের পর বিদেশী মদের চোরাই আমদানী অনেকটা বাধা প্রাপ্ত হইয়াছে।

Supply of cement in Ranaghat subdivision, Nadia

1275. (Admitted question No. 2918.)

শ্রীগৌরচন্দ্র কুন্ডু: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালে, ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত নদীয়া জেলার রাণাঘাট মহকুমায় কত বস্তা সিমেণ্ট পাঠানো হইয়াছে;

(খ) রাণাঘাট সাবডিভিসনাল কণ্ট্রোলার অফ সিভিল সাপ্লাইজ ১৯৬৩ সালে, ১৯৬৪ সালে, ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কত লোককে কত বস্তা সিমেণ্ট সরবরাহ করিয়াছেন; এবং

(গ) ১৯৬৩ সালে, ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত মোট কত লোক সিমেণ্টের জন্য দরখাস্ত উক্ত রাণাঘাট সিভিল সাপ্লাই অফিসে পেশ করিয়াছেন এবং কত দরখাস্ত এখনও পেণ্ডিং আছে?

The Minister for Food and Supplies:

(ক)

১৯৬৩ সালে	৬১,৩০৭ বস্তা
১৯৬৪ সালে	৫২,৯৯২ "
১৯৬৫ সালে	১৬,৫৭০ "

(৬-৪-৬৫ তারিখ পর্যন্ত)

(খ)

সাল	যে সমস্ত আবেদনকারীকে সিমেণ্ট দেওয়া হইয়াছে	ব্যাগের সংখ্যা
১৯৬৩	৩,০৯৮	৫২,২৮০
১৯৬৪	৩,৪৩০	৪৫,৬৭৫
১৯৬৫	১,০২৬	১৪,৫১৬

(৬-৪-৬৫ তারিখ পর্যন্ত)

(গ)

সাল	প্রাপ্ত আবেদন পত্রের সংখ্যা	যেগুলি পেণ্ডিং আছে
১৯৬৩	৬,৮৩৫	৩,৭০৭
১৯৬৪	৬,২৮৮	৬,৫৯৫
১৯৬৫	২,২৬১	৭,৮৩০

(৬-৪-৬৫ তারিখ পর্যন্ত)

Jhargram subdivisional Hospital

1276. (Admitted question No. 2945.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমা হাসপাতালে কতগুলি শয্যা আছে;

(খ) ইহাদের মধ্যে কতগুলিতে কোন পয়সা লাগে না (ফ্রী বেড);

(গ) যে সকল বেডের পয়সা লাগে, তাহার হার কি;

(ঘ) এই হাসপাতালে কয়টি কেবিন আছে; এবং

(ঙ) প্রত্যেক কেবিনের হার কি?

The Minister for Health:

(ক) ৬৮টি।

(খ) ৬৪টিতে।

(গ) শয্যা প্রতি দৈনিক দুই টাকা।

(ঘ) একটিও না।

(ঙ) প্রশ্ন উঠে না।

State Hospitals in Jhargram subdivision, Midnapore

1277. (Admitted question No. 2951.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় মোট সরকারী হাসপাতালের সংখ্যা কত;

(খ) এক একটি হাসপাতালে বেডের সংখ্যা কত;

(গ) নির্দিষ্ট বেড অপেক্ষা গড়ে কতজন অতিরিক্ত রোগীকে এক একটি হাসপাতালে ভর্তি করা হইয়া থাকে;

(ঘ) উক্ত এক একটি হাসপাতালে ডাক্তার ও নার্সের সংখ্যা কত;

(ঙ) তাহার মধ্যে মহিলা ও পুরুষ নার্সের সংখ্যা কত; এবং

(চ) এক একজন ডাক্তার ও নার্সের উপর কতজন রোগীকে দেখার দায়িত্ব থাকে?

The Minister for Health:

(ক) একুশটি।

(খ) একটি তালিকা (১নং) টেবিলে সন্নিবেশিত করা হইল।

(গ) জরুরী প্রয়োজনে সাধারণত অনুমোদিত শয্যা সংখ্যার শতকরা ১০ ভাগ অতিরিক্ত রোগী কোন হাসপাতালে ভর্তি করা যাইতে পারে।

(ঘ) এবং (ঙ) একটি তালিকা (২নং) টেবিলে সন্নিবেশিত করা হইল।

(চ) সাধারণত একজন ডাক্তারের উপর ১০ হইতে ২৫ জন এবং একজন নার্সের উপর ১৫ জন রোগীর দায়িত্ব থাকে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1277.

তালিকা—১

হাসপাতাল ও শয্যাসংখ্যা

(১) ঝাড়গ্রাম মহকুমা হাসপাতাল—৬৮।

(২) দুধকুন্ডী রিলিফ ক্যাম্প হাসপাতাল—১০।

(৩) বিনপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—২০।

(৪) ধরমপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(৫) লালগড় উপ-স্বাস্থ্যকেন্দ্র—১০।

(৬) রামগড় উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(৭) আঁধারিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(৮) বেলপাহাড়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—১০।

(৯) রঘুনাথপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(১০) সিলদা উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(১১) কোঁরিয়াদাম উপ-স্বাস্থ্যকেন্দ্র—১০।

(১২) মাণিকপাড়া উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(১৩) মহাবিলা উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(১৪) চিচড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—১০।

(১৫) কাপগাড়ি উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(১৬) চুলটিগ্রি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—১০।

(১৭) রামচন্দ্রপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(১৮) তেঁতুলিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(১৯) সাশরা উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(২০) বেলিগেরিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

(২১) জামিরাপাল উপ-স্বাস্থ্যকেন্দ্র—২।

Statement referred to in reply to clauses (Gha) and (Uma) of unstarred question No. 1272.

তালিকা ২

হাসপাতাল ও শয্যা সংখ্যা

হাসপাতাল		ডাক্তার সংখ্যা	নার্স সংখ্যা
১। ঝাড়গ্রাম মহকুমা হাসপাতাল	...	৫	১৭
২। দুধকুণ্ডী রিলিফ ক্যাম্প হাসপাতাল	...	১	২
৩। বিনপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র	...	৩	৫(অ
৪। ধরমপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
৫। লালগড় উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	২
৬। রামগড় উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
৭। আঁধারিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
৮। বেলপাহাড়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র	...	২	৪(অ)
৯। রঘুনাথপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
১০। সিলদা উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
১১। লোরিয়াদাম উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	২
১২। মানিকপাড়া উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
১৩। মহাবিলা উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
১৪। চিঁচড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র	...	২	৪(অ)
১৫। চাদপাঠি উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
১৬। চুলটিক্রি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র	...	২	৪(অ)
১৭। রামচন্দ্রপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
১৮। তেঁতুলিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
১৯। সাশরা উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
২০। বেলিগেরিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১
২১। জামরাপাল উপ-স্বাস্থ্যকেন্দ্র	...	১	১

(অ) একজন পাবলিক হেল্থ নার্স। স্বাস্থ্য পরিদর্শক।

বিঃ দ্রঃ। নার্সরা সকলেই মহিলা।

Retrenchment of employees of factories in Asansol police-station

1278. (Admitted question No. 2960.) **Shri Bijoy Pal:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware that the good number of workers and employees of the following factories, namely, (1) G.S.A. Co. (Steel Fabrication) Gopalpur Works, under Asansol police-station, (2) Reckitt Coleman (P.) Ltd., Dhadka, under Asansol police-station, (3) Hindusthan Pilkington Glass Works Ltd., under Asansol police-station, have been retrenched recently;

(b) if so, the reasons therefor; and

(c) number of workers in each factory?

The Minister for Labour:

(ক), (খ) ও (গ) আসানসোলস্থ জি এস এ কোং (স্টীল ফ্যাব্রিকেশন) ও রেকিট কোলম্যান (পি) লিমিটেড-এ ১৯৬৫ সালে কোনও ছাঁটাই হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া যায় নাই।

মেসার্স হিন্দুস্থান পিলকিংটন গ্লাস ওয়ার্কস-এ এ বৎসরের মার্চ মাসের শেষ সপ্তাহে রোল প্লেটস সেকশন-এর ৮৭ জন কর্মীকে বাজারের মন্দা পরিস্থিতি ও মালের চাহিদার অভাবের নিমিত্ত ছাঁটাই করা হইয়াছে বলিয়া জানা যায়। বিষয়টির মীমাংসার জন্য চেষ্টা চলিতেছে। এই ব্যাপারে স্বীকৃত কর্মীসংঘ পরিচালন কর্তৃপক্ষের সহিত দ্বিপাক্ষিক আলোচনা চালাইতেছেন বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

Collection of blood by the Calcutta Blood Bank

1279. (Admitted question No. 2999.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ব্লাড ব্যাঙ্কে গত ১৯৬৩-৬৪ সালে এবং ১৯৬৪-৬৫ সালে কতজনের নিকট কত রক্ত পাওয়া গিয়াছে;

(খ) উক্ত ২ বৎসর কতজন কত রক্ত বিনামূল্যে ও কতজন কত রক্ত মূল্য লইয়া দান করিয়াছে;

(গ) যাহারা মূল্য লইয়া রক্ত দান করে, তাহারা কি হারে মূল্য পায়; এবং

(ঘ) বিনা মূল্যে রক্ত দানকারীগণের শারীরিক দুর্বলতা রোধের জন্য সরকার কি ব্যবস্থা করেন?

The Minister for Health:

(ক) ১৯৬৩-৬৪ সালে—৩২,০৫৯ জনের নিকট হইতে।
১৯৬৪-৬৫ সালে—২৬,৪০৮ জনের নিকট হইতে।

(খ)	বিনামূল্যে	মূল্য লইয়া
১৯৬৩-৬৪	৩৩৫ জন	৩১,৭২৪ জন
১৯৬৪-৬৫	৪৮০ জন	২৫,৯২৮ জন

প্রত্যেক দাতার নিকট হইতে আনুমানিক ২৫০ সি সি রক্ত লওয়া হয়।

(গ) নগদ ১০ টাকা ও ১ টাকা মূল্যের খাদ্য দেওয়া হয়।

(ঘ) রক্ত দান করিবার পূর্বে দাতার রক্ত দানের ক্ষমতা উপযুক্তভাবে পরীক্ষা করা হয়, এবং সুস্থদেহ দাতাগণের নিকট হইতেই রক্ত লওয়া হয়। এইরূপ রক্তদানের ফলে শরীরের কোন ক্ষতি হয় না এবং দাতা কোন শারীরিক দুর্বলতা বোধ করেন না।

Cases of food poisoning in Calcutta and oustside during 1964

1280. (Admitted question No. 3014.)

শ্রীজনগমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে খাদ্যের বিষক্রিয়ার ফলে (১) কলিকাতা শহরে ও (২) কলিকাতার বাহিরে কত ব্যক্তি কতগুলি ক্ষেত্রে আক্রান্ত হইয়াছিল বলিয়া সরকার অবগত আছেন;

(খ) উক্ত ঘটনাগুলিতে আক্রান্ত ব্যক্তিগণের কতজন মারা গিয়াছে; এবং

(গ) কতগুলি ক্ষেত্রে উক্ত ব্যাপারে তদন্ত ও পরীক্ষা করা হইয়াছে?

The Minister for Health:

(ক) ও (খ) ১৯৬৪ সালে খাদ্যে বিষক্রিয়ার ফলে আক্রান্তের সংখ্যা নিম্নরূপ:—

জেলার নাম	আক্রান্তের সংখ্যা	মৃতের সংখ্যা	কতগুলি ক্ষেত্রে আক্রান্ত হইয়াছিল
(১)	(২)	(৩)	(৪)
কলিকাতা	১৯	..	জানা যায় নাই
মালদহ	৭	..	১
কুচবিহার	..	..	..
পশ্চিম দিনাজপুর	২৭	২	২
দার্জিলিং	..	..	..
জলপাইগুড়ি	২৭	৬	৮
হাওড়া	২৬	..	৫
মুর্শিদাবাদ	১০	৩	৪
বাঁকুড়া	..	..	..
নদীয়া	..	..	..
বর্ধমান	৫০	..	৬
পুরুলিয়া	..	..	..
২৪-পরগণা	..	..	..
বীরভূম	তথ্য এখনও পাওয়া যায় নাই		
মেদিনীপুর	..	..	..
হুগলী	..	..	..

(খ) উপরি-উক্ত ক্ষেত্রগুলির মধ্যে পশ্চিম দিনাজপুরের ঘটনাগুলির তদন্ত সম্পূর্ণ হইয়াছে। সরিষার তৈলে সিয়ালকাটার বিষাক্ত তৈল মিশিয়া ঐ ঘটনাগুলি ঘটে। মুর্শিদাবাদ জেলার ঘটনাগুলি রাসায়নিক পরীক্ষায় রিপোর্ট সাপেক্ষে এখনও বিবেচনাধীন। বাকি ক্ষেত্রগুলিতে তদন্ত হইয়াছিল, কিন্তু পরীক্ষা সম্ভব হয় নাই। কারণ এই ক্ষেত্রগুলির ভুক্তাবশিষ্ট খাদ্যদ্রব্য সংগ্রহ করা হয় নাই।

Refugees in the Colonies of Jhargram subdivision, Midnapore

1281. (Admitted question No. 3040.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায়, চুনাপাড়া, প্রতাপপুর, ইটামাড়ো, মানিকঝেট্যা, বাকড়া, নাইকাশসোল ও গুপ্তমণি কলোনীতে যে উদ্বাস্তুগণকে পুনর্বাসন দেওয়া হইয়াছে তাহাদের প্রত্যেক কলোনীর পরিবার সংখ্যা ও জনসংখ্যা কত;

(খ) ইহা কি সত্য যে, (১) তাহাদের সুষ্ঠুভাবে পুনর্বাসন হয় নাই বলিয়া উদ্বাস্তুগণকে প্রত্যহ জি আর ও টি আর দিতে হয়; এবং (২) কিছু সংখ্যক উদ্বাস্তু কলোনী পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছে; এবং

(গ) ইহা সত্য হইলে, এইরূপ কয়টি পরিবার চলিয়া গিয়াছেন?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক)

কলোনীর নাম	পুনর্বাসন দেওয়া হইয়াছে এইরূপ পরিবারসংখ্যা	জনসংখ্যা
১। চুনপাড়া	২৫	১০০
২। প্রতাপপুর	৩২	১০৮
৩। ইটামাড়ো	৩০	১১৫
৪। মানিকঝেট্যা	২৭	৯৮
৫। বাকড়া	২৮	১০৮
৬। নাইকাশসোল	৩৪	১২৬
৭। গুপ্তমনি	২৫	৯৮

(খ) (১) বর্তমানে অবস্থানকারী যাঁহারা বৃদ্ধ ও কাজের অনুপযুক্ত, তাঁহাদিগকে জি আর এবং যাঁহারা দুঃস্থ, তাঁহাদিগকে টি আর দেওয়া হয়।

(২) হ্যাঁ।

(গ) ১১৮টি পরিবার।

Construction of bridge over Basinda Khal in Midnapore district

1282. (Admitted question No. 3051.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর-নয়াগ্রাম রাস্তায় বাসিন্দা খালের উপর পুল নির্মাণের পরিকল্পনা কবে মঞ্জুর হইয়াছে;

(খ) এই পরিকল্পনায় মোট কত টাকা ব্যয় হইবে; এবং

(গ) এই পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইয়াছে আর কাজ কতদূর অগ্রসর হইয়াছে এবং নির্মাণকার্য কবে শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) বাসিন্দা খালের উপর সেতু নির্মাণের কার্য গোপীবল্লভপুর-নয়াগ্রাম রাস্তা নির্মাণ প্রকল্পের অন্তর্ভুক্ত, রাস্তা সমেত ঐ সেতু নির্মাণের কার্য ১৯৫৬ সালের শেষ ভাগে মঞ্জুর হইয়াছে।

(খ) সেতুটির জন্য আনুমানিক বরাদ্দ ২ লক্ষ টাকা।

(গ) সেতুটির নির্মাণের কার্য এখনও আরম্ভ হয় নাই। উহার নকশা প্রস্তুতের কায চলিতেছে। ঠিকমত ঠিকাদার পাওয়া যাইলে সেতুটির কার্য ১৯৬৬ সালের ডিসেম্বর মাসের মধ্যেই সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Construction of bridge over Couria Khal in Midnapore district

1283. (Admitted question No. 3052.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর-নয়াগ্রাম রাস্তার গৌড়িয়া খালের উপর পুল নির্মাণ পরিকল্পনা কবে মঞ্জুর হইয়াছে;

(খ) এই পরিকল্পনায় মোট ব্যয়ের পরিমাণ কত; এবং

(গ) ইহার নির্মাণকার্য কবে আরম্ভ হইয়াছে আর কাজ কতদূর অগ্রসর হইয়াছে এবং কবে নির্মাণকার্য শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) ১৯৫৬ সালে।

(খ) ১,৮৪,৬৬৯ টাকা।

(গ) এই পুলটির নির্মাণকার্য ১৪-৯-৫৯ তারিখে আরম্ভ হইয়াছে এবং আনুমানিক ৯০ পারসেন্ট কাজ শেষ হইয়াছে। আগামী জুন মাসের মধ্যেই কার্যটি সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Registered unemployed in Jhargram subdivision, Midnapore

1284. (Admitted question No. 3057.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় রেজেষ্ট্রীভুক্ত থানাওয়ারী বেকারের সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) গত এক বছরে মেদিনীপুর জেলার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিস হইতে মোট কতজনকে চাকুরী দেওয়া হইয়াছে?

The Minister for Labour:

(ক) মহকুমা অনুযায়ী কিংবা থানাওয়ারী বেকারের পরিসংখ্যান রাখা হয় না। কর্মসংস্থান কেন্দ্র অনুযায়ী পরিসংখ্যান রাখা হয়। ১৯৬৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে মেদিনীপুর জেলার খড়্গপুর কর্মসংস্থান কেন্দ্রে রেজেস্ট্রীভুক্ত বেকারের সংখ্যা ছিল ২০,১০০ জন।

(খ) ১৯৬৪ সালে খড়্গপুর কর্মসংস্থান কেন্দ্র হইতে মোট ৮৬৩ জনকে চাকুরী দেওয়া সম্ভব হইয়াছে।

Health Centres of Midnapore district

1285. (Admitted question No. 3067.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ থানায় কোন্ স্বাস্থ্য কেন্দ্রের গৃহনির্মাণ শেষ হইলেও উহা চালু হয় নাই;

(খ) ঐসকল কেন্দ্রের কাজ আরম্ভ হইতে দেরী হইবার কারণ কি; এবং

(গ) কবে উহাদের কাজ চালু হইবে?

The Minister for Health:

(ক)

উন্নয়ন সংস্থা	স্বাস্থ্যকেন্দ্র	
ঘাটাল	নুটুক উপস্বাস্থ্যকেন্দ্র	
ডেবরা	কাঁকড়া শিবরাম উপস্বাস্থ্যকেন্দ্র	
পিঙলা	জলচক	"
দাশপুর ১নং	মকরামপুর	"
দাশপুর ১নং	নাড়াজোল	"
রামনগর ১নং	চন্দনপুর	"
কাঁথি ১নং	কুলবেড়িয়া (হয়পুর ইউনিয়ন)	"
কাঁথি ১নং	নয়াপুট	"
দাঁতন ২নং	সাবরা	"
চন্দ্রকোণা ১নং	ডিঙ্গল	"

(খ) ও (গ) ডাক্তারের অভাবে ঐসকল কেন্দ্রের কাজ চালু করা যায় নাই। পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক মনোনীত ডাক্তার কার্যে যোগদান করিলেই অবিলম্বে ঐ কেন্দ্রগুলি চালু করিবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইবে।

Buses and bus routes in Nadia district

1286. (Admitted question No. 3072.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় মোট কতগুলি বাসরুট ও কতগুলি বাস আছে; এবং

(খ) ১৯৬৪ সালে ও ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কতগুলি বাসরুট লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে এবং যাঁহাদের মঞ্জুর করা হইয়াছে তাঁহাদের নাম কি?

The Minister for Home (Transport):

(ক) ৫০টি বাসরুট ও ১১৯টি বাস আছে।

(খ) ১৯৬৪ সালে ৬টি এবং ১৯৬৫ সালের মার্চ মাস পর্যন্ত ৩টি পারমিট নিম্নলিখিত আবেদনকারীদের মঞ্জুর করা হইয়াছেঃ

(১) সর্বশ্রী রাধারমণ সিংহরায় ও সীতারাম সিংহরায়।

(২) সর্বশ্রী সন্তোষকুমার নন্দী ও চরণচন্দ্র হালদার।

(৩) শক্তিনগর কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি।

(৪) শ্রীজগবন্ধু পাল।

(৫) শ্রীঅনাদিলাল ঘোষাল।

(৬) জয়ন্তী ট্রান্সপোর্ট কোম্পানীর পক্ষে সর্বশ্রী হরিপদ বিশ্বাস ও শিবপদ বিশ্বাস।

(৭) শ্রীসুকুমার সাহা।

(৮) সর্বশ্রী সুধীরকুমার সরকার, সুনীলকুমার সরকার ও কেচা দাস।

(৯) জয়নগর ট্রান্সপোর্ট কোং-এর পক্ষে সর্বশ্রী গৌরচন্দ্র ঘোষ, নিতাইচন্দ্র ঘোষ, গৌরচন্দ্র ঘোষ, বিমলচন্দ্র ঘোষ, পারুলবালা এবং পাঁচুবালা ঘোষ।

Hanging pool in Contai Canal under Contai Basic Scheme

1287. (Admitted question No. 3099.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি বেসিন পরিকল্পনায় কাঁথি ক্যানেলের পূর্ব পাড়ে মশাগাঁ পর্যন্ত যতগুলি ঝুলান পুল আছে তাহা চওড়া করিবার কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) ঐ কাজ কতদিনের মধ্যে শেষ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) এখনও কাজ আরম্ভ হয় নাই।

(খ) আগামী বর্ষাকালের পরেই কাজ আরম্ভ হইবে এবং ১৯৬৫-৬৬ সালের মধ্যে কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Damages caused by storm in Murshidabad district

1288. (Admitted question No. 3156.)

শ্রীসনৎকুমার রাহা: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২৩-৩-৫৫ তারিখে প্রচণ্ড ঝড়ের ফলে মুর্শিদাবাদ জেলায় মোট ক্ষয়-ক্ষতির পরিমাণ সম্পর্কে কোন সরকারী তথ্য আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই ঝড়ের ফলে কত ব্যক্তির মৃত্যু হয়, কত বাড়ী ঝড়ে নষ্ট হয়, কত গরু-মহিষ মারা যায়, এবং কতগুলি স্কুলের চালাঘর ধ্বংস হয়, তাহার অঞ্চলভিত্তিক হিসাব কি; এবং

(২) এই ক্ষতির ফলে কি কি রিলিফের ব্যবস্থা হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) হ্যাঁ।

(খ) (১)

অঞ্চলের নাম	ঝড়ে নিহত ব্যক্তির সংখ্যা	ঝড়ে নিহত গরু-মহিষ ইত্যাদির সংখ্যা	ঝড়ে ক্ষতিগ্রস্ত বা বিনষ্ট	
			গৃহের সংখ্যা	স্কুল ঘরের সংখ্যা
পাচগ্রাম	..	১১৭	..	১
মহুরুল	..	৮৭	..	১
নবগ্রাম	..	৪২	৮১	৪
নারায়ণপুর	..	৭	১১	..
কিরিতেশ্বরী	..	১১	১২	২
শিবপুর	..	..	৫০	..
রসুলপুর	..	১	..	..
অমরকুণ্ডু	..	৩৬০	১	..
হজবিবি ডাঙ্গা	..	৪৬	২০	৫
শাহাজাদপুর	১	..	৭২	..
হরিদাসমতি	.	..	৩০	..
নওদাপানুর	..	..	৫	..
দৌলতাবাদ	.	..	২	..
মহালান্দি	..	৩০	১০২	১
পদ্মকাঁদী	..	..	..	১
পুরন্দরপুর	..	..	..	১
কুমারসন্দ	..	..	..	১
জানুয়ার	..	.	২	..
দফরপুর	..	.	১	..
বেনিয়াগ্রাম	..	..	১	..

(খ) (২) প্রয়োজন অনুসারে খয়রাতি সাহায্য ও সাময়িক আশ্রয়ের জন্য ত্রিপল বিতরণ করা হইয়াছে। গৃহনির্মাণ অনুদান ও ঋণ এবং পশু ক্রয় ঋণ বিতরণের ব্যবস্থা করা হইয়াছে। আহত গরু-মহিষের চিকিৎসার ব্যবস্থা করা হইয়াছে।

Government representative to Dock Labour Board in Calcutta

1289. (Admitted question No. 3199.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা নগরীতে অবস্থিত ডক লেবার বোর্ডে পশ্চিমবঙ্গ সরকারের কোন প্রতিনিধি আছে কি ; এবং

(খ) প্রতিনিধি থাকিলে, তাহাদের নাম কি?

The Minister for Labour:

(ক) হ্যাঁ। একজন প্রতিনিধি আছেন।

(খ) শ্রীদ্বিজোত্তম চট্টোপাধ্যায়, আই এ এস, শ্রম মহাধ্যক্ষ।

National Sugar Mill in Birbhum district

1290. (Admitted question No. 3211.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ন্যাশনাল সুগার মিল সরকার কর্তৃক গ্রহণ করার পর তাহা চালু করার জন্য আজ পর্যন্ত কোন কার্যকরী ব্যবস্থা লওয়া হইয়াছে কি ;

(খ) উক্ত মিলে সম্পত্তি রক্ষার জন্য কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(গ) এবার যেসব চাষী উক্ত মিলের জন্য ইক্ষু চাষ করিয়াছে তাহাদের ইক্ষু সরকার কিনিয়া লইবার কোন ব্যবস্থা করিয়াছেন কি?

The Minister for Commerce and Industries:

(ক) বিষয়টি পরীক্ষাধীন আছে।

(খ) বর্তমানে মিলের সম্পত্তি সরকারের দখলে রহিয়াছে।

(গ) এই বিষয়ে এখনও কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।

Calling Attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject of distress due to a cyclone over Rajnagar of Kaliachak police-station, district Malda, called attention by Shri Ashadulla Choudhury.

Shrimati Abha Maiti: Mr. Deputy Speaker, Sir, with reference to the Calling Attention Notice by Shri Ashadulla Choudhury, M.L.A., regarding cyclone in Kaliachak police-station in the district of Malda, I rise to say that reports so far received by Government show that a severe storm swept over the Ganzetic "DIARA" of Kaliachak police-station on 13th April, 1965, followed by another on 19th April, 1965, affecting Rajnagar and other few Anchals causing death or fatal injuries to about 200 heads of cattle and causing death of two persons. About one thousand huts collapsed and twelve school houses affected. There has been practically no damage to crops. Correct assessment regarding damage to houses is being made.

Governmnt is fully alive to the situation. All local officers are visiting the areas and rendering relief to the affected families under instructions of District Magistrate and Subdivisional Officers who also visited the affected areas. Rupees ten thousand has been distributed to the affected families as gratuitous relief and rupees four thousand is in the process of distribution. Besides, six hundred pieces of clothing and one thousand pieces of blankets have been distributed. Arrangement for distribution of milk powder by the Indian Red Cross Society has also been made. Government has sanctioned rupees fifteen thousand for distribution as house building grants amongst the indigent affected families. More funds and relief articles will be allotted as and when necessary.

Mr. Deputy Speaker: Now the Hon'ble Minister-in-charge will please make a statement on the subject of 'Rabindra Prize' to a novel of Shri Gajendra Kumar Mitra which had already won "Academy Prize", called attention by Shri Sambhu Charan Ghosh.

Shri Rabindralal Sinha: Mr. Deputy Speaker, Sir, I beg to make the following statement.

বিবরণী পত্র

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ শ্রীগজেন্দ্রকুমার মিত্র রচিত উপন্যাস গ্রন্থ "পৌষ-ফাগুনের পালা" ১৯৬৪-৬৫ সালের রবীন্দ্র পুরস্কার-প্রাপ্ত গ্রন্থগুলির অন্যতম। এই পুরস্কার প্রদান বিষয়ে শিক্ষা বিভাগ একটি বিশেষজ্ঞ বিচারক মণ্ডলীর পরামর্শ গ্রহণ করিয়া থাকেন। ১৯৬৪-৬৫ সনের জন্য নিম্নলিখিত সদস্যগণকে লইয়া বিচারক কমিটি গঠিত হইয়াছিলঃ—

১। ডঃ সুধীরঞ্জন দাশ ... সভাপতি

২। ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় ... সদস্য

৩। ডঃ কালিদাস নাগ ... সদস্য

৪। ডঃ দেবেন্দ্রমোহন বসু ... সদস্য

৫। অধ্যাপক প্রিয়দারঞ্জন রায় ... সদস্য

৬। শ্রীহিরণ্ময় বন্দ্যোপাধ্যায় ... সদস্য

৭। ডঃ নীহাররঞ্জন রায় ... সদস্য

৮। অধ্যাপক প্রমথনাথ বিশী ... সদস্য

৯। ডঃ প্রতুলচন্দ্র গুপ্ত ... সদস্য

১০। ডঃ ধীরেন্দ্রমোহন সেন ... সদস্য

এই বিচারক কমিটির সর্বসম্মত সুপারিশ অনুসারেই এই বৎসরের পুরস্কার ঘোষণা কর হইয়াছে।

রবীন্দ্র পুরস্কার বিষয়ক নিয়মাবলী ভঙ্গ করিয়া "পৌষ-ফাগুনের পালা" গ্রন্থটিকে পুরস্কার দেওয়া হইয়াছে, এই ধারণা ভ্রান্তিমূলক এ সম্পর্কে রবীন্দ্র পুরস্কার বিষয়ক নিয়মাবলীর ৬নং নিয়মটির অংশবিশেষ উল্লেখ করা হইতেছে।

"A book for which the author has been awarded any prize instituted or sponsored by the Government of West Bengal or the Government of India, such as the Sahitya Akademi Prize, before meeting of the Committee of Judges, shall not be considered for a Rabindra Memorial Prize".

এই নিয়মভঙ্গের প্রশ্ন হিসাবে বলা হইতেছে যে শ্রীগজেন্দ্রকুমার মিত্র রচিত "কলকাতার কাছেই" নামক উপন্যাস গ্রন্থ ভারত সরকারের এ্যাকাডেমি পুরস্কার পাইয়াছে; "পৌষ-ফাগুনের পালা" গ্রন্থটি পূর্বকথিত পুরস্কার প্রাপ্ত গ্রন্থটিরই খণ্ড বিশেষ; সুতরাং ৬নং নিয়মানুসারে এই পুরস্কার বিধিবহির্ভূত। এই যুক্তি একেবারেই ভ্রান্তিমূলক।

কয়েক বৎসর পূর্বে এ্যাকাডেমি পুরস্কার প্রাপ্ত "কলকাতার কাছেই" এবং বর্তমান বৎসরে রবীন্দ্র পুরস্কার প্রাপ্ত "পৌষ-ফাগুনের পালা" একই পুস্তক নহে, এক পুস্তকের পৃথক পৃথক অংশও নহে। উহারা প্রায় এক শতাব্দী কালের পটভূমিকায় বর্ণিত একটি বৃহৎ আখ্যানের দুইটি পৃথক অংশকে অবলম্বন করিয়া রচিত **দুইটি পৃথক স্বয়ংসম্পূর্ণ উপন্যাস। বস্তুত** পক্ষে "কলকাতার কাছেই" গ্রন্থটি যখন এ্যাকাডেমি পুরস্কার পায়, "পৌষ-ফাগুনের পালা" **গ্রন্থটি তখনও রচিত হয় নাই। কাজেই একই পুস্তককে** দুইটি পুরস্কার দেওয়া হইয়াছে এই ধারণা সম্পূর্ণ ভুল।

"রবীন্দ্র পুরস্কার" বিষয়ক নিয়মাবলী অনুসারেই রবীন্দ্র-পুরস্কার দেওয়া হইয়াছে কোনও বিষয়েই কোনও নিয়মই ভঙ্গ করা হয় নাই। উপযুক্ত বিশিষ্ট বিচারকমণ্ডলীর সর্বসম্মত পরামর্শ অনুসারেই এই পুরস্কার দেওয়া হইয়াছে।

Secretary (Shri P. Roy): There are eight notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Fire at an oil store in Ramdulal Sircar Street of Calcutta on 22nd April, 1965—by Shri Ananga Mohan Das.

(2) Closure of Manindra Cotton Mills of Cossimbazar in Murshidabad district—by Shri Nikhil Das.

(3) Fall in the cost of living index—by Shri Rabindra Nath Mukhopadhyay.

(4) Scarcity and high price of food articles in West Bengal—by Shri Nikhil Das.

(5) Firing on the refugees of Mana Camp—by Shri Gopal Banerjee.

(6) Relief measures for fire victims in the Sadar subdivision of Murshidabad district—by Shri Abdul Latif and Shri Mohammad Israil.

(7) Relief measures for fire victims of Beldanga police-station—by Shri Debsaran Ghosh.

(8) Arrest of large number of persons at Khakurdah in Danton police-station in Midnapore district in connection with protest amongst realisation of heavily enhanced panchayat taxes—by Shri Narayan Choubey and Gopal Banerjee.

Mr. Deputy Speaker: I have selected the notice of Shri Nikhil Das on the subject of closure of Manindra Cotton Mills of Cossimbazar in Murshidabad district.

As a special case I also select the notice of Shri Rabindra Nath Mukhopadhyay on the subject of fall in the cost of living index.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Bijoy Singh Nahar: On Monday.

[2-20—2-30 p.m.]

শ্রীজ্যোতি বসু: আমি আপনার অনুমতি নিয়ে এখানকার সভার বিশেষ করে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি যে ২৫শে বৈশাখ রবীন্দ্র স্মরণীতে কোন উৎসব উদ্‌যাপিত হবে না এই সিদ্ধান্ত মন্ত্রীমণ্ডলী গ্রহণ করেছেন। সেজন্য লেখক, শিল্পী, নাট্যকার ইত্যাদিরা একটা সভা করে সরকারকে অনুরোধ করেছেন যাতে ওর ভেতরে গিয়ে সেদিন অন্ততঃ কিছুক্ষণের জন্য কিছু অনুষ্ঠান করতে পারেন। এ বিষয়ে বহুদিন আগে চিঠি দিয়ে তার জবাব তাঁরা পানান। এ বিষয়ে একটা কলিং অ্যাটেনসন আমরা দিয়েছিলাম। এবং তাতে একই কথা ও'রা বলেছেন যে আমরা চাই তাড়াতাড়ি দ্বারোদ্ঘাটন হোক কিন্তু এখনও কাজ সম্পূর্ণ হয় নি বলে আমরা এটা করতে পারিনি এটা বলেছেন এবং আমি যতদূর শুনেছি যে তারা সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে সাহিত্যিক শিল্পী ইত্যাদি সেখানে যাবেন—গিয়ে সেই অনুষ্ঠান করবার চেষ্টা করবেন ভেতরে ঢুকতে পারবেন কিনা জানি না—কারণ শিক্ষা দপ্তর থেকে তারা যে চিঠি পেয়েছেন সেখানে বলা হয়েছে যে পূর্ত বিভাগের দায়িত্বতে না কি আছে এটা আমাদের দায়িত্ব নয় এই রকম না কি তাদের বলা হয়েছে। যাহোক তারা ঠিক করেছেন যে তারা সেখানে যাবেন এই রকম ঠিক করেছেন—এবং আমি শুনলাম—এটা আমি যদি কলিং এ্যাটেনসন নোটিশ দিই তখন আমার জানা ছিল না যে লণ্ডন সিম্ফনী অর্কেষ্ট্রা তাদের নাকি অনুমতি দেওয়া হয়েছিল এবং সেখানে অনুষ্ঠান করেছেন এবং আর একটা কোন দল বোধ হয় সেখানে অনুষ্ঠান করে গেছেন বিদেশ থেকে এসে। অথচ আজকে বলা হচ্ছে যে কয়েক ঘণ্টার জন্য কাজ নাকি বন্ধ করা যাবে না। সেদিন ছুটির দিন এই অবস্থার মধ্যে ভাঙ্গাচোরা অবস্থার মধ্যে রবীন্দ্রনাথের প্রতি সম্মান দেখাবার জন্য যদি ওরা এই জিনিস করতে চান, একটা অনুষ্ঠান করতে চান আনুষ্ঠানিকভাবে তাতে এটার কেন অনুমতি দেওয়া হচ্ছে না—কেন এই রকম অপ্রীতিকর ঘটনা আমরা ২৫শে বৈশাখ দেখবো সকাল ৬টার সময় যখন তারা সেখানে যাবেন—সেখানে পুলিশ বেষ্টনীর বাইরে তারা দাঁড়িয়ে থাকবেন—জানিনা কি হবে—আমরা সেদিন যাবো দেখবো কি হয় কারণ এই রকম অপূর্ব দৃশ্য বোধ করি আর কেউ দেখেন নি। রবীন্দ্রনাথের জন্মোৎসব জন্মস্থানে দ্বারোদ্ঘাটন হোল না রবীন্দ্র স্মরণীর—অথচ অন্যান্য প্রদেশে হয়ে গেছে—কতকগুলি জায়গায় এটা অত্যন্ত লজ্জাকর জিনিস আমরা জরুরী অবস্থার কথা—কত কি শুনলাম—যাহোক এই লজ্জার কথাটা যদি একটু ঢেকে রাখতে চান তাহলে অন্তত পক্ষে এটুকু করুন যে তাদের পুলিশ বেষ্টনীর বাইরে দাঁড়িয়ে থাকতে না হয়—ভিতরে গিয়ে তারা যেন দু-চারটে গান—বা এই ধরনের অনুষ্ঠান যা করতে চান তা করতে পারেন এবং সব থেকে ভাল হয় যদি পূর্ত বিভাগ হোক আর শিক্ষা বিভাগ হোক মন্ত্রীমণ্ডলীর কোন মন্ত্রী এদের ডেকে নিয়ে এদের সঙ্গে একটু আলোচনা করেন।

ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন একক দশক শতক বলে যে বইটি স্টার থিয়েটারে হচ্ছে সেটাকে পরিবর্তন করবার জন্য তাঁকে ডেকে পাঠিয়েছিলেন তারা নিজের থেকে আসেনীন এবং তাদের হুমকী দিয়ে পরিবর্তন করে দিয়েছেন এবং সেখানে তরুণবাবু এই কথা বলেছিলেন তাদের ডেকে ঐ চরিত্রটা কমিউনিষ্ট-চরিত্র বানিয়ে দাও আর ঐ যে গান্ধীজীর ছবিটা আছে ওটা বলেছিলেন ক্রুশ্চফের ছবি করে দাও। তারা বলেছিলেন তা কি করে হয়, বইয়ের সঙ্গে যে মিলবে না। আমরা এ জিনিস করতে পারবো না বরং খদ্দরের জামা কাপড়টা বদলে দিচ্ছি। এ'দের তো ডাকতে পারলেন আর মন্ত্রিমহাশয়-এর আগের দিন যখন আমরা বল্লাম যে তাদের একবার ডাকতে পারবেন—তাঁরা তো চিঠি পাঠিয়েছেন দু-তিন মাস আগে তখন তিনি বলেছিলেন যে এলেই পারেন—আমরা তো তাঁদের সঙ্গে কথা বলতে পারি। এতো মাতব্বরী চালে কথা বলার দরকার কি। এখন কি শেষ অবধি এইভাবে শিক্ষক মজুর কৃষককে যেমনভাবে পেটাচ্ছেন তেমনভাবে সাহিত্যিক নাট্যকারদের উপর ঝাঁপিয়ে পড়বেন। এই অবস্থায় আমরা এসে পড়েছি সুতরাং আমরা বলছি এখনও সময় আছে পরশুদিন হবে আমি বলছি আজ কালের মধ্যে একটা ব্যবস্থা করুন। যদি খগেনবাবুর হাতে থাকে খগেনবাবু করুন না হয় শিক্ষামন্ত্রী করুন এটা কার দায়িত্ব আমি জানি না। এ'রা যদি কিছুক্ষণের জন্য সেখানে গিয়ে একটা অনুষ্ঠান করেন তাতে কিছু ক্ষতি হবে—২।৩ ঘণ্টা কাজ যদি বন্ধ থাকে তাতে কিছুই ক্ষতি হবে না—আপনারা আরও এক বছর পাবেন এইভাবে বিক্ষোভকে আপনারা প্রশমিত করুন এবং রবীন্দ্রনাথের প্রতি সম্মান দেখান এই মন্ত্রীমণ্ডলী এই আবেদনটা আপনার কাছে শেষ মুহূর্তে করছি।

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ইতিপূর্বে এ সম্বন্ধে বিস্তারিত বিবরণী এই সভা কক্ষে পেশ করেছি এবং পরিষ্কার জানিয়ে দিয়েছি যে এই রবীন্দ্র-স্মরণী বিল্ডিংয়ের ভিতর এমনভাবে কাজ হচ্ছে যে সে কাজ বন্ধ করা সম্ভব নয়—তিন শ্রেণীর কন্ট্রাক্টরের একত্র সহযোগে যে কাজ হচ্ছে সেই কাজ বন্ধ করা যাবে না এবং যতটা কাজ শেষ হয়েছে হলের মধ্যে বহু লোকের সমাবেশ হলে সে কাজের অনেক ক্ষতি হবে (হট্টগোল) এবং সিম্ফনী অর্কেষ্ট্রা সম্পর্কে যে কথা বলেছেন—তখন কাজ বন্ধ ছিল বলে করা হয়েছে, কাজ চালু থাকলে দেওয়া যেতো না। তার প্রাঙ্গনেও নানা রকম জিনিস ষ্টাক করা আছে। আমি আশা করবো রবীন্দ্রনাথকে বাংলা দেশের প্রতিটি মানুষ শ্রদ্ধা করে এবং রবীন্দ্রনাথের জন্মতিথিকে সংগ্রামের সুযোগ হিসাবে কেউ ব্যবহার করবেন না এবং রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করবেন না এটাই আশা করবো এবং এই অসম্পূর্ণ ভবনের অসুন্দর পরিবেশের মধ্যে রবীন্দ্র-জয়ন্তী না করতে পারলে রবীন্দ্রনাথের প্রতি সম্মান দেখানো হবে না একথা ঠিক নয়, যদি না কোন রাজনৈতিক উদ্দেশ্য তার মধ্যে থাকে। আমি আশা করবো যে তাঁরা তাদের প্রস্তাবিত সিদ্ধান্ত থেকে বিরত হবেন, এই ভবনের সঙ্গে জীবনকালে রবীন্দ্রনাথের সম্বন্ধ ছিল না। ভবনটি সম্পূর্ণ হলে সেটা তাঁর স্মারক হবে—সেটা সম্পূর্ণ হবার আগে এ রকম করার কোন কারণ নেই।

শ্রীকমলকান্তি গুহঃ স্যার, উনি বলছেন রাজনৈতিক উদ্দেশ্য—কিন্তু সত্যজিৎ রায়, মন্মথ রায়, বনফুল প্রভৃতির মত লোকেরা দাঁড়িয়ে এই প্রস্তাব নিয়েছেন কাজেই সরকার থেকে ও'রা একটা জালিয়াতি করবার চেষ্টা করছেন।

শ্রীনিখিল দাসঃ উনি বল্লেন অসুন্দর পরিবেশ, ইট আছে, চুন আছে, তিনটি কন্ট্রাক্টর কাজ করছে—কাজেই ওখানে হতে পারে না—আর এর পেছনে রাজনৈতিক উদ্দেশ্য আছে। আমি আপনার মাধ্যমে বলছি যে এই রকম মিথ্যা কথা—অসত্য কথা বলার দরকার নেই। যাঁরা করছেন সাহিত্যিক শিল্পী হিসাবে তাঁদের লোকেরা সম্মান করেন তাঁরা কেউ কোন রাজনৈতিক দলভুক্ত নয়। তার মধ্যে জ্যোতিবাবু, ননীবাবু, হেমন্তবাবু বা কাশিবাবুর কোন নাম নেই এবং এই সমস্ত সাহিত্যিক যাঁরা করছেন তাঁরা শিক্ষামন্ত্রীর চেয়ে রবীন্দ্রনাথকে ভালভাবে জানেন বোঝেন—তাঁরাই এটা করেছেন।

সুতরাং আপনার মাধ্যমে আবার বলছি যে ওখানে একটা ঝগড়া না করে তাঁদের অন্তত অনুমতিটা দেওয়া দরকার--ঐ প্রাঙ্গনে তাদের অনুষ্ঠান করতে দেওয়া উচিত--তা না করলে অত্যন্ত অন্যায় করা হবে এবং রবীন্দ্রনাথের প্রতি চরম অসম্মান দেখানো হবে।

শ্রীহেমন্তকুমার বসু: ডেপুটি স্পীকার মহাশয়, জ্যোতিবাবু যেকথা বল্লেন যে শিল্পীরা ঐ প্রাঙ্গনে গিয়ে রবীন্দ্র-স্মৃতি পূজা করতে চান কিন্তু আমাদের শিক্ষামন্ত্রী বলছেন যে যে অবস্থার মধ্যে রয়েছে সেখানে করা যায় না। আমি বলবো শিক্ষামন্ত্রী তাঁদের ডেকে নিয়ে যান গিয়ে দেখুন সেখানে সম্ভব কিনা। যদি তাঁরা বলেন যে হ্যাঁ এখানে সম্ভব তাহলে দু-তিন ঘণ্টা তাঁদের পারমিসন দেওয়া হোক। তাঁরা কেউ আন রিজিনেবল নন, তাঁরা যদি দেখেন এখানে এ সম্ভব নয় তাহলে হয়তো করবেন না। কিন্তু যেহেতু তাঁরা স্থির করেছেন যে করবেন এবং শিক্ষামন্ত্রী বলছেন যে সেটা সম্ভব নয় সেহেতু শিক্ষামন্ত্রী তাঁদের একবার ডাকুন, ডেকে তাঁদের সঙ্গে নিয়ে সেখানে যান এবং দেখুন সেখানে সম্ভব কিনা। যদি সম্ভব হয় তাহলে সেখানে করতে দেওয়া হোক। আর শিক্ষামন্ত্রী যে কথা বলছেন যে সম্ভব নয় তাহলে নিশ্চয় তাঁরা বুঝে সে ব্যবস্থা করবেন। কাজেই এটা নিয়ে এই রকম একটা আনইজি সিচুয়েসন ক্রিয়েট করা উচিত নয়; রবীন্দ্র-স্মৃতি পূজার ব্যাপারে এই রকম একটা ঘটনা কলকাতা সহরে হতে দেওয়া ঠিক নয়। সেই জন্য আমি শিক্ষামন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করছি যে শিল্পীদের সঙ্গে কথা বলে দেখাশুনা করে একত্রে গিয়ে সেই জায়গাটা পরিদর্শন করুন এবং যদি সেখানে করা সম্ভব হয় তাহলে তাঁরা যেন সেই পারমিসন দেন। সেজন্য আমি শিক্ষামন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করছি যে তিনি শিল্পীদের সঙ্গে কথা বলে তাঁদের সঙ্গে দেখা-সাক্ষাত করে উভয়ে একসঙ্গে গিয়ে সেই জায়গা পরিদর্শন করুন এবং যদি সেখানে করা সম্ভব হয় তাহলে নিশ্চয়ই পার্মিসান দেবেন এই অনুরোধ জানাই।

[2-30—2-40 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, উনি বললেন যে লণ্ডন সিমফোনিয়া অরকেস্ট্রাকে ঐ সময় দেওয়া হয়েছিল কারণ তখন কাজ চলছিল না। লণ্ডন সিমফোনিয়া অরকেস্ট্রার অনেক আগে ১৯৬২ সালে যখন বাড়ী সম্পূর্ণ হয়নি তখন আমি দেখেছি ইঞ্জিনীয়ার্স এ্যাসোসিয়েসানকে ওখানে তাঁদের বাৎসরিক সভা করবার অনুমতি দেওয়া হয়েছে ৩ দিন ধরে। সুতরাং হলটি রবীন্দ্রনাথ সম্পর্কিত বিষয় ছাড়া অন্য সমস্ত বিষয়ে সাধারণতঃ এ্যালাও করা হয় ঐ ভাঙ্গাচোরা নির্মীয়মাণ অবস্থার মধ্যে যদি তাঁদের কংগ্রেসী মন্ত্রিসভার সঙ্গে যথাসম্ভব যোগাযোগ থাকে। কাজে কাজেই এটা কোন যুক্তি নয়। আমি বলব রবীন্দ্রনাথের জন্মদিনে একটা গোলমালের সৃষ্টি হয় আশা করি মন্ত্রিসভা সেটা চাইবেন না। যদি চান তাতে তাঁদেরই ক্ষতি হবে, জনসাধারণের কোন ক্ষতি হবে না। একথা আমি তাঁদের নিশ্চিত করে বলে দিতে পারি যে সেদিন বাইরের শ্রেষ্ঠ এবং সবচেয়ে ভাল শিল্পীরা যদি তার কাছে গিয়ে অনুষ্ঠান আরম্ভ করেন তবে মন্ত্রীমণ্ডলীকে ফুৎকারে উড়িয়ে দিয়ে কলকাতার সমস্ত নাগরিক গিয়ে তাঁদেরকে সম্বর্ধনা জানাবে। মন্ত্রীমণ্ডলী সেই ঘটনাটাকে একটু গ্রেসের সঙ্গে গ্রহণ করতে পারেন নাকি? সেখানে মাটি গাদা আছে ঠিকই, হয়ত কিছু যন্ত্রপাতি ছড়ান আছে ঠিকই, তা সত্ত্বেও তাঁরা দরজা খুলে রেখে সেদিন তাঁদের অভ্যর্থনা করুন। আমরা প্রস্তুত করতে পারিনি তার জন্য আমরা দুঃখিত কিন্ত যা আছে তার মধ্যে আমাদের দেশের শ্রেষ্ঠ শিল্পীরা যখন নিজে আগ্রহ করে আসছেন তখন গভর্নমেণ্টের কর্তব্য হচ্ছে তাঁদের সম্ভাষণ জানান। তা যদি করেন তাহলে বুঝব সাহিত্যিক, শিল্পী এবং কীর্তিমান লোক মানুষ যাঁদের শ্রদ্ধা করেন তাঁদের প্রতি এঁদের বিন্দুমাত্র শ্রদ্ধা আছে। তা যদি না করেন তাহলে বুঝব এই গভর্নমেণ্ট শুধু ডাণ্ডার গভর্নমেণ্ট, শিক্ষা, সংস্কৃতি, শিল্প, মানুষের চারুকলা, মানুষের সুকুমার বৃত্তির সঙ্গে এঁদের বিন্দুমাত্র সম্পর্ক নেই।

শ্রী[illegible] গুহ: মিঃ ডেপ্‌টি স্পীকার, স্যার, আমি আপনাকে বলছি এ'রা কাজটাকে ইচ্ছা করে দেরি করছেন। তাপস সোম, শম্ভু মিত্র সেই কমিটিতে ছিলেন, এ'রা তাঁদের সংগে পরামর্শ করছেন না, তাঁদের একপাশে সরিয়ে রেখেছেন। এ'রা বলছেন যে রাজনৈতিক উদ্দেশ্য। উনি বোধ হয় জানেন না যে এর মধ্যে বাংলাদেশের বিখ্যাত সাহিত্যিক, শিল্পীরা জড়িত রয়েছেন। তাঁরা মিটিং করেছেন, সাংবাদিক সম্মেলন করেছেন; তার মধ্যে মন্মথ রায় রয়েছেন, সত্যজিৎ রায় রয়েছেন, ত্রিগ্‌ণা সেন রয়েছেন, বনফ্‌ল রয়েছেন। এ'রা বলছেন যে তাঁরা বামপন্থী হয়ে গেছেন। আমরা খ্‌শী হব আমরা গৌরব বোধ করব যে বাংলাদেশের মণীষীরা আজকে দ্‌নীতির ফলে বামপন্থী হয়ে গেছেন। আমরা গৌরব বোধ করব যদি তাঁরা সত্যই বামপন্থী হন। কিন্তু তাঁরা কোন পন্থী নন। উনি জানেন না যে তাঁরা স্থির করেছেন যে সারা ভারতবর্ষে রবীন্দ্র-স্মরণী হয়ে গেছে, সেজন্য রবীন্দ্রনাথের প্রতি যথোপয্‌ক্ত সম্মান দেখাতে চান। কিন্তু আমাদের বাংলাদেশের এই অপদার্থ সরকার রবীন্দ্র-স্মরণী আজ পর্যন্ত তৈরি করতে পারছেন না। সেদিন প্‌র্তমন্ত্রী বললেন এশিয়ার মধ্যে একটা ব্‌হত্তম স্মরণী তৈরি করছি, অনেক লক্ষ টাকা খরচ হবে। আমরা জানি সেখানে আপনাদের কন্ট্রাক্টরদের আপনারা স্‌বিধা করে দিচ্ছেন। আমাদের দেশের সাহিত্যিক, শিল্পীরা খেতে পায় না আর ১ লক্ষ টাকা দিয়ে স্ক্রিণ আনা হচ্ছে জাপান থেকে। এইরকমভাবে টাকাটা ও'রা মারছেন কিন্তু রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা দেখাচ্ছেন না। সেজন্য শিল্পী, সাহিত্যিকরা বাধ্য হয়েছেন তাঁদের সেই দাবি তাঁরা প্রতিষ্ঠিত করবেন এবং সরকারকে তাঁরা ব্‌ঝিয়ে দিতে চান যে তোমরা সচেতন না হলেও বাংলাদেশের লোক সচেতন হয়ে উঠেছে, তাঁরা আর এইভাবে রবীন্দ্রনাথকে সরকারের দ্বারা অগ্রাহ্য হতে দেবেন না। সেজন্য তাঁরা ২৫এ বৈশাখ সেখানে যাবেন এবং যেখানে প্‌লিশ বাধা দেবে সেখানে তাঁরা বসে থাকবেন, একটা বিশ্রি ব্যাপার হবে। পাড়ায় পাড়ায় রবীন্দ্রনাথ সম্বন্ধে মিটিং হবে, লোকে বক্তৃতা দেবে, শিল্পী সাহিত্যিকরা সেখানে যাবেন, তা না করে সবাই সেখানে গিয়ে দাঁড়িয়ে থাকবেন! ও'রা বলছেন সংগ্রাম যদি করে—সংগ্রাম তো আপনাদের বির্‌দ্ধে, আপনাদের যদি লজ্জা থাকত তাহলে এইকথা বলতেন না যে সংগ্রাম তাঁরা করবেন। সংগ্রাম কেন করছে? আপনাদের অযোগ্যতা, অপদার্থতার বির্‌দ্ধে তাঁরা সংগ্রাম করছেন। কাজেই এই নিয়ে আর কেলেঙ্কারী না বাড়িয়ে ২৫এ বৈশাখ তাঁদের যেতে দিন। আপনি বলছেন অস্‌ন্দর জায়গা। এটা ঠিকই যে সেটা যদি অস্‌ন্দর জায়গা হয় তাহলে ত'রা তো জোর করে করবেন না। তাঁরা সেখানে যাবেন গিয়ে রবীন্দ্রনাথের প্রতিকৃতিতে মাল্য দান করবেন, দ্‌-একটা গান করে চলে আসবেন। সেটা তো হতে পারে। যদি আপনাদের এই উদ্দেশ্য থাকে যে ২৫এ বৈশাখ রবীন্দ্র-স্মরণী যদি উদ্ঘাটন করে দেয় তাহলে আপনাদেব জাত যাবে, আপনাদের ধ্‌তরাষ্ট্র যিনি চোখে কালো চশমা দিয়ে আছেন তাঁকে দিয়ে উদ্বোধন করবেন সেজন্য যথোপয্‌ক্ত দিন গ্‌নছেন তাহলে ভুল করবেন। আমি সেজন্য বলছি আবার আপনারা এই জিনিসটা বিবেচনা কর্‌ন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারি: স্যার, অত্যন্ত দ্‌ঃখের সংগে বলছি সমস্ত বাংলাদেশের সাহিত্যিক সমাজকে স্‌ধী সমাজকে শিক্ষামন্ত্রী আজকে হাউসে দাঁড়িয়ে ব্যংগ করলেন। শিক্ষামন্ত্রীর এই রকম একটা ধ্‌ষ্ট ও ঔদ্ধত্বপ্‌র্ণ উক্তি সমস্ত সাহিত্যিক সমাজকে ও সমস্ত দেশকে অপমান করেছেন। যখন সাহিত্যিক গোষ্ঠী রবীন্দ্র-স্ম্‌তি ভবনে রবীন্দ্রনাথের প্রতি সম্মান ও শ্রদ্ধা নিবেদন করছেন, তখন আমাদের বাংলাদেশের দ্‌র্ভাগ্য আমাদের এইরকম শিক্ষামন্ত্রী তাকে বলছেন রাজনীতির খেলা। আমরা এটা শ্‌নতে মোটেই রাজি নয়, এই রকম একটা ধ্‌ষ্ট উক্তি আমাদের শিক্ষামন্ত্রী করবেন সাহিত্যিকদের সম্পর্কে। তিনি অনেক কু-কর্ম করেছেন, এখন আবার সাহিত্য ও সাহিত্যিকদের নিয়ে ছেলেখেলা করছেন। একক-দশক-শতক নাটক নিয়ে কি কাণ্ডটাই না ত'রা করলেন? আজকে তিনি বলছেন এখনো সময় আছে। কালকের দিন তো আছে। রবীন্দ্রনাথের বাসভবনে নানারকম কাজ হচ্ছে। ও'রা তার ব্যবস্থা করবেন। আপনারা কি দেখতে চান বাংলাদেশের সেই সমস্ত সাহিত্যিক ও মনীষী প্‌লিসের দ্বারা লাঞ্ছিত হবেন? তাই আপনি চান? তাই দেখতে চান বলেই উত্তর দিচ্ছেন না। কোন উস্কানীর কথা নয়, সাহিত্যিকরা কারো দ্বারা উস্কানি পায়নি, ঐ কংগ্রেসী মন্ত্রীসভা বলছেন সেটা। তাঁরা বাংলাদেশকে

চ্যালেঞ্জ করছেন। যেভাবে তাঁরা রিফিউজ করছেন, তা শুধু সমস্ত বাংলাদেশকে নয়, যে রবীন্দ্রনাথের নামের সঙ্গে বিশ্বের সমস্ত মানুষের আশা-আকাঙ্খা জড়িত তাদের পর্যন্ত আপনারা চ্যালেঞ্জ করছেন। নিশ্চয়ই এই চ্যালেঞ্জ বাংলাদেশের জনসাধারণ গ্রহণ করবেন। রবীন্দ্রনাথের সেই কথা আমি বার বার বলবো—

ওদের বাঁধন যত শক্ত হবে,
মোদের বাঁধন তত টুটবে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এ হচ্ছে কী? এ কি ব্যাপার আমরা দেখছি? আমি কয়দিন উঠছি না, উঠে কোন লাভ নাই। এইটুকু দেখছি যে রবীন্দ্রনাথকে নিয়ে এত কথা হচ্ছে, সংগ্রামের কথা কেউ কেউ বলছেন, কত কী বলছেন! আমি বলছি এখন চলুন যথাসম্ভব সত্ত্বর কালকে এমন বিধিব্যবস্থা করে দেওয়া হোক, যাতে সাহিত্যিক ও শিল্পী ও'রা যা চাচ্ছেন তা করতে পারেন। তাঁদের সেটা করতে দেওয়া হোক। এ নিয়ে আর সংগ্রাম নয়; সংগ্রাম তো হবে সীমান্তে। নিরীহ মানুষকে আর সংগ্রাম কেন? এ সব শুনলে লজ্জা হয়। রবীন্দ্রনাথকে নিয়ে আবার রাজনীতি কী? এ'রা কথায় কথায় বলবেন রাজনীতি হবে না? এই রাজনীতি করে কারা? এ'দের রন্ধ্রে রন্ধ্রে রাজনীতি। আমি কালকে সন্ধ্যাবেলা দেখে এসেছি সেখানে করা যায়। আমি বলবো ওখানে ব্যবস্থা করুন। যদি না করেন, তাহলে আপনাদের সুবিধা হবে না। আপনারা ভয় দেখাবেন নিরীহ মানুষকে ডি, আই, রুল-এ গ্রেপ্তার করবেন, এ হবে না।

[2-40—2-50 p.m.]

রবীন্দ্রনাথ, তাঁকে আমরা সবাই শ্রদ্ধা করি, আপনারাও করেন, আপনারা এক্ষুণি চলুন, আমাদের দাবী এতকাল থেকে আমরা বলছি, আমরা এই জনসাধারণের প্রতিনিধি, আমাদের কথার কোনও দাম নেই? কিসের সভা কেবল মাইনে বাড়াবার ব্যবস্থা হচ্ছে, কিসের সভা? যদি কালকে রবীন্দ্র-জয়ন্তী না করতে দেন? তাহলে খুব গোলমাল হবে বলে দিচ্ছি। কতকগুলো পুলিশ আছে লেলিয়ে দেবেন, ডি, আই, রুল আছে দেখিয়ে দেবেন, কারণ তাতে মজা এই আপনাদের আর ধরবে না। ডি, আই, আর-এ আপনাদেরই ধরা উচিৎ, এত বড় রবীন্দ্রনাথের এই যে ব্যাপার আপনারা করলেন না আমি দেশ-বিদেশে, ভারতবর্ষের বাইরে দেখে এসেছি যেরকম রবীন্দ্রনাথের প্রতি তাঁরা শ্রদ্ধা দেখিয়েছেন এই দেশে সেই রকম কোথায়? কতকগুলো রচনাবলী ছাপিয়েছেন, টাকাকড়ি নিয়েছেন, লাভ করেছেন, বাজে কাগজ, ভুল যা দেখলে ঘেন্না করে, আর অন্য দেশ-বিদেশে গিয়ে দেখে আসুন লক্ষ লক্ষ ছাপিয়েছে কি রকমভাবে, এই তো অবস্থা। ২ দিন না যেতেই আমাদের মন্ত্রিমহাশয় শ্রীরবীন্দ্রলাল সিংহ মহাশয় তিনি যেন বদলে গেছেন, ইংরেজের মুখেও শুনিনি যা এখন মন্ত্রিমহাশয়ের মুখে শুনছি। একি ব্যাপার, যেন চিনতেই পারা যায় না। এ কিরকম রবী ঠাকুরের ব্যাপার নিয়ে হচ্ছে? আজকে আপনারা মত দিন, পরশুদিন ও'রা তাঁদের অনুষ্ঠান করুক, ভালয় ভালয় ওঠা হয়ে যাক, এই কথা বলে আপনাকে অনুরোধ জানাই, আমরা আর বিশেষ কিছু বলতে চাই না।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয়ের কাছে শুনলাম যে একটা অজুহাত তিনি দিলেন, সেটা হচ্ছে যদি লোকসমাগম হয় তাহলে সেই জায়গাটা খারাপ হয়ে যাবে, এটা কি উনি নিজে গিয়ে দেখে এসেছেন? আমি জিজ্ঞাসা করছি তাঁরা কি ভেতরে গিয়ে দেখেছেন যে কি কাজ হচ্ছে? কোনটা ক্ষতি হবে? পূর্ত বিভাগের মন্ত্রী ও শিক্ষামন্ত্রী তাঁরা কি দেখেছেন? যাঁরা ওখানে করতে চাচ্ছে, তাঁরা শিল্পী, সাহিত্যিক, তাঁরা কি কতকগুলো বর্বর লোক? মূর্খ কতকগুলো মন্ত্রী এই কথা বলছেন যে তাঁরা সেখানে গিয়ে এমন সমস্ত পদদলিত করে দেবে যে তাদের সমস্ত কনস্ট্রাকশন ওয়ার্ক খারাপ হয়ে যাবে? সেই জন্য আমি বলি এই সমস্ত কথা তাদের উইথ ড্র করা উচিৎ, যেসমস্ত কথা তাঁরা বলেন এখানে এবং এই যদি হত, যে বিল্ডিং

খারাপ হয়ে যাবে—রবীন্দ্রনাথের নামে যে বিল্ডিং তাহলে কি তাঁরা বলতেন এই কথা যে আমরা সেখানে গিয়ে কাজ করবো? আপনাকে সেই কথাই বারে বারে এতদিন ধরে বলছি যে কেন তাঁদের একবার ডাকছেন না? কেন তাঁদের সঙ্গে পরামর্শ করছেন না? কেন তাঁদের সঙ্গে যুক্তভাবে সেখানে গিয়ে তাঁদের দেখাচ্ছেন না যে কোনটা খারাপ হবে, তাদের মনে এটা লেগেছে যে লণ্ডন সিমফনী অর্কেস্ট্রাকে এটা দেওয়া যায়, অন্য লোককে দেওয়া যায়, আর আমাদের বেলায়, একদিন কাজ বন্ধ করে সেখানে তাঁরা করতে পারবে না—রবীন্দ্রনাথের জন্মদিনে, এটা কি করে হতে পারে? এই জন্য তাদের ঘা লেগেছে বলে তাঁরা এইরকম একটা চরম অবস্থার মধ্যে চলে গেছে। এ'রা নীরিহ মানুষ, কখনও এই রকম অবস্থার কথা ভাবতেও পারেন না, আর এখানে বলে দিলেন একটা মূর্খ বর্বরের মত কথা যে তাঁরা সেখানে সব রাজনীতি করবার জন্য যাচ্ছে? রবীন্দ্রনাথের গান গেয়ে অনুষ্ঠান করে কোন রাজনীতি তাঁরা সেখানে করবে? আমরা তাঁদের সঙ্গে এই রকম কোনও পরামর্শই করিনি, এই সবে এই সব কথা জানতে পেরেছি, যে এই রকম ঘটনা ঘটেছে, এ আমাদের জানাই ছিল না। এটা আমাদের অন্যায় হয়েছে, আগে থেকে না জেনে, সম্প্রতিকালে আমরা জানতে পেরেছি যে কত মাস আগে তাঁরা চিঠি লিখেছেন শিক্ষামন্ত্রীকে, তাঁরা কোনও জবাব পর্যন্ত পাননি। কেন জবাব দেননি? আমি জিজ্ঞাসা করি কেন তাঁদের জবাব দেননি, কেন তাঁদের ডেকে পাঠাননি এর উত্তর কে দেবে? সেই জন্য আমি এই কথা বলছি যে আমরা জানতে চাই মন্ত্রীদের কাছে যে এখনো সময় আছে চলুন, হাউজ এ্যাডজোর্ন করুন, আমরা গিয়ে সেখানে দেখে আসি যে সত্যিই করা যায় কি না, যদি ড্যামেজ হয়ে যায়, আমরা যাবো সাহিত্যিকদের কাছে, আমরা বলবো শিল্পীদের কাছে যে এই অসুবিধা আছে, কোথায় করা যায়? এই দায়িত্ব নিয়ে আমরা বলবো। এত বড় একটা কাজ বন্ধ হয়ে যাবে, নষ্ট হয়ে যাবে, এটা আমরা কেউই চাইবো না, রবীন্দ্রনাথের নামে যে জিনিস হচ্ছে। সেই জন্য আমি বলছি যে হাউস এ্যাডজোর্ন করে দিন আপনার ক্ষমতা আছে হাউস এ্যাডজোর্ন করবার। আমরা যাই এক্ষুনি ৫ মিনিট লাগবে, আমরা সেখানে কয়েকজন গিয়ে দেখে আমি যে কি অবস্থা এম, এল, এ, সকলের সাথে আলাপ করি, তারপর সাহিত্যিকদের ডেকে পাঠাবো, কারণ কিছুতেই এটা আমাদের মনের মধ্যে ভাল লাগছে না যে ২৫শে বৈশাখ এই জিনিষ বাংলাদেশে আমাদের দেখতে হবে, ভোরবেলা থেকে, সেই জন্য আপনার কাছে আবেদন করছি যে আপনি হাউস এ্যাডজোর্ন করুন। সরকার যদি কথায় কর্ণপাত না করেন, যদি তাঁরা এই জিনিষ করবার অনুমতি না দিতে চান, এখন ওটা ল দেখি তাহলে আমরা যাই, মন্ত্রিমহাশয়রা আমাদের সঙ্গে চলুন, আমরা গিয়ে সেখানে দেখে আসি, কি ব্যাপার, কি হচ্ছে? কোথায় বাধা? শুধু যদি জেদের বশবর্তী হয়ে ও'রা যদি বলেন যে একবার বলেছি হতে দেবো না, কাজেই কিছুতেই দেবো না, এ আমরা বরদাস্ত করতে পারবো না, এর প্রতিবাদ আমাদের করতেই হবে যে কোনও উপায় আছে প্রতিবাদ করার। সেই জন্য আমি জানতে চাই যে ও'রা কি করবেন?

রবীন্দ্রলাল সিংহঃ আমার স্টেটমেণ্ট-এ পরিষ্কার বলে দিয়েছি, কেন দেওয়া যায় না, এই কথা বলিনি. যদি আপনারা এই কথা বুঝে থাকেন তাহলে ভল বুঝেছেন। আমি এই কথাই বলেছি যে, রাজনীতি করছেন কি করছেন না এই কথা বলিনি। আমি বলেছি রবীন্দ্রনাথকে উপলক্ষ করে কোনও রাজনৈতিক সংগ্রাম হওয়া উচিৎ নয়। এবং এই কথা আমি এখনও বলছি।

(নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপশন)

শ্রীজ্যোতি বসুঃ ডেপুটি স্পীকার, স্যার, আমরা এটা বুঝতে পারছি যে এরা অনুমতি দেবেন না এরা সেদিন ওখানে অঘটন ঘটাবেন। অতি লজ্জা এবং ক্ষোভের সঙ্গে এই কথা আমাকে বলতে হচ্ছে যে এই সিদ্ধান্তে আমরা পেঁছেছি, সেই জন্য আমাদের অন্ততঃ রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা জানাবার জন্য, বাংলাদেশের শিল্পী সাহিত্যিকদের শ্রদ্ধা জানাবার জন্য আমরা এটার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে সমস্ত বিরোধী পক্ষ এবং আমরা কয়েক মিনিটের জন্য বাইরে যাচ্ছি, এর প্রতিবাদ জানিয়ে এবং তাঁদের সঙ্গে একতাবদ্ধ হয়ে আমরা কাজ করবো।

[At this stage the opposition members walked out of the Chamber]

GOVERNMENT BILLS

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965.

Shrimati Abha Maiti: Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be taken into consideration.

শ্রীমতী আভা মাইতিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই স্মরণ আছে যে আমাদের বিগত বামো অধিবেশনে আমাদের অর্থমন্ত্রী মহাশয় ঘোষণা করেছিলেন যে ১৯৬৫ সালের এপ্রিল মাস হতে বিধানসভা এবং বিধান পরিষদের সদস্যগণের দৈনিক ভাতা ও যানবাহন ভাতা সাড়ে ১৭ টাকা থেকে ২৫ টাকা করা হবে এবং তাঁদের মাসিক বেতন ২০০ টাকা থেকে ২৫০ টাকা করা হবে, এই যে ঘোষণা অর্থমন্ত্রী মহাশয় বিগত বাজেট অধিবেশনে করেছিলেন, এই ঘোষণাটাকে আইনানুরূপ দেবার জন্য, আমি এই ছোট্ট বিলটা য়্যামেণ্ডমেণ্ট আকারে নিয়ে এসেছি এই সভার সামনে, যাতে সদস্যগণ এটাকে গ্রহণ করে এটা একটা আইনে পরিণত করতে পারবেন।

[2-50—3 p.m.]

শ্রীমতী আভা মাইতীঃ এই জন্য এই অ্যামেন্ডমেন্ট এনেছি এবং এই অ্যামেন্ডমেন্টের ৩টা জিনিষ আছে—একটা হচ্ছে মাসিক বেতন ২০০ টাকা থেকে ২৫০ টাকা করা হল, দৈনিক যে ভাতা ১৫ টাকা ছিল সেটাকে ২০ টাকা করা হল এবং আড়াই টাকা যে যানবাহন ভাতা ছিল সেটাকে ৫ টাকা করা হল। এই ছোট্ট অ্যামেণ্ডমেণ্ট যেটা আমি এনেছি আশাকরি এই সভার সমস্ত সভ্যরা সেটা গ্রহণ করবেন।

Telegram containing news of the School Teachers' plight at Dinhata, Cooch Behar, caused by non-getting of their salaries

শ্রীকমলকান্তি গুহঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা টেলিগ্রাফের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। টেলিগ্রামটা করেছে দিনহাটার সমস্ত শিক্ষকরা—

> Hard economic crisis teachers not getting salaries on verse of starvation local authorities in different routine work suspended school leading collapse.

সেখানকার সমস্ত স্কুলগুলি বন্ধ হয়ে যাচ্ছে, টিচাররা বেতন পাচ্ছেন না. টিচাররা কাজ বন্ধ করে দিচ্ছেন, ৩/৪ মাস বেতন পাচ্ছেন না, স্কুলগুলি বন্ধ হয়ে গেছে। আশা করি এ সম্বন্ধে তাঁরা কিছু বলবেন। সেখানে চাল এবং অন্যান্য জিনিসপত্রের দাম বেড়ে গেছে অথচ ৩/৪ মাসের বেতন তাদের বাকি পড়ে আছে। আশা করি এ সম্বন্ধে তাঁরা একটা কিছু বলবেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমি একটা বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। কালকে খাদ্য এবং সরবরাহমন্ত্রী আমাদের কাছে বিবৃতি দিলেন যে খাদ্য সম্পর্কে আতঙ্কের কোন কারণ নেই। কিন্তু আমি আজকে সংবাদ পেলাম যে সোনারপুর অঞ্চলে ৫/৭ দিন কোন চাল নেই—এক টাকা ১৮ আনায় কোন চাল পাওয়া যাচ্ছে না। ডায়মণ্ডহারবার থেকে যে চাল আসত তাও এস, ডি, ও, আসতে দিচ্ছে না। ২।১টা লরী যা আসছে তাও সব চোরাকারবারীদের হাতে চলে যাচ্ছে।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ একটা বিলের আলোচনা চলছে সেই আলোচনার মধ্যে এক একজন মেম্বার এই রকমভাবে বলবেন তাহলে অন্যায় হয়। আপনি যদি অনুমতি না দিয়ে থাকেন বিলের আলোচনার মধ্যে এই সব কথা বলার তাহলে আমি বলছি এগুলি যেন এক্সপাঞ্জ হয়।

ডেপুটি স্পীকারঃ এক্সপাঞ্জ হবার কোন প্রশ্ন নেই। যদিও এটা কোয়েশ্চেনের পর হয় এবং এখানে একটা রীতি হচ্ছে কলিং এ্যাটেনসন মেম্বররা বলেন এবং কলিং এ্যাটেনসনে ড্র দি এ্যাটেনসন অব দি মিনিষ্টার হয় তাতে জবাবের কোন বালাই থাকে না। কিন্তু একটা ঘটনা ঘটবার পর তাঁরা যখন বেরিয়ে গেলেন তখন এ বিষয়ে বলবার কোন সুযোগ ছিল না। সেই জন্য উইথআউট ক্রিয়েটিং এনি প্রিসিডেন্ট আমি কয়েকজন মেম্বারকে বলবার জন্য অনুমতি দিয়েছিলাম।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ একটা বিলের আলোচনার মধ্যে এই রকমভাবে বলা চলে কি?

মিঃ ডেপুটি স্পীকারঃ চলে না, তবে As a special case আমি without creating any precedent বলতে দিচ্ছি।

শ্রীকমল গুহঃ আনন্দবাবু আমাকে রবীন্দ্রনাথের একটা কবিতা বলতে বলেছিলেন। আমি তাকে বলছি যে রবীন্দ্রনাথের আফ্রিকা কবিতাটা যদি তাঁরা পড়েন তাহলে দেখবেন যে সেইখানেই তাঁদের চরিত্র দেওয়া আছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ ডায়মণ্ডহারবার থেকে যে চাল আসত তার জন্য পুলিশ লরী পিছু ১০০/২০০/৩০০ টাকা দাবী করেছে। এম, আর, সপে চাল পাওয়া যাচ্ছে না। কাঁথিতে দিনের পর দিন ধানচালের দাম বেড়ে যাচ্ছে, পাওয়া যাচ্ছে না। ১৯৬২ সালের পর থেকে সিমেন্টের সাধারণ চাহিদা অনুযায়ী তা পাঠান হচ্ছে না। ১৯৬৪ সাল থেকে সেখানে সিমেন্ট নেই বলে উন্নয়নমূলক কাজ বন্ধ হয়ে যাচ্ছে অথচ কলকাতায় ১৪/১৫ টাকায় সিমেন্ট পাওয়া যাচ্ছে ব্ল্যাক মার্কেটে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এইগুলির প্রতিকার হয়।

Stoppage of trains on the Howrah-Amta and Howrah-Sheakhala Railways

শ্রীঅনাদি দাসঃ আমি একটা বিশেষ অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল হাওড়া আমতা রেলওয়ে এবং হাওড়া শিয়াখালা রেলওয়ে কতকগুলি ট্রেনকে কোম্পানী হঠাৎ বাতিল করে দেন। যেখানে হাওড়া ও আমতায় ১৫ খানা আপ এবং ১৫ খানা ডাউন চলে তার মধ্যে মাত্র ৩টি আপ এবং ৩টি ডাউন ট্রেন চলেছে। এর জন্য অসংখ্য যাত্রী দুর্দশার মধ্যে পড়েছিল। শহরের লোককে খাওয়াবার জন্য ডেইলি ৫ হাজার টন মাল এই রেলের দ্বারা আসে। কিন্তু কালকে সমস্ত গুডস ট্রেন ও পার্সেল ট্রেন বাতিল করে দেওয়া হয়েছিল। ৫০ হাজার লোক ডেইলি যাতায়াত করে। এই অবস্থার জন্য প্যাসেঞ্জারদের খুব দুর্ভোগ ভুগতে হয়েছিল। ৬ তারিখ থেকে নাকি কর্মচারীরা স্ট্রাইক করবে বলে এইরকম অবস্থা হয়েছিল। আমি বলছি যে এইরকম ঘটনা আবার যেন সেখানে না ঘটে। কর্মচারীদের অভাব-অভিযোগের জন্য তাদের স্ট্রাইক-এর নোটিশ দিতে হয় তাদের সেখানে ২৪ ঘণ্টা খাটতে হচ্ছে। কিন্তু কতক্ষণ যে খাটতে হবে তার জন্য কোন আইন নেই। ২৪ ঘণ্টা না খাটলে তাদের চার্জসিট দেওয়া হয়। সেখানে পাবলিক এওয়ার্ড বাতিল করে দেওয়া হয়েছে। এই অবস্থায় যদি তারা স্ট্রাইক-এর নোটিশ দেয় তাহলে কিছু অন্যায় নয়। এই অবস্থায় যদি কর্মচারীরা তাদের দাবী দেয় তাহলে কিছু অন্যায় নয়। কোম্পানীর খেয়ালখুশীর জন্য যাত্রীদের নানা দুর্দশার মধ্যে পড়তে হয়েছে। বীরেন মুখার্জির নাম শুনলেই তারা ভয় পেয়ে যায়। সেখানে বাস চালাবার জন্য অনেক লোকে পারমিশন চাচ্ছে কিন্তু বীরেন-ভয়ে তারা সেইসব দিতে পারছে না। সেই জন্য বলছি যে এইরকম ধর্মঘট আবার যাতে না হয় এবং মালিকের খেয়ালখুশীর জন্য যাত্রীদের দুর্দশা ভোগ যেন না করতে হয় সেদিকে যেন তারা দৃষ্টি দেন।

Hunger-strike by employees of the Minerva Cinema

শ্রীমনোরঞ্জন রায়ঃ মিনার্ভা বলে একটা সিনেমা ক্যালকাটা কর্পোরেশনের মেন বিল্ডিং-এর দক্ষিণে আছে। এখন এই মিনার্ভা সিনেমায় লাইসেন্স ক্যালকাটা কর্পোরেশন বাতিল করে দিয়েছে এবং প্রেমিসেস দখল করবার জন্য তারা মামলা করেছে। এই অবস্থায় সেখানকার যারা কর্মচারী তাদের সকলকে কোম্পানী ছাঁটাইয়ের নোটিশ দেওয়ার তারা বসে আছে ১৫ই মার্চ থেকে এবং ২৮এ এপ্রিল থেকে কর্মচারীরা অবস্থান ধর্মঘট ও অনসন ধর্মঘট করে আছে। তাদের ইউনিয়নের পক্ষ থেকে এবং বেঙ্গল মোসান পিকচার্স এমপ্লয়িজ ইউনিয়নের পক্ষ থেকে এই বিষয় নিয়ে শ্রমমন্ত্রী কর্পোরেশনের কমিশনার স্বায়ত্তশাসন মন্ত্রীর কাছে গিয়েছিল যে কর্মচারীদের একটা টেম্পোরারী লাইসেন্স দেওয়া হোক কো-অপারেটিভ বেসিস-এ—অর্থাৎ তাদের খাবার ব্যবস্থা হোক এবং অন্য দিকে তাদের যে ছাঁটাইয়ের নোটিশ দেওয়া হয়েছে সেটা তুলে নেওয়া হোক। সেই জন্য আপনার মাধ্যমে বলছি কর্পোরেশনের উপর স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রিমহাশয় চাপ দিন, কর্মচারীদের হাতে সিনেমা চালাবার ভার দেওয়া হোক অথবা সে মালিককে টেম্পোরারী লাইসেন্স দেওয়া হোক যাতে করে কর্মচারীরা যে অনসন ধর্মঘট করে আছে তার থেকে তারা রেহাই পেতে পারে।

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965.

Mr. Speaker: The following circulation motions are taken as moved:

That the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966—Shri Mrigendra Bhattacharyya.

That the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1967—Shri Somnath Lahiri.

That the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 1965—Shri Sailendra Nath Adhikary.

That the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th July, 1965—Shri Bhakti Bhusan Mandal.

That the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965—Shri Sanat Kumar Raha.

That the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be sent into circulation up to 30th June, 1965, to elicit opinions from all sections of Government servants and salary-receivers of the State—Shri Panchu Gopal Bhaduri.

That the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965—Shri Nani Bhattacharjee

[3—3-10 p.m.]

শ্রীজ্যোতি বসুঃ ডেপুটি স্পীকার মহাশয়, শ্রীমতী মাইতি যে বিলটি এনেছেন আমাদের বেতন এবং ভাতা বৃদ্ধির জন্য আমি সেই বিলের বিরুদ্ধে তার কারণ হচ্ছে এটা সময়োপযোগী বিল হয় নি। আমি এই জন্য বিরুদ্ধে নয় যে, ৫০ টাকা বাড়াবার কথা হয়েছে বা ৫ টাকা বাড়াবার কথা হয়েছে—কারণ এ বিষয়ে কোন সন্দেহ নেই যে, বিশেষ করে এখানে যে সদস্যরা আছে যারা ব্যবসাবাণিজ্য চাকুরীবাকুরী করেন না—যারা প্রায় সর্বক্ষণ এই সমস্ত বিভিন্ন রকম কাজে ব্যস্ত থাকেন তাদের জিনিসের দ্রব্যমূল্য বৃদ্ধি করতে গেলে কিছু বেশী দরকার। আমরা বহুদিন ধরে এই জিনিসটা দেখছি কিন্তু এ বছর যখন বাজেট আলোচনা হয় তখন আমরা দেখেছি যে কোন অংশের মানুষকে তারা সন্তুষ্ট করতে পারেন যা নিয়ে অনেক তর্ক এখানে হয়েছে শিক্ষক থেকে আরম্ভ করে কলেজের স্কুলের তার সরকারী কর্মচারী কাউকেই ও'রা সন্তুষ্ট করতে পারেন নি। এবং এ জিনিসও আমরা আশ্চর্য হয়ে দেখছি যে শ্রমিক কর্মচারী যারা ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রি বা অন জায়গায় কাজ করেন তাদের নানারকম ভাবে কারচুপি করে কস্ট অফ লিভিং ইন্ডেক্স ভুল দেখিয়ে তাদের মাইনে কেটে নেওয়া হচ্ছে পাঁচ টাকা করে বা গতকাল আপনিও শুনেছেন এবং এইরকম একটা অসন্তোষ যখন চারিধারে রয়েছে যখন সরকার একথা বলেন এই অ্যাসেম্বলীতে দাঁড়িয়ে আমাদের টাকা নেই—এইরকম অবস্থার মধ্যে এটা আমাদের লজ্জা করে এটা বলতে—আমাদের যদি অভাবও হয় তাহলেও এই অবস্থার মধ্যে আমাদের ৫০ টাকা বাড়িয়ে দাওয়া বা ৫ টাকা ভাতা বাড়িয়ে দেওয়া হোক—আমরা জানি বাংলাদেশের বাইরে অন্যান্য বিধানমণ্ডলী এবং বিধানসভায় বহু জায়গায় আমরা যা বেতন বা ভাতা পাই তার থেকে তারা বেশী পায়। আসামে ৪০০ পান, আমরা এখানে ২০০ পাই তারা সেখানে ২৫ টাকা ডেলি এ্যালাউন্স পান আমরা এখানে কম পাই। পাঞ্জাবেও বোধ হয় সম্প্রতিকালে বেশী হয়ে ৪০০ না কত হয়েছে। অন্যান্য জায়গায় ৩০০ টাকা কোথায়ও আছে—একমাত্র কেরালা এবং এক আধটা জায়গা বাদ দিলে আমরা এখানে কম পাই তথাপি আমরা এখানে আইন রচনা করি আমাদের কাছে মানুষ অনেক কিছু আশা করে—এই অবস্থার মধ্যে আমরা তাদের কিছু করতে পারলাম না, সরকার পক্ষ থেকে কিছু করলেন না—আমরা অ্যাসেম্বলীতে আর বেশী দিন নেই, দুই বছর, এর মধ্যে আমরা এসে আমাদের ভাতাটা বাড়িয়ে নিয়ে চলে গেলাম বাকি অন্যদের ৫ টাকা ২ টাকা বাড়লো—আমরা ৫০ টাকা বাড়িয়ে নিয়ে চলে গেলাম—প্রয়োজন যতই হোক এটা অশোভন—অন্যায় জিনিস হয়—সে দিক থেকে যদি বেতন বৃদ্ধি হয় তাতে আমাদের কিছু সুবিধা নেই। কারণ আমাদের বাড়তি টাকাটা সমস্ত পার্টিতে আসবে—এখন হংকং থেকে যখন পাচ্ছি না—তখন সরকারের তহবিল থেকে টাকা পেলে আমাদের কাজের সুবিধা হয় এবং এই টাকাগুলি ইন্ডিভিজুয়াল এম এল এ-রা পাবে না—এর বেশীর ভাগ টাকা পার্টিতে চলে যাবে—আমাদের তহবিল ভারী হবে—ভালই হবে—কিন্তু তথাপি আমাদের এটা বিরোধীতা করতে হচ্ছে যে এটা একেবারে সময়োপযোগী হয় নি। আগে সরকারকে বলেছিলাম অবশ্য সেটা এতে আসছে না—সেটা হচ্ছে বিভিন্ন জায়গায় একজন এম এল এ-কে যেতে হয় সেজন্য আমরা বলেছিলাম যে আপনারা যদি ওটাকে তিন হাজার মাইল না রেখে যদি বাড়িয়ে দেন যেমন পার্লামেন্টে আছে তাহলে হয়তো আমাদের ঘোরাফেরার পক্ষে সুবিধা হয় প্রত্যেকেরই। যা হোক সেটা কিছুই হয় নি সেটা বিলের বিষয়বস্তু নয়, যদিও একটা অ্যামেন্ডমেন্ট আছে যাতে বলা হচ্ছে যে লিমিটটা আছে সেটা তুলে দেওয়া হোক—এটা এর মধ্যে আসে কি না আসে বুঝতে পারছি না—অন্তত শ্রীমতী মাইতি যে বিলটা এনেছেন তার মধ্যে এটা যুক্ত নয়—কিন্তু এই হচ্ছে মোটামুটি বিরোধীতার কারণগুলি। এবং এটা যদি প্রয়োজন হয় পরের বছর আনবে যদি পরের বছর আমরা শিক্ষক কর্মচারী ইত্যাদির জন্য কিছুটা ব্যবস্থা করতে পারি সেটা মনে রেখে যদি আমাদের কিছুটা ব্যবস্থা করা হয় তাহলে ভাল হয়। আমরা জানি যে অনেকে হয়তো কংগ্রেসের দিকে বা আমাদের দিকে আছেন যাদের সত্যই প্রয়োজন নেই। কারণ তাঁরা ব্যবসা বাণিজ্য বা চাকুরীবাকুরী করেন। কিন্তু অনেকেই আছেন যাঁরা সেই সব করেন না। সেইজন্য আমার বিরোধীতার কারণগুলি ব্যাখ্যা করে আপনার কাছে বললাম অন্যেরা যদি কষ্ট করে থাকতে পারেন তাহলে আমরাও থাকি না কেন—এতদিন যখন গেছে আর কিছু দিন না হয় কষ্ট করবো সেইজন্য বলবো মন্ত্রিমহাশয় এটা চিন্তা করে দেখবেন দেখে এই বিলটি উইথড্র করবেন।

শ্রীহেমন্তকুমার বসুঃ এম এল এ-দের বেতনের বিল যে এখানে আনা হয়েছে, আমি এটার সম্পূর্ণ বিরোধীতা করছি। দেশের যে অর্থনৈতিক দুর্গতি—সরকার কোন দিক দিয়েই জিনিস-পত্রের দাম কমাতে পারছেন না, জনসাধারণের কিছু ভাতা বাড়াবার চেষ্টা করছেন না, তাদের অভাব যাতে কছু কমে তার জন্য কিছুই করতে পারছেন না। আবার একটা সেখানে বিল এলো যে, এম এল এ-দের মাইনে বাড়বে। আপনারা সকলেই জানেন যে আগে যারা এম এল এ হতেন—অর্থবান ঘরের ছেলেপিলেরাই থাকতেন—তাদের কোন অভাব ছিল না—কিন্তু বর্তমানে যাঁরা এম এল এ হন তাঁদের অধিকাংশ সব সময় দেশের এবং সমাজের কাজ করেন এবং অনেক দরিদ্র মধ্যবিত্ত ঘরের ছেলেপিলেরা এম এল এ হন। কাজেই তাদের কিছু কিছু বেতন বাড়া উচিত—সে বিষয়ে কোন সন্দেহ নেই এবং একথা পূর্বে আপনি শুনেছেন যে পার্লামেন্টে তারা মাইনে বাড়িয়ে দিয়েছেন, ব্রিটিশ পার্লামেন্টে শ্রমিক মন্ত্রী হয়েই মাইনে বাড়িয়ে দিয়েছেন। কাজেই মাইনে বাড়ার প্রশ্ন আসে না যে তা নয়, কিন্তু বর্তমানে আসে না। বাংলাদেশের যে পরিস্থিতি তাতে মাইনে বাড়ানোর প্রশ্নটা অসা অত্যধিক অশোভনীয় অন্তত এ বছর এটা আমি মনে করি। সুতরাং সেদিক থেকে আমি বিলের ঘোরতর বিরোধীতা করছি। আমাদের দেশের বিভিন্ন যেসব সংস্থা আছে যাদের নিয়ে আমরা আন্দোলন করেছি—শিক্ষকদের নিয়ে আন্দোলন করেছি, শ্রমিক-দের নিয়ে আন্দোলন করেছি, তাদের কথা বার বার তুলে ধরা হয়েছে, কিন্তু সরকার কোন ব্যবস্থা করেন নি। অথচ এম এল এ-দের মাইনে বাড়াবার জন্য আজকে সরকার অত্যধিক ব্যস্ত হয়ে পড়েছেন। আমরা শুনেছি যে কংগ্রেস দলের মধ্যে এইটুকু মাইনে বাড়াটাও অযৌক্তিক বলে মনে করেছেন, যদি বেশী টাকা হোত ভাল হত, তাঁরা আরও সন্তুষ্ট হতেন। সেদিক থেকে তাঁরা মাইনে বাড়াতে চান বাড়াতে পারেন—কিন্তু আজকে সাধারণ লোক আমাদের বলবেন যে এইভাবে আমরা মাইনে বাড়িয়ে নিয়েছি। অথচ তাদের কিছু করতে পারছি না, তাদের জিনিসপত্রের দাম কমাতে পারছি না—দেশে হাহাকার—চালের অভাব, তেলের অভাব—সব কিছুরই দাম বেড়ে চলেছে।

[3-10—3-20 p.m.]

আমরা যারা এখানে এসেছি তারা জনসাধারণের সেবা করতে এসেছি। আমরা খানিকটা ত্যাগের মনোভাব নিয়ে এসেছি। কাজেই মোটা মাইনের জন্য এখানে আসি নি, যেটুকু না হলে নয় সেই টাকার মধ্য দিয়ে কষ্ট করে আমরা আমাদের জীবনযাত্রা নির্বাহ করি। আমরা যা পাই তা যথেষ্ট বলে মনে করি। কাজেই বর্তমান অবস্থাতে এইভাবে মাইনে বাড়াবার প্রস্তাব আনা অত্যন্ত অন্যায় এবং আমরা এটার সম্পূর্ণভাবে বিরোধীতা করছি। সেদিক থেকে আমি বলব সরকার যদি এই বিল আনতেই চান তাহলে এটাকে সার্কুলেশানে দেওয়া হোক, জনসাধারণের কাছে পাঠান হোক তাদের মতামতের জন্য। কেন না এটা অর্থের ব্যাপার খরচের ব্যাপার। আমাকে ট্রামে-বাসে অনেকে জিজ্ঞাসা করেছে মহাশয়, আপনারা তো আপনাদের মাইনে বাড়িয়ে নিচ্ছেন, কারণ মাইনে বাড়াবার বিল আসছে। এইভাবে মানুষ আমাদের ঠাট্টাবিদ্রূপ করছে। কাজেই এই অবস্থাতে আমি বলব যিনি এই বিল এনেছেন তিনি এই বিল উইথড্র করে নিন। এই বিষয়ে আর বিশেষ আলোচনা করার আবশ্যক আছে বলে আমি মনে করি না। সেজন্য আমি এই বিলের ঘোরতর বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের পার্টি এই বিলের বিরোধী। শুধু এক বছরের জন্য নয় বা সময়োচিত হয় নি বলে নয়, আমি মনে করি যে আমাদের দেশের লোকেরা পার্লামেন্ট বা অ্যাসেম্বলী সদস্যদের সম্বন্ধে যে ঐতিহ্য ধারণা পোষণ করে এই বিল সেই ঐতিহ্য ধারণার বিরোধী। আমার আনন্দ হয়েছিল যখন কালকে আনন্দবাজারে খবর পড়েছিলাম যে বহু কংগ্রেস সদস্য বিলের বিরুদ্ধে অভিমত প্রকাশ করেছেন, তাঁদের মতে বিলটা দৃষ্টিকটু। পড়ে আশা হয়েছিল যে অতীতকালের কংগ্রেসের ত্যাগ এবং আদর্শ এখনও বুঝি কংগ্রেস সদস্যদের মধ্যে সম্পূর্ণরূপে মারা যায় নি। কিন্তু আজ অবাক হয়ে দেখছি যে বিলের উপর কংগ্রেস সদস্যদের পক্ষ থেকে যতগুলি সংশোধনী পেশ করা হয়েছে তার প্রায় প্রত্যেকটাই হচ্ছে এই বিলের প্রস্তাবিত মাইনে এবং ভাতা বৃদ্ধির চাইতে আরো বেশী বৃদ্ধি। কংগ্রেস পক্ষের একজন ছোটখাট নেতা শ্রীনরেন সেন সংশোধনী এনেছেন যে সদস্যদের

মাইনে আরো বাড়িয়ে মাসিক সাড়ে তিন শত টাকা করা হোক এবং সদস্যদের জন্য বিনা মূল্যে চিকিৎসার ব্যবস্থা করা হোক। অবশ্য যাঁদের বিয়ে হয় নি তাঁদের বিয়ের ব্যবস্থা করা হোক সেকথা লিখেন নি। শ্রীনরেন সেন প্রমুখ ১১ জন কংগ্রেস সদস্য এই বিল সম্বন্ধে সংশোধনী এনেছেন মাইনে তিনশো টাকা করা হোক এবং ভাতা আরো বাড়িয়ে ২৫ টাকা করা হোক। একমাত্র অনঙ্গমোহন দাস মাইনে বৃদ্ধির বিরোধীতা করেছেন। সেজন্য তাঁকে ধন্যবাদ দিই। কিন্তু তিনি ভাতা বৃদ্ধির বিরুদ্ধে কিছু বলেন নি। তাহলে কি তাঁরা জনসাধারণকে প্রতারণা করবার জন্য আনন্দবাজার পত্রিকা মারফত এই বিজ্ঞাপন করেছিলেন? এই সন্দেহ যদি সত্য না হয় তাহলে সুখী হব। কংগ্রেস সদস্যদের মধ্যে বাস্তবিক যদি কেউ থাকেন যাঁরা মাইনে বৃদ্ধির বিরুদ্ধে তাঁরা সাহস করে এগিয়ে আসুন তাঁদের বিরোধীতা করে তুলুন। জনসাধারণ তাঁদের ধন্যবাদ দেবে। যাঁরা মাইনে বৃদ্ধি চান তাঁদের অনেকেই যে বাস্তব অভাব এবং প্রয়োজনের তাগিদে চাইছেন তা আমি অস্বীকার করি না। একটানা ১৮ বছর কংগ্রেসী রাজত্বে ধনবাদ অর্থনীতির কল্যাণে আজকে অবস্থা এমনই দাঁড়িয়েছে যে দুটো টাকায় নিম্ন মধ্যবিত্তদের জীবনযাত্রা আর সম্ভব নয়। যাঁদের পক্ষে বিধানসভার মাইনে একমাত্র রোজগার, তাদের পক্ষে মাইনে বৃদ্ধির দাবী তোলা অস্বাভাবিক নয়—তা স্বীকার করি। কিন্তু বেশীর ভাগ বিধানসভার কংগ্রেসী সদস্যের যেখানে বিধানসভার মাইনে অতিরিক্ত উপার্জন, তাদেরই অনেকে যখন মাইনে বৃদ্ধির জন্য প্রচণ্ড ওকালতি করেন, তখন মনে হয় তাঁরা অতি লোভের ফাঁদে পা দিয়েছেন। আর যাঁদের বাস্তবিকই অভাবের তাগিদ আছে, তাদের আমি সবিনয়ে বলবো কষ্ট হলেও এই দুঃখ সহ্য করুন। কারণ জনসাধারণ আপনাদের কাছে তাই চায়। আমি জানি অনেক বন্ধু ইংল্যান্ড প্রভৃতি দেশের উদাহরণ দিয়ে বলবেন অলরেডি আমাকে অনেকেই বলেছেন প্রাইভেটলি যে. আমরা কেন ভদ্রভাবে জীবনযাত্রার উপযোগী মাইনে দাবী করবো না। বিশেষ করে পার্লিয়ামেন্টারী প্রতিষ্ঠানগুলি প্রধানতঃ ইংল্যান্ডের অনুকরণে চলে, যখন তখন আমরা সেই ইংল্যান্ডের পার্লিয়ামেন্টারী প্রতিষ্ঠানের মত ভদ্রভাবে জীবনযাত্রার মান বাড়াবার জন্য কেন মাইনে বৃদ্ধি দাবী করবো না? কথাটা আংশিক সত্য মাত্র। সংবিধান আর পার্লিয়ামেন্টারী নিয়নকানুন প্রধানতঃ ইংল্যান্ডের অনুকরণে গঠিত হলেও যে প্রক্রিয়ায় এবং সংগ্রামের মধ্য দিয়ে আমাদের দেশের মানুষের মধ্যে তাদের মনের মধ্যে যে পার্লিয়ামেন্টারী ঐতিহ্য গড়ে উঠেছে, সেটা প্রথা এবং সেই প্রথাই পার্লিয়ামেন্টারী প্রতিষ্ঠানের গতি এবং প্রকৃতি নির্ধারণ করবে। আমাদের মত দরিদ্র দেশে কংগ্রেস বন্ধুদের একটু ভেবে দেখতে বলি—আপনাদের পুরান কথা মনে করুন। আমাদের দরিদ্র দেশে ইংরেজরা যখন প্রথম তাদের ব্যয়বহুল পার্লিয়ামেন্টারী প্রথা, তার ঢং ইত্যাদি প্রবর্তন করেছিলেন, তখন দেশের লোকে তার প্রতিবাদ করেছিলেন এবং সেই প্রতিবাদের প্রধান বাহন ও ফর্ম ছিল দেশের লোক যারা কংগ্রেস প্রতিনিধিদের পাঠাত—বিভিন্ন অ্যাসেম্বলীতে, পার্লামেন্টে। তাঁরা একথা স্মরণ করুন। দেশের লোকের সুপ্রাচীন ব্যবস্থাসম্মত গণতান্ত্রিক ধারনার রূপই হচ্ছে সেই সময়কার কংগ্রেস সদস্যরা প্রধানতঃ হতেন ত্যাগব্রতী, সেবাব্রতী, দেশকর্মী। দেশের লোকের মনে এই ধারনা বদ্ধমূল হয়েছে যে যাদের তাঁরা বিধানসভায় নির্বাচিত করেন তাঁরা ত্যাগ ও দেশ সেবার আদর্শে উদ্বুদ্ধ। এখন তাঁরা যদি মাইনে বৃদ্ধি চান, তাহলে দেশের অনেক লোকের মনে খটকা লাগবে—একথা আপনারা তীব্রভাবে ভেবে দেখুন। পার্লামেন্টারী কর্মতৎপরতার এই যে উদ্যোগ, ঐতিহ্য তা হয়ত ইংল্যান্ডের পার্লামেন্টারী পদ্ধতিতে নাই, হতে পারে না। কিন্তু আমাদের আছে, সেটাই আমাদের গৌরব। এই যে পার্থক্য ইংল্যান্ড বা অন্যান্য ধনবাদী দেশের পার্লামেন্টারী পদ্ধতির সঙ্গে, আমাদের দেশের মানুষের মনে যে ঐতিহ্য গড়ে উঠেছে সেই তো আমাদের গৌরব, সেই যে নূতনত্ব তাকে কেন বর্জন করবো? বরং তাকে কেন চালিয়ে নিয়ে যাবার চেষ্টা করবো না? পার্লামেন্টারী রীতিনীতিকে ইংল্যান্ডের অনুকরণের মধ্যে ও নিজস্ব ঐতিহ্য নূতন প্রাণ ও নূতন প্রেরণা দেবে। আজ কষ্ট হলেও আমাদের কংগ্রেসী বন্ধুদের কাছে বলবো—আপনারা কি সেই ঐতিহ্য রক্ষা করতে পারেন না? আমাদের গরীব দেশে এবং গরীব মানুষের অবস্থার সঙ্গে যথাসম্ভব সামঞ্জস্য রেখে এককালে কংগ্রেস থেকে বলা হয়েছিল—কারো পাঁচশো টাকার বেশী মাইনে হওয়া উচিত নয়। সেই ঘোষণা কি আমরা এখন ভুলে যাবো? যেখানে দেশের মানুষ দৈনিক গড়ে মাত্র ১০ থেকে ১১ পয়সা খরচ করতে পারে বলে সাধারণভাবে স্বীকৃত হয়েছে যেখানে শিক্ষক এবং সরকারী কর্মচারীদের আমরা পাঁচ টাকার বেশী মার্গগী ভাতা বাড়াতে পারি না, যেখানে

আমাদের দেশে শ্রমিকদের বর্তমান রোজগার—সেই যুদ্ধের সময়কার স্তরে এখনো থেকে গেছে, তার থেকে আমরা এখনো উপরে তুলতে পারি নি সেখানে আমরা কোন মুখে আজকে মাইনে বৃদ্ধি ৫০ টাকা এবং ভাতা বৃদ্ধি করে নিয়ে গিয়ে আবার জনসাধারণের কাছে দাঁড়াবো পুরান ক্ষতিহ্যের কথা নিয়ে? সেখানে কোন মুখে আমরা ৫০ টাকা মাহিনা ও ভাতা বৃদ্ধি করে নিয়ে তাদের কাছে দাঁড়াবো আমাদের পুরানো ঐতিহ্যের কথা স্মরণ করে? তার ফলে দেশের লোক একথাই ভাবতে আরম্ভ করবে যে, ব্রিটিশের সঙ্গে সংগ্রামের দিনে যে সং ঐতিহ্য গড়ে উঠেছিল —যা মানুষকে উদ্বুদ্ধ করেছিল, আজকে ক্ষমতায় আসীন হয়ে আমরা আমাদের সেই ত্যাগের আদর্শকে ত্যাগ করাই উচিত বলে মনে করছি। কংগ্রেসী বন্ধুদের আমি বলব, এতে ইন দি লংগ রান আপনাদের ক্ষতি ছাড়া লাভ কিছু মাত্র হবে না। সামান্য ৫০ টাকা বা ৫/৭৷৷ টাকার জন্য যে মূলধন আপনাদের আছে, যেটা ব্যক্তিগতভাবে, হয়ত আপনারা তৈরী করেন নি। কিন্তু যাদের আপনারা উত্তরাধিকারী সেই সমস্ত মানুষদের ত্যাগ এবং সংগ্রামের মধ্য দিয়ে যে ঐতিহ্য গড়ে উঠেছিল, আসুন একসঙ্গে মিলে যতটুকু পরিমাণে পারি সেই ঐতিহ্যকে রক্ষা করি। এই বলে এই বিলের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার দল এই বিলের বিরোধীতা করছে। এটা ঠিকই, আজকে যদি বেতন বৃদ্ধি হয়, ব্যক্তিগতভাবে সেটা আমাদের পকেটে যাবে না, দলের পকেটে যাবে। সুতরাং দল সেদিক থেকে ক্ষতিগ্রস্ত। টাকাপয়সার হিসাব বা দেনা-পাওনার হিসাব যেটাকে আর্থিক হিসাব বলা হয় তাতে দলের লোকসান ব্যক্তিগত লোকসানের সামিল। কিন্তু তার থেকেও বড় ব্যাপার হচ্ছে নীতিগত ব্যাপার। অবশ্য কিছু কিছু রিপিটেশন হবে। একথা সকলেই জানেন আমাদের দেশ দরিদ্র দেশ। এই দরিদ্র দেশে, আগে যখন কংগ্রেস ইংরাজের সঙ্গে লড়ত এবং পরে যখন স্বাধীন হল, তখন আমরা আর এস পি দলের পক্ষ থেকে বার বার একথা বলেছি যে, মাথাভারী শাসনতন্ত্র চলেছে। আমরা বলেছি, এত খরচ খরচাওয়ালা যে সংসদীয় গণতন্ত্র, সেই গণতন্ত্রের নামে যে ব্যবস্থা গড়ে তোলা হচ্ছে তাতে ইংরাজের কাছ থেকে উত্তরাধিকারসূত্রে পাওয়া ব্যবস্থাকেই বাঁচিয়ে রাখা হচ্ছে, এটা জনসাধারণের উপর একটা বোঝা-স্বরূপ হয়ে দাঁড়িয়েছে। সেইজন্য বার বার আমরা বলেছি, যাঁরা মন্ত্রী তাঁদের বেতন কমানো উচিত, যারা এম এল এ তাদের বেতন এত বাড়াবার প্রয়োজন নেই। সেখানে সাধারণ মানুষ তাঁদের আয় বাড়ানো দরকার, কর্মচারীদের বেতন বাড়ানো দরকার। বেতন বৈষম্য আয় বৈষম্য কমানো দরকার। সুতরাং সেইদিকে তাকিয়ে---ব্যক্তিগত বা পার্টিগত লাভ ক্ষতির প্রশ্নের দিকে না তাকিয়ে, আমরা আন্দোলনের ভিতর দিয়ে যে ঐতিহ্য গড়ে তুলেছি, তার দিকে তাকিয়ে নীতি-গত কারণে আমি এই বিলের বিরোধিতা করছি। তারপর সময়োচিত কি অসময়োচিত সে প্রশ্ন নিশ্চয়ই আছে। আজকে আপনারা এমারজেন্সী চালু রেখেছেন। এই এমারজেন্সী তুলে দেবার কথা নানা কারণে আমরা বহুদিন বলেছি। কিন্তু আপনারা মনে করেছেন এমারজেন্সি থাকা দরকার, সেই জন্য আমাদের আপত্তি সত্ত্বেও তা রেখেছেন। আজকে দেশের লোককে আপনারা ১৯৬২ সাল থেকে বলছেন "ত্যাগ কর, ত্যাগ কর, ত্যাগ কর।" আপনারাই বলুন তো কতখানি আত্মপ্রবঞ্চনাকর কথা এটা। কেন না, আপনারাই বেতন বৃদ্ধির জন্য এই বিলকে সমর্থন করছেন এবং বিভিন্ন অ্যামেন্ডমেন্ট-এর ভেতর দিয়ে বলছেন যে, ২৫০ টাকা নয় আরো বেশী বাড়ানো উচিত। সেখানে কতখানি আত্মপ্রতারণা এবং আত্মপ্রবঞ্চনাকর এটা। এমারজেন্সী তুলে দিন, সময়োচিত ব্যবস্থার একটা দিক হোক তখন সেকথা ভাবা যাবে। সুতরাং এমারজেন্সীর দোহাই দিয়ে, লোককে ত্যাগের আদর্শে উদ্বুদ্ধ হতে বলে আপনারা এখানে বেতন বাড়িয়ে নেবার কথা চিন্তা করছেন। এতো গেল এমারজেন্সীর ব্যাপার। সাধারণভাবে এমারজেন্সী বা নো এমার-জেন্সীতে একথা বলা যায় না। যেখানে সাধারণ কর্মচারীদের, শিক্ষকদের ৫ টাকার বেশী দিতে পারছেন না, বলছেন অর্থাভাব, সেখানে সেই অর্থের একটা বড় অংশ এম এল এ-এ দের পকেটে গেলে দেশের মানুষের কিরকম লাগে? আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে একটা কথা বলি। বাজেটের উদ্বোধনী বক্তৃতা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যখন এখানে দিচ্ছিলেন তখন প্রাথমিক শিক্ষকদের মিছিল রাজভবনের সামনে এসে দাঁড়িয়েছিল। সেখানে আমরা গিয়েছিলাম। বাজেটের মধ্যে যখন প্রাথমিক শিক্ষকরা কি পেলেন দেখলেন এবং সঙ্গে সঙ্গে এম এল এ-রা কি পাচ্ছেন জানলেন তখন সেই প্রাথমিক শিক্ষকদের মিছিল এবং অন্যান্য শোভা[illegible] মিছিল ধিক্কারে পরিণত হল। ঠিক এই অবস্থা সেদিন হয়েছিল। সুতরাং সেই দিকে তাকিয়ে—যেমন ব্যব-হারিক দিক তেমনি নীতিগত কারণেও আমি এই বিলের তীব্র বিরোধিতা করছি।

শ্রীকালীকান্ত মৈত্রঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যে বিল এসেছে আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। আমার বিরোধিতার কারণ অবশ্য একই। তবে যেটা সবচেয়ে বেশী লেগেছে—যা সোমনাথবাবু বললেন যে, পার্লিয়ামেন্ট, অ্যাসেম্বলী বা কাউন্সিল-এর মেম্বার্সদের সম্বন্ধে একটা ইমেজ আছে, এটা ঠিকই, এই হাউসে অনেকেই বলেছেন, এক কালে এই হাউসের যাঁরা মেম্বার হতেন তাঁদের পারিবারিক এবং আর্থিক অবস্থা এমন ছিল যে টাকার দিকে তাঁরা লক্ষ্য করতেন না। কিন্তু আমার মনে হয় না আমি ন্যায় বিচার করবো একথা ভেবে—এমন কি কংগ্রেসী সদস্যদেরও প্রতি, যে যারা খুব গরীব ঘরের ছেলে, প্রতিনিধি হয়ে এসেছেন তাঁর ঐ ২০০ টাকা বেতন পাবেন আর ১৫ টাকা ভাতা পাবেন এর জন্য বিধানসভায় এসেছেন তা আমি মনে করি না। তাঁরা যখন বিধানসভায় এসেছেন তখন তাঁরা একটা রোমান্টিক আইডিয়ার মধ্যে আছেন সেটা হচ্ছে, দেশের প্রতিনিধি হিসাবে যাবো, দেশের লোক জানবে আমাদের প্রতিনিধি যাচ্ছে। আমরা ইলেকটেড রিপ্রেজেনটেটিভ। আমাদের একথা বলবার অধিকার আছে। আমাদের সুখ দুঃখের ভাগীদার এসে লড়াই করবে গভর্নমেন্টের সংগে। আর যদি সরকার পক্ষের হয়, তাহলে সরকার আমার কথা শুনবে। জনতার হয়ে কথা বলব এসব ধারণাই থাকে। সুতরাং টাকার দিকটা আমরা চিন্তা করি নি। একথা ঠিক টাকার দিক যদি বিচার করি তাহলে সেটা সেটা ভুল হবে। টাকাটা অ্যাডিকোয়েট কি ইনঅ্যাডিকোয়েট সে তর্কটা এখানে আসবে না। তার কারণ, পার্লিয়ামেন্ট যেখানে ডাঃ লোহিয়া তিন আনা ও তিন টাকার ঝগড়া তুলে বলেছিলেন যে দেশের মানুষের দৈনিক তিন আনার বেশী আয় হয় না সেখানে আমরা বিধানসভার বা পার্লিমেন্ট বা কাউন্সিল-এর মেম্বাররা গিয়ে বলব যে, না, এতে আমাদের চলছে না, আমাদের বাড়িয়ে দিন তা হয় না। এটা আমি বুঝি, যদি আমি আজকে শ্রীমতী মাইতিকে রীডার্স ডাইজেস্ট-এর সেই সংখ্যাটা বলি তাহলে উনি বলবেন পাগলা। রিডার্স ডাইজেস্ট-এ আমেরিকায় সিনেটের মেম্বারদের টাকা যা বাড়ানো হয় সেটা দেখলে বোধ হয় অনেকে এখানে ফিট হয়ে পড়ে যাবেন। কিন্তু যদি আমি বলি ইন্ডিয়াতে সেটাই আমাদের লক্ষ্য তাহলে ভুল হবে। আমেরিকাতে সিনেটের মেম্বারদের এবং হাউস অফ রিপ্রেজেনটেটিভসদের গভর্নমেন্ট অনেক সুযোগসুবিধা দেয়। তারা সরকার পক্ষের হলেও দেয় এবং বিরোধি পক্ষের হলেও দেয়। আমি এ সম্বন্ধে কংগ্রেস পার্টির অনেকের সঙ্গে লবিতে আলোচনা করেছি। তাঁরা বলেন, দেখুন পার্লিয়ামেন্টারী লাইফ-এ খুব সিরিয়াসনেস আসে না, যদি না রেমুনারেশন ভালো থাকে। এই ২০০ টাকায় কাজ করি কি করে।

There is a ring of possibility around this argument.

আছে সে বিষয়ে সন্দেহ নেই। আমি জিজ্ঞাসা করছি, তাঁরা বলতে পারবেন যে, এই হাউসের কংগ্রেস লেজিসলেচার পার্টির বাংলাদেশে ১৯৬২ সালের নির্বাচনের পর কটা মিটিং হয়েছে? আমরা জানি এই হাউসের শক্তি সরকার, যখন ফিশারি বিল এসেছিল ,তখন একা সমালোচনা করতে উঠেছিলেন। সেদিন কংগ্রেসের শক্তি সরকার এবং আরো অনেকে বলেছিলেন, আমরা দিনের পর দিন কংগ্রেস লেজিসলেচার পার্টির কাছে বলেছি, কিন্তু ২-৩টার বেশী মিটিং হয় নি।

(গোলমাল)

স্যার, জুতোর কাঁটাটা কোথায় থাকে বুঝতে পারা যায়। কারণ সেটা পিঞ্চ করে। এখন ব্যাপার হচ্ছে। এই হাউসে দেখুন, একবারই বোধ হয়, গত বছর রায়টের পর যখন জ্যোতিবাবু রিফিউজিদের সমস্যা নিয়ে আলোচনার জন্য একটা অ্যাডজোর্নমেন্ট মোশান এনেছিলেন তখন সেটা অ্যালাউড হয়েছিল। কিন্তু, তারপর দেখেছি, আমরা খাদ্য নিয়ে অ্যাডজোর্নমেন্ট মোশান দিলে ডিস-অ্যালাউড হয়ে যাবে। কোন এমপ্লয়মেন্ট সিচুয়েশন নিয়ে আলোচনা হবে না। এইরকম যে-কোন ইমপরটেন্ট সিচুয়েশন, যেমন বর্ডার প্রোটেকশন নিয়ে কালকে কমলবাবু তুলেছিলেন এবং হাউসের সব সব সদস্য সমর্থন করেছিলেন, কিন্তু সেখানে দেখলাম সরকারপক্ষ রাজী নয় আলোচনা করতে। সেইজন্যই বলছি, ২০০ টাকার জায়গায় ৩০০ টাকা করে এই হাউসের মর্যাদা বাড়াতে পারবেন না। সর্বোপরি, যেখানে তিন দিন বাদে হাউস বন্ধ হয়ে যাবে সেখানে এইরকমভাবে তাড়াহুড়া করে বিল পাশ করালে লোকের কাছে আমরা মুখ দেখাতে পারবো না।

[3-30—3-40 p.m.]

এবং আমাদের ইমেজ একেবারে নষ্ট হয়ে যাবে। গাঁয়ে একটা কথা আছে বাবা ছেলের জন্য কন্যা দেখতে গেলেন পুত্রবধূ করে আনবেন বলেন, কিন্তু তিনি নিজে পছন্দ করে তাকে বিয়ে করে আনলেন। সেইরকম বিধানসভায় জনসাধারণের কথা বলার জন্য আমরা এলাম, শিক্ষকদের কথা বলার জন্য এলাম, বিভিন্ন এমপ্লয়ার্সদের ডি এ বাড়ানোর কথা বলার জন্য এলাম কিন্তু তা বলে কিছুই হল না—অথচ নিজেদের মাইনে বাড়িয়ে নিচ্ছি। এদিকে মন্ত্রীদের মাইনে ফান্ডামেন্টালি ম্যানিপুলেট করে কেটে দেওয়া হয়েছে। আমাদের বিধানসভায় যারা স্টাফ তাদের একটা ওভারটাইম অ্যালাউয়েন্স দেয়ার কথা আজ দুই বছর ধরে আমরা আলোচনা করছি। স্পীকার এটাকে হাউস-এর স্ট্যাটাস কমিটিতে পাঠিয়েছিলেন। এখানে জে এল কুন্ডুর সেই অপমানসূচক চিঠি নিয়ে আলোচনা হয়েছিল। স্পীকার এটাকে স্ট্যাটাস কমিটিতে দিয়েছিলেন, কিন্তু আজ পর্যন্ত কিছুই হল না। জ্যোতিবাবু লিডার অফ দি অপোজিশন—তখন আমাকে সমর্থন করে বলেছিলেন যে

তাদের সামান্য বেতন বাড়ালে বোধ হয় বছরে ৮-১০ হাজার টাকার বেশী হবে না। অ্যাসেম্বলী ও কাউন্সিল চললে এই বিধানসভায় যারা স্টাফ তাদের ৮-৯টা পর্যন্ত খাটতে হয়, কিন্তু ফাইন্যান্স মিনিস্টার এটা সমর্থন করতে পারেন নি। সেজন্য আমার অনুরোধ আপনারা এটা আনবেন না। আপনারা যখন জরুরী অবস্থার কথা বলছেন, পাক সীমান্তে যখন একটা উদ্বেগ দেখা দিয়েছে তখন এটা আর আনবেন না। সরকারী কর্মচারীদের দুর্নীতির কথা আমরা এই হাউস-এ দিনের পর দিন আলোচনা করি, বড় বড় অফিসারদের দুর্নীতি সম্বন্ধে সমালোচনা করি তাঁরা এসব দেখলে বলবেন যে, আপনাদের কোন এক্তিয়ার নেই এসব কথা বলার—কারণ আপনারা নিজেরা নিজেদের মাইনে বাড়িয়ে নিচ্ছেন আর বড় বড় কথা বলছেন। সুতরাং নীতিটা আপনারা পরিবর্তন করুন।

শ্রীবিজয়কুমার চক্রবর্তী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের বেতন বৃদ্ধি হবে, মন্ত্রীদের বেতন কমবে এটা রাজনীতি ছাড়া কি? West Bengal Salaries and Allowances Bill-এর objects and reasons-এ তিনি লিখেছেন

As an austerity measure, it has been decided that the Chief Minister and other Ministers will draw a hundred rupees less as monthly salary than at present আর আমাদের বাড়াবার সময় লিখছেন

In view of the prevailing economic conditions, it is proposed to increase the salaries and allowances of the members of the State Legislature which in the present circumstances appears to be necessary and quite justifiable.

মন্ত্রীরা আমাদের ফ্যাসাদে ফেলার চেষ্টায় আছেন। কিন্তু মন্ত্রীদের এই বদান্যতা আগে হয় নি কেন? আগে কেন তাঁরা ছেড়ে দেন নি? মন্ত্রীরা যদি বলেন আমরা অস্টারিটি মেজার-এর জন্য ১০০ টাকা ছেড়ে দিলাম তাহলে অন্য জনপ্রতিনিধি যাঁরা আছেন তাঁরা কি করে বলবেন আমাদের মাইনে বাড়াও? মন্ত্রীদের নিশ্চয় তাহলে অভাব নেই যদি থাকে তাহলে সেই অভাব অন্য দিক থেকে পূরণের ব্যবস্থা আছে। ব্যক্তিগতভাবে আমাদের হয়ত এটা দরকার হতে পারে। আমরা মধ্যবিত্ত লোক বলে আমাদের দুর্দিনে পয়সা বেশী পেলে ভাল হয়। আমরা জনসাধারণের প্রতিনিধি যারা এসেছি তারা সেবার মনোভাব নিয়ে এসেছি। আমাদের যারা অ্যাসেম্বলীর এমপ্লয়ী তাদের যদি ওভারটাইম দিতে পারতাম তাহলে হোত। ফোর্থ ক্লাস এমপ্লয়ীজদের আমরা ৫ টাকার বেশী ডি এ দিতে পারিনি। তাদের যেখানে ২০ টাকার দরকার সেখানে আমরা ৫ টাকা এই হাউস থেকে দিয়েছি। সুতরাং এটা করা উচিত নয়। দেশে জরুরী অবস্থা চলছে, রাষ্ট্রের নিম্ন কর্মচারীদের মাইনে বাড়াতে পারিনি, সাধারণ মানুষের দুর্দশা দূর করতে পারিনি সেখানে আমাদের মাইনে বাড়ান উচিত নয়। সেজন্য আমি এর বিরোধীতা করছি এবং বলছি এ জিনিস এখন করা উচিত নয়।

শ্রীগিরিশ মাহাতো: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ আমাদের সামনে বিধানসভার সদস্যদের বেতন ও ভাতা বাড়াবার জন্য বিল এনে যুক্তি দেখান হচ্ছে যে, দেশের মূল্য বৃদ্ধির জন্য এটা

করা দরকার। কিন্তু কংগ্রেসের বৈষম্যমূলক নীতি যা তাতে মনে হচ্ছে যে কংগ্রেসের দিক থেকে এটা ঠিকই হয়েছে। কিন্তু সাধারণ মানুষের দিক থেকে আমরা যারা সেই গরীব জনসাধারণের প্রতিনিধি তাদের এই মাইনে বাড়ানো সমীচীন হবে না। আপনি জানেন আমাদের যারা চৌকিদার তাদের বেতন হচ্ছে ১২ টাকা—বর্তমানে তারা তাও পাচ্ছে না, পাচ্ছে মাত্র ৬ টাকা। আমাদের গ্রন্থাগারে কর্মচারীদের বেতন মাত্র ৪০ টাকা। চতুর্দিকে মূল্য বৃদ্ধির জন্য শিক্ষকরা বেতন বাড়াবার জন্য আন্দোলন করল, কিন্তু তাদের দাবী মানা হল না। তাদের দাবী ন্যায্য দাবী ছিল। আমাদের হাতে ক্ষমতা পেয়ে এই বিল পাশ করা মানে আমরা আমাদের বেতন ও ভাতা বাড়িয়ে নিচ্ছি। সেইজন্য আমরা প্রতিবাদ করছি যে এই বিল পাশ করা উচিত নয়। বিধানসভায় আমরা যারা লোকসেবক সংঘের মেম্বার তারা বিধানসভার নির্বাচনে এই ইস্তাহার প্রকাশ করেছি যে আমরা যে ২০০ টাকা পাই তার থেকে ৭৫ টাকা নিয়ে বাকি ১২৫ টাকা দেশের কাজের জন্য নিন এবং ১৫ টাকা যে ভাতা এর থেকে ৪ টাকা নিয়ে ১১ টাকা দেশের কাজে লাগান। আমরা এই প্রস্তাব নিয়েছিলাম এবং আমাদের দেশের কাজের জন্য এই যে দাম সেটা আমরা বহু পূর্বে থেকেই করছি। তাই প্রস্তাব দিচ্ছি আমরা সংঘের থেকে যে ৭৫ টাকা দেশের কাজে ব্যয় করুন এবং ভাতা ১১ টাকা করে দেশের কাজে খরচ করুন।

[3-40—3-50 p.m.]

শ্রী এ কে এম ইসাকঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বিরোধী পক্ষের সদস্যদের বক্তৃতা শুনলাম এই বিলের উপরে। আমি অবাক হয়ে গেলাম যে প্রায় সকলেই এই বিলের বিরোধীতা করেছেন। কিন্তু কোন মাননীয় সদস্য এই মত প্রকাশ করেন নি যে বাড়তি মাইনে এই বিলে যা দেওয়া হচ্ছে তা আমরা কেউ গ্রহণ করব না। আমার বক্তব্য একথা যখন তারা বলেন নি এবং তাদের বক্তব্য যদি আমরা মিলিয়ে দেখি তাহলে দেখবো যে তারা মোটামুটি একথা বলতে চাচ্ছেন যে নীতিগতভাবে তারা বিলটির বিরোধীতা করছেন না, কিন্তু যেহেতু দেশে একটা এমারজেন্সী আছে সেই হেতু এইসময় মাইনে বাড়াটা উচিত হয় নি। তাঁদের কাছে আমার একটা বক্তব্য হোল এই যে, তাঁরা সকলে বলেন যে, দেশ আমাদের পাঠিয়েছে দেশের সমস্যা সমাধান করবার জন্য তাদের অভাব-অভিযোগের কথা সরকারের কাছে তুলে সরকারের সঙ্গে লড়াই করবার জন্য ইত্যাদি। আমি তাঁদের কাছে প্রশ্ন করি যে সমস্ত ব্যক্তিরা সমস্যা সমাধান করতে এসেছেন তাঁদের নিজেদের ঘরে যদি সমস্যা থাকে তাহলে সমস্যা সমাধান সুষ্ঠুভাবে হয় না। সেদিক দিয়ে মাইনে বাড়া আরও বেশী উচিত ছিল। যে সমস্ত গণতান্ত্রিক দেশের কথা আমরা এই হাউসে মাঝে মাঝে আলোচনা করি আমরা দেখি সেই সমস্ত দেশে অনেক বেশী টাকা দেওয়া হয় দেশের রিপ্রেজেনটেটিভদের। ইংল্যান্ডে ৫ শত পাউন্ড দেওয়া হোত প্রথমে—সেখানে ১৯৪৫ সালে ৫০০ থেকে বাড়িয়ে ১৭০০ নিয়ে যাওয়া হোল। ১৯৬৪ সালে যখন লেবার পার্টি যখন পাওয়ারে এলো তখন লেবার পার্টি ১৭০০ পাউন্ড থেকে ৩২৫০ পাউন্ড মাইনে বাড়িয়ে নিল। এইভাবে বার বার তারা পিপলস রিপ্রেজেনটেটিভদের মাইনে বাড়িয়েছে তাদের লজ্জা হয় না কেন না তারা জানে যাদের আমরা দেশের কাজ করতে দেবো যাদের মাথার উপর দেশের চিন্তা তুলে দেবো তারা যেন নিজেদের চেষ্টায় ব্যস্ত হয়ে না পড়ে। পৃথিবীতে যে কয়জন ফিলজফার আছেন বা ছিলেন তাঁরা সবাই একই কথা বলেছে যে যাঁদের উপর এতো দায়িত্ব ছেড়ে দেওয়া হবে তারা যেন সর্ব সময় নিজেদের ঘরের চিন্তায় ব্যস্ত না থাকেন। পেটে ক্ষিধা মুখে লাজ বলে একটা কথা আমার বন্ধু বললেন—এতো চিরকালের কথা—সবাই ভয় করছেন যদি আমরা একথা বলি যে মাইনে বাড়াও তাহলে তার পলেটিক্যাল রিঅ্যাকশন খারাপ হবে লোকে আমাদের নাকি সমর্থন জানাবে না। আমি বলছি যে সত্য কথা সহজভাবে সুন্দরভাবে যদি বলতে পারেন তাহলে চিরকাল লোকে সমর্থন করবে বিশেষ করে বাংলাদেশের লোক সবাই বুদ্ধিমান বলে স্বীকৃতি আছে। বাংলা আজ যা ভাবে ভারতবাসী তা পরে ভাবে একথা কোন বাঙ্গালী বলে নি। বোম্বে থেকে এক মনীষী সর্বভারতীয় আকৃতি সবাই স্বীকার করে নিয়েছে সেই লোক একথা বলেছেন। তাই বাঙ্গালী কোন ভুল করবে না সোজা কথা সত্যভাবে বলবার যদি ক্ষমতা রাখেন তাহলে বাঙ্গালী তাকে স্বীকারে করে নেবেন আমি আমার নিজের কথা বলছি যখন আমরা সবাই এই বিলের বিরোধীতা করেছি। বেশী টাকা মাইনে নিলে যদি ইলেকটোরেট যদি ভোট না দেয় গতবারে আমি যেমন কমিউনিস্ট পার্টির ডিপোজিট ফরফিট করে দিয়ে এসেছি

সত্য কথা সহজভাবে বলবার ক্ষমতা আমার আছে সেজন্য আমি বলবো আবার আমি কমিউনিস্ট পার্টির ডিপোজিট ফরফিট করে দিয়ে আসবো। আমি নীতিগতভাবে এই বিলের সমর্থন জানাই এই জন্য যে, মাইনে বৃদ্ধির প্রয়োজন আছে। আমার মাননীয় বন্ধুরা বলেছেন যে আমরা বহু লোককে বেশী মাইনে দিতে পারি নি, সেটা স্বীকার করি যে তাদেরও মাইনে বাড়ানোর প্রয়োজন আছে এবং তাদের মাইনে বাড়ানো যাচ্ছে না বলে আমরা দুঃখীত, আমি ছোট একটা কথা বলি— আপনি একটা তিনতলা বাড়ি তৈরী করবেন সেই তিন তলা বাড়িটা যদি আপনি মনে করেন এক মুহূর্তে এক সেকেন্ডে তৈরী করে ফেলবো, এই রকম অহেতুক চিন্তা করা যাবে না। আপনি যদি সেই তিন তলা বাড়িটা তৈরী করতে চান তাহলে আপনাকে ব্রিক বাই ব্রিক বিল্ডিং তৈরী করতে হবে—এক মুহূর্তে সেটা হবে না। সো উই মাস্ট স্টার্ট ফ্রম এ পয়েন্ট এ্যাট এ টাইম। এক সময় এক স্থান থেকে আমাদের আরম্ভ করতে হবে। এই মাইনে বৃদ্ধিটা আরও বেশী হওয়া উচিত ছিল এবং বেশী বৃদ্ধি হলে আমার মনে হয় যেসমস্ত মাননীয় সভ্যরা এখানে দায়িত্ব পালন করতে এসেছেন তাঁরা আরও ভালভাবে দায়িত্ব পালন করতে পারতেন-কিন্তু দেশে যেহেতু আপাত অবস্থা বর্তমান আছে সেই হেতু সামান্য ৫০ টাকা বৃদ্ধিকে আমি সমর্থন জানাচ্ছি এবং যে ডেলি অ্যালাউন্স সামান্যভাবে বাড়ানো হয়েছে তাকে সমর্থন জানিয়ে এই বিলটিকে আমি সমর্থন করছি।

শ্রীকানাই পাল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের সম্পূর্ণ বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি। কংগ্রেস পক্ষ থেকে এখুনি যে ভদ্রলোক বক্তৃতা দিলেন তিনি একথাই বোঝাতে চাইলেন যে, যাঁরা দেশের কর্মী, দেশ সেবক—যাঁরা সেবা করতে এসেছেন তাঁদের নিজেদের ঘরে যদি একটুও অভাব থাকে তাহলে তাঁরা অপরের অভাব কি করে মেটাবেন। সুতরাং ভাতা বৃদ্ধি করে তাঁদের নিজেদের অভাব আগে মিটিয়ে দেওয়া হোক তবেই নাকি দেশের লোকের অভাব মেটানো সম্ভভব হবে। চারিটি বিগিনস অ্যাট হোমে এর একটা অপূর্ব ব্যাখ্যা ঐ ভদ্রলোক দিতে চাইলেন। আসলে "চাচা আপন প্রাণ বাঁচা" এই দুর্নীতিই তিনি হাউসে রাখলেন। এখানে এসেছেন তাঁদের পাঁচ টাকা মাইনে বৃদ্ধি করতে সরকারের তহবিলে টাকা থাকছে না, অথচ নিজেদের ভাতার টাকা বাড়িয়ে নিতে টাকার অভাব ঘটছে না আর দলগতভাবে বলছেন - যে এই ভাতা বৃদ্ধির প্রস্তাব সমর্থন করা সত্ত্বেও তিনি গতবার যেভাবে কমিউনিস্ট পার্টির জামানত বাজেয়াপ্ত করেছিলেন, আসছে বারেও করবেন। এত বড় স্পর্ধার কথা—যারা সহজ পথে চলে না, যারা বাঁকা পথে চলে এবং বাঁকা পথে যারা নির্বাচিত হয়ে আসে সেই সব অর্বাচীনদের পক্ষেই বলা সম্ভব। যাঁরা বিধানসভার আসনকে পুনর্বণ্টনের অজুহাতে ভবানীপুর কেন্দ্রের অস্তিত্ব বিলোপ করে দিতে চান, যে কেন্দ্র ভারতবর্ষের মধ্যে সবচেয়ে লিটারেট দের বিরুদ্ধে রায় দিয়েছেন—তারা যে নির্বাচিত হন চোরা পথে নানারকম দুর্নীতিকে আশ্রয় করে নানারকম কৌশল করে সেখানে তারা নিজেদের ভাতা বাড়াবার নির্লজ্জ যুক্তির পক্ষে ঐ-রকম দাম্ভিক উক্তি করছেন, তারা গ্রাম থেকে নির্বাচিত হলেও আমরা আশা করি গ্রামের লোকের কেন্দ্র যেখান থেকে শ্যামাপ্রসাদ সুভাষ বোস দেশবন্ধু চিত্তরঞ্জন প্রভৃতি নির্বাচিত হয়ে এসেছিলেন, সেই কেন্দ্রকে উঠিয়ে দিতে চান যারা, যে কেন্দ্রের জনসাধারণ বারে বারে প্রতিক্রিয়াশীল-এই চেতনার উপর হবে এবং তাঁরা এর জবাব আসছে বারে তাঁকে ভালভাবেই দেবেন। আমি সর্বতোভাবে এই বিলের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-50—4 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিলের বিরোধীতা করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। বাজেট অধিবেশনের সময় যখন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ঘোষণা করেছিলেন যে বিধানসভার সদস্যদের মাইনে ৫০ টাকা বৃদ্ধি করা হবে তখন আমরা প্রতিবাদ করেছিলাম এবং আমরা তখন এই আশা করেছিলাম যে অন্ততপক্ষে এই বিলটা আসবে না। আমরা তখন বলেছি এই বিলের বিরোধীতা করবার কারণ কি। আমরা যখন দেখতে পেয়েছি

সহস্র সহস্র শিক্ষক দিনের পর দিন রাস্তাঘাটে ফুটপাথে বসে ছিলেন, যখন হাজার হাজার সরকারী কর্মচারীদের বিশেষ করে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সাধারণ জীবিকার কোন ব্যবস্থা করতে পারেন নি, যারা ৬০-৭০ টাকা মাইনে পায় তাদের ভাতা বৃদ্ধি করতে পারেন নি, সেখানে মাত্র ৫-১০ টাকা বৃদ্ধি করেছেন, তখন তার কারণ দেখিয়েছিলেন অর্থাভাব। যারা ৬০-৭০ টাকা মাইনে পায় তারা কত দুঃখকষ্টের মাঝখানে কত দুর্দশার মাঝখানে দিন কাটাচ্ছে। সেই অবস্থায় যদি ও'রা বলেন বিধানসভার সদস্যদের মাইনে ৫০ টাকা বৃদ্ধি করব তখন আমাদের প্রতিবাদ করা ছাড়া উপায় থাকে না। কিন্তু দুঃখের বিষয় তাঁরা আমাদের সামনে বিলটা পেশ করেছেন। আমরা আশা করেছিলাম বিধানসভার সদস্যদের ভাতা কেটে অথবা বেতন বৃদ্ধির কথা না বলে মন্ত্রীদের কি করে মাইনে হ্রাস করা যায় এইরকম একটা বিল আসছে। একথা ঠিকই যে বিধানসভার সদস্যরা যে দুশো টাকা পান তাতে তাঁদের অনেকের চলে না। বিধান সভার অনেক সদস্য আছেন যাঁরা অর্থাভাবে অনেক কিছু কাজ করতে পারেন না। যাঁরা ২ হাজার ১২ শো টাকা পান, তাছাড়া হাউস অ্যালাওয়েন্স পাচ্ছেন তিনশো টাকা, সেখানে যানবাহনের জন্য পাচ্ছেন তিনশো টাকা, টেলিফোনের জন্য সাতশো থেকে ১২শো টাকা যাঁরা খরচ করেন, এইরকম বহু আছে, আবার কোন কোন মন্ত্রীর উপার আয় আছে, এটা বলছি এজন্য যে, মন্ত্রী হবার পর দেখছি স্বনামে বেনামে বাড়ি হচ্ছে, আমি মনে করি তাঁরা যদি ২ শো টাকা নিতেন তাহলে শোভন হত, ভাল হত। এদিক থেকে বিধানসভার সদস্যদের যে দায়িত্ব তার চেয়ে বেশী দায়িত্ব তাঁরা যখন পালন করেন তখন সরকারী এ্যালাওয়েন্স কিছু বেশী করে দেওয়া যায়। কিন্তু তা না করে বিধানসভার সদস্যদের মাইনে বৃদ্ধির কথা নিয়ে বিল নিয়ে এসেছেন। দেশের বর্তমান পরিস্থিতিতে যিনি এই বিল এনেছেন তিনি আমাদের সামনে রাষ্ট্রের অর্থনৈতিক অবস্থার কথা বলেছেন। অর্থনৈতিক অবস্থার কথা বলতে গিয়ে তিনি বলেছেন এই যে বেতন বৃদ্ধি করা হচ্ছে এটা সম্পূর্ণ কোয়াইট জাস্টিফেয়েবল। আমি বেশী দূরে যাব না, এই বিধান সভায় যে চতুর্থ শ্রেণীর কর্মচারী আছে যারা ৬০-৭০ টাকা মাইনে পায় আমরা নিজের চোখে দেখেছি তারা সমস্ত দিন খেটে রাত্রিতে বিড়ি বেঁধে জীবিকা নির্বাহ করে। এর চেয়ে লজ্জার ব্যাপার আর কি আছে? আমি মনে করি পরিবারের সেই হচ্ছে আদর্শ কর্তা যিনি পরিবারকে আগে খাইয়ে তারপর নিজের খাবার কথা বিবেচনা করে। আমরা বাংলাদেশের সমস্ত পরিবারকে খাওয়ানর জন্য এখানে এসেছি। আমরা যদি তাদের খাওয়ার ব্যবস্থা না করে নিজেদের বেতন বৃদ্ধির চেষ্টা করি তাহলে এর চেয়ে লজ্জার কিছু হবে না। মাননীয় অর্থমন্ত্রী এবং সরকারপক্ষ স্বীকার করেছেন যে দেশের অর্থনৈতিক অবস্থা অত্যন্ত খারাপ। দেশে বর্তমানে যে জরুরী অবস্থা চলছে এই অবস্থায় কারোর বেতন বৃদ্ধি হওয়া উচিত নয়। দেশে যারা সামান্য অর্থ পেলে তাদের পরিবারবর্গকে বাঁচাতে পারে সামান্য চাল ডাল কিনে খাবার ব্যবস্থা করতে পারে তাদের বাঁচাবার ব্যবস্থা করা দরকার। যতক্ষণ পর্যন্ত তা না করতে পারছেন ততক্ষণ পর্যন্ত সদস্যদের বেতন বৃদ্ধি করা অন্যায় এবং অশোভন। সেজন্য আমি মনে করি যদি বেতন বৃদ্ধি করতে হয় তাহলে এই বিল সার্কুলেশানে পাঠান, জনমত সংগ্রহ করুন। যদি জনসাধারণ সম্মতি দেয় তাহলে এটা বিবেচনা করা যাবে। আমি এজন্য এই বিলটার বিরোধিতা করছি এবং সার্কুলেশান মোশানের যাঁরা নোটিশ দিয়েছেন সেই সার্কুলেশান মোশান সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনিখিল দাসঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের সামনে মাইনে বাড়ানোর জন্য এই যে বিলটা এসেছে আমরা নীতিগতভাবে তার বিরোধিতা করছি একথা ননীবাবু বলেছেন। এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড রিজনস যদি দেখেন তাহলে দেখবেন তাতে আছে—ইন ভিউ অফ দি প্রিভেইলিং ইকোনমিক কন্ডিশান—অর্থাৎ জিনিসপত্রের দাম এত বেড়েছে যে, আমাদের মাইনে বাড়ানো উচিত। বিধানসভার সদস্যরা বিধানসভায় আইনের বিধান তৈরী করছেন, দেশ পরিচালনার নীতি এ'রা ঠিক করে দেবেন, জিনিসপত্রের মূল্য নীতি এরাই ঠিক করে দেবেন কিভাবে জিনিসপত্রের দাম থাকবে; চাল বাজারে থাকবে কিনা, পাওয়া যাবে কিনা; ফুড পলিসি আমরা এখান থেকে ডিসাইড করে দেবো। বিধানসভার যে দায়িত্ব ছিল মূল্যমানকে এক জায়গায় রাখা—তাতে আমরা ব্যর্থ হয়েছি, বিধানসভার দায়িত্ব ছিল একটা সুষ্ঠু খাদ্যনীতি দেশে তৈরী করা, সেই খাদ্যনীতি আমরা ঠিকভাবে রাখতে পারি নি, জিনিসপত্রের দাম এক জায়গায় ধরে রাখতে পারি নি। এই বিধানসভা থেকে যে নীতি নির্ধারিত হয়, তার

ফলে বাজারে চাল নাই, জিনিসপত্রের দাম হু হু করে বেড়ে চলেছে, কস্ট অফ লিভিং ইন্‌ডেক্সও হু হু করে বেড়ে যাচ্ছে এবং বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে কংগ্রেসী দল ক্ষমতায় আছে। তাদের যে ধনতান্ত্রিক অর্থনীতি—বিধানসভায় যে নীতি তাঁরা গ্রহণ করছেন, তার ফলে জিনিসপত্রের দাম বেড়ে চলেছে। তাই আপনার মাধ্যমে বলতে চাই মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন, এই বিলটা তিনি না এনে জিনিসপত্রের দাম কমান যায় কি করে সেই ব্যবস্থা তিনি যদি করতেন তাহলে ভাল হতো। চোরাকারবারী কি করে ধরা যায়, যে ধনতান্ত্রিক অর্থনীতি আমাদের দেশে গড়ে উঠছে তা কি করে খতম করা যায়, আয়ের যে বৈষম্য রয়েছে তা কি করে কমান যায় তার জন্য কোন বিল মন্ত্রিমহাশয় আনছেন না। আমাদের ভুল নীতি নেওয়ার ফলে দেশের মানুষের জীবনে দুঃখকষ্ট আসছে, তারা দুর্ভোগ ভুগছে। কিন্তু কি করে দেশের মানুষ এই দুঃখকষ্টের হাত থেকে রেহাই পেতে পারে সে ব্যবস্থা আমরা কিছু করছি না। আমরা এমন নীতি নিচ্ছি যার ফলে জিনিসপত্রের দাম বাড়বে, চোরাকারবারীরা বড হবে, তারা মাথা ফাটিয়ে নীতি নিচ্ছি যার ফলে জিনিসপত্রের দাম বাড়বে, চোরাকারবারীরা বড় হবে, তারা মাথা খাটিয়ে বাজার থেকে চাল উধাও করে দেবে, মাছ উধাও করে দেবে, সরিষার তেল উধাও করে দেবে। তাদের রোজগার বাড়িয়ে দাও, আর জনসাধারণের জীবনে যত পারো দুঃখকষ্ট এনে দাও। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে এমন সুষ্ঠু নীতি নেওয়া হোক, যে অর্থনীতিক ব্যবস্থায় মানুষের মধ্যেকার অর্থনৈতিক বৈষম্য কমিয়ে আনা যাবে, মানুষের জীবনের দুঃখকষ্ট থাকবে না, হাহাকার থাকবে না, দেশের বুক থেকে সব অভাব অনটন বিলুপ্ত হয়ে যাবে এবং নিম্নস্তরের কর্মচারী চৌকিদার পিয়ন যারা ১২-১৩ টাকা থেকে আরম্ভ করে একশো টাকা মাইনে পাচ্ছে এই আয়ের বৈষম্য কমিয়ে দেবার নীতি নির্ধারণ করা হোক। সেই ব্যবস্থা করলে আর মাইনে বাড়ানোর জন্য চীৎকার করবার কোন প্রয়োজন থাকবে না। সেদিক থেকে আপনার মাধ্যমে অনুরোধ করবো মন্ত্রিমহাশয় যিনি এই বিলটি এনেছেন তিনি যেন এই বিলটি উইথড্র করে নিয়ে যান; তিনি এই বিল পাশ করার জন্য যেন জোর না করেন।

শ্রীনরেন্দ্রনাথ সেন: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিলটা আলোচনা প্রসঙ্গে এর বিরুদ্ধে সমালোচনা বিরোধীপক্ষ থেকে শুনে মনে মনে খুব হাঁসি পেল কেন না যাদের দেখতাম বছরের পর বছর আমাদের স্মরণাপন্ন হতেন যে মশাই কি করছেন, মাইনে বাড়াবার? তাঁরাই আজ বিরোধিতা করছেন খবরকাগজ মারফৎ নামটা বার করবার জন্য, যা আমরা চাই না। কমিউনিস্ট পার্টির নেতা সোমনাথ লাহিড়ী আমার নাম করে উল্লেখ করেছেন যে আমি নাকি ৩৫০ টাকা চেয়েছি, হ্যাঁ, আমি চেয়েছি! কিন্তু তাঁকে জিজ্ঞাসা করছি যে ডেইলি অ্যালাউয়েন্স সমস্ত সদস্যদের পাওয়া, এই হাউস থেকে মঞ্জুর হবার পর থেকে প্রতিনিয়ত তিনি আমার কানের কাছে বলেছেন কিনা যে নরেনবাবু মাইনে বাড়িয়ে নেন, আমরা বাধা দেবো, কিন্তু নেবো ঠিক। এই তো তাঁদের নীতি, এই নীতি যাঁরা অনুসরণ করেন, তারা আজ এর বিরোধিতা করছেন। মাননীয় ফরওয়ার্ড ব্লক-এর নেতা হেমন্তবাবু, মাননীয় পি এস পি নেতা কাশীকান্তবাবু.................

Shri Somnath Lahiri: On a point of personal explanation.

মিঃ ডেপুটি স্পীকার: আপনি বলবেন, আপনাকে আমি সময় দেবো

শ্রীনরেন্দ্রনাথ সেন: আমি হেমন্তবাবুকে জিজ্ঞাসা করি, উনি বুকে হাত দিয়ে বলুন, তাঁর পার্টির সদস্যরা মাইনে বৃদ্ধি চান কি চান না? এপাশের নেতাদের জিজ্ঞাসা তারা বুকে হাত দিয়ে বলুন, তাঁদের পার্টি সদস্যরা মাইনে বৃদ্ধি চান কিনা? কালকে যখন একটা কথা উঠেছিল যে বিলটা বুঝি আর এই হাউস-এ আসবে না, তখন একটা সন্ত্রাসের ভাব জেগেছিল সব পক্ষ থেকে, সবাই জিজ্ঞাসা করেছিলেন যে বিল নাকি আসছে না শুনছি? আজকে দেখছি এই ভাব। আমি কাশীকান্তবাবুকে বলছি, তাঁর দলের একজন বড় প্রাক্তন নেতা তাঁর নাম করতে চাই না, তিনি এই সভার সদস্য ছিলেন, তিনি বলেছিলেন এই বিধানসভায় যে সদস্যদের ৪০০ টাকা মাইনে হওয়া উচিত। আজকে তাঁরা ব্যক্তিগতভাবে কাগজে নাম বার করবার জন্য, সুযোগ সুবিধা নেবার জন্য আপনাদের বিরোধীতা করছেন। তাঁদের আমি আজ বলবো তাঁরা নিজে প্রকাশ্যভাবে প্রকাশ

করুন, বিবৃতি দিন যে তাঁরা কেউ ২০০ টাকার বেশী নেবেন না মাইনে বাবদ, ডেইলি অ্যালাউয়েন্স যা বেড়েছে, তার বেশী কেউ নেবেন না বলে বিবৃতি দিন। এমারজেন্সীর জন্য ত্যাগ স্বীকার করতে বলছেন, ত্যাগ আমরাও করতে পারি, তাঁদের চেয়ে কম ত্যাগ আমরা জানি না। কাজেই তাঁদের যদি লাগে, তাঁরা আজ বলুন যে তাঁরা বেশী নেবেন না। তাদের যে অ্যামেন্ডমেন্ট দেখছিলাম মৃগেন্দ্রবাবু বা ফরওয়ার্ড ব্লক-এর থেকে তাঁরা কেউ কম দেন নি। ২০০ টাকার জায়গায় ২০১ টাকা বাড়িয়ে দিয়েছেন, কৈ ১৫০ টাকা তো দেখলাম না? ১৫ টাকার বদলে কেউ ১৬ টাকা দিয়েছেন, কৈ ১০ টাকা তো কেউ দিলেন না? কাজেই তাঁদের অ্যামেন্ডমেন্ট প্রকাশ করছে যে তাঁরা বেতন বৃদ্ধিটা চান, তবে কাগজে দেখাতে হবে, অ্যাসেম্বলীতে দেখাতে হবে, আমরা কত বিরোধীতা করছি। আমরা অ্যামেন্ডমেন্ট দিতে হয় দিয়ে যাচ্ছি, এটা ঠিক নয়, অন্তত আমি যদি বিশ্বাস করি যা আমাদের জ্যোতিবাবু বলেছেন ,তিনি স্বীকার করেছেন প্রয়োজন আছে, যদিও আমি মনে করি প্রয়োজন আছে অন্তত সেই সৎসাহস থাকা উচিত যে হ্যাঁ, এর প্রয়োজন আছে, নিই কি না নিই সেটা পরের কথা। আনন্দবাজারে বিবৃতির কথা বলেছেন আমাদের সোমনাথবাবু, কালকে কি বেরিয়েছিল ত্যাগের কথা, সেটা কাদের ভারসন, আনন্দবাজারের লোকের কাছে জিজ্ঞাসা করুন, আমাদের কাছে কেন জিজ্ঞাসা করছেন? আমাদের জ্যোতিবাবু এবং ননীবাবু বলেছেন মাইনে বৃদ্ধি হলে দলের লোকই পাবে। তাহলে যদি নাই নিতে হয় প্রত্যেকের নেওয়াটা বন্ধ করে দিন। আমি বিশ্বাস করি যে বিধানসভার সদস্যদের বেতন বৃদ্ধি হওয়া প্রয়োজন। ১৯৩৭ সালে এই সদস্যদের বেতনের প্রথম বিল এখানে হয়। তখন ১৫০ টাকা বেতন ছিল, তখন একটি লোক যা আমাদের জনৈক বক্তা বলেছেন, বোধ হয় বিজয়বাবু বলেছেন, যাঁরা আসতেন তাঁরা খুব বড়লোকের ছেলে ছিলেন। তাঁরা বড় ঘরের ছেলে, তাদের টাকার দরকার ছিল না। তখনকার বিধানসভার কাজ, কাউন্সিল-এর কাজ অন্যরকম ছিল। তাঁরা ৫টার পর আসতেন, ঘণ্টাখানেক কি করে যেতেন, আমাদের মত একজন হোল টাইম ওয়ারকার-এর প্রয়োজন হত না। আজকাল বিধানসভার যে সদস্য, যদি সে কাজ করতে চায়, তাহলে তার পক্ষে অন্য কাজ করা সম্ভব নয়। আমরা যা প্রফেসন করতে চেষ্টা করি, আমরা তা পারি না। একটার সময় অ্যাসেম্বলীতে আসতে হয়, অন্যান্য কমিটি মিটিং থাকলে ১১টা ১২টা পর্যন্ত কমিটি মিটিং করতে হয়। কাজেই আমাদের প্রফেশন ছেড়ে দিয়ে আসতে হয়। আমরা অন্য কাজ করতে পারি না, এখানকার সদস্যরা। হয় যারা এখানে হাত তুলতে আসেন তাদের সম্বন্ধে আলাদা কথা। কিন্তু যারা কন্সটিটুয়েন্সিকে নার্স করেন যারা সিন্সিয়ারলি কাজ করতে চান, তাদের হোলটাইম ওয়ার্কার না হলে চলে না এবং হোলটাইম ওয়ার্কার যদি হয় তাহলে ২০০ টাকা বেতনে তাদের কখনই চলে না। আমাদের একটা টেলিফোন- আমরা বাধ্য হই এই অ্যাসেম্বলী মেম্বার হিসাবে হয়তো হয়, ব্যক্তিগত ভাবে হয়তো প্রয়োজন নেই— একটা টেলিফোন বিল মাসে প্রায় ৫০ টাকা খরচ হয় আমাদের। যখন প্রত্যেক কোয়াটারলি বিল আসে তখন এই টাকা দিতে আমাকে খুব বিব্রত হতে হয়, হয়তো আমাকে ধার পর্যন্ত করতে হয়, এমনি আমাদের দৈনন্দিন জীবন, আর্থিক সঙ্গতি। কাজেই এই যে বিল গভর্নমেন্ট এনেছেন যে ২৫০ টাকা বেতন, এটা কখনই হওয়া উচিত নয়, যদি বৃদ্ধি করতে হয় তাহলে আরও বাড়ানো উচিত ছিল, কিন্তু গভর্নমেন্ট যে কারণেই হোক, ২৫০ টাকা করেছেন। আমরাও সেটা আজ মেনে নিচ্ছি। কিন্তু যদি সম্ভব হয় আমার বিশ্বাস আরও বাড়ানো উচিত। এম পি তাদের দু-দুবার বেতন বৃদ্ধি হয়েছে, তাঁরা ৫০০ টাকা বেতন পান এবং তাঁদের ডেইলি অ্যালাওয়েন্স ৩০ থেকে ৪০ টাকা, এবং অন্যান্য অনেক দেশেও কোথাও কোথাও ১০০ টাকা বেতন আছে, তাঁরা অনেকেই বেতন বৃদ্ধি করে নিয়েছেন। যখন পার্লিয়ামেন্ট-এ বেতন বৃদ্ধি হয়েছে, তখন তো তাঁদের মানহানি হয় নি? দেশের লোকের কাছে তো তাঁরা খুব ছোট হয়ে যান নি? কাজেই আমাদের এখানে যদি সদস্যদের মাইনে বৃদ্ধি হয়, আমাদের পজিশন খারাপ হবে, এই কথা আমি বিশ্বাস করি না। আমি যদি কাজ করি, আমি যদি জনসাধারণের সেবা করি তাহলে জনসাধারণ বিশ্বাস করবে যে আমার মধ্যে সততা আছে এবং আমার এই কাজ করার মধ্যে দিয়েই পেট ভর্তি করা উচিত এটা মনে করবো। এই হচ্ছে বর্তমান অবস্থা, কাজেই আজকে যারা বিরোধীতা করেছেন, তাঁদের আপত্তির আসল উদ্দেশ্য হল তাদের চিফ পপুলারিটি ছাড়া আর কিছুই নয়, কাজেই এটার আমি বিরোধীতা করছি। আমি নীতিগতভাবে বিশ্বাস করি যদি এই বিধান-সভার সদস্যদের বেতন বৃদ্ধি হয় অন্তত ৪০০ টাকা বেতন বৃদ্ধি হওয়া উচিত। তবু আমরা

গভর্নমেন্ট-এর প্রস্তাব অনুমোদন করছি, আমি এটা গ্রহণ করছি, বিরোধী সদস্য যারা এটা নিতে চান নি, আমি আবার তাঁদের বলছি আজ তাঁরা বলুন এখানে, যে তাঁরা নেবেন না, তাদের যদি এতই লজ্জা লাগে এতই কষ্ট হয় তাহলে তারা নেবেন না, এই বলে প্রত্যেক দলের নেতা, তাঁরা সেই বিবৃতি দিন, আমাদের আরও একটু ছোট করে দিন না, তাতে আমাদের কোনও দুঃখ নেই, এই টেলিফোন সম্বন্ধে মিনিস্টাররা যে একটা লিমিটেড নাম্বার অফ টেলিফোন ফ্রী পান, এম পি-রা তাঁরা একটা ফ্রি পান। আমরা মনে করি যে বিধানসভার সদস্যরা বিধানসভার কাজে যে টেলিফোন ব্যবহার করি সেখানে একটা লিমিটেড নাম্বার ফ্রি থাকা উচিত। এবং আশা করি মন্ত্রিমহাশয় এই বিষয়ে লক্ষ্য দেবেন এবং যাতে কার্যকরী হয় তার ব্যবস্থা করবেন। ট্রাভেলিং কুপন যেটা আছে ৬ হাজার মাইল সেটা আরও বাড়ানোর প্রয়োজন আছে। কানাইবাবু সীমাটা তুলে দেবার ব্যবস্থার কথা বলেছেন, কিন্তু এটা এই বিলের আওতার মধ্যে আসবে কিনা সন্দেহ আছে। এই বিলের মধ্যে যদি সম্ভব হয় তাহলে আমার তাতে আপত্তি নেই। এই কথা বলে আমি এই বিলটা অনুমোদন করছি।

[4-10—4-20 p.m.]

Point of Personal Explanation

শ্রীসোমনাথ লাহিড়ীঃ স্যার, অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন, নরেনবাবু বললেন আমি নাকি........................

শ্রীনরেন্দ্রনাথ সেনঃ যদি সত্যি কথা বলবার সাহস থাকে তাহলে আপনি স্বীকার করুন আপনি বলেছেন কিনা?

শ্রীসোমনাথ লাহিড়ীঃ জলজ্যান্ত মিথ্যা কথা যদি কেউ বলতে পারেন তাহলে তিনি হচ্ছেন নরেনবাবু।

শ্রীনরেন্দ্রনাথ সেনঃ মিথ্যা কথা নরেন সেন বলে না।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ এই বিল আসার অনেক দিন আগে মাননীয় সদস্য ইশাক সাহেব যিনি এই বিলের সমর্থনে বক্তৃতা করলেন তিনি আমাকে বলেছিলেন আপনি ও আপনার দল নাকি প্রধান আপত্তি করনছন এই মাইনে বাড়ার ব্যাপারে। দয়া করে আপনারা এটা প্রত্যাহার করুন এবং দরকার হলে আপনারা না হয় এবসেন্ট থাকবেন। আজ নরেনবাবু কাকুতি-মিনতি করে নিজের সাফাই গাইবার জন্য বিনিয়ে বিনিয়ে অসত্য সমস্ত কথা বললেন। নরেনবাবুর আঁতে লাগা অত্যন্ত স্বাভাবিক, কারণ একদিকে তিনি ৪০০ টাকার জন্য এখানে উমেদারী করবেন, আর একদিকে আনন্দবাজার মারফত আমরা বিরোধী বলে লোকের প্রশংসা কুড়োবার চেষ্টা করবেন। আজ মিথ্যা ছাড়া এই ভদ্রলোকের অন্য কোন আশ্রয় নেই। এই সমস্ত কথার প্রতিবাদ করার দরকার হত না যদি না অ্যাসেম্বলী প্রসিডিংস-এ এগুলো ছাপা হোত। এই সমস্ত পাগলের প্রলাপ ছাড়া কিছু নয়। নেপালবাবু যদি এইরকম ধরনের কথা বলতেন আমরা গ্রাহ্য করতাম না। কিন্তু নরেনবাবু নিজের গায়ের ঝাল মেটাবার জন্য এই যেসমস্ত কথা বললেন এটা সম্পূর্ণ অসত্য কথা।

শ্রী এ কে এম ইশাকঃ স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন, আমি আগের কথা বলছি না, সামান্য কালকের কথা বলব। আমরা যেকথা বাহিরে শুনি সেটাই ঠিক যে বিচিত্র এই পৃথিবী। নরেনবাবু ৪-৫ বছরের ইতিহাস টেনেছেন, আমি তা টানছি না। সোমনাথবাবু কালকে আমাকে বলেছিলেন যদি মাইনে বাড়াতে হয় তাহলে এক হাজার টাকা করুন। কারণ এক পয়সা বাড়ালেও আপনাদের ক্রিটিসাইস ফেস করতে হবে, আর ৮০০ টাকা বাড়ালেও ফেস করতে হবে। দিস ইজ ফর ইয়োর ইনফরমেসন, স্যার।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অব পারসন্যাল এক্সপ্লানেশন ইশাক সাহেব যে কথা বললেন সেটা সম্পূর্ণ সত্য। এজন্য আমি তাঁকে বলেছিলাম আপনারা জোর করে এই বিল পাশ করাচ্ছেন যাতে আপনাদের জাত যাবে পেট ভরবে না। সুতরাং হাজার টাকা কেন চাইছেন না? অর্থাৎ তার মানে একথা বলিনি যে আমরা তাঁকে সমর্থন করব।

শ্রীআভা মাইতিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিল এই সভার সামনে উপস্থিত করেছি সেটাকে জনমত সংগ্রহের জন্য পাঠাবার কথা এই সভার কয়েকজন বিরোধীদলের মাননীয় সদস্যারা বলেছেন। আমি মনে করি না জনমত সংগ্রহের জন্য এই বিল পাঠানোর কোন প্রয়োজন আছে। আমি যেকথা নরেন সেনমহাশয় বলেছেন সেই কথাই বলব যে, ১৯৩৭ সালে বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলী (মেম্বারস এমোলিউমেন্টস) অ্যাক্ট হয়েছিল তখন ১৫০ টাকা সদস্যদের বেতন হিসাবে ব্যবস্থা হয়েছিল। তারপর সেটার অ্যামেন্ডমেন্ট হয়েছিল ১৯৪৫ সালে – আর আজ ১৯৬৫ সাল। বিভিন্ন বক্তারা যখন বক্তৃতা করছিলেন তখন ন্যায্যই আমি বলব যে আমাদের দেশে বিভিন্ন শ্রেণীর সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির কথা তাঁরা বললেন, শিক্ষক-দের বেতনের কথা বললেন। সমস্ত শ্রেণীর মানুষদের বেতন বৃদ্ধি হওয়া নিশ্চয় দরকার। কিন্তু এই সভার সভ্যদের একথা স্মরণ করতে বলব যে, যে শ্রেণীর কর্মচারীদের বেতন বৃদ্ধির কথা হল তাদের ২০ বছর আগে কত বেতন ছিল এবং এই ২০ বছরের ভেতরে কি হয়েছে। আমাদের আর্থিক সংগতি অনুযায়ী কিছু কিছু বেতন বৃদ্ধি করেছি। কিন্তু বিধানসভায় সদস্যদের ক্ষেত্রে আমরা তা করতে পারি নি। আমি ব্যক্তিগতভাবে মনে করি নরেনবাবুও এই কথা বলেছেন—আজকের দিনে বিধানসভায় সভ্যদের প্রায় সর্বসময়ের কর্মী হতে হচ্ছে। বিদেশে বিধানসভায় সভ্যদের কেবলমাত্র আইন প্রণয়নের কার্যে লিপ্ত থাকতে হয়—তাদের কাছে লোকে টিউবওয়েল করার জন্য বলে না, কোন কিছু ইন্সপেকশন করার জন্য বলে না, রাস্তার জন্য বলে না, তাঁদের সেক্রেটারিয়েট মহলে চেষ্টা করতে হয় না নিজের কনস্টিটিউয়েন্সিতে কাজ করার জন্য। কিন্তু আমাদের দেশ এখনও সেই স্তরে উঠতে পারে নি। এখানে সভ্যদের কেবলমাত্র জনসাধারণের জন্য, সমাজের কল্যাণকর কাজের জন্য কি আইন প্রণয়ন করা যাবে, সেগুলি সুষ্ঠু ভাবে কার্যে পরিণত হচ্ছে কিনা এগুলি দেখার জন্য বেতন তাঁদের দরকার হয় না। নানারকম কাজও করতে হয়। আমাদের দেশের জনসাধারণ যখন বিধানসভার সভ্যদের নির্বাচিত করেন তাঁরা সর্বদা তাঁর মুখাপেক্ষী থাকেন নানারকম কাজের জন্য। এইসব কাজ করার জন্য তাঁদের যাতায়াত বাবদ অনেক টাকা খরচ হয়। আমি মনে করি তাঁদের যথেষ্ট অর্থ দেওয়া উচিত। জনসাধারণের কাজ সুষ্ঠুভাবে করার জন্য। কিন্তু আমাদের অর্থসংগতির জন্য এটা করা সম্ভব নয়. তবে আমাদের যদি কোনদিন সম্ভব হয় নিশ্চয় আমরা আরও বেতন বাড়াবার চেষ্টা করব। আমি একথা বলতে চাই যে যথেষ্ট না হলেও বিশ বছরের মধ্যে আমাদের বিভিন্ন শ্রেণীর কর্ম-চারীদের কিছু কিছু মাইনে বৃদ্ধি হয়েছে, সেক্ষেত্রে এই সভায় সভ্যদের কিছু হয় নি। অতএব এটা সময়োপযোগী নয়, এটা ঠিক নয় এবং এর দ্বারা যারা জনসাধারণ জনপ্রতিনিধিদের প্রতি বিরূপ মনোভাব প্রদর্শন করবেন তাও নয়। বরং তাঁরা যদি আরও মনোযোগ দিয়ে কাজ করেন তাহলে জনসাধারণ আরও সন্তুষ্ট হবেন। অতএব আমি মনে করি না এই বিলটা জনমত সংগ্রহের জন্য পাঠান যেতে পারে। বরং জ্যোতিবাবু যেকথা বললেন একটা অ্যামেন্ডমেন্ট এনে, কানাই ভট্টাচার্য মহাশয় বললেন রেলওয়ে কুপন আরও বাড়িয়ে দেওয়া কিম্বা কোন রেসট্রিকশন না রাখা কিন্তু কতকগুলি খুঁটিনাটি কারণে এগুলি আমরা এই বিলের মধ্যে আনতে পারি নি। আমরা চাই আমাদের যতটা সম্ভব, যতটা প্রয়োজন আমাদের সদস্যদের সুযোগ দেওয়া সেটা আমরা আস্তে আস্তে দিতে আরম্ভ করব আমাদের আর্থিক সংগতি হলে। তবে এই বিল

[4-20—4-50 p.m.]

কতকগুলি কারণে আনতে পারি নি। এর পরে আবার হাউসের সামনে আসবো। একটু আগেই আমি খগেনবাবুকে বলছিলাম আমাদের যে বাড়িগুলি মেম্বারদের জন্য হচ্ছে সেই বাড়িতে যে ভাড়া হবে আমাদের সদস্যরা সেখানে যাতে কনসেশন রেটে থাকতে পারেন আমি জানি আমাদের উভয় পক্ষের সদস্যরা কংগ্রেস এবং বিরোধী দলের যখন কলকাতায় আসেন তখন তাদের বাধ্য হয়ে এমন অবস্থায় থাকতে হয় যে তারা ঠিক মত কাজ করতে পারেন না। কলকাতায় যখন তারা থাকেন এই বিধানসভার কাজের জন্য, তখন তাদের যদি আমরা ভাল না রাখতে পারি

তাহলে তারা বিধানসভার কাজকর্ম ভালভাবে করতে পারবে না। সেইজন্য যখন হোস্টেল হবে আমাদের যেমন পার্লামেন্টের মেম্বাররা কনসেসন রেটে সেই সমস্ত বাড়িতে বসবাস করতে পারেন তেমন আমাদের বিধানসভার সদস্যরা সেগুলি কনসেশন রেটে পান সেই ব্যবস্থা করতে হবে। টেলিফোনের কথা যা বললেন নরেনবাবু সেটা নিশ্চয়ই বিবেচনা করবো। আমাদের আর্থিক সঙ্গতির সঙ্গে খাপ খাইয়ে নিয়ে যেতে পারা যায় কিনা সেইজন্য আমি মনে করি না যে এটা জনমত সংগ্রহের জন্য দেওয়া যেতে পারে—কাজেই আমি এই মোসনের বিরোধীতা করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

NOES—112

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerji, Shri Sankardas
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bera, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Biswas, Shri Manindra Bhusan
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Dr. Ramendra Nath
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal

Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Prabir Chandra
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahato, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Mandal, Shri Krishna Prasad
Manya, Shri Murari Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pandit, Shri Krishna Pada
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Bankim Chandra
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarker, Shri Narendra Nath

Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES—54

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Jiban Krishna
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Hamal, Shri Bhadra Bahadur
Josse, Shri Lakshmi Ranjan
Khalil Sayed, Shri
Kisku, Shri Mangla
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Siddheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel

Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Thakur, Shri Shereemohan

The Ayes being 54 and the Noes 112, the motion was lost.

The motion of Shrimati Abha Maiti that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[4-50—5 p.m.]

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 1

Shri Narendra Nath Sen: Sir, I am not moving my amendment No. 2.

Clause 2

Mr. Speaker: Amendments Nos. 3 and 4-14 are out of order. I find none of the other amendments is being moved. So, I put the clause.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker: Amendments Nos. 16-26 are out of order. Amendment No. 28 is also out of order.

ডঃ কানাইলাল ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, আমি একটা কথা আপনাকে জিজ্ঞাসা করতে চাই, মৃগেন্দ্রলাল ভট্টাচার্যের অ্যামেন্ডমেন্টটা যদি ইন অর্ডার হয় তাহলে আমারটা আউট অব অর্ডার হবে কেন? That also seeks to increase the amount, এবং সেটাও ইনভল্ভ ইন মানিটারি ব্যাপার। তাঁর যদি ইন অর্ডার হয়, ভক্তিভূষণ মণ্ডলের অ্যামেন্ডমেন্ট আপনি বললেন ইন অর্ডার, হোয়্যার অ্যাজ আমারটা আউট অব অর্ডার হবে কেন?

Mr. Speaker: If by the amendment it is proposed to reduce the financial liability, then no prior recommendation of the Governor is necessary. But as your amendment seeks to increase the amount, it is out of order.

Shri Narendra Nath Sen: I don't move my amendment No. 29.

(The other amendments to clause 3 were not moved)

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Shri Narendra Nath Sen: I have an amendment No. 30 for a new clause 4 to be inserted. It reads:

"4. After section 4 of the said Act, the following new section shall be inserted, namely,

'4A. (1) If any member is desirous of drawing salary and/or the daily allowance and conveyance allowance at the existing rate of rupees two hundred, rupees fifteen and rupees two and fifty paise respectively, he may, by sending a notice of such intention to the Secretary of the Legislative Assembly or the Legislative Council, as the case may be, intimating therein the month and year from which he intends to exercise such option, draw his salary, daily and/or conveyance allowances in such manner and at the said rate.

(2) On receipt of such notice the Secretary shall send a copy thereof to the State Government and also a copy to the Accountant-General for information and appropriate action' ".

Dr. Kanai Lal Bhattacharya: This is out of order because two kinds of salary cannot be drawn.

Mr. Speaker: It is out of order.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

Shrimati Abha Maiti: Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

শ্রীজ্যোতি বসু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আগেও আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করেছিলাম যাতে তিনি এই বিলটা প্রত্যাহার করে নেন এবং তার কারণও আমি কতকগুলি দেখিয়েছিলাম। আমি একটা উত্তর পেলাম—এখানে আমি যে কারণে বলেছিলাম প্রত্যাহার করার কথা, সেটা হচ্ছে আজ সরকারী কর্মচারী বা বহু অংশে মানুষ আছেন শিক্ষক এবং আরও অনেকে আছেন যাদের কিছুই বিশেষ হয় নাই—জীবনযাত্রার মানের উন্নতি বলুন আর যা-ই বলুন—বিশেষ কিছু হয় নাই। বিশেষ করে এবার বাজেট সেখানে জিনিসপত্রের দাম এইরকম অগ্নিমূল্য হয়েছে, যার ফলে অনেক কিছু তাঁরা আশা করেছিলেন, অথচ তাঁরা কিছু পান নাই। এটা আপনি দেখেছেন বাজেট সেসনের সময় দলে দলে লোক অ্যাসেম্বলি ভবনের দিকে মিছিল করে এসেছে এবং কি কারণে কর্মবিরতি আন্দোলন করতে শিক্ষকরা বাধ্য হলেন। আর প্রাথমিক শিক্ষকরা আন্দোলনের পথে নামবার কথা বলে রেখেছেন। আগামী দিনে যদি আমাদের নিম্নতম দাবি মেটানো না হয়, তাহলে আমরা আন্দোলনের পথে যেতে বাধ্য হব। আমি আরও বলেছিলাম এগুলোতে তাঁদের মনে দাগ কাটে নি। এখন আবার জিনিসপত্রের দাম নাকি কমে গেছে। তার জন্য হাজার হাজার শ্রমিকের মাগ্‌গী ভাতা কেটে নেওয়া হচ্ছে। এই অবস্থার মধ্যে বলছিলাম যে, সময়োপযোগী এটা হয় নাই। এটা ঠিকই। নরেনবাবু, সেটা বলেছেন। আমি একথা বলি না যে, আমাদের এটা প্রয়োজন নাই। আমাদের বিশেষ প্রয়োজন।

আমি ঐ সমস্ত যুক্তি মানি না যে পাবলিক দু টাকা বাড়লে তারা আমাদের গালাগালি দেবে বা সকলে আমরা এখানে ত্যাগ স্বীকার করবার জন্য এসেছি। যাঁরা বড়লোক, যাঁদের টাকা আছে, ইচ্ছামত তাঁরা এখানে-সেখানে ঘুরে-ফিরে বেড়িয়ে বেড়াতে পারেন, যাঁরা ঘর থেকে খরচ করতে পারেন, তাঁরা বলতে পারেন টাকার প্রয়োজন নাই। সেদিক থেকে নাই। দেশের একটি অবস্থা আছে তো! আমি হিসেব করে দেখলাম দুশো টাকা পাই। তিন মাস যদি অ্যাসেম্বলির অধিবেশন হয়, যদি আমরা মানি—ভাতা, ট্র্যাভেলিংএর যা নিয়মকানুন আছে সেই হিসেব জুড়লে কত হয়? আমাদের এম এল এ-দের প্রায় চারশো টাকার কাছাকাছি।

(এ ভয়েসঃ না, না, সাড়ে তিনশো।)

আমি এখানে ততটা হিসেব করি নি, হয়ত সাড়ে তিনশো ধরে নিলাম। এখন সাড়ে তিনশো যদি ধরে নেই, তাহলে কয়টা লোক আছে পশ্চিমবঙ্গে যারা সাড়ে তিনশো টাকা রোজগার করে? এটা হল অসুবিধা আমাদের। আমাদের দেশের উপযোগী করে আমাদের এইসব ব্যবস্থা করতে হবে। সেইজন্য জনসাধারণের মনে একটা খটকা লাগবে যে, যাঁরা আইন করেন, তাঁরা আজকে আমাদের জন্য বিশেষ কিছু করতে পারছেন না; অথচ তাঁরা তখন সেখানে সরকারপক্ষ বা বিরোধীপক্ষকে এক করে দেখেন যে, এম এল এ-রা তাঁদের দিক দিয়ে একটা ব্যবস্থা করে নিলেন। এইরকম একটা মনোভাব হওয়া এটা অন্যায় কিছু নয়। যখন তাদের দুঃখ-দুর্দশা হচ্ছে, তখন এই কথা তাদের মনে হওয়া স্বাভাবিক। সেই কারণে আমি বলেছিলাম, যদি এমন হয়, এর পরের বছরের বাজেটে দেখি যে, কিছু মানুষকে আমরা সন্তুষ্ট করতে পেরেছি, তখন আমাদের নিজেদের কথা চিন্তা করতে পারব। আজকে এই কথা মন্ত্রীদের মনে দাগ কাটে নি। এটা প্রত্যক্ষ করতে হবে—তা না হলে কাজ করা চলে না, কাজ করবার কিছু অসুবিধা হবে। কিন্তু কাজ করা চলে না—বললে কি কাজ তাঁরা করছেন না? কাজ যদি করতে চান, তাহলে কি করে কাজ করবেন বলতে পারেন? কাজ করতে চান, করতে পারেন, আমরাও করছি। আমি সেইজন্য বলব নরেনবাবু যেকথা বলেছেন, তিনি আবারও বলছেন আচ্ছা, যেন আমরা সবাই তাঁদের জব্দ করবার জন্য বক্তৃতা করছি, এটা ঠিক নয়।

[5—5-10 p.m.]

আমি যা বলছি পরিষ্কার মনে করেই বলছি। আমি আশ্চর্য হয়ে গেলাম, উনি ভাবলেন, আপনারা টাকা নেবেন না এই কথা বলে ওঁদের একটু জব্দ করা যাবে। কিন্তু এটা তো সংবিধানবিরোধী, এরকম কিছু হতে পারে না। অথচ উনি ভাবলেন জব্দের কথা। এতে জব্দের কি আছে? আপনারা তো আমাদের জিজ্ঞাসা করে কোন আইনই পাশ করান না, অথচ সেই আইনগুলো তো চাপিয়ে দেন। তখন তো বলেন না, এই আইনটা, যেমন ডি আই আর আপনারা মানবেন না এটা আপনাদের জন্য রাখছি না। এসব কথা উঠে কোথা থেকে যে, এই বিজ্ঞান আইন পাশ হল অথচ আমরা মানব না? এই বিল যদি পাশ হয় কেন আমরা টাকা নেবো না? কেন সরকারের কাছে ছেড়ে দেবো সেই টাকা? নন্দাজী বলেন হংকং থেকে টাকা আসে আসে, দুর্ভাগ্যবশত সেই টাকাটা আসছে না। আমরা এম এল এ-রা এক পয়সাও নেবু না, পার্টিতে যাবে, তারপর যা করার করব আমরা। তাহলে সেখানে এই জব্দ করার প্রশ্ন কেন উঠে তা বুঝতে পারছি না। আপনারা হয়ত ভাবলেন, এসব কথা বলে ভীষণ একটা কার্য করলাম। কিন্তু আমরা সেই টাকা নিয়ে চ্যারিটি করতে পারি, দেশের কাজ করতে পারি। সুতরাং সেখানে না নেওয়ার প্রশ্ন উঠে না। কারণ, যেখানে আপনারা অন্য আইন মেজরিটিতে পাশ করান, সেখানে তো বলেন না, আচ্ছা, এই আইন যদি মানতে না চান তাহলে সেইভাবে কাজ করবেন। কাজেই আমাদের কথা হচ্ছে, এখনও সময় আছে, নেক্সট বাজেট পর্যন্ত দেখুন। অর্থমন্ত্রী বলেছিলেন, প্রাথমিক শিক্ষকদের কিছু বাড়াতে পারব, অন্যদেরও হয়ত কিছু কন্সিডার করতে পারব, এবারে পারলাম না, আচ্ছা দেখি কি করা যায়। সেইজন্যই বলছি, আমাদের যা প্রয়োজন, দেশের লোকের প্রয়োজনের সঙ্গে মিলিয়ে যদি সেই ব্যবস্থা করা হয় তাহলে হয়ত আপনাদের সমর্থনই করব আমরা। কিন্তু এখন এই অবস্থায় এটা করলে, আমরা মনে করি, সাধারণ মানুষ অ্যাসেম্বলির সদস্যদের প্রতি ভাল মনোভাব পোষণ করবে না।

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় সভাপাল মহাশয়, অন্য আইন যখন ভোটে আসে তখন বিরোধীপক্ষ কি মতামত দিলেন তার বিশেষ মূল্য অপরপক্ষ দেন না। মেজরিটিতে পাশ করিয়ে নেন। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে প্রায় বলতে শুনি, "আমরা পাশ করাই জনসাধারণ আমাদের সাপোর্ট করে, ইলেকটেড হয়ে মন্ত্রী হয়েছি, ইত্যাদি, ইত্যাদি। তারপর এ এ ব্যাপারে নরেনবাবু যেসব বক্তৃতা দিলেন এবং যিনি নিতে চান না তিনি নাও নিতে পারবেন এসব কথা বলে যেসব সংশোধনী আনবার চেষ্টা করলেন তাতে মনে হয়, বিরোধীপক্ষ যদি এ বিষয়ে তাঁদের সঙ্গে একমত হতেন তাহলে তিনি খুশি হতেন। কেন? এরকম চেষ্টার কারণ কি? কারণ, তাঁর মনেও সম্ভবত কিছুটা কাঁচা সঙ্কোচ আছে। এই বিল পাশ করানো সম্বন্ধে এটা খারাপ কথা নয়। তাঁদের অনেকের মন এখনও একেবারে মরে যায় নি। পাবলিকএর মধ্যে কি প্রতিক্রিয়া হবে সে সম্বন্ধে এখনও তাঁদের মনে চাঞ্চল্য জাগে, যদিও নিজেদের স্বার্থের খাতিরেই বলুন বা প্রয়োজনের খাতিরেই বলুন, তাঁরা সেই চাঞ্চল্য দমন করতে প্রস্তুত থাকেন। কিন্তু তাঁদের আমি বলব এই কাঁচা সঙ্কোচই হচ্ছে বাস্তবিক জনমতের প্রতিফলন। আমাদের দেশের জনমতের মধ্যে—আমি আগে বলেছি, ইসাক সাহেবও ইংলন্ড প্রভৃতি দেশের কথা বললেন, সেখানে এরকম জিনিসকে তাঁরা কিছু মনে করেন না। কিন্তু আমাদের দেশের জনমত এ বিষয়ে কিছুটা স্বতন্ত্র। এম এল এ-রা একেবারে বিনা মাহিনাতে কাজ করবে এরকম তাঁরা মনে করেন এটা সত্য নয়। তবে যেহেতু অতীতের সংগ্রামের ইতিহাস রয়েছে—সেহেতু পার্লামেন্টোরি পদ্ধতির ভেতর দিয়ে এই একটা মন তৈরি হয়েছে যে, পার্লামেন্ট বা অ্যাসেম্বলির সদস্যরা তাঁরা যথাসম্ভব কম পয়সায় কাজ করবেন। তারও বাস্তবিক কারণ আছে। এটা তো তাঁদের অনেকেরই প্রধান উপার্জন নয়। অন্য উপার্জনও আছে। সুতরাং উপার্জন এখানে প্রধান নয়, প্রধান হল কি করে দেশের লোকের বক্তব্য এখানে পেশ করা যায়। সেইজন্য আমাদের দেশের জনমত এতে একটু চঞ্চল হয়। একটা উদাহরণ দিই। যখন অ্যাসেম্বলি বন্ধ হয় তখন সরকার বাস দেব আপনাদের যাবার জন্য। অবশ্য আমরা ভাড়া দিয়ে যাই। তবে, তাতে আমরা একটু সুবিধা পাই যে, এখান থেকেই চড়া যায়। সেই বাসে "ফর এম এল এজ অ্যান্ড এম এল সিজ অনলি" লেখা একটা সাইনবোর্ড থাকে। সেই সাইনবোর্ডটা যেন না থাকলেই ভাল হয় এটা যাঁরাই বাসে যান তাঁরাই অনুভব করেন। কেন করেন? এইজন্য করেন, এম এল এরা বিশেষ কোন সুবিধা পাচ্ছেন, এ জিনিসটা ঐ ভিড়ের পথে সাধারণ মানুষ দেখলে একটু বিরক্ত হবেন। সেটা যাতে না হয় সেইজন্যই অনুভব করেন। এটা এইজন্যই বললাম যে, জনমতের একটা চাপ আছে। যে জনমত আপনারা না খেয়ে কাজ করেন। এটা চায় না বা এটাই একমাত্র যাওয়ার জায়গা হিসাবে ধরুন সেটাও চায় না। সেইজন্যই বলব, এই যে সঙ্কোচের ভিত্তিতে এটা আর একবার বিবেচনা করে এই বিলটা প্রত্যাহার করুন।

Shri Nani Bhattacharyya:

মাননীয় সভাপাল মহাশয়, আমি আগের সমালোচনার সময় যে যুক্তি দিয়েছি, সেই যুক্তির পুনরায় অবতারণা করব না। এবারে শ্রীমতী আভা মাইতি মহাশয়া আর্থিক দুরবস্থা সম্পর্কে যা বলেছেন সেই সম্বন্ধে বলব। এই প্রসঙ্গে বলতে গিয়ে তিনি বলেছেন, আর্থিক দুরবস্থার দিক দিয়ে যদি বিবেচনা করা যায়, তাহলে এম এল এ-দের বেতন যা দেওয়া উচিত ছিল তা সম্ভবপর হচ্ছে না, খানিকটা দেওয়া হচ্ছে। আমরা কিন্তু বলব এই সরকার দেশের অর্থনৈতিক দুরবস্থার জন্য দায়ী। তাঁরাই এটা বাড়িয়ে তুলেছেন। আমরা এই সরকারের যদি কিছুমাত্র অংশ হই তাহলে আমরাও তার জন্য দায়ী। সুতরাং দায়ী যখন তখন অন্য লোকের দুরবস্থার দিকে চেয়ে, সে সরকারী কর্মচারী হন বা অন্য পেশাজীবী হন তাঁদের অবস্থার পরিবর্তন ঘটানোর জন্য যেখানে কিছু করতে পারলাম না, সেখানে সরকার বার বার অর্থাভাবের অজুহাত দিয়েছেন—ঠিক সেই অবস্থাতে যেখানে সারা দেশব্যাপী অর্থাভাব চলছে সেখানে আমাদের বেতন বাড়ানো উচিত বলে যদি বলি তাহলে আত্মপ্রতারণা করা হয়, সঙ্গে সঙ্গে দেশের লোককেও প্রতারণা করা হয়। এখানে কেউ কেউ বলেছেন যে, অপোজিশন মেম্বারদের মধ্যে অনেকের বেতন বৃদ্ধি করার ইচ্ছা ছিল। সেকথা নয়। কে ব্যক্তিগতভাবে কি বলেছে সেটা প্রশ্ন নয়। প্রশ্ন হচ্ছে পার্টিগতভাবে—লো গ্রুপ পার্টিগতভাবে আমরা আছি। কাজেই সেখানে যখন আমরা আপত্তি করছি তখন সেটা নীতির দিক থেকেই করছি। আমরা সেখানে

আশা করেছিলাম সব দিক বিবেচনা করে—বিশেষ করে আপনারা যখন ইমারজেন্সি জারি রেখেছেন তখন অন্যদের উপদেশ দেবেন আর এম এল এ-রা নিজেদের বেতন বাড়িয়ে নেবেন এ ধরনের বিলটা প্রত্যাহার করা উচিত ছিল। এখন আমাদের কর্তব্য হচ্ছে বর্তমান অবস্থার দিকে তাকিয়ে এবং সাধারণভাবে দেশের অবস্থার কথা বিবেচনা করে বিলটা প্রত্যাহার করা। কাজেই এই বিলে প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

শ্রী [illegible] অধিকারী: মাননীয় স্পীকার মহাশয়, এর আগে আমাদের সংযুক্ত সোস্যালিস্ট পার্টির তরফ থেকে আমার বন্ধু কাশীবাবু যে কথাটা প্রপোজ করলেন তাতে আমি দেখলাম মাননীয় মন্ত্রিমহাশয় তার একটা উত্তর দিতে গিয়ে খুব একটা অক্ষম উক্তি করলেন। তিনি বললেন ১৯৩৭ সালে ১৫০ টাকা ছিল, ১৯৪৫ সালে সেটা বাড়ে—অর্থাৎ ২০ বছরের মধ্যে বাড়ে নি। কিন্তু এর মধ্যে অন্যান্য স্তরের কর্মচারীদের বেড়েছে। এই সমস্ত কথা বলে তিনি শেষ করলেন। ১৯৩৭ সাল থেকে ১৯৬৫ সালে বাড়া ইতিহাসের কথা নয়, কথা হচ্ছে অন প্রিন্সিপ্যাল আমরা এটা করতে পারি কি না এবং ইন দ্যাট কেস আমরা এটা করতে পারি কি না সেটা দেখতে হবে। একটা কথা আছে,

This House is a reflection of the temper outside

বাইরের যে মানুষ তার টেম্পারের রিফ্লেকশন সংসদীয় গণতন্ত্রের একটা মস্ত বড় কথা। বাইরের মানুষের টেম্পার আমরা কি দেখি? আমরা দেখি বাইরের মানুষ নিজেদের বাঁচাবার জন্য, নিজেদের অস্তিত্ব বজায় রাখবার জন্য অত্যন্ত আকুলভাবে দিন কাটাচ্ছে। ১ লক্ষ লোকের প্রতিনিধি হিসাবে আমরা এখানে এসেছি। আমি জিজ্ঞাসা করি তাদের মধ্যে কজনের দৈনিক ইনকাম তিন আনার বেশি? ডক্টর রামমনোহর লোহিয়া পার্লামেন্টে যে কথা বলে সমস্ত ভারতবর্ষের চিত্র তুলে ধরেছিলেন পার্লামেন্টের ক্ষমতা নেই সেটাকে নাকচ করে দেয়। মন্ত্রিমহাশয়ের কনস্টিটিউয়েন্সিতে ক'জন লোক দুবেলা খেতে পায়? আমরা তাদের প্রতিনিধি তাদের কথামত অধিকার আমরা পেয়ে থাকি। সুতরাং ট্রেজারি বেঞ্চের সঙ্গে তাদের ব্যথবেদনার অংশীদার কেন আমরা হব না? আমরা যখন এই কথা বলি তখন সিনসিয়ারলি বলি যে, মন্ত্রীদের বেতন ৫০০ টাকার বেশি হওয়া উচিত নয়। কিন্তু তাঁরা এই কথা বলেন নি যে, ৫০০ টাকা হওয়া উচিত। সেইজন্য আমি বলছি বাইরের যে টেম্পার সেই টেম্পার এখানে রিফ্লেক্টেড হচ্ছে। আমরা অপোজিশন সংসদীয় গণতন্ত্রের চৌকিদার, বাইরের মানুষ তাদের কথা বলবার জন্য আমাদের এখানে পাঠিয়েছে। তারা বলছে আমাদের জন্য কিছু হল না আর আপনারা সবাই মিলে বেশ কিছু টাকা বাড়াবার চেষ্টা করছেন। সেইজন্য আমরা এটা মনে করি না যে, ৪০০ টাকা বা হাজার টাকা হওয়া উচিত। আমেরিকা বা অন্যান্য দেশের সঙ্গে তুলনা করবার প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে বাংলাদেশের এই অবস্থার মধ্যে আমরা যাদের প্রতিনিধি হয়ে এসেছি সেই লক্ষ লক্ষ মানুষের দুঃখের অংশীদার হব কি না? সেদিক থেকে ও'রা এটাকে খুব লাইটলি গ্রহণ করলেন। আমি সবচেয়ে দুঃখিত হলাম নরেন সেনের কথা শুনে—তাঁর কাছ থেকে এইরকম কথা আশা করি নি। তিনি একজন বিজ্ঞ লোক, তাঁকে আমি শ্রদ্ধা করি, তিনি আর যাই হোন না কেন বাচাল নন। আজকে তিনি যে [illegible] দেখালেন তাতে তাঁর কথা শুনে খুব দুঃখিত হলাম। ব্যক্তিগতভাবে কার সঙ্গে কি কাজুয়াল [illegible] এর কি কথা হয়েছে সেটা তিনি বললেন। আমি জিজ্ঞাসা করি, এটা কি হাউসের প্র্যাকটিস হবে বাইরে কে দুটো কথা কি বললেন সেটা এখানে এসে বলা? এটাই কি প্র্যাকটিস হবে? তাহলে হাউসের স্ট্যান্ডার্ড কোথায় যাবে? আমি সেইজন্য বলছি যে, তিনি আজকে হাউসের স্ট্যান্ডার্ড কোথায় নিয়ে যাচ্ছেন। সোমনাথবাবু ঠাট্টা করে সিরিয়াসলি নয় একটা কথা বলেছিলেন যে, আপনাদের হাতে ক্ষমতা আছে আপনারা দশ হাজার টাকা করতে পারেন। কিন্তু সেটাকে হাউস একটা পোজ করবেন যেসমস্ত অপোজিশন এই কাজ করছে এটা ঠিক নয়। কিছুদিন আগে আমার কনস্টিটিউয়েন্সিতে বিভিন্ন অ্যাভোকেশন থেকে শিক্ষক ও সমাজের বিভিন্ন স্তরের লোকদের নিয়ে একটা মিটিং ডেকেছিলাম যে, এ বিষয়ে আমার বক্তব্য কি হবে সেটা নির্ধারণ করবার জন্য? ওখানকার স্থানীয় হলে মিটিং হয়েছিল, তার এজেন্ডা ছিল যে, আমি নির্দেশ চাই যে, এই বিলকে আমি কিভাবে গ্রহণ করব। আমার কনস্টিটিউয়েন্সির

সেই মিটিংএ জেলা কংগ্রেস কমিটির লোকও এসেছিলেন। আমি দলীয় হিসাবে সেই সভা ডাকি নি, রিপ্রেজেন্টেটিভস হিসাবে ডেকেছিলাম। আমি অত্যন্ত গর্বের সঙ্গে বলছি যে, সেই মিটিংএ আনঅ্যানিমাসলি যেকথা বলেছি কংগ্রেসের তরফ থেকে সেটা আমি নিয়ে এসেছি। সেখানকার যিনি কংগ্রেসের ডিস্ট্রিক্ট কমিটি মেম্বার স্মৃতি মজুমদার, তিনিও উপস্থিত ছিলেন। সেখানে সবাই বলেছিলেন, আপনি আমাদের রিপ্রেজেন্টেটিভ হিসাবে আপনার কাছে এই কথা বলছি এবং দাবি রাখছি এবং মনে করি যে, আপনি এটা ফুলফিল করবেন। আমি কি করে সেই দাবি অস্বীকার করতে পারি। এই দাবি যদি এখানে রাখি তাতে যদি কংগ্রেসী বন্ধুগণ অসন্তুষ্ট হন তাহলে আমি কি করতে পারি? এ'দের অনেকের গায়ে লাগছে। এ'দের গায়ে খুব বেশি লাগে এ ধারণা আমার ছিল না। অনেক বিষয়ে দেখেছি এ'রা কানে শোনেন না, এ'দের গায়েও লাগে না। কিন্তু এখন দেখছি সামান্য ব্যাপারে এ'দের খুব লাগছে। কারণ, এ'দের গিল্টি কনসেন্স। আসলে হচ্ছে কনসেন্স গিল্টি সেখানে নিজেরা কিভাবে জবাবদিহি করবেন? সেজন্য অন্যের ঘাড়ে দোষ চাপিয়ে নিজেরা রেহাই পেতে চাচ্ছেন। সুতরাং এই-ভাবে স্টান্ট দেবেন না, স্টান্ট দিয়ে জনতাকে বিভ্রান্ত করবেন না এবং তথাকথিত ন্যাশনালিস্ট পেপার-এ বক্তৃতা ছাপাবেন না, যাতে করে সকলেই ভাববে যে, অপোজিশনরাও এটাকে সেকেন্ড করেছে। এ ছাড়াও আমি মনে করি, ফার্স্ট ক্লাসএ যাবার কোন মানে হয় না। সেজন্য আমার দলের তরফ থেকে থার্ড ক্লাসএ যাবার জন্য আমরা দাবি করছি। এই কথাগুলি আমরা বলি। আমরা বলব এবং এদিক থেকে আমাদের উপর যদি কোন অসন্তুষ্ট হন স্পীকার মহাশয়, আমাদের তাতে কোন দুঃখ নেই। কারণ আমরা তাতে খুশি হব যেহেতু আমরা বুঝব যে, তাদের যে অসন্তোষ হচ্ছে তারা কোন্ দলের—হ্যাভসের দিকে না হ্যাভ নটসের দিকে—যাঁরা অসন্তুষ্ট হবেন তাঁরা হচ্ছেন শোষণকারী দলের এবং এই শোষণকারীদের বিরুদ্ধেই তো আমাদের সংগ্রাম।

[5-20—5-30 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় স্পীকার মহাশয়, এই থার্ড রিডিংয়ে এক একটি কথা বলা প্রয়োজন মনে করছি। যেভাবে রিসেসের পরে সভার কাজ চলছে যেভাবে উল্টোদিকের সদস্যারা এই হাউসে যা আচরণ করছে তাতে হাউসের মর্যাদার সঙ্গে সঙ্গতি রেখে কাজ হচ্ছে কিন সেটা আপনারাই বিচার করবেন। বিরোধীপক্ষ যতটুকু বাধা দিচ্ছেন যতটুকু তাঁদের মন্তব্য সেটাও আপনারা বিচার করুন। আমার প্রথম বক্তব্য হচ্ছে, যেভাবে এই হাউসের একজন আইনজীবী সদস্য মাননীয় নরেনবাবু বক্তৃতা রাখলেন তাতে আমি একটু অবাক হলাম। কেন না নরেনবাবুর সঙ্গে আমার রাজনৈতিক পার্থক্য থাকলেও আমি তাঁকে শ্রদ্ধা করি। তিনি সত্যি-কারের উত্তরদানের একজন সংগ্রামী যোদ্ধা ছিলেন—অবশ্য রাজনৈতিক পার্থক্য আছে—ব্যক্তিগতভাবে আমি শ্রদ্ধা করি। কিন্তু যেভাবে এই হাউসে তিনি তাঁর বক্তৃতা রাখলেন, আমার মনে হয় এটা যদি হাউসের প্রিসিডেন্ট হয় তাহলে এই হাউসের কোন মর্যাদা থাকবে না-কংগ্রেসের মধ্যে কিছু কিছু থাকতে পারেন যাঁরা বলছেন বেশ করেছি। কিন্তু তাঁরা বুঝতে পারছেন না জিনিসটা কোথায় যাচ্ছে। আজকে আমি বলছি মাননীয় শ্রীজগন্নাথ কোলে—তিনি এই হাউসে বসে আছেন—তাঁর সঙ্গে অনেক কথাই হয়েছে- মজা করে বলেছি জগন্নাথবাবুকে যে, তাহলে জগন্নাথদা হাউসে গিয়ে এই কথা বলি। তাই চেপে বললেন, তাই এইসব কথা হাউসে কেউ বলবে? তিনি তাঁর বুকে হাত দিয়ে বলুন যে, একথা হয়েছে কিনা? দু-এক জন ছাড়া এমন কোন মন্ত্রী আছেন যে, যিনি বিরোধীপক্ষের সদস্যের সঙ্গে বন্ধু হিসাবে আলোচনা করেন না। এখানে পার্টি অ্যান্ড পলিটিক্সএর ঊর্ধ্বে উঠে এখানে একটা মানবিক সম্পর্ক গড়ে উঠে। কমিউনিস্টদের সঙ্গে আমাদের পার্থক্য থাকতে পারে- জ্যোতিবাবু সঙ্গে বসে কিন্তু আমাদের অনেক কথা হচ্ছে। তাই বলি জ্যোতিবাবু ব্যক্তিগতভাবে যদি কোন কথা বলে থাকেন তাহলে সেটা কোন সদস্য এই হাউসে যদি বলেন যে, জ্যোতিবাবু এই কথা বলেছেন এইটা তাদের পলিটিক্যাল রূপ—নেপালবাবুর এইটা পলিটিক্যাল রূপ তাহলে সেটা আমি মনে করি অত্যন্ত অন্যায়ই আর একটা কথা যেটা সোমনাথবাবু এবং শ্রদ্ধেয় হেমন্তবাবু বলেছেন তাঁদের দলের নাম করে বিরোধী দলের সদস্য এটা চান না। যদি ব্যক্তিগতভাবে নরেনবাবুর কাছে বা কোন কংগ্রেস সদস্যের কাছে কিছু বলে থাকেন যে সামান্য যদি বাড়ান তাহলে বাড়ান—কিন্তু আসল কথা হচ্ছে তাদের সিকিউরিটি টেস্ট হচ্ছে এই বিধানসভায় দাঁড়িয়ে

দেখুন তাঁদের দলের ম্যান্ডেট কি বলছে এবং সেই অনুযায়ী তারা কাজও করেছে। নরেনবাবু তো আজকে সাড়ে তিন শত টাকার অ্যামেন্ডমেন্ট নিয়ে এসে উইথড্র করছেন কেন? আজকে যদি কোন সদস্য এই বিধানসভায় মনে করে থাকেন যে, না, এটা হওয়া উচিত—এটা বাড়ানো উচিত এবং সেটা যদি অনেস্টলি এবং সিনসিয়ারলি সেটা যদি অ্যাপ্রোচ হয় তাহলে আবার উইথড্র করলেন কেন? কোন পার্টি তাদের মিটিংয়ে এটা ডিসাইড করে নি। বাংলাদেশের লোক আজ দুঃখের মধ্যে রয়েছে। দেশে আজ জরুরী অবস্থা রয়েছে—পাকিস্তান আজ হুমকি দিচ্ছে। আজ বাংলাদেশের স্বাভাবিক জীবনে দেখছি শুধু আজকে প্রাণধারনের গ্লানি—এই যেখানে অবস্থা সেখানে আমরা বেতন চাইব না এই কথা যদি বিরোধী দলের সদস্যরা বলেন তাহলে অন্যায় কোথায়? নরেনবাবু যা বললেন সেখানে আমি ব্যক্তিগতভাবে বলছি, অন্য সদস্য বিবরূপ কিনা জানি না

If law permits such an amendment, I do not oppose it,—if law and the Constitution permit such an amendment, that is to say, that the salary can be split up in this way and it is up to members to accept part of the salary or to forego it.

আমি নেব না—এই বিশ্বাস আমার উপর আমার আছে এবং আমার দলও নিশ্চয়ই করবেন। কিন্তু প্রশ্ন হচ্ছে আজকে নরেনবাবু এইরকম একটা আইনজীবী লোক, ওঁর একটা ছেলেমানুষের মত কথা বলা কি ঠিক হয়েছে? এইটের উদ্দেশ্য কি? জ্যোতিবাবু যে কথা বললেন যে, আমাদের বেইজ্জত করবার জন্য। তাহলে বোধ হয় আমার মনে হয় নরেনবাবু বা হয়ত ইসাক সাহেব আর একটা বিল আনতে পারেন যে, এই হাউসে দুটি আইন আনা হচ্ছে অ্যাসেম্বলি কংগ্রেস অ্যামেন্ডমেন্ট বিল, আর একটা হচ্ছে অ্যাসেম্বলি অপোজিশন অ্যামেন্ডমেন্ট বিল। তাই-ই করুন আপনারা। কংগ্রেসরা যত ইচ্ছা টাকা নিন তাহলে আমরা দেখি কিন্তু এটা কি হচ্ছে—এটা কি ছেলেমানুষী হচ্ছে না? সুতরাং আজকে ঐভাবে বেইজ্জত করবার চেষ্টা করলে ব্যর্থ হবেন। আমি আপনাকে সমস্ত সলেমলি বলছি এই হাউসের সেকেন্ড রিডিংয়ে ঢোকবার আগে আমাদের নদিয়া জেলার জুনিয়র টেকনিক্যাল স্টাফ অনেক কর্মচারী এসেছিলেন আমাকে তাঁদের পক্ষ থেকে কিছু বলবার জন্য, আগে মাননীয় অর্থমন্ত্রীর কাছে একটা মেমোরান্ডাম দিয়েছি। তাঁরা বলছেন যে, শুনলাম এবারের বাজেটে আপনাদের কিছু টাকা বেড়েছে—কিন্তু আমাদের টেকনিক্যাল স্টাফ যারা তাদের যা মাইনে ছিল এখন নূতন বাজেটে নূতন যে স্কীম হয়েছে তাতে তাদের মাইনে কম হয়ে গেছে। তাঁরা বললেন যে স্যার, বাজেটে শুনলাম যে বিধানসভার সদস্যদের আজকে নাকি মাইনে বাড়বার একটা বিল আসছে—আপনারা খুব ফাইট করছেন—বিরোধীরা, সত্যিকারের বাইরের লোকের ফিলিংসটা জানাবেন। আমরা হয়ত কিছু করতে পারব না—কিন্তু আমরা যেটুকু বলে যাচ্ছি সেটুকুও যদি বলে যেতে পারেন তাহলেও আমাদের স্যাটিসফ্যাকশন যে বিরোধী পক্ষের সদস্য আমাদের জন্য কিছু বলেছেন। সেইজন্য বলছি যে যখন শিক্ষকরা তাঁদের দাবি নিয়ে এসেছেন তখন আমরা কি বলি নি যে, টাকা নেই—যখন সমস্ত শ্রেণীর মানুষ আসে তখন আমরা তাদের মাইনে বৃদ্ধির কথা বলেছি—আমরা সেখানে চুপ করে থাকি না? সুতরাং বিরোধীপক্ষের সদস্যরা যে কথা বলছেন নিশ্চয় তাদের উদ্দেশ্যের সংগে সঙ্গতি আছে। সেইজন্য বলছি যে আপনারা এই বিল রাখবেন না, এই বিল উইথড্র করে নেওয়া উচিত। এই বিল যদি না পাশ করা হয়—উইথড্র করে নেন মন্ত্রী মহোদয়, তাহলে আমি বলছি এই হাউসের মেম্বারদের স্ট্যাটাস আরও বেড়ে যাবে। কেননা তারা বুঝবে যে আমাদের অভাব যেটা সেটা রিফলেক্ট করেছে। এর মধ্যে এই সাফারিং-এর একটা আনন্দ আছে। আসুন আমরা সেখানে একমত হয়ে সেটা করি। আর শ্রদ্ধেয় নরেনদাকে বলব আশা করি ভবিষ্যতে যেন এটা আর না হয়।

ব্যক্তিগতভাবে বিধানসভার চায়ের টেবিলে কে কি বলেছে সেটাকে যদি একটা প্রামাণ্য হিসাবে বলেন তাহলে কি ভাল হয়? হয়ত কেউ বলতে পারেন যে, আপনি নয়, আপনার দলের মেম্বার কেউ বলেছেন মাইনে বৃদ্ধির কথা। আমি জানি যে, এই হাউসের কেউ তা বলেন নি। কেননা প্রথম থেকে এ নিয়ে আমরা বিরোধিতা করছি এবং জগন্নাথবাবুর কাছে শেষবারেও বলেছি যে, আমরা এটার বিরোধিতা করব। কিন্তু এই যদি হয়, কেউ যদি বলেন যে, আপনাদের দলের লোক বলেছেন যে, মাইনে বাড়াও তাহলে এফিডেবিট অ্যান্ড কাউন্টার এফিডেবিট করতে হয়। আপনি বললেন, হ্যাঁ বলেছেন, তিনি বললেন, না বলি নি। ফলে এই হাউসে একটা ওথ এগেনস্ট ওথ, একটা উইথ হান্টিং সুরু হয়ে যাবে। এই হাউসের কোন ডিগনিটি থাকবে না। প্রত্যেক

মেম্বার প্রত্যেক মেম্বারকে সন্দেহ করবে এবং এই যে একটা ফ্রেটারনিটি একটা ফেলোশীপ যেটা which cuts across the political boundaries and party affiliations. সেটা নষ্ট হয়ে যাবে। এর পর প্রত্যেকে প্রত্যেকের সঙ্গে মিশলেও একটা সন্দেহ নিয়ে মিশবেন। আশা করি যে, এই হাউসের ট্র্যাডিশন তা হবে না। এবং আবার আমি বলব যে, এই জিনিসটা যেন হাউসে না রাখেন এবং ব্যক্তিগতভাবে কেউ কাউকে কোন কথা যদি বলেন—সেটা এই হাউসে রেফারেন্সে নেওয়া উচিত নয়। বুঝতে পারি যে, যদি পলিটিক্যাল ডকুমেন্ট থাকে, তাও যদি প্রিভিলেজ ডকুমেন্ট না হয়—আইনবলে প্রিভিলেজ ডকুমেন্ট সেটা বলতে পারেন যদি পলিটিক্যাল পার্টি হিসাবে লেখা থাকে। বিলাতে পার্লামেন্টে লেবার পার্টির বেতন বাড়িয়েছে রিচার্ড সাহেব কিন্তু লেবার পার্টি স্টীল ন্যাশনালাইজ করবার ঝুঁকিও নিচ্ছে-কই একথা তো বললেন না। সুতরাং এই যুক্তি চলে না। সেজন্য আবার বলছি যে, আপনারা বিবেচনা করে দেখবেন যে, বিরোধী পক্ষের সদস্যরা যে কথা বলছেন যে, আজকে দেশের যে অবস্থা সাধারণ মানুষের যে অবস্থা—সব দিক বিবেচনা করে সমস্ত শ্রেণীর কর্মচারীর কথা বিবেচনা করে আজকে আপনার কাছে আবেদন করছি—ত্রাণমন্ত্রীর কাছে যে, ওনার আমাদের কোন ত্রাণ করবার দরকার নেই, দেশে যারা সত্যিকারের দুঃখী ঐ ৮৪ হাজার লোক যাদের আপনি খয়রাতি সাহায্য দিয়েছেন সেই দিকটা একটু বিবেচনা করবেন। আপনার বিবেক যদি থাকে সেই বিবেককে জিজ্ঞাসা করবেন বাংলাদেশের ত্রাণমন্ত্রী আপনি, সেই বাংলাদেশে ৮৪ লক্ষ লোককে খয়রাতি সাহায্য দিয়েছেন আপনি সেইদিকে বিবেচনা করবেন। বিধানসভার সদস্যদের সুখে না রাখতে পারলে তাদের অন্নবস্ত্রের সমস্যার সমাধান করতে না পারলে বাংলাদেশে আপনাদের মন্ত্রিত্ব কি করা চলবে না? আপনারা সামান্য ১০০ টাকা কম নিয়েছেন। আবার এদিকে বাড়ছে—এখানে কোথায় সিনসিয়ারিটি? এখানেই টেস্ট অফ পুডিং লাইজ ইন দি ইটিং। বকুল মিষ্টি কি তেতো সেটা খেয়ে দেখলেই বোঝা যাবে। আপনাদের কি আচরণ তা আপনাদের কাজের দ্বারা এটা যে মিথ্যা তা প্রমাণ হয়ে যাচ্ছে। অতএব আবার আবেদন করছি যে এই বিলটি আপনারা প্রত্যাহার করে নিন।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা সম্বন্ধে আমার বলবার কথা হচ্ছে এই যে, অপর পক্ষ থেকে তো বলেছেন যে, আমরা চীপ পপুলারিটির জন্য এই সব বিল অপোজ করবার চেষ্টা করি, কোন সিনসিয়ারিটি নেই, এই সব অনেক কিছু ইঙ্গিত করা হয়েছে। কিন্তু আমি বলতে চাই, অনেক জিনিস আছে—বাংলাদেশ এবং ভারতবর্ষের বহু লোক আছে যারা বোকা সেজে থাকতে চায়—খুব বেশি বুদ্ধিমান হতে চায় না। হয়ত মনে করছেন যে, বিরোধী পক্ষের লোকেরা মুখেই বলছেন কিন্তু বিলটি পাশ হয়ে গেলে টাকা নেবেন। কিন্তু সত্যিকারের কথা হচ্ছে বিরোধী পক্ষকে ইনসিনসিয়ার যদি মনে করেন তাহলে এই বিলটি উইথড্র করে নিন না। সে ক্ষমতা আপনাদের নেই, সেটা আমরা জানি কিন্তু আপনাদের পক্ষের বহু লোক আছে কিন্তু পার্টি ম্যান্ডেটে আটকে আছেন, যাঁরা সিনসিয়ারলি চান না যে, এই টাকা বাড়ুক।

[5-30—5-40 p.m.]

কারণ আছে অনেক। কারণ দুরকমের—একটা হচ্ছে রিজনিং, আর একটা হচ্ছে সেন্টিমেন্ট। মানুষ সেন্টিমেন্টের জন্য জীবন দিতে কুণ্ঠা করে না। সেজন্য সেন্টিমেন্ট হচ্ছে এই যখন দেশের লোকের অবস্থা এত খারাপ, যখন আমরা নিম্নতম কর্মচারীদের বেতন দিতে পারি না, যখন শিক্ষকদের বেতন বাড়াতে পারি না তখন আমাদের টাকা নেওয়া উচিত কিনা। এটা কোন কোন লোকের মনে স্ট্রাইক করলে তাঁরা যদি অপোজ করেন এবং আপনারা যদি সেটাকে ইনসিনসিয়ার মনে করেন তাহলে আমার মনে হয় এটা ধৃষ্টতা মাত্র এবং এইরকমভাবে প্রত্যেক মানুষকে জাজ করা উচিত নয়। আর একটা কথা শ্রদ্ধেয় বন্ধু নরেননবাবু বলেছেন, অবশ্য ল-ইয়ার উনি, স্যালারি ডিসক্রিমিনেশন কি করে হতে পারে আমার নিজের জ্ঞান নাই, তবে উনি এক্সপ্লেন করলে আমরা বুঝতে পারি। আর টাকার কথা যেটা বলেছেন সেটা হচ্ছে ৫০ টাকা নেবেন না এমন কে কে আছেন লিখে দিন। আমি পার্সোন্যালি নরেনবাবুকে বলতে পারি উনি যদি আমার বাড়িতে যান, তাহলে আমি ৫০ টাকা কেন আরও বেশি টাকা দিতে পারি। আমি একথা চ্যালেঞ্জ করে নরেনবাবুকে বলছি। নরেনবাবুর কোন অধিকার নেই কোন মেম্বারকে অপমান করার। এমন বহু লোক আছেন যাঁরা ৫০ টাকা ১০০ টাকা দান-ধ্যান করেন। নরেনবাবুর কি ধারণা বামপন্থী দলের যাঁরা বলছেন তাঁরা ইনসিনসিয়ারলি বলছেন। নরেনবাবু নিজের

চেহারাখানা নিজের কাছে দেখতে পারেন কিন্তু আমরা অনেক লোক আছি যাঁরা পরিষ্কার বলতে পারি বহু টাকা আমরা সিনসিয়ারিটি অব পার্পাসে দিতে পারি। কারণ, আমরা জানি আমরা যাঁরা বামপন্থী পার্টি করি যে দুশো টাকা পাই সেই টাকা তো দিই-ই, উপরন্তু আমরা নিজের পকেট থেকে বেশি টাকা খরচ করি। কাজেই আমরা ও'দের ভয় করি না। আমরা কংগ্রেসের মেম্বার নই যে, যে টাকাটা পাব সেই টাকাটা পকেটে ভরে নিয়ে ঘরে চলে যাব, সেজন্য আমরা সিনসিয়ারলি বলছি যে, এই বিলটা অপোজ করা উচিত এবং এই বিলটা উইথড্র করা উচিত। আমি এই কথা বলে এই বিলটাকে অপোজ করছি।

শ্রীনিখিল দাস: মিঃ স্পীকার, স্যার, বিলটা সম্পর্কে প্রথম যখন আলোচনা হয় তখন আমি আমার বক্তব্য রাখতে চেষ্টা করেছিলাম এবং আশা করেছিলাম যে, কংগ্রেস দল এবং মাননীয় মন্ত্রিমহাশয় অন্তত বিলটা আর পেশ করবেন না, হাউসের অনুমতি নিয়ে তুলে নেবেন। কিন্তু দেখলাম ও'রা দৃঢ়প্রতিজ্ঞ যে বিলটা আনবেন, মাইনে বাড়াবেন এবং সেটা বাড়াতে গিয়ে দোষটা যাতে বামপন্থীদের ঘাড়ে দেওয়া যায় সে চেষ্টা আপ্রাণ ও'রা করলেন। নরেনবাবু বললেন, ইসাক সাহেব বললেন, বিভিন্ন বক্তার কাছ থেকে শুনলাম একই কথা যে, বামপন্থীরাও চায় মাইনে বাড়ুক, শুধু কাগজে নাম উঠবার জন্য তাঁরা এর বিরোধিতা করছেন। অর্থাৎ আসল প্রশ্ন যেটা ও'রা বলতে চাইছেন সেটা হচ্ছে বামপন্থীদের ঘাড়ে দোষ দিয়ে মাইনে বাড়িয়ে নিই।, দোষ ওদের ঘাড়ে পড়ুক, আমাদের ঘাড়েও পড়ুক, মাইনেটা বেড়ে যাক। কিন্তু মাইনেটা এখন বাড়া উচিত নয়, জনসাধারণ এখন এটা ঠিকভাবে গ্রহণ করতে পারবে না। যখন সরকারী কর্মচারীদের মাইনে ঠিকমত বাড়াতে পারছি না, যখন আমাদের অ্যাসেম্বলিতে যারা কাজ করে তাদের ওভার-টাইমের ব্যাপারে কিছু ঠিক করতে পারছি না, যখন প্রাইমারি টিচার্সদের মাইনে ঠিকমত বাড়াতে পারছি না, যখন সেকেন্ডারি টিচার্সদের ঠিকমত পয়সা দিতে পারছি না এবং যখন দেশের সর্ব-স্তরের মানুষের মধ্যে দুঃখ এবং দারিদ্র্য রয়েছে সেই সময় আইন যাঁরা তৈরি করবেন দেশের অবস্থা ঠিক রাখবার দায়িত্ব যাঁদের ঘাড়ে রয়েছে এবং যাঁরা এই দুরবস্থার জন্য দায়ী তাঁরা নিজেরাই নিজেদের মাইনে বাড়িয়ে নিতে গেলে এই অবস্থায় কংগ্রেসী সদস্যদের যাঁদের এখনও বিবেক আছে, আছে কিনা জানি না, তবে যাঁদের আছে তাঁদের বিবেকে দংশন হচ্ছে এবং সেটা করতে গিয়ে নরেনদা'র মত লোক যিনি সাধারণত ঠিকভাবে কথা বলেন তিনিও আজকে বেসামাল হয়ে গেছেন। বেসামাল হওয়া মানে তিনি কতকগুলি কথা বলেছেন যে কথাগুলি অন্তত কেউ বলে নি। তিনি ভাবছেন যে, কাগজের কাছে বামপন্থীদের আমরা খুব নিচু করে দেব। কিন্তু এইভাবে করা যাবে না। কংগ্রেস তরফে ওপাশে যাঁরা বসে আছেন তাঁদের চরিত্র দেশের মানুষ পরিষ্কার জানে। তারা জানে প্রতিটি কন্ট্রাক্টরের সাথে তাঁদের কি সম্পর্ক রয়েছে। পারমিট বেচে কিভাবে টাকা তাঁরা করেন, কিভাবে অসৎ উপায়ে টাকা উপার্জন করেন সেটা দেশের লোক ভাল করেই জানে। সুতরাং দেশের লোক বামপন্থীদের চরিত্র জানে এবং তাঁদের চরিত্রও জানে। যে জায়গার উপর আমরা দাঁড়িয়ে আছি সেই জায়গা হচ্ছে সততা এবং ত্যাগের জায়গা, সেই জায়গায় কেউ দাগ কাটতে পারে নি। তাই মিঃ স্পীকার, স্যার, ঐসব বাড়তি কথা বলে এখন কোন লাভ নেই, আমি আপনার মাধ্যমে শেষে তার একটা অনুরোধ রাখব, এই বিলটা পেশ না করে তাঁরা তুলে নিন, তাতে বামপন্থী তরফের কেউ দুঃখিত হবে না, দুঃখিত যদি কেউ হয় তাহলে ও'দের তরফের হবে। একবার বিলটা উইথড্র করে দেখুন না কেন আমরা দুঃখিত হই কিনা?

শ্রীমতী আভা মাইতি: মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের তৃতীয় দফার আলোচনায় বিভিন্ন বক্তা একটি কথা বিশেষ করে তুলে ধরবার চেষ্টা করেছেন অন্তত জনমতের জন্য এই বিলটি এখন নিয়ে আসা উচিত নয়, জনসাধারণের মধ্যে একটা বিরাট প্রতিক্রিয়া দেখা দেবে। আমি যখন শুনছিলাম জনমতের কথা, তখন আমার ছোটবেলার একটা ঘটনার কথা মনে পড়ছিল। ১৯৩৭ সালে এই হাউসের আমার পিতা একজন সদস্য ছিলেন। আমি তখন স্কুলে পড়ি। তিনি যখন নির্বাচিত হলেন, তার কয়েকদিন পরে আমার মাকে তিনি ডেকে বললেন, এরপরে মেয়েদের আর জুতো কিনে দিও না। আমাদের ডেকে বললেন, তোমরা আর জুতো পরবে না। কারণ কি? আমি এখন জনসাধারণের ভোটে নির্বাচিত হয়েছি, শিক্ষকতা ছেড়ে দিয়েছি। জনগণের প্রতিনিধি যিনি তাঁর ছেলেমেয়ে যদি জুতো পরে বা এইভাবে চলে, তাহলে জনগণের

মধ্যে একটা প্রতিক্রিয়া হবে। আমার সঙ্গীসাথীরা জুতো পরে বাইরে বেরোত, আর আমি জুতো পরতে পারতাম না। যাই হোক আমি ১৯৬২ সালে সেই একই কনস্টিটিউয়েন্সি থেকে নির্বাচিত হয়েছি, এখন সেখানে বিরাট প্রতিক্রিয়া হবে বলে আমরা জমা গায়ে দেব না? এখন আর সেখানে জনমতের উপর কোন প্রতিক্রিয়া দেখা দেবে না। জনমত বার বার বছরের পর বছর সময়ের সঙ্গে তাল রেখে পরিবর্তিত হয়। জনমত কখনও এক জায়গায় দাঁড়িয়ে থাকে না। আমার বিরোধীপক্ষের বন্ধুরা ধরে নিয়েছেন জনসাধারণের মনের সম্পর্কে তাঁরাই একমাত্র বিশেষজ্ঞ। তাঁরা বিশেষজ্ঞ নন। আমরাও জনগণের প্রতিনিধি হয়ে এখানে এসেছি। কিসে জনসাধারণের উপর প্রতিক্রিয়া হয় তা আমরা বুঝি। এই ধরনের বিল এলে জনসাধারণের উপর প্রতিক্রিয়া হবে--যাতে বিধানসভার সদস্যরা বিব্রত বোধ করবেন, এ ধারণা ঠিক নয়। আমি মনে করি এই বিল জনগণ সমর্থন করবেন, তাঁরা এটা চান। বিভিন্ন নির্বাচনী এলাকাতে বিভিন্ন মন্ত্রীরা যাবেন, সেক্রেটারী যাবেন—কাজ উদ্ধার করে আনবেন। তার জন্য ৫০ টাকা বেশি দিতে চাচ্ছি। তাতে সকলে চান—যাতে তাঁরা বেশি করে সেবা দিতে পারেন। অতএব জনসাধারণের উপর কোন বিরূপ প্রতিক্রিয়া হবে বলে যেকথা বলা হয়েছে তা সত্য নয়। সেইজন্য বলতে চেয়েছি যে, এই বিলের যাঁরা বিরোধিতা করেছেন, তাঁরা ঠিক করেন নাই। আমি সর্বশেষ বলছি, আমি যে বিল এনেছি--তা গৃহীত হোক এবং যেসকল অ্যামেন্ডমেন্ট এসেছে আমি তার বিরোধিতা করছি।

The motion of Shrimati Abha Maiti that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[5-40—5-45 p.m.]

Report of Business Advisory Committee

Mr. Speaker: I present the 26th Report of the Business Advisory Committee which, at its meeting held in my chamber on the 6th May, 1965, considered the business to be taken up by the Assembly on the 7th, 10th and 11th May, 1965, and recommended as follows:—

Friday, May 7, 1965—Motion under Rule 185 by Shri Jyoti Basu.

Monday, May 10, 1965—Debate on Food Situation.

Tuesday, May 11, 1965—Non-official business (2½ hours).

Shri Ardhendu Shekhar Naskar: I beg to move that the 26th Report of the Business Advisory Committee, presented this day, be agreed to by the House.

Mr. Speaker: I take it that the motion is carried.

The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1965

Shrimati Abha Maiti: I beg to introduce the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shrimati Abha Maiti: I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1965, be taken into consideration.

শ্রীমতী আভা মাইতি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার আগের বিলটা যখন এখানে এনেছিলাম তখনও বলেছিলাম, এখনও আমি সেই কথাই বলছি যে, বিগত বাজেট অধিবেশনে আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই হাউসএ ঘোষণা করেছিলেন যে, ব্যয়সঙ্কোচের বিশেষ

ব্যবস্থা হিসাবে মন্ত্রিগণের বর্তমান মাসিক ১,০০০ টাকার পরিবর্তে ৯০০ টাকা বেতন লইবার সিদ্ধান্ত করেছেন। এই ব্যবস্থাটাকে আইনানুগ করবার জন্য এখানে এই ছোট্ট অ্যামেন্ডমেন্টটা এনেছি। এই যে অ্যামেন্ডমেন্টটা আমি এনেছি তাতে বলা হয়েছে চীফ মিনিস্টার, যিনি ১২৫০ টাকা মাইনে পেতেন, তাঁর মাইনে হ্রাস করে ১১৫০ টাকা করা হচ্ছে এবং মিনিস্টাররা যাঁরা এক হাজার টাকা মাইনে পেতেন সেই জায়গায় ৯০০ টাকা করা হচ্ছে এবং মিনিস্টার অফ স্টেট যাঁরা আগে কোনরকম গাড়ির সুবিধা পেতেন না, সরকার থেকে একটা শুধু অ্যালাওয়্যান্স পেতেন তা বদল করে তাঁদের গাড়ির ব্যবস্থা করা হচ্ছে। আমি মনে করি এটা খুবই সাদাসিধে বিল, এটা সকলেই গ্রহণ করবেন।

Shri Sanat Kumar Raha: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1965.

শ্রীসনৎকুমার রাহা: স্পীকার মহাশয়, যে বিলটা আনা হয়েছে জরুরী অবস্থার মধ্য দিয়ে সেটা আগে থেকে চালু ছিল বর্তমান বিলটার উদ্দেশ্য হল শুধু আইনানুগ করে নেওয়া। আমার বক্তব্য হচ্ছে যে, অ্যাসেম্বলি মেম্বারসদের সংগে মিনিস্টারদের যে বেতন, তার পার্থক্য যথেষ্ট থেকে যাচ্ছে। কাজেই বিলএর ফরম্যালি বিরোধিতা না করলেও সমালোচনা করছি এইজন্য, যদি নীতিগতভাবে করা যায় আমাদের দেশের যে অবস্থা তার পরিপ্রেক্ষিতে সাধারণ লোকের স্তর থেকে এম এল এদের এবং এম এল এ-দের স্তর থেকে মিনিস্টারদের ফারাক—বেতনের এই বৈষম্যকে দূর করা উচিত। আমি মনে করি মিনিস্টারদের উচিত ছিল যখন আপনারা এমপ্লয়মেন্টস বাড়াচ্ছেন এম এল এ-দের তখন দৃষ্টিভঙ্গি থাকা উচিত ছিল যে, কতক্ষণ তাঁরা মাইনে নেবেন। ইমারজেন্সি পিরিয়ড জরুরী অবস্থা, দেশের সংকট, এই সমস্ত পরিস্থিতিকে সামনে রেখে যদি এদের এমলিউমেন্টস না বাড়িয়ে যদি মিনিস্টাররা আরও বেশি কমাতে পারতেন তাদের বেতন তাহলে আমি এই বিলকে সমর্থন করতে পারতাম। কাজেই আজকে যে অ্যামেন্ডমেন্ট এনেছেন যেটা আমি মনে করি আনুষ্ঠানিকভাবে আইনানুগ করার জন্য এই বিলটা এনেছেন, এতে দেশের সেবার দৃষ্টিভঙ্গি নিয়ে দেশের লোকের সংগে সমতা রক্ষা করে সমাজতন্ত্রের দৃষ্টিভঙ্গি নিয়ে এই সরকার পরিচালনা করা, জরুরী অবস্থাতে যে দৃষ্টিভঙ্গি নিয়ে দৃঢ় থাকা উচিত ছিল, সেই মনোবলের অত্যন্ত অভাব, কাজেই আমি এই বিলটাকে সর্বতোভাবে সমর্থন করতে পারছি না। আমার আর কিছু বলার নেই, যা বলার আগেই বলেছি।

[5-45—5-56 p.m.]

শ্রীনাথানিয়েল মুর্মু: স্পীকার মহাশয়, এই যে মন্ত্রীদের মাইনে বাড়ালে এবং কমালে এবং ভাতা বাড়ানো এবং কমানোর ব্যাপারে যে বিলটা এসেছে, এই বিলটা জনমত গ্রহণের জন্য পাঠানো হবে। এর আগে যে বিতর্ক হয়েছে, সেই বিতর্কে যে বক্তব্য আমাদের সদস্যরা রেখেছেন এই ক্ষেত্রে ঠিক সেই বক্তব্য আমরা রাখব। আমরা বলতে চাই যে, মন্ত্রীদের মাইনে কিছুটা কমিয়ে দিয়ে এদের ভাতাটা বাড়িয়ে দিয়ে গড়পড়তায় একই জায়গায় রাখা হোক, আজকে দেশে যে জরুরী অবস্থা—তিনি বলছেন জরুরী অবস্থা রয়েছে, সেটাও আপনি দেখছেন সেই জরুরী অবস্থাকে ব্যয়সংকোচ করার কথা সর্বত্র তাঁরা বলেন, আমরা দেখেছি যে, কোন কোন মন্ত্রী বা তাঁর পরিবার বা তাঁদের আত্মীয়-স্বজনের যেসব বিবাহ বা উৎসব হচ্ছে, সেইসব জায়গার ইলেকট্রিক বিল যে পরিমাণ উঠেছে তা নিয়ে জনসাধারণের মধ্যে সমালোচনা হয়েছে। মন্ত্রীরা আদর্শস্থানীয় হবেন, মন্ত্রীরা আইনকানুন গঠন করেন, তাঁদের চালচলন আচার ব্যবহার যদি ভাল হয়, আদর্শস্থানীয় হয় তাহলে এই ইমারজেন্সির টাইমএ জনসাধারণ উৎসাহিত হবেন। কাজেই আজকে ইমারজেন্সি রয়েছে বলে তাঁরা স্বীকার করেন, এই অবস্থাতে যা চলছিল তা চলতে দিলে তাঁদের কোনও অসুবিধা ছিল না, অহেতুক মাইনে কমানো বা বাড়ানো বা ভাতা বাড়ানোর একটা বিতর্কমূলক যে অবস্থা, সেই অবস্থাকে সৃষ্টি করছেন কেন? জনসাধারণের যে বক্তব্য, সেই বক্তব্য নিশ্চয়ই এই সম্পর্কে রয়েছে আজকে আমরা দেখেছি। এদিকে তাঁরা দেখছি যে, কিছু কিছু ত্যাগ স্বীকার করেছেন। একশো টাকা তাঁরা কম নিচ্ছেন। কিন্তু এই বিধানসভার টেলিফোন বিল, ইলেকট্রিক বিল, এয়ারকন্ডিশন বিল, তাতে দেখেছি যে হাজার হাজার টাকা

অপব্যয় হচ্ছে। কাজেই জনসাধারণ যাতে প্রত্যক্ষভাবে তাদের বক্তব্য রাখতে পারে, জনমত যাতে সংগৃহীত হতে পারে এবং জনমতের তরফ থেকে মন্ত্রীদের আচার-ব্যবহার কি হওয়া উচিত এই জিনিসটা যাতে সুনির্দিষ্টভাবে জানতে পারে, তার জন্য আমি দাবি করছি যে, এই বিলটা একটি নির্দিষ্ট সময়ের মধ্যে জনমত সংগ্রহের জন্য প্রচার করা হোক।

Shri Natheniel Murmu: Sir, I beg to move that the Bill be circulated for this purpose of eliciting openion thereon by the 30th June, 1965.

আমার আর কিছু বলার নেই, যা বলার আগেই বলেছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clause 1

Mr. Speaker: Amendment No. 2 is not moved. So, I put the clause.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Somnath Lahiri: Sir, I beg to move that in clause 2(1), line 2, for the figures "1,150" the figures "750" be substituted.

I further move that in clause 2(2), line 2, for the figures "900" the figures "500" be substituted.

শ্রীসোমনাথ লাহিড়ী: আমার ক্লজ নং (২)তে দুটো অ্যামেন্ডমেন্ট আছে। অ্যামেন্ডমেন্ট নং ৩তে মুখ্যমন্ত্রীর মাইনে ১১৫০এর জায়গায় ৭৫০ করা হোক আর ৫নং অ্যামেন্ডমেন্ট হচ্ছে অন্য মন্ত্রী ৯০০ টাকা সাজেস্ট করা হয়েছে, সেটা ৫০০ টাকা করা হোক। এই অ্যামেন্ডমেন্ট দুটো মুভ করছি। কেন করছি সংক্ষেপে বলে শেষ করতে চাই। প্রথমত মন্ত্রীদের মাইনেটা হচ্ছে—আমি আগে একবার বলেছিলাম তারা মাইনের থেকে অন্য জিনিস অনেক বেশি পান। ধরুন যা আমাদের আইনত দেওয়া আছে একজন মন্ত্রীকে সিমপ্যাথি অ্যালাওয়্যান্স ২৫০ টাকা, রেন্ট বাস্তবিক যা বাড়ী তাঁরা নেন সেদিন আমরা দেখছিলাম তাতে হাজার টাকা তার ভাড়া হওয়া উচিত। যাহোক বিধানমতে ৩৫০ টাকা পান। টি, এ, বিধানমতে ৩০০ টাকা পান, অর্থাৎ এক হাজার টাকা মাইনের একজন মন্ত্রী অন্যান্য অ্যালওয়্যান্স নিয়ে ৯০০ টাকা পান। তাছাড়া টেলিফোন খরচ প্রায় ৫০০ টাকা মত মাসে হয়, ইলেকট্রিক-এর হিসাব কালকে দেখছিলাম প্রায় মাসে ১২৫ টাকা হয়, ফারনিচার বাবত ২০০ টাকা নিশ্চয়ই হয়। সুতরাং বাংলাদেশে যে একটা কথা আছে ছেলের থেকে ছেলের পাইখানা ভারী। এটাও ঠিক সেইরকম অবস্থা। মিনিস্টারদের মাইনের থেকে তাদের ভাতা অনেক বেশি। আমি একটা হিসাব দেখলাম তাতে দেখছি যে, মন্ত্রীদের মাইনের জন্য ১৯৬৫।৬৬ সালের বাজেটে ধরা হয়েছে ১ লক্ষ ৮৭ হাজার টাকা, আর অন্যান্য অ্যালাওয়্যান্স ইত্যাদির জন্য ধরা হয়েছে ৮ লক্ষ ২৩ হাজার টাকা। অর্থাৎ প্রায় প্রতি ১ হাজার টাকা মাইনের পিছনে ৪ হাজার ৪০০ টাকা খরচা, তার উপর টেলিফোন এক্সপেন্সেস আছে। সুতরাং মাইনে না নিলেও বিশেষ ক্ষতি হয় বলে মনে হয় না। অবশ্য এখানে আমাদের এম এল এ-দের মাইনে বাড়ানো হল ২০০ টাকাব জায়গায় ২৫০ টাকা। এটাকে অন্যান্য দেশের সঙ্গে তুলনা করলে দেখতে পাই যে, ক্যানাডায় মিনিস্টারের মাইনে হল ১৫০০ ডলার, আর এম পিদের মাইনে হল ৮ হাজার ডলার—অর্থাৎ মন্ত্রীদের মাইনে কম মেম্বারদের তুলনায়। ইউ এস এ-র প্রেসিডেন্টের যিনি সেক্রেটারী ক্যাবিনেট মিনিস্টার, তাঁর মাইনে হল ২০ হাজার ডলার এবং সিনেটর বা মেম্বারস, হাউস অফ রিপ্রেজেন্টেটিভ, তাঁদের

মাইনে হল ২২ হাজার ৫০০ ডলার—অর্থাৎ প্রায় সমান। বিলাতে মন্ত্রীদের মাইনে ৫ হাজার, এখন কি হয়েছে জানি না এবং এম পি-দেব মাইনে ১৭০০—অর্থাৎ ১=৩। অর্থাৎ যার থেকে দেখা যায় মোটের উপর এম এল এ, এম পি-দের মাইনের তুলনায় মন্ত্রীদের মাইনে ডাবল হয়। সেই হিসাবে আমাদের মেম্বারদের মাইনে যা হয় তাতে মন্ত্রীদের মাইনে ডবল নিন—অথাৎ ৫০০ টাকা। তাঁরা যে হাজার টাকা থেকে ৯০০ টাকায় নেমেছেন এটা ভাল লক্ষণ। কিন্তু এটাকে যদি এইভাবে প্রচার করা হয় যে, আমরা ভীষণ স্বার্থত্যাগ করলাম তাহলে আমি বলব সেটা ঠিক হবে না। সেইজন্য আমি বলব মুখ্যমন্ত্রীর মাইনে ৭৫০ টাকা এবং অন্যান্য মন্ত্রীদের মাইনে ৫০০ টাকা হওয়া উচিত। এইভাবে আমি আমার অ্যামেন্ডমেণ্ট মুভ করলাম।

শ্রীমতী আভা মাইতি: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সোমনাথবাবু যেকথা বললেন তার কোন যৌক্তিকতা আছে বলে আমি মনে করি না। ক্যানাডা বা ইংল্যান্ডের মতন যখন আমাদের অবস্থা হবে তখন সেই ব্যবস্থা করা যাবে। অর্থাৎ ওঁদের মাইনে বাড়বে আর মন্ত্রীদের মাইনেটা বাড়বে কি কমবে তখন দেখা যাবে। আর ৮ লক্ষ, ১ লক্ষ যে ফিগার দিলেন তাতে ১ লক্ষ যদি মাইনে হয়, ৮ লক্ষ কেন খরচ হবে সেটা তিনি বুঝতে পারলেন না। তিনি নিশ্চয় আশা করেন না যে, মন্ত্রীরা কেউ গাড়ি চড়ে যাবেন না হেঁটে যাবেন, তিনি বোধহয় মনে করেন না যে, মন্ত্রীরা টেলিফোন ব্যবহার করবে, ফুটপাতে বসে মন্ত্রিত্ব করবেন। সুতরাং আমি মনে করি না যে, তাঁর কথার কোন যৌক্তিকতা আছে।

The motion of Shri Somnath Lahiri that in clause 2(1), line 2, for the figures "1,150" the figures "750" be substituted, was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that in clause 2(2), line 2, for the figures "900" the figures "500" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3 and 4

The question that clauses 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shrimati Abha Maiti: Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-56 p.m. till 1 p.m. on Friday, the 7th May, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 7th May, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 186 Members.

Scarcity of drinking water in the Assembly House

[1—1-10 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় স্পীকার মহোদয় একটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি এ্যাসেম্বলীতে এসে দেখলাম যে কোন পানীয় জলের ব্যবস্থা নাই—এটা কি ব্যাপার আমি জানতে চাই।

Shri Kamal Kanti Guha:

আপনি স্যার, একটা কিছু বলুন—আমরা পানীয় জল পাবো না?

Dr. Kanai Lal Bhattacharyya:

এটা স্যার, একটা সিরিয়াস ব্যাপার—আমরা জল না খেয়ে এখানে এসেছি।

Mr. Speaker:

ঠিক আছে, কোন অসুবিধা হবে না—ইট ইজ মাই ডিউটি টু সি দ্যাট ইউ গেট ড্রিঙ্কিং ওয়াটার।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Purchase of Paddy by Government through Co-operative Societies

***576.** (Admitted question No. *2551.)

শ্রীঅশ্বিনী রায়: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার সমবায় সমিতি মারফৎ ধান্য-ক্রয় আরম্ভ করিয়াছেন?

(খ) সত্য হইলে, মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) উক্ত সংগ্রহকার্য কখন আরম্ভ হইয়াছে;

(২) ২১শে মার্চ পর্যন্ত জেলা-ভিত্তিতে সংগ্রহের পরিমাণ ; এবং

(৩) এই সংগ্রহের জন্য প্রতিটি সমবায় সমিতিকে অগ্রিম টাকা-দানের পরিমাণ (অ্যাডভান্স) ও প্রথম দানের তারিখ?

Shri Tenzing Wangdi:

(ক) হ্যাঁ।

(খ) (১) ডিসেম্বর ১৯৬৪ হইতে।

(খ) (২) ২১শে মার্চ পর্যন্ত জেলা ভিত্তিতে ধান্য সংগ্রহের পরিমাণ নিম্নে প্রদত্ত হইলঃ

ধান্য সংগ্রহের পরিমাণ

কুইন্টাল	কে, জি,
১,২১৭	৮৫
৪,০৭৪	৬৮
৪,৯১১	২০
২,১২৭	৮০
১,৩৭৫	০৪
২৭,৯৬০	০০
৮০৭	০৯
৩,৩৭৯	১৩
৪৫,৭৯৪	০২
২ ৮৪৫	৭৫
৩,৭৮৪	.৩০
৯৮,৫৭০	৩৫৬

(খ) (৩) রাজ্য সরকার কর্তৃক কোন সমিতিকে ধান্য ক্রয় করিবার জন্য অগ্রিম টাকা দেওয়া হয় নাই। তবে এই সকল সমিতি তাঁহাদের নিজ নিজ কেন্দ্রীয় সমবায় ব্যাংক হইতে যাহাতে এই উদ্দেশ্যে দাদন পাইতে পারে, তজ্জন্য রাজ্য সরকার সর্বসাকুল্যে ১৭ লক্ষ টাকা পর্যন্ত গ্যারান্টি দিতে রাজী হইয়াছেন।

Shri Bejoy Kumar Banerjee:

আপনি ইংরাজীতে বলুন, বাংলায় বুঝতে পারছি না।

Shri Tenzing Wangdi:

আচ্ছা।

(Ka) Yes.

(Kha) (1) The Co-operative Societies concerned started purchase of paddy on Government account from the month of December, 1964.

(2) The quantity of paddy purchased by the Co-operative Societies on Government account in different districts up to 21st March, 1965 was as follows:—

			Quintal.	Kg.
1.	Murshidabad	... ...	1,217	85
2.	Burdwan	.. ...	4,374	68
3.	Midnapore	.. ..	4,911	20
4.	Hooghly	... ..	2,127	80
5.	Birbhum	... ...	1,375	04
6.	Purulia	... ...	27,960	00
7.	Jalpaiguri	... ...	807	09
8.	Cooch Behar	... ..	3,379	13
9.	West Dinajpur	... ...	45,794	02
10.	Maldah	... ...	2,845	75
11.	Bankura	... ...	3,784	00
		Total ...	98,593	356

(3) No advance was granted by the Government to the societies concerned for the purchase of paddy. But the State Government agreed to give guarantee up to a maximum of 17 lakhs in all in order that the co-operative societies could obtain advance from the respective Central Co-operative Banks.

Shri Aswini Roy: Is the guarantee of 17 lakhs only for one society or all the societies in the district?

Shri Tenzing Wangdi: This arrangement is made for all the societies.

Shri Aswini Roy: While the Government's policy is to procure all surplus paddy in all the districts, how far it would be able to procure the paddy only by guarantee of 17 lakhs?

Shri Tenzing Wangdi: This scheme is primarily meant for purchase of paddy from those areas where the producers do not have the holding power and where they are prepared to sell the paddy at the then prevailing market rate.

Shri Aswini Roy: Whether the number of societies in Purulia is in proportion to that of Burdwan which is a bigger area and what is the number in Burdwan?

Shri Tenzing Wangdi: I cannot tell you off-hand; if you give notice, I can give the answer.

Shri A. H. Besterwitch: Is there any co-operative society in Darjeeling for procurement of foodgrains?

Shri Tenzing Wangdi: In Darjeeling there is no society for this particular scheme.

Shri A. H. Besterwitch: What is the reason for Jalpaiguri and Darjeeling co-operative societies not purchasing paddy?

Shri Tenzing Wangdi: In Darjeeling excepting Kalimpong the other subdivisions do not purchase any paddy or if they purchase, they purchase a very small quantity.

[1-10—1-20 p.m.]

Shri A. H. Besterwitch: When I speak about Darjeeling, the Hon'ble Minister thinks about the hill areas of the district; but there are other areas in Darjeeling district where paddy is cultivated. That is why I wanted to know why paddy is not collected there. Is it because paddy has been purchased in advance by the millowners and stockists?

Shri Tenzing Wangdi: Siliguri subdivision in Darjeeling is a subdivision where paddy is produced on a large scale, but as conditions for which the scheme has been introduced are not prevalent there, paddy has not been collected from there.

Shri A. H. Besterwitch: I want to know from the Hon'ble Minister whether it is a fact that the paddy cultivated in Siliguri subdivision has been sold to the millowners and stockists at a cheaper rate—Rs. 5 or Rs. 6 per maund, and that is why the Co-operative Societies have not been able to collect it?

Shri Tenzing Wangdi: This has not come to the notice of Government.

Shri Aswini Roy: Has Government any proposal to increase the guarantee sum of Rs. 17 lakhs?

Shri Tenzing Wangdi: If necessary Government might consider it.

Shri Abani Basu: Will the Hon'ble Minister kindly account for the high procurement figure in Purulia district and also the comparatively lower figures in so far as the surplus districts of Birbhum, Burdwan and Midnapore are concerned?

Shri Tenzing Wangdi: Obviously, the cultivators of Purulia do not have the holding power.

Tribal Training Institute, Belpahari

***577.** (Admitted question No. *2586.)

শ্রীনাথানিয়েল মুরমুঃ আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বেলপাহাড়ীতে যে ট্রাইবেল ট্রেনিং ইনস্টিটিউট আছে তাহার কর্মপদ্ধতি কি কি;

(খ) এই পর্যন্ত ঐ ইনস্টিটিউট হইতে কতজনকে শিক্ষা দেওয়া হইয়াছে;

(গ) ঐ সেন্টার-এর কর্মীদের জন্য বেতন ইত্যাদি বাবদ গড়ে বাৎসরিক কত ব্যয় হয়; এবং

(ঘ) প্রতি বৎসর এই ইনস্টিটিউট-এর জন্য সর্ব-সাকুল্যে গড়ে কত টাকা ব্যয় হয়;

Shri Tenzing Wangdi: (a) The object of training in the Social Work-

ers' Training Institute at Belpahari is to train social workers employed by this Government or by the non-official organisations working in this State as well as the field level officers of this Government who are engaged in Tribal Welfare activities.

(b) 54.

(c) Rs. 27,800.

(d) Rs. 44,000.

Shrimati Santi Das:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ট্রেনিং সেন্টারে ট্রেনিং শেষ করার পর যারা নাকি ট্রেনিজ তারা কোথায় যায়, কোথায় তারা অ্যাপয়েন্টেড হয়?

Shri Tenzing Wangdi: The trainees are mostly Government officers representing the various departments, and after they finish training they naturally go back to their departments.

Shrimati Santi Das:

ওয়েস্ট বেঙ্গলে শুধু এই বেলপাহাড়ী ছাড়া অন্য কোন জেলায় এই ট্রাইবাল ট্রেনিং সেন্টার আছে?

শ্রীতেনজিং ওয়াংদি: দিস ইজ দি ওনলি সেন্টার অফ ইটস কাইন্ড ইন দি স্টেট।

শ্রীমতী শান্তি দাস: আমরা যেটুকু জানি সেটা হচ্ছে পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরে কতকগুলি ব্লক কতকগুলি পকেট আছে যেখানে নাকি ট্রাইবাল ওয়েলফেয়ার অ্যাক্টিভিটিজ করলে ভাল হয়। এই রকম কি কোন পরিকল্পনা আছে সরকারের পার্টিকুলারলি পুরুলিয়া এবং বাঁকুড়ার জন্য ট্রাইবাল ওয়েলফেয়ার ট্রেনিং সেন্টারের?

Shri Tenzing Wangdi: It is a question of fund. If funds permit, I would be only too glad to open Centres in as many places as possible.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister has stated that they have started a Tribal Training Centre in Midnapore. But it is beyond my imagination that a Tribal Training Centre should be opened in Midnapore and not in Jalpaiguri district, particularly in Dooars where there are more tribal people than anywhere else in the State. Is the Government thinking of opening such Tribal Training Centres in the district of Jalpaiguri, particularly in Dooars.

Shri Tenzing Wangdi: Just now I have told you that it is a question of funds. Funds permitting, I shall be only too glad to have as many centres as possible in the State.

Shri Narayan Choubey: What sort of training is given to these people—what is the course of training?

Shri Tenzing Wangdi: These trainees are given training in the various problems affecting the everyday life of the various tribes that we have in our State. The syllabus is a very long one and if I read the syllabus, it will take too much time of the House.

Shri Narayan Choubey: What are the peculiar problems on which they are given training?

Shri Tenzing Wangdi: They are given training, for example, in basic education, agriculture, sanitation, animal husbandry and so on.

Shri Narayan Choubey: Most of the tribal people of our State are landless people. Do you give them any training as to how to acquire land?

Shri Tenzing Wangdi: Not in that particular centre.

Shri Aswini Roy: What is the total period for training?

Shri Tenzing Wangdi: The period of training is according to the category of the trainees. We have got four categories of trainees. For categories 1 and 2, the training period is three months and, for other categories, it is six weeks.

Shri Sanat Kumar Raha:

ট্রেনিং হয়ে গেলে তারা কোন ডিপার্টমেন্টে কি চাকুরি করে?

Shri Tenzing Wangdi:

আমি আগেই বললাম অনেক ডিপার্টমেন্টে

We try to get trainees from various departments of our Government. After having received the training, they go back to their own departments.

Shri Sanat Kumar Raha: Please name the departments where they are suitably employed.

Shri Tenzing Wangdi: We get trainees mostly from the Education Department, Block Development Department, Agriculture Department, Co-operative Department and others.

Supply of electricity to Railway Stations by State Electricity Board

***578.** (Admitted question No. *2595.)

শ্রীসনৎকুমার রাহা: শিল্প-বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড পশ্চিমবঙ্গে কয়টি রেল স্টেশনে বিদ্যুৎ সরবরাহ করে;

(খ) রেল স্টেশন বৈদ্যুতীকরণের কাজ এই বোর্ড করে কিনা;

(গ) হাওড়া ডিভিসনে খাগড়াঘাট রোড রেল স্টেশনটি বৈদ্যুতীকরণের দায়িত্ব স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড লইয়াছে কিনা?

Shri Tarun Kanti Ghosh:

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার মোট ১০১টি রেল স্টেশনে সরাসরি এবং ৪টি স্টেশনে লাইসেন্সের মাধ্যমে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বিদ্যুৎ সরবরাহ করে। তালিকা বিধান সভার গ্রন্থাগারের টেবিলে রক্ষিত হইল।

(খ) স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কেবলমাত্র রেলওয়ে প্রশাসনিক কর্তৃপক্ষ নির্দেশিত স্থানে মিটার স্থাপন করিয়া বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করিয়া থাকে।

(গ) না।

List of Railway stations in various divisions to which supply of power is made by the West Bengal State Electricity Board.

Barrackpore division	Siliguri division
1. Barrackpore	1. Kaliaganj
2. Kalyani	2. Old Malda
3. Basirhat	3. Raigunj
4. Madanpur	4. Dewanhat
5. Baraset	5. Vetaguri
6. Simurali	6. Dinhata
7. Hridaypur	7. Alipurduar
8. Taki	8. Cooch Behar
9. Hasnabad	9. Siliguri Town
10. Maslandpur	10. Kurseong
11. New Barrackpore	11. Harishchandrapur
12. Madhyamgram	12. Haldibari
13. Asokenagar	13. Changrabandha
14. Gobardanga	14. Mal
15. Habra	
16. Goma	
17. Duttapukur	

Calcutta division

1. Baruipur
2. Sonarpur
3. Diamond Harbour
4. Mallickpur
5. Canning
6. Champahati
7. Subhas Gram
8. Deula
9. Dakshin Barasat
10. South Garia
11. Mograhat

Krishnagar division

1. Ranaghat (including bulk supply)
2. Kalna
3. Santipur
4. Fulia
5. Chakdah
6. Birnagar
7. Badkulla
8. Aranghata
9. Kalinarayanpur
10. Katwa
11. Dainhat
12. Beldanga
13. Debagram
14. Bethuadahari
15. Palassey
16. Jiaganj
17. Abimganj (including bulk supply)
18. Murshidabad
19. Bhagwangola
20. Lalgola
21. Nimtita

Burdwan division

1. Durgapur
2. Panagar
3. Kajoragram
4. Vedia
5. Guskara
6. Burdwan
7. Khana
8. Saktigarh
9. Memari
10. Boinchee
11. Pandua
12. Mogra

Howrah division

1. Singoor
2. Dankuni
3. Chanditola
4. Deulti
5. Bagnan
6. Bargachia
7. Amta
8. Uluberia

Kharagpur division

1. Kolaghat
2. Mechada
3. Jhargram
4. Surdia
5. Panskura
6. Chandrakona Road
7. Salboni
8. Jhantipahari
9. S. E. Rly. Anara
10. S. E. Rly. Kharagpur
11. S. E. Rly. Adra
12. Kalaikunda

Suri division

1. Suri
2. Sainthia
3. Dubrajpur
4. Pandaveswar
5. Baraboni
6. Nalhati
7. Rampurhat
8. Mollarpur
9. Ahmedpur
10. Santiniketan

শ্রীসনৎ কুমার রাহাঃ মিঃ স্পীকার, স্যার, টেবিলে অ্যানসার নেই, কাজেই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে আগে টেবিলে অ্যানসার না পেলে আমাদের সাপ্লিমেন্টারী করতে অসুবিধা হয়। আমার সাপ্লিমেন্টারী হচ্ছে রেলওয়ে স্টেশনগুলিতে বোর্ড বৈদ্যুতিক করণের কাজ করে কিনা? যেমন খাগড়া ঘাট রেল স্টেশনের কথা বলেছি সেখানে ৩ বছর ধরে চেষ্টা হচ্ছে ইলেকট্রিফাই করার। কিন্তু
Neither the State Electricity Board nor the Railways are electrifying that station.

শ্রীতরুণ কান্তি ঘোষঃ সনৎবাবুকে আমি বলে দিই যে আমরা রেল স্টেশনের ভেতর কোন ইলেকট্রিফিকেশন করি না। আপনি যদি আপনার বাড়ীতে পাওয়ার চান তাহলে আমরা পাওয়ার দিতে পারি কিন্তু ভেতরের কানেকসান আপনি করে নেবেন। তেমনি ভেতরের কানেকসানটা রেলওয়ে অ্যাডমিনিস্ট্রেসান করেন। আর খাগড়া স্টেশনের কথা যেটা জানতে চেয়েছেন সেটা হচ্ছে তাঁরা আমাদের কাছে বলেছিলেন, আমরা অক্টোবর ১৯৫৯ সালে ৩৯ হাজার টাকা খরচ হবে বলে একটা এস্টিমেট পাঠিয়েছিলাম। তারপর তাঁদের কাছ থেকে কোন উত্তর পাইনি এবং তাঁদের নির্দেশও পাইনি যে কানেকসান দিয়ে দাও।

শ্রীসনৎ কুমার রাহাঃ এর আগের কোশ্চেনে অ্যানসার পেয়েছিলাম টাকার পরিমাণ বেশী চেয়েছিলাম বলে তাঁরা রাজী হননি এটা কি সত্য?

শ্রীতরুণ কান্তি ঘোষঃ আমাদের কোন উত্তর দেয় নি। বেশী চাইবার জন্য যদি রাজী না হয়ে থাকে তাহলে আমাদের কাছে জানান উচিত। তাঁরা চিঠির কোন উত্তরই দেন নি।

শ্রীসনৎ কুমার রাহাঃ স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কোন কর্তব্য আছে কি না যে, রেলওয়ে স্টেশনগুলি ইলেকট্রিফাই করতে গেলে তাদের চাপ দিয়ে বলা যে তোমাদের ওসবগুলি করতে হবে?

[1-20—1-30 p.m.]

শ্রীতরুণ কান্তি ঘোষঃ আপনি জিনিসটা বুঝুন সনৎবাবু, যে রেলওয়ে অ্যাডমিনিস্ট্রেসান একটা রয়েছে। তারা আমাদের বলে দিলে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে দিই এবং সেই অনুযায়ী আমরা কাজ করব। এখন কোন রেলওয়ে স্টেশনে ইলেকট্রিফিকেশন করব কি করব না এটা আমাদের দ্বারা সম্ভব নয়।

শ্রীসনৎ কুমার রাহাঃ আমি বললাম ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের মধ্যে যে সমস্ত রেলওয়ে স্টেশন আছে বাই দি নেগলিজেন্স অফ দি রেলওয়ে বোর্ড, সেগুলি এক্সপায়ার্ড হচ্ছে না। এ সম্পর্কে গভর্নমেন্ট থেকে তাদের প্রেসার দিয়ে, তাদের দৃষ্টি আকর্ষণ করে তাড়াতাড়ি কুইকেন এটা করা যায় কিনা ইলেকট্রিফিকেশন, এটা চেষ্টা করবেন কি?

শ্রীতরুণ কান্তি ঘোষঃ আপনি রেলওয়ে অথরিটির কাছে চিঠি লিখুন, আমিও আপনাদের সঙ্গে চিঠি লিখব।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ খাগড়াঘাট রেলওয়ে স্টেশনের কর্তৃপক্ষ আপনাদের কাছে কোন অনুরোধ করেন নি?

শ্রীতরুণ কান্তি ঘোষঃ তাঁরা যেটা জানতে চেয়েছিলেন, আমরা ১৯৫৯ সালের অক্টোবর মাসে উত্তর দিয়েছিলাম যে এই খরচ হবে। তারপর তারা যদি আমাদের কাছে না কিছু জানায় তো আমাদের অন্য কিছু করার প্রশ্ন নেই।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ কতকগুলি স্টেশনে যাত্রীদের ভীড়ে রাত্রিতে যাতায়াতের অসুবিধা হয়। সেখানে যদি ইলেকট্রিফিকেশন আনবার চেষ্টা করতে হয় তাহলে কোন অথরিটির কাছে আমাদের অ্যাপলিকেশন করতে হবে, টু দি রেলওয়ে বোর্ড, না, টু দি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড?

শ্রীতরুণ কান্তি ঘোষঃ আই ক্যান অনলি অ্যানসার, আমি বলতে পারি, নট টু দি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, কার কাছে করতে হবে এর চেয়ে বেশী আমি বলতে পারব না।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ আমার প্রশ্নটা হচ্ছে এই যে ব্যান্ডেল প্রোজেক্ট হয়েছে। এখন সেখানকার লাইনের কিছু স্টেশন অন্ধকার হয়ে থাকে। এখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে সেখানে আলো দেবার কোন ইনিসিয়েটিভ নেওয়া হয়েছে কি?

শ্রীতরুণ কান্তি ঘোষঃ নারায়ণবাবু সেটা আমি ঠিক বলতে পারব না।

শ্রীসুনীল দাস গুপ্তঃ এটা কি ঠিক যে রেলওয়ে কর্তৃপক্ষ বলছেন বারে বারে তাগাদা দেওয়া সত্ত্বেও স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কারেন্ট দিচ্ছে না ইলেকট্রিফিকেশনের জন্য

শ্রীতরুণ কান্তি ঘোষঃ দয়া করে জানালে ভাল হয় নাকি?

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারীঃ মাননীয় মন্ত্রিমহোদয়কে জিজ্ঞাসা করছি এই যে রেলওয়ে স্টেশনগুলি স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাছে বিদ্যুৎ সরবরাহের জন্য যদি সমস্ত স্টেশন চায় তাহলে তাদের এই যে ইলেকট্রিক ক্যাপাসিটি আছে তাতে তারা দিতে পারবে?

শ্রীতরুণ কান্তি ঘোষঃ যদি প্রশ্ন করার কোন মানে আছে কি

Families affected by the border incidents

***579.** (Admitted question No. *2626.)

শ্রীঅনঙ্গমোহন দাশঃ উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর এই রাজ্যের সীমান্তে পাকিস্তানী হামলার ফলে কত ব্যক্তি আশ্রয়হীন হইয়াছে; এবং

(খ) উহাদের আশ্রয়-দান ও পুনর্বাসনের জন্য কিরূপ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

Shrimati Abha Maiti:

(ক) কুচবিহার সীমান্তে পাকিস্তানী হামলার ফলে প্রায় ১৫,০০০ ব্যক্তি আশ্রয়হীন হন।

(খ) উদ্বাস্তুদিগকে কুচবিহার ও জলপাইগুড়ি জেলার বিভিন্ন বিদ্যালয় ভবনে ও মন্দিরে আশ্রয় দেওয়া হয়, সাময়িক আবাস নির্মাণের জন্য তাহাদের মধ্যে বেশ কিছুসংখ্যক তাঁবুও বিতরণ করা হইয়াছে। উদ্বাস্তুদিগের ত্রাণ ও পুনর্বাসনের জন্য নিম্নলিখিত বরাদ্দ অদ্যাবধি মঞ্জুর করা হইয়াছেঃ—

(১) পরিবার পিছু ৪০০ টাকা হারে গৃহ নির্মাণ অনুদান—১,৫০,০০০ টাকা

(২) কৃষি সরঞ্জাম ক্রয়ের জন্য অনুদান—৩০,০০০ টাকা

(৩) বীজ ক্রয় অনুদান—৬০,০০০ টাকা

(৪) পশুখাদ্য ক্রয়ের জন্য অনুদান—১৮,০০০ টাকা

(৫) অকৃষিজীবি পরিবারদের ব্যবসা ও বৃত্তিতে পুনর্বাসনের জন্য অনুদান—৩০,০০০ টাকা

(৬) খয়রাতি সাহায্যে—২,৯৮,০০০ টাকা

(৭) সহায়ক কার্য—২৫,০০০ টাকা

(৮) প্রায় ১৮,০০০ টাকা মূল্যের ১,৪৮০টি ধুতি, ১,৩০০টি শাড়ী, ৩,৮০০টি পোষাক ও ৪০০টি কম্বল।

(৯) গুঁড়া দুধ—৫৪০ পাঃ

(১০) কৃষি ঋণ—১,০০,০০০ টাকা

এই ছাড়া বিনাসুদি ১,২০,০০০ টাকা পর্য [illegible] ঋণ বিতরণের ব্যবস্থা করা হইয়াছে।

শ্রীঅনংগ মোহন দাসঃ যে সমস্ত শরণার্থী রয়েছে তাদের কুচবিহার জেলার বিভিন্ন স্থানে [illegible] রেখেছেন। তারা কি ঐ তাঁবুতে এবং বিভিন্ন বিদ্যালয়ে বরাবর বসবাস করবে, না, তাদের কোন [illegible] বসবাসের ব্যবস্থা করা হয়েছে?

শ্রীমতী আভা মাইতিঃ তারা যে জায়গা থেকে এসেছে অধিকাংশই তারা সেই জায়গায় ফিরে [illegible] এবং সেই সব জায়গায় পুনর্বাসনের এই সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শ্রীঅনংগ মোহন দাসঃ যে সংখ্যাটা আপনি জানালেন, তার মধ্যে কত জন ফিরে গেছে এবং [illegible] রয়ে গেছে এটা বলতে পারেন কি?

শ্রীমতী আভা মাইতিঃ আমি এখন সঠিক নাম্বার বলতে পারব না। তবে অধিকাংশই ফিরে [illegible] এবং প্রতিদিন যাচ্ছে।

শ্রীঅমরেন্দ্র নাথ রায় প্রধান: মাননীয় মন্ত্রিমহোদয়া জানাবেন কি যে কবে এই সব অর্থ সরকার থেকে মঞ্জুর করা হয়েছে?

শ্রীমতী আভা মাইতি: সঠিক তারিখ আমি বলতে পারব না, এখন আমার ফাইলের মধ্যে নেই। তবে এটা অনেক দিন আগেই হয়ে গেছে।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: কত দিন আগে হয়েছে?

শ্রীমতী আভা মাইতি: আমি তো আগেই বললাম যে এটার তারিখটা এখন বলতে পারব না। তবে অনেক দিন আগে হয়ে গেছে।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: অনুমানে একটা দিন বলুন, কতদিন আগে হয়েছে, ১০ দিন আগে, ১২ দিন আগে, ১৫ দিন আগে?

শ্রীমতী আভা মাইতি: ১৫।১৬ দিন আগেই হয়ে গেছে।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: মাননীয়া মন্ত্রিমহোদয়া যে অর্থ মঞ্জুরীর কথা বললেন, তার থেকে কত অর্থ এ যাবত খরচ করা হয়েছে?

শ্রীমতী আভা মাইতি: আমি এখন বলতে পারব না।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: মাননীয়া মন্ত্রিমহোদয়া জানাবেন কি যে এখন বরষা নেমে গেছে, এই অবস্থায় সেখানে কত তাঁবু সরবরাহ করা হয়েছে?

শ্রীমতী আভা মাইতি: তারা যখন তাঁবু চেয়েছিল তখন দেওয়া হয়েছিল। আমি যখন যাই তখন দেখি তার মধ্যে অনেক তাঁবু ব্যবহার করা হয় নি প্রয়োজন হয় নি বলে। সুতরাং দরকার নেই, প্রয়োজন আছে বলে দেওয়া হয় নি তা নয়। তবে সংখ্যাটা আমি এখন দিতে পারছি না।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: মাননীয়া মন্ত্রিমহোদয়া জানেন কি যে ৪৫০টি পরিবার—যাদের ঘর পুড়ে গিয়েছিল, এইরকম পরিবারদের মাত্র ২০০টি তাঁবু দেওয়া হয়েছে।

শ্রীমতী আভা মাইতি: সেটা ঠিক নয়।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: মাননীয়া মন্ত্রিমহোদয়া জানাবেন কি এই যে সাহায্যের কথা বলেছেন, এই সাহায্য কার মাধ্যমে এই সব দুস্থ লোকদের বণ্টন করা হবে?

শ্রীমতী আভা মাইতি: এগুলি জেলা ম্যাজিস্ট্রেটকে দেওয়া হয়েছে। জেলা ম্যাজিস্ট্রেট পুনর্বাসনের দায়িত্ব নিয়েছেন। তিনিই এই ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: এই সব সাহায্য বণ্টনের জন্য আপনি স্বয়ং কুচবিহার জেলা কংগ্রেস প্রেসিডেন্ট সন্তোষ রায়কে ডেকে পাঠিয়েছেন। এ কথা সত্য কিনা?

শ্রীমতী আভা মাইতি: সন্তোষ রায়ের সঙ্গে কোন সম্পর্ক নেই ওখানকার এম এল এ-র সঙ্গে কোন সম্পর্ক নেই। জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে সম্পর্ক, তাঁকেই দেওয়া হয়েছে।

শ্রীসুনীল দাস গুপ্তঃ সম্পর্ক নেই, যে কথাটা মাননীয় ত্রাণ মন্ত্রী বললেন এটা আমরা অত্যন্ত আপত্তি করি। আপত্তি করি এই জন্য যে আমরা সেই এলাকার এম এল এ, আমাদের নিজেদের কনস্টিটিউয়েন্সির রিলিফ কমিটির মেম্বার এবং সরকারের আদেশে বিভিন্ন অঞ্চলে রিলিফ কমিটি আছে। তাদের প্রত্যেক অঞ্চলে আমাদের মেম্বাররা রয়েছে, এম এল এ আছে, রিপ্রেজেন্টেটিভ আছে। এখন এই যে কথাটা তিনি বললেন যে কোথায় রিলিফ দেওয়া হবে, সেই এলাকার এম এল এ-দের সংগে আমি কোন কনসার্নে নেই। এই কথাটা তাঁকে প্রত্যাহার করতে বলি, এটা অত্যন্ত আপত্তিকর কথা।

শ্রীমতী আভা মাইতিঃ কথাটা হচ্ছে পুনর্বাসনের ব্যবস্থা জেলা ম্যাজিস্ট্রেট করবেন, প্রচলিত ব্যবস্থা রয়েছে, প্রথা রয়েছে তার মাধ্যমে। এখানে কোন ব্যক্তিগত প্রশ্ন নেই।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ এ কথা সত্য যে জেলা ম্যাজিস্ট্রেট করবেন। কিন্তু এম এল এ-রা কনসার্ন্ড নন এ কথা উনি কিভাবে বললেন?

শ্রীমতী আভা মাইতিঃ আমি তো আগেই বলেছি যে এটা জেলা ম্যাজিস্ট্রেটের দায়িত্ব, সরকারের পুনর্বাসনের দায়িত্ব। কিন্তু কোন ব্যক্তিগত লোকের দায়িত্ব নয়। তিনি একজন ব্যক্তিগত লোকের কথা বললেন বলেই আমি এই কথা বলেছি।

শ্রীকমলকান্তি গুহঃ অমর রায় প্রধান জিজ্ঞাসা করছিলেন যে কিছুদিন আগে যুগান্তরে বেরিয়েছিল যে মেকলীগঞ্জ-এর ত্রাণ কার্যের মীমাংসা করার জন্য কংগ্রেস প্রেসিডেন্টকে ডেকে পাঠিয়েছেন তারই ভিত্তিতে অমর রায় প্রধান জিজ্ঞাসা করেছেন। উনি বললেন যে না কংগ্রেস প্রেসিডেন্টকে ডাকা হয়নি সম্পর্ক নেই সেটা হতে পারে। কিন্তু উনি বললেন এম এল এ-দের সাথে কোন সম্পর্ক নেই এ কথা উনি কি করে বলতে পারেন? রাজ্যপাল কিছুদিন আগে গিয়েছিলেন। অমারা লক্ষ্য করেছি যে ও'রা পার্টিবাজী করতে যাচ্ছেন। কিছুদিন আগে তরুণবাবু গেলেন কংগ্রেসের টাকা নিয়ে এবং আরো অনেক লোককে নিয়ে পার্টিবজী করে এলেন। অমরা দেখেছি যে ও'রা পার্টিবাজী করছেন, সেই জন্য আমরা জিজ্ঞাসা করেছিলাম। সেই জন্য আমরা বলছি যে উনি এটা প্রত্যাহার করুন।

শ্রীমতী আভা মাইতিঃ উনি ব্যক্তিগত লোক, যে সভার সদস্য নন, তিনি যদি প্রত্যাহার করেন তাহলে আমি নিশ্চয়ই প্রত্যাহার করব। তাব আগে নয়।

শ্রীখগেন্দ্রকুমার রায় চৌধুরীঃ আপনার যে এতদিন পর্যন্ত সার্কুলার ছিল, তাহলে সেটা কি ভুল?

মিঃ স্পীকারঃ একটা কথা আমি বলব টু অল অনারেবল মেম্বার যে কোশ্চেনটার অ্যানসারটা যতটুকু দুজনের কথা বললেন সেইখানে শেষ হয়ে গেলে হয়ত এই অ্যানিমসিটি ক্রিয়েটেড হত না। সেইটুকু জবাব দিলেই হত।

I think unnecessary animosity should not be created in this House. All these are far beyond the question and for beyond the answer.

(Noise and interruptions.)

[1-30—1-40 p.m.]

Mr. Speaker: I have only indicated the line on which answers should better be given and I don't think there is any point of their withdrawal at all.

Dr. Narayan Chandra Roy:

এটা কি গভর্নমেন্ট পলিসি এবং যদি পলিসি হয় তা হলে বদলাতে হবে না?

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: একটা জিনিষ আমাদের জানতে হবে। ডিপার্টমেন্ট থেকে যে সার্কুলার দেওয়া হয়েছে রিলিফ-এর কাজ রিলিফ কমিটির মারফত হবে এবং রিলিফ কমিটিতে যে এম এল এ বা মেম্বার আছে, আজকে এই ফ্লোর-এ আপনারা বলুন যে এম এল এ-দের সংগে কোন কনসার্ন নেই। এই কথা এখন বলে যে ডিপার্টমেন্ট থেকে সার্কুলার দিয়েছেন সেগুলো কি ভুয়ো? তিনি অ্যাসেম্বলী-এর ফ্লোর-এ এই কথা বললেন অথচ একটা সার্কুলার দিবেন তার সংগে যদি কন্ট্রাডিকসান থাকে তা হলে নিশ্চয়ই বলতে হবে এর মধ্যে কোনটা ঠিক।

মিঃ স্পীকার: নিশ্চয়ই জানতে হবে। জানার কথায় আমি আপত্তি করিনি। আপনি যে ক্লারিফিকেসান-এর কথা বলছেন বা যে উইথড্রয়াল-এর কথা বলছেন সেটার কথাই আমি বলছি।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: এটা কি সত্য যে, সার্কুলার যে পাঠিয়েছেন সেটা ঠিক না। যেটা এখানে বললেন সেটাই ঠিক, কারণ যে কনসার্ন তাই আমি বলছি দেয়ার মাস্ট বি এনি কনট্রা-ডিকসান।

শ্রীমতী আভা মাইতি: আমার কথা হচ্ছে আমাদের সরকারের পুনর্বাসনের যে দায়িত্ব তা জেলাতে জেলাতে ম্যাজিস্ট্রেটের উপর. এটা কোন ব্যক্তিগত লোকের উপর নয়, সেখানে যে প্রথামত নিয়ম সেই নিয়ম অনুসারে

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান)

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: প্রচলিত ব্যবস্থা যা তাতে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যেটা করেন সেটা এম এল এ-কে সংগে নিয়ে, এখানে সরকারের কি বাধা-নিষেধ আছে সেটা জানতে চাই।

শ্রীমতী আভা মাইতি: কোন বাধা-নিষেধ নেই।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আপনি আগে বলেছেন যে এটা এম এল এ-দের কনসার্ন নয়. এটাই যদি বক্তব্য হয় তা হলে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দেওয়া হবে অথচ এম এল এ-দের জিজ্ঞাসা করা হবে না। অথচ আমরা দেখেছি সেখানে সরোজবাবুর কথা যখন জিজ্ঞাসা করা হল তখন আপনি বললেন যে এটা এম এল এ-দের কনসার্ন নয় তা হলে তার মানে ডি এম যদি এম এল এ-দের সাহায্য নেন জিনিষ ডিস্ট্রিবিউট করার ব্যাপারে তিনি যদি এটা করতে চান তা হলে ডি এম কি করতে পারবেন না?

শ্রীমতী আভা মাইতি: আমাকে যে জিনিষটা প্রশ্ন করা হয়েছিল যে সন্তোষ কুমার রায়কে ডেকে পাঠিয়ে সেখানে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে কি না আমি বলতে চাই সরকারের পুনর্বাসনের ব্যবস্থার সংগে সন্তোষবাবুর কোনও সম্পর্ক নেই. এম এল এ-দের সংগেও কোন সম্বন্ধ নেই। জেলায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দায়িত্ব দেওয়া আছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যাদের নিয়ে ইচ্ছে তিনি কাজ করবেন।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান)

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: এখানে যে প্রচলিত ব্যবস্থা আছে তাতে আমরা জানতে চাই মন্ত্রিমহাশয়ের কাছ থেকে যে মন্ত্রিমহাশয়রা আমাদের কনস্টিটিউয়েন্সীতে যান সেখানে সরকার তখন সরকারের পক্ষ থেকে চিঠি দেওয়া হয় এম এল এ এবং এম এল সি-দের এখন কুচবিহার জেলায় জেলায় দেখা যাচ্ছে, মন্ত্রিমহাশয়রা সেখানে গেলে এম এল এ-দের চিঠি দেওয়া হয় না। আমার জিজ্ঞাস্য সরকারের প্রচলিত নীতি যা আছে সেটা কি বদলে গেছে, যদি যায় তা হলে বুঝতে হবে তা এম এল এ-দের সঙ্গে সরকারের কোন সম্পর্ক নেই বিশেষ করে ঐ বিরোধী পক্ষের এম এল এ-দের সঙ্গে কারণ তাদের চিঠি দেওয়া হয় না, তা হলে মন্ত্রিমহাশয়রা বলুন এই ফ্লোর-এ যে আর চিঠি দেওয়া হবে না, কারণ আপনারা কেউ গেলে আমাদের উদ্ধার করে দেবেন না। এটা একটা ডেমোক্রেশির ব্যাপার সেটা হচ্ছে কি না আপনি সেটা ফ্লোর-এ বলে দিন

(নো রিপ্লাই)

শ্রীবলাই লাল দাস মহাপাত্র: তিনি মুখে যা বলছেন কাজেও তাই করেন, তাঁহার কোন শিষ্টাচার বোধ নেই। আমরা দেখেছি অন্যান্য মন্ত্রিমহাশয়রা যখন যান তখন আমাদের চিঠি দেন কিন্তু ওনার কোন শিষ্টাচার নেই ঐ অঞ্চলের যে সমস্ত বিরোধী পক্ষের সদস্য আছেন সেখানে কমিটি গঠন হলে তিনি সে কমিটিতে বিরোধীদের নেন না। তিনি যে কথা মুখে বলেন সে কথা মুখের কথা নয় কার্যেও তাই করেন সেজন্য আমি বলছি এটা প্রত্যাহার করা হোক।

শ্রীখগেন্দ্রকুমার রায় চৌধুরী: উনি বলেন যে এম এল এরা রিলিফ কমিটির মেম্বার সেটা সত্য কি মিথ্যা?

শ্রীমতী আভা মাইতি: এত চেঁচামেচি করার কি আছে আমি জানি না, আমি যে কথাটা বলেছি সেটা হচ্ছে অমর রায় প্রধান মহাশয় একজন লোকের নাম করলেন—তিনি বললেন যে সন্তোষ রায়ের নাম করলেন এবং বললেন আমি তাকে সেখানে ডেকেছিলাম কি না? আমি বলতে চাই আমাদের সরকার থেকে যে রিলিফ-এর ব্যবস্থা হয় সেটা সন্তোষ রায় বা অন্য কাউকে ডেকে পাঠিয়ে সেটা হয় না বা করবো না। ডি এম-এর মাধ্যমেই আমরা করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয় রিলিফ কমিটির কথা যে বলা হয়েছে এটা আপনি জানেন যে আমাদের যে সমস্ত জেলা পরিষদ হয়েছে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে রিলিফ-এর কার্যের যে ব্যবস্থা ছিল তাতে রিলিফ কমিটির মারফত হত। আমাদের জেলা পরিষদ গঠিত হয়েছে তাই আমরা জেলা পরিষদের মাধ্যমে কাজ করবো।

শ্রীনিখিল দাস: এখানে একটা প্রশ্নের জবাব চাওয়া হয়েছে। এতদিন পর্যন্ত যে প্রচলিত রীতি ছিল তাতে মন্ত্রিমহাশয়রা যখন অফিসিয়েল টুর-এ যেতেন তখন সেই অঞ্চলের এম এল এ-দের সঙ্গে আলাপ করতেন। এই যে প্রচলিত রীতি ছিল এতে শুধু বিরোধী পক্ষ নয় সমস্ত পক্ষেরই সুবিধা হত, এখন বলুন সেটা হবে কি না?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: আমাদের প্রথমেই যে সমস্ত রিলিফ কমিটি ছিল তাতে সেই অঞ্চল থেকে এম এল এ যারা নির্বাচিত হয়ে আসেন তারা সদস্য হতে পারতেন বা যারা অঞ্চল পঞ্চায়েত বা

জেলা পঞ্চায়েতের সদস্য তারাও হতে পারতেন, তারা যদি এম এল এ হন তা হলে কমিটির সদস্য হবেন, এখানে মন্ত্রিমহাশয় একথাই বলেছেন আমাদের নূতন পদ্ধতি অনুসারে এখন তাদের অঞ্চল পঞ্চায়েত বা জেলা পঞ্চায়েতের দ্বারা কাজ হবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ স্যার অন এ পয়েন্ট অফ অর্ডার এর আগে ত্রাণ মন্ত্রিমহাশয় বললেন যে তিনি মন্ত্রী হিসাবে যাচ্ছেন তখন তার এম এল এ-দের সঙ্গে দেখা করার কোন প্রয়োজন নেই এটা তিনি বললেন। আমার পয়েন্ট অফ অর্ডার যেটা তা হচ্ছে

Under the Constitution the Cabinet is responsible to the Legislature, Legislature—

এর মেম্বার হিসাবে এম এল এ-দের কাজের রেসপনসিবিলিটি আছে তাদের সঙ্গে কনসাল্ট করার কথা। সেই দায়িত্বের সঙ্গে যুক্ত থেকে সেখানে যদি মন্ত্রিমহাশয়রা এইভাবে উত্তর দেন তা হলে এভাবে হোল লেজিসলেচার কনটেম্পট করছেন কি না সেটার সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

এবং দ্বিতীয় কথা হচ্ছে এই যে মুখ্যমন্ত্রী খুব বেশী এ বিষয়ে চিন্তা করেন নি বলে বলে ফেলেছেন—তিনি রিলিফ কমিটিকে নিয়ে আসছেন। এখানে প্রশ্ন উঠেছিল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের ওখানে টুর প্রোগ্রাম ব্যাপারে, রিলিফের ব্যাপারে উনি বলেছেন রিলিফ কমিটি মানে, রিলিফ কমিটি অথবা আঞ্চলিক রিলিফ কমিটিকে তিনি টেনে নিয়ে এসেছেন এবং সেখানে উনি এভাবে দেখাতে চেয়েছেন যে যেহেতু আঞ্চলিক বা আর্বান রিলিফ কমিটি নয়, সেহেতু ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের রেসপনসিবিলিটি নেই এম এল এ-দের সঙ্গে কনটাক্ট করবার।

[1-40—1-50 p.m.]

Mr. Speaker:

আপনি পয়েন্ট অফ অর্ডারটা বলুন।

Shri Sailendra Nath Adhikary:

আমি আমার পয়েন্ট অফ অর্ডারে হোল পারসপেকটিভ আপনার কাছে বলছি যে, প্রত্যেক জেলায় একটা করে ডিস্ট্রিক্ট রিলিফ কমিটি আছে এবং ডিস্ট্রিক্ট রিলিফ কমিটির চেয়ারম্যান হচ্ছেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং প্রত্যেকটি এম এল এ তাতে মেম্বার। কাজেই সেদিক থেকেও এম এল এ-দের যে রেসপনসিবিলিটি সেখানে আছে একথা অস্বীকার করা যায় না। তথাপি দুদিক থেকে উনি বলছেন যে এম এল এ-দের সঙ্গে কনট্যাক্ট রাখা যায় না, তার মানে হোল হাউসকে তিনি কনটেম্পটের মধ্যে নিয়ে আনছেন এই হচ্ছে আমার পয়েন্ট অব অর্ডার।

Mr. Speaker: Let me answer the point of Order taken by Shri Adhikary.

মিঃ অধিকারী, কোন মন্ত্রীর বা কেবিনেটের কোন কার্যাবলীর সঙ্গে কেউ আসবে কি না আসবে এতে কোন পয়েন্ট অফ অর্ডার অন দি ফ্লোর অব দি হাউস অ্যারাইজ করছে না।

Unless the rights and privileges of a member directly connected with the affairs of the Assembly are effected

যদি হোত, নিশ্চয়ই পয়েন্ট অব অর্ডার একটা থাকতে পারতো। কিন্তু এটার সঙ্গে উনি কোথায়

টুরে গেলেন, সেখানে কাউকে ডাকবেন কি ডাকবেন না এতে কোন পয়েন্ট অফ অর্ডার অ্যারাইজ করেনা।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: I just want a little clarification. Fortunately, the Chief Minister is also here. Our Relief Minister has raised a serious question. So far we had been hearing from the treasury benches that the opposition members do not give co-operation to them in public functions. We have on various occasions given our co-operation, and we have been with them in various public functions. Today the Hon'ble Relief Minister has said that in the particular relief question the M.L.A. of the locality is not concerned at all. It is not a question of responsibility. Certainly, the District Magistrate is responsible for that but the M.L.A.s will be part of that Council, part of the co-operation; but she has denied it. Are we to understand that we as M.L.A.s have nothing to do with it? We want to be absolutely clear about it. I have been associated with various other Ministries, particularly the Health Ministry; I have never refused my co-operation and my co-operation was always accepted. This is a serious matter, and I hope the Hon'ble Relief Minister will kindly clarify this.

Shrimati Abha Maiti:

আমি এ কথাই বলেছি যে আমাদের রিলিফের দায়িত্ব জেলাতে জেলা ম্যাজিস্ট্রেটের, কোন ব্যক্তিগত লোকের নয়, স্থানীয় এম এল এ-দের নয়। আমাদের যা কিছু কাজ জেলা ম্যাজিস্ট্রেটের সংগে।

বিরোধী পক্ষ হইতে কণ্ঠস্বরঃ আপনি মিথ্যা কথা বলছেন। (হট্টগোল)।

Shri Sunil Dasgupta:

আপনি বলছেন রিলিফের ব্যাপারে সেই এলাকার এম এল এ-দের সংগে কোন সম্পর্ক নেই। (তুমুল হট্টগোল)।

Shri Somnath Lahiri:

স্পীকার মহাশয়, আমার মনে হচ্ছে এর থেকে একটা পয়েন্ট অব প্রিভিলেজ উঠছে। পয়েন্ট অব প্রিভিলেজটা এই হিসাবে যে প্রশ্ন হয়েছিল উহাদের আশ্রয়দান ও পুনর্বাসনের জন্য কিরূপ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে—এই প্রশ্ন থেকে সাপ্লিমেণ্টারী উঠলো যে তিনি একজন ভদ্রলোককে সেই আশ্রম দেওয়ার জন্য, পুনর্বাসনের ব্যবস্থার জন্য ডেকেছিলেন কিনা। সেই প্রশ্নের জবাবে তিনি বল্লেন সেই ভদ্রলোকের সংগে এর কোন সম্পর্ক নেই এবং এম এল এ-দেরও কোন সম্পর্ক নেই, যদিও তাঁর এই ইনফর্মেশন ভলাণ্টিয়ার করার কোন দরকার ছিল না! প্রথমতঃ ও'র উত্তরটা সম্পূর্ণ অবাস্তব ছিল, তাও প্রশ্ন নয়—যেহেতু যে উত্তর তিনি দিলেন আর চীফ মিনিস্টার যেকথা বল্লেন তাতে একটা কনট্রাডিকসন হচ্ছে, এখনে উনি বলছেন এই ধরনের একটা আশ্রয়দান ও পুনর্বাসনের ব্যবস্থায় এম এল এ-দের কোন সম্পর্ক নেই এই প্রশ্নের মানে দাঁড়ালো কিন্তু চীফ মিনিস্টার যা বল্লেন তাতে দাঁড়ালো সম্পর্ক আছে—তাহলে পয়েন্ট অব প্রিভিলেজটা হচ্ছে উনি কারেক্ট ইনফর্মেসন দেননি। হাউসের প্রিভিলেজ হচ্ছে টু রিসিভ কারেক্ট ইনফরমেসান ফ্রম দি মিনিস্টার কনসার্নড, উনি যদি বলেন যে কোন সম্পর্ক নেই তাহলে সি হ্যাজ প্রোবেবলি গিভেন ইনকারেক্ট ইনফরমেসান সেখানেই প্রিভিলেজের প্রশ্ন। আমি বলিলাম এই কারণে যে তিনি ওটা ডিসপিউট করতে পারতেন। চীফ মিনিস্টার নিজে য়্যাডমিট করছেন যে এমনকি জেলা পরিষদের মেম্বার হিসাবে এম এল এ-রা এর সংগে সম্পর্কিত, তাহলে সি হ্যাজ গিভেন রং, ইনকারেক্ট ইনফর্মেসান টু দি হাউস ডেলিবারেটলি এবং আমি তাও তুলতাম না, যখন সেটা তাকে পয়েণ্টে আউট করা হচ্ছে সি ইজ নট টেকিং ইট উইথ গুড গ্রেস যে আমি ভুল বলেছি।

সুতরাং ইট ইজ এ কোশ্চেন অফ প্রিভিলেজ, কাজেই যদি তিনি কিছু বলেন তাহলে মিটে যা অথবা লেট ইট বি টেকি আপ এজ এ কোশ্চেন অফ প্রিভিলেজ, কারণ মেম্বারদের অধিকা আছে কারেকট ইনফরমেসান।

Mr. Speaker:

মিঃ লাহিড়ী, শ্রীমতী মাইতি জেলা ম্যাজিস্ট্রেটের কথা বলেছেন, আর মুখ্যমন্ত্রী বল্লেন পজিসা অফ মেম্বার্স রিগার্ডিং রিলিফ।

শ্রীমতী মাইতি সেটা বলেছেন, জেলা ম্যাজিস্ট্রেটকে যে কাজে ডেকেছিলেন বা তিনি গিয়েছিলেন সেখানে কোন মেম্বারের সংস্রব ছিল না। এর আগে অবশ্য আমি বলেছি, আপনি শুনেছিলেন কিনা জানিনা, যখন কোন ভদ্রলোকের নাম করে বলা হয়েছিল সেটুকু জবাব দিলেই হোত, তাহলে এই পয়েন্ট য়্যারাইজ করতো না এবং সেটুকু বলবার কোন দরকার ছিল না, কারণ দি কোশ্চেন ইজ ভেরি ক্লিয়ার হোয়েদার এ পারটিকুলার মেন ওয়াজ কলড অর নট, এবং সেটুকু না বল্লেই পয়েন্ট য়্যারাইজ করতো না। আফটার আমি চীফ মিনিস্টার সেটা ক্লিয়ার করে বল্লেন, the Chief Minister has made clear the position of the members regarding relief affairs and Zilla Parishad. I think he has explained the position clearly and sufficiently.

Shri Balai Lal Das Mahapatra:

আমি স্যার, একটা ব্যাপারে ক্লিয়ার হতে চাচ্ছি।

মিঃ স্পীকার: আর ক্লিয়ার হওয়ার দরকার নেই।

Tour of the Minister for Relief Department

***580.** (Admitted question No. *2644.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সাল হইতে এ-পর্যন্ত ত্রাণমন্ত্রী কাঁথি মহকুমার কোন্ কোন্ স্থানে কি কি কাজের জন্য সরকারী সফর করিয়াছেন; ঐ সফরগুলির জন্য মোট কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(খ) ঐ সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের আর কোন্ কোন্ স্থানে কি কি কাজের জন্য তিনি সরকারী সফর করিয়াছেন ও তাহার জন্য মোট ব্যয় কত হইয়াছে?

Shri Saila Kumar Mukherjee:

(ক) কাঁথি মহকুমায় ত্রাণমন্ত্রীর সফরের বিস্তৃত বিবরণ সংযোজিত বিবরণীতে উল্লিখিত হইল। উক্ত সফরগুলির জন্য সরকারী তহবিল হইতে ভ্রমণ-ভাতাস্বরূপ কোন অর্থ ব্যয় হয় নাই;

(খ) সংযোজিত বিবরণীর তৃতীয় ও চতুর্থ কলমে ইহা বিবৃত হইল। ইহার জন্য-ও সরকারের কোন অর্থ ব্যয় হয় নাই।

Statement referred to in reply to clause (kha) of starred question No. 580.

Minister's tour in places in and around Contai Subdivision of Midnapore District and other places within West Bengal during 1964

Date.	Places under Contai Subdivision.	Other places of West Bengal.	Purpose.	Expenditure incurred.
1	2	3	4	5
31-1-64 to 3-2-64	Digha, Contai	Midnapore (on 2-2-64) ..	(1) Not indicated in the tour programme. (2) Visit—Social Welfare Home.	
15-2-64 to 17-2 64	Digha, Bajkul, Contai, Kalindi, etc.	....	To attend proposed college committee meeting, attend prize distribution ceremony of Kalindi Union High School.	
3-4-64 to 6-4-64	Contai, Belda, Manickjore, (3-4-64 and 4-4-64).	Barberia, Tagorenagore, Bhagawanpur, (5-4-64 and 6-4-64.)	(1) To attend the meeting of Executive Body of Dun ardori Palliunnanyan and Jana Seva Sangha at Darberia Balika Vidyalaya. (2) To perform the foundation stone laying ceremony of the Humanities Block of the Barberia Hazra Vidyapith.	
18-4-64 to 20-4-64	Contai, Bhimeswari Bazar, Horia	....	To attend Primary teachers' seminar at Bhimeswari Bazar.	
22-4 64 to 29-4-64	Digha (22-4 and 23-4), Midnapore.	Bankura (24-4 to 27-4) ..	(1) Purpose not indicated in Digha's programme. (2) Laying the foundation stone of the proposed Cotton Mill of Jayasri Textile and Industrial, Midnapore.	
8-5-64 to 13-5-64	Kharagpur, Contai Road Station, Gopi Chak, Khejuri, etc.	....	Purpose not indicated in the programme.	

Statement referred to in reply to clause (kha) of starred question No. 580.

Minister's tour in places in and around Contai Subdivision of Midnapore District and other places within West Bengal during 1964

Date.	Places under Contai Subdivision.	Other places of West Bengal.	Purpose.	Expenditure incurred.
1	2	3	4	5
22-5-64 to 25-5-64	Contai Road Station. Naipur, Battala. etc.	....	To attend prize distribution ceremony, to attend Annual function of Anandamayee Girls' School, P. O. Battala, Midnapore.	
27-5 64 ..	....	Berhampore (Murshidabad)	(1) To attend Mahila Sanmilan at the compound of Sagardighi Multipurpose H. E. School.	
			(2) To address a public meeting at the Sagardighi School compound.	
30-5-64 to 1-6-64	....	Kharagpur, Ranjitpur, P. O. Rahim, Midnapore	To attend inauguration ceremony of new building for Ramnarayan Pathagar at Ranjitpur.	
27-6-64 and 28-6-64	....	Jhargram	(1) To attend reception of Hon'ble Chief Minister.	
			(2) To attend golden jubilee celebration of Baliabera Central Co-operative Bank.	
			(3) To attend District Panchayet Sanmalan.	
15-7-64 to 19-7-64	Contai, Digha (15 4 and 16-4)	Bankura	To preside over Banamahotsob function at Contai.	
		Deulagora	Purpose not indicated in the programme	
1-8-64 to 3-8-64 ..	Contai. Ramnagar, Egra ..	....	To meet Pradhan and Upa-Pradhan of Contai, Ramnagar and Egra.	
8-8-64 to 10-8-64	....	Panchberia, Radhakantapur, Chandrakona, Khirpai, Kharar, Birsingha, Barada.	(1) To attend the foundation stone laying ceremony of Ramchandra Smriti Siksha Mandir.	
			(2) To attend Congress Workers' Conference at Radhakantapur Junior H. E. School.	

			(3) To attend Women's Conference at Radhakantapur.
			(4) To attend Conference of Panchayet Members at Radhakantapur.
			(5) To attend the foundation stone laying ceremony of Kalyansri Senior Basic School for Girls and Kalyansri Jnanada Debi Girls' H. E. School and to attend meeting of Governing Body of Jnanada Debi Girls' H. E. School.
			(6) Meeting with local people at Bkayahati Bidyalaya, visit Vidyasagar Memorial Hall.
			(7) Congress Workers and Panchayet members of Ghatal P. S. at Barada Banipith.
			(8) Attend conference of Con. workers and Panchayat members of Chandrakona P. S.
15-8-64 ..	...	Lilunh ..	.. (1) To visit Sunderban Muldihand Mahato Home
			(2) Attend Independence Day's function.
22-8-64 and 23-8-64	....	Kharagpur, Midnapore	.. Attend Foundation Day Celebration of Midnapore Girls' College.
2-10-64 ..	....	Krishnagar ..	.. (1) Visit Social Welfare Home.
			(2) Attend Panchayat Raj Meeting.
			(3) Visit Khadi Bhandar, Krishnagar.
			(4) Attend Gandhi Jayanti Celebration at Municipal Hall.
25-11-64 and 26-11-64	Contai, Balighat, Midnapore ..	Contai, Balighat, Midnapore	(1) Attend meeting of Presidents and Vice-Presidents of Auckalin Parisad of Contai Subdivision.
			(2) Attend the meeting of Co-operative Organisation at Midnapore Central Co-operative Bank.
29-11-64 ..	....	Midnapore ..	.. Purpose not indicated in the programme.

Statement referred to in reply to clause (kha) of starred question No. 580.

Minister's tour in places in and around Contai Subdivision of Midnapore District and other places within West Bengal during 1964

Date	Places under Contai Subdivision.	Other places of West Bengal.	Purpose.	Expenditure incurred.
1	2	3	4	5
4-12-64 to 7-12-64	Contai, Bajkul, Midnapore ..	Contai, Bajkul, Midnapore	(1) To meet members of the Governing Body of Milani Mahabidyalay, Bajkul.	
			(2) Visit Vagrants' Home Training Centre and Girls' Home at Midnapore.	
20-12-64 ..	....	Mechada	Purpose not indicated in the programme.	
24-1-65 to 27-1-65	Contai, Naipur, Kalinagar, Baroj.	....	(1) To attend Prize Distribution Ceremony at Naipur Secondary School.	
			(2) To attend meeting of Anchalik Parisad Association of Contai Subdivision.	
31-1-65 ..	....	Ballichak, Rajnagar, Kuleara, Akra, Sultanpur.	(1) To attend Opening Ceremony of Akra Night School.	
			(2) Visit site of Sultanpur Health Centre.	
			(3) Attend Public Meeting.	
3-2-65 and 4-2-65 ..	....	Balishai	To attend the inauguration of the Block Exhibition at Balishai.	
7-2-65 and 8-2-65 ..	....	Barchunpara	To attend the Exhibition organised by Barchunpara Tarun Sangha.	
13-2-65 ..	....	Kalyanchak, Rajnagar ..	(1) To attend Prize Distribution Ceremony at Rajnagar Adarsha Vidyalaya.	
			(2) To attend Public Meeting.	

	....	Bhimeswar ..	To attend conference at Kisorepore Chandra Mohan Smriti Mela to discuss the local drainage problem.
19-3-65 to 22-3-65	Contai (20-3) ..	Midnapore (19-3 and 20-3) Digha (21-3).	(1) To attend Opening Ceremony of Jaharlal Adhikar Library.
			(2) To attend Opening Ceremony of Panchayat Training Centre.
			(3) To attend Panchayat Conference at Jagudarbar.
			(4) To attend Opening Ceremony of Exhibition.
			(5) Visit the proposed acquisitioned land at Digha.
			(6) To attend Egra Thana Panchayat Conference.
3-4-65 and 4-4-65 ..	....	Patharhundi, Talbagicha ..	(1) To attend Opening Ceremony of Patharhundi Subsidy Hospital.
			(2) To attend Panchayat Conference at Kesiari Multipurpose School.
			(3) To attend Prize Distribution Ceremony of Keshiary Multipurpose School.
			(4) To meet representatives of Talbagicha Colony and Anchal Panchayat.
			(5) To attend Public Meeting and Prize Distribution of Talbagicha Junior High English School.
7-4-65 to 17-4-65	....	Digha (7-4 to 10-4) Bhagwanpore (11-4 to 13-4) Narghat, Moyna (15-4), Serampore (16-4) Sutahata (17-4).	(1) To attend Digha Development Advisory Board Meeting.
			(2) To attend Moyna Project Implementing Committee's General Meeting at Garhsafat Vidyasagar Pathagar.

Shri Sudhir Chandra Das:

সরকারী সফরে গেছেন অথচ ব্যয় হয়নি, এর অর্থ কি এই ট্রেণভাড়া সরকার থেকে যায়নি, অথবা জীপের ভাড়া যায়নি, এটা ত্রাণমন্ত্রী শ্রীমতী আভা মাইতি নিজের ট্যাঁক থেকে দিয়েছেন, এর অর্থ কি?

Shri Saila Kumar Mukherjee:

কোন অর্থ ব্যয় হয়নি এর বাংলা মানে যা সকলে বোঝে তাই-ই বুঝায়।

[1-50—2 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাস: অর্থ ব্যয় হয়নি এর মানে কি? এখান থেকে তিনি কি উড়ে গিয়েছিলেন? তাঁকে যখন এখান থেকে বিভিন্ন জায়গায় যেতে হয়েছে তখন ট্রেণ ভাড়া ইত্যাদি বাবদ কিছু খরচ হয়েছে। তাহলে সেই টাকাটা কে দিয়েছে?

শ্রীশৈলকুমার মুখার্জী: ক'বার পুনরাবৃত্তি করব জানি না। আপনাদের এই ১৪ দফা বিবরণী দেওয়া হয়েছে, তাতে দেখবেন এক পয়সা ব্যয় হয়নি। আপনি ট্রেণ ভাড়ার কথা আনছেন—কোন ব্যয় হয়নি কখনও নেয়নি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: তাহলে কি ত্রাণমন্ত্রী মহাশয়া পদব্রজে যাত্রা করেছিলেন?

শ্রীশৈলকুমার মুখার্জী: আপনার প্রশ্ন তা নয়। এই যে বিবরণীটা দেওয়া হয়েছে এটা পড়ে দেখুন সব বুঝতে পারবেন।

শ্রীসুধীরচন্দ্র দাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন উনি সফরে কোন সরকারী জীপ ব্যবহার করেছিলেন কিনা?

শ্রীশৈলকুমার মুখার্জী: নিশ্চয়ই ব্যবহার করতে পারেন। তার জন্য তাঁর আলাদা ভাতার দরকার হয় না।

শ্রীসুধীরচন্দ্র দাস: সরকারী জীপ যে ব্যবহার করেছেন সেই বাবদ কত খরচ হয়েছে?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: আসল কথা হচ্ছে মন্ত্রীরা যখন ভ্রমণ করেন তখন তাঁরা ট্রাভেলিং এ্যালাওয়েন্স, ডেলি এ্যালাওয়েন্স আলাদা বিল করেন। সেই রকম কোন এ্যালাওয়েন্স বিল করা হয়নি, ব্যয় করা হয়নি।

শ্রীসুধীরচন্দ্র দাস: আমরা তালিকাতে দেখতে পাচ্ছি ২৯টা মাত্র টুর হয়েছে। সরকারী জীপ যখন ব্যবহার করেছেন তখন আমার প্রশ্ন হচ্ছে এই ২৯টি টুরের মধ্যে বাঁকুড়ায় একটা ওয়ার্ক এবং মুর্শিদাবাদ-এ একটা ওয়ার্ক ছাড়া বাকি সমস্ত মেদিনীপুর এবং কাঁথি মহকুমায় হয় কংগ্রেস ওয়ার্কার্স কনফারেন্সে না হয় থানা কনফারেন্সে, না হয় প্রেসিডেন্টের বৌভাতে খেতে গেছেন। সুতরাং দলীয় কার্যে সরকারী জীপ ব্যবহার করার তাঁর রাইট আছে কিনা আমরা জানতে চাই।

শ্রীশৈলকুমার মুখার্জী: সরকারী বাজেট থেকে ব্যয় হয়। গভর্নমেণ্টের হাজার হাজার গাড়ী আছে। মন্ত্রীরা যদি সেই গাড়ীতে যান তাহলে এক্স্ট্রা বাজেট অতিরিক্ত খরচ হয় না।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমরা জানতে চাই গভর্নমেণ্টের খরচ হচ্ছে কিনা? মুখ্যমন্ত্রী যেটা বললেন তাতে স্যাটিসফায়েড যে ত্রাণমন্ত্রী কোন টি, এ, বিল ড্র করেননি। কিন্তু প্রশ্ন হচ্ছে

যদি গভর্নমেণ্টের ভেহিকলস ইউজড হয়ে থাকে তাহলে পেট্রোল খরচ হয়েছে, তাহলে গভর্নমেণ্টের এ্যাকাউণ্টস থেকে টাকা খরচ হয়েছে। তাহলে আপনি বলতে পারেন না যে ট্যুর বাবদ কোন খরচ হয়নি। তাহলে সেই খরচটা বেয়ার করল কে?

Shri Saila Kumar Mukherjee:

সরকারের বাজেট থেকে ব্যয় হয়। গভর্নমেণ্টের হাজার হাজার গাড়ি আছে, মন্ত্রীদেরও গাড়ি আছে, যে গাড়িতে যান তার জন্য একস্ট্রা খরচ হয় না।

Shri Kashi Kanta Maitra:

দেখছি হাউসের সামনে প্রিভেরিকেসান করা হচ্ছে, আমি জানতে চাচ্ছি গভর্নমেণ্টের কোন খরচ হচ্ছে কিনা? মন্ত্রিমহাশয় যেটা বললেন তাতে স্যাটিসফাইড হতে পারছি না যে মাননীয়া ত্রাণমন্ত্রী কোন টি, এ, বিল ড্র করেন নাই। প্রশ্ন হচ্ছে যদি ডেফিনিটলি গভর্নমেন্ট ভেহিকেল ইউজড হয়ে থাকে, তাহলে গভর্নমেণ্ট একাউণ্ট থেকে টাকা খরচ হয় নাই—একথা কি করে বলতে পারেন, এই ট্যুরে কিছু ব্যয় হয় নাই।

Shri Saila Kumar Mukherjee:

আপনি প্রশ্ন করেছেন, সফরগুলির জন্য কত ব্যয় হয়েছে? এখানে ১৪ দফা বিবরণ দেওয়া হয়েছে, লাষ্ট কলাম-এ আছে একসপেনডিচার ইনকার্ড নিল।

(এ ভয়েসঃ নিল কেন?)

এখন যদি প্রশ্ন করেন কেন হচ্ছে, তাহলে বলবো ভারত সরকারের অডিটার জেনারেল-এর একাউণ্টস-এর নিয়মানুসারে।

Shri Kashi Kanta Maitra:

এ যে আইনষ্টাইন্‌স্ থিওরি অফ রিলেটিভিটি শুনলাম! খরচ হয়ে গেল, খরচ দেখাচ্ছেন, আবার বলছেন খরচ হয় নাই। এটা কি করে হয়?

Shri Saila Kumar Mukherjee:

আমি আবারও বলছি, খরচ এক পয়সাও হয় নাই। গভর্নমেণ্টের 'পুলে' হাজার হাজার ভেহিকলস আছে, তার খরচের ব্যয়-বরাদ্দ যেটা বিধানসভা থেকে আপনারা করে দিয়েছেন, তার অতিরিক্ত এক পয়সাও খরচ হয় নাই।

Shri Kashi Kanta Maitra:

তাহলে আমি জিজ্ঞাসা করছি বাজেটে যখন খরচ ধরা হল, এটা কি ইন এন্টিসিপেসান কোন্ মন্ত্রী কখন সফরে যাবেন? এটা তা না। আপনারা যেখানে পলিটিক্যাল পার্টির কাজে ঘুরেছেন, পার্টি মিটিং করেছেন, সেখানে গভর্নমেন্ট ভেহিকল্‌স ইউজ করেছেন, তাহলে তো গভর্নমেণ্টের খরচ হচ্ছে? এটা জানতে চাচ্ছি। আপনি এর উত্তর এড়িয়ে যাচ্ছেন কেন?

Shri Saila Kumar Mukherjee:

আগেই তো বলে দিয়েছি। বাজেটে যে খরচ ধরা হয়েছে, তার অতিরিক্ত এক পয়সাও খরচ হয় নাই।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নের জবাবে উত্তর দিলেন ১৯৬৪ সাল থেকে দফায় দফায় উনি যে ২৯টি সফর করেছেন, তার জন্য সরকারের এক পয়সাও খরচ হয় নাই। এমনকি তার জন্য কোন

বিলটিল করা হয় নাই বলেও খরচ হয় নাই, এই ধরনের যদি কোশ্চেন এবং এনসার হয় তাহলে বলতে বাধ্য হচ্ছি, দিস ইজ নট এ কারেক্ট এন্ড স্ট্রেইটফরওয়ার্ড এনসার। আপনি এজ স্পীকার জানাচ্ছেন এই রকম এনসার ঠিক নয়। আপনার যদি কোন বিধান থাকে তো বলুন আমি জানতে চাই এই টাকা খরচ হয়ে থাকলেও বিল করা হয় নাই বলে কি খরচ ধরেন নাই, না, এর উপর বিল করলে পরে খরচ ধরা হবে?

Shri Saila Kumar Mukherjee:

আপনি এতগুলি "যদি" দিয়ে প্রশ্ন করেছেন, তথাপি আমি তার উত্তর দিচ্ছি যে মোটেই খরচ হয় নাই। যদি হয়ে থাকে, যদি করে থাকেন, যদি ভবিষ্যতে করেন, তাহলে এর কি উত্তর দেব?

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ স্পীকার স্যার, আমরা অনুগ্রহপ্রার্থী নই, আমাদের কোশ্চেন হচ্ছে শৈলবাবুর কাছে হোয়েন এ কোশ্চেন ইজ পুট হি ইজ বাউন্ড টু এনসার দ্যাট। আমাদের প্রশ্ন হচ্ছে এই, আপনি যখন এই কথা বলেছেন, মুখ্যমন্ত্রিমহাশয় যে আমরা বিল করে এর পরে টাকা নেই। দেখা যাচ্ছে, যে ১৯৬৪ সাল থেকে ২৯ জায়গায় তিনি সফর করেছেন। আর উত্তর হচ্ছে—এক পয়সাও সফরের ব্যয় হয় নাই। আমি জানতে চাই, মাই সাপ্লিমেন্টারী ইজ হোয়েদার, তিনি বিল করেন নাই বলে খরচ হয় নাই, না, এর পরে বিল করলে খরচ হবে? এটা জানতে চাই।

Shri Saila Kumar Mukherjee:

আমি বার বার বলেছি, আবারও বলছি, একটা পয়সাও গভর্নমেন্টের ঐ বাবদ খরচ হয় নাই।

[2—2-10 p.m.]

Shri Bijoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, I want your protection. This is a simple question. I want your ruling.

আমার কোশ্চেন, মুখ্যমন্ত্রী বলেছেন যে আমাদের এই টাকা মন্ত্রীরা বিল করলে খরচ হলে, আমরা এর পরে বিল করে আদায় করবো, আমি জানতে চাই এর পর পার্টিকুলার কেস যেখানে ১৪ দফা খরচ হয়েছে, গভর্নমেন্ট-এর এক পয়সাও খরচ হয় নি? তাহলে কি আমরা বুঝবো যে উনি বিল করেন নি সেই জন্য খরচ দেখানো হয়নি। উনি বিল করলে এই খরচ দেখানো হবে, হোয়েদার উনি বিল করলে সরকারের খরচ হবে কি হবে না? দিস ইজ দি কোশ্চেন।

Mr. Speaker:

আপনি কি করে বুঝবেন আমি কি রুলিং দেবো? আপনি কোশ্চেন করেছেন, এনসার......

Shri Bejoy Kumar Banerjee:

আমরা জানবার চেষ্টা করবো না?

It is the right of the members to get the answer by cross-examination.

স্যার, এই কথা কি আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে আমরা বিল করে টাকা আদায় করবো, তাহলে কি বুঝবো এই কেস যদি উনি ত্রাণমন্ত্রী বিল করলে সরকারের খরচ হবে, উনি বলেননি তাই খরচ দেখানো হয়নি, বিল করলে সরকারী খরচ হবে কিনা, সেই এনসার আমি জানতে চাই—টাকা পাবেন কি পাবেন না? তাহলে সরকারী খরচ হবে না—তাহলে

examine answer. Had it been a Court of Law I would have known how to get the answer.

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিজয়বাবু প্রাচীন এবং প্রধান লোক, উনি যদি প্রশ্নটা দয়া করে পড়তেন, তাহলে দেখতেন যে, ১৯৬৪ সালের বিল এইগুলো ভ্রমণ প্রচলিত একাউন্টস-এর রীতি অনুসারে ভবিষ্যতে বিল করে নিতে পারবেন। ১৯৬৫ সালেরটা সেই বছরের মধ্যেই করতে হবে। ১৯৬৪ সালের জানুয়ারী থেকে ১৯৬৫ সালের জুন মাস পর্যন্ত দেড় বছর হয়ে গেছে, আর আমাদের অডিটর জেনারেলকে এই বিল দিলে উনি আর পাস করবেন না।

Shri Nikhil Das:

স্যার, প্রশ্নটা হচ্ছে ১৯৬৪ সালের জন্য সরকারের কোন ব্যয় হয়েছে কিনা, প্রশ্নটা এই নয় যে উনি ভাতা নিয়েছেন কিনা, ট্রাভেলিং এলাউন্স নিয়েছেন কিনা, প্রশ্নটা এই সরকারের কোনও ব্যয় হয়েছে কিনা? উত্তর হচ্ছে না, কি করে না হবে স্যার? উনি সরকারী গাড়ী ব্যবহার করেছেন তার ড্রাইভার-এর মাইনে আছে, যদি উনি মেদিনীপুর গিয়ে থাকেন তাহলে পেট্রল লাগে, তার টাকা সরকার দিয়েছেন এবং যদি বাঁকুড়া গিয়ে থাকেন তাহলে পেট্রল লাগে, তার টাকা সরকার দিয়েছেন, সুতরাং যেখানে সরকারের খরচ হল টুর করার জন্য, সেটা না বলছেন কেন? এই যে অসত্য সংবাদ পরিবেশন করছেন, এর জন্য বিজয়বাবু যেটা বলছেন, সেই জন্য আপনার কাছে প্রোটেকসান চাইছি। উনি হয়তো টি, এ, ডি, এ, এই সব না নিতে পারেন, কিন্তু সরকারী গাড়ী ব্যবহার করার জন্য সরকারী পেট্রল খরচ হয়েছে, সরকারী জিপ ড্রাইভার-এর ওভারটাইম, সরকারের ব্যয় হয়নি কেন? শৈলবাবু তাঁর উত্তর দিলেন এইগুলো আমার বাজেট পুল-এ নিয়ে গিয়েছেন, যদি মেদিনীপুর পর্যন্ত যান, তার পেট্রল খরচটা? এবং সেটা করার জন্যই তো পেট্রল খরচা হলো। তাহলে সরকারী ব্যয় হয়নি এই কথা বলছেন কেন?

Shri Prafulla Chandra Sen:

আমাদের মিনিষ্টাররা যদি কলকাতায় থাকেন তাহলে সরকারী গাড়ী ব্যবহার করতে পারেন, সরকারী টেলিফোন ব্যবহার করতে পারেন, মন্ত্রীরা যদি কাঁথি যান তাহলে সরকারী গাড়ী ব্যবহার করতে পারেন, সরকারী টেলিফোন ব্যবহার করতে পারেন, সরকারী অন্যান্য যে লোক আছে, তাদের নিয়ে যেতে পারেন। এমনকি মন্ত্রিমহাশয়রা যখন যেখানে যান, যদি তাঁর সঙ্গে অন্যান্য কর্মচারীরা থাকেন, তাঁরাও ট্রাভেলিং বিল করতে পারেন, ডেইলি এলাউন্স বিল করতে পারেন। এখানে ব্যাপারটা হচ্ছে এই মন্ত্রিমহাশয় ট্রাভেলিং এলাউন্স, ডেইলি এলাউন্স নেনান, গাড়ী মন্ত্রীরা সবসময় ব্যবহার করতে পারেন, টেলিফোন মন্ত্রীরা সবসময় ব্যবহার করতে পারেন, কাঁথিতেও পারেন, কলকাতায়ও পারেন, সব জায়গাতেই পারেন।

Dignagore-Baganchra Road

***600A.** (Short Notice) (Admitted Question No. *3468.)

শ্রীকানাই পাল: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার দিগনগর বাগআঁচড়া রাস্তা প্রস্তুতির কাজ কত তারিখে শুরু হইয়াছে এবং কতদূর অগ্রসর হইয়াছে;

(খ) একথা কি সত্য যে অতি সম্প্রতি এই রাস্তার এলায়েনমেন্ট পরিবর্তন করা হইয়াছে; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—শেষ মুহূর্তে এইভাবে এলায়েনমেন্ট পরিবর্তন করার কারণ কি?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) ২০শে জানুয়ারি ১৯৬১ তারিখে রাস্তাটির প্রথম তিন মাইল ইতিমধ্যেই ব্লক টপ ষ্টেজ পর্যন্ত সম্পূর্ণ হইয়াছে। ৪র্থ মাইলে মাটির কাজ সমাপ্ত হইয়াছে এবং পঞ্চম মাইলের জন্য ভূমি দখল পাইলেই নির্মাণকার্য শুরু করা হইবে।

(খ) ৪র্থ মাইলের পর বাগআঁচড়া মৌজার মধ্যস্থ মোটামুটি ৩৫·৫ চেন দীর্ঘ অংশের গতিপথ ১৯৬৪ সালের ফেব্রুয়ারী মাসে পরিবর্তন করা হইয়াছে।

(গ) পূর্বের গতিপথ (এলায়েনমেন্ট) চাষের জমির মধ্য দিয়া গিয়াছিল, ঐ গতিপথের পরিবর্তে উহার উত্তরে যে গ্রাম্য রাস্তা আছে মোটামুটি সেই কাঁচা রাস্তা বরাবর পরিকল্পিত রাস্তাটি নির্মিত হইলে স্থানীয় অধিবাসীদের গ্রামের বিদ্যালয়, ডাকঘর, স্বাস্থ্য-কেন্দ্রে যাতায়াতের সুবিধা হইবে এবং বহু চাষের জমি রক্ষা পাইবে বলিয়া রাস্তার গতিপথের পরিবর্তন করা হইয়াছে।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয়, অনুগ্রহ করে কি জানাবেন, আমার প্রশ্নটা হচ্ছে যে এর বিরুদ্ধে আমাদের পরিষদের সদস্য এবং এই অঞ্চলের যিনি সভাপতি, প্রধান, এবং ঐ বাগআঁচড়ায় এই অঞ্চলের যিনি সভাপতি, প্রধান, এবং ঐ বাগআঁচড়ায় যেখানে পরিবর্তন হচ্ছে সেই বাগআঁচড়ায় যিনি অধ্যক্ষ এবং আরও বহু লোক এদের কাছ থেকে একটা দরখাস্ত পেয়েছেন কি তিনি; যাতে তারা জানাচ্ছে জনসাধারণের যথেষ্ট ক্ষতি হচ্ছে এবং ওখানকার স্কুল-এর যে ভাল হবে বলছেন, স্কুল-এর ওপর দিয়ে ঐ রাস্তা যাচ্ছে, স্কুল ঘরকে নষ্ট করে দিয়ে—এ সম্বন্ধে তিনি কি কিছু পেয়েছেন?

Shri Khagendra Nath Das Gupta:

আমি বরং উল্টো সংবাদ পেয়েছি, ১৯৬১ সালে আমরা যখন গতিপথ স্থির করি ধানক্ষেতের মধ্যে দিয়ে, বাগআঁচড়ার অধিবাসীরা আমাদের একজিকিউটিভ ইঞ্জিনীয়ার-এর কাছে রিপ্রেজেনটেসান দেয় যে ধানক্ষেতের মধ্যে দিয়ে গেলে, এই গ্রাম কোনও উপকার পাবে না, গ্রামের ডাক ঘর আছে, ইউনিয়ন হেল্থ সেন্টার আছে, সেগুলিতে যাতায়াতের সুবিধা হবে না, বরং পুরানো যে রাস্তা আছে, সেই রাস্তা দিয়ে নিয়ে গেলে আমাদের সুবিধা হয়। প্রথমে দেখা গেছিল যে গ্রামের বাড়ীঘর কোন গ্রামের রাস্তা দিয়ে নিলে গ্রামের রাস্তাটা খুব আঁকাবাঁকা এবং দুদিকে অনেক বাড়ীঘর, এই জন্য প্রথমে বাদ দেওয়া হয়েছিল, কিন্তু গ্রামবাসীদের পুনরায় আবেদন পেয়ে একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, সার্বডিভিসনাল ইঞ্জিনীয়ার এরা গিয়ে ভাল করে তদন্ত করেন, তদন্ত করে গ্রামবাসীদের ইচ্ছা অনুসারে গ্রামের আঁকাবাঁকা পথটি নিয়ে তার জায়গায় জায়গায় কিছু পরিবর্তন করে নতুন এলাইনমেণ্ট করেছেন যাতে গ্রামবাসীদের উপকার হয় এবং এটাই গ্রহণ করা হচ্ছে। মাননীয় সদস্য যে কথা বলছিলেন এর বিরুদ্ধে কোনও প্রতিবাদ পত্র পেয়েছি বলে আমার মনে হয় না।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয়, ১২ই এপ্রিল ১৯৬৫ তারিখে কোনও দরখাস্ত পেয়েছেন কিনা, যে দরখাস্ত স্থানীয় এম, এল, এ কানাই পালের মাধ্যমে আসছে, যে দরখাস্ত সেখানকার স্থানীয় অঞ্চলের প্রধান, সেই গ্রামের প্রধান, আরও অনেক বিশিষ্ট লোক এবং আরও প্রায় ৫০ জন লোক সই করেছে এবং তাতে তাঁরা জানাচ্ছেন যে ঐ স্কুল-এর জমির উপর দিয়ে রাস্তা যাচ্ছে, এই রাস্তায় বহু লোকের বাড়ী পড়েছে এবং এই রাস্তার মধ্যে একটা বিরাট সাঁকো তৈরি হবে, এই জন্য

সরকারের অকারণে কিছু টাকা খরচ হবে এই সমস্ত দিয়ে ঐ তারিখে দরখাস্ত পেয়েছেন কিনা?

[2-10—2-20 p.m.]

Shri Khagendra Nath Das Gupta:

আমি আগেই বলেছি যে আমার স্মরণ হয় না আমি পেয়েছি, আপনি বলছেন ১২ই এপ্রিল ১৯৬৫ তারিখে? অর্থাৎ দিন কয়েক আগে, আমি এই রকম পেয়েছি বলে আমার স্মরণ নেই, আর আমি ইতিপূর্বেই বলেছি যে আমাদের অফিসারদের যে সকল গ্রামবাসীরা রিপ্রেজেনটেসান দিয়েছে, তাঁদের সহযোগিতা নিয়ে নতুন গতিপথ স্থির হয়েছে এবং এটা পরিবর্তনের কোনও কারণ আমরা খুঁজে পাচ্ছি না।

শ্রীকানাই পাল: উনি একশোবার বলছেন যে গ্রাম পঞ্চায়েত থেকে সহযোগিতা করা হচ্ছে, আমি বলছি গ্রামের প্রধান অধ্যক্ষ এবং বিশিষ্ট ব্যক্তি তাঁরা দরখাস্ত দিয়েছেন। তাতে এরা বলেছেন যে এ সম্বন্ধে নূতন যে ব্যবস্থা তাতে যথেষ্ট যুক্তি দেখিয়েছেন। আমার কথা হচ্ছে যে গ্রাম পঞ্চায়েত আর কংগ্রেসের প্রধান তিনি যে রিপোর্ট দিয়েছিলেন তাতে তিনি বলেছেন যে গ্রামবাসীরা বলেছে। আমার প্রশ্ন হচ্ছে দরখাস্ত অঞ্চল প্রধান এবং অন্যান্যরা সই করেছেন কিনা তিনি এই কথা বলেছেন এই যে চেঞ্জ হচ্ছে এতে লোকের এবং জনসাধারণের ক্ষতি হচ্ছে কিভাবে এবং এই দরখাস্তে এই কথা লেখা আছে কিনা পূর্বের রাস্তা পরিবর্তন করে নূতন যে এলাইনমেন্ট হয়েছে—তারা বলেছেন যে নূতন এলাইনমেন্ট না করে যে সুযোগের জন্য এটা করা হচ্ছে যাতে তাঁরা বলেছেন কিভাবে গ্রামের রাস্তা তৈয়ারি করা চলবে জনসাধারণের ক্ষতি হবে না এবং সরকারের অপচয় নষ্ট হবে।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: আমি পূর্বেই জানিয়েছি যে আমাদের রাস্তার গতিপথ স্থির হয়েছে গ্রামবাসীরা এটা স্থির করে কংগ্রেসের এর সঙ্গে কোন সম্পর্ক নেই, রিপ্রেজেনটেসান আমাদের কাছে এসেছে এখান থেকে কোন রকম ডাইরেকসান কাউকে দেওয়া হয়নি। একজিকিউটিভ ইঞ্জিনীয়ারদের কাছে গ্রামবাসীরা বলেছিলেন, তার ফলে সাবডিভিসনাল ইঞ্জিনীয়ার এটা করেন। আমাদের কথা হচ্ছে যে আমরা দেখেছি এই হেলথ সেণ্টার-এর ব্যাপারে অনেক রকম অসুবিধা হয়। আমাদের ইঞ্জিনীয়াররা সেই কারণে যেটাই ভাল বলে মনে করেন সেটাই করা হয়। এই রাস্তা নিয়ে অনেক দলাদলি হয় যারই জমির উপর দিয়ে রাস্তা যাবে সে-ই আপত্তি করবে। এইভাবে দুটো দল দাঁড়ায়, এর পর আমাদের ইঞ্জিনীয়াররা এটাই ঠিক করেন যাতে গ্রামবাসীদের উপকার হয় সেদিকে লক্ষ্য রেখে এটা করা হয়।

শ্রীকানাই পাল: তাহলে আমার সাপ্লিমেন্টারী হচ্ছে তিনি বলবেন কি যে অধ্যক্ষ এবং গ্রাম-প্রধান এবং ঐ অঞ্চলের অধিবাসিগণ দরখাস্ত করে থাকেন তাহলে তারা সেটা বিবেচনা করবেন কিনা। আপনি বলেছেন যে গ্রামের লোকেরা পরিবর্তন চায়। তাহলে যে সমস্ত লোক এর বিরুদ্ধে দাঁড়িয়েছে এবং তারা যে দরখাস্ত দিয়েছে সেটা বিবেচনা করবেন কিনা জানতে চাই।

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: আমি দেখব অঞ্চল প্রধানরা কি দরখাস্থ করেছেন—তাঁরা যদি কোন দরখাস্ত দিয়ে থাকেন তাহলে নিশ্চয়ই দেখবো।

শ্রীকানাই পাল: আমি জানতে চাই নূতন চেঞ্জটা যেটা করছেন তার মধ্যে অহীন্দ্র চৌধুরীর যে বাড়ী এবং অন্যান্য অনেকের বাড়ী নষ্ট হয়েছে সেটা জানেন কিনা এবং যে স্কুলের কল্যাণের কথা বলছেন সে স্কুলের উপর দিয়ে গেছে কিনা?

শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত: যে এনকোয়ারী হয়েছে তাতে আমি যা বললাম তাই দেখা গেছে।

The second alignment was found to be justified and better as it would serve the villagers more effectively, and as such a revised plan of the second alignment was prepared in December, 1963 and forwarded to the Collector for taking necessary action. And finally, it may be mentioned, no representation has been received in this office justifying reversion to the first alignment in preference to the revised alignment.

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Development of the refugee-inhabited areas of Santipur Municipality

***581.** (Admitted question No. *2799.)

শ্রীকানাই পাল: উদ্বাস্তু, পুনর্বাসন ও ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শান্তিপুর পৌরসভার অন্তর্গত উদ্বাস্তু অধ্যুষিত অঞ্চলগুলির উন্নয়নের উদ্দেশ্যে নির্দিষ্ট কাজের জন্য যে ৬ লক্ষ ৫২ হাজার টাকা মঞ্জুর করা হইয়াছে, তাহাতে নির্দিষ্ট এলাকার নির্দিষ্ট কাজ সম্পন্ন হইয়াছে কিনা; এবং

(খ) এ ব্যাপারে বিভিন্ন পৌরসভাগুলিকে যে অর্থ দেওয়া হইয়াছে সেই অর্থ যথাযথভাবে ব্যয় করা হইতেছে কিনা তাহা পরিদর্শনের কোন সরকারী ব্যবস্থা আছে কিনা?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) এখনও সম্পূর্ণ হয় নাই।

(খ) হ্যাঁ।

National Sugar Mill, Ahmedpur

***582.** (Admitted question No. 2808.) **Shri Bhakti Bhusan Mandal:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that National Sugar Mill at Ahmedpur has been taken up by the Government of West Bengal in its possession;

(b) if so, when does the Government contemplate to start the said mill for actual sugar production; and

(c) whether the said mill will run in the Public Sector?

The Minister for Commerce and Industries: (a) Yes.

(b) The matter is under examination.

(c) The matter is under examination.

Alleged defalcation of money in Tufangunj Co-operative Marketing Society

***583.** (Admitted question No. *2817.)

শ্রী [illegible] রায়: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কুচবিহার জেলার তুফানগঞ্জ কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির তহবিল হইতে সম্প্রতি দশ হাজার টাকা তছরূপ হইয়াছে;

(খ) সত্য হইলে, এ-বিষয় কোন সরকারী তদন্ত হইয়াছে কিনা; এবং

(গ) তদন্ত হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

The Minister for Co-operation:

(ক) ও (খ) কুচবিহার জেলার তুফানগঞ্জ কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির তহবিল হইতে কোন টাকা তছরূপ হইয়াছে কিনা সে বিষয়ে তদন্ত চলিতেছে। তদন্ত সম্পূর্ণ না হওয়া পর্যন্ত ইহা সত্য কিনা বলা সম্ভব নয়।

(গ) তদন্ত শেষ হয় নাই। ইহা শেষ হইলে ফলাফল জানা যাইবে।

Refugee market at Ultadanga

***584.** (Admitted question No. *2978.)

শ্রীমতী ইলা মিত্র: ত্রাণ, উদ্বাস্তু ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুই বৎসর পূর্বে উদ্বাস্তু বাজার কলিকাতায়, উল্টাডাঙ্গায় নির্মাণের জন্য ৪ লক্ষ ৭৭ হাজার টাকা মঞ্জুর হইয়াছিল;

(খ) সত্য হইলে, উক্ত বাজার নির্মিত হইয়াছে কিনা;

(গ) নির্মিত না হইলে, উহার কারণ কি; এবং

(ঘ) নির্মিত হইলে, কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for Relief:

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) ক্যালকাটা ইম্প্রুভমেণ্ট ট্রাস্টের নিকট হইতে জমির দখল এখনও পর্যন্ত না পাওয়া যাওয়ায় নির্মাণকার্য আরম্ভ করা সম্ভব হয় নাই।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

Powerlooms in Nadia district

***585.** (Admitted question No. *3074.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the number of powerlooms at present in the district of Nadia;

(b) how many of those powerlooms have been installed during 1964; and

(c) how many applications for licenses for those powerlooms had been submitted in 1964 and how many of those licenses had been granted in the same year?

The Minister for Cottage and Small Scale Industries : (a) 605 out of which 256 are in the Co-operative fold.

(b) Nil.

(c) (i) Nil.

(ii) Does not arise.

Raman and Mungpo Hydro-electric Schemes

***586.** (Admitted question No. *3101.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether survey and preliminary investigations have been completed for the Raman and Mungpo Hydro-electric Schemes;

(b) if so, when the construction work will start; and

(c) what will be their generating capacity?

The Minister for Commerce and Industries: (a) (i) Raman Hydro-Electric Scheme—Only Contour Survey has been completed.

(ii) Mungpo Hydro-electric Scheme—Preliminary investigation has been completed.

(b) (i) Raman Hydro-Electric Scheme—Likely to start towards the end of the 4th Five-Year Plan.

(ii) Mungpo Hydro-Electric Scheme—Likely to start in the early period of the Fourth Five-Year Plan.

(c) (i) Raman Hydro-Electric Scheme—First and third stage 60 M.W., second stage 40 M.W.

(ii) Mungpo Hydro-Electric Scheme—4.2 M.W.

Registered factories in West Bengal

***587.** (Admitted question No. *3126.)

শ্রীসোমনাথ লাহিড়ী: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় কতগুলি রেজিস্টার্ড কারখানা আছে:

(খ) সেগুলির মোট মূলধন কত; এবং

(গ) উহার মধ্যে কতগুলি কারখানায় বেশীর ভাগ মূলধন বাঙ্গালীদের হাতে এবং সেই মূলধনের মোট পরিমাণ কত?

The Minister for Commerce and Industries :

(ক) ৫,৪৩৩টি (৩১শে ডিসেম্বর, ১৯৬৪ সাল পর্যন্ত)।

(খ) ও (গ) পরিসংখ্যান সরকারের হস্তগত নাই।

Complaints against the Pradhan of Bagmundi Anchal Panchayat

***588.** (Admitted question No. *3253.)

শ্রীদমন কুইরী: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বাঘমুণ্ডী থানায় বাঘমুণ্ডী অঞ্চলপ্রধানের বিরুদ্ধে কোন অভিযোগ সরকার সম্প্রতি পাইয়াছেন কিনা; এবং

(খ) পাইয়া থাকিলে, কি কি ধরনের ও সরকার এই বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minitser for Panchayats:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Taking over the management of industrial organisations by Government

***589.** (Admitted question No. *3272.)

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন অফ ইন্ডাস্ট্রিজ এ্যাক্ট অনুযায়ী কোন্ প্রতিষ্ঠান অথবা কোন্ কোন্ শিল্প প্রতিষ্ঠানের পরিচালনা সরকারী কর্তৃত্বে আনা হইয়াছে; এবং

(খ) বর্তমানে নতুন কোনো শিল্প প্রতিষ্ঠানের পরিচালনা গ্রহণ করিবার প্রস্তাব আছে কি?

The Minister for Commerce and Industries:

(ক) ডায়মণ্ডহারবার রোড বেহালায় অবস্থিত ইণ্ডিয়া ইলেকট্রিক ওয়ার্কস লিমিটেডের পরিচালনা ভারত সরকারের কর্তৃত্বাধীনে আনা হইয়াছে।

(খ) না।

Powerloom at Cossipore

***590.** (Admitted question No. *3276.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গে কয়েকটি সমবায়ের দ্বারা কাশীপুরে (কলিকাতা) একটি শক্তিচালিত তাঁত প্রতিষ্ঠিত হইয়াছে;

(খ) সত্য হইলে, এই সমবায় সংস্থাটির মোট অংশীদারী মূলধনের পরিমাণ কত; এবং

(গ) সরকার হইতে এই সংস্থাটির জন্য এ-যাবত কত অর্থসাহায্য প্রদান করা হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

Establishment of Tassar industry in Gopiballavpur police-station

***591.** (Admitted question No. *3288.)

শ্রীদেবনাথ হাঁসদা: আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর থানায় আদিবাসী কল্যাণার্থে যে তসর-শিল্প প্রতিষ্ঠান সরকার মঞ্জুর করিয়াছিলেন, তাহা নয়াগ্রাম থানায় স্থানান্তরের কারণ কি:

(খ) উক্ত প্রতিষ্ঠানে বর্তমানে কতজন শিক্ষার্থী আছেন;

(গ) কোন্ কোন্ পদে কতজন সরকারী কর্মচারী নিযুক্ত আছেন; এবং

(ঘ) সেখানে মাসে গড়ে কত টাকা ব্যয় হইতেছে?

The Minister for Tribal Welfare:

(ক) তসর গুটি উৎপাদনকারী আদিবাসীর সংখ্যা গোপীবল্লভপুর থানা অপেক্ষা নয়াগ্রাম থানায় অধিক। যেখানে কেন্দ্রটি স্থাপিত হইয়াছে তাহা এইরূপ আদিবাসী অধ্যুষিত অঞ্চলের কেন্দ্রস্থলে অবস্থিত। কেন্দ্রটি স্থাপনের জন্য প্রয়োজনীয় উপযুক্ত জমি এবং সাময়িক ঘরবাড়ী নয়াগ্রাম থানায় পাওয়া গিয়াছে। তাহা ছাড়া এই স্থানটি যে বনাঞ্চলের মধ্যে অবস্থিত তাহাতে প্রচুর আসনবৃক্ষ আছে। এই আসনবৃক্ষে তসরগুটি উৎপাদনের খুব সুবিধা। গোপীবল্লভপুর থানায় যে স্থানটি পূর্বে মনোনীত করা হইয়াছিল তাহা অপেক্ষা বর্তমান স্থানটিতে যাতায়াতের সুবিধা বেশী। এই সকল কারণে পরিকল্পনাটির সার্থক রূপায়নের প্রতি লক্ষ্য রাখিয়া কেন্দ্রটি স্থাপনের স্থান পরিবর্তন করা হইয়াছে।

(খ) ১৫ জন।

(গ) অধীক্ষক ১ জন, বয়ন শিক্ষক ১ জন, বয়ন সহকারী ১ জন, রিলিং শিক্ষক ১ জন, প্রদর্শক ১ জন, করণিক ১ জন, প্রহরী ১ জন, পিয়ন ১ জন, মোট ৮ জন।

(ঘ) বর্তমানে প্রায় ২,০০০ টাকা।

Weekly holidays and winter-allowances for the staff of the Forests Department

***592.** (Admitted question No. *2607.)

শ্রীসনৎকুমার রাহা: বন-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন-বিভাগের কর্মচারিগণকে সপ্তাহে দেড়-দিন ছুটি দিবার ব্যবস্থা কার্যকরী আছে কিনা: এবং

(খ) বন-বিভাগের কর্মচারিগণকে শীতকালীন ভাতা দেওয়া হয় কিনা?

The Minister for Forests:

একজিকিউটিভ কর্মচারী ছাড়া অন্যান্য কর্মচারিগণ সপ্তাহে দেড়দিন ছুটি উপভোগ করিয়া থাকেন।

একজিকিউটিভ কর্মচারীদের বেলায় কোনও নির্দিষ্ট দিন সাপ্তাহিক ছুটির দিন হিসাবে ধার্য নাই।

শুধু দার্জিলিং জেলায় (শিলিগুড়ি মহকুমা ব্যতীত) অবস্থিত কর্মচারিগণকে যাহাদের মাসিক বেতন ৪৯৯ টাকা পর্যন্ত তাহাদের প্রচলিত আইন অনুযায়ী কয়েকটি শর্তে শীতকালীন ভাতা দেওয়া হয়।

Distribution of relief to the physically disabled persons

***593.** (Admitted question No. *2716.)

শ্রীসুধীরচন্দ্র দাশঃ ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রতি অঞ্চলে অন্ধ, খঞ্জ, রোগাক্রান্ত, অক্ষম ব্যক্তিদের স্থায়ী রিলিফ দেওয়ার নীতিতে ১৯৬৩ ও ১৯৬৪ সালে যত-সংখ্যক ব্যক্তিকে রিলিফ দেওয়া হইত, বর্তমান বৎসরে সেই সংখ্যা অর্ধেকেরও বেশী কমাইয়া দেওয়া হইয়াছে; এবং

(খ) উত্তর হ্যাঁ হইলে, তাহার কারণ কি?

The Minister for Relief and Social Welfare:

(ক) ও (খ) কাহাকেও স্থায়ীভাবে সাহায্য দেওয়ার কোন নীতি সরকারের নাই। প্রয়োজনানুযায়ী সকল অসহায় ও অনশনের সম্মুখীন দুঃস্থ অক্ষম ব্যক্তিকেই জীবনধারণের নিমিত্ত খয়রাতি সাহায্য দেওয়ার ব্যবস্থা আছে।

Sale of firewood from the Government forests in Midnapore district

***594.** (Admitted question No. *2751.)

শ্রীঅনঙ্গমোহন দাশঃ বন-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কয়টি জঙ্গলের গাছ জ্বালানী কাঠের জন্য গত ১৯৬৪ সালে সরকার বিক্রয় করিয়াছেন; এবং

(খ) ঐ জঙ্গলগুলির গাছ বিক্রয়ের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল?

The Minister for Forests:

(ক) ১৫২টি মৌজাস্থিত জঙ্গলে মোট ৩৭৩টি লটের গাছ বিক্রয় করা হইয়াছিল।

(খ) উক্ত ১৫২টি মৌজার মধ্যে ১৪৩টি মৌজাস্থিত জঙ্গলে প্রকাশ্য নীলামে, ৮টি মৌজাস্থিত জঙ্গল টেন্ডার ডাকিয়া এবং ১টি মৌজাস্থিত জঙ্গল আলাপ আলোচনার মাধ্যমে বিক্রয় করা হইয়াছিল। প্রকাশ নীলাম ও টেন্ডারের ক্ষেত্রে যথাবিহিত বিজ্ঞপ্তিসহ অন্যান্য সকল বিধি ও নিয়মাবলী অনুসরণ করা হইয়াছিল।

Directors of the Kalyani Spinning Mills

***595.** (Admitted question No. *3240.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণীর স্পিনিং মিলসের বর্তমান ডিরেক্টারদের নাম ও পরিচয় কি এবং কোন্‌জন কোন্‌ তারিখ হইতে উক্ত পদে অধিষ্ঠিত আছেন; এবং

(খ) কি কি যোগ্যতা দেখিয়া উক্ত মিলের ডিরেক্টারদের মনোনয়ন করা হয়?

The Minister for Commerce and Industries:

(ক) শ্রী কে, এন, মুখার্জি, চেয়ারম্যান, শিল্পপতি, ২৬-৯-৬৪ তারিখ হইতে, (২) শ্রী এস, দত্ত-মজুমদার, আই, এ, এস, সচিব, বাণিজ্য ও শিল্প বিভাগ, ডিরেক্টার, ২৬-৯-৬৪ তারিখ হইতে (৩) শ্রী এস গুপ্ত, আই, ও এবং এ, এস (অবসরপ্রাপ্ত), প্রাধিকারিক ও পদাধিকারিবলে সচিব, অর্থ বিভাগ, ডিরেক্টার, ২৬-৯-৬৪ তারিখ হইতে, (৪) শ্রীউদয়ন চ্যাটার্জি, শিল্প অধিকর্তা, ডিরেক্টার, ২০-৪-৬৫ তারিখ হইতে, (৫) শ্রী এস, এন, মুখার্জি, এম, এল, সি, ডিরেক্টার, ২৬-৯-৬৪ তারিখ হইতে, (৬) শ্রীপ্রতাপচন্দ্র চন্দ, এম, এল, এ, ডিরেক্টার, ২৬-৯-৬৪ তারিখ হইতে, (৭) শ্রীঅশোককৃষ্ণ দত্ত, এম, এল, এ, ডিরেক্টার, ২৬-৯-৬৪ তারিখ হইতে, (৮) শ্রীসৈয়দ কাজেম্ আলি মির্জা, এম, এল, এ, ডিরেক্টার, ২৬-৯-৬৪ তারিখ হইতে, (৯) শ্রী আর, আর, চ্যাটার্জি, ম্যানেজিং ডিরেক্টার, ২৬-৯-৬৪ তারিখ হইতে।

(খ) উক্ত মিলের পরিমেল নিয়মাবলীতে (আর্টিকল অব এসোসিয়েসান) ডিরেক্টারদের যোগ্যতা সম্বন্ধে কিছু লিপিবন্ধ নাই। যদিও বেসরকারী ক্ষেত্রে বাণিজ্য ও শিল্প বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিগণকে সাধারণতঃ ডিরেক্টার পদে মনোনয়ন করার চেষ্টা করা হয়।

Patardi Consumers' Co-operative Society

***596.** (Admitted question No. *3254.)

শ্রীদমন কুইরী: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বাঘমুণ্ডী থানায় পাতরডি কন্‌জিউমারস কো-অপারেটিভ সোসাইটি কবে রেজেস্ট্রী হয়;

(খ) রেজেস্ট্রী হইবার পর থেকে বর্তমান সময় পর্যন্ত ঐ সোসাইটি অডিট কোন্ কোন্ তারিখে হয় ও সর্বশেষ অডিটের রিপোর্ট কি; এবং

(গ) ঐ সোসাইটির সম্পাদক সদস্যের নাম ও ঠিকানা কি?

The Minister for Co-operation:

(ক) পুরুলিয়া জেলায় বাঘমুন্ডি থানায় এই নামে কোন কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি রেজিষ্ট্রি হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) এ প্রশ্ন উঠে না।

Development of Mahesh Refugee Colony

***597.** (Admitted question No. *3307.)

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুনর্বাসন দপ্তর অধুনা বৈধকৃত প্রাক্তন জবর-দখল কলোনি মাহেশ উদ্বাস্তু শিবিরের আরব্ধ কিন্তু অসমাপ্ত উন্নয়নের কাজ সমাপ্ত করিতে রাজী নহেন;

(খ) ইহার উত্তর হ্যাঁ হইলে, কেন রাজী নন; এবং

(গ) উত্তর "না" হইলে, উন্নয়নকার্য কেন করা হইতেছে না এবং কবে উহা করা হইবে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) অবশিষ্ট উন্নয়ন কাজের জন্য ভারত সরকারের নিকট যে প্রাক্‌কলন পাঠানো হইয়াছে তাহার মঞ্জুরী আসে নাই বলিয়া কার্য সমাধা করা হইতেছে না। ভারত সরকারের মঞ্জুরী পাওয়া গেলে পুনরায় উন্নয়ন কার্য আরম্ভ করা যাইতে পারে।

Commercial Education

***598.** (Admitted question No. *2758.)

শ্রীসনৎকুমার রাহা: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাণিজ্য বিভাগ হইতে কমার্শিয়াল এডুকেশন বাবদ কোন অর্থ বরাদ্দ হয় কিনা;

(খ) এই বিভাগ হইতে ছাত্রবৃত্তি দেওয়া হয় কিনা; এবং

(গ) ইন্ডিয়া ফিল্ম ইনস্টিটিউট (পুনা)-কে কোন অর্থ সাহায্য দেওয়া হয় কিনা?

The Minister for Commerce and Industries:

(ক) না।

(খ) শিল্প বাণিজ্য বিভাগ হইতে কমারশিয়েল এডুকেশান-এর জন্য কোন ছাত্র-বৃত্তি দেওয়া হয় না।

(গ) না।

Government Spinning Mills

***599.** (Admitted question No. *2856.)

শ্রীঅনঙ্গমোহন দাশ: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কোন্ কোন্ স্পিনিং মিল সরকারী পরিচালনায় কবে স্থাপিত হইয়াছে;

(খ) উক্ত মিলগুলির প্রত্যেকটির জন্য কত টাকা মূলধন নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) গত ১৯৬৩-৬৪ সালে উহাদের প্রত্যেকটি হইতে কত টাকা লাভ বা লোকসান হইয়াছে?

The Minister for Commerce and Industries:

(ক) ১৯৬০ সালের জানুয়ারী মাসে "দি কল্যাণী স্পিনিং মিলস্ লিমিটেড" সরকারী পরিচালনায় স্থাপিত হইয়াছে।

(খ) ২,১০,৩৯,০০০ টাকা।

(গ) ২৬,৯৪,৯৫৯ টাকা লাভ হইয়াছে।

Development of Nehrunagar Colony

***600.** (Admitted question No. *3308.)

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শ্রীরামপুরস্থ নেহরুনগর কলোনির উন্নয়নকার্য কবে নাগাদ শুরু হইবে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

ভারত সরকারের প্রয়োজনীয় মঞ্জুরী পাওয়া গেলে কার্য আরম্ভ করা সম্ভব হইবে।

UNSTARRED QUESTIONS TO WHICH WRITTEN ANSWERS WERE LAID ON THE TABLE

Voluntary Organisations in West Bengal

1291. (Admitted question No. 1393.)

শ্রীজীবনকৃষ্ণ দে: ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সমাজসেবামূলক বেসরকারী কোন প্রতিষ্ঠানকে রাজ্যসরকার সাহায্য করেন কিনা;

(খ) করলে কোন্ কোন্ শর্তে এবং কোন্ কোন্ ক্ষেত্রে; এবং

(গ) সাহায্যপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলির নাম ও ১৯৬৪ সালে দেয় টাকার পরিমাণ কত?

The Minister for Relief and Social Welfare:

(ক) হ্যাঁ।

(খ) এই সম্পর্কে কোন নির্দিষ্ট নিয়মাবলী নাই। সোসাইটিজ রেজিস্ট্রেশন আইনে রেজিস্ট্রীকৃত প্রতিষ্ঠানগুলি সাহায্য পাইবার উপযোগী বলিয়া গণ্য করা হয়। প্রতি ক্ষেত্রে দরখাস্তকারী প্রতিষ্ঠানের গুণাগুণ বিচার করিয়া সাহায্য পাইবার উপযুক্ত বিবেচিত হইলে তবেই সাহায্য দেওয়া হয়। বিশেষত নারী, শিশু, মূক ও বধির, অন্ধ এবং বিকলাঙ্গদের কল্যাণ ও সেবায় নিযুক্ত প্রতিষ্ঠানগুলিকেই সাহায্য করা হয়।

(গ) ১লা এপ্রিল, ১৯৬৪ তারিখ হইতে ৩১এ মার্চ, ১৯৬৫ তারিখ পর্যন্ত মোট ২,০৫,৩৩৫·১৬ পয়সা অনুদান দেওয়া হইয়াছে। প্রতিষ্ঠানগুলির নাম ও তাঁহাদের অনুদানের পরিমাণ লাইব্রেরী টেবিলে রক্ষিত তালিকায় দেওয়া হইল।

Sinking of tubewells and help to students from the Tribal Welfare Fund in Midnapore district

1292. (Admitted question No. 2849.)

শ্রীঅনঙ্গমোহন দাস: আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৩ বৎসরে তফসিলী কল্যাণ ফান্ড হইতে মেদিনীপুর জেলার কোন্ থানায় কয়টি নলকূপ স্থাপন, কত ছাত্রকে বেতন বা বই সাহায্য বা হোস্টেল খরচ বাবত সাহায্য করা হইয়াছিল; এবং

(খ) উক্ত ফান্ড হইতে কোন্ কোন্ বিদ্যালয়কে ছাত্রাবাস নির্মাণ বাবত কত টাকা উক্ত তিন সালে দেওয়া হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

(ক) ১৯৬২-৬৩ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত তিন বৎসরের তথ্য লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

(খ) একটিও না।

Daily and Weekly Bazars in Midnapore district

1293. (Admitted question No. 2913.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বিভিন্ন মহকুমায় সরকারী রাস্তার বাস রুটের উভয় পার্শ্বে কোথায় কোথায় দৈনিক বা সাপ্তাহিক বাজার বসে ; এবং

(খ) উক্ত বাজারগুলিতে দোকানদারগণের নিকট খাজনা কে কিভাবে আদায় করেন?

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

Refugee colonies in Midnapore district

1294. (Admitted question No. 3198.)

শ্রীঅনঙ্গমোহন দাস: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ থানায় কয়টি উদ্বাস্তু কলোনী আছে;

(খ) উহাদের প্রত্যেকটিতে কতজন করিয়া উদ্বাস্তু বাস করেন ;

(গ) ঐ সকল কলোনীতে জলসরবরাহের কিরূপ ব্যবস্থা আছে ; এবং

(ঘ) ঐ সকল উদ্বাস্তু কলোনীর ছাত্র-ছাত্রীদের পড়ার জন্য কিরূপ বিশেষ ব্যবস্থা আছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক)

থানার নাম		কলোনীর সংখ্যা
১। গড়বেতা	...	২৫
২। শালবনী	...	৪
৩। মেদিনীপুর (কোতওয়ালী)	...	৫
৪। দেবরা	...	৪
৫। কোনপুর	...	৪
৬। খড়গপুর	...	৫
৭। কেশিয়ারী	...	১
৮। নারায়ণগড়	..	১
৯। দাঁতন	...	১

থানার নাম		কলোনীর সংখ্যা
১০। সবং	...	১
১১। ঝাড়গ্রাম	...	১
১২। শাঁকরাইল	...	৯
১৩। চন্দ্রকোণা	...	২
১৪। ঘাটাল	...	১
১৫। দাসপুর	...	১
১৬। পাঁশকুড়া	...	১

(খ) লাইব্রেরী টেবিলে রক্ষিত বিবরণীটির চতুর্থ কলমে উদ্বাস্তুগণের সংখ্যা প্রদত্ত হইয়াছে।

(গ) উক্ত বিবরণীটির পঞ্চম কলম দ্রষ্টব্য।

(ঘ) উক্ত বিবরণীটির ষষ্ঠ কলম দ্রষ্টব্য।

Roads under the Howrah Zilla Parishads, District Board and Anchal Panchayats in the district

1295. (Admitted question No. 1413.)

শ্রীতারাপদ দে: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হওড়া জেলা পরিষদের অধীন মোট রাস্তার পরিমাণ কত এবং জেলা বোর্ডের অধীন রাস্তা কত ছিল; এবং

(খ) হাওড়া জেলায় জেলা বোর্ডের রাস্তা বাদে বিভিন্ন অঞ্চল পঞ্চায়েতের অধীন রাস্তার মোট পরিমাণ কত?

The Minister of State for Panchayats:

(ক) হাওড়া জেলা পরিষদের অধীন মোট রাস্তার পরিমাণ ৯৪৪·৮৬ মাইল বা ১,৫২১ কিলোমিটার; হাওড়া জেলা বোর্ডের অধীন রাস্তার পরিমাণ ঐ একই ছিল।

(খ) হাওড়া জেলায় বিভিন্ন অঞ্চল পঞ্চায়েতের অধীন রাস্তার মোট পরিমাণ ১,৫৬৪ মাইল বা প্রায় ২,৫০৩ কিলোমিটার।

Roads constructed in villages of Darjeeling district during different Plans

1296. (Admitted question No. 1451.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) the name of pucca roads, if any, proposed to be constructed in villages in the district of Darjeeling under the 1st, 2nd and 3rd Five-Year Plans;

(b) which, amongst them, have been completed;

(c) whether all the completed roads as referred to in (b) above are in good condition and in use by the public;

(d) the names of roads where construction work is in progress; and

(e) the names of roads when construction work has not been started at all and the reasons therefor?

The Minister for Public Works (Roads): (a) Statement is laid on the table.

(b) (1) Road to Rongo Cinchona (Kumani-Naxalkhola-Gouribas Section), (2) Bijanbari-Relling, ( ) Naxalbari-Kharibari, (4) Kharibari-Phansidewa (except Chenga Bridge approach, (5) Mirik-Garidhura (Garidhura Balasan section with bridge over Balasan), and (6) Road from Peshoka Road to Mongpoo.

(c) Yes.

(d) (1) Darjeeling-Pulbazar-Bijanbari, (2) Road to Rongo Plantations (Gouribas Rongo section), (3) Mirik-Garidhura (Mirik-Balasan section), (4) Road from Kharibari-Phansidewa Road to Chattarhat, and (5) Mongpoo Road Extension to Surel Bungalow.

(e) (1) Bijanbari-Jhepi-Lodhama, (2) Kharibari-Debiganj, (3) Tripai-Tarkhola, (4) Lava-Gitdabling, (5) Relling to Dongiapara, and (6) Darjeeling-Singlabazar.

Before actual work starts, some preliminaries, such as selection of alignment, completion of land acquisition, etc., are required to be completed. These preliminaries sometimes take long time, particularly in case of hill roads. Hence the delay in starting work on the roads in question.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 1296.

Names of pucca roads proposed to be constructed in villages in the district of Darjeeling under the 1st, 2nd and 3rd Five-Year Plans.

1. **First Five-Year Plan.**

(1) Road to Rongo Cinchoma Plantations. (Kumani-Naxalkhola-Gouribas Section).

(2) Darjeeling-Pulbazar-Bijanbari Road (up to 12 miles).

(3) Bijanbari-Relling.

2. **Second Five-Year Plan.**

(1) Naxalbari-Kharibari Road.

(2) Bijanbari-Jhepi-Lodhama Road.

(3) Kharibari-Phansidewa Road.

(4) Mirik-Phanighata (Actually Garidhura) Road (Garidhura-Balasan Section with bridge over Balasan Section).

(5) Road from Peshoke Road to Mangpoo.

3. **Third Five-Year Plan.**

(1) Darjeeling-Pulbazar-Bijanbari Road (4 miles in Chongtong area).
(2) Road to Rongo Chinchona Plantations (Gouribas-Rongo Section).
(3) Mirik-Garidhura Road (Mirik-Balasan Section).
(4) Kharibari-Debiganj Road.
(5) Road from Kharibari-Phansidewa Road to Chattarhat.
(6) Tripai-Tarkhola (linking Pedong Road and Gangtok Road).
(7) Lava-Gitdabling.
(8) Relling to Dongiapara.
(9) Darjeeling-Singlabazar.
(10) Peshoke Road-Mongpoo Road extension to Surel Bungalow.

Damages caused due to flood of Nemania River in Jaynagar police-station, 24-Parganas

1297. (Admitted question No. 1605.)

শ্রীঅনাদিমোহন তাঁতি: ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় জয়নগর থানার তারানগর ও উহার পার্শ্ববর্তী মৌজার যে-সকল চাষের জমি বিগত বর্ষায় নেমানিয়া নদীর জলে ক্ষতিগ্রস্ত হইয়াছে তাহার পরিমাণ কত; এবং

(খ) ক্ষতিগ্রস্ত কৃষকদের খাজনা মকুবের কোন ব্যবস্থা থাকিলে, এ-পর্যন্ত কি কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) আনুমানিক ১,০০০·০০ একর।

(খ) ১৯৪০ সালের তৌজি ম্যানুয়েলের বিধান অনুসারে প্রাকৃতিক বিপর্যয়হেতু ফসলের ক্ষতি যদি ব্যাপক না হয়, তবে কেবলমাত্র ক্ষতিগ্রস্ত কৃষকগণের আবেদনক্রমে প্রত্যেকের ক্ষতির পরিমাণ বিবেচনা করিয়া খাজনা মকুব দেওয়া হয়।

এই ক্ষেত্রে ক্ষতির পরিমাণ আংশিক এবং কোন কৃষক খাজনা মকুবের জন্য আবেদন করেন নাই।

Expenditure on Agriculture

1298. (Admitted question No. 1785.)

শ্রীসনৎকুমার রাহা: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩য় পরিকল্পনায় প্রথম তিন বৎসরের প্রতি বৎসর কৃষিতে কি পরিমাণ মূলধন সরকার ব্যয় করেন; এবং

(খ) উক্ত মূলধন ব্যয়ের ফলে তিন বৎসরে ফলনের গতি কিরূপ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক)

সাল	ব্যয়ের পরিমাণ লক্ষ টাকা
১৯৬১-৬২	১৬৯.৪০
১৯৬২-৬৩	২৭৩.৭০
১৯৬৩-৬৪	৩৯৮.৭৪

(খ)

শস্যের নাম	শস্যের উৎপন্ন ফসলের পরিমাণ হাজার টন		
	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
চাউল	৪,৭২২.৬	৪,৩৪১.০	৫,২৪৯.৮
গম	৩৩.৯	৩০.১	৩২.২
যব	৪২.১	২৮.৪	২৩.৪
ভুট্টা	২৯.৪	৩৫.০	৩৪.১
ছোলা	৭৮.৮	৮৭.৮	৮৮.৬
অড়হড়	২৩.০	২৬.৭	৩৮.০
অন্য রবি শস্য	২১৮.৬	২১৪.৭	২৩৫.২
অন্য খরিফ ডাইল	১৬.০	২০.৬	২২.৬
সরিষা	৩৩.৬	১৬.৯	২৮.১
তিল	১.৮	২.২	২.৪
তিসি	৭.৬	১১.৮	৯.৫
পাট	৩,৩৫১.৫	*৩,১১২.৮	৩,২৭০.০
মেস্তা	৭১৫.১	৭০৯.৯	৭১০.১
ইক্ষু	১,৭৮৯.১	১,৩৩৩.৩	১,৫১২.৫
আলু	৭২০.০	৭৮৫.৮	৫১৫.৭
তামাক	১২.৮	১০.৬	১০.৮

বিশেষ দ্রষ্টব্য—

১৯৬২-৬৩ সালে অস্বাভাবিক অনাবৃষ্টির জন্য চাউলের উৎপাদন হ্রাস পাইয়াছিল।

১৯৬১-৬২ সালে ভারত সরকারের আখমাড়াই সংক্রান্ত বিধিনিষেধের ফলে চিনির কলগুলির ইক্ষু ক্রয়-ক্ষমতা ১০% হ্রাস পায়। ১৯৬২-৬৩ সালে ইক্ষু চাষ ও উৎপাদনের পরিমাণ হ্রাসের ইহা অন্যতম প্রধান কারণ। পরবর্তীকালে উক্ত বিধিনিষেধ উঠাইয়া লইলে ইক্ষুর চাষ ও উৎপদন পুনরায় বৃদ্ধি পাইতে থাকে।

১৯৬৩-৬৪ সালে প্রতিকূল আবহাওয়ায় ও আফিশ (আফিশ কীটের) আক্রমণে সরিষার উৎপাদন হ্রাস পাইয়াছিল। ১৯৬৩-৬৪ সালে ধ্বসা-রোগের মারাত্মক প্রাদুর্ভাব ও প্রতিকূল আবহাওয়ার জন্য আলুর উৎপাদন হ্রাস পাইয়াছিল।

Grant of educational facilities to the Children of Political Sufferers

1299. (Admitted question No. 2012.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষা-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলায় রাজনৈতিক দুঃস্থ কর্মিগণের পুত্র-কন্যার পড়াশুনার সাহায্যের জন্য কতগুলি আবেদন পত্র পাইয়াছেন;

(খ) ঐগুলির মধ্যে কতজনকে কলেজে পড়ার জন্য এবং স্কুলে পড়ার জন্য কি কি বাবদ কত টাকা করিয়া সাহায্য দেওয়া হইয়াছে এবং কতগুলি না-মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) যদি না-মঞ্জুর করা হইয়া থাকে, তাহলে কারণ কি?

The Minister for Education:

(ক) ৩৬৪।

(খ) উক্ত আবেদনকারীদের মধ্যে ৫৯ জনকে ১৯৬৩ সালের জন্য বৃত্তি দেওয়া হইয়াছে। পরিশিষ্টে বিস্তৃত বিবরণী দেওয়া হইল।

(গ) সর্বপ্রথম এই প্রকল্প অনুসারে যাহারা ১৯৬৩-৬৪ সালের জন্য আবেদন করিয়াছে তাহাদের সাহায্য দিবার প্রস্তাবটি ভারত সরকারের বিবেচনাধীন আছে।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 1299

১৯৬৩ সালের পড়াশুনার জন্য সাহায্যপ্রাপ্ত রাজনৈতিক দুস্থ কর্মিগণের পুত্রকন্যার বিবরণ

১। একাদশ শ্রেণীর ৩ জনকে মাসিক ২০ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

২। দশম শ্রেণীর ৬ জনকে মাসিক ২০ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

৩। নবম শ্রেণীর ৪ জনকে মাসিক ১২ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

৪। অষ্টম শ্রেণীর ১২ জনকে মাসিক ১২ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

৫ সপ্তম শ্রেণীর ১০ জনকে মাসিক ৮ টাকা হিসাবে ১ বৎসরের জন্য ষ্টাইপেন্ড।

৬। ষষ্ঠ শ্রেণীর ১৩ জনকে মাসিক ৮ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

৭। যি কম, ২ জনকে মাসিক ২৫ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

৮। বি এস সি ৫ জনকে মাসিক ২৫ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

৯। বি এ ১১ জনকে মাসিক ২৫ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

১০। কারিগরি ২ জনকে মাসিক ৫০ টাকা হিসাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

১১। প্রি ইউ ১ জনকে মাসিক ২৫ টাকা সিহাবে ১ বৎসরের জন্য স্টাইপেন্ড।

Libraries managed by Government

1300. (Admitted question No. 2072.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how many libraries managed by the Government are there in West Bengal; and

(b) the names and addresses of each of the said libraries?

The Minister for Education: (a) Four (4).

(b) Names and addresses of the four libraries are as follows:—

Names and Addresses.

1. State Central Library, 56 B. T. Road, Calcutta-50.
2. Central Library, Banipur, 24-Parganas.
3. Central Library, Kalimpong, Darjeeling.
4. District Library, Taki, 24-Parganas.

Recently, the management of the Uttarpara Public Library, Hooghly, has been taken over by Government.

Control of Primary Schools by Asansol Municipality

1301. (Admitted question No. 2149.)

শ্রীঅশ্বিনী রায়। শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল পৌর-এলাকায় বহু-সংখ্যক প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ পৌর কর্তৃত্বাধীনের অন্তর্ভুক্ত হয় নাই;

(খ) সত্য হইলে, মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) ১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত এরূপ স্কুলের সংখ্যা কত; এবং

(২) পৌর কর্তৃত্বাধীনে আনয়নের জন্য কোনও ব্যবস্থা গৃহীত হইলে, তাহার বিবরণ?

The Minister for Education:

(ক) মোট ৩৭-টি প্রাথমিক/নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের মধ্যে ১৯-টি পৌর কর্তৃত্বাধীনের অন্তর্ভুক্ত হইয়াছে এবং ২-টি সরকারী উদ্যোগে পরিচালিত প্রাথমিক বিদ্যালয় পৌর কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের ব্যবস্থা করা হইতেছে।

(খ) (১) উপরোক্ত ২-টি সরকারী উদ্যোগে পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের কথা বাদ দিলে ১৬-টি।

(২) যাহাতে কার্যনির্বাহক সমিতির অধীনস্থ বিদ্যালয়গুলির পরিচালনার দায়িত্ব পৌর কর্তৃপক্ষের হস্তে অর্পিত হয়, সেইজন্য আসানসোল পৌরসভার এডমিনিস্ট্রেটর পত্রদ্বারা সংশ্লিষ্ট কার্যনির্বাহক সমিতিগুলির অনুরোধ করিয়াছেন।

Traffic accidents on G. T. Road

1302. (Admitted question No. 2257.)

শ্রীবিজয় পাল: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০ সাল থেকে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের হাওড়া, হুগলী ও বর্ধমান জেলায় জি, টি, রোডে কতগুলি পথ-দুর্ঘটনা ঘটিয়াছে;

(খ) উক্ত এক-একটি জেলায় এবং আসানসোল মহকুমায় এক-এক বৎসরের (১৯৬০ থেকে আজ পর্যন্ত) সংখ্যা কত;

(গ) এই সব দুর্ঘটনায় নিহত ও আহতের সংখ্যা কত;

(ঘ) ঐ-সব দুর্ঘটনায় যাহারা নিহত হইয়াছিল, তাহাদের মধ্যে পুরুষ, নারী ও ছোট ছেলেমেয়েদের সংখ্যা কত;

(ঙ) এই সব দুর্ঘটনার জন্য মোট কত মামলা হইয়াছিল;

(চ) তাহার মধ্যে কতজনের সাজা হইয়াছিল; এবং

(ছ) এই-সব দুর্ঘটনার কারণ এবং তার প্রতিরোধ সম্পর্কে সরকার কোন অনুসন্ধান করিয়াছেন কিনা?

The Minister for Home (Police):

(ক), (খ), (গ) ও (ঘ) সম্পর্কে একটি বিবরণী প্রদত্ত হইল।

(ঙ) মোট ৬৮৫-টি।

(চ) ৬২১ জনের সাজা হয়।

(ছ) হ্যাঁ।

Statement referred to in reply to clauses (ka), (kha), (ga) and (gha) of unstarred question No. 1302.

Number of Traffic Accident cases on G. T. Road are as under :

		1960	1961	1962	1963	1964	January and February 1965.
(ক)		1,520	1,560	1,691	1,707	1,564	286
		Howrah District.					
(খ)		393	344	341	261	356	63
		Hooghly District.					
		443	488	591	584	456	81
		Burdwan District (excluding Asansol subdivision).					
		358	346	391	408	374	55
		Asansol Subdivision.					
		326	382	368	454	378	87
(গ)		*Number of persons Killed.*					
		120	133	136	139	147	21
		Number of persons injured					
		884	856	1,006	1,114	894	120
(ঘ)	*Killed.*						
Male	..	67	71	62	78	82	12
Female	..	38	84	41	42	33	4
Children	..	15	28	33	19	32	5

Primary School at village Murura, Murshidabad

1303. (Admitted question No. 2454.)

শ্রীসনৎকুমার রাহা : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার গোকর্ণ অঞ্চলের মুরুরা গ্রামের প্রাথমিক স্কুলটি কতদিন হইতে চলিতেছে।

(খ) উক্ত স্কুলটি অনুমোদিত কিনা;

(গ) অনুমোদিত না হইলে, কেন হয় নাই; এবং

(ঘ) কতদিনের মধ্যে অনুমোদিত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Education:

(ক) ১৯৬৩ সাল হইতে।

(খ) না।

(গ) ও (ঘ) বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

Bridge over Pouria Dara, on Chanchal Maligram Road, Malda

1304. (Admitted question No. 2458.)

ডাঃ গোলাম ইয়াজদানী : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলার খরবা থানার চাঁচল-মালিগ্রাম রাস্তাটি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নির্মাণ শেষ হইলেও ঐ রাস্তার উপর কালিগ্রামের পূর্বে অবস্থিত পৌড়িয়া ডাঁরায় এখনও ব্রিজ নির্মাণ হয় নাই; এবং

(খ) সত্য হইলে,

(১) ইহার কারণ কি, এবং

(২) কবে এই ব্রিজটির কাজ শুরু হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) (১) পৌড়িয়া ডাঁরায় উভয় পার্শ্ববর্তী ভূমির দখল না পাওয়ার জন্য সেতুটির কাজ আরম্ভ হইতেছে না।

(২) প্রয়োজনীয় ভূমির দখল পাওয়ামাত্রই সেতুটির কাজ আরম্ভ করা হইবে।

Jamna-Barbati Road in Pingla and Kharagpore thana, Midnapore

1305. (Admitted question No. 2491.) **Dr. Santosh Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether the Jamna-Barbati Road in Pingla and Kharagpur thana in Midnapore district has been taken in Third Five-Year Plan;

(b) if so, whether the work has been started; and

(c) if not, when it is expected to begin?

The Minister for Public Works (Roads): (a) Yes.

(b) Actual construction work of the road has not yet been stated.

(c) By December, 1965 on getting possession of lands.

Utilisation of Rural man-power Scheme in Burdwan district

1306. (Admitted question No. 2545.)

শ্রীজহরলাল ব্যানার্জি: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "ইউটিলাইজেশন অফ রুরাল ম্যান পাওয়ার স্কীমে" বর্ধমান জেলায় কত টাকার পরিকল্পনা মঞ্জুর করা হইয়াছিল এবং তন্মধ্যে কোন্ বৎসর কত টাকা ব্যয় করা হইয়াছে; এবং

(খ) বর্তমান আর্থিক বৎসরে বর্ধমান জেলায় কোন্ থানায় কত টাকার পরিকল্পনা মঞ্জুর করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) বর্ধমান জেলায় পল্লী-শ্রমশক্তি প্রকল্পে ১৯৬৩-৬৪ আর্থিক বৎসর অবধি মোট ৩,৩৩,৯৬৭ টাকার পরিকল্পনা মঞ্জুর করা হইয়াছিল। তন্মধ্যে প্রত্যেক বৎসরের ব্যয়ের পরিমাণ নিম্নে দেখান হইলঃ—

আর্থিক বৎসর	ব্যয়
১৯৬০-৬১	২৩,৫০০,০০ টাকা
১৯৬১-৬২	৫৬,৭৫২,৯৩ „
১৯৬২-৬৩	৮৯,৯৮৭,৭৪ „
১৯৬৩-৬৪	৩৪,৯৯৯,৪৪ „
মোট	... ২,০৫,২৪০,১২ টাকা

(খ) বর্ধমান জেলায় কেবলমাত্র মেমারী থানায় পল্লী-শ্রমশক্তি প্রকল্প চালু আছে। উক্ত থানায় ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে ৮১,৪৩৫ টাকার পরিকল্পনা মঞ্জুর করা হইয়াছে।

Memari-Jaugram Road, Burdwan

1307. (Admitted question No. 2561.)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার মেমারী-জৌগ্রাম রাস্তাটির কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) এই রাস্তাটির কার্য কতদিনে সম্পূর্ণ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) রাস্তাটি পাকা করণের পর্যায় হিসাবে প্রথম তিন মাইল পর্যন্ত ঝামা মাড়াইয়ের কাজ শেষ হইয়াছে। বাকি অংশের কাজ চলিতেছে।

(খ) আগামী ডিসেম্বর, ১৯৬৫ সালের মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Landslip in coal areas in Asansol subdivision

1308. (Admitted question No. 2565.)

শ্রীবিজয় পাল: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় খনি অঞ্চলে কয়লা খননের ফলে যে-সব জমি ধ্বসিয়া গিয়াছে বা নষ্ট হইয়াছে তাহার পরিমাণ কত;

(খ) যে-সব কৃষকদের বা অন্যান্য ব্যক্তিদের জমি এইভাবে নষ্ট হইয়াছে বা হইতেছে তাহাদের ক্ষতিপূরণ দেবার কোন ব্যবস্থা আছে কি;

(গ) যদি ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা থাকে, তাহা হইলে, তাহা কে—কয়লা খনির মালিক অথবা পশ্চিমবঙ্গ-সরকার দিয়া থাকেন;

(ঘ) এইরূপ ক্ষতিপূরণ ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ সালে কত দেওয়া হইয়াছিল; এবং

(ঙ) উপরি-উক্ত বৎসরগুলিতে এইরূপ ক্ষতিপূরণ যাহারা পাইয়াছিলেন তাহাদের নাম, ঠিকানা ও টাকার পরিমাণ কত?

The Minister for Land and Land Revenue:

(ক) এই সম্বন্ধে কোন তথ্য সরকারের হাতে নাই। তা ছাড়া, কোন সংগঠন এই সম্বন্ধে কোন জরিপ করেন নাই।

(খ) হ্যাঁ, ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে।

(গ) ক্ষতিপূরণ খনি মালিকেরা দিয়া থাকেন।

(ঘ) সরকারের জানা নাই।

(ঙ) সরকারের জানা নাই।

Non-Government organisation in the matter of Donation of Blood to the Blood Bank in West Bengal

1309. (Admitted question No. 2568.)

শ্রীঅশ্বিনী রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ রাজ্যে রক্ত গচ্ছিতাগারে (ব্লাড ব্যাঙ্ক) রক্ত দানের জন্য রক্ত দাতাদের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী সংগঠিত করার জন্য কয়েকটি বে-সরকারী প্রতিষ্ঠান কাজ করেন; এবং

(খ) সত্য হইলে,—

(১) প্রতি জেলায় এইরূপ প্রতিষ্ঠনের সংখ্যা কত, এবং

(২) ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালের প্রতি বৎসরে উক্ত প্রতিষ্ঠানগুলি কত পরিমা রক্ত কত জন রক্তদাতাদের নিকট হইতে সংগৃহীত হইয়াছে?

The Minister for Health:

(ক) না।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

Mosquito nuisance in Calcutta and suburbs

1310. (Admitted question No. 2596.)

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতা ও শহরতলী অঞ্চলে মশার প্রাদুর্ভা হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে এ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করিবার কথা চিন্তা করিয়াছেন

The Minister for Health:

(ক) হ্যাঁ, আছেন।

(খ) প্রধানতঃ কিউল্যাক্স ফেটিগ্যান্স জাতীয় মশা এই উপদ্রবের জন্য দায়ী এবং ইহারা উন্মু নর্দমা, সেস পুলস্, সেসপিটস্, বরোপিটস্, ডোবা পুকুর প্রভৃতি স্থানে বংশবৃদ্ধি করে যথোপযুক্ত পয়ঃপ্রণালী, সিউয়েজ ও সালেজ অপসারণের সুব্যবস্থা, জনসাধারণের পারিপার্শ্বিব পরিচ্ছন্নতা সম্বন্ধে সম্যক সচেতনতা এবং তৎসঙ্গে যে-সব জায়গায় উক্ত মশা বংশবৃদ্ধি করে সে-সব জায়গায় পরিপূর্ণ ও ব্যাপকভাবে এন্টি-লারভাল মেজার্স চালাইয়া যাওয়া এই উপদ্রবের হাত হইতে মুক্তি পাওয়ার উপায়। এ সম্বন্ধে স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা অনুযায় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। কলিকাতা মেট্রোপলিটন প্ল্যানিং সংস্থা অপরাপর ব্যবস্থা সহ কলিকাতা ও বৃহত্তর কলিকাতা অঞ্চলের বাড়তি জল ও ময়লা আবর্জনাদি নিষ্কাশনের উদ্দেশে একটি স্বয়ংসম্পূর্ণ পরিকল্পনা প্রস্তুত করিতেছেন। উহা কার্যকরী হওয়া সাপেক্ষে স্বল্পমেয়াদী বন্দোবস্ত হিসাবে সংশ্লিষ্ট পৌর কর্তৃপক্ষদিগকে যথাযথভাবে নিজ নিজ পয়ঃপ্রণালীসমূহের সংস্কার দ্বারা দূষিত জল নিষ্কাশনের ব্যবস্থা ও মশার উৎপত্তিস্থানগুলিতে কীটনাশক দ্রব্যাদি প্রয়োগের জন্য অনুরোধ করা হইয়াছে।

Supply of Sugar to confectioneries and Tea Stalls in Asansol subdivision

1311. (Admitted question No. 2621.)

শ্রীবিজয় পালঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়, অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার মিষ্টান্ন ও চায়ের দোকান ও স্টলের মালিকদের চিনি সরবরাহ করা হয় কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয়, তাহা হইলে উক্ত ব্যবসায়ীদের চিনি সরবরাহের কথা সরকার চিন্তা করিতেছেন কি?

The Minister for Food and Supplies:

(ক) "হ্যাঁ" হয় তবে ইহা চিনির সরবরাহের উপর নির্ভর করে।

(খ) ঐ প্রশ্ন উঠে না।

Accident in Burnpur Iron and Steel Factory, Burdwan

1312. (Admitted question No. 2630.)

শ্রীঅশ্বিনী রায়ঃ শ্রম-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৫ সালের ১৯এ মার্চ বেলা ৩টায় বর্ধমান জেলার বার্নপুর লৌহ ও ইস্পাত কারখানার বিল্ডিংশপে একটি দুর্ঘটনা হয়; এবং

(খ) সত্য হইলে—

(১) দুর্ঘটনার কারণ কি, এবং

(২) মৃত ও আহতদের নাম-সংখ্যা কি ?

The Minister for Labour:

(ক) না। ১৯শে মার্চ বার্নপুর লৌহ ও ইস্পাত কারখানার বিল্ডিংশপে কোনো দুর্ঘটনা ঘটে নাই। তবে ২০শে মার্চ ভোর প্রায় ৩টায় মেল্টিংশপে একটি দুর্ঘটনা ঘটে।

(খ) (১) দুর্ঘটনার কারণ সঠিক জানা যায় নাই।

(২) হতাহতের সংখ্যা ১। আহত ব্যক্তি হাসপাতালে মারা যায়। তাহার নাম জগদীশ।

Marketing Societies in Birbhum district

1313. (Admitted question No. 2641.)

শ্রীমতী নীহারিকা মজুমদারঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় কয়টি মার্কেটিং সোসাইটি আছে; এবং

(খ) বীরভূম জেলায় মার্কেটিং সোসাইটির মধ্যে কোন্ কোন্ সোসাইটি প্রাইস স্টেবিলাই-জেশান স্কীম-এ ধান খরিদ করিয়াছেন এবং প্রতি সোসাইটি ১৯৬৪-৬৫ সালে এ পর্যন্ত কত ধান খরিদ করিয়াছেন ?

The Minister for Co-operation:

(ক) ১৩টি।

(খ) পাঁচটি মার্কেটিং সোসাইটি ধান্য খরিদ করিয়াছে। প্রতি সোসাইটি কর্তৃক ধান্য খরিদের পরিমাণ নিম্নে প্রদত্ত হইল :—

সমিতির নাম	ধান্য খরিদের পরিমাণ		
	কুইন্টাল	কেজি	গ্রাম
(১) নানুর থানা কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ	৯০০	৩২	৯৫০
(২) বলীপুর কৃষিজ বিপণন সমবায় সমিতি লিঃ	১৩৬	৬৪	৫০০
(৩) লাভপুর থানা কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ।	২৮২	১০	..
(৪) ইলামবাজার থানা কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ।	৮৫	৬৬	৫০০
(৫) সিউড়ি থানা কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ।	৩৩২	৪১	..

Contractors for deep tubewells

1314. (Admitted question No. 2659.)

শ্রীসনৎকুমার রাহা : কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি, গভীর নলকূপ (সেচের জন্য) বসাইবার জন্য সরকারী হইতে যে-সকল কন্ট্রাক্ট ফার্মকে নিযুক্ত করা হইয়াছে তাহাদের নাম কি ?

The Minister of State for Agriculture and Community Development:

(১) মেসার্স ইংগ্রা (Ingra), (২) মেসার্স এ্যাসোসিয়েটেড টিউবওয়েল্‌স্ ইন্ডিয় প্রাইভেট লিমিটেড, (৩) মেসার্স পাইওনীয়ার টিউবওয়েল্ ইন্ডাস্ট্রিজ (প্রাইভেট) লিমিটেড (৪) মেসার্স রিলায়েবল্ ওয়াটার সাপ্লাই সার্ভিস অফ ইন্ডিয়া (প্রাইভেট) লিমিটেড (৫) মেসার্স সুরাট কটন স্পিনিং এ্যান্ড উইভিং মিল্‌স্ (প্রাইভেট) লিমিটেড, ও (৬) মেসাস স্কট এ্যান্ড স্যাক্সবি লিমিটেড।

Belgoria Trust Fund Charitable Dispensary, Santipur, Nadia

1315. (Admitted question No. 2672.)

শ্রীকানাই পাল : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শান্তিপুর থানার অন্তর্গত বেলগড়িয়া অঞ্চল এলাকায় ১৮৯৫ সালে প্রতিষ্ঠিত বেলগড়িয়া ট্রাস্ট ফান্ড চ্যারিটেবল ডিস্‌পেন্সারীটির এ্যাডমিনিস্ট্রেটার নদীয়ার জেলা ম্যাজিস্ট্রেট এবং প্রেসিডেন্ট রানাঘাট মহকুমা শাসক এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয়া জানাইবেন কি—

(১) এই হাসপাতালের প্রতিষ্ঠাতা হাসপাতালটি প্রতিষ্ঠার জন্য কত টাকা এবং কি কি জিনিস দান করেছেন,

(২) আজ পর্যন্ত এই হাসপাতালের জন্য জনসাধারণ অথবা সরকার কোন্ কোন্ বাবদ কি কি সাহায্য করেছেন, এবং

(৩) বর্তমানে ডাক্তার সমেত কতজন কর্মচারী এই হাসপাতালে আছেন এবং মাসিক কতজন রোগী চিকিৎসিত হচ্ছেন :

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) (১) ২৬,০০০ টাকা। প্রতিষ্ঠাতা কর্তৃক প্রদত্ত স্থাবর এবং অস্থাবর সম্পত্তির তালিকা এতৎসহ দেওয়া হইল।

(২) রাজ্য-সরকার কোনও সাহায্য করেন নাই। জনসাধারণ অথবা অন্য কোনও স্থানীয় সংস্থা কোনও সাহায্য করিয়াছেন কিনা তাহা রাজ্য-সরকারের জানা নাই।

(৩) ডিস্‌পেন্সারীটি গত ১-১০-১৯৬১ তারিখে বন্ধ হইয়া গিয়াছে। সুতরাং বর্তমান কর্মচারী-সংখ্যা বা চিকিৎসিত রোগীর সংখ্যা সম্পর্কে প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (kha)(1) of unstarred question No. 1315.

Statement of assets in Belgoria Trust Fund Charitable Dispensary

Dispensary building (pucca) with boundary wall, dispensary rooms pucca—3 with two verandahs, doors—9, windows—11, Medical Officer's quarters (pucca) with pucca boundary wall, bed rooms—2, cook shed—1 (damaged), bath room—1, verandah—1, doors—4, windows—6, wall latrine —2, jack fruit tree—1.

Compounder's quarters in a dilapidated condition which is unfit for habitation. Pucca boundary wall, wall latrine—1, tubewell—1 inside the Dispensary compound. This requires re-sinking.

Constitution of Managing Committee for Primary School

1316. (Admitted question No. 2715.)

শ্রীসুধীরচন্দ্র দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়গুলির পরিচালক সমিতি গঠনের নির্দেশ দেওয়া হইয়াছে কিনা ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, পরিচালক সমিতিকে কি অধিকার দেওয়া হইয়াছে?

The Minister for Education:

(ক) গ্রামাঞ্চলে জেলা শিক্ষা পর্ষদের অধীনস্থ প্রাথমিক বিদ্যালয়গুলি পরিচালক সমিতি গঠনের কোন বিধি নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Ration Card holders in Uluberia subdivision

1317. (Admitted question No. 2735.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) separately the total units of Ration Cards in Uluberia subdivision according to "A", "B" and "C" classification and the classificationwise total monthly requirement of cereals at the rate specified in the rural area for M. R. Shops; and

(b) total quantity of cereals allotted every month from July to December 1964 in the said area?

The Minister for Food and Supplies: (a) and (b) A statement is laid on the table.

Statement referred to in reply to unstarred question No. 1317

Uluberia Subdivision

As on 30th January, 1965

	No. of Ration Cards issued.	Units covered by Ration Cards.	Monthly requirement at 1 kg. per adult per week (in quintals)	
			Rice.	Wheat.
A class	93,737	415,659	16,627	16,627
B class	46,869	207,812	8,312	8,312
C class	15,622	69,271	2,770	2,770
Total ..	156,228	692,742	27,709	27,709

	Quantity supplied (in quintals).		No. of persons served.
	Rice.	Wheat.	
July, 1964	4,869	4,362	122,161
August 1964	9,974	1,019	250,243
September, 1964	13,311	2,680	345,100
October, 1964	15,036	3,838	377,247
November, 1964	7,779	5,232	200,889
December, 1964	1,441	3,946	99,005

Sluice gate in Gosaba subdivision under Basirhat Irrigation Division

1318. (Admitted question No. 2792.)

শ্রীঅনন্তকুমার বৈদ্যঃ সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষি ও জমির জল-নিকাশের জন্য ২৪-পরগনা জেলার বসিরহাট সেচ বিভাগের অধীন কালীনগর ও গোসাবা উপ-সেচ বিভাগের (ইরিগেশন সাব-ডিভিশনের) কোন ম্যাশনরী স্লুইস বা হিউম পাইপ স্লুইস এখনও পর্যন্ত হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, পাকা স্লুইস না হওয়া পর্যন্ত ঐ সমস্ত স্থানের চাষ-আবাদের উপযোগী জল নিকাশের জন্য সরকারের কোন বিকল্প পরিকল্পনা আছে কিনা ?

The Minister for Irrigation and Waterways:

(ক) ও (খ) পুরাতন পাকা স্লুইসগুলি (ম্যাশনরী স্লুইসেস) সম্পূর্ণ মেরামত অথবা পুনর্নির্মাণ করা হইয়াছে। এই দুই শাখা বিভাগে এ পর্যন্ত ৩৬টি নূতন হিউম্ পাইপ স্লুইস তৈয়ারী করা হইয়াছে।

তবে জল নিকাশের জন্য পর্যাপ্ত সংখ্যক স্লুইস্ না থাকায় বর্তমানে কাঠের বাক্স স্লুইস্ দ্বারা জল নিকাশের ব্যবস্থা করা হয়।

জল নিকাশের সমস্যার স্থায়ী সমাধানের জন্য একটি প্রকল্প প্রস্তুত করা হইতেছে। ইহাতে প্রয়োজনীয় সংখ্যক হিউম্ পাইপ স্লুইস্ স্থাপনের প্রস্তাব আছে।

Pay scales of Pharmacists attached to Jails, Health and Police Departments

1319. (Admitted question No. 2807.) **Shri Bhakti Bhusan Mandal:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) what is the pay scale of the Pharmacists attached to Jails, Health and Police Departments; and

(b) whether the Government consider the desirability of revising the pay scales of the Pharmacists attached to Jails?

The Minister for Home (Jails): (a) Pay scales of Pharmacists of the three Departments are as hereunder:—

Jails Department

Rs. 125—3—140—4—200 (Efficiency Bar after 10th stage).

Police Department

Rs. 125—3—140—4—200 (Efficiency Bar after 10th stage).

Health Department

Grade III—Rs. 125—3—140—4—200 (E.B. after 10th stage).
Grade II—Rs. 150—5—250 (E.B. after 10th stage).
Grade I—Rs. 200—10—400 (E.B. after 10th stage).

(b) The question of raising the pay scale of a few posts of Pharmacists in Jails and in the Health Departments is being examined.

Co-operative Fair Price Shops in West Bengal

1320. (Admitted question No. 2824.)

শ্রীসনৎকুমার রাহা: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের শিল্পে নিযুক্ত শ্রমিকদের জন্য ন্যায্য মূল্যের কয়টি সমবায় দোকান আছে;

(খ) এই রাজ্যে শিল্প বাদে সহরাঞ্চলে কয়টি ন্যায্য মূল্যের সমবায় সমিতির দোকান আছে; এবং

(গ) এই রাজ্যে পল্লী অঞ্চলে কোন্ জেলায় কয়টি ন্যায্য মূল্যের সমবায় দোকান আছে?

The Minister for Co-operation:

(ক) ৬৬টি।

(খ) ৩০৪টি।

(গ) ২৪-পরগনা ১১টি, হাওড়া ১০টি, হুগলী ২১টি, বর্ধমান ২২টি, বীরভূম ৩৯টি, মুর্শিদাবাদ ৩টি, মেদিনীপুর ৩৪টি, বাঁকুড়া ২১টি, মালদহ ৫টি, জলপাইগুড়ি ৭টি, নদীয়া ৩২টি, পুরুলিয়া ১৯টি, দার্জিলিং ৩টি, এবং পশ্চিম দিনাজপুর ১১টি।

Primary Vaccination in Midnapore district

1321. (Admitted question No. 2858.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর মেদিনীপুর জেলায় মোট কত জনকে প্রাথমিক টিকা দেওয়া হইয়াছে; এবং

(খ) এই সকল লোকের মধ্যে কতজনের বয়স ৫ বৎসরের বেশী ?

The Minister for Health:

(ক) ১৯৬৫ সালের ১লা জানুয়ারী হইতে ১৩ই মার্চ পর্যন্ত মেদিনীপুর জেলায় মোট ৬১,৪৪৭ জনকে প্রাথমিক টিকা দেওয়া হইয়াছে।

(খ) এই তথ্য আপাততঃ সরবরাহ করা যাইতেছে না।

Dhenkis under paddy husking centres of Midnapore district

1322. (Admitted question No. 2864.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মোট কয়টি ধানভানা কেন্দ্রের অধীনে মোট কতগুলি ঢেঁকি চলিতেছে;

(খ) ঐগুলির মধ্যে কতগুলি আসাম ঢেঁকি রহিয়াছে;

(গ) এক একটি ঢেঁকিতে প্রত্যহ কত চাউল উৎপাদন করা হয়; এবং

(ঘ) ঐ সকল চাউল বাজারে কিভাবে বিক্রয় করা হয় ?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) মেদিনীপুর জেলায় মোট ৪৭টি ধানভানা কেন্দ্রের অধীনে মোট ৬৩৪টি ঢেঁকি চলিতেছে।

(খ) ৩০০টি।

(গ) এক একটি বঙ্গদেশীয় ঢেঁকিতে ১ (এক মণ) এবং আসাম ঢেঁকিতে ১৷৷ (দেড় মণ) করিয়া প্রত্যহ চাউল উৎপাদন করা হয়।

(ঘ) চাউল উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক ঐ সকল চাউল বাজারে খুচরা বিক্রয় করা হয়।

Midnapore Judges' Court

1323. (Admitted question No. 2866.)

শ্রীঅনংগমোহন দাস: বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জজ কোর্টে গত ৩ বৎসর যাবৎ যতগুলি মোকদ্দমা চলিতেছে তাহাদের সংখ্যা কত;

(খ) উহাদের মধ্যে কতগুলি দেওয়ানী সংক্রান্ত;

(গ) ৩ বৎসরের ঊর্ধ্বকালের রুজু মোকদ্দমা যাহার নিষ্পত্তি এখনও হয় নাই তাহাদের সংখ্যা কত; এবং

(ঘ) এইরূপ দীর্ঘদিন মামলা নিষ্পত্তি না হইবার কারণ কি?

The Minister for Judicial:

(ক) ২৩০টি।

(খ) ২৩০টি।

(গ) ২৩০টি।

(ঘ) পক্ষগণের আবেদনে মুলতুবি, কোর্টের সময়াভাব, নোটীশ জারীতে বিলম্ব, পক্ষগণের মৃত্যু এবং হাইকোর্ট এবং অন্যান্য আদালতের আদেশ অনুযায়ী স্থগিত (স্টেড)।

Accommodation in Burdwan District and Asansole Special Jails

1324. (Admitted question No. 2872.)

শ্রীঅশ্বিনী রায়: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেল ও আসানসোল বিশেষ জেলে ১৯৬৪-৬৫ সালে কতজন করিয়া মহিলা, পুরুষ ও বালক বন্দী বা কয়েদীদের থাকিবার ব্যবস্থা ছিল; এবং

(খ) ঐ জেল দুইটিতে বন্দীদের একোমোডেশান বাড়াইবার কোন ব্যবস্থা হইতেছে কি?

The Minister for Home (Jails):

(ক) উক্ত জেল দুইটিতে ১৯৬৪-৬৫ সালে নিম্নোক্ত সংখ্যক মহিলা, পুরুষ ও বালক বন্দীর থাকিবার ব্যবস্থা ছিল:

	বর্ধমান জেল	আসানসোল বিশেষ জেল
মহিলা	১১	২০
পুরুষ	৫৯৭	৫০০
বালক	১২	২২
মোট সংখ্যা	৬২০	৫৪২

(খ) না।

Warder in West Bengal

1325. (Admitted question No. 2873.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ওয়ার্ডার পদে বর্তমানে ম্যাট্রিক ও ঊর্দ্ধ শিক্ষাপ্রাপ্ত কোনও কর্মচারী আছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) তাহাদের সংখ্যা কত;

(২) তাহাদের কয়জন কিরূপ শিক্ষাপ্রাপ্ত; এবং

(৩) তাহাদের বর্তমান বেতন হার কিরূপ ?

The Minister for Home (Jails):

(ক) হ্যাঁ, আছে।

(খ) (১) ৪১ জন, (২) ৩৮ জন ম্যাট্রিকুলেশন বা তৎসম পরীক্ষায় উত্তীর্ণ, ২ জন প্রাক বিশ্ববিদ্যালয় পরীক্ষায় উত্তীর্ণ এবং ১ জন ত্রি বার্ষিক ডিগ্রি কোর্সের পার্ট ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ, এবং (৩) বর্তমান বেতনের হার ৮০—২—১১২ টাকা।

Compensation to Intermediaries in Midnapore district

1326. (Admitted question No. 2902.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার যেসকল সম্পত্তিচ্যুত মধ্যস্বত্বভোগীগণ ৫,০০০ হাজার টাকার কম ক্ষতিপূরণ পাইবেন তাহাদের সংখ্যা কত; এবং

(খ) উহাদের মধ্যে কতজন আংশিক প্রাপ্য পাইয়াছেন ও কতজন সম্পূর্ণ পাইয়াছেন ?

The Minister for Land and Land Revenue:

(ক) সকল ক্ষতিপূরণ তালিকার চূড়ান্ত প্রকাশের পূর্বে এ বিষয়ে কোন সঠিক হিসাব দেওয়া সম্ভব নয়। তবে এ পর্যন্ত পাঁচ হাজার টাকার কম ক্ষতিপূরণের ১,৭৮,৭১৩টি তালিকা প্রকাশিত হইয়াছে।

(খ) উহাদের মধ্যে ১১,৮৭২ জনকে আংশিক (অন্তবর্তী) ক্ষতিপূরণ এবং ৪৮,৭৯২ জনকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে।

Ferries in Moyna police-station, Midnapore

1327. (Admitted question No. 2910.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ময়না থানায় নদীর উপর কোন্ কোন্ ফেরী সরকারী দখলে আসিয়াছে এবং কোন্ কোন্টি সরকারী দখলে আসে নাই;

(খ) গত ১৯৬৩-৬৪ সালে ইহাদের প্রত্যেকটির ইজারাদারগণ কত টাকায় ডাক লইয়াছিল এবং উক্ত ডাক টাকার মধ্যে কত টাকা করিয়া আদায় দিয়াছে;

(গ) যে ফেরী ঘাটগুলির টাকা বাকি পড়িয়াছে, তাহা কিভাবে আদায়ের ব্যবস্থা করা হইতেছে;

(ঘ) কোন্ কোন্ ফেরী ঘাটের উভয় পার্শ্বে যাত্রীদিগের বিশ্রামের জন্য শেড রহিয়াছে? যেগুলিতে নাই তাহা এই বৎসরের মধ্যে প্রস্তুত করা হইবে কিনা; এবং

(ঙ) উক্ত ফেরী ঘাটগুলির প্রত্যেকটির কাছে জল সরবরাহের কিরূপ ব্যবস্থা আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) মেদিনীপুর জেলার ময়না থানায় নদীর উপর নিম্নলিখিত ১৬টি ফেরী সরকারী দখলে আসিয়াছে এবং এইগুলি ছাড়া অন্য কোন ফেরী নাইঃ (১) শ্রীরামপুর ফেরী, (২) টংতলা ফেরী, (৩) পূর্ব দোবান্দি ফেরী, (৪) শ্রীকণ্ঠা ফেরী, (৫) বাক্চা ফেরী, (৬) নৈছান ফেরী, (৭) রামদাসপুর ফেরী, (৮) চৈতনামঙ্গল ফেরী, (৯) বরগোদাপুরবা ফেরী, (১০) শ্যামরা ফেরী, (১১) আসনাম নারকেলদা ফেরী, (১২) প্রজাবাড় ফেরী, (১৩) কলাইপন্ডা ফেরী, (১৪) শ্রীধরপুর ফেরী, (১৫) রামচন্দ্রপুর ফেরী এবং (১৬) রামচন্দ্রপুর স্কুল ফেরী।

(খ) ফেরীর নাম		১৯৬৩-৬৪ সালে ডাক টাকার পরিমাণ	১৯৬৩-৬৪ সালে ডাক টাকা আদায়ের পরিমাণ
(১) শ্রীরামপুর ফেরী	...	৬,৪১৫·০০	৬,৪১৫:০০
(২) টংতলা ফেরী	...	৫৪০·০০	৫৪০·০০
(৩) পূর্ব দোবান্দি ফেরী	....	৫০:০০	৫০·০০
(৪) শ্রীকণ্ঠা ফেরী	...	১১২:০০	১১২·০০
(৫) বাক্চা ফেরী	...	২৯·০০	২৯ ০০
(৬) নৈছানপুর ফেরী	...	৯০·০০	৯০·০০
(৭) রামদাসপুর ফেরী	...	৩০০·০০	৩০০·০০
(৮) চৈতন্যমঙ্গল ফেরী	..	১২৯·০০	৭৪·০০
(৯) বরগোদাপুরবী ফেরী	....	১৭৫·০০	১৭৫·০০
(১০) শ্যামরা ফেরী	...	১০২·০০	১০২·০০
(১১) আসনাল নারিকেলদা ফেরী	...	৮৬৬·০০	৮৬৬:০০
(১২) প্রজাবাড় ফেরী	...	৭০·০০	৭০·০০
(১৩) বলাইমন্ডা ফেরী	...	১৮৬:০০	১৮৬·০০
(১৪) শ্রীধর ফেরী	..	৩৪৬·০০	২৫৩·০০
(১৫) রামচন্দ্রপুর ফেরী	...	১৮·০০	১৮·০০
(১৬) রামচন্দ্রপুর স্কুল ফেরী	...	১৮:০০	১৮·০০

(গ) পি ডি আর অ্যাক্ট অনুসারে সার্টিফিকেট দায়ের করিয়া বাকি টাকা আদায়ের ব্যবস্থা করা হইতেছে।

(ঘ) যাত্রীদিগের বিশ্রামের জন্য কোন ফেরীঘাটে শেড নাই।

(ঙ) কোন ফেরী ঘাটের নিকট পানীয় জল সরবরাহের বিশেষ কোন বন্দোবস্ত নাই, তবে ইজারাদারগণকে তৃষ্ণার্তকে জলদান করার নির্দেশ দেওয়া আছে।

Aluminium Industries in West Bengal

1328. (Admitted question No. 2912.)

শ্রীঅনঙ্গমোহন দাস: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে এলুমিনিয়াম নির্মিত দ্রব্যাদি প্রস্তুতের কারখানা কোন্ জেলায় কয়টি রহিয়াছে;

(খ) উক্ত কারখানা সরকারের নিকট হইতে গত ৩ বৎসরে কিরূপ সাহায্য ও লোন ইত্যাদি পাইয়াছে; এবং

(গ) উক্ত কারখানায় উৎপন্ন দ্রব্যাদির মূল্য নির্ধারণে সরকারের নিকট হইতে কোন পরামর্শ লওয়া হয় কিনা?

The Minister for Commerce and Industries:

(ক) হাওড়া ৩০টি, কলিকাতা ১৬টি, ২৪-পরগনা ৮টি, হুগলী ৩টি, দার্জিলিং ২টি, জলপাইগুড়ি ২টি ও বর্ধমান ২টি।

(খ) কাচামাল সরবরাহের ব্যাপারে সাহায্য কবা হইয়াছে এবং ২৫,০০০ হাজার টাকা লোন দেওয়া হইয়াছে।

(গ) না।

Refugee families in Jhargram subdivision, Midnapore

1329. (Admitted question No. 2944.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কোন্ থানায় কতগুলি বাস্তুহারা পরিবার আছেন;

(খ) মহকুমার মধ্যে মোট কতগুলি বাস্তুহারা পরিবারকে পুনর্বাসন দেওয়া হইয়াছে;

(গ) উক্ত পরিবারগুলির মধ্যে কত ঘর চাষী পরিবার আর কতগুলি অচাষী পরিবার; এবং

(ঘ) আজ পর্যন্ত ঐ বাস্তুহারাদের মোট কতজনকে সরকারের উদ্যোগে বিভিন্ন চাকুরী দেওয়া হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক)

(১) ঝাড়গ্রাম থানায় ১,১৭৮ পরিবার,

(২) জাম্বোনী থানায়

(৩) শাঁকরাইল থানায় ৯৪০ পরিবার,

(৪) বীনপুর থানায়

(৫) গোপীবল্লভপুর থানায়

(৬) নয়াগ্রাম থানায়

(খ) ৭৩৮টি পরিবার।

(গ) যথাক্রমে ২৯৯ ও ৪৩৯।

(ঘ) সরকারী প্রচেষ্টায় ইঁহাদের কাহারও চাকুরীর সংস্থান হয় নাই।

Binpore Primary Health Centre in Midnapore district

1330. (Admitted question No. 2946.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর প্রাইমারী হেলথ সেন্টারে ১৯৬৪ সালে মোট কতজন রোগী চিকিৎসিত হইয়াছিল;

(খ) ঐ বছর কত টাকার ঔষধপত্র এই হেলথ সেন্টারে প্রদান করা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে, বেশীর ভাগ সময় এই কেন্দ্রে ঔষধ থাকে না; এবং

(ঘ) এই স্বাস্থ্যকেন্দ্রে ঔষধ বেশী পরিমাণে সরবরাহ করিবার ব্যবস্থা অবলম্বনের কথা সরকার ভাবিতেছেন কিনা?

The Minister for Health:

(ক) ৪৫,৫৪৪ জন।

(খ) ৭,৯১০ টাকার।

(গ) না।

(ঘ) বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের ঔষধের হার বৃদ্ধির একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

Belpahari Health Centre in Midnapore district

1331. (Admitted question No. 2947).

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বেলপাহাড়ী প্রাইমারী হেলথ সেন্টারে ১৯৬৪ সালে কতজন রোগী চিকিৎসিত হইয়াছিল;

(খ) ঐ বছরে মোট কত টাকার ঔষধপত্র এই কেন্দ্র পাইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, বেশীর ভাগ সময় এই কেন্দ্রে ঔষধপত্র থাকে না; এবং

(ঘ) এই স্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত বেশী ঔষধ প্রদানের কথা সরকার ভাবিতেছেন কিনা?

The Minister for Health:

(ক) ২১,৯০৪ জন।

(খ) ২,৮৮৮ টাকার।

(গ) সত্য নহে।

(ঘ) বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের জন্য ঔষধের হার বৃদ্ধির একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

Chichira Primary Health Centre in Midnapore district

1332. (Admitted question No. 2948.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার চিচিড়া প্রাইমারী হেলথ সেন্টারে ১৯৬৪ সালে কত রোগী চিকিৎসিত হইয়াছিল;

(খ) এই হাসপাতালে ফ্রি বেড ও পেয়িং বেডের সংখ্যা কত;

(গ) ১৯৬৪ সালে কতগুলি রোগী ফ্রি বেডে ও কতগুলি রোগী পেয়িং বেডে চিকিৎসিত হইয়াছিল;

(ঘ) ইহা কি সত্য যে, বেশীর ভাগ সময় এই হাসপাতালে ঔষধপত্র থাকে না; এবং

(ঙ) ইহা সত্য হইলে, সরকার নিয়মিত ঔষধপত্র সরবরাহের কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Health:

(ক) ১৮,১৭১ জন রোগী।

(খ) ১০টি ফ্রি বেড আছে, কোন পেয়িং বেড নাই।

(গ) ফ্রি বেডে ৪৭১ জন রোগী চিকিৎসিত হইয়াছিল।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

Deaths from T.B., Cholera and Small-pox in Calcutta

1333. (Admitted question No. 2950.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে যক্ষ্মা, কলেরা ও বসন্ত রোগে কলিকাতা শহরে মৃত্যু সংখ্যা কত ছিল; এবং

(খ) ১৯৬৫ সালে কলিকাতা শহরে মার্চ পর্যন্ত এই রোগে মৃত্যু সংখ্যা কত হইয়াছে?

The Minister for Health:

(ক) এবং (খ) সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to unstarred question No. 1333.

বিবরণী

বৎসর	যক্ষ্মা	মৃত্যু সংখ্যা কলেরা	বসন্ত
১৯৬৪	১,৫৫৯	৪০৩	৪৮
১৯৬৫ (মার্চ পর্যন্ত)	৩২১	২০	২৮

Remission of Revenue of Homestead land in Jhargram subdivision, Midnapore

1334. (Admitted question No. 2949.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় যাহাদের এক বিঘা পর্যন্ত বাস্তু জমির খাজনা মকুব হইয়াছে, তাহাদের থানাওয়ারী সংখ্যা কত; এবং

(খ) বাস্তু জমির খাজনা মকুবের জন্য যতগুলি দরখাস্ত এখনও সরকারের বিবেচনাধীন রহিয়াছে, তাহাদের থানাওয়ারী সংখ্যা কত?

The Minister for Land and Land Revenue:

(ক) থানাওয়ারী খাজনা মকুবের সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:—

থানার নাম	খাজনা মকুবের সংখ্যা
(১) ঝাড়গ্রাম	২৯০
(২) জাম্বনী	৫
(৩) বিনপুর	৫৩৫
(৪) গোপীবল্লভপুর	১৬০
(৫) সাঁকরাইল	১৬২
(৬) নয়া গ্রাম	৪৮

(খ) বিবেচনাধীন দরখাস্তের সংখ্যা নিম্নরূপ:—

(১) ঝাড়গ্রাম	১,০৩০
(২) জাম্বনী	১৪২

Treatment of T.B. Patients of Jhargram subdivision, Midnapore

1335. (Admitted question No. 2952.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বছরে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার বিভিন্ন থানা হইতে জেলার বিভিন্ন সরকারী হাসপাতালে কতগুলি যক্ষ্মা রোগগ্রস্ত রোগী চিকিৎসিত হইয়াছিল; এবং

(খ) উক্ত চিকিৎসিত রোগীদের মধ্যে কতজন মারা গিয়াছিল এবং কতজন আরোগ্য লাভ করিয়াছেন?

The Minister for Health:

(ক) অন্তর্বিভাগে ১৬ জন, বহির্বিভাগে ১,৪৬৭ জন।

(খ) অন্তর্বিভাগের রোগীদের মধ্যে ১৩ জন আরোগ্য লাভ করিয়া ছাড়া পাইয়াছেন, ১ জন মারা গিয়াছেন, ২ জন এখনও চিকিৎসিত হইতেছেন। বহির্বিভাগে রোগীদের সম্পর্কে বিস্তারিত তথ্য জানা নাই।

Kultikary Primary Health Centre in Midnapore district

1336. (Admitted qusetion No. 2953.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কুলটীকরি প্রাইমারী হেল্থ সেন্টারে ১৯৬৪ সালে কতজন রোগী চিকিৎসিত হইয়াছিল;

(খ) এই কেন্দ্রে ফ্রি ও পেয়িং বেডের সংখ্যা কত;

(গ) এই কেন্দ্রে ১৯৬৪ সালে কত রোগী ফ্রি বেডে চিকিৎসিত হইয়াছিল;

(ঘ) ইহা কি সত্য যে, এই কেন্দ্রে বেশীর ভাগ সময় ঔষধ পত্রের অভাবে চিকিৎসার ব্যাঘাত হয়; এবং

(ঙ) ইহা সত্য হইলে নিয়মিত এই কেন্দ্রে ঔষধ প্রদানের কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Health:

(ক) ১৮,০২৯ জন।

(খ) ১০টি ফ্রি বেড, পেয়িং বেড নাই।

(গ) এই কেন্দ্রের অন্তর্বিভাগে ফ্রি বেডে ৩৪৮ জন রোগী ১৯৬৪ সালে চিকিৎসিত হইয়াছিল।

(ঘ) সত্য নহে।

(ঙ) প্রশ্ন উঠে না।

Licence for stock of paddy in Jhargram subdivision, Midnapore

1337. (Admitted question No. 2956.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একশত মণ পর্যন্ত ধান্য মজুত রাখার লাইসেন্সধারীগণের মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় থানাওয়ারী সংখ্যা কত; এবং

(খ) একশত মণের পরিবর্তে ইহা দুইশত মণ করার সরকারের কোন প্রস্তাব আছে কিনা?

The Minister for Food and Supplies:

(ক) পশ্চিমবঙ্গের সীমান্তের পাঁচ মাইলব্যাপী অঞ্চল ব্যতীত আর কোন স্থানে ৪০ কুইন্ট্যাল বা ১০৭ মণ ধান মজুত রাখার জন্য কোন লাইসেন্সের প্রয়োজন হয় না।

(খ) এরূপ কোন প্রস্তাব সরকারের আপাততঃ নাই।

Deep Tubewells in Debra Block of Midnapore district

1338. (Admitted question No. 2976.) **Dr. Santosh Kumar Mukherji:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development be pleased to state—

(a) whether there are proposals for deep tubewells in Debra Block in Midnapore district;

(b) if so, their numbers and sites in the Block?

The Minister of State for Agriculture and Community Development:

(a) No sites have been selected in the Debra Block as yet by the District Site Selection Committee which have so far selected 49 sites in other areas out of a target of 100 tubewells.

(b) Does not arise.

General Reserve Fund for Cooch Behar

1339. (Admitted question No. 2982.)

শ্রীজীবনকৃষ্ণ দে: অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার সহিত অন্তর্ভুক্তিকালে কোচবিহারের রিজার্ভ তহবিল কিছু রাজ্য সরকার পেয়ে থাকলে তার পরিমাণ কত; এবং

(খ) ঐ টাকার আজ অবধি কত অংশ কি কি খাতে ব্যয় করা হইয়াছে?

The Minister for Finance:

(ক) পশ্চিম বাংলার সহিত অন্তর্ভুক্তিকালে কোচবিহারের যে রিজার্ভ তহবিল (জেনারেল রিজার্ভ ফান্ড ফর কোচবিহার) পাওয়া গিয়াছিল, মহাগণনিকের হিসাব অনুসারে নগদ টাকা, সিকিউরিটি শেয়ার ইত্যাদি সহ তাহার মূল্য ছিল মোট ১,০৫,৮৮,৬৬১ টাকা।

(খ) আজ অবধি সে টাকার কত অংশ কি কি খাতে ব্যয় করা হইয়াছে, তাহার তালিকা সংগ্রহ করা হইতেছে। তালিকাটি প্রস্তুত হইলে বিধানসভার টেবিলে রাখা হইবে।

State Government Female employees

1340. (Admitted question No. 2984.)

শ্রীজীবনকৃষ্ণ দে: অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারের অধীনস্থ বিভিন্ন দপ্তরে নারী কর্মচারীর মোট সংখ্যা কত (১৯৬৫ ১লা মার্চ পর্যন্ত);

(খ) প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শুরুতে এই সংখ্যা ছিল কত;

(গ) কোন্ বিভাগের নারী কর্মচারীর সংখ্যা সর্বাধিক এবং সংশ্লিষ্ট বিভাগে নিযুক্ত কর্মচারীর মোট কত অংশ?

The Minister for Finance:

(ক) ১৭-৪-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে মোট ১২,৩৮৮ জন নারী কর্মচারী নিযুক্ত আছেন।

(খ) প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শুরুতে এই সংখ্যা ছিল ৭১৯ জন।

(গ) স্বাস্থ্য বিভাগে নারী কর্মচারীর সংখ্যা সর্বাধিক এবং ঐ বিভাগে নিযুক্ত মোট কর্মচারীর শতকরা ৮ অংশ।

Industrial Employees in West Bengal

1341. (Admitted question No. 2987.)

শ্রীজীবনকৃষ্ণ দে: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়ে কোন সরকারী পরিসংখ্যান আছে কি;

(১) পশ্চিম বাংলার সরকারী এবং বে-সরকারী শিল্পে নিয়োজিত মোট শ্রমিক ও কর্মচারীর সংখ্যা কত;

(২) ইহাদের মধ্যে অবাঙ্গালী কতজন; এবং

(৩) প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শুরুতে মোট শ্রমিক ও কর্মচারীর সংখ্যা এবং অবাঙ্গালী শ্রমিক ও কর্মচারীর সংখ্যা কত ছিল; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে তাহা কি?

The Minister for Labour:

(ক) (১), (২), (৩) হ্যাঁ।

(খ) ১৯৪৮ সালের ফ্যাকটরীজ অ্যাক্ট অনুসারে পশ্চিমবঙ্গে রেজিস্ট্রিকৃত কারখানাগুলি সম্পর্কে পরিসংখ্যান ১৯৬৩ সালে শ্রমিক ও কর্মচারীর সংখ্যা ৮১৭,৩৪২ ইহার মধ্যে অবাঙ্গালীর সংখ্যা ৪৭৪,৮৫৮।

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শুরুতে (১৯৫৩ সালে) মোট শ্রমিক ও কর্মচারীর সংখ্যা ৬০৭,৯৮৮ ইহার মধ্যে অবাঙ্গালীর সংখ্যা ছিল ৩৯৫,১৯২।

Rabindra Bhavan at Berhampore

1342. (Admitted question No. 2989.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর শহরে রবীন্দ্র ভবন নির্মাণের জন্য সরকার কত টাকা সাহায্য করিয়াছেন; এবং

(খ) উক্ত ভবন নির্মিত হইয়াছে কিনা?

The Minister for Education:

(ক) সরকারী সাহায্য দেওয়ার একটি প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন আছে।

(খ) উক্ত ভবনের নির্মাণকার্য চলিতেছে।

Admission of T.B. patients into the T.B. Ward of the Midnapore District Hospital

1343. (Admitted question No. 3000.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪, ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর সদর হাসপাতালে যক্ষ্মা ওয়ার্ডে ভর্তির জন্য কতজন দরখাস্ত করিয়াছিল;

(খ) কতজনকে উক্ত ৩ সালে ভর্তি করা হইয়াছে;

(গ) ইহাদের মধ্যে কতজন আরোগ্যলাভ করিয়া গৃহে প্রত্যাবর্তন করিয়াছে; এবং

(ঘ) বর্তমানে উক্ত হাসপাতালে উক্ত প্রকারের কত রোগী রহিয়াছে এবং সবচেয়ে বেশী রহিয়াছে এইরূপ রোগীর সংখ্যা ও হাসপাতালে থাকিবার সময় কত?

The Minister for Health:

(ক), (খ) এবং (গ)

	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
দরখাস্তকারীর সংখ্যা	৭২	৪৬	৪৪
ভর্তির সংখ্যা	৩৭	২২	২৯
আরোগ্য সংখ্যা	৩৬	২২	১৬

(ঘ) আরোগ্যলাভ করিয়া হাসপাতালে রহিয়াছে এইরূপ রোগীর সংখ্যা একজন। সে ২৪-১-৬৪ তারিখ হইতে হাসপাতালে আছে।

Small pox in Moyna police-station, Midnapore

1344. (Admitted question No. 3001.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জ্যাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ময়না থানার ১নং ও ৯নং অঞ্চলের অধিকাংশ গ্রামে বর্তমান সময়ে ব্যাপক বসন্তের প্রকোপ দেখা দিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উক্ত দুইটি অঞ্চলের কোন্ কোন্ গ্রামে কতজন উক্ত রোগে এই বৎসর আক্রান্ত হইয়াছে এবং কতজন উক্ত রোগে মারা গিয়াছে; এবং

(গ) উক্ত রোগের সংক্রামণ বন্ধের জন্য কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Health:

(ক) না; এই অঞ্চলে গুটি বসন্ত (স্মল পক্স) হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বসন্ত রোগের সংক্রামণ বন্ধের জন্য ১৯৬৩-৬৪ সালে ন্যাশনাল স্মল পক্স ইরাডিকেশন স্কীম অনুযায়ী একটি ইউনিট তমলুক অঞ্চলে কার্য করিয়াছিলেন। উহারা এবং স্থানীয় জনস্বাস্থ্য কর্মীদের সহায়তায় ময়না থানার বিভিন্ন অঞ্চলে মোট ৯০,৪৭৬ লোকসংখ্যার মধ্যে ৫৯,৩৯৮ জনকে বসন্ত রোগের টিকা দেওয়া হয়।

লোকসংখ্যার বাকি অংশকে টিকা দেওয়ার জন্য আরও অতিরিক্ত ৪টি টিমকেই মেদিনীপ সদর ইউনিট হইতে পাঠান হইয়াছে। উহারা অন্যান্য অঞ্চল সহ ময়না থানার ১নং ও ১ অঞ্চলের কাজ আরম্ভ করিয়াছেন। পান বসন্ত (চীকেন পক্স) নিবারণের কোন বৈজ্ঞানি পদ্ধতি এখনও আবিস্কৃত হয় নাই।

Cutting of canal banks by the local peasants of Pingla police-station, Midnapore

1345. (Admitted question No. 3002.)

শ্রীঅনংগমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার পিংলা থানায় অবস্থিত সেচ বিভাগের ক্যানেলে পাড় কাটিয়া কয়েকস্থানে কৃষকগণ জমিতে সেচের জল গ্রহণ করে; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যবস্থার স্থায়ী সমাধানের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছে কিনা?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ; তবে একই সংগে অনেকগুলি মৌজায় জলের দরকার হইলে সেচ বিভাগে কর্মচারীদের নিকট হইতে পূর্বে অনুমতি লইয়া ইহা করা হয়।

(খ) স্থায়ী ব্যবস্থা হিসাবে নির্দিষ্ট কিছু কিছু স্থানে আউট লেট করা আছে।

Workshop accidents in West Bengal

1346. (Admitted question No. 3018.)

শ্রীঅনংগমোহন দাস: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কতগুলি কারখানাতে কতগুলি ক্ষেত্রে শ্রমিকগণ দুর্ঘটনায় গত ১৯৬ সালে পতিত হইয়াছে;

(খ) উক্ত দুর্ঘটনার ফলে কতজন মৃত, আহত এবং চিরকালের জন্য কর্মক্ষমতা হারাইয়াছে এবং

(গ) সাধারণতঃ উক্ত প্রকার ক্ষেত্রে কি হারে ক্ষতিপূরণ দেওয়া হয় এবং যে সকল শ্রমি চিরকালের জন্য কর্মক্ষমতা হারাইয়াছে তাহাদের মাসিক পেনসনের ব্যবস্থা আ কিনা?

The Minister for Labour:

(ক) কারখানা আইনে দুর্ঘটনাকে মারাত্মক (ফেটাল) ও সাধারণ (নন-ফেটাল) এই দ শ্রেণীতে ভাগ করা হয়। মারাত্মক দুর্ঘটনার হিসাব কারখানা অনুসারে রাখা হয়। অ দুর্ঘটনার হিসাব শিল্প অনুসারে এবং দুর্ঘটনার প্রকৃতি অনুসারে রাখা হয়। এই হিসা অনুযায়ী ১৯৬৪ সালে ১০৩টি কারখানায় ১৩০টি দুর্ঘটনা ঘটে।

(খ) ১৩৩ জন দুর্ঘটনার ফলে মৃত্যুমুখে পতিত হইয়াছেন। ৫০,২১৮ জন আহ হইয়াছেন। যাঁহারা চিরকালের জন্য কর্মক্ষমতা হারাইয়াছেন তাঁহাদের সংখ্যা জানা নাই।

(গ) কর্মচারী রাজ্যবীমা আইন ও শ্রমিকদের ক্ষতিপূরণ আইন অনুসারে ক্ষতিপূরণ দেওয়া হয়। যে সকল শ্রমিক চিরকালের জন্য কর্মক্ষমতা হারাইয়াছেন তাঁহারা কর্মচারী রাজ্য-বীমা আইনের আওতায় আসিলে আজীবন আর্থিক সাহায্য পাইবার অধিকারী, অন্যথায় তাঁহারা শ্রমিকদের ক্ষতিপূরণ আইন অনুসারে ক্ষতিপূরণ পাইবেন।

Husking Mills in Ranaghat subdivision

1347. (Admitted question No. 3022.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) number of Husking Mills at Ranaghat subdivision; and

(b) quantity of rice produced in these Husking Mills in every month during the last year?

The Minister for Food and Supplies: (a) 139.

(b) A statement is placed below.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 1347

Statement showing quantity of rice produced in the paddy-husking mills of Ranaghat subdivision during the year 1964.

Month.	Quantity of rice produced (in M.T.)
January	1,565
February	1,775
March	1,584
April	1,214
May	945
June	691
July	464
August	871
September	1,212
Ouctober	1,329
November	1,681
December	2,242
	15,573 M.T.

Sanction of inlet of Behula river in Memari police-station, Burdwan

1348. (Admitted question No. 3025.)

শ্রীসুধীরচন্দ্র দাস: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার মেমারী থানায় আমাদপুর অঞ্চলের অন্তর্গত বেহুলা নদীর ৮০ চেনের ইনলেট মঞ্জুর হইয়াছে ও উহার জরীপ কার্যও সমাধা হইয়াছে;

(খ) সত্য হইলে, (১) কতদিন পূর্বে উক্ত ইনলেটটি মঞ্জুর হইয়াছে, (২) জরীপ কার্য কবে হইয়াছে ও উহার রিপোর্ট দাখিল হইয়াছে কিনা; এবং

(গ) উক্ত ইনলেটটির নির্মাণকার্য আরম্ভ হইয়াছে কিনা; এবং

(ঘ) আরম্ভ না হইলে বিলম্বের কারণ কি, এবং কতদিনের মধ্যে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) বেহুলা নদীর ৮০ চেনের নিকটে একটি ইনলেট তৈরি করা বিষয়ে জরীপাদি কার্য সমধা হইয়াছে; পরিকল্পনা এখনও তৈয়ারি হয় নাই।

(খ) (১) উক্ত ইনলেটটি এখনও মঞ্জুর হয় নাই। (২) ১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাসে জরীপকার্য শেষ হইয়াছে এবং উহার বিবরণী (রিপোর্ট) এখনও পরীক্ষাধীন।

(গ) না।

(ঘ) পরিকল্পনাটি এখনও চূড়ান্ত রূপ পায় নাই; কাজেই কতদিনের মধ্যে এই কার্য আরম্ভ হইবে তাহা এখন সঠিক বলা সম্ভব নহে।

Belpahari-Banshpahari Road in Midnapore district

1349. (Admitted question No. 3030.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বেলপাহাড়ী হইতে বাঁশপাহাড়ী রাস্তা সংস্কার অভাবে মানুষ চলাচলের ও যানবাহনের অত্যন্ত অসুবিধা হইতেছে; এবং

(খ) সত্য হইলে ইহা সংস্কারের জন্য কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Public Works (Roads):

(ক) ও (খ) উন্নত ধরনের নয় বলিয়া রাস্তাটির চলাচলের কিছু অসুবিধা আছে। জেলা পরিষদ এবং জেলা কর্তৃপক্ষ যদি যথেষ্ট অগ্রাধিকার আরোপ করেন, তাহা হইলে আগামী পরিকল্পনায় রাস্তাটির উন্নয়নের কথা বিবেচনা করা যাইতে পারে।

Jhargram-Kharagpur-Midnapore Bus Service

1350. (Admitted question No. 3041.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম হইতে খড়্গপুর হইয়া মেদিনীপুর শহর পর্যন্ত যে কয়টি মোটর চলাচল করে, তাহা অপর্যাপ্ত বিধায়, যাত্রীগণকে অশেষ কষ্ট ভোগ করিতে হয়;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এই রুটে আরও মোটরসংখ্যা বাড়াইবার সরকারের প্রস্তাব আছে কিনা; এবং

(গ) প্রস্তাব থাকিলে, তাহা কবে কার্যকরী হইবে?

The Minister for Home (Transport):

(ক) এ সম্বন্ধে অভিযোগ পাওয়া গিয়াছে এবং তদন্ত করা হইতেছে।

(খ) হ্যাঁ। অনুরূপ প্রস্তাব মেদিনীপুর আঞ্চলিক পরিবহণ সংস্থার বিবেচনাধীন আছে।

(গ) মেদিনীপুর আঞ্চলিক পরিবহণ সংস্থা যথাযথ তদন্তের পর প্রয়োজনবোধে দুই মাসের মধ্যে অতিরিক্ত পারমিট মঞ্জুর করিবার ব্যবস্থা করিবেন।

Refugees in Dudhkundi Home and infirmary in Jhargram Subdivision, Midnapore

1351. (Admitted question No. 3048.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় দুধকুণ্ডী হোম এবং ইনফারমারীতে কতজন উদ্বাস্তু পরিবার বর্তমানে বাস করেন;

(খ) উক্ত হোমের কতগুলি পরিবারকে কোন্ কোন্ অঞ্চলে পুনর্বাসন দেওয়া হইয়াছে;

(গ) বাকি পরিবারগুলির পুনর্বাসনের সরকারের প্রস্তাব আছে কিনা; এবং

(ঘ) দুধকুণ্ডী হোমে সরকারের গড়ে বাৎসরিক ব্যয়ের পরিমাণ কত?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) ৪১৫টি পরিবার।

(খ) ২৭০টি পরিবারকে পুনর্বাসন দেওয়া হইয়াছে। তন্মধ্যে দণ্ডকারণ্যে ১০টি পরিবার, বাংলার বাহিরে ১০টি পরিবার, পশ্চিম বাংলার সরকারী প্রকল্পে ১১৪টি পরিবার, এবং পশ্চিম বাংলার বায়নানামা প্রকল্পে ১৩৬টি পরিবার পুনর্বাসন লাভ করিয়াছেন।

(গ) নিঃসঙ্গ অথবা অথর্ব পরিবারগুলি ব্যতিরেকে বাকি পরিবারগুলির পুনর্বাসনের ব্যবস্থা করা হইতেছে।

(ঘ) ৩ লক্ষ ৩ হাজার ২ শত ৩৬ টাকা ২৩ পয়সা।

Scheme for establishment of Agricultural Colleges in this State

1352. (Admitted question No. 3053.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষির উন্নতির জন্য এই রাজ্যে কয়েকটি কৃষি কলেজ সংস্থাপনের সরকারের পরিকল্পনা আছে; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কোথায় কোথায় ঐ কলেজ সংস্থাপিত হইবে?

The Minister for Education:

(ক) বর্তমানে কোন কৃষি মহাবিদ্যালয় স্থাপনের পরিকল্পনা নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Construction of a bridge at the level crossing near Jhargram

1353. (Admitted question No. 3056.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম লেভেল ক্রসিং-এ ব্রীজ না থাকায় ঝাড়গ্রাম মহকুমা রেলস্টেশনে যাত্রীগণকে যাইতে অসুবিধা ভোগ করিতে হয়; এবং

(খ) অবগত থাকিলে সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি?

The Minister for Public Works (Roads):

(ক) এবং (খ) ব্রীজ না থাকায় লেভেল ক্রসিং মাধ্যমে যাতায়াতের সাধারণতঃ অসুবিধা হয় সত্য, কিন্তু এই ধরনের অসুবিধা দূর করিতে হইলে প্রয়োজনীয় ব্রীজ নির্মাণ বিশেষ ব্যয়-সাপেক্ষ. ক্রমে ক্রমে প্রয়োজনীয় ক্ষেত্রে ব্রীজ নির্মাণ করা অর্থ-সংস্থাপনের উপর নির্ভর করিতেছে। আপাততঃ এই লেভেল ক্রসিং-এর স্থানে ব্রীজ নির্মাণের কোন পরিকল্পনা নাই।

Applications under section 5(A) of the Estates Acquisition Act in Midnapore district

1354. (Admitted question No. 3058.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্টেটস অ্যাকুইজিসন অ্যাক্টের ৫(ক) ধারামতে মেদিনীপুর জেলায় কতগুলি দরখাস্ত হইয়াছিল;

(খ) কতগুলি ক্ষেত্রে সরকার তদন্ত করিয়া নিষ্পত্তি করিয়াছেন এবং তন্মূলে কত জমি পাইয়াছেন; এবং

(গ) কয়টি ক্ষেত্রে আদালতে মামলা রুজু হইয়াছিল?

The Minister for Land and Land Revenue:

(ক) স্টেটস অ্যাকুইজিসন অ্যাক্টের ৫(ক) ধারায় কোন দরখাস্ত দিবার বিধান নাই। তৎসত্ত্বেও কিছু কিছু দরখাস্ত পাওয়া গিয়াছিল এবং প্রাথমিকভাবে পরীক্ষা করিয়া যেসব ক্ষেত্রে ৫(ক) ধারার তদন্তের অনুকূলে প্রাথমিক প্রয়োজনীয় তথ্যাদি ছিল, সে ক্ষেত্রেই ৫(ক) ধারা অনুযায়ী রেগুলার প্রসিডিংস আরম্ভ করা হইয়াছিল। এইসমস্ত দরখাস্তের সঠিক হিসাব পাওয়া যায় নাই।

(খ) এই জেলায় এতাবৎ ২,৬৮১টি ক্ষেত্রে ৫(ক) ধারার তদন্তের প্রয়োজন হইয়াছে। তন্মধ্যে ২,৫৭৫টি ক্ষেত্রে তদন্ত সমাধা হইয়াছে এবং তন্মূলে ৬,৪৪৬ একর জমি সরকারে বর্তাইয়াছে।

(গ) এ পর্যন্ত ১,৪৪৩টি ক্ষেত্রে আদালতে আপীল দায়ের হইয়াছিল।

Ancient temples and images in Midnapore district

1355. (Admitted question No. 3068.)

শ্রীঅনঙ্গমোহন দাস: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় প্রাচীন মন্দিরগুলি এবং মূর্তিগুলি রক্ষণাবেক্ষণের জন্য সরকার কিরূপ ব্যবস্থা লইয়াছেন;

(খ) উক্ত ব্যাপারে কোথায় কি ব্যবস্থা করা হইয়াছে;

(গ) উক্ত জেলায় প্রাচীন ঐতিহাসিক স্থানের মধ্যে কোথায় কোথায় কোন্ সালে খননকার্য করা হইয়াছে এবং উহার ফলে কি কি তথ্য পাওয়া গিয়াছে;

(ঘ) উক্ত জেলায় লাউসেন রাজার পুরাতন গড় বলিয়া পরিচিত ময়নাগড়-এর তথ্য সংগ্রহের ব্যবস্থা হইতেছে কি;

The Minister for Public Works:

(ক) প্রাচীন মন্দির ও মূর্তিগুলি সংরক্ষণের উদ্দেশ্যে মেদিনীপুর জেলার কয়েকটি অঞ্চলে প্রাথমিক সমীক্ষা ও অনুসন্ধানকার্য চালানো হইয়াছে।

(খ) বিনপুর থানার ওরগণ্ডা গ্রামের ভৈরব মন্দির, জামবনী থানার নুনিয়া গ্রামের ভগ্ন পীঢ় দেউল, খড়্গপুর থানার মালঞ্চ গ্রামের দক্ষিণাকালী মন্দির ও নন্দেশ্বর শিবমন্দির, শালবনী থানার কর্ণগড়স্থ রেখ দেউল ও অন্যান্য প্রাচীন স্মৃতিসৌধসমূহ, গড়বেতা ও চন্দ্রকোণার প্রাচীন দেউলসমূহ সংরক্ষণের ব্যাপারে প্রত্নতত্ত্ব অধিকার বিবেচনা করিতেছেন। ইহা ছাড়া, বেলপাহাড়ী ব্লকের রাজপাড়া গ্রামের জৈন তীর্থঙ্কর শান্তিনাথের মূর্তি ও শিলাবতী অববাহিকাস্থ পান্না-গ্রামের অপূর্ব ভাস্কর্যসমূহ (বারাহী, নারীমূর্তি, গণমূর্তি ইত্যাদি) রাজ্য প্রত্নতাত্ত্বিক সংগ্রহ-শালায় আনিয়া সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা করা হইয়াছে।

(গ) ঐ জেলায় প্রত্নতত্ত্ব অধিকারের পক্ষ থেকে এ যাবৎ কোথাও খননকার্য করা হয় নাই।

(ঘ) হ্যাঁ।

Establishment of Technical Institute in Contai town

1356. (Admitted question No. 3095.)

শ্রীসুধীরচন্দ্র দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি শহরের পূর্ব দিকে ব্রাহ্মণ শাসন ও কালিকাপুর মৌজায় একটি কারিগরী বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ঐ পরিকল্পনা রূপায়ণে কতদূর কার্য অগ্রসর হইয়াছে?

The Minister for Education:

(ক) কাঁথি মহকুমায় রঘুরামপুর ও ব্রাহ্মণ শাসন মৌজায় একটি পলিটেকনিক স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে।

(খ) উক্ত মৌজায় কম বেশি ২৮:৫৯ একর জমি দখলের ব্যবস্থা করা হইতেছে।

Tubewells in Keshpur police-station, Midnapore

1357. (Admitted question No. 3115.) **Dr. Santosh Kumar Mukherji:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of Tubewells in each Anchal of Keshpore P.S. in Midnapore district;

(b) amongst them the number of tubewells; which are in order in each Anchal; and

(c) when the unworkable tubewells will be replaced or repaired?

The Minister for Health: (a) and (b) A statement is attached herewith.

(c) The resinking of derelict tubewells are gradually taken up every year under the Rural Water Supply Programme of this Department on the basis of funds available for the purpose and according to the existing principle of providing one water supply source for every 400 people and at least one source in each village, priority being given to villages without a single protected source of water.

Statement referred to in reply to clauses (a) and (b) of unstarred question No. 1357.

Name of P.S.	Anchal No.	Total Nos. of tubewells.	Nos. of Tubewells in order.
1	2	3	4
Keshpur	1	8	6
Do.	2	29	25
Do.	3	32	22
Do.	4	35	31
Do.	5	32	26
Do.	6	14	14
Do.	7	12	10
Do.	8	8	5
Do.	9	18	11
Do.	10	29	18
Do.	11	41	32
Do.	12	53	41
Do.	13	22	21
Do.	14	35	30
Do.	15	46	33
Total		514	325

Tubewells in Pingla police-station, Midnapore

1358. (Admitted question No. 3116.) **Dr. Santosh Kumar Mukherji:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of tubewells in each Anchal of Pingla police-station in Midnapore district;

(b) amongst them the number of workable tubewells; and

(c) when the unworkable tubewells, if any, will be replaced or repaired?

The Minister for Health: (a) and (b) A statement is attached herewith.

(c) The resinking of derelict tubewells is taken up every year under the Rural Water Supply Programme of this department on the basis of funds available for the purpose and according to the existing principle of providing one water-supply source for every 400 people at least one source in each village, priority being given to villages without a single protected source of water supply. Under the programme for 1964-65 provision was made for resinking of five derelict tubewells.

Statement referred to in reply to clauses (a) and (b) of unstarred question No. 1358.

Number of tubewells in each Anchal of P.S. Pingla in the district of Midnapore.

Anchal No.	Numberof tube-wells in each Anchal.	Number of workable tube wells in each Anchal.
1	20	14
2	24	17
3	15	11
4	20	16
5	34	22
6	28	20
7	21	9
8	23	18
9	28	20
Total ..	213	147

Sale of firewood by Government in Shankrail police-station, Midnapore

1359. (Admitted question No. 3133.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত : বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শাঁকরাইল থানায় সরকার এখন কি দরে জ্বালানী কাঠ বিক্রয় করিতেছে;

(খ) জনসাধারণকে জ্বালানী কাঠ বিক্রয়ের জন্য সরকার শাঁকরাইলে কোথায় কাঠ মজুত রাখিয়াছেন;

(গ) সরকারের কাঠগুদাম হইতে কাঠ খরিদের নিয়ম কি; এবং

(ঘ) শবদাহের জন্য শীঘ্র নিকটবর্তী স্থান হইতে কাঠ পাইবার সরকারের কোন ব্যবস্থা আছে কি না?

The Minister of State for Forests:

(ক) মেদিনীপুর জেলার শাঁকরাইল থানায় খুচরা জ্বালানী কাঠ অনুমোদিত সিডিউল অফ রেটস অনুসারে পারমিট প্রথায় বিক্রয় হইতেছে। পারমিটে জ্বালানী কাঠ বিক্রয়ের হার :—

জ্বালানী বিবরণ	(দৈনিক) বোঝা পিছু	(দৈনিক) গাড়ী পিছু	(মাসিক) বোঝা পিছু
	টাকা পঃ	টাকা পঃ	টাকা পঃ
শুষ্ক জ্বালানী (কাটিবার জন্য হাতিয়ার নিষিদ্ধ)	০.০২	২.৫০	০.২৫
শালতলী ঝোড় (কাঁচা)	০.০৪	১ ৫০	০.৪০
ভুরুর বা পুটলী ঝাটি	০.০৪	১.৫০	০.৫০
কুরচী ঝাটি আটরী ঝাটি কুকাঠ ঝাটি ও কাঁটা গাছ	০.০২	১.০০	০.২৫

ইহা ব্যতীত একটি জঙ্গল (৪৫;৮২ একর) লোকাল সেলের জন্য ঠিকাদার মারফত বিক্রয় করা হইয়াছে। উক্ত জঙ্গলের কাঠ স্থানীয় জনসাধারণের কাছে ২ টাকা ৪০ পয়সা প্রতি কুইন্ট্যাল বিক্রয় হইতেছে।

(খ) জনসাধারণকে জ্বালানী কাঠ বিক্রয়ের জন্য সরকার উক্ত জঙ্গলের ক্রেতা ঠিকাদারকে শাঁকরাইল বীট অফিস প্রাঙ্গণে কাঠ মজুত রাখিতে বলিয়াছিলেন। তিনি তাহা তথায় রাখিয়াছেন।

(গ) সরকারের নিজস্ব কোন কাঠ গুদাম না থাকাতে সরকারী গুদাম হইতে কাঠ খরিদের নিয়মের প্রশ্ন উঠে না।

'খ' প্রশ্নের উত্তরে উল্লিখিত গুদাম ঠিকাদারের গুদাম। উক্ত গুদাম হইতে জনসাধারণের কাছে কাঠ বিক্রয়ের জন্য স্থানীয় অঞ্চল প্রধানদের নিকট হইতে একটি তালিকা সংগ্রহ করা হয় এবং এক নির্ধারিত দিনে তালিকায় লিপিবদ্ধ ব্যক্তিগণকে নির্ধারিত মূল্যে জ্বালানী কাঠ ঠিকাদারের মারফত বিক্রয় করা হয়।

(ঘ) শবদাহের জন্য নিকটবর্তী স্থান হইতে কাঠ পাইবার জন্য 'ক' প্রশ্নের উত্তরে বর্ণিত পারমিট প্রথা রহিয়াছে। ইহা ব্যতীত 'লোকাল সেলের' জঙ্গলের কাঠ মজুত থাকিলে তাহা হইতেও শবদাহের জন্য কাঠ দেওয়া হয়।

Wells in Nayagram police-station, Midnapore

1360. (Admitted question No. 3134.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত : আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানায় সরকারের আদিবাসি-মঙ্গল বিভাগের মাধ্যমে কোন্ কোন্ গ্রামে কূপ খনন করা হইয়াছে;

(খ) গড়ে কত ফুট খননের পর এই থানার কূপগুলিতে জল পাওয়া গিয়াছে; এবং

(গ) কূপে কত ফুট জল না হইলে ঠিকাদার বিল পাইতে পারে না?

The Minister of State for Tribal Welfare:

(ক) একটি তালিকা এতৎসহ পেশ করা হইল।

(খ) ৫০ ফুট।

(গ) নির্দিষ্ট কোন নিয়ম নাই। যথোপযুক্ত পরিমাণ পানীয় জল পরীক্ষা করিয়া দেখিয়া ঠিকাদারের বিলের টাকা প্রদান করা হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1360

মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানায় যে সকল গ্রামে তৃতীয় যোজনাকালে আদিবাসি-মঙ্গল বিভাগ কর্তৃক পানীয় জলের জন্য ইঁদারা খনন করা হইয়াছে তাহার তালিকা।

নয়াগ্রাম থানা

গ্রাম—

(১) আউলাকুরা
(২) আসিতয়া
(৩) ভুয়াশুলি
(৪) মোহনপুর
(৫) ভোলা
(৬) বাঁশকুটি
(৭) রায়পাল
(৮) বড়নিঘু
(৯) ছোটলালপদা
(১০) শালবনি
(১১) বরমারা
(১২) বাণীশোল
(১৩) জামবনি
(১৪) রামচন্দ্রপুর
(১৫) গোপালপুর
(১৬) তেঁতুলিয়া
(১৭) বাবুরামপাথড়া
(১৮) কোড়াকোথা
(১৯) ঝড়িয়া
(২০) ভালুকতারা
(২১) তোতাসাই

Temples and Images of Midnapore district

1361. (Admitted question No. 3136.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় প্রাচীন মন্দিরগুলি ও মূর্তিগুলি রক্ষণাবেক্ষণের জন্য কোন সরকারী ব্যবস্থা আছে কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে উক্ত প্রাচীন মন্দিরগুলি রক্ষার জন্য ১৯৫৭ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত কোন্ মন্দিরের জন্য কত টাকা ব্যয় করা হইয়াছে?

The Minister for Public Works:

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানার ওরগন্ডা গ্রামস্থ ভৈরব মন্দির, জামবনী থানার নুনিয়া গ্রামস্থ ভগ্নপাড় দেউল, খড়্গপুর থানার মালঞ্চ গ্রামের দক্ষিণা কালীমন্দির ও নন্দেশ্বর শিবমন্দির, শালবনী থানার কর্ণগড়ের রেখদেউল ও অন্যান্য স্মৃতিসৌধসমূহ, গড়বেতা ও চন্দ্রকোণার অবস্থিত প্রাচীন দেউলসমূহ রাজ্য সরকারের প্রত্নতত্ত্ব অধিকার এ যাবৎ পরিদর্শন করিয়াছেন এবং তন্মধ্যে কোন্ কোন্‌টি সরকারের সংরক্ষণাধীনে আনা যায় সে সম্বন্ধে বিবেচনা করিতেছেন। বেলপাহাড়ী ব্লকের রাজগাড়া গ্রামের জৈন তীর্থঙ্কর, শান্তিনাথের মূর্তি এবং শিলাবতী অববাহিকাস্থ পান্না গ্রামের অপূর্ব ভাস্কর্যসমূহ (বারাহী, নারীমূর্তি, গণমূর্তি, ইত্যাদি) রাজ্য সরকারের প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালায় আনয়নপূর্বক সংরক্ষণ ও প্রদর্শন করা হইতেছে।

(খ) উক্ত মন্দিরগুলি সংরক্ষণের জন্য ১৯৬৪ সাল পর্যন্ত কোন ব্যয় করা হয় নাই।

Debottar lands in Shankrail police-station, Midnapore

1362. (Admitted question No. 3137.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় শাঁকরাইল থানায় দেবোত্তর জমির পরিমাণ কত; এবং

(খ) দেবোত্তর জমি গ্রহণ করিয়া সরকার নিজহাতে বা সেবাইত নিয়োগ করিয়া দেবদেবী পোষণের কোন ব্যবস্থা করিতেছেন কি?

The Minister for Land and Land Revenue:

(ক) ৩৩৫ একর।

(খ) প্রশ্নটি পরিষ্কার নয়। তবে দেবোত্তর সম্পত্তির সুষ্ঠু পরিচালনার জন্য আইন প্রণয়নাদি সরকারের বিবেচনাধীন আছে।

Debottar lands in Gopiballavpore police-station, Midnapore

1363. (Admitted question No. 3138.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর থানায় দেবোত্তর জমির পরিমাণ কত; এবং

(খ) দেবোত্তর জমি গ্রহণ করিয়া সরকার নিজহাতে বা সেবাইত নিয়োগ করিয়া দেবদেবী পোষণের ব্যবস্থা করিতেছেন কি?

The Minister for Land and Land Revenue:

(ক) ৩,০১৭ একর।

(খ) প্রশ্নটি পরিষ্কার নয়। তবে দেবোত্তর সম্পত্তির সুষ্ঠু পরিচালনার জন্য আইন প্রণয়নাদি সরকারের বিবেচনাধীন আছে।

Government vested lands in Gariagram mauza of Gopiballavpore police-station, Midnapore

1364. (Admitted question No. 3140.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার ৭নং ইউনিয়নের (তপশীয়া) অন্তর্গত গরিয়াগ্রাম মৌজায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ কত;

(খ) উক্ত ন্যস্ত জমিগুলি ভূমিহীন চাষীদের মধ্যে বিলি বন্দোবস্ত করা হইয়াছে কিনা; এবং

(গ) বিলি বন্দোবস্ত হইয়া থাকিলে, তাহার পরিমাণ কত?

The Minister for Land and Land Revenue:

(ক) ৫০·৯০ একর।

(খ) ও (গ) পথঘাট, ইত্যাদি সর্বসাধারণের ব্যবহার্য ভূমি বাদে অবশিষ্ট ৪০.৯০ একর জমি ভূমিহীন চাষীদের মধ্যে বিলি বন্দোবস্ত করা হইয়াছিল। বর্তমানে উক্ত জমি দেওয়ানী মোকদ্দমায় জড়িত আছে।

Government loan under Low Income Group Housing Scheme in Jhargram Subdivision

1365. (Admitted question No. 3143.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহত: গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম মহকুমায় ১৯৫৮ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত সময়ের মধ্যে নিম্ন আয়কারী গ্রুপের কত লোক গৃহনির্মাণের জন্য সরকারী ঋণ পাইয়াছে;

(খ) উক্ত ঋণগ্রহীতাদের নাম, ঠিকানা ও ঋণের পরিমাণ কি এবং কোন্ সাল হইতে ঋণ দেওয়া হইতেছে; এবং

(গ) কোন্ কোন্ ঋণগ্রহীতা কিস্তিমত ঋণ শোধ দিতেছে?

The Minister for Housing:

(ক) ৩ জন।

(খ) শ্রীপ্রবোধচন্দ্র দাশ, বামদা, পোঃ ঝাড়গ্রাম, ১৯৫৬ সাল হইতে ১৯৫৮ সালের মধ্যে ৩ কিস্তিতে—৩,৫০০ টাকা।

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত, রঘুনথপুর, পোঃ ঝাড়গ্রাম, ১৯৫৬ সাল হইতে ১৯৫৮ সালের মধ্যে ৩ কিস্তিতে—৪,০০০ টাকা।

শ্রীমুরারীমোহন নন্দী, বাছুরডোবা, পোঃ ঝাড়গ্রাম, ১৯৫৯ সাল হইতে ১৯৬১ সালের মধ্যে ৩ কিস্তিতে—৩,০০০ টাকা।

(গ) শ্রীসুরেন্দ্রনাথ মাহাত।

Government help to the publishers in Calcutta

1366. (Admitted question No. 3152.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত কলিকাতা দাঙ্গার সময় কতজন পুস্তক প্রকাশক তাহাদের পুস্তক নষ্টের জন্য সরকারের নিকট সাহায্যের আবেদন করিয়াছেন; এবং

(খ) তাহাদের মধ্যে কোন্ কোন্ প্রকাশককে কত টাকা করিয়া সাহায্যের ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) এ পর্যন্ত সাতটি আবেদন পাওয়া গিয়াছে।

(খ) ক্ষতিগ্রস্ত পুস্তক প্রকাশকদের সাহায্য দিবার একটি পরিকল্পনা বর্তমানে বিবেচনাধীন।

Arrest of Pak fifth columnist

1367. (Admitted question No. 3157.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পাসপোর্ট) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাক পঞ্চমবাহিনী বলিয়া সন্দেহ করিয়া রাজ্যসরকার ১৯৬০ সাল হইতে এ পর্যন্ত কতজনকে গ্রেপ্তার করিয়াছেন; এবং

(খ) উহাদের মধ্যে কতজনের বিরুদ্ধে মামলা হয় এবং কতজন দণ্ডিত হন?

The Minister for Home (Passport):

(ক) পাকিস্তানের পক্ষে গুপ্তচরবৃত্তির অভিযোগে ১৯৬০ সাল হইতে এ পর্যন্ত ২৪ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে।

(খ) উক্ত ২৪ জনের বিরুদ্ধেই মামলা দায়ের করা হইয়াছে এবং এতাবৎ সাতজন দণ্ডিত হইয়াছেন।

Ranipur Subsidiary Health Centre in Malda district

1368. (Admitted question No. 3159.)

শ্রীকমলকৃষ্ণ রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলার গাজোল থানার রাণীপুর সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্রে গত তিন বৎসরে (১৯৬২ হইতে ১৯৬৪) বহির্বিভাগে ও অন্তর্বিভাগে কতগুলি রোগী কি কি রোগের জন্য চিকিৎসিত হইয়াছেন এবং উক্ত চিকিৎসিত রোগীদের মধ্যে মৃত্যুর সংখ্যা কত?

The Minister for Health:

বৎসর	অন্তর্বিভাগে রোগীর সংখ্যা	বহির্বিভাগে রোগীর সংখ্যা	মৃত্যু সংখ্যা
১৯৬৩	১৮৮	২২,২৯৬	৭৮
১৯৬৪	১৮১	২৭,৩৫৪	৭০

১৯৬২ সালের সংখ্যাগুলি এবং কি কি রোগের জন্য রোগীগণ চিকিৎসিত হইয়াছেন সেই সম্পর্কিত বিবরণ দেওয়া সম্ভব নয়।

Co-operative Societies in Shankrail police-station, Midnapore

1369. (Admitted question No. 3163.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাতঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শাঁকরাইল থানায় কতগুলি কি প্রকারের সমবায় সমিতি কোথায় কোথায় আছে; এবং

(খ) উক্ত সমিতিগলির মধ্যে কোন্ কোন্‌টি বর্তমানে অচল অবস্থায় আছে এবং অচল অবস্থায় থাকার কারণ কি?

The Minister for Co-operation:

(ক) ক্রোড়পত্র দ্রষ্টব্য।

(খ) (১) রাগরাপাতিনা ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

(২) আঁধারিয়া তন্তুবায় সমবায় সমিতি লিঃ।

(৩) চিরকুঠি তন্তুবায় সমবায় সমিতি লিঃ।

(৪) কাশীডাঙ্গা সমবায় সমিতি।

(২) কুবুরিয়া কৃষি ঋণদান সমিতি।

(৬) নারায়ণ যৌথ ব্যাঙ্ক।

(৭) শাঁকরাইল থানা কো-অপারেটিভ ইউনিয়ন লিঃ।

সমিতির সদস্যদের সমিতি পরিচালনা সম্পর্কে উদাসীনতাই উক্ত সমিতিগুলির অচল অবস্থার কারণ।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 1369

ক্রোড়পত্র

সমিতির প্রকৃতি, সমিতির সংখ্যা ও স্থানের নাম।

মালটিপারপাস কো-অপারেটিভ সোসাইটিজ, ৪—কৃষ্ণনগর, কাটনাপাল, পাঠরা, পাঁচখালি।

উইভার্স কো-অপারেটিভ সোসাইটিজ, ২—আঁধারিয়া, চিরকুঠি।

ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটিজ, ১—রাগ্রাপাতিনা।

লার্জ সাইজড ক্রেডিট সোসাইটিজ, ১—লাউদাহা।

সার্ভিস কো-অপারেটিভ সোসাইটিজ, ১২—বাহারাদাউরি, বারিচা, বালিভাষা, চরার, কুলঘরি, দক্ষিণ দরিয়াদিয়া, কালরুই, কেন্দুগরি, মানদের, আনধারি, শীর্ষবনি, নৈহাট।

আনলিমিটেড ক্রেডিট সোসাইটিজ, ১৮—বাহারা, বনপেরা, বরদা, চোরদা, চুলপাড়া, গোবিন্দপুর, কুলেদা কুকরাখুলি, কুরসিয়া, কশীডাঙ্গা, কুবাসিয়া, কুচলাডাংরি, মোচিয়া. মুরাকাটি, মুরুনিয়া, নয়াগড়, সোনাখালি, তালপুখুরিয়া।

গ্রেন ব্যাঙ্কস, ৩—নাহারসাতকুলি, তেলকোঁদ, পাঁচখালি।

থানা কো-অপারেটিভ ইউনিয়ন, ১—সাঁকরাইল।

Co-operative Societies in Gopiballavpore police-station, Midnapore

1370. (Admitted question No. 3164.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় কতগুলি কি প্রকারের সমবায় সমিতি কোথায় কোথায় আছে; এবং

(খ) উক্ত সমিতিগুলির মধ্যে কোন্ কোন্‌টি বর্তমানে অচল অবস্থায় আছে এবং অচল অবস্থায় থাকার কারণ কি ?

The Minister for Co-operation:

(ক) ক্রোড়পত্র দ্রষ্টব্য।

(খ) (১) আসানবানি কৃষি ঋণদান সমিতি।

(২) দেশপ্রাণ সমবায় সমিতি।

(৩) ধাদাংরি যৌথ ব্যাঙ্ক।

(৪) কলিঙ্গ যৌথ ব্যাঙ্ক।

(৫) খরবাঁধি যৌথ ব্যাঙ্ক।

(৬) জিকিয়ালপুল আর, সি সি, এস।

(৭) গোপীবল্লভপুর থানা কো-অপারেটিভ ইউনিয়ন লিঃ।

সমিতির সদস্যদের সমিতি পরিচালনা সম্পর্কে উদাসীনতাই উক্ত সমিতিগুলির অচল অবস্থার কারণ।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 1370

ক্রোড়পত্র

সমিতির প্রকৃতি, সমিতির সংখ্যা ও স্থানের নাম

আনলিমিটেড ক্রেডিট, ৫৫—আগরবাড়, আমদাপাল, আঁধারিয়ো, অশ্নিদমুরিয়া, আশখোলা, আসানবাড়ি, ভক্তপথ, বাহারুন, বালিয়া, বাগনাসোল, বানিদা, ভোলা, টিকিয়াতপুর, বন্দের চোর, ভামেল, চেইনসোল, ধালাংরিয়া, দক্ষিণরনতা, দেশপ্রান একার, গোপালপুর, গনিগ্রাম, হোরাঁক, জমনা, জলিগোবরা, জোরকা, খামা, কানপুর, কলিঙ্গ, খুলমারাই; কুশমালি, খুসনিধ, লাউপাড়া, দক্ষিণপাড়া, মহালি, মালনচা, নয়াবসন, নিমডাঙ্গা, পিঠাপাত্রা, পাইকামভি, পাঁচমুই, পাতলাদীহা, রামপুরা, সাংগ্রো, শাসরা তেঁতুলিয়া, তেঁতুলডাংরা, তালজারাসারি, উত্তররন্দ্র।

লার্জ সাইজড ক্রেডিট, ১—বেলিয়াবেড়।

সার্ভিস, ২২—ভাণ্ডারবিলা, বালিয়া, ভাণ্ডারদিহি, বাসিন্দা, ধানসোল, ফলবেড়িয়া, গোহালোরা, গড়বেলিয়াবেড়, হনুমতিয়া, হাতিপাতা, ঝারিয়াঝিমকারা, কুশমারা, নোতা, নোতালিকরে, শালরোনি, তালগ্রাম, আক্তা, আখাবঙ্গা, অমরদা, চোরচিতা, বনদাতি, পেটবিন্দি।

উইভার্স সোসাইটি, ১—ভক্তগোপালপুর।

ট্রাইবেল গ্রেনগোলা, ৬—পাইকামবি, চাতিহাসোল, ধামসোল, গাহিয়াসোল, চৈনিসোল, বাঁনিয়া।

থানা মার্কেটিং, ১—গোপীবল্লভপুর।

থানা ইউনিয়ন, ১—গোপীবল্লভপুর।

Co-operative Societies in Nayagram police-station, Midnapore

1371. (Admitted question No. 3168.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত : সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানায় কতগুলি কি প্রকারের সমবায় সমিতি কোথায় কোথায় আছে; এবং

(খ) উক্ত সমিতিগুলির মধ্যে কোন্ কোন্টি বর্তমানে অচল অবস্থায় আছে এবং অচল অবস্থায় থাকার কারণ কি ?

The Minister for Co-operation:

(ক) ক্রোড়পত্র দ্রষ্টব্য।

(খ) তেলিয়া তন্তুবায় সমবায় সমিতি লিঃ।

উক্ত সমিতির উৎপাদিত দ্রব্য লাভজনক দরে বিক্রয় করিতে না পারায় অচল অবস্থায় আছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 1371

ক্রোড়পত্র

সমিতির প্রকৃতি, সমিতির সংখ্যা ও স্থানের নাম

উইভার্স, ১—তেলিয়া।

গ্রেনগোলা, ৪—দাইরেল, বালিগড়, নায়াগ্রাম, প্রতাপপুর, বাবুগ্রামপাত্র।

সার্ভিস, ২৩—বাঁশকুলটি, বালিগেরা্য, ভাতভাঙ্গা, চরনাবাঁধ, চিলকি, দবগ্রাম, দুদলিয়াসোল; গোলাদাহা, কুরচিবনি, কমলপুর, কুমীরপাঠরা, কুষ্ঠিকরা, মুরাকাটি, মলম, নিদুই: নয়াগ্রাম, নারদি, রাঙ্গাপাহাড়ী, ঝাগরি, বরিয়া, ডুমুরিয়া, জগন্নাথপুর, লাকড়াসোল।

আনলিমিটেড ক্রেডিট, ১—দেউলিবাড়।

Damages due to storm in West Bengal

1372. (Admitted question No. 3177.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ত্রাণ ও সামাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর মার্চ মাসের ঝড়ে এই রাজ্যের কোন্ কোন্ জেলায় কোন্ কোন স্থান ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(খ) ঐ সকল স্থানের যে সকল অধিবাসীর ঘরবাড়ী নষ্ট বা ক্ষতিগ্রস্ত হইয়াছে তাহাদের সংখ্যা কত; এবং

(গ) উক্ত ক্ষতিগ্রস্ত ঘরবাড়ী পুনর্নির্মাণ বা সংস্কার বাবদ কিরূপ সাহায্যের ব্যবস্থা হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক), (খ) এবং (গ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

জেলার নাম	ক্ষতিগ্রস্ত স্থানের নাম	ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা	ক্ষতিগ্রস্ত ঘরবাড়ী পুনর্নির্মাণ বা সংস্কার বাবদ যে সাহায্যের ব্যবস্থা করা হইয়াছে বা হইতেছে
পশ্চিম দিনাজপুর ..	সদর মহকুমার গঙ্গারামপুর থানা ..	8	উপযুক্ত ক্ষেত্রে গৃহ মেরামতী সাহায্য দেবার ব্যবস্থা করা হইতেছে।
নদীয়া ..	করিমপুর থানার কোন কোন অংশ ..	..	১৫,০০০ টাকা গৃহনির্মাণ বাবদ খরচ করা হইয়াছে।
মুর্শিদাবাদ ..	(ক) লালবাগ মহকুমার পাঁচগ্রাম, ভহামল নবগ্রাম, নারায়ণপুর, কিরীটেশ্বরী, শিবপুর, রসুলপুর, অমরকুণ্ড ও ২৮ বিবিডাঙ্গা অঞ্চল। (খ) সদর মহকুমার সাহাজাদপুর, হরিদাসমতী নওদা, নলুর ও দৌলতাবাদ অঞ্চল। (গ) কান্দী মহকুমার মহালন্দী, পদমকান্দী পুরন্দরপুর ও কুমারসুন্দা অঞ্চল। (ঘ) জঙ্গীপুর মহকুমার জামুর দফরপুর ও বেনিয়াগ্রাম অঞ্চল।	৩৯৫	১৪৩টি পরিবারকে ৫,৫১০ টাকা গৃহ মেরামতী সাহায্য দেবার ব্যবস্থা হইতেছে। তাছাড়া আরও কতকগুলি পরিবারকে সাহায্য দিবার বিষয় বর্তমানে বিবেচনাধীন। গৃহ মেরামত পুনর্নির্মাণের জন্য ঋণের দরখাস্ত গ্রহণ করা হইতেছে।
মালদা ..	২ নং রাতুয়া ব্লকের পুখুরিয়া এবং নাওগামা গ্রাম দুটি।	২	গৃহ মেরামতী সাহায্য দিবার ব্যবস্থা হইতেছে।

(২৪-পরগনা ও জলপাইগুড়ি জেলা সমাহর্তার নিকট হইতে এখনও কোন রিপোর্ট না আসিয়া পৌঁছাইবার জন্য ঐ দুটি জেলা এই বিবরণীর বহির্ভূত)।

Moyna-Paramanandapur-Pingla Road of Midnapore district

1373. (Admitted question No. 3178.)

শ্রীঅনংগমোহন দাস: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না-পরমানন্দপুর-পিংলা রাস্তার কত মাইল এখনও পাকা হয় নাই;

(খ) কত দিনের মধ্যে উক্ত অংশ পাকা হইবে; এবং

(গ) উক্ত রাস্তার উপর পুলগুলি কতদিনে প্রস্তুত হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) ১৩ মাইল দৈর্ঘ্যের এই রাস্তাটি ৯ মাইল এখন পর্যন্তও পাকা হয় নাই।

(খ) উক্ত ৯ মাইলের মধ্যে ৪ মাইল অংশের (ষষ্ঠ হইতে নবম মাইল) কার্য এই বৎসরের ডিসেম্বর মাসের মধ্যেই সম্পূর্ণ হইবে এবং বাকি ৫ মাইলের কার্য ১৯৬৬ সালের ডিসেম্বর মাসের মধ্যেই সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) সকল পুলগুলি নির্মাণের জন্য ইতিমধ্যেই টেন্ডার আহ্বান করা হইয়াছে। ঠিকাদার পাওয়া যাইলে দুই বৎসরের মধ্যেই ঐগুলির কার্য সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Blocks in Panskura and Tamluk police-stations, Midnapore

1374. (Admitted question No. 3181.)

শ্রীঅনংগমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার পাঁশকুড়া ও তমলুক থানার প্রত্যেকটিতে দুইটি করিয়া ব্লক আছে;

(খ) জনসংখ্যার অত্যধিক বৃদ্ধি হওয়ায় উপরি-উক্ত দুইটি থানাকে অবিলম্বে তিনটি করিয়া ব্লকে বিভক্ত হওয়ার ব্যবস্থা করা হইতেছে কিনা; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর যদি 'হ্যাঁ' হয়, তবে কবে উহা কার্যে পরিণত করা হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Development Blocks in Patashpur, Chandrakona and Chatal police-stations, Midnapore

1375. (Admitted question No. 3195.)

শ্রীঅনংগমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় পটাশপুর, চন্দ্রকোণা ও ঘাটাল থানার কয়টি করিয়া উন্নয়ন ব্লক রহিয়াছে;

(খ) উক্ত থানাগুলিতে লোকসংখ্যা অত্যধিক বৃদ্ধি পাওয়ায় প্রত্যেকটিতে দুইটি করিয়া ব্লক করা হইবে কি;

(গ) যদি 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কবে উহা কার্যকরী করা হইবে;

(ঘ) উক্ত থানাগুলির কয়টি অঞ্চলে অত্যধিক লোকসংখ্যা বাড়িয়াছে; এবং

(ঙ) লোকসংখ্যাবৃদ্ধিহেতু ঐগুলির সংখ্যা বৃদ্ধি করিয়া পুনর্গঠন এখনই করা হইতেছে কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) পটাশপুরে একটি, চন্দ্রকোণায় দুইটি, ঘাটালে একটি।

(খ) ১৯৫১ সালের আদমসুমারীর লোকসংখ্যানুযায়ী পটাশপুর ব্লকটিকে দুইটি ব্লকে বিভক্ত করা হইবে। অন্য ব্লকগুলিকে বিভক্ত করা হইবে না।

(গ) পটাশপুর ব্লকটিকে শীঘ্রই দুইটি ব্লকে বিভক্ত করা হইবে।

(ঘ) ১৯৬১ সালের আদমসুমারী অনুযায়ী প্রত্যেকটি ব্লকে লোকসংখ্যা বাড়িয়াছে। তবে কোন্ অঞ্চলে কত লোকসংখ্যা তাহা পঞ্চায়েত দপ্তর বলিতে পারিবেন।

(ঙ) পটাশপুর ব্যতীত অন্য কোন ব্লক পুনর্গঠন করা হইতেছে না।

Alleged negligence of the Birbhum District Hospital authorities towards the patients

1376. (Admitted question No. 3206.)

শ্রীভূতিভূষণ মণ্ডল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার জেলা হাসপাতালের কর্তৃপক্ষের বিরুদ্ধে তাহাদের রোগীদের প্রতি গাফিলতি ও অবহেলা সম্বন্ধে কোন অভিযোগ সরকার বর্তমান বৎসরে পাইয়াছেন কি; এবং

(খ) যদি পাইয়া থাকেন, তাহলে সে সম্বন্ধে আজ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Health:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Low Income Group Housing Scheme

1377. (Admitted question No. 3217.) **Shri Deo Prokash Rai:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) the amount of loans given under Low Income Group Housing Scheme and the number of recipients of such loans up to March, 1965, since the beginning of the Second Five-Year Plan, showing them districtwise;

(b) the total number of applicants who were granted loans in each subdivision of Darjeeling district during the abovementioned period;

(c) the grounds, if any, on which the applications were rejected; and

(d) what are the requisite qualification that an applicant should have for such loans and what is the maximum of such loan?

The Minister for Housing:

				Rs.
(a)	1. Calcutta	.. .. ..	630	41,61,680
	2. 24-Parganas	.. .. ..	1,318	67,01,275
	3. Howrah	.. .. ..	195	11,09,700
	4. Nadia ..	.. .. ..	28	1,64,100
	5. Murshidabad	.. .. ..	26	1,27,100
	6. Malda ..	.. .. ..	17	97,580
	7. West Dinajpur	.. .. ..	10	57,430
	8. Jalpaiguri	.. .. ..	18	89,600
	9. Cooch Behar	.. .. ..	23	1,20,329
	10. Darjeeling	.. .. ..	17	85,500
	11. Purulia	.. .. ..	4	18,200
	12. Birbhum	.. .. ..	36	1,70,600
	13. Bankura	.. .. ..	69	2,44,200
	14. Burdwan	.. .. ..	88	4,12,900
	15. Midnapore	.. .. ..	55	2,82,520
	16. Hooghly	.. .. ..	348	17,04,560
(b)	1. Sadar ..	.. .. ..	4	21,200
	2. Kurseong	.. .. ..	1	5,000
	3. Kalimpong	.. .. ..	2	13,000
	4. Siliguri ..	.. .. ..	10	46,300
			17	85,500

(c) Applications for loan are usually rejected when the applicants fail to fulfil the requirements laid down in the existing rule.

(d) A person having individual income not exceeding Rs. 6,000 per annum and owning a vacant plot of homestead land will be eligible for loan under the scheme provided he does not own any other residential house in this State. The loan is limited to a maximum of Rs. 10,000 per house or 80 per cent. of the total cost, whichever is less.

Alleged Sale of Meters by the Barakar Electric Supply Co. Ltd.

1378. (Admitted question No. 3256.) **Shri Monoranjan Roy:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact (i) that Barakar Electric Supply Co. imported 600 meters at the rate of Rs. 29.00 each for free delivery at Barakar in 1960 and 1961 on Actual Userers License from Hungary which was to be allotted to the actual consumers of electricity supplied by the said Company and not for sale;

(ii) that about 400 of the said meters were sold by the Barakar Electric Supply Co. at the rate of Rs. 45 to Rs. 55 each to some Calcutta Private Firms;

(b) if the answer to (a) be in the affirmative, what steps the Government has taken in this regard?

The Minister for Commerce and Industries: (a)(i) The State Government have no such information.

(ii) Same as above.

(b) An enquiry will be made through the Enforcement Branch.

Uttarasan Bridge on Ramnagar-Chourigachha-Bazarsahu Road

1379. (Admitted question No. 3251.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রামনগর-চৌরীগাছা-বাজারসহু রাস্তার উপর উত্তরাশন ব্রীজের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে ?

The Minister for Public Works (Roads):

উক্ত সেতু নির্মাণের কোন প্রস্তাব বর্তমানে নাই।

Ankhona Health Centre in Ketugram police-station, Burdwan

1380. (Admitted question No. 3262.)

শ্রীঅশ্বিনী রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কেতুগ্রাম থানার আনখোনা স্বাস্থ্যকেন্দ্রটি কোন্ সালে স্থাপিত হইয়াছে;

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে ১৯৬৩-৬৪, ১৯৬৪-৬৫ সালের প্রতি মাসে বহির্বিভাগে চিকিৎসা-প্রার্থীর সংখ্যা ও চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা কত ছিল; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে অন্তর্বিভাগে চিকিৎসা চালু করার কোন ব্যবস্থা হইতেছে কি ?

The Minister for Health:

(ক) ইংরাজী ১৯৬০ সালে।

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসাপ্রার্থী ও চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা সমান। ১৯৬৩-৬৪ সালের প্রতি মাসে চিকিৎসাপ্রাপ্ত চিকিৎসাপ্রার্থীর সংখ্যা ঃ

১৯৬৩

এপ্রিল—২,৫২৯
মে—২,৬৬২
জুন—২,৭১৯
জুলাই—৩,০৯৬
আগস্ট—৩,৬৫০
সেপ্টেম্বর—৩,৯৪৪
অক্টোবর—২,৫৮৩
নভেম্বর—২,১৭০
ডিসেম্বর—২,১২২

১৯৬৪

জানুয়ারী ও ফেব্রুয়ারী—৩,১৮৪
মার্চ—১,৬৪৫

১৯৬৪-৬৫ সালের প্রতি মাসে চিকিৎসাপ্রাপ্ত চিকিৎসাপ্রার্থীর সংখ্যা ঃ

১৯৬৪

এপ্রিল—১,১০১

মে—১,২৫১

জুন ও জুলাই—৩,৪৬৮

আগস্ট ও সেপ্টেম্বর—৪,২৭৬

অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর—৮,৮৪৭

১৯৬৫

জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ—৬,৪৫১

(গ) আলোচ্য স্থানে অবস্থিত ডিস্‌পেন্‌সারীটি টেক ওভার করিয়া সরকার উহাকে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র হিসাবে চালাইতেছেন। বর্তমান গৃহে নার্স-এর এবং অন্তর্বিভাগীয় বেডের জন্য স্থান সংকুলান করা সম্ভব নয়। উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রের জন্য গৃহনির্মাণের প্রস্তাব বিবেচনাধীন আছে। যখন গৃহনির্মাণ সম্পন্ন হইবে তখন উপ-স্বাস্থ্যকেন্দ্রের নিয়মানুযায়ী দুই-শয্যা সমন্বিত অন্তর্বিভাগ স্থাপন, নার্স নিয়োগ প্রভৃতি করা হইবে।

Construction of a Bungalow at Sreedharpur in Joynagar Irrigation Division

1381. (Admitted question No. 3279.)

শ্রীবৃন্দাবন গায়েন ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জয়নগর ইরিগেশন ডিভিসন-এ শ্রীধরপুর সেক্সন-এ বিভাগীয় অফিসারদের থাকিবার জন্য কিংবা সরকারী কার্যের জন্য কোনও বাংলো নির্মাণ করা হইয়াছে কিনা;

(খ) যদি করা হইয়া থাকে, নির্মাণ করিতে কত খরচ পড়িয়াছে;

(গ) ঐ বাংলোতে এ পর্যন্ত কোনও সরকারী কর্মচারী বসবাস করিয়াছেন কিনা কিংবা উহা সরকারী কার্যে ব্যবহৃত হইয়াছে কিনা; এবং

(ঘ) ব্যবহৃত হইলে কোন্ তারিখ হইতে কোন্ তারিখ পর্যন্ত কি কি কার্যে ব্যবহার করা হইয়াছে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) পূর্বে শ্রীধরপুরে সরকারী কার্যের জন্য একটি কন্‌স্ট্রাক্‌শন শেড নির্মাণ করা হইয়াছে।

(খ) উহা নির্মাণ করিতে ১২,৭৯২ টাকা খরচ হইয়াছে।

(গ) উহা সেক্সনাল অফিস হিসাবে ব্যবহৃত হইতেছে। উর্ধতন কর্মচারীরা পরিদর্শনে গেলে যাহাতে তাহার একাংশ ব্যবহার করতে পারেন তাহার ব্যবস্থা আছে।

(ঘ) ইংরাজী ১৩ই জুন ১৯৬৩ তারিখ হইতে উহা সেক্সনাল অফিস হিসাবে এবং পরিদর্শক কর্মচারীদের জন্য ব্যবহৃত হইতেছে।

Rampurhat Subdivisional Hospital, Birbhum

1382. (Admitted question No. 3289.)

শ্রীমতী নীহারিকা মজুমদার ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় রামপুরহাট মহাকুমা হাসপাতালে কোন লেডী চিকিৎসক বা প্যাথলজিস্ট এবং দন্ত চিকিৎসক আছেন কিনা:

(খ) না থাকিলে কতদিন যাবত নাই; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

The Minister for Health:

(ক) ও (খ) ডাক্তারেরস্বল্পতাহেতু প্রায় এক বৎসর যাবত রামপুরহাট মহকুমা হাসপাতালে মহিলা চিকিৎসক বা প্যাথলজিস্ট নিয়োগ করা সম্ভবপর হয় নাই। কোন মহকুমা হাসপাতালেই পৃথক দন্তচিকিৎসাকেন্দ্র নাই। ঐ হাসপাতালে নিযুক্ত ডাক্তারগণই দন্ত বিষয়ের চিকিৎসা পরামর্শ দেন।

(গ) সরকারের অনুরোধক্রমে পাব্লিক সার্ভিস কমিশন সম্প্রতি ৩৮৯ জন ডাক্তার মনোনীত করিয়া পাঠাইয়াছেন। উক্ত মনোনীত ডাক্তারগণের মধ্য হইতে একজন মহিলা চিকিৎসক বা একজন প্যাথলজিস্ট উক্ত হাসপাতালে নিয়োগের ব্যবস্থা করা হইবে।

Sluices in Shreedharpore Section under Joynagar Irrigation Division, 24-Parganas

1383. (Admitted question No. 3309.)

শ্রীবৃন্দাবন গায়েন: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জয়নগর ইরিগেশন ডিভিশনের অধীনে শ্রীধরপুর সেকশানে কয়টি স্লুইস আছে;

(খ) ঐ স্লুইসগুলির নির্মাণ বাবত কত টাকা খরচা পড়িয়াছিল; এবং

(গ) বর্তমানে উক্ত স্লুইসগুলি মেরামতের জন্য কোনও সরকারী পরিকল্পনা আছে কিনা; থাকলে, মেরামতের জন্য কত টাকা ধার্য হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ছয়টি হিউস পাইপ স্লুইস আছে।

(খ) ৫৮,৩০০ টাকা।

(গ) হ্যাঁ, সংস্কারের প্রস্তাব আছে; স্লুইসগুলির মধ্যে পাঁচটির সংস্কার বাবদ ১৬,২৫০ টাকা ধার্য আছে এবং সংস্কার চলিতেছে। বাকী একটি স্লুইসের সবিশেষ ক্ষতি হওয়ায়, উহার বিশেষ সংস্কারের জন্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

Adjournment motions

Mr. Speaker: I have received two notices of adjournment motion—one from Shri Sambhu Charan Ghosh and the other from Shri Hemanta Kumar Basu—on the subject of the death of Netaji based upon newspaper reports. I have withheld my consent.

Now, Mr. Ghosh, if you like, you may read the notice that you have given to be followed by Mr. Basu.

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার, স্যার, আমি "নেতাজীর বিমান দুর্ঘটনায় মৃত্যু হয় নাই" শীর্ষক এক মূলতুবী প্রস্তাব আপনার কাছে দিয়েছিলাম। আপনি তা আমাকে পড়িবার অনুমতি দিয়েছেন, তাই পড়ে দিচ্ছি।

গত কয়েক মাস যাবত আনন্দবাজার পত্রিকা এবং হিন্দুস্থান স্ট্যান্ডার্ড পত্রিকা ডাঃ সত্যনারায়ণ সিংহ তাঁহার লিখিত প্রবন্ধসমূহের মাধ্যমে প্রমাণ করিবার চেষ্টা করিয়াছেন, বিমান দুর্ঘটনায় নেতাজীর মৃত্যু সংবাদ অলীক। তিনি বলিয়াছেন, এ বিষয়ে সরকার সম্পূর্ণভাবে জ্ঞাত। তিনি আরও বলিয়াছেন, বিশেষ উদ্দেশ্য লইয়া সরকার নেতাজীর মৃত্যু সংবাদ প্রচার করিতেছেন। বিশেষভাবে লক্ষ্য করা গিয়াছে, ডাঃ সত্যনারায়ণ সিংহ লিখিত প্রবন্ধসমূহের বিষয়বস্তুর কোন প্রতিবাদ সরকার পক্ষ হইতে করা হয় নাই।

আরও লক্ষ্য করা গিয়াছে, গতকাল জাপান হইতে ফিরিয়া আসিয়া মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন সংবাদপত্রের প্রতিনিধিদের নিকট একই কথা বলিয়াছেন, তিনি বলিয়াছেন যাহা বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এমন কি রেনকোজি মন্দিরে রক্ষিত চিতাভস্ম নেতাজী সুভাষচন্দ্রের নয়। এমতাবস্থায় সরকারের প্রকৃত বক্তব্য এবং সিদ্ধান্ত দেশবাসী জানিতে চায়, শা নওয়াজ কমিটির রিপোর্ট সরকার স্বীকার করেন কি করেন না জানিতে দেশবাসী আগ্রহী।

Shri Hemanta Kumar Basu:

আমার অ্যাডজোর্নমেন্ট মোশনটা হচ্ছে

"The Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the publication in Ananda Bazar Patrika and Hindusthan Standard of articles written by Shri Satyanarayan Sinha with facts challenging the truth of the air-crash at Taihoku leading to the death of Netaji Subhas Chandra Bose and recommending to the Government of India to appoint a Committee with a Supreme Court Judge as Chairman to enquire about Netaji Subhas Chandra Bose in the light of the said articles."

Shri Kashi Kanta Maitra:

আমি একটা কথা জানতে চাই আজকের কাগজে মুখ্যমন্ত্রীর একটা রিপোর্ট দেখলাম। মুখ্যমন্ত্রীর এই রিপোর্টটা খুবই গুরুত্বপূর্ণ, কারণ মুখ্যমন্ত্রী জাপান থেকে এলেন, এসে তিনি বললেন যে, সাম মিঃ সেন তাঁকে বলেছেন যে, রেনকোজিতে রক্ষিত যে আর্ন চিতাভস্ম আছে সেটা সম্পূর্ণ অলীক এবং অসত্য। তিনি এই কথা কাগজের মারফতও জানিয়েছেন। মুখ্যমন্ত্রী হাউসে আছেন, সারা ভারতবর্ষ এটা আজ জানবার জন্য উদ্‌গ্রীব হয়ে আছে। মুখ্যমন্ত্রী এ বিষয়ে একটু আলোকপাত করলে ভাল হয়।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এটা নূতন কথা নয়, যে ভদ্রলোকের কথা আলোচনা করেছি শ্রী সেন, তিনি এর আগেও যখন ইনভেস্টিগেশন হয়েছিল তখনও বলেছিলেন এই কথাই যা আমার কাছে বলেছেন।

শ্রীশৈলেন অধিকারীঃ আপনি এটা বিশ্বাস করেন কিনা সেটাই বলুন।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এটা আমার বিশ্বাস অবিশ্বাসের প্রশ্ন নয়।

শ্রীহেমন্ত বসুঃ আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মুখ্যমন্ত্রী জানেন যে, বাংলাদেশে এবং কলকাতা শহরে নেতাজীকে নিয়ে একটা আন্দোলন চলেছে যে, নেতাজী শৌলমারীতে আছেন না অন্য জায়গায় আছেন। তারপর শ্রীসত্যনারায়ণ সিংহ যেকথা আলোচনা করেছেন এবং তা আনন্দবাজারে এবং হিন্দুস্থান স্ট্যান্ডার্ডে যেভাবে বেরিয়েছে তিনি তাতে যেভাবে তথ্য এবং প্রমাণ দিয়েছেন সেদিকে বাংলাদেশে অ্যাসেমব্লি থেকে এরূপ একটা প্রস্তাব করা উচিত কিনা যে শা নাওয়াজ কমিটির রিপোর্ট-এর উপর আমাদের বিশ্বাস নেই সেটা চ্যালেঞ্জড হয়ে গেছে এবং বিশেষ করে ডাঃ সত্যনারায়ণ সিংহ যেটা লিখেছেন সেটাতে আরও অলীক বলে প্রমাণ হয়ে গেছে। সেজন্যই বাংলাদেশের অ্যাসেমব্লি থেকে একটা প্রস্তাব নেওয়া যায় কিনা বা রেকমেন্ড করা যায়

কিনা যে ঐ রিপোর্টকে বাতিল করে একটা ফ্রেস কমিটি উইথ এ সুপ্রীম কোর্ট জাজ, যাতে তারা নেতাজী সম্বন্ধে একটা এনকোয়ারিতে আসতে পারেন কিনা। এই কথা আমি মুখ্যমন্ত্রীকে আপনার মারফত জিজ্ঞাসা করছি।

[2-20—2-30 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমি এ সম্বন্ধে বলতে চাই যে, আজকে আনন্দবাজারে পড়লাম রিপোর্টারের কাছে উনি বলেছেন নাকি নেতাজী মারা যান নি। কিন্তু আমরা যুগান্তরে পড়েছিলাম দুদিন আগে জানি না তিনি এর প্রতিবাদ করবেন কি না—তাতে তাঁরা বলছেন শ্রী সেন নতমস্তকে মন্দিরে ঢোকেন এবং সেখানে ধূপ জ্বালিয়ে নতমস্তকে বেরিয়ে আসেন। আমি বলতে চাই, তিনি যদি বিশ্বাস করে থাকেন এবং যখন তিনি সে মন্দিরে ঢুকলেন তখন শ্রী সেন তাকে বলেছিলেন যে, এটা নেতাজীর ভস্ম নয়, তাহলে তিনি সেই ঘরে ঢুকলেনই বা এবং সেখান থেকে ধূপ জ্বালিয়ে বেরিয়ে এলেন কেন বুঝতে পারছি না। এটা যদি মিথ্যা হয়, প্রতিবাদ করুন—কারণ আমরা মনে করি, যুগান্তরে যে রিপোর্ট বেরিয়েছে তাতে শুধু বাঙ্গালীরাই নয়, সারা ভারতবাসীর মনে একটা বিক্ষোভের সঞ্চার হয়েছে। কেন না, প্রত্যেকেই বিশ্বাস করেন যে, নেতাজী বেঁচে আছেন বিশেষ করে ডাঃ সত্যনারায়ণ সিংহ যে ধারাবাহিক প্রবন্ধ লিখছেন তাতে তিনি বলছেন যে, তাইপোতে ১৯৪৫ সালে কোন দুর্ঘটনা হয় নি এবং আমি আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে, অধ্যাপক সমর গুহ যখন গিয়েছিলেন ১৯৫৯ সালে তখন সেখানকার পুরোহিত বলেছিলেন যে, তিনজন লোক সন্ধ্যার সময় রিক্সায় এসে এই ভস্ম দিয়ে যায় এবং তার মধ্যে তিনি ক্যাপ্টেন হাইজির নাম বলেছিলেন। ক্যাপ্টেন হাইজি এখনও সেখানে কাজ করছে এবং তিনি একথাও বলেছিলেন যেগুলি সব মিথ্যা কথা। আমি মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাচ্ছি যে, তিনি সেই ঘরে ঢুকলেন এবং নতমস্তকে ধূপ জ্বালিয়ে নমস্কার করে সেখান থেকে বেরিয়ে এলেন আবার কলকাতায় এসে বললেন যে, ওটা নেতাজীর ভস্ম নয়, মিঃ সেন নামক একজন ব্যক্তি তাঁকে বলেছেন—এটা কি করে হয়? কাজেই আমি বলি, তিনি আমাদের মনের সন্দেহ দূর করুন—আমি জানি মুখ্যমন্ত্রী নেতাজীর সহকর্মী। তিনি সত্য ঘটনা এখানে প্রকাশ করবেন এবং আমি জানি যে এখনও বহু লোক এটা মনে করেন যে, নেতাজী বেঁচে আছেন। কাজেই আশা করি তিনি সন্দেহটা মানুষের মন থেকে দূর করবেন।

শ্রীকানাইলাল ভট্টাচার্যঃ স্যার, হেমন্তবাবু যে প্রশ্নটা তুলেছেন সেটা অতি সোজা—একথা আপনি, আমরা ও ওঁরা অস্বীকার করবেন যে নেতাজীর মৃত্যু সম্পর্কে সকল দেশবাসীর সন্দেহ উপস্থিত হয়েছে। আজকে এক্ষুনি প্রফুল্লবাবু বললেন যে, আমি বিশ্বাস করি কি না করি—সেটা জানবার দরকার নেই। তার মানে ওঁর মনেও নিশ্চয় দোলা লেগেছে। তা যদি না লাগত —না হলে তিনি এখানে স্পষ্ট বলতে পারতেন যে, নেতাজী মারা গেছেন, যে রিপোর্ট শা নওয়াজ কমিটি দিয়েছে দ্যাট ইজ কারেক্ট, কিন্তু তিনি সেকথা বলতে পারেন নি। স্পীকার মহাশয়, আমি আপনার ঘরে একদিন গিয়ে বলেছিলাম যে, এতবড় একটা ব্যাপার এ সম্পর্কে কি অ্যাসেম্বলির কোন দায়িত্ব নেই, আমরা কি এ ব্যাপারে ইন্ডিয়া গভর্নমেন্টকে তদন্ত করার জন্য বলনত পারি না কিংবা আমাদের সরকারের পক্ষ থেকে ইনিসিয়েটিভ নিয়ে আবার তদন্ত করা যায় কিনা সেই চেষ্টা কি করতে পারি না। তা না হলে আপনি বলুন যে, শা নওয়াজ কমিটি যে সিদ্ধান্ত করেছে দ্যাট ইজ কারেক্ট—তাহলে আমরা বুঝতে পারি যে, বক্তব্যটা কি—দেশবাসীর সামনে বলবার হয় তো বলুন এবং আমরাও আমাদের বক্তব্য বলব। কিন্তু আপনারাও কিছু বলবেন না এ সম্পর্কে দেশবাসিকে সম্পূর্ণ রহস্যের মধ্যে রেখে দেবেন এটা ঠিক নয়, নেতাজীর মত পারসোন্যালিটির কি হল না হল সেটা বলুন।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ এ সম্বন্ধে আমি এই হাউসে কিছু বলতে চাই না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমি একটা কথা বলতে চাচ্ছি, যে রিপোর্ট বেরিয়েছে সেটা আপনার সম্মতি নিয়ে বেরিয়েছিল কিনা।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: সংবাদপত্রে কি বেরিয়েছে আমার মনে হয় না অধ্যক্ষ মহাশয়, সেটা আমরা এখানে আলোচনা করতে পারি।

শ্রীকমলকান্তি গুহ: বলাইবাবু যে কথা তুলেছিলেন, আমরা কয়েকদিন আগে দেখেছিলাম, উনি রেনকোজি মন্দিরে গিয়ে প্রণাম জানিয়েছেন এবং ধূপ জ্বালিয়ে দিয়েছেন—তাতে আমরা অত্যন্ত দুঃখিত এবং ব্যথিত হয়েছি। ভারতবর্ষের মানুষ প্রায় সকলেই বিশ্বাস করেন যে, নেতাজী বেঁচে আছেন, তিনি ফিরে আসবেন—ঠিক সেই সময় ভারতবর্ষের মানুষের মনে আঘাত দিয়ে তিনি এই যা করেছেন সেটা অত্যন্ত অন্যায় কাজ। তিনি শ্রী সেনের কথা বললেন যে নেতাজী মারা যান নি—ব্যাপারগুলি এমনভাবে দিয়েছেন যে, দেখে মনে হবে যে নেতাজী মারা যান নি। তিনি এ্যাংগলো আমেরিকান ব্লককে সন্তুষ্ট করবার জন্য বললেন যে, মারা গেছেন আর এখানে বললেন যে, মারা যান নি—এই ভণ্ডামি করে লাভ কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমরা বিরোধী পক্ষ থেকে যদি এ ব্যাপারে একটা প্রস্তাব করি তাহাকে আপনি লীডার অফ দি হাউস হিসাবে অনুমতি দেবেন কিনা জানতে চাচ্ছি। আপনার যদি সম্মতি থাকে

I would request you to consider the whole matter.

তাহলে আমরা একটা প্রস্তাব দিতে পারি যে, এ সম্বন্ধে পশ্চিম বাংলার বিধান সভা কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানাচ্ছে

In the light of these facts and circumstances and these data and revealations, let the whole matter become afresh by a Tribunal eminently constituted.

এইরকমভাবে যদি একটা প্রস্তাব এই হাউসে আনি এবং তাতে মুখ্যমন্ত্রীর যদি সম্মতি থাকে তাহলে আমরা আগামী মঙ্গলবার দিন এটা আনতে পারি।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: যে কোন মাননীয় সদস্য মোশন আনতে পারেন—আমার সম্মতির তো কোন প্রয়োজন নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা তো ছেলেমানুষী হল, ঐরকম অন্য প্রশ্নের সংগে এটা এ্যাট পার রাখা চলে না। ধরুন গভর্নমেন্ট একটা জমি নিয়ে নিচ্ছেন—তা নিয়ে আমরা একটা অ্যাড-জোর্নমেন্ট মোশন আনব বা একটা ডিবেট চাইব, আর নেতাজী সম্বন্ধে একটা জিনিস করব, এটা কি এক?

মিঃ স্পীকার: এক নয়, কিন্তু কোশ্চেন হচ্ছে আপনারা যদি কোন প্রস্তাব আনেন তাহলে সেটা তো রুল অনুযায়ী ঠিকভাবে আনতে হবে।

শ্রীহেমন্তকুমার বসু: স্যার, নেতাজীর মৃত্যু সম্বন্ধে যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে সে বিষয়ে আমাদের গভর্নমেন্টের অধিকার আছে সমস্ত হাউসের অধিকার আছে সেই বিভ্রান্তি দূর করবার জন্য ভারত গভর্নমেন্টের কাছে আমরা একটা প্রস্তাব পাঠাই যে, এ বিষয়ে একটা অনুসন্ধান করা হোক যাতে লোকের মনের বিভ্রান্তি দূর হয়। কাজেই এ বিষয়ে মুখ্যমন্ত্রীর কোন সম্মতি থাকবে না, এটা বুঝতে পারছি না।

মিঃ স্পীকার: উনি সম্মতি বা অসম্মতির কোন কথাই বলেন নি—উনি বলেছেন প্রস্তাব আনতে পারেন।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, প্রস্তাব আনতে পারেন কিন্তু সেটা তো ব্যালট হবে। আপনি বোধ হয় জানেন বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে যা ঠিক হয়েছে তাতে দুটো প্রস্তাব আছে, কাজেই আর তো প্রস্তাব আনার কোন সম্ভাবনা নেই। অবশ্য মুখ্যমন্ত্রী যা বিবৃতি দিয়েছেন তা আমি এখনই শুনলাম কারণ সেটা স্টেটসম্যান কাগজে দেখি নি, অন্য কাগজে দিয়েছে কিন্তু মুখ্যমন্ত্রী যদি ঐ রকম বলে থাকেন তাহলে আবার অন্য রকম গুরুত্ব এসে

গেল। কারণ প্রধানমন্ত্রী কিছুদিন পূর্বে শোলমারি আশ্রমের সাধু ইত্যাদি নিয়ে যখন অনেক রকম আলোচনা হয় তখন তিনি পরিষ্কার জবাব দিয়েছিলেন যে, শা নওয়াজ এনকোয়ারি কমিটির রিপোর্ট আমরা মেনে নিয়েছি এবং আমাদের মতে নেতাজী নেই। এখন মুখ্যমন্ত্রী যদি এইরকম বিবৃতি দিয়ে থাকেন তিনি ওখানে যা শুনে এলেন—তিনি নত-মস্তকে কার চিতাভস্ম কি করে এলেন সেটা বড় কথা নয়, এখন তিনি যা শুনেছেন তার স্বপক্ষে হয়তো আরও কথা শুনেছেন। শুধু কি একটা সেনটেন্স বলেছিলেন মিঃ সেন ঐ ভদ্রলোক যিনি টোকিওতে আছেন। যা হোক মুখ্যমন্ত্রী ওখান থেকে ফিরে এসে প্রত্যক্ষভাবে একজনের সঙ্গে কথা বলে তারপর যদি সংবাদপত্রে বলে থাকেন তাহলে অন্য রকম পরিস্থিতি দাঁড়িয়ে যাচ্ছে।

[2-30—2-40 p.m.]

তাতে কোন দোষের কিছু নেই। কারণ, বিশ্বাস অবিশ্বাসের কোন প্রশ্ন নয়, খুব সামান্য ন্যূনতম একটা দাবি উঠেছে যে শা নওয়াজ কমিটির রিপোর্ট অনেকে বিশ্বাস করতে পারছে না, নানা রকম কনট্রাডিকশন হচ্ছে। আমরা আগেই বলেছি সে বিষয়ে তদন্ত করবার জন্য একটা জজকে দিয়ে করানো যায় কিনা, এটা সর্বভারতীয় দাবি। বাংলাদেশের মুখ্যমন্ত্রী জাপান থেকে ফিরে এসে যখন এই কথা বলেছেন তখন এটা মনে হয় হতে পারে। তারপর সেটা ইণ্ডিয়া গভর্নমেন্ট কাকে দিয়ে করাবেন পরে ঠিক হবে। আমরা তো বাইরে থেকে প্রস্তাব করে পাঠালে কিছু হবে না, এ্যাসেম্বলী থেকে করে পাঠাতে হবে। আমার মনে হয় মুখ্যমন্ত্রী যদি একটা বিবৃতি দেন যে হ্যাঁ এই রকম আমি শুনে এসেছি, আপনাদের সবাইয়ের অনুমোদন নিয়ে আমি ভারত সরকারের কাছে লিখছি আর একবার তদন্ত করবার প্রয়োজন আছে, তিনি নিজে যদি এই সঙ্গে তদন্ত করার কথা বলেন তাহলে যথেষ্ট গুরুত্ব হবে এবং ওয়ান্স অ্যান্ড ফর অল ভাল করে তদন্ত হয়ে জিনিসটা আমাদের কাছে যদি পরিষ্কার হয় তাহলে খুব ভাল হবে। তা না হলে এ সম্বন্ধে হাউসে মাঝে মাঝে প্রশ্ন উঠছে, বাইরে হচ্ছে, এতে সন্দেহ বাড়ছে। সেজন্য এতে আপত্তি হবার কোন কারণ নেই। হাউস ১১ তারিখে শেষ হবে। যে প্রস্তাবের কথা বলছেন সেটা ব্যালটে উঠবে কি উঠবে না আইনের ব্যাপার, সেটা আইনমত আসলে দেরি হয়ে যাবে।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু আগে বলেছি, যে ভদ্রলোকের সঙ্গে আমার দেখা হয়েছিল তিনি হঠাৎ যে নতুন কিছু শুনিয়েছেন তা শোনান নি। শ্রী সেন আমাকে যে কথা বলেছেন ঠিক সেই কথা এর পূর্বে যে অনুসন্ধান কমিটি হয়েছিল সেই অনুসন্ধান কমিটির কাছে বলেছেন, নতুন কিছু বলেন নি।

Shri Jyoti Basu:

আপনি তখন কি জিজ্ঞাসা করলেন না কেন তিনি এই কথা বলছেন?

Shri Prafulla Chandra Sen:

আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, আপনার বিশ্বাস কি নেতাজী বেঁচে আছেন? তিনি বললেন নেতাজী বেঁচে আছেন বলে আমার বিশ্বাস নেই, নেতাজী মারা গেছেন। তবে প্লেন অ্যাক্সিডেন্টে মারা যান নি এই কথা বললেন।

Shri Sunil Das Gupta:

মুখ্যমন্ত্রী স্টেটমেন্ট করলেন যে, শ্রী সেন তাঁকে বলেছেন যে নেতাজী বিমান দুর্ঘটনায় মারা যান নি, অন্য কোন এক জায়গায় মারা গেছেন। একথা যদি সত্য হয় তাহলে এটা মারাত্মক

কথা। আমাদের এতবড় মহান্ নেতা, তিনি কোথায় মারা গেলেন, তাঁর কি হল সেটা আমরা জানতে চাই।

Shri Prafulla Chandra Sen:

শ্রী সেন পূর্বে যে একটা অনুসন্ধান কমিটি হয়েছিল সেই কমিটির সামনে সাক্ষ্য দিয়েছিলেন, সেই সাক্ষ্যের কথা তিনি আমার কাছে আবার পুনরাবৃত্তি করেছেন। আমি তাঁকে যখন জিজ্ঞাসা করি তাহলে কি আপনার ধারণা এই যে নেতাজী জীবিত আছেন? তিনি বললেন, না। তিনি শুধু এইটুকু বলেছেন। এই কথা পূর্বে তিনি বলেছেন, নতুন কিছু বলেন নি। অনুসন্ধান কমিটির কাছে বলেছেন যে, অ্যাক্সিডেন্টে তিনি মারা গেছেন বলে তিনি বিশ্বাস করেন না। এটা তাঁর বিশ্বাসের কথা।

Shri Sunil Das Gupta:

আমাদের মুখ্যমন্ত্রী অত্যন্ত দায়িত্বশীল। যদি কেউ এসে তাঁকে বলেন যে, নেতাজী ঐ বিমান দুর্ঘটনায় মারা যান নি, অন্য কোন এক জায়গায় মারা গেছেন, তাহলে কোথায় মারা গেছেন সে সম্বন্ধে শ্রী সেন কিছু কি বলেছেন?

Shri Prafulla Chandra Sen:

তিনি কিছু জানান নি। এই সাক্ষ্য পূর্বেও সেই ভদ্রলোক দিয়েছেন। তিনি বলেছেন যে, আমার সঙ্গে অর্থাৎ তাঁর সঙ্গে যত লোকের দেখা হয়েছে সকলকেই তিনি এই কথা বলেছেন এবং এটা তাঁর বিশ্বাসের কথা। তিনি অন্য কোন প্রমাণ দিতে পারেন নি।

Shri Sunil Das Gupta:

আপনি মানুষকে বিভ্রান্ত করছেন। আমাদের দাবি হচ্ছে যেটা জ্যোতিবাবু, হেমন্তবাবু বলেছেন, একটা প্রস্তাবের মারফত পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে কি অনুরোধ করবেন যাতে পুনরায় এ বিষয়ে একটা তদন্ত করা হয়? এটা ও'রা মেনে নিলেই হতে পারে। এতে মুখ্যমন্ত্রী সম্মতি দেবেন কি?

Shri Prafulla Chandra Sen:

আমি সম্মতিও দেব না, অসম্মতিও দেব না। আমি যেকথা শুনেছি, সেই কথা বলেছি। আপনারা মোশন আনতে পারেন।

Shri Balai Lal Das Mahapatra:

মুখ্যমন্ত্রী মহাশয় সেই মন্দিরে ঢুকেছেন এবং যেখানে নেতাজীর চিতাভস্ম রক্ষিত আছে বলে কথিত—সেখানে তিনি নমস্কারও করেছেন। এটা যে নেতাজীর চিতাভস্ম—এই দৃঢ় বিশ্বাস নিয়েই কি তিনি প্রণাম করেছিলেন? সেটা জানতে চাই। যখন তিনি মন্দিরে ঢুকছেন, তখন শ্রী সেন বলছেন এ চিতাভস্ম নেতাজীর নয়, তাহলে কেন তিনি সেখানে প্রণাম করলেন?

Shri Prafulla Chandra Sen:

শ্রী সেন যেকথা বলেছেন, আমি তারই পুনরাবৃত্তি করেছি মাত্র।

Shri Balai Lal Das Mahapatra:

মুখ্যমন্ত্রীর কি এই দৃঢ় বিশ্বাস হয়েছে যে, মন্দিরের সেই চিতাভস্ম নেতাজীর চিতাভস্ম?

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received three notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Drainage of water at Moyna P.S. in Midnapore district—by Shri Ananga Mohan Das.

(2) Students' strike at the Shyam Sunder College, district Burdwan—by Shri Aswini Roy.

(3) Precaution in sale of Folidol at Magrahat P.S.—by Shri Narayan Choubey.

I have selected the notice of Shri Narayan Choubey on the subject of precaution in sale of Folidol at Magrahat P.S. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Jagannath Kolay: On Tuesday.

Information given in reply to Calling Attention Notice relating to police firing at East Pakistan migrants at Mana Transit Camp

Shrimati Abha Maiti:

স্যার, কয়েকদিন আগে আপনি একটা কলিং অ্যাটেনশন অ্যালাউ করেছিলেন। তখন আমার কাছে সে সম্পর্কে কোন ইনফরমেশন ছিল না বলেই কোন বিবরণ দিতে পারি নি। আমি তখন হাউসকে বলেছিলাম যে, ইনফরমেশন পেলেই আমি দেব। সেটা পেয়েছি, এখন সেই ইনফরমেশন দিতে চাচ্ছি।

কয়েকদিন আগে মানা ক্যাম্পে যে পুলিস ফায়ারিং হয়েছিল, সেই সম্পর্কে এখানে একটা কলিং অ্যাটেনশন এসেছিল। আমি সেদিন বলেছিলাম যে, আমার কাছে কোন সংবাদ নাই, আমি সংবাদ নেবার চেষ্টা করছি, পেলে বলব। সেই সংবাদ নেবার জন্য ভারত সরকারের পুনর্বাসন দপ্তরের সেক্রেটারির কাছে আমাদের সেক্রেটারি জানতে চেয়েছিলেন। তিনি আমাদের কাছে একটা মেসেজ পাঠিয়েছেন টেলিপ্রিন্টারের মাধ্যমে। সেটা আমি সভাপতির সামনে রাখছি কোনরকম অদলবদল না করে।

Shri Kashi Kanta Maitra:

তাহলে অদলবদল করেন?

Shrimati Abha Maiti:

না।

Shri Kashi Kanta Maitra:

তাহলে সেকথা উঠলো কেন?

Shrimati Abha Maiti:

স্পীকার মহাশয় বলেছিলেন আমাকে এডিট করে দিতে। আমি সেটা এডিট না করে যা পেয়েছি তাই দিচ্ছি।

Mr. Speaker:

আমি এডিট করতে বলি নি, আমি কোন ডাইরেকশনও দিই নি। আপনি সামারাইজ করে বলতে পারেন।

Shrimati Abha Maity:

আগে পুলিশ ফায়ারিংএর বিবরণ জানবার জন্য আমাদের সেক্রেটারি ভারত সরকারের পুনর্বাসন বিভাগের সেক্রেটারির কাছে লেখেন। তার উত্তরে তিনি একটা মেসেজ টেলিপ্রিন্টারের মাধ্যমে আমাদের দিয়েছিলেন। সেটা আমি কোনরকম এডিট না করে যেমনটি পেয়েছি, তেমনি পড়ে দিচ্ছিঃ

Reference your teleprinter message, dated 5th May, 1965 received through the Information Officer, Banga Bhawan, in regard to the Calling Attention motion regarding firing by the police on the refugees in the Mana Camp. It seems that your Minister for Rehabilitation desires to make a suitable statement in the Assembly on the 6th instant. As explained to you on an earlier occasion, law and order is a State subject and it is not understood how the West Bengal Legislative Assembly could be concerned with incidents involving law and order happening outside West Bengal in camps run by the Central Government. In our view it would not be appropriate to have this incident discussed in the West Bengal Assembly as such discussion is certain to cause embarrassment to the Madhya Pradesh Government. Moreover, the Madhya Pradesh Government have already ordered a full judicial enquiry by the Additional District Magistrate (Judicial), Raipur.

[2-40—2-50 p.m.]

You must have also seen in the papers reports on the statements made by the Union Minister for Rehabilitation in the Lok Sabha and Rajya Sabha. The Calling Attention motion does not, therefore, appear to be in order. These facts may kindly be taken into consideration and the subject in the Assembly avoided if possible. However, for the information of your Minister the text of the statement made by the Union Minister of Rehabilitation in the Rajya Sabha is reproduced below:—

"I am sorry to inform the House of an unfortunate incident in the Mana transit camp for migrants from East Pakistan on the 1st May, 1965 in which two migrants lost their lives and a number of persons comprising migrants, camp staff and police personnel, sustained injuries. According to reports received from the State Government and the camp authorities, the facts of the case are stated to be as follows: The Mana group of transit centres serves as a clearing house for the new migrants entering West Bengal from East Pakistan who are accepted for relief assistance. While in the transit centres the migrants receive cash doles. The Government of India had issued instructions in October, 1964 that the cash doles should be paid every month in 3 instalments at an interval of 10 days. This system has been introduced with a view to ensuring that some money is available to migrants from time to time during the month and that the entire doles for the month are not frittered away at the beginning of the month. This arrangement could not be introduced in the Mana group of transit centres as the available staff was occupied with other pressing administrative duties such as reception, disposal and screening of migrants. The doles were being paid at fortnightly intervals instead of 3 times in a month in this group of transit centres. The Estimates Committee in its 71st Report had also commented

on this fact and recommended that payment of cash doles may be made to the migrants in instalments regularly and no administrative difficulties should be allowed to stand in the way of disbursement of doles in instalments and in time. On the 1st May, 1965, disbursement of cash doles in accordance with this new arrangement was due to take place at the Mana camp. Some of the migrants objected to the introduction of this new system and exhorted others not to accept doles on this basis. Some of the migrants who had accepted doles were assaulted. A crowd of about 2,000 strong, went to see the Chief Commandant, Mana, Colonel S. P. Nandy and pressed him to restore the old system. He explained to the migrants that the new system had been introduced in accordance with the instructions of the Government of India and would be beneficial to them, there would be no reduction in the quantum of doles payable for each month, and he tried to persuade them to accept the new system. The crowd was in no mood to listen to his advice. A little later, they surrounded the camp office No. 1 where disbursement was to take place. The cash chest in this camp contained over Rs. 2 lakhs. The crowd became extremely unruly and violent and tried to enter the office. The Chief Commandant Colonel Nandy informed the Additional District Magistrate of the situation. The Additional District Magistrate and the Superintendent of Police immediately left for the camp. The police force posted in the camp also arrived at the camp office, and every effort was made to persuade the crowd to refrain from lawlessness and violence. Unfortunately, these efforts were not successful. There was heavy stoning; the crowd surged forward, encircled the camp office and attempted to break open its doors. The Camp Commandant Major A. C. Chakravarti, the Superintendent of Police Shri Virmani, the City Superintendent of Police, Raipur, Shri Agnihotri and other members of the camp staff and of the police force who were trying to restore order sustained injuries. The police ordered the crowd to disperse, but without avail. A mild lathi charge was resorted to and tear gas was also used. These measures, however, failed to push back the crowd which was in an extremely violent mood. The crowd instead of dispersing re-grouped in large numbers and began to attack the camp authorities and the police from all sides with stones and lathis.

Due warning was then given by the local police that firing would be resorted to if the crowds did not disperse. The warning was not heeded. Thereafter firing had to be ordered.

It is a matter of deep regret that the firing resulted in the death of two migrants and injuries to about eighteen others. As soon as the crowd showed signs of dispersing, the firing was stopped.

The Camp Commandant and about 19 other camp employees sustained injuries as a result of violence from the crowd of migrants. On the police side, the Superintendent of Police, the City Superintendent of Police and about ten constables were injured.

An order under section 144, Cr. P. C., prohibiting the carrying of weapons and assembly of more than five persons has been promulgated in the camp area on the 1st May, 1965. The situation is now reported to be quiet and peaceful. There was no untoward incident thereafter and the migrants were reported to be coming forward to receive their doles under the revised pattern.

The Madhya Pradesh Government have ordered a full magisterial inquiry into this incident by the Additional District Magistrate (Judicial) of Raipur.

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, শ্রীমতী মাইতি যে লম্বা স্টেটমেন্টটা পড়লেন তা যদি লক্ষ্য করে দেখেন তাহলে [illegible] অফিসার [illegible] লিখেছেন সিম্পল

Since it concerns the law and order situation of another State, I do not understand or appreciate how the Legislature of West Bengal is interested in the matter. I, therefore, think that the Calling Attention motion was not in order. There I would like to join issue. Is it competent for the officer concerned to make such observations, particularly when a Calling Attention notice tabled by an honourable member of this House has been admitted by the Hon'ble Speaker or Deputy Speaker, is it open to any officer to say that it is not in order? It is fantastic.

Mr. Speaker: So far as I remember—of course, I have to verify my memory from the records

কোনদিন আমি মানা ক্যাম্প সম্বন্ধে কলিং অ্যাটেনশন এডমিট করি নি।

Shri Kashi Kanta Maitra:

শ্রীমতী মাইতি কলিং অ্যাটেনশন-এর জবাব বলেই বললেন।

Mr. Speaker:

না মিঃ মৈত্র, কলিং অ্যাটনশন-এর আমার রেকর্ডস আছে, আমার যতদূর মেমোরীতে আছে, আমি কলিং অ্যাটেনশন এলাউ করি নি।

Shri Kashi Kanta Maitra:

কিন্তু উনি উত্তরটা দিলেন কলিং অ্যাটেনশন-এর জবাব বলে।

Shrimati Abha Maiti:

মাননীয় স্পীকার মহাশয়, সেদিন এখানে মিঃ ডেপুটি স্পীকার ছিলেন। আমার যতদূর মনে আছে, নিখিলবাবু ও আরও কেউ কেউ মৌখিক বলেছিলেন যে এরকম একটা ঘটনা হয়েছে। তখন আমি এখানে উপস্থিত ছিলাম। তখন আমাকে মিঃ ডেপুটি স্পীকার বলেন কিছু বলতে পারি কিনা? তখন আমি বলেছিলাম যে, এটা আমি আগেই খবরের কাগজে পড়েছি এবং খবর আনতে দিয়েছি। আমাকে ও'রা যদি খবর দেন তাহলে বলতে পারবো।

Mr. Speaker: It should be taken as a mere statement from some Hon'ble Minister explaining the position.

Shri Sailendra Nath Adhikary: The point is an honourable member has put the question before the Hon'ble Minister with the consent of the Speaker. That means that the Speaker has given his consent duly.

Mr. Speaker: Whenever a statement is desired to be made by an Hon'ble Minister, the Speaker, as a matter of course, allows the Hon'ble Minister to make the statement.

Shri Sailendra Nath Adhikary: You have allowed Shrimati Abha Maiti to make the statement.

Mr. Speaker:

আমি ও'কে স্টেটমেন্টই করতে বলেছি।

Shri Sailendra Nath Adhikary:

কিন্তু কাশীবাবু যেটা বললেন যে, এটা অফিসার-এর প্রতি বললে এটা কি হাউস-এর উপর কনটেম্পট হয় না?

Mr. Speaker:

যদি কখনও কলিং অ্যাটেনশন দেওয়া হয়, আর যদি কোন অফিসার এইরকম রিমার্ক করেন তাহলে

Certainly, it will be considered by the Chair. But in this case it was never admitted as a Calling Attention matter. The Hon'ble Minister merely asked to explain the position. So, at this stage this point does not arise.

Shri Kashi Kanta Maitra:

স্যার, আমি এটা মানছি, টেকনিক্যালি হয়ত এটা তাই। কিন্তু আমি বলছি, হাউস-এ শ্রীমতী মাইতি যে স্টেটমেন্টটা করলেন তাতে উনি বলছেন যে কলিং অ্যাটেনশন

I believe and I suppose that it was perhaps not known to the officer concerned—the officer who had signed this note—whether it was formally tabled by an honourable member of this House and the Speaker formally gave consent to it. Perhaps it was not known to him. But the officer concerned had proceeded on the footing that it was the subject-matter of a Calling Attention motion. Whether his assumption was correct or not is another matter. But when he makes such observation that the Calling Attention notice was not in order—there I join issue. He cannot say that.

[2-50—3-30 p.m.]

Observations regarding the admissibility of the Calling Attention

Mr. Speaker:

আমি আপনার পজিশন ক্লিয়ার করছি, কলিং অ্যাটেনশন-এর ব্যাপারে

If the Speaker or the Deputy Speaker admits any calling attention and there be any comment from any other corner regarding the admission of the calling attention it would be considered by the Chair then; but so far as the present issue is concerned, it is a voluntary statement made by the Hon'ble Minister as some point was some time ago touched upon on the floor of the House and she felt it necessary that she should apprise the members of the House of what had happened at Mana Camp.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: I have nothing to say against the statement of the Minister but how can a simple officer of another State say that it is not in order without knowing whether this calling attention was allowed or not by the Speaker? He must have taken it for granted, since the Hon'ble Minister referred it to him, that the calling attention must have been allowed by the Speaker or the Deputy Speaker. In fact the Deputy Speaker, I think, allowed it orally as a calling attention.

Mr. Speaker: The Deputy Speaker merely allowed it as an urgent matter and if the Hon'ble Minister felt that she could enlighten the House she could do it.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: How can that officer say that it is not in order? What authority has he got?

Mr. Speaker: If calling attention is allowed by the Chair and if any comment on it made, it would be considered by the Speaker.

Shri Kashi Kanta Maitra:

যদিও এটা কলিং অ্যাটেনশন-এর বিষয়বস্তু না তবে হাউসে যদি কোন মিনিস্টার কিছু স্টেট-মেন্ট করেন তাহলে সেটা হাউসের কলিং অ্যাটেনশন কোন স্যাংটিটি নেই বা আমাদের বা মেম্বার অর মিনিস্টার কি কিছু নেই?

Mr. Speaker:

কলিং অ্যাটেনশান-এর স্যাংটিটি।

If the Chair decides that this matter should receive the attention of the Hon'ble Minister to be answered, and if that decision is commented upon certainly the Chair, would consider it, but here it is not a matter where the Speaker or the Deputy Speaker has admitted it as a calling attention.

Shri Kashi Kanta Maitra:

স্যার, আমি আর একটু ক্ল্যারিফিকেশন চাইছি এখানে স্পীকারের উপর এসপারসন করা হয়। কলিং অ্যাটেনশনের নোটিশ এলে তাতে স্পীকারের কনসেন্ট দরকার কিন্তু এভাবে এটা হলে এতে স্পীকারের উপর এসপারসন এসে যায় কারণ

If the Hon'ble Minister or any member of the House makes a statement and that becomes a subject matter of attention of all the members of the House, including the Speaker, then if any outsider or any officer makes such a comment it means that it casts aspersion on the members of the House and also on the Ministers concerned. It affects not so much the position or status or dignity of the Speaker as the status and dignity of the members of the House and the Ministers.

শ্রীজ্যোতি বসু: স্যার, প্রথম কথা হচ্ছে যে, অন্ধকার হয়ে আসছে বুঝতে পারছি না এর মানে কি। আমি জিজ্ঞাসা করছি আমি এখন বলবো না পরে বলবো। আমি বলছি মেটারটা এখানেই শেষ হয়ে যায়। এখন প্রশ্ন হচ্ছে যে আমাদের কলিং অ্যাটেনশানের উপরে কি কোন অধিকার নেই? অনারেবল মেম্বার যখন প্রশ্ন করেছিলেন তখন বলা হয়েছিলো যে, আমি জানি না, আমি এটা দিল্লী থেকে খোঁজ নিয়ে দেখবো। তারপর খোঁজ নিতে গিয়ে কি খোঁজ নিলেন তা আমি বলতে চাই না। মিনিস্টার কি স্টেটমেন্ট দিলেন সেটাই হল কথা। তিনি কাকে কি লিখেছেন সেটা প্রশ্ন নয়। এখন শুনছি যে একজন অফিসার টেলিপ্রিন্টার পাঠিয়েছেন এবং তিনি মন্ত্রিমহাশয়কে বলেছেন যে এখানে আলোচনা হতে পারে কি পারে না।

শ্রীমতী আভা মাইতি: ওখানকার রিহ্যাবিটেশান সেক্রেটারী আমাদের রিহ্যাবিটেশান সেক্রেটারীকে লিখেছিলেন। তখন আমাদের রিহ্যাবিটেশান সেক্রেটারিকে বলেছিলাম এ জিনিসটা খোঁজ নিতে।

শ্রীজ্যোতি বসু: উনি কি বললেন কিছুই বুঝতে পারা গেলনা, যা হোক আপনি এটার একটা ব্যবস্থা করুন।

[At this stage the House was adjourned for half an hour.]

[After adjournment.]

[3-30—3-40 p.m.]

Propriety of an India Government officer as to questioning this admission of a Calling Attention notice relating to police firing at Mana Camp leading to a breach of privilege.

স্পীকার মহাশয়, শ্রীমতী মাইতি যে চিঠি পেয়েছেন তার অফিসার মারফত কি হবে আমি জানি না কিন্তু এখানে যদি না পড়তেন আলাদা কথা কিন্তু এটা যখন রেকর্ডেড হোল আমরা শুনে ফেললাম এখন এটা খুবই অমর্যাদাকর যে একজন অফিসার তিনি এই ধরনের কথা বললেন যে আমরা কি আলোচনা করতে পারি না পারি—বিশেষ করে মানা ক্যাম্পের ব্যাপারে। এটা ঠিকই মধ্যপ্রদেশে বা অন্য প্রদেশে কি হয় সেটা আমরা আলোচনা করি না। কিন্তু এটা বিশেষ বিষয় যেটা আলোচনা করতে হবে কারণ এরা তো বাংলাদেশে ফিরে আসবে এবং বাংলাদেশের অসংখ্য ফিরে এসেছে এবং তারপর সরকার থেকে সাহায্য করা হয় নি। কাজেই অফিসারের তো কোন বলবার কোন কথা নয়। আশা করি যে আমাদের প্রতিবাদ অফিসারকে জানানো হবে যে আপনাদের কোন দরকার নেই এই সমস্ত কথাবার্তা বলার। অন্তত এইটুকু যদি হয় তাহলে মঙ্গল। তা না হলে মনে হয় যে, ভবিষ্যতে আমরা খুব বিপদে পড়বো যদি কেন্দ্রীয় সরকারের অফিসারের কাছে বা পশ্চিমবাংলা অফিসারের কাছে নানারকম উপদেশ আমাদের শুনতে হয় এই অ্যাসেম্বলীতে কি হওয়া উচিত না উচিত সে ব্যাপারে। এ ব্যাপারে আমরাই সুপ্রীম। অন্য জায়গায় স্পীকার যারা আছেন তাঁরা হয়তো কিছু বলতে পারতেন কিন্তু আমি স্থির নিশ্চিত যে কোন অফিসারের অধিকার নেই এইরকম মন্তব্য বা হস্তক্ষেপ করার আশা করি আপনি আমাদের হাউসের রাইট প্রটেক্ট করবার জন্য ব্যবস্থা করবেন।

শ্রীকানাইলাল ভট্টাচার্য: স্যার, আমাদের উদ্বাস্তু মন্ত্রী শ্রীমতী মাইতি যে স্টেটমেন্টটি পড়লেন সেটা অবশ্য একটা দৃষ্টি আকর্ষণী নোটিশ নয়, তাহলেও যখন পড়েছেন তখন তার ভিতরকার জিনিসটা আমাদের লক্ষ্য করতে হবে। স্যার, আপনার মনে আছে ১৯৫৪-৫৫ সালে যখন সৌরাষ্ট্র ক্যাম্পের রিফিউজীদের উপর অত্যাচার হয়েছিল তখন এই হাউসে সেটা আলোচনা হয়েছিল এবং শ্রীমতী রেণুকা রায় সে সম্পর্কে খবর আনিয়ে আমাদের জবাব দিয়েছিলেন। কাজেই সে অধিকার আছে না আছে সেটা ইণ্ডিয়া গভর্নমেন্টের কোন অফিসার কোয়েশ্চেন করতে পারেন কিনা আপনার অথরিটি যে আপনার অ্যালাউ করা উচিত কিনা সে সম্পর্কে যদি কোন কোয়েশ্চেন করা হয় তাহলে এই হাউসের অধিকার ভঙ্গ করা হয়েছে। কাজেই সে ব্যাপারে আমি বলবো যে আমাদের অধিকার ভঙ্গ করা হয়েছে কিনা এটা হাউসের বিচারের উপর ছেড়ে দিন। কিংবা এটা অধিকার রক্ষা কমিটিতে দিন যে ঐ অফিসার ঐরকম স্টেটমেন্ট দিয়ে আমাদের অধিকার ক্ষুণ্ণ করেছেন কিনা।

শ্রীনেপালচন্দ্র রায়: স্যার, আমারও ঐ একই কথা। কানাইবাবু যা বললেন - এই হাউসে আপনার মনে আছে কিনা জানি না—এই হাউসে আপনি তখন ছিলেন না—গত ৪।৫ বছর আগে আমাদের আই জি অব পুলিশ শ্রীবীরেন সরকার মহাশয়, কোন এম এল এ সম্বন্ধে একটা মন্তব্য করেছিলেন এবং তখন আমি পয়েন্ট অব প্রিভিলেজ তুলেছিলাম। আমি একথা বলেছিলাম যে কোন সরকারী কর্মচারীর কোন অধিকার নেই হাউস-এর কোন সদস্য সম্বন্ধে কোন বক্তব্য রাখার না কোন স্টেটমেন্ট করার। এবং এই যে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে একজন এম এল এ-র প্রশ্নের উত্তর দেবার জন্য একজন সেন্ট্রাল গভর্নমেন্টের সেক্রেটারীকে প্রভিনসিয়াল গভর্নমেন্টের সেক্রেটারী লিখলেন তার জবাবে এরকম কেন হবে যে ঐটা ইন অর্ডারে হয়েছে কি হয় নি। এই অধিকার কে তাকে দিল? কাজেই আমি মনে করি এটা প্রিভিলেজ কমিটিতে তাকে ডেকে নিয়ে এসে তার বিচার করা উচিত। যদি আমাদের সরকারের কোন অধিকার থাকে—আপনার কোন যদি অধিকার থাকে তাহলে এটা প্রিভিলেজ কমিটিতে নিয়ে আসা উচিত—তা না হলে আমি মনে করি এটা যে শুধু বিরোধী পক্ষের বন্ধুদের অসম্মান করা হয়েছে তা নয়, এটা সরকারের পক্ষে অত্যন্ত অসম্মান হয়েছে। এবং হাউসের প্রতিও অমর্যাদাকর ব্যাপার হয়েছে।

এবং এতে আপনার প্রতি এবং সমস্ত পশ্চিমবাংলার মানুষের প্রতি এটা খারাপ হয়েছে এটা আপনার প্রতি ব্যক্তিগত অমর্যাদা হয়েছে যে শুধু তা নয়, এটা সকলের প্রতি অমর্যাদাকর হয়েছে যে একজন সেন্ট্রাল গভর্নমেন্টের অফিসার তিনি এই দুঃসাহস রাখেন কি করে যে প্রশ্নটা ইন অর্ডার কি আউট অব অর্ডার। তিনি এটা কি করে বলতে পারেন? কাজেই এটা প্রিভিলেজ কমিটিতে দেওয়া দরকার।

মিঃ স্পীকারঃ লিডার অব দি অপোজিসন যা বলেছেন এটা সে অফিসারকে স্মরণ করিয়ে দেওয়া দরকার যে তার ঐ অধিকার নেই—সেটা স্মরণ করাবার দরকার নেই যদি অধিকার না থাকে; সে যদি করে থাকে তাহলে সার্টেনলি ইট ইজ এ ব্রিচ অব প্রিভিলেজ। আপনারা বলেছেন—আমিও স্টেটমেন্ট নিয়ে দেখছি—দেখে ডিসিসন সোমবারে দেবো।

Message from Council

Secretary (Shri P. Roy): The following Message has been received from the West Bengal Legislative Council, namely:—

"Message

The West Bengal Legislative Council at its meeting held on the 4th May, 1965, agreed to the Howrah Municipal Bill, 1965, without any amendment.

PRATAP GUHA ROY,

Chairman, West Bengal Legislative Council."

I beg to lay the message on the table.

Motion under Rule 185

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মিঃ স্পীকার স্যার, আমাদের আগে ঠিক ছিল যে এ বিষয়ে সোয়া চার ঘণ্টা ডিবেট হবে কিন্তু এখন ৩-৩৫ মিঃ। কাজেই আপনি চার ঘণ্টা ডিবেট চালাবেন কি করে? এই ডিবেটটা আজকে আধখানা এবং অন্য দিন আধখানা হবে এটা করা ঠিক নয়। কাজেই এই ডেটটা যদি সরানো হয় তাহলে ভাল হয়।

মিঃ স্পীকারঃ দেখুন বিজনেস অফ দি হাউসকে চেঞ্জ করবার ক্ষমতা আমার একার নেই, এই হাউস যদি বলেন, এগ্রি করেন, তাহলে আজকে নন-অফিসিয়াল হতে পারে।

শ্রী[illegible]েন্দ্রনাথ রায়চৌধুরীঃ এটা আপনি সোমবার করুন।

মিঃ স্পীকারঃ আই উইল গিভ ইউ টাইম।

শ্রীজ্যোতি বসুঃ স্পীকার মহাশয়, আমি এটা ধরে নিচ্ছি যে চার ঘণ্টা আমরা সময় পাবো। তার মানে অন্য যেসব ডিবেট আছে আমাদের এজেন্ডায় বিসনেস কমিটি যা ঠিক করেছিল তা পিছিয়ে দেবো তাহলে মঙ্গলবারে কি করে শেষ হবে আমি বুঝতে পারছি না। আপনি যখন একথা বলছেন ওদিকে ওঁরা আপত্তি করছেন সিফট করতে তাহলে একদিন বেশী চলে যাবে। যা হোক আমার মোসন হচ্ছে ১৮৫ রুলে

This House do take into consideration the statement of the Minister of Home Affairs given on February 18, 1965 in Parliament under the caption "Anti-National Activities of Pro-Peking Communists and their preparations for subversion and violence".

এই মোসন যখন আমি প্রথমে এটা উত্থাপন করি যে অনুমতি আমি পাবো কিনা এটা আনবার জন্য তখন আপনার মনে আছে যে মুখ্যমন্ত্রী আপত্তি জানিয়েছিলেন, তিনি বলেছিলেন এটা আমাদের বিষয়বস্তু নয়, কেন্দ্রের বিষয়বস্তু—তার পর অন্য বিষয়ের উপর বলতে গিয়ে তিনি এই কথা আমাদের বলেছিলেন যে, এই সমস্ত অভিযোগ ইত্যাদি আছে তার মধ্যে আমাদের এখানকার এম এল এ সদস্য তাদের নামও আছে—আমার নাম সহ যে আমরা এইসব অন্যায়

অপরাধমূলক কাজ করছি। তিনি বলেছিলেন যে এইসমস্ত কেন্দ্রকে আপনি জিজ্ঞাসা করুন—তা সত্য কি মিথ্যা ইত্যাদি আমরা আলোচনা করতে পারবো না। আমরা কিছু বলতে পারবো না। যাহোক আমরা এইভাবে জিনিসটা নিতে পারছি না, এতো সহজভাবে। কারণ আমাদের এখানে পশ্চিমবাংলা সরকারের নিশ্চয় দায়িত্ব আছে এবং আমরা ধরে নিচ্ছি যে ও'রা এক হয়ে কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গ সরকার এবং অন্য সরকার যেগুলি আছে তাঁরা এই আক্রমণ আমাদের উপর চালিয়েছেন, এক হাজার মানুষকে, আমাদের পার্টির নেতাদের বিনা বিচারে ভারত রক্ষা আইনে আটক করে রেখেছেন। এবং সেই হিসাবে পশ্চিমবঙ্গ সরকারের একটা দায়িত্ব আছে।

[3-40—3-50 p.m.]

সেই হিসাবে পশ্চিমবঙ্গ সরকারেরও এই ব্যাপারে নিশ্চয়ই একটা দায়িত্ব আছে। এটা বিশ্বাসযোগ্য কথা নয় যে ও'দের অনুমোদন ছাড়া এবং ও'দের পুলিশের সহযোগিতা ছাড়া এইরকম কোন জিনিস হতে পারে। সেইজন্য এটার আলোচনা খুব সমীচীন হয়েছে বলে আমি মনে করি। একটা উত্তর আপাতত পশ্চিমবঙ্গ সরকার থেকে আমরা পাব যে, কথাগুলি আমি এখানে উত্থাপন করতে চাই। শ্রী নন্দ যে বিবৃতি দিয়েছিলেন প্রথমবার তারও কিছু কথা এর মধ্যে এসে যাবে এবং তারপর পরবর্তীকালে আমাদের ধরপাকড়ের বিষয়ে ভারত রক্ষা আইনের যেসব কথা বলেছেন তারও দু-একটা কথা এর মধ্যে এসে যাবে। আমি প্রথমে বলতে চাই শ্রী নন্দ এবং ভারত সরকার আমাদের উপর যে আক্রমণ করেছেন এটা একটা বিরাট অসত্য এবং জঘন্য কুৎসার উপর প্রতিষ্ঠিত। এর মধ্যে কোথাও বিন্দুমাত্র কোন সত্য কথা নেই এবং যদিও আমি কংগ্রেস বিরোধী তবুও আমার ধারনা ছিল না যে এত মিথ্যা কথা এত অল্প পরিধির মধ্যে কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরা বলতে পারেন যেগুলি বিভিন্ন বিবৃতির মধ্যে আমাদের বিষয়ে তাঁরা বলেছেন এবং এমন কি আমাদের কতকগুলি দলিলপত্র ইত্যাদি থেকে তাঁরা যে উদ্ধৃতি দিয়েছেন তাও একটা জালিয়াতির আশ্রয় নিয়েছেন। জালিয়াতি আমি এজন্য বলছি সেখানে দু-লাইন বক্তৃতা দিয়ে পরবর্তী যে কথাগুলি আছে সেগুলি দেন নি অর্থাৎ দু-লাইন দিয়ে দাঁড়ি টেনে ছেড়ে দিয়েছেন। এটাকে আমরা জালিয়াতি ছাড়া আর কিছু বলতে পারি না। আমার মনে হয় প্রথমে কেন্দ্রীয় সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেন রাজনীতিগতভাবে তাঁদের নিজেদের কারণে, তার কারণ তাঁরা জানেন, যে কমিউনিষ্টপার্টিকে তাদের ধ্বংস করতে হবে, এই পার্টিকে আর কাজ করতে দেওয়া চলে না এবং যে সমান অধিকার সমস্ত রাজনৈতিক পার্টির থাকা দরকার সেই অধিকার থেকে তাঁরা করেছেন। এটাকে প্রমাণ করবারত কিছু নেই, পাবলিক থেকে যখন দাবী উঠেছে, এমন কি এই পার্টিকে বঞ্চিত করবেন। এই সিদ্ধান্ত নেবার পর তাঁরা পুলিসের সঙ্গে বসে আলোচনা করেছেন। এটাকে প্রমাণ করবার তো কিছু নেই, পাবলিক থেকে যখন দাবী উঠেছে, এমন কি ক্লেম উঠেছে, আমাদের বিরোধী বড় লোকের অনেক সংবাদপত্র আছে তাঁরাও অনেক জিনিষ অবিশ্বাস্য বলে মন্তব্য করেছেন, তখন তাঁরা মনে করলেন কিছু মাল মসলা তৈরী করা দরকার লোকের কাছে পেশ করার জন্য। এভিডেন্স ক্রিয়েট করা যাকে বলে তাঁরা সেই ব্যবস্থা করলেন এই পুলিসের সংগে বসে, গুপ্তচরদের সাথে বসে, সমস্ত প্রদেশের মুখ্যমন্ত্রীদের সংগে বসে। আমি এটা প্রথমে বলে নিতে চাই যে আমাদের বিরুদ্ধে এই যে সমস্ত নানা রকম তথ্য ইত্যাদি দেবার চেষ্টা করছেন, সেগুলি অবশ্য আমি পরে বলব, এই তথ্যগুলি কোথা থেকে যোগাড় করেছেন, উইটনেস কারা, না, একটা হচ্ছে আমাদের বিরোধী যে পার্টি যে পার্টির সঙ্গে আমাদের ভাগ হয়ে গেছে সেই ডাংগে পার্টির বক্তৃতা দলিলপত্র থেকে উদ্ধৃতি দেওয়া হয়েছে যে আমরা যেন অপরাধী। এই একটা দেখলাম। আর পুলিসের গুপ্ত খবর কি আছে না আছে জানি না তার থেকে তাঁরা দিয়েছেন। আমি এই বিষয়ে নন্দকে যখন এই অভিযোগের উত্তর দিই তখন তাঁকে যে কথাগুলি লিখেছিলাম সেই কথাগুলি এখানে পড়ে দিতে চাই—

The Intelligence Branch of the Government of India may feel elected that it can cite such witnesses

সাচ উইটনেস, সাচ উইটনেস মানে শ্রী ডাংগে এবং তাঁর বন্ধু-বান্ধব যাঁরা আছেন এই পার্টিতে,

But such witnesses and such documents will certainly be considered unworthy and perverse to the ordinary man.

এই কথা আমি শ্রীনন্দকে বলেছিলাম। আমি এখনও তাই মনে করি এই সবের কোন মূল্য নেই যে সাক্ষ্য, প্রমাণ, দলিল তাঁরা এনেছেন। কারণ, যে পার্টির সংগে আমাদের এত বিরোধ

মূলগত পার্থক্য, যা নিয়ে দুভাগ হয়ে গেল, তাঁরা কি বলছেন না বলছেন তার কোন মূল্য আমাদের কাছে নেই। আমি এই বিষয়ে আর কিছু বলতে চাই না। এইজন্য এইগুলি তিনি দিচ্ছেন; কারণ, সত্যিকারে প্রমাণ তো কিছু নেই।

এখনো ওঁরা এসারসান করে দিচ্ছেন ডাঙ্গেপার্টির, ডাঙ্গে পার্টি, তাঁরা এও বলছে—ডাঙ্গে যখন বলছেন, তখন এটা সত্য হতে বাধ্য। এই তো প্রমাণ? এটা কোন কোর্টে এক সেকেন্ডও টিকবে না। যা-হোক এইসব কারণে শ্রী এন সি চ্যাটার্জী লোকসভা সদস্য এবং তিনি আইনজ্ঞ ব্যক্তি, তিনি পার্লামেন্টে এবং আমাদের ময়দানে যে সভা হয় বন্দীমুক্তি ব্যাপারে, সেখানে একথা তিনি বলেছিলেন, ঠিকই সিদ্ধান্তে পেঁাছেছিলেন

It is a political judgement of a political leader against his political opponents.

শ্রী নন্দজীকে তিনি একথা বলেছিলেন, যে জিনিস প্রমাণ হয় না, যা আদালতে টিকবে না যা পালিটিক্যাল জাজমেন্ট তোমরা দিয়েছে। কিন্তু এই যে ঘটনা হয়েছে এর ভেতর নূতনত্ব বিশেষ কিছু নাই। তবুও মারাত্মক আক্রমণ আমাদের উপর হচ্ছে। এতে নূতনত্ব কিছু নাই। কারণ আমরা দেখেছি ব্রিটিশ আমলে এইরকম ভুরি ভুরি মিথ্যা কথা বলে নানারকম মিথ্যা ষড়যন্ত্র করে তাঁরা মামলা এনেছেন, আমাদের কোর্টে নিয়ে গেছেন, আবার মামলা আনেন নাই, না এনে বিনা বিচারে বিশেষ আইনবলে গ্রেপ্তার করে রেখেছেন এবং বিশেষ কিছু প্রমাণ করবার প্রয়োজন হয় নাই। আমার মনে আছে ১৯৪২ সালের টটেনহাম রিপোর্ট গান্ধীজীর বিরুদ্ধে—ইন্ডিয়ান ন্যাশানাল কংগ্রেসের বিরুদ্ধে সম্প্রতিকালে পড়ছিলাম। সেখানে কৌতুহলী হয়ে পড়ে দেখলাম, আপনি যদি সময় পান তাহলে পড়ে দেখবেন, টটেনহাম আই-সি-এস যেভাবে রিপোর্ট রচনা করেছিলেন, ঠিক সেইরকমভাবে রিপোর্ট আমাদের নন্দজী করেছেন। গান্ধীজী সেই রিপোর্টের উত্তর জেলে বসে দিয়েছিলেন। টটেনহামকে তিনি লিখেছিলেন—"যদি তোমার সৎসাহস থাকে তো, আমরা যেজন্য দায়ী নই, তোমরা লোককে উত্তেজিত করেছ, তোমরা আমাদের গ্রেপ্তার করেছ, তোমরা সমস্ত মানুষকে প্ররোচিত করেছ। উনি কংগ্রেস প্রস্তাব থেকে সমস্ত কিছু উল্লেখ করেছেন দেখে মনে হচ্ছিল একই ব্যাপার। গান্ধীজী এই ব্যাপার করে গেলেন। আর তাঁর উত্তরাধিকারী যাঁরা তাঁরাও একই ব্যাপার করছেন। শুধু টটেনহাম থেকে তারা শেখেনি, ব্রিটিশ সাম্রাজ্যবাদের কাছ থেকে শেখেনি, তারা হিটলার, গোয়েবল্‌স্‌ থেকে আসল শিক্ষা লাভ করেছে—যে বছরের পর বছর ধরে বার বার বড় বড় মিথ্যা কথা বলতে হবে, এটা হলো হিটলার-গোয়েবল্‌স্‌-এর রিপিট নীতি থিওরি অফ বীগ লাই এন্ড দি রিপিটিশান অফ দ্যাট বিগ লাই। হিটলার ও গোয়েবল্‌স্‌ বলতেন মানুষ এত মূর্খ, এমন সিম্পল যে বার বার করে বিশেষ বড় করে যদি মিথ্যা কথা বলা যায়, তাহলে তারা খানিকটা বিশ্বাস করবে। কাজেই তাদের কাছ থেকে শিক্ষা লাভ করে এই রিপোর্ট তৈরী হয়েছে।

মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন রাইকস্টার্গ-এ পার্লিয়ামেন্ট অফ জার্মনী যখন এইভাবে কমিউনিস্ট পার্টি মস্ত বড় হয়ে উঠছিল, ঠিক সেই সময় তাদের উপর আক্রমণ হলো। রাইখস্ট্যাগে আগুন লাগিয়ে দেওয়া হলো। রাতারাতি সংবাদপত্রে রটিয়ে দেওয়া হলো কমিউনিস্টরা বুর্জোয়া পার্লামেন্টে বিশ্বাস করে না। কাজেই কমিউনিস্টরা আগুন লাগিয়েছে। তার পরে কমিউনিস্টদের উপর নিরবচ্ছিন্ন আক্রমণ সুরু হলো, অত্যাচার সুরু হলো। কিন্ত বিনা বিচারে গ্রেপ্তার সুরু হয় নাই। বিচার তারা করেছিল। তার নাম হলো রাইকস্ট্যাগ ফাইনাল ট্রায়াল কিন্তু তা আইনে টেকে নি। গোয়েবল্‌স্‌ প্রভৃতি সাক্ষি দিতে এসেছিল। সেই মামলা আন্তর্জাতিক কোর্টে গিয়েছে। সেই মামলা শেষ পর্যন্ত টেকে নি। তাই আমরা দেখলাম তার পুনরাবৃত্তি হচ্ছে, একই জিনিস। এত বড় করে মিথ্যাকথা তারা বার বার করে বলছে যে, কমিউনিস্টরা এখন ষড়যন্ত্রে লিপ্ত, শত্রুর সঙ্গে হাত মিলিয়েছে। বার বার করে মিথ্যা কথা বলে হিটলার সেই সময় যে ট্রায়ালের ব্যবস্থা করেছিল, সেইরকম বিচার করবার মত সৎসাহস, ক্ষমতা এই কংগ্রেস সরকারের নাই। এটা আমরা দেখছি। কারণ, সরকার জানেন যে কি করে বিচার করবেন, তাঁরা জানেন যে কি করেছেন, তাঁরা জানেন এমন মিথ্যা ২-৪ মিনিটের বেশী টিকবে না। কোর্টে যান, যে কোন থার্ড ক্লাস ম্যাজিস্ট্রেট বা জর্জের ঘরে যদি মামলা যায় তাহলে মামলা টিকবে না, তাঁরা ওটাকে ছিঁড়ে টুকরো টুকরো করে ওয়েস্ট পেপার বক্স-এ ফেলে

[3-50—4 p.m.]

দেবেন। সেই জন্য তাঁরা আর বিচারের মধ্যে যাচ্ছেন না এবং এই কারণে আমরা দেখছি যে সাধারণ মানুষ এমন কি আমাদের বিরোধী যারা আছেন তারা এই সমস্ত কথাবার্তা সরকারের সৌভাগ্যবশত বিশ্বাস করেন, এটা আমরা দেখতে পাচ্ছি এবং বিশ্বাস যে করেন না তার আমি দুটো উদাহরণ দিচ্ছি আপনার কাছে। একটা হচ্ছে স্টেটসম্যান-এর এডিটোরিয়াল এবং তাতে বলেছেন

As another instance, a large part of Mr. Nanda's case is that the Left Communists had been instructed by the Chinese in a secret document to begin Telangana type of civil war. Apparently this document was so secret that it was accompanied by instructions for very few copies to be circulated, and the message mainly to be spread by word of mouth; but, unless Mr. Nanda's knowledge derived purely from hearsay, his agents must surely have had access to one of these copies. Why then was the text not printed in his statement laid on the table of Parliament on February 18?

এই মার্চ মাসের ১৪ তারিখে তাঁরা এ সম্পর্কে লিখেছিলেন। কারণ, শ্রীনন্দা আমাদের বিরুদ্ধে একটা অভিযোগ করেছিলেন যে, এইরকম একটা দলিল চীন থেকে এসেছে। তাঁরা বলেছেন, সেই দলিল ছেপে দিলেই হত। কিন্তু সে দলিল কোথায় আছে আমরা জানি না। আর একটা আমি পড়ে শোনাচ্ছি ইকনমিক উইকলি, এটা বম্বে থেকে পাবলিসড হয়। এটা হচ্ছে একচেটিয়া পুঁজিপতিদের মুখপাত্র। কেরালা ইলেকশানের পর তাঁরা লিখছেন

The arrest of the Left Communist leaders and the statements of the Prime Minister and the Home Minister were fully exploited by the other Opposition parties ideologically and politically antagonistic to the Left Communists—not least by the Right Communists. It was against this near comprehensive, highly powerful and politically very active imposition, that the Right Communists contested the election with 74 candidates 39 of whom were in jail and so were prevented from participating in the campaign. In the context in which the election was fought the implications of victory of so many Left Communists are obvious. Before the election the Home Minister had often expressed the confident hope that the people of Kerala would reject the Left Communists and thus vindicate the Government punnitive action against them. It is hardly necessary to await the result from the remaining 25 or so constituencies to state categorically that such vindication has not been coming. Will the Home Minister accept this or will he exploit the immunity granted by the emergency and the Defence of India Rules to ignore public opinion so unequivocally expressed?

এটা মার্চ মাসের ৬ তারিখে, সবগুলির রেজাল্ট বলিনি তখন এই কথা ও'রা লিখেছিলেন। এখন এটা আপনি জানেন কিনা জানি না, আমি পড়ে দিচ্ছি। সেটা হচ্ছে শ্রী এন সি চ্যাটার্জির কথা। শেতলবাদ সাম্প্রতিক কয়েকদিন আগে একটা বক্তৃতা দিল্লীতে দিয়েছিলেন। সেখানে তিনি বলেছেন, অন্য কথার মধ্যে

The detention of a large number of Communists throughout the country has also evoked criticism which is not without force. The reasons which have been put forward by the Government in a statement published by it have not satisfied public opinion, it being felt that these reasons if they had substance would have justified detention orders long before they were made and that the making of these detention orders at this juncture was clearly aimed at the suppression of the Communists as a political party. The least that the Government can do in order to satisfy public opinion in this matter would be to submit the cases of these detenus to the scrutiny of an experienced and impartial Advisory Tribunal.

এই কথা তিনি সেখানে বলেছেন। এমন কি আরো একজনের কথা বলছি, এটা শুনলে স্পীকার মহাশয় আপনি আশ্চর্য হয়ে যাবেন। তিনি বলেছেন বামপন্থী কমিউনিস্টদের কার্যকলাপের তীব্র সমালোচনা করে যে বামপন্থীরা দেশদ্রোহী বহু অপরাধে অপরাধী। তাদের সম্বন্ধে এমন ব্যবস্থা অবলম্বন করতে হবে যাতে তারা দেশকে সম্মান করতে শেখে। তিনি বলেন বামপন্থীদের কেবল গ্রেপ্তার করে রাখা প্রহসন, তার কোন আস্থা নেই, তাদের আদালতে হাজির করে জনসাধারণের কাছে তাদের অপরাধ তুলে ধরা দরকার। উনিই হচ্ছেন শ্রীঅতুল্য ঘোষ। কোচবিহারের বক্তৃতায় তিনি বলেছেন যে এটা প্রহসন বিনা বিচারে এইভাবে আটক করে রাখা এবং এদের আদালতে আনার দরকার। আমাদের দেশদ্রোহী মনে করেন সেটা আমাদের পক্ষে ভালই। কেন না, আমরা যারা বিরোধী তাদের যদি দেশদ্রোহী মনে করেন, সেটা আমাদের সার্টিফিকেট মনে করি। কিন্তু অতুল্যবাবুর কাছে আমি কৃতজ্ঞ যে অন্ততঃ পক্ষে তাঁর এই কথা বলার সৎসাহস হয়েছে। কেন এদের বিনা বিচারে ধরে রাখা হবে? এরা যদি সত্যই দেশদ্রোহী, প্রমাণ যখন আছে তখন আদালতে নিয়ে গিয়ে প্রমাণ করে দিন। কিন্তু অতুল্যবাবুর এই কথা কি কেউ শুনবেন? কারণ, যদি তাই হয় তাহলে একজন লোকের সম্বন্ধে চার্জ আছে, তার মধ্যে আমি খানিকটা যাব। যাহোক এসবের ফলে কি দাঁড়িয়েছে? দাঁড়িয়েছে এই যে এটা শুধু আমাদের বা কতিপয় কমুউনিষ্ট এর উপর আক্রমণ হচ্ছে বা একটা বামপন্থীদলের উপর আক্রমণ হচ্ছে তা নয় এ আক্রমণ হচ্ছে সামগ্রিকভাবে গণতন্ত্রের উপর। আইনের যে শাসন তার বিরুদ্ধে এই আক্রমণ হচ্ছে, আমাদের যা কিছু সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে ঐতিহ্য ছিল, যা কিছু আমাদের সভ্য সমাজে হচ্ছে তার বিরুদ্ধে এই আক্রমণ এবং আপনি এটা জানেন ভারত রক্ষা আইন যদি চলে, বা চালাবার জন পার্মানেন্ট ব্যবস্থা করবার জন্য চিন্তা করেছেন এবং ভারত রক্ষা আইন যদি এই ভাবে থাকে, তাহলে একটা পরিবর্তন মূলক আটক আইন যেটা পি, ডি, এ্যাক্ট বিনা বিচারে আটক করে রাখা যায়, এটা হওয়ার ফলে কোর্টে আদালতে আর কোন জুরিসডিক্সান নেই। সেইজন্য আমাদের যখন বিচার হয় ১৯৬২-৬৩ সালে, তখন সুপ্রিম কোর্টের জজেরা আক্ষেপ করে বলেছিলেন যে আমরা কি করব এটা সম্পূর্ণ বেআইনী ইন একর্ডেন্স উইথ দি প্রভিসান্স অফ দি কনষ্টিটিউসান এই কথা তাঁরা বলেছেন। আর্টিকেল ১৪, ২১, ২২ সমস্ত বিধান বিরোধী। কিন্তু আমাদের তো কোন করনীয় নেই, আমাদের হাত পা বেঁধে দেওয়া হয়েছে, আমাদের জুরিসডিক্সান কেড়ে নেওয়া হয়েছে। সেই জন্য আমাদের কাউন্সিলেরা জিজ্ঞাসা করেন, তাহলে আমরা কি করি। এমন বেআইনী অথচ আমরা কিছু করতে পারছি না, সংবিধান বিরোধী আমরা কিছু করতে পারছি না। জজেরা সচরাচর যা বলেন না, তাই তাঁরা বলেন যে আপনাদের একমাত্র উপায় হচ্ছে জনমত গঠন করা, পাবলিক ওপিনিয়ন গঠন করা ছাড়া আপনাদের আর কোন উপায় নেই। যবে ইমার্জেন্সি উঠে যাবে, ভারত রক্ষা আইন যখন উঠে যাবে তখন যদি আপনারা ড্যামেজ স্যুইট করেন হয়ত লক্ষ লক্ষ টাকা ড্যামেজ পেতে পারেন। কেবল বেআইনী একটা কাজ সরকার করেছেন। যদি না ইতিমধ্যে সংবিধানকে বদলে দেন এ ধারাটা এই জিনিস হচ্ছে এটা আমাদের আজকে বুঝতে হবে। এটা অনেকে হয়ত প্রথমে মনে করেছিলেন যে আজকে কিছু জিনিসের উপর দিয়ে যাচ্ছে যারা সরকারের পক্ষে তথা তাদের সত্যিকার বিরোধী মনে করেন। তারা মনে করেন শক্তিশালী আজ না হন কাল হবে না এখন যারা তাদের উপর তো আক্রমণ হবে। প্রথমেতে হয় আমাদের উপর দিয়ে যায়, কিন্তু শেষ হয় সমস্ত গনতান্ত্রিক মানুষের অধিকার হরণ করে। পাকিস্থানেও ঠিক তাই হয়েছিল। সব জায়গায় প্রথমে কম্যুনিষ্ট পার্টির উপর বেআইনী করা হয়েছিল। আজকে এখানে কি আইন সঙ্গত আর কি বেআইনী আমরা জানি না। কাজেই এই অবস্থার মধ্যে আমরা এখানে আছি এবং এটাও আপনি বুঝবেন স্পীকার মহাশয়, এই যে এখানে হচ্ছে গণতন্ত্রের উপর আক্রমণ, এটা একটা অ্যাফ্রন্ট টু এভরি পার্লামেন্টারী ইনস্টিটিউসানে এটা আমরা দেখতে পাচ্ছি। ধরুন আমাদের অধিবেশন দিনের পর দিন হয়ে যাচ্ছে, কিন্তু আমাদের ১৮।১৯ জন এম, এল, সি, এখানকার সদস্য, তাঁরা অংশ গ্রহণ করতে পারছেন না। তাহলে লক্ষ লক্ষ মানুষের প্রতিনিধি হয়ে তারা তাদের হয়ে কিছু করতে পারছেন না, তাঁরা একটি কথা বলতে পারছেন না সেই সব এলাকার জন্য এবং কি অপরাধ তারা জানে না অথচ আটক হয়ে আছে। তাহলে এর অর্থ কি প্রসহনে পরিণত হয়ে গেছে? পার্লামেন্টারী ইনস্টিটিউসনে স্বাধীন নির্বাচন নেই? নির্বাচন করতে গেলে জেল থেকে নির্বাচন করতে হয়। অধিকার

নেই একটা পার্টির এবং তাদের সদস্যদের বা যারা ক্যানডিডেট দাঁড়াবেন তাদের, যারা নির্বাচক মণ্ডলী তাদের কথা বলছেন—এটা ধাপে ধাপে যায় এবং এইভাবে গণতন্ত্র খতম হয়ে যায়।

[4—4-10 p.m.]

এটা ধাপে ধাপে হয়ে যায় এই ভাবে গণতন্ত্র শেষ হয়ে যায়। এটা সৌজন্য বশতঃ সাধারণ মানুষ যাদের মধ্যে গণতন্ত্র কিছুমাত্র আছে তারা এই জিনিসটা ক্রমশঃ বুঝতে পারছেন। যাই হোক, এখন এই অল্প সময়ের মধ্যে আমাদের বিরুদ্ধে যে সমস্ত চার্জেস তথা কথিত আভাস দেওয়া হয়েছে সে গুলির বিষয়ে আমি বলব। কিন্তু বলবার আগে আমি সংসদে এ সম্বন্ধে যে অভিযোগ এসেছে ও সেগুলি রেডিও মারফত স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন সে সম্বন্ধে বলবো। এগুলি আমরা পেতামনা এবং আগের বারও আমরা পাইনি। আমরা এগুলি পেয়েছি কেননা পরবর্ত্তী কালে অনেক সংবাদপত্রে এর বিরুদ্ধে মন্তব্য করেছেন ও এদের বিরুদ্ধে বলেছেন যে কিছু বলুন একটু লাইট দিন—মোর লাইট, সংবাদপত্রগুলি বলেছেন যে আমরা কিছু বুঝতে পারছিনা। তারা এই কথা বলেছেন যে আমরা জানি কম্যুনিষ্টরা অত্যন্ত খারাপ লোক তারা যে কোন খারাপ কাজ করতে পারে কিন্তু তবু উপযুক্ত প্রমাণ তো দিতে হবে কারণ এটাই হচ্ছে গণতন্ত্র। অবশ্য এসবের সেজন্যই আমরা কিছু পেয়েছি। কথা ছিল হোয়াইট পেপার দেওয়ার হোয়াইট পেপার মানে আমি যতটা খোঁজ নিয়ে দেখলাম শ্বেতপত্র মানে হচ্ছে—আর একটু প্রমাণ দেওয়া—একটু তথ্য প্রমাণ সমস্ত দিতে হয়। একটা অভিযোগ দিয়ে দিলেই সেটা হোয়াইট পেপার হয় না। এটাই মানে হচ্ছে হোয়াইট পেপার-এর যাতে মানুষ কনভিন্স হয়। শ্রীশেতলাবাদের সঙ্গে আমি যখন দিল্লীতে দেখা করলাম কেরালা ইলেকসান-এর কিছু আগে, তিনি আমাকে বলেছিলেন হোয়াইট পেপার ওরা কি বার করবেন। প্রেসিডেন্ট রাধাকৃষ্ণকে বললে তিনি বলেছিলেন আমি জানি না কি ব্যাপার ওরা তো বলেছেন হোয়াইট পেপার বার করবেন স্বরাষ্ট্র মন্ত্রী তো বলেছেন। যাহাই হোক হোয়াইট পেপার বার হয়নি। কিন্তু একটা বিবৃতি তিনি রেডিওতে দিয়েছিলেন এবং তার থেকে একটা বড় বিবৃতি দিয়েছেন একটু বিশ্লেষণ করে সেটাই হচ্ছে এই, কিন্তু এটাতে ভিত্তি করে কোর্টে যাবার অধিকার আমার নেই। আমাদের নির্বাচকমণ্ডলী নির্বাচিত করে দিয়েছেন তাও ছাড়া হচ্ছে না। একমাত্র শেষ আদালত মানুষের কাছে সেখানে হাজির হচ্ছি তারা আমাদের নির্বাচিত করে দিয়েছেন তবুও আমাদের ছাড়া হচ্ছে না। এই অবস্থার মধ্যে দেখতে হবে কি ভিত্তিতে এত বড় ঘটনা ভারতবর্ষে হয়ে গেল যাতে একে একে আলো নিভে যাচ্ছে গণতন্ত্রের যেমন নাকি আজ অ্যাসেম্বলী অন্ধকার হয়ে গেল, এইভাবে অন্ধকার হতে যাচ্ছে। এখন দেখা দরকার কিসের উপর ভিত্তি করে এসবগুলি হচ্ছে। এ বিষয়ে ২-১টি কথা বলা দরকার। আমার বেশী সময় নেই। স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন —যেটা তিনি প্রথমে বলেছেন যে, আমরা হিংসায় বিশ্বাস করি ও গেরিলা যুদ্ধে বিশ্বাস করি এবং তার জন্য আমরা প্রস্তুতি করছিলাম। আর তিনি বলেছেন যে কমিউনিস্টদের কনটেম্পট আছে ডেমোক্রেসিতে—কনটেম্পট ফর পার্লিয়ামেন্টারী ডেমোক্রেসী এদের আছে। এই কথাটাই হচ্ছে আমাদের বিরুদ্ধে মস্ত বড় অভিযোগ। আর এঁরা কি প্রমাণ দিয়েছেন? কতকগুলি তথ্য প্রমাণ দিয়েছেন আমাদের কিছু দলিলপত্র থেকে এবং আমাদের কিছু কার্যকলাপ তথাকথিত আমাদের কিছু বক্তব্য ইত্যাদিগুলি তিনি পেশ করেছেন। তাঁর এই দলিল সম্বন্ধে আমি ২-১টা কথা বলতে চাই, দলিল থেকে বললেও তাকে মিথ্যা বলতে হবে, এ অভ্যাস তিনি করে নিয়েছেন? তিনি আবার সদাচার ছিলেন এখন ছেড়েছেন, বাঁচিয়ে গেছেন, এর পর কি হবে জানি না। তিনি বলেছেন যে, এটাও প্রমাণ হয়ে গেছে ওঁরা হিংসায় বিশ্বাস করেন ওঁদের একটা গঠনতন্ত্র ছিল একটা কনস্টিটিউশান সেই কনস্টিটিউশান-এর মুখবন্ধে বা প্রিএম্বলে ছিল যে ওরা শান্তিপূর্ণভাবে চেষ্টা করবেন সমাজতন্ত্রের জন্য এই কথাই সেখানে ছিল। সেটা সপ্তম কংগ্রেস যখন হল আমাদের পার্টির এই কলকাতা শহরে সেটা উঠে গেল। এখানেই হল ফুলস্টপ এই বলে বিবৃতি দিলেন তিনি রেডিয়োতে। আমি তাঁকে তখন লিখলাম আপনারা অফিসার বা আপনাকে কি এটা বলে নি? এ কথাটা আমি ভদ্রভাবেই লিখেছিলাম যে, আপনার অফিসাররা কি আপনাকে এটা বলে নি যে ওটা ওখান থেকে উঠিয়ে আনা হয়েছে কারণ ওটা কনস্টিটিউশান-এর ব্যাপার নয়। কনস্টিটিউশান-এ আমরা বিশেষ কারণে ওটা রেখেছিলাম এবং কমিউনিস্ট পার্টি এটা এভাবে রাখেন না, কারণ কি পদ্ধতিতে আমরা যাব সেটা কনস্টিটিউশান-এ রাখা হয় না।

আমাদের প্রোগ্রাম বা কর্মসূচী ছিল না বলে পরে যে নূতন প্রোগ্রাম বা কর্মসূচী নিয়েছি তখন সেটা ওখান থেকে এনে ওটাকে ঢুকিয়ে দিয়েছি। আমি এও তাকে বলেছিলাম যে, আপনি এটা দেখবেন, এবং সে ধারাটা হচ্ছে ১১৩নং ধারা যেখানে সমাজবাদে যেতে হলে সমস্ত বিশ্লেষণ করে কোন পথে যাব এই কথাই বলেছিলাম, আমরা স্ট্রাইক করবো, আমরা চেষ্টা করবো যে, শান্তিপূর্বভাবে সে পথে যাতে আমরা যেতে পারি, এটা আমি তাকে লিখেছিলাম। কিন্তু চুরি ধরা পড়ে গেল। পরে যখন তিনি বিবৃতি দিলেন পার্লিয়ামেন্ট-এ দ্বিতীয় বিবৃতি যেটা নিয়ে আলোচনা করছি, সেখানে তিনি বললেন যে হ্যাঁ, এটা ঠিক যে এটা এখান থেকে তুলে দিয়ে ওখানে লাগান হয়েছে কিন্তু তিনি বললেন ওখানে একটা শব্দ আছে ১১৩নং ধারায় যে, এটা হচ্ছে কমিউনিস্ট পার্টি মাস্ট বি প্রিপেয়ার্ড ফর ইভেনচুয়েলিটিজ যেটা লেখা আছে বলছি শাসকগোষ্ঠী স্বেচ্ছায় ক্ষমতা ছেড়ে চলে যায় কাজেই টুইস্ট অ্যান্ড টার্ন অফ দি সিচুয়েশান কমিউনিস্ট মাস্ট বি প্রিপেয়ার্ড ফর অল ইভেনচুয়ালিটিজ। এটা ধরে বললেন যে এটার প্রমাণ হয়ে গেল যে, আপনারা হিংসামূলক কাজে যেতে চান। আমি প্রধানমন্ত্রী যখন এখানে আসেন শ্রীলালবাহাদুর শাস্ত্রী তার সঙ্গেও দেখা করি। আর সেদিনও আমি ওনাদের সঙ্গে দেখা করেছিলাম সেখানে আমাদের মুখ্যমন্ত্রীও ছিলেন, আমি তাঁকে চাপ দিয়ে কাগজপত্র দিয়ে বলেছিলাম যে, ডাঙ্গে পার্টি বিভিন্ন জিনিস উদ্ধৃতি করে আমাদের বলেছেন কিন্তু ডাঙ্গে পার্টির যে প্রোগ্রাম যেটা তাঁরা বোম্বেতে নিয়েছেন তাঁদের ৭ম কংগ্রেস সেখানে তো একই ভাষা প্রিপেয়ার্ড ফর অল ইভেনচুয়েলিটিজ। ১০২নং ধারায় একথাগুলো তো আছে, আমি তাকে বললাম আপনি যখন এরোপ্লেনে যাবেন তখন এগুলি একটু পড়ে নেবেন যে কি দাঁড়ালো। আমরা বললে অপরাধ অল ইভানচুয়েলিটি আর ও'রা বললে অপরাধ নয়। এটা কি করে হতে পারে? এটা তো আইনের কথা এবং এটা আমি পরিষ্কারভাবে বলছি। এটার উত্তর অবশ্য আমি পাই নি। সেদিন যখন শ্রী নন্দকে আবার বলি যে এটার উত্তর দেন নি। আমি অবশ্য এও বলি দিল্লীতে গিয়ে আপনার সঙ্গে থিওরেটিক্যাল বিষয় নিয়ে আলোচনা করবো আর আমরা কি করেছি? আমরা করেছি, ফিডেল কোর্টস এবং গুয়েমালা—চে গুয়েমালা একটা বক্তৃতা এবং একটি বই তাঁরা ওদের দেশের জাতীয় মুক্তি আন্দোলনের ঐ কিউবার মুক্তি আন্দোলনের বই লিখেছেন, সে বইগুলি কলকাতার মার্কেটেও বিক্রি হচ্ছে—সবই কমিউনিস্টরা কেন পড়ছে? আমি জিজ্ঞাসা করেছিলাম আপনারা বইকে ব্যান করলেন না কেন? এই বই যদি অপরাধমূলক বই হয় এই পুস্তিকাগুলো ব্যান করলেন না কেন? কমিউনিস্টরা তো পড়বেন, আর একটা কমিউনিস্ট দেশ কিউবা তার বই পুস্তক পড়বে না? সব বইই পড়তে হবে। পড়া মানেই তার সঙ্গে একমত হওয়া নয়। কোথায় কিউবা কিভাবে বিপ্লব করেছিল আর আমার এত বড় ভারতবর্ষে একইভাবে বিপ্লব হবে এরূপ মূর্খ কমিউনিস্ট তো আমরা নই। কিন্তু পড়তে তো আমাদের হবেই। তা যাই হোক, এই হচ্ছে আর একটা অপরাধ যার জন্য বিনা বিচারে আমাদের আটক করে রাখা হয়েছে। আর কি অপরাধ আছে? আর হচ্ছে গোটা দশেক বেনামী ডকুমেন্টস তিনি তা থেকে নানারকম উদ্ধৃতি দিয়ে দিয়েছেন এবং সেগুলি হল ১৯৬২-৬৩ সালের যে সময় আমরা বিনা বিচারে আটক ছিলাম। সে সময় নাকি বাংলাদেশে এবং আরও ২-১টা জায়গায় এরূপ কতকগুলি গুপ্তভাবে ইস্তাহারপত্র বেরিয়েছিল যাতে নাম নেই কে পাবলিস করেছে ইত্যাদি এবং তার থেকে তুলে তুলে উদ্ধৃতি করে বলেছেন এরা চীনের পক্ষে, এরা হিংসাত্মক পথে যেতে চায়। আমি তার জবাবে নন্দকে লিখেছিলাম। আই ট্রিট উইথ কনটেম্পট কারণ এসব জিনিস আমি আমার দিকে নেব কেন কারণ এসব জিনিস তো আমার নয়, এসব আমরা পার্টি থেকে করি নি। এ আপনার পুলিশ গুপ্তচর লিখতে পারে, কোন পার্টির ইন্ডিভিজুয়াল মেম্বার লিখতে পারে, আমি এসব জানি না। আমার পার্টির সংবিধান নিশ্চয়ই আমরা মেনে চলি এবং ১৯৬২-৬৩ সালের দলিল তার পরেই তো জেল থেকে আমাদের ছেড়ে দিলেন—এ দলিল পাবার পর। তা হলে আবার গ্রেপ্তার হল কেন এবং যার জন্য আজকে বিবৃতি দিতে হচ্ছে। তার জবাব অবশ্য আমি পাই নি এবং আপনারা আশ্চর্য হয়ে যাবেন যে, এর মধ্যেও জোচ্চুরী আছে। শ্রী নন্দকে সেটা লেখা হয়েছে দেখবেন সেন বোডি' বলে একটা সাপ্তাহিক যা মাদ্রাজ থেকে বের হয় তা থেকে কতকগুলি উদ্ধৃতি দিয়েছেন গোটাতিনেক হলে এবং সেখানে খুব গরম কথা লেখা হয়েছে যে মাও সে-তুং-এর ছবি টাঙ্গাবো, অনেক ভাল কাজ করবো, বিপ্লব করা হবে ইত্যাদি সব কথা সেখানে লেখা আছে। এখন এই যে সেন বোডি সেটাও একটা খোলাখুলি কাগজ কোন গুপ্ত ব্যাপার নয়, এটা তামিলনাদ থেকে বের হয় একটা সাপ্তাহিক। এ কাগজ আমাদের কাগজ নয়

এটা স্বরাষ্ট্রমন্ত্রীও জানেন এবং আরো অনেকেই জানেন। এ ছাড়া আরও জানেন যে এই কাগজের বিরুদ্ধে কমরেড এ কে গোপালন এবং সি রামমূর্তি আমাদের পলিটব্যুরোর যারা সদস্য তাঁরা বিবৃতি দিয়েছেন যে এই কাগজের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই।

[4-10—4-20 p.m.]

তিনি আরও নিশ্চয় জানেন যে, এই কাগজের বিরুদ্ধে কমরেড এ কে গোপালন এবং সি রামানুজম পলিট ব্যুরোর এরা সদস্য—এরা অনেক মাস আগে বিবৃতি দিয়েছিলেন যে এই কাগজের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। পার্টির বিরুদ্ধে এর মধ্যে এই সমস্ত লেখাটেখা হচ্ছে বলে। অথচ জেনেশুনে তিনি সেঙ্গোডী থেকে উদ্ধৃতি দিয়ে বললেন দেখ বামপন্থীরা কেমন মারাত্মক কাজে লিপ্ত আছেন। তাহলে সেই কাগজকে প্রসিকিউট করলেন না কেন? কেন সেই সেঙ্গোডী থেকে তুলে দিয়েছেন। এতো একেবারে জালিয়াতি। যেমন দলিল জালিয়াতি করে যেমন লোকে পকেট মারে সেই পর্যায় জিনিসটা গিয়ে পড়ে। আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী গান্ধীজীর শিষ্য ছিলেন—তিনিই এই কাজ করেছেন। তারপর দেখলাম আমার বিষয় বোধ হয় তিন জায়গায় আছে সত্য মিথ্যা মিলিয়ে। যেমন এক জায়গায় তিনি বলছেন—তিনি আমার একটা উদ্ধৃতি দিয়েছেন যে সপ্তম পার্টি কংগ্রেসে আমি একটা বক্তৃতা দিয়েছিলাম লিখিত বক্তৃতা ইংরাজীতে তার থেকে তুলে দিয়েছেন—কিন্তু তাতে তো কিছু বলা যায় না আমার বিরুদ্ধে—আমি কিন্তু ইতিহাস বলেছি যে ১৯৪৫-৪৬ সালে কি হচ্ছিল। তার পর ব্রিটিশরা কি করে আমাদের ভাতৃঘাতি লড়ায়ের মধ্যে ফেলে দিল—হিন্দু মুসলমানের রক্তে দেশ কি করে ডুবে গেল ব্রিটিশের বিরুদ্ধে সংগ্রাম না হয়ে কি করে হিন্দু-মুসলমানের রক্তে ভাতৃঘাতি যুদ্ধে দেশ ভাগ হয়ে গেল- ইত্যাদি ইতিহাসের কথা আমি বলেছিলাম। এইসব বলে বলছেন তার পর জ্যোতিবাবু বলছেন আমাদের এখন নন-স্টেরিওটাইড মেথডস নিতে হবে—এটা ইনভার্টেড কমার মধ্যে ঢুকিয়েছেন। এটা কোথায় পেলেন আমি খুঁজে পেলাম না। এটা কি সপ্তম পার্টি কংগ্রেসের বক্তৃতা? নাকি দশ বছর আগেকার বক্তৃতা-- নাকি দশ বছর পরে যে বক্তৃতা দেবো তা কিছুই বুঝতে পারলাম না। অন্তত আমি এইরকম শব্দ কোন দিন ব্যবহার করি নি। আমি এটা ডিকসনারীতে দেখেছিলাম--নন-স্টেরিওটাইপড মানে তিনি করেছেন ভাওলেন্স স্ট্রাগল করতে হবে- অন্তত ইংরাজী ডিকসনারীতে এইসব লেখা নেই। হয়ত ওঁর ডিকসনারীতে লেখা আছে উনি বলতে পারেন। কিন্তু নন-স্টেরিওটাইপড মানে গতানুগতিক পথে গেলে হবে না--এটা উনি করেছেন। উনি নন-স্টেরিওটাইপড মানে ধরেছেন ভায়োলেন্ট রেভলিউশনের কথা জ্যোতিবাবু বলেছেন। এখানে মিথ্যা কথা বলেছেন। আর একটা উদ্ধৃতি দিয়েছেন আমাদের যখন জাতীয় পরিষদের মিটিং হোল ১৯৬২ সালে তখন বহু মতে একটা প্রস্তাব পাশ হয়ে গেল—দেশ রক্ষা ইত্যাদি ব্যাপার নিয়ে। তখন আমি সুন্দরায়া, সুরজিত এইরকম বলেছিলেন যে এরা তিনজন পদত্যাগ করলেন। এই কথা বলে পদত্যাগ করলেন যে তোমাদের এই যে রাজনৈতিক লাইন এই লাইনে আমরা একমত রাজী নয়, এই লাইনে আমরা কাজ করবো না—সেজন্য আমরা পদত্যাগ করলাম। দেখলাম লোকটার কোন কিছু আটকায় না এমন পর্যায়ে চলে গেছেন। উনি জানেন যে আমি ১৯৬২ সালের মিটিংয়ে উপস্থিত ছিলাম এবং সেই সব দলিলপত্র আছে—তিনি এতো দলিল পেয়েছেন আর এটা পান নি? তিনি দেখবেন আমি বলেছিলাম যে আমি মিটিং অ্যাডেন্ড করবো না

One can understand political differences within a party, but I cannot sit round the table with people who leak out distorted news to the newspapers. This

এইজন্য আমি বলেছিলাম যে, আমার পদত্যাগ পদ গ্রহণ করবেন আমি মিটিং-এ অ্যাটেন করবো না। আমার অন্যান্য বন্ধুরা আমি তাঁদের থেকে খবর নিয়েছি---তাঁরা একথা বলেন নি যে রাজনৈতিক একটা প্রস্তাব পাশ হয়েছে বলে আমরা পদত্যাগ করেছি। তাঁরা একথা বলেছেন যে, আমরা এই অবস্থায় জ্যোতি বসুর সঙ্গে একমত—আমরা এইভাবে কাজ করতে পারবো না ওটাকে ঘুরিয়ে তিনি এইভাবে করলেন। আর একটা জায়গায় আছে---আমি বলেছি যে, দেখ আমরা কিরকম চীনের ভক্ত এবং আমরা ভায়োলেন্সে বিশ্বাস করি। চীন অ্যাটম বোম যখন পেল তারপর আমি একটা প্রেস কনফারেন্স করেছিলাম এবং সেই উদ্ধৃতি তুলে দিয়ে তিনি বলেছেন যে এইরকম জ্যোতি বসু বলেছিলেন যে চীন যখন বলেছে উই স্যাল নট বি দি ফার্স্ট

টু ইউস অ্যাটম বম্বস। কাজেই সব হয়ে গেল। তিনি এটা চীনের পক্ষে কথা বলেছেন যে, আমাদের ভারতবর্ষের আর বিপদ নেই -এই কথা উনি বললেন -তার পরে একেবারে ফুলস্টপ দিয়ে দিলেন। আমি সেইজন্য সমস্ত উদ্ধৃতি তুলে দিয়েছি—আমি সময় অভাবে পড়ছি না। আমি তুলে দিয়ে ওঁকে লিখেছিলাম এটা আমার নিজের কিছু [illegible] বেরিয়েছে আমি লিখেছিলাম যে, পরের লাইনগুলি কেন দিলেন- কারণ পরের [illegible] লিখেছি যে অ্যাটম বোম যার হাতে থাক এটা ভয়ঙ্কর জিনিস। এবং [illegible] করার জন্য আমাদের আন্দোলন করতে হবে যাতে একটাও অ্যাটম বোম না থাকে পৃথিবীতে এই কথা বলে বলেছিলাম পরবর্তীকালে এবং এই কথা বলার জন্য যদি অপরাধ হয় তাহলে আমাদের প্রধানমন্ত্রীই তো অপরাধী। তিনি এই কথা বলেছিলেন তাঁর উদ্ধৃতি আমি তুলে দিয়েছি হিন্দুস্থান স্ট্যান্ডার্ডে বেরিয়েছিল- তাতে তিনি বলেছিলেন যে, চীনেরা মনে করে যে আমেরিকা তাদের প্রধানতম শত্রু এবং অ্যাটম বোমের ব্যাপারে আমেরিকাকে জব্দ করার জন্য আমাদের এই অ্যাটম বোম তৈরী করতে হবে- একথা আমার কথা নয়, এটা প্রধানমন্ত্রী কথা। তিনি অপরাধী নন বিনা বিচারে জেল খাটলেন না আমি খাটলাম। আর কি অপরাধ—এখানে তত্ত্বগত কথা ছেড়ে দিন—আর অপরাধ হচ্ছে কিছু নেতা—তারা পঞ্জাব হিমাচল প্রদেশ কুলুতে গিয়েছিলেন তিব্বতীদের সঙ্গে সংযোগ করে চীনের সঙ্গে সংযোগ করার জন্য এবং তাঁরা হচ্ছেন গনেশ ঘোষ, নিরঞ্জন সেন এবং বাইরের সুরজিতের নাম করেছেন এবং আমাদের সতীশ পাকড়াসী ছিলেন যিনি এম এল সি ছিলেন। তাঁদের নাম করেছেন যে তারা এইসমস্ত জিনিস করেছে। শ্রীনন্দ বলছেন

extraordinary interest in the distant border areas of the Punjab by the West Bengal and Madras leaders speaks for itself.

কি করে স্পীকস ফর ইটসেলফ এটা বুঝলাম না। আমি বলেছিলাম এবং এখনও বলছি যে, শ্রীনন্দ একজন পাঞ্জাবী—তিনি যদি মাদ্রাজে যেতে পারেন বা বাংলাদেশে আসতে পারেন তাহলে মাদ্রাজের লিডার কেন পাঞ্জাবে যেতে পারেন না আর বাংলার লিডার কেন পাঞ্জাবে যেতে পারেন না। এটা কবে ঠিক হোল যে কুলুভ্যালীতে আমরা বেড়াতে যেতে পারবো না। কবে ঠিক হলো যে হিমাচল প্রদেশে আমরা আমাদের পার্টি গঠন করতে পারব না। এই হচ্ছে অভিযোগ এবং এই অভিযোগে বিনা বিচারে ১০০০ লোককে গ্রেপ্তার করেছেন। আমি এটা আপনাদের বলে দিই যগীন্দ্র নগর বলে একটা জায়গা আছে পাঞ্জাবে—সেখানে আমাদের পলিট ব্যুরোর শ্রীরামানুজ তাঁর স্ত্রী অসুস্থা ছিলেন, তিনি তাঁর স্ত্রী ছেলেমেয়েদের নিয়ে ওখানে গিয়েছিলেন কিছুদিনের জন্য এবং ওঁরা ওটাকে অপরাধ মনে করেছেন।

যোগীন্দ্র নগরে উনি বলেছেন রামমূর্তি গিয়ে কেন মিটিং করলেন। যোগীন্দ্র নগর হচ্ছে ২০০-৩০০ মাইল বর্ডার থেকে। কংগ্রেস নেতাদের দুর্ভাগ্য যে ওখানকার যিনি এম এল এ তিনি হচ্ছেন আমাদের সদস্য—তিনি জেলে আছেন। এখন আমাদের এম এল এ আমাদের কনস্টিটিউয়েন্সিতে গিয়ে আমাদের পলিটব্যুরোর সদস্য মিটিং করতে পারবেন না - খালি একতরফা কংগ্রেসীরাই মিটিং করবেন? তাঁর স্ত্রী অসুস্থা ছিলেন বলেই তিনি তাঁকে রেখে এসেছিলেন আবার তাঁকে আনতে যান মাসখানেক পরে। এটা তো তাঁর জানা থাকার কথা যে তাঁর স্ত্রী সরকারী হাসপাতালে জায়গা পেয়েছিলেন—দিল্লীতে তাঁর চিকিৎসা হচ্ছিল—গুরুতরভাবে তিনি পীড়িত ছিলেন—যা হোক এই হচ্ছে আর একটা মিথ্যা কথা। তার পর নিরঞ্জন সেন আমাকে জেল থেকে চিঠি লিখেছেন আমি তো মহাশয় যাই নি—কোনদিন দেখলাম না কুলু ভ্যালী—তাঁর নামটাও ঢুকিয়ে দিয়েছেন, সেইজন্য তিনি বিনা বিচারে আটক আছেন। আর সতীশ পাকড়াসী আমাকে চিঠি লিখেছেন—এটা তো বুঝলাম না, অনেক কথাই বুঝলাম, যে এটা কোন্ অপরাধ! এক দিনের জন্য আমি গিয়েছিলাম—সেখানে সতীশ পাকড়াসী যিনি ৩০ বছর জেল খেটেছেন ব্রিটিশের বিরুদ্ধে লড়াই করে তাঁকে শ্রীনন্দার কাছে দেশপ্রেম শিখতে হবে? এইভাবে বলেছেন—আর যেখানে আমি উত্তর দিতে পারছি সেটা হচ্ছে যেমন প্রমোদ দাসগুপ্ত, নিরঞ্জন সেন, হরেকৃষ্ণ কোনার, অমুক কোন একটা মিটিংয়ের নাম নেই—কোথায় কোন তারিখ কিছুই নেই—তাঁরা নাকি বলেছেন যে, হিংসামূলক ব্যবস্থা অবলম্বন করা দরকার।

[4-20—4-30 p.m.]

ও'রা বলেছিলেন যে, হিংসামূলক ব্যবস্থা অবলম্বন করা দরকার। সে তো বলে দিলেই হল। যাই হোক, ওসবের তো উত্তর দেওয়া যাবে না, কেন না ওসব মিথ্যা কথা। হিমাচল প্রদেশ, কুলু, এইসমস্ত মিথ্যা কথা বলে সেখানে তাঁরা জিনিসগুলি সাজাচ্ছেন। তারপর আর কি বলেছেন, বলেছেন আমরা অপরাধী এজন্য যে আমরা চীন থেকে টাকা পাই। এতদিন শুনতাম ব্যাঙ্ক অব চায়না। সেদিন কাউন্সিলের যতীনবাবু ঐ যে একটা লিস্ট পড়ে দিয়েছিলেন কারা কারা ব্যাঙ্ক অফ চায়না থেকে ওভারড্রাফট করেছিলেন। তারপর থেকে কংগ্রেসের গলা থেকে আওয়াজ বেরুচ্ছে না। আমরা কমিউনিস্টরা দাবি করেছি এবং আজও করছি যে ব্যাঙ্ক অফ চায়নার সমস্ত রিটার্ন আপনারা জনসাধারণের কাছে পেশ করুন, আমরা দেখব জনসাধারণ দেখবে কারা কারা টাকা পেয়েছে। কে কত টাকা পেয়েছে, কে কোন ব্যবসা করেছে সমস্ত আমরা জানতে পারব। এখন আর সেটা না বলে নন্দজী বলছেন যে হংকং থেকে আমরা টাকা পাই। তাহলে আমি বলি কি করে নন্দজী গদিতে বসে আছেন? এতবড় অপরাধমূলক ঘটনা হচ্ছে, তিনি কি করে গদিতে বসে আছেন? তিনি তো স্বরাষ্ট্র মন্ত্রী, তিনি তো এগুলি বন্ধ করবেন, এটা তো তাঁর কাজ। তাঁর কাজ সদাচার করে বন্ধ করা নয়, দেশদ্রোহীতার কাজ। কোথায় এইসব বন্ধ করেছেন? এইরকম সব মিথ্যা কথা শ্রীনন্দ বলেছেন, যাই হোক, এ সবেরতো কোন প্রমাণ কিছু দরকার হয় না, ডাঃ লোহিয়া পার্লামেন্টে জিজ্ঞাসা করেছিলেন একজন কমিউনিস্টের নাম আপনি করবেন যিনি ওদের সঙ্গে যোগাযোগ রাখেন এবং যিনি টাকা পেয়েছেন? নীরব, একটা উত্তরও সেখানে নেই। এখন দেখি অভিযোগ হচ্ছে আমরা পার্টিকে ভাগ করেছি। এটাই বোধ হয় আসল কথা কিনা জানি না তবে আমরা যে পার্টি ভাগ করেছি এতে তাঁর মহা রাগ। তিনি এই অভিযোগের মধ্যে এক জায়গায় বলেছেন—

In spite of division this suction had struck deep roops.

অর্থাৎ এদের প্রভাব বেড়েছে। ও'রা ভেবেছিলেন আমাদের যদি জেলে ফেলে রাখতে পারেন, আর আমাদের পার্টির মধ্যে অন্তর্বিরোধ হচ্ছিল, তাহলে এইসবের ফলে বামপন্থী কমিউনিস্ট যারা আমাদের বলে আমরা দেশের মানুষের কাছে শেষ হয়ে যাব। ওরা প্রচার করেছেন যে আমরা দেশদ্রোহী, আমাদের মধ্যে অন্তর্পার্টি বিরোধ হয়েছে, ফলে প্রমাণ হয়ে যাবে যে, দেশের মানুষ আর আমাদের ভালবাসে না এবং তারা আমাদের সমর্থন করবে না, এটা ও'রা ভেবেছিলেন কিন্তু ও'রা দেখলেন সেটা তো হল না, বরং বিপরীত জিনিস হল—স্ট্রাক ডিপ রুটস। তাই বোধ করি আমাদের আবার আঘাত করতে হবে। আমাদের আর কি অপরাধ হচ্ছে

They wanted to capture the A.I.T.U.C. without splitting.

আমরা ডাঙ্গেকে সরিয়ে দিতে চাচ্ছি, আমরা এ আই টি ইউ সি-কে ক্যাপচার করতে চাই, সেটাকে ভাগ করতে চাচ্ছি। কত বড় অপরাধ দেখুন তো। সেইজন্যই বিনা বিচারে আটক করে রাখতে হবে। এইরকম চরম অপরাধে অপরাধী আমরা যে আমরা জনগণের আন্দোলন করবার জন্য শ্রমিক আন্দোলন করবার জন্য এ আই টি ইউ সি-কে ক্যাপচার করতে চাচ্ছি। যে ডাঙ্গেই রক্ষা করুক না, আবার নন্দর সাহায্য কি ডাঙ্গে চেয়েছেন? এ সাহায্যের কি দরকার ছিল আমি তো বুঝতে পারছি না। আরো এইরকম ভুরি ভুরি কথা আছে। আর একটা কথা হচ্ছে চীনের কথায় আদর্শে আমরা আমাদের পার্টিকে ভাগ করেছি। এখন এতবড় কুৎসা সরকারের কোন মার্কসিস্ট মেনে নিতে পারেন না। আমি শ্রী নন্দকে জবাবে বলেছিলাম যে, আমরা মার্কসিস্ট, আমরা সেই বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে চলি এবং আমাদের দেশে কি হবে না হবে সে সম্বন্ধে অন্য কোন বাইরের পার্টির কোন মাতব্বরি আমরা চাই না। চীন কি করলে সোভিয়েট পার্টি কি বললে, সেইসব তোমাদের কোন প্রয়োজন নেই। আর একটা কথা বলতে চাই, হয়ত প্রফুল্লবাবু আমাকে গ্রেপ্তার করে নিতে পারেন, তার জন্য যে আমরা একটা বিষয়ে একটু চীনা ভক্ত এবং সেটা হচ্ছে চীনা পার্টি থেকে যদি কিছু শেখবার থাকে সেই স্ট্যালিনের দিন থেকে আরম্ভ করে যখন চীনা পার্টি বিপ্লবের জন্য লড়াই করছিল ৩০ বছর ধরে সেই সময় আমরা দেখেছি বাইরে থেকে অনেক রকমের উপদেশ তাদের কাছে গেছে বন্ধুত্বপূর্ণভাবে, স্ট্যালিনের কাছ থেকে গেছে, অন্যদের কাছ থেকে গেছে, ওরা সেগুলি শ্রদ্ধা সম্মান দিয়ে দেখেছেন, পড়েছেন, আলোচনা করেছেন, কিন্তু যেগুলি কাজে লাগেনি বলে মনে করেছেন সেগুলি সরিয়ে রেখেছেন, যত্ন করে ফাইল করে রেখেছেন, কারণ পরবর্তী কালে ইতিহাস লিখতে গেলে ওগুলো কাজে

লাগবে, কিন্তু সেগুলিকে কার্যকরী করবার চেষ্টা করেন নি, নিজের যে মার্কসিজম, নিজের যে শিক্ষা, নিজের যে অভিজ্ঞতা, তার থেকে বিচার করে তাঁরা একটা সিদ্ধান্তে এসে পেঁাছেছেন।

আমরা এখন সেই কথাই তো বলছি যে, আমরা চীনের কথা নয় আমাদের পার্টির যে অন্তর্বিরোধ সে আজকে নয়, বহুদিন ধরে, সেটা এখন একটা চরম আকার ধারণ করেছে। কিন্তু আমরা এখানে পার্টির কথা শ্রীনন্দের সঙ্গে আলোচনা করতে চাই না, শ্রীনন্দের কাছে আমাদের পার্টির বিষয়বস্তু নিয়ে আলোচনার মধ্যেও যেতে চাই না। তিনি এখানে একটা অভিযোগ এনেছেন, আমি বলি কি শ্রীনন্দ কি ঠিক করে দেবেন যে আমরা ডাঙ্গের সঙ্গে থাকবো, না অন্য কারো সঙ্গে থাকবো? এটা শ্রীনন্দ কি আদেশ করবেন? তিনি কি ঠিক করে দেবেন—কি ধরনের পার্টি আমরা তৈরী করবো? তাহলে পার্টি করে লাভ কি? কমিউনিস্ট পার্টি করে লাভ কি? যদি ওঁদের স্বরাষ্ট্রমন্ত্রীর আজ্ঞাবহ হয়ে চলতে হয়, তাহলে এই কমিউনিস্ট পার্টি করে লাভ কি? তাহলে তো বিশ্বাসঘাতকতা করা হবে—সাধারণ মানুষের কাছে। সেইজন্য এটা শ্রীনন্দের কোন কথা নয়, তাঁকে বলছি—কিপ ইওর হ্যান্ডস অফ। আমরা কাকে নিয়ে থাকবো, কি করবো, কি ধরনের কি পার্টি করবো, কার সঙ্গে থাকবো—সেটা আমরা ঠিক করবো। আমি শ্রীনন্দকে বলেছিলাম, তাঁকে মনে করিয়ে দিয়েছিলাম আপনি তো আমাদের একটু সাহায্য করেছিলেন, যখন ঐ মহাযোজখানা থেকে ডাঙ্গের যে চিঠি, যার কথা অনেক বেরিয়েছে আপনি জানেন, সেই চিঠি আপনি আপনার দপ্তরে নিয়ে গেলেন কেন মহাযোজখানা থেকে? সেই চিঠি কি আপনি আমাদের দেখতে দেবেন না? আপনি অনুমতি দিয়েছেন—আপনি যে কয়জন ইচ্ছা নিয়ে এসে দেখে যেতে পারেন বলে! এখন সে সম্বন্ধে আপনাদের বিচার, অন্য বন্ধুদের বিচার—কি হবে না হবে—আমি তার মধ্যে যেতে চাচ্ছি না। কিন্তু সেই চিঠি তিনি তো দেখাতে সাহায্য করলেন। হয়ত আমাদের যে রাজনৈতিক মতবিরোধ সে মতবিরোধ হচ্ছে কংগ্রেসকে নিয়ে। এটা শ্রীনন্দের দুর্ভাগ্য যে কংগ্রেসের প্রতি আমাদের এটিচুড কি! এ নিয়ে আমাদের সেখানে মুখ্যত একটু তফাৎ। কারণ আইডিওলজির ব্যাপারে, বিশ্ব কমিউনিস্ট আন্দোলনের যে তথাগত সমস্ত বিষয়বস্তু যা নিয়ে মতপার্থক্য দেখা দিয়েছে, দুর্ভাগ্যবশত আমার সময় হয়নি, আমাদের সপ্তম পার্টি কংগ্রেস তাই নিয়ে আলোচনা করে একটা সিদ্ধান্তে পেঁাছেছে যে, কতটা আমরা চীনের সঙ্গে একমত, সোভিয়েট পার্টির সঙ্গে একমত, কতটা অন্য কোন পার্টির সঙ্গে একমত। এটা আমাদের আলোচনা করবার বিষয়বস্তু ছিল। যেটা আমরা কেরালায় আলোচনা করবার জন্য কেন্দ্রীয় কমিটির মিটিং ডেকেছিলাম; ঠিক তার আগের দিন রাত্রে এই ধরপাকড় আরম্ভ হয়ে গেল! ঠিক সেই মুহূর্তে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার জানা আছে আইডিওলজির ব্যাপারে—বিশ্ব কমিউনিস্ট আন্দোলনে আমরা কোন পক্ষই অবলম্বন করি নাই। আমাদের কোন ব্যাপারে মিলতে পারে চীনের সঙ্গে, আবার কোন ব্যাপারে সোভিয়েটের সঙ্গে মিলতে পারে; কোন ব্যাপারে আবার কারো সঙ্গে মিলতেও না পারে। আমাদের আনুগত্য আমাদের দেশের মানুষের প্রতি, আমাদের দেশের প্রতি—মার্কসইজম আমাদের এই শিক্ষাই দেয়। যদিও আমরা ইন্টারন্যাশনাইলিজম-এ বিশ্বাস করি না, শ্রমিক শ্রেণীর আন্তর্জাতিকতায় আমরা বিশ্বাস করি না। সেটা কিন্তু আমাদের দেশকে ছেড়ে দিয়ে নয়, হাওয়ায় উঠে সেই আন্তর্জাতিকতা কেউ কোনদিন পায় না। সবচেয়ে বড় আন্তর্জাতিকতা হবে সেটা যদি আমি আমাদের দেশবাসীর সেবার জন্য সারাজীবন নিজেকে উৎসর্গ করতে পারি, আমার জীবনকে সেইভাবে নিয়োগ করতে পারি এবং আমাদের দেশের কর্মকাণ্ড গড়ে তুলতে পারি, তাহলে সবচেয়ে বড় আন্তর্জাতিকতা সেইখানে হয়, দুনিয়ার গরীব মানুষ, মেহনতি মানুষ, তাঁরা সেটাই চান যে দিকে দিকে মুক্তি আন্দোলন হয়, যাতে সমাজবাদে আমরা পেঁাছতে পারি সেই ব্যবস্থা হয়। কাজেই ঐ যে কুৎসা আমাদের বিরুদ্ধে, আমরা কারো আজ্ঞাবহ নয়, শ্রীনন্দেরও আজ্ঞাবহ নয়, চীন বা সোভিয়েট কোন পার্টির আমরা আজ্ঞাবহ নয় বা এদের বড় বড় পার্টি যাদের আছে, অভিজ্ঞতা যাদের আছে তাদের কাছ থেকে আমরা শেখবার চেষ্টা করতে পারি। কিন্তু সেটা আমাদের নিজের মত করে করবো। তারা যেটা বলবে সেইটা যে ঠিক হবে তা নয়।

তারপর আমি শেষ কথা বলতে চাই—সেটা হচ্ছে যে, এ বিষয় কোন সন্দেহ নাই—মাননীয় স্পীকার, যে আমরা কংগ্রেসের ঘোরতর বিরোধী। আমরা এই সিদ্ধান্তে পেঁাছেছি—যেমন ব্রিটিশ আমলে সাধারণ মানুষ পেঁাছেছিলেন—ব্রিটিশ সাম্রাজ্যবাদ সম্পর্কে, আমরা কংগ্রেস পার্টি

এবং কংগ্রেস সরকার সম্বন্ধেও ঠিক সেই সিদ্ধান্তে পৌঁছেছি যে এ'দের যদি গদীচ্যুত করা না যায়, এদের যদি হটিয়ে দেওয়া না যায়, তাহলে ভারতবর্ষের অগ্রগতি অসম্ভব। যেটা ১৮ বছর যাবৎ বেশ ১১৮ বছর যদি তাঁরা রাজত্ব করেন তাহলেও তাঁরা চরম দুর্দশার অবস্থার মধ্যে মানুষকে নিয়ে যাবেন- এই সিদ্ধান্তে আমরা পৌঁছেছি। আমার মনে হয় এই অধিকার আমাদের দেশের বলতে যে কংগ্রেস পক্ষের লোকেরাও এই সিদ্ধান্তে পৌঁছেছেন। সেটাই হল গণতন্ত্র। আমরা এই সিদ্ধান্তে পৌঁছেছি এই কারণে যে আমাদের জনসাধারণের মধ্যে গিয়ে এমন আন্দোলন, এমন সংগঠন গড়ে তুলতে হবে যাতে করে এই কাজ আমরা সম্পন্ন করতে পারবো অদূর ভবিষ্যতে এবং এটা আমরা মনে করি এই সরকারকে পাল্টে দিয়ে আমরা জন-গণতান্ত্রিক সরকার গঠন করতে পারবো।

[4-30—4-40 p.m.]

আমরা যেন গণতান্ত্রিক সরকার কায়েম করতে পারি, এটা অপরাধমূলক কথা এর জন্য জেল খাটতে হতে পারে, কারণ শ্রীনন্দ, বলেছেন এটা নাকি চীনাদের আবিষ্কৃত, চাইনিজ ইনস্‌ক্রিপশান অফ পিপলস ডেমোক্রেসি, কিন্তু এতো মূর্খের মত কথা বললেন, আমাদের কি করা যেতে পারে, কারণ রাষ্ট্রপতিকে বলেছিলাম তাঁর সঙ্গে যখন দেখা করি যে দেখুন কথাটা হাস্যকর নয় যে পিপলস ডেমোক্রেসি, চীনের বিপ্লব হবার অনেক আগেই হারজোয়েস ডেমোক্রেসি অনেক দেশে হয়ে গেছে, চীনের যখন বিপ্লব হল ও'রা পিপলস ডেমোক্রেসি বললেন না, ও'রা বললেন এবং এটুকুও স্বরাষ্ট্রমন্ত্রী জানলেন যে সেই ১৯৪৭ সালের আগে থেকে পিপলস ডেমোক্রেসির কথা বলে আসছে আমাদের বিভিন্ন রকম দলিলপত্র, যখন এক পার্টি ছিল, সেইসব দলিলপত্রে পাবেন, এই তো সেদিনকার কথা। আমরা সেই লক্ষ্যই রেখেছি, উনি বলেছেন সেটা অপরাধ, আমি বলি এই যদি অপরাধ হয় তাহলে আমরা অপরাধী, তার জন্য আমরা জেল খাটতে রাজী আছি। কারণ আমরা এদের এই যে গণতন্ত্র, বড়লোকের গণতন্ত্র, মুষ্টিমেয় ধনীকগোষ্ঠীর গণতন্ত্র, একচেটিয়া পুঁজিপতি ও ধনীকশ্রেণীর যে সরকার এবং গণতন্ত্র একে আমরা খতম করতে চাই। সেটাও আমাদের উদ্দেশ্য, এই না হলে কেন রাজনীতি করছি? কেন আমরা মানুষের মধ্যে কাজ করছি এবং এদের সেই বুর্জোয়া ডেমোক্রেসীর পরিবর্তে আমরা জন গণতান্ত্রিক রাষ্ট্র কায়েম করতে চাই এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কারণ এরা শুধু অভ্যন্তরে নয়, অভ্যন্তরের প্রতিক্রিয়াশীলদের কাছে এরা দেশকে বিক্রি করছে, শুধু তাই নয় মুষ্টিমেয় ধনীক লোককে আরও বড়লোক করছে, তা নয় এ'রা সাম্রাজ্যবাদীদের কাছে দেশকে বাঁধা দিচ্ছে। এই জন্য মার্কিন সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে কথা বলবার সাহস নেই। সে পাকিস্তানের থেকেই গোলাবারুদ আসুক বা ভিয়েৎনামেই হোক বা অন্যত্র কোথাও। কারণ ১০০ ভাগের মধ্যে ৪০ ভাগ গম ভারতবর্ষে আমেরিকা বা অস্ট্রেলিয়া থেকে আসে তা না হলে ভারতবর্ষের লোক খেতে পাবে না, ১৮ বছরের মধ্যে দেশকে এ'রা এইভাবে এগিয়ে নিয়ে এসেছেন, ভীখারিতে পরিণত করেছেন দেশকে সাম্রাজ্যবাদীদের হাতে, পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শুনেছিলাম ক্রমশ কমে আসবে, কিন্তু আমাদের নির্ভরশীলতা ক্রমশ সাম্রাজ্যবাদীদের কাছে বেড়ে চলেছে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা ধ্বসে পড়বে যেটুকু হচ্ছে। যদি আমরা ওদের সাহায্য না পাই। সেইজন্য একটা বিপদ, ভয়াবহ অবস্থার মধ্যে এ'রা নিয়ে গেছেন, এর থেকে দেশকে রক্ষা করতে চাই। এ'দের সরিয়ে তার জায়গায় জনগণতান্ত্রিক সরকার কায়েম করতে চাই। কিন্তু এও আমরা জানি যে, সেটা করতে হলে একটা হটকারী নীতি হলে চলবে না, এত বড় জিনিস করতে হলে মজুর, কৃষক, মধ্যবিত্ত, মেহনতী মানুষ সাধারণ যারা খেটে খায়, তাদের কাছে যেতে হবে ও সংগঠন করে তুলতে হবে, ধৈর্য ধরে দিনের পর দিন এই কাজ করতে হবে, তাদের সংগ্রামের সাথী হতে হবে, তাহলে তাদের অভিজ্ঞতায় তারা আমাদের এই সিদ্ধান্তে পৌঁছে দেবেন। আমাদের সিদ্ধান্ত বলে সমস্ত বেশীর ভাগ মানুষের সিদ্ধান্তে পৌঁছে গেছে এমন মনে করবার তো কোনও কারণ নেই? তাহলে তো আমাদের পথ কত সহজ হয়ে যেত, সেই পথ নেই, আমরা সাহায্য চাই আর একটা মূর্খ স্বরাষ্ট্রমন্ত্রী এরা বলছেন যে এরা গেরিলা যুদ্ধ করছে, তোমার কথায় আমরা গেরিলা যুদ্ধ করবো? তোমার কাছে আমাদের রাজনীতি শিক্ষা করতে হবে? মার্কসইজম আমাদের শিখতে হবে তোমার কাছে? আমাদের নেতা হয়ে গেছেন তিনি যে গেরিলা যুদ্ধে আমাদের লিপ্ত করে দেবেন— যাহোক, আমি সেইজন্য এটা বলছিলাম, আর সময় নেই যে আমাদের যে সাধারণ মানুষ সৌভাগ্য

বশত আমি আগেও এটা বলেছি, এখনও বলছি যে তারা এটা বুঝতে পেরেছে এবং বেশীর ভাগ মানুষ বিশেষ করে এইসমস্ত অভিযোগ, যার প্রমাণ কেরালায় পেয়েছেন। যার প্রমাণ আমেদাবাদে পেয়েছেন, যার প্রমাণ কলকাতা কর্পোরেশন-এ পেয়েছেন, যে জেনেশুনে, যে প্রতিনিধিরা দেশ থেকে ছাড়া পাবে না, তা সত্ত্বেও মানুষ তাদের ভালবাসা দিয়ে তাদের সমর্থন জানিযে যারা জেলে আছেন তাদের বেশীর ভাগকে তারা নির্বাচিত করেছে। একথাও বলেছিলাম নন্দাকে বলেছিলাম সেদিন রাজ্যপালের বাড়িতে যে আপনারা আমেদাবাদ যেখানে আপনি কাজ করতেন, সেখানে আমাদের জেল থেকে যারা নির্বাচিত হয়েছেন তাদের যদি নাও ছেড়ে দেন তবুও আপনাদের বিরুদ্ধে সেখানে বোর্ড গঠন হবে। তিনি বললেন হ্যাঁ, লোকের বুঝতে একটু সময় লাগবে। আমি সেই কথা বলে, লোকের বুঝতে যদি একটু বেশী সময় লাগে তাহলে তাদের গণতান্ত্রিক উপায়ে বোঝাতে হবে। বাহাদুরী করে নির্বাচন করছি, সেই পথে গেলে তো হবে না? এতে গণতন্ত্র শেষ হয়ে যাচ্ছে, এতে আয়ুবখানের পথে দেশকে নিয়ে যাচ্ছেন। মিলিটারী রাজত্বের দিকে নিয়ে যাচ্ছেন, প্রহসনে পরিণত করছেন, এই জন্য আজকে এমন কি অতুল্যবাবুর মত লোককেও বলতে হয় প্রহসন কমিউনিস্টদের জন্য ধরে রাখা, এই জন্য বিনা বিচারে আটক করা, এই জন্য বলতে হয় আর তো মুখ দেখানো যাচ্ছে না ২-৪টে বিচার করে দিন তারপর জেলে পুরে দিন। বিচার হবে না, হতে পারে না, সেই জন্য আমি বলবো যে সাধারণ মানুষ এটা কখনও বরদাস্ত করবে না, পাকিস্তানের পথে আমাদের দেশকে এরা নিয়ে যেতে পারবে না। স্বাধীন নির্বাচনে যেটুকু সীমাবদ্ধ অধিকার আমাদের ছিল সেগুলো পুনরুদ্ধার আমরা করবো, এই বলেই আমাদের প্রোগ্রাম-এ লেখা আছে। যে পার্লিয়ামেন্টারী ডেমোক্রেসীর উপর আক্রমণ আসবে, সেটা সাধারণ মানুষের থেকে নয়, শাসকগোষ্ঠীর থেকে, কংগ্রেস পার্টি থেকে আক্রমণ আসবে আজকে আমরা দেখছি যে, সেটা কত সত্য কলকাতার প্যার্টি, কংগ্রেস যে কথা আমরা বলেছিলাম যে, পার্লিয়ামেন্টারি ডেমোক্রেসী আক্রান্ত হবে এদের দ্বারা, আর রক্ষা করার ভার হচ্ছে আমাদের ওপর, সাধারণ মানুষকে তা বুঝতে হবে। সাধারণ মানুষের কাছে যেতে হবে এবং এই কথা আমরা দেখছি যে, আমাদের বিরোধী যারা ইন্ডিভিজুয়েল আছেন ডেমোক্র্যাট, তাঁরা রুখে দাঁড়াচ্ছেন, তাঁরা বলছেন ক্রমশ যে এই জিনিস হতে পারে না আজ নীতিগতভাবে কমিউনিস্টদের সঙ্গে লড়াই করেন বলে এদের দেশদ্রোহী সব বলার অধিকার আছে। আমি বলেছিলাম শ্রীনন্দাকে সেই কথা যে, আপনি আমাকে দেশদ্রোহী মনে করতে পারেন, আপনার পূর্ণ অধিকার আছে, কিন্তু আমারও অধিকার আছে, আপনাদের দেশদ্রোহী মনে করার, আমারও অধিকার আছে, সেই কথা মানুষের কাছে বলা, মানুষ বিচার করে নেবে, তারাই শেষ বিচারক, তারা বিচার করে নেবে। কিন্তু বিনা বিচারে কিভাবে আটকে রাখতে পারেন তাদের? তাহলে বলুন যে, গণতন্ত্র নেই? আমি খতম করে দিয়েছি, যাহোক সি বি আই রিপোর্ট-এ মিথ্যাচার ধরা পড়ে গেছে, সি বি আই রিপোর্ট-এ একেবারে মিথ্যা কথা ক্যাবিনেট সাব-কমিটি বলেছেন সমস্ত ফাঁস হয়ে গেছে পার্লিয়ামেন্ট-এ, তাদের কাছে আমরা কি করে আশা করতে পারি যে, তারা গণতন্ত্রকে রক্ষা করবে? কি করে আশা করতে পারি যে তারা সত্যকে রক্ষা করবে, কি করে আশা করবো যে রুল বা আইনের শাসন তারা মেনে চলবেন? এ কখনও তারা করতে পারেন না, এত নীচে তাঁরা নেবে গেছেন। এটা তাদের শক্তির পরিচয় নয়, এটা তাদের দুর্বলতার পরিচয়, তারা ভীত, সন্ত্রস্ত, মানুষ দেখে তাঁরা আঁতকে ওঠে, এইজন্য তারা মরিয়া হয়ে আক্রমণ করছে। আজ যদি রাজনৈতিক প্রভাব থাকতো তাহলে এই আক্রমণ তাঁরা করতেন না। তাহলে কেরালায় নির্বাচনের আগে ১,০০০ লোককে গ্রেপ্তার করতেন না। তাহলে রাজনীতিগতভাবে আমাদের সঙ্গে লড়াই করতেন, খোলা ময়দানে নাবতেন আমাদের বিরুদ্ধে প্রচার করতে, কিন্তু তা হয় নি। সেইজন্য আমি বলি যে, লিগেলিটি যদি আমরা বাঁচিয়ে রাখতে পারি That will amount to the death bond of the Congress and the Congress Government.

এবং এই লিগেলিটিটুকু বাঁচানোর জন্য আজকে আমাদের আন্দোলন করতে হবে, সংগ্রাম করতে হবে, মানুষকে বোঝাতে হবে এবং সেটা রক্ষা করার জন্য এক হাজার কেন দশ হাজার লোক যদি জেলে যাবার দরকার হয়, জেলে যাবার জন্য প্রস্তুত হতে হবে। তাহলে সীমাবদ্ধ গণতন্ত্রটা কিছুটা ফিরে পেতে পারি। এর দ্বারাই আমাদের পেতে হবে, আর তাছাড়া আমাদের অন্য কোনও পথ নেই। এবং এটাই সৌভাগ্য যে, আজকে আমরা একা নয়, সাধারণ মানুষ, বিভিন্ন বামপন্থী দল, গণতান্ত্রিক মানুষ, তারাও আজকে এসে দাঁড়িয়েছে, তাদের সঙ্গে আমাদের তফাৎও আছে, তারাও

এসে দাঁড়াচ্ছে যে গণতন্ত্রকে বাঁচাতে হবে। এ শুধু কমিউনিস্টদের উপর আক্রমণ নয়,
স্পীকার মহাশয়, আপনার কাছে এটা আবেদন করবো যে আপনি যাতে আপনার মারফত মু
মন্ত্রীর কাছে এইসব মিথ্যাগুলোর বিষয় একটু শুনতে চাই, কোন্ পুলিশ কিভাবে রি
দিয়েছে, সেই পুলিশ-এর কি ব্যবস্থা করা হয়েছে, যারা এইভাবে রিপোর্ট পেশ করেন—একটা স
ইন্সপেক্টর-এর উপর সমস্ত জীবন, কর্ম নির্ভর করছে যে তারা ইচ্ছা করলেই বিনা বিচারে আ
করতে পারে। এই অবস্থা ভারতবর্ষে চলতে পারে না, আশা করি ভারতবর্ষের মানুষ এই অব
চলতে দেবেন না।

[4-40—4-50 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীনন্দের যে বিবৃতি আমাদের কাছে বিলি করা হয়েছে সে সম্প
কিছু বলার আগে আমি এই বিবৃতি যে পরিপ্রেক্ষিতে করা হয়েছে সে সম্পর্কে আমা
ফরওয়ার্ড ব্লক দলের মতামত এই হাউসের সামনে পেশ করছি। প্রথমত বিনা বিচারে
লোককে আটক রাখার নীতি আমরা কোনদিন সমর্থন করি নি এবং করি না, কিন্তু দে
মধ্যে যখন আপৎকালীন অবস্থা সৃষ্টি হয়, কোন বাইরের শত্রু কর্তৃক দেশ আক্রান্ত হলে
অবস্থায় অথচ সেই যুদ্ধকালীন অবস্থা যা দেশের বিপক্ষে কাজ করা সম্পর্কে যার সম্প
সন্দেহ উপস্থিত হয় তাকে বিনা বিচারে আটক রাখা আমরা সমর্থন করি যেমন গত মহাযু
সময় বৃটেন তাদের দেশে করে। যদিও সেটা একটা মস্ত বড় ডেমোক্রেটিক কান্ট্রি, ত
সেখানকার দেশের অনেক ফ্যাসিস্টকে তারা বিনা বিচারে আটক রেখে দিতে বাধ্য হয়েছি
১৯৬২ সালের অক্টোবর মাসে যখন চীন আমাদের দেশ আক্রমণ করে, যখন চীনের সঙ্গে এ
অঘোষিত যুদ্ধে আমাদের দেশ লিপ্ত হয় তখন দেশে জরুরী অবস্থা প্রয়োগ করা হয় এবং
আমরা সেটা সমর্থন করি। সে সমস্ত কিছু কিছু বামপন্থী কম্যুনিস্ট কর্মীকে গ্রে
করা হয়েছিল, তখন সেটা আমরা সমর্থন করেছিলাম। তখন আমরা দেখেছিলাম এবং এখ
আমরা দেখতে পাচ্ছি বামপন্থী কম্যুনিস্টরা যারা আলাদা দলে পরিণত হয়েছেন তাঁরা চী
সমর্থন করেন। জ্যোতিবাবু যদিও তাঁর বক্তৃতায় বলে গেলেন যে, তাঁর পার্টির কর্মসূচী
দেশের দিকে চেয়ে নয় তা হলেও আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এই যে, চীন
আমাদের দেশ আক্রমণ করেছে কিংবা আক্রমণ করে আমাদের অনেকখানি জমি গ্রাস করে
রয়েছে এবং কোন আলাপ-আলোচনায় আসছে না, ফলে একটা অচল অবস্থার সৃষ্টি হ
এবং যার ফলে পাকিস্তান কচ্ছের রান এলাকায় আমাদের দেশের অনেকটা অংশ নিয়ে সে
একটা যুদ্ধ চলছে, সে সম্পর্কে আমাদের অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, কম্যু
পার্টির পক্ষ থেকে কোন বিবৃতি আমরা আজ পর্যন্ত পাই নি, আজ পর্যন্ত কোন বাম
কম্যুনিষ্টদের মুখ থেকে একথা শুনি নি যে, চীন আমাদের দেশ আক্রমণ করেছে
আমাদের দেশ আক্রমণ করে কিছুটা জায়গা দখল করে বসে রয়েছে। অর্থাৎ তারা যে
করেছে একথা শুনিনি সেজন্য তাদের যে গ্রেপ্তার করা হয়েছিল সেটা আমরা সম
করেছিলাম, কিন্তু এর মধ্যে মস্ত বড় কিন্তু আছে এই প্রশ্নটা অন্য রকমের সঙ্গে আমরা দে
পাচ্ছি। এই ডি আই আর কে আমরা সমর্থন করেছিলাম এবং এখনও সমর্থন করি,
আমরা মনে করি দেশের মধ্যে এখন যে অবস্থা আছে তাতে সরকারের হাতে খানিকটা ক্ষ
দেওয়া উচিত, কিন্তু দুঃখের সঙ্গে জানাব যে এই ক্ষমতায় এতখানি অপব্যবহার আম
দেশের সরকার করেছেন, সেজন্য আজ আমরা এটা চিন্তা করছি যে, সত্যি আজ চীনের
দেশ যদি বিকিয়ে যায়। আজ পাকিস্তান যদি দেশের কিছুটা অংশ দখল করে তাহলে
জন্য সত্যকারের কে দায়ী হবে—কংগ্রেস সরকার না বামপন্থী কম্যুনিষ্ট? এটা আমার
নয়, দেশের সাধারণ মানুষ এই চিন্তা করছে, আজ যেভাবে দেশের জনসাধারণের জনমত
করা উচিত ছিল এই চীন ও পাকিস্তানের আক্রমণ সম্পর্কে এর ফলে যেভাবে ভারতরক্ষা
প্রয়োগ করা উচিত ছিল সেভাবে সরকার তা করেন নি, এই হাউসে বহুবার বলেছি
ভারতরক্ষা বিধির অপপ্রয়োগ হচ্ছে, তা বন্ধ করা বিশেষভাবে দরকার। আমাদের ভারত
করার জন্য আরও বেশি দরকার এবং এ বিষয়ে সরকারের সতর্ক হওয়া উচিত। আজ ভ
রক্ষা বিধিপ্রয়োগ সম্পর্ক দেশে আমাদের সামনে একটা প্রশ্ন জেগেছে যে, সত্যি বাম

কম্যুনিস্টদের সরকার যেভাবে আটক করে রেখেছেন আজ সেই আটকের প্রয়োজন আছে কিনা তা আমাদের দ্বিতীয়বার চিন্তা করতে হবে। এটা আমাদের মনের মধ্যে প্রশ্ন হিসাবে দেখা দেবার একমাত্র কারণ হচ্ছে আমরা যারা দেশপ্রেমিক দল বলে মনে করি তাদের ভেতরে তিন-জনকে গ্রেপ্তার করে রাখা হয়েছে, সম্প্রতি বিহার সরকার আমাদের আর একজন ফরওয়ার্ড ব্লক ওয়ার্কার রামসেবক সিংকে ডি আই আর (৩০)তে আটক করে রেখেছেন। বামপন্থী কম্যুনিস্টদের ধরা হয়েছে সত্যি কথা, কিন্তু পাকিস্তানের বিরুদ্ধে যেসমস্ত লোক আজ চরবৃত্তি করছে, যাদের বিরুদ্ধে যথেষ্ট সন্দেহ আছে—তাদের সরকার আজ পর্যন্ত গ্রেপ্তার করেন নি ভারতরক্ষা বিধিবলে, কারণ সরকার মনে করেন তাঁদের মধ্যে বেশির ভাগ কংগ্রেসী আছেন এবং সেটা করতে গেলে সরকারের নিজের গায়ে হাত পড়বে ও নিজের দলের মধ্যে কত বড় দুর্বলতা আছে সেটা ধরা পড়বে। এর পর আমি শ্রীনন্দর বিবৃতি সম্বন্ধে দু-চার কথা বলে আমি শেষ করব। শ্রীনন্দ যে বিবৃতি দিয়েছেন সেটা একটা ঘটনার ইতিহাস বলে মনে করি। সেটা হচ্ছে কম্যুনিস্ট পার্টির মধ্যে প্রথমে কিভাবে দুটি দল ছিল, যেটা আমরা কাগজে পড়েছি ও তারপর আস্তে আস্তে তাদের মতবিরোধ হয়। সেটা সম্পূর্ণরূপে রাজনৈতিক দল বলে মনে করি। এই রাজনৈতিক দলাদলিতে কিছুটা মন কষাকষিতে হয়েছে যেটা প্রত্যেক দলেই আছে এবং তারজন্য দুটো দল হয়েছে। এ সবের একটা মোটামুটি ইতিহাস এর মধ্যে আছে। অবশ্য এর মধ্যে কিছু কিছু তথ্য আছে—যেমন নিউ এজএর কিছু কিছু পাবলি-কেশনস সম্বন্ধে, কিন্তু সেগুলো সম্পূর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে তাঁরা প্রচার করেছেন, তাঁরা যদি মনে করেন চীন সরকার যে পথে চলেছে সেই পথে আমাদের দেশের যাওয়া উচিত তা হলে সেটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে মোকাবিলা করা উচিত নয়। আমার মনে হল না এটা দেখে যে, এর মধ্যে এমন কিছু তথ্য আছে যাতে নাকি সেই তথ্যের ভিত্তিতে বামপন্থী কম্যুনিষ্টদের জেলে রাখা যায়? এর মধ্যে এমন কিছু তথ্য আছে যা দিয়ে বলা যায় বাম-পন্থী কম্যুনিস্টদের দৃষ্টিভঙ্গি হচ্ছে যে, তাঁরা চীনকে সাপোর্ট করেন। এটা সত্যি কথা যে চীনের আক্রমণ সম্বন্ধে তাঁরা একটা কথাও বলেন নি। এটাতে সন্দেহ হচ্ছে যে, চীন যদি ভারতবর্ষ আক্রমণ করে তাহলে তাঁরা চীনকে সমর্থন করেন তাহলে সেটার মোকাবিলা করা উচিত। মাঠে-ময়দানে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে আজকে ওদের রাজনৈতিক মতবাদ আছে তার উল্টো মতবাদ সম্পর্কে আমাদের কি বক্তব্য আছে সেই বক্তব্য দিয়ে তাঁদের আলাদা করতে হবে আজকে কি করা হচ্ছে—তাঁদের অ্যারেস্ট করা হয়েছে। অথচ তাঁদের বিরুদ্ধে বলছেন গোপনীয়তা অবলম্বন করা উচিত। সেজন্য তাঁরা সমস্ত কিছু বলছেন না। তা না হলে এই বইটা পাবলিশ করেছেন কেন? এটাতে দুর্বল যুক্তি দিয়ে ছাপা হয়েছে। এটা দিয়ে এসব কিছু প্রমান করা যায় না যার জন্য তাঁদের এরেস্ট করতে হবে। তাঁদের মতবাদের কথা বলা হয়েছে। সেই মতবাদের যদি আমরা মাঠে ময়দানে মোকাবিলা করতে পারতাম তা হলে আমরা চীনা কম্যুনিস্টদের একঘরে করে রাখতে পারতাম। আমরা দেশপ্রেমিক দল আমরা তাঁদের যদি জনসাধারনের কাছে হেয় প্রতিপন্ন করিতে পারি তা হলে আমরা চীনাপন্থী কম্যুনিস্টদের জনসাধারণ থেকে আলাদা করতে পারতাম। কিন্তু তা না করে আমরা দেখছি তাদের জনসাধারণের কাছে তুলে ধরা হয়েছে শহীদ হিসাবে, হিরো হিসাবে। দেশের মধ্যে একজনকে ধরে রেখে নির্বাচন করা হয় তাহলে সাধারণ মানুষ মনে করে যে, আমরা যদি তাদের ভোট দিই তা হলে তারা জেল থেকে বেরিয়ে আসতে পারবে যার ফলে দেখা যায় যারাই জেল থেকে দাঁড়াচ্ছে তাদের বশির ভাগ জিতছে। আজ আমি মনে করি জেলের মধ্যে বামপন্থীদের ধরে রাখাটা অত্যন্ত অগণতান্ত্রিক হচ্ছে। আমরা মনে করি তাঁদের বিরুদ্ধে যদি কোন বক্তব্য না থাকে, তাহলে তাঁদের এক্ষণি হয় রিলিজ করুন না হলে তাদের নিরপেক্ষ ট্রাইবিউনালএর কাছে তাদের বক্তব্য রাখার সুযোন দেওয়া হোক। সঙ্গে সঙ্গে সরকারের পক্ষ

[4-50—5 p.m.]

থেকে অভিযোগগুলি রাখা হোক, এটা গোপনভাবে করা যেতে পারে যেটা জ্যোতিবাবু বলে-ছিলেন—শীতলাবাদ যে কথা বলেছেন যে, একটা ন্যাশনাল ট্রাইব্যুনাল গঠন করা যেতে পারে। সেই ট্রাইব্যুনালের কাছে সরকার পক্ষের যদি কোন দলিল থাকে যদি কোন গোপন তথ্য থাকে, সত্যই চীনের সঙ্গে যোগসাজস করছে অথবা তেলেঙ্গনা সৃষ্টি করার চেষ্টা করছে তাহলে সেই সমস্ত তথ্য তাদের কাছে পেশ করতে হবে তারপর ট্রাইব্যুনাল যদি মনে করে যে, তাদের

আটক রাখা উচিত তাহলে নিশ্চয় তাদের আটক রাখা উচিত এবং যদি এমন কিছু তথ্য পা যায় যার দ্বারা তাদের বিচার করা চলে তাহলে আমার মনে হয় নিশ্চয় তাদের বিচার উচিত। আজকে তাদের টু ওয়েজ ওয়ার এগেনস্ট দি স্টেট এই সেকশনে বিচার করবার যদি মেটিরিয়াল থাকে তাহলে নিশ্চয়ই করা উচিত। তা যদি না থাকে কিংবা সেটা গেলে যদি গোপনীয়তা রক্ষা করা হয় তাহলে তাদের গোপনভাবে ট্রায়াল করা উচিত। দেশের অবস্থা আজকে যা হয়েছে তাতে সাধারণ মানুষের সমর্থন অন্তত যে সরকার দেশকে রক্ষা করছেন তাদের পক্ষে যদি টেনে আনতে হয় যদি আমরা চাই বামপন্থী কমিউনি পার্টি দেশের স্বার্থের বিরুদ্ধে কাজ করছে তাহলে নিশ্চয় তাদের আলাদা করে দেবার আমাদের জনসাধারণের কাছে বক্তব্য অত্যন্ত পরিষ্কারভাবে পেশ করতে হবে। আজকে দলিলে মাধ্যমে যে বক্তব্য রাখা হয়েছে আমি মনে করি এই বক্তব্য অত্যন্ত দুর্বল এবং এ দিয়ে সাধা মানুষকে অন্তত বোঝানো যাবে না যে, হ্যাঁ, এদের জেলে রাখা উচিত। তাই মনে করি আজ যাদের অ্যারেস্ট করা হয়েছে তাতে বিনা বিচারে আটক না রেখে ট্রাইব্যুনাল জজের কা তাদের বক্তব্য পেশ করার সুযোগ দেওয়া হোক এবং সঙ্গে সরকারের যে অভিযোগ আছে রাখা হোক এবং তাতে যদি গোপনভাবে তদন্ত করতে হয় তাও করা উচিত বলে আমা পার্টি মনে করেন।

Shri Somnath Lahiri:

মাননীয় সভাপতি মহাশয়, জ্যোতিবাবু তাঁর বক্তৃতায় আমাদের পার্টির নাম উচ্চারণ করতে পা নি, ডাঙ্গে পার্টি বলে অভিহিত করেছেন। তার জবাবে আমি জ্যোতিবাবুর পার্টিকে তাঁ দুজন প্রধান নেতার নামে নাম্বু-জ্যোতি পার্টি বলে ডাকতে পারতাম কিন্তু তাঁরা যে নাম নিজে নিয়েছে কেরালার নির্বাচনের সময় মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি, তাই বলে আমি অভিহিত ক এবং তাঁর প্রভোকেশনে আমি ওদিকে যাব না এই কারণে নয়, তাতে নন্দর উদ্দেশ্য সিদ্ধ হ জ্যোতিবাবু স্বীকার করেছেন যে, নন্দ তাঁকে সাহায্য করেছিলেন তথাকথিত ডাঙ্গে চিঠি দেখব জন্য—কথাটা সত্য। কারণ ডাঙ্গের চিঠিটা নন্দরই সৃষ্টি। নন্দ কেন করেছিলেন, এজন্য ক ছিলেন যাতে কমিউনিস্ট পার্টি যারা ঐক্যবদ্ধ ছিল তাদের একাংশের মনে সন্দেহ সৃষ্টি ক কমিউনিস্ট পার্টিতে ভাঙ্গন আনা যায়। জ্যোতিবাবুরা নন্দের প্রভোকেশনের শিকার হ ছিলেন, আজকে নন্দ যে স্টেটমেন্ট ছাপিয়েছেন সেটা উল্টো প্রভোকেশন—আমাকে প্র করবার জন্য জ্যোতিবাবু যেভাবে করেছেন, জ্যোতিবাবু সেভাবে শিক্ষায় বলেছিলেন ন ডাঙ্গে লেটার নামক কুকীর্তিতে আমি সেভাবে নন্দর এই স্টেটমেন্টের প্রভোকেশনে পড় রাজী নই। আমার সামনে প্রশ্ন তিনি যে বিবৃতি ছাপিয়েছেন যার বাংলা অতি জঘন্য পড়ে মানে বোঝা যায় না বহু জায়গায়। সেখানে প্রথম দিকে যেকথা আছে তার মধ্যে চ অমুক দৃষ্টিভঙ্গি, তমুক দৃষ্টিভঙ্গি বলে কি বলেছেন তার কিছু কিছু উদ্ধৃতি আছে, কি প্রশ্ন তো তা নয়। তিনি যে স্টেটমেন্ট দিয়েছেন এদেরকে কেন বিনা বিচারে গ্রেপ্তার ক রাখা হল, তার সাফাই হিসাবে। সুতরাং প্রশ্ন হচ্ছে এই—তিনি তাঁর স্টেটমেন্টে একথা প্রম করতে পেরেছেন কিনা যে, এরা চীনের আক্রমণের বিরুদ্ধে যে যুদ্ধের আয়োজন হচ্ছিল বিরোধিতা করেছেন কিনা—এই হল সোজা প্রশ্ন। তা কি প্রমাণ করতে পেরেছেন? প্রম তো করতে পারেনই নি বরং যদি স্টেটমেন্টটা দেখেন তাহলে দেখবেন স্বীকৃতি আছে দেখ ৩০নং পৃষ্ঠায় নন্দজীর স্টেটমেন্ট থেকে কোটেশন দিয়ে বলছি—সীমানা রক্ষা সংক্রান্ত সরকা ব্যবস্থাপনায় সাহায্য করবার জন্য এতে বলা হয় যে, দলিল তাদের পার্টিতে গৃহীত হয়েছে নন্দজী নিজেই স্বীকার করছেন, অর্থাৎ তাঁদের স্ট্যান্ড চীনা আক্রমণের নয় অন্যান্য বিষয়ে যত মতভেদ থাকুক দেশের ডিফেন্সের জন্য সাহায্য করতে হবে—এই তাদের স্ট্যান্ড। তা যা কোন পার্টির স্ট্যান্ড হয় তো সেই পার্টির লোকদের কি করে বিনা বিচারে গ্রেপ্তার করা যায় তারপরে দেখুন ২৪ পৃষ্ঠায় নন্দজীর বিবৃতিতে—এমন কি জ্যোতিবাবুদের পার্টির মধ্যে একথা সত্য যে আবার মতভেদ আছে। কিন্তু একটু বেশি গোঁড়া, একটু বেশি চীন-ঘেঁ কিছু একটু এদিকে বেশি কিন্তু তাঁদের মধ্যে গোঁড়া একজন তাঁর মন্তব্য উদ্ধৃত করেছেন ২৪ পৃষ্ঠায় লিখেছেন যে, দৃষ্টান্তস্বরূপ বলা যায়, ১৯৬৪ সালের ১৯এ যে বোম্বাই সাংবাদিকের কাছে ভাষণ প্রসঙ্গে পি সুন্দরায়া বলেন, ম্যাকমোহন সীমারেখা অতিক্রম ক

চীন একটা বড় ভুল করেছে। এই যে মতটা সুন্দরায়ার, এটা তাঁর দলের সমষ্টিগত মত নয়, তাঁর দলের সমষ্টিগত মত যা তার আমি আগেই কোটেশন দিলাম, কিন্তু সেই সমষ্টিগত মতের মধ্যেও এ'র হয়ত একটু অতিরিক্ত উগ্র মত তথাপি তিনি বলছেন যে ম্যাকমোহন লাইন অতিক্রম করে চীন মস্ত একটা ভুল করেছে। তারপরে সেই দলকে বিনা বিচারে গ্রেপ্তার করার কি যুক্তি নন্দজী বের করবেন? তাঁর নিজের কোটেশনই প্রমাণ করেছে যে, তার সঙ্গে একটাও মেলে না। তারপর আমরা জানি ১৯৬২ সালের নভেম্বর মাসে যখন আমাদের পার্টি এক ছিল এবং আমরা পার্টি থেকে যখন সিদ্ধান্ত নিই সহযোগিতা করবার জন্য দেশবাসীর ব্যাপারে সমস্ত লোকের সঙ্গে ঐক্যবদ্ধ হওয়ার জন্য তখন এই অ্যাসেম্বলীতে দাঁড়িয়ে জ্যোতিবাবু কি বলেছিলেন তা অনেকেরই মনে আছে। তিনি বলেছিলেন আমার ব্যক্তিগত যে মত ছিল সেটা এখন ক্যানসেল হয়ে গেল এখন পার্টির জাতীয় পরিষদ যে সিদ্ধান্ত নিয়েছে সেই সিদ্ধান্ত অনুসারে আমি কাজ করব—একথা প্রকাশ্যে তিনি ঘোষণা করেছেন। কাজেই সরকার কোন ঘটনা দিয়েই না নন্দজীকে সমস্ত উদ্ধৃতি দিয়েছেন তা দিয়ে, না তাঁরা যেসমস্ত স্টেটমেন্ট করেছেন বাইরে তা দিয়ে প্রমাণ করতে পেরেছেন যে দেশরক্ষার ব্যাপারে তাকে নষ্ট করা হোক—এই রকম কোন স্ট্যান্ড নিয়েছেন। বরং প্রমাণ রয়েছে যে, দেশরক্ষায় তাঁরা সাহায্য করছেন। কার মনে কি আছে সে প্রশ্ন অবান্তর—কাজের ক্ষেত্রে নেমে লোককে কি করতে হচ্ছে এই হল বিচার্য বিষয়। সুতরাং সেদিক দিয়ে এই দলিলে উল্টো কেস প্রমাণ করছে, তাঁর মনে যাই থাকুক। এই রকম স্ট্যান্ড থাকা সত্ত্বেও তাদের গ্রেপ্তার করা হল বিনা বিচারে, অথচ আমরা দেখেছি কি, এই বাংলাদেশে বহুল প্রচারিত কাগজ দিনের পর দিন যুদ্ধের সময় লিখেছে নেহরুজী উন্মাদ, নেহরুজী পাগল, কারিয়াপ্পার সঙ্গে মিলে শ্লোগান তুলেছেন নেহরুজীকে গদি থেকে হটাও—তাদের কাছে গিয়ে সরকার হাতজোড় করে বসে আছেন। পায়ে তেল দিয়েছেন সেই আনন্দবাজার পত্রিকাতে তাঁরা যে কার্টুন ছাপিয়েছেন রঙ্গিলা নেহরু বলে সিরিমাভো বন্দরনায়কের সঙ্গে এই গভর্নমেন্টের সাহস হয় নি সেই আনন্দবাজার পত্রিকার প্রতিক্রিয়াশীল সম্পাদককে কিছু বলবার। আমি নিজে চোখে দেখেছি প্রফুল্লবাবু বলছেন যে এসব লেখাটেখা ভাল নয়। তারপরে সম্ভবত আমার মনে হয় সরকার এ'দের ১৯৬২ সালে গ্রেপ্তার করলেন, তারপরে বোধহয় ১৯৬৩ সালের মাঝামাঝি এ'দের প্রায় সকলেকেই ছেড়ে দেন—কেন ছেড়ে দেন, কি জন্য ছেড়ে দেন, সম্ভবতঃ এই কারণে যে, তাঁরা যে যুক্তি খাড়া করেছিলেন তাঁদের গ্রেপ্তারের স্বপক্ষে সেই যুক্তি দেশের লোক গ্রহণ করে নি।

[5 -5-10 p.m.]

এবং দেশের মধ্যে সেই জুরিস্ট থেকে আরম্ভ করে সমস্ত জনসাধারণের মধ্যে এসেছে যে, ডিফেন্স অব ইণ্ডিয়া অ্যাক্ট এখন বাতিল করা দরকার, এ বে-আইনী, এ অন্যায় এবং এ অযৌক্তিক। সরকার নিজের কেস ডিফেন্ড করতে পারেন নি, তাঁদের রিলিজ করেছেন। রিলিজ করে সরকার আর একবার দাঁতে কুটো দিয়ে প্রমাণ করেছেন যে কথা বলেছেন সেকথা তাঁরা নিজেরাই বিশ্বাস করেন না। এখন যে কারণে ১৯৬২ সালে তাদের গ্রেপ্তার করে ১৯৬৩ সালে ছেড়ে দিতে বাধ্য হয়েছিল এই বইতে তারই আবার পুনরাবৃত্তি করা হচ্ছে ১৯৬৪ সালে তাদের গ্রেপ্তারের সাফাই অনুসারে। এটা অদ্ভুত ব্যাপার। একটা কারণে একজনকে গ্রেপ্তার করলাম করে রিলিজ করলাম, আবার সেই কারণ ছাপালাম ১৯৬৪ সালে তাকে আবার গ্রেপ্তার করবার জন্য। এতেই বোঝা যায় এই গভর্নমেন্ট নন্দজীর হোম ডিপার্টমেন্ট কিরকম দায়িত্বহীন, কিরকম লজ্জাহীন তাঁদের কার্যকারণ। যখন ইচ্ছা থাকে ইচ্ছা যেকোন অপরাধ দিয়ে গ্রেপ্তার করতে পারেন, বন্ধ করে রাখতে পারেন। সম্পূর্ণ অরাজকতা তাঁদের হোম মিনিস্ট্রিতে। কাজেই নন্দজী যে দলিল উপস্থিত করেছেন সেই দলিল কেস প্রুভ করে না বরং সম্পূর্ণরূপে প্রমাণ করে যে, এই গভর্নমেন্ট ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস ইমারজেন্সি পাওয়ার তাঁদের দলীয় স্বার্থে শাসন পরিচালনার জন্য দেশের লোকের মুণ্ডু টিপে ধরার জন্য একটা অতি সুন্দর হাতিয়ার হিসাবে পেয়েছেন। লক্ষ্য করলেন আজকে আমাদের ফরওয়ার্ড ব্লকের সভ্য কানাইবাবু কি বললেন। এমন সময় ছিল যখন ফরওয়ার্ড ব্লকের নেতা সম্পূর্ণরূপে আপনাদের সঙ্গে ছিলেন। কিন্তু আজকে এই ডি আই রুল এবং

এমারজেন্সি পাওয়ার এমনভাবে মিথ্যাচার স্বৈরাচার স্বপক্ষে করে চলেছেন যে যাঁরা পক্ষে ছিলেন তারা আপনাদের বিপক্ষে আসতে বাধ্য হয়েছেন। তার মধ্য দিয়ে আপনাদের শেখা উচিত, নন্দজীর শেখা উচিত যে তার এই কথা সকলে আর বিশ্বাস করবে না। এখন এই দলিলে আমাদের কোন কোন কমরেডের কোন কোন পার্টি দলিল থেকে কোটেশন দিয়ে প্রমাণ করবার চেষ্টা করা হয়েছে যে, জ্যোতিবাবুদের পার্টি সি পি মার্ক্সিস্ট তাঁরা নাকি ভীষণ খারাপ কাজ করছে। আমাদের পার্টির সঙ্গে জ্যোতিবাবুদের পার্টির অনেক বিষয়ে মতের মিল আছে। আবার অনেক বিষয়ে মতভেদ আছে তাতে কোন সন্দেহ নেই। আমরা সেই বিষয়ে সিক্রেট করি না, তাঁরাও করেন না। কিন্তু প্রশ্ন হচ্ছে তাঁদের পার্টির সঙ্গে আমাদের যেখানে মৌলিক মতভেদ আছে তার কিছু কিছু পয়েন্ট আমরা নিশ্চয়ই তুলে ধরেছি এবং কোন কোন বিষয়ে তাঁদের পার্টির কোন কোন নেতার আন্তর্জাতিক বিষয়ে চীনা পার্টি যে মত পোষণ করেন সই মতের সঙ্গে মিল আছে, এ আমরা সমালোচনা করেছি যদিও একথা আমি স্বীকার করি না যে, তঁদের পার্টির কোন আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি নেই। কারণ তাঁরা তাঁদের পার্টি কংগ্রেসে কোন আন্তর্জাতিক দলিল আজ পর্যন্ত গ্রহণ করেন নি তাঁদের প্রোগ্রাম ইত্যাদির মধ্যে। তার থেকে কি বোঝা যায়--একথাই বোঝা যায় যে, তঁদের পার্টির ভেতরেও প্রচণ্ড মতভেদ আছে এই নিয়ে। সুতরাং তাঁরা একটা মতৈক্যে উপস্থিত হতে পারেন নি। প্রশ্ন হচ্ছে এই, তাঁদের দলের মধ্যে যে মতানৈক্য আছে সেই মতানৈক্য সুস্থ, বিপ্লবী, আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গির দিকে যেতে পারে কিনা তারই জন্য বিপ্লবের সপক্ষে যারা আছি তারা অপেক্ষা করব, তারা তাকে সাহায্য করব। তাঁদের পার্টির দৃষ্টিভঙ্গি কোন কোন নেতার বা করোর যেভাবে প্রকাশিত হয়েছে কিংবা কোন দলিল যেভাবে প্রকাশিত হয়েছে সেখানে আমাদের সঙ্গে যে মতভেদ আছে সেটা আমরা অনেক জায়গায় তুলেছি। চীনের অনেক বিষয়ে হয়ত তাঁরা সপক্ষে। চীনের একটা দৃষ্টিভঙ্গি কি—যুদ্ধ অনিবার্য। যদি তাঁদের পার্টি চীনের সেই দৃষ্টিভঙ্গি দার্শনিক তত্ব মনে করেন ঠিক তাহলে নন্দজী কি তাঁদের জেলে পুরবেন? এর তো আমি কোন মানে বুঝি না। চীনা পার্টি যদি মনে করেন যে, শান্তিপূর্ণ উপায়ে বিপ্লব কিংবা আন্দোলন কোনকালে কখনও ক্ষমতা অর্জন করতে পারে না চিরকালই তাকে সশস্ত্র অবস্থায় করতে হবে এবং তাঁরা যদি তত্ব হিসাবে সেই দার্শনিক তত্বে বিশ্বাস করেন তাহলে তাঁদের নন্দজী ধরে জেলে পুরবেন? এ তো রাজনীতি তত্বের ব্যাপার। সাজার প্রশ্ন কখন আসে, বন্ধের প্রশ্ন কখন আসে—জুরিসপ্রুডেন্সের মামুলী কথা হচ্ছে তুমি মনে কি ভাব, তত্ব কি চিন্তা কর তা কোন প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে যতক্ষণ তুমি না একটা ওভার অ্যাক্ট করছ বা প্রকাশ্য কিছু করছ যা বে-আইনী ততক্ষণ পর্যন্ত তুমি আইনের মধ্যে পড় না।

কাজেই কথাটা হচ্ছে, যদি আমাদের পার্টির সঙ্গে তাদের মতভেদ থাকে কিংবা চীনের পার্টির আন্তর্জাতিকতার দৃষ্টিভঙ্গির সঙ্গে তাদের বা তাদের পার্টির কোন বিষয়ে মতের অমিল থাকে—সে তো রাজনৈতিক আলোচনার বিষয়। যা কানাইবাবু বলেছেন। কোন তথ্য ঠিক এবং কোন তথ্য ভুল তা ময়দানে মানুষের সামনে, তাদের বিচারবুদ্ধির সামনে প্রমাণ হবে। আপনারা যে কারণে বললেন ভুল, আমার যদি সেটা মনে হয় ঠিক—আমি নিজে বলব ঠিক জনসাধারণ [illegible] ভিত্তিতে স্বীকার করে নেবে কোনটা ঠিক, কোনটা ভুল। সে হল রাজনৈতিক সংগ্রাম। তার মানে সরকারের দণ্ডনীতি, সরকারের দমননীতি, অত্যাচার করা, যে কোন রাজনৈতিক গণতন্ত্র বিরোধী। গণতন্ত্রের মূল কথাই তো হল এই যে, রাজনৈতিক প্রচারের সুযোগ থাকবে। কিন্তু তাদের কোন ওভার অ্যাক্ট করবার সুযোগ থাকবে না। কথা হচ্ছে, তোমার মত যদি আমার মতের সঙ্গে না মেলে অথাৎ নন্দজীর মতের সঙ্গে না মিলে তাহলে পরে তোমাকে ধরে জেলে পুরে দেবে—এর কোন মানে হয় না। কিন্তু সেখানে লক্ষ্য করা দরকার যে এমন কি সে বিষয়ে যেমন আমি আগেই বলেছি যে, তাদের মতটা সম্পূর্ণ পরিষ্কার বোঝা যায় না এই কারণে যে, তার কোন আইডিওলজিক্যাল ইন্টারন্যাশনাল ডকুমেন্ট কোন পরিকল্পনা তাঁরা গ্রহণ করেন নি। যতদূর আমি জানি। ভুল হলে আমাকে কারেক্ট করে দেবেন। কিন্তু তাদের পজিশন সম্বন্ধে যা তাঁরা গ্রহণ করেছেন ধরুন তা-ই বা কী? এর ৩২ পৃষ্ঠায় নন্দজী নিজে কোটেশন দিয়েছেন—তাঁরা আনএক্সেপশানেবল তাঁরা তাঁদের

গঠনতন্ত্রের বা নিয়মতন্ত্রের একটা পরিবর্তন সাধন করেছেন প্রিয়েমবলএ। আগে যখন আমরা কমিউনিস্ট পার্টি একসঙ্গে ছিলাম তখন আমাদের নিয়মতন্ত্রের একটা ভূমিকা ছিল; সেই ভূমিকায় বৈপ্লবিক আন্দোলন কি অবস্থায়। কেমন করে শান্তিপূর্ণ পথে ক্ষমতা অর্জন করতে পারবে? তার মধ্যে একটা সম্ভাবনার কথা ছিল। সেটা তাঁরা বদলেছেন। বদলেছেন যা তাঁরা মনে করেছেন। কিন্তু সেই বদলানোর ফলে তাঁরা নাকি এখন আমাদের সঙ্গে গোপন লড়াই ইত্যাদি করছেন, অন্তর্ঘাতী কার্যকলাপ করছেন। এই হচ্ছে নন্দজীর চার্জ। কিন্তু নন্দজী কি কোটেশন দিচ্ছেন ডকুমেন্ট থেকে ৩২ পৃষ্ঠায় দেখছি, ১১৮ নম্বর প্যারায় তার কোটেশন সেই কার্যসূচী থেকে—

"ভারতের কমিউনিস্ট পার্টি মানে ওদের পার্টি শান্তিপূর্ণ উপায়ে লোকায়ত্ত গণতন্ত্র প্রতিষ্ঠা এবং সমাজতন্ত্রবাদের রূপান্তরের চেষ্টা করছেন?" এটা আনএকসেপশানেবল তাতে কি হয়েছে? বরং তাঁরা শান্তির সপক্ষে বলেছেন—ভারতের কমিউনিস্ট পার্টি শান্তিপূর্ণ উপায়ে লোকায়ত্ত গণতন্ত্র প্রতিষ্ঠা এবং সমাজতন্ত্রবাদের রূপান্তরের চেষ্টা করছেন শক্তিশালী বৈপ্লবিক গণ-আন্দোলন শুরু করে এবং তার সঙ্গে সংসদীয় ও সংসদ বহির্ভূত সংগ্রাম সুসংহত করে, তাদের—মিত্রগুলির সঙ্গে মিলিত হয়ে, প্রতিক্রিয়াশীল শক্তিগুলিকে রোধ করবার জন্য বেশ সচেষ্টভাবে শান্তিপূর্ণ উপায়ে সেই পরিবর্তন ঘটানো হবে। যদিও প্রিন্টিং মিস্টেক আছে। সম্ভবত তাঁরা পরিষ্কার করে নূতনভাবে বলছেন প্রিয়েমবলএ—শান্তিপূর্ণ উপায়ে পরিবর্তন ঘটানো সম্ভব, অসম্ভব নয়। তাহলে নন্দজীর তাদের সঙ্গে ঝগড়াটা কি? যদি তারা অন্যায় কিছু বলতেন, একমাত্র রক্তাক্ত বিপ্লব ছাড়া আর কোন পথে সমাজতন্ত্রবাদ ও গণতন্ত্র আসতে পারে না বলে আমরা বিশ্বাস করি তাহলে না হয় কথা ছিল। সুতরাং তাঁরা পার্টি সদস্যদের বলছেন না চল রাস্তায় নেমে যাও লড়াই করতে। তাহলে হিংসার প্ররোচনা তাঁরা দিচ্ছেন বলে, হয়ত আজকালকার আইনে হয় কিনা আমি জানি না, হয়ত আপনি তাদের বিরুদ্ধে একটা অপরাধের চার্জ আনতে পারতেন। আমার মনে হয় তাও হয় না, যতক্ষণ না তরোয়াল নিয়ে রাস্তায় নামছে, ততক্ষণ কোন অপরাধ হয় না। কিন্তু তা না হয় একটা কেস হত। কিন্তু এখানে তাঁরা পরিষ্কার বলছেন যে, শান্তিপূর্ণ উপায়ে বৈপ্লবিক আন্দোলন থেকে সমাজতন্ত্রবাদে পৌঁছিবার সম্ভাবনা তাঁরা স্বীকার করেন। তারপরে নন্দজীর এই বক্তব্য কি মনে হয় না সম্পূর্ণ মিথ্যা? সম্পূর্ণ নিজেরা নিজেদের দলিলে এটা লিখতে বাধ্য হচ্ছেন, তার মধ্য থেকে এই কথা পরিষ্কার প্রমাণ হয়ে আসছে যে, নন্দজী যেসমস্ত চার্জ তাঁদের বিরুদ্ধে করেছেন তা এমন কি তথ্যের দিক দিয়েও সত্য নয়, তত্ত্বের দিক দিয়েও মিথ্যা।

[5-10—5-15 p.m.]

তারপর ধরুন, চীনারা কি বলেন ভারত সরকার সম্বন্ধে। চীনারা বলেন, ভারত সরকার নেহরু সরকার—এ'রা ফ্যাসিস্ট দলের নেতা। এ'দের পার্টি কি তাই বলেন? এক্ষুণি জ্যোতিবাবু বক্তৃতাপ্রসঙ্গে বললেন, ভারত সরকার সম্বন্ধে তাঁদের ধারনা কি। সেখানে কি তিনি বললেন যে, এই সরকার ফ্যাসিস্ট সরকার? তিনি বললেন কংগ্রেস সরকারকে পরিবর্তন করা দরকার। এটা আমিও বলি, অনেক পার্টিই বলে থাকেন। এটা কেন অপরাধ নয়। আমি বিশ্বাস করি এই কংগ্রেস সরকারকে পরিবর্তন করাই দেশের উন্নতির একমাত্র উপায় এবং এতে কোন সন্দেহ নেই। এখন সেটা কবে হবে সেটা আলাদা কথা। কিন্তু আপনি যখন বলবেন যে, তাঁরা চীনের লাইন সম্পূর্ণ ফলো করেন তখন বলব কথাটা সত্য নয়। ভেবে দেখা দরকার যে, কংগ্রেস সরকারকে তাঁরা ফ্যাসিস্ট সরকার বলেন নি। তবে চীন সরকার কি বলেন? নেহরু সরকার, শাস্ত্রী সরকারের পররাষ্ট্র নীতি সম্পূর্ণরূপে আমেরিকান পররাষ্ট্রনীতি। আমাদের লাইন কি তাই বলে? আমার যতদূর মনে আছে— অবশ্য কোটেশনটা নেই, তাতে যে প্রোগ্রাম গৃহীত হয়েছে সেখানে একথা বলা হয় নি। এখন তার মধ্যে তাঁরা দোদুল্যমানতার চিহ্ন দেখতে পাচ্ছেন। কাজেই শুধু যে অভিযোগ প্রমাণ করতে পারেন নি তা নয়, এ অভিযোগ সত্য নয়। তা ছাড়া বিবৃতির বিষয়ে এবং সাংঘাতিক কার্যকলাপের বিষয়ে যেসব কথা বলেছেন তাও সম্পূর্ণ ছেলেভুলানো কথা। এসব কথা কেউ

বিশ্বাস করবে না। এখানে কোন কিছুর প্রমাণ নেই। এখন তাঁদের সঙ্গে আমাদের অনেক বিষয়ে তফাৎ আছে। তার জন্য আমরা জনসাধারণের কাছে যাব। কার মত কি সেটা কার্য ক্ষেত্রে অভিজ্ঞতার মধ্য দিয়ে ঠিক করে নেব। কিন্তু গভর্নমেন্ট একদিকে চেষ্টা করছেন, এ'দেরকে ডাণ্ডে লেটার দেখিয়ে উত্তেজিত করতে, আর একদিকে এই ধরনের ডকুমেন্ট দেখিয়ে আমাদের পিঠ চাপড়াতে। শ্রীনন্দ যদি মনে করে থাকেন, দুই কমিউনিস্ট পার্টির পিছনে যে জনসাধারণ আছেন তাঁদেরকে এইভাবে দ্বিধাবিভক্ত করবেন, তাহলে তিনি সম্পূর্ণ ভুল করবেন। আমাদের সঙ্গে তাঁদের বহু ব্যাপারে পার্থক্য থাকতে পারে, আমি তাঁদের বহু মতকে খারাপ বলে মনে করতে পারি, কিন্তু আমি চাইব যেভাবে ভলটেয়ার বলেছিলেন যে,

I may detest what you say; but I will defend with my life your right to say what you have got to say.

শ্রীনন্দর এই দলিল সম্পূর্ণ ভাঁওতা, দুরভিসন্ধিমূলক। কমিউনিস্ট পার্টির আন্দোলনকে ভেদ করবার জন্য এটা সৃষ্টি হয়েছে। আমরা সেই প্রোভোকেশনে পড়ব না। আশা করি জ্যোতিবাবুও সেই প্রোভোকেশনে পড়বেন না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Honourable members, you may remember that at the last Business Advisory Committee meeting, at the request of the Opposition there, the Hon'ble Minister for Parliamentary Affairs had agreed to the allotment of four hours for discussion of this subject. I find that four hours cannot be made available today. Therefore, I am adjourning the House now until 1 p.m. on Monday next, and, after the Question Hour on Monday, this subject will be continued and thereafter other business of that day will be taken up.

Shri Jagannath Kolay:

স্যার, সোমবার কোশ্চেন আওয়ারটা বাদ দিলেই ভাল হয়।

Mr. Speaker: If all members agree, I have no objection. All right, there will be no Question Hour on Monday.

Shri Kamal Kanti Guha:

ফুড ডিবেটটা কি হবে?

Mr. Speaker:

রিমেনিং আওয়ার্স-এ ফুড হবে।

Adjournment

The House was then Adjourned at 5-15 p.m. till 1 p.m. on Monday, the 10th May, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 10th May, 1965, at 1 p.m.

Present

Mr. Deputy Speaker (Shri ASHUTOSH MALLICK) in the Chair, 9 Ministers, 3 Ministers of State and 160 Members.

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the table

[1—1-10 p.m.]

Special arrangement for distribution of Sugar and Wheat Products during festivals, etc.

1384. (Admitted question No. 907.)

শ্রী [illegible] রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলা সহ অন্যান্য জেলায় ঈদ উপলক্ষে আটা, সুজি, গম, চিনি ও চাউলের বিশেষ সরবরাহের ব্যবস্থা ছিল কি;

(খ) ব্যবস্থা থাকিলে তাহা কিরূপ;

(গ) উক্ত সময়ে বিবাহ, শ্রাদ্ধ প্রভৃতির জন্য উক্ত দ্রব্যসমূহের বিশেষ সরবরাহের ব্যবস্থা ছিল কি;

(ঘ) ব্যবস্থা থাকিলে, তাহা কিরূপ;

(ঙ) এই বৎসর সরস্বতীপূজার জন্য উক্ত দ্রব্যসমূহের বিশেষ সরবরাহের কোনও ব্যবস্থা ছিল কি; এবং

(চ) ব্যবস্থা থাকিলে তাহা কিরূপ?

The Minister for Food and Supplies:

(ক), (গ) ও (ঙ) হ্যাঁ, ছিল।

(খ), (ঘ) ও (চ) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণীতে উক্ত সরবরাহের ব্যবস্থা দেখান হইল।

Prices of Rice, Atta and Mustard Oil in Asansol subdivision

1385. (Admitted question No. 1600.)

শ্রীবিজয় পালঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) আসানসোল শহর, রানীগঞ্জ, অন্ডাল, দুর্গাপুর, বার্নপুর, কুলটি ও চিত্তরঞ্জনে খোলা বাজারে যে সব চাল, আটা ও সরিষার তৈল বিক্রয় হইতেছে তাহার পাইকারী ও খুচরা সর্বোচ্চ ও সর্বনিম্ন মূল্য বর্তমানে কত;

(খ) আসানসোল মহকুমার গ্রামাঞ্চলে চাল, আটা ও তেলের সর্বোচ্চ ও সর্বনিম্ন মূল্য কত;

(গ) আসানসোল মহকুমার কোন্ কোন্ অঞ্চলে সংশোধিত রেশনিং চালু করা হইয়াছে এবং সেই সব অঞ্চলে মোট কত লোককে সংশোধিত রেশনিং-এর আওতায় আনা হইয়াছে এবং তার এক একটি অঞ্চলের লোকসংখ্যা কত;

(ঘ) এই সব অঞ্চলে (পৃথক পৃথক ভাবে) মোট কত চাল, আটা ও চিনি গত দুই মাসে সরকার সরবরাহ করিয়াছেন; এবং

(ঙ) মহকুমার এক একটি শহর বা এলাকায় কতগুলি করিয়া "এ আর সপ" আছে এবং তাহাদের মধ্যে কো-অপারেটিভ দ্বারা পরিচালিতের সংখ্যা কত ?

The Minister for Food and Supplies:

(ক), (খ), (গ), (ঘ) এবং (ঙ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Collection of Rice from Rice Mills through levy System in Midnapore district

1386. (Admitted question No. 2911.)

শ্রীঅনংগমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার কোন্ কোন্ চাউলকলে ১০,০০০ কুইন্টালের বেশী চাউল লেভী আদায় হইয়াছিল এবং কোন্ কোন্ চাউলকলে ৫,০০০-এর উপর হইতে ১০,০০০-এর কম কুইন্টাল চাউল আদায় হইয়াছিল;

(খ) ঐ সকল চাউলের মধ্যে কত সরু, মাঝারী ও মোটা চাউল ছিল;

(গ) উক্ত চাউল সরকার কোথায় বণ্টন করিয়াছেন:

(ঘ) মিলগুলি উক্ত প্রকার চাউলগুলির জন্য কি হারে দাম পাইয়াছিলেন; এবং

(ঙ) সবকার কত ধান গত ১৯৬৪ সালে ঐ জেলায় লেভী সংগ্রহ করিয়া কোন্ কোন্ কলে কত করিয়া দিয়াছিলেন এবং উক্ত ধানের কত অংশ চাউল মিলগুলি সরকারের নিকট জমা দিয়াছে ?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) উহার মধ্যে একটি বৃহদাংশ কলিকাতায় সরকারী খাতে সরবরাহার্থে আনয়ন করা হয় ও উহার আর অন্য কিয়দংশ মেদিনীপুর জেলার সংশোধিত রেশন দোকান মারফৎ বিলি করা হয়।

(ঘ) ১৯৬৪ সালের মূল্য নিয়ন্ত্রণ আদেশানুযায়ী নির্দিষ্ট হারেই মিলগুলি উক্ত প্রকার চাউলের দাম পাইয়াছিলেন।

(ঙ) ১৯৬৪ সালে মেদিনীপুর জেলায় লেভী প্রথায় কোন ধান্য সংগ্রহ করা হয় নাই তবে বে-আইনী মজুতদারের নিকট হইতে ধান্য রিকুইজিশন করিয়া চাউলকলসমূহকে সরবরাহ করা হইয়াছিল। এই স্টকের কত অংশ চাউলকলের নিকট হইতে পাওয়া গিয়াছে তাহার বিবরণ লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

Wholesalers of Sugar, Atta and Rice in Ranaghat subdivision

1387. (Admitted question No. 3023.) **Shri Gour Chandra Kundu.** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) the names of the wholesalers of sugar, atta and rice at Ranaghat subdivision in Nadia;

(b) quantity of rice which have been brought by different businessmen from Burdwan, Birbhum, Midnapore and Bankura districts at Ranaghat subdivision in Nadia through the permits issued by District Controller, Nadia, and the names of these businessmen to whom these permits were issued;

(c) quantity of rice at present stored by businessmen at Ranaghat subdivision on the strength of these permits issued by Civil Supply Department, Nadia; and

(d) how these rice are being sold to public ?

The Minister for Food and Supplies: (a) Statements showing the names of wholesalers are laid on the Library Table.

(b) Statements showing the quantity of rice brought and the names of businessmen are laid on the Library Table.

(c) No rice has been stored with the wholesalers but allotments are being made chronologically.

(d) Rice is being sold to the public through M. R. Dealers in M. R. scale and also by the retailers of Ranaghat Municipality to the Ration Card holders of Ranaghat Municipality and adjacent anchals at the rate of 1 Kg. per unit maximum 5 Kgs. per week.

Grants Paid to Colleges in Midnapore district

1388. (Admitted question No. 3061.)

শ্রীঅনঙ্গমোহন দাস : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ কলেজ ১৯৬৩-৬৪ সালে কি কি বাবদ কত টাকা সরকার হইতে পাইয়াছে; এবং

(খ) ঐ সকল কলেজের প্রত্যেকটিতে উক্ত সনে কতজন ছাত্রছাত্রী অধ্যয়ন করিত ?

The Minister for Education:

(ক) এবং (খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপিত করা হইল।

Expenditure for Tribal welfare in the Blocks of Gopiballavpur and Nayagram police-station, Midnapore

1389. (Admitted question No. 3287.)

শ্রীদেবনাথ হাঁসদা : আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে আদিবাসিদের কল্যাণের জন্য মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় কোন্ উন্নয়ন ব্লকে কোন্ খাতে কত টাকা ব্যয় বরাদ্দ করা হইয়াছিল; এবং

(খ) কোন্ খাতে কত টাকা খরচ করা হইয়াছে ?

The Minister of State for Tribal Welfare:

(ক) এবং (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

Grant of money to Contai Sevasangha for Earthenware and Oil industry

1390. (Admitted question No. 1282.)

শ্রীসুধীরচন্দ্র দাস : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের ১৭ই আগস্ট তারিখের ৬৭৭ নং অতারকা চিহ্নিত প্রশ্নের উত্তর উল্লেখ জানাইবেন কি, মৃৎশিল্পের নামে কি কি কাজ কোথায় হইতেছে এবং কি কি কাজে বর্তমানে কত টাকা খাটিতেছে;

(খ) মৃৎশিল্পের নামে যে দশ হাজার টাকা দান দেওয়া হইয়াছে তাহা কি কি কাজে কত ব্যয় হইয়াছে;

(গ) ঐ ব্যাপারে লাভ হইয়াছে না ক্ষতি হইয়াছে এবং লাভ হইয়া থাকিলে উহার পরিমাণ কি এবং ক্ষতি হইয়া থাকিলে উহার পরিমাণ কি;

(ঘ) ঐ মৃৎশিল্পের নামে যে টাকা ঋণ দেওয়া হইয়াছে তাহার কত টাকা এ পর্যন্ত উক্ত প্রতিষ্ঠান পরিশোধ করিয়াছে;

(ঙ) তৈলশিল্পের বাবতে যে ৩,২০০ টাকা রিবেট ১৯৬১-৬২ সালে দেওয়া হইয়াছে তাহা কত মণ তৈলের উপর এবং ঐ তৈল সেবাসংঘের নিজস্ব ঘানি হইতে উৎপন্ন হইয়াছে না তেলিদের নিকট হইতে আনা হইয়াছে;

(চ) সেবাসংঘের নিজস্ব ঘানি হইতে উৎপন্ন কত এবং তেলিদের নিকট হইতে সংগৃহীত কত?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) মনোহরচক গ্রামে টাইল ও ইট তৈয়ারী হইতেছে। কি কি কাজে কত টাকা খাটিতেছে তাহা নিম্নে দেওয়া হইল—

		টাকা
যন্ত্রপাতি ও সরঞ্জাম বাবত	...	৭,০০০
জল সরবরাহ বাবত	...	১,০০০
ভাটি ও সরঞ্জাম বাবত	...	১,০০০
কারখানা ঘর বাবত	...	৬,০০০
মাটি ক্রয় বাবত	...	১,২৫৫
জ্বালানী বাবত	...	৮,৭১৫
মিস্ত্রি ও শ্রমিকের বেতন	...	২,৮২০
কেরাণী ও সুপারভাইজারের বেতন ও নৈমিত্তিক খরচ	...	৩,২৬০
মোট	...	৩১,০৫০

(খ) যন্ত্রপাতি ও সরঞ্জাম বাবত	...	৩,৫০০
জল সরবরাহ বাবত	...	৫০০
ভাটি ও সরঞ্জাম বাবত	...	৫০০
কারখানা ঘর	...	৩,০০০
নৈমিত্তিক (কনটিনজেন্সি) বাবত	...	৮০০
সুপারভাইজারের বেতন	...	১,৪৪০
কেরাণীর বেতন বাবত	...	১,০২০
মোট	...	১০,৭৬০

(গ) লাভ হইয়াছে। লাভের পরিমাণ ৬,২১৪·৫১ পয়সা।

(ঘ) ৭,০০০ টাকা।

(ঙ) ১,৩৯৬ মণ ১৫ সের ২ ছটাক তৈলের উপর ২,৫৬০·৬৭ পয়সা রিবেট ও বাকী ৬৪০ টাকা ম্যানেজমেন্ট গ্রান্ট হিসাবে দেওয়া হইয়াছে। সেবাসংঘের নিজস্ব ঘানি হইতে ও তেলিদের নিকট হইতে ঐ তৈল সংগ্রহ করা হইয়াছে।

(চ) সেবাসঙ্ঘের নিজস্ব উৎপাদন ২২০ মণ ১৭ সের এবং তেলিদের নিকট হইতে সংগৃহীত হইয়াছে ১,১৪৮ মণ ৩৮ সের ২ ছটাক।

(ছ) ঐ তেলিদের নাম ও ঠিকানা কি এবং প্রত্যেকের নিকট হইতে কত তেল সংগৃহীত হইয়াছে।

তেলিদের নাম ও ঠিকানা		সংগৃহীত তেলের পরিমাণ		
		মণ	সের	ছটাক
(১) শ্রীহরিপদ সাহু, সাবদা, থানা কন্টাই ..	..	১১৭	৩০	০
(২) শ্রীপিতাম্বর সাহু, সাবদা, থানা কন্টাই ..	..	১১২	৯	০
(৩) শ্রীউপেন্দ্র নাথ সাহু, কুশবনী থানা কন্টাই ..	..	১০৩	৩৮	০
(৪) শ্রীনগেন্দ্র নাথ সাহু, কুশবনী, থানা কন্টাই	..	১০৯	৩৮	১০
(৫) শ্রীহরিপদ সাহু, বালানবাড়িয়া, থানা কন্টাই	..	১০২	১৫	১০
(৬) শ্রীব্রজমোহন সাহু, হাইপুর, থানা কন্টাই ..	..	১০৩	৫	০
(৭) শ্রীনীলকণ্ঠ সাহু, বাদলপুর, থানা কন্টাই ..	..	১০৪	৯	০
(৮) শ্রীহরনারায়ণ সাহু, বারানী, থানা কন্টাই ..	..	১১২	২৭	০
(৯) শ্রীসাধুচরণ সাহু, পাথরঘাটা, থানা কন্টাই ..	..	১০৯	৩০	০
(১০) শ্রীগোবিন্দ সাহু, কালীনজায়া, থানা কন্টাই	..	১১৩	২৮	৪
(১১) শ্রীবসন্ত কুমার সাহু, কুশবনী, থানা কন্টাই	..	৫৯	৭	১০
মোট	..	১,১৪৮	৩৮	২

Technical sections attached to High or Junior High Schools

1391. (Admitted question No. 1440.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state -

(a) what is meant by a Technical Section attached to High or Junior High Schools;

(b) what is the prescribed course and duration of training in such High Schools;

(c) what are the pre-requisite conditions for obtaining sanction of such a Technical Section;

(d) whether such institutions are paid any grant or subsidy annually or otherwise and if so, on what terms? How the grant or subsidy are determined;

(e) whether such technical section maintains any account separate from account of the school; and

(f) who inspects the working of such sections and at what intervals?

The Minister for Education: (a) There is no Technical Section attached to High or Junior High Schools.

(b) to (f) Does not arise.

Expenditure towards education of scheduled castes

1392. (Admitted question No. 1716.)

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডল: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তপশীলী সম্প্রদায়ের শিক্ষা ব্যবস্থার **জন্য পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৩-৬৪** সালে কত টাকা ব্যয়-বরাদ্দ করিয়াছিলেন;

(খ) এ বরাদ্দ অর্থের মধ্যে কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(গ) ঐ বরাদ্দকৃত অর্থের মধ্যে বীরভূম জেলায় কত টাকা দেওয়া হইয়াছিল ও খরচ করা হইয়াছিল ?

The Minister for Education:

(ক) ১৯৬৩-৬৪ সালে তপশীলী সম্প্রদায়ের শিক্ষা ব্যবস্থার জন্য পশ্চিমবঙ্গ শিক্ষা বিভাগের বাজেটে ৮,০৬,৭৮১ টাকা বরাদ্দ ছিল।

(খ) এই বরাদ্দ অর্থের সমস্তই ব্যয় হইয়াছে।

(গ) বরাদ্দকৃত অর্থের মধ্যে বীরভূম জেলায় ১০,৪৩০ টাকা দেওয়া হইয়াছিল।

T.A., D.A. drawn by Banduan Block Officer, Purulia

1393. (Admitted question No. 1808.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বান্দোয়ান ব্লক অফিসার ১৯৬০ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কত টাকা টি এ, ডি এ এবং অন্যান্য খরচ সরকারী তহবিল হইতে গ্রহণ করিয়াছেন; এবং

(খ) উক্ত সময়ে কোন্ বৎসর উক্ত ব্লকের জীপের জন্য কত টাকার পেট্রোল, মবিল ও মেরামতি বাবদ খরচ হইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬০-৬১ আর্থিক বৎসর হইতে ১৯৬৪-৬৫ আর্থিক বৎসর (ফেব্রুয়ারি ১৯৬৫) পর্যন্ত বান্দোয়ান ব্লক উন্নয়ন আধিকারিকের টি এ, ডি এ এবং অন্যান্য খরচ বাবদ মোট ৩২২০·৯০ পয়সা ব্যয় হইয়াছে।

(খ) ব্লকের জীপের জন্য বিভিন্ন বৎসরে পেট্রল, মবিল ও মেরামতি বাবদ ব্যয়ের হিসাব নিম্নে দেওয়া হইল:

আর্থিক বৎসর ও ব্যয় (টাকা)

১৯৬০-৬১	—
১৯৬১-৬২	৮৮৯·৩৫।
১৯৬২-৬৩	৩,৯১৬;৬৭।
১৯৬৩-৬৪	১,৪২১·০০।
১৯৬৪-৬৫ (ফেব্রুয়ারি ১৯৬৫ **পর্যন্ত**)	৩,১৬৮·৪২।

Government vested lands in Midnapore district

1394. (Admitted question No. 1834.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী উচ্ছেদ আইন বলবত হওয়ায় মেদিনীপুর জেলার খড়্গপুর থানা, পিংলা থানা, নারায়ণগড় থানা এবং কেশিয়ারী থানায় কত আবাদী, অনাবাদী, এবং আবাদ যোগ্য পতিত জমি সরকার পাইয়াছেন;

(খ) ঐ সমস্ত থানায় কি প্রকারের কত জমি স্থায়ীভাবে এবং কত জমি অস্থায়ীভাবে ভূমিহীন বা গরীব কৃষকদের বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

(গ) ইহা কি সত্য যে গরীব এবং ভূমিহীন কৃষককে অস্থায়ী বন্দোবস্ত দেওয়া জমি অন্য কৃষককে নূতনভাবে বন্দোবস্ত দেওয়া হইয়াছে;

(ঘ) সত্য হইলে, এই নূতনভাবে অন্যজনকে বন্দোবস্ত দেওয়ার কারণ কি এবং ঐ জেলায় কয়টি ক্ষেত্রে এরূপভাবে অন্যজনকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে; এবং

(ঙ) ঐ সমস্ত থানায় রাজস্ব বাবদ কত টাকা এবং জলকর বাবদ কত টাকা আদায় হয়?

The Minister for Land and Land Revenue:

(ক) একর হিসাবে সরকার কর্তৃক গৃহীত জমি নিম্নরূপ—

থানার নাম, আবাদী, অনাবাদী ও আবাদযোগ্য পতিত

(১) খড়্গপুর, ২,৬৩৯, ৮৩৯, ৩,৫৮৩।

(২) পিংলা, ৫৮৬, ৫০১, ১১২।

(৩) নারায়ণগড়, ৫,০২০, ৯,১৪৪, ১,২৬০।

(৪) কেশিয়ারী, ৮০০, ৩,১৪৩, ৫২০।

(খ) স্থায়ীভাবে কোন বন্দোবস্ত দেওয়া হয় নাই। অস্থায়ীভাবে বন্দোবস্ত দেওয়া জমি নিম্নরূপঃ

থানা ও অস্থায়ী জমি

(১) খড়্গপুর—২,১৩৪ একর।

(২) পিংলা—৭৩৮ একর।

(৩) নারায়ণগড়—৪,৮০০ একর।

(৪) কেশিয়ারী—৭৪৪ একর।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) ১৯৬৪-৬৫ আদায় নিম্নরূপঃ

রাজস্ব বাবদ—১০,৯২,৫৭৬ টাকা।

জলকর বাবদ—১,৪৮,৬৮৪ টাকা।

Egra Co-operative Marketing Society, Midnapore

1395. (Admitted question No. 1932.)

শ্রীহৃষীকেশ চক্রবর্তীঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার মেদিনীপুর জেলায় এগরা সমবায় বিপণন সমিতিকে বর্তমান বৎসর ধান্য ক্রয়ের ক্ষমতা দিয়াছেন কি;

(খ) ধান্য ক্রয় করিবার জন্য তাহার আর্থিক সংগতি কি আছে এবং সরকার বর্তমান বছর তাহাকে আর্থিক সংগতি বৃদ্ধির কি ব্যবস্থা করিয়াছেন;

(গ) তাহার ধান্য ক্রয় করিবার কোন্ কোন্ সংস্থান নির্দিষ্ট আছে;

(ঘ) ইহা কি সত্য যে, এই সমিতি ক্রীত ধান্য সোজাসুজি সরকারকে সরবরাহ করে না; এবং

(ঙ) বর্তমান বছর এই সমিতি এ পর্যন্ত কত ধান্য ক্রয় করিয়াছে ও কাহাকে কত সরবরাহ করিয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) না। ঐ নামে মেদিনীপুর জেলায় কোন সমবায় সমিতি নাই।

(খ), (গ), (ঘ) এবং (ঙ) প্রশ্ন উঠে না।

Salaries of teachers of Purulia Middle Schools

1396. (Admitted question No. 2347.)

শ্রীকান্দুর মাঝিঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলা পরিষদ পরিচালিত মিডল স্কুলগুলির শিক্ষকগণের মাহিনা প্রাইমারী স্কুলের শিক্ষকগণের মাহিনা অপেক্ষা কম;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং ইহা দূর করিবার জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি; এবং

(গ) উক্ত মিডল স্কুলের শিক্ষকদের বেতনের হার বর্ধিত করার বিষয়ে সরকার কোন চিন্তা করিতেছেন কি না?

The Minister for Education:

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) উক্ত জেলা পরিষদ পরিচালিত মিডল স্কুলের শিক্ষকদের বেতনের হার বর্ধিত করার দায়িত্ব জেলা পরিষদের।

Roads for Malda district

1397. (Admitted question No. 1398.)

শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনায় মালদহ জেলায় মঞ্জুরীকৃত সড়কের নাম কি;

(খ) উক্ত রাস্তাগুলির কাজ আরম্ভ হইয়াছে কিনা; এবং

(গ) আরম্ভ না হইয়া থাকিলে কত দিনের মধ্যে কাজ আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) (১) পুরানো মালদহ মিউনিসিপ্যালিটি হইতে জাতীয় সড়ক ৩৪ পর্যন্ত পৌর প্রতিষ্ঠানের সংযোগকারী রাস্তার সম্প্রসারিত অংশের উন্নয়ন।

(২) মুচিয়া-সিঙ্গাবাদ রাস্তা।

(৩) রাতুয়া-ভালুকা রাস্তা।

(৪) কালিয়াচক--নিয়ামতপুর রাস্তা।

(৫) মহানন্দাঘাট-সামজী রাস্তা।

(৬) মালদহ-বুলবুলচণ্ডী রাস্তা।

(৭) তুলসীহাটা-কুমদা রাস্তা।

(৮) ভালুকা রোড রেল স্টেশন হইতে হরিশ্চন্দ্রপুর পর্যন্ত রাস্তা।

(৯) বুলবুলচণ্ডী-কাতলাপুকুর।

(১০) পুঘুরিয়া ফেরীঘাট হইতে কুমারগঞ্জ রেল স্টেশন পর্যন্ত রাস্তা।

(১১) শেখপুর হইতে কুমারগঞ্জ রেল স্টেশন পর্যন্ত রাস্তা।

(১২) বৈষ্ণব নগড়-জলদহী।

(১৩) সদুল্লাপুর-মেহেরপুর।

(খ) রাস্তা নির্মাণের জন্য মালমসলা সংগ্রহের কাজ আরম্ভ হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

Aids to Scheduled Castes and Tribes for house construction

1398. (Admitted question No. 2402.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় ১৯৬২ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত কোন্ কোন্ উন্নয়ন ব্লকে তফ্সিল জাতি ও উপজাতিদের কোন্ কোন্ গ্রামে কতজন ব্যক্তিকে কত টাকা খরচে গৃহ নির্মাণ করিয়া দেওয়া হইয়াছে; এবং

(খ) বর্তমানে উক্ত গৃহগুলি সংস্কারের জন্য সরকারের কোন প্রস্তাব আছে কি?

The Minister of State for Tribal Welfare:

(ক) একটি বিবরণী এতৎসহ পেশ করা হইল।

(খ) না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1398.

বৎসর	ব্লক	গ্রাম	গৃহনির্মাণের জন্য সাহায্য প্রাপ্ত ব্যক্তির সংখ্যা — আদিবাসী	তফসিলী	সাহায্যের পরিমাণ। — আদিবাসী	তফসিলী
					টাকা	
১৯৬১-৬২ ..	হরিশ্চন্দ্রপুর ..	ওয়ারী ..	৫	..	২,৫০০	..
	বামনগোলা ..	দোগাছী ..	১০	..	৫,০০০	..
১৯৬২-৬৩ ..	ইংরেজ বাজার	গোবিন্দপুর .. কৃষ্ণপুর ..	১৫	..	৭,০০০	..

১৯৬৩-৬৪ এই বৎসর কোন সাহায্য দেওয়া হয় নি।

Small savings in West Bengal

1399. (Admitted question No. 2530.)

শ্রীসনৎকুমার রাহাঃ অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে পশ্চিমবঙ্গে যথাক্রমে কত টাকা স্বল্প সঞ্চয় সংগৃহীত হয় এবং কোন্ জেলায় কত?

Minister for Finance:

উক্ত তিন বৎসরে সমগ্র পশ্চিমবঙ্গে স্বল্প সঞ্চয়ে সংগৃহীত টাকার নীট পরিমাণ নিম্নে প্রদত্ত হইলঃ—

১৯৬১-৬২—১১·৬৭ কোটি টাকা।

১৯৬২-৬৩—১৩·৬৯ কোটি টাকা।

১৯৬৩-৬৪—২০·৯১ কোটি টাকা।

উক্ত টাকার কত কোন্ জেলায় সংগৃহীত হইয়াছে তাহার কোন পৃথক সম্পূর্ণ ও পরীক্ষিত হিসাব পাওয়া যায় নাই। বিভিন্ন জেলার পোস্ট-অফিস হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের আঞ্চলিক স্বল্প সঞ্চয় সংস্থা যে জেলাওয়ারী স্বল্প সঞ্চয় সংগ্রহের পরিসংখ্যান প্রস্তুত করেন তাহা অসম্পূর্ণ ও অপরীক্ষিত। এই পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হইলঃ—

(হাজার টাকার অংকে)

		১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
১।	কলিকাতা	৪,৮০,৮২	৫,৬৭,৯৭	৮,৮১,৫৭
২।	২৪-পরগণা	১,২৪,৫৪	৮০,৩১	১,০৩,৯৩
৩।	নদীয়া	৪৬,২৯	৪৫,৬২	২১,৪১
৪।	মুর্শিদাবাদ	২০,৭৩	২৪,২৪	১৬,৫৩
৫।	হাওড়া	৬৬,৪৪	৪৫,০৪	৬৪,১৩
৬।	হুগলী	৪৯,২৮	৫৬,৭৭	৫৮,৭৯
৭।	বাঁকুড়া	২১,৯৫	২১,০১	৩২,৪১
৮।	বৰ্দ্ধমান	৭৪,৭০	১,১৩,৪১	১,৬৪,৫৬
৯।	মেদিনীপুর	৬৬,৪৪	৪৯,৯০	৭৩,৬৫
১০।	বীরভূম	১৭,৭১	২৭,২০	২৫,২১
১১।	পুরুলিয়া	৯,২১	১০,৩৫	১১,৬০
১২।	দার্জিলিং	২৬,২৭	৮,৯২	২৩,০৫
১৩।	কুচবিহার	৭,৯৮	৭,০৫	৫৯
১৪।	জলপাইগুড়ি	১৯,৯৫	১৬,৬৯	১৭,১৭
১৫।	মালদহ	৯,৬৭	১২,৩৯	১৬,১৯
১৬।	পশ্চিম দিনাজপুর	৯,০২	৮,৫৯	৭,১৭

Age of superannuation of Municipal Primary School Teachers

1400. (Admitted question No. 2724.)

শ্রীরাধিকা ধীবর: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের কার্যকালের বয়ঃসীমা কত বৎসর পর্যন্ত ধার্য হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে মিউনিসিপ্যালিটির অধীন শিক্ষক মহাশয়দের প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুয়িটি বা পেনসেনের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নাই এবং উক্ত বিদ্যালয়গুলি অবৈতনিক হয় নাই; এবং

(গ) সত্য হইলে, উক্ত বয়ঃসীমা অতিক্রম হইবার পর ঐ সকল বয়স্ক শিক্ষকদের জীবিকা অর্জনের জন্য কোন এককালীন অর্থ সাহায্য বা পেনসনের ব্যবস্থা সরকার স্থির করিয়াছেন কিনা?

The Minister for Education:

(ক) মিউনিসিপ্যালিটির অধীনস্থ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য সরকার কর্তৃক কোন নিয়ম বিধিবন্ধ নাই। মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষই তাঁহাদের নিয়োগাধীন শিক্ষকগণের কার্যকালের বয়ঃসীমা নির্ধারণ করেন।

(খ) মিউনিসিপ্যালিটির অধীনস্থ শিক্ষকগণ মিউনিসিপ্যালিটির অন্যান্য কর্মীদের মত সুযোগ ও সুবিধা পাইবার অধিকারী, মিউনিসিপ্যাল কর্মচারীরা প্রভিডেন্ট ফান্ডের সুযোগ-সুবিধা পাইয়া থাকেন, কিন্তু সকল মিউনিসিপ্যালিটিতে গ্র্যাচুয়িটি পান না এবং তাঁহারা পেনসন পান না। মিউনিসিপ্যালিটি পরিচালিত সকল প্রাথমিক বিদ্যালয়ই অবৈতনিক।

(গ) এরূপ কোন প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন নাই।

Hotels and Restaurants in Midnapore town

1401. (Admitted question No. 2745.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মেদিনীপুর সহরে কতগুলি হোটেল ও রেস্টুরেন্ট আছে; এবং তাহাদের [illegible] দৈনিক কত ঘণ্টা করিয়া কাজ করিতে হয়?

The Minister for Labour:

মেদিনীপুর শহরে হোটেল ও রেস্টুরেন্টের সংখ্যা নিম্নরূপ:

(১) হোটেল—২৬টি।

(২) রেস্টুরেন্ট—২১টি।

১৯৬৩ সালের দোকান ও সংস্থা আইন অনুসারে সাধারণভাবে এই সমস্ত কর্মচারীদের দৈনিক সর্বোচ্চ সাড়ে আট ঘণ্টার বেশী কাজ করান যায় না।

Permanent Office accommodation of Dudhkundi Anchal Panchayat in Jhargram Block, Midnapore. .. ...

1402. (Admitted question No. 2774.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম ব্লকের দুধকুণ্ডি অঞ্চল পঞ্চায়েতের স্থায়ী অফিস গৃহের স্থান বালিভাষা গ্রামে নির্বাচন করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে উক্ত স্থানকে অফিস গৃহ নির্মাণের স্থান হিসাবে নির্বাচন করিবার কারণ কি এবং কি কি বিষয় বিবেচনা করিয়া ঐ স্থানকে নির্বাচন করা হইয়াছে?

The Minister of State for Panchayats:

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েতের ২৭এ ফেব্রুয়ারী ১৯৬৪ তারিখের প্রস্তাব অনুসারে উ স্থানকে অফিসগৃহ নির্মাণের স্থান হিসাবে অঞ্চল পঞ্চায়েত নির্বাচন করিয়াছে। উহার জন সরকারের নিকট কোন অর্থ সাহায্য চাওয়া হয় নাই। নির্বাচনের পক্ষে কোন যুক্তি প্রস্তা উল্লেখ করা হয় নাই। শুধু ইহা বিশেষভাবে উল্লেখ করা হইয়াছে যে বালীভাষাতে অফিসগৃ নির্মাণের জন্য প্রধান শ্রীযুক্ত জগন্নাথ মেহরা প্রয়োজনীয় জায়গা দান করিবেন বলিয়া প্রতিশ্রু দিয়াছেন। (প্রস্তাবের একটি নকল সঙ্গে দেওয়া হইল)।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 140

অদ্য ২৭-২-৬৪ তারিখ বৈকাল চার ঘটিকার সময় শ্রীযুক্ত জগন্নাথ মেহরা মহাশয়ের সভা পতিত্বে অঞ্চল পঞ্চায়েতের অফিসে বালীভাষাতে অত্র অঞ্চল পঞ্চায়েতের এক অধিবেশন হয়

অদ্যকার সভায় গত ২০-২-৬৪ তারিখে সভার কার্যবিবরণী পড়িয়া শুনান হইল এবং কার্য করী করা হইল।

উপস্থিত সভ্যগণ

(১) শ্রীজগন্নাথ মেহরা—দুধকুণ্ডি অঞ্চল পঞ্চায়েত (প্রধান)।
(২) শ্রীমহেন্দ্রনাথ মাহাত—উপ-প্রধান।
(৩) শ্রীবিপিন মাহাত—মেম্বার।
(৪) শ্রীসুরেন্দ্রনাথ মাহাত—মেম্বার।
(৫) শ্রীশচীন্দ্রনাথ মাহাত—অধ্যক্ষ, বারডাঙ্গা গ্রাম পঞ্চায়েত।
(৬) শ্রীবৈকুণ্ঠনাথ মাহাত—অধ্যক্ষ, দুধকুণ্ডী গ্রাম পঞ্চায়েত।
(৭) শ্রীআশুতোষ মাহাত—অধ্যক্ষ, বলদমরা গ্রাম পঞ্চায়েত।
(৮) শ্রীবাউরীদাস মাহাত—অধ্যক্ষ, হরিমাধরা গ্রাম পঞ্চায়েত।
(৯) শ্রীউমাচরণ মাহাত।

অদ্যকার সভায় দুধকুণ্ডী অঞ্চল পঞ্চায়েতের অফিসগৃহ নির্মাণ সম্বন্ধে আলোচনা হয় এবং স্থির হয় যে বালীভাষাতে একটি পঞ্চায়েতের অফিসগৃহ নির্মাণ করা হইবে। তাহাতে আনুমানিক খরচ পড়িবে ১,০০০ টাকা। তৎপর অফিসের কাগজ পত্রাদি রাখিবার জন্য আলমারী খরিদ সম্পর্কে আলোচনা হয়। এবং ইহাতে খরচ পড়িবে ৩০০ টাকা। বালীভাষাতে অফিস-গৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় জায়গা শ্রীযুক্ত জগন্নাথ মেহরা মহাশয় দান করিবেন বলিয়া প্রতিশ্রুতি দেন। অঞ্চল পঞ্চায়েত ফান্ডে যে টাকা জমা রহিয়াছে, তাহার দ্বারা অফিসগৃহ নির্মাণ ও আলমারী খরিদ করা হইবে। বালীভাষা ক্লাবের পূর্বদিকে স্থান নির্বাচন করা হইল। উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হইল; তারপর সভাপতি মহাশয়কে ধন্যবাদ দিয়া সভার কার্য শেষ করা হইল।

স্বাক্ষর ঃ

(১) শ্রী জে মেহরা, ২৭-২-৬৪।
(২) শ্রীমহেন্দ্রনাথ মাহাত।
(৩) শ্রীসুরেন্দ্রনাথ মাহাত।
(৪) শ্রীবৈকুণ্ঠনাথ মাহাত।
(৫) শ্রীশচীন্দ্রনাথ মাহাত।
(৬) শ্রীবিপিনচন্দ্র মাহাত।
(৭) শ্রীআশুতোষ মাহাত।
(৮) শ্রীউমাচরণ মাহাত।

Roads in Murshidabad district

1403. (Admitted question No. 2788.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে মোট কয় মাইল, (১) পাকা, এবং (২) কাঁচা রাস্তা আছে;

(খ) ঐ জেলায় ১৯৪৮ সালে কোন প্রকার রাস্তা কত মাইল ছিল; এবং

(গ) আগামী আর্থিক বৎসরে (১৯৬৫-৬৬ সালে) কোন কাঁচা রাস্তাকে পাকা করিবার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কি না?

The Minister for Public Works (Roads):

(ক) (১) ৫৬০·১২ মাইল পাকা রাস্তা, এবং (২) ১৭৩৮·৪৪ মাইল কাঁচা রাস্তা।

(খ) (১) ১৫৪·৩৭ মাইল পাকা রাস্তা, এবং (২) ১৭২৪·১৪ মাইল কাঁচা রাস্তা।

(গ) হ্যাঁ।

Panchgram-Lalbag Bus route, Murshidabad

1404. (Admitted question No. 2789.)

শ্রী[illegible] রায়: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় পাঁচগ্রাম লালবাগ রাস্তার পাবলিক বাসের স্থায়ী (পারমনেন্ট) রুট লাইসেন্স দিয়া বাস চালান বন্ধ করিয়া দিয়াছেন;

(খ) সত্য হইলে তাহার কারণ কি; এবং

(গ) বর্তমানে উক্ত রুটে স্থায়ী রুট দিবার কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Home (Transport):

(ক) ও (খ) পাঁচগ্রাম লালবাগ রুটে যে বাসটি স্থায়ী রুট লাইসেন্সে চলিত তাহার পারমিট হোল্ডার মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ সংস্থার নিকট পারমিট সমর্পণ করিয়া দিয়াছেন বলিয়া ঐ বাসটি চালান বন্ধ হইয়াছে।

(গ) রুটটিকে একটু পরিবর্ধন করিয়া লালবাগ-মোরগ্রাম ভায়া পাঁচগ্রাম রুটে স্থায়ী পারমিট দেওয়ার জন্য সাধারণের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা হইয়াছে।

Work-charged employees in the Departments of Government of West Bengal

1405. (Admitted question No. 2838.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(1) what departments under the Government of West Bengal, if any, employ work-charged employees under them;

(2) what are the present rates of wages of such work charged employees categorywise; and

(3) when were these rates of wages fixed?

The Minister for Labour:

(১) ভূমি ও ভূমিরাজস্ব বিভাগ, পূর্ত বিভাগ, বাণিজ্য ও শিল্প বিভাগ, কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগ, স্বাস্থ্য বিভাগ, সেচ ও জলপথ বিভাগ, বাস্তু বিভাগ, উন্নয়ন বিভাগ

(২) ভূমি ও ভূমিরাজস্ব বিভাগ—

কিস্তওয়ার—১০০ একরের জন্য ৭৫ টাকা।

প্যাচ কিস্তওয়ার—১০০ চেনের জন্য ৫ টাকা।

খানা পুরী—১০০ প্লটের জন্য ১২ টাকা।

বুঝারাত—১০০ প্লটের জন্য ১৫ টাকা।

এরিয়া এক্স্ট্রাকসন—হাজার প্লটের জন্য ৩ হইতে ৬ টাকা।

মিন—হাজার প্লটের জন্য ৩ হইতে ৬ টাকা।

পর্চা প্রতিলিপিকার—১০০ খতিয়ানের জন্য ৫ টাকা।

অন্যান্য বিভাগ—

দক্ষ কর্মী—সর্বনিম্ন মাসিক—১০০ টাকা হইতে সর্বোচ্চ ৪০০ টাকা।

অদক্ষকর্মী—সর্বনিম্ন মাসিক ৬০ টাকা হইতে সর্বোচ্চ ১০৫ টাকা।

(৩) বাণিজ্য ও শিল্প বিভাগের অধীন ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীতে ১৯৬২ সালে ও বারুইপুর সার্জিক্যাল ইনস্ট্রুমেন্ট ফ্যাক্টরীতে ১৯৬৪ সালে এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগে ১৯৬৫ সালে ঐ বেতন পুনর্নির্ধারিত হইয়াছে। অন্যান্য বিভাগে ইহা পশ্চিমবঙ্গ চাকুরী (বেতন ও ভাতা পুনর্নির্ধারণ) নিয়মাবলী অনুযায়ী ১৯৬১ সালের ১লা এপ্রিল পুনর্নির্ধারিত হয়।

Thanawise Ration Cards issued in Midnapore Sadar subdivision

1406. (Admitted question No. 2844.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়া: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সদর মহকুমার কোন্ থানায় কত রেশন কার্ড দেওয়া হইয়াছে এবং আর কত রেশন কার্ড দিতে হইবে; এবং

(খ) যাহাদের রেশন কার্ড নাই তাহাদের রেশন কার্ড দেওয়ার কি ব্যবস্থা হইতেছে?

The Minister for Food and Supplies:

(ক) গত ৩-৪-৬৫ তারিখ পর্যন্ত ঐ জেলায় সদর মহকুমায় মোট ১,৫৮,৭৫৭টি রেশন কার্ড দেওয়া হইয়াছে; এবং ঐ মহকুমায় সকল পরিবারই যদি রেশনকার্ড লইতে চাহেন তবে আরও প্রায় ১,১৭,০০০টি কার্ড দিতে হইবে। ৩-৪-৬৫ তারিখ পর্যন্ত বিলীকৃত রেশনকার্ডের বিশদ বিবরণ এতৎসহ সংযোজিত একটি বিবরণীতে পেশ করা হইল।

(খ) যাহাদের রেশন কার্ড নাই আবেদন করিলেই তাহারা উহা পাইতে পারেন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1406.

Thana-wise statement showing number of Ration Cards issued in Midnapore Sadar Subdivision

Serial No.	Name of P. S.	No. of Ration Cards issued up-to-date. (i. e. up to 3-4-65).	Remarks.
1	2	3	
1.	Kotwali	19,458	
2.	Salbani	7,400	
3.	Garbeta	17,800	
4.	Keshpur	10,550	
5.	Debra	14,800	
6.	Kharagpur	44,400	
7.	Narayangarh	13,949	
8.	Dantan	5,750	
9.	Mohanpur	4,800	
10.	Keshiari	4,750	
11.	Sabang	6,500	
12.	Pingla	8,600	
	Total	1,58,757	

Refugee families in Midnapore district

1407. (Admitted question No. 2907.)

শ্রীঅনঙ্গমোহন দাস: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ মহকুমায় কতগুলি উদ্বাস্তু পরিবার বাস করেন;

(খ) তাঁহাদের মধ্যে কতজন পাঁচ বৎসরের ঊর্ধ্বকাল বাস করিতেছেন;

(গ) উহাদের মধ্যে কতগুলি কৃষিজীবী ও কতগুলি মৎস্যজীবী আছে;

(ঘ) উহাদের প্রত্যেককে গৃহনির্মাণের জন্য ও জমি ক্রয়ের জন্য টাকা দেওয়া হইয়াছে কিনা; এবং

(ঙ) যদি "ঘ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে কতজনকে মোট কত টাকা ঋণ বা দান হিসাবে দেওয়া হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) ১৯৫৫ সালের পর কোন উদ্বাস্তু সমারী হয় নাই। তবে জেলা শাসকের মতে বর্তমানে উদ্বাস্তু পরিবারের বৃত্তান্ত এইরূপ—

সদর (উত্তর) মহকুমায়—২,৮৬৫ পরিবার

সদর (দক্ষিণ) মহকুমায়—৩,১৭৮ পরিবার

ঘাটাল মহকুমায়—৭৮ পরিবার

তমলুক মহকুমায়—৪৭৮ পরিবার

ঝাড়গ্রাম মহকুমায়—১,৩১৮ পরিবার

কাঁথি মহকুমায়—২২৮ পরিবার।

(খ) ৭,৮৭২টি পরিবার।

(গ) কৃষিজীবী পরিবারের সংখ্যা ৬,৪৭২। কোন উদ্বাস্তু মৎস্যজীবী পরিবার মেদিনীপুর জেলায় বসতি স্থাপন করেন নাই।

(ঘ) হ্যাঁ।

(ঙ) ৬,৪৭২ পরিবারকে মোট ৭৫,৭৬,১৫০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

Supply of Sugar in Ranaghat Subdivision

1408. (Admitted question No. 2919.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রানাঘাট মহকুমায় ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত মোট কত বস্তা চিনি পাঠানো হইয়াছে;

(খ) ১৯৬৪ সালের এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত রানাঘাট মহকুমার রেশন দোকান (এম আর সপ) মারফৎ কত চিনি দেওয়া হইয়াছে; খাবারের দোকান ও চা-এর দোকানের জন্য কত চিনি দেওয়া হইয়াছে, বিশেষ পারমিট মারফৎ কত লোককে চিনি দেওয়া হইয়াছে; এবং

(গ) রানাঘাট মহকুমায় কতজন চিনির হোলসেলার আছেন, রানাঘাট শহরে এবং শান্তিপুর শহরে মোট কতজন চিনির হোলসেলার আছেন?

The Minister for Food and Supplies:

(ক) ১৯৬৪ সালে—২৬,৭৮৫ কুইন্টল

১৯৬৫ সালে— ৬,৯৪০ কুইন্টাল

৩৩,৭২৫ কুইন্টল

(খ) ১৯৬৪ সালে রেশন দোকান মারফৎ ২০,৮৫৫ কুইন্টাল চিনি দেওয়া হইয়াছে এবং ১৯৬৫ সালে ৫,৭৯৪ কুইন্টাল। ১৯৬৪ সালে খাবার ও চা-এর দোকানে ৭,০১৫ কুইন্টাল এবং ১৯৬৫ সালের ৩১এ মার্চ পর্যন্ত ১,৩৩০ কুইন্টাল চিনি দেওয়া হইয়াছে। বিশেষ পারমিট মারফৎ ১৯৬৪ সালে ১৩১ কুইন্টাল ৬৭ কেজি ৫০০ গ্রাম এবং ১৯৬৫ সালে বর্তমান সময় পর্যন্ত ২১ কুইন্টাল ৯৭ কেজি চিনি দেওয়া হইয়াছে। ১৯৬৪ সালে বিশেষ পারমিট প্রাপ্ত লোকের সংখ্যা ১২,২৯৫ এবং ১৯৬৫ সালে ২,২১৭ জন।

(গ) রানাঘাট মহকমায় মোট ১০ জন চিনির হোলসেলার আছেন। রানাঘাট শহরে ৫ জন এবং শান্তিপুর শহরে ২ জন চিনির হোলসেলার আছেন।

M.R. Shops and Ration Card Holders in Ranaghat Subdivision, Nadia

1409. (Admitted question No. 2920.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট মহকুমায় কত এম আর সপ আছে;

(খ) জনসংখ্যা অনুযায়ী এম আর সপ-এর সংখ্যা বাড়াইবার কথা সরকার বিবেচনা করিতেছেন কি;

(গ) রানাঘাট মহকুমায় মোট রেশনকার্ড হোল্ডারের সংখ্যা কত? ইউনিট সংখ্যা কত? সহরে কত ও গ্রামে কত? কত 'ক' শ্রেণী, কত 'খ' শ্রেণী ও কত 'গ' শ্রেণী? রেশনকার্ডের জন্য কত দরখাস্ত এখনও রানাঘাট এস, সি, অফিসে পেন্ডিং আছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (গ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) প্রয়োজন হইলে জেলাশাসক ও মহকুমাশাসকগণ এম আর সপ-এর সংখ্যা বাড়াইতে পারেন।

Statement referred to in reply to clauses (Ka) and (Ga) of unstarred question No. 1409.

Figures as on 3rd April 1965

Ranaghat Subdivision

	Urban areas.		Rural areas.		Total of both.	
	No. of Ration Cards issued.	Units.	No. of Ration Cards.	Units.	No. of Ration Cards.	Units.
A Class	23,287	1,27,206½	54,447	2,80,068	77,734	4,07,274½
B Class	3,560	24,110½	22,819	1,21,583½	26,379	1,45,694
C Class	3,581	23,508	8,334	54,056	11,915	77,564
Total ..	30,428	1,74,825	85,600	4,55,707½	1,16,028	6,30,532½

Number of M. R. shops functioning as on 3rd April 1965.

Urban areas	80
Rural areas	183
Total ..	263

Introduction of free and Compulsory Primary Education in Cooch Behar district

1410. (Admitted question No. 2983.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচ বিহারের কোন্ কোন্ মহকুমায় (ঐ জেলার) প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করা হয়েছে এবং কবে থেকে; এবং

(খ) কোচবিহারের অবশিষ্ট মহকুমার কোন্‌টিতে কবে প্রাথমিক শিক্ষা অবৈতনিক করা হবে?

The Minister for Education:

(ক) ১৯৬৩ সালের ৫ই এপ্রিল হইতে প্রথম দফায় কোচবিহার জেলার নিম্নলিখিত মহকুমায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিক ভাবে চাল্‌ করা হইয়াছে: কোচবিহার সহর ব্যতীত সদর মহকুমার অবশিষ্ট সমগ্র এলাকা, দীনহাটা মহকুমার সমগ্র এলাকা এবং মেখলিগঞ্জ মহকুমার মেখলিগঞ্জ থানা।

১৯৬৪ সালের ২৪শে এপ্রিল হইতে দ্বিতীয় দফায় জেলার অবশিষ্ট নিম্নবর্ণিত গ্রামাঞ্চলে অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিক ভাবে চাল্‌ হইয়াছে—মাথাভাঙ্গা মহকুমা, তুফানগঞ্জ মহকুমা এবং মেখলিগঞ্জ মহকুমার হলদিবাড়ী থানা।

উক্ত দুই দফায় জেলার সমগ্র গ্রামাঞ্চলে অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে চাল্‌ হইয়াছে।

(খ) কোচবিহার সহরে অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে চাল্‌ করার জন্য পৌর কর্তৃপক্ষের নিকট হইতে ১৯৬৩ সালের প্রাথমিক শিক্ষা (সহরাঞ্চল) আইনের ৩নং ধারা অনুযায়ী প্রকল্প আহ্বান করা হইয়াছে। উক্ত প্রকল্প পাওয়া গেলে এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা করা হইবে।

Land Reforms Committee in Murshidabad district

1411. (Admitted question No. 2993.)

শ্রী[illegible] রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন্‌ সার্কেলে ভূমি সংস্কার কমিটির গত ১৯৬৩-৬৪ সালে কতবার মিটিং হয়; এবং

(খ) প্রত্যেক সার্কেল কমিটির অধীনে কত জমি বণ্টনের জন্য ছিল এবং কত পরিমাণ জমি বণ্টন করা হয়?

The Minister for Land and Land Revenue:

(ক) সার্কেল অনুযায়ী মিটিংএর সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:

(১) বহরমপুর সার্কেল—১৩টি।

(২) বেলডাঙ্গা সার্কেল—১টি।

(৩) নবগ্রাম সার্কেল—৫টি।

(৪) খড়গ্রাম সার্কেল—৮টি।

(৫) সাগরদীঘি সার্কেল—৯টি।

(খ) তথ্য নিম্নে প্রদত্ত হইল:

সার্কেলের নাম	বণ্টনযোগ্য জমির পরিমাণ	বণ্টিত জমির পরিমাণ
বহরমপুর	২৬৩·২১	৩৮·৬০
বেলডাঙ্গা	২২১·০০	১·৫১
নবগ্রাম	১৮০·১৩	৭৯·২৪
খড়গ্রাম	৫১৭·৮৪	৩১৬·৮৩
সাগরদীঘি	৪২৩·৬৬	৩০০·২১

Harijan Sweepers, Jamadars and Conservancy Workers employed in the Town Committees of Cooch Behar district.

1412. (Admitted question No. 3007.)

শ্রীজীবনকৃষ্ণ দে ঃ স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ, দিনহাটা, মাথাভাঙ্গা, মেখলিগঞ্জ ও হলদিবাড়ী টাউন কমিটির অধীনে কোনটায় কতজন ঝাড়ুদার, জমাদার ও ময়লা পরিষ্কারের কাজে নিযুক্ত হরিজন আছেন;

(খ) এই সব কর্মচারীদের ও মজুরদের কত বেতন, ভাতা ও ছুটি দেওয়া হয়; এবং

(গ) ইঁহাদের বাসস্থানের সুযোগ সুবিধা কিছু দেওয়া হয়ে থাকলে তার বিবরণ?

The Minister for Local Self-Government

(ক) হরিজনের সংখ্যা।

	তুফানগঞ্জ (১)	দিনহাটা (২)	মাথাভাঙ্গা (৩)	মেখলিগঞ্জ (৪)	হলদিবাড়ী (৫)
ঝাড়ুদার	১	৭	৫	..	৪
জমাদার	১	১	১	..	১
ময়লা পরিষ্কারক	১৪	১৬	১৫	৭	১৪

(খ) বেতন ও ভাতা

		তুফানগঞ্জ (১)	দিনহাটা (চ)(২)	মাথাভাঙ্গা (৩)	মেখলিগঞ্জ (৪)	হলদিবাড়ী (৫)
ঝাড়ুদার ..	বেতন	২৪	১২	২০	..	১৫
	ভাতা	৩১	২১	২১	..	৩১
	মোট	৫৫	৩৩	৪১	..	৪৬

(চ)

বেতন .. ২০

ভাতা .. ৩১

মোট .. ৫১

		তুফানগঞ্জ (১)	দিনহাটা (২)	মাথাভাঙ্গা (৩)	মেখলিগঞ্জ (৪)	হলদিবাড়ী (৫)
জমাদার ..	বেতন	২৬	২২	২২	..	২৭
	ভাতা	৩১	৩৩	৩২	..	৩১
	মোট	৫৭	৫৫	৫৪	..	৫৮

	তুফানগঞ্জ (১)	দিনহাটা (২)	মাথাভাঙ্গা (৩)	মেখলিগঞ্জ (৪)	হলদিবাড়ী (৫)
সহঃ পরিষ্কারক	বেতন .. ২৪	বেতন .. ২০	বেতন .. ২০	বেতন .. ১৪	বেতন ১৭.৩৭
	ভাতা .. ৩১	ভাতা .. ৩১	ভাতা .. ৩২	ভাতা .. ১৯	ভাতা ৩১
	মোট .. ৫৫	মোট .. ৫১	মোট .. ৫২	মোট .. ৩৩	মোট .. ৪৮.৩৭

ছুটি—

ক্যাজুয়াল লিভ	১০ দিন	১৫ দিন	১৫ দিন	..	..
মেডিক্যাল লিভ	৩০ দিন	..	..	..	..

(গ)

তুফানগঞ্জ	দিনহাটা	মাথাভাঙ্গা	মেখলিগঞ্জ	হলদিবাড়ী
বাসস্থানের বিষয় বিবেচনাধীন আছে।	বিনা ভাড়ায় বাসস্থানের ব্যবস্থা আছে।	এখনও দেওয়া হয় নাই।	বাসস্থানের জমি কিনিয়া দেওয়া হইয়াছে।	.. বিনা ভাড়ায় বাসস্থান দেওয়া হয়।

Anchal Panchayats under police-station Moyna, Midnapore

1413. (Admitted question No. 3060.)

শ্রীঅনঙ্গমোহন দাস: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ময়না থানার ১, ৮ ও ৯ নং অঞ্চলের লোকসংখ্যা বর্তমানে ১০,০০০ এর বেশী হইয়াছে।

(২) উক্ত তিনটি অঞ্চলকে পুনর্গঠিত করিয়া ময়না থানার আর একটি অঞ্চল করা হইবে; এবং

(খ) সত্য হইলে, উহা কবে কার্যকরী হইবে?

The Minister of State for Panchayats:

(ক) (১) হ্যাঁ।

(২) বর্তমানে এরূপ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Grants and loans paid to the Tamluk Municipality

1414. (Admitted question No. 3065.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক পৌরসভাকে সরকার ১৯৬০-৬১ সাল হইতে বর্তমান বৎসর পর্যন্ত প্রতি বৎসর কত টাকা কি কি বাবত সাহায্য বা লোন দিয়াছেন; এবং

(খ) উক্ত পৌরসভার কর্মচারীগণের মাগ্গী ভাতা বাবত প্রতি বৎসর কত টাকা সরকার হইতে প্রদান করা হয়?

The Minister for Local Self-Government:

(ক) এই সম্পর্কে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) ১১,৮০০ টাকা।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1414.

১৯৬০-৬১	টা: প:
(১) পৌর কর্মচারীদের মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	৮,৮৫৯.২৭
(২) পৌর কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	২,৯৬৮.৯০
(৩) নিম্নতম বেতন আইন অনুযায়ী পৌর কর্মচারীদের বেতন বাবদ সাহায্য	১১,৫৩১.৮০
(৪) যোগাযোগ ব্যবস্থা বাবদ সাহায্য	৩,১২৫.০০
(৫) সৈয়দপুর জে: বি: স্কুলে সাহায্য বাবদ	৫,২৫০.০০
মোট ..	৩১,৭৩৪.৯৭

১৯৬১-৬২	
(১) পৌর কর্মচারীদের মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	৮,৬৮৫.৩৮
(২) পৌর কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	২,৮৯৯.৯০
(৩) নিম্নতম বেতন আইন অনুযায়ী পৌর কর্মচারীদের বেতন বাবদ সাহায্য ..	১১,২৬৩.৮৮
(৪) স্যানিটারী ইন্সপেক্টরের বেতন বাবদ সাহায্য	৫৪৭.৯৭
(৫) সৈয়দপুর জে: বি: স্কুলে সাহায্য বাবদ	১৫,৭৫০.০০
(৬) জল সরবরাহ পরিকল্পনা বাবদ ঋণ	১,০৮,৬৩০.০০
মোট ..	১,৯৭,৭৭৭.১৩

১৯৬২-৬৩	
(১) পৌর কর্মচারীদের মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	৮,৪৬৪.৪২
(২) পৌর কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	২,৮৮৪.৬৬
(৩) নিম্নতম বেতন আইন অনুযায়ী পৌর কর্মচারীদের বেতন বাবদ সাহায্য ..	১১,২৫১.২৯
(৪) Wheel Burrows ক্রয় করিবার জন্য সাহায্য	১,৩৫০.০০
(৫) যোগাযোগ ব্যবস্থা বাবদ সাহায্য	২,৮৬৫.০০
(৬) পেট্রোলিয়াম আইন অনুযায়ী দেয় অংশ	৪৬.০০
মোট ..	২৬,৮৬১.৩৭

১৯৬৩-৬৪

		টা: প:
(১)	পৌর কর্মচারীদের মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	৯,২৫৯.৯০
(২)	পৌর কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	৩,০২২.৮০
(৩)	নিম্নতম বেতন আইন অনুযায়ী পৌর কর্মচারীদের বেতন বাবদ সাহায্য (১৯৬৩ সালের সেপ্টেম্বর মাস হইতে ছয় মাস পর্যন্ত)।	৫,৯৬২.৪০
(৪)	সৈয়দপুর জে: বি: স্কুলে সাহায্য বাবদ	১,৪০০.০০
(৫)	তৃতীয় পরিকল্পনায় মিউনিসিপ্যাল ডেভেলাপমেন্ট স্কীম বাবদ সাহায্য	৮৫,৪১৯.০০
	মোট ..	১,০৫,০৬৪.১০

১৯৬৪-৬৫

(১)	পৌর কর্মচারীদের মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	৯,১৪৮.৫৫
(২)	পৌর কর্মচারীদের অতিরিক্ত মহার্ঘ ভাতা বাবদ সাহায্য	২,৭৩৯.০০
(৩)	নিম্নতম বেতন আইন অনুযায়ী পৌর কর্মচারীদের বেতন বাবদ সাহায্য	৮,৯৪২.০৫
(৪)	সৈয়দপুর জে: বি: স্কুলে সাহায্য বাবদ	১,২০০.০০
(৫)	পেট্রোলিয়াম আইন অনুযায়ী দেয় অংশ	৪৬.০০
(৬)	Wheel Burrows ক্রয় করিবার জন্য সাহায্য বাবদ	৩,৩৮৬.০০
(৭)	যোগাযোগ ব্যবস্থা বাবদ সাহায্য	১১,৭৭২.০০
(৮)	তৃতীয় পরিকল্পনায় মিউনিসিপ্যাল ডেভেলাপমেন্ট স্কীম বাবদ সাহায্য	৪৬,৭০৮.০০
	মোট ..	৮৩,৯৪১.৬০

Bakery in Ranaghat subdivision, Nadia

1415. (Admitted question No. 3070.)

শ্রীগৌরচন্দ্র কুন্ডু: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় রানাঘাট মহকুমায় কতগুলি বেকারী আছে;

(খ) ১৯৬৪ সালে এদের কত ময়দা ও চিনি দেওয়া হইয়াছে; এবং

(গ) ১৯৬৫ সালে প্রতি মাসে এদের কি হারে ময়দা ও চিনি দেওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ২৫টি।

(খ) ১৯৬৪ সালের অক্টোবর হইতে ডিসেম্বর মাস পর্যন্ত ৯২৭ কুইন্টাল ময়দা দেওয়া হইয়াছে, ১৯৬৪ সালে চিনি দেওয়া হইয়াছে ৫০৫ কুইন্টাল।

(গ) ১৯৬৫ সালে গড়ে প্রতি বেকারীকে প্রতিমাসে প্রায় ১০ কুইন্টাল ময়দা আর ১ কুইন্টাল ৬ কে জি চিনি দেওয়া হইয়াছে।

Jute in Jhargram Sub-division, Midnapore.

1416. (Admitted question No. 3142.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে কোন থানায় কত পাট উৎপন্ন হয়; এবং

(খ) উক্ত পাট উৎপাদনের জন্য উক্ত বৎসরে কোন থানায় কত টাকা পাট পচাইবার জন্য সরকারীভাবে আর্থিক সাহায্য দেওয়া হয়?

থানার নাম	পাটের উৎপাদন	
	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
	বেল	বেল
১। ঝাড়গ্রাম	৪৪.০০	৫০.০০
২। জামবোনি	৩০.০০	২৪.০০
৩। বিনপুর	২৯০.৭০	৯৭.০০
৪। গোপিবল্লভপুর	৪০.৪০	৪১.০০
৫। সাঁকরাইল	৭.৫০	২.০০
৬। নয়াগ্রাম	২৬.৬৬	৩৩.৩৩

(খ) উক্ত বৎসরে ঝাড়গ্রাম মহকুমার পাট পচাইবার জন্য সরকারীভাবে কোন আর্থিক সাহায্য দেওয়া হয়নি।

Applications under section 5(A) of Estates Acquisition Act in Jhargram subdivision.

1417. (Admitted question No. 3144.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় থানাওয়ারী ৫(ক) ধারায় দরখাস্তের সংখ্যা কত;

(খ) কোন্ থানায় কতগুলি দরখাস্তের তদন্তকার্য সমাপ্ত হইয়াছে;

(গ) কোন্ থানায় কতগুলির মামলার নিষ্পত্তি হইয়াছে; এবং

(ঘ) কোন্ থানায় কতগুলি এখনও অমীমাংসিত আছে বা বিচারাধীন আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) জমিদারী গ্রহণ আইনের ৫(ক) ধারায় কোন দরখাস্ত দিবার বিধান নাই। তৎসত্ত্বেও কিছু কিছু দরখাস্ত পাওয়া গিয়াছিল এবং প্রাথমিকভাবে পরীক্ষা করিয়া যেসব ক্ষেত্রে ৫(ক) ধারার তদন্তের অনুকূলে প্রাথমিক প্রয়োজনীয় তথ্যাদি ছিল, সেসব ক্ষেত্রেই ৫(ক) ধারা অনুযায়ী রেগুলার প্রকিডিংস আরম্ভ করা হইয়াছিল। এই সমস্ত দরখাস্তের সঠিক হিসাব পাওয়া যায় নাই।

(খ) ও (গ) নিম্নলিখিত থানায় পার্শ্বলিখিত সংখ্যক ক্ষেত্রে ৫(ক) ধারার তদন্তের প্রয়োজন হইয়াছিল এবং ঐসকল ক্ষেত্রে মামলা নিষ্পত্তি হইয়াছে।

থানার নাম ও সংখ্যা

ঝাড়গ্রাম—১৬।

বিনপুর—২২।

সাঁকরাইল—৬।

নয়াগ্রাম—৭।

জামবনি—৩।

গোপীবল্লভপুর—৩৩।

(ঘ) কোন তদন্তই অমীমাংসিত বা বিচারাধীন নাই।

Chowkidars and Dafadars in each Anchal under Sankrail police-station, Midnapore.

1418. (Admitted question No. 3145.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সাঁকরাইল থানার প্রতি অঞ্চলে কয়জন করিয়া চৌকিদার ও দফাদার আছে; এবং

(খ) জনসংখ্যার ভিত্তিতে অথবা গৃহস্থ সংখ্যার ভিত্তিতে চৌকিদার নিয়োগ হইয়া থাকে কিনা?

The Minister of State for Panchayats:

(ক) মেদিনীপুর জেলার সাঁকরাইল থানার প্রতি অঞ্চলে নিযুক্ত চৌকিদার ও দফাদারের সংখ্যাসূচক তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(খ) কেবলমাত্র জনসংখ্যা ও গৃহস্থ সংখ্যার ভিত্তিতে চৌকিদার নিয়োগ হয় না; এ বিষয় ১৯৫৭ সনের পশ্চিমবঙ্গ পঞ্চায়েত ৫১ ধারা এবং ১৯৫৮ সনের পঞ্চায়েত নিয়মাবলীর ৫৭ নিয়ম দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1418.

মেদিনীপুর জেলার সাঁকরাইল থানার চৌকিদার ও দফাদারদের সংখ্যা সূচক তালিকা

অঞ্চল নং	চৌকিদারদের সংখ্যা	দফাদারদের সংখ্যা
১ নং	৬	১
২ নং	৯	১
৩ নং	৬	..
৪ নং	১৩	১
৫ নং	৭	১
৬ নং	৯	১
৭ নং	৮	১
৮ নং	৯	১
৯ নং	৭	১
১০ নং	৭	১

Wells in Nayagram police-station, Midnapore

1419. (Admitted question No. 3147.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানায় সরকারের জনস্বাস্থ্য বিভাগের মাধ্যমে কোন কোন গ্রামে কূপ খনন করা হইয়াছে;

(খ) গড় কত ফুট খননের পর এই থানার কূপগুলিতে জল পাওয়া গিয়াছে;

(গ) কূপে কত ফুট জল না থাকিলে ঠিকাদার বিল পাইতে পারে না; এবং

(ঘ) নয়াগ্রাম থানার ৯নং ইউনিয়নের কোন কোন গ্রামে এই বিভাগ কর্তৃক কূপ খনন করা হইয়াছে এই পরিকল্পনায়?

The Minister for Health:

(ক) এতদ্‌সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(খ) গড়ে প্রায় ৪০ ফুট গভীরতায়।

(গ) নয়াগ্রাম থানায় গড়ে ৪০ ফুট গভীরতায় জল পাওয়া যায়। কূপ খননকালে যদি এই স্তরে প্রস্রবন অর্থাৎ স্প্রিং-এর আবির্ভাব ঘটে তাহা হইলে কূপে ভাল জল পাওয়া যায়। এবং এইরূপ কূপে গ্রীষ্মকালে অন্যূন ১০ ফুট জল থাকিলে ঠিকাদারের বিল দেওয়া হয়। অন্যান্য ক্ষেত্রে যেখানে এইরূপ প্রস্রবণ না মেলে এবং জল বালির স্তর হইতে চুঁইয়া চুঁইয়া আসে সেইরূপ ক্ষেত্রে কূপে বেশী জল পাওয়া যায় না এবং সেইরূপ ক্ষেত্রে কূপে গ্রীষ্মকালে অন্যূন ৪ ফুট জল থাকিলে ঠিকাদারের বিল মিটাইয়া দেওয়া হয়।

(ঘ) (১) সরসলিংগা, (২) বালিগেরিয়া।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1419.

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানায় নিম্নলিখিত গ্রামে কূপ খনন করা হইয়াছে:

ক্রমিক নং ও গ্রামের নাম

(১) কামালপুর ইউনিয়ন—৭।
(২) বরনিগই ইউনিয়ন—৪।
(৩) সরসলিংগা ইউনিয়ন—৯।
(৪) দলগ্রাম ইউনিয়ন—৮।
(৫) দুমুরিয়া ইউনিয়ন—১০।
(৬) নরনি ইউনিয়ন—১১।
(৭) করপুরস্কুল ইউনিয়ন—৭।
(৮) পাকুরিয়া ইউনিয়ন—৪।
(৯) চন্ডাবিলা ইউনিয়ন—১।
(১০) কাকরি ইউনিয়ন—২।
(১১) নরসিংহপুর ইউনিয়ন—৩।
(১২) কুগী ইউনিয়ন—৫।
(১৩) পাটিনা ইউনিয়ন—১।
(১৪) থুরিয়া ইউনিয়ন—২।
(১৫) মোলাম ইউনিয়ন—৪।
(১৬) মারচী ইউনিয়ন—৪।
(১৭) নয়াগ্রাম ইউনিয়ন—৬।
(১৮) খোরিকা ইউনিয়ন—৫।
(১৯) জামিরাপাল ইউনিয়ন—৭।
(২০) থুগীনোল ইউনিয়ন—৮।
(২১) বালিগেরিয়া ইউনিয়ন—৯।
(২২) ফুলডিহা ইউনিয়ন—১০।
(২৩) চিলকিপদ ইউনিয়ন—১১।
(২৪) ডাহি ইউনিয়ন—৬।

Strike in Chayabani and Chitramandir Cinemas, Krishnagore, Nadi

1420. (Admitted question No. 3154.)

শ্রীগৌরচন্দ্র কুন্ডু: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে নদীয়া জেলার কৃষ্ণনগর সহরে ছায়াবাণী ও চিত্রমি সিনেমাদ্বয়ে শ্রমিক কর্মচারীগণ মার্চ মাসে (১৯৬৫ সাল) ধর্মঘট করিয়াছেন?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কতদিন হইল উক্ত ধর্মঘট চলিতেছে;

(২) উক্ত ধর্মঘট মীমাংসা করিবার জন্য শ্রমদপ্তরের পক্ষ হইতে কোন প্রচেষ্টা হইয় কিনা; এবং

(৩) প্রচেষ্টা হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

The Minister for Labour:

(ক) হ্যাঁ।

(খ) (১) ১১।৩।৬৫ তারিখে ধর্মঘট শুরু হয়।

(২) হ্যাঁ।

(৩) প্রাথমিক মীমাংসা প্রচেষ্টা ব্যর্থ হওয়ার পর সালিশীর মাধ্যমে বিরোধ নিষ্পত্তির পুনরায় চেষ্টা করা হয়। ফলে ২৪।৪।৬৫ তারিখে নদীয়ার জেলাশাসক ও উপ-শ্রম মহাধ্য উপস্থিতিতে মালিক ও শ্রমিক পক্ষ মীমাংসায় উপনীত হইয়া মীমাংসাপত্র স্বাক্ষর করে ২৭।৪।৬৫ তারিখ হইতে চিত্রগৃহ দুইটিতে প্রদর্শনী শুরু হইবে স্থির হইয়াছে।

Dealer in Sugar in Nayagram police-station, Midnapore

1421. (Admitted question No. 3170.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানায় কয়জন চিনির ডিলার আছেন;

(খ) তাহাদের নাম ও ঠিকানা কি;

(গ) ইহা কি সত্য যে ১৯৬৪ সালে এই থানায় মোটেই চিনি প্রদান করা হয় নি; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে তাহার কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) একজন।

(খ) শ্রীগোবর্ধন দাস, গ্রাম ও পোঃ পাতিনা, জেলা মেদিনীপুর।

(গ) ইহা সত্য নয়।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

Waiting room, etc., in some motor routes in Midnapore district

1422. (Admitted question No. 3202.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) মেদিনীপুর জেলায় হলদিয়া, কুকড়াহাটি, শ্রীরামপুর, তেরপেখিয়া, প্রভৃতি স্থানে যেখানে মোটর রুট শেষ হইয়াছে, তথায় বাসযাত্রীদের বিশ্রাম পানীয় জল এবং শৌচাগার প্রভৃতির ব্যবস্থা আছে কি না;

(খ) যাত্রীদের অসুবিধা দূর করিবার উদ্দেশ্যে ঐ সকল স্থানে উক্ত ব্যবস্থা অবিলম্বে করার প্রস্তাব আছে; এবং

(গ) বর্তমান আর্থিক বৎসরের মধ্যে উক্ত স্থানগুলির উক্ত প্রকার যাবতীয় ব্যবস্থার কার্য শেষ হইবে কি?

The minister for Home (Transport):

(ক) নাই।

(খ) অবিলম্বে কার্যকরী করার কোন প্রস্তাব নাই।

(গ) প্রশ্ন উঠে না।

T. A. and D. A. drawn by the District Inspectors of Schools of Nadia and Murshidabad

1423. (Admitted question No. 3270.)

শ্রীধীরেন্দ্রনারায়ণ রায়: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬০ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত (১) নদিয়া এবং (২) মুর্শিদাবাদ জেলার ডি আই স্কুলস কোন্ বৎসর কত টাকা টি, এ এবং ডি, এ গ্রহণ করিয়াছেন?

The Minister for Education:

নদীয়া ও মুর্শিদাবাদ জেলার ডি আই স্কুলস টি.এ ও ডি.এ একত্রে যে পরিমাণ টাকা যে বৎসর গ্রহণ করিয়াছেন তাহা নিম্নে দেওয়া হইল। এ প্রসঙ্গে উল্লেখ থাকে টি.এ বিল ভিন্ন হয় না। একসঙ্গে হিসাব করা হয়।

	নদীয়া	মুর্শিদাবাদ
১৯৬০-৬১	৫২৪.১১	৬৪৪.৬৯
১৯৬১-৬২	৪১১.৭৫	১০১৪.৭৬
১৯৬২-৬৩	৬৫৭.২৯	৮০৬.৪২
১৯৬৩-৬৪	৬৮১.৬১	৯৪৬.২৮
১৯৬৪-৬৫	১,২০৫.২৫	৮৭২.৭৫
	৩,৪৮০.০১	৪৩৩৪.৯০

Improvement of Mekhliganj-Tinbigha-Kuchlibari Road, Cooch Behar

1424. (Admitted question No. 3278.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার মেখলীগঞ্জ-তিনবিঘা-কুচলিবাড়ী সীমান্ত রাস্তাটির দুরবস্থার কথা সরকার অবগত আছেন কি না;

(খ) এই কাঁচা রাস্তাটিকে পাকা করার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(গ) পাকা করার পরিকল্পনা থাকিলে কত দিনের মধ্যে রাস্তাটিকে পাকা করা হইবে?

The Minister for Public Works :

(ক) হ্যাঁ।

(খ) মেখলীগঞ্জ হইতে ধাপড়াহাট পর্যন্ত অংশটিকে পাকা করার একটি পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(গ) এখনই বলা সম্ভব নয়।

Distribution of fertilisers in Habibpur, Bamangola, Gajole and Old Malda police-stations, Malda

1425. (Admitted question No. 3280.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার হবিবপুর বামনগোলা, গাজোল ও ওল্ড মালদহ থানাকে সার বিতরণের কি ব্যবস্থা আছে; এবং

(খ) যাহাতে ঐ সকল এলাকায় কৃষকগণ যথাসময়ে জমির সার পাইতে পারেন তার জন্য সরকার হইতে কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) উক্ত স্থানসমূহ সার বণ্টনের জন্য সরকার বণ্টনকারী নিযুক্ত করিয়াছেন। এই সকল বন্টনকারী সাব ডিপো খুলিয়া কৃষকদের সার বন্টন করিয়া থাকেন।

(খ) চাষের সময় যাহাতে ঐ সকল ডিপোতে কৃষকদের নিকট বিক্রয়ের জন্য সার পাওয়া যায় তাহার যথাসম্ভব ব্যবস্থা করা হয়। গ্রামান্তরে সার যাহাতে পৌঁছাইতে পারে তাহার জন্য সরকার সার বণ্টনকারীদের পরিবহণ সহায়ক দিতেছেন। ইহা ছাড়াও সার বণ্টনকারীদের প্রতি জেলায় অন্ততঃ একটি করিয়া বাফার গো ডাউন ও প্রতি ব্লকে একটি করিয়া ডিপো বা সার ডিপো খুলিতে হয় যাহাতে প্রয়োজনের সময় কৃষকরা সার পাইতে পারেন।

স্থানীয় আধিকারিগণের উপরও সার সরবরাহ ও বিক্রয়ের প্রতি লক্ষ্য রাখিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

Number of Anchal and Nyaya Panchayats

1426. (Admitted Question No. 3292.)

শ্রীঅশ্বিনী রায়: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আজ পর্যন্ত জেলা ভিত্তিতে অঞ্চল পঞ্চায়েতের এবং ন্যায় পঞ্চায়েতের সংখ্যা কত; এবং

(খ) বর্ধমান জেলার সদর থানার ১৯৬২-৬৩ সালে গঠিত অঞ্চল পঞ্চায়েত ও ন্যায় পঞ্চায়েতগুলির নাম কি?

The Minister of State for Panchayats:

(ক) জেলা ভিত্তিতে প্রতিষ্ঠিত অঞ্চল পঞ্চায়েত ও ন্যায় পঞ্চায়েতের সংখ্যা নিম্নে দেওয়া হইল।

জেলা					অঞ্চল পঞ্চায়েত	ন্যায় পঞ্চায়েত
বর্ধমান	..	..	..	..	১৯৫	৩৯
বীরভূম	..	..	..	..	১৫৮	..
বাঁকুড়া	..	..	..	.	১৮৩	.

জেলা					অঞ্চল পঞ্চায়েত	ন্যায় পঞ্চায়েত
মেদিনীপুর	..	..	..	..	৪৭০	..
হুগলী ..	..	..	..	..	১৮১	..
পুরুলিয়া	..	..	..	..	১৬৭	..
মুর্শিদাবাদ	..	..	..	..	২২৯	..
নদীয়া	..	..	..	..	১৪৮	..
হাওড়া	..	..	..	..	১৩৩	..
২৪-পরগনা	..	..	..	..	৫০৯	..
মালদা ..	..	..	..	..	১৩৬	৯
পশ্চিমদিনাজপুর	..	..	..	..	১৪৪	২
জলপাইগুড়ি	..	..	..	..	৯৩	..
কুচবিহার	..	..	..	..	১০৫	..
দার্জিলিং	..	..	..	..	৫৪	২
				..	মোট ২,৯২৫	৫২

(খ) বর্ধমান জেলার সদর থানায় অঞ্চল পঞ্চায়েতগুলি গঠিত হইয়াছিল ১৯৫৮-৫৯ সালে। এবং ন্যায় পঞ্চায়েতগুলি গঠিত হইয়াছিল ১৯৬২-৬৩ সালে। বর্ধমান জেলার সদর থানায় প্রতিষ্ঠিত অঞ্চল পঞ্চায়েত ও ন্যায় পঞ্চায়েতগুলির নাম নিম্নে দেওয়া হইল:—

থানা	অঞ্চল পঞ্চায়েত	ন্যায় পঞ্চায়েত
বর্ধমান (সদর)	১। বরসুল।	১। বরসুল।
	২। বৈকুণ্ঠপুর।	২। বায়ন।
	৩। হাটগোবিন্দপুর।	৩। বাঘর।
	৪। কুরমুন।	৪। খেটিয়া।
	৫। রায়ন।	৫। বৈকুণ্ঠপুর।
	৬। বনডুল।	৬। সরাইটিকর।
	৭। বেলকাম।	৭। বনডুল।
	৮। সরাইটিকর।	৮। গোবিন্দপুর।
	৯। বাঘর।	
	১০। খেটিয়া।	

Compensation for the lands of Gajole High School for Englishbazar-Balur Road, Malda

1427. (Admitted question No. 3310.)

শ্রীকমলকৃষ্ণরায়: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলার গাজোল থানার গাজোল উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠের উপর দিয়া ইংরেজবাজার-বালুরঘাট পাকা রাস্তাটি যাওয়ায় রাস্তার সম-পরিমাণ জমি স্কুলের মাঠের পূর্বদিকে দখল লইয়া সরকার বাহাদুর স্কুল কর্তৃপক্ষকে দেওয়ার যে ব্যবস্থা করিয়াছিলেন সেই কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

The Minister for Public Works (Roads):

স্কুল কর্তৃপক্ষের যে জমি দখল লওয়া হইয়াছে তাহার পরিবর্তে জমি তাঁহাদিগকে প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা সমাহর্তাকে প্রয়োজনীয় ভূমি দখলের নোটিস ইত্যাদি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করিতে নির্দেশ দেওয়া হইতেছে।

Availability of Nazrul's Literature at cheaper rate

1428. (Admitted question No. 3313.)

শ্রীবিজয় পাল: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুলভ মূল্যে নজরুল সাহিত্য যাহাতে দেশবাসী পাইতে পারেন এবং তাহা ব্যাপক প্রচার হয় তাহার জন্য সরকার এযাবৎ কোন ব্যবস্থা করিয়াছেন কি; এবং

(খ) কবি নজরুলের জন্মস্থান চুরুলিয়া গ্রামে নজরুল সাহিত্য আলোচনা ও গবেষণার জন্য একটি কেন্দ্র প্রতিষ্ঠা করিবার কথা সরকার চিন্তা করিয়া দেখিবেন কি?

The Minister for Education:

(ক) কোন প্রকাশক সংস্থা এই বিষয়ে অগ্রণী হইলে সংকলন গ্রন্থের মূল্য সুলভ করিবার জন্য সরকারী অর্থ সাহায্য দিবার প্রশ্ন বিবেচনা করা যাইবে।

(খ) এ বিষয়ে কোন সরকারী প্রস্তাব নাই।

Low income group housing loan in Malda district

1429. (Admitted question No. 3319.)

শ্রীনিমাইচাঁদ মুরমু: গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলায় ১৯৬১-৬২ থেকে ১৯৬৪-৬৫ এই আর্থিক বৎসরগুলির মধ্যে নিম্ন আয়কারী গ্রুপের কত লোককে গৃহনির্মাণ ঋণ দেওয়া হইয়াছে?

The Minister for Housing:

চারজনকে।

Irrigation schemes over river Barbag in Jalpaiguri district

1430. (Admitted question No. 3321.)

শ্রীহীরালাল সিংহ: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি জলপাইগুড়ি জেলার ফলাকাটা থানার অন্তর্গত বারবাগ নদীতে সেচ পরিকল্পনা কবে কার্যকরী করা হইবে?

The Minister for Irrigation and Waterways:

জলপাইগুড়ি জেলার ফলাকাটা থানার অন্তর্গত বারবাগ নদী হইতে জল সেচের কোন পরিকল্পনা বর্তমানে নাই। কাজেই পরিকল্পনা কার্যকরী করার প্রশ্ন উঠে না। তবে ঐ জেলার ধূপগুড়ি থানায় বীরুবাগ সেচ পরিকল্পনা নামে একটি ক্ষুদ্র সেচ পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

Tribal Welfare Scheme in Murshidabad district

1431. (Admitted question No. 3326.)

শ্রীসনৎকুমার রাহা: আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—উপজাতি কল্যাণের জন্য ১৯৬৩-৬৪ সালে মুর্শিদাবাদ জেলায় কত টাকা মোট বরাদ্দ হয় এবং উক্ত টাকা সম্পূর্ণ ব্যয়িত হইয়াছে কি না?

The Minister of State for Tribal Welfare :

বিভিন্ন পরিকল্পনায় মঞ্জুরীকৃত ব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখ করিয়া একটি বিবরণী তৎসহ পেশ করা হইল।

Statement referred to in reply to Unstarred Question No. 1431

পরিকল্পনার নাম।	মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ।	ব্যয়িত অর্থের পরিমাণ।
	টাকা	টাকা
(১) বিদ্যালয়ের বেতন প্রদানের জন্য অনুদান	৬,৭০০	৪,৫৯৭
(২) পুস্তক ক্রয়ের জন্য অনুদান	১,১০০	৩৭৫
(৩) ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য অনুদান	১৬,০৮০	১৫,৭৫৪
(৪) বিশেষবৃত্তি	৭,০০০	২,৪০০
(৫) মাধ্যমিক শেষ পরীক্ষার ফি প্রদানের জন্য অনুদান ..	১৭০	১২০
(৬) কোচিং ব্যবস্থা	৯০০	১৪৮
(৭) ছাগ পালন	২৪০	১৮০
(৮) শুকর পালন	২,৪০০	১,৬২৬
(৯) মাইনর সেচ	৫,০০০	৪,৭৬৬
(১০) পানীয় জল সরবরাহ	৫,০০০	..
(১১) শস্য গোলা স্থাপন ও রক্ষণ	৩৪,২৫১	৩৪,২৫১
(১২) কল্যাণ কেন্দ্র রক্ষণ	৭,৮৮৭	৭,৪৮৭

Sanitary Latrine for Midnapore Central Jail

1432. (Admitted question No. 3355.)

ঃ রাধানাথ চট্টোরাজ : স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর সেন্ট্রাল জেলে ৩২ ডিগ্রী সেলের মধ্যে স্যানিটারী লেট্রিন নির্মাণ করিবার প্রস্তাব জেল কর্তৃপক্ষের নিকট হইতে সরকার পাইয়াছেন;

(খ) সত্য হইলে উক্ত প্রস্তাব কবে নাগাদ কার্যকরী হইবে;

(গ) ইহা কি সত্য যে, উক্ত জেলে রাজনৈতিক বন্দীদের স্নান ও পানীয় জলের অভাব আছে; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে ঐ অভাব দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

The Minister for Home (Jails):

(ক) ও (খ) না, কারা-অধিকার বা কারা বিভাগে কোনও প্রস্তাব আসে নাই। তবে বিষয়টি সম্বন্ধে উক্ত জেল কর্তৃপক্ষ পূর্ত বিভাগের সহিত আলোচনা করিতেছেন। পূর্ত বিভাগের নিকট হইতে নকশা (প্ল্যান) এবং প্রাক্কলন (এস্টিমেট) পাওয়া গেলে ব্যবস্থা অবলম্বন করা হইবে।

(গ) না সত্য নহে।

(ঘ) প্রশ্ন উঠে না।

Supply of Electricity in the rural areas of West Bengal

1433. (Admitted question No. 3400.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় কত গ্রামে বর্তমানে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে; এবং

(খ) তৃতীয় যোজনার শেষে কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইবে?

The Minister for Commerce and Industries :

(ক) ৩১-৩-৬৫ পর্যন্ত প্রায় ৮৪২ গ্রামে।

(খ) সর্বমোট ১,৬৬৮ গ্রামে।

Seizure of hoarded stocks of rice, sugar, etc., at Raniganj, Asansol and Barakar

1434. (Admitted question No. 693.)

শ্রীসুবোধ চৌধুরী: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৪ সালের নভেম্বর-ডিসেম্বর মাসে রানীগঞ্জ, আসানসোল ও বরাকরের বে-আইনী মজুত চাল, চিনি, আটা ও সরিষার তেল সরকার উদ্ধার করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, কোন্ মজুতদারদের নিকট কি জিনিস এবং তাহার পরিমাণ কত;

(গ) এই উদ্ধার করা মাল কাহার বা কোন্ সংস্থা মারফত বিলি করা হইয়াছে; এবং

(ঘ) এই উদ্ধার করা মাল যাহাদের বিলি করিবার দায়িত্ব দেওয়া হইয়াছিল তাহারা ঠিক ঠিক বিক্রয় করিতেছে কিনা দেখার জন্য কোন ব্যবস্থা আছে কি?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(গ) খাদ্য ও সরবরাহ বিভাগের আসানসোল মহকুমা নিয়ামকের মারফত।

(ঘ) হ্যাঁ, স্থানীয় খাদ্য ও সরবরাহ বিভাগের আধিকারিকগণের তত্ত্বাবধানে বিক্রয়কার্য সম্পন্ন হইয়াছিল।

Pisciculture in Jaynagar and Mathurapur police-stations, 24-Parganas

1435. (Admitted question No. 1738.)

শ্রীঅনাদিমোহন তাঁতি: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার জয়নগর থানার অন্তর্গত রাইশহাটা ও কিল্লাদুর্গানগর মৌজায় মথুরাপুর থানার অন্তর্গত তালুক রানাঘাটা ও নালুখা মৌজার যেসকল চাষের (শালি) জমিকে স্বেচ্ছায় পার্শ্ববর্তী ঘুর্নি নদীর লোনা জলে প্লাবিত করিয়া ফিসারীতে পরিণত করা হইয়াছে উহার মালিকদিগের নাম কি;

(খ) প্রত্যেক মালিকের ঐরূপ জমির পরিমাণ কত ও উহার খতিয়ান নম্বর এবং দাগ নম্বর কি কি; এবং

(গ) ঐসকল ফিসারী কতগুলি সরকার কর্তৃক অনুমোদিত ও কতগুলি অননুমোদিত?

The Minister for Land and Land Revenue:

(ক), (খ) ও (গ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে ন্যস্ত করা হইল।

Higher Secondary, High and Junior High Schools in Midnapore district

1436. (Admitted question No. 1817.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়া: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার কোন্ থানায় কয়টি হায়ার সেকেন্ডারী স্কুল, কয়টি হাই স্কুল এবং কয়টি জুনিয়র হাই স্কুল আছে?

The Minister for Education:

একটি তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত দইল।

Tribal students in High and Higher Secondary Schools in Sadar subdivision of Midnapore district

1437. (Admitted questiin No. 2099.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সদর মহকুমায় কতগুলি হাই ও হায়ার সেকেন্ডারী স্কুল আছে;

(খ) ঐসকল বিদ্যালয়ের কোন্ কোন্‌টিতে কতজন করিয়া আদিবাসী ছাত্র আছে; তাহাদের মধ্যে কতজন সরকারী সাহায্য পায়; এবং

(গ) গত ১৯৬৩-৬৪ এবং বর্তমান ১৯৬৪-৬৫ সালে ঐগুলির মধ্যে কোন্ কোন্‌টি হোস্টেল নির্মাণ বাবত কত টাকা সরকার হইতে সাহায্য পাইয়াছে

The Minister for Education:

(ক) হায়ার সেকেন্ডারী স্কুল—৪৭, হাই স্কুল—৪৮।

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(গ) ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে সদর মহকুমার কোন স্কুলকে নূতন করিয়া হোস্টেল নির্মাণ বাবত কোন অর্থ মঞ্জুর করা হয় নাই।

Procurement of rice through Co-operative and Marketing Societies in West Bengal

1438. (Admitted question No. 2870.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে সমবায় ও বিপণন সমিতি মারফত ধান্য ক্রয়ের কোন তথ্য আছে কি?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৫ সালের ৩১এ মার্চ পর্যন্ত জেলা ভিত্তিতে প্রতিটি সংস্থা মারফত সংগ্রহের পরিমাণ;

(২) সংগ্রহার্থ সরকার কর্তৃক প্রতিটি সংস্থাকে অগ্রিম অর্থদানের পরিমাণ;

(৩) সংগৃহীত ধান হইতে চাউল কলগুলিকে দেয় ধানের পরিমাণ; এবং

(৪) প্রতিটি সংস্থায় মজুত ধানের পরিমাণ

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ, আছে।

(খ) (১) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণীতে ধান্য সংগ্রহের পরিমাণ দেখান হইল।

(২) সরকার হইতে উক্ত সংস্থাকে কোন অগ্রিম অর্থদান করা হয় নাই।

(৩) ও (৪) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণীতে উক্ত ধানের পরিমাণ দেখানো হইল।

Free distribution of books among the students of Primary Schools

1439. (Admitted question No. 2991.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে সরকার হইতে কোন্ জেলায় কত মূল্যের বই বিনামূল্যে প্রাথমিক ছাত্রছাত্রীদের মধ্যে বিতরিত হয়;

(খ) ১৯৬৩-৬৪ সালে আদিবাসী ও তপশিলী ছাত্রছাত্রীদের জন্য কত টাকার পুস্তক বিনামূল্যে প্রদত্ত হয়;

(গ) বিনামূল্যে পুস্তকাদি দিবার জন্য জেলায় জেলায় কাহার উপর দায়িত্ব দেওয়া হইয়াছে; এবং

(ঘ) প্রতি স্কুলে এই অনুদান সম্পর্কে বিজ্ঞপ্তি ও প্রচার-ব্যবস্থা আছে কিনা?

The Minister for Education:

(ক) দরিদ্র ছাত্রছাত্রীদের প্রয়োজনমত ব্যবহারের জন্য জেলা স্কুল বোর্ডের অধীনস্থ বিদ্যালয়ে পাঠ্যপুস্তক সরকারী ব্যয়ে মজুত রাখা হয়।

১৯৬৩-৬৪ সালে বিভিন্ন জেলা স্কুল বোর্ডকে উক্ত খাতে পুস্তকাদির জন্য যে পরিমাণ অনুদান দেওয়া হইয়াছে তাহা লাইব্রেরী টেবিলে রক্ষিত ১নং বিবরণীতে দেখান হইল।

(খ) আদিবাসী ও তপশিলী ছাত্রদের জন্য পৃথকভাবে পুস্তক প্রদানের কোন রীতি নাই। কিন্তু যাহাতে তাহারা পাঠ্যপুস্তকাদি ক্রয় করিতে পারে তজ্জন্য "বুক গ্র্যান্ট" দেওয়া হয়। ১৯৬৩-৬৪ সালে এই খাতে রাজ্যসরকারের তহবিল হইতে প্রদত্ত অনুদানের পরিমাণ লাইব্রেরী টেবিলে স্থাপিত ২নং বিবরণীতে দেখান হইল।

(গ) বিনামূল্যে ছাত্রদের ব্যবহারের জন্য পুস্তক স্কুলে মজুত রাখিবার দায়িত্ব প্রতি জেলার স্কুল বোর্ডের উপর ন্যস্ত আছে। আদিবাসী ও তপশিলী ছাত্রদিগের "বুক গ্র্যান্ট" প্রদানের ভার সংশিল্ষ্ট জেলা বিদ্যালয় পরিদর্শকগণের উপরে ন্যস্ত।

(ঘ) এই সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশ বিভিন্ন জেলা স্কুল বোর্ড হইতে সংশিল্ষ্ট বিদ্যালয়-গুলিকে দেওয়া আছে এবং "বুক গ্র্যান্ট" সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশ জেলা বিদ্যালয় পরিদর্শকের কার্যালয় হইতে বিদ্যালয়গুলিকে দেওয়া রহিয়াছে।

Power looms in West Bengal

1440. (Admitted question No. 3273.)

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬০ সাল হইতে আজ পর্যন্ত কি কি উদ্দেশ্যে পাওয়ারলুম পারমিট দেওয়া হইয়াছে; এবং

(খ) কাহাকে কাহাকে এবং কোন্ কোন্ জেলায় ঐ সময়ে কত পাওয়ারলুম দেওয়া হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) (১) দেশে সূতী-বস্ত্রের চাহিদা অপেক্ষা উৎপাদন অনেক কম। প্রয়োজনীয় সূতী-বস্ত্রের ঘাটতি পূরণের উদ্দেশ্যে পাওয়ারলুমের পারমিট দেওয়া হইয়াছে।

(২) যে-সকল পাওয়ারলুম অননুমোদিত অবস্থায় ছিল, সেগুলিকে ভারত সরকারের নির্দেশ অনুযায়ী নিয়মত করার জন্য পারমিট দেওয়া হইয়াছে।

(৩) পূর্ব-পাকিস্তান আগত উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের উদ্দেশ্যে কিছু পারমিট দেওয়া হইয়াছে।

(৪) সমবায় আন্দোলন জোরদার করার জন্য এবং সমবায় মাধ্যমে বস্ত্রশিল্পের উন্নতির জন্য হস্তচালিত তাঁতগুলিকে বিদ্যুৎচালিত তাঁতে পরিবর্তন প্রকল্প অনুসারে বিভিন্ন সমবায় সমিতিকে পাওয়ারলুমের পারমিট দেওয়া হইয়াছে।

(৫) কতিপয় সরকার অনুমোদিত প্রতিষ্ঠানকে প্রশিক্ষণ এবং প্রদর্শনীর জন্য পাওয়ারলুমের পারমিট দেওয়া হইয়াছে।

(খ) লাইব্রেরী টেবিলে রক্ষিত ক্রোড়পত্রে দেওয়া হইল।

Percentage of expenditure under Education

1441. (Admitted question No. 1078.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গ রাজ্যে ১৯৬৩-৬৪ সালে সামগ্রিক শিক্ষা ব্যয়ের অনুপাতে প্রাথমিক শিক্ষার জন্য কত ব্যয় করা হইয়াছিল?

The Minister for Education:

"২৮—শিক্ষা" খাতে মোট ব্যয়ের শতকরা ৪১·১ ভাগ প্রাথমিক শিক্ষার জন্য ব্যয় করা হইয়াছিল।

Adarsha Krishi Khetra in Daspur police-station

1442. (Admitted question No. 1111.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাসপুর থানার ১নং ও ২নং ব্লকের অন্তর্ভুক্ত এলাকায় ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে কতজন কৃষকের কৃষি জমিতে আদর্শ কৃষিক্ষেত্র সৃষ্টি করা হইয়াছিল;

(খ) উক্ত কৃষকদের নাম এবং জমির পরিমাণ কত;

(গ) উক্ত আদর্শ কৃষিক্ষেত্রে কি কি ফসল উৎপন্ন করা হইয়াছিল;

(ঘ) কি কি অবস্থার উপর ভিত্তি করিয়া এবং কি ধরনের কৃষকদের উক্ত আদর্শ কৃষিক্ষেত্রের মঞ্জুরী দেওয়া হয়;

(ঙ) কি কি সাহায্য এজন্য দেওয়া হইয়াছিল;

(চ) এই সাহায্য দেওয়ার শর্ত কি কি;

(ছ) এই স্কিম কত বৎসর চালু করা হইয়াছে এবং ইহাতে কি সুফল পাওয়া গিয়াছে; এবং

(জ) এই স্কিম চালু করায় কৃষকদের কতটা আদর্শ চাষে উদ্বুদ্ধ করা গিয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে দাসপুর থানায় ১নং ও ২নং ব্লকের অন্তর্ভুক্ত এলাকায় মোট ২৩ জন কৃষকের কৃষি জমিতে আদর্শ কৃষিক্ষেত্র সৃষ্টি করা হইয়াছিল।

(খ) উক্ত কৃষকদের নামের একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল। জমির পরিমাণ প্রতি ক্ষেত্রে দুই একর।

(গ) উক্ত আদর্শ কৃষিক্ষেত্রগুলিতে ধান আউশ ও আমন, পাট, আলু, গম, ফুলকপি, বাঁধাকপি, টোমেটো, পেঁয়াজ, সরিষা প্রভৃতি উৎপন্ন করা হইয়াছিল।

(ঘ) এই প্রকল্পের বর্তমান শর্তানুসারে প্রতি বৎসর প্রতি ব্লকে ৪ জন চাষীর প্রত্যেকের ২ একর পরিমাণ জমিতে এক একটি নূতন আদর্শ কৃষিক্ষেত্রের মঞ্জুর করা হয়। উক্ত জমির মধ্যে কম বেশী এক একর উঁচু ও এক একর নীচু জমি হওয়া আবশ্যক। একই জমিতে পর পর ২ বৎসর এই আদর্শ কৃষিক্ষেত্রের মাধ্যমে উন্নত প্রথায় চাষের প্রদর্শনী করা হয়। দাসপুর থানায় ১নং ও ২নং ব্লকের উপরোক্ত কৃষকগণের ঐরূপ জমিতে তাহাদের অনুরোধে আদর্শ কৃষিক্ষেত্রের মঞ্জুরী দেওয়া হয়।

(ঙ) প্রতিটি আদর্শ কৃষিক্ষেত্রের বীজ, সার ও আনুষঙ্গিক খরচ নির্বাহের জন্য ২৫০ টাকা করিয়া সাহায্য দেওয়া হইয়াছিল।

(চ) এই সাহায্য দেওয়ার শর্ত হইল—

(১) আদর্শ কৃষিক্ষেত্রের কৃষক আপন আপন আদর্শ কৃষিক্ষেত্রটি সরকার কর্তৃক নির্দেশিত উন্নত প্রথায় চাষ করিবেন;

(২) যে উদ্দেশ্যে উপরোক্ত ২৫০ টাকা সাহায্য দেওয়া হয়, সেই উদ্দেশ্যে উহা খরচ করিবেন;

(৩) ফসল উঠার পর উক্ত সাহায্যের ২৫০ অর্ধেক ১২৫ টাকা সরকারকে ফেরত দিবেন।

(ছ) এই স্কিম ১২ বৎসর যাবৎ চালু করা হইয়াছে এবং ইহাতে শস্যের ফলন বাড়িতেছে।

(জ) এই স্কিম চালু করায় যেসমস্ত কৃষকদের জমি আদর্শ কৃষিক্ষেত্র করার জন্য দেওয়া হইয়াছে, শুধু তাহারাই নয়, পারিপার্শ্বিক কৃষকরাও উন্নত ধরনের চাষে উদ্বুদ্ধ হইয়া আপন আপন কৃষি জমিতে এই পদ্ধতিতে চাষাবাদ চালু করিতেছে।

Statement referred to in reply to clause (kha) of unstarred question in 1442

১৯৬১-৬২, ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে দাসপুর থানার ১নং ও ২নং ব্লকের অন্তর্গত এলাকায় যেসমস্ত কৃষকদের কৃষি জমিতে আদর্শ কৃষিক্ষেত্র সৃষ্টি করা হইয়াছিল তাহাদের নামের তালিকা।

১৯৬১-৬২

১। শ্রীপ্রফুল্লকুমার মাইতি।
২। শ্রীকুঞ্জভূষণ মান্না।
৩। শ্রীসুরেন্দ্রনাথ জানা।
৪। শ্রীজয়দেব সামন্ত।
৫। শ্রীভূপেন্দ্রনাথ মণ্ডল।
৬। শ্রীধ্রুবচন্দ্র মান্না।
৭। শ্রীহরিপদ আদক।
৮। শ্রীনন্দলাল দাস।

১৯৬২-৬৩

৯। শ্রীমহাদেব সামন্ত।
১০। শ্রীশম্ভুনাথ চৌধুরী।
১১। শ্রীমতিলাল বেরা।
১২। শ্রীগৌরহরি জানা।
১৩। শ্রীধীরবালা মণ্ডল।
১৪। শ্রীশ্রীকান্তচন্দ্র মাইতি।
১৫। শ্রীসিবুসচন্দ্র দন্তপত।

১৯৬৩-৬৪

১৬। শ্রীযতীন্দ্রনাথ পাল।
১৭। শ্রীপরিপদ পাত্র।
১৮। শ্রীগৌরহরি খাস।
১৯। শ্রীরাখাল সামন্ত।
২০। শ্রীবৃন্দাবন চক্রবর্তী।
২১। শ্রীগণেশচন্দ্র পাল।
২২। শ্রীরাজেন্দ্রনাথ পাল।
২৩। শ্রীসুধীরচন্দ্র মণ্ডল।

Governing Body of Kharagpur College

1443. (Admitted question No. 1265.)

শ্রীনারায়ণ চৌবেঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়্গপুর কলেজে গভর্নিং বডি সবশেষ কবে নির্বাচিত হইয়াছে;

(খ) গভর্নিং বডি নির্বাচনে নির্বাচকগণের নামের তালিকা প্রণয়নের নিয়মাদি;

(গ) খড়্গপুর কলেজের বর্তমান গভর্নিং বডির কার্যকাল নিয়মানুযায়ী আর কতদিন স্থায়ী থাকিবে; এবং

(ঘ) খড়্গপুর কলেজে গভর্নিং বডির ভবিষ্যৎ নির্বাচন কবে অনুষ্ঠিত হইবে?

The Minister for Education:

(ক) ১৯৫৪ সালের মার্চ মাসে কলিকাতা বিশ্ববিদ্যালয় অনুমোদন করিয়াছিলেন।

(খ) বেসরকারী কলেজের গভর্নিং বডি নির্বাচন বিষয়ে শিক্ষা দপ্তরের কোন হাত নাই। এই বিষয়ে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত।

(গ) ও (ঘ) শীঘ্রই পুনর্গঠনের জন্য কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়কে লিখিয়াছেন।

Unrecognised schools in West Bengal

1444. (Admitted question No. 1609.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ গত ২৩-২-৬৫ তারিখের ২১২ (অনুমোদিত প্রশ্ন ২২১) প্রশ্নের (ক) প্রশ্নোত্তরের উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উক্ত প্রতিষ্ঠানগুলি সরকারের অনুমোদন লাভের জন্য ইতিপূর্বে প্রার্থনা করিয়াছেন কি না?

The Minister for Education:

মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে মাধ্যমিক শিক্ষা পর্ষৎ এবং প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে জেলা বিদ্যালয় পর্ষৎ অনুমোদন দান করিয়া থাকেন। সরকার কোন অনুমোদন দেন না।

চারটি জুনিয়র হাই স্কুল ও তিনটি প্রাথমিক বিদ্যালয়কে পরবর্তীকালে যথাক্রমে মধ্যশিক্ষা পর্ষৎ ও মালদহের জেলা বিদ্যালয় পর্ষৎ অনুমোদন করিয়াছেন।

উচ্চ মাধ্যমিক বিদ্যালয়টিকে অনুমোদন দানের জন্য মধ্য শিক্ষা পর্ষদে সুপারিশ করা হইয়াছে।

Land Reform Advisory Committee in Nadia district

1445. (Admitted question No. 2276.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether there is any Land Reform Advisory Committee in the district of Nadia;

(b) if so, who are the members; and

(c) in what other places such committees have been formed?

The Minister for Land and Land Revenue: (a) Yes.

(b) The following are the members:—

(i) The Local Block Development Officer or Block Development Officers

(ii) The local A.E.O. or A.E.O.'s.

(iii) The local Junior Land Reform Officer of the Land Reforms Circles concerned.

(iv) All the Anchal Pradhans of the Circle (Where Anchals have not been constituted, the P.U.B.'s are acting as members).

(v) One local representative of the Co-operative Department.

(vi) Two persons to be nominated by the Government. The Block Development Officer of the Circle Works as Chairman and the Local Junior Land Reforms Officer, as Secretary of the Committee.

(c) Such committees have been formed in the following other districts:—

(1) Midnapore.
(2) Bankura.
(3) Murshidabad.
(4) Darjeeling.
(5) Birbhum.
(6) Howrah.
(7) Hooghly.
(8) Jalpaiguri.
(9) 24-Parganas.
(10) Malda.
(11) Burdwan.

Shanti Shri Vivekananda Kanya Vidyamandir of Sutahata Thana, Bhowanipore

1446. (Admitted question No. 2482.)

শ্রীসুধীরচন্দ্র দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুতাহাটা থানার ভবানীপুর গ্রামে শান্তি শ্রীবিবেকানন্দ কন্যা বিদ্যামন্দির নামে বালিকা বিদ্যালয়টিকে মঞ্জুরী দেওয়া হইয়াছে ইহা কি সত্য;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে ঐ বিদ্যালয়ের গৃহ আছে কিনা এবং ছাত্রী সংখ্যা কত তাহা তদন্ত করিয়া দেখা হইয়াছে কিনা; এবং

(গ) ও (খ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ" হয়, তবে এই তদন্তের রিপোর্ট কি?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) পরিদর্শনকালে বিদ্যালয়টির নিজস্ব গৃহ ছিল না। স্থানীয় চণ্ডীমণ্ডপে তখন বিদ্যালয়টি বসানো হইত। তদন্তকালে বিদ্যালয়ের ছাত্রী সংখ্যা ছিল ৫৬ জন এবং পরিদর্শনকালে মোট ৫৪ জন ছাত্রী উপস্থিত ছিল।

Issue of I. P. passports and visas for India

1447. (Admitted question No. 2527.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পাশপোর্ট) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে পশ্চিমবঙ্গে কতজনকে পাকিস্তানে যাইবার পাশপোর্ট দেওয়া হয়;

(খ) ওই দুই বছরে কতজন পাকিস্তান হইতে পশ্চিমবঙ্গে আসিবার ভিসা পাইয়াছেন; এবং

(গ) এই দুই বছরে কতজন মুসলীম পাকিস্তানে গিয়া আর ফিরিয়া আসেন নাই?

The Minister for Home (Passport):

(ক) ১৯৬২-৬৩ সালে ৩৭,৫৬০ জনকে এবং ১৯৬৩-৬৪ সালে ৩২,৬০১ জনকে পাকিস্তানে যাইবার পাশপোর্ট দেওয়া হয়।

(খ) প্রয়োজনীয় তথ্য ভারত সরকারের নিকট হইতে সংগ্রহ করার জন্য লেখা হইতেছে।

(গ) উত্তর সংগ্রহ করা হইতেছে।

Conversion of Dhumsai Primary School into Junior Basic School, Midnapore

1448. (Admitted question No. 2580.)

শ্রীদেবনাথ হাঁসদা: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানার অন্তর্গত ধুমসাই প্রাথমিক বিদ্যালয়কে জুনিয়ার বেসিক স্কুলে পরিবর্তন করিবার কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) প্রস্তাব থাকিলে, উহা কবে কার্যকরী হইবে?

The Minister for Education:

(ক) বর্তমানে এইরূপ কোন প্রস্তাব নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

Scales of pay etc. for Craft teachers of Junior High, High and Higher Secondary Schools.

1449. (Admitted question No. 2665.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) জুনিয়ার হাই, হাই ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ক্র্যাফট টিচার নিয়োগ স্কেল নূতন নিয়ম অনুসারে প্রবর্তিত হইয়াছে;

(খ) উহাদের প্রভিডেন্ট ফান্ড এবং মাগ্‌গী ভাতার সুযোগ কিরূপ হারে দেওয়া হয়; এবং

(গ) উহাদের চাকুরী হইতে বিদায় লওয়ার বয়ঃসীমা কিরূপ আছে?

The Minister for Education:

(ক) এই সম্বন্ধে একটি তালিকা উপস্থাপিত করা হইল।

(খ) অন্যান্য শিক্ষকদের মতন ক্র্যাফট্‌ টিচারদের প্রভিডেন্ট ফান্ড এবং মাগ্‌গী ভাতার সুযোগ দেওয়া হইয়া থাকে।

শিক্ষকের পদে স্থায়ী হইবার পর হইতেই প্রভিডেন্ট ফান্ডের সুবিধা দেওয়া হয় এবং ফান্ডে শিক্ষক এবং পরিচালক সমিতির প্রদেয় হার শতকরা ৬¼। বর্তমান আর্থিক বৎসরে সরকার হইতে ১০ টাকা হারে মাগ্‌গী ভাতা পাইবেন।

(গ) অন্যান্য শিক্ষকদের মতই তাঁহাদের চাকুরী হইতে বিদায় লইবার বয়ঃসীমা নির্ধারিত হইয়া থাকে। সাধারণ ক্ষেত্রে এই বয়ঃসীমা ৬০ বৎসর। প্রয়োজন ক্ষেত্রে বিশেষ বিবেচনায় ও পরিচালক সমিতির সুপারিশক্রমে তাঁহাদের কার্যকাল এক বৎসর করিয়া ৬৫ বৎসর বয়ঃক্রম পর্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 1449

Qualification and scale of pay

School Leaving Certificate or recognised equivalent qualification with two years' Craft training certificates—Rs. 115—3—133—4—185.

Teachers with School Leaving Certificates or recognised euivalent qualification with one year's Craft training certificates or teachers with good general education with two years' Craft training certificates—Rs. 80—2—100—3—120—4—150.

Bus routes in Murshidaad district

1450. (Admitted question No. 2830.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে যাত্রীবাহী বাস কয়টি এবং কয়টি রুটে (রাস্তায়) তাহারা চলিতেছে;

(খ) অস্থায়ীভাবে কত রুটে গাড়ি চলিতেছে ও কতদিন হইতে চলিতেছে; এবং

(গ) সমবায় পথে কয়টি রাস্তায় বাস চলিতেছে ও এইসব সমবায় সমিতির নাম কি?

The Minister for Home (Transport):

(ক) মোট একশত পাঁচটি বাস পঞ্চান্নটি বিভিন্ন রুটে চলিতেছে।

(খ) অস্থায়ীভাবে পনেরটি রুটে গাড়ি চলিতেছে। কোন রুটে কতদিন চলিতেছে তাহার তালিকা অত্রসহ পেশ করা হইল।

(গ) সাতটি রাস্তায় নিম্নলিখিত পাঁচটি সমবায় সমিতির বাস চলিতেছে —

(১) ফাল্গুনী সর্বার্থসাধক সমবায় সমিতি লিঃ, কান্দী,

(২) বহরমপুর কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি,

(৩) রঘুনাথগঞ্জ-প্রতাপপুর-সোনাটিকুরী কো-অপারেটিভ মালটিপারপাস সোসাইটি,

(৪) জনতা ট্রান্সপোর্ট কো-অপারেটিভ সোসাইটি, কান্দী, এবং

(৫) জিয়াগঞ্জ আজিমগঞ্জ সর্বার্থসাধক সমবায় সমিতি।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 1450

রুটের নাম		কতদিন বাস চলিতেছে
(১) বহরমপুর-তুঙ্গি	—	১ বৎসর ৭ মাস
(২) বহরমপুর-জঙ্গীপুর		৩ বৎসর
(৩) লালবাগ-পাঁচগ্রাম	—	১ মাস
(৪) বহরমপুর-বক্সীপুরঘাট	—	২৫ দিন
(৫) কান্দি-রাধারঘাট	—	৫ মাস
(৬) বহরমপুর-রাধারঘাট	—	৩ বৎসর
(৭) বহরমপুর-গোপালপুরঘাট	—	৩ মাস
(৮) বহরমপুর-পেরোজপুরঘাট	—	৭ মাস
(৯) রাধারঘাট-মোরগ্রাম	—	৬ মাস
(১০) পাঁচথুপি-বেলগ্রাম	—	৫ মাস
(১১) রাধারঘাট-রঘুনাথগঞ্জ	—	২ মাস
(১২) কান্দি-সালার	—	৫ মাস
(১৩) রঘুনাথগঞ্জ-ধুলিয়ান	—	১ মাস
(১৪) ধুলিয়ানা-ফরাক্কা	—	৩ মাস
(১৫) ধুলিয়ান-নিমতিতা	—	৬ মাস

Co-operative Transport Company in Midnapore district

1451. (Admitted question No. 2859.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কয়টি কো-অপারেটিভ ট্রান্সপোর্ট কোম্পানীর প্রত্যেকটিকে কয়টি করিয়া বাসরুট লাইসেন্স দেওয়া হইয়াছে;

(খ) উহাদের প্রত্যেকের সদস্য সংখ্যা কত এবং আদায়ী মূলধন কত; এবং

(গ) সরকারের নিকট হইতে কোন্‌টি কত টাকা লোন পাইয়াছে?

The Minister for Home (Transport):

(ক) তিনটি সমিতিকে নিম্নলিখিত হিসাব অনুযায়ী মোট ৪৪টি পারমিট দেওয়া হইয়াছে:—

(১) তাম্রলিপ্ত কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ— ৫টি

(২) মহিষাদল কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ— ১টি

(৩) হিজলি কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটি লিঃ—৩৮টি

(খ) সমিতির নাম		সদস্য সংখ্যা		আদায়ী মূলধন
(১) তাম্রলিপ্ত	—	৩৯১ জন	—	২৬,৫৩০ টাকা
(২) মহিষাদল	—	২২ জন	—	২,৪০০ টাকা
(৩) হিজলী	—	১,০৯১ জন	—	১,৪০,৬৫৫ টাকা

(গ) ১৯৬২-৬৩ সালে হিজলী কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সোসাইটিকে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ঋণ দেওয়া হইয়াছে।

C. R. given to Blind persons

1452. (Admitted question No. 2903.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের যে সকল ব্যক্তি খয়রাতি সাহায্য পাইতেছে তাহাদের মধ্যে কতজন সম্পূর্ণরূপে অন্ধ;

(খ) খয়রাতি সাহায্যের পরিবর্তে তাহাদিগকে মাসিক ভাতা দেওয়ার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা; এবং

(গ) ঐরূপ একজন ব্যক্তিকে বর্তমানে মাসে যে পরিমাণ খয়রাতি সাহায্য দেওয়া হয় তাহার মূল্য কত?

The Minister for Relief and Social Welfare :

(ক) গত মাসে (মার্চ, '৬৫) যে খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে তাহাতে ৩১,১১৩ জন অন্ধ ব্যক্তি ঐ সাহায্য পাইয়াছে।

(খ) এইরূপ কোন পরিকল্পনা সরকারের বর্তমানে নাই। তবে যেসমস্ত অন্ধ ব্যক্তি বার্ধক্য ভাতা প্রকল্পের আওতায় পড়েন তাঁহারা ঐ প্রকল্প অনুযায়ী মাসিক ভাতা পাইতে পারেন।

(গ) আট বৎসর পর্যন্ত বয়স্কদের ক্ষেত্রে দুই টাকা এবং তদূর্ধ বয়স্কদের ক্ষেত্রে চারি টাকা।

Supply of wheat and wheat products in Ranaghat subdivision

1453. (Admitted question No. 2921.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রানাঘাট মহকুমায় ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত মোট কত গম পাঠানো হইয়াছে;

(খ) ১৯৬৩, ১৯৬৪ ও ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত রেশন সপ (এম আর সপ) মারফৎ ঐ মহকুমায় কত গম দেওয়া হইয়াছে এবং চাকী ওয়ালাদের (হাস্কিং মিল ওনার) কত গম হইয়াছে; এবং

(গ) উক্ত সময়ে মোট কত আটা ও ময়দা ও সুজী পাঠানো হইয়াছে, রানাঘাট মহকুমার কোন্ কোন্ সংস্থাকে তাহা বণ্টন করা হইয়াছে এবং তাহার পরিমাণ কত?

The Minister for Food and Supplies:

(ক) ১৯৬৩—১,৪০,৭৪০ কুইন্ট্যাল। ১৯৬৪—২৭,৫৫২ কুইন্ট্যাল। ১৯৬৫ সালের ৮ই এপ্রিল পর্যন্ত—২,২৪০ কুইন্ট্যাল গম পাঠানো হইয়াছে।

(খ)

		চাকীওয়ালা		এম আর সপ
১৯৬৩	—	১৫,৯৩৮ কুইন্ট্যাল	—	৫১,৩৯৪ কুইন্ট্যাল
১৯৬৪	—	১১,৩০০ কুইন্ট্যাল	—	১৫,৫৫২ কুইন্ট্যাল
১৯৬৫	—	×	—	৬,৮২৩ কুইন্ট্যাল
১৯৬৫ ৮ই এপ্রিল পর্যন্ত	—	×	—	৬,৮২৩ কুইন্ট্যাল

(গ) এ সম্বন্ধে একটি বিবরণী সংস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 1453

১৯৬৩ সালে আটা, ময়দা, ও সুজির নিয়ন্ত্রণ হয় নাই। ১৯৬৪ সালে আটা, ময়দা ও সুজি যথাক্রমে ৬,০০৫, ২,২৭৮ ও ১৩৩ ব্যাগ এবং ১৯৬৫ সালের ৩১এ মার্চ পর্যন্ত যথাক্রমে ১,২১৫,

৪৯৯ ও ২৪৪ ব্যাগ দেওয়া হইয়াছে এবং ১৯৬৪ সালের সমস্ত মাল এবং ১৯৬৫ সালের ১২৫ বস্তা আটা, ৮৪ বস্তা ময়দা ও ২৩ বস্তা সুজি বাদে আর সমস্তই বণ্টন করা হইয়াছে।

নিম্নলিখিত স্থানে উপরি-উক্ত দ্রব্যগুলি বণ্টন করা হইয়াছে এবং তাহার পরিমাণ নিম্নে দেওয়া হইল:—

থানা		১৯৬৪ সাল			১৯৬৫ সাল	
	আটা (ব্যাগ)	ময়দা (ব্যাগ)	সুজি (ব্যাগ)	আটা (ব্যাগ)	ময়দা (ব্যাগ)	সুজি (ব্যাগ)
রাণাঘাট ..	২,১০৫	৮৬৬	৪৮	৩,৫৫২	২৯৪	১১২
চাকদহ ..	১,৪২৩	২০০	১২	২,০১৬	৭৫	৪৯
হাঁসখালি ..	৪১৫	৭৫	১০	৪২৫	২৫	১৩
কল্যাণী ..	৪৪৪	৬৮	১২	৭৫০	২২	১১
হরিণঘাটা ..	৪১৮	৬৫	১২	৩৭৫	১৮	১০
শান্তিপুর ..	১,০১০	৭২৬	৩২	২,২৫২	২৫৯	৩৩
মোট ..	৫,৮০৫	২,০০০	১২৬	৯,৩৭০	৬৯৩	২২৮

Cinemas in Burdwan district

1454. (Admitted question No. 2965.)

শ্রীঅশ্বিনী রায়: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সালের ৩১এ মার্চ পর্যন্ত বর্ধমান জেলার মহকুমা ভিত্তিতে সিনেমা-গৃহের প্রতি শ্রেণীর স্থায়ী ও অস্থায়ী সিনেমা-গৃহের সংখ্যা;

(খ) ১৯৬২ সালের এপ্রিল হইতে ১৯৬৫ সালের ৩১এ মার্চ পর্যন্ত মহকুমা ভিত্তিতে নূতন লাইসেন্সপ্রাপ্ত স্থায়ী ও অস্থায়ীর সংখ্যা; এবং

(গ) ১৯৬৫ সালের ৩১এ মার্চ পর্যন্ত লাইসেন্সের জন্য আবেদনকারীদের সংখ্যা কত?

The Minister for Home (Political):

(ক)

মহকুমার নাম	সিনেমাগৃহের সংখ্যা স্থায়ী	অস্থায়ী
সদর	৬	৮
কালনা	১	২
কাটোয়া	১	৫
আসানসোল	১৯	৯৪

(খ)

মহকুমার নাম	সিনেমাগৃহের সংখ্যা স্থায়ী	অস্থায়ী
সদর	..	৭
কালনা	..	২
কাটোয়া	..	৪
আসানসোল	৫	৫

(গ) ১৯ (উনিশ)।

Check Posts in West Bengal and Bihar Border

1455. (Admitted question No. 2900.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)) পশ্চিমবঙ্গ ও বিহারের সীমান্তে কয়টি চেকপোস্ট রহিয়াছে;

(খ) ঐ সকল স্থান দিয়া মোটরযান চলাচল করিতে হইলে, কোন বিশেষ পারমিট আবশ্যক কিনা; এবং

(গ) ঐ সকল যানকে কোন অতিরিক্ত ট্যাক্স দিতে হয় কি?

The Minister for Home (Transport) :

(ক) চল্লিশটি চেকপোস্ট এবং পনেরটি ভ্রাম্যমাণ ইউনিট আছে।

(খ) অপর রাজ্যে চলাচল করিবার উপযোগী পারমিট এবং নিয়ন্ত্রিত খাদ্যশস্য প্রভৃতি বহন করিবার অনুমতিপত্র ভিন্ন কোন বিশেষ পারমিট আবশ্যক হয় না।

(গ) না।

Free Primary Education in Berhampore Municipality

1456. (Admitted question No. 2992.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌরসভা কর্তৃক অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে কিনা;

(খ) উহা বাধ্যতামূলক কিনা; এবং

(গ) এইরূপ শিক্ষার জন্য শিক্ষা-কর আদায় হইতেছে কিনা?

The Minister for Education:

(ক) বহরমপুর পৌরসভা কর্তৃক পরিচালিত ৫টি বিদ্যালয়ে এবং ১৩টি জি এস এফ পি বিদ্যালয়ে অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু আছে।

(খ) না।

(গ) ১৯১৯ সনের বঙ্গীয় প্রাথমিক শিক্ষা আইনের বিধান অনুযায়ী শিক্ষা-কর পূর্ব হইতেই আদায় হইতেছে।

Societies registered as Co-operative Societies in Midnapore district

1457. (Admitted question No. 2996.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দুই বৎসরে মেদিনীপুর জেলার কতগুলি সমিতি সমবায় অধীনে রেজেস্ট্রীর জন্য আবেদন করিয়াছিল;

(খ) কতগুলি উক্ত দুই বৎসরে মঞ্জুরী পাইয়াছে; এবং

(গ) উক্ত জেলায় উক্ত দুই বৎসরে কতগুলি সোসাইটি বিলুপ্তির (লিকুইডেশন) নোটিশ পাইয়াছে?

The Minister for Co-operation:

(ক) ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে রেজেস্ট্রীর জন্য ৩৯৪টি আবেদন পাওয়া যায়।

(খ) ৩৯৬টি। তন্মধ্যে ৮টি ১৯৬২-৬৩ সালের পূর্বে রেজেস্ট্রীর জন্য আবেদন করিয়াছিল।

(গ) ১৭৭টি।

Senior Basic Schools in West Bengal

1458. (Admitted question No. 2997.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে এই রাজ্যে কয়টি সিনিয়ার বেসিক স্কুল মঞ্জুর হইয়াছে;

(খ) উক্ত বিদ্যালয় মঞ্জুরীর জন্য উক্ত দুই বৎসরে সরকার কতগুলি আবেদন পাইয়াছেন; এবং

(গ) কি কি বিষয় বিবেচনা করিয়া এইগুলির মঞ্জুরী দেওয়া হয়?

The Minister for Education:

(ক) গত ১৯৬৩-৬৪ সালে ২৪টি এবং ১৯৬৪-৬৫ সালে ৫টি সিনিয়ার বেসিক স্কুল মঞ্জুর হইয়াছে।

(খ) গত ১৯৬৩-৬৪ সালে ১৩৯টি এবং ১৯৬৪-৬৫ সালে ৭৬টি আবেদন পাওয়া যায়।

(গ) মঞ্জুরী দেওয়ার সময় নিম্নলিখিত বিষয়গুলি সাধারণত বিবেচনা করা হয়ঃ—

(১) (ক) ঐ স্থানে নিম্ন বুনিয়াদী বিদ্যালয় আছে কিনা;

(খ) আশেপাশে পর্যাপ্ত প্রাইমারী বা নিম্ন-বুনিয়াদী বিদ্যালয় ফিডার হিসাবে আছে কিনা।

(২) কমপক্ষে ২ হইতে ৩ মাইলের মধ্যে কোন মাধ্যমিক বিদ্যালয়ের অভাব।

(৩) বিদ্যালয় কর্তৃপক্ষ নিজ ব্যয়ে বিদ্যালয়-গৃহ ও আসবাবপত্র ও শিক্ষকগণের বাসস্থানের ব্যবস্থা করিতে রাজী আছেন কিনা বা তাহার কত অংশ বহন করিতে রাজী আছেন;

(৪) নন-রেকারিং খরচের শতকরা সাড়ে-বারো ভাগ বিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিতে রাজী আছেন কিনা।

(৫) বিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় জমি সংগ্রহ করিতে সক্ষম কিনা।

Shifting of Purulia Junior Basic Training College

1459. (Admitted question No. 3008.)

শ্রীকাম্দরু মাঝিঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া শহর হইতে বুনিয়াদী শিক্ষণ কলেজকে স্থানান্তরিত করিয়া বর্ধমান জেলায় লাউদহাগ্রামে স্থানান্তরিত করা হয় এবং বর্তমানে উক্ত কলেজকে পুরুলিয়ায় ফিরাইয়া আনার জন্য সিদ্ধান্ত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উহা কতদিনে কার্যকরী হইবে এবং উক্ত কলেজের জন্য পুরুলিয়ায় কোন্ স্থান নির্বাচিত হইয়াছে?

The Minister for Education:

(ক) ও (খ) পুরুলিয়া বুনিয়াদী শিক্ষণ বিদ্যালয় বর্তমানে বর্ধমান জেলার লাউদহাতে পরিচালিত হইতেছে।

আগামী গ্রীষ্মাবকাশে কলেজটিকে পুরুলিয়া জেলার রামচন্দ্রপুরে স্থানান্তরিত করার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

Allowance to the teachers of Middle Schools managed by Purulia Zilla Parishad

1460. (Admitted question No. 3012.)

শ্রীকান্দরু মাঝি: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যসরকারের স্বায়ত্ত্বশাসন ও পঞ্চায়েত বিভাগের মেমো নং ৪৪১৮-এম ১৪ এ-১৭-১৫৯-২-১০৬ তারিখ ২০-৫-৫৯ এবং মেমো নং ৮২১৩-১-২ এম, ৪এ-২১-৬০ তারিখ ১-৮-১৯৬০ অনুযায়ী উক্ত বিভাগের অন্তর্ভুক্ত জেলা পরিষদ ও পৌর প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারিবৃন্দ এবং উক্ত জেলা পরিষদ ও পৌর প্রতিষ্ঠান দ্বারা প্রত্যক্ষভাবে পরিচালিত বিদ্যালয়ের শিক্ষকগণ যথাক্রমে জনপ্রতি মাসিক ৫ টাকা হারে বিশেষ কেন্দ্রীয় দুর্মূল্য ভাতা ও ছয় টাকা বর্ধিত হারে রাজ্য সরকার প্রদত্ত দুর্মূল্য ভাতা পাইয়া আসিতেছে কিন্তু পুরুলিয়া জেলা পরিষদ পরিচালিত মিডল স্কুল সমূহের শিক্ষকগণ উক্ত উভয় প্রকার ভাতা এযাবৎকাল পাইতেছেন না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি না?

The Minister for Education:

(ক) ও (খ) পুরুলিয়া জেলা পরিষদের কর্মচারিবৃন্দ ১৬ টাকা হারে সাব-ভেনসন গ্র্যান্ট পাইতেছেন কিন্তু ঐ জেলা পরিষদের পরিচালনাধীন বিদ্যালয়ের শিক্ষকগণ ১০ টাকা হারে সাব-ভেনসন গ্র্যান্ট পাইতেছেন। ঐ গ্র্যান্ট স্বায়ত্ত শাসন বিভাগ হইতে প্রদত্ত হয়। ইহা ব্যতীত ঐ শিক্ষকগণ ৫ টাকা হারে দুর্মূল্য ভাতা ১৯৬৪-৬৫ সনের জন্য পাইবেন। ১৯৬৫-৬৬ সাল হইতে ঐ দুর্মূল্য ভাতা বর্ধিত হইয়া মাসিক ১০ টাকা হইয়াছে।

Spinning Mills in West Bengal

1461. (Admitted question No. 3017.)

শ্রীঅনঙ্গমোহন দাস: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের কয়টি সূতার কল আছে; এবং

(খ) সরকারী প্রচেষ্টায় নূতন কোন সূতার কল স্থাপন করা হইবে কিনা?

The Minister for Commerce and Industries:

(ক) এই রাজ্যে ১৫টি স্পিনিং মিল ও ২০টি কম্পোজিট মিল চালু আছে।

(খ) সরকারী প্রচেষ্টায় কল্যাণী স্পিনিং মিলের দ্বিতীয় ইউনিটটি হাবড়াতে এবং সমবায় ভিত্তিতে অপর একটি স্পিনিং মিল হুগলী জেলায় স্থাপিত হইবে।

Special arrangement for distribution of sugar for Hindu festival in rural areas

1462. (Admitted question No. 3059.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে হিন্দুদিগের পূজা-পার্বণ উপলক্ষ্যে অতিরিক্ত চিনি দেওয়ার ব্যবস্থা আছে কিনা;

(খ) অতিরিক্ত চিনি বরাদ্দের ব্যাপারে কোন্ কোন্ পূজার সময়ে উহা সাধারণত মঞ্জুর করা হয়; এবং

(গ) উক্ত মঞ্জুরির আদেশ কে দেন?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) সাধারণত নিম্নলিখিত হিন্দু অনুষ্ঠান উপলক্ষ্যে অতিরিক্ত চিনি বরাদ্দ করা হয়ঃ—

১। দুর্গাপূজা। ২। কালীপূজা অথবা দেওয়ালী। ৩। ভ্রাতৃদ্বিতীয়া। ৪। দোল-যাত্রা অথবা হোলী।

(গ) এই অতিরিক্ত চিনির পারমিট দেন খাদ্য ও সরবরাহ বিভাগের অধীনস্থ মহকুমা নিয়ামকগণ সাব-ডিভিসনাল কন্ট্রোলার অব ফুড অ্যান্ড সাপ্লাইজ অথবা জেলাশাসক কর্তৃক ক্ষমতা প্রদত্ত অন্য কোন অফিসার।

Rural Libraries

1463. (Admitted question No. 3062.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কোন্ জেলায় কয়টি করিয়া রুর‍্যাল লাইব্রেরী আছে;

(খ) ১৯৬৪-৬৫ সালে কোন্ জেলায় কয়টি নূতন রুর‍্যাল লাইব্রেরী মঞ্জুর হইয়াছে; এবং

(গ) 'খ' দফায় বর্ণিত লাইব্রেরীগুলি কবে হইতে চালু হইবে?

The Minister for Education:

(ক) এতদ্‌সঙ্গে একটি বিবরণী দেওয়া হইল।

জেলা	রুর‍্যাল লাইব্রেরী সংখ্যা
১। বাঁকুড়া	৩১
২। বীরভূম	৩০
৩। বর্ধমান	৩৯
৪। কুচবিহার	২৭
৫। দার্জিলিং	১৯
৬। হুগলী	৪২
৭। হাওড়া	৩৭
৮। জলপাইগুড়ি	২৬
৯। মালদহ	২০
১০। মেদিনীপুর	৫০
১১। মুর্শিদাবাদ	৩২
১২। নদীয়া	২৮
১৩। পুরুলিয়া	৩৩
১৪। পশ্চিম দিনাজপুর	২৯
১৫। ২৪-পরগনা	৬১
মোট	৫০৪

(খ) ১৯৬৪-৬৫ কোন নূতন রুর‍্যাল লাইব্রেরী মঞ্জুর করা হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Char lands of South Purushottampur mauza in Ramnagar police-station

1464. (Admitted question No. 3098.)

শ্রীসুধীরচন্দ্র দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামনগর থানার দক্ষিণ পুরুষোত্তমপুর মৌজায় চর জমি পুরুষোত্তমপুর ও তেখালি

কৃষি সমবায় সমিতিকে ১৩৬৯ হইতে চাষাবাদ করিবার জন্য বন্দোবস্ত দেওয়া হইয়াছে, ইহা কি সত্য?

(খ) ইহা সত্য হইলে জমির পরিমাণ কত; এবং কত বছরের মিয়াদে বন্দোবস্ত দেওয়া হইয়াছে;

(গ) ঐ সমিতির সম্পাদক কে; এবং সমিতির সদস্যগণের নাম ও ঠিকানা কি;

(ঘ) ইহা কি সত্য ঐ প্লটের চাষাবাদের জন্য ভূমিরাজস্ব বিভাগ হইতে বাঁধ প্রস্তুত ও মেরামত বাবদ অর্থ সাহায্য করা হইয়াছে; এবং

(ঙ) ইহা সত্য হইলে, ঐ অর্থের পরিমাণ কত?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ।

(খ) জমির পরিমাণ ৫৪৫·২৮ একর কেবলমাত্র ১৩৬৯ সালের জন্য বন্দোবস্ত দেওয়া হইয়াছিল।

(গ) সমিতির সম্পাদক—শ্রীক্ষিতিশচন্দ্র প্রধান। কে বা কাহারা সভ্য তাহা জানিতে চাওয়া এই বিভাগের কাজের আওতায় পড়ে না।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

Poultry Farm in West Bengal

1465. (Admitted question No. 3120.)

শ্রীসনৎকুমার রাহা: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী পোলট্রী ফার্ম কয়টি;

(খ) ঐ ফার্মগুলিতে গত তিন বছরে কত আয় ও ব্যয় হইয়াছে; এবং

(গ) কি কি খাতে আয় হয় ও কি কি খাতে ব্যয় হইয়াছে?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) ছোট ও বড় মিলিয়া ২৬-টি।

(খ) ঐ ফার্মগুলিতে গত তিন বছরের আয় ও ব্যয় নিম্নে দেখান হইল:—

	আয়	ব্যয়
	টাকা	টাকা
১৯৬২-৬৩	৩,৩৯,৬৩৪	৭,৬৪,১১৯
১৯৬৩-৬৪	২,৫৮,৮৩১	৯,২৮,২৬৪
১৯৬৪-৬৫	৫,১৫,০০৪	১৪,৯০,৬০৪
মোট ..	১১,১৩,৪৬৯	৩১,৮২,৯৮৭

(গ) পাখী ও ডিম বিক্রয় বাবদ আয় হয়; এবং নিম্নলিখিত খাতে ব্যয় হইয়াছে:—

(১) কর্মচারীদের বেতন ও ভাতা;

(২) শ্রমিকদের মজুরী;

(৩) খাদ্য;

(৪) ছোট ছোট নির্মাণকার্য ও মেরামত;

(৫) ঔষধ; এবং

(৬) আফিস ও বিবিধ খরচ।

Price of fish

1466. (Admitted question No. 3161.)

শ্রী[illegible] রায়: মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৎস্যের দর বর্তমান কিভাবে নির্দিষ্ট হইয়াছে; এবং

(খ) এই দর পরিবর্তন করিবার চিন্তা সরকার করিতেছেন কিনা?

The Minister for Fisheries:

(ক) উৎপাদনকারীদের নিকট হইতে মৎস্য ব্যবসায়ীরা যে মূল্যে মৎস্য সংগ্রহ করেন তাহার উপর যাহাতে অতিরিক্ত মুনাফা না করা হয় সেইদিকে দৃষ্টি রাখিয়া মৎস্যের মূল্য নির্দিষ্ট করা হইয়াছে।

(খ) সম্প্রতি ১লা এপ্রিল হইতে স্বাভাবিক সময় এবং মন্দার সময়ের জন্য দুই প্রস্ত দর নির্দিষ্ট করা হইয়াছে। বর্তমানে ইহা পরিবর্তন করার কোন প্রস্তাব সরকারের নাই।

Lands under Pak occupation

1467. (Admitted question No. 3176).

শ্রীঅনঙ্গমোহন দাস: (রাজনৈতিক-সি-আর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যের পাকিস্তান সীমান্তবর্তী কোন্ কোন্ জেলার কত অংশ জমি পাকীস্তানীরা জবর দখলে রাখিয়াছে; এবং

(খ) ঐ সকল জমি পুনরুদ্ধারের জন্য কেন্দ্রীয় সরকারকে কোন অনুরোধ করা হইয়াছে কিনা?

The Minister for Home (Political):

(ক) পশ্চিমবঙ্গের কোন জমি পাকিস্তানীদের জবর দখলে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Remission of land revenue due to storm and flood

1468. (Admitted question No. 3196.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে এই রাজ্যের কোন জেলার জমির খাজনা ঝড় ও বন্যার ফলে ফসল নষ্টের জন্য সম্পূর্ণরূপে বা আংশিক মকুব করা হইয়াছে; এবং

(খ) উক্ত ব্যাপারে মোট কত টাকা প্রতি জেলায় মঞ্জুর করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) গত ১৯৬৩-৬৪ সালে এই রাজ্যের কোন জেলাতে ঝড় ও বন্যার ফলে কোনরূপ খাজনা মকুব করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Cinemas in Moyna police-station, Midnapore

1469. (Admitted question No. 3197.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানায় কয়টি স্থায়ী সিনেমা মঞ্জুরী পাইয়াছে;

(খ) গত ১৯৬৪-৬৫ সালে কয়টি সিনেমা অস্থায়ীভাবে মঞ্জুরী পাইয়াছিল; এখন পর্যন্ত কয়টি চলিতেছে; এবং

(গ) উক্ত থানায় কয়টির জন্য স্থায়ী মঞ্জুরীর আবেদন আছে?

The Minister for Home (Political):

(ক) একটিও নহে।

(খ) ১৯৬৪-৬৫ সালে চারিটি; এখন পর্যন্ত চারিটি।

(গ) দুইটি।

Relief work through Anchal Panchayats

1470. (Admitted question No. 3250.)

শ্রীসনৎকুমার রাহা: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ইহা কি সত্য যে, বর্তমানে অঞ্চল রিলিফ কমিটি যেভাবে আছে তাহার পরিবর্তে অঞ্চল পঞ্চায়েতের উপর রিলিফের দায়িত্ব দিবার কথা সরকার চিন্তা করিতেছেন?

The Minister for Relief and Social Welfare:

রিলিফ ম্যানুয়েলের বিধি অনুসারে গঠিত রিলিফ কমিটির পরিবর্তে অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে ত্রাণ কার্য পরিচলনা সম্পর্কে প্রয়োজনীয় সরকারী নির্দেশনামা ইতিপূর্বেই জারী করা হইয়াছে।

Applications for Industrial Loan in West Bengal

1471. (Admitted question No. 3298.)

শ্রীসনৎকুমার রাহা: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবঙ্গের শিল্পঋণ (ইন্ডাস্ট্রিয়াল লোন)-এর জন্য কত আবেদন পাওয়া যায়;

(খ) কত আবেদন মঞ্জুর হয়;

(গ) কত টাকা এই ঋণে দেওয়া হয়: এবং

(ঘ) এর মধ্যে পাঁচ হাজার টাকার কম ঋণ কতজনকে দেওয়া হয়?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা সময় সাপেক্ষ। বিস্তারিত তথ্যাদি সংগ্রহের পর পেশ করা হইবে।

(খ) ১৯৬৩-৬৪ সালে মোট ২,২৩৩টি আবেদনপত্র মঞ্জুর করা হইয়াছে। অন্যান্য তথ্যাদি বিভিন্ন মহল হইতে সংগ্রহ করা হইয়াছে।

(গ) ১৯৬৩-৬৪ সালে ২২,৪৮,০০০ টাকা এবং ১৯৬৪-৬৫ সালে ২৫,৫০,০০০ টাকা দেওয়া হইয়াছে।

(ঘ) প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা সময়সাপেক্ষ। তবে প্রাপ্ত বিবরণাদি হইতে দেখা যায় যে সমষ্টি উন্নয়নাধিকারিগণ গত ১৯৬৩-৬৪ সালে ১,৯৩৯ জনকে ঋণ দিয়াছেন। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে উক্ত অফিসারগণ প্রতি ক্ষেত্রে ৪০০ টাকা পর্যন্ত ঋণ দিতে পারেন। অন্যান্য তথ্যাদি সংগ্রহের পর পেশ করা হইবে।

Third Plan Road Development Programme in Murshidabad district

1472. (Admitted question No. 3303.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনা কালে কোন্ কোন্ নূতন রাস্তা মুর্শিদাবাদ জেলায় নির্মিত হইয়াছে এবং কোন্ কোন্ রাস্তা এখনও অসম্পূর্ণ রহিয়া গেছে; এবং

(খ) ২য় পরিকল্পনাকালের কোনও রাস্তা অদ্যাবধি অসমাপ্ত আছে কি না এবং থাকিলে তাহাদের নাম কি?

The Minister for Public Works (Roads):

(ক) তৃতীয় পরিকল্পনা কালে গৃহীত রাস্তাগুলির কাজ সম্পূর্ণরূপে শেষ হয় নাই। রাস্তাগুলির নামের একটি পৃথক তালিকা নিম্নে সন্নিবেশিত হইল।

(খ) হ্যাঁ। অসমাপ্ত রাস্তার একটি তালিকা নিম্নে সন্নিবেশিত হইল।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 1472

Roads taken up in the Third Five-Year Plan

1. Upgrading Panchgram-Nabagram-Lalbagh Road and Protective Works.
2. Upgrading Akheriganj-Katlamari Road.
3. Upgrading Berhampore-Hariharpara-Amtala Road.
4. Upgrading Ramnagar-Bazarsahu-Chowrigacha-Khagraghat Road.
5. Ugrading Salika-Panuti Road.
6. Upgrading Sherpur-Bishnupur Road.
7. Upgrading Khargram-Paruli Section of Khargram-Rampurhat Road.
8. Upgrading Road from Sagardighi to N.H.34.
9. Upgrading Jibanti-Sherpur Road.
10. Upgrading Sagardighi-Manigram-Gankar-Raghunathanj Road.
11. Upgrading Simulia-Salar-Kagram Road.
12. Upgrading Kanupur-Bahutali via Ajagarpara (excluding bridge over the Pagla).
13. Upgrading Chiruti R. S. actually from Chandpara to Gokarna.
14. Upgrading Road from 4th mile of Berhampore-Bhagawangola Road to opposite bank of river Bhairab at Mohanpur.

15. Upgrading Gramsalika-Majlispore Road (up to district border).
16. Upgrading Extension of Beldanga-Majjampore Road up to Chardiar-Ferryghat on the Bhagirathi river including upgrading of Beldanga-Majjampur Road.
17. Upgrading Road from Bhowanipore (on Bhagwangola-Lalgola Road to Rajarampore).

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 1472

Roads taken up in the second Five Year Plan which are yet to be completed:—

1. Panchgram-Nabagram-Lalbagh Road.
2. Krishnapur-Debipur-Jallangi Road.
3. Akheriganj-Katlamari Road.
4. Berhampore-Hariharpara-Amtala Road.
5. Ramnagar-Bazarsahu-Chowrigacha-Khagraghat Road.
6. Salika-Panuti Road.
7. Sherpur-Bishnupur Road.
8. Sagardighi-Manigram-Gankar-Raghunathganj Road.
9. Simulia-Salar-Kagram Road.
10. Khargram-Parulia Road.
11. Road from Sagardighi to N. H. 34.
12. Jibanti-Sherpur Road.
13. Link Road from Tenya R. S. to Tenya Health Centre.

Upgrading of Ultadanga Saradaprosad Institution (Girls' Section) into a Higher Secondary School

1473. (Admitted question No. 3324.)

শ্রীমতী ইলা মিত্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উল্টাডাঙ্গার সারদা প্রসাদ ইন্সটিটিউশনকে (বালিকা বিভাগ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করার জন্য কোন প্রস্তাব সরকার পাইয়াছেন কিনা; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Education:

(ক) উল্টাডাঙ্গায় সারদা প্রসাদ ইন্সটিটিউশন (বালিকা বিভাগ) এই নামে কোন বালিকা বিদ্যালয় নাই। তবে উল্টাডাঙ্গায় সারদা প্রসাদ ইন্সটিটিশন ফর গার্লস নামে একটি দশম শ্রেণী বিশিষ্ট বালিকা বিদ্যালয় আছে। উহাকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পরিণত করিবার কোনও প্রস্তাব সরকার আজ পর্যন্ত পান নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Government Vested Uncultivated Lands

1474. (Admitted question No. 3337.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অকৃষি জমি যাহা সরকারের ন্যস্ত হইয়াছে তাহা কি ধরনের;

(খ) উক্ত জমি সংস্কারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) উক্ত জমি কত পরিমাণ বিলি হইয়াছে এবং বণ্টিত জমি কোন্ কোন্ কাজে ব্যবহৃত হইতেছে?

The Minister for Land and Land Revenue:

(ক) পথ, হাট, ডাঙ্গা, শ্মশান ইত্যাদি।

(খ) বর্তমানে সংস্কারের কোন পরিকল্পনা নাই।

(গ) বাস্তু ও কলকারখানা ইত্যাদির প্রয়োজনে ডাঙ্গা জমি বন্দোবস্ত দেওয়া হয় এবং উহা সাধারণত স্বল্প অথবা দীর্ঘ মেয়াদে বন্দোবস্ত দেওয়া হয়, চলতি বৎসরের মার্চ মাস পর্যন্ত ১২,৫৫৮.৮৯ একর জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

Appointment of District Engineer for Midnapore Zilla Parishad

1475. (Admitted question No. 3352.)

শ্রীঅনঙ্গমোহন দাস: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলা পরিষদের কর্মে নিযুক্ত ডিস্ট্রীক্ট ইঞ্জিনীয়ার-এর নিয়োগ বর্ধমান্ বিভাগের কমিশনার অনুমোদন করেন নাই;

(খ) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(গ) উক্ত ইঞ্জিনীয়ারকে কি কারণে আজিও পরিষদ কাজে রাখিয়াছেন?

The Minister of State for Panchayats

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) ডিস্ট্রিক্ট ইঞ্জিনীয়ার নিয়োগের নিয়মাবলী অনুযায়ী তাঁহার যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতা নাই।

(গ) মহাধর্মাধিকরণের নিষেধাজ্ঞার ফলে জেলা পরিষদের অধিবেশন না হওয়ায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে বিলম্ব হইয়াছে। তবে গত ২৪এ এপ্রিল ১৯৬৫ তারিখের অধিবেশনে উক্ত ইঞ্জিনীয়ারকে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।

Chaltia, Bishnupur, Katiganga and Bhandardah Beels in Murshidabad district

1476. (Admitted question No. 3376.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর থানার অন্তর্গত চলতিয়া বিল, বিষ্ণুপুর বিল, কাটিগঙ্গার বিলের আয়তন কত;

(খ) এই বহরমপুর থানার অন্তর্গত ভাণ্ডারদহ বিলটির আয়তন কত;

(গ) উপরোক্ত বিলগুলি সরকারে ন্যস্ত কিনা;

(ঘ) এই বিলগুলি সংস্কার করিয়া মৎস্য চাষের জন্য ব্যবহৃত হইবে কি; এবং

(ঙ) বর্তমানে এই বিলগুলি হইতে সরকারের রাজস্ব বাবদ কত আদায় হয়?

The Minister for Land and Land Revenue:

(ক) আয়তন নিম্নরূপ—চালতিয়া বিল—৬৯.৯৯ একর; বিষ্ণুপুর বিল—৮৪.৮২ একর ও কাটিগঙ্গার বিল—৮৮·৯০ একর।

(খ) ৫৫৯·২৪ একর।

(গ) হ্যাঁ।

(ঘ) বর্তমানে কেবলমাত্র চালতিয়া ও বিষণপুর বিলের সংস্কার ও মৎস্য চাষের জন্য ব্যবস্থার সম্বন্ধীয় বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(ঙ) রাজস্ব আদায়ের পরিমাণ নিম্নে প্রদত্ত হইল—

	টাকা
চাল্‌তিয়া	৫,০২৫
বিষ্ণুপুর	৬,৫০০
কাটিগঙ্গা	২,৩০১
ভান্ডারদহ	১৬,৫০০

Farakka Employment Exchange

1477. (Admitted question No. 3384.)

শ্রীসনৎকুমার রাহা: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফারাক্কা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে বর্তমানে কত নাম রেজিস্টারভুক্ত আছে এবং তাহার মধ্যে কতজনের ঠিকানা জঙ্গীপুর মহকুমার মধ্যে; এবং

(খ) কাহারা এই এক্সচেঞ্জে নাম তালিকাভুক্ত করিতে পারে?

The Minister for Labour:

(ক) ১৯৬৫ সালের ৩১এ মার্চ তারিখে মোট ৭,২১৫ জন রেজেস্ট্রিভুক্ত ছিলেন। ফারাক্কা কর্মসংস্থান কেন্দ্রের সীমানা হইল জঙ্গীপুর মহকুমা। কাজেই উক্ত ৭,২১৫ জনেরই ঠিকানা জঙ্গীপুর মহকুমার মধ্যে হইবে।

(খ) যেসমস্ত ব্যক্তির ঠিকানা জঙ্গীপুর মহকুমার অন্তর্গত তাঁহারাই এই কর্মসংস্থান কেন্দ্রে নাম তালিকাভুক্ত করিতে পারেন।

Handloom Industries in West Bengal

1478. (Admitted question No. 3403.)

শ্রী[illegible] মাহাত: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কয়টি হস্তচালিত তাঁত রহিয়াছে; এবং

(খ) ১৯৬৪ সালের মার্চের মধ্যে [illegible] তাঁতের দ্বারা কোন্ জেলায় কত গজ কাপড় উৎপন্ন হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) পশ্চিমবঙ্গে মোট ১,৫৯,১৮৩টি (৩১এ মার্চ ১৯৬৪) হস্তচালিত তাঁত আছে। জেলা ভিত্তিক তাঁতের হিসাব নিম্নে দেওয়া হইল—

(১) হাওড়া	... ...	৩,৪০০
(২) পুরুলিয়া	... ...	৬,২৮০
(৩) বাঁকুড়া	... ...	১২,১০৫
(৪) মেদিনীপুর	... ...	৩২,৩১৪
(৫) নদীয়া	... ...	২৯,৩৯১
(৬) হুগলী	... ...	১৫,৭৫৩
(৭) মালদহ	... ...	৪,৩৫২
(৮) ২৪-পরগনা	... ...	১৮,৫৭২
(৯) কুচবিহার	... ...	১,৮৭৮
(১০) মুর্শিদাবাদ	... ...	৮,৬১৪
(১১) পশ্চিম দিনাজপুর	... ...	২,২৮৪
(১২) দার্জিলিং	... ...	১৫১
(১৩) বর্ধমান	... ...	১৫,৯৮৪
(১৪) জলপাইগুড়ি	... ...	৬৬৫
(১৫) কলিকাতা	... ...	১,৩৮৮
(১৬) বীরভূম	... ...	৬,০৫২
মোট	...	১,৫৯,১৮৩

(খ) জেলা ভিত্তিক তাঁতবস্ত্র উৎপাদনের পরিমাণ নির্ধারণের কোন ব্যবস্থা নাই। তবে সমগ্র পশ্চিমবঙ্গে ১৯৬৩-৬৪ সনে আনুমানিক ১৯.০৫ কোটি গজ তাঁতবস্ত্র উৎপন্ন হইয়াছে।

Suisa Agricultural Development Co-operative Society, Purulia

1479. (Admitted question No. 3418.)

শ্রীদমন কুইরিঃ সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার সুইসা কৃষি উন্নয়ন সমবায় সমিতি সর্বশেষ অডিট কবে হইয়াছে; এবং

(খ) ঐ অডিট রিপোর্টটি কি?

The Minister for Co-operation:

(ক) পুরুলিয়া জেলার সুইসা সমবায় কৃষি উন্নয়ন সমিতির সর্বশেষ অডিট (১৯৬২-৬৩ সনের) ২৮-২-৬৪ হইয়াছে।

(খ) সংগীয় ক্রোড়পত্রে দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 1479

ক্রোড়পত্র

"I report that I have audited the Balance Sheet as at 30th June 1963 and the annexed Profit and Loss Account for the year ended 30th June 1963 and have obtained all the information and explanations I have required. In my opinion the Balance sheet and the Profit and Loss account have been drawn up in conformity with the law and subject to my separate report of even date, the Balance Sheet exhibits a true and correct view of the state of Society's affairs according to the best of my information and the explanations given to me and as shown by the books of the Society. In my opinion the books of accounts have been kept as required under the Act, the rules and by-laws."

Calling attention to matters of urgent public importance

Mr. Deputy Speaker: The Minister-in-charge of Laour Department will please make a statement on the subject of fall in the cost of living index, to which attention was called by Shri Rabindra Nath Mukhopadhyay on the 6th May, 1965.

Shri Ardhendu Shekhar Naskar: The statement will be made tomorrow.

Mr. Deputy Speaker: The Minister-in-charge of Commerce and Industries Department will please make a statement on the subject of closure of Manindra Cotton Mills of Cossimbazar in Murshidabad district to which attention was called by Shri Nikhil Das on the 6th May, 1965.

Shri Ardhendu Shekhar Naskar: With reference to the calling attention notice tabled by Shri Nikhil Das, an honourable member of this House, I would like to make the following statement:—

The Manindra Cotton Mills at Cossimbazar in the district of Murshidabad is a large-sized power-loom mill in West Bengal. It has suddenly closed down without any notice on the 28th April, 1965, and, in consequence, 800 workers have been rendered unemployed. This closing down of the mill is not due to any industrial dispute. As far as could be gathered, it is because of the fact that this mill is unable to obtain the concessions which have been allowed by the Government of India to power-loom units running less than 50 looms. The Manindra Cotton Mills were running 180 looms. Consequently, the mills could not secure the concession which has been sanctioned by the Government of India. As a result this mill has been finding it difficult to run economically.

Only a few days ago the representatives of the mill saw me together with Shri Tridib Chowdhury, M.P., and a few of the prominent citizens of the Murshidabad district. The Minister-in-charge has already drawn the attention of the Government of India to the condition of the mill and he is also pursuing the matter with that Government to find out if it will be possible for them to grant the required concessions so as to enable this mill to function economically The matter is still being pursued.

Mr. Deputy Speaker: I have received two notices of Calling Attention on the following subjects, namely:

(1) suspension of workers of Indian Iron and Steel Company, Burnpur—from Dr. Gopikaranjan Mitra; and

(2) purchase of a long unused litigated rice mill by Burdwan Co-operative Rice Mill Society—from Shri Syed Abul Mansur Habibullah.

I have selected both of them. The Hon'ble Minister-in-charge may make statements today, if possible, or give a date.

Shri Ardhendu Shekhar Naskar: Statements will be made tomorrow.

"Messages

Secretary (Shri P. Roy): The following messages have been received from the West Bengal Legislative Council, namely:—

(1)

"**Message**

The West Bengal Legislative Council at its meeting held on the 6th May, 1965, agreed to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) (Amendment) Bill, 1965, without any amendment.

Calcutta:
The 7th May, 1965.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council."

(2)

"**Message**

The West Bengal Legislative Council at its meeting held on the 6th May, 1965, agreed to the West Bengal Non-trading Co-operations Bill, 1965, without any amendment.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council."

I beg to lay the messages on the table.

Stoppage of procession leading to "Rabindra Swarani" on Cathedral Road, by Police

শ্রীজ্যোতি বসুঃ আমি বলছিলাম যে ২৫এ বৈশাখ অর্থাৎ ৮ই মে রবীন্দ্র স্মরণীর স্বারোদ্ঘাটনের যে কথা ছিল সেটা উদ্বোধন হল না সেইখানে নাট্যকার, শিল্পি এবং সাহিত্যিক সকলে মিলে যেখনে আমরাও উপস্থিত ছিলাম সেখানে যে পুলিস বেষ্টনীর বাহিরে তাদের অনুষ্ঠান করতে হল। তার কারণ হল রবীন্দ্রনাথের প্রতি তারা শ্রদ্ধা জানাতে চান। স্যার এটা আপনি সংবাদপত্রে বোধ হয় দেখেছেন যে সেখানে কি ঘটনা হয়েছে আমাদের শিক্ষামন্ত্রী এবং পূর্তমন্ত্রী যা বলেছিলেন সেটা সম্পূর্ণ অসত্য কথা অর্থাৎ তার ভেতরে এরূপ কোন ব্যবস্থা নেই যাতে নাকি এরূপ একটা অনুষ্ঠান অল্পক্ষণের জন্য হতে পারে। তাঁরা বলেছিলেন যদি এরা ভেতরে যান তা হলে এরা সব মাড়িয়া তছনছ করে দেবে। আমি যতীন চক্রবর্তী এবং আরও কয়েকজন ভোর ৬-৩০এ যাই এবং ভেতরে গিয়ে দেখলাম যে বারান্দার আশেপাশে যথেষ্ট জায়গা আছে, শুধু ডায়াস ও স্টেজে কিছু করা যাবে না, যেটা নাকি ওরা তৈরী করছেন। আমরা আরও দেখলাম যে, ১০টা নাগাদ একজন মিস্ত্রী এবং ১০/১৫ জন লোক কাজ সুরু করলো। কাজেই সেদিন তখন এখনে কাজ হচ্ছিল না এবং হলের বাহিরেও বহুত জায়গা ছিল, বারান্ডাতেও অনেক জায়গা ছিল যেখানে তারা অনুষ্ঠান করতে পারতেন, মন্ত্রিমহাশয়রা এখানে বলেছেন যে টেকনিকাল এক্সপার্টরা বলেছেন যে এখানে নাকি কিছু হতে পারে না আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে দেখতে পাচ্ছি না আপনার মাধ্যমে এর প্রতিবাদ জানাচ্ছি যে অ্যাসেম্ব্লীতে এসে তিনি এ ধরনের মিথ্যা কথা না বলেন। আমার দ্বিতীয় কথা হচ্ছে এরূপ যখন অভাবনীয় ধারণা হচ্ছিল শিল্পি এবং সাহিত্যিকরা ভেতরে যারা যাননি যারা ঐ ক্যাথেড্রাল রোড-এ যাদের আটকান হয়েছিল তারা সেইখানেই দাঁড়িয়ে অনুষ্ঠান করেছিলেন। তাঁরা এই অবস্থায় সেইখানে অনুষ্ঠান করতে বাধ্য হয়েছিলেন। আপনি হয়ত সংবাদপত্রে এটা দেখে থাকবেন। আমরা কোন স্থানে এরূপ দেখিনি যেখানে ১৪৪ ধারা নেই সেখানে তাদের রাস্তার

উপরে যেখানে লরী নিয়ে যাচ্ছিলেন সেখানে কিভাবে আটকান হল, আমরা জানি জরুরী ভারত রক্ষা আইন আছে ও গণতন্ত্র আমাদের দেশে নেই তাই আপনারা বিনা বিচারে আটক করে রাখবেন কিন্তু এটা কিভাবে হতে পারে। আমি একজন পুলিসকে জিজ্ঞসা করেছিলাম অ্যাসিস্ট্যান্ট পুলিস কমিশনার বোধ হয় হবেন সমস্ত কথা যদিও আমি শুনিনি পরে যখন আমি তাঁর সংগে দেখা করলাম তিনি তখন অনেক অবান্তর কথা বললেন তার মধ্যে সেই অফিসার বললেন—এই নিয়ে রাজনীতি করবেন না। কি অবস্থা মন্ত্রিমহাশয়রা যা বলছেন একজন পুলিস অফিসার তাই বলছেন। আমি যখন তাঁকে বললাম কি করবো না করবো এই নিয়ে আপনার বক্তব্য শুনতে চাই না তার কারণ হল এটা জানতে চাই এজন্যই এটা অ্যাসেম্বলীতে তুলতে হবে বলে আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে আপনি কোন আইনে আটকেছেন। তিনি বললেন আমাদের আইনটা কি বা অর্ডারটা কি সেটা আমি দেখাতে বাধ্য নই। আমি বাধ্য নই যে এটা কোন অর্ডার-এ এটা করা হচ্ছে সেটা দেখাতে। অবশ্য পরে তিনি বললেন সেকসান (৬) অফ দি পুলিস অ্যাক্ট এই ধরনের তিনি একটা কি বললেন তবে কোন অর্ডারএ কি করেছি সে দেখতে আমি বাধ্য নই। আমি তাঁকে বলেছিলাম যে আপনার বক্তৃতা শুনতে রাজী নই। তার কারণ হল আপনার মত মুর্খ পুলিস অফিসার-এর কাছ থেকে কোনটা রাজনৈতিক এবং কোনটা রাজনৈতিক নয় সেটা শুনতে রাজি নই, আপনি আপনার ডিউটি করুন। সেখানে একটা অপ্রীতিকর ঘটনা হয়ত হতো যদি আমরা না থাকতাম, আমরা রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা জানাতে গিয়েছিলাম সেখানে যাতে কোন অপ্রীতিকর ঘটনা না হয় সেটার জন্যই আমি এসব বলেছিলাম কিন্তু আমি জানতে চাই—এখানে যদিও মন্ত্রিমহাশয়দের দেখতে পাচ্ছি না, আংশিক পুলিশমন্ত্রী এখানে আছেন তিনি বলুন কোন অর্ডার-এ বা কিভাবে তাঁরা ক্যাথিড্রাল রোড-এ একটা বেষ্টনী করে তাঁরা এইভাবে কাজ করলেন সেটা জানতে চাই। আমি জানতে চাই কে অর্ডার দিয়েছিলেন আমাদের পুলিশ বিভাগের কোন অর্ডার ছিল কিনা সেটা আমি অ্যাসেমব্লীতে জানতে চাই। এত বড় একটা ঘটনা যা অল ইণ্ডিয়া রেডিওতে বলেছে, যা নাকি কল্পনাও করা যায় না যে কি অর্ডার-এর বলে এটা হল নাকি পুলিশ নিজের অথরিটিতে বিনা অর্ডার-এ ক্যাথিড্রাল রোড-এ আটকেছিলেন সেটা আমি জানতে চাই।

[1-10—1-20 p.m.]

শ্রীকমলকান্তি গুহ: ডেপুটি স্পীকার স্যার, গত ২৫এ বৈশাখ আমি সেখানে দর্শক হিসাবে গিয়েছিলাম, আমি যেয়ে সেখানকার আশেপাশের প্রতিবেশীর কাছে শুনলাম যে তাঁরা ক্ষুব্ধ হয়েছেন, কারণ সেখানে ঐ রবীন্দ্র স্মরণীর বেষ্টনীর ভেতর ব্যাডমিণ্টন খেলা হয়, সেখানে কোচিং ক্লাস চলছে, সেখানে অন্যান্য প্রতিযোগিতা হয় অথচ বাংলাদেশের শিল্পী, সাহিত্যিক, অভিনেতা যাঁরা রবীন্দ্র স্মরণীর ভেতর ২৫এ বৈশাখ রবীন্দ্রনাথকে শ্রদ্ধা জানাতে চাইলেন সেদিন তাঁদের আমাদের সরকার বলেছিলেন যে ওখানে কোন অনুষ্ঠান হতে দেওয়া সম্ভব নয়, হলে পর যে কাজ চলছে তাতে ব্যাঘাত হবে, অথচ প্রতিবেশীরা বলছে দিনের পর দিন এই ঘটনা হচ্ছে, সেখানে ব্যাডমিণ্টন খেলা হয়, কোচিং ক্লাস হয় এবং অন্যান্য অনুষ্ঠানও হয়। যাহোক সেদিন শিল্পী সাহিত্যিকেরা শোভাযাত্রা করে রবীন্দ্র সংগীত গাইতে গাইতে রবীন্দ্র স্মরণীর দিকে যখন যাত্রা করলেন তখন রবীন্দ্র স্মরণীর গেট থেকে ৫০ হাত দূরে তাঁদের আটকে দেওয়া হল। আমি তখন সেখানে উপস্থিত ছিলাম, আমি সেই পুলিশ অফিসার, অ্যাসিস্ট্যাণ্ট কমিশনারকে বল্লাম যে আপনি জানেন, শিল্পি ও সাহিত্যিকরা, বাংলাদেশের অধিবাসীরা আজকে রবীন্দ্রনাথকে শ্রদ্ধা জানাতে এসেছেন—তাঁরা এটা স্থির করেছেন যে তাঁরা জোর করে রবীন্দ্র স্মরণীর ভেতর ঢুকবেন না, তাঁরা রাস্তার উপর বসে শ্রদ্ধা জানাবেন, কাজেই আপনি যখন জানেন যে তাঁরা জোর করে ঢুকবেন না তখন তাঁদের সেই পর্যন্ত কেন যেতে দিচ্ছেন না, কেন এখানে আটকে রেখেছেন, তখন তিনি বল্লেন যে অর্ডার আছে। এই অর্ডার সম্বন্ধে জ্যোতিবাবু যে কথা বলেছেন তা আপনি শুনেছেন! তার পরে আমি যখন আবার অনুরোধ করলাম যে আপনি গেট পর্যন্ত যেতে দিন শোভাযাত্রাকে তখন সেই অফিসারটি বল্লেন এটাকে রাজনীতির মধ্যে যোগ করবেন না। আজকে আমি আপনার মাধ্যমে এখানে পুলিশমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে একজন অ্যাসিষ্ট্যাণ্ট কমিশনারের এই রকম ঔদ্ধত্য, স্পর্ধা ও ধৃষ্টতা কোথা থেকে আসে? আমরা কেবল তাঁকে অনুরোধ করেছিলাম,

আমরা জোর করিনি, বলপ্রয়োগ করিনি, আমরা কোন বিঘ্ন ঘটাইনি, আমরা কেবল অনুরোধ করেছিলাম যে গেট পর্যন্ত যেতে দিন কারণ তাঁরা ইতিমধ্যেই ঘোষণা করেছেন যে তাঁরা ভেতরে ঢুকবেন না—তখনই তিনি একথা বল্লেন। তিনি একথা বলতে পারতেন যে অমুককেই গেট পর্যন্ত যেতে দেওয়ায়, ৫০ হাত দূরে আমরা আটকে রাখবো, কিন্তু তিনি একথা বল্লেন যে রাজনীতি করবেন না। সেজন্য আমি জানতে চাচ্ছি যে আজকে মন্ত্রীরা বাংলাদেশের সমস্ত ব্যবস্থাকে কি আমলাতন্ত্রের কাছে বিকিয়ে দিয়েছেন? আপনাদের মনুষ্যত্ব, আপনাদের নীতি, আজকে কি ঐ লালবাজারের পুলিশরা, অ্যাসিষ্ট্যাণ্ট কমিশনাররা নিয়ন্ত্রণ করবেন, এটা জানতে চাই। আজকে যে লজ্জাজনক, কলঙ্কজনক ঘটনা ঘটেছে ইতিহাস তার বিচার করবে কিন্তু যে ঘটনা ঘটেছে, সেই অ্যাসিষ্ট্যাণ্ট কমিশনারের মুখ দিয়া যে কথাটা বেরিয়েছে আমি জানতে চাই যে আমাদের মন্ত্রীরা কি তাঁকে শিখিয়ে দিয়েছিলেন যে জনসাধারণ বা অন্য কেউ যদি যুক্তি দেখায়—কথা বা তার কাছে যেতে দেওয়ার কথা জিজ্ঞাসা করেন তাহলে একথা বলে দেবেন, এই নির্দেশ আমাদের পুলিশমন্ত্রী সেই অ্যাসিষ্টাণ্ট কমিশনারকে দিয়ে দিয়েছিলেন কিনা তা জানতে চাই এবং আপনি নিশ্চয়ই জানেন যে কোন পুলিশ কর্মচারী বা সরকারী কর্মচারী রাজনীতির সংস্পর্শে যেতে পারেন না বা সে সম্বন্ধে কথা বলার এক্তিয়ার পর্যন্ত তাঁদের নেই। আমি আশা করি যে এখানে স্বরাষ্ট্রমন্ত্রী ঘোষণা করবেন যে সেই অ্যাসিষ্ট্যাণ্ট কমিশনারকে শাস্তি দেওয়া হবে, তাঁকে সেখান থেকে সরিয়ে দেওয়া হবে, তাঁকে এমন শাস্তি দেওয়া হবে যে ভবিষ্যতে কোন অফিসার এই ধরনের ধৃষ্টতাপূর্ণ কথা বলতে যেন সাহস না করেন—এই ঘোষণা করে আজকে এই হাউসের সমস্ত সদস্যদের তিনি নিশ্চিন্ত করবেন সুখী করবেন এটুকু আশা আমি নিশ্চয়ই করবো।

শ্রীআবু আসাদ মোহাম্মদ ওবায়দুল গণি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সেখানে ছিলাম সেদিন। আমি শুধু দুটো প্রশ্ন এখানে করছি—কোন আইনে তাঁদের সেখানে আটকানো হয়েছে? আমাদের জনসাধারণ যখন অ্যাসেমব্লী বা রাইটার্স বিল্ডিংস-এ অভিযান করেন তখন সেখানে ১১৪৪ ধারা থাকে বলে আটকানো হয় কিন্তু এখানে কোন লাইনে আটকানো হয়েছে? আর একটা জিজ্ঞেস—সিটিজেন হিসাবে আমি একটা প্রশ্ন জিজ্ঞাসা করছি যে পুলিশ কমিশনারের কি অধিকার আছে বলার যে রাজনীতি করা উচিৎ নয়। আমরা রাজনীতি করবো কি না করবো, কি কেনটাইপের রাজনীতি করবো সেটা কি অ্যাসিষ্ট্যান্ট কমিশনারের কাছে শিখতে হবে। এই উত্তরগুলি আমি চাই এবং এ সম্বন্ধে আপনারা কি ব্যবস্থা করছেন সেটা জানতে চাই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ডেপুটি স্পীকার মহাশয়, এখানে যেসমস্ত কথা আমরা শুনলাম তাতেতো ভয়ঙ্কর অবস্থা বলে মনে হচ্ছে। তার কারণ ঐ রবীন্দ্র স্মরণীর মধ্যে ১৪৪ ধারা জারী করা হয়নি—তাহলে পুলিশ কেন আটকালো এ কথাটা মাননীয় পুলিশ মন্ত্রিমহাশয় এখন পর্যন্তও বলেন নি। তাহলে কি এটা ক্যাবিনেট ডিসিসান ছিল যে আটকাতে হবে? এটাই আমাদের বলতে হবে যে ক্যাবিনেট ডিসিসন অনুযায়ী সেই পুলিশ অফিসার কাজ করছেন কিনা, তা যদি না করে থাকে তাহলে পুলিশমন্ত্রীকে বলতে হবে আমাদের কাছে যে কোন আইনবলে এরকম পিসফুল জনতাকে উইথাউট প্রোমালগেটিং ওয়ান ফরটি ফোর। কি করে আটকালো? দ্বিতীয় কথা হচ্ছে যে রবীন্দ্রনাথকে পুজো করাটা কি অপরাধ, রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধার্ঘ একটা পার্টিকুলার জায়গায় দিতে যাওয়া সেটা কি পশ্চিমবঙ্গ সরকারের কাছে অপরাধ এটা আমাদের জানতে হবে। সেটা যদি অপরাধ হয়ে থাকে তাহলে কি ধরণের অপরাধ সেটা আমাদের জানা দরকার। তৃতীয় জিনিস হচ্ছে, আমরা বুঝতে পারছি না ডেপুটি স্পীকার মহাশয়, যে পুলিশ ডাণ্ডাবাজী ইত্যাদি এই সব করে, সে আবার রাজনীতি কখন থেকে করতে শিখলো এবং এটা কি বর্তমান পশ্চিমবঙ্গ সরকারের নীতি যে পুলিশও রাজনীতি করবে এবং শুধু রাজনীতি করবে না, রাজনৈতিক দার্শনিক হিসাবে রাজনৈতিক দলের নেতাদের উপদেশও দেবেন। এই রকম একটা নীতি নিয়েছেন নাকি? আমাদের গণি সাহেব বল্লেন পুলিশের কাছ থেকে আমাদের রাজনীতির জ্ঞান নিতে হবে নাকি? আমি জিজ্ঞাসা করছি পুলিশের কাছ থেকে তো দূরের কথা, আপনাদের কাছ থেকে রাজনীতির জ্ঞান নিতে হবে—এটা নিশ্চয়ই আশা করেন না যে আপনাদের কাছ থেকে

কেউ রাজনৈতিক জ্ঞান নেবে অথচ আপনাদের পুলিশ এই কথাগুলি বলবার ধৃষ্টতা রাখছে এ ব্যাপারে আমি আমার নিজের একটা প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা আপনার সামনে রাখছি কর্পোরেশনের ইলেকসন টাইমে সেখানে সুবোধ দে ইলেকটেড হয়েছেন সেই এলাকায় যখন বোম টোমা ফাটলো তখন আমি গিয়েছিলাম—ঠিক সেই সময় একজন অ্যাসিস্ট্যাণ্ট কমিশনার বল্লে যে ভীড় জমাবেন না। আমি বল্লাম, ১৪৪ ধারা প্রমালগেট করেছেন? আপনি আমার ব্যক্তিগ স্বাধীনতায় হস্তক্ষেপ করবার কে? তারপরে তিনি অবশ্য মুখ চুণ করে চলে গেলেন এব তিনি একথা বলতে চেয়েছিলেন যে আমাদের কোন কর্তব্য নেই। কাজেই আমি যে ৩টা প্রশ করলাম তার সদুত্তর চাই সেগুলি হচ্ছে, রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ করাটা পশ্চিমবঙ্গে কংগ্রেসী সরকারের কাছে অপরাধ কিনা, তাঁদের কার্যাবলী দেখে মনে হয়েছে যে তাঁরা মে করেন অপরাধ। অপরাধ যদি হয়ে থাকে তাহলে কি ধরনের অপরাধ? ১৪৪ ধরা প্রমালগে না করে বা অন্য কোন রুল বা আইন সেখানে প্রমালগেট না করে সাহিত্যিক, শিল্পী, মনীষীদে পথ রুদ্ধ করার অধিকার পশ্চিমবঙ্গের পুলিশকে কে দিয়েছিলেন, ক্যাবিনেট ডিসিসন যদি পূর্বেই হয়ে থাকে তাহলে সেটা স্পষ্টভাবে বলুন। তৃতীয়তঃ পুলিশকে কে অর্ডার দিয়েছে যে পুলিশ কর্মচারীরা রাজনীতির কথা বলবে। এই তিনটা সম্বন্ধে আমি ও'দের কাছ থেকে জানতে চাই।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যারা পুলিশ কর্মচারী বিরুদ্ধে যে অভিযোগ এনেছেন সে সম্বন্ধে আমি কিছুই জানি না। কাজেই আমি এখন কিছু বলতে পারবো না। এর একটা প্রসিডিওর আছে আপনারা যদি কলিং য়্যাটেনসনের মাধ্যমে জিজ্ঞাসা করেন কি কোন প্রশ্ন দেন তাহলে আমি জবাব দেবো তদন্ত করে কি হয়েছিল না হয়েছিল। এক্ষনি এটা বলা সম্ভব নয়। কাজেই আপনারা কলিং য়্যাটেনসন টেবিল করুন বা প্রশ্ন রাখুন আমি জবাব দেব।

শ্রীজ্যোতি বসু: আপনি তো এটা জানেন যে অর্ডারটা কে দিয়েছিলেন, কিসের অর্ডা দিয়েছিলেন—২৫এ বৈশাখ ক্যাথিড্রাল রোডে মানুষকে আটকাতে হবে এটা অর্ডারে হয়েছিল?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: আমি সমস্ত ঘটনা জেনে আপনাদের কাছে জানাবো। আপনার কলিং য়্যাটেনসন টেবিল করান বা প্রশ্ন করুন সঙ্গে সঙ্গে জবাব দেয়া সম্ভব নয়।

শ্রীজ্যোতি বসু: আপনি ক্যাবিনেট ডিসিশনটা জানেন কিনা যে ২৫এ বৈশাখ ক্যাথিড্রাল রোডে মানুষকে আটকাতে হবে পুলিশবেষ্টনী দিয়ে—এটা জানেন কিনা জানতে চাই এবং এরকম কোন ডিসিসন হয়েছিল কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: আমি যা বলেছি তার বেশী কিছু বলতে পারবো না।

শ্রীজ্যোতি বসু: এখানে ক্যাবিনেট মিনিষ্টাররা তো আছেন, বলুন না কোন সিদ্ধান্ত হয়েছিল কিনা যে মানুষকে আটকাতে হবে ক্যাথিড্রাল রোডের উপর। এটা কোন কলিং য়্যাটেনসনের ব্যাপার নয় যে নূতনভাবে ইনভেস্টিগেট করতে হবে।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: আমাদের মতামত মাননীয় শিক্ষামন্ত্রী হাউসের কাছে রেখেছেন।

শ্রীজ্যোতি বসু: ডেপুটি স্পীকার মহাশয়, শিক্ষামন্ত্রী মতামত রাখলেই তৎক্ষণাৎ এটা হতে পারে না অটোমেটিক্যালী যে পুলিশ গিয়ে কোন রাস্তা আটকে দিতে পারে—তার জন্য অর্ডার চাই। সরকার কি অরাজকতার মধ্যে গেছেন? তা যদি না যায় তাহলে পুলিশ অফিসাররা কি নিজের দায়িত্বে করেছেন? ক্যাবিনেট ডিসিসন বা পুলিশ কমিশনারের কোন্ অর্ডারে কোন্ আইনবলে আটকানো হয়েছে এটাই আমরা জানতে চেয়েছিলাম।

যদি সৎসাহস থাকে তাহলে বলুন না যে আমরা অর্ডার দিয়েছি, এই আইন আটকাতে বলে দিয়েছি। আইনটা কি বলুন?

[1-20—1-30 p.m.]

ডঃ আব্দ আসাদ মহম্মদ ওবায়দ্দল গণিঃ এটা জানেন না? এটা জানেন না? মন্ত্রিমহাশয় কেন বলছেন যে ফর্মাল কলিং এ্যাটেনসান দিতে হবে? ক্যাবিনেট ডিসিসান তো হয়ে গেছে, সব তো আপনারা জানেন, এজন্য তো কোন এনকোয়ারি করতে হবে না। যদি ক্যাবিনেট ডিসিসান হয়ে থাকে যে এইভাবে আটকাতে হবে তাহলে সেটা বলুন। পুলিস অফিসার কেন বলবেন যে আপনারা রাজনীতি করবেন না? যদি ক্যাবিনেট ডিসিসান না হয়ে থাকে তাহলে এই পুলিস অফিসারের বিরুদ্ধে কি এ্যাকসান নিচ্ছেন?

শ্রীকমলকান্তি গুহঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে কলিং এ্যাটেনসান দিলে তিনি খোঁজ নিয়ে দেখবেন কে পার্মিসান দিয়েছিল কেন আটকান হল। আমরা অনুরোধ করেছিলাম গেট পর্যন্ত যেতে দেওয়া হোক। তখন পুলিস অফিসার বললেন রাজনীতি করবেন না। সে সম্বন্ধে কি বক্তব্য আছে বলুন। তাহলে দেখা যাচ্ছে আপনারা মান-সম্মান মর্যাদার দিকে তাকাচ্ছেন না, আপনারা কেবল দেখছেন আমলাতন্ত্রকে কি করে বাঁচান যায়। এ সম্বন্ধে বাংলাদেশের প্রতিটি কাগজ রিপোর্ট করেছে। আপনারা কি খবরের কাগজ পড়েন না? মন্ত্রি-মহাশয় দ্বিধাহীন কণ্ঠে কেন বলতে পারছেন না যে আপনারা পুলিস অফিসারকে দিয়েছিলেন আটকাবার জন্য?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ স্পেসিফিক চার্জ যদি থাকে, যদি তা বলে থাকেন তাহলে আমি নিশ্চয়ই তদন্ত করে দেখব। কিন্তু তার একটা প্রোসিডিওর আছে। আপনি কলিং এ্যাটেনসান দেবেন অন্ততঃ চিঠি লিখে দিয়ে জানাবেন যার উপর আমাদের তদন্ত করতে সুবিধা হবে।

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় রাষ্ট্রমন্ত্রী কলিং এ্যাটেনসান দেবার কথা বলছেন। অবশ্য এ্যাটেনসান হাউসের ড্র করা হয়েছে। সুতরাং আমি মনে করিনা কলিং এ্যাটেনসানের খুব বেশী প্রয়োজন আছে। এ ছাড়া আর একটা ব্যাপার হচ্ছে আপনি জানেন আমাদের প্রোগ্রাম কাল পর্যন্ত। তাহলে কখন কলিং এ্যাটেনসান হবে আর কখন জবাব দেবেন সে সম্বন্ধে ডিফিকাল্টি আছে, সে সম্বন্ধে কোন কিছু হতে পারে না। কিন্তু কথা হচ্ছে ক্যাবিনেটে কোন ডিসিসান হয়েছিল কিনা যে হ্যাঁ ক্যাথিড্রাল রোডের সামনে শিল্পীদের আটকে দাও। এ্যাসিস্ট্যাণ্ট পুলিস কমিশনারকে এই রকম নির্দেশ ক্যাবিনেটের তরফ থেকে দেওয়া হয়েছিল কিনা যে ও'রা যদি হৈচৈ করতে আসেন তাহলে ও'দের রাজনীতি শিক্ষা দিয়ে দিও? নাকি এ্যাসিস্ট্যাণ্ট পুলিস কমিশনার এটা নিজের দায়িত্বে করেছেন? সতরাং কলিং এ্যাটেনসানের কোন সুযোগই নেই, কারণ, কালকে হাউস শেষ হয়ে যাচ্ছে। স্যার, আমি আপনাকে অনুরোধ করছি আপনি ও'কে বলুন এ সম্বন্ধে কিছু বলবার জন্য। তাহলে আমাদের স্পষ্ট ধারণা হবে কে দায়ী—ক্যাবিনেট দায়ী অথবা এ্যাসিস্ট্যাণ্ট পুলিস কমিশনার দায়ী।

মিঃ ডেপুটি স্পীকারঃ উনি বলেছেন আমি তদন্ত করব।

শ্রীজ্যোতি বসুঃ তদন্তটা কিসের? ক্যাবিনেট কি করেছে তার আবার তদন্ত কি? সেটা তাঁর জানার কথা। পুলিস কমিশনার যা করেছে সেটার তদন্ত হতে পারে।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ এই সব ব্যাপার ক্যাবিনেটে আলোচনা করার দরকার হয় না।

শ্রীজ্যোতি বসুঃ তাহলে এমনি আটকে দিলে? সেজন্য দুটো জিনিস জানতে চাই—একটা হচ্ছে বচসার কথা, পুলিস আমাদের কাছে রাজনীতি শিক্ষা দিতে এসেছিল আপনাদের কাছে শিক্ষিত হয়ে, আর একটা হচ্ছে ক্যাবিনেট কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

মিঃ ডেপুটি স্পীকারঃ উনি বলেছেন ক্যাবিনেটে কোন সিদ্ধান্ত হয়নি।

শ্রীজ্যোতি বসুঃ এ কি মগের মুল্লুক? ক্যাবিনেটে সিদ্ধান্ত হয়নি, কে কি অর্ডার করল

না করল আমরা সেটা জানলাম না অথচ পুলিস লোককে আটকে দিল? আমরা সেই সম পুলিস অফিসারকে এই কথা বলেছিলাম আপনার লাঠির জোর আছে রিভলভার আছে ব আপনি লোককে আটকে দিচ্ছেন, তখন তিনি বললেন আমার কাছে অর্ডার আছে, সেটা দেখা আপনার অধিকার নেই।

শ্রীবিজয় সিংহ নাহার: আপনারাই বা জোর করে কেন যাবেন?

(হট্টগোল)

Shri Jyoti Basu:

মিঃ ডেপুটি স্পীকার স্যার, এই হচ্ছে আপনাদের লেবার মিনিষ্টার। আমি লেবার মিনিষ্টারকে এই কথা বলছি যে, আমাদের ক্যাথিড্রাল রোড দিয়ে যাবার অধিকার আছে। ঐ শ্রীবিজয় সিংহ নাহার লেবার মিনিষ্টারের ক্ষমতা নাই যে ঐ ক্যাথিড্রাল রোড দিয়ে প্রসিড করলে আমাদের আটকাতে পারেন। ঐ ক্যাথিড্রাল রোড কারো বাপের রাস্তা নয়, সম্পত্তি নয় নিশ্চয়ই অধিকার আছে আমাদের সেই ক্যাথিড্রাল রোড দিয়ে যাবার; আপনাদের কী অধিকার সেখানে আটকাতে পারেন? ক্যাথিড্রাল রোড কি আপনাদের পৈতৃক সম্পত্তি, আপনাদের জমিদারী যে সেখান দিয়ে যেতে গেলে আটকাবেন? ওটা আপনার সম্পত্তি?

Shri Bijoy Singh Nahar:

আপনারও সম্পত্তি নয়।

(গোলমাল)

শ্রীজ্যোতি বসু: আমি জানতে চেয়েছি আপনারা কোন্ আইনবলে এদের আটকাচ্ছেন? ওঁরা বলছেন ওখান দিয়ে তাদের যাবার অধিকার নাই। এখানে অধিকারের কোন্ প্রশ্নে ওঠে না। আমি জানতে চেয়েছি আইনটি কী?

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেদিন যখন এই প্রশ্ন শিক্ষামন্ত্রীর কাছে জ্যোতিবাবু রেখেছিলেন, তখন শিক্ষামন্ত্রী একথা বলেছিলেন যে উক্তর পরিবেশে বিশ্বকবি রবীন্দ্রনাথের এই জন্মতিথি উৎসব অন্ততঃ বাংলাদেশে পালিত হোক এটা ইচ্ছা নয় এবং এটা নিয়ে দয়া করে আপনারা বাংলাদেশে রাজনীতি করবেন না। আপনি জানেন স্যার, বিরোধী পক্ষের নেতাকে সেদিন শিক্ষামন্ত্রী যা বলেছিলেন তা একদম বর্ণে বর্ণে সত্য —আজকে আমরা তা পরিষ্কার দেখছি।

(ভয়েসেস: বা! বা!)

যাঁরা একদিন বুর্জোয়া কবি বলেছিলেন, আজকে বিরোধী পক্ষের নেতা সেই কম্যুনিষ্ট দলের রবীন্দ্রনাথের নাম নিয়ে রাজনীতি করতে, নিজেদের চক্রান্ত সিদ্ধ করতে কোনরকম বাধা তার নাই। কারণ এমন কিছু করতে হবে যাতে সস্তায় জনসাধারণের সমর্থন পাওয়া যায়। কাজেই আজকে বলি এ পথ তাঁদের পথ নয়, তিনি যে পথ নিয়েছেন, সে ভুল পথ। আজ বিরোধী পক্ষের নেতা জ্যোতি বসু বাংলাদেশের জনসমর্থন না পেয়ে বাংলাদেশের জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য এই পথ গ্রহণ করেছেন। আর আমরা ধৈর্য ধরে হাউসের মধ্যে এতক্ষণ ধরে এই আলোচনা শুনছি।

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, জ্যোতিবাবু এই কথা রেখেছিলেন যে কার হুকুমে পুলিস তাঁদের আটকেছিল, পুলিস অফিসার কেন এই ধরনের বাধা দিয়েছে— সেটা তিনি রেখেছিলেন। অর্ধেন্দুবাবু যে কথা বলছেন তিনি দেখবেন, ভাল কথা। আর

বিজয়বাবু যে কথা বলছেন তা অদ্ভুত! আমরা জোর করে যেতে চেয়েছিলাম, তাই তাঁরা বাধা দিয়েছে। বিজয় সিং নাহারের একটা কথা জানা উচিত ছিল, আমরা জোর করে যেতে চাইনি, আমরা দর্শক ছিলাম। শোভাযাত্রা করে বাংলাদেশের ৪০টি নাট্য-শিল্পী-সংস্থা, সাহিত্যিকগোষ্ঠী এগিয়ে গিয়ে জোর করে ঢুকতে যায়নি। বিজয় সিংহ নাহার মশায় খবর রাখেন না। অথচ যে দুর্নীতিপরায়ণ পুলিস অফিসারদের সমর্থন করবার জন্য এখানে তিনি এই সব কথা বলছেন। আমরা জানি ঐ সব অফিসারদের সমর্থন না করলে তাদের গদি থাকতে পারে না, তাদের দুর্নীতি চলতে পারে না, তাদের কু-কীর্তি চলতে পারে না। তাই তাঁরা নির্লজ্জের মত ঐ সব পুলিস অফিসারদের সমর্থন করে বলছেন আমরাই জোর করে যেতে চেয়েছিলাম।

Mr. Deputy Speaker: Please take your seat. We will now take up decision on the motion.

[1-30—1-40 p.m.]

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার কাছে আমরা একটা অনুরোধ রেখেছিলাম, তার জবাব পেলাম না। আমরা বলেছিলাম ও'রা যখন মন্ত্রী বলেছেন কল এ্যাটেনশান পাবার কথা তখন সভা শেষ হয়ে যাচ্ছে কালকে। সুতরাং সেই কল এ্যাটেনশান মারফত যে আমরা কোন কিছু জবাব পেতে পারি তার কোন সুযোগ থাকছে না। আর এটা এমন কোন ব্যাপার নয়—ক্যাবিনেট সিদ্ধান্তের কথা ও'রা জানিয়ে দিয়েছেন। ও'রা নাকি আপনাকে বলেছেন যে ক্যাবিনেটে এইরকম কোন সিদ্ধান্ত হয়নি। তাহলে কোন আইন বলে এ্যাসিস্ট্যান্ট পুলিশ কমিশনার রাস্তায় শিল্পী সাহিত্যিকদের আটকালো এবং নিজের দায়িত্বে আটকালো কিনা? ডিপার্টমেন্ট্যাল ইনস্টিটিউসান সে সম্বন্ধে তিনি বা অন্য কোন মন্ত্রী যাঁরা আছেন এখানে, তাঁরা সেটা খোঁজ খবর নিয়ে কখন আমাদের জানাচ্ছেন যে না এই অবস্থা দাঁড়াচ্ছে, সেটা যদি আপনি ও'দের অনুগ্রহপূর্বক বলেন তাহলে ভাল হয়।

মিঃ ডেপুটি স্পীকার: উনি তো বলছেন তদন্ত করে জানাবেন। যদি তাই হয় তাহলে আপনি কলিং এ্যাটেনশান দিন কালকেই জবাব হয়ে যাবে। আপনি এখুনি লিখে দিন আমি অ্যালাউ করে দিচ্ছি।

শ্রীকমলকান্তি গুহ: কালকে নয় স্যার, দুঘণ্টা পরেই বলুন। লালবাজার তো দূরে নয়, ওখান থেকে খবর আনিয়ে দিন।

মিঃ ডেপুটি স্পীকার: মিঃ গুহ, আপনি কলিং এ্যাটেনসান দিন, আমি এখুনি অ্যালাউ করে দিচ্ছি। উনি কালকে জবাব দেবেন।

Point of Order

শ্রীকাশীকান্ত মৈত্র: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার একটি পয়েণ্ট অব অর্ডার আছে। সেটা হচ্ছে এই মাননীয় বিজয় সিং নাহার মহাশয় এইমাত্র দম্ভভরে বললেন যে আপনারা সেখানে জোর করে কেন যাবেন। এই অর্বাচীন-এর মত উক্তি উনি কেন করেছেন?

Under the Constitution every citizen has a fundamental right to pass and re-pass over any part of highway and his right to pass and re-pass over any part of highway is regulated by such conditions and regulatory measures as are contemplated by any particular Act or Constitution. (Noise and interruptions). Unless any regulation or prohibitory order as contemplated by any particular Act is imposed restricting the right of the citizen to pass and re-pass over the Cathedral Road, there is no right conferred on the police authority

to prohibit citizens to pass along that Road. The Hon'ble Minister-in-charge of the Labour Department having said that "you have no right to go over that part of the road" has violated the fundamental provisions of the Constitution. Therefore, I ask for a ruling by you. The Leader of the Opposition has asked if the police authority, the Assistant Commissioner of Police, had prevented these gentlemen from going along that part of the road on the strength of any regulatory or prohibitory order under the Criminal Procedure Code or any other Act.

Mr. Deputy Speaker: This is not the business in the House, and there cannot be any point of order in what you have said.

ডাঃ আবু আসাদ মোহাম্মদ ওবায়দুল গণি: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমার একটি পয়েণ্ট অব অর্ডার আছে। আপনি লক্ষ্য করেছেন যে পার্লামেণ্টারী ম্যানার্স হচ্ছে এই যে যার কিছু বক্তব্য হবে সে দাঁড়িয়ে আপনার পারমিশান নিয়ে বক্তব্য পেশ করবে। আমরাও তাই করে এসেছি। কিন্তু আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে মাননীয় লেবার মিনিষ্টার বসে বসেই তাঁর উত্তর দিচ্ছেন, এবং বক্তব্য রেখেছেন। এখন এই প্রিভিলেজ রক্ষার দায়িত্ব আপনার, এটা আপনি দেখুন।

Orderliness and behaviour to be observed by the members while speaking in the House

Mr. Deputy Speaker: The Hon'ble Ministers and the members should behave in a Parliamentary manner. They should not speak in that way.

শ্রীবিজয় সিংহ নাহার: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটি কথা বলতে চাই যে আমি কোন বক্তৃতা দিই নি। আমি যে কথাটা বলেছি সেটা হাউসে যেমনভাবে কথা কাটাকাটি হয় তেমনি। আমি বসে কোন বক্তৃতাও দি নি, কথাও বলিনি। সেই জন্য উনি যে অ্যাটেনশানটা ড্র করলেন সেটা অ্যানালজিক্যালি কমপ্লিটলি রঙ, সম্পূর্ণরূপে ভুল।

শ্রীজ্যোতি বসু: ডেপুটি স্পীকার মহাশয়, আমার আর কিছু বলার নেই। কারণ, পুলিশ-মন্ত্রী বাজে বকছেন। কিন্তু তিনি যদি বলতেন যে আচ্ছা আপনারা এইরকম বলুন আমি ইনভেসটিগেট করব। এখন আমার কৌতুহল হচ্ছিল জানবার জন্য যে ওখানে যা হয়েছে এটা আমি জিজ্ঞাসা করব একজ্যাক্টলি—কিন্তু পুলিশ অফিসার করতে পারে যে হাউস চলতে চলতেই লালবাজারে ফোন করে এনে দেব। কিন্তু মুস্কিল হচ্ছে এই যে আমি সেটা পূর্বেই বলেছি যে আমার এটা কৌতুহল হচ্ছিল জানবার জন্য, বাংলাদেশের মানুষরা জানতে চায় যে ক্যাবিনেট-এ কি সিদ্ধান্ত ছিল।

মিঃ ডেপুটি স্পীকার: এটার জবাব উনি তো দিয়েছেন যে এ বিষয়ে ক্যাবিনেটে কোন সিদ্ধান্ত হয়নি।

শ্রীজ্যোতি বসু: এটা কি ধরে নেব যে ক্যাবিনেটে এ বিষয়ে কোন সিদ্ধান্ত হয়নি? আচ্ছা আমি ধরে নিলাম যে এটা সত্য কথা। এটাই ঠিক তো যে ক্যাবিনেটে কোন সিদ্ধান্ত হয়নি? ঐ ২৫এ বৈশাখ পুলিশকে এইভাবে নির্দেশ দেন নি যে কোন্ জায়গায় কোথায় কিভাবে আটকাবে ইত্যাদি? এটাই আমি ঠিক বুঝলাম আপনাদের কথায় যে ও'রা যখন প্রতিবাদ করছেন না, তাহলে ক্যাবিনেটে কোন সিদ্ধান্ত ছিল না।

Motion under rule 185

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে নন্দাজীর ষ্টেটমেণ্ট—সেই ষ্টেটমেণ্ট কি মনোভাব থেকে দেওয়া হয়েছে, সেটা পরিষ্কার বোঝা যাবে ২৫এ বৈশাখ কলকাতার বুকের উপর যে ঘটনা ঘটেছে তার থেকে। ২৫এ বৈশাখ কোন রাজনৈতিক ব্যাপার নয়, শিল্পী সাহিত্যিকরা রবীন্দ্রনাথকে স্মরণ করবার জন্য রবীন্দ্র স্মরণীতে উৎসবের জন্য যাচ্ছিলেন। তাদেরকে যেতে দেওয়া হল না এবং কোন অর্ডার ছাড়াই পুলিশ তাদের সেখানে বেষ্টনী তৈরী করল এবং আটক করে রাখল। কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ করে বাংলাদেশের সরকার পর্যন্ত আজকে কোন্ রাস্তা নিয়েছেন? সাধারণ মানুষের শুধু রাজনৈতিকদলগুলি নয়—সাধারণ মানুষের রাজনৈতিক দল এবং সংগে সংগে যে সমস্ত সংস্কৃতিক প্রতিষ্ঠান আছে এবং সেই সংস্কৃতিবান যাঁরা তাঁদের অধিকারকে কিভাবে নষ্ট করতে চলেছেন এগুলি তার দৃষ্টান্ত। এইরকম দৃষ্টান্ত অনেকগুলি ঘটে গেছে। তার একটা দৃষ্টান্ত হচ্ছে নন্দাজীর এই ষ্টেটমেণ্ট। নন্দাজীর এই ষ্টেটমেণ্ট মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা পড়েছি এবং এখানে কম্যুনিষ্ট পার্টির যে সমস্ত নেতৃবৃন্দকে আটক করে রাখা হয়েছে তাদের বিরুদ্ধে। কম্যুনিষ্ট পার্টি সম্বন্ধে এমন কোন কংক্রিট অভিযোগ নেই যার ভিত্তিতে তাঁরা এই যুক্তি দিতে পারেন, এই কারণে তাদের আটক করে রাখা হয়েছে। এমন কোন যুক্তি বা কথা তিনি বলেনান, কিছু কিছু উদ্ধৃত

[1-40—1-50 p.m.]

কিছু কিছু বই থেকে করা হয়েছে। আমি সেগুলি দেখেছি, আমি জানি যদি সেগুলি আপত্তিজনক হোত তাহলে বাজেয়াপ্ত করা যেত, সাধারণ আইন বলেই সেগুলি বাজেয়াপ্ত করা যেত। বিদেশের কোন বইর কোন অংশ যদি আপত্তিজনক বলে সরকার বিবেচনা করেন তাহলে তার প্রচার সরকার বন্ধ করতে পারেন, সেগুলি বাজেয়াপ্ত করতে পারেন। কিন্তু তাঁরা তা করেননি। যে সমস্ত সিদ্ধান্ত কমিউনিস্ট পার্টি, মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি বিভিন্ন সময় নিয়েছে বা ১৯৪৮ সাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত কমিউনিস্ট পার্টি যে সমস্ত সিদ্ধান্ত নিয়েছে সেগুলি আমরা দেখেছি। এই বইর মধ্যে তার কিছু কিছু অংশ উদ্ধৃতি করে সেগুলিকে আপত্তিজনক বলা হচ্ছে এবং ডি, আই, রুল-এ আটক রাখার যুক্তি হিসেবে দাঁড় করান হয়েছে। স্যার, আমি কমিউনিস্ট পার্টির সাফাই গাইবার জন্য উঠিনি এবং আপনি জানেন কমিউনিস্ট পার্টির সংগে অনেক ব্যাপারে বিশেষ করে মৌলিক ব্যাপারে আমাদের তফাত আছে। তাঁরা জনগণের সরকার গঠনের কথা বলেন, কিন্তু আমরা মনে করি আজকে ভারতবর্ষের [illegible] যে পট পরিবর্তন ঘটেছে তাতে করে সমাজতান্ত্রিক বিপ্লবের প্রশ্ন সামনা-সামনি, সরাসরি এসেছে। কাজেই সেদিক থেকে বিবেচনা করলে দেখা যাবে তাঁদের সংগে আমাদের মৌলিক তফাত আছে। আমি অবশ্য সেই প্রশ্ন আনছি না, আমার বক্তব্য হচ্ছে আমরা দেখছি যদি কোন লোককে সাজা দিতে হয়, যদি কারুর গণতান্ত্রিক অধিকার নষ্ট করতে হয় তাহলে সরকার কি করছেন, না গিভ দি ডগ এ ব্যাড নেম এ্যান্ড হ্যাং ইট, সেই নীতি নিয়েই এ'রা চলতে আরম্ভ করেছেন। যাদের গ্রেপ্তার করা হয়েছে ত'দের সম্বন্ধে নন্দজী এই স্টেটমেণ্ট দিয়েছেন এবং সেই গ্রেপ্তারের ব্যাপারটা জাস্টিফাই করবার জন্য আপনারা সকলেই জানেন, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনিও জানেন যে, নন্দজী প্রথমে হোয়াইট পেপার দেবেন বলেছিলেন অর্থাৎ হোয়াইট পেপার ইস্যু করবেন বলেছিলেন যেখানে একেবারে কংক্রিট তথ্য থাকবে, অকাট্য তথ্য থাকবে এবং প্রমাণ করবে কেন তাঁদের গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু পরবর্তীকালে আমরা দেখলাম হোয়াইট পেপার নয়, একটা স্টেটমেণ্ট নন্দজী দিয়েছেন। আমি মনে করি এটা হোয়াইট পেপার নয়, ওয়েস্ট পেপার বাস্কেট-এ ফেলে দেবার মত একটা স্টেটমেণ্ট তিনি আমাদের কাছে দিয়েছেন। স্যার, আমরা দেখছি ইমারজেন্সীর মেয়াদ ভারত সরকার ক্রমাগত বাড়াতে বাড়াতে চলেছেন, আমরা দেখছি সমস্ত রকম গণতান্ত্রিক অধিকার কাটতে কাটতে, নষ্ট করতে করতে এ'রা চলেছেন এবং সেই ঝোঁকই বড় হয়ে উঠেছে। স্যার, আমরা দেখছি আজকে দেশরক্ষার নামে, ইমারজেন্সীর নামে সাধারণ মানুষের উপর অতিরিক্ত বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে, পরোক্ষ কর বাড়িয়ে দেওয়া হচ্ছে, মূল্যবৃদ্ধি হচ্ছে, ধনিকের শোষণ, মজুরের উপর, সাধারণ কর্মচারীর বেড়ে

চলেছে এবং তাদের প্রতিবাদ স্তব্ধ করবার জন্য ইমারজেন্সী জারী করা হয়েছে। শুধু তাই নয়, বিভিন্ন জায়গায় স্ট্রাইকগুলোকে বে-আইনী করা হয়েছে এবং অন্যান্য জায়গায় জনগণের আন্দোলন যদি মাথা চাড়া দিয়ে ওঠে তাহলে তাকে স্তব্ধ করবার চেষ্টা করছে এবং তার অঙ্গ হিসেবে এরকমভাবে ব্যাপক বিনাবিচারে আটক রাখার ব্যবস্থা হচ্ছে। সুতরাং এ থেকেই পরিষ্কার হচ্ছে যে এই সরকার আজ কোন দিকে মোড় নিয়ে চলেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে পরিষ্কার বলছে এ্যাক্টিং অর এ্যাবাউট টু এ্যাক্ট ইন এ ম্যানার প্রে-জুডিসিয়াল টু দি ডিফেন্স অব ইণ্ডিয়া। কি এ্যাক্টিং? কাজ করেছে এরকম কোন প্রমাণ এই বইর মধ্যে আছে কি? কোন প্রমাণ নেই। তারপর, এ্যাবাউট টু এ্যাক্ট—গেরিলা যুদ্ধ বলুন বা অন্য বিপ্লবের কথা বলুন বা সশস্ত্র বিপ্লবের কথা বলুন তার কোন আভাষ পাওয়া গেছে বলে এই বইর ভিতর উল্লেখ আছে কি? তার কোন উল্লেখ এই বইর ভেতরে নেই। সুতরাং যে সমস্ত অজুহাত সৃষ্টি করা হয়েছে সেটা শুধু কলকাতার নির্বাচনে বা কলকাতার কর্পোরেশন নির্বাচন সামনে রেখে তা নয়। ভারত সরকারের মধ্যে নুতন ঝোঁক যেটা দেখা দিচ্ছে সেটা হল লাঠি এবং বন্দুকের দ্বারা শাসন তাঁরা চলাতে চাচ্ছেন। আইনের শাসনের বদলে যে পরিমাণ দেশের মধ্যে দুর্নীতি বেড়েছে এবং শোষণ বেড়েছে তাতে আমরা লক্ষ্য করেছি যে জনসাধারণ এতে অতিষ্ঠ হয়ে উঠেছে। আজকে বাংলাদেশের অনেক জেলাতে ৪০ টাকার উপর চালের দাম হয়েছে এবং অনেকের অর্ধাহার এবং অনাহার সুরু হয়েছে। সুতরাং এই যে অন্যায় শোষণ এটা এত তীব্রভাবে বেড়েছে যে যার ফলে জনসাধারণ কিছু পাচ্ছে না। আমরা দেখেছি যে ইমারজেন্সী এর অজুহাত দিয়ে দেশরক্ষার নাম করে এইভাবে সমস্ত কিছু করতে আরম্ভ করেছেন। সেজন্য আমি বলছি নন্দজীর যে স্টেটমেন্ট সে স্টেটমেন্ট কেবল সাধারণ মানুষকেই ধোঁকা দেবার জন্যই দেওয়া হয়েছে এ ছাড়া অন্য কোন কারণ নেই। তাই আমি বলছি যে প্রকৃত তথ্য যদি থাকে যাদের আপনারা ডি, আই, আর-এ ধরে রেখেছেন তাদের বিচার করুন এবং তাদের ছেড়ে দেওয়া হোক অন্যথায় প্রচলিত যে আইন আছে সেই আইনবলে মামলা করা হোক। কিন্তু আজকে সংসদীয় গণতন্ত্র প্রহসনে পরিণত হয়েছে। গণতান্ত্রিক অধিকার আজ থাকছে না এই যেখানে অবস্থা সেখানে আবেদন করার কোন অর্থ হয় না। তবু আমি একটা কথা বলবো যদি এই রাস্তা নেন তা হলে যতই তাঁরা এটাকে সার্থক করবার জন্য এগোবেন ততই দেশের মধ্যে এই অভাব-অভিযোগ ও দুঃখকষ্ট দেশের জনসাধারণের মধ্যে বাড়িয়ে তুলবেন এবং অন্যদিকে গণতান্ত্রিক পথে যাবার যে সুযোগ সে সুযোগকে আপনারা বাড়িয়ে দেবেন, সুতরাং এই যে অবস্থার দিকে লোককে ঠেলে দিচ্ছেন এটা আপনারা একটু চিন্তা করবেন। এভাবে আপনারা মানুষকে বৈপ্লবিক আন্দোলনের জন্য তৈরী করে দিচ্ছেন আপনারা যদি এইভাবে চলেন তাহলে আপনারা জানেন ইতিহাসে বহু ঘটনা ঘটেছে এবং নন্দজীর এই স্টেটমেন্ট এটা ওয়েস্ট পেপার বাস্কেট-এ পড়ে যাবে এবং দেশের জনসাধারণ তাদের এই গণতান্ত্রিক অধিকারের উপর যে হস্তক্ষেপ সে হস্তক্ষেপ তারা বরদাস্ত করবে না। যেটা আজকে তারা করছে ভবিষ্যতে সেটা করবে না।

[1-50—2 p.m.]

ডাঃ মৈত্রেয়ী বসুঃ মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, দুজন প্রধান বক্তা এর আগের দিন বক্তৃতা করেছেন তাদের মধ্যে একজন হলেন যিনি মোশন টেবল করেছেন শ্রীজ্যোতি বসু এবং আর একজন হলেন শ্রীসোমনাথ লাহিড়ী যিনি তাঁকে সমর্থন করেছেন। এছাড়া আর যারা বক্তৃতা করেছেন তাঁদের কাউকে প্রধান বক্তা বলা চলে না। মোটামুটি তারা কেবল তাদের বক্তব্য পেশ করেছেন। আজকে শ্রীননীগোপাল ভট্টাচার্য মহাশয় চালের দামের সঙ্গে বামপন্থী কমিউনিস্টদের আটক করা এই দুটো একসঙ্গে মিলিয়ে তিনি একটা জগাখিচুড়ী যে বক্তৃতা দিলেন সেটা বুঝতে পারলুম না। নন্দজীর যে স্টেটমেন্ট তাকে শ্বেতপত্র না বলা যেতে পারে যার জন্য জ্যোতিবাবু অনেক আক্ষেপ প্রকাশ করেছেন। অনেকে মনে করেন এটা হয়ত শ্বেতপত্র নয় কারণ টেকনিক্যালি হয়ত এটা না হতে পারে কিন্তু এর মধ্যে অনেক তথ্য আছে যেগুলি হাতে ছাপা ও গোপন প্রচারিত হয়েছে, সেসবগুলিতে অনেক কিছু আছে। শুধু তাই নয়, জনসাধারণের স্মৃতিশক্তি খুব বেশী নয়, আমার নিজেরও সব কথা মনে ছিল না কিন্তু একটু কষ্টে এখন যা মনে

Motion under rule 185

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে নন্দাজীর ষ্টেটমেণ্ট—সেই ষ্টেটমেণ্ট কি মনোভাব থেকে দেওয়া হয়েছে, সেটা পরিস্কার বোঝা যাবে ২৫এ বৈশাখ কলকাতার বুকের উপর যে ঘটনা ঘটেছে তার থেকে। ২৫এ বৈশাখ কোন রাজনৈতিক ব্যাপার নয়, শিল্পী সাহিত্যিকরা রবীন্দ্রনাথকে স্মরণ করবার জন্য রবীন্দ্র স্মরণীতে উৎসবের জন্য যাচ্ছিলেন। তাদেরকে যেতে দেওয়া হল না এবং কোন অর্ডার ছাড়াই পুলিশ তাদের সেখানে বেষ্টনী তৈরী করল এবং আটক করে রাখল। কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ করে বাংলাদেশের সরকার পর্যন্ত আজকে কোন্ রাস্তা নিয়েছেন? সাধারণ মানুষের শুধু রাজনৈতিকদলগুলি নয়—সাধারণ মানুষের রাজনৈতিক দল এবং সঙ্গে সঙ্গে যে সমস্ত সংস্কৃতিক প্রতিষ্ঠান আছে এবং সেই সংস্কৃতিবান যাঁরা তাঁদের অধিকারকে কিভাবে নষ্ট করতে চলেছেন এগুলি তার দৃষ্টান্ত। এইরকম দৃষ্টান্ত অনেকগুলি ঘটে গেছে। তার একটা দৃষ্টান্ত হচ্ছে নন্দাজীর এই ষ্টেটমেণ্ট। নন্দাজীর এই ষ্টেটমেণ্ট মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা পড়েছি এবং এখানে কম্যুনিষ্ট পার্টির যে সমস্ত নেতৃবৃন্দকে আটক করে রাখা হয়েছে তাদের বিরুদ্ধে। কম্যুনিষ্ট পার্টি সম্বন্ধে এমন কোন কংক্রিট অভিযোগ নেই যার ভিত্তিতে তাঁরা এই যুক্তি দিতে পারেন, এই কারণে তাদের আটক করে রাখা হয়েছে। এমন কোন যুক্তি বা কথা তিনি বলেননি, কিছু কিছু উদ্ধৃত

[1-40—1-50 p.m.]

কিছু কিছু বই থেকে করা হয়েছে। আমি সেগুলি দেখেছি, আমি জানি যদি সেগুলি আপত্তিজনক হোত তাহলে বাজেয়াপ্ত করা যেত, সাধারণ আইন বলেই সেগুলি বাজেয়াপ্ত করা যেত। বিদেশের কোন বইর কোন অংশ যদি আপত্তিজনক বলে সরকার বিবেচনা করেন তাহলে তার প্রচার সরকার বন্ধ করতে পারেন, সেগুলি বাজেয়াপ্ত করতে পারেন। কিন্তু তাঁরা তা করেননি। যে সমস্ত সিদ্ধান্ত কমিউনিস্ট পার্টি, মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি বিভিন্ন সময় নিয়েছে বা ১৯৪৮ সাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত কমিউনিস্ট পার্টি যে সমস্ত সিদ্ধান্ত নিয়েছে সেগুলি আমরা দেখেছি। এই বইর মধ্যে তার কিছু কিছু অংশ উদ্ধৃত করে সেগুলিকে আপত্তিজনক বলা হচ্ছে এবং ডি, আই, রুল-এ আটক রাখার যুক্তি হিসেবে দাঁড় করান হয়েছে। স্যার, আমি কমিউনিস্ট পার্টির সাফাই গাইবার জন্য উঠিনি এবং আপনি জানেন কমিউনিস্ট পার্টির সঙ্গে অনেক ব্যাপারে বিশেষ করে মৌলিক ব্যাপারে আমাদের তফাত আছে। তাঁরা জনগণের সরকার গঠনের কথা বলেন, কিন্তু আমরা মনে করি আজকে ভারতবর্ষের [illegible] যে পট পরিবর্তন ঘটেছে তাতে করে সমাজতান্ত্রিক বিপ্লবের প্রশ্ন সামনা-সামনি, সরাসরি এসেছে। কাজেই সেদিক থেকে বিবেচনা করলে দেখা যাবে তাঁদের সঙ্গে আমাদের মৌলিক তফাত আছে। আমি অবশ্য সেই প্রশ্ন আনছি না, আমার বক্তব্য হচ্ছে আমরা দেখছি যদি কোন লোককে সাজা দিতে হয়, যদি কারুর গণতান্ত্রিক অধিকার নষ্ট করতে হয় তাহলে সরকার কি করছেন, না গিভ দি ডগ এ ব্যাড নেম এ্যান্ড হ্যাং ইট, সেই নীতি নিয়েই এঁরা চলতে আরম্ভ করেছেন। যাদের গ্রেপ্তার করা হয়েছে তাঁদের সম্বন্ধে নন্দজী এই স্টেটমেণ্ট দিয়েছেন এবং সেই গ্রেপ্তারের ব্যাপারটা জাস্টিফাই করবার জন্য আপনারা সকলেই জানেন, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনিও জানেন যে, নন্দজী প্রথমে হোয়াইট পেপার দেবেন বলেছিলেন অর্থাৎ হোয়াইট পেপার ইস্যু করবেন বলেছিলেন যেখানে একেবারে কংক্রিট তথ্য থাকবে, অকাট্য তথ্য থাকবে এবং প্রমাণ করবে কেন তাঁদের গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু পরবর্তীকালে আমরা দেখলাম হোয়াইট পেপার নয়, একটা স্টেটমেণ্ট নন্দজী দিয়েছেন। আমি মনে করি এটা হোয়াইট পেপার নয়, ওয়েস্ট পেপার বাস্কেট-এ ফেলে দেবার মত একটা স্টেটমেণ্ট তিনি আমাদের কাছে দিয়েছেন। স্যার, আমরা দেখছি ইমারজেন্সীর মেয়াদ ভারত সরকার ক্রমাগত বাড়াতে বাড়াতে চলেছেন, আমরা দেখছি সমস্ত রকম গণতান্ত্রিক অধিকার কাটতে কাটতে, নষ্ট করতে করতে এঁরা চলেছেন এবং সেই ঝোঁকই বড় হয়ে উঠেছে। স্যার, আমরা দেখছি আজকে দেশরক্ষার নামে, ইমারজেন্সীর নামে সাধারণ মানুষের উপর অতিরিক্ত বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে, পরোক্ষ কর বাড়িয়ে দেওয়া হচ্ছে, মূল্যবৃদ্ধি হচ্ছে, ধনিকের শোষণ, মজুরের উপর, সাধারণ কর্মচারীর বেড়ে

বলেছেন, অর্থাৎ তিনি বলতে চেয়েছেন, গোপনে ইঙ্গিত দিয়ে বলেছেন যে ১৯৬২ সালে যখন ধরাই হোল তখন ছাড়া হোল কেন—এদের ধরে রাখলেই ভাল হোত। এই যে জিনিসটা আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে কেন ছাড়া হয়েছিল। "১৯৬৩ সালের মার্চ মাস থেকে বিভিন্ন রাজ্যসরকার আটক চীনা সমর্থক কমিউনিস্টদের মামলাগুলি পর্যালোচনা করে দেখেন এবং তাঁদের কয়েকজনকে মুক্তি দেন এই আশায় যে, তাঁরা তাঁদের ভুল বুঝতে পারবেন এবং জাতীয়তাবিরোধী কার্যকলাপ বন্ধ করবেন" কিন্তু তা হয়নি এবং সেটা সেদিন সোমনাথবাবু পড়ে শুনিয়েছেন সেটা আমি সম্পূর্ণ পড়ছি যে তাঁরা জাতীয়তাবিরোধী কার্যকলাপ বন্ধ করতে রাজী হননি। তার প্রমাণ হিসাবে এখানে দেখানো হচ্ছে "দৃষ্টান্তস্বরূপ বলা যায়, ১৯৬৪ সালের ১৯শে মে বোম্বাইএ সাংবাদিকদের কাছে ভাষণ প্রসঙ্গে পি সুন্দরায়া বলেন, চীন যে ভারত আক্রমণ করেছে একথা মানতে তিনি রাজী নন। তবে ম্যাকমোহন সীমারেখা অতিক্রম করে সে একটা বড় ভুল করেছে। এই সীমারেখা বহু বছর ধরে একটা বিরোধের বিষয় হয়ে রয়েছে"। কোন পার্টিকুলার লাইন যদি পড়া যায় তাহলে দেখা যাবে চীন যে ভারত আক্রমণ করেছে একথা মানতে তিনি রাজী নন। ১৯৬৫ সালে বুখারেস্ট সম্মেলনে চীন এবং সোভিয়েটের যে বিরোধ সেটা সম্পূর্ণ প্রকাশ পায় এটা আপনারা সকলেই জানেন "তখন জানা যায় যে, প্রধান প্রধান সোভিয়েট নীতি সম্পর্কে চীন একেবারে ভিন্নমত পোষণ করে। যেমন দুই ব্যবস্থাপনার মধ্যে শান্তিপূর্ণ সহাবস্থান, যুদ্ধ অবশ্যম্ভাবী নয়, শান্তিপূর্ণ উপায়ে সমাজতন্ত্রে রূপান্তর, বুর্জোয়া সরকারগুলিকে সমর্থন এবং উত্তেজনা হ্রাস। এর প্রত্যেকটি বিষয়ে বামপন্থী কমিউনিস্টগণ চীনাদের মনোভাব গভীরভাবে সমর্থন করে"। এগুলির বিষয়ে চীনারা যে আপত্তি জানিয়েছিল সোভিয়েট নীতিতে সেটা এখানকার বামপন্থীরা সম্পূর্ণভাবে সমর্থন করে। তার প্রমাণ হিসাবে আমি আপনার কাছে কয়েকটা কথা পড়ে শোনাচ্ছি। "১৯৬৪ সালের এপ্রিল মাসে বিহারে বামপন্থী কমিউনিস্টদের এক সভায় প্রমোদ দাসগুপ্ত বলেন যে, বিপ্লবের মাধ্যমেই কেবল সমাজতন্ত্রবাদের প্রতিষ্ঠা সম্ভব—শান্তিপূর্ণ উপায়ে কখনই নয়। গেরিলা যুদ্ধের জন্য নিজেদের তৈরি করে নিয়ে প্রস্তুত থাকার জন্য পার্টির সদস্যদের কাছে তিনি আহ্বান জানান। ১৯৬৪ সালের সেপ্টেম্বর মাসে নিরঞ্জন সেন অবশ্য আমি নিরঞ্জন সেনের বুদ্ধিবৃত্তির উপর খুব জোর দিচ্ছি না, তিনি কি বলেছেন না বলেছেন আমি সেটা নিয়ে কিছু মনে করি না—নিরঞ্জন সেন পশ্চিম বাংলায় পার্টির কর্মীদের কাছে বলেন যে, লোকায়ত্ত গণতন্ত্র প্রতিষ্ঠা আইনগত ও শান্তির পথে সম্ভব নয়। তারা সশস্ত্র বিদ্রোহের মাধ্যমে সরকারকে গদীচ্যুত করার চেষ্টা করছেন। প্রস্তুতি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত এ সম্পর্কে খোলাখুলিভাবে কিছু বলা চলবে না; কারণ, "অবৈধ ব্যবস্থাগুলি সংক্রান্ত কার্যসূচিগুলির কথা যে মুহূর্তে ঘোষণা করা হবে, তখনি আইনসম্মত উপায়ে কাজ করার সুযোগ সুবিধা একেবারে নষ্ট হয়ে যাবে।" বামপন্থী কমিউনিস্ট দলের জনৈক বিশিষ্ট সদস্য মঙ্গল সিং ১৯৬৪ সালের নভেম্বর মাসে পাঞ্জাবের নাঙ্গলে-এ পার্টির সদস্যগণের কাছে বলেন যে, তাঁরা কেন তেলেঙ্গানায় অনুরূপ বিদ্রোহ শুরু করার জন্য প্রস্তুত হন। তিনি আরো বলেন, এ উদ্দেশ্যে সাহসী এবং যুদ্ধপ্রিয় সদস্যদের বেছে নিতে হবে। পার্টি কংগ্রেসের পরেই কলকাতা পার্টি কর্মীদের কাছে ভাষণ দেবার সময় পি সুন্দরায়া বলেন ক্ষমতা করায়ত্ত করার জন্য বিপ্লবের প্রয়োজন রয়েছে: সেই কারণে তিনি প্রস্তুত থাকতে বলেন। তিনি জানান, নির্বাচনে অংশ গ্রহণ একটা কলাকৌশল মাত্র। পশ্চিম বাংলায় জনৈক বিশিষ্ট নেতা প্রাণকৃষ্ণ চক্রবর্তী ১৯৬৪ সালের মে মাসে পার্টির কর্মীদের কাছে বলেন, কংগ্রেস সরকারকে গদীচ্যুত করার জন্য সশস্ত্র সংগ্রাম অত্যাবশ্যক। সদস্যদের তিনি তেলেঙ্গানা ও কাকদ্বীপের ঘটনা স্মরণ করিয়ে দেন। এর পরেও যদি বলেন সরকারের হাতে কোন প্রমাণ নেই, আরো প্রমাণ চায় তাহলে বলতে হবে যে সমস্ত গোপন কথা যা কিছু গোপন তদন্ত সেই সমস্ত কথা সাধারণ লোকের কাছে বলে দিতে হবে এবং কোথায় কোথায় তাঁরা অস্ত্রশস্ত্র যোগাড় করছেন কোথায় কোথায় কি করছেন কি স্ট্রাটেজিতে করছেন এসব কথা জনসাধারণের কাছে প্রকাশ করে দিতে হবে যাতে তাঁরা সাবধান হয়ে যান—এই যদি কেউ দাবী করেন তাহলে আমি বলবো যে এই সঙ্কটের দিনে নিশ্চয়ই সরকারের বহু তথ্য গোপন রাখা প্রয়োজন এবং তাঁদের সেই অধিকার আছে। সেই সময় যদি তাঁরা এটা দাবী করেন তাহলে তাঁরা শুধু সরকারকেই বিপর্যস্ত করবেন না সমস্ত দেশের সর্বনাশকে তাঁরা ডেকে আনবেন। আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি যখন বোমডিলার পতন হল তখন আমি

আসাম এবং বাংলাদেশের উত্তরে গিয়েছিলাম সেই সময় যে পোস্টার তুলে এনে আমি বাংলা সরকারের হাতে দিয়েছিলাম তাতে একথা লেখা ছিল যে নভেম্বর বিপ্লব শুরু হয়েছে, তোমরা প্রস্তুত হও এবং কোন একটা পার্টির নাম তাতে ছিল। তারপরে আমি সেখানে স্বচক্ষে দেখিনি কিন্তু স্বচক্ষে দেখেছে এমন লোকদের কাছে জানি সেখানে সাধারণ লোকের কাছে চা-বাগানের শ্রমিকের কাছে রসিদ বিক্রী করা হয়েছে, রসিদ দেয়া হয়েছে পয়সা নিয়ে, তাতে হ্যামার অ্যান্ড সিকল, সেখানে বলা হয়েছে যে, এই রসিদ তোমরা দেখিও, তাহলে চীনারা এসে পড়লে তোমরা ভাল ভাল বেতন পাবে। সেই সময় আমি বলেছিলাম অন দি সেলার অব দি হাউস। [illegible] তখন বাজে কথা, মিথ্যা কথা বলেছিলেন কিন্তু তারপরে আমরা আরো ভাল প্রমাণ পেয়েছি যে, এই জিনিস হয়েছে এবং আমি জানি যে কোন কোন জায়গায় কুটবন্দী করে বেশ কিছু লোক চাষবাস করছে এরকম দেখিয়ে লোকচক্ষে ধুলো দিয়ে জায়গায় জায়গায় বসিয়েছিল। এখন খানিকটা খানিকটা ভেঙ্গে গেছে। কাজেই সমস্ত বিষয় যদি জানতে চান তাহলে আমি বলবো দেশের সর্বনাশ ডেকে আনবার জন্য তাঁরা ষড়যন্ত্র করছেন। এই রকমভাবে অনেক কথা সরকারকে গোপন রাখতে হবে। এখানে সোমনাথ লাহিড়ী মহাশয় নন্দজীর নামে বলেছেন যে ডাঙ্গের যে তথাকথিত চিঠি তিনি নাকি সেটা তৈরি করেছেন। আমি সোমনাথবাবুকে জিজ্ঞাসা করি যে ডাঙ্গে এবং ডাঙ্গেপন্থী লোকেরা যাঁরা কমিউনিস্ট পার্টি অব ইন্ডিয়া বলে নিজেদের বলেন—অন্যরা কমিউনিস্ট পার্টি (মার্কিস্ট) বলেন, যাক, তাঁদের মধ্যে আমি তফাৎ করছি না, কিন্তু ডাঙ্গে এবং তাঁর সঙ্গীরা যে কমিউনিস্ট পার্টি তৈরি করেছেন, সেখানে তাঁরা প্রমাণ করছেন যে তাঁরা শান্তিপূর্ণ উপায়ে, গণতান্ত্রিক উপায়ে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে চান, সেটা একেবারে সহজ। কোন মন্ত্রী এবং কোন লোকদের সাহায্যে সেটা তাঁরা বলুন আজকে। তাঁরা নিজেদের বুকে হাত দিয়ে বলুন নন্দজী তাঁদের সবচেয়ে বড় বন্ধু কিনা? এবং নন্দ তাঁদের সবচেয়ে বড় বন্ধু এজন্য যে তাঁরা তাঁদের গণতন্ত্র এবং শান্তি ইত্যাদি বলে নন্দকে বুঝিয়েছেন এবং নন্দ সেটা বিশ্বাস করেন সম্পূর্ণ। আমি যত লোক দেখেছি আজ পর্যন্ত নন্দজীর মত আর কোন লোককে দেখিনি এবং সেখানে যদি সোমনাথ লাহিড়ীর মত লোক যিনি নাকি তাঁর চাতুর্য দিয়ে সবাইকে মুগ্ধ করবার চেষ্টা করেন তিনি যদি মনে করেন নন্দকে তিনি এই বলে অপমান করবেন তাহলে তিনি খুব ভুল করবেন এবং আজকে যদি নন্দ তাঁদের করুণার দৃষ্টিতে না দেখেন তাহলে ঐ তাঁরই লোকেরা যাঁরা তাঁর পাশে বসে আছেন তাঁরা তাঁদের কোতল করে দেবে, শেষ করে দেবে, একজনকেও থাকতে হবে না। আর জ্যোতিবাবুকে আমরা একথা মনে করতে বলি যে হরেকৃষ্ণ কোঙার বেরিয়ে এলে তিনি আর নেতা থাকবেন না।

শ্রীহরিদাস চক্রবর্তী: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, একটু আগে শ্রদ্ধেয়া মৈত্রেয়ী বসু মহাশয়া তাঁর বক্তৃতায় কালকে আমাদের পার্টির দলপতি ইতিপূর্বে যে বক্তৃতা করেছিলেন সেই বক্তৃতাকে বলেছেন চাতুর্যপূর্ণ বক্তৃতা। কিন্তু তিনি তার চেয়ে অত্যন্ত চাতুর্যপূর্ণভাবে সেই বক্তৃতাকে টুইস্ট করে কতকগুলি অসত্য কথা বলেছেন এবং আমাদের পার্টির যে স্ট্যান্ড সেই স্ট্যান্ডকে বিকৃতভাবে পরিবেশন করেছেন। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, তিনি একটু আগে নন্দের কথা বলে আমাদের বললেন—আমি তাঁকে এই কথা বলতে চাই শ্রীযুক্তা মৈত্রেয়ী বসুর দয়ার উপর করুণার উপর নির্ভর করে ভারতবর্ষের কমিউনিস্ট পার্টি তাঁরা আন্দোলনকে পরিচালনা করবেন না এবং নন্দজী তাঁর বিবৃতির মারফত যে জালিয়াতি জোচ্চুরি করেছেন তার বিরুদ্ধে কমিউনিস্ট পার্টির তরফ থেকে প্রতিবাদ করবে এবং করা হবে। আর একটা কথা আমি বলতে চাই শ্রদ্ধেয়া মৈত্রেয়ী বসু যে বক্তৃতা করলেন তা শুনে আমার একটা কথা মনে পড়ছে সেটা হচ্ছে—

Politics is the last respect of the scoundrel.

তাঁর বক্তৃতা শুনে আমার এই সত্য কথাটাই আবার মনে পড়ল।

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যখন কোন বুর্জোয়া রাষ্ট্র শ্রমিক রাষ্ট্রের উপর তার যুদ্ধ ঘোষণা করে তখন যে-কোন [illegible] কর্তব্য হচ্ছে সেই বুর্জোয়া রাষ্ট্রের বিরুদ্ধে শ্রমিক রাষ্ট্রকে সমর্থন করা। কিন্তু যখন চীন তার বিশেষ উদ্দেশ্য নিয়ে ভারতবর্ষের সীমান্তে তার অগস্ত যুদ্ধ ঘোষণা করল তখন [illegible]। দল হিসাবে আমার পার্টি

তার সম্পূর্ণভাবে বিরোধিতা করল। ফরওয়ার্ড ব্লক মার্কসবাদী দর্শনে বিশ্বাস করলেও ফরওয়ার্ড ব্লক মনে করে যে-কোন শ্রেণীর রাষ্ট্র হোক সংগ্রাম এবং যুদ্ধ ঘোষণার মধ্য দিয়ে যদি অপর একটা রাষ্ট্রের উপর সমাজতন্ত্রবাদ চাপাবার চেষ্টা করে তাহলে নিশ্চয়ই তার বিরোধিতা করা উচিত। সোভিয়েত বা চীন যে-কোন রাষ্ট্রই হোক যদি অপর রাষ্ট্রের উপর হামলা করে সমাজতন্ত্রবাদ প্রতিষ্ঠা করার চেষ্টা করে তাহলে সেখানে বিরোধিতা করা কর্তব্য বলে আমরা মনে করি। আমরা আশ্চর্যের সাথে লক্ষ্য করলাম মার্কসবাদ দর্শনে বিশ্বাসী অপর রাজনৈতিক দল কমিউনিস্ট পার্টির একটি অংশ সেদিন চীনের এই কার্যকলাপের বিরুদ্ধে তাঁদের কোন রাজনৈতিক বক্তব্য রাখেননি। আমি সেদিন অত্যন্ত ধৈর্য সহকারে মাননীয় নেতা জ্যোতি বসুর বক্তৃতা শুনছিলাম। তিনি বলেছিলেন যে বামপন্থী কমিউনিস্ট পার্টি আন্তর্জাতিকতাবাদে বিশ্বাস করে। কিন্তু আন্তর্জাতিকতাবাদে যারা বিশ্বাস করে সেই মার্কসবাদী দল কখনও এমন নীতিকে সমর্থন করবেন না যে একটা শ্রমিক রাষ্ট্র তার বিশেষ কার্যের মধ্য দিয়ে আন্তর্জাতিক শ্রমিক আন্দোলন বিচ্ছিন্ন করবে, তার কার্যকলাপের মধ্য দিয়ে ভারতবর্ষের সীমান্তে তার আক্রমণের মধ্য দিয়ে শুধুমাত্র ভারতবর্ষের সংহতিকে বিনষ্ট করার চেষ্টা করেছে তা নয় আন্তর্জাতিক শ্রমিক আন্দোলনকে তারা ক্ষতিগ্রস্ত করেছে। কাজে কাজেই জ্যোতিবাবুর সিদ্ধান্তকে যদি মেনে নেওয়া হয় যে তাঁর রাজনৈতিক দল আন্তর্জাতিকতাবাদে বিশ্বাস করে তাহলে সেই দৃষ্টিভঙ্গী থেকে চীনের এই কার্যকলাপের বিরোধিতা করা উচিত বলে আমি মনে করি। শুধু তাই নয়, চীন ভারতবর্ষের উপর তার আঘাত এবং সংগ্রামের মধ্য দিয়ে ঘোরতর মার্কসবাদী নীতিকে ভালভাবে প্রয়োগ করার চেষ্টা করেছে তা নয় আন্তর্জাতিক আন্দোলনকে ক্ষতিগ্রস্ত করেছে এবং ভারতবর্ষের যে গণতন্ত্র সংহতি যেটা ধীরে ধীরে গড়ে উঠছিল সেই গণতন্ত্র এবং সংহতিকে সে নষ্ট করার চেষ্টা করেছে।

[2-10—2-20 p.m.]

সেদিক দিয়ে আমরা সম্পূর্ণভাবে চীন সম্পর্কে বক্তব্য রেখেছি যে চীন ভারতবর্ষ আক্রমণের মধ্য দিয়ে আমাদের দেশের স্বার্থবিরোধী কাজ করেছে। সেইজন্য আমরা মার্কসবাদী দৃষ্টিকোণ থেকে চীনের কার্যকলাপের বিরোধিতা করি। আমরা আশা করেছিলাম কমিউনিস্ট পার্টির বামপন্থী অংশে অন্ততঃ মার্কসবাদে ও আন্তর্জাতিকতাবাদে বিশ্বাসী দল হিসেবে চীনের আক্রমণের প্রতিবাদ করবে এবং এই আক্রমণের বিরুদ্ধে তাঁরা তাঁদের বক্তব্য রাখবেন। কিন্তু অত্যন্ত আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম যে মার্কসবাদে ও আন্তর্জাতিকতাবাদে বিশ্বাসী বামপন্থী কমিউনিস্ট পার্টি এই সম্পর্কে তাদের রাজনৈতিক সিদ্ধান্ত স্পষ্টভাবে রাখেন নি। সম্প্রতিকালে পাকিস্তান যখন ভারত সীমান্তে তাদের আক্রমণ সুরু করেছে, অঘোষিত যুদ্ধ সুরু করেছে এবং যখন অত্যন্ত পরিষ্কারভাবে আমরা দেখেছি যে চীন অত্যন্ত কৌশলের সাথে আয়ুবশাহী পাকিস্তানের সঙ্গে গাঁটছড়া বেঁধে ভারতবর্ষের বিরুদ্ধে তাদের আক্রমণ সুরু করেছে, তখন বামপন্থী কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে পাকিস্তানের বিরুদ্ধে কোন বক্তব্য ঘোষণা করা হয় নাই। আমি মনে করি আমি অত্যন্ত পরিষ্কারভাবে একথা বলতে চাই যে আমরা জানি যখন কোন একটি বুর্জোয়া দেশ বিপদে পড়ে, তখন ন্যাশনালিজম-এর শ্লোগান তোলে। আমরা জানি ভারতবর্ষের মধ্যে যে পুঁজিপতি অংশ আছে, তারা আজকে বিপদের, সঙ্কটের মুখে পড়ে তারা জাতীয়বাদের শ্লোগান তোলবার চেষ্টা করবে। কিন্তু আমরা সতর্ক মার্কসবাদী দল হিসেবে দেখছি যে আমরা নিশ্চয়ই তাদের সেই বুর্জোয়া ন্যাশনালিজম-এর শ্লোগান-এর ফাঁদে পা দেব না। আমরা তাই অত্যন্ত পরিষ্কারভাবে একথা বলতে চাই যে সেই বুর্জোয়া ন্যাশনালিজম-এর শ্লোগানে বিভ্রান্ত না হয়ে আমি মনে করি যে মার্কসবাদী ও বিভিন্ন বামপন্থী দলগুলি এই সম্পর্কে যদি অত্যন্ত পরিষ্কারভাবে আমাদের বক্তব্য বলতে পারতাম, ভারতবর্ষের অভ্যন্তরে গণতান্ত্রিক শক্তির সংহতি যা গড়ে উঠছিল তাকে আমরা বিনষ্ট হতে দিতাম না, অন্ততঃ আজকে আন্তর্জাতিক ক্ষেত্রে যে শ্রমিক আন্দোলন ধীরে ধীরে শক্তি সঞ্চয় করছে, তাকে আমরা আরো বেশী অনুপ্রেরণা দিতে পারতাম। কাজে কাজেই কমিউনিস্ট পার্টির বামপন্থী অংশ তাদের কার্যকলাপের মধ্য দিয়ে দেশের স্বার্থবিরোধী কাজ করতে লেগেছে, সেই সম্পর্কে রাজনৈতিক বক্তব্য বা সিদ্ধান্ত আমি বলেছি। কিন্তু নন্দজী যে বিবৃতি আমাদের সামনে দিয়েছেন, তা অত্যন্ত ভেগ, অত্যন্ত ভাসা ভাসা কথার মধ্য দিয়ে, কথার জাল বোনার মধ্য দিয়ে আমাদের সাধারণ

মানুষকে বোঝাবার চেষ্টা করছেন, একটি বুর্জোয়া কৌশলের ফাঁদে পা দেবার চেষ্টা করে ছিলেন, আমরা সে সম্বন্ধে অত্যন্ত সতর্ক। আমরা কমিউনিস্ট পার্টি সম্পর্কে আমাদের রাজনৈতিক বক্তব্য যেমন রাখবো, তেমনি সঙ্গে সঙ্গে নন্দজীর কৌশলের ফাঁদেও আমরা পা দেব না—সে কথাও আমি পরিষ্কারভাবে এখানে রাখতে চাই। তেলেঙ্গানায় কবে কি ঘটেছিল তার একটি ইতিহাস.তার বিবৃতির মধ্যে দিয়েছেন। কমিউনিস্ট পার্টির ভাঙ্গাগড়ার ইতিহাস আমাদের সামনে তিনি তুলে ধরেছেন। কিন্তু যেখানে চীন এবং পাকিস্তান ভারতবর্ষ আক্রমণ করেছে, সেই সময় কমিউনিস্ট পার্টি তার দেশের এবং জাতীয়তাবিরোধী যে কাজ করেছে, সেই সম্পর্কে কোন পরিষ্কার অভিযোগ এর মধ্যে নন্দজী রাখেন নি। সেইজন্য আমার পার্টি মনে করে যে যদি তাদের বিরুদ্ধে স্পষ্ট কোন অভিযোগ থাকে দেশবাসীর সামনে তা রাখা হোক এবং জাতির স্বার্থে খোলাখুলিভাবে যদি তা রাখার কোন অসুবিধা থাকে, তাহলে তাদের বিচার করা হোক এবং যদি নন্দজী অভিযোগ সম্পর্কে বেসিস হিসেবে ধরে নেন তাহলে সেই সমস্ত কমিউনিস্ট [illegible] বা সমস্ত রাজবন্দীদের আত্মপক্ষ সমর্থন করবার সুযোগ দেওয়া হোক। নন্দজীর এই ব্যাপার আজকে মিথ্যা ভাঁওতা বলে প্রমাণিত হয়েছে। যখন আমরা দেখছি যে ঐ একমাত্র উদ্দেশ্য নয়, চীন আক্রমণের পরিপ্রেক্ষিতে বা দেশের স্বার্থবিরোধী কাজ করবার জন্য তাদের গ্রেপ্তার করা হয়েছে, আমরা দেখছি দেশপ্রেমিক ফরওয়ার্ড ব্লক কর্মীদের ডি আই রুল-এ গ্রেপ্তার করে আটক রাখা হয়েছে, তাদেরও বিচারের কোন ব্যবস্থা করা হয় নাই, তাদের আত্মপক্ষ সমর্থন করবারও সুযোগ দেওয়া হয়নি। কাজ কাজেই আজ অত্যন্ত পরিষ্কার কথা যে এর পেছনে কাদের দলীয় রাজনৈতিক স্বার্থ আছে এবং সেই দলীয় রাজনৈতিক স্বার্থ আছে বলেই দেশের মানুষ আজকে নন্দজীর এই বিবৃতিকে প্রত্যাখ্যান করে। ফরওয়ার্ড ব্লক বামপন্থী মার্কসবাদী দল হিসেবে নন্দজীর এই বিবৃতিকে মনে করে যে অত্যন্ত হালকাভাবে দেশের মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা এর দ্বারা করা হয়েছে। এর মধ্যে রাজনৈতিক কোন বিষয়বস্তু নাই এবং আজকে তাই যেকথা বিশিষ্ট আইনবিদরা বলছেন, শীতলবাদ বলছেন, এন সি চ্যাটার্জী বলছেন যে তাদের বিচার করে শাস্তি দেবার ব্যবস্থা করা হোক। নিশ্চয়ই তাদের বিরুদ্ধে যদি গুরুতর অভিযোগ থাকে, তাহলে আমরা তাদের পক্ষ সমর্থন করছি না বা আমাদের দলের যারা আছে তাদের বিরুদ্ধে যদি বক্তব্য কিছু থাকে, সেই সমস্ত বক্তব্য হাজির করবার জন্য আজকে তাদের গোপনে বিচার করা হোক এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেবার ব্যবস্থা করা হোক।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বরাষ্ট্র মন্ত্রী নন্দার যে স্টেটমেন্ট তিনি দিয়েছেন, সেই বিবৃতির উপর অনেকেই তার বক্তব্য রেখে গেছেন, আমি এই বিবৃতিটা বেশ ২।৩ বার পড়েছি। পড়ে পড়ে আমার মনে হয়েছে যে মিঃ নন্দা তিনি নিজে যে কেসটা তৈরী করবেন মনে করেছিলেন, সেই কেসটা না করে উল্টো এমন কতকগুলো তার সুযোগ রেখে দিলেন, যার ফলে তার কেসটা দুর্বল হয়ে গেল। তিনি যে কেসটা লেফট কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে গড়ে তুলতে চেয়েছিলেন সেটা ঠিক তার উল্টো হয়ে যেতে আরম্ভ করল। তিনি যেভাবে সমস্ত জিনিসটাকে তুলে ধরেছিলেন দেখে আমার মনে হল—ইংরাজিতে একটা কথা আছে ডকুমেন্টারি ইনএফিসিয়েন্সি অর্থাৎ বাংলায় যার মানে হল লিখিত অক্ষমতা। নন্দাজির এই বিবৃতি—লিখিত অক্ষমতা ছাড়া আর কিছুই নয়।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা এখানে খুব কতকগুলি হালকা কথা বলতে আসি নি। আমরা এই হাউস-এ দাঁড়িয়ে ১৯৬২ সালে যখন চৈনিক আক্রমণ হয়েছিল, আমরা তখন ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসকে সমর্থন জানিয়েছিলাম। এই সজ্ঞানে যে আমাদের দেশ যখন বিপন্ন এখন কনস্টিটিউশনের ফান্ডামেন্টাল রাইটস থাকা সত্ত্বেও একটা স্বাধীন দেশের দায়িত্বজ্ঞানপূর্ণ স্বাধীন নাগরিক হিসাবে তার ফান্ডামেন্টাল রাইটস থেকে গণতন্ত্রের জন্য মোরাটোরিয়াম রাখা। সেই হিসাবে আমরা ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসকে সমর্থন করেছিলাম। আমরা যখন ডিফেন্স অব ইন্ডিয়া রুলসকে সমর্থন জানিয়েছিলাম, তখন আমাদের সামনে ছিল—এই কথা যে চাইনিজ অ্যাগরেশনকে ভেকেট করার জন্য ভারত সরকার তার সম্পূর্ণ ক্ষমতা অর্পণ করবেন এবং খুব শীঘ্র চাইনিস অ্যাগ্রেশন ভেকেট হবে। কিন্তু আজকে দেখতে পাচ্ছি কি? ১৯৬২ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত এই তিন বছরের

মধ্যে চাইনিজ অ্যাগ্রেসন একচুলও তাদের ভেকেট হয় নি। কলম্বো প্রপোজাল ইন্ডিয়া যে স্বীকার করেছে, সেটাও চীন স্বীকার করে নি। অথচ আজকে চীনের সঙ্গে সশস্ত্র সংঘ সেটাও নেই। চীনের সঙ্গে ডিপ্লোম্যাটিক রিলেশন কাট অফ করা হয় নি অথচ সেখানে দে যাচ্ছে কি কতকগুলো ডিফেন্স ইন্ডিয়া রুল, কতকগুলো নিয়ম শৃঙ্খলা দিনের পর দিন বে চলেছে, এর কারণ কি? চীন-এর সঙ্গে যে অবস্থা, সেই অবস্থার মধ্যে যদি ২০ বছর ধ এই রকম একটা অবস্থা থাকে. স্ট্যাটাসক্যুয় যে স্ট্যাটাসক্যুয়-এ এখন হচ্ছে ১৯৬২ সালের প সেই স্ট্যাটাসক্যুয় যদি থাকে তাহলে অনন্তকাল ধরে ইমারজেন্সি চলবে? এটা হতে পারে না এটা হলে যে কনস্টিটিউশন-এর উপর ফ্রড করা হবে, কনস্টিটিউশন-এর উপর জালিয়াি করা হবে।

[2-20—2-30 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা কথা বুঝে উঠতে পাচ্ছি না, একটা পার্টি যাবে নন্দজী পিকিং পন্থী কমিউনিস্ট পার্টি বলে বর্ণনা করেছেন, রাজনৈতিক দল হিসাবে যা অস্তিত্ব আছে, রাজনৈতিক দল হিসাবে যার থিসিস আছে, রাজনৈতিক দল হিসাবে যা স্ট্রাটেজি আছে সেই পার্টির তরফ থেকে আজকে যাদের ধরা হয়েছে, তাদের এমন কি ভূমিক ছিল যে তাদের এগেনস্টে চলে গেছে? বা পার্টির কাজ ফুলফিল করতে গিয়ে এই সব করেছে এই সম্বন্ধে পরিষ্কার করা হয় নি। লেফট কমিউনিস্ট পার্টি যদি কৌশলে চীনের আক্রমণে সুযোগকারী হয়ে থাকে তাহলে সেই পার্টি আজ পর্যন্ত ব্যান্ড হয় নি কেন? আজকে ভারতবর্ষের জনসাধারণ জানতে চায় যে, এমন একটা দল নন্দা সাহেব বিবৃতিতে বলেছেন যে কমিউনিস্ট পার্টি এই এই করেছে, তাই যদি হয়ে থাকে তাহলে নন্দা সাহেবের বা গভর্নমেন্ট-এর সাহস হয় নি কেন, সেই পার্টিকে ব্যান্ড করে দেওয়া? এবং সেই পার্টিকে ব্যান্ড করে দেওয়ার পর যদি এই লোকগুলোকে ধরা হত, বুঝতে পারতাম যে তার একটা পজিসন আছে ডেমোক্রাটিক গভর্নমেন্ট-এর যে পার্টি সেই পার্টির নির্দেশে পার্টির যারা ওয়ার্কার্স তারা বলে সেই পার্টির নির্দেশ যদি হয়ে থাকে চীনের সহযোগকারী, সেই পার্টিকে ব্যান্ড করা হয় নি কেন? এই জন্য যে সেটা আপনারা প্রমাণ করতে পারে নি। আপনারা নিজেরা হয়তো খুব ভালভাবে তথ্য জানেন না এবং জানেন না বলেই আজকে ১ হাজার লোককে ধরে খুব বাহাদুরী দেখাচ্ছেন যে আজকে ভারতবর্ষকে চীনের অন্তর্ঘাতী মূলক কার্যকলাপ থেকে বাঁচিয়েছেন। এক হাজার লোকের এমন কি ক্ষমতা মননীয় ডেপুটি স্পীকার মহাশয় ৪০ কোটি মানুষের যে উদগ্র আশা, ৪০ কোটি মানুষের যে রেসিসট্যান্স সেই রেসিসট্যান্সকে ভেদ করতে পারে, যদি এই রকম ১,০০০ মানুষ, তাহলে অত্যন্ত শক্তিধর এরা এবং তারা এই গভর্নমেন্ট-এর চেয়েও শক্তিশালী। আমি মনে করি গভর্নমেন্ট এবং জনসাধারণ এক হয়ে যেখানে চীনকে রুখতে চায়, তাদের এমন কি ক্ষমতা যে সমস্ত শক্তিকে বানচাল করে দেবে? কাজেই এদিক থেকে তাদের যুক্তি খাটে না। দ্বিতীয় কথা হচ্ছে চীন-এর যে এই এগ্রেসিং নীতি এ সম্বন্ধে লোক সভাতে ১৯৫৪ সাল থেকে আমরা বলে এসেছি। ১৯৫৪ সালে যখন হরি বিষ্ণু কামাথ আকসাই চীন সম্বন্ধে, চীনের আক্রমণ সম্বন্ধে তুলে ধরেন তখন আমাদের মাননীয় স্বর্গত পন্ডিত নেহেরু বলেছিলেন হরি বিষ্ণু কামাত সাহেব, তিনি নাকি দুঃস্বপ্ন দেখেছেন? তারপর যে সমস্ত হোয়াইট পেপার বেরিয়েছে তার মধ্যে দেখা গেছে যে হরি বিষ্ণু কামাথ-এর কথা সত্য এবং নন্দা সাহেবের রিপোর্ট থেকেই দেখা গেছে যে তাঁর কথাই সত্য। আপনারা যে কথা বলছেন ম্যাকমোহন লাইন সম্বন্ধে, আমি সেটা মেনে নিয়ে বলছি, সেই যদি দোষী হয়ে থাকে তাহলে আপনারা এ্যাবেটর কিনা, আপনারা সেই দোষকে এ্যাবেট করেছেন কি না? চীন যদি আক্রমণ করে থাকে তাহলে আমাদের ভারতবর্ষ সেটাকে এ্যাবেট করেছেন আজ আপনারা দেশকে কোথায় নিয়ে গেছেন যাঁরা ক্ষমতায় আছেন। আজও দেখছি পিন্ডি-পিকিং এক হয়ে গেছে এবং আপনি দেখেছেন যে কাঞ্জারকোট-এর যুদ্ধে প্রায় সমস্ত উত্তরবঙ্গ ব্যাপী যে সমস্ত পাকিস্তানের সমাবেশ হয়েছে তাতে সেখানে যে অদ্ভুত সমন্বয় ঘটেছে, সেখানে আয়ুব খাঁ-এর আন্ডারে আয়ুব খাঁ যে অস্ত্রশস্ত্র ব্যবহার করছে সেগুলো হচ্ছে মার্কিন প্যাটন ট্যাঙ্ক মার্কিন স্যাবর জেট ফাইটার মার্কিন সমস্ত অস্ত্রশস্ত্র। ব্রিটিশ-এর রিকয়েললেস গান

এবং তার মধ্যে ম্যান করছে চাইনিজ ইঞ্জিনিয়ার, চাইনিজ টেকনিসিয়ানস, আজকে এই যে একটা অদ্ভুত সমন্বয় ঘটছে, এই অদ্ভুত সমন্বয় ঘটবার যে অবস্থা হল, সেই অবস্থার জন্য দায়ী কংগ্রেস সরকার। তাদের দ্বিধাগ্রস্ত নীতি এবং যে নীতি আজকে তারা চাপবার জন্য কমিউনিস্ট পার্টির উপর শুধু দোষ চাপিয়ে যাচ্ছে, আমরা কমিউনিস্ট পার্টির সাপোর্ট পাবার জন্য নয়, আমরা মনে করি যে কমিউনিস্ট পার্টিকে চীনের সম্বন্ধে আরও দৃঢ়ভাবে তাদের বলা উচিত ছিল এবং আমি যতটা উপপ্রশ্ন করবো চীন যে শুধু এ্যাগ্রেসন করেছে বা করেনি এই কথা স্পষ্ট ভাবে বলুন, কিন্তু আমি সেই সঙ্গে বলছি যে চীন যদি এ্যাগ্রেসন করে থাকে তাহলে আজকে সমস্ত ভারতবর্ষের সঙ্গে কমিউনিস্ট পার্টির তরফ থেকে কি কাজ করা হয়েছে যার জন্য আজকে তাদের জেলে পোরা হচ্ছে। আজকে তাদের যখন জেলে পোরা হচ্ছে, তখন আমাদের সামনে জানিয়ে দেওয়া উচিত ছিল যে তারা চাইনিজ এ্যাগ্রেসন-এর পক্ষে এমনভাবে কাজ করেছে, যে কাজগুলো ভারতবর্ষের পক্ষে সাংঘাতিক। শুধু কতকগুলো ছিটেফোঁটা তথ্য দিলে চলবে না, সেই জন্য আমি বলি, আমাদের দলের তরফ থেকে বলবো যে আজকে কমিউনিস্ট পার্টি—যদি তাদের বিরুদ্ধে থেকে কোনও প্রমাণ থাকে তাহলে তাদের বিনা বিচারে আটকে না রেখে তাদের প্রকাশ্য আদালতে নিয়ে আসা হোক। এবং আমরা মনে করি যে প্রকাশ্য আদালতে নিয়ে যাবার সাহস আপনাদের নেই। সেই জন্য আমি এর বিরুদ্ধে বলি এবং কমিউনিস্ট পার্টি ও অন্যান্য পার্টির লোকদের এই যে বিনা বিচারে আটক করে রেখেছে এটা অত্যন্ত গর্হিত কাজ হয়েছে বলে মনে করি। আজকে খবর পেলাম আমাদের পার্টির কতকগুলি মেম্বারকে ধরবার চেষ্টা করছে। এইভাবে যদি আপনারা চলেন তাহলে আপনারা চীনকে রুখতে পারবেন না, পাকিস্তানকে রুখতে পারবেন না। আজকে কমিউনিস্ট পার্টিকে দোষ দিয়ে নিজেদের দোষ স্খালনের এই যে চেষ্টা করছেন এটা অন্ততপক্ষে ভারতবাসী সহ্য করবে না। কাজেই আমি মনে করি ইমারজেন্সী এবং ডি আই রুল উঠিয়ে দিন। তাঁদের দেশপ্রেম আছে কিনা সেটা কি আপনাদের কাছ থেকে শুনতে হবে? আমরা জানি সতীশ পাকরাসী এবং নিরঞ্জন সেন মেছুয়াবাজার বোমা মামলার আসামী এবং সারা জীবন তাঁরা ত্যাগ এবং কষ্ট স্বীকার করে ব্রিটিশের বিরুদ্ধে লড়াই করেছেন। কাজেই তাঁরা দেশপ্রেমের বাইরে চলে যাবেন এটা বিশ্বাস করা যায় না। পলিটিক্যালি তাঁদের সঙ্গে আমাদের ডিফারেন্স আছে এবং আমরা তাঁদের কথার প্রতিবাদ করি। কিন্তু আজকে তাঁদের সাইড ডিফেন্ড করবার সুযোগ তাঁদের দিন, তবেই গণতন্ত্রকে রক্ষা করতে পারবেন এবং চীনকে রুখতে পারবেন।

শ্রীখগেন্দ্রকুমার রায় চৌধুরী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমেই আপনার মাধ্যমে জানাতে চাই, আমি এখানে যে বক্তব্য রাখছি সেটা সোমনাথবাবুর বা জ্যোতিবাবুর বক্তব্য নয়, সেটা আমার ব্যক্তিগত বক্তব্য। স্যার, নন্দজীর এই বই পড়ে অর্থাৎ স্টেটমেন্ট-এর এই বই পড়ে চার্জ-এর কথা ছেড়ে দিলে একটা জিনিস যা মনে হচ্ছে সেটা হচ্ছে এই বইয়ের প্রতি ছত্রে লেখা রয়েছে যে ভারতবর্ষে কংগ্রেস ছাড়া আর কোন পার্টি থাকবে না। অর্থাৎ আমরা যে অভিযোগ করব সেই অভিযোগের জন্য কোন কোর্টে যাবার দরকার নেই, সেটা প্রমাণ করবার দরকার নেই—আমরা অভিযোগ করেছি এটাই যথেষ্ট, এর চেয়ে বড় প্রমাণ আর নেই। একটু আগে মৈত্রেয়ী বসু বললেন জ্যোতিবাবু এখানে দাঁড়িয়ে যা বললেন সেটা যদি হিটলারের রাজত্ব হোত তাহলে তিনি বলবার সুযোগ পেতেন না। জ্যোতিবাবু কালকে একটা কথা বলেছেন এবং আমিও মনে করি তাঁরা যখন আয়ুবশাহীর পথে যাচ্ছেন তখন আমরা যদি সকলে মিলে বাধা দিতে না পারি তাহলে তাঁরা সেই পথে যাবেনই। স্যার, আমি ওই পক্ষের বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যারা ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতিদের প্রতিনিধিত্ব করেন তারা ছাড়া সাধারণ মানুষের সঙ্গে যাদের যোগাযোগ আছে এবং ওই দলে থেকেও যাঁরা এখনও কিছু কিছু বলতে পারছেন তাতে মনে হয় এদিকে বিরোধী দল যদি না থাকে তাহলে তাঁরাও বলবার সুযোগ আর পারেন না তাঁরা নিঃশেষ হয়ে যাবেন। আমার কথা শুনে মৈত্রেয়ী বসু হাসছেন, কিন্তু এটা ইতিহাসে প্রমাণিত হয়েছে। যাহোক, এবারে দেখা যাক এই চার্জগুলো কি ধরনের। আমাকে জনৈক কংগ্রেস সভ্য বা সভ্যা যা বলেছিলেন সেটা আমি আপনাদের জানাব অবশ্য জানি না তিনি সেকথা এখন স্বীকার করবেন কিনা। কারণ এখানকার পদ্ধতি হচ্ছে অস্বীকার করা।

স্যার, কেরালার ইলেকসনে যখন বাম কমিউনিস্টরা জিতেছিলেন তখন জনৈকা কংগ্রেস সভ্যা আমাকে বলেছিলেন, নন্দজীর স্টেটমেন্ট হয় মিথ্যা, আর না হয় কেরালার লোকের দেশপ্রেমের জ্ঞান নেই। একথা যিনি বলেছিলেন তাঁকে মৈত্রেয়ী বসু চেনেন এবং আপনারা যদি বিশেষ করে জানতে চান তাহলে বলব তাঁর সঙ্গেই আমার একথা হয়েছিল। যাহোক, এবারে আমি আসল কথায় ফিরে আসি। এই বইতে অনেক দৃষ্টান্ত দেখান হয়েছে এবং সোমনাথবাবু দেখিয়েছেন এই বইতে এমন কতকগুলি কথা বলা হয়েছে যাতে প্রমাণিত হচ্ছে যে সাংঘাতিক অপরাধ করেছে। স্যার, আমি দেখাব এই বইয়ের সঙ্গে অন্যান্য বইয়ের কি তফাৎ আছে। এই বইয়ের ২৬২ পাতায় আছে, "শাসকগোষ্ঠী কখনও স্বেচ্ছায় রাষ্ট্রীয় ক্ষমতা পরিত্যাগ করে না—জনগণ যখনই মাথা তুলে বিদ্রোহ সুরু করবে তখনই হিংসাত্মক উপায় অবলম্বন করে তা... দমন করবে"।

[2-30—2-40 p.m.]

ঐ বইয়ের ২৭ পাতায় বলা আছে যে, "প্রলেটারিয়েটদের বিপ্লবের প্রশ্ন- যেক্ষেত্রে রাষ্ট্রীয় শক্তি গ্রহণ করা বুর্জোয়াদের কাছ থেকে। লেনিনবাদ আমাদের শিখিয়েছে এবং অভিজ্ঞতার দ্বারা এটা প্রমাণিত হয়েছে যে, শাসকগোষ্ঠী কখনও স্বেচ্ছায় রাষ্ট্রীয় ক্ষমতা পরিত্যাগ করে না। এ রকম পরিস্থিতিতে—যেখানে শান্তিপূর্ণ উপায়ে রূপান্তরের সম্ভাবনা প্রবল সেখানে এই সম্ভাবনাকে বাস্তবে রূপায়িত করার জন্য আমরা সর্বতোভাবে চেষ্টা করব। তবে এই সম্ভাবনাকে সার্থক করে তোলার প্রয়াসের সঙ্গে সঙ্গে দেশের কমিউনিস্ট পার্টিকে বুর্জোয়াদের সশস্ত্র হস্তক্ষেপ প্রতিরোধের জন্য সর্বদা প্রস্তুত থাকতে হবে। সংক্ষেপে বলা যায় যে অন্য অবস্থার জন্য তৈরি না থেকে প্রথম সম্ভবনার সার্থকতা আমরা উপলব্ধি করতে পারি নি।" এই কথা শুনে মনে হবে যে এই বক্তব্যের মধ্যে শেষের দিকে যে কথা বলা আছে তাতে নাকি বলা হচ্ছে যে কমিউনিস্টরা বিপ্লব করবেন। এই যে কথা এই কথা যেন চীনারাই প্রথম বলেছেন। আর একটা পুস্তিকার কথা আমি বলব, এটা বিশ্ব কমিউনিস্ট পার্টি বার করেছিল ১৯৬০ সালে তাদের মস্কোতে যে সম্মেলন হয় তাতে। তারা বলেছে যে, শাসকশ্রেণী স্বেচ্ছায় কোন ব্যক্তি বা শ্রেণী ক্ষমতা ছাড়ে না। আজকে চীনা কমিউনিস্টরা বলেছে এটা নয় বা ভারতবর্ষের কমিউনিস্টরা বলেছে তাও নয়। তাই গেরিলা যুদ্ধ করতে চেষ্টা করছে বা ক্ষমতা দখল করতে যাচ্ছে এর মধ্যে কোন প্রমাণ নেই। ৮১টা পার্টি সম্মিলন করে যে মত প্রকাশ করেছে তাতে তারা বলেছে "যদি শোষকশ্রেণীগুলি জনগণের বিরুদ্ধে হিংসার আশ্রয় নেয় তবে অশান্তিপূর্ণ পথে সমাজতন্ত্র উত্তরণের সম্ভাবনাকেও মনে রাখা দরকার। শাসকশ্রেণী কখনও স্বেচ্ছায় ক্ষমতা ত্যাগ করে না এটাই লেনিনবাদের শিক্ষা।" এখন মুস্কিল হচ্ছে এই কথা শুধু ৮১টি পার্টি বলেনি এই কথা লেনিনও বলেছিলেন। এখন কথা হচ্ছে তাহলে নন্দজী লেনিনকে ডি... ধরবেন কিনা? এখন যদি লেনিনের সেই বক্তব্য মাও-সে-তুং বা চৌ-এন-লাই বলে বা পৃথিবীর অন্য কোন কমিউনিস্টরা বলে তাহলে আমরা কি বলবো সেটা তার বক্তব্য অর্থাৎ সেটা মাও-সে-তুং বা চৌ-এন লাই-এর বক্তব্য। কিন্তু সকলেই জানেন যে এটা মাও-সে-তুং বা চৌ-এন-লাই-এর বক্তব্য নয়। এই যে দলীল সেটা ৮১টা কমিউনিস্ট পার্টি বসে তৈরী করেছে সুতরাং এটা তাদের বক্তব্য, এটা এখানকার কমিউনিস্ট পার্টির বক্তব্য নয়। তাছাড়া যে দলিলের কথা বলা হয়েছে সেটা গোড়া থেকে শেষ পর্যন্ত সব ভুল এবং বিকৃত তথ্যে পূর্ণ। গেরিলা বাহিনীর কথা বলেছেন। আমাদের চেয়ে যারা শাসন ব্যবস্থা চালান তাঁরা ভালই জানেন যে গেরিলা বাহিনী কোন দেশের ক্ষমতা কোন দিন দখল করতে পারে না, এটা একটা সাহায্যকারী শক্তি হিসাবে কাজ করতে পারে। ভারতবর্ষের মত দেশে গেরিলা বাহিনী ক্ষমতা দখল করবে আর তারা ট্রেনিংও দেবে এই যুক্তি কোন সুস্থ লোককে দিলে বা তাকে বললে এক মুহূর্তে তা নস্যাৎ হয়ে যাবে। আমি ঐ স্টেটমেন্ট-এর ২৭ পৃষ্ঠা থেকে পড়ছি। তাতে লেখা আছে প্রলেটারিয়েটদের বিপ্লবের প্রশ্ন যেক্ষেত্রে রাষ্ট্রীয় শক্তি গ্রহণ করা বুর্জোয়াদের কাছ থেকে লেনিনবাদই আমাদের শিখিয়েছে এবং অভিজ্ঞতার দ্বারা এটা প্রমাণিত হয়েছে যে শাসকগোষ্ঠী কখনও স্বেচ্ছায় রাষ্ট্রীয় ক্ষমতা পরিত্যাগ করে না। এই রকম পরিস্থিতিতে যেখানে শান্তিপূর্ণ উপায়ে রূপান্তরের সম্ভাবনা প্রবল সেখানে এই সম্ভাবনাকে বাস্তবে রূপায়িত করার জন্য

আমরা সর্বতোভাবে চেষ্টা করবো। তবে এই সম্ভাবনাকে সার্থক করে তোলা প্রয়াসের সঙ্গে সঙ্গে দেশের কমিউনিস্ট পার্টিকে বুর্জোয়াদের সশস্ত্র হস্তক্ষেপ প্রতিরোধের জন্য সর্বদা প্রস্তুত থাকতে হবে। সংক্ষেপে বলা যায় যে অন্য অবস্থার জন্য তৈরী না থেকে প্রথম [illegible] সার্থকতা আমরা উপলব্ধি করতে পারি নি। ইতিহাস এটা [illegible] কোন দেশে দেখতে [illegible] যে, সে ধরণের বিপ্লবই হউক সে বুর্জোয়াদের বিপ্লবই হউক আর যাই হোক [illegible] একটা দেশেও ঐ গোরিলা বাহিনীরা ক্ষমতা দখল করেছে, এটা যদি দেখাতে পারেন তা হলে আমি আমার ভুল স্বীকার করবো, আমি ধরলাম যে গোরিলা বাহিনী ক্ষমতা দখন করবার জন্য চেষ্টা করছে কিন্তু আপনারা কি দেখাতে পারবেন যে গোরিলা বাহিনী ক্ষমতা দখল করেছে বা করবে? এখানে দেশের সমস্ত লোককে শিক্ষিত করার প্রশ্ন আছে, এটা চুপিচুপি করে হবে কোন লোকও জানতে পারবে না, কোন দেশে করা সম্ভব নয়। আমি জানি টেরিরিস্ট আমলের ঘটনা ৪০ কোটি দেশবাসীর মধ্যে কোন জায়গায় একটা লোক যদি রিভলবার নিয়ে আসে তাহলে তাকে রিভলবার সমেত গ্রেপ্তার করা হয়েছে বা এরূপ করা হলে সে নাকি আন্দোলনে ছিল এরূপ বোঝা যাবে। কিন্তু এসব তো কোন কিছু হয়নি, আগের দিনে যারা বিরোধী পক্ষের আন্দোলনে ছিলেন, যারা সন্ত্রাসবাদী আন্দোলনে ছিলেন তাদের গ্রেপ্তার করা হয়েছে, আর গোরিলা বাহিনী নিয়ে যারা দেশ দখল করবেন তাদের একটী লোককেও সামান্য একটা রিভলবার সমেত ধরতে পারলেন কিংবা ঐ ধরণের ট্রেনিং নিয়েছে ঐ অবস্থায় তাদের কাউকে পাওয়া গেল না। এই থেকে বোঝা যায় যে গোরিলা বাহিনী ও সশস্ত্র বিপ্লবের যে চার্জ-এর মধ্যে দেওয়া হয়েছে সেটা সর্বৈব মিথ্যা। প্রসঙ্গতঃ বলে রাখি এই চার্জ যে কতটা মিথ্যা তা দেখুন। ১৯৪৮ সাল থেকে আমাকে ধরে রাখা হয়েছিল ৪ বৎসরের জন্য ঐ পি, ডি, অ্যাক্ট-এ তখন আমার বিরুদ্ধে চার্জ ছিল যে সমস্ত অস্ত্রশস্ত্র কৃষকদের বিলি করি, জোতদারদের ধান লুঠ করার চেষ্টা করি। সেই অপরাধে আমাকে চার বৎসর ধরে রাখা হয়েছিল এবং আমার বিরুদ্ধে এই চার্জ দেওয়া হয়েছিল। এসব পুলিস অফিসারদের মাথা খরাপ কিনা জানি না। আর একটা শুনুন শ্রীগণেশ ঘোষের বিরুদ্ধে যে চার্জ দেওয়া হয়েছিল তাকে যে গ্রেপ্তার করে রাখা হয়েছিল পি, ডি, অ্যাক্ট-এ দমদম জেলে, তাতে বলা হয়েছিল ইউ পার্টিসিপেটেড ইন চিটাগং আরমারি রেইড। এরা পাগল না মাথা খারাপ, না ষড়যন্ত্র করে এটা করা হয় এটা আপনাদের [illegible] ভাল-ভাবে বুঝতে হবে। আজকে যে সমস্ত চার্জ দেওয়া হয়েছে সে চার্জ যদি প্রমাণ করতে না পারেন তাহলে কি হবে? অনেকে বলেছেন যে সমস্ত [illegible] পারবেন না যদিও এটা তর্কের খাতিরে আমি স্বীকার করে [illegible] যে আপনারা একটা লোকের বিরুদ্ধেও অভিযোগ আনুন [illegible] আনুন যা থেকে বোঝা যাবে এর মধ্যে মূলতঃ কিছু আছে। [illegible] এবং মনে করছেন যে এটা তো বেশ একটা মজা হচ্ছে কিন্তু গণতন্ত্র যেখানে [illegible] আইন শৃঙ্খলার যেখানে বালাই নেই সেখানে আর কি হবে, যেখানে [illegible] সিকিউরিটি অ্যাক্ট-এ সমস্ত কিছু হচ্ছে সেখানে কিছুই করার নেই। [illegible] আমরা যদি সকলে মিলে এটাকে বন্ধ করতে না পারি তাহলে [illegible] যে দেশ আমুবশাহীর পথে চলে যাচ্ছে সেটাকে আমরা রুখতে পারবো না। এটা হয়তো অনেকে কিছু মনে করতো না যদি এটা আইন শৃঙ্খলা মাফিক হতো। কিন্তু আমরা দেখছি আজকে শুধু কমিউনিস্ট পার্টি নয়, অন্যান্য পার্টির বন্ধুদেরও ডি. আই. আর-এ অ্যারেস্ট করা হয়েছে এবং এইভাবেই তারা একে মিসইউজ করছেন, যে মিসইউজকে আমরা সমর্থন করি না। কিন্তু আপনারা জানেন যে ইতিহাসে কোন দিনই এ জিনিস হতে পারে না। যদি একটা শ্রেণীর হাতে ক্ষমতা থাকে এবং তার রাষ্ট্র ক্ষমতা যতই নিপীড়নমূলক হোক বা আইন তার শ্রেণী স্বার্থের বিরুদ্ধে প্রয়োগ করা হোক বা ব্যবহার করা হোক সেটা কোন দিনই রক্ষা পেতে পারে না। মার্কসিজমের যে শিক্ষা ভারতবর্ষের বেলা সেটা মিথ্যা হবে না। সেজন্য আমি বলবো আপনারা যদি মনে করেন যে কুৎসা দিয়ে দেশের লোককে বিভ্রান্ত করবেন তা হলো অত্যন্ত ভুল। কানাইবাবুর কথা শুনে আমার খুব দুঃখ হল, কারণ তিনি বলেছেন যে দেশের সমস্ত লোক নাকি বলছে যে কেরালায় যখন সমস্ত বন্দীদের নির্বাচিত করেছে তখন তারা এই ভেবেই করেছে যে এরা নির্বাচিত হলে নাকি ছাড়া পাবে এই বলে। কিন্তু আমি এটা বিশ্বাস করি

না। আমি মনে করি এ ধরণের বক্তব্য কংগ্রেস পক্ষদের সাহায্য করতে পারে। কিন্তু এখানে আমার বক্তব্য হচ্ছে যে আজকে শুধু দলীয় স্বার্থে ডি, আই, আর, ব্যবহার করছেন, শ্রেণী স্বার্থ সংহত করবার জন্য এই সমস্ত ষড়যন্ত্র করছেন। আপনারা এটাই বুঝেছেন যে কমিউনিস্ট পার্টিকে যদি ধ্বংস করতে না পারা যায় তাহলে কিছু হবে না। কারণ যদি তা না করা হয় তাহলে এরা ধীরে ধীরে অন্যান্য দলকে গ্রাস করবে এবং সর্বশেষে মৈত্রেয়ী বসু মহাশয়ার ঘাড়ে গিয়ে পড়বে। এই সমস্ত জিনিসই ইতিহাস আমাদের শিক্ষা দেয় এবং আপনারা সে শিক্ষা নেবেন। কারণ ভারতবর্ষের বেলায় এর চাকা অন্য দিকে ঘুরবে না।

[2-40—2-50 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখলাম ৪০ পৃষ্ঠাব্যাপী এক বিবৃতি। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী নন্দসাহেব উপস্থিত করেছেন চীনাপন্থী নামে অভিহিত কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে, কিন্তু দুঃখের বিষয় এই ৪০ পৃষ্ঠার মধ্যে কোন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ তিনি আনেন নি। অন্যান্য কেউ কেউ বলেছেন সশস্ত্র বিপ্লবের কথা, কেউ বা বলেছেন গোরিলা যুদ্ধের কথা, কেউ কেউ বলেছেন তেলেংগনা, কাকদ্বীপের কথা—ইত্যাদি এতে আছে। কেউ কেউ বলেছেন সশস্ত্র বিপ্লবের দ্বারা লোকায়ত্ত সরকারকে উচ্ছেদ করতে হবে, কিন্তু কোন অভিযোগ বিশেষভাবে কারও বিরুদ্ধে তিনি আনেন নি। ফলে এই বিবৃতির দ্বারা জনসাধারণের মধ্যে নানা প্রকার বিভ্রান্তির সৃষ্টি করছে। আমাদের সামনে নিশ্চয়ই সমস্যা আছে—ভারতের স্বাধীনতার সমস্যা আছে। আজ আমরা দেখছি যে ১৭ বছরের মধ্যে ভারতবর্ষের স্বাধীনতা, ভারতবর্ষের সার্বভৌমত্ব, ভারতবর্ষের অখণ্ডতা বারবার বিপন্ন হচ্ছে এবং অন্য কোন শত্রু রাষ্ট্রের সংগে যাদের সম্পর্ক আছে তাদের বিরুদ্ধে কোন অভিযোগ করার আগে আমি অভিযোগ করবো এই কংগ্রেস সরকারের বিরুদ্ধে। যখন তিব্বতের উপর চীনারা হামলা করলো তখন অমরা তীব্র প্রতিবাদ করেছি। আমরা জানিয়েছিলাম এই বাফার স্টেট যদি আজ চীনাদের দখলে যায় তাহলে ভারতবর্ষের স্বাধীনতা বিপন্ন হবে। আজ আমরা দেখতে পাচ্ছি তিব্বত চলে যাবার পর সিকিম ভুটান ভুটান করছে, আজ আমরা দেখছি চীনার ভারতবর্ষ আক্রমণ করা সোজা হয়েছে। আজ আমরা দেখছি চীন ভারত সরকারের দুর্বল প্রতিরক্ষা ব্যবস্থার ফলে ১২ হাজার বর্গমাইল দখল করে রেখেছে, আজ আমরা দেখতে পাচ্ছি কাশ্মীরের এক-তৃতীয়াংশ আজ পাকিস্তানের দখলে রয়েছে। এই সব হচ্ছে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থার ত্রুটির ফলে। অমরা দেখতে পাচ্ছি সীমান্তে আজ সহস্র সহস্র পাকিস্তানী সৈন্য চীনাদের সংগে এক হয়ে সেখানে যুদ্ধের জন্য উন্মুখ হয়ে আছে। আমরা দেখলাম পশ্চিমবঙ্গের সীমান্তে যেখানে কচ্ছের গ্রামাঞ্চল তারা দখল করে নিল। কিন্তু আমাদের দুর্ভাগ্য সেখানে আমরা ১২ শত কোটি টাকা খরচ করি আমাদের প্রতিরক্ষা ব্যবস্থার জন্য। সেখানে আজ আমরা রাণ অঞ্চলকে রক্ষা করতে পারলাম না। আজ আমরা নির্ভর করছি ইংলন্ডের উপর। আমাদের দেশকে আমরা রক্ষা করতে পারি না এটাই হচ্ছে দুঃখের বিষয় এবং দুর্ভাগ্যের বিষয়। ১৯৬২ সালে যখন ভারতবর্ষ আক্রান্ত হয় তখন ভারত সরকার প্রতিরক্ষা ব্যবস্থার জন্য যেসকল ব্যবস্থা করেছিলেন, ডি, আই রুল করেছিলেন, আমরা তাকে সমর্থন করেছিলাম। এইজন্য করেছিলাম, কংগ্রেসের সংগে আমাদের নানা প্রকার মতভেদ রয়েছে, নীতিগত রয়েছে, কার্যক্রম-গত রয়েছে, তবুও দেশের স্বাধীনতার জন্য আমরা কংগ্রেসকে পূর্ণভাবে সমর্থন করেছিলাম। কারণ আমরা জানতাম যে দেশ যদি না থাকে, দেশের স্বাধীনতা যদি না থাকে তাহলে কোন পার্টি কোনভাবে এখানে চলতে পারে না—এজন্যই আমরা তখন সমর্থন করেছিলাম। কিন্তু আজ যদি বাস্তবিকই কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে কোন অভিযোগ থাকে তাহলে কেন তাঁদের নির্বাচনের সুযোগ দেওয়া হয়? কিন্তু জেলখানায় বন্ধ করে রাখবেন অথচ তাঁদের নির্বাচনের সুযোগ দেবেন এই রকম নীতির অর্থ আমরা বুঝে উঠতে পারি না—যারা নির্বাচনে জিতবে তাদেরও ছাড়বেন না। আজকে আপনারা গণতন্ত্রের কথা বলবেন, বিরাট পুস্তিকাকারে করবেন যে অমুক হল কিন্তু কোন ব্যক্তি বিশেষে যদি করে থাকে তাহলে তার বিচার করা দরকার। যদি বলেন যে সাক্ষী দরকার, তাদের বিচার করা যায় না তাহলে আমি বলবো গোপনে করুন। আমি একটা কথা স্মরণ করিয়ে দিই যে গডসের বিচার লালকেল্লায় হয়েছিল গান্ধীজীকে

হত্যা করার জন্য। কাজেই আমি বলবো যে তাদের বিচার গোপনে হোক, ট্রাইব্যুন্যালের সামনে হোক নিশ্চয়ই আমরা তাকে সমর্থন করবো এবং যদি আপনারা মনে করেন যে কমিউনিস্ট পার্টি ভারতের বিরুদ্ধে গোপনে ষড়যন্ত্র করছে এটার যদি প্রমাণ থাকে তাহলে তাদের কেন বেআইনী করেন না তা আমি বুঝে উঠতে পারি না। একদিকে তাদের বেআইনী করা হবে না, নির্বাচনের সুযোগ দেওয়া হবে, অন্যদিকে অনির্দিষ্টকাল ধরে তাদের আটকে রেখে দেওয়া হবে এ জিনিস আমরা কোনদিন সমর্থন করতে পারি না। সেজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কমিউনিস্ট সম্বন্ধে যে সকল অভিযোগ আছে এই স্টেটমেন্টের ভেতর তা যদি প্রমাণসহ হয় তাহলে তাদের প্রকাশ্যে বা ট্রাইব্যুন্যালের সামনে বিচার করা হোক, তা না হলে এভাবে আটকে রাখাটাকে আমরা স্বীকার করে নিতে পারি না। আমি মনে করি যে যেভাবে ডি, আই রুলের গণপ্রয়োগ হচ্ছে তাতে জনসাধারণের মধ্যে একটা বিভ্রান্তির সৃষ্টি হয়েছে, এবং দেশরক্ষা সম্বন্ধে তাঁদের আস্থা ধীরে ধীরে কমে যাচ্ছে। সেজন্য আমি বলি কমিউনিস্ট পার্টিকে এভাবে আটক রাখার কোন অর্থ হতে পারে না। যদি তাদের বিরুদ্ধে প্রকৃত কোন অভিযোগ থাকে তাহলে তাদের বিচার করা হোক, দণ্ড দেওয়া হোক—আমরা নিশ্চয়ই তাকে সমর্থন করবো।

শ্রীকানাই পাল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

Pro-Chinese Communists are acting on their own and not on Chinese direction. এই যে উক্তি এটা কোন কমিউনিস্ট নেতার উক্তি নয়, ১৯৬৩ সালে ২৮শে আগস্ট ভারত-সরকারের তৎকালীন হোম মিনিস্টার লালবাহাদুর শাস্ত্রী এই বিবৃতি দিয়েছেন, আর আমরা কোলকাতায় দেখেছি যে বর্তমান কেন্দ্রীয় প্রমমন্ত্রী শ্রী সঞ্জীবায়া, তিনি যখন কংগ্রেসের প্রেসিডেন্ট ছিলেন তখন তিনিও এই মনুমেন্টের পাদদেশে দাঁড়িয়ে হুবহু সেই একই কথা বলে গেছেন। কিন্তু এখন দেখা যাচ্ছে যে নিজেদের রাজনৈতিক অসৎ উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য তাঁরা আজ পূর্বের কথা সম্পূর্ণ ভুলে যেতে চাচ্ছেন এবং জনসাধারণকেও ভোলাতে আর বিভ্রান্ত করতে চাচ্ছেন। ডাঃ মৈত্রেয়ী বসু বলেছেন যে জনসাধারণের স্মৃতি অত্যন্ত দুর্বল। এই যে অবস্থা নন্দজী কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে কতকগুলি অভিযোগ এনেছেন যেকথা অনেক ঢাকঢোল পিটিয়ে বলা হয়েছে যে তাঁদের বিরুদ্ধে নানা রকম দলিল দস্তাবেজ প্রমাণ আছে, তাঁরা প্রমাণ করবেন, ক্রোড়পত্র প্রকাশ করবেন। কিন্তু কার্যকালে তাঁরা যা প্রকাশ করলেন তাতে দেখা যাচ্ছে যে সম্পূর্ণ কতকগুলি মিথ্যা জিনিসের উপর ভিত্তি করে তাঁরা আটক করবার চেষ্টা করছেন এবং যে সমস্ত অভিযোগ তাঁরা করছেন সেই অভিযোগগুলি সকলেরই কল্পিত; এর পেছনে কোন সত্য নেই। শ্রী নন্দ একথা বলছেন যে দেশের গণতন্ত্র কায়েম রাখতে, তারা জনস্বার্থেই নাকি তাঁদের গ্রেপ্তার করা হয়েছে। আমি তাঁর অভিযোগগুলির উত্তর দেব না, সেই উত্তর কমিউনিস্ট পার্টির তরফ থেকেই দেওয়া হয়েছে। আমি বলতে চাচ্ছি যে সব কিছুই শ্রী নন্দ আর তাঁর সরকারের অভিমত, তার বাইরে কিছু নয়। যে গণতন্ত্রের কথা তাঁরা বলছেন তার সংগে এর কোন সম্পর্ক নেই। কিন্তু প্রধান যে শর্ত, আইনের যে শাসন রয়েছে আমি তার প্রতি এর কোন আনুগত্য নেই কিন্তু আজ আমরা দেখছি যে তাঁদেরই রচিত আইন এবং তাঁদেরই প্রতিষ্ঠিত আদালতের সামনে যেতেও তাঁরা ভয় পাচ্ছেন, কারণ তাঁরা জানেন যে দেশে যে প্রচলিত আইন রয়েছে সেই আইনানুযায়ী তাঁদের অভিযোগসমূহ কিছু উত্থাপন করলেই চলবে না সেগুলিকে তথ্য এবং যুক্তি দিয়ে প্রমাণ করতে হবে, প্রতিষ্ঠিত করতে হবে এবং প্রতিপক্ষের পাল্টা যুক্তিকে খণ্ডন করতে হবে। আমি মনে করি যে আইনের দরবারে তাঁদের হাজির করলে পাঁচ মিনিটও সময় লাগবে না এই সমস্ত মিথ্যা তথ্যকে ধূলিসাৎ করে দিতে।

[2-50—3 p.m.]

আজকে এই তথ্য ও যুক্তি তাঁদের হাতে নেই, তাই আদালতে তাঁরা কিছুতেই যাবেন না এবং এই ব্যাপারে তাদের একমাত্র সাহায্য করছে এই এমারজেন্সি আর জরুরী অবস্থার অজুহাতে ঘোষিত বর্তমান বেআইনী আইন। আমাদের মনে হয় প্রতিপক্ষকে সহজে শায়েস্তা করার এই যে অস্ত্রটা তাঁরা পেয়েছেন এ আর স্বেচ্ছায় তাঁরা কোনদিন ত্যাগ করবেন না এবং আজকে তাই এই পথে ধনীক শ্রেণী বুর্জোয়া ডেমোক্র্যাসিকে হত্যা করতে সুরু করেছে। কিন্তু এটা বোঝা

দরকার যে এটা সমস্তটাই গায়ের জোরের ব্যাপার। দেশ শাসনের এই পদ্ধতির সঙ্গে গণতান্ত্রিক পদ্ধতির কোন মিল নেই। গণতন্ত্রের সবচেয়ে বড় কথা হল জনসাধারণের মতামতের প্রতি শ্রদ্ধা এবং নিজের মতামতকে গণমতের সামনে উপস্থিত করে তাকে যাচাই করে নেওয়ার স্বীকৃতি। শ্রী নন্দ যেটা বলেছেন সেটা তাঁর ব্যক্তিগত এবং তাঁর সরকারের গোষ্ঠীগত ধারণা। কিন্তু স্পষ্টতঃই দেখা যাচ্ছে একের পর এক দেশের বিভিন্ন অংশ যেমন কেরালা, কলকাতা এবং কংগ্রেসের বহু যুগের ঘাঁটি আমেদাবাদে পর্যন্ত জনসাধারণ শ্রী নন্দ এবং তাঁর সরকারের গালে থাপ্পড় মেরে তাঁদের বিরুদ্ধে রায় দিয়েছেন। যেটুকু সংকুচিত গণতন্ত্র আছে তার সদ্ব্যবহার করে তারা এই কমিউনিস্ট পার্টির শত শত প্রতিনিধিকে বিভিন্ন জায়গায় নির্বাচনে নির্বাচিত করেছে। এই কঠিন পরিস্থিতির সম্মুখীন হয়ে বর্তমানে শ্রী নন্দ নতুন একটা কৌশল উদ্ভাবন করেছেন। এখন আর তিনি গণতন্ত্রের কথা বড় একটা বলছেন না। তাঁর সাম্প্রতিকতম কথা হল দেশের নিরাপত্তার জন্য এ'দের আটক করা প্রয়োজন। এ'দের যে কেন আটক করা হল সেটার কোন অভিযোগ নেই। শ্রী নন্দ তাঁর যথেচ্ছা যুক্তিকে সম্পূর্ণভাবে জনসাধারণের নিয়ন্ত্রণের বাইরে নিয়ে গিয়ে কেবলমাত্র তাঁর নিজের এবং তাঁর গোষ্ঠীর বিচারাধীন রাখতে চাইছেন। গণতান্ত্রিক পদ্ধতিতে দেশ শাসন বা দেশ রক্ষা করতে হলে জনসাধারণকে দেশের রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কিত সংবাদ জানতে হবে এবং সেই সংবাদের ভিত্তিতে তাদের নিজেদের সিদ্ধান্তে আসবার সুযোগ দিতে হবে। গণতন্ত্র অক্ষুণ্ণ রাখতে হলে অজ্ঞতা, নিরাপত্তা, গুপ্তচরের অস্তিত্ব প্রভৃতি কোন অজুহাতেই জনসাধারণের এই মৌলিক অধিকারকে কখনও লুপ্ত করা চলবে না। শাসক শ্রেণীর সঙ্কীর্ণ শ্রেণী-স্বার্থ, কায়েমী স্বার্থ রক্ষার তাগিদ আজ জনসাধারণের মতামতের সঙ্গে প্রকাশ্যে সংঘাতের সৃষ্টি করছে এবং এই সংঘাত শ্রী নন্দ এবং তাঁর সরকার দেশের শাসক শ্রেণীর স্বার্থের সঙ্গে নিজেদের ভাগ্যকে অচ্ছেদ্য বন্ধনে বেঁধে ফেলেছেন। বুর্জোয়া গণতন্ত্রও তাই তাঁদের পথে এখন বাধাস্বরূপ হয়ে দাঁড়িয়েছে। কারণ, আজকে জাগ্রত জনসাধারণ এই বিকৃত গণতন্ত্রকেও বিভিন্ন স্থানে শাসক শ্রেণীর বিরুদ্ধে মত প্রকাশের অন্যতম অস্ত্র হিসাবে ব্যবহার করছে। আজ গণতন্ত্র বিলোপের এই যে বুর্জোয়া ষড়যন্ত্র এর প্রথম বলি হচ্ছে কমিউনিস্ট পার্টির নেতা এবং কর্মীরা। কিন্তু ফ্যাসিবাদের এই নির্মম রথচক্র এখানেই থামবে না। যারাই নির্ভিকভাবে এই জনস্বার্থ বিরোধী স্বৈরতান্ত্রিক অভিযানের প্রতিরোধ করতে চাইবে তাদেরই বল প্রয়োগে কণ্ঠ রোধ করার চেষ্টা হবে এবং হচ্ছেও। এই অবস্থায় শাসকগোষ্ঠী ও শোষক শ্রেণীর এই সুপরিচিত এবং সুপরিকল্পিত আক্রমণের সামনে জনসাধারণকে বাঁচতে হলে সমস্ত জনসাধারণের শক্তিকে এবং তাদের নিজেদের দলকে অন্ততঃ গণতন্ত্র রক্ষার প্রাথমিক প্রশ্নে ঐক্যবদ্ধ হতে হবে এবং একমাত্র এই ঐক্যবদ্ধ নেতৃত্বে এবং পাল্টা গণআন্দোলনের আঘাতেই শ্রী নন্দর এবং প্রতিক্রিয়াশীল সরকারের ঔদ্ধত্যের সমুচিত জবাব দেওয়া যাবে এবং তাদের ফ্যাসিবাদী অভিযানকে প্রতিহত করা সম্ভব হবে।

শ্রীঅনাদি দাস: মাননীয় ডেপুটী স্পীকার স্যার, দেশব্যাপী দাবীকে উপেক্ষা করতে না পেরে বিনা বিচারে যাদের বন্দী করে রেখেছেন ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস প্রয়োগ করে, শেষ পর্যন্ত তাদের সম্বন্ধে নন্দ একটি বিবৃতি দিলেন এ ব্যাপারে, সেটাকে তাঁরা গ্রেপ্তারের কারণ হিসেবে খাড়া করেছেন। এটাকে যদি গ্রেপ্তারের কারণ হিসেবে ধরে নেওয়া যায়, গত একশো বছর ধরে যে গণতান্ত্রিক প্রগতি হয়েছে, সেটা নন্দের উপর ভারত সরকারের উপর ব্যর্থ হচ্ছে এটা প্রমাণ হয়। নীতি এবং কাজে পার্থক্য আছে। নীতি প্রচারে কোন বাধা নেই, কিন্তু কাজ করবার অধিকার অনেকখানি সীমাবদ্ধ। আমি বলছি যদি এ কথা বলা হয় যে এই সরকারকে উচ্ছেদ করবার জন্য অস্ত্র প্রয়োগ করবার প্রয়োজনীয়তা আছে, এই প্রয়োজনীয়তার কথা বলবার অধিকার আমাদের আছে, গণতন্ত্রেও আছে। আর সেই অস্ত্র প্রয়োগ করবার জন্য অস্ত্রকে সংগ্রহ করবার অধিকার নিশ্চয়ই আমাদের নাই। এই হচ্ছে গণতন্ত্র। গত একশো বছর ধরে গণতন্ত্র এইভাবে অগ্রসর হয়েছে। আপনি যদি স্যার, য়্যানজেলস লেনিন-এর ইম্পেরিয়ালিজম-এর উপর বই পড়েন, কমিউনিস্ট ম্যানফেস্টো পড়েন, তাহলে দেখবেন সেখানে এই কথা ব্যাখ্যা করা হয়েছে যে বুর্জোয়া শাসন অস্ত্রের জোরের উপর প্রতিষ্ঠিত এবং সেই অস্ত্রের জোরের উপর প্রতিষ্ঠিত গভর্নমেন্টকে অস্ত্রের দ্বারা পরাজিত করা প্রয়োজন। এই সমস্ত কথা এই সমস্ত

বইতে অত্যন্ত স্বচ্ছ ভাষায় ব্যাখ্যা করা হয়েছে এবং এই সমস্ত বই প্রকাশ্যে বিক্রী হচ্ছে বাজারে। কোন গভর্নমেন্ট সেই সমস্ত বই বে-আইনী করেনি। এখানে দেখা যাচ্ছে কতকগুলি ধারণার উপর একটা মত পোষণ করবার জন্য আজ কংগ্রেস সরকারেকে উচ্ছেদ করবার জন্য বিপ্লব প্রয়োজন। সেই বিপ্লব শান্তিপূর্ণ উপায়ে হবে না, অন্য পথ ধরতে হবে। একথা বলার অর্থ —এগুলি হচ্ছে সম্পূর্ণ নীতির কথা। কোথাও এমনতর একটা অভিযোগ নাই যে এই রকম ভাবে কাজ করা হয়েছে, অস্ত্র সংগ্রহ করবার জন্য কাজ করা হয়েছে, প্রচেষ্টা করা হয়েছে বা গোরিলা দল তৈরী করা হয়েছে এমন কোন কথা নাই। সুতরাং এই বই যে ডাস্টবিনে যাবার উপযুক্ত সেবিষয়ে কোন সন্দেহ নাই। দুনিয়ার মত ভারত সরকারের এই অগণতান্ত্রিক ও প্রগতিহীন মতকে ধিক্কার দেবে। বুর্জোয়া সরকারের রুল অফ এক্সপ্লয়টেশন বজায় রাখতে গেলে তার একটা প্যাসেজ চাই, একটা সেফটি ভালভ চাই। গণতন্ত্রের নাম করে তারা এই সেফটি ভালভ ব্যবহার করছে। বর্তমানে তারা এসে গেছে যে সেই সেফটি ভালভ তারা আর রাখতে পারছে না। একটা বিস্ফোরণের সামনে এসে তারা উপস্থিত হয়েছে। আমার সময় অল্প। আমি অল্প কথায় বলবো এই গণতন্ত্রকে হত্যা করবার জন্য যারা কাজ করছে, তারা হচ্ছে এই এই বন্ধুরা। আরএকদিনও এই কংগ্রেস রাজত্ব চলতে দেওয়া উচিত নয়। কারণ তাঁরা দেশকে ফ্যাসিজম-এর দিকে নিয়ে যাচ্ছেন।

[3—3-10 p.m.]

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: মাননীয় সভাপাল মহাশয়, সোমনাথবাবু নন্দজীকে আক্রমণ করেছেন বলে মাননীয় ডাঃ মৈত্রেয়ী বসু খুব দুঃখিত হয়েছে। শ্রী নন্দা শ্রমমন্ত্রী হিসাবে শ্রমিকদের কিছু উপকার করার চেষ্টা করেছিলেন। পরে সদাচার এবং সোসিয়ালিস্ট ফোরাম নিয়ে কংগ্রেসের এক অংশের মধ্যে উৎসাহেরও সঞ্চার করেছিলেন। কিন্তু বর্তমান সরকারের হোম মিনিস্টার হিসাবে তিনি হচ্ছেন সরকারের দণ্ডপাণি। তাঁর খড়্গ সমেত হস্ত সেদিক থেকে বর্তমানের সঙ্গে যাঁরা পরিচিত, অনেক এখানে বলেছেন, তাঁরা ক্রমশঃ ক্রমশঃ দক্ষিণপন্থীর দিকে ঝুঁকেছেন। তাঁদের মধ্যে গণতন্ত্রের উপর, জন-জীবনের উপর হস্তক্ষেপে বেড়ে চলেছে, সেটা একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। কাজেই গণতন্ত্রকে রক্ষা করার জন্য সমস্ত বামপন্থী বিরোধী শক্তি একত্রে মিলে প্রতিরোধ করতে হবে। এমন কি, আমরা চাইছি কংগ্রেসের মধ্যে যাঁরা প্রগতিশীল আছেন তাঁরাও মুখর হোন, চেঁচিয়ে উঠে প্রতিবাদ করুন, তবেই ফ্যাসিবাদের দিকে যে গতি, আয়ুবশাহীর দিকে যে গতি সেটা আমরা রুখতে পারবো। এবং সেটা আমরা আন্তরিকতার সঙ্গে চাই। তারপর আর একটি কথা দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করা উচিত যে, নন্দজী বিনাবিচারে যে আটক করেছেন তা আমরা সমর্থন করি না। আমরা বলেছি এবং লোক-সভায়ও ঘোষণা করা হয়েছে, আপনাদের যদি প্রমাণ থাকে তাহলে প্রকাশ্য আদালতে প্রমাণ করুন এবং যদি দোষী প্রমাণ হয় সাজা দিন। তিনি প্রমাণ করার বদলে বলেছিলেন হোয়াইট পেপার দেবেন। তারপর এই বিবৃতি দিয়েছেন। এ বিবৃতি দিয়ে তিনি ব্যর্থ হয়েছেন। কারণ এটা কেউ সত্য বলে মনে করেন না বা এতে কেউ কনভিন্সড নন। এমন কি রাজনীতি থেকে বিচ্ছিন্ন সাধারণ মানুষও এতে কনভিন্সড নন। আর কংগ্রেসের ভিতরের ও বাইরের দক্ষিণপন্থীরা পর্যন্ত মনে করেন, এই কেলেঙ্কারী করবার কোন দরকার ছিল না। স্টেটসম্যান পত্রিকায় একটা লেখা পড়েছিলাম, তাতে তাঁরা বলছেন যে, স্টেট সিক্রেসি হিসাবে বা স্টেট ডিফেন্স সিকিউরিটি হিসাবে আমি কিছু বলব না, নন্দজী একথা বললে হত। কিন্তু এতো দক্ষিণপন্থী বিবৃতি, প্রতিক্রিয়াশীলদের বিবৃতি। আমাদের বক্তব্য হচ্ছে, হয় এঁদের প্রকাশ্য বিচারালয়ে বিচার করুন না হয় ছেড়ে দিন। সবচেয়ে আশ্চর্যের বিষয়, এতবড় ধ্বংসমূলক কার্যের আয়োজন করা হল, গোরিলা যুদ্ধের আয়োজন করা হল অথচ কেউ জানলো না? আর এই যে এক হাজার লোক গ্রেপ্তার হল তাঁদের অফিস, বাড়ী তল্লাসী করে একটা স্টেনগান, রিভলভার, পিস্তল বেরুল না, এমন কি তার একটা ফটো পর্যন্ত বেরুল না। সেদিক থেকে এই যে বক্তব্য এর মধ্যে একটা প্রাইমাফেস কৃত্রিমতা, মিথ্যা ফুটে বেরিয়েছে। এর আগের বার যখন গ্রেপ্তার করা হয়েছিল তখন এই হাউসে শঙ্করদাসবাবু একদিন বলেছিলেন "আছে, আছে, সময় হলে সব প্রকাশ করে কেস করা হবে।" তারপর তাঁদের মানে ডি আই আর বন্দীদের ছেড়ে দেওয়া হয়েছিল এবং তার জন্য আমরা খুশীই হয়েছিলাম। কেন না কোন লোকের উপর কৃত্রিমভাবে মতবাদ আরোপ

করে তাঁকে ধরে রাখলে সেই রাজনৈতিক মতবাদ জনসমক্ষে নিয়ে এসে রাজনৈতিক দিক থেকে তার সংগে সংগ্রাম করা হয় না। তেমনি কোন ব্যক্তি যদি জেলে থাকেন তার রাজনৈতিক মতকে নিয়ে জনসাধারণের মধ্যে সংগ্রাম করার কোন ক্ষেত্র থাকে না। এই মার্কসবাদী কমিউনিস্টদের সংগে যদিও আমাদের অনেক বিষয়ে মতভেদ আছে তবুও আমরা মনে করি এ'দের ছেড়ে দেওয়া হোক এবং জনসাধারণকে বোঝাবার এবং প্রতিনিধিত্ব করার মধ্য দিয়ে বিভিন্ন পার্টিকে দেশের মানুষের সামনে প্রমাণ করাতে দেওয়া হোক কোন মত ভ্রান্ত কোন মত প্রশস্ত। এ বিষয়ে আর একটা কথা বলতে চাই যে, মার্কসবাদী কমিউনিস্টদের সংগে যেমনি আমাদের অনেক বিষয়ে পার্থক্য আছে—যার জন্য তারা নিজেরাই পার্টি ভেংগে অন্য পার্টি গড়লেন, তেমনি অনেক বিষয়ে ঐক্যও আছে। সেটা হচ্ছে যেমন দেশবাসীর উপর গভর্নমেন্টের যে আক্রমণ হচ্ছে তাকে প্রতিরোধ করার জন্য আমরা যুক্ত আন্দোলন গড়ে তুলতে চাই। আর সেই আন্দোলনে শুধু বামপন্থী বিরোধী শক্তিই থাকবে না, কংগ্রেসের মধ্যে যাঁরা প্রগতিশীল আছেন তাঁরাও এই গণতান্ত্রিক যুক্ত আন্দোলনে থাকবেন। তা ছাড়া আমরা চাই, কমিউনিস্ট পার্টি থেকে আমরা যে গণ-সংগঠন করেছিলাম, পার্টি দ্বিধা-বিভক্ত হওয়ার সেটা যেন দ্বিধা বিভক্ত না হয়। কাজে কাজেই জনগণের বৃহত্তর স্বার্থে, জনগণের অধিকারের উপর গভর্নমেন্টের হস্তক্ষেপের প্রতিরোধ এবং গণতন্ত্রের সঙ্কোচন রুখবার জন্য আমরা মিলিত আন্দোলন চাই। তারপর জ্যোতিবাবু বলেছেন যে, আমাদের সংগে ও'দের তফাৎ হচ্ছে কংগ্রেস নিয়ে। কিন্তু আমি বলব তা নয়, আন্তর্জাতিক বহু বিষয়েও মতভেদ আছে। ও'দের পার্টি কংগ্রেসে তাঁরা আন্তর্জাতিক মতবাদ নিয়ে কোন কিছু সিদ্ধান্ত করেন নি বা করতে পারেন নি। সেইজন্য বলছি, মত নেই না, আছে, কিন্তু কোন ডিক্লেয়ার্ড মত নেই। সেইজন্য ঐ ব্যাপারে মতভেদ প্রকাশ করা আমাদের পক্ষে শক্ত কিন্তু জাতীয় ব্যাপারে মতভেদ আছে। তবে কংগ্রেসের বিরুদ্ধে আমরা লড়তে চাই এবং কংগ্রেস সরকারকে রিপ্লেস করে জাতীয় সরকার গঠন করতে চাই অর্থাৎ রিপ্লেসমেন্ট অফ কংগ্রেস গভর্নমেন্ট। সেদিক থেকে আমরা একমত। তবে কিভাবে আমরা কংগ্রেসের সংগে ফাইট করব সে বিষয়ে মতভেদ আছে। তাঁরা যে মত পোষণ করেন সেটা হচ্ছে, যে কোন সাম্প্রদায়িকতাবাদী, যে কোন দক্ষিণপন্থীর সংগে মিলে ফাইট টু ডিফিট কংগ্রেস। আমরা কিন্তু সে মত পোষণ করি না। আমরা মুশ্লিম লীগ, ডি এম কে কিম্বা অন্য কোন প্রতিক্রিয়াবাদীর সংগে একসংগে মিলে কংগ্রেসকে হারাতে চাই না। কারণ কংগ্রেসকে হারিয়ে আমরা যে জিনিষ প্রতিষ্ঠা করতে চাই তার মধ্যে প্রতিক্রিয়া থাকুক তা চাই না, কারণ প্রতিক্রিয়া শক্তি আমরা আর বাড়াতে চাই না। যেটা করেলে বেড়েছে, ও'রাই বাড়িয়েছেন, অন্য কোথাও যেমন তামিলনাদে, তাকে আমরা বাড়াতে চাই না। আর পশ্চিমবংগে নূতন করে আমরা মুশ্লিম লীগ সৃষ্টি করতে চাই না। আমরা চাই, গভর্নমেন্ট এই যে ফ্যাসিস্ট-এর দিকে, আয়ুবশাহীর দিকে এগিয়ে চলেছেন তাকে রোধ করতে এবং জনগণের দৈনন্দিন স্বার্থ রক্ষার জন্য যুক্ত আন্দোলন গড়ে তুলতে। সেই সংগে মতামতের ক্ষেত্রে, একটা বামপন্থী বিরোধী দল আর একটা বামপন্থী বিরোধী দলের মতামতের সম্পর্কে যে বিতর্কমূলক আলোচনা করা সংগত আমরা তাই করতে চাই। আমরা জ্যোতিবাবুর মত একথা বলব না যে, ঐ পার্টি ডাণ্ডে পন্থী বা ময়দানের মিটিং-এ বলব না ঐ পার্টিকে জনসাধারণ আবর্জনার স্তুপে ডুবিয়ে দিক। আমরা বলব, গণআন্দোলনের মধ্য দিয়ে প্রত্যেক পার্টি তার ভুল-ভ্রান্তি বুঝবে। আশা করবো না যে শুধুমাত্র র‍্যাংক অ্যান্ড ফাইল-এর র‍্যাবিড প্রেজুডিস নিয়ে কোন পার্টি গাইডেড হবে। আশা করব পার্টির নেতৃত্বে তাঁদের দূরদৃষ্টি ও সুবিবেচনা দিয়ে পার্টির মেম্বারদের শিক্ষিত করে তুলতে পারবেন এবং তার ফলে একটা সুবিবেচনা আসবে। তারপর ডাঃ মৈত্রেয়ী বসুর একটা সন্দেহের সম্বন্ধে বলি। আমরা যাদের বুর্জোয়া প্রেস থেকে দক্ষিণপন্থী কমিউনিস্ট বলা হয়, আমরাই ভারতের কমিউনিস্ট পার্টি, আমরা নিজেদের দক্ষিণপন্থী বলি না বা মনে করি না। দক্ষিণপন্থী হচ্ছে একটা বিচ্যুতি যেমন বামপন্থী বিচ্যুতি—দুটোর বিরুদ্ধেই পার্টি সংগ্রাম করে। আর একটা কথা আমরা একথা জানি আগে যখন বৃটিশ শাসক ছিল তখন তাঁরা দেশের এক অংশের সংগে আর এক অংশকে খেলাতো, যেমন মুশ্লিম লীগ এবং কংগ্রেসকে খেলানোর কথা সকলেই জানেন কিন্তু কমিউনিস্ট ও কংগ্রেসকে খেলানোর কথা অনেকে জানেন না। তাঁরা ১৯৩৪ সালে কমিউনিস্ট পার্টিকে ইলিগাল ক'রলে কংগ্রেসকে লিগাল ক'রল। আবার ১৯৪২ সালে কংগ্রেসকে ইল্লিগাল ক'রল কমিউনিস্টকে লিগাল ক'রল। আর তাঁদের মানে ইংরাজদের দ্বারা শিক্ষিত

কংগ্রেসী শাসকরা কমিউনিস্ট পার্টির এক অংশকে আর এক অংশের সঙ্গে খেলাতে চেষ্টা করে চলেছেন। যেমন নন্দাজী তাঁর দপ্তর থেকে তথাকথিত ডাঙ্গে দলিল বার করে এক অংশের অর্থাৎ অতি বাম বন্ধুদের পিঠ চাপড়ালেন। তেমনি পরে এক অংশকে গ্রেপ্তার করে প্ররোচনা সৃষ্টি করতে লাগলেন। আমরা নন্দার ফাঁদে পাড়িনি ও'রা পড়েছিলেন। আমি আশা করি ভবিষ্যতে জ্যোতিবাবু এই ফাঁদ সম্পর্কে সতর্ক থাকবেন এবং আমরাও এ সম্বন্ধে সতর্ক আছি। এই বলেই আমি শেষ করছি।

[3-10—3-20 p.m.]

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ইউনিয়ন হোম মিনিস্টার শ্রীগুলজারিলাল নন্দ শ্বেতপত্র নয়, একটা বিবৃতি দাখিল করেছেন। যে বিবৃতি লোকসভায় পেশ করা হয়েছে সেই বিবৃতি সম্বন্ধে আমরা কতদূরে কি উত্তর দিতে পারব সেটা মাননীয় সদস্যগণ যদি কোন বিবৃতি দিতাম তাহলে সেই বিবৃতি নিয়ে সমালোচনা করা যেত এবং আমরাও তার উত্তর দেবার জন্য প্রস্তুত হতাম। কাজে কাজেই যে বিবৃতি বেরিয়েছে এবং যেটা নন্দজী লোক-সভায় পেশ করেছেন তার সম্বন্ধে উত্তর দেবার মত বেশী মালমশলা আমার কাছে নেই। তবুও এটা নিয়ে যখন আলোচনা হচ্ছে তখন আমি সেই আলোচনার মূল কথার উত্তর দেব। মূল কথা উঠেছে বিনা বিচারে আটক করে রাখা অন্যায়। নিশ্চয়ই বিনা বিচারে আটক করে রাখা অন্যায়। তবে কথা হচ্ছে বিনা বিচারে আটক করে এই যে রাখা হয়েছে সে সম্বন্ধে আমাদের সকলের ভোটে নির্বাচিত যে লোকসভা সেই লোকসভা একটা আইন পাশ করে প্রণয়ন করেছেন এবং সেই আইনের বলেই গণতন্ত্র সমস্ত উপায়ে তাঁদের আটক করে রাখা হয়েছে। কাজে কাজেই এটা আইনের বাইরে নয়, তবে সেই আইন ভাল কি মন্দ, ভবিষ্যতে সেই আইন নিয়ে চ্যালেঞ্জ করা যাবে কিনা সেটা অন্য কথা। তবে এখন যাদের আটক করে রাখা হয়েছে সেটা কেন্দ্রীয় সরকারের নির্দেশেই হোক বা রাজ্য সরকারের নির্দেশেই হোক আইনসঙ্গতভাবে আটক করে রাখা হয়েছে। তারপর, এই মোশন যিনি আমাদের কাছে উপস্থিত করেছেন সেই জ্যোতিবাবু আমাদের কাছে গণতন্ত্রের অনেক কথা বলেছেন এবং গণতন্ত্রের কথা আলোচনা করতে গিয়ে তিনি দৃঢ়তার সঙ্গে বলেছেন যে, এখানে যেন হিটলারের বাজত্ব চলছে এবং হিটলার যেসমস্ত কার্য কারখানা করেছিলেন তার ডিক্টেটরসিপ কায়েম করবার জন্য আমরাও নাকি সেই রকম কার্য কারখানা করছি। জ্যোতিবাবু যখন গণতন্ত্রে খুব বিশ্বাসী তখন আমি তাঁকে জিজ্ঞাসা করি ইউনাইটেড রাশিয়ায় ২১ মিলিয়ন ভোট পেয়ে সোস্যাল রিভলিউসনারিরা কনস্টিটিউঅ্যান্ট আসেমব্লীতে যেতে চেয়েছিল আর বলশেভিকরা ভোট পেয়েছিল ১০ মিলিয়ন—অর্থাৎ এ'রা ২ কোটি এবং ও'রা ১ কোটি—কিন্তু কৈ কনস্টিটিউয়্যান্ট অ্যাসেমব্লী তো বসল না? জিজ্ঞাসা করি এটা গণতন্ত্র, কি গণতন্ত্র নয়? যেভাবে রাশিয়ায় বিচার হয়েছে তাকে বিচার বলা হবে, না বিচারের প্রহসন বলা হবে সেখানে বিনোভিক্স প্রভৃতির ব্যাপারে বিচারের যে প্রহসন হয়েছিল সেটা গণতন্ত্র সম্মত, কি গণতন্ত্র সম্মত নয়? মাননীয় জ্যোতিবাবু আমার চেয়ে বেশী জানেন কাজেই তাঁকে জিজ্ঞাসা করি এটা কোন গণতন্ত্র অনুসারে হয়েছে? এই সমস্ত কথা আমাদের এখানকার নয়, রুশ দেশ থেকে ফাঁস হয়েছে। কাজে কাজেই গণতন্ত্রের কথা জ্যোতিবাবু যত কম বলেন সেটা তাঁর পক্ষেও ভাল আমাদের পক্ষেও ভাল। অবশ্য কে চীন পন্থী, কে সোভিয়েট পন্থী তা নিয়ে তর্ক তুলে লাভ নেই, তবে চীনদেশে যে রকম পার্জিং হয়েছে সেটা কি রকম গণতন্ত্র অনুসারে হয়েছে সেটা আমি জানি না। জ্যোতিবাবু সেই ক্ষমতা পাবেন কি না জানি না, কিন্তু যদি তিনি সেই ক্ষমতা শুধু আমাদের এখানে নয়, সমস্ত ভারতবর্ষে ব্যালট বক্সের মাধ্যমে পান তাহলে তিনি কি বুকে হাত দিয়ে বলতে পারেবেন যে, তিনি গণতন্ত্র সম্মতভাবে রাজত্ব চালাবেন? কানাইবাবু বললেন, তোমরা এটা করতে পার। ইমারজেন্সী যদি হয়, দেশে যদি বিপদ আসে, এমন অবস্থার উদ্ভব যদি হয় তাহলে নিশ্চয়ই তোমরা এটা করতে পার। তারা কংগ্রেসের লোক সুতরাং তারা সকলেই বদমায়েস। আমরা ফরোয়ার্ড ব্লক তিনজনকে আটক রেখেছি এই জন্যই নাকি আমাদের উপর তাদের বিশ্বাস নেই। সত্য কথা আমাদের উপর তাদের বিশ্বাস নেই। রাজনৈতিক দলে যারা আছেন তিনি কমিউনিস্ট হন আর ফরওয়ার্ড ব্লক হন, বা পি এস পি কি এস এস পি হন, যে কোন রাজনৈতিক দলের উপরই বিশ্বাস নেই। সেই জন্য তিনি আমাদের দোষ ত্রুটি দেখেন। এটা ঠিক যে আমাদের সমালোচনা করবার অধিকার

আছে তা না হলে আমাদের এই সভায় কেন এত সমালোচনা করবেন, বা এই সভায় সমালোচনা করবার সময় কেন এত গালাগালি দেবেন, কিন্তু যখন সাধারণ নির্বাচন হয় আমাদের যে সমস্ত দোষ ত্রুটি আছে তা তাঁরা কিছুই বলেন নি তা নয়, তাঁরা বহু রকম কথা বলে ক্যামপেন করেন লোকের ভোট চান, এখন যে কথা বলা হয়েছে ইলেকশন-এর সময় এর চেয়েও অনেক বেশী কথা বলা হয় ঐ সমস্ত রাজনৈতিক দলের পক্ষ থেকে, কিন্তু তাতেও কিছু হয় না। তা সত্ত্বেও গণতান্ত্রিক মানুষ আমাদের বেশী ভোট দিচ্ছে। সুতরাং আমাদের উপায় সেই যে দিন মানুষ ভোট দেবে না সেদিন আমরাও আসতে পারব না। আমরা আপত্তি করব না যদি নাকি আমাদের তিন জনকে ছেড়ে দেওয়া হয়। যখন আমাদের এই তিনজনকে ধরেছেন তখন কানাইবাবু আর সমর্থন করবেন কেন? দেশে যদি বিপদ আসে তাহলে বিনা বিচারে আটক রাখতে পারেন তবে এখন আমরা যা করেছি সেটা নাকি ঠিক নয়। আমরা বিনা বিচারে যা আটক করেছি সেটা হিটলার, চীন বা রাশিয়ার নয়। সে কালো হোক, সবুজ হোক আর লাল হোক তা ডিকটেটরসিপ-এর মতন নয়। তা যদি হত তাহলে আমরা এখানে বক্তৃতা দিতে পারতাম না। আমাদের এখানে অনেক বন্ধু বললেন যে সত্যই তারা গণতন্ত্র মানেন না। ৮ই মে কবিগুরু রবীন্দ্রনাথের পবিত্র জন্মতিথিতে যে রবীন্দ্রভবন নির্মিত হচ্ছে, যে রবীন্দ্র স্মরণী এখন কয়েক লক্ষ টাকা খরচ করলে তবে তার সমাধান হবে যা নাকি আমরা এখনও উদ্ঘাটন করিনি যেখানে ভারা বাঁধা আছে সেখানে রবীন্দ্র স্মৃতি উদযাপন করছি জানি না তাঁদের এই উদযাপন করার কি অর্থ আছে বিশেষ করে এ বৎসর যেন এ উদযাপনটা বেশীভাবে হচ্ছে। রবীন্দ্রনাথের প্রতি আমাদের সকলের সমর্থন জানানোর বা শ্রদ্ধা জানানোর কর্তব্য সেটা কমিউনিস্ট পার্টিরও দেখানো উচিত, ফরওয়ার্ড ব্লক-এর দেখানো উচিত এবং পি এস পি, আর এস পি বা এস এস পি এদের সকলের দেখানো উচিত। জ্যোতিবাবু এবার যেটা দেখিয়েছেন তার জন্য তাকে ধন্যবাদ জানাই কারণ তিনি খুব উৎসাহ নিয়ে রবীন্দ্রনাথের জন্ম তিথি পালন করার জন্য গিয়েছিলেন। সেখানে যে জায়গা আছে বা তৈরী হচ্ছে সেটার রবীন্দ্রনাথের ভাবধারার উপর দৃষ্টি রেখে তৈরী করা হচ্ছে। সেখানে ব্যাডমিনটন খেলা হয় না, নাচগান হয় না, বা সেখানে ক্যারাম খেলাও হয় না। সেখানে যে সভা করা যায় না এই কথা শিক্ষামন্ত্রী মহাশয় পরিষ্কার করে বলে দিয়েছেন। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন কোন আইনে পুলিশ আমাদের আটকেছে। পুলিশ বড় খামখেয়ালী ইত্যাদি অনেক কথা বলা হয়েছে এরূপ নাকি হিটলারের রাজত্বেই হয়ে থাকে এরূপ ডিক্টেটরশিপ-এ এরূপ হয় সুতরাং সেই সব এখানে চলেছে, জ্যোতিবাবু ব্যারিস্টারী-ই পাশ করেছিলেন এবং বোধ হয় হাই কোর্ট-এও কিছুদিন যাতায়াত করেছিলেন, তিনি বোধ হয় ভুলে গেছেন এবং আইন নিয়ে নাড়াচাড়া বোধ হয় করেন নি। তিনি বোধ হয় জানেন না আমাদের পশ্চিমবাংলায় যে পুলিশ অ্যাক্ট আছে সেই পুলিশ অ্যাক্ট-এর ৬২(এ) ধারা অনুসারে পুলিশ যে-কোন প্রশেসনকে আটকাতে পারে।

[3-20—3-30 p.m.]

পুলিশ বলতে পারে যে অমুক রাস্তা দিয়ে যেও না, এই ৬২এ পুলিশ অ্যাক্ট অনুসারে একজন সাব ইনস্পেক্টার পর্যন্ত এই কাজ করতে পারে, সেখানে শ্রী সরকার একজন অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ পুলিশ তিনি বলেছিলেন যে এই রাস্তা দিয়ে যেতে পারবেন না। এটা কি রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হচ্ছে? যেখানে নাকি ভারা বাঁধা রয়েছে সরকার রবীন্দ্রনাথের স্মৃতির জন্য এতবড় একটা জিনিষ করছেন এবং যেখানে শিক্ষা মন্ত্রী বলেছেন যে আপনারা যাবেন আগে বাড়ীটা হোক—সেটা উদ্বোধন করা হোক। (শ্রীজ্যোতি বসুঃ নন্দজীর বিবৃতির উপর যখন আলোচনা হচ্ছে তখন এসব কথা কেন উঠছে?)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ অন এ পয়েন্ট অফ ইনফরমেশন মাননীয় মুখ্যমন্ত্রী একটা আইনের কথা বললেন। সেকশন ৬২ অব দি ক্যালকাটা পুলিশ অ্যাক্ট যেটা সেটা হল পুলিশ-এর ৬২এ অব ক্যালকাটা পুলিশ অ্যাক্ট অনুসারে কাউকে আটকাতে পারে তবে সে যদি পারমিসান না নিয়ে যায় এবং তার গ্রাউন্ডস হল সে প্রসেশন নিয়ে যেতে পারবে না, কিন্তু আমি যদি সেখানে ইনডিভিজুয়ালি যাই তাহলে পুলিশের কোন অধিকার নেই সেখানে কাউকে আটকাতে পারে। সিদ্ধার্থবাবু আইনের ব্যাখ্যা দেখুন এরূপ কোন আইন নেই, আপনারা এরূপ কোন ভাঁওতা

দেবে না। আপনারা ৫ জন বা তার বেশী লোক গেলে তবে আটকাতে পারেন। আমি চার্জ করছি আপনারা কোথায় এ সব কথা আছে বলুন। সেকশান ৬২-তে এই কথা বলা নেই আপনারা যেভাবে এটা করছেন।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: মাননীয় অধ্যক্ষমহাশয়, আমার বন্ধু খুব ভাল আইন জানেন, তিনি উকিল কিনা আমি তা জানি না বা তাঁর প্র্যাকটিস কিরূপ তাও জানি না। (শ্রীকাশীকান্ত মৈত্র: আমি চ্যালেঞ্জ করছি আপনি এটা দেখাতে পারেন?)

(তুমুল হট্টগোল)

আপনি কোন আইন অনুসারে উঠেছেন? তাহলেই স্যার, আপনি বুঝতে পারছেন যে নন্দজীর বিবৃতিতে কতটা দোষ ত্রুটি আছে বা ভুল ভ্রান্তি আছে।

[তুমুল হট্টগোল]

(শ্রীকাশীকান্ত মৈত্র: আমি আবার বলছি, আমি চ্যালেঞ্জ করছি, আপনি এ ব্যাপারে হাইকোর্টে যেতে পারেন।) স্যার, আমি বলছি যে বাড়ীতে তালা বাঁধা আছে, যে বাড়ীতে আমরা কেউ যেতে পারছি না এবং যে বাড়ীর উদ্বোধন পর্যন্ত হয় নি ও যে বাড়ীর জন্য আমাদের শিক্ষা-মন্ত্রী অনুরোধ জানিয়েছেন যে, আপনারা যাবেন না আগে এটা উদ্বোধন হোক ও আগে আমরা আয়োজন করি, কিন্তু তাঁরা তা শোনেন নি। এতে করে রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় না বা আইনের প্রতিও শ্রদ্ধা দেখানো হয় না। অথচ তাঁরা এই ভাবেই রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করছেন। কাজেই এদের উপর কোন গুরুত্ব আরোপ করা উচিত নয়। যে মোসান এ'রা উপস্থিত করেছেন সেটা ভুল ধারণার উপর এবং গণতন্ত্রের প্রতি এ'দের ধারণাও যে ভুল সেটাই প্রকাশ করছেন। এই ক'টি সামান্য কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

(বিরোধী পক্ষ হইতে পুনরায় তুমুল হট্টগোল)

শ্রীজ্যোতি বসু: ডেপুটি স্পীকার মহাশয়, আমার খুব বেশী সময় নেই, খালি আমার একটা কাজ বাকী ছিল, সেটা এখন আমাকে করতে হবে। সেটা করে আর ২।১টা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। যদিও মুখ্যমন্ত্রী ইতিপূর্বে আমাদের একথা বলেছিলেন যে শ্রী নন্দকে জিজ্ঞাসা করবেন এর সত্য-মিথ্যা ইত্যাদি বিষয়ে আমি কিছু বলতে পারবো না তথাপি এই প্রস্তাব আমি এনেছিলাম আলোচনা করবার জন্য এবং আমি ভেবেছিলাম যে মুখ্যমন্ত্রী যখন কেন্দ্রীয় সরকারের একটা অংশ সেই হিসাবে তিনি কিছুটা দায়িত্ব নিয়ে অন্ততঃ আমার কথাগুলির উত্তর দেবেন। সেজন্য অনেক সত্য কথা আমি তুলে ধরেছিলাম। এখন বিনা বিচারে আটক করতে হলে সত্য কথার উপর ভিত্তি করে তো করতে হবে, সেগুলির একটা জবাবও উনি দিলেন না। উনি রবীন্দ্রনাথ বলে শেষ করে দিলেন। আমাদের পার্টির ডেপুটি লীডার শ্রীহরেকৃষ্ণ কোনার একটা চিঠি লিখেছিলেন এবং আমাকে তার একটা কপি পাঠিয়েছিলেন কিন্তু আমি সেটি পাই নি। আমাদের দেশে গণতান্ত্রিক প্রথা প্রচলিত আছে বলে সেই কপি আমি পাই নি, তিনি স্পীকারকে যেটি লিখেছিলেন স্পীকার সেটা দয়া করে আমার কাছে পাঠিয়েছিলেন এবং বলেছিলেন আপনি ইচ্ছা করলে এটি পড়তে পারেন। যাহোক আমার সময় নেই বলে আমি সবটি পড়তে পাচ্ছি না। এখানে একজন সদস্য আমি খুব দুঃখিত হলাম, তিনি অত্যন্ত অন্যায়ভাবে একজন যিনি জেলে আছেন বিনা বিচারে আটক হয়ে তাঁর সম্বন্ধে কতকগুলি উক্তি করলেন—ডক্টর মৈত্রেয়ী বোস। আমি খালি দুই-তিনটে অনুচ্ছেদ পড়ে দিচ্ছি তিনি যা লিখেছেন

"Shri Nanda has implicated me personally. He has said (page 5 of the Bengali version) that I was the main propagandist of the Chinese view and I was coached by the Chinese leaders in Peking on my way back

from Vietnam Party Congress and this found expression in a West Bengal Provincial Committee resolution of October, 1960. It is an insulting insinuation. I have joined the freedom movement at the age of 14, suffered long imprisonment and came to occupy a leading position in the Burdwan District Congress as early as 1939-40. I am a member of the C.P.I. for 27 years and am quite mature to form my own judgment. It is audacious on the part of a man of the big business to question my patriotism. As one of the accredited representatives of the C.P.I., I attended the Vietnam Party Congress in 1960 and travelled through China, which was the only available route, with a valid passport. But what Shri Nanda has said is nothing but a mischievous propaganda......

Shri Nanda has said (page 7) that there was a meeting of the West Bengal Party leaders on 24th October, 1962, where I was supposed to have spoken about India occupying Chinese territory. This is false from A to Z. There was no such meeting and such discussion.

Shri Nanda has said (page 8) that in the National Council meeting of October/November, 1962, I spoke about India attacking China and occupying Chinese territory. This is also a blatant lie. I did not say anything like that. I supported the resolution moved by P. Ramamurthy which is before the people. The resolution supported defence of our frontiers, but, at the same time, correctly said that the border dispute would be disastrous for our country. Hence, while supporting national defence, it stressed the need for negotiations with honour and dignity and warned against the danger of creating a war hysteria. This may not be to the liking of the ruling classes and their friends, but it fully conformed with the supreme interest of our country. Moreover, we had every democratic right to express our point of view regarding the best method of solving the border dispute with honour and dignity. তারপর উনি বলছেন Acharya Vinoba Bhabe and even some Congress M.Ps. like Shri Khadilkar, Shri P. N. Sapru and Shri Sudhir Ghosh have also in their own way stressed the need for negotiations. Hence, only a person having a sinister motive can question our patriotism for expressing a point of view which is not to the liking of Shri Nanda."

এই রকম উনি যে চিঠিটা আমার কাছে পাঠিয়েছেন, আমি সেটা পড়ে দিলাম। আমি আর একটা কথা বলতে চাই সেটি হচ্ছে ডক্টর মৈত্রেয়ী বোস একটা উদ্ধৃতি দিয়েছেন বাংলায় নয়পাতা থেকে বলেছেন যে শ্রীনন্দ এখানে বলছেন যে ১৯৬২ সালে আমাদের জাতীয় পরিষদের যে মিটিং হলো সেই মিটিং-এ যে প্রস্তাব পাশ হলো—সেই প্রস্তাবটির আমি ঘোরতর বিরোধী এ বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু সেই প্রস্তাবটা যখন পাশ হল তখন আমি পদত্যাগ করেছিলাম কেন, পি সুন্দরায়া, সুরজিৎ এঁদের সব নাম আছে, তাহলে সেই প্রস্তাব গৃহীত হবার পর আপনি কেন পদত্যাগ করলেন? আমারও তো সেটা কথা ছিল—নন্দজী যা বলেছন এগুলি যদি সত্য হোত, আমার কিছু বলার ছিল না। কিন্তু আমার তো প্রশ্ন ওটাই ছিল, আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম যে এই অসত্য কথাটা কি করে তিনি এর মধ্যে ঢোকালেন? আমি এটা এর আগে বলেছিলাম, উনি বোধ হয় শোনেন নি, যে এর তো দলিলপত্র সবকিছুই আছে. নন্দজী এত সব দলিলপত্র পেলেন, আর একটা পেলেন না। আমার পদত্যাগপত্রে ডেট টাইম আছে, জাতীয় পরিষদের মিটিং-এ যেতে আমি অস্বীকার করেছিলাম এবং সেটা রাজনৈতিক কারণে নয়, সেটা এই কারণে যে সেখান থেকে আমাদের সমস্ত খরচা খরচ ঐ হয়ত নন্দজী এবং বুর্জোয়া কাগজ যাদের আমরা বলি সেখানে সব চলে যায়। সেখানে আমি বলেছিলাম

Political differences I can understand, but I cannot sit round a table with people who leak out things and that also in a distorted manner to the bourgeoes press.

এই কথা বলে আমি সেখানে পরিষ্কারভাবে বলেছি যে কোন রাজনৈতিক ব্যাপার নয়, এই ব্যাপারে আমি পদত্যাগ করছি অথচ শ্রী নন্দ এতবড় একটা মিথ্যা কথা বল্লেন যে যখন প্রস্তাব পাশ হল তারপর জ্যোতিবাবু পদত্যাগ করলেন। এটার কি মূল্য আছে? তারপরে উনি নাম করে বল্লেন যে নন্দজী বলেছেন প্রমোদ দাসগুপ্ত বিহারের মিটিং-এ বলেছেন অমুক কথা, নিরঞ্জন সেন ক্যালকাটার মিটিং-এ বলেছেন একথা। তাহলে আমি তো বলতে পারি ডঃ মৈত্রেয়ী বসু অমুক জায়গায় গিয়ে মদ খেয়েছিলেন, ঐ রকম বল্লে তো প্রমাণ হবে না, এটা তো আমার কথা। এজন্যই বলি যে এটা বিচার হওয়া দরকার যে বিহারের কোন জায়গায় কোন দলের, কি মিটিং-এ, কে উপস্থিত ছিল সেখানে, নিরঞ্জন সেন কোন জায়গায় বলেছিলেন। তাহলে তো এটাও বলা যায় যে প্রফুল্লবাবু রাত্রিবেলা অমুক মেয়েমানুষের বাড়ী যান—এটা বল্লেই কি কোন জিনিস প্রমাণ হয়?

(কংগ্রেস বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)

শ্রীবীজেশচন্দ্র সেন: উনি স্যার, নিজে তো মেয়েমানুষ নিয়ে ঘাঁটাঘাঁটি করেন, সেজন্য একথা বলছেন।

শ্রীজ্যোতি বসু: আমার আপত্তি হচ্ছে ওটাই যে, একজন রাজনৈতিক নেতা, নাম তাঁর শ্রী নন্দ, যাঁকে আমরা উৎখাত করতে চাই এটা আমরা প্রোক্লেম করেছি ফ্রম দি হাউস টপস্—সেই ভদ্রলোক যদি আমাদের বিরুদ্ধে এরকম কোন বিবৃতি দেন তাহলে সেটাই প্রমাণ থাকলো না, শ্রী নন্দ তো জাজ হয়ে বসেন নি। গণতন্ত্রের প্রথম কথা হচ্ছে যে আপনি যদি অভিযোগ করেন তাহলে সেই অভিযোগ কোর্টে প্রমাণ করতে হবে—এটাই হচ্ছে কথা। তা না হলে ধরুন আমি এখানে যেমন ২।১টা উদাহরণ দেয়াতে ও'রা ঐ রকম লম্ফঝম্প করছেন, আমি একটার

[3-30—3-40 p.m.]

পর একটা এই রকম বলে যেতে পারি, আমি যদি এই রকম বলে যাই তাহলে প্রত্যেকেই একবার করে লাফাতে আরম্ভ করবেন, আর আমাদের বিরুদ্ধে এত বড় অভিযোগকে তখন তো লাফালেন না কেউ, যখন আমাদের চিনের দালাল বলা হয়, যখন বলা হয় পাকিস্তানের সঙ্গে আমাদের যোগসাজস আছে।

[তুমুল হট্টগোল]

ডেপুটি স্পীকার মহাশয়, দেখুন কি রকম অবস্থা—আমি মাত্র একটি উদাহরণ দিলাম, হয়তো ডক্টর মৈত্রেয়ী বোস সম্বন্ধে বা প্রফুল্লবাবু সম্বন্ধে কারও সম্বন্ধে এটি সত্য নয়—আমি কেবল উদাহরণ দিয়ে দেখালাম, ঐ যে ও'রা লাফাতে আরম্ভ করলেন আমাদেরও ঠিক সেরকম লাগে যদি এতগুলি মিথ্যা কথা সাজিয়ে সাজিয়ে একজন স্বরাষ্ট্র মন্ত্রী আমাদের বিরুদ্ধে এ রকম বলেন। সেইজন্যই আমি মুখ্যমন্ত্রীর কাছে জানতে চেয়েছিলুম যে নিরঞ্জন সেন কুলু ভ্যালিতে গেলেন না অথচ লেখা আছে গিয়েছিলেন, এটার বিষয়ে আপনার কি বলার আছে—আপনার পুলিশকে কি এই সম্বন্ধে কনসাল্ট করা হয়েছিল যে তিনি কুলু ভ্যালিতে গিয়েছিলেন কি না? আর গিয়ে থাকলে দোষই বা কি যদি গণেশ ঘোষ কি সতীশ পাকড়াশি যান তাহলে বলার কি আছে? এখানে উনি রবীন্দ্রনাথের কথাটি দিয়ে সোভিয়েট রাশিয়াতে কি হয়েছিল এই সব কথা শোনালেন। চীন, সোভিয়েট রাশিয়া তো আপনাদের শত্রু, তবে তাদের জিনিসগুলি অনুকরণ করেন কেন? সেখানে কনস্টিটিউয়েন্ট অ্যাসেমব্লীতে কি হয়েছিল, কেন ভেঙ্গে দিলেন, লেনিন এই সব কথা বল্লেন। আমি এই হিসাবে বলেছিলুম হিটলার এবং

গোয়েবেলসের কথা, তাঁরা বলেছিলেন যে মিথ্যা কথা যদি বলো তাহলে মস্ত বড় মিথ্যা কথা বলবে—আমি যেমন উদাহরণ দিলুম ডক্টর মৈত্রেয়ী বোস বা প্রফুল্লবাবু সম্বন্ধে, হিটলার সে কথা বলেছিলেন যে এই রকম মিথ্যা কথা বলবে এবং মিথ্যা কথা রিপিট করবে। সেই জন্যই আমি বলেছিলুম যে বারে বারে মিথ্যা কথা বল্লেও মিথ্যা কথা সত্য হতে পারে না এটি তো সবাই জানে। কাজেই যে কথাগুলি আমি জানতে চেয়েছিলুম তার জবাব পেলাম না। এখানে শুধু আমি একটি কথা বলে শেষ করবো, সেটি হচ্ছে আমার একটি জিনিস ভাল লাগলো যে আমাদের মুখ্যমন্ত্রী তিনি এই সব সত্য-মিথ্যার মধ্যে যান নি, কারণ তিনি জানেন, তিনি কনভিন্সড যে এর মধ্যে অনেক অসত্য কথা আছে। তিনি বলেছেন যাই হোক এই সব আইন-সঙ্গত ভাবে করা হয়েছে এবং তাঁর সহকর্মী লিডার অতুল্যবাবুর উধৃতি আমি দিয়েছি। তিনি বলেছেন এই সব প্রহসন করবেন না, কমিউনিস্টদের বিনাবিচারে আটক করবেন না—তারা দেশদ্রোহী সেটা প্রমাণ করতে হবে কোর্টে। কাজেই মুখ্যমন্ত্রী ঐ সবের মধ্যে গেলেন না, কিন্তু আমি বলবো যে একটি ল'লেস ল' পার্লিয়ামেন্টে পাস হয়েছে। ইংরেজরা যেকোন আইন করেছে সেগুলিকে ল বলা হত। কিন্তু এগুলি ল'লেস ল। তাদেরও অর্ডিন্যান্স ছিল, তাদেরও আইন ছিল, অ্যাসেমব্লী ছিল, সব ছিল। কাজেই সেই সময়ও এইসব আইন পাশ হয়েছে। কাজেই ললেস ল কোনটাকে বলত, আমি না হয় কোর্টে যাই না, কিন্তু শৈলবাবুর জানার কথা যে ললেস ল কাকে বলে। সেই ললেস ল' এর জন্য সুপ্রীম কোর্টের জাজেরা বলেছিলেন যে আমাদের হাত পা বাঁধা, আমরা কিছু করতে পারি না, আপনারা জনমতের কাছে যান, জনমত সৃষ্টি করুন, এছাড়া কোন উপায় নেই। দিজ আর এগেনস্ট দি প্রভিসানস অফ দি কনস্টিটিউসান। ঠিক এই ভাষায় তাঁরা বলেছিলেন এগেনস্ট দি প্রভিসান অফ দি কনস্টিটিউসান, আমাদের কিছু করার নেই, কারণ আমাদের হাত-পা বেঁধে দিয়েছেন। এজন্য তাঁরা বলেছিলেন আপনারা জনমত সৃষ্টি করুন। আমাদের সেটাই মূলগত কথা যে বেআইনী আইন দিয়ে বিনা বিচারে আটকে কেন আপনারা রাখবেন? যদি আমাদের বিরুদ্ধে আপনারা বলেন যে আমরা দেশদ্রোহী তাহলে আপনাদের সম্পূর্ণ অধিকার আছে, তেমনি আমাদেরও সেই অধিকার দিতে হবে যে আমরা আপনাদের যে দেশদ্রোহী মনে করি সেটা আমরা জনসাধারণের সমক্ষে বলব, জনসাধারণ সেটা বিচার করবে। কিন্তু আপনারা আমাদের যদি পঙ্গু করে দেন হাজার হাজার লোককে গ্রেপ্তার করে বিনা বিচারে তাহলে গণতন্ত্র থাকল না। আপনিই বিচারক, আপনিই শাসক, আপনিই পুলিস, আপনিই জেলর আবার আপনিই সন্দেহ অভিযোগ আনছেন, আপনিই সব ঠিক করে দিচ্ছেন। যেদিন এটা হল সেদিনই গণতন্ত্র শেষ হয়ে গেল। এই হচ্ছে নিয়ম আমরা যা করেছি যা দেখেছি যা বুঝেছি গণতন্ত্র সম্বন্ধে। সেজন্য এইসব অবান্তর কথা এনে মুখ্যমন্ত্রী আসর জমাবার চেষ্টা করছেন। আমি জানি ওঁর বলার কিছু নেই। আর উনি এটাও বলেছেন যে এটা হোয়াইট পেপার নয়, এটা স্টেটমেন্ট অন্ততঃ দু-একটা সত্য কথা বলেছেন, সেটা ভালই করেছেন। উনি শেষ কথা যেটা বলেছেন সেটা হচ্ছে আমরা যে বারে বারে ভোট পাই, কাজেই যতদিন আমরা ভোট পাব ততদিন এই বিনা বিচারে চালাবো, এইভাবে আমরা কর্মক্রম করবো। আমি আশা করি গণতান্ত্রিক জনসাধারণ এটা বুঝে নেবে। পাঁচুবাবু প্রগ্রেসিভ কংগ্রেসমেন খুঁজে বেড়াচ্ছেন। তাঁরা ক'জন আছেন এবং এর বিরুদ্ধে রুখে দাঁড়াবেন কিনা আমরা বলতে পারি না, দাঁড়ালে আমরাও পাঁচুবাবুর সঙ্গে অত্যন্ত খুশী হব, খুব ভাল হবে তাহলে। কিন্তু বাংলাদেশে এখনও খুঁজে পাই না। আমাকে একজন কংগ্রেসী নেতা বলেছিলেন আমি নরেনবাবুকে সেকথা বলেছিলাম যে মহাশয়, আপনারা নাকি প্রগ্রেসিভ কংগ্রেস মেন উঁকুজে বেড়াচ্ছেন? ওটা জীবনে পাবেন না, খুঁজেই বেড়াবে। হয়ত দু'চার জন আছেন, কিন্তু তাঁরা সাহস করছেন না—আমরা যদি একতাবদ্ধ হয়ে দাঁড়াতে না পারি, আমরা যদি সেই অবস্থা সৃষ্টি করতে না পারি ও'দের সে সাহস নেই যে ও'রা এর আওতা থেকে বেরিয়ে আসতে পারেন কিংবা ভেতরে বা বাইরে এর প্রতিবাদ ধ্বনিত করতে পারেন। সেজন্য আমাদের যেটা মূল কথা যেটা আমরা বুঝি সেটা হচ্ছে আমরা যদি জনমত সৃষ্টি করতে পারি এইভাবে মিথ্যা কথার বদলে সত্য কথা মানুষের কাছে রাখতে পারি

তাহলে সত্যের জয় অবশ্যম্ভাবী। আমরা এটা মনে করতে পারি যে অত্যাচারের রাজত্ব এইভাবে চলতে পারে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি দেখলেন যে মুখ্যমন্ত্রীর কোন জবাব নেই, জবাব দিতে পারেন নি। তিনি থমকে দাঁড়িয়েছেন এই কারণে যে উপায় নেই তাঁর। আমাকে শ্রী নন্দ ওঁর সামনে জিজ্ঞাসা করেছিলেন যখন রাজ্যপালের বাড়ীতে আমরা দেখা করি, নিখিলবাবু ছিলেন, আরো অনেকে ছিলেন, ডিড ইউ টক টু দি চীফ মিনিস্টার? আমি বলেছিলাম হ্যাঁ মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছি কর্পোরেশনের নির্বাচনের পর ছেড়ে দেওয়ার ব্যাপারে। তিনি বলেছেন এটা তো সর্বভারতীয় নীতি, আমি একা কি করতে পারি। শ্রী নন্দ ওঁর দিকে তাকিয়ে বলেছিলেন যে

He is also a part of the Government and it is after discussing with them that we ordered the arrest.

মুখ্যমন্ত্রী চুপ করেছিলেন সেদিন। যাই হোক, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলছি আপনার কি একটা কর্তব্য নেই? আপনি চীনে কি হয়েছে, সোভিয়েতে কি হয়েছে, রবীন্দ্রনাথ এই সমস্ত অবান্তর কথা এনে যার সঙ্গে নন্দের স্টেটমেন্টের কোন সম্পর্ক নেই জল ঘোলা করলেন, করে বলে দিলেন যে আমার বিবৃতির উত্তর হয়ে গেল। এটা হয় না।

আপনি যদি মুখ্যমন্ত্রীর আজ্ঞাবাহী হয়ে চলতে চান, তাহলে না হয় হতো; তা না হলে জাস্টিফাই করতেন যে প্রতিটা কথা সত্য। কংগ্রেসীরা আমরা মিথ্যা কথা বলি না—এ তো আপনি বলতেন। সে কথা বলার সাহস আপনার নাই। সেই জন্য আমি এই কথা বলবো এটা প্রমাণিত হয়ে গেছে যে একটা মিথ্যা, জাল দলিল, কুৎসাপূর্ণ দলিল, কোন যুক্তি এর পেছনে নাই এবং এটা দুর্ভাগ্য আমাদের যে এখনো যাঁরা দু'-চারজন আছেন নিজেদের বামপন্থী বলেন, তাঁরা এদের এই সমস্ত কার্যকলাপে, কথাবার্তায় বিশ্বাস এখনো রাখেন, তাঁরা দু'দিন বাদে তাঁরাও রাখবেন না। সেই জন্য অন্য কারো সম্বন্ধে কিছু বলতে চাই না। আমি দেখছি ইতিহাসের যা গতি বেশীরভাগ লোক যখন বুঝতে পারছেন মিথ্যা ও কুৎসা, তাঁরা একতাবদ্ধ হচ্ছেন এর বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য শীতলবাদের মত লোক, তিনি যখন এর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন, এর বিরুদ্ধে যখন তিনি মত প্রকাশ করেছেন, তখন আমাদের আশা আছে, এখনো অসংখ্য মানুষ আছেন, শুধু মজুর, কৃষক নয়, মধ্যবিত্ত ইনটেলেকচুয়াল প্রভৃতি যাঁরা আছেন, তাঁরা এর বিরুদ্ধে নিশ্চয়ই প্রতিবাদ করবেন যে আমাদের দেশে যাতে আয়ুবশাহীর মত অবস্থা না হতে পারে। আমাদের দেশ যাতে ফ্যাসিজম-এর দিকে যেতে না পারে, সেই অবস্থা আমাদের দেশে হবে বলে আমি মনে করি না। সেই জন্য আমি আশা করি আমার যে প্রস্তাব এই প্রস্তাবের পক্ষে [illegible] দেবেন। আর যদি সেই দু'চারজন প্রগ্রেসিভ কেউ থাকেন এখানে, তাহলে তাঁরাও আমার প্রস্তাবের পক্ষে নিশ্চয়ই ভোট দেবেন।

[3-40—4 p.m.]

Mr. Deputy Speaker: The discussion is over.

Shri Jyoti Basu:

ভোটের কী হবে? মোশনের উপর ভোট নেবেন না?

Mr. Deputy Speaker:

ভোট হয় না।

According to Rule 319 there is no substantive motion before the House.

Shri Jyoti Basu:

কে বলেছে মশায়, ভোট হয় না? আমি যেটা এনেছি সেটা দেখুন—নো-ডে-ইয়েট-নেমড্ মোশন, সেটা আপনি দেখুন। সেই ধারাটা দেখুন। ৩১৯ দেখতে যাব কেন? বুঝিয়ে দিন। আমি আনলাম আন্ডার রুল ১৯০। এই রুল ১৯২ কী বলছে দেখুন

The Speaker shall, at the appointed hour on the allotted day or the last of the allotted days, as the case may be, forthwith put every question necessary to determine the decision of the House on the original question.

আমার অরিজিন্যাল কোশ্চেন হচ্ছে যে মোশনটি আমি এনেছি দ্যাট ইট বি টেকেন ইন্টু কন্সিডারেশন, এটির পক্ষে যদি আমরা বেশী ভোট পাই, তাহলে গভর্নমেন্ট ফলস্—এ বিষয়ে কোন সন্দেহ নাই।

Mr. Deputy Speaker:

জ্যোতিবাবু, আপনি রুল ৩১৯ দেখুন।

Shri Jyoti Basu:

আমি দেখেছি। আমি যেটাতে এনেছি সেটা আপনি দেখুন। আমি আনলাম ১৯০ অনুসারে, আমি ৩১৯ দেখতে যাব কেন? এটা আপনি আমাকে আগে বুঝিয়ে দেবেন।

The substantive motion is that it should be taken into consideration and if it is passed then the Government is to resign but if it fails then they remain as they are.

আপনি ১৯০ কেন দেখছেন না? ভোট নিতে হবে, ১৯০টি দেখুন।

[At this stage the House was adjourned for 15 minutes]

[4—4-10 p.m.]

শ্রীজ্যোতি বসু: আপনি কি সিদ্ধান্ত নিলেন?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: স্যার, আপনি ঠিকই বলেছেন, ভোট হয় না।

শ্রীজ্যোতি বসু: আপনার সিদ্ধান্তটা আমাদের জানিয়ে দিন।

মিঃ ডেপুটি স্পীকার: আমার সিদ্ধান্ত আমি আগেই ডিসকাশন-এর সময় বলে দিয়েছি যে আপনি যদি সাবসটেনটিভ মোশান-এর পূর্বে দিতেন তাহলে আমি অ্যাডমিট করতাম। তখন আপনি তো তার মধ্যে কিছু বলেন নি! কাজেই সেই মোশন ইন অ্যাপ্রপ্রিয়েট টার্মস হলে পর, অ্যাডমিট করলে পর

That should have been put to vote. But, as it is it cannot be put to vote.

শ্রীজ্যোতি বসু: ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটি কথা আপনাকে জানিয়ে দিতে চাই যে লোকসভায় প্রধানমন্ত্রী এই ধরনের কন্সিডারেশন কথাটি সেখানে বলেছিলেন। তাঁর ভাষাটা আমার মনে নেই। তবে এই ধরনের একটি প্রস্তাব তিনি এনেছিলেন। বর্ডার সিচুয়েশন বি টেকেন ইন টু কর্নসিডারেশন এবং তার উপর আলোচনা হবার পর এই ভোট হয় এটা আমি জানি। যা হোক সেটা আপনি বিবেচনা করে দেখবেন এবং আমিও দেখব।

মিঃ ডেপুটি স্পীকার: জ্যোতিবাবু, আমার ওতে কোন আপত্তি নেই। যদি আপনি অ্যাপয়েন্টেড আওয়ার-এর মধ্যে......

শ্রীজ্যোতি বসু: শুনুন, এটাকে সাবস্টেনটিভ মনে করেছেন, এই জন্য আমি এটা ধরে নিয়েছি এইভাবে যে বি টেকেন ইন্টু কন্সিডারেশন—যেটা আমি বলেছি, এটা যদি ধরুন ভোটে পাশ হয় তাহলে ইট ইজ এ ভারডিক্ট এগেনস্ট দি গভর্নমেন্ট এটা আমি ধরে নিয়েছি। সেই হিসাবে সাবস্টেনটিভ দিয়ে একটা পলিসির ভিতর দিয়ে ভোট করুন। এখানে যদি আপনার ইন্টারপ্রিটেশন হয় যে, না, এটা সাবস্টেনটিভ মোশন নয়, অন্য আর একটা ভাষা দেওয়া উচিত ছিল, আর একটা মোশন ইত্যাদি। এখন সেটা হতে পারে। কিন্তু এটা আমি আপনাকে বলে রাখছি যে এটা দেখতে হবে, এইরকম দাঁড়িয়ে না যায় ভুল আমাদের বন্ধুদের মধ্যে। কারণ, পার্লামেন্টের ঠিক ভাষাটা আমি এখন মনে করতে পারছি না। হয়ত এইরকম ভাষা ছিল কন্সিডারেশন এবং সেটা ভোটে দেওয়া হয়। যা হোক আমরা দেখি এটা যেন একটা প্রিসিডেন্ট

হয়ে না দাঁড়িয়ে যায় যে আপনার রুলিং হয়ে গেল ভবিষ্যতের জন্য যদি এইরকম ভাষা থাকে শুধু এইটুকু অনুরোধ আপনাকে করব।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ কথাটা হচ্ছে এই কন্সিডারেশন মোশন ভোট হতে পারে না এই কারণে যে মোশনটা কি, এবং হাউস হ্যাজ কন্সিডার্ড না বলতে। হাউস তো কন্সিডার্ড করেছে, তার জন্য তার ভোট হতে পারে না। ভোটটা কন্সিডারেশন-এর পরে কি ডিসিশন নিতে যাচ্ছে সেটা যতক্ষণ পর্যন্ত না আসবে ততক্ষণ পর্যন্ত রেজলিউশন নেওয়া যায় না।

Mr. Deputy Speaker :..Unless there is a substantive motion approved by the Speaker, it cannot be put to vote.

Shri Siddhartha Shankar Ray : Sir with great respect I should say that you are right. After all, you have experience.

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ মিঃ স্পীকার, স্যার, ফুড ডিবেট শুরু হওয়ার আগে জগন্নাথ-বাবুকে আমি একটি প্রশ্ন করতে চাই যে এখন ৪টে বাজে ২ ঘণ্টার বেশী আলোচনা হবে না। অথচ ফুড ডিবেটে ৪ ঘণ্টা দেওয়া আছে। তাহলে এটা কিভাবে অ্যাডজাস্ট করছেন?

শ্রীজগন্নাথ কোলেঃ আজকে এখন ২ ঘণ্টা আলোচনা হবে। আজকে যেমন কোশ্চেন আওয়ার অফ হয়েছে, কালকেও সেইরকম কোশ্চেন আওয়ার অফ হয়ে ১টা থেকে ৩টা অবধি ফুড ডিবেট চলবে। তারপরে একটা ছোট বিল আছে। সেটা যদি আপনারা নিতে চান, সেটা নিতে পারেন। করনিয়া গ্রাফটিং বিল, সেটা যদি নিতে চান ১৫ মিনিট সময় লাগবে সেই বিলটায়। তারপরে নন অফিসিয়াল এ সময় লাগবে আড়াই ঘণ্টা।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে আমাদের এই কংগ্রেস রাজত্ব যেদিন থেকে শুরু হয়েছে, প্রত্যেক বছরই আমাদের এই খাদ্য সমস্যা নিয়ে আইন সভায় এবং আইন সভার বাহিরে বিভিন্ন সময় আলাপ আলোচনা করতে হয় এবং অনেক আন্দোলন করতে হয়। এই কথা আপনি নিশ্চয়ই জানেন যে এই খাদ্যের দাম কমাবার জন্য, চালের দাম কমাবার জন্য ১৯৫৯ সালে এই কংগ্রেস সরকারের রাজত্বে ৮০ জন লোককে প্রাণ দিতে হয়েছিল কলকাতা শহরে এবং ১ হাজার লোককে নানাবিধভাবে কংগ্রেস সরকারের দ্বারা নিপীড়িত ও লাঞ্ছিত হতে হয়েছিল। আপনি একথাও জানেন যে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এবং উত্তর-বঙ্গের কোচবিহারের বিভিন্ন জায়গায় যখন চালের দাম বেড়ে যায় তখন কংগ্রেস সরকারের দৃষ্টি আকর্ষণ করবার জন্য আমাদের দেশের জনসাধারণকে আন্দোলন করতে হয় তাদের নিজেদের দাবী-দাওয়া আদায় করবার জন্য এবং খাদ্যের দাম কমাবার জন্য। কিন্তু দুঃখের কথা এই যে কংগ্রেস সরকার আজ পর্যন্ত আমাদের খাদ্য সমস্যার সমাধান করতে পারলেন না। আমাদের যিনি খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন তিনি আগে খাদ্যমন্ত্রী ছিলেন। এখন তাঁর উন্নতি হয়ে তিনি এখন মুখ্যমন্ত্রী হয়েছেন। কিন্তু আমাদের দেশের খাদ্য পরিস্থিতির আজ পর্যন্ত কোন উন্নতি করতে পারলেন না। আমরা দেখেছি যে আমাদের মাননীয়া রাজ্যপালিকা ১৯৬৪ সালে ভাষণ দিয়েছিলেন যে,

"The food situation is likely to be comparatively easy this year. The Aman paddy crop which has just been harvested is expected to yield 48 lakh tons in terms of rice as compared to 39 tons of last year."

অর্থাৎ ১৯৬৪ সালে ৩৯ লক্ষ টন চালের জায়গায় ৪৮ লক্ষ টন চাল উৎপাদন হবে। অর্থাৎ মন্ত্রিসভা সেকথা দেশবাসীর কাছে এবং আইন সভার সদস্যদের কাছে জানিয়েছিলেন এবং তার থেকে তাঁরা যে সিদ্ধান্ত করেছিলেন যে ১৯৬৪ সালে আমাদের দেশের খাদ্য পরিস্থিতি অনেক ভাল হবে। অর্থাৎ চালের দাম কমবে এবং জিনিসপত্রের দাম কমে যাবে। কিন্তু আমরা কি দেখলাম, না, ১৯৬৪ সালের ফেব্রুয়ারী মাসে রাজ্যপালিকা ভাষণ দিলেন। কিন্তু মার্চ, এপ্রিল মাস যেতে না যেতেই চালের দাম হুহু করে বাড়তে শুরু করল এবং আমরা দেখলাম চালের দাম ১৯৬৪ সালের জুলাই মাসে ১ টাকা পর্যন্ত উঠল। তখন আমরা পুনরায় আইন সভায় চেঁচামেচি আরম্ভ করলাম এবং বাহিরে জনসাধারণ আন্দোলন শুরু করল চালের দাম কমাতে

হবে বলে এবং এইভাবে আমরা না খেয়ে থাকতে রাজী নই। মিছিল হল, একটা আন্দোলন হল, আইন সভায় চীৎকার হল, অনশন হল ইত্যাদি। মুখ্যমন্ত্রী তখন একটা বিবৃতি দিলেন যে আমরা এ বিষয়ে সম্পূর্ণ সচেতন যে চালের পরিস্থিতি খারাপ হয়ে যাচ্ছে। ভেবে দেখুন যে ১৯৬৪ সালের ফেব্রুয়ারী মাসে রাজ্যপালিকা ভাষণ দিলেন যে চালের পরিস্থিতি খুব ভাল হচ্ছে, আমরা এবার অবস্থার অনেক উন্নতি করতে পারব। আর ১৯৬৪ সালের জুলাই মাসে মুখ্যমন্ত্রী বিবৃতি দিলেন চালের অবস্থা খারাপের দিকে যাচ্ছে, সুতরাং গভর্নমেন্টের আজকে একটা ব্যবস্থা করতে হবে। আমরা আইন সভায় এই কথা বললাম যে ততক্ষণ পর্যন্ত আপনারা চালের সমস্যার সমাধান করতে পারবেন না, যতক্ষণ পর্যন্ত স্টেট ট্রেডিং করা না হয়। তখন কেন্দ্রীয় সরকারের মন্ত্রী সুব্রহ্মনীয়ম লোকসভায় দাঁড়িয়ে বলেছিলেন যে আমরা স্টেট ট্রেডিং করব, আমাদের প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রী বলেছিলেন যে স্টেট ট্রেডিং করা হবে, খাদ্য নিয়ে ছিনিমিনি খেলা চলবে না। অসাধু ব্যবসায়ীদের হাতে দেশের লোকের ভাগ্য ছেড়ে দেব না, আমরা নিশ্চয়ই স্টেট ট্রেডিং করব এবং আমাদের মুখ্যমন্ত্রী বিবৃতি দিলেন যে ১৯৬৪ সালে "We are actively considering the question of taking up State trading in rice and paddy on a large scale in West Bengal from the beginning of next year. There is a possibility of taking over the entire output of rice mills all over the State, and also direct procurement of paddy from cultivators".

কিন্তু আজকে আমরা দেখছি যে মুখ্যমন্ত্রী সে সম্বন্ধে কিছুই করেন নি। স্টেট ট্রেডিং হয়নি এবং যেকথা তিনি বলেছিলেন দেয়ার ইজ এ পসিবিলিটি অব স্টেট ট্রেডিং সেটাও হয়নি। অর্থাৎ মিল মালিকদের কাছ থেকে তিনি সমস্ত চালটা নিয়ে নেবেন, এই যে সম্ভাবনার কথা পসিবিলিটির কথা তিনি বিবৃতি দিয়েছিলেন জুলাই মাসে, সেই বিবৃতি অনুযায়ী কাজ করেন নি। অর্থাৎ মিল-মালিকদের কাছ থেকে চাল সংগ্রহ করা হয়নি এবং সমস্ত চাল সংগ্রহের যে নীতি তিনি ঘোষণা করেছিলেন সে সমস্ত চাল সংগ্রহ করা হয়নি এবং স্টেট ট্রেডিং করা হয়নি। তার ফলে আমরা দেখছি কলকাতায় রেশনিং চালু করলেন। কিন্তু সেই রেশনিং-এর চাল কে সরবরাহ করবে, কেন্দ্রীয় সরকার মিল-মালিকদের কাছ থেকে সংগ্রহ করবে, না, আমাদের করতে হবে তার কোন নিশ্চয়তা দিতে পারলেন না।

[4-10—4-20 p.m.]

তারপর দেখা গেল ক্যালকাটা রেশনিং-এর জন্য চাল আমাদের দেশের মধ্য থেকে সংগ্রহ করা হোল এবং কেন্দ্রীয় সরকারের চাল এল না। অর্থাৎ কেন্দ্রীয় সরকার যে প্রতিশ্রুতি পশ্চিমবঙ্গ সরকারের কাছে দিয়েছিলেন সেই চাল তাঁরা দিলেন না। তাহলে পরিস্কার দেখা যাচ্ছে ক্যালকাটা রেশনিং-এর ভবিষ্যত অন্ধকারময়। তাঁরা বলেছিলেন ৪ লক্ষ টনের মতো সংগ্রহ করবেন, কিন্তু তাঁরা তা পারেন নি—২ লক্ষ টনের মত সংগ্রহ হয়েছে। কাজেই ক্যালকাটা রেশনিংকে যদি সংগৃহীত চালের উপর নির্ভর করতে হয় তাহলে সেটা চলবে না কারণ ৪ লক্ষ টন চাল সংগৃহীত হয়নি এবং সংগ্রহ করবার আশা যে আছে সেটাও আমরা দেখছি না। এই যখন অবস্থা তখন আমি জানতে চাই কেন্দ্রীয় সরকার যদি চাল না দেন এবং ৪ লক্ষ টনের জায়গায় যদি ২ লক্ষ টন সংগৃহীত হয়ে থাকে তাহলে ক্যালকাটা রেশনিং কিভাবে চলবে? অদূর ভবিষ্যতে আমরা হয়ত শুনব ক্যালকাটা এরিয়ার লোক চাল, গম পাচ্ছে না। মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত আছেন, তিনি জানেন পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় চালের দাম হু হু করে বেড়ে চলেছে। আমাদের নদীয়া জেলা ডেফিসিট জেলা, সেখানে চাল পাওয়া দুস্কর এবং যেটা পাওয়া যায় চোরা পথে তার দাম কে জি প্রতি ১ টাকা, ১ টাকা ১০ নয়াপয়সা। শুধু এই জায়গাই নয়, কাগজে দেখলাম উত্তরবঙ্গে, মেদিনীপুর, কোচবিহার এবং জলপাইগুড়ি প্রভৃতি জায়গায় চালের দর ১ টাকা থেকে ১ টাকা ১০ নয়া পয়সা। স্যার, আমাদের রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের সময় মুখ্যমন্ত্রী বলেছিলেন এবারে চালের দাম বাড়তে দেব না, আমরা অসাধু ব্যবসায়ীদের আটক করেছি এবং যেভাবেই হোক খাদ্য সমস্যার সমাধান করব। কিন্তু আমরা দেখছি চালের দর হু হু করে বেড়ে চলেছে। তাহলে জিজ্ঞাসা করি মুখ্যমন্ত্রী কিভাবে চালের সমস্যার সমাধান করলেন? তিনি হয়ত বলবেন রেশন সপ-এর মাধ্যমে চাল দিচ্ছি। কিন্তু মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন সব রেশন সপ-এ চাল দেওয়া হয় না এবং নদীয়া জেলার খবর হচ্ছে রেশন শপ-এ গেলে মানুষ শূন্য হাতে ফিরে আসে। কিছুদিন আগে পর্যন্ত মিল মালিকরা

ব্যবসায়ীদের কাছে বিক্রি করত এবং সেটা স্থানীয় কর্তৃপক্ষ সংগ্রহ করে ৫ কে জি করে দিতেন কিন্তু এখন সেটাও বন্ধ হয়েছে। আমরা ব্যবসায়ীদের কাছ থেকে খবর নিয়ে জানলাম ডিস্ট্রিক্ট কন্ট্রোলার যে পার্মিট ইস্যু করছেন সেটা নিয়ে গেলে বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান এবং বীরভূমের মিল মালিকরা তাদের চাল দিচ্ছে না। এর ফলে ঘাটতি জেলা এবং উত্তরবঙ্গের জেলাগুলোতে চাল পাওয়া যাচ্ছে না। বলা হয়েছিল কেন্দ্রীয় সরকার থেকে যে চাল আসবে সেটা রেশন শপ-এর মারফত বিলি করা হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার থেকে মাত্র ১ লক্ষ টন চাল এসেছে এবং তার ফলে মফঃস্বল জেলার রেশন শপ-এ চাল দেওয়া হচ্ছে না। মাঝে মাঝে উড়িষ্যার কাকর মেশান মোটা ধান এক কে জি, দেড় কে জি পাওয়া যায় এবং গম আজ দেড় মাস যাবত নেই। মুখ্যমন্ত্রী বললেন এটা আমেরিকার ব্যাপার, সেখানে জাহাজে ধর্মঘট চলছে বলে আমরা গম পাচ্ছি না। আজকে ১৮ বছর পর যদি আমাদের আমেরিকার উপর গমের জন্য নির্ভর করতে হয় তাহলে আমরা কি করলাম? গম যদি না পাওয়া যায় তাহলে চাল দিন, কিন্তু তাও দেওয়া হচ্ছে না। এই যে অবস্থা হয়েছে এর ফলে আমরা দেখছি মফঃবল জেলায় চাল, গম পাওয়া যাচ্ছে না এবং চালের দর এক টাকা, এক টাকা দশ নয়া পয়সা, এক টাকা পনের নয়া পয়সা হয়ে গেছে এবং ব্যবসায়ীরা বাঁকুড়া, বর্ধমান, বীরভূমে গিয়ে চাল আনতে পারছে না। বেশী দাম দিলে চাল পাওয়া যায়, কিন্তু ন্যায্য দাম দিলে চাল পাওয়া যায় না। এই মন্ত্রিসভার মধ্যে কেউ ওয়াকিবহাল আছেন কিনা জানি না। আমি যখন সেই জেলায় এস ডি ও এবং ডি এম-এর কাছে যাই এবং বলি যে রেশন-এ চাল পাওয়া যাচ্ছে না। বাজারে চাল পাওয়া যাচ্ছে না কাজেই ব্যবস্থা একটা করুন। তিনি বলেন উপর থেকে চাল বা গম না পাঠালে আমরা কিভাবে দিতে পারি বলুন। তাই আমি বলতে চাই যে অবস্থার আজ সৃষ্টি হয়েছে এর জন্য দায়ী হল কংগ্রেস সরকার এবং মন্ত্রিমণ্ডলীর। কারণ আমরা দেখেছি জুলাই মাসের যখন তর্কবিতর্ক হয়েছিল তখন আমরা বিরোধীপক্ষরা তার উপর বিতর্ক করেছিলাম তাতে আমরা বারবার বলেছিলাম যে স্টেট ট্রেডিং করা হোক। তখন মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন তা পালন করেন নি এবং সে কারণে মানুষকে অনাহারে এবং অর্ধাহারে থাকতে হচ্ছে। এর জন্য সম্পূর্ণ মন্ত্রিমণ্ডলী তারা বলেছেন আমরা ব্যবসাদারদের ডি আই আর-এ ধরেছি কিন্তু আমরা দেখেছি যে মিল মালিকদের ৪ ভাই থাকলে তাদের একজনকে চোরাকারবারী বলে জেলে রাখা হয়েছে। এইভাবে আর বাকী ৩ জন ঠিকভাবে কাজ চালিয়ে যাচ্ছে আপনারা লোকের কাছে প্রমাণ করতে চেয়েছেন যে আমরা চোরাকারবারীদের দমন করবার জন্য এইভাবে বাংলাদেশের সরকার কাজ করে যাচ্ছেন, অথচ চোরাকারবারী ঠিকমত চলেছে। মিল মালিকের কাছ থেকে ঠিকমত চাল সংগ্রহ করা হল না। চাল যে কম উৎপাদন হচ্ছে তা নয় কিন্তু চাল ঠিকমতভাবে সংগ্রহ করা হচ্ছে না কারণ মিল মালিকরা কংগ্রেস ফাণ্ডে টাকা দিয়ে বাকী চাল মালিকরা স্টক করে রেখেছেন এবং এইভাবে ১·১০।১৫ পয়সা দরে আজ চাল বিক্রী করছে এইভাবেই নাকি তারা সহযোগিতা করছেন মন্ত্রিসভার সাথে। আমরা দেখলাম ডি আই অর-এ আটক খাদ্য ব্যবসায়ীদের ছেড়ে দেওয়া হল। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে খাদ্যাবস্থা ভাল হয়েছে অতএব এদের আর ধরে রাখবার কোন যুক্তি নেই। আমি বহরমপুর জেলায় দিন কয়েক আগে গিয়েছিলাম সেখানে জিজ্ঞাসা করলাম ব্যবসাদারদের কাউকে আটক করে রাখা হয়েছে কিনা? তারা বললেন যে কেবলমাত্র এখানে বেবী ফুড ব্যবসাদাররা আটক আছেন, চাল এবং তেলের ব্যবসাদারদের ছেড়ে দেওয়া হয়েছে। তাই আমি বলছিলাম যে বাজারে ১·১০ পয়সা দরে যখন চালের দর উঠেছে তখন মন্ত্রিসভা যদি এর বিরুদ্ধে কোন ব্যবস্থা না করেন কেবল যদি ডি আই আর কমিউনিস্ট পার্টিদের আটক করে রাখেন তাহলে বাংলাদেশের মানুষ শুনবে না তারা আন্দোলন করবে এটাই যেন মনে রাখবেন। তারপর এস টি সি-এর সম্বন্ধে বলতে চাই যদি এস টি সি না হয় তা হলে যে অবস্থা চলেছে তাতে আমরা মনে করি যে রেশন শপ মারফত চাল এবং গম ঠিকমত না দেওয়া হয় তাহলে দাম কমাতে পারা যাবে না। বর্ধমানে এখন ৮০ পয়সা দরে চাল পাওয়া যাচ্ছে কিন্তু নদীয়া, মুর্শিদাবাদ ইত্যাদি ঘাটতি জেলায় চালের অভাব আছে। সেখানে ঠিক দামে বাজারে চাল পাওয়া যাচ্ছে না। আজকে যদি বর্ধমান এবং বিভিন্ন জেলা থেকে যদি চাল আনার ব্যবস্থা করা হয় তবেই অবস্থা ভাল করা যেতে পারে। বর্ধমানের ডি এম বললেন যে চাল আনতে দেব না অথচ আমরা দেখছি যে চোরাকারবাররা বিভিন্ন পথে চাল নিয়ে যাচ্ছে। নদীয়া থেকে চাল বনগাঁ এবং অপর পারে

চলে যাচ্ছে রানাঘাট সাবডিভিশনের মধ্যে দিয়ে। কিন্তু মন্ত্রিসভা এর ব্যবস্থা করতে পারেননি তারা যদি এ বিষয়ে হুশিয়ার হন তবে ভাল হয়। সেজন্য আমরা দাবী করছি যে অবিলম্বে রেশন শপ মারফত চাল সরবরাহ করা হোক এবং বর্ধমান, বাঁকুড়া এবং অন্যান্য ডিস্ট্রিক্ট থেকে যাতে চাল আসে এবং ৮৬ পয়সা দরে যাতে সেই চাল বিক্রী হয় সেই ব্যবস্থা করুন।

[4-20—4-30 p.m.]

২নং কথা হচ্ছে এই চালকলের ব্যাপার নিয়ে আমাদের আলাপ আলোচনার একটি স্কোপ ছিল, কারণ অ্যাসেম্বলী তো সব সময় চলে না। অ্যাসেম্বলী যখন চলতো না তখন আমাদের একটা সাবডিভিশনাল রিলিফ অ্যাডভাইসরি কমিটি ছিল আমাদের সরকার সেটা বন্ধ করে দিয়েছেন যে কমিটি তুলে দিয়েছেন তাঁরা একটা সারকুলার দিয়েছেন যে ঐ কমিটি তুলে দেওয়া হল ওখানে আর আলোচনা করবার দরকার নেই, অর্থাৎ চালের ব্যাপার নিয়ে যাতে আলোচনা করতে পারি এই জনপ্রতিনিধিরা ঐ এস ডি ও বা কন্ট্রোলার-এর সঙ্গে বসে আলাপ আলোচনা বা সমাধান করতে পারি, সুষ্ঠু বিলি বণ্টন যাতে হতে পারে, ও গভর্নমেন্ট-এর কাছে যাতে একটা মত পাঠাতে পারি সে ব্যবস্থা তারা বন্ধ করে দিয়েছেন, অর্থাৎ ঐ সাবডিভিশনাল ফুড অ্যাডভাইসরী বডিকে তারা স্টপ করে দিলেন, বন্ধ করে দিলেন। আমি জানতে চাই এর কারণ কি? তাঁরা আজ বলছেন যে আঞ্চলিক পরিষদ আছে, আঞ্চলিক পরিষদ সাবডিভিশনাল ফুড অ্যান্ড রিলিফ অ্যাডভাইসরী বডির স্থান দখল করতে পারে না। কারণ একটা সাবডিভিশন-এর সমস্ত প্রতিনিধিরা সেখানে জড় হন এবং সাবডিভিসানের সমস্ত নিয়ে তারা আলোচনা করতে পারতেন এবং সেখানে কন্ট্রোলার সাহেব মেম্বার থাকার জন্য সেখানে চাল গমের বিষয় আলোচনা করতে পারতাম, কিন্তু এখন আর সেসব স্কোপ থাকছে না। সেজন্য আমি মনে করি এই যে ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন এটা শুধু গণতন্ত্র বিরোধীদের এটায় যে আলাপ আলোচনার সামান্য অধিকার দেওয়া হয়েছিল সে অধিকার থেকে আমাদের বঞ্চিত করা হচ্ছে। সেই সাবডিভিশনাল রিলিফ অ্যাডভাইসরী কমিটি যাতে প্রতিষ্ঠিত হয় সেজন্য আবেদন জানাই। ৩নং কথা হচ্ছে কয়লার বিষয়, মন্ত্রিমহাশয় বিবৃতিতে বলেছেন যে কয়লা সব তোলা হচ্ছে এসব ব্যাপারে ভয়ের কারণ নেই। আমরা যারা মফঃস্বল জেলায় আছি আমরা দেখছি এর জন্য লাইন পড়তে সুরু হয়েছে এবং লোকে থলে হাতে করে ঘুরে বেড়াচ্ছে কয়লার জন্য। আমি এ ব্যাপারেও জিজ্ঞাসা করে জানলাম এর কারণ হল সমস্ত লরিতে কয়লা আনা বন্ধ করে দিয়েছেন এই সরকার। সরকার বলেছেন যে লরিতে আর কয়লা আনা চলবে না। কন্ট্রোলারকে জিজ্ঞাসা করলাম ব্যাপারটা কি? তিনি বললেন লরিতে কয়লা আনা চলবে না। লরি মিলিটারী পারপাসে দরকার। এদিকে কয়লার ব্যবসাদাররা বলে যে ইনডেন করলেও ওয়াগন আসে না রেলওয়ে অথরিটি ওয়াগন দেয় না। তাহলে ওয়াগন দেবেন না আর লরিও দেবেন না অথচ কয়লা পাওয়া যাবে না তা মানুষ রান্না করবে কিভাবে? এ যে কি ব্যবস্থা তা জানি না। আমার সময় সংক্ষেপ তবুও আমি এটুকুন বলতে চাই যে এই যে চাল, কয়লা ইত্যাদির সমস্যা আবার দেখা দিচ্ছে এই বৈশাখ মাসেই এরপর জৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ ইত্যাদি বাকি সে সময় এ সমস্যা আরো তীব্র আকার ধারণ করবে। সেজন্য এখন থেকে যদি সরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করেন অর্থাৎ সমস্ত চালকলের ব্যবসাদার স্টেট ট্রেডিং-এর পথে অগ্রসর না হন এবং কলকাতার রেশনিং এবং মফঃস্বল জেলার জন্য উড়িষ্যা এবং কেন্দ্র থেকে চাল এনে স্টক না করেন, এবং গম যদি পাওয়া না যায় তার বদলে চাল দেবার ব্যবস্থা না হলে, দুর্ভিক্ষ হবে, মহামারী হবে এটাই আমি বলছি। আজকে আমরা দেখতে পাচ্ছি শহরে এবং গ্রামে যারা গরীব মানুষ, যারা বিড়ি শ্রমিক বা রিক্সা চালায়, বা তাঁতেব শ্রমিক এবং নিম্নতম সরকারী কর্মচারী ৮০, ৭০, বা ৭৫ টাকা মাত্র মাহিনা পায় তারা এখন থেকে একবেলা খেতে সুরু করেছে। তারা আজকে অত্যন্ত মর্মাহত হয়ে পড়েছে। আজকে এই যে ব্যবস্থা চলেছে, চাল, কয়লা, ইত্যাদি সব পাওয়া যাচ্ছে না এবং তেল এইভাবে ৩ টাকা থেকে ৬ টাকা বিক্রী হচ্ছে। যেখানে বাজারে গেলে দেখা যাচ্ছে প্রত্যেকটি জিনিসের দর হুহু করে বেড়ে যাচ্ছে অথচ সরকার মাহিনা বাড়াবার কোন ব্যবস্থা করছেন না। অপরদিকে ন্যায্য দামে চাল পাবারও কোন ব্যবস্থা করছেন না। সেইজন্য তারা আজকে অত্যন্ত ক্ষুব্ধ এবং মর্মাহত অপরদিকে তারা বিপদগ্রস্ত হয়ে পড়েছেন। আজকে যদি ভাবেন যে ডি আই রুলস দিয়ে এই

বিক্ষুব্ধ মানুষকে ঠাণ্ডা করে রাখবো বা যদি মনে করেন যে কমিউনিস্ট পার্টির লোকেদের গ্রেপ্তার করে সব কিছু কাজ পারতো তাহলে তারা ভুল করবেন—আমি বলব তারা মূর্খের স্বর্গে বাস করছেন। তাদের আমি বলতে চাই যে যদি মানুষকে খাওয়াবার এবং পরাবার দায়িত্ব যা আপনারা গ্রহণ করেছেন যে ভোটের জোরে আপনারা এখানে এসে মন্ত্রিসভা গঠন করেছেন সেখানে কেবল নিজের দলের স্বার্থে বা ব্যক্তিগত স্বার্থ দেখলে চলবে না, আজকে দেশের মানুষ অনাহারে মরে যাবার উপক্রম হয়েছে এই সমস্ত চাল এবং অন্যান্য জিনিসের মূল্য বৃদ্ধির জন্য। আজকে আপনারা রেশন শপে নিয়মিতভাবে চাল সরবরাহের ব্যবস্থা করুন। যাতে ৭৬ নয়া পয়সা দরে চাল সরবরাহের ব্যবস্থা করতে পারেন তার ব্যবস্থা করুন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকমলকান্তি গুহ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এইবার বাজেট সেসান যখন শুরু হলো, আমরা খাদ্য নিয়ে আলোচনা করিনি বলে সেদিন মন্ত্রিসভা থেকে এবং কংগ্রেসপক্ষ থেকে বলা হয়েছিল যে বামপন্থীদের খাদ্য সম্বন্ধে বলবার কিছু নেই। আমরা শুধু অপেক্ষা করছিলাম, আমরা দেখতে চেয়েছিলাম যে সরকারের দৌড় কতদূর। আমরা গত বছর থেকে বারংবার একথা বলেছি যে ষ্টেট ট্রেডিং করা হোক, সম্পূর্ণ খাদ্য ব্যবসা রাষ্ট্রীয়করণ করে বাংলাদেশের মানুষকে দুর্ভিক্ষের হাত থেকে বাঁচানো হোক, লোভ, লালসা, শোষনের হাত থেকে বাঁচানো হোক। স্টেট ট্রেডিং যদিও মূলতঃ তাঁরা স্বীকার করে নিলেন কিন্তু আমরা দেখেছি যে এই সরকার বারবার স্টেট ট্রেডিং-এর পথ থেকে পিছিয়ে গেছেন। এবার সুরুতে তাঁরা ঘোষণা করলেন যে কোলকাতায় পূর্ণ রেশনিং চালু করবেন এবং বাংলাদেশের সর্বত্র ধান-চালের দাম বেঁধে দেবেন, তাহলে দুর্ভিক্ষকে ঠেকানো যাবে। সাথে সাথে তাঁরা একথা ঘোষণা করেছিলেন যে এবার বামপার ক্রপস হয়েছে, এবার ধানের উৎপাদন বেশী হয়েছে, কাজেই দুর্ভিক্ষের আশংকা নেই। আমরা স্বীকার করি যে এবার ধান অন্যান্য বছরের তুলনায় অত্যন্ত বেশী উৎপাদন হয়েছে কিন্তু আমরা এটা লক্ষ্য করে দেখেছি যে ধান-চালের উৎপাদন বেশীর সাথে দুর্ভিক্ষ আসা না আসা নির্ভর করে না। আমরা বারবার সরকারকে বলেছি যে মুনাফাখোর, মহাজনরা এবং জ্যোতদারেরা ধান-চাল মজুত করে রাখেন। সেজন্য কৃত্রিম দুর্ভিক্ষের প্রশ্ন আসে, বারবার সরকারকে সেটা জানানো হয়েছিল কিন্তু মূলতঃ সেই পথে তাঁরা পা বাড়ান না, বা সে সম্বন্ধে কোন ব্যবস্থা করেন না। কোলকাতায় পূর্ণ রেশনিং ব্যবস্থা চালু হলে কংগ্রেসীরা বাজেট সেসনে তাকে স্বাগত জানিয়ে এমনভাবে তাঁদের বক্তব্য রেখেছিলেন যে মনে হল বাংলাদেশে যেন খাদ্য সমস্যার সমাধান হয়ে গেল কিন্তু ১৪ মাস শেষ হতে না হতে আমরা দেখলাম দুর্ভিক্ষ আসছে। আমি দুর্ভিক্ষের পদধ্বনি বলবো না, সেটা বললে মন্ত্রীরা ক্ষেপে যান, তাঁরা বলেন আমরা খালি দুর্ভিক্ষের পদধ্বনি শুনি—সেই দুর্ভিক্ষের জয়যাত্রা ১৪ মাস থেকেই সুরু হয়ে গেল। বাংলাদেশের প্রত্যেক জেলায় ধান-চালের দাম বেড়ে গেল, মডিফায়েড রেশনিং উত্তরবঙ্গের কিছু কিছু শহরে চালু হয়ে গেল। গতকাল প্রফুল্লবাবু কোচবিহার এবং জলপাইগুড়ি গিয়ে বলেছেন যে মডিফায়েড রেশনিং চালু করা হবে এখন থেকে ছোট ছোট শহরে। তিনি এমনভাবে কথাটা বলে বাংলাদেশের মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেন যে তার মধ্যে সেই পূর্বের খাদ্যমন্ত্রীর জালিয়াতী আবার পরিষ্কারভাবে ফুটে উঠেছিল। তিনি এমনভাবে দেখালেন যেন উত্তরবঙ্গের ছোট ছোট শহরে মডিফায়েড রেশনিং চালু হয়নি বলে সেখানে খাদ্য সংকট হয়েছে অথচ আমরা উত্তরবঙ্গের মানুষ জানি যে সেখানে এপ্রিল মাসের প্রথম সপ্তাহ থেকে ছোট ছোট শহরে মডিফায়েড রেশনিং চালু হয়ে গেছে তা সত্ত্বেও সেখানে খাদ্য সংকট কেন? ১ কেজি চাল, ১/২ কেজি গম যে দেওয়া হয়েছে তাতে কোন মানুষের পুরো সপ্তাহ চলতে পারে না। আর একটা কারণ দেখালেন যে খোলা বাজার থেকে চাল উধাও হয়ে গেল। এই উধাও হল কেন তার রহস্য কি সে সম্পর্কে সরকারপক্ষ বলেছেন জোতদাররা দায়ী এবং আংশিকভাবে দায়ী হচ্ছে চাল পাচার হয়ে গেছে। আমরা গত বছর থেকে একথা বলেছি ঐ যে চীনা শত্রুদের কথা বারবার বলেন, দেশপ্রেমের কথা বারবার আমাদের কাছে এবং দেশের সম্মুখে রাখেন, সেখানে যাতে দুর্ভিক্ষ না হয়। তিব্বতে যারা আছে তারা যাতে চাল পায়। সেজন্য বাংলাদেশের বুক থেকে বারে বারে ভুটানের মাধ্যমে তিব্বতে চাল পাচার হয়ে গেছে। গত বছর আমরা একথা বলেছিলাম সেটা আপনারা এখন স্বীকার করেছেন।

গত বছর আমরা সরকারকে বলেছিলাম যে এভাবে চাল পাচার হচ্ছে, আপনারা ব্যবস্থা করুন। ঐ সরকারী কর্তৃপক্ষকে আমরা যখন একথা বলি তখন তাঁরা বলেন যে আইনতঃ আমরা বাধা দিতে পারি না। আবার আমরা যখন জনসাধারণের তরফ থেকে সেই ভুটান তিব্বতে চাল পাচার করায় বাধা দিই তখন প্রফুল্লবাবু এই সভায় দাঁড়িয়ে বলেন কমলবাবুকে তো পুলিশের দায়িত্ব দেওয়া হয়নি। জনসাধারণকে ক্ষমতা দেওয়া হয়নি যে চাল পাচার হচ্ছে তাকে ঠেকানোর, আবার সরকারী কর্মচারীরা বলেন আইনে ঠেকানো যাবে না। ঠিক এই ফাঁক দিয়ে ধান-চাল ভুটান তিব্বতে চলে গেল—এখন তিনি হা-হুতাশ করছেন ভুটান তিব্বতে চাল চলে গেছে বলে। কাজেই আমি একথা বলি যারা শত্রুর মুখে ঐ ধান-চাল তুলে দিয়ে শত্রুর হাতকে শক্তিশালী করে তুললো তাদের বিরুদ্ধে ডি আই রুল কেন চালু করা হয়নি? উত্তরবঙ্গের প্রশাসনিক ব্যবস্থায় যিনি রয়েছেন সুরিটা, কমিশনার, তিনি নাকি ঘুম থেকে উঠে মদ দিয়ে মুখ ধোন এবং সারাদিন মদে থেকে মত্ত হয়ে থাকেন। আমরা বলেছি যে এই অপদার্থ লোকটাকে উত্তরবঙ্গ থেকে সরিয়ে দেওয়া হোক কিন্তু রতনে রতন চেনে, সেই কমিশনারকে বলা হয়েছে উপযুক্ত লোক। জোতদারদের দোষ দেওয়া হয়েছে—একথা ঠিক যে জোতদারেরা মজুত করেছে কিন্তু তাদের ধরা হচ্ছে না, তাদের শাস্তি দেওয়া হচ্ছে না। স্মরজিৎবাবু আইন করেছেন সীমান্ত এলাকায় যারা সীমান্তের ১০০ মাইলের মধ্যে থাকবেন, যাদের ৫০ মণের বেশী ধান উৎপাদন হবে তাদের লাইসেন্স করতে হবে, আর যাঁরা ৫ মাইলের মধ্যে থাকবেন,

[4-30—4-40 p.m.]

একশো মণের বেশী যাদের উৎপাদন হবে তাদের লাইসেন্স করতে হবে। আমি জিজ্ঞাসা করি স্মরজিৎবাবুকে জলপাইগুড়ি, কোচবিহার জেলায় হিসাব করে দেখুন যে কতজনে লাইসেন্স করেছেন। আপনাদের এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট, আপনাদের খাদ্য দপ্তর, আপনাদের পুলিশ ডিপার্টমেন্ট কেন সেটেলমেন্ট থেকে কার কত জমি আছে, কার জমিতে বেশী উৎপাদন হতে পারে, কে লাইসেন্স করেছেন বা করেন নি তার হিসাব রাখলেন না? তারা মাটির তলায় ধান লুকিয়ে রাখলেন, আর আজ মানুষকে বলছেন যে তাঁরা হোর্ডিং করছেন। কেন আপনারা তাঁদের হিসাব রাখছেন না? আর একটা জিনিস আমরা দেখেছি যে মাঘ-ফাল্গুনে আপনারা একথা বললেন যে ধানের দাম কন্ট্রোল করেছি, এর বেশী কেউ ধান কিনতে পারবে না বা বিক্রী করতে পারবে না। আমরা দেখেছি যখন ধান উঠলো তখন কৃষকরা ১২।১৩ টাকা দরে ধান বিক্রী করতে বাধ্য হল। আমাদের মুখ্যমন্ত্রী রেডিওতে তাঁর মাসিক বক্তৃতায় বলতেন যে আমরা ধান-চাল কেনার ব্যবস্থা করছি যাতে অসহায় কৃষকরা বঞ্চিত না হয় কিন্তু আমরা দেখলাম সেই ব্যবস্থা আপনারা করেননি। আপনারা ডি পি এজেন্ট নিযুক্ত করলেন না। কোচবিহার জেলায় আপনারা সোসাইটির উপর কিছু ভার ছেড়ে দিলেন তারা কতটুকু ধান কিনতে পারে? ফলে কি হল, সেই ধান কিনলো মিল মালিকরা এবং মুনাফাখোরেরা। তারপর আপনারা ঘোষণা করলেন যে ৫০ ভাগ লেভি করা হবে, আর ৫০ ভাগ নিজেদের ইচ্ছামত বিক্রী করতে পারবে। আমরা বারবার সরকারকে বলেছি যে ৫০ ভাগ যেটা লেভি করবেন সেটার হিসাব না হয় থাকলো কিন্তু বাকীটার কে হিসাব রাখবে, আমরা বলেছিলাম তারা ধানচাল লুকিয়ে রেখে ভবিষ্যতে যখন দুর্ভিক্ষ আসবে তখন বেশী দরে যাতে বিক্রী করতে না পারে তার একটা হিসাব রাখুন—কি দেখা গেল, চৈত্র মাস থেকে মিল মালিকরা বললো আমাদের চাল সব বিক্রী হয়ে গেছে কিন্তু কোথায় কাকে দিল কোনখান দিয়ে চাল পাঠালো তার হিসাব আপনারা রাখেন নি। আমরা আমাদের পার্টির তরফ থেকে অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের বিরুদ্ধে অভিযোগ করেছি, সেই ভদ্রলোক তাদের ঢালাও হুকুম দিয়ে দিলেন যে আপনারা চাল বিক্রী করুন, ৫০ ভাগ লেভি বাদ দিয়ে যে চাল আছে, তারা বিক্রী করলো কি না করলো তা কেউ জানে না। চাল নেই, জোতদারদের চালের হিসাব রাখলেন না। বাজার থেকে চাল উধাও হয়ে গেল। কোচবিহার জেলায় এই অবস্থা দেখছি, আর আপনারা এমনভাবে দেখাচ্ছেন যে মডিফায়েড রেশনিং চালু করলেই খাদ্য সংকট দূর হয়ে যাবে। মডিফায়েড রেশনিং চালু হয়ে গেছে, খোলা বাজারে চাল নেই, লোকে হাট বাজারে চাল পাচ্ছে না খাদ্য সঙ্কট প্রকট হয়ে দাঁড়িয়েছে। আর একটা কি দেখছি, যখন দুর্ভিক্ষ আসে, গতবারে দেখলাম তেলের দাম আপনারা ৩॥ টাকা ঠিক করলেন কিন্তু ৬ টাকায় বিক্রী হল।

গতবারে দেখেছি চাল বিক্রী হয়েছে এক টাকায়। এস ডি ও তিনি তাঁরা বাধা দেন না—তাঁরা বলেন মশাই, চাল যখন বাজারে আসছে তখন বেশী দামে বিক্রী করুক না। এইভাবে মহাজনরা সুযোগ পেয়ে যান—তাঁরা দেখেন যে সরকার কিছুদিন বাজারটা ধরে রাখেন তারপর মহাজন, জোতদার তাদের কাছে নতি স্বীকার করেন। এবার দেখলাম ওখানে থেকে যে মহাজনরা ইচ্ছামত ধানচাল বিক্রী করছেন, তাঁরা বলেন বাজারে তো চাল আছে, আপনারা বাধা দেবেন না—ঠিক আছে বাধা দিলাম না। কিন্তু একটা জিনিস দেখলাম যে খোলা বাজারে ১ টাকা ১ টাকা ৫ পয়সায় মিলের চাল এবং ১ টাকা ১ টাকা ১০ পয়সায় ঢেঁকি ছাঁটা চাল বিক্রী হচ্ছে। গরীব বিধবারা আজকে ধান কিনলো, কালকে বিক্রী করলো, তা থেকে সামান্য কিছু মুনাফা থাকে কিন্তু মিলের ধান মাঘ-ফাল্গুন মাসে কেনা হয়েছিল—এই ধান কোথা থেকে আসে? এস ডি ও-কে জিজ্ঞাসা করলাম যে এই ৭০ পয়সা, ৭৬ পয়সার চাল কি করে বেশী দামে বিক্রী করার হুকুম দিলেন, তিনি বললেন আপনাদের সঙ্গে সহযোগিতা নেই, আপনারা এইসব বাধা দিচ্ছেন। অথচ ঢেঁকি ছাঁটা চাল বিধবারা যা কিনছে, তাদের এস ডি ও বলছেন যে ৮২ পয়সায় বিক্রী করতে হবে, বেশী দামে বিক্রী করতে পারবে না, অথচ মিলকে সুযোগ দিলেন বেশী দামে বিক্রী করতে। আমরা দেখেছি সরকারী কর্মচারীরা মিল মালিকদের সাথে জোতদারদের সাথে হাত মিলিয়ে কোচবিহার জেলায় পাপচক্র সৃষ্টি করেছে। গত ২৮শে এপ্রিল স্মরজিৎবাবু একটু মন দিয়ে শুনুন, আমি যে চিঠি চীফ সেক্রেটারীকে দিয়েছিলাম সেই চিঠি নিশ্চয়ই আপনি দেখেছেন- ২৮শে এপ্রিল ক্ষেত্রমোহন ঘোষের মিল থেকে এক বস্তা চাল যখন বেরিয়ে আসছিল তখন আমরা ধরেছিলাম। আমি এস ডি ও-কে ফোন করলাম, এস ডি ও-র সঙ্গে দেখা করলাম যে এই মিল সার্চ করা হোক। কারণ, ক্ষেত্রমোহন ঘোষ মার্চ মাসের প্রথম সপ্তাহ থেকে রিটার্ন দিচ্ছে যে তার স্টক নিল। অথচ তার মিল থেকে চাল বিক্রি হয়ে যাচ্ছে। সেজন্য এস ডি ও-কে বললাম যে সার্চ করা হোক, রাত্রে সার্চ করলে তার মিল থেকে চাল বেরুতে পারে। এস ডি ও বললেন আমি করব না। আপনারা সেই এস ডি ও-কে সবাবার ব্যবস্থা করলেন না। আজকে আপনি তেলের কথা বলছেন। ২·৯৫ পয়সায় তেল আমরা পাই না। উত্তরবঙ্গে ৪।৫ টাকা দিয়ে তেল পাওয়া যাচ্ছে না। আপনারা বললেন বাদাম তেল খাও। সেই বাদাম তেল খাওয়া সুরু করলাম। সেই বাদাম তেলের দাম ৪ টাকা হয়ে গেছে। আপনারা যে জিনিসটা খেতে বলেন আর মানুষ যে জিনিস খাওয়ার অভ্যাস সুরু করে মহাজনরা সেই জিনিসের উপর মুনাফা সুরু করে দেয়। কারণ, মহাজনরা জানে যে তাদের পদলেহনকারী সরকার এখানে অবস্থান করছে। আমরা ভাতের বদলে গম খেতে সুরু করলাম, এখন গম আটা ময়দা পাওয়া যাচ্ছে না। সরষের তেলের বদলে বাদাম তেল খেতে সুরু করলাম বাদাম তেলের কে জি ৪ টাকা সাড়ে ৪ টাকা হয়ে গেছে। নারকেল তেল বাজারে পাওয়া যায় না। আমি আপনাদের কাছে ভয়ের চোটে নারকেল তেলের দাবি করছি না, কারণ, নারকেল তেলের দাবি করলে আপনারা বলবেন চুল কেটে ফেল। এই হাউসে একজন মন্ত্রী অতীতকালে বলেছিলেন কাপড়ের বদলে হাফ প্যাণ্ট পর। সেজন্য নারকেল তেলের দাবি রাখছি না। এখন কথা হচ্ছে আপনারা উত্তরবঙ্গের দিনাজপুর, কোচবিহারে আর একটা অবস্থা সৃষ্টি করেছেন—সেখানে ৫০ পারসেন্ট চাল যেটা লেভি করেছেন সেটা কলকাতায় রেশনিং-এর জন্য নিয়ে আসবেন। এটার প্রতিবাদ আমরা বার বার করেছি। কারণ, সেখানে একটা হাওয়া উঠে গেল যে সরকার যে চাল লেভি করে রেখেছে সেই চালটা কলকাতায় চলে যাবে। ফলে জোতদাররা সেই সুযোগ নিয়েছে। দিনহাটা মিলের চালে অন্ততঃপক্ষে শ্রাবণ, ভাদ্র মাস পর্যন্ত উত্তরবঙ্গের চলে। আপনারা লেভি করে রেখেছেন আর আপনারা বলছেন আমরা লেভি করে কলকাতার লোককে ভাল চাল খাওয়াব। কলকাতার লোক সৌভাগ্যবান সন্দেহ নেই। কিন্তু আপনারা কি করছেন—আপনারা উড়িষ্যার চাল আমাদের দেবেন বলে কথা দিচ্ছেন, উড়িষ্যার চাল কলকাতা হয়ে উত্তরবঙ্গে যাবে তার একটা খরচ, আবার কোচবিহারের চাল উত্তরবঙ্গ হয়ে কলকাতায় আসবে তার একটা খরচ, ফলে দাম আরো বেড়ে যাবে, জনসাধারণকে বেশী দাম বহন করতে হবে। অবশ্য আপনাদের পেটোয়া কন্ট্রাক্টররা কিছু লাভবান হবেন। আপনাদের যারা অনুগ্রহপ্রার্থী তাদের আপনারা অনুগ্রহ বিতরণ করতে পারবেন। কিন্তু জনসাধারণকে আপনারা আরো সঙ্কটের মধ্যে ফেলে দিচ্ছেন। আর একটা ব্যাপার হয়েছে সেটা হচ্ছে জানুয়ারী মাস পড়তেই চালের দাম বাড়িয়ে দিলেন, যার ফলে হাওয়া উঠে গেল যে ধান চালের দাম বেড়ে

গেল, জোতদাররা সেটার জন্য অপেক্ষা করে থাকল। ৩১শে ডিসেম্বর যে মিল মালিকরা ধান কিনল ১৪ টাকায় ১লা জানুয়ারীতে সেই মিল মালিক ধানের দাম দেখাল সরকারকে ১৬ টাকা। মহাজনরা এক দিনে লক্ষ লক্ষ টাকা লাভ করল সেদিকে আপনারা লক্ষ্য রাখলেন না। আপনারাই ধান চালের দাম বাড়িয়ে দিয়ে একটা কৃত্রিম বাজার সৃষ্টি করলেন। আমি আপনাদের বলি শুধু মডিফায়েড রেশনিং দিয়ে কিছু হবে না। যদি খোলা বাজারে সস্তা দরে চাল না পাওয়া যায় তাহলে এক কে জি চাল আর আধ কে জি গমে একটা মানুষের চলতে পারে না এক সপ্তাহ। আপনারা বলছেন বেশী করে আলু খাও, বেশী করে তরিতরকারি খাও। আজকে বাজারে গিয়ে দেখুন আলু কিনবার উপায় নেই , মাছ পাওয়া যায় না, দুধ পাওয়া যায় না। আপনাদের সরকারের কল্যাণে কোন জিনিস সস্তা দরে পাওয়া যায় না। একটামাত্র আছে সেটা হচ্ছে আপনাদের বক্তৃতা, বেতারের মাধ্যমে আপনাদের বাণী। তাছাড়া বাংলাদেশের মানুষ আর কিছু পাচ্ছে না। আগামী ৬ মাস আমাদের দুঃখ সঙ্কট দুর্ভিক্ষের মধ্য দিয়ে কাটাতে হবে। এখনই দুর্ভিক্ষ সুরু হয়ে গেছে। আপনারা বলছেন বাম্পার ক্রপ। অন্যবার দুর্ভিক্ষ সুরু হত আষাঢ় শ্রাবণে এবার সুরু হয়ে গেছে চৈত্রে। আপনারা যদি এখনও সতর্ক না হন এখনও যদি মানুষকে বাঁচাবার জন্য আন্তরিক চেষ্টা না করেন তাহলে আগামী ৬ মাসে বাংলাদেশে যে আবহাওয়ার সৃষ্টি হবে বাংলাদেশের ক্ষুধার্ত মানুষ যেভাবে এগিয়ে আসবে সে চিন্তা আপনারা করতে পারছেন না. হাজার হাজার ডি আই রুল দিয়ে হাজার হাজার পুলিশ দিয়ে সেই ক্ষুধার্ত মানুষকে আপনারা ঠেকাতে পারবেন না। আপনাদের তাদের সঙ্গে মোকাবিলা করতে হবে. সেই মোকাবিলার দিন আসছে। হয় খেতে দেবেন, তা না হলে তারা আর আপনাদের অপেক্ষা করবে না ক্ষুধার্ত মানুষ তাদের শীর্ণ হাত দিয়ে আপনাদের কণ্ঠ চেপে ধরে এই ঘর থেকে বের করে রাস্তায় ছুঁড়ে ফেলে দেবে। সেই দিন আসছে, এখনও সতর্ক হন।

শ্রীগোপাল ব্যানার্জী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পাঁচদিন আগে মাননীয় কৃষিমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন খাদ্য সম্পর্কে, সেই বিবৃতি অত্যন্ত আত্মসন্তুষ্টিমূলক। এর আগে যখন আলোচনা হয়েছে খাদ্য সম্পর্কে, তখন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, এবার প্রচুর ফসল ফলেছে, বাম্পার ক্রপ হয়েছে, কোন অসুবিধা হবে না। আমরা কলকাতায় রেশনিং করছি এবং অন্যান্য জায়গায় প্রয়োজনমত মডিফায়েড রেশনিং করব। তিনি আরও হাঁকডাক করে বলেছিলেন যে, আরও প্রচুর চাল সংগ্রহ করবার চেষ্টা করব। শুধু লেভী মারফত নয়, সরকারকে কাজে লাগাব, পঞ্চায়েতকেও কাজে লাগাব। কৃষিমন্ত্রী বিবৃতিতে এবার যা বলেছেন তার মোদ্দা কথা হল আপনারা আশ্বস্ত থাকুন, সমস্ত ব্যাপারটা আমরা আয়ত্তের মধ্যে রেখেছি, চিন্তার কোন কারণ নাই। শেষে হুঙ্কার দিয়েছেন—খারাপ লোক যাঁরা, তোমরা সাবধান হও, নতুবা বিপদে পড়বে।

[At this stage the House was adjourned for half an hour]

[After adjournment]

[5-15—5-25 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই কথাই বলছিলাম, কৃষিমন্ত্রী বলেছেন আশ্বস্ত থাকতে। কিন্তু আশ্বস্ত থাকবার কোন উপায় আছে কি? গত পাঁচদিনের ঘটনাবলী কি? আমাদের পার্টি অফিসে মেদিনীপুর জেলা—তাঁরা যেটা বাড়তি জেলা বলে থাকেন, সেখান থেকে এতগুলি টেলিগ্রাম এসেছে—গম বা গমজাত দ্রব্য নাই, চালের দামও বেড়ে আছে। খাদ্য দপ্তরেও তার কপি এসেছে—তাও জানি। এই হচ্ছে পরিস্থিতি। যুগান্তর কাগজে দেখা যাচ্ছে সর্বত্র চালের দাম বেড়ে যাচ্ছে। সরকারের যে একটা নির্ধারিত দাম আছে সেটা প্রযুক্ত কোনখানে আছে কিনা—লোকে ভুলে গেছে। এখন সরকারের যে নির্ধারিত দাম আছে, সেটা লোকে ভুলে গেছে। চালর দাম কোন জায়গায় এক টাকা, কোন জায়গায় এক টাকা দশ পয়সা কোন জায়গায় এক টাকা ত্রিশ পয়সা। আমি নিজে হাবড়া গিয়েছিলাম সেখানে দেখলাম এক টাকা চল্লিশ পয়সা কে জি তাও পাওয়া যাচ্ছে না। এই হচ্ছে পরিস্থিতি। এই পরিস্থিতি যে হবে সে সম্পর্কে আমরা আগেই সরকারকে সতর্ক করেছিলাম এবং কয়েক বছর ধরে আমরা সতর্ক করে দিয়েছি যে, বাম্পার ক্রপ-এর সঙ্গে এই মূল্যবৃদ্ধির কোন সম্পর্ক নাই। আমরা এই কথাই বলছি যে,

বাংলাদেশে অস্বাভাবিক অবস্থা চালাচ্ছে খাদ্যের ব্যাপারে—চালডালের বাজারে কিছু অসামাজিক লোক। বাড়তিই হোক বা উদ্বৃত্তই হোক শুধু তাই দিয়ে এই অবস্থাটা আয়ত্তে আনার উপায় নাই। বিপদ হচ্ছে এই হিসেব, মুখ্যমন্ত্রী মনে করেন বাংলাদেশে খাদ্যসঙ্কট বলে কিছু নাই। গত বছর তিনি ভাষণ দিলেন বাংলাদেশে খাদ্যসঙ্কট নাই। আছে কি? চালের সঙ্কট। গম খাও। একমাত্র শ্লোগান হচ্ছে গম খাও। এখন গমের অবস্থাটা কি? দশ লক্ষ টন গম আমরা খেলাম, তাঁর আশা-আকাঙ্ক্ষা পূর্ণ করলাম। এখন অবস্থাটা কি? এখন গমও তাঁরা দিতে পারছেন না। কেন? আমেরিকার শ্রমিকরা ধর্মঘট করেছেন। কাজেই গম আসছে না। তা হলে কি তাঁদের খাদ্যনীতি? আমেরিকা থেকে গম এনে তাঁরা আমাদের গম খাওয়াবেন। গম খেলে সঙ্কট মিটে যাবে। এখন আবার চালের সঙ্কটকে স্বীকার না করে তাকে যদি নির্ভরশীল করে রাখা হয় গমের উপর, তাহলে এটা একটা মারাত্মক ব্যাপার। এটা আমরা বার বার সমালোচনা করেছি। এটা আমরা বার বার সমালোচনার মাধ্যমে বলেছি যে, পরের ভিক্ষার উপর নির্ভর করে কোন দেশের খাদ্যনীতি নির্ধারণ করা মারাত্মক ব্যাপার। কিন্তু এই জিনিসটা বছরের পর বছর চলছে। এদিকে সর্বপ্রধান বিপদ হল এই যে, মুখ্যমন্ত্রী স্বীকার করতে চান না, খাদ্যসঙ্কট বলে কোন জিনিস আছে। তার উপর এবার চাল, গম এবং অন্যান্য জিনিসের সঙ্কট একসঙ্গে দেখা দিয়েছে। এখন এ সম্পর্কে আমরা বার বার বলেছি যে, চালের উৎপাদনের দিক একটা আছে বটে, কিন্তু সেটা কি? না, থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় লক্ষ্য স্থাপন করা হল ৬৫ লক্ষ টন চাল বা খাদ্যশস্য তৈরি করবে, এখন সে লক্ষ্য কোথায় গিয়েছে জানি না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছরে যা ছিল তার চেয়ে বিশেষ কোন উন্নতি হয় নি। যা কিছু বাড়তি হয় সেটাও সাময়িক। কিন্তু তাতে কোন স্থায়ীভাব নেই। সুতরাং এই অবস্থা যখন চলছে তখন বিশেষ করে বণ্টন এবং সংগ্রহের দিকে নজর দেওয়া প্রয়োজন। তারপর, যেখানে ঘাটতি রয়েছে, লক্ষ্য পূরণ করতে পারছেন না, সেখানে মুখ্যমন্ত্রী তাঁর স্টেটমেন্টে বলেন যে, বাম্পার যেটা হয়েছে, নর্মাল মার্কেট কন্ডিশন চলবে। সুতরাং কোন চিন্তা নেই। এই বলে তিনি দায়িত্ব অস্বীকার করলেন। কিন্তু অবস্থাটা কি দাঁড়াল? নরমাল মার্কেট কন্ডিশন কি আজ চলছে? গতবারে জুন, জুলাই মাসে ক্রাইসিস আরম্ভ হয়েছিল এবারে দেখছি এপ্রিল থেকেই ক্রাইসিস সুরু হয়েছে। অর্থাৎ বেশি ফসল হওয়া সত্ত্বেও সঙ্কট আগে থেকে সুরু হচ্ছে। সুতরাং বর্তমানে বাজারে কোন নিয়মকানুন চলে না সেটাই প্রমাণ হয়েছে। আমরা তাই বলছিলাম খাদ্যশস্যের রাষ্ট্রীয় ব্যবস্থা চালু করুন, কথাটা শুনলেই ও'রা বলতেন যে এটা কম্যুনিস্টদের একটা আওয়াজ। কিন্তু তা নয়, এটা কম্যুনিস্টদের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে গেছে। তা ছাড়া কংগ্রেসের যে এ আই সি সি রেজলিউশন তাতেও লেখা আছে, স্টেট ট্রেডিংটা শুধু কম্যুনিস্ট কান্ট্রিতে নয়, জাপান, অস্ট্রেলিয়া এবং অন্যান্য জায়গায়ও ফুডের উপর স্টেট ট্রেডিং চলে। সেইজন্যই বলেছি যে, ফুডের উপর স্টেট ট্রেডিং কর, ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন কর, তা না হলে এ সমস্যার সমাধান হবে না। গতবার উনি বিবৃতি দিলেন যে, ব্যাঙ্ক আর কত টাকা অ্যাডভান্স করছে, খুব সামান্য টাকা। তাতে টু পারসেন্ট, থ্রি পারসেন্ট অফ দি টোট্যাল ক্রেডিট। তাতে কন্ট্রোল করা যায় না। সুতরাং এদিকে কোন সমস্যার ব্যাপার নেই। মুখ্যমন্ত্রীর ব্যবসায়ীদের সাধুতার উপর খুব আস্থা। অবশ্য সম্প্রতি কয়েকজনকে ধরেছেন। তা না হলে তিনি কি করে বিশ্বাস করেন যে, ব্যাঙ্কএ সোজা পথে যে টাকা আসে সে টাকার মারফৎ খাদ্য ব্যবসায়ীকে নিয়ন্ত্রণ করা যায়, এটা মোটেই ঠিক নয়, বাঁকা পথ আছে। সে পথে বহু টাকা আসে, সেই টাকা দিয়ে তারা কন্ট্রোল করে। তা ছাড়া যে কালো টাকা বাজারে ছড়িয়ে আছে সেটা কন্ট্রোল করা যায় না যদি না ব্যাঙ্ক ন্যাশনালাইজ করা যায়। আপনারা হয়ত বলবেন এগুলো বড় বড় কথা। কিন্তু তা নয়। কারণ, বাংলাদেশের মার্কেটেবল সারপ্লাস ১২ থেকে ১৩ লক্ষ টন চাল—গত বছর আমরা বললাম যদি মার্কেট কন্ট্রোল করতে হয় তাহলে অন্তত ৭-৮ লক্ষ টন গভর্নমেন্টকে প্রোকিওর করতে হবে। সেই প্রোকিওরমেন্টএর জন্য প্রথমে খুব হাঁকডাক ছাড়বেন যে, আমরা এত প্রোকিওর করব, এই করব, তাই করব। কিন্তু যা গত বছর ছিল সেই চালকলের উপর লেভি—তার থেকে ৪ লক্ষ টন তাঁরা আদায় করলেন। আর সাড়ে তিন লক্ষ টন কেন্দ্রীয় সরকার, বাদ বাকি ৮-১০ লক্ষ টন গম। এই দিয়ে অবস্থা আয়ত্তে রাখা হবে। তারপর এই লেভীর মধ্যে কত পেলেন, ৫৬ পারসেন্ট

ফুলফিলমেন্ট এখানে ২ লক্ষ ২৪ হাজার টন তাঁরা নিয়েছেন। যখন বাজারে মার্কেটেবল সারপ্লাস সবচেয়ে বেশি চাল আসে তখনই এই অবস্থা। তাহলে আগামীদিনে তাঁরা কি করবেন? বলছেন আশ্বস্ত থাকুন। সাধারণ মানুষ তাঁদের মনে একটা আশংকা হয়েছে—অবশ্য সেটা খুব স্বাভাবিক এবং তার মধ্যে যারা স্বার্থান্বেষী লোক তাদের প্রচারও আছে যে, কলকাতায় রেশনিং চলবে কি চলবে না? উনি অবশ্য বলেছেন যে, মডিফায়েড রেশনিং করব। তার জন্য কোন চিন্তা নেই। কত চাল হাতে আছে যে, মডিফায়েড রেশনিং করবেন? মডিফায়েড রেশনিংএর জন্য যখন বলছেন ৩·৫ লক্ষ টন যদি ৪ লক্ষ টন চালকলের লেভী থেকে আসে, হাতে আছে ২·২৪, ১২-১৩ হাজার টন কো-অপারেটিভ মারফৎ পেয়েছেন, ১ লক্ষ ইন্ডিয়া গভর্নমেন্ট মারফৎ পেয়েছেন। অর্থাৎ রেশন এলাকার পুরো খাবার হাতে নেই। এই অবস্থায় বলা হচ্ছে সবাই নিশ্চিন্ত থাকুন, আমাদের সব ঠিক আছে। যখন চাল কেনবার জন্য বাজারে নামবার দরকার ছিল তখন নামলেন না। আর কিনলেন কত? কো-অপারেটিভ এবং সরাসরি মারফত এটা কোন স্টক করবার জন্য নয়, বলছেন প্রাইস সাপোর্ট পলিসির জন্য কিনেছি সাড়ে তের লক্ষ টন। এটা কি ছেলেখেলা? এই দিয়ে তাঁরা কি কেন স্টক করতে যাচ্ছেন, কন্ট্রোল করতে যাচ্ছেন? না, তা নয়। মজুতদার এবং মুনাফাখোরদের হাতে মার্কেটেবল সারপ্লাস তুলে দিয়ে এখন একটা হুংকার দেওয়া হচ্ছে, "সাবধান, আমরা তোমাদের ধরে ফেলব। এ যেন ঘর থেকে চোর পালিয়ে যাবার মত অবস্থা। এটা মজুতদার মুনাফাখোরদের স্বার্থে একটা পলিসি তৈরি হয়েছে। তারপর কৃষিসংস্কার বলে খুব হাঁকডাক ছাড়া হচ্ছে। মায়াপুরে আর্তনাদ উঠেছে যে, "লাঙ্গল যার জমি তার"। নিজেদের যে অক্ষমতা, ব্যর্থতা, এর চেয়ে বড় স্বীকৃতি আর কি আছে? তাঁরা গ্রামে কি করছেন? কৃষিসংস্কারের মধ্যে দিয়ে একই লোক জোতদার, মহাজন। ব্যবসাদার আবার শহরের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছে। তার ফলে জমিদার শ্রেণীর বদলে একটা নতুন শ্রেণীর সৃষ্টি হয়েছে। যাঁদের হাতে গ্রামের রাজনৈতিক ক্ষমতাও আছে। তাঁরা এইসমস্ত চালকে হোর্ড করে রেখেছেন। এঁদের সম্বন্ধে কি ব্যবস্থা করা হয়েছে হোল স্টেটমেন্টএ সে সম্বন্ধে কিছু নেই। এমনকি চাল কেনবার জন্য কি ব্যবস্থা করা হয়েছে তাও কিছু বলা হয় নি। অথচ বলা হচ্ছে, "তোমরা আশ্বস্ত থাক"। তারপর মুখ্যমন্ত্রী বলছিলেন যে, আন্দোলনের আর দরকার হবে না, বামপন্থীদের পেশাই তো আন্দোলন করা, এবারে আমরা এমন পলিসি নিচ্ছি যাতে সব আন্দোলন ভেঙ্গে যাবে। কিন্তু আসল পরিস্থিতিটা কি হচ্ছে? আজকে বামপন্থীদের আর আন্দোলন করবার দরকার নেই। সাধারণ মানুষ বিভিন্ন জায়গায় আন্দোলনে অগ্রসর হচ্ছেন। অবশ্য নেতৃত্বের জন্য তাঁরা আমাদের কাছে আসবেন। আমরাও দেব। কিন্তু আমরা পরিষ্কারভাবে জানতে চাই এই পলিসির চেঞ্জ হবে কিনা এবং সরকারী নির্ধারিত মূল্য কিছু আছে কিনা? দ্বিতীয় কথা সেই মূল্যে চাল-পাওয়া যাবে কিনা, খুব ক্যাটেগরিক্যালি বলতে হবে, এম আর শপ বাদ দিয়ে, আর এটা এনফোর্স করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে? তাছাড়া আগামীদিনের জন্য তাঁরা কি করবেন, কিভাবে তাঁরা স্টক ফুলফিল করবেন। চার লক্ষ টন, আর বাদবাকি যেটা সেটা ভারত সরকারের সঙ্গে ঝগড়াঝাঁটি করে আদায় করুন -তা আমাদের দেখবার দরকার নেই। কিন্তু অন্য স্টেটএর জোতদার বা মুনাফাখোরদের যদি ভারত সরকার পোষণ করতে চান এবং তাঁদের যদি লড়াই করবার ক্ষমতা না থাকে তাহলে সেখানে তাঁরা বলে দিন যে, আমরা পারছি না। তবে উড়িষ্যার জোতদার বা অন্য কোন জায়গার জোতদারকে বেশি দাম দিতে হবে, এই নীতি সম্পর্কে নিশ্চয়ই কোন সমর্থন বা নমনীয় মনোভাব আমাদের থাকতে পারে না। তারপর কলকাতায় যদি রেশন করা হয়, তাহলে তার কোটা বাড়বে কিনা? এটা কি ছেলেখেলা যে, একটা লোককে বলা হচ্ছে, একবেলায় তিন আউন্স খাও। অবশ্য মন্ত্রিমহাশয়রা বলেন যে, তাঁদের তিন আউন্সে চলে। ঔষধের চেয়ে অনুপানটা যদি বেশি হয় তাহলে চলতে পারে, কিন্তু সাধারণ খেটে খাওয়া মানুষ তাদের এতে চলে কিনা জানি না। আর এই পরিমাণটা যদি না বাড়ে তাহলে সমস্ত রেশন এলাকাই ব্ল্যাকমার্কেটিং চলবে। সকলেই জানেন রেশন এলাকায় এক টাকা ৩০।৪০।৫০ পয়সা কেজি চাল বিক্রি হচ্ছে। এসব চোখে দেখেও দেখা হচ্ছে না। সেইজন্যই বলছি এটাকে বাড়িয়ে যদি চাল গম মিলিয়ে তিন কেজি করা যায় তাহলে মোটামুটি একটা অবস্থা হয়। তারপর যেসব ঘাটতি এলাকা রয়েছে সেখানে মডিফায়েড রেশনিং আরও ব্যাপকভাবে চালু করতে

হবে কিনা? আর যেখানে স্কেয়ারসিটি হচ্ছে সেখানে ব্যবস্থা অবলম্বন করা হবে কিনা? ব্যাপকভাবে মডিফায়েড রেশনিং করার স্টক যখন আছে তখন সেটা চালু করা হলেই মার্কেট কন্ট্রোল হবে। এটা করার জন্য কি ব্যবস্থা আছে সেটাও জানতে চাই। তারপর আগে গ্রামে বড় বড় জোতদার এবং কৃষক সম্প্রদায় যারা আছে তাদের কাছে চাল বা ধান থাকে একথা স্বীকার করতেন না, এখন অবশ্য করেন। সুতরাং তাদের সম্পর্কে কি ব্যবস্থা করলেন সেটাও জানতে চাই। এ সমস্ত অব্যবস্থার যদি প্রতিকার করা যায় তাহলেই লোকে আশ্বস্ত থাকতে পারে। অন্যথায় আমি মনে করতে পারি একটা কাগজের মধ্যে কতকগুলি পলিসি লেখা আছে, কিন্তু বাস্তবে তা প্রয়োগের সম্ভাবনা নেই বা তার প্রভাব নেই। এই হচ্ছে পরিস্থিতি।

সুতরাং আশ্বস্ত হওয়ার যে স্টেটমেন্ট সেটা অত্যন্ত আত্মসন্তুষ্টিমূলক স্টেটমেন্ট, এটা দিয়ে বাংলাদেশের ফুড ক্রাইসিস-এর সমাধান করা যায় না। তবে শুধু এটাই নয়, কেরোসিন তেল, সর্ষের তেল, কয়লার আবার ক্রাইসিস হয়েছে, কাজেই এখনই যদি হস্তক্ষেপ না করা যায় তাহলে অবস্থা খারাপ হবে। আপনারা ক্যাটিগরিক্যালি স্টেটমেন্ট করুন যে, সরকার নির্ধারিত দাম এনফোর্স করার জন্য কি করছেন এবং কেন পারছেন না। আমি আর কতগুলি প্রশ্ন করতে চাই এবং তার মধ্যে একটা হচ্ছে রেশনের কোটা বাড়াবেন কিনা, দ্বিতীয়টা হচ্ছে ডেফিসিট ডিস্ট্রিক্টএ মডিফায়েড রেশনিং ব্যাপকভাবে চালু করবেন কিনা এবং তৃতীয় প্রশ্ন হচ্ছে স্টক আনবার জন্য কি ব্যবস্থা করছেন? এগুলি যদি ফুড পলিসির মধ্যে না থাকে তাহলে বলব এটা ভাঁওতা, এটা দিয়ে খাদ্যসংকটের সমাধান হবে না।

[5-25—5-35 p.m.]

Shri Nikhil Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এবারে মে মাসের প্রথম সপ্তাহেই আমাদের খাদ্য বিতর্কে নামতে হয়েছে এবং আমাদের খাদ্য দপ্তরের তরফ থেকে মুখ্যমন্ত্রী নয়, তাঁর পরের যিনি মন্ত্রী তিনি যে বিবৃতি আমাদের সামনে দিয়েছেন তাতে একথার স্বীকৃতি রয়েছে যে, চালের সংকট দেখা দিয়েছে এবং কিছু এলাকা আছে যেখানে কিছুদিন যাবত চাল পাওয়া যাচ্ছে না, চালের দর বেড়েছে। তাহলে দেখতে পাচ্ছি খাদ্য সংকট যে দেখা দিয়েছে তার স্বীকৃতি দিতে তিনি বাধ্য হয়েছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন গত ২-৩ বছর ধরে প্রতি বছর সরকারের কাছে আমরা দাবি রাখছি যে, একটা সুষ্ঠু খাদ্যনীতি আপনারা চালু রাখুন। আপনার নিশ্চয়ই খেয়াল আছে, ১৯৬৪ সালের আগস্ট-সেপ্টেম্বর মাসে আমাদের মুখ্যমন্ত্রী ফুড পলিসির উপর একটা স্টেটমেন্ট দিয়েছিলেন এবং বলেছিলেন স্টেট ট্রেডিং-এর কথা আমরা চিন্তা করছি। ডিসেম্বর মাসে তিনি যখন এ বছরের খাদ্যনীতি ঘোষণা করলেন তখন তিনি বলেছিলেন এবারে চিন্তার কারণ নেই—বাম্পার ক্রপ হয়েছে, সুতরাং স্টেট ট্রেডিংএর আর দরকার হবে না। তিনি বলেছিলেন চালকল থেকে আমরা ৪ লক্ষ টন নেব এবং কেন্দ্রীয় সরকার থেকে ৪ লক্ষ টন পাব, কাজেই বাংলাদেশে চালের সংকট আর হবে না। কিন্তু আমরা আজ কি দেখছি? আমরা দেখছি সেদিন তিনি যে গ্যারান্টি আমাদের দিয়েছিলেন সেটা আজকে অসত্য বলে প্রমাণিত হয়েছে এবং যে খাদ্যনীতি সরকার গ্রহণ করেছেন সেটা ব্যর্থ হয়েছে। কাজেই মুখ্য-মন্ত্রীর যদি সৎসাহস থাকে তাহলে এই হাউসে দাঁড়িয়ে তাঁর ঘোষণা করা উচিত যে আমরা যে খাদ্যনীতি ঘোষণা করেছিলাম সেটা ব্যর্থ হয়েছে এটাকে পাল্টাতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যখনই খাদ্য বিতর্ক আরম্ভ হয় তখন আমরা দুটি কথা শুনি—খাদ্যের ফলন বাড়াতে হবে, জনসংখ্যা কমাতে হবে এবং তা যদি না করা হয় তাহলে বাংলাদেশের খাদ্যসংকট চিরস্থায়ী হবে। খাদ্যের ফলন বাড়ালে যে খাদ্যসংকট কমে না তার প্রমাণ আছে। গতবার বলেছিলেন ধান, চাল এবং সরষে কম হয়েছে বলে খাদ্যাভাব হয়েছে। কিন্ত এবারে বাম্পার ক্রপ হওয়া সত্ত্বেও এই এপ্রিল-মে মাসে খাদ্যসংকট দেখা দিল কেন? কাজেই ফলনের সঙ্গে খাদ্যসংকট জড়িয়ে নেই। এটা জড়িয়ে আছে অন্য একটা জায়গায় এবং সেটা হচ্ছে চালের এই মজুতদারদের এবং বড় বড় চালকলের মালিকদের যদি ব্যবসাক্ষেত্র থেকে অপসারিত করতে না পারেন তাহলে যতই লোক দেখানো কথা বলুন না কেন, আমাদের দেশে বারে বারে যে

খাদ্যসংকট দেখা দেবে সেকথা আমরা বারে বারে কংগ্রেসী সদস্যদের কাছে এবং মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরবার চেষ্টা করেছি। কিন্তু তাঁরা এগুলো বুঝেও না বোঝার ভাণ করছেন, কারণ চালের মহাজন, চালের ব্যাপারী, তেলের মহাজন, তেলের ব্যাপারীদের উপর নির্ভর করে কংগ্রেস সংগঠন চলছে বলে তাঁরা তাঁদের চটাতে চান না। কিন্তু সেই কাজ না করলে শুধু বিবৃতি দিয়ে কাজ হবে না। তারপর মুখ্যমন্ত্রী আমাদের ধন্যবাদ দিয়েছেন আমরা নাকি ভালভাবে রেজিসস্টেন্স মুভমেন্ট করি। যখন সরষের তেলের অভাব দেখা দেবে তখন বাদাম তেল খাবে, যখন চালের অভাব দেখা দেবে তখন গম খাবে, যখন চাল এবং গম উভয়ের অভাব দেখা দেবে তখন গাছের পাতা খাবে—অর্থাৎ রেজিসটেন্স মুভমেন্ট-এর অর্থ কি এই যে, যখন যে জিনিসের দাম বাড়বে তখন সেই জিনিস খেও না তাহলে মজুতদাররা জিনিস ছাড়তে বাধ্য হবে? গতবার মুখ্যমন্ত্রী জনসাধারণকে ধন্যবাদ দিয়েছিলেন, কারণ জনসাধারণ সরষের তেলের বিরুদ্ধে অত্যন্ত ভাল রেজিসটেন্স মুভমেন্ট করেছিলেন সরষের তেল না খেয়ে। এর চেয়ে অপদার্থতার কথা আর কোন সরকারের পক্ষে হতে পারে না। মানুষ যখন খাদ্য পায় না তখন তাকে যদি যদি বলা হয়, রেজিসটেন্স মুভমেন্ট গড়ে তোল—অর্থাৎ এই জিনিস খেও না তাহলে বলতে হয় সরকারের নীতি হচ্ছে তোমরা খেও না। তাহলে আমরা দেখছি কি? আমরা দেখছি আমি যদি ভাত, রুটি, সরষের তেল না খাই তাহলে সরকারের খাদ্যনীতি সুষ্ঠুভাবে চলবে —অর্থাৎ সরকারের নীতি হচ্ছে খেও না, খেও না, আধপেটা খেয়ে মরে যাও। এই হচ্ছে খাদ্যনীতির মূল এবং গোড়ার কথা। আমাদের মুখ্যমন্ত্রী জাপান থেকে ঘুরে এলেন, কারণ আমাদের খাদ্যের ফলন কি করে বাড়ানো যায় সেটা দেখার জন্য। কিন্তু এর জন্য জাপানে যাবার কোন দরকার ছিল না। একটা কথা বারবার হাউসে তুলে ধরবার চেষ্টা করেছি, সেটা হচ্ছে ধান, চাল এবং ক্যাশ ক্রপএর জন্য আজকে যদি কৃষককে ইনসেনটিভ প্রাইস না দেওয়া যায়, তাহলে আমাদের দেশে ধানের ফলন বাড়বে না, জাপান থেকে তিনি ঘুরে এলেন তাতে তিনি কি জানেন না যে, জাপানে চাষীদের কাছ থেকে যে দামে ধান কেনা হয় আর তা বাজারে যখন বিক্রি হয় তখন সরকার প্রতি মণে ৪ টাকা ৯ আনা লোকসান দেয়। এভাবে তারা কৃষককে ইনসেনটিভ প্রাইস দেয় এবং তা দিয়ে জাপানে কৃষিক্ষেত্রে ফলন ৩-৪ মণ বেড়ে গেল। আমেরিকা ফলন বাড়াতে পাচ্ছে না, কিন্তু জাপানের সেই ইনসেনটিভ প্রাইস টু দি কাল্টিভেটরস এ নীতি গ্রহণ করার ফলে আমেরিকার কৃষির ফলন বেড়ে গেল, তাই কৃষির ফলন বাড়বার মূল কথা হচ্ছে কৃষকের ইনসেনটিভ প্রাইস দেওয়া যাতে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে এবং সে জিনিসগুলো মানুষের কাছে বিলি-বণ্টন করার শুধু ব্যবস্থাও দরকার। এটাই হচ্ছে মূল কথা, কিন্তু তার আশপাশ দিয়ে তাঁরা যাবেন না। তাঁরা বক্তৃতা দেবেন আর ধানের দাম বাড়াবেন ১৪, ১৫, ১৬ টাকা। আমরা দেখলাম ও'রা বললেন যে, চীপ রেট চাল গ্রামাঞ্চলে দেবেন যে চাল তাঁরা কৃষকের কাছ থেকে পাবেন। আমরা দেখেছি সে চাল আমরা পাই নি। এখন মডিফায়েড রেশনিংএ ফাইন ভ্যারাইটি চাল ৮২-৮৫ পয়সা, সেখানে আমাদের এখন যে চাল সে চাল কোর্সার ভ্যারাইটি সেটা বাজারে ঐ চাল বলে বিক্রি হচ্ছে। অর্থাৎ সস্তা দামে চাল দেবার যে প্রতিশ্রুতি এই হাউসের মেম্বারদের তিনি গতবার দিয়েছিলেন সে প্রতিশ্রুতি তিনি রাখতে পারেন নি। তিনি বলেছিলেন যে, আমরা কেন্দ্র থেকে উড়িষ্যা থেকে যে মোটা চাল পাব সে চাল আমরা ২২ টাকা দরে রেশন শপ থেকে দেবার ব্যবস্থা করব। তিনি এই যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা তিনি রাখতে পারেন নি। সস্তা দামে গ্রামাঞ্চলে চাল দিতে পারেন নি। আপনি জানেন যে, খাদ্যের ব্যাপারে শুধু ফলন বাড়ালেই হবে না, বণ্টন সুষ্ঠুভাবে করতে হয়। ফলন বাড়াতে গেলে যা দরকার তা তাঁরা করেন নি। লাঙ্গল যার জমি তার, একটা প্রতারণামূলক আওয়াজ তাঁরা তুলেছিলেন কৃষককে ভুল বোঝানোর জন্য। কৃষকের জমির ফলন বাড়ানো দরকার ইনসেনটিভ প্রাইস দেওয়া দরকার। কিন্তু সেদিকে তাঁরা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। বণ্টনের ক্ষেত্রে তাঁরা ব্যবসাদারদের কাছে সম্পূর্ণভাবে আত্মসমর্পণ করেছেন, এখানে বক্তৃতা দিয়ে বললেন যে, আমরা এতজনকে ডি আই আরএ ধরেছি। আমি আপনার মাধ্যমে একটা প্রশ্ন করছি যে কাকে ডি আই আরএ ধরেছেন না ধরেছেন সে প্রশ্ন এর সঙ্গে জড়িত নয়, প্রশ্নটা হচ্ছে চাল, ডাল তেলের দাম কমল কিনা? কতজনকে ডি আই আর-এ ধরছেন তার ফিরিস্তি আমরা শুনতে চাই না। আমরা চাই বাংলা দেশে ২২ টাকা মণে চাল পাওয়া যাবে কিনা? সরিষার তেল ২ টাকা করতে পেরেছেন কিনা? ডাল ১২-১৪ আনা কেজি করতে পেরেছেন

কিনা? আপনারা যেমন লোক দেখানোভাবে ধরেছেন তেমনি লোক দেখানো ছেড়েও দিয়েছেন। অর্থাৎ যারা চোরাকারবারী করে তারা ঠিক করে যাবেন, তাই আপনার মাধ্যমে বলতে চাই আপনাদের যদি সততা থাকে, দরদ থাকে তাহলে প্রথম কাজ হবে মজুতদারবিরোধী অভিযান করা। এ সম্বন্ধে আপনাদের কাছ থেকে উত্তর চাই। গ্রামাঞ্চলে এখনও অনেক মজুতদার আছে. চালকুলের মালিক আছে যাদের গোলায় হাজার হাজার মণ ধান চাল আছে। উত্তরবঙ্গে জলপাইগুড়ি জেলার বিভিন্ন এলাকায় চালকলের মজুতদাররা বর্ডারের সীমানা দিয়ে চাল চালান করছে এ সংবাদ সরকার জানেন এবং পুলিশও জানে। সুতরাং মজুতদারদের বিরুদ্ধে সরকার যদি অভিযান না চালান তাহলে খাদ্যসঙ্কট আরও তীব্র হবে।

[5-35—5-45 p.m.]

আপনি জানেন কলকাতা এবং আশেপাশের অঞ্চলে স্ট্যাটুটরি রেশনিং এবং গ্রামাঞ্চলে মডিফায়েড রেশনিং ও'রা করবেন জুন মাস থেকে বলে ঠিক করেছিলেন। কিন্তু এমন ঠেলা ঐ মজুতদার বাবাজীদের যে এপ্রিল মাস থেকে মডিফায়েড রেশনিং যে তাতে হিসাব করে দেখা যাচ্ছে যে কোথায় গিয়ে সেই মডিফায়েড রেশনিং হাজির হয়েছে অর্থাৎ এই যদি মডিফায়েড রেশনিংএর অবস্থা হয় তাহলে মডিফায়েড রেশনিংএ যে পরিমাণ চালও গমের দরকার হবে সে চাল গম কোথা থেকে পাবেন? কেন্দ্রীয় সরকারের ৪ লক্ষ টন দেবার কথা ১ লক্ষ টন তাঁরা দিয়েছেন। সেই ৪ লক্ষ টনকে ভিত্তি করে মডিফায়েড রেশনিং তৈরি করলেন। কিন্তু এখন মডিফায়েড রেশনিং আরও চালু করবার জন্য চালের বেশি দরকার হবে। সেই চাল কোথা থেকে পাবে, সে চাল সংগ্রহের জায়গা কোথায় সেটা পরিস্কারভাবে বলা দরকার। তা যদি না করতে পারেন, আমরা বলি যে, আবার আকাল আসবে. চাল তেল লোকে পাবে না এবং না খেয়ে লোকে মারা যাবে। আপনি জানেন একথাগুলি খবরের কাগজগুলিও বলছে যে, সারা উত্তরবঙ্গ একটা ডেফিসিট এলাকা। সেখানে হু হু করে চালের দাম বেড়ে গেছে এবং যেগুলি সারপ্লাস এলাকা সেখানেও চালের দাম বাড়তে আরম্ভ করেছে। ও'দের নীতি হচ্ছে গ্রাম থেকে চাল সংগ্রহ করে কলকাতায় আনা. অর্থাৎ গ্রামের লোকের উপর এই যে অবহেলা সেই অবহেলা খাদ্যনীতির মাধ্যমে পরিষ্কার হয়ে গেছে। যারা ধান ফলাবে তাদের বঞ্চিত করে কলকাতার লোক যারা বেশি চিৎকার করে তাদের রেশনিং ব্যবস্থা ঠিক রাখতে হবে। এই যে নীতি চলেছে এটাকে আমরা সমর্থন করতে পারি না। আমাদের বক্তব্য হচ্ছে ডেফিসিট যেটা থাকবে কলকাতা এবং শিল্পাঞ্চলে স্ট্যাটুটরি রেশনিংএ কেন্দ্রীয় সরকার থেকে রেশনিং চালু করতে হবে, অর্থাৎ কেন্দ্রীয় সরকারকে সব দিতে হবে। কিন্তু ও'রা গ্রামাঞ্চল থেকে চাল এনে কলকাতার রেশনিংএর খরচ জুগিয়ে যাচ্ছেন যার ফলে গ্রামাঞ্চলে আজকে মডিফায়েড রেশনিংএ চাল আটা নেই। তাই আমরা বার-বার বলেছিলাম যে গ্রামকে অভুক্ত রেখে কলকাতাকে খাওয়াবার যে নীতি সেটা আমরা সমর্থন করতে পারি না। গ্রামবাংলা এবং শহর বাংলা এই যে দুটো ভাগে বাংলাদেশকে ভাগ করছেন এবং গ্রামের সঙ্গে শহরের এই যে বিভেদ তার আমরা প্রতিবাদ করছি। তারপর সরিষার তেলের ব্যাপারে তিনি বললেন যে. দাম বাড়বে না। তিনি ৪ দিন আগে বিবৃতি দিয়েছেন. কিন্তু তিনি কি জানেন যে. তাঁর বিবৃতি দেবার পর থেকে বাজারে সরিষার তেলের দাম দশ পয়সা বেড়ে গেছে? এজন্যই লোকে বলে যে, আপনারা খাদ্য বিতর্ক তুলে দিন অ্যাসেম্বলি থেকে, কারণ যখন আপনারা খাদ্য বিতর্কের মাধ্যমে সরকারের দোষত্রুটি তুলে ধরেন এবং সরকার যখন কোন ব্যবস্থা অবলম্বন করেন না তখন মহাজনরা সজাগ হয়ে যায় এবং তার ফলে তারা দাম বাড়িয়ে দেয়। তাই আমাদের ভয় হচ্ছে যে, আজকের বিতর্কের ফলে কালকে হয়ত ১০ পারসেন্ট দাম বেড়ে যাবে। সেকথাটা হচ্ছে খাদ্য বিতর্ক আমাদের মূল কথা ছিল না, আমাদের মূল কথা ছিল খাদ্য সঙ্কটের অবসান চাই এবং সেই জায়গায় আমরা সহযোগিতা করতে রাজী ছিলাম কিন্তু বাংলাদেশের সরকার বলেছেন যে, আমাদের সহযোগিতার দরকার নেই। ভোটে লোকে ও'দের পাঠিয়েছেন, ও'রা সুষ্ঠ খাদ্যনীতি চালু করতে পারবেন, কিন্তু সুষ্ঠ খাদ্যনীতি ও'রা চালু করতে পারেন নি এবং আমরা সেটা করেছি বুদ্ধি দিয়ে, পরামর্শ দিয়ে, কাজ দিয়ে সেই সহযোগিতা ও'রা নেন নি। তাই আপনার মাধ্যমে আমি বলতে চাই এই

যে খাদ্যসংকট, খাদ্যের যে অভাব, এই যে দুর্ভিক্ষ, এই যে আকাল এই যে লোকে না খেতে পেয়ে মরছে এর জন্য দায়ী সরকার। কাজেই এর পরে সরকারের বিরুদ্ধে খাদ্যের দাবীতে জনসাধারণের যে আন্দোলন হবে সেই আন্দোলনের পুরোভাগে যদি আমরা থাকি তাহলে আমাদের দায়ী করলে চলবে না। সরকারের আত্মসন্তুষ্টির মনোভাব, সরকারের অপদার্থতা, ব্যর্থতা, চোরাকারবারীদের প্রতি সরকারের সমর্থন, এক কথায় পদলেহন এই হচ্ছে আসলে খাদ্য সংকটের কারণ। এই জায়গা থেকে সরকার যদি উপরে উঠতে পারেন তাহলে লোকে না খেয়ে মরবে, তারপরে লোকে আন্দোলন করবে একথা যেন ভুলে না যান। তখন ভারত রক্ষা আইন দিয়ে, জরুরী অবস্থার অজুহাত দিয়ে, আমাদের কিছুতেই বাঁচাতে পারবেন না। আপনি হাসছেন লোকে না খেতে পেয়ে যখন মরবে তখনও আপনি হাসবেন। চালের কেজি যখন দেড় টাকা হয় তখনও আপনি হাসেন এবং বুভুক্ষু লোকে যখন অভিযোগ করে আপনাদের বিরুদ্ধে আন্দোলন করবেন তখনও আপনি হাসবেন—এই কথা বলে আমি শেষ করছি।

শ্রীসুধীরচন্দ্র দাস: ডেপুটি স্পীকার মহাশয়, এক বছর ধরে যে অবস্থা খাদ্যের এনেছেন আমাদের এই সরকার, ১৮ বছরে পদার্পণ করলাম, এটা প্রতি বছর আলোচনার পর আলোচনা হচ্ছে, কিন্তু বাস্তব ক্ষেত্রে একটা চিরস্থায়ী দুর্ভিক্ষ দেশে পরিণত করেছেন। বাংলাদেশে দুর্ভিক্ষ চিরস্থায়ী হতে চলেছে এই অকর্মণ্য খাদ্য নীতির ফলে। নির্ধারিত রেশনের দোকানে কিছু পাওয়ার উপায় নেই। মফঃস্বলে আমি গিয়েছিলুম পরশুদিন, সেখানে রেশনের দোকান কতকগুলি খালি দেখলাম—গম নেই, আটা নেই, চাল নেই, চিনি নেই। কিছুই নেই—গুদাম সমস্তই খালি পড়ে আছে অথচ স্মরজিৎবাবু বলছেন আমাদের সব স্টক আছে আমরা সব আয়ত্তে আনতে পারব। কাজেই সমস্ত আয়ত্তে আনতে পারব এই প্রতিশ্রুতি, এই যে স্তোকবাক্য এটা মিথ্যা স্তোকবাক্য ছাড়া আর কিছু হতে পারে না। যদি স্টক থাকে তাহলে কেনই বা সরবরাহ করা হচ্ছে না, আর কেনই বা এক টাকা পঁচিশ পয়সা, এক টাকা ত্রিশ পয়সা করে চাল বিক্রি হচ্ছে। তবুও সেখানে চাল পৌঁচাচ্ছে না—আটা গমের দেখাসাক্ষাৎ নেই? রেশনের দোকানের যে স্টেটমেন্ট দিয়েছেন যে আমাদের স্টক আছে, আমরা আয়ত্তে আনতে পারব—এই রকম অকর্মণ্যতার দ্বারা মন্ত্রিসভা চালানো যায় না, খাদ্যনীতি চালানো যায় না। আজ দুর্লক্ষণ দেখা দিয়েছে পাকিস্তানের বর্ডারে, ভারতবর্ষের সীমান্তে বিরাট সৈন্য সমাবেশ করতে হয়েছে, তার ফলে যে সংকট পশ্চিম বাংলায় দেখা দিয়েছে তার পরিপ্রেক্ষিতে কিভাবে দ্রব্যমূল্য এবং খাদ্যমূল্য কমাবার ফলে পশ্চিমবঙ্গ সরকার চিন্তা করছেন জানি না। কিন্তু আমরা দেখছি যে, তা ভয়াবহ আকার ধারণ করবে যদি এরকম মামুলী স্তোকবাক্য প্রতিশ্রুতি দিয়ে, ফিরিস্তি দেখিয়ে এবং মিথ্যা একটা স্টেটমেন্ট দাখিল করে চুপ করে বসে থাকেন। আমি একথা বলছি। যে বিরাট সৈন্য সমাবেশ চলেছে তার জন্য যে খাদ্যের প্রয়োজন, যে রিজার্ভ স্টকের প্রয়োজন পাকিস্তানে চোরাই চালান বন্ধ করতে না পারলে তা কখনও পারবেন না। এই চাল যে পাকিস্তানে চলে যাচ্ছে তাকে সংযত করবার কোন উপায় নেই এবং পাকিস্তানে যাচ্ছে না বলে যে বলছেন কিন্তু আমরা জানি যে, অনেক কর্মচারী অসাধু আছে, অনেক মিলমালিক যে অসাধু আছে তাদের প্রতি সতর্ক দৃষ্টি না রাখতে পারলে তারা দেশদ্রোহিতার কাজ করবে। এ বিষয়ে বিশেষভাবে আমরা অনুসন্ধান করে জানতে পারছি। কাজেই তাদের প্রতি সতর্ক দৃষ্টি রাখবার জন্য আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি। এই দুর্লক্ষণের সময়, সংকটের সময় এই সময় পশ্চিমবঙ্গের ভাগ্যে কি ঘটতে পারে, তা আমরা জানি না। আসাম সীমান্তে কি ঘটতে পারে কয়েক মাসের মধ্যে তা বলা যায় না। সুতরাং এই সময়ে যদি খাদ্যের অবস্থাকে এরকম সংকটজনক পরিস্থিতিতে নিয়ে যান, সরবরাহ বন্ধ থাকে, রেশনের দোকান অচল হয়ে যায় তাহলে যে কি হবে তা আমরা জানি না এবং আমরা জানি কলকাতায় ৮০ পয়সা করে চালের সের বিক্রি হচ্ছে রেশনের দোকানে, আর বাইরে বিক্রি হচ্ছে ১·২৫ পয়সা, ১·৩২ পয়সা পর্যন্ত। তারপরে চিনির কথা যদি ধরি সে অবাক ব্যাপার। আমাদের ৩০ লক্ষ টন চিনি উৎপাদন হয়, তার জায়গায় ৩১ লক্ষ টন উৎপাদন হয়েছে বলে আমরা রিপোর্ট পেয়েছি এবং সেই ১ লক্ষ টন বেশি উৎপাদন হওয়া সত্ত্বেও এবং বিদেশে মাত্র আড়াই লক্ষ টন যাওয়া সত্ত্বেও চিনি গুদামে নেই এবং সেজন্য মফঃস্বলে ময়রার দোকানগুলি বন্ধ হতে চলেছে।

[5-45—5-55 p.m.]

কলকাতায় লজেন্সের দোকানে, ছোট ছোট কারখানাগুলিতে ইন্ডাস্ট্রিয়াল কোটা বন্ধ করে দেওয়া হয়েছে যার ফলে উড়িষ্যা বোম্বে থেকে লজেন্স আমদানী হচ্ছে এবং বাঙ্গালীর লজেন্সের কারখানাগুলি বন্ধ হতে চলেছে। আরও খেয়াল রেখেছেন কিনা আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় জানি না—আমাদের চিনির উৎপাদন বেড়ে গেছে, বিদেশে আমদানি যা হয় সেই পরিমাণেই হচ্ছে, তা সত্ত্বেও কেন যে চিনির কোটা কমেছে তার কৈফিয়ৎ আমরা চাই, চিনি গেল কোথায়? উড়িষ্যা বোম্বে তারা কোথা থেকে চিনি পাচ্ছে, তাদের সেখানে যদি চিনির সরবরাহ থাকে তাহলে পশ্চিমবঙ্গে কেন সরবরাহ বন্ধ হয়ে গেছে কার অকর্মণ্যতার জন্য, কোন্ বিভাগ, কোন্ মন্ত্রী এর জন্য দায়ী, কোন্ চক্রান্ত দায়ী সেটা আমরা জানতে চাই। দ্বিতীয়ত, খোলাবাজারে মূল্য যেভাবে বেড়ে চলেছে তার কারণ হিসাবে তাঁরা বলতে চাচ্ছেন একটা কথা যে মজুতদারেরা সব স্টক করেছে। তারা বরাবর বেতারে, সংবাদপত্রে এবং মন্ত্রীদের স্টেটমেন্টের মধ্যে দুটো মামুলী কথা বলেন যে, মিলমালিকরা মজুত করেছে, বড় কৃষকরা মজুত করেছে কিন্তু কাদের হাতে তাঁরা? তারা তো আমাদেরই বন্ধু। আজকে গ্রামসভা থেকে, অঞ্চল থেকে জেলা পরিষদ থেকে সবগুলিই তো কংগ্রেসের দখলে গেছে। যদিও তাঁরা একেবারে অহিংসভাবে বলেছিলেন যে, কোন দল গঠন করা হবে না কিন্তু আজ সবগুলিই তাঁদের দখলে রয়েছে। কই গ্রামসভাকে বলুন না কোন কৃষকের হাতে ধান মজুত আছে দেখিয়ে দিতে পারে এবং বর্ধমানে যেসব মিল-মালিকদের ধরা হচ্ছে তাদের কি করেছেন জানি না—আজ আপনাদের দলের দখলে পঞ্চায়েৎ রাজ এবং গ্রামসভা রয়েছে, কই তাদের নির্দেশ দিন না (কংগ্রেস বেঞ্চ হইতে গণ্ডগোল। কণ্ঠস্বরঃ আপনাদের দয়ায় তো নেই)। অসুবিধা দিলে হবে না—আজকে আপনারা যদি খোলাবাজারে দাম কমাতে না পারেন, রেশনের দোকানে যদি ঐ মামুলী সরবরাহ রাখেন তাহলে পশ্চিম বাংলায় খাদ্যের মূল্য কখনও নিয়ন্ত্রণ করতে পারবেন না। কাজেই এই মূল্য নিয়ন্ত্রণ করাটা একটা প্রহসনে পরিণত হয়েছে। এখানে বার বার করে বলা হয়েছে, একথা কারও অজানা নেই যে, বড় বড় মজুতদারদের কাছ থেকে টাকা নেওয়া হয় বলে আপনারা তাদের গায়ে হাত দেবেন না। আর স্টেটমেন্ট দেবার সময় বলবেন যে, বড় বড় মজুতদারেরা এবং মিলমালিকরা সব মজুত করছে—এই রকম অদ্ভুত কথা আমাদের শুনতে হয় কিন্তু এটা কাদের দুর্বলতার জন্য? আপনাদের হাতে শাসনক্ষমতা রয়েছে, পঞ্চায়েত রয়েছে। গ্রামসভা রয়েছে। পুলিশ রয়েছে সব ক্ষমতা থাকা সত্ত্বেও আপনারা মজুতদারদের শায়েস্তা করতে পারেন নি কেন একথা জানতে চাই। আজকে আমরা তাই একমাত্র দাবি করছি যে, বর্ধমানের মিল মালিকদের কি করলেন? যে তার কি করেছেন আমরা জানতে চাই? আজ তাদের কাছ থেকে টাকা নিয়েছেন কিনা আমরা জানতে চাই দুর্গাপুর কংগ্রেস সম্মেলনের সময় সেই সমস্ত মিল মালিকদের কাছ থেকে টাকা নিয়েছেন কিনা সেকথা আমাদের বলুন। বুকে হাত দিয়ে নরেন সেন বলতে বলেছিলেন। কিন্তু আজ বুকে হাত দিয়ে বলুন দুর্গাপুর কংগ্রেস অধিবেশন কাদের টাকাতে এত জোরদার করেছিলেন? খোলাবাজারে ধানের মূল্য কমাবার জন্য এই ব্যর্থ খাদ্য-নীতির বিরুদ্ধে আমরা সাবধান করে দিয়ে যাচ্ছি যে, দুর্ভিক্ষ নিশ্চিত আসবে এবং সেটা আসবে এদের অকর্মণ্যতার জন্য। এই দুর্ভিক্ষ সামলাতে না পারলে যে কালো মেঘ ঘনিয়ে এসেছে পাকিস্তান যে সৈন্য সমাবেশ করেছে আমরা চিন্তার মধ্যে একটা দুর্লক্ষণ অনুভব করছি, তাকে কখনও এড়াতে পারবেন না। হেসে বা টিটকারি করে বা নোংরামি করে দেশকে কখনও রক্ষা করতে পারবেন না।

শ্রীঅনাদি দাসঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা কথা বলতে চাই যে এই সরকারের যে অপদার্থতা সেই অপদার্থতা দিয়ে খাদ্য সমস্যা সমাধান করা যায় না। আমারই একটা প্রশ্নের যা লিখিত উত্তর দেওয়া হয়েছে তার থেকে আপনাকে বলছি যে, এঁরা বলেছেন ১৯৬২-৬৩ সালে ২৪-পরগনা, নদিয়া, হুগলি, বর্ধমান, বীরভূম জেলায় পরিচালিত একটা সমীক্ষার তথ্য থেকে হিসাব করা হয়েছে যে, বিঘা প্রতি আমন ধানের উৎপাদন খরচ বীজ নির্বাচন, বীজ তোলা, তৈরি থেকে শস্য কাটা, মজুত রাখা পর্যন্ত ১১৭ টাকা ২০ পয়সা। এটা ১৯৬২-৬৩ সালের কথা। ১৯৬৪-৬৫ সালে এই খরচ নিশ্চয়ই বেড়েছে আরও, সেটা অন্তত ১২০-১২২ টাকা হয়েছে। ১৯৬৪-৬৫ সালে খুব বাম্পার ক্রপ হয়েছে, কত করে হয়েছে না

বিঘা প্রতি চালের গড় উৎপাদন ৪·৪৬। ধানের হিসাব যদি ধরা যায় তাহলে বিঘা প্রতি ৬·৬৯ কি ৭ ধরলাম। ১৫ টাকা করে ধানের দর বেঁধে দিয়েছেন, তাহলে চাষী এক বিঘা জমিতে পাবে ১০৫ টাকা। তার খরচ হবে আপনাদেরই হিসাবে ১২০ টাকা। আপনাদের কৃষিবিভাগ এই যে হিসাব দিচ্ছে এই হিসাব ভুল। আপনারা যে ব্যবস্থা করেছেন এই ব্যবস্থা দিয়ে বিঘাতে যে গড় ফলন পাওয়া যায় তাতেও লোকসান পোষায় না। এই নীতির দ্বারা যেখানে কৃষিনীতি চালিত হয় এবং ধানের দাম যেখানে ঠিক হয় সেখানে সরকার কখনও কোন সমস্যা সমাধান করতে পারে না। একটিমাত্র কথা এ থেকে আসে, সেটা হচ্ছে টাউন ইজ এক্সপ্লয়টিং দি ভিলেজ। শহর গ্রামকে শোষণ করছে এই ব্যবস্থাটা আপনারা করেছেন। আপনারা এমনভাবে ব্যবস্থা রেখেছেন যে, গ্রামকে মেরে শহরকে কোনপ্রকারে শান্ত রাখা। এটা শুধু আপনারা করেছেন তা নয়, লেনিন তাঁর বইতে বলেছেন, অন অ্যাগ্রারিয়ান কোয়েশ্চেন, সেই বইটা ১৯১৭ সালের আগে লেখা, সেই বইতে রাশিয়া দেশের অর্থনীতি বিচার করতে গিয়ে. চাষ নীতি চাষের যে ব্যবস্থা তা বিচার করতে গিয়ে তিনি বলেছেন রুশদেশে যা হচ্ছে টাউন ইজ এক্সপ্লয়টিং দি ভিলেজ এবং ক্যাপিটালিস্ট ইকনমির এটাই পরিণতি, এ ছাড়া রেহাই আর নেই। আর এটা বলতে গিয়ে জেনারেলভাবে যেটা বলেছেন আর এই হিসাব আপনারা যা দিয়েছেন এতে এটাই পরিষ্কার যে, ৬০ বছর আগে লেনিন যা বলেছিলেন আমাদের দেশে আজকে আমরা পরিষ্কার সেটাই দেখতে পাচ্ছি।

[5-55—6 p.m.]

সুতরাং আপনারা জেনেশুনে ক্যাপিটালিস্ট ইকনমি বজায় রাখতে গিয়ে মালিকানা প্রথা বজায় রাখতে গিয়ে আপনারা গ্রামকে ধ্বংস করছেন, আপনারা সাধারণ মানুষের জীবনকে বিড়ম্বিত করছেন এবং নিজেদের কবর খুঁড়ছেন। অবশ্য এটা ঠিক—আমরা যতই সাবধান করি না কেন, নিয়তির একটা আহ্বান এটা এবং ক্যাপিটালিস্ট ইকনমির দালালী করা তার পরিণতি। আপনাদের মধ্যে যাঁরা বিজ্ঞতা রাখেন, যাঁরা কিছু বিচার করতে পারেন, তাঁরা সোস্যালিজমের কথা বলেন। আর আপনারা সেই নিজের দলের এই সরকারের সেই সব লোককে শান্ত করবার জন্য ডেমোক্রেটিক সোস্যালিজম করছেন, সোস্যালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি করছেন। এই করে দেশকে আপনারা সর্বনাশের পথে নিয়ে যাচ্ছেন এবং সাধারণ মানুষকে ধোঁকা দিচ্ছেন। আমাদের যে দাবি সমগ্র দেশে রেশনিং তা করেন নি। স্টেট ট্রেডিং করা দরকার সেদিকেও আপনারা কিছু করেন নি। এই রেশনিংএ চালের পরিমাণ করেছেন এক কেজি দুশো। খোলা-বাজারেও চাল পাওয়া যাচ্ছে। তাতে কি করছেন? লোককে কোরাপ্ট করে দিচ্ছেন। রেশনিং এলাকায় বাইরে থেকে লোকে চাল নিয়ে আসছে। কেস হচ্ছে। কোরাপশন কত ধরা যায়। পুলিশ এবং স্থানীয় ব্যবসাদার যারা, মিলে কেমন করে দর বাড়ানো যায় তার চেষ্টা করছে। আমি বেলুড় স্টেশনের কথা বলছি। বেলুড় রেশনিং এলাকার বাইরে সেখানে ১ টাকা ১০ পয়সা কেজি চাল ফ্রি মার্কেটে রাস্তায় যারা বিক্রি করে পুলিশ গিয়ে তুলে দিল, সে তুলবার অধিকার নাই— ফ্রি মার্কেট সে তুলে দিল। এক মাইল দূরে এক টাকা ছ আনা চাল বিক্রি হতে লাগল। ডোমপুড়ে এইরকম রাস্তার ধারে চাল বিক্রি করে। পুলিশের অধিকার নাই তাদের তুলে দেওয়া যায়। একদিন গিয়ে সেখানে ধরপাকড় আরম্ভ হয়ে গেল। আজকে চীৎকার উঠছে চাল পাওয়া যাচ্ছে না। দাশনগরেও অনুরূপ অবস্থার সৃষ্টি হচ্ছে। পুলিশ এবং মালিক শ্রেণী দুজন ষড়যন্ত্র করে চালের দর বাড়াচ্ছে। এটাও যদি আপনারা নজর রাখতে না পারেন, তাহলে সমস্যার সমাধান হতে পারে না।

আর একটা ব্যাপার কেরোসিন তেল। আমাদের রেশনিং এলাকার বাইরে বাড়ি, সেখানে কেরোসিন তেল দরকার। কিন্তু তার অভাব হয়ে যাচ্ছে। সরকার যদি অর্থনৈতিক বৈজ্ঞানিক ভিত্তি না দেখেন তাহলে কোন সমস্যার সমাধান সম্ভব নয় এবং তার যে পরিণতি তা আসছে।

Mr. Deputy Speaker: There will be no question to-morrow.

Adjournment

The House was then adjourned at 6 p.m. till 1 p.m. on Tuesday, the **11th May, 1965, at the Assembly House, Calcutta.**

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 11th May, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 8 Ministers, 3 Ministers of State and 162 Members.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Financial assistance to Bahara Adarsha Vidyapith, Kandi

1480. (Admitted question No. 2177.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমার বহরা আদর্শ বিদ্যাপীঠের জন্য সরকার কোন্ কোন্ বিষয়ে কোন্ কোন্ বৎসর কত টাকা আর্থিক সাহায্য দিয়েছেন;

(খ) উক্ত স্কুলের অডিট রিপোর্ট দেওয়া হইয়া থাকিলে তাহার ফলাফল কি; এবং

(গ) কেন্দ্রীয় সরকার হইতে কি কি কারণে এই বিদ্যালয়টি অর্থ সাহায্য পাইয়াছে?

The Minister for Education:

(ক) লাইব্রেরী টেবিলে রক্ষিত বিবরণী দ্রষ্টব্য।

(খ) অডিট রিপোর্টে বিদ্যালয় সংলগ্ন আবাসিক গৃহের হিসাব, শিক্ষকদের আবাস গৃহের হিসাব ও প্রভিডেন্ট ফান্ডের হিসাব রাখা সম্বন্ধে হিসাব পরীক্ষক যেসকল ত্রুটির কথা উল্লেখ করিয়াছেন সেই সকল ত্রুটি সংশোধন করিবার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে। ১৯৬৩-৬৪ সালের অডিট এখনও পাওয়া যায় নাই।

(গ) বিদ্যালয়টি কেন্দ্রীয় সরকারের নিকট হইতে আমোদ-প্রমোদ ও বক্তৃতা গৃহ নির্মাণের জন্য আর্থিক সাহায্য লাভ করিয়াছে।

Industrial concerns set up in the Public and Private Sectors in Asansol subdivision

1481. (Admitted question No. 2712.)

শ্রীবিজয় পাল: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কি কি শিল্প (রাষ্ট্রায়ত্ত ও ব্যক্তিগত মালিকানায়) গড়িয়া উঠিয়াছে;

(খ) ঐসব শিল্পে (পাবলিক অ্যান্ড প্রাইভেট সেক্টর) প্রতিষ্ঠানগুলির নাম কি; এবং

(গ) ঐসব শিল্পে কি পরিমাণ পুঁজি নিয়োগ হইয়াছে?

The Minister for Commerce and Industries:

(ক), (খ) ও (গ) তালিকা গ্রন্থাগারের টেবিলে রক্ষিত হইল।

বিঘা প্রতি চালের গড় উৎপাদন ৪·৪৬। ধানের হিসাব যদি ধরা যায় তাহলে বিঘা প্রতি ৬·৬৯ কি ৭ ধরলাম। ১৫ টাকা করে ধানের দর বেঁধে দিয়েছেন, তাহলে চাষী এক বিঘা জমিতে পাবে ১০৫ টাকা। তার খরচ হবে আপনাদেরই হিসাবে ১২০ টাকা। আপনাদের কৃষিবিভাগ এই যে হিসাব দিচ্ছে এই হিসাব ভুল। আপনারা যে ব্যবস্থা করেছেন এই ব্যবস্থা দিয়ে বিঘাতে যে গড় ফলন পাওয়া যায় তাতেও লোকসান পোষায় না। এই নীতির দ্বারা যেখানে কৃষিনীতি চালিত হয় এবং ধানের দাম যেখানে ঠিক হয় সেখানে সরকার কখনও কোন সমস্যা সমাধান করতে পারে না। একটিমাত্র কথা এ থেকে আসে, সেটা হচ্ছে টাউন ইজ এক্সপ্লয়টিং দি ভিলেজ। শহর গ্রামকে শোষণ করছে এই ব্যবস্থাটা আপনারা করেছেন। আপনারা এমনভাবে ব্যবস্থা রেখেছেন যে, গ্রামকে মেরে শহরকে কোনপ্রকারে শান্ত রাখা। এটা শুধু আপনারা করেছেন তা নয়, লেনিন তাঁর বইতে বলেছেন, অন অ্যাগ্রারিয়ান কোয়েশ্চেন, সেই বইটা ১৯১৭ সালের আগে লেখা, সেই বইতে রাশিয়া দেশের অর্থনীতি বিচার করতে গিয়ে, চাষ নীতি চাষের যে ব্যবস্থা তা বিচার করতে গিয়ে তিনি বলেছেন রুশদেশে যা হচ্ছে টাউন ইজ এক্সপ্লয়টিং দি ভিলেজ এবং ক্যাপিটালিস্ট ইকনমির এটাই পরিণতি, এ ছাড়া রেহাই আর নেই। আর এটা বলতে গিয়ে জেনারেলভাবে যেটা বলেছেন আর এই হিসাব আপনারা যা দিয়েছেন এতে এটাই পরিষ্কার যে, ৬০ বছর আগে লেনিন যা বলেছিলেন আমাদের দেশে আজকে আমরা পরিষ্কার সেটাই দেখতে পাচ্ছি।

[5-55—6 p.m.]

সুতরাং আপনারা জেনেশুনে ক্যাপিটালিস্ট ইকনমি বজায় রাখতে গিয়ে মালিকানা প্রথা বজায় রাখতে গিয়ে আপনারা গ্রামকে ধ্বংস করছেন, আপনারা সাধারণ মানুষের জীবনকে বিড়ম্বিত করছেন এবং নিজেদের কবর খুঁড়ছেন। অবশ্য এটা ঠিক—আমরা যতই সাবধান করি না কেন, নিয়তির একটা আহ্বান এটা এবং ক্যাপিটালিস্ট ইকনমির দালালী করা তার পরিণতি। আপনাদের মধ্যে যাঁরা বিজ্ঞতা রাখেন, যাঁরা কিছু বিচার করতে পারেন, তাঁরা সোস্যালিজমের কথা বলেন। আর আপনারা সেই নিজের দলের এই সরকারের সেই সব লোককে শান্ত করবার জন্য ডেমোক্রেটিক সোস্যালিজম করছেন, সোস্যালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি করছেন। এই করে দেশকে আপনারা সর্বনাশের পথে নিয়ে যাচ্ছেন এবং সাধারণ মানুষকে ধোঁকা দিচ্ছেন। আমাদের যে দাবি সমগ্র দেশে রেশনিং তা করেন নি। স্টেট ট্রেডিং করা দরকার সেদিকেও আপনারা কিছু করেন নি। এই রেশনিংএ চালের পরিমাণ করেছেন এক কেজি দুশো। খোলা-বাজারেও চাল পাওয়া যাচ্ছে। তাতে কি করছেন? লোককে কোরাপ্ট করে দিচ্ছেন। রেশনিং এলাকায় বাইরে থেকে লোকে চাল নিয়ে আসছে। কেস হচ্ছে। কোরাপশন কত ধরা যায়। পুলিশ এবং স্থানীয় ব্যবসাদার যারা, মিলে কেমন করে দর বাড়ানো যায় তার চেষ্টা করছে। আমি বেলুড় স্টেশনের কথা বলছি। বেলুড় রেশনিং এলাকার বাইরে সেখানে ১ টাকা ১০ পয়সা কেজি চাল ফ্রি মার্কেটে রাস্তায় যারা বিক্রি করে পুলিশ গিয়ে তুলে দিল, সে তুলবার অধিকার নাই— ফ্রি মার্কেট সে তুলে দিল। এক মাইল দূরে এক টাকা ছ আনা চাল বিক্রি হতে লাগল। ডোমপুড়ে এইরকম রাস্তার ধারে চাল বিক্রি করে। পুলিশের অধিকার নাই তাদের তুলে দেওয়া যায়। একদিন গিয়ে সেখানে ধরপাকড় আরম্ভ হয়ে গেল। আজকে চীৎকার উঠছে চাল পাওয়া যাচ্ছে না। দাশনগরেও অনুরূপ অবস্থার সৃষ্টি হচ্ছে। পুলিশ এবং মালিক শ্রেণী দুজন ষড়যন্ত্র করে চালের দর বাড়াচ্ছে। এটাও যদি আপনারা নজর রাখতে না পারেন, তাহলে সমস্যার সমাধান হতে পারে না।

আর একটা ব্যাপার কেরোসিন তেল। আমাদের রেশনিং এলাকার বাইরে বাড়ি, সেখানে কেরোসিন তেল দরকার। কিন্তু তার অভাব হয়ে যাচ্ছে। সরকার যদি অর্থনৈতিক বৈজ্ঞানিক ভিত্তি না দেখেন তাহলে কোন সমস্যার সমাধান সম্ভব নয় এবং তার যে পরিণতি তা আসছে।

Mr. Deputy Speaker: There will be no question to-morrow.

Adjournment

The House was then adjourned at 6 p.m. till 1 p.m. on Tuesday, the 11th May, 1965, at the Assembly House, Calcutta.

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ), (গ) ও (ঘ) ২৭এ সেপ্টেম্বর ১৯৬৪ তারিখে খাকসা গার্লস জুনিয়ার হাই স্কুলের কার্যকরী সমিতি গঠিত হয়। তখন উক্ত বিদ্যালয়টি ২য় শ্রেণী যুক্ত জুনিয়ার হাই স্কুল ছিল। সমিতি গঠিত হইবার পরই বিদ্যালয়টি কর্তৃপক্ষ ৪র্থ শ্রেণী যুক্ত জুনিয়ার হাই স্কুলে উন্নীত হইবার জন্য আবেদন করেন এবং ১২ই জানুয়ারি ১৯৬৫ তারিখে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ উক্ত বিদ্যালয়কে ৪র্থ শ্রেণী যুক্ত জুনিয়ার হাই স্কুল হিসাবে মঞ্জুরি দান করেন এবং মঞ্জুরি দানকালে এই শর্ত আরোপ করেন যে, বিদ্যালয় কর্তৃপক্ষ অবিলম্বে কার্যকরী সমিতি গঠন করিবেন। বিদ্যালয় কর্তৃপক্ষ যখন কার্যকরী সমিতি গঠনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতেছিলেন তখন কার্যকরী সমিতির গঠন বন্ধ করিবার জন্য কতিপয় ব্যক্তি আদালতে আবেদন করেন এবং আদালত আবেদনপত্র গ্রহণ করিয়া কার্যকরী সমিতি গঠন সম্বন্ধে নিষেধাজ্ঞা জারি করেন। বিষয়টি বর্তমানে আদালতের বিচারাধীন আছে।

Non-payment of grant-in-aid to some schools in Murshidabad

1485. (Admitted question No. 1955.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার কিছু স্কুল অদ্যাবধি ১৯৬৩-৬৪ সাল পর্যন্ত গ্র্যান্ট-ইন-এডের প্রাপ্য টাকা সম্পূর্ণ পান নাই;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে—

(১) উক্ত স্কুলগুলির কোন্‌টির উক্ত বৎসর পর্যন্ত কত টাকা পাওনা আছে; এবং

(২) উক্ত স্কুলগুলির প্রাপ্য টাকা কতদিনের মধ্যে মিটাইয়া দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Education:

(ক) ১৯৬৩-৬৪ সাল হইতে শিক্ষাধিকার হাই স্কুলের গ্র্যান্ট-ইন এড দেওয়ার দায়িত্ব গ্রহণ করিয়াছেন। এই বৎসর হইতে নিয়মিত সরকারী সাহায্য দেওয়া হইতেছে। ১৯৬২-৬৩ পর্যন্ত কোনও কোনও স্কুলের কিছু টাকা পাওনা আছে কিন্তু বোর্ড হইতে এ পর্যন্ত সঠিক হিসাব পাওয়া যায় নাই বলিয়া এই দাবি মিটানো সম্ভব হয় নাই।

(খ) (১) বোর্ডের হিসাব না পাওয়া পর্যন্ত এই তথ্য সরবরাহ করা সম্ভবপর নয়।

(২) শিক্ষাদপ্তর হইতে বিদ্যালয়গুলিকে বকেয়া পাওনার হিসাব দিতে বলা হইতেছে। আশা করা যায়, বর্তমান আর্থিক বৎসরের মধ্যে বকেয়া পাওনা মেটানো সম্ভব হইবে।

Properties of late Kalicharan Chattopadhyay

1486. (Admitted question No. 2095.)

শ্রীঋষিকেশ চক্রবর্তী: গত ৫ই মার্চ ১৯৬৫ তারিখে প্রদত্ত অ-তারকিত ৪৫৯নং (এ্যাডমিটেড প্রশ্ন ১২৩৪) প্রশ্নোত্তরে উল্লেখ করিয়া ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠার জন্য বার্ষিক কত টাকা হিসাবে জমা হইতেছে; এবং

(খ) কোন্ বৎসর হইতে এ পর্যন্ত কত টাকা জমা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) উক্ত ট্রাস্ট ফান্ডে চিকিৎসালয় প্রতিষ্ঠা এবং মেদিনীপুর কলেজের একজন যোগ্য ছাত্রকে বৃত্তিদানের জন্য টাকা জমা দেওয়া হয়। পৃথকভাবে চিকিৎসালয় প্রতিষ্ঠার জন্য কোন টাকা জমা হয় না।

(খ) বাংলা ১৩৬৭ সাল পর্যন্ত উক্ত ফান্ডে মোট টাকা ৪৬,৭৯৩;২৭ পয়সা জমা হইয়াছে।

Library building of the Bahara Adarsha Vidyapith

1487. (Admitted question No. 2187.)

[illegible] রায়: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহড়া আদর্শ বিদ্যাপীঠের লাইব্রেরী ভবন নির্মাণের জন্য কত টাকা সরকার হইতে সাহায্য করা হয় এবং উক্ত অর্থ সম্পূর্ণ ব্যয় হইয়াছে কিনা; এবং

(খ) এই ভবনের ভিত্তি (ফাউন্ডেশন) স্থাপনের জন্য কত ব্যয়বরাদ্দ ছিল?

The Minister for Education:

(ক) লাইব্রেরী ভবন নির্মাণের জন্য কোনও টাকা সাহায্য করা হয় না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Government help to the poor but meritorious students for higher studies

1488. (Admitted question No. 2639.)

শ্রীমতী নীহারিকা মজুমদার: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দরিদ্র মেধাবী ছাত্রগণের উচ্চ শিক্ষার জন্য সরকারের কি ব্যবস্থা আছে;

(খ) গত তিন বৎসরে বীরভূম জেলায় কত ছাত্র এই সাহায্য পাইয়াছে এবং ঐ সময়ে সমগ্র পশ্চিমবঙ্গে কত সাহায্য দেওয়া হইয়াছে এবং বীরভূম জেলাতেই বা কত দেওয়া হইয়াছে;

(গ) ইহা কি সত যে, রামপুরহাট মহকুমায় মুকুন্দ পল্লী হায়ার সেকেন্ডারী স্কুলে আদিবাসী ছাত্রদের সরকারী সাহায্য বন্ধ হইয়াছে;

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি;

(ঙ) ইহা কি সত্য যে, আদিবাসী প্রত্যেক ছাত্রের বেতন এবং বোর্ডিং-এ খাবার খরচ সরকার বহন করেন; এবং

(চ) সত্য হইলে, গত দুই বৎসরে রামপুরহাট মহকুমার বিভিন্ন স্কুলে এই বাবদ আদিবাসীদের জন্য কত সাহায্য দেওয়া হইয়াছে?

The Minister for Education:

(ক) দরিদ্র মেধাবী ছাত্রদের উচ্চ শিক্ষার (সাধারণ) জন্য বিভিন্ন প্রহার সরকারী সাহায্য (যেমন স্টাইপেন্ড পুস্তকাদি ক্রয়ের জন্য অথবা পরীক্ষার ফি বাবদ এককালীন সাহায্য) দেওয়া হয়

(খ) মেধা ও আর্থিক অস্বচ্ছলতার ভিত্তিতে উক্ত প্রকার সাহায্য দেওয়া হয়। উক্ত সাহায্যের সংখ্যা ও পরিমাণ জেলাওয়ারী হিসাব রাখা হয় না। সুতরাং গত তিন বৎসর বীরভূম জেলায় উক্ত সাহায্য কতজনকে দেওয়া হইয়াছে তাহার হিসাব দেওয়া সম্ভব নয়। সমগ্র পশ্চিমবঙ্গে গত তিন বৎসরের সাহায্যপ্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা ও সাহায্যের পরিমাণ নিম্নে দেওয়া হইল:

বৎসর	সংখ্যা	টাকার পরিমাণ
১৯৬২-৬৩	২৬০০	৬,৬৮০০০
১৯৬৩-৬৪	৩০০০	৭,৮৯,০০০
১৯৬৪-৬৫	২৯০০	৭,৬০,০০০

উক্ত সাহায্য ছাড়া অনেক ছাত্রছাত্রী বিনা বেতনে ও অর্দ্ধ বেতনে পড়িবার সুযোগ পায়।

(গ) হইতে (চ) শিক্ষা বিভাগ হইতে এইরূপ সাহায্য করা হয় না। আদিবাসী-মঙ্গল বিভাগ হইতে এইরূপ সাহায্য করা হইয়া থাকে।

Rabindra Bhavan at Krishnanagar, Nadia

1489. (Admitted question No. 2647.)

শ্রীকাশীকান্ত মৈত্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরে প্রতিষ্ঠিত "রবীন্দ্র ভবন"-এর ফান্ডে মোট কত টাকা গৃহনির্মাণ বাবত উঠেছিল এবং তার মধ্যে থেকে মোট কত টাকা ব্যয় হয়েছে এ পর্যন্ত;

(খ) ইহা কি সত্য যে, উক্ত রবীন্দ্র ভবনের পূর্ণাঙ্গ পরিকল্পনাটি যথা ব্যালকনি নির্মাণ, পূর্ণাঙ্গ স্টেজ নির্মাণ ইত্যাদি আজও কার্যকরী করা হয়নি;

(গ) উত্তর 'হ্যাঁ' হইলে তার কারণ কি;

(ঘ) রবীন্দ্র ভবনে নৃত্য সংগীত এ্যাকাডেমী গঠনের ও চালু করার যে পরিকল্পনাটি ঘোষণা করা হয়েছিল সেই কার্যসূচীকে রূপ দেবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে; এবং

(ঙ) যদি এ পর্যন্ত এ সম্বন্ধে কোন কিছু না হয়ে থাকে তাহলে তারই বা কারণ কি?

The Minister for Education:

(ক) গৃহ নির্মাণ বাবত রবীন্দ্র ভবন ফান্ডে গভর্নমেন্টের নিকট হইতে ১,৬২,০০০ এবং জনসাধারণের নিকট হইতে সংগৃহীত ১,১৭,৯৯৫ টাকা মোট ২,৭৯,৯৯৫ টাকা উঠিয়াছিল। তন্মধ্যে গৃহ নির্মাণ ও আসবাবপত্র ক্রয়ের জন্য ২,৭০,০০০ টাকা ব্যয় হইয়াছে।

(খ) ব্যালকনি এখনও তৈয়ারী হয় নাই। স্টেজ নির্মাণ পরিকল্পনা অনুযায়ী সমাপ্ত হইয়াছে।

(গ) ব্যালকনি নির্মাণের জন্য যে আকারের স্টিল প্রয়োজন তাহা ঐ সময়ে বাজারে পাওয়া যায় নাই। বর্তমানে অর্থের অভাবে ব্যালকনি নির্মাণের কার্য সম্ভবপর হয় নাই।

(ঘ) নৃত্য সঙ্গীত একাডেমী গঠনের ও চালু করার পরিকল্পনাটিকে এখনও কোনরূপ দেওয়া সম্ভব হয় নাই। কি করিয়া ইহাকে কার্যকরী করা যায় তাহা বিবেচনা করা হইতেছে।

(ঙ) অর্থের অভাবে পরিকল্পনাটি কার্যকরী করা সম্ভব হয় নাই।

Conversion of Primary Schools into Junior Basic in Midnapore district

1490. (Admitted question No. 2847.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলা স্কুল বোর্ড কয়টি করিয়া প্রাথমিক বিদ্যালয়কে নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে রূপান্তরিত করিবার জন্য প্রস্তাব পাঠাইয়াছিল;

(খ) উহাদের মধ্যে গত তিন বৎসরে কয়টি করিয়া উক্তরূপ রূপান্তরকরণের আদেশ সরকার দিয়াছেন; এবং

(গ) জেলা স্কুল বোর্ডের সকল প্রস্তাবগুলি মঞ্জুর না হইবার কারণ কি?

The Minister for Education:

(ক)

১৯৬২-৬৩	...	৪১
১৯৬৩-৬৪	...	২৭
১৯৬৪-৬৫	...	×

(খ)

১৯৬২-৬৩	...	১১
১৯৬৩-৬৪	...	×
১৯৬৪-৬৫	...	১*

*১৯৬৩-৬৫ সালের প্রস্তাব হইতে মঞ্জুরীকৃত।

(গ) (১) প্রয়োজনীয় সর্তাদি পূরণ করিতে না পারা, (২) আর্থিক সংগতির অভাব।

Building grant to High and Higher Secondary Schools under Jhargram subdivision, Midnapore

1491. (Admitted question No. 3050.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন্ কোন্ উচ্চমাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে ১৯৬৩ সালে ও ১৯৬৪ সালে বিল্ডিং গ্রান্ট হিসাবে কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) ঝাড়গ্রাম মহকুমায় যেসব বিদ্যালয়গুলি এখনও বিল্ডিং গ্রান্ট পায় নাই তাহাদের কোন আবেদনপত্র এখনও সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(গ) বিবেচনাধীন থাকিলে সেই বিদ্যালয়গুলির নাম কি?

The Minister for Education:

(ক) ১৯৬৩ ও ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন উচ্চ মাধ্যমিক অথবা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে বিল্ডিং গ্রান্ট হিসাবে কোন টাকা দেওয়া হয় নাই।

(খ) একটি বিদ্যালয়ের আবেদনপত্র সরকারের বিবেচনাধীন আছে।

(গ) লালগড় রামকৃষ্ণ বিদ্যালয়।

Sevayatan Basic Training College, Midnapore

1492. (Admitted question No. 3171.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সেবায়তন বেসিক ট্রেনিং কলেজের আসন সংখ্যা কত;

(খ) এই বিদ্যালয়ে বর্তমানে কতজন শিক্ষা গ্রহণ করিতেছেন;

(গ) এই কলেজে ১৯৬৫ সালের মধ্যে ট্রেনিদিগকে প্রদত্ত স্টাইপেন্ডের পরিমাণ কত;

(ঘ) স্টাইপেন্ড প্রদানে কোন নিয়ম অনুসরণ করা হয় কিনা; এবং

(ঙ) ১৯৬৫ সালে মার্চ মাসের মধ্যে এই কলেজের কতজন ট্রেনিকে স্টাইপেন্ড প্রদান করা হইয়াছে, তাহাদের নাম ও ঠিকানা কি?

The Minister for Education:

(ক) হইতে (ঙ) সেবায়তনে কোন বেসিক ট্রেনিং কলেজ নাই। অতএব এই সমস্ত প্রশ্ন উঠে না।

Partition of Anchal Panchayats in Midnapore district

1493. (Admitted question No. 3180.)

শ্রীঅনঙ্গমোহন দাস : পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যে সকল অঞ্চল পঞ্চায়েতের লোক সংখ্যা ১০,০০০ এর অনেক বেশী তাহাদিগকে অবিলম্বে বিভক্ত করা হইবে কিনা;

(খ) মেদিনীপুর জেলার এরূপ অঞ্চল পঞ্চায়েতের সংখ্যা কত; এবং

(গ) তাহাদের বিভক্ত করার কাজ কোন্ তারিখের মধ্যে হইবে?

The Minister of State for Panchayats:

(ক) না।

(খ) মেদিনীপুর জেলায় এরূপ অঞ্চল পঞ্চায়েতের সংখ্যা ১২৪।

(গ) এ প্রশ্ন উঠে না।

Labhpur-Langalhata Road, Birbhum

1494. (Admitted question No. 3227.)

ডাঃ রাধানাথ চট্টোরাজ : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে লাভপুর-লাঙ্গলহাটা রাস্তার উপর বর্ষাকালে উক্ত রাস্তার পার্শ্ববর্তী জমির মালিকগণ ময়ূরাক্ষী ক্যানেল হইতে জল লইবার জন্য রাস্তাটির যেখানে-সেখানে কাটিয়া থাকে; ফলে রাস্তাটি যানবাহন চলাচলের সম্পূর্ণ অনুপযোগী হইয়া পড়ে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে এই অব্যবস্থা দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) লাভপুর-লাঙ্গলহাটা রাস্তাটির লেভেল স্থানে স্থানে পার্শ্ববর্তী মাঠের লেভেল হইতে নীচু বলিয়া সেচের মরশুমে ক্যানেলের জল রাস্তার উপর দিয়া একপার্শ্ব হইতে অপর-পার্শ্বে প্রবাহিত হয়। পার্শ্ববর্তী জমির মালিকগণ জল লইবার জন্য রাস্তাটি কাটিয়া থাকে বলিয়া সরকার অবগত নহেন।

(খ) উপরি-উক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Scholarship awarded by the Government for studies abroad

1495. (Admitted question No. 3284.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য-সরকারের বৃত্তি লইয়া কতজন ছাত্র ভারতের বাহিরে শিক্ষা বা শিক্ষণের জন্য আছেন;

(খ) এই প্রকার বৃত্তির সর্বনিম্ন ও সর্বোচ্চ পরিমাণ কত;

(গ) ভারতের অন্য রাজ্যে পশ্চিমবঙ্গের শিক্ষার্থীকে এইরূপ বৃত্তি দেওয়া হয় কিনা; এবং

(ঘ) দেওয়া হইলে কতজনকে কি কি বিষয়ে দেওয়া হইতেছে?

The Minister for Education:

(ক) রাজ্য-সরকারের "স্টেট স্কলারসিপ" প্রকল্প অনুযায়ী বর্তমানে ১২ জন ছাত্র ভারতের বাহিরে অধ্যয়নরত আছেন।

(খ) এই প্রকার বৃত্তির সর্বনিম্ন পরিমাণ ৪৮০ পাউন্ড বার্ষিক ও সর্বোচ্চ পরিমাণ ৫৬০ পাউন্ড বার্ষিক। উক্ত বার্ষিক ভাতা ব্যতীত এই প্রকল্পানুযায়ী ছাত্র-ছাত্রীদিগকে পোষাক-পরিচ্ছদ বাবদ এককালীন ভাতা ৫০০ টাকা, কলেজের বেতন, ও অন্যান্য অনুমোদিত খরচ এবং বাহিরে যাতায়াত খরচও দেওয়া হয়।

সাধারণতঃ তিন বৎসর কাল বাহিরে অধ্যয়নের জন্য এই বৃত্তিগুলি দেওয়া হয়।

(গ) ভিন্ন ভিন্ন প্রকল্পানুযায়ী ভারতের অন্যান্য রাজ্যে পশ্চিমবঙ্গের শিক্ষার্থীগণের অধ্যয়নের জন্য রাজ্য-সরকারের বৃত্তি দেওয়ার ব্যবস্থা আছে। উপরন্তু পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক যেসকল পরীক্ষা গৃহীত হয় উহার ফলাফলের ভিত্তিতে রাজ্য-সরকার মেধাবী ছাত্রছাত্রীগণকে প্রতি বৎসর যেসকল বৃত্তি দিয়া থাকেন ঐসকল বৃত্তিভোগী ছাত্রছাত্রীগণও ভারতের যে-কোন রাজ্যে অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষা গ্রহণ করিতে পারেন।

(ঘ) বর্তমানে রাজ্য-সরকারের দুইজন বৃত্তিভোগী রুরকী বিশ্ববিদ্যালয়ে কারিগরী শিক্ষা লাভ করিতেছেন। এতদ্ব্যতীত অপর দুইজন বৃত্তিভোগী প্রাক্-বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফলাফলের ভিত্তিতে রাজ্য-সরকারের বৃত্তি লাভ করিয়া গুজরাট ও পাতিয়ালায় উচ্চশিক্ষা লাভ করিতেছেন।

Establishment of Health Centre at Gajole police station, Malda

1496. (Admitted question No. 3315.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার গাজোল থানায় জনসাধারণের আবেদনক্রমে গাজোল বন্দরে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে—

(১) কোন্ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত হইয়াছে;

(২) উক্ত স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ আরম্ভ হইয়াছে কি;

(৩) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকাজ আরম্ভ না হইয়া থাকিলে ইহার কারণ কি; এবং

(৪) কতদিনের মধ্যে নির্মাণকাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যাইতে পারে?

The Minister for Health:

(ক) আছে।

(খ) (১) চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার পরিকল্পনা আছে।

(২) না।

(৩) গাজোল উন্নয়ন ব্লকে একটি প্রাথমিক ও তিনটি উপ-স্বাস্থ্যকেন্দ্র ইতিপূর্বেই স্থাপিত হইয়াছে। প্রতি ব্লকে ন্যূনতম একটি প্রাথমিক ও দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত না হওয়া পর্যন্ত গাজোল ব্লকে আর একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা সম্ভব নহে।

(৪) ইহা এখন বলা সম্ভব নয়।

Government vested lands in Sundarbans and salt lakes for Pisciculture

1497. (Admitted question No. 3335.)

শ্রীসনৎকুমার রাহা: মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন ও লবণ হ্রদে কত জমি সরকারে ন্যস্ত, যাহাতে মৎস্য চাষ হইতে পারে;

(খ) এই এলাকায় কি কি উন্নয়নের কাজ হইয়াছে মৎস্য চাষের জন্য; এবং

(গ) গত তিন বছরে এই এলাকা হইতে কত মৎস্য উৎপন্ন হয়?

The Minister for Fisheries:

(ক) তথ্যাদি সংগ্রহ করা হইতেছে, তবে লবণ হ্রদ এলাকায় কোন জমি মৎস্য বিভাগের দখলে নাই। সুন্দরবন এলাকাস্থ ফ্রেজারগঞ্জে ৯১;৩২ একর জমি মৎস্য বিভাগের দখলে আছে। তন্মধ্যে ৪১·৬৬ একর জমি মৎস্য চাষের উপযোগী।

(খ) ফ্রেজারগঞ্জে ৪০ একর (বা ১২০ বিঘা) জমি লইয়া একটি ফিস সিড ফার্ম প্রকল্প সরকার মঞ্জুর করিয়াছেন। ইহার উন্নয়ন কাজ আরম্ভ করা হইয়াছে।

(গ) প্রশ্নের উত্তর হইতে প্রতীয়মান হইবে যে উক্ত ফার্মে মৎস্য চাষ করিতে কিছু বিলম্ব হইবে।

Contai Basin Scheme

1498. (Admitted question No. 3346.) **Shri Hrishikesh Chakravarty:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) total estimated cost of expenditure of Contai Basin Scheme;

(b) details of the items and amount spent up to 31st March, 1965; and

(c) number of sluices, culverts and foot bridge and their location on the proposed channels?

The Minister for Irrigation and Waterways: (a) Rs. 36.24 lakhs for Contai Basin Drainage Scheme (Part I).

(b) Details of works completed are as follows:

(i) Re-excavation of the outfall channel of old Panipia khal.

(ii) Special repair to old Panipia khal.

(iii) Construction of two Nos. N.C.C. bridges over Mirjapur main khal and branch khal.

(iv) Construction of cement godown at Contai.

Details of works in progress are given below:

(v) Re-excavation of New Panipia khal from proposed bridge site on Contai Digha Road to Panipia sluice.

(vi) Construction of R.C.C. bridge over Contai Digha road over Panipia khal.

An amount of Rs. 5,74,026.67 has been spent up to 31st March, 1965.

(c)(i) 32 Nos. Hume pipe sluices;

(ii) 1 No. lock-cum-regulator at Mosagon;

(iii) 1 No. bridge-cum-regulator at Contai for Contai-Belda road;

(iv) 1 No. Masonry sluice by the side of the existing new Panipia sluice;

(v) 1 No. R.C.C. bridge on Contai-Digha road over Panipia khal, 8 Nos. R.C.C. foot bridges over Panipia khal and 11 Nos. R.C.C. foot bridges over branch khal.

New bridges will be constructed at the sites as will be recommended by the Civil authority and those that will replace the existing ones will be constructed at the same sites.

Ratio of Hospital Beds and Doctors to population

1499. (Admitted question No. 3371.) **Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) what is the ratio of Hospital bed to population in the following district:

(1) Purulia,

(2) Malda,

(3) Jalpaiguri,

(4) Darjeeling, and

(5) Cooch Behar; and

(b) what is the ratio of doctors to population in the abovementioned districts?

The Minister for Health: (a) and (b)—

District		Population served by a Bed	Population served by a Doctor
(1) Purulia	...	1,149	4,563
(2) Malda	...	2,907	8,229
(3) Jalpaiguri	...	2,499	2,735
(4) Darjeeling	...	478	2,017
(5) Cooch Behar	...	2,182	1,998

Families affected by storms in Murshidabad district

1500. (Admitted question No. 3378.)

[illegible] রাহা : ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২৩এ মার্চ ১৯৬৫ তারিখ মুর্শিদাবাদ জেলায় ঝড় ও জলের মধ্যে যে সকল দুঃস্থ ব্যক্তির গৃহ ধ্বংস হইয়াছে তাহার সংখ্যা কত; এবং

(খ) উক্ত দুঃস্থগণকে গৃহ নির্মাণের জন্য এ যাবৎ কত অর্থ সাহায্য করা হইয়াছে।

The Minister for Relief and Social Welfare:

(ক) মোট ১০,৪০২ ব্যক্তির গৃহ ক্ষতিগ্রস্ত হইয়াছে (সামান্য ক্ষতিগ্রস্তদের সংখ্যা সমেত)।

(খ) দুঃস্থগণের গৃহ পুনর্নির্মাণ বা সংস্কারের নিমিত্ত সাহায্য দেওয়া হইতেছে। ঋণ পাইবার যোগ্য ব্যক্তিদিগকেও যথা সম্ভব শীঘ্র গৃহ নির্মাণ ঋণ দিবার ব্যবস্থা করা হইতেছে।

Incidence of Smallpox in Birbhum district

1501. (Admitted question No. 3416.)

ডাঃ রাধানাথ চট্টোরাজ : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বীরভূম জেলায় ব্যাপকভাবে বসন্ত রোগ দেখা গিয়াছে;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) প্রতিটি থানায় আক্রান্তের সংখ্যা কত;

(২) এ পর্যন্ত কত লোক মারা গিয়াছে;

(৩) এই রোগ প্রতিরোধের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে উক্ত জেলায় কিছুদিন পূর্বে বসন্ত রোগ নির্মূল করিবার জন্য সরকার পথ নির্দেশক পরিকল্পনা (পাইলট স্কীম) গ্রহণ করিয়াছিলেন; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তাহা হইলে ব্যাপকভাবে বসন্ত রোগের প্রাদুর্ভাব সম্পর্কে সরকার কোন অনুসন্ধান করিয়াছেন কি ?

The Minister for Health:

(ক) না, তবে বিক্ষিপ্তভাবে বীরভূম জেলার বোলপুর পৌর এলাকা, নানুর, রাজনগর ও খয়রাসোল থানায় বসন্ত রোগ দেখা দিয়াছে।

(খ) থানার নাম	আক্রান্তের সংখ্যা
(১) বোলপুর পৌর এলাকা	৫৫
নানুর	২
রাজনগর	৬
খয়রাসোল	১

(২) ২৭ জন।

(৩) ১৯৬০-৬১ সালে বীরভূম জেলায় একটি পাইলট স্কীমের অধীনে শতকরা ৭৮ জনকে বসন্ত নিরোধক টীকা দেওয়া হয়। পাইলট পরিকল্পনা শেষ হওয়ার পর অবশিষ্ট ব্যক্তিদের (যাহাদের টীকা দেওয়া হয় নাই) স্থানীয় স্বাস্থ্য কর্মীরা টীকা দিতে আরম্ভ করেন। স্থানীয় স্বাস্থ্য কর্মীরা ছাড়াও আরও অতিরিক্ত ১৬ জন অস্থায়ী টীকাদার নিয়োগ করা হয়। উহারা

বেলপুর পৌর এলাকা সহ আক্রান্ত অঞ্চলে শতকরা ৯৫ জনকে টীকা দিয়াছেন। বর্তমান বৎসরে সমগ্র বীরভূম জেলার ৩৩ হাজার প্রাথমিক টীকা সহ মোট ২,৭২,৫৯৩ জনকে টীকা দেওয়া হইয়াছে।

(গ) হ্যাঁ।

(ঘ) ব্যাপকভাবে বসন্ত রোগের প্রাদুর্ভাব হয় নাই বলিয়া উক্ত রূপ কোন অনুসন্ধানের প্রয়োজন হয় নাই, তবে প্রতিটি আক্রান্ত রোগীর সম্পর্কে বিস্তারিত বিবরণ সংগ্রহ করা হইতেছে। উক্ত বিবরণ হইতে দেখা গিয়াছে যে রোগটি কেবলমাত্র যাহাদিগকে কোন মতেই টীকা নিতে সম্মত করা যায় নাই তাহাদের ও নবজাত শিশুদের মধ্যেই সীমাবদ্ধ আছে।

Districtwise List of schemes of different departments to be implemented through Panchayati Raj

1502. (Admitted question No. 3424.)

শ্রী[illegible] রাহা: পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠার কাজ ত্বরান্বিত করার জন্য বিভিন্ন দপ্তরকে জেলা পর্যায়ে পরিকল্পনার তালিকা গঠনের জন্য নির্দেশ দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে কোন্ কোন্ দপ্তর পরিকল্পনা দিয়াছে এবং কোন্ কোন্ দপ্তর দেয় নাই ?

The Minister of State for Panchayats:

(ক) হ্যাঁ। বিভিন্ন দপ্তরকে জেলা ও তন্নিম্ন পর্যায়ের পরিকল্পনার তালিকা গঠনের জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(খ) নিম্নলিখিত দপ্তর হইতে পরিকল্পনা পাওয়া গিয়াছে:

(১) কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন)।

(২) সেচ ও জলপথ।

(৩) পশুপালন ও পশুচিকেৎসা।

(৪) কুটির ও ক্ষুদ্রশিল্প।

(৫) স্বাস্থ্য।

(৬) পরিকল্পনা ও উন্নয়ন।

(৭) শিক্ষা।

(৮) বন।

(৯) ত্রাণ ও সমাজ মংগল।

নিম্নলিখিত দপ্তর হইতে কোন পরিকল্পনা এখন পর্যন্ত পাওয়া যায় নাই—

(১) পূর্ত, (২) মৎস্য, (৩) আদিবাসী মংগল, (৪) আবাসন, (৫) বাণিজ্য ও শিল্প, (৬) স্বরাষ্ট্র (আরক্ষা) এবং (৭) শরণার্থী ও পুনর্বাসন।

[1—1-10 p.m.]

District School Boards in West Bengal

1503. (Admitted question No. 3258.)

শ্রীমহানন্দ হালদার: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি জিলা শিক্ষা পর্ষৎ আছে;

(খ) ঐ গুলির প্রত্যেকটিতে কতজন করিয়া সভ্য আছেন;

(গ) তাহাদের মধ্যে কতজন মনোনীত ও শিক্ষক প্রতিনিধি আছেন;

(ঘ) কোন্ জিলা শিক্ষা পর্ষতের অধীনে কতজন শিক্ষক বা শিক্ষিকা নিযুক্ত আছে;

(ঙ) কোন্ কোন্ জিলা শিক্ষক পর্ষতের ব্যবহারের জন্য জীপ আছে; এবং

(চ) গত তিন বৎসরে (১৯৬২-৬৪) ঐ সমস্ত জীপের তেল বা মেরামত প্রভৃতির জন্য কোন্ জিলা শিক্ষা পর্ষৎ কত টাকা খরচ করিয়াছেন?

The Minister for Education:

(ক) হইতে (ঘ) তথ্য সম্বলিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(ঙ) ও (চ) অংশ সম্পর্কে তথ্য সংগৃহীত হইতেছে। সকল জেলা হইতে সম্পূর্ণ তথ্য এখনও পাওয়া যায় নাই।

Primary, Secondary and High Schools in West Bengal

1504. (Admitted question No. 1173.)

শ্রীকানদ্রু মাঝি: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ জেলায় কতগুলি প্রাইমারী স্কুল, মাধ্যমিক স্কুল ও হাই স্কুল আছে এবং তাহার পৃথক পৃথক সংখ্যা কি;

(খ) পুরুলিয়া জেলায় কোন্ কোন্ থানায় কতগুলি প্রাইমারী স্কুল ও অন্যান্য স্তরের স্কুল আছে এবং কোন্ স্তরের স্কুলের সংখ্যা কত;

(গ) এই জেলায় এই বৎসরে বিভিন্ন স্তরের স্কুল বাড়াইবার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে কোন্ স্তরের স্কুলের সংখ্যা কত?

The Minister for Education:

(ক) ও (খ) দুইটি তালিকা (১নং ও ২নং) লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(গ) ও (ঘ) স্কুল বাড়াইবার কোন পরিকল্পনা বর্তমানে নাই। বর্তমান স্কুলগুলিতে ছাত্র-সংখ্যার আধিক্য হইলে নূতন স্কুল স্থাপনের বিষয় বিবেচনা করা হইবে।

Government aided Free Primary School

1505. (Admitted question No. 2622.)

শ্রীবিজয় পাল ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন কোন্ সহরে মোট কতগুলি প্রাথমিক বিদ্যালয় সরকার অবৈতনিক বিদ্যালয় হিসাবে পরিচালনা করিতেছেন;

(খ) সেই সব প্রাথমিক বিদ্যালয়ের (যাহা অবৈতনিক করা হইল) মোট শিক্ষক ও শিক্ষিকার সংখ্যা কত;

(গ) তাহাদিগের মধ্যে নন-ম্যাট্রিক ও নন-ট্রেনড্ শিক্ষক শিক্ষিকাদের সকলকেই কি চাকুরীতে নিযুক্ত রাখা হইয়াছে; এবং

(ঘ) যে সব নন-ম্যাট্রিক ও আনট্রেন্ড শিক্ষক ও শিক্ষিকাদের কাজে বহাল রাখা হইল তাহাদের শিক্ষকতার মান উন্নয়নের জন্য কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Education:

(ক) মোট ৫৪৪টি সরকার প্রবর্তিত (গভর্নমেন্ট স্পনসর্ড্) অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় আছে। বিভিন্ন জেলায় সহরানুযায়ী এইরূপ বিদ্যালয়ের সংখ্যা একটি বিবরণীতে লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(খ) ৩,৪৯৩।

(গ) হ্যাঁ।

(ঘ) উপযুক্ত ক্ষেত্রে এই শিক্ষক শিক্ষিকাগণ শিক্ষক-শিক্ষণ বিদ্যালয়ে ভর্তি হইয়া মান উন্নয়ন করিতে পারেন। প্রকৃত প্রস্তাবে নন-ম্যাট্রিক ও নন-ট্রেন্ড শিক্ষক ও শিক্ষিকার অনেকেই উন্নততর যোগ্যতা অর্জনান্তে 'খ' শ্রেণীভুক্ত হইয়াছেন।

High and Higher Secondary Schools in Midnapore district

1506. (Admitted question No. 2666.)

শ্রীঅনঙ্গমোহন দাস ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন্ কোন্ হাই ও হাইয়ার সেকেন্ডারী বিদ্যালয় গত ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে কি কি বাবত কত টাকা পাইয়াছে:

(খ) উক্ত টাকা কোন্ সময়ের মধ্যে কি পদ্ধতিতে ব্যয়িত হইয়াছে; এবং

(গ) এ সকল স্কুলের এ দু'বছর বাবদ কত টাকা পাওনা এখনও দেওয়া হয় নাই?

The Minister for Education:

(ক) বিদ্যালয়সমূহের নাম ও বিভিন্ন খাতে প্রাপ্ত আবর্তক অনুদানের হিসাব লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(খ) ১৯৬৩-৬৪ সালের টাকা দ্বারা ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালের মধ্যে উক্ত বৎসরের জন্য শিক্ষকের বেতন ও স্টাইপেন্ড ও বিদ্যালয় পরিচালনার আনুসঙ্গিক ব্যয় বহন করা হইয়াছে।

১৯৬৪-৬৫ সালে প্রদত্ত টাকা কি পদ্ধতিতে ব্যয়িত হইয়াছে তাহা ১৯৬৪-৬৫ সনের অডিট রিপোর্ট পাওয়া গেলে বলা সম্ভব হইবে।

(গ) ১৯৬৩-৬৪ সালের দরুন সমস্ত টাকা দেওয়া হইয়াছে। ১৯৬৪-৬৫ সনের জন্য ও আনুমানিক ১০ মাসের মেন্টেনেনস গ্রান্ট দেওয়া হইয়াছে। কত বাকী আছে তাহা ১৯৬৪-৬৫ সালের অডিট রিপোর্টে পাওয়া গেলে বলা যাইবে।

Financial assistance given to the Libraries in the rural areas of Serampore subdivision

1507. (Admitted question No. 1117.)

শ্রীমনোরঞ্জন হাজরা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হুগলী জেলার শ্রীরামপুর মহকুমার গ্রামাঞ্চলে ১৯৬০-৬১ হইতে এ পর্যন্ত কোন্ কোন্ পাঠাগারকে কি পরিমাণ সরকারী সাহায্য দেওয়া হইয়াছে?

The Minister for Education:

হুগলী জেলার শ্রীরামপুর মহকুমার গ্রামাঞ্চলে ১৯৬০-৬১ সাল হইতে ১৯৬৪-৬৫ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত যে যে পাঠাগারকে সরকারী সাহায্য দেওয়া হইয়াছে তাহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Financial assistance to the children of political sufferers of Contai subdivision

1508. (Admitted question No. 1791.)

শ্রীসুধীরচন্দ্র দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে কাঁথি মহকুমার কোন্ কোন্ ছাত্রছাত্রীকে নির্যাতিত রাজনৈতিক-কর্মীর পরিবারভুক্ত বলিয়া কত টাকা কি কি বাবদে সাহায্য করা হইয়াছে:

(খ) ঐ সালে মোট ঐজন্য ঐ মহকুমার কোন্ কোন্ বিদ্যালয় হইতে কতগুলি আবেদন পাওয়া গিয়াছে;

(গ) ১৯৬৪-৬৫ সালে কাঁথি মহকুমার কোন্ কোন্ বিদ্যালয় হইতে কতগুলি নির্যাতিত রাজনৈতিক কর্মী পরিবারভুক্ত ছাত্রছাত্রীর সাহায্যের জন্য আবেদন পাওয়া গিয়াছে; এবং

(ঘ) ঐ আবেদনগুলির মধ্যে কোন্ কোন্ বিদ্যালয়ের কোন্ কোন্ ছাত্রছাত্রীর আবেদন মঞ্জুর করা হইয়াছে?

The Minister for Education:

(ক) মহকুমাওয়ারী ছাত্রছাত্রীর নাম রাখা হয় না। যাহা হউক, যতদূর সম্ভব সাহায্যপ্রাপ্ত ছাত্রছাত্রীর নাম বিবরণী "ক"তে লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) ১৯টি বিদ্যালয় হইতে মোট ৪৮টি আবেদনপত্র পাওয়া গিয়াছে। বিদ্যালয়সমূহের নাম ও আবেদনপত্রের সংখ্যা বিবরণী "খ"তে লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(গ) ১৯৬৪-৬৫ সালে মোট ১৪টি আবেদনপত্র পাওয়া গিয়াছে। বিদ্যালয়সমূহের নাম ও প্রাপ্ত আবেদনপত্রের সংখ্যা "গ"তে লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(ঘ) প্রাপ্ত ১৪টি আবেদনপত্রের মধ্যে ইতিপূর্বে যাহারা সাহায্য পাইয়াছিলেন সেইরূপ ৭টি গত আর্থিক বৎসরে পুনর্মঞ্জুর করা হইয়াছে। তালিকা "ঘ" লাইব্রেরী টেবিলে রাখা হইল। অন্য আবেদনগুলির যোগ্যতা বিবেচনা করা হইতেছে। এ বিষয়ে ভারত সরকারের দেয় আর্থিক সাহায্যের অনুমোদন পাওয়া গেলে ব্যবস্থা অবলম্বন করা হইবে।

Grant of educational facilities to the children of political sufferers of Contai subdivision

1509. (Admitted question No. 1885.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজনৈতিক দুঃস্থ কর্মীদের সন্তানদের পড়াশুনার জন্য ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমার কাহারা কত টাকা সাহায্য পাইয়াছে;

(খ) ১৯৬৪-৬৫ সালের জন্য আবেদনকারীর সংখ্যা কত;

(গ) উঁহারা কতদিনের মধ্যে সাহায্য পাইতে পারে;

(ঘ) সাহায্যদানের কি পদ্ধতি অনুসরণ করা হয়; এবং

(ঙ) সাহায্যপ্রাপ্ত পুত্রকন্যার একটির পাঠ শেষ হইলে পরবর্তী সন্তানটি তাহার স্থানে ছাত্রবৃত্তি পাইবার অধিকারী হয় কিনা?

The Minister for Education:

(ক) মোট ১৩জন ছাত্রছাত্রীকে আলোচ্য প্রকল্পাধীন বৃত্তি পুনর্মঞ্জুর করা হইয়াছে। তাহাদের নাম ("ক" বিবরণী) লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) ১৯টি।

(গ) ৯জন ছাত্রছাত্রীকে এই প্রকল্পাধীন বৃত্তি গত আর্থিক বৎসরের জন্য পুনর্মঞ্জুর করা হইয়াছে। নূতন আবেদনপত্রগুলি ভারত সরকারের আর্থিক অনুমোদন পাওয়া গেলে মঞ্জুর করিবার ব্যবস্থা করা হইবে।

(ঘ) পুনর্মঞ্জুর বিষয়ক দরখাস্তগুলি শিক্ষা অধিকর্তা বিবেচনা করিয়া থাকেন। এই প্রকল্পানুযায়ী যাহারা প্রথমবার আবেদন করে তাহাদের আবেদনগুলি কেবিনেট সাব কমিটি কর্তৃক অনুমোদিত হইলে বৃত্তি মঞ্জুর করা হয়।

কোন নির্যাতিত রাজকর্মী পরিবারের মাসিক মোট আয় তিনশত টাকার অনধিক হইলে পশ্চিমবঙ্গে অনুমোদিত কোন শিক্ষায়তনে পাঠরত একটিমাত্র সন্তান শিক্ষা-সাহায্য পাইতে পারে। অবশ্য তাহাদের বাৎসরিক পরীক্ষার ফল ও আচরণ সন্তোষজনক হওয়া চাই।

(ঙ) হ্যাঁ। পাইতে পারেন।

Number of 2-class, 4-class High and Higher Secondary Schools in Egra P.S. in Midnapore district

1510. (Admitted question No. 1931.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় মঞ্জুরীকৃত কতগুলি কি প্রকারের দুই শ্রেণী, চার শ্রেণী, দশম শ্রেণী ও বহুমুখী বিদ্যালয় আছে;

(খ) গত ১৯৬৩-৬৪ সালের আর্থিক বৎসরে সরকার হইতে কে কি বাবদ কত টাকা সাহায্য পাইয়াছেন; এবং

(গ) বর্তমান বৎসরে ঐ প্রতিষ্ঠানগুলি কত টাকা কি বাবদ সাহায্য পাইয়াছেন এবং কি পরিমাণ সাহায্য বরাদ্দ আছে?

The Minister for Education:

(ক) বহুমুখী—৬
দশম শ্রেণী—৪
চারি শ্রেণী—৯
দুই শ্রেণী—৬

(খ) এবং (গ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

Night Schools, Libraries, etc., functioning at Contai, Midnapore

1511. (Admitted question No. 2262.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমায় ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালের জন্য কোন্ কোন্ লাইব্রেরী, নৈশ বিদ্যালয়, ক্লাব প্রভৃতি সমাজ-শিক্ষা প্রতিষ্ঠানগুলি কত পরিমাণ সরকারী সাহায্য লাভ করিয়াছে;

(খ) উক্ত সাহায্যদানের নীতি নির্ধারণ ও বণ্টন ব্যবস্থার জন্য কোনও জেলা সমিতি আছে কি; এবং

(গ) যদি 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে উক্ত সমিতি কোন্ তারিখে গঠিত হইয়াছে এবং সমিতির সদস্যদের নাম কি?

১৫। ডাঃ গোবিন্দ গোপাল মুখোপাধ্যায়—প্রধান অধ্যাপক, সংস্কৃত বিভাগ, বর্ধমান বিশ্ব-বিদ্যালয় বিখ্যাত গায়ক ও সংগীত শাস্ত্রে পারদর্শী, কৃষ্ণনগর।

১৬ শ্রীরণজিৎকুমার ব্যানার্জী—বাস্তুকার-অধ্যক্ষ, বি পি সি ইন্সটিটিউট অব টেকনোলজী, কৃষ্ণনগর।

Kalmekha Free Primary School, Murshidabad

1563. (Admitted question No. 2649.)

শ্রীকাশীকান্ত মৈত্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) মুর্শিদাবাদ জেলার লালগোলা থানায় অবস্থিত কালমেখা বাঁশগাড়া ফ্রী প্রাইমারী স্কুলটি যেস্থানে চলিতেছে তাহা মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডকে দান করা হইয়াছিল ও উক্ত স্কুল বোর্ড উক্ত দান গ্রহণ করিয়াছিলেন;

(২) বর্তমানে মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড উক্ত গৃহ এবং জমি দাতাদের দেবার প্রস্তাব গ্রহণ করিয়াছেন; এবং

(খ) প্রশ্নের উত্তর সত্য হইলে, তাহার কারণ কি?

The Minister for Education:

(ক) ও (খ) মুর্শিদাবাদ জেলার লালগোলা থানায় অবস্থিত কালমেখা ফ্রী প্রাইমারী স্কুল গৃহটি ১৯৫৯ সালের বন্যায় বিধ্বস্ত হওয়ায় সাময়িকভাবে উহা পার্শ্ববর্তী বাঁশগাড়া গ্রামে লালগোলা রাজ পরিবারের কাছারী বাড়ীতে স্থানান্তরিত করা হয়। ইতিমধ্যে ঐ বন্যা বিধ্বস্ত স্কুল গৃহটি পুনর্নির্মাণের জন্য স্কুল বোর্ড অর্থ মঞ্জুর করেন। বর্তমানে পুনর্নির্মাণ কার্য চলিতেছে। উহা সমাপ্ত হইলেই মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড বিদ্যালয়টিকে পুনরায় বাঁশগাড়া হইতে কালমেখা গ্রামে পূর্ব অবস্থানে ফিরাইয়া লইয়া যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করায় বাঁশগাড়া গ্রামের সাময়িকভাবে গৃহীত কাছারী বাড়ীটি উহার দাতাকে প্রত্যর্পণ করার প্রস্তাব গ্রহণ করিয়াছেন।

Disease of Cows in Tufangunj subdivision

1564. (Admitted question No. 2653.)

শ্রীজীবনকৃষ্ণ দে: পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে,—

(১) তুফানগঞ্জ মহকুমার অন্ধরাণ ফুলবাড়ী প্রভৃতি গ্রামে গো-মড়ক দেখা দিয়াছে; এবং

(২) ঐ রোগে আক্রান্ত গরুর পা ফুলে যায়, মুখ দিয়ে লালা পড়ে এবং তিন দিনের মধ্যে ঘা হয়ে পোকা ধরে; এবং

(খ) অবগত থাকিলে সরকার এই রোগ দূরীকরণের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি না?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) (১) তুফানগঞ্জ মহকুমার অন্ধরাণ ফুলবাড়ী গ্রামে কোন গো-মড়কের খবর পাওয়া যায় নাই। তবে ঐ মহকুমার শালবাড়ী, ভানুকুমারী, ডামপাল ও বড় কোদালী অঞ্চলের গ্রামগুলিতে গত জানুয়ারি মাস হইতে এষো-খড়া (ফুট অ্যান্ড মাউথ্ ডিজিজ) রোগের প্রাদুর্ভাব দেখা দিয়াছিল।

(২) এষো রোগে এইরূপ লক্ষণ দেখা দেয়।

(খ) এই রোগের উপযুক্ত কোন প্রতিষেধক টিকার ব্যাপক প্রয়োগের ব্যবস্থা বর্তমানে এদেশে না থাকায় যতদূর সম্ভব লক্ষণ অনুযায়ী আক্রান্ত গরুগুলির চিকিৎসার ব্যবস্থা করা হইয়াছিল।

Reconstitution of District School Board, 24-Parganas

1565. (Admitted question No. 2656.)

শ্রীশক্তিকুমার সরকার; শ্রীবৃন্দাবন গায়েন; শ্রীঅনাদিমোহন তাঁতি; এবং শ্রীআহম্মদ আলী মুফতি: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ২৪-পরগনা জেলা স্কুল বোর্ডের নির্বাচনের সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও নির্বাচন অনুষ্ঠিত হইতেছে না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে—

(১) তাহার কারণ কি; এবং

(২) উক্ত নির্বাচন কবে নাগাদ অনুষ্ঠিত হইবে?

The Minister for Education:

(ক) ও (খ) ২৪-পরগনা জেলা স্কুল বোর্ডের বর্তমান কার্যকাল যখন শেষ হয় তখন গ্রাম ও অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন অনুষ্ঠিত হইতেছিল। উক্ত নির্বাচন সমাপ্তি সম্পর্কে স্কুল বোর্ডের পুনর্গঠন স্থগিত রাখা হয়। এক্ষণে উক্ত নির্বাচন সমাপ্ত হওয়ায় জেলা স্কুল বোর্ড পুনর্গঠনের জন্য জিলা ম্যাজিস্ট্রেটকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হইয়াছে।

Building grant of Dwarbasini Kumar Rajendra Higher Secondary School

1566. (Admitted question No. 2703.)

শ্রীগিরিজাভূষণ মুখার্জি: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দ্বারবাসিনী কুমার রাজেন্দ্র উচ্চতর বিদ্যালয়গৃহ নির্মাণের জন্য সরকারী সাহায্য পাইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ টাকার পরিমাণ কত,

(২) উক্ত টাকা গৃহনির্মাণ বাবত খরচ হইয়াছে কিনা, এবং

(৩) গৃহনির্মাণ কার্য শুরু হইবার পূর্বে টেন্ডার লওয়া হইয়াছিল কিনা?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) (১) ৩৭,৫০,০০০ টাকা।

(২) হ্যাঁ।

(৩) না।

Upgrading of 4-class Junior High Schools

1567. (Admitted question No. 2755.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে যেসকল চতুর্থ শ্রেণীতে জুনিয়ার হাই স্কুল দশ শ্রেণীযুক্ত হাই স্কুলে উন্নীত হইয়াছে তাহাদের সংখ্যা কত;

(খ) উহারা কোন্ বৎসর হইতে কি হারে সরকারী সাহায্য পাইবে; এবং

(গ) এই বৎসর মেদিনীপুর জেলাতে কতগুলি এই প্রকারের স্কুল উন্নীত হইবার জন্য আবেদন করিয়াছিল এবং কতগুলি উন্নীত হইবার মঞ্জুরী পাইয়াছে?

The Minister for Education:

(ক) ২২৬।

(খ) আর্থিক সংগতি সাপেক্ষ নূতন মঞ্জুরিপ্রাপ্ত বিদ্যালয়গুলিকে থোক (লাম্প) অনুদান দেওয়ার প্রশ্ন ১৯৬৫-৬৬ সালে বিবেচনা করা যাইবে।

(গ) ৬৪। মঞ্জুরি দান করেন পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ। তাঁহারা এখনও মঞ্জুরিদান কার্য শেষ করেন নাই।

Chaltia Beel and Katiganga Beel in Berhampore police-station

1568. (Admitted question No. 2765.)

শ্রীসনৎকুমার রাহা: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানার অন্তর্গত চালতিয়া বিল ও কাটিগঙ্গার বিলে মৎস্য চাষ হয় কিনা;

(খ) এই দুইটি বিল ইজারা দেওয়া হয় কিনা;

(গ) ইজারা দেওয়া হইলে শেষ যাহাদের ইজারা দেওয়া হইয়াছে তাহাদের নাম কি; এবং

(ঘ) কি পরিমাণ মৎস্য এই দুইটি বিল হইতে উৎপন্ন হয়?

The Minister for Fisheries:

(ক), (খ), (গ) ও (ঘ) প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে। যথাসম্ভব শীঘ্র জানানো হইবে।

Introduction of free and compulsory Primary Education in municipal areas

1569. (Admitted question No. 2766.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—সহরাঞ্চলে অবৈতনিক প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলকভাবে চালু করার জন্য অদ্যাবধি কি কি ব্যবস্থা লইয়াছেন?

The Minister for Education:

সহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে চালু করার উদ্দেশ্যে দি ওয়েস্ট বেঙ্গল আরবান প্রাইমারি এডুকেশন অ্যাক্ট, ১৯৬৩, পাশ করা হইয়াছে। এই আইন প্রবর্তনের পূর্বেই দি বেঙ্গল প্রাইমারি এডুকেশন অ্যাক্ট, ১৯১৯ অনুযায়ী খড়দা (২৪-পরগনা), জঙ্গীপুর (মুর্শিদাবাদ) এবং আসানসোল (বর্ধমান) পৌর এলাকাগুলিতে অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে চালু করা হইয়াছে। দি ওয়েস্ট বেঙ্গল আরবান প্রাইমারি এডুকেশন অ্যাক্ট, ১৯৬৩-এর ৩নং ধারা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাবলী পেশ করিবার জন্য পৌর কর্তৃপক্ষগণকে করা হইয়াছে। আটটি পৌরসভা হইতে তথ্যাবলী পাওয়া গিয়াছে। এইগুলি পরীক্ষা করিয়া দেখা হইতেছে। অন্যান্য পৌরসভাগুলিকে প্রকল্প দাখিল করিবার জন্য তাগিদ দেওয়া হইয়াছে। পৌরসভাগুলি হইতে প্রয়োজনীয় তথ্যাবলী এবং তাহাদের সহযোগিতা পাওয় গেলেই পৌর এলাকায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে চালু করিবার প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইবে।

Asoke Art Gallery

1570. (Admitted question No. 2800.)

শ্রীনাথানিয়েল মুর্মু: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতাস্থিত সরকারী চারুকলা ও কারুশিল্প মহাবিদ্যালয় সংলগ্ন অশোক আর্ট গ্যালারীর স্বত্ব পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ইন্ডিয়ান মিউজিয়াম-এর বোর্ড অফ ট্রাস্টীকে অর্পণ করা হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) কবে এই স্বত্বের হস্তান্তর ঘটিয়াছে, এবং

(২) এই হস্তান্তরের কারণ কি?

The Minister for Education:

(ক) না; কারণ ১৯১০ সালের মিউজিয়াম অ্যাক্ট (অ্যাজ অ্যামেন্ডেড) অনুসারে আর্ট বিভাগ ও আর্ট গ্যালারীর স্বত্ব বোর্ড অফ ট্রাস্টীস-দের হাতে ন্যস্ত রহিয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

Sales Tax on Cottage Industries

1571. (Admitted question No. 2823.)

শ্রীসনৎকুমার রাহা: অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুটিরশিল্পের উপর বিক্রয়কর আদায় হয় কিনা;

(খ) কাঁসা, তামা ও ছোট কাঠের শিল্পে এই কর আদায় হয় কিনা; এবং

(গ) ১৯৬৩-৬৪ সালে এই জিনিষগুলি হইতে কত টাকা বিক্রয়কর বাবদ আদায় হইয়াছে?

The Minister for Finance:

(ক) হয়।

(খ) হয়।

(গ) তামা ও কাঁসার বাসনপত্রের উপর ২ লক্ষ টাকা (আনুমানিক); ক্ষুদ্রায়তন কাষ্ঠ শিল্পের উপর ৯০ হাজার টাকা (আনুমানিক)।

Government help for the poor and meritorious students

1572. (Admitted question No. 2855.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে দরিদ্র মেধাবী ছাত্রছাত্রীদের সম্পূর্ণরূপে সরকারী সাহায্যে লেখাপড়া করিবার সুযোগ আছে কিনা;

(খ) সুযোগ থাকিলে গত ১৯৬৪ সালে কতজন ছাত্রছাত্রী লেখাপড়া করিবার সকল খরচ সরকার বহন করিয়াছিলেন; এবং

(গ) উক্ত ছাত্রছাত্রীগণের কতজন স্কুলে এবং কতজন কলেজে পড়ে?

The Minister for Education:

(ক) গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ে সকল ছাত্রছাত্রীগণকেই বিনা বেতনে পড়ান হয়। উপরন্তু দরিদ্র ছাত্রছাত্রীগণকে বিনামূল্যে পুস্তকাদিও ব্যবহারের জন্য সরবরাহ করার ব্যবস্থা আছে। ইহা ব্যতীত, গ্রাম অঞ্চলে বালিকাদের শিক্ষা অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক। সর্ব পর্যায়ে সর্বত্র বৃত্তি, স্টাইপেন্ড ও পুস্তক ক্রয়ের জন্য অনুদান দেওয়ার ব্যবস্থাও আছে এবং আদিবাসী ও অনুন্নত সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন প্রকারের যথেষ্ট অনুদানের ব্যবস্থা আছে।

(খ) ও (গ) বিভিন্ন স্তরে প্রতি শিক্ষা প্রতিষ্ঠান হইতে সংখ্যা সংগ্রহ অত্যন্ত সময় সাপেক্ষ।

Divorce Cases

1573. (Admitted question No. 2862.)

শ্রীঅনঙ্গমোহন দাস: বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের বিভিন্ন আদালতে গত ১৯৬৩-৬৪ সালে কতগুলি বিবাহ বিচ্ছেদ মামলা উত্থাপিত হইয়াছিল;

(খ) উহাদের মধ্যে কতগুলি হিন্দু মুসলমান বা অন্যান্য সম্প্রদায়ের লোক কর্তৃক উত্থাপিত হইয়াছে; এবং

(গ) ঐ সকল মামলার মধ্যে কতগুলিতে বিবাহ বিচ্ছেদ মঞ্জুর হইয়াছে?

The Minister for Judicial:

(ক), (খ) ও (গ) জেলাসমূহ হইতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে এবং ইহার জন্য সময় লাগিবে।

Soap making loans

1574. (Admitted question No. 2865.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ প্রতিষ্ঠানকে কুটিরশিল্প হিসাবে সাবান তৈরীর জন্য কত টাকা লোন এবং কত টাকা অনুদান গত তিন বৎসরে দেওয়া হইয়াছে;

(খ) ঐ সকল প্রতিষ্ঠান প্রতি বৎসর কি পরিমাণ সাবান প্রস্তুত করেন এবং উহা কোথায় বিক্রয় করেন তাহার কোন সরকারী হিসাব আছে কিনা; এবং

(গ) সরকারের নিকট প্রাপ্ত লোন কিস্তিমত আদায় দেওয়া হইতেছে কিনা?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক), (খ) এবং (গ) তথ্য সংগ্রহ করা হইতেছে।

Employees of the Food and Supplies Department

1575. (Admitted question No. 2868.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাদ্য ও সরবরাহ বিভাগের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) ১৯৬৫ সালে বিধিবদ্ধ রেশনিং প্রথা চালু করার পূর্বে ঐ সকল কর্মচারীদের সংখ্যা (প্রতি শ্রেণীর) কত ছিল?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) খাদ্য ও সরবরাহ বিভাগের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর [illegible] সংখ্যা

তারিখ ১লা এপ্রিল, ১৯৬৫

দ্বিতীয় শ্রেণী	২৫৬
তৃতীয় শ্রেণী	৭,৮৯০
চতুর্থ শ্রেণী	২,৯১১
মোট সংখ্যা	১১,০৫৭

তারিখ ৪ঠা জানুয়ারি, ১৯৬৬

দ্বিতীয় শ্রেণী	২৪১
তৃতীয় শ্রেণী	৬,৮৪০
চতুর্থ শ্রেণী	২,৪৭০
মোট সংখ্যা	৯,৫৫৭

Pisciculture Research Centre at Digha, Midnapore

1576. (Admitted question No. 2871.)

শ্রীঅশ্বিনী রায়ঃ মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার দীঘাতে একটি মৎস্য গবেষণাগার আছে;

(খ) সত্য হইলে, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত গবেষণাগার প্রতিষ্ঠার তারিখ;

(২) প্রতিষ্ঠার জন্য মোট ব্যয় বরাদ্দ ও খরচ;

(৩) বাৎসরিক পৌনঃপৌনিক খরচ;

(৪) বিভিন্ন শ্রেণীর কর্মচারী সংখ্যা ও বেতনহার; এবং

(৫) আজ পর্যন্ত গবেষণাগার ও উন্নয়নের বিস্তারিত বিবরণ?

The Minister for Fisheries:

(ক) ও (খ) এ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হইতেছে। সংগৃহীত হইলেই উহা যথাসম্ভব জানান হইবে।

Bus-routes of Durgapur Industrial areas

1577. (Admitted question No. 2939.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার দুর্গাপুর শিল্পাঞ্চলের বাসরুটগুলি পরিচালনা ভার সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) সত্য হইলে মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) পরিচালনা ভার গ্রহণের তারিখ,

(২) বাসরুটের সংখ্যা ও প্রতি রুটের দৈর্ঘ্য,

(৩) গ্রহণের পূর্বে বাসের সংখ্যা ও বহন ক্ষমতা,

(৪) ১৯৬৫ সালের ৩১শে মার্চ তারিখে প্রতিটি রুটে বাসের সংখ্যা ও বহন ক্ষমতা, এবং

(৫) বাস সংখ্যা বর্ধিত করার কোন প্রস্তাব আছে কি?

The Minister for Home (Transport):

(ক) হ্যাঁ।

(খ) (১) ১লা অগাস্ট ১৯৬৩।

(২) বাসরুটের সংখ্যা—৫ এবং প্রতি রুটের দৈর্ঘ্য, যথাক্রমে—

রুট নং	কিঃ মিঃ
১	৩৮
২	২২
৩	১৮
৪	২৪
৫	২২

(৩) গ্রহণের পূর্বে অস্থায়ী পারমিটের সাহায্যে ১৫ খানা বেসরকারী বাস যাত্রী বহন করিত এবং তাহাদের বহনক্ষমতা ছিল ৪,২০০।

(৪) ১৯৬৫ সালের ৩১শে মার্চ তারিখে প্রতিটি রুটে বাসের সংখ্যা ও বহনক্ষমতা নিম্নে প্রদর্শিত হইল।

রুট নং	বাসের সংখ্যা	বহনক্ষমতা
১	৩	৮২৫
২	২	৬৬০
৩	৫	১,৬২৫
৪	৬	২,৩১০
৫	৬	২,৩১০

(৫) হ্যাঁ, আছে।

Ultadanga Sarada Prosad Institution

1578. (Admitted question No. 2977.)

শ্রীমতী ইলা মিত্র: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উল্টাডাঙ্গার সারদা প্রসাদ ইনস্টিটিউশনটিকে (বালিকা বিভাগ) দশম শ্রেণীতে পরিণত করিবার প্রস্তাব সম্প্রতি কর্তৃপক্ষের কাছ হইতে সরকার পাইয়াছেন।

(খ) পাইয়া থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন?

The Minister for Education:

(ক) ও (খ) উল্টাডাঙ্গা সারদা প্রসাদ ইনস্টিটিউশন ফর গার্লস নামে একটি দশম শ্রেণী বিশিষ্ট উচ্চ বালিকা বিদ্যালয় ১৯৫৭ সালে অনুমোদিত হইয়াছিল। উল্টাডাঙ্গা সারদা প্রসাদ ইনস্টিটিউশন নামে বালকদের নিমিত্ত একটি বিদ্যালয়কে এই বৎসর হইতে উচ্চ বিদ্যালয়রূপে অনুমোদনের জন্য বোর্ডে সুপারিশ করা হইয়াছে।

Delegation to the Islamic Conference at Mecca

1579. (Admitted question No. 2988.) **Dr. Abu Asad Mohammed Obaidul Ghani:** (a) Will the Minister-in-charge, Education Department, be pleased to state whether the State Government is aware that the Government of India is sending a delegation to the Islamic Conference convened by Rafta-e-Islam at Mecca in Saudi Arabia from 15th April, 1965 to 25th April, 1965?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister-in-charge of the Education be pleased to state—

(i) whether the West Bengal Government is sending any one as member of the said delegation; and

(ii) if so, what is the number, names, qualification of such a member or members to be sent or already sent by the Government of West Bengal?

The Minister for Education: (a) The State Government is not aware if the Government of India is sending a delegation to the Islamic Conference convened by the Rafta-e-Islam at Mecca in Saudi Arabia from 15th April, 1965 to 25th April, 1965. The Government of India has, however, informed the State Government that it has decided to send a three-man delegation to the Second World Conference of the Rabita-i-Alam-i-Islami to be held at Mecca from the 15th April, 1965 to the 22nd April, 1965.

(b) (i) and (ii) The Government of India has included in this delegation Shri Syed Abdul Ali Barkati, Professor of Hadith and Tafsir, Calcutta Madrasah. The State Government has permitted Shri Barkati to accept this invitation. Shri Barkati holds the following qualifications of the Board of Central Madrasah Examination, Bengal:—

Alim—1st Division, 1940.

Fazil—1st Division, 1942.

Title (Hadith and Tafsir)—Distinction, 1944.

Yatra Parties in West Bengal

1580. (Admitted question No. 3003.)

শ্রীজীবনকৃষ্ণ দেঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় যাত্রাদলের সংখ্যা মোট কত সে সম্বন্ধে কি কোন সরকারী পরিসংখ্যান আছে;

(খ) যাত্রাদল গঠনের জন্য লাইসেন্স প্রয়োজন হয় কিনা; এবং

(গ) সরকারী সাহায্যপ্রাপ্ত কোন দল আছে কিনা এবং থাকিলে তাহাদের নাম ও ঠিকানা কি?

The Minister for Education:

(ক) শিক্ষা অধিকারে এরূপ কোন পরিসংখ্যান নাই।

(খ) হ্যাঁ। জিলা শাসকের অফিসের লাইসেন্সিং অফিসার পাঁচ টাকা ফি দিলে এইরূপ লাইসেন্স দেন।

(গ) জিলা সমাজশিক্ষা উপদেষ্টা পরিষদের অনুমোদনক্রমে শিক্ষা ও বিনোদনমূলক যাত্রাভিনয়ের জন্য এককালীন আর্থিক সাহায্য দেওয়া হয়। কোন্ কোন্ জিলায় সম্প্রতি কোন্ কোন্ প্রতিষ্ঠানকে এইরূপ সাহায্য দেওয়া হইয়াছে সে সম্বন্ধে তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

Hotels, Restaurants and Boarding Houses in Calcutta

1581. (Admitted question No. 3015.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে মোট কতগুলি লাইসেন্সপ্রাপ্ত হোটেল, রেস্টুরেন্ট ও বোর্ডিং হাউস আছে;

(খ) উহাদের জন্য প্রতিদিন কত পরিমাণ চাউল ও আটা সরবরাহ করিতে হয়; এবং

(গ) উক্ত দ্রব্যগুলি তাহাদিগকে কি হিসাবে সরবরাহ করা হয়?

The Minister for Food and Supplies:

(ক) হোটেল (বারসহ)—১০, রেস্টুরেন্ট (বারসহ)—৩১, বোর্ডিং হাউস—১৮৫; রেস্টুরেন্ট (বার ছাড়া)—২,৬৯৪।

(খ) সাপ্তাহিক সরবরাহের পরিমাণ—৩,৮০৪ কুইন্ট্যাল চাউল, ৮৩৭ কুইন্ট্যাল আটা।

(গ) সাপ্তাহিক খরচের ভিত্তিতে সরবরাহ করা হয়।

Complaint against Barachira School under Nandigram police-station

1582. (Admitted question No. 3097.)

শ্রীসুধীরচন্দ্র দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নন্দীগ্রাম থানার বরচিরা বিদ্যালয় সম্পর্কে অভিযোগ সম্বলিত দরখাস্ত শিক্ষা দপ্তর সম্প্রতি পাইয়াছে কি না;

(খ) উত্তর "হ্যাঁ" হইলে এ অভিযোগগুলি কি; ঐ সম্পর্কে তদন্ত হইয়াছে কি না; এবং

(গ) তদন্ত হইয়া থাকিলে ইহার রিপোর্ট কি?

The Minister for Education:

(ক) ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট হইতে একটি অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) ও (গ) তদন্ত করা হইতেছে। রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

Use of Jeep Car attached to the District School Board, Murshidabad

1583. (Admitted question No. 3111.)

শ্রীব[illegible] রায়: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের জীপের অপব্যবহার এবং অর্থের অপচয় সম্পর্কে সরকারী অডিটর যে বিরূপ মন্তব্য করিয়াছিলেন তাহার সর্বশেষ পরিস্থিতি কি; এবং

(খ) উক্ত অপচয়িত অর্থের পুনরুদ্ধার এবং জীপের অপব্যবহার বন্ধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Education:

(ক) ও (খ) অডিটরের আপত্তি অনুসারে জীপের ব্যবহার নিয়ন্ত্রিত করা হইয়াছে। ১৯৩০ সনের বঙ্গীয় গ্রামীণ প্রাথমিক শিক্ষা আইনের বিধান অনুসারে অপচয়িত অর্থ পুনরুদ্ধারের জন্য অডিটরের নির্দেশ (সার্টিফিকেট) প্রয়োজন। এই ক্ষেত্রে অডিটর ঐরূপ পুনরুদ্ধারের নির্দেশ দেন নাই।

Allotment of money for Cottage Industry in Midnapore district

1584. (Admitted question No. 3149.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গত ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে কি কি কুটিরশিল্পের জন্য কত টাকা বরাদ্দ ছিল; এবং

(খ) উক্ত দুই সনে কি কি শিল্পের জন্য কত টাকা কত জনকে দেওয়া হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) ও (খ) প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে।

Employees of the Libraries in Darjeeling district

1585. (Admitted question No. 3158.) **Shri Bhadra Bahadur Hamal:** Will the Minister-in-charge of the Education Department be pleased to tate—

(a) whether the employees under Library Service of West Bengal, in the district of Darjeeling are all allowed winter allowance and house rent allowances;

(b) whether these employees get D.A., T.A., and Medical Allowances, P. F. benefit and education facilities for their children; and

(c) what is the pay-scale of these employees in Library Services under Government of West Bengal?

The Minister for Education: (a) The employees of the Deshabandhu District Library, Darjeeling, are given the benefit of Winter Allowance. They do not get house rent allowance but are allowed to live in the premises attached to the District Library on payment of rent not exceeding 10 per cent. of salary. The employees of the Rural Libraries and the Area Libraries in the district of Darjeeling are not given the benefit of Winter Allowance and House Rent Allowance.

The staff of the Government Central Library at Kalimpong draw both Winter and House Allowances according to rules.

(b) The employees of the District Library and the Rural Libraries are not given Dearness Allowance, Medical Allowance and benefit of Provident Fund and education facilities for their children. They however are allowed the facilities of Travelling Allowance for official tours. The Librarians of Area Libraries draw Dearness Allowance only and no other allowances. The cyclist peon of the Area Library is not given the benefit of any of these allowances. The employees of the Government Central Library at Kalimpong are entitled to all the benefits according to rules except facilities for the education of children.

(c) A statement is laid on the table.

Statement referred to in reply to clause (c) of unstarred question No. 1585.

Statement

I—Government Central Library at Kalimpong

1. Librarian—Rs. 200-10-420-15-450.
2. Assistant Librarian—Rs. 100-5-215-10-225.
3. Duftry—Rs. 60-½-65-1-75.
4. Peon—Rs. 60-½-65-1-75.

II—District Library (Sponsored)

1. Librarian—Rs. 250 per month (fixed).
2. Library Assistants—Rs. 75 per month each (fixed).
3. Library Attendants—Rs. 60 per month each (fixed).
4. Driver—Rs. 125 per month (fixed).
5. Cleaner—Rs. 50 per month (fixed).
6. Durwan—Rs. 50 per month (fixed).
7. Nightguard—Rs. 50 per month (fixed).
8. Peon—Rs. 50 per month (fixed).
9. Duftry—Rs. 50 per month (fixed).

III—Area Library (Sponsored)

1. Librarian—Rs. 55—90 plus 25 per cent. D.A.
2. Cycle Peon—Rs. 50 per month (fixed).

IV—Rural Library (Sponsored)

1. Librarian—Rs. 75 per month (fixed).
2. Cycle Peon—Rs. 40 per month (fixed).

Waiting Room at the Bus Stand of Gajole Bazar

1586. (Admitted question No. 3160.)

শ্রীকমলকৃষ্ণ রায়ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার গাজোল থানার গাজোল বাজারে বাস স্ট্যান্ডের নিকট বাস-যাত্রীদের বিশ্রামের জন্য, পানীয় জলের ব্যবস্থা ও শৌচাগার সহ পুরুষ ও মহিলাদের জন্য পৃথক বিশ্রামাগার নির্মাণের যে পরিকল্পনা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্তৃপক্ষ গ্রহণ করিয়াছিলেন তাহা কি অবস্থায় আছে; এবং

(খ) পরিকল্পনাটি এখনও কার্যকরী না হওয়ার কারণ কি?

The Minister for Home (Transport):

(ক) বাস স্ট্যান্ডের অতি নিকটে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্তৃপক্ষ একটি পাকা বাড়ী ভাড়া লইয়া বাস-যাত্রীদের জন্য বিশ্রামাগার, শৌচাগার প্রভৃতির ব্যবস্থা করিয়াছেন।

(খ) গাজোল বাজারের সন্নিকটে উপযুক্ত জমি না পাওয়ায় বিশ্রামাগার নির্মাণের পরিকল্পনাটি এখনও কার্যকরী হয় নাই।

Registration of deeds in the Registration Offices of Midnapore district

1587. (Admitted question No. 3175.)

শ্রীজগন্মোহন দাসঃ বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ রেজেস্ট্রী অফিসে গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কতগুলি দলিল কম স্ট্যাম্প দেওয়ার জন্য ধরা পড়িয়াছে;

(খ) ঐগুলির বিরুদ্ধে কিরূপ শাস্তির ব্যবস্থা করা হইয়াছে; এবং

(গ) ঐ ব্যাপারে উক্ত দুই বৎসরে কত টাকা জরিমানা আদায় হইয়াছে?

The Minister for Judicial:

(ক), (খ) এবং (গ) জিলা নিবন্ধকের নিকট হইতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। সংগৃহীত হইলে উহা পেশ করা হইবে।

Rural Work Scheme in Kharba Block, Malda

1588. (Admitted question No. 3193.)

ডাঃ গোলাম ইয়াজদানীঃ কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় খরবা ১নং ও ২নং ব্লক হইতে গত দুই বৎসরে "রুরাল ওয়ার্ক স্কীম" অনুযায়ী কি কি এবং কত টাকার পরিকল্পনা মঞ্জুরের জন্য উর্ধতন কর্তৃপক্ষের কাছে পাঠান হইয়াছিল;

(খ) কোন্ কোন্ এবং কত কত টাকার পরিকল্পনা মঞ্জুর হইয়াছিল কিম্বা হইয়াছে; এবং

(গ) এই পরিকল্পনায় কোথায় কোথায় কত কত টাকার কাজ হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) খরবা ১ নং ও ২ নং ব্লক পল্লী শ্রমশক্তি প্রকল্প ("রুরাল ওয়ার্ক স্কীম") রূপায়ণের জন্য সরকার কর্তৃক গৃহীত হয় নাই। সুতরাং উক্ত দুইটি ব্লকে এই পরিকল্পনা মঞ্জুরের প্রশ্ন উঠে না।

(খ) ও (গ) এই প্রশ্ন উঠে না।

Non-payment of salary to the teachers of Telinipara-Bhadreswar High School

1589. (Admitted question No. 3221.) **Shri Girija Bhusan Mukherjee:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether it is a fact that the authorities of Telenipara-Bhadreswar High School have not paid the salary to the teachers of the said school for the period of Teachers' cease work from 2nd March to 6th March, 1965 ?

(b) If the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(1) whether it has been done in consultation with the Education Department of Government of West Bengal; and

(2) whether there was any instruction from the Education Department with respect to this non-payment of salary?

The Minister for Education: (a) Yes, it is a fact.

(b) (1) and (2) No.

Drawal of pay, allowances, etc., in respect of persons who are not employed in the West Bengal Fire Services

1590. (Admitted question No. 3230.)

শ্রী [illegible] রায়ঃ স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ ফায়ার সার্ভিসে কোনও দিন কাজ করেন নাই এরূপ বহু ব্যক্তির নামে বেতন, অ্যালাউন্স ও ওভারটাইম বাবদ অর্থ সরকারী তহবিল হইতে ১৯৫৩ সাল হইতে দেওয়া হইতেছে; এবং

(খ) সত্য হইলে, ঐরূপ "ভুতুড়ে" কর্মীদের কতজন কোন্ শ্রেণীর কর্মী হিসাবে বেতন লইতেন?

The Minister for Local Self-Government:

(ক) ও (খ) পশ্চিমবঙ্গ ফায়ার সার্ভিসের কতিপয় কর্মচারী কর্তৃক কর্মীদের বেতন, অ্যালাউন্স ও ওভারটাইম বাবদ কিছু সরকারী অর্থ বেআইনীভাবে গ্রহণের প্রমাণ কর্তৃপক্ষের

দৃষ্টিগোচর হওয়ায় ব্যাপারটি পুলিশ এবং অ্যাকাউন্ট্যান্ট-জেনারেল, ওয়েস্ট বেঙ্গল, মহাশয়ের গোচরে আনা হয় এবং তাঁহারা এ সম্বন্ধে তদন্ত আরম্ভ করেন। তদন্তের ফলাফল জানার পর ইহা সরকার কর্তৃক বিবেচনা না করা পর্যন্ত এ সম্বন্ধে আর কিছু বলা সম্ভবপর নয়।

Rabindra Bhawan at Serampore

1591. (Admitted question No. 3236.)

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শ্রীরামপুরে রবীন্দ্র ভবন নির্মাণের ব্যয়ের পরিমাণ কত;

(খ) সংগৃহীত চাঁদার পরিমাণ ও কোনো সরকারী অনুদান দেওয়া হইয়া থাকিলে তাহার পরিমাণ কত;

(গ) উক্ত রবীন্দ্র ভবনের পরিচালকবর্গকে কে বা কাহারা স্থির করিয়াছে; এবং

(ঘ) কোনো সভা বা কমিটি ঐ কার্য করিয়া থাকিলে, কবে সেই বিশেষ অধিবেশন হয়?

The Minister for Education:

(ক) ৭৩,০০০ টাকা।

(খ) সংগৃহীত চাঁদা—৪৯,৫০০ টাকা, সরকারী অনুদান—২৫,৭২৫ টাকা।

(গ) ও (ঘ) ২২-৪-৬২ তারিখে রিষড়া-শ্রীরামপুরে রবীন্দ্র শত-বার্ষিকী সমিতিতে গৃহীত প্রস্তাবানুযায়ী রবীন্দ্র ভবন পরিচালনার জন্য একটি বোর্ড অফ ট্রাস্টিস নিযুক্ত হয়।

Sainik School at Kalimpong

1592. (Admitted question No. 3244.) **Shri Deo Prokash Rai:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if there is any proposal to establish a Sainik School in Kalimpong in the district of Darjeeling; and

(b) if so, whether any site has been selected yet?

The Minister for Education: (a) No.

(b) Does not arise.

Pay scales of primary school teachers of Asansole Municipality

1593. (Admitted question No. 3263.)

শ্রীঅশ্বিনী রায়ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পৌর এলাকায় পৌর পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের কোনও নির্দিষ্ট বেতন ও ভাতার হার আছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বর্তমানে আসানসোল পৌর চালিত বিদ্যালয়ের শিক্ষকদের বেতন হার কত; এবং

(২) আবশ্যিক প্রাথমিক শিক্ষা প্রকল্পে পৌর কর্তৃত্বাধীনে আনীত বিদ্যালয়ের শিক্ষকদের সংখ্যা কত?

The Minister for Education:

(ক) পৌর পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদিগের বেতন ও ভাতার হার সংশ্লিষ্ট পৌর কর্তৃপক্ষ নির্ধারণ করিয়া থাকেন। সমগ্র পশ্চিমবঙ্গের জন্য কোনও নির্দিষ্ট বেতন ও ভাতার হার নাই।

(খ) (১) আসানসোল পৌর এলাকায় যে সকল প্রাথমিক বিদ্যালয় পূর্ব হইতেই পৌর পরিচালিত ছিল সেখানকার বেতন হার নিম্নরূপঃ

প্রধান শিক্ষক—৭০ হইতে ১৫০, টাকা।

সহকারী শিক্ষক—৫৫ হইতে ১৩০ টাকা।
এই বেতন হার তাঁহারা এখনও পাইতেছেন।

আবশ্যিক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের পরে আসানসোল পৌর কর্তৃপক্ষ যে সকল প্রাথমিক বুনিয়াদী বিদ্যালয়ের পরিচালনভার গ্রহণ করিয়াছেন তাহাদের শিক্ষকদিগের বেতনের হার নিম্নে প্রদত্ত হইলঃ

প্রাথমিক বিদ্যালয়

শিক্ষণ-শিক্ষা প্রাপ্ত ম্যাট্রিকুলেট অথবা উহার সমতুল্য যোগ্যতা সম্পন্ন—৮০—১—৯০—২—১১০—৩—১২৫ টাকা।

(প্রধান শিক্ষকের বিশেষ ভাতা মাসিক ৫ টাকা)

শিক্ষণ-শিক্ষা রহিত ম্যাট্রিকুলেট অথবা শিক্ষণ-শিক্ষা প্রাপ্ত নন-ম্যাট্রিক শিক্ষক—৭৫—১—৮০ টাকা।

শিক্ষণ-শিক্ষা রহিত নন-ম্যাট্রিকুলেট—৬৫—১—৭০ টাকা।

নিম্ন বুনিয়াদী বিদ্যালয়

বুনিয়াদী শিক্ষণপ্রাপ্ত অথবা উহার সমতুল্য—৮০—২—১০০—৩—১৩০—৪—১৫০ টাকা।

(প্রধান শিক্ষকের বিশেষ ভাতা মাসিক ১৫ টাকা)

এতদ্ব্যতীত তাঁহারা সকলেই সরকার অনুমোদিত হারে মহার্ঘ ভাতা পাইতেছেন।

(খ) (২) ৯০ জন।

Panchgram High School in Murshidabad

1594. (Admitted question No. 3269.)

শ্রী[illegible] রায়ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার পাঁচগ্রামে অবস্থিত হাই স্কুলটির ম্যানেজিং কমিটির সম্পাদকের হাতে (ক্যাস ইন হ্যান্ড) স্কুলের ২০।২৫ হাজার টাকা বেআইনীভাবে রাখিয়াছেন;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি; এবং

(গ) ইহা কি সত্য যে, ঐ স্কুলের কর্তৃপক্ষ স্কুল বোর্ডের অনুমতি ছাড়াই প্রাথমিক স্কুলের জমিতে উচ্চ মাধ্যমিক স্কুলের গৃহ নির্মাণ করিতেছেন?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) পোষ্ট অফিসের পাশ বই-এর পরিচালকের নাম পরিবর্তন না হওয়ার জন্য উক্ত টাকা সম্পাদক মহাশয় নিজের কাছে রাখিয়াছেন। পাশ বই-এ পরিচালকের নাম পরিবর্তন করিবার জন্য পোষ্ট অফিসে আবেদন করা হইয়াছে।

(গ) হ্যাঁ, সত্য।

Pay scales for Libraries of Government recognised Colleges and High Schools

1595. (Admitted question No. 3277.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার অনুমোদিত বিভিন্ন মহাবিদ্যালয় ও উচ্চ বিদ্যালয়ে যেসকল গ্রন্থাগারিক আছেন তাহাদের বেতন হার কত; এবং

(খ) গ্রন্থাগার শিক্ষণপ্রাপ্ত নহেন এইরূপ দশ বৎসর বা ততোধিক অভিজ্ঞতাসম্পন্ন উক্ত মহাবিদ্যালয় ও উচ্চ বিদ্যালয়ের গ্রন্থাগারিকদের কি কোন বিশেষ বেতন হার প্রদান করা হয়?

The Minister for Education:

(ক) এই সম্বন্ধে একটি তালিকা উপস্থাপিত করা হইল।

(খ) না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question on 1595.

Following pay scales have been prescribed for Librarians of different educational Institutions:

Non-Government Secondary Schools.	Staff with qualifications	Revised scales of pay prescribed with effect from 1-4-61 with D.A. merged.
	1. Librarians (for Higher Secondary Schools) for Libraries with effective Catalogue strength of—	
	(a) 10,000 books and above—Graduate with Diploma in Librarian ship.	Rs. 200—10—400.
	(b) Less than 10,000 books—Graduate with Diploma in Librarianship.	Rs. 100—7—223—8—295.
	2. Intermediate with approved Librarianship Training Certificate.	Rs. 115—3—133—4—185.
Colleges ..	.. Graduate with Diploma in Librarianship.	(i) Rs. 200—10—400 (where number of books is 10,000 or above).
		(ii) Rs. 175—7—245—8—325 (where number of books is less than 10,000).

Artisan Loan

1596. (Admitted question No. 3305.)

[illegible]ার রাহা: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে (আরটিজান লোন) হস্তশিল্পীদের জন্য কত টাকা ঋণ কোন্ জেলায় দেওয়া হয় এবং কাহাদের দেওয়া হয়; এবং

(খ) ব্যক্তিগতভাবে কত টাকা দেওয়া হয়?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) ও (খ) তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। যথাসময়ে পেশ করা হইবে।

Government vested Jalkars in Malda district

1597. (Admitted question No. 3318.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলার কোন্ কোন্ থানায় কোন্ কোন্ জলকর সরকারের হাতে ন্যস্ত ও এই জলকর হইতে বৎসরে কত মৎস্য উৎপন্ন হয়?

The Minister for Fisheries:

এ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হইতেছে। সংগৃহীত হইলেই উহা যথাসম্ভব জানানো হইবে।

Promotion of Technical Workers employed under State Government

1598. (Admitted question No. 3362.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গ সরকারের কারিগরী কর্মীরা দক্ষতা ও অভিজ্ঞতা ভিত্তিতে পদোন্নতির কোন সুযোগ পান কিনা?

The Minister for Finance:

প্রচলিত নিয়মানুযায়ী পশ্চিমবঙ্গ সরকারের কারিগরী কর্মীর পদোন্নতি দক্ষতা ও অভিজ্ঞতার ভিত্তিতে হইয়া থাকে।

Seizure of three lorries in connection with a theft case at Talandu Railway Station

1599. (Admitted question No. 3363.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার তালাণ্ডু স্টেশনে রেলওয়ে মালপত্র চুরির অভিযোগে গত ২-৪-৬৫ তারিখে তিনখানি লরীকে (মালসমেত) (লরীর নং বি আর এন ৮৩০৩, ডাবলু জি কে ২৬০৯, ডাবলু জি এ ২৪৩৯) পশ্চিমবঙ্গের পুলিস থানায় আটক রাখে এবং উক্ত তিনখানি লরীর মধ্যে একখানিকে (যাহার নম্বর ডাবলু জি এ ২৪৩৯) পুলিস ছাড়িয়া দিয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত লরীকে ছাড়িয়া দিবার কারণ কি?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ, তবে লরী তিনটির একটির নম্বর ডাবলু বি কে ২৬০৯, ডাবলু জি কে ২৬০৯ নয়।

(খ) উক্ত লরীর মালিক কর্তৃক 'প্রয়োজন হইলেই হাজির করা হইবে' এইরূপ মুচলেকা নির্বাহান্তে কোর্টের আদেশ অনুযায়ী লরীটিকে ছাড়িয়া দেওয়া হয়।

Pension of the retired Government employees

1600. (Admitted question No. 3368.)

শ্রীশম্ভু চরণ ঘোষ: অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী যাহারা ৩০০ টাকা অবধি পেনসন পান, তাহাদের পেনসনের অর্থের পরিমাণ বাড়াইবার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Minister for Finance:

এরূপ কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

Album of Hazarduary, Imambari, etc., under Murshidabad Estate

1601. (Admitted question No. 3383.)

শ্রীসনৎ কুমার রাহাঃ বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ স্টেটের অধীন হাজারদুয়ারী, ইমামবাড়ী প্রভৃতির এলবাম সরকার হইতে প্রকাশ করিবার কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে—

(১) সরকার এ যাবত কত কপি এই এলবাম বিক্রয় করিয়াছেন, এবং

(২) এই বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ কত?

The Minister for Judicial:

(ক) ও (খ) (১) এবং (খ) (২) মুর্শিদাবাদ স্টেটের বিশেষ আধিকারিকের নিকট হইতে তথ্য সংগ্রহ করা হইতেছে। তথ্য পাওয়া গেলে বিস্তারিত উত্তর দেওয়া হইবে।

Dudhsar, Khairamari, Kumradah and Balighat Beels, Murshidabad

1602. (Admitted question No. 3390.)

শ্রীসনৎকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার দুধসর, খয়রামারী, কুমড়াদহ, বালীঘাট বিল কাহাদের ইজারা দেওয়া হইয়াছে;

(খ) এই বিলে মৎস্য চাষ হয় কিনা; এবং

(গ) কত রাজস্ব আদায় হয় এই বিল হইতে?

The Minister for Land and Land Revenue:

(ক) (১) দুধসর বিল সরকারের অধীন নয়। তবে ঐ বিল হইতে খনন করা খালটি কালুদিয়ার রামকৃষ্ণপুর মৎস্যজীবী সমবায় সমিতিকে ১৯৬৫-৬৬ সালের জন্য ইজারা দেওয়া হইয়াছে। (২) খয়রামারী বিলটি পৃথকভাবে ইজারা না দিয়া "বিল গোবিন্দপুর পাইকমারী ও অন্যান্য জলকর" নামে একত্রে খয়রামারী মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারা দেওয়া হইয়াছে। (৩) কুমরাদহ বিল নামে কোন বিল সরকারের অধীনে নাই। তবে খড়িয়া বিলের একটি ঘাটের নাম কুমরাদহ ঘাট। খরিয়া বিল খড়িয়া কুমড়াদহ মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারা দেওয়া হইয়াছে। (৪) বালীঘাট বিল নামে কোন বিল সরকারের অধীনে নাই। তবে বালী বিল নামে একটি বিল আছে। ঐ বিল প্রসাদপুর মহাদেবতলা মৎস্যজীবী সমবায় সমিতিকে ১৩৭১ সালে ইজারা দেওয়া হইয়াছিল।

(খ) না। তবে স্বাভাবিক কারণে বর্ষায় পোনার ডিম ইত্যাদি ভাসিয়া আসায় মৎস্য উৎপন্ন হয়।

(গ) (১) দুধসর বিল সংলগ্ন স্থানটি বাৎসরিক ১৭৭ টাকা; (২) বিল গোবিন্দপুর পাইকমারী ও অন্যান্য জলকরটা বাৎসরিক ৭,০০০ টাকা; (৩) খড়িয়া বিলটি বাৎসরিক ৪,০০১ টাকা: (৪) বালী বিলটি ১৩৭১ সালে ২,৫১৫ টাকা ইজারা দেওয়া হইয়াছে।

Seizure of smuggled articles in border areas

1603. (Admitted question No. 3397.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বৎসর (১৯৬৪ সালে) পশ্চিমবঙ্গের সীমান্তে কত টাকার চোরাই মাল আটক করা হয়;

(খ) উক্ত মালের মধ্যে কি কি জাতীয় দ্রব্যাদি আছে;

(গ) কতজনকে এ ব্যাপারে গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(ঘ) কোন পাকিস্থানীকে এই ব্যাপারে গ্রেপ্তার করা হইয়াছে কিনা?

The Minister for Home (Police):

(ক) ১৮,৯৫,৭০৪·৫০ টাকার চোরাই মাল আটক করা হয়।

(খ) গুঁড়া দুধ, সুপারী, দারুচিনি, লবঙ্গ, কর্পূর, রং করিবার দ্রব্যাদি, প্যাট, বল বিয়ারিং ঘড়ি, রেডিও, সুচ, কাচের চুড়ি, বিদেশে নির্মিত রকমারী দ্রব্যাদি, বিড়ির পাতা, তামাক, সুতীবস্ত্র ও স্টেশনারী দ্রব্যাদি।

(গ) ১৮৫।

(ঘ) হ্যাঁ, ১৭১ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

Pay scales for the employees of Government Libraries

1604. (Admitted question No. 3406.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিমবঙ্গ সরকার প্রতিষ্ঠিত গ্রন্থাগারসমূহে কর্মীদের বেতন হার সংশোধনের কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Minister for Education:

পশ্চিমবঙ্গ সরকারী গ্রন্থাগারসমূহের কর্মীদের বেতন হার ১৯৬১ সালে ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস (রিভিশান অফ পে অ্যান্ড অ্যালাউন্স) রুলস, ১৯৬১, অনুযায়ী সংশোধিত হইয়াছে।

সরকারী স্পনসরড্ গ্রন্থাগারসমূহের কর্মচারীদের জন্য বেতনক্রম প্রবর্তনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। কেন্দ্রীয় সরকারের সহায়তায় চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই প্রস্তাব কার্যকরী করিবার চেষ্টা করা হইতেছে।

Purchase of furniture for the Tourist Lodge, Darjeeling

1605. (Admitted question No. 3411.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Development (Tourism) Department be pleased to state—

(a) the total amount earmarked for the purchase of furniture for the Tourist Lodge at Darjeeling; and

(b) the amount spent so far showing the cost itemwise.

The Minister for Development and Planning (Tourism): (a) The estimate for furniture of the Darjeeling Tourist Lodge has not yet been finalised. Funds will be provided for the furniture as may be found necessary.

(b) Rs. 5,000.00 has been spent as advance payment to the Tibetan Refugee Self Help Centre, Darjeeling, against the cost of carpets to be supplied by the Centre. Payment of further advance of Rs. 5,000.00 to the Centre has been sanctioned recently.

Pay-scales of School Sub-Inspectors

1606. (Admitted question No. 3420.)

শ্রী[illegible] মণ্ডল: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্তমানে সাব-ইন্সপেক্টর অফ স্কুলস-দের দুই রকম পে স্কেল চালু আছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং ইঁহাদের জন্য একই পে স্কেল চালু করার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

The Minister for Education:

(ক) না। সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Bheries in West Bengal

1607. (Admitted question No. 3427.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ভেড়ীর সংখ্যা কত;

(খ) ভেড়ীগুলির মধ্যে বৃহৎ ভেড়ীর সংখ্যা ও আয়তন কিরূপ; এবং

(গ) ক্ষুদ্র ভেড়ীগুলিতে মৎস্য চাষের উন্নতির জন্য কি কি সাহায্য সরকার করিয়া থাকেন?

The Minister for Fisheries:

(ক) ২৪-পরগনা জেলায় ৭০৯টি ভেড়ী আছে। রাজ্যের অন্য কোন জেলায় ভেড়ী নাই।

(খ) ১০৫, ইহাদের প্রত্যেকটির আয়তন ৫১ বিঘার অধিক হইবে এবং ইহাদের মোট আয়তন প্রায় ৭,৪৪৬ বিঘা হইবে।

(গ) সরকার হইতে ইহাদের উন্নতির জন্য আর্থিক সাহায্য দেওয়ার কোন ব্যবস্থা নাই; তবে বৈজ্ঞানিক উপায়ে মৎস্য চাষ সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হইয়া থাকে।

Problem of fish scarcity

1608. (Admitted question No. 3428.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মৎস্য সমস্যা সমাধানের পরিকল্পনা রূপায়ণে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(খ) এ বিষয়ে কোন বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

The Minister for Fisheries:

(ক) এই রাজ্যে মৎস্যের উৎপাদন বৃদ্ধির জন্য মৎস্য চাষ উন্নয়নমূলক বিভিন্ন প্রকল্প গৃহীত হইয়াছে। তৃতীয় পরিকল্পনায় যে সমস্ত প্রকল্পগুলির কাজ হইতেছে তাহার একটি তালিকা উপস্থাপিত করা হইল। প্রকল্পগুলির মধ্যে কতকগুলি সরাসরি মৎস্য উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে রচিত এবং আর কতকগুলির লক্ষ্য সরাসরি উৎপাদন বৃদ্ধি না হইলেও পরোক্ষভাবে মৎস্যের উৎপাদন বৃদ্ধির ও যোগানের সহায়ক। মন্দর সময় (মে মাস হইতে অক্টোবর মাস পর্যন্ত) অন্যান্য উৎস হইতে মৎস্যের যোগান যখন বিশেষভাবে কমিয়া যায় তখন সরকারী প্রকল্পের অধীনে মৎস্য চাষ ক্ষেত্রগুলি হইতে উৎপন্ন মৎস্যের চাহিদার কতকাংশ পূরণ করা যায়।

উল্লিখিত ব্যবস্থাগুলি ছাড়া মৎস্যের ক্রয়, বিক্রয় ও বণ্টনের উন্নত ব্যবস্থাসমূহ গৃহীত হইয়াছে।

নির্দিষ্ট এলাকাগুলিতে মৎস্যের বিক্রয়ের খুচরা ও পাইকারী মূল্যের উচ্চ সীমা বাঁধিয়া দেওয়া হইয়াছে।

(খ) মৎস্য সমস্যা সমাধানের নিমিত্ত কোনও বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করিবার প্রস্তাব সরকার বর্তমানে বিবেচনা করিতেছেন না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1608.

List of Schemes which are now being operated

1. Development of South Salt Lake area for increasing fish supply to Calcutta markets.
2. Establishment of seed farms for production of quality seeds through artificial breeding of Indian major carps by hormonic treatment.
3. Development of Fisheries in the Hill area of Darjeeling district.
4. Pilot Scheme for re-organisation of Calcutta Fish Markets on co-operative basis.
5. Having service parties to render certain service facilities to fish farmers ancillary to increase fish production.
6. Setting up of producer co-operative in the culture and capture fisheries for improving the present supply and production of fish in the State.
7. Providing harbour facilities to coastal fishermen to enable them to continue fishing operation for longer period.
8. Increasing the present rate of production of shark liver oil and fish meal in West Bengal.
9. Additional Headquarters staff to cope with the increased volume of work contemplated under the Third Five-Year Plan.
10. Establishment of an aquarium in Calcutta.
11. Short-term loan schemes for augmenting fish production in culturable tanks of West Bengal.
12. Medium-term loan scheme for fish production in semi-derelict tanks of West Bengal.
13. Development of large derelict fisheries in West Bengal.
14. Popularising the use of fish pond manure for increasing the productivity of pond fisheries of West Bengal.
15. Carrying out a sample survey to assess the inland fishery resources of the State.
16. Demonstration fish farm on private parties tanks.
17. Intensifying the production of carp fry bonus.
18. Exploitation of coastal fisheries of the State.
19. Scheme for assisting the needy fishermen and their co-operatives.
20. Scheme for experimental fish farm at Kalyani.
21. Scheme for distribution of fry and fingerlings of cyprinus carpio free of cost.
22. Utilisation of Government owned tanks, etc.
23. Development of fisheries in C. D. Blocks.

Crash Programme

1. Operation of cold storage and ice plant at Port Canning.
2. Survey of South and North Salt Lake areas.
3. Service Party Scheme for Transport and Marketing of spawn.
4. Establishment of boat building yard for construction of fishing boats.
5. Establishment of 5-ton ice plant and 10-ton fish and ice storage at Raidighi.

6. Ancillary scheme for establishment of a Deep Freezing Plant at Port Canning.
7. Short-term Training Programme for Junior Fishery Officers and fishery operatives (inland fisheries).
8. Short-term Training Programme for Junior Fishery Officers and fishery operatives (Marine).

Health Centres in Birbhum district

1609. (Admitted question No. 3431.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় কোন্ কোন্ থানায় কয়টি করিয়া স্বাস্থ্যকেন্দ্র আছে।

(খ) উক্ত জেলায় দুবরাজপুর, ইলামবাজার ও খয়রাসোল থানায় বর্তমান বৎসরে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) পরিকল্পনা থাকিলে কখন হইতে কাজ আরম্ভ হইবে।

The Minister for Health:

(ক)

উন্নয়ন সংস্থা	প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র	উপ-স্বাস্থ্যকেন্দ্র
(১) সাঁইথিয়া	১	৪
(২) দুবরাজপুর	১	২
(৩) মহম্মদবাজার ..	১	৪
(৪) লাবপর	১	[illegible]
(৫) বোলপুর	১	[illegible]
(৬) নলহাটি (১) ..	১	[illegible]
(৭) নলহাটি (২) ..	..	..
(৮) খয়রাসোল	১	১
(৯) ইলামবাজার ..	১	..
(১০) মুরারাই (১) ..	১	[illegible]
(১১) মুরারাই (২) ..	১	২
(১২) রামপুরহাট (১) ..	..	[illegible]
(১৩) রামপুরহাট (২) ..	..	[illegible]
(১৪) ময়ুরেশ্বর (১) ..	১	[illegible]
(১৫) ময়ুরেশ্বর (২) ..	..	..
(১৬) নান্নুর	১	২
(১৭) সুরী (১)	..	..
(১৮) সুরী (২)	..	১
(১৯) রাজনগর	১	[illegible]

(খ) ও (গ) দুবরাজপুরে—পরিকল্পনা নাই; ইলামবাজার—বাটিকার নামক স্থানে উপস্বাস্থ্য-কেন্দ্র নির্মাণ করা হইতেছে; খয়রাসোল—পরিকল্পনা নাই।

Instruction regarding supply of paddy from the Burdwan Sadar Subdivision to the rice mills of other subdivisions

1610. (Admitted question No. 3436.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলায় সদর মহকুমায় ধান্য পাইকারী বিক্রেতাদের মহকুমার বাহিরের চাউলকলকে ধান্য সরবরাহ না করার নির্দেশ দেওয়া হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত আদেশ কোন্ তারিখে জারী করা হইয়াছে এবং অনুরূপ আদেশ কোন্ কোন্ জেলায় বর্তমান আছে; এবং

(২) উক্ত আদেশ জারীর কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Flat Rice Mills in West Bengal

1611. (Admitted question No. 3437.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে যে সমস্ত মিল কেবলমাত্র চিড়া (ফ্ল্যাট রাইস) তৈয়ারী করে তাহার কোনও পরিসংখ্যান সরকারের আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) ১৯৬৫ সালের ৩১এ মার্চ তারিখে প্রতি জেলায় উহাদের সংখ্যা কত,

(২) প্রতিটি মিলের উৎপাদন ক্ষমতা কত, এবং

(৩) ১৯৬৩ সালে, ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালের জানুয়ারী হইতে এপ্রিল পর্যন্ত প্রতিটি মিলে কি পরিমাণ চিড়া উৎপন্ন হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ। তবে উহা কেবল লাইসেন্সপ্রাপ্ত মিলগুলি সংক্রান্ত।

(খ) (১), (২) ও (৩) জেলাওয়ারী লাইসেন্সপ্রাপ্ত মিলগুলির সংখ্যা এবং প্রতি মাসে গড়ে তাহাদের উৎপাদনের হিসাব সহ একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল। এখানে উল্লেখ থাকে যে জেলাওয়ারী মিল প্রতি উৎপাদনের হিসাব সংগ্রহ সময় সাপেক্ষ।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1611
Districtwise statement of 'Chira Mills' in West Bengal on 31-3-1965

Name of the district.	Number of licenced Chira Mills.	Total average production per month (in quintals).
Hooghly	12	878
West Dinajpur	1	75
Burdwan	85	12,884
Jalpaiguri	1	10
Murshidabad	1	63
Darjeeling	4	468
Nadia	6	75
Malda	Nil	....
Cooch Behar	Nil	....
Bankura	3	35
Howrah	2	....
Midnapore	Nil	Nil
Birbhum	2	20
24-Parganas and Calcutta	1	67
Purulia	Nil	....
	118	14,667

Market price of rice in Nadia district

1612. (Admitted question No. 3440.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার বিভিন্ন মহকুমায় চাউলের বর্তমান বাজার দর কত; এবং

(খ) নদীয়া জেলার বিভিন্ন মহকুমায় বর্তমান বৎসরের জানুয়ারী মাসে চাউলের বাজার দর কত ছিল?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এতৎসংলগ্ন বিবরণীতে দেখানো হইল।

Statement referred to in reply to unstarred question No. 1612.

Average minimum and maximum retail prices of rice in rupee per kilogram on 28th April, 1965 and 27th January, 1965 in the subdivision of Nadia district.

Subdivision.	On 28-4-65.		On 27-1-65.	
	Maximum	Minimum	Maximum.	Minimum.
Sadar (Nadia) ..	1·10 S.F.	0·76 Fine	0·82 S.F.	0·70 Common.
Ranaghat ..	1·10 S.F.	0·87 Common	0·86 S.F.	0·78 Common

S. F. = Superfine.

Supply of flour and atta to the bakeries and confectioneries of Contai Subdivision

1613. (Admitted question No. 3447.)

শ্রীসুধীরচন্দ্র দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কাঁথি মহকুমায় আটা ও ময়দা বর্তমানে সরবরাহ না হওয়ায় খাবার দেকান ও বেকারীগুলি অচল অবস্থায় পেঁাছিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Rescission of the West Bengal Rice Order

1614. (Admitted question No. 3451.)

শ্রীঅশ্বিনী রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৫ সালের ৮ই মার্চ তারিখে পশ্চিমবঙ্গ রাজ্যের পাঁচটি জেলায় হাস্‌কিং মেশিনের (বানী মিল) উপর লেভী ধার্যের জন্য যে সংশোধিত আদেশ জারী করিয়াছিলেন তাহা বাতিল করার সিদ্ধান্ত লইয়াছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত আদেশ কোন্ তারিখে বাতিল করা হইয়াছে এবং আদেশের সারমর্ম কি?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) ১লা মে ১৯৬৫ হইতে। সংশ্লিষ্ট আদেশ নং ৩১১৯ এফ এস, তাং ২৭-৪-৬৫-এর একটি প্রতিলিপি এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1614

GOVERNMENT OF WEST BENGAL

Department of Food and Supplies

ORDER

No. 3119F.S./Con/FS/4P-30/64.—27th April, 1965.—In exercise of the power conferred by sub-rule (2) read with sub-rule (3) of rule 125 of the Defence of India Rules, 1962, the Governor is pleased hereby to rescind, with effect from the 1st May, 1965, the West Bengal Rice (Levy on Bani-Milling) Order, 1964, published with this department order No. 891-F.S. Con/FS/4P-30/64, dated the 8th February, 1965, at pages 267-268 of Part I of the "Calcutta Gazette, Extraordinary", of the 8th February, 1965.

By order of the Governor,

B. C. GANGULI,

Secy. to the Government of West Bengal.

Proposal for training of some officers of Fisheries Department in Japan

1615. (Admitted question No. 3461.)

শ্রীমনোরঞ্জন রায়ঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে রাজ্য সরকারের মৎস্য বিভাগ হইতে কয়েকজন অফিসারকে জাপানে শিক্ষালাভের জন্য পাঠানো হইতেছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত অফিসারদের নাম ও শিক্ষাগত যোগ্যতা কি এবং তাহারা বর্তমানে মৎস্য বিভাগের কোন্ কোন্ পদে নিযুক্ত আছেন,

(২) তাঁহারা রাজ্য সরকারের অধীনে মোট কয় বৎসরকাল চাকুরী করিয়াছেন এবং বর্তমান পদেই বা তাঁহারা কয় বৎসর যাবৎ নিযুক্ত আছেন,

(৩) কি কি বিষয়ের ভিত্তিতে উক্ত অফিসারদের জাপানে শিক্ষালাভের জন্য মনোনয়ন করা হইয়াছে,

(৪) এই মনোনয়নের ব্যাপারে উক্ত দপ্তরে অধিককাল কর্মরত স্থায়ী অন্যান্য অফিসারদের বিষয় বিবেচনা করা হইয়াছে কিনা,

(৫) জাপানে উক্ত অফিসারগণ কি কি বিষয়ে কয় বৎসর শিক্ষালাভ করিবেন, এবং

(৬) তাঁহাদের শিক্ষালাভের জন্য রাজ্য সরকারের কি পরিমাণ অর্থ ব্যয় হইবে?

The Minister for Fisheries.

(ক) কলম্বো প্ল্যানের অধীনে জাপানে শিক্ষালাভের জন্য দুইজন মৎস্য বিভাগীয় অফিসারের নাম কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হইয়াছে। উহাদের যে কোন একজনকে মনোনীত করিবার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ করা হইয়াছে। মনোনয়ন সম্পর্কিত কোন সংবাদ এখনও পাওয়া যায় নাই।

(খ) (১) শ্রীদেবব্রত চট্টোপাধ্যায়, আই এ (কমার্স) ১৪-১-৬৫ তারিখ হইতে ডিস্ট্রিক্ট ফিশারী অফিসার, বাঁকুড়া পদে নিযুক্ত আছেন। শ্রীদিলীপ কুমার বন্দ্যোপাধ্যায়, বি এস-সি, ফিশারী ইন্সপেক্টর, স্কীম ফর এক্সপ্লয়েটেশন অব দি কোস্টাল ফিশারীস অব দি স্টেট বাই মেকানাইজিং ইন্‌ডিজেনাশ ফিসিং ক্রাফ্‌টস, ইত্যাদি।

(২) শ্রী চট্টোপাধ্যায় ১৯-২-৪৫ তারিখ হইতে ১৯-২-৬১ তারিখ পর্যন্ত অ্যাসিস্ট্যান্ট ফিশারী অফিসার পদে নিযুক্ত ছিললন। ২০-২-৬১ হইতে ১৩-১-৬৫ তারিখ পর্যন্ত তিনি ফিশারী ইন্সপেক্টর, স্কীম ফর এক্সপ্লয়েটেশন অফ দি কোস্টাল ফিশারী, ইত্যাদি, হিসাবে কাজ করিয়াছেন। বর্তমান বৎসরের জানুয়ারি মাসের মাঝামাঝি হইতে তিনি ডিস্ট্রিক্ট ফিশারী অফিসার বাঁকুড়া পদে বহাল আছেন। শ্রী বন্দ্যোপাধ্যায় ১৯৫৮ সালের ১লা অগাস্ট হইতে ফিশারী ইন্সপেক্টর, স্কীম ফর এক্সপ্লয়েটেশন অফ দি কোস্টাল ফিসারীস অফ দি নস্টট, ইত্যাদি, পদে বহাল আছেন।

(৩) পূর্ব উল্লিখিত প্রকল্পে তাঁহাদের নিরবচ্ছিন্ন কাজ ও অভিজ্ঞতার কথা বিবেচনা করিয়াই তাঁহাদের নাম কেন্দ্রীয় সরকারের নিকট সুপারিশ করা হইয়াছে।

(৪) হ্যাঁ।

(৫) প্রশিক্ষণের বিষয় "স্টাডিস অন মেকানাইজেশন অব ফিসিং গিয়ার অ্যান্ড মেথড্স ইনক্লুডিং স্টাডি অন ফিস ফাইন্ডারস অ্যান্ড ফিস পাম্পস। উহা ১৭-৮-৬৫ হইতে ৫-৩-৬৬ পর্যন্ত চলিবে।

(৬) কলম্বো প্ল্যান অনুযায়ী শিক্ষাদানের ব্যবস্থা করা হইয়াছে বলিয়া জাপানে থাকাকালীন শিক্ষার সমস্ত ব্যয় জাপান সরকার বহন করিবেন।

Scarcity of Rice and Atta in the open markets of Asansol subdivision

1616. (Admitted question No. 3462.)

শ্রীবিজয় পালঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে আসানসোল মহকুমায় খোলা বাজারে চাউল ও আটা একেবারে পাওয়া যাইতেছে না;

(খ) আসানসোল শহরে সংশোধিত রেশন শপগুলি হইতে নিয়মিতভাবে চাউল, আটা ও চিনি সরবরাহ করা হইতেছে কি; এবং

(গ) আসানসোল মহকুমায় বিভিন্ন শহর ও গ্রামগুলিতে খোলা বাজারে কি মূল্যে চাউল ও আটা বিক্রয় হইতেছে?

The Minister for Food and Supplies:

(ক) চাউল সম্পর্কে ইহা সত্য নহে। আটা সম্পর্কে ইহা সত্য কারণ শুধুমাত্র এম আর শপ মারফত আটা বিক্রয় হইতেছে।

(খ) হ্যাঁ, ঐগুলি সরবরাহ করা হইতেছে।

(গ) সাধারণ প্রকারের চাউল পাওয়া যায় না। বিভিন্ন খোলা বাজারে সরু চাউল প্রতি কিলোগ্রাম ৯২ পঃ হইতে এক টাকা পর্যন্ত দরে বিক্রয় হইতেছে। খোলা বাজারে আটা বিক্রয় হয় না, এম আর শপ মারফত প্রতি কিলোগ্রাম ৫৮ পঃ দরে বিক্রয় হইতেছে।

Practising and non-practising Doctors

1617. (Admitted question No. 3470.) **Dr. Gopika Ranjan Mitra:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—From which date the new reorganisation scheme about the practising and non-practising of doctors in employment of the Government has come into force?

The Minister for Health: 1st May, 1965.

Adjournment Motions

Mr. Speaker: I have received three notices of adjournment motion, namely, one from Shri Amarendra Nath Roy Prodhan, Shri Kamal Kanti Guha and Shri Sunil Das Gupta regarding spying in North Bengal. Next from Shri Sailendra Nath Adhikary and Shri Kashi Kanta Maitra regarding improper attitude of Marwari Hospital authorities in admission of patients; and the third from Shri Balai Lal Das Mahapatra regarding circular, dated 20th April, 1965, of the D.P.I., West Bengal, and the situation created thereby among the special cadre teachers of Secondary Schools.

I have withheld consent to all of them. I will now request Shri Amarendra Nath Roy Prodhan to read the notice of motion for adjournment.

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় স্পীকার মহাশয়, আমি, শ্রীকমল গুহ, শ্রীসুনীল দাশগুপ্ত যে মুলতুবী প্রস্তাব উত্থাপন করেছি তার বিবরণী আপনার সামনে রাখছি।

সম্প্রতি পশ্চিমবঙ্গে বিশেষ করিয়া উত্তরবঙ্গে চীন ও পাকিস্তানী গুপ্তচরবৃত্তি ভীষণভাবে বাড়িয়া গিয়াছে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই সকল গুপ্তচরবৃত্তির সহিত সরকার ও এক শ্রেণীর কর্মচারী জড়িত বলিয়া অবস্থা আরও উৎবেগজনক।

(ক) ২৭এ এপ্রিল ১৯৬৫ কোচবিহার জেলার সামিলাবশ সীমান্ত পুলিশ ফাঁড়িতে আগুন জ্বালাইয়া দিয়া পশ্চিমবঙ্গ সীমান্ত পুলিশের জমাদার হরকা বাহাদুর তামাং রাইফেল, মেসিনগান ওগোলাগুলি লইয়া পাকিস্তান পলায়ন করে।

(খ) ২৮এ এপ্রিল ১৯৬৫ প্রকাশ্য দিবালোকে কোচবিহার জেলার কুচলিবাড়ী অঞ্চলে প্রায় পাঁচশত পাকিস্তানী ২৩টি টিনের ঘর খুলিয়া, গরুবাছুর ও অন্যান্য আসবাবপত্র লইয়া পাকিস্তানে চলিয়া যায়। এক ফার্লং দূরে অবস্থিত পশ্চিমবঙ্গের সীমান্ত ফাঁড়ির পুলিশেরা নীরব দর্শক হইয়া থাকে।

(গ) ২রা মে ১৯৬৫ জলপাইগুড়ীর নবাববাড়ীর পুটুমিঞা গুপ্তচরবৃত্তি অভিযোগে ধরা পড়ে এবং হলদিবাড়ী থানায় প্রথম মুখ জবানীতে সে মন্ত্রী শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত মহাশয়ের সহিত তাহার নিবিড় সংযোগের কথা উল্লেখ করে।

-- চীন ও পাকিস্তান সাঁরাশী আক্রমণের মুখে আজ দেশ। কলিকাতাস্থ পাক ডেপুটি হাইকমিশনার অফিসটির বিরুদ্ধে অভিযোগ জমিয়াছে বহুকাল। পিন্ডি পিকিং প্রেমী যে কেহ রাষ্ট্রের মধ্যে যা কিছু রাষ্ট্রদ্রোহমূলক কাজ করিয়া গেলে, স্বাভাবিকভাবেই মনে করার যথেষ্ট কারণ আছে যে আপদকালীন অবস্থার চূড়ান্ত আপদ এখানেই।

শ্রীসুনীল দাশগুপ্ত: মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের পশ্চিমবঙ্গ একদিকে চীনের আক্রমণ আর অন্য দিকে পাকিস্তানের আক্রমণের মুখে দাঁড়িয়ে আছে। আমরা কয়েকদিন আগে দাবি করেছিলাম, এই হাউসে সীমান্ত সমস্যা নিয়ে একটা আলোচনার দিন ধার্য করা হোক। তখন আপনি ও পার্লিয়ামেন্টারি অ্যাফেয়ারস্-এর মিনিস্টার আমাদের বলেছিলেন, চিফ মিনিস্টার জাপান থেকে ফিরে এসে এ সম্পর্কে যা হোক কিছু করা যাবে। কিন্তু আজকে আমাদের হাউস শেষ হয়ে যাবে। চিফ মিনিস্টার বা পার্লামেন্টারি অ্যাফেয়ারস্-এর মিনিস্টার এ সম্পর্কে আজ পর্যন্ত কিছু বলেননি, এমনকি একটা বিবৃতি দেবার প্রয়োজন পর্যন্ত অনুভব করেননি। সেই জন্য বাধ্য হয়ে আজকে আমরা মুলতুবি প্রস্তাব উত্থাপন করেছিলাম কিন্তু আপনি সেটা নাকচ করে দিয়েছেন। আমি আপনাকে অনুরোধ করবো

অ্যাফেয়ারস-এর মিনিস্টারকে বলব একটা আলোচনার দিন ধার্য করে এই ভয়ানক সংকটজনক অবস্থায় আমাদের বক্তব্য কি এবং সরকারের বক্তব্য কি সেটা জনসাধারণের কাছে যাতে রাখতে পারি তার ব্যবস্থা করে দিন।

Shri Jagannath Kolay:

পার্লিয়ামেণ্টারি মিনিস্টার একথা বলেছিলেন যে, আমি এগ্রি করি না, এটা হাউসে আলোচনা হোক।

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে অ্যাডজোর্ণমেণ্ট মোশন দেয়া হয়েছে সেটা হচ্ছে, আমাদের সীমান্তে যে অবস্থার সৃষ্টি হয়েছে এবং যেভাবে গুপ্তচরবৃত্তি বেড়ে চলছে তাতে আমাদের নিরাপত্তা ভেঙ্গে পড়ার মত অবস্থা হয়েছে, সেই জন্য আমরা আলোচনা চেয়েছিলাম, আমাদের পার্লিয়ামেণ্টারি অ্যাফেয়ারস মিনিস্টার অস্বীকার করলেন। কিন্তু এটা ঠিক হয়েছিল যে চিফ মিনিস্টার ফিরে এলে তাঁর সঙ্গে আগে আমরা সীমান্ত বিষয়ে আলোচনা করবো এবং তাতে যদি আমরা সন্তুষ্ট হই তাহলে আর হাউসে আলোচনা হবে না। বিজিনেস্ অ্যাডভাইসারি কমিটির সভায় সাধারণভাবে এটা আলোচনা হয়েছিল। আমরা এমন কিছু আলোচনা করতে চাই না যাতে মিলিটারি অপারেশন বা পুলিশ ব্যবস্থা প্রকাশ হয়ে যেতে পারে। কিন্তু আমাদের দেশের ফিপথ কলামনিস্টরা যে-ভাবে কাজ করছে এবং গুপ্তচরবৃত্তি যেভাবে বেড়ে চলেছে তাতে আমাদের পুলিশের বা মিলিটারির যে কোন জিনিষই আমরা গোপন রাখি না কেন আমাদের আলোচনার মাধ্যমে, তা কিন্তু প্রকাশ হয় পড়ছে। আপনি অ্যাডজোর্ণমেণ্ট মোশান-এ দেখেছেন যে, আমাদের পুলিশের একজন জমাদার অস্ত্রশস্ত্র নিয়ে পাকিস্তানে পালিয়ে যায়। তা ছাড়া এই হাউসে এই সেসানে আমরা বলেছি অত তারিখে অত নম্বর মর্টার ওয়াগানে করে পাকিস্তানে পাচার হয়ে যায়। আমরা এও বলেছি যে, পাকিস্তানের লোক যারা এখানে বসবাস করত তারা পুলিশের সামনে টিনের ঘরবাড়ী খুলে নিয়ে পুলিশের ফাঁড়ির সামনে দিয়ে চলে যায়। সুতরাং এমতাবস্থায় জনপ্রতিনিধি হয়ে আলোচনাত দাবী করাটা আমরা ন্যায়সঙ্গত বলেই মনে করি। চাইনিজ অ্যাগ্রেসন যখন হয়েছিল তখন আপনাদের নিশ্চয়ই স্মরণ আছে, এই হাউসে দেশের যাঁরা দেশদ্রোহী তাঁদের সঙ্গে আমরা আলোচনা করেছি চীনের আক্রমণের বিরুদ্ধে দেশের সংহতিকে জোরদার করার জন্য। সেই পরিপ্রেক্ষিতে আমরা একটা আলোচনা চেয়েছিলাম। আমাদের পুলিশ বা মিলিটারি কতদূর এগিয়েছে তা আমরা চাইনি। আমাদের দেশের মধ্যে যারা ধ্বংসমূলক কাজ করছে তাদের সম্পর্কেই আমরা আলোচনা চেয়েছি। আপনি, স্যার, নাকচ করে দিয়েছেন। এখন আর সময় নেই কারণ আজকেই হাউস শেষ হয়ে যাবে। সেই জন্য বলছি, অন্ততঃপক্ষে আমাদের সাথে বসে বলতে পারতেন যে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। আমরা কাগজে দেখলাম, তিন বিঘায় আমাদের পি, ডবলু, ডি-র লোক যারা রাস্তা পাকা করছিল, পাকিস্তানী অফিসাররা, যাঁদের আমরা দয়া করে তিন বিঘার মধ্যে দিয়ে ডাহাগ্রামে যেতে দিয়েছি, ডাহাগ্রাম থেকে এসে তাঁরা আমাদের লোককে বলছেন যে, তিন বিঘায় তোমরা রাস্তা পাকা করতে পারবে না। আমাদের সরকার এ সব সহ্য করেও তিন বিঘার মধ্যে দিয়ে পাকিস্তানী অফিসারদের ডাহাগ্রামে যেতে দিচ্ছেন। আমাদের উদারতা, বৈষ্ণবপ্রেম এত দৃষ্টি নেই। সেই জন্যই বলছি, আজকে শুধু গুজরাট সীমান্তে কি হয়েছে তা নয়, পাকিস্তান গভীর, এত জোরদার করেছি যার জন্য আমাদের দেশ নষ্ট হচ্ছে অথচ সেদিকে সরকারের কোন সর্বদিকে আমাদের বিব্রত করবার চেষ্টা করছে।

[1-10—1-20 p.m.]

পাকিস্তান আমাদের যুদ্ধের অবস্থার মাথা ঠেলে দিচ্ছে, সারা পৃথিবীর কাছে আমাদের হেয় করবার চেষ্টা করছে। আমাদের দেখতে হবে এই অবস্থায় আমরা কি করব। এটা একটা

প্রদেশ বা কেন্দ্রের ব্যাপার নয়, আক্রমণ যখন হবে তখন আমাকে ঘা খেতে হবে, বিপদের সময় আমাকে বাড়ীঘর ছেড়ে চলে যেতে হবে, আমার পরিবার, আমার গ্রাম ধ্বংস হবে। কাজেই এটা বিচার করা উচিত ছিল এবং বাংলা দেশ কি অবস্থায় আছে সেটাও বিচার করা উচিত ছিল। আমি আবার সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি গুপ্তচরবৃত্তি প্রবল হয়েছে। পাক ডেপুটি হাই কমিশনার-এর অফিস থেকে আরম্ভ করে গ্রামের অধ্যক্ষ যারা কংগ্রেসের খদ্দর, কংগ্রেসের নামাবলি গায়ে দিয়ে বসে রয়েছে তারা কি জঘন্য কাজ চালিয়ে যাচ্ছে সেটা একবার লক্ষ্য করুন। এ বিষয়ে সরকার যদি সক্রিয় না হন তা হলে আগামী একদিন আসবে যখন আমাদের পায়ের তলা থেকে মাটি সরে যাবে এবং তখন হাজার কামান, গুলি দিয়েও আপনারা তাকে রুখতে পারবেন না। আপনার মাধ্যমে এই সাবধানবানী উচ্চারণ করে আমি বক্তব্য শেষ করছি।

Shri Sailendra Nath Adhikary: My adjournment motion runs thus:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

The attitude of Marwari Hospital authorities as evinced by its refusal to admit a coronary patient requiring immediate hospitalisation on the simple ground that the patient concerned did not belong to the Marwari Community.

Short statement

It appears that a coronary patient was recently rushed to the Marwari Hospital, Calcutta, for immediate admission. The doctor attending the patient recommended admission but the hospital authorities who are governed by the so-called Trust refused admission on the ground that he was not a Marwari. This discriminatory attitude is clearly violating the provisions of the Constitution and is nothing but an ugly variant racialism. This is also opposed to the very concept of medical ethics and hospital services. The Government has to immediately intervene and take steps against the hospital authorities for pursuing this hated policy of racial discrimination. This is also against the very basis of the concept of national sovereignty and national integration. Legal action should immediately be taken against the hospital authorities for flouting the provisions of the Constitution, particularly the equality clause.

স্যার, এই বিষয়ে আমি কিছু বলতে চাই। কোলকাতার বুকের উপর, বাংলা দেশের রাজধানীতে বাংলা দেশের একজন করোনারি পেসেন্টকে মারোয়ারী হাসপাতাল থেকে মৃত্যুর সময় রিফিউজ করা হোল এবং তার ফলে বাংলা দেশে একটা ধীক্কার ধ্বনী উঠেছে। এটা প্রথমে "আনন্দবাজার পত্রিকায়" ওঠে এবং তারপর আমরা খবর নিয়ে দেখলাম ঘটনাটা সত্য। এর প্রতিবাদে ইউনিভার্সিটি ইন্সটিটিউট হলে বিখ্যাত সাংবাদিক বিবেকানন্দ মুখার্জী, দক্ষিণারঞ্জন বসু প্রভৃতি ব্যক্তিরা একটা মিটিং করেছিলেন এবং সেখানে এই ঘটনাকে ধীক্কার দেওয়া হয়েছে। আমি বলতে চাই এই কোলকাতায় আমাদের চোখের সামনে যে ঘটনা ঘটল তার পরিণাম কি হবে. এই ঘটনা দেশকে কোথায় নিয়ে যাবে সেটা ভেবে দেখা দরকার। ব্যাপার যা হচ্ছে তাতে মনে হয় আমাদের বাংলাদেশের বাঙ্গালীরা দুদিন বাদে হয়ত বাংলাদেশে আর থাকতে পারবে না। আরও মজার ব্যাপার হচ্ছে যে ডাক্তাররা হিউমেনিটেরিয়ান গ্রাউন্ড-এ ব্যবস্থা করতে গিয়েছিলেন সেই ডাক্তারদের পর্যন্ত ছ'টাই করা হয়েছে। আমি পূরবী মুখার্জীকে জিজ্ঞাসা করতে চাই এই বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের কি কোন দায়িত্ব নেই? আমাদের কন্সটিটিউসন-এর আর্টিকেল ফোর্টিন, আর্টিকেল ফিফ্টিন-কে যে ভাওলেট করা হয়েছে সে ব্যাপারে আপনাদের কি কোন দায়িত্ব নেই? এই ব্যাপারে আমি এ্যাডজোর্নমেণ্ট মোসন নিয়ে এসেছিলাম, কিন্ত দুঃখের বিষয় আপনি কনসেণ্ট রিফিউস্ করলেন। যা হোক, আমি আপনার আদেশ মেনে নিয়েই বসলাম।

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে বিভিন্ন সংবাদপত্রে এই সংবাদ বেরিয়েছে এবং পাবলিক মাইন্ড কিছুটা অ্যাজিটেট করেছে সেই জন্য আমার মনে হয় এই সম্পর্কে আমাদের কিছু বললে ভাল হয়। মারোয়ারী হসপিটাল সম্পর্কে প্রশ্ন উঠেছে, যে ট্রাস্ট ডিড করা আছে সে ট্রাস্ট ডিড-এ বলা আছে যে শুধু মারোয়ারী কমিউনিটি তারাই এই হাসপাতালে চিকিৎসা করবেন। ট্রাস্ট ডিড-এর কোন প্রভিসন নেই যাতে আমরা চেঞ্জ করে করতে পারি। প্রথমে এখানে বলা দরকার মারোয়ারী হসপিটাল-এ সরকার এক পয়সাও সাহায্য দেন না সেখানে সম্পূর্ণ ম্যানেজমেন্ট ট্রাস্ট বোর্ড করে থাকেন এবং সেখানে গভর্নমেন্টের কন্ট্রোল-এ কোনদিন এক পয়সাও দেওয়া হয় না। ডিড-এর যে প্রভিসন আছে তাতে তাঁরা শুধু মারোয়ারী কমিউনিটিকে সাহায্য করবেন। কাজেই সেখানে এ সম্পর্কে লিগ্যাল অ্যাকসান নেবার কোন প্রশ্ন ওঠে না কারণ এখানে লিগ্যাল অ্যাকসন নেবার কিছু করা যায় না। বাই পারসুয়েসন কিছু করা যায় কিনা এই সম্পর্কে মারোয়ারী হসপিটাল-এর কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেছিলাম তাদের ডিফিকালটি আছে তাদের যে ট্রাস্ট ডিড আছে সেখানে যে প্রভিসন্ তা চেঞ্জ করতে পারেন বাই এ জেনারেল বডি ইন এ মিটিং। আমি তাদের অনুরোধ করেছি যে জেনারেল বডি-এর মিটিং ডেকে ট্রাস্ট ডিড-এর প্রভিসন যাতে চেঞ্জ করতে পারেন। আর যে বাঙ্গালী পেসেন্ট-এর কথা উঠেছে সেই বাঙ্গালী পেসেন্ট-এর ছেলে ডাঃ চৌধুরী ঐ হাসপাতালে চাকুরী করতেন সে চাকুরী ছেড়ে দিয়ে তিনি আর, জি, কর মেডিক্যাল কলেজ-এ ঢোকেন যখন এই রকম কেস হয় তখন তার বাবা তিনি প্রথমে আর, জি, কর-এ না নিয়ে গিয়ে মারোয়ারী হসপিটাল-এ তাকে নিয়ে যান। মারোয়ারী হসপিটাল-এ প্রথমে নিয়ে যাবার পর তাদের যে প্রভিসন আছে যে এমারজেন্সি কেস হলে সে ইচ্ছায় হোক বা অনিচ্ছায় হোক কাস্ট এণ্ড কিড হোক না কেন ইনডোর হসপিটালে নিতে হবে। এই প্রভিসন-এ তাদের ইনডোর অ্যাডমিসন-এর জন্য রেকমেণ্ডেসন করলে ডাঃ চৌধুরীর বাবা এবং ডাঃ চৌধুরী যে হাসপাতালে রয়েছেন সেই আর, জি, কর-এ সেখানে তিনি যান এই মারোয়ারী হসপিটাল-এ অ্যাডমিসন নিতে চান না বলে তিনি যখন আউট পেসেণ্টস ডিপার্টমেণ্ট-এ নিয়ে যান তখন তিনি বলেছিলেন যে আপনারা প্রাথমিক ব্যবস্থা করে দিন আমি ভর্তি করবো আর, জি, কর-এ। সেই জন্য স্বভাবতই সেখান থেকে নিয়ে গিয়ে আর, জি, কর-এ ভর্তি করান। যদিও মারোয়ারী হসপিটাল-এ মারোয়ারী ছাড়া নেন না কিন্তু ট্রাস্ট ডিড-এ যে প্রভিসন আছে যে যে কোন কমিউনিটি-এর লোক হোক না কেন আউট ডোর পেসেণ্ট হিসাবে তাকে নিতে বাধ্য এবং এখনও সেখানে ২৬ জন বাঙ্গালী সমেত বিভিন্ন কমিউনিটি-এর পেসেণ্ট রয়েছে। এই হাসপাতালের সঙ্গে গভর্নমেণ্টের কোন সম্পর্ক নেই বা বাংলা দেশের গভর্নমেণ্ট-এর জন্য কোন পয়সা খরচ করেন না। কাজেই যা কো-অপারেটিভ বেসিস-এ করা হয়েছে, এর জন্য যদি কোন পার্টিকুলার কমিউনিটি, পার্টিকুলার সেকসন অব পিপল, পার্টিকুলার মেম্বারস তারা যদি এই হাসপাতাল চালায় এবং সেই হাসপাতাল যদি বন্ধ করে দি যাঁরা মারোয়ারী ছাড়া নন-মারোয়ারীও ভর্তি করেছে সেটা যদি বন্ধ করে দি তা হলে তারা যে মেডিক্যাল রিলিফ-এর ব্যবস্থা করেন টু দ্যাট একসটেণ্ট ইট লাইটেনস আওয়ার বার্ডেন যদি এটা বন্ধ করে দি তা হলে অন্যায় হবে এবং সে কারণেই আমি এটা বন্ধ করে দেবার পক্ষপাতি নই। ট্রাস্ট ডিড যা আছে তা দিয়ে আমরা কোর্ট-এ টেঁকবো না। ট্রাস্ট ডিড-এর মধ্যে দিয়ে জোর করে কিছু করা যাবে না বা আমরা এতে অন্য কোন ব্যাবস্থা করতে পারবো না. ট্রাস্ট ডিড-এর যে প্রভিসন তাকে সুপারসিড এই ট্রাস্ট প্রপার্টিকে নাকচ করে কোর্টও কিছু অ্যাকোয়ার করতে পারবে কিনা সেটাও আমার কিছু জানা নেই এইগুলি হল প্রকৃত অবস্থা।

[1-20—1-30 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয়া এ বক্তৃতা দিয়ে মারোয়ারী সোসাইটিকে এনকারেজ করলেন। আমি মন্ত্রিমহাশয়াকে এই কথা জিজ্ঞাসা করছি যে আমরা যে ব্লাড ব্যাঙ্ক-এ রক্ত দিই, হিন্দু, মুসলিম,

খ্রীশ্চিয়ান সবাই দিচ্ছেন বিফ খাচ্ছে তাদের রক্তও নেওয়া হচ্ছে, কিন্তু যখন যার গব্যঘৃত, কদলি এবং যাঁরা কাগজে-কলমে গরুর দুধ ছাড়া কিছু খান না, তাদের রক্ত যখন ইনস্‌পেক্ট করা হয় তখন কি একজামিন করা হয় যে এটি মুসলমানের রক্ত নেওয়া হচ্ছে, না এটা হিন্দু বা খ্রীশ্চানের রক্ত। হিউম্যানিটারেনিয়ান গ্রাউন্ডে আমি এ কথা বলছি যে আপনার এই স্টেটমেন্টটা আপনার কাছ থেকে আশা করি নি। এর ফলে তাদের রেসিয়াল এরোগেনসটা আরো বেড়ে যাবে। কনস্টিটিউসন তো রয়েছে। আজকে এই ট্রাস্ট-এর নামে কলকাতা শহরেতে ৭০০ কোটী টাকা ট্রাস্ট খাটছে এভাবে এক্সপ্লইটেসন হচ্ছে। মারোয়ারী কমিউনিটি বলে নয়। টাটার ট্রাস্ট আছে, বিড়লার ট্রাস্ট আছে, স্কুল হাসপাতাল। এভাবে কলকাতার ৭০০ কোটী টাকা খাটছে। এভাবে কতদিন এক্সপ্লয়টেসন পলিটিক্যাল পারসুয়েড করুন, এখানে তো সুইমিং ক্লাব রয়েছে, সাদা চামড়ার লোক তারা কালো চামড়াকে ঢুকতে দিচ্ছে না, তারাও বলবে যে আমাদের কনস্টিটিউসন রয়েছে, ক্লাব রুলস রয়েছে, আমরা কালো আদমিকে ঢুকতে দেবো না, যা জলে নামতে দেবো না, কেবল যারা সাদা চামড়ার লোক তারাই ঢুকবে। আপনার কথা অনুযায়ী বাঙ্গালীরা যদি একটা ট্রাস্ট করে—স্যার বীরেন যদি কোটীখানেক টাকা দেন এবং বলেন যে, শুধু বাঙ্গালী হিন্দু এবং তার মধ্যে কেবল ব্রাহ্মণ কি ক্ষত্রিয়ের মত এ একটা ট্রাস্ট তৈরী হয় তা হলে স্যার, আমি জিজ্ঞাসা করছি দেশটা কোথায় যাবে। এটা তো পলিটিক্যাল কোয়েশ্চেনস আমি লিগ্যাল কুইবলিং-এ যেতে চাচ্ছি না। এটা হান্ড্রেড পারসেন্ট পলিটিক্যাল কোয়েশ্চেন। আজকে দেশের এ অবস্থায় যারা রেসিয়ালিজিম পারসু করছে সেখানে ডি. আই. আর কারুর বিরুদ্ধে প্রয়োগ করতে হয় তো তাদের বিরুদ্ধে আগে করা উচিত, তারা ওয়ার্স্ট ক্রিমিন্যালস্‌ এন্ড অফেন্ডারস্‌ এগেনস্ট কনস্টিটিউসন। আমি আপনার কাছে আবেদন করছি এটা পার্টির প্রশ্ন নয় এবং পলিটিক্যাল কোয়েশ্চেনস্‌, পলিটিক্যালি ফেস করতে হবে।

মিঃ স্পীকারঃ উনি একটা কথা এর মধ্যে বলেছেন যে গভর্নিং বডির কাছে এটা নিয়ে গিয়ে উনি হাজির করিয়েছেন কতদূর কি ব্যবস্থা করা যায় তার জন্য।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ স্যার, এ বিষয়ে যদি কিছু বলা না হয় তা হলে নিজের বিবেকের কাছে অপরাধী হব। উনি যা বললেন ওঁনার কথা থেকে মনে হয় মারোয়ারী হসপিটাল উঠিয়ে দেবার কথা আমরা বলেছি। কনস্টিটিউসন-এর যে প্রভিসন সেটা যাতে ঠিকমত অ্যাপ্লাইড হয় সেটাই দেখুন এবং আমাদের এখানে অনেকে আইনজ্ঞ মানুষও আছেন এ ছাড়া ক্লিয়ারলি কনস্টিটিউসন-এ বলা আছে লজ অব দি ল্যান্ড-এর বিরুদ্ধে যেখানে কনস্টিটিউসন যেখানে ডিফাংট করছে। আপনি দেখুন কনস্টিটিউসন-এর আর্টিকলস ১৪, ১৫টা এভাবে যখন ডিগ্রেস করছে তখন এইভাবে স্যার এটার উত্তর দিলে হবে না। আমাদের এটা বোঝাতে হবে যে ন্যাসনালাইজ করতে পারবেন না। কেন এটা করতে গেলে কি অসুবিধা আছে সেটা বলতে হবে? কারণ আমাদের প্রভিসন আছে এবং সে অনুসারে করতে পারেন, সুতরাং এটা দেখুন এবং এ সম্বন্ধে কেন এটা হবে না এটাই আমি বলছি।

Shrimati Purabi Mukhopadhyay: Mr. Speaker, Sir, a wrong impression will be created if I do not reply to the points raised by Shri Maitra, so, kindly allow me to speak for one minute only.

কাশীবাবু যে কথা বললেন তিনি কনফিউজ করেছেন আমার স্টেটমেন্ট-এ কোথাও এনকারেজমেন্ট করা কোথাও ছিল না। লিগ্যাল অ্যাকসন নেওয়া যায় কিনা প্রভিসন-এ তাই আমি এক্সপ্লেন করেছি। বিইং এ ট্রাস্ট বডি, বিইং গাইডেড বাই এ ট্রাস্ট ডিড সেখানে গভর্নমেন্ট লিগ্যাল অ্যাকসন নিতে পারেন না। এটাই হল নং ১। আর নং ২ হলো আমি যদি এনকারেজ করতাম তা হলে মারোয়ারী হসপিটাল-এর কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করতে বসে ট্রাস্ট ডিড পরিবর্তন করবার জন্য জেনারেল মিটিং ডাকতে বলতাম না। কনস্টিটিউসন-এ এটা বলে কিনা, আলট্রা ভায়ার্স কিনা? কারণ যতগুলি ট্রাস্ট ডিড আছে সারা ভারতবর্ষে যা চলেছে--যতগুলি ট্রাস্ট ডিড আছে এটা যদি হত তা হলে সমস্তগুলি আলট্রা ভায়ার্স বলে ডিক্লেয়ার হত।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র:

স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ মুলতবী প্রস্তাব রেখেছিলাম আপনি সেটার আলোচনার সুযোগ দেন নি। যা হোক আপনি বিধানসভা সদস্যের দৃষ্টি আকর্ষণ করবার যে সুযোগ দিয়েছেন তার জন্য আপনার কাছে কৃতজ্ঞ।

"পশ্চিম দিনাজপুর জেলায় স্পেশাল কেডার শিক্ষকগণের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকারিক ও পশ্চিম দিনাজপুর জেলা বিদ্যালয়সমূহের পরিদর্শকের বিজ্ঞপ্তি" শীর্ষক জনস্বার্থের পক্ষে গুরুত্বপূর্ণ বিষয়টি বিধানসভায় মুলতুবী প্রস্তাব হিসাবে আলোচনা করার সুযোগ আমি চাহিয়াছিলাম। স্যার, এ বিষয়ে আমার বক্তব্য হচ্ছে যে পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকারিকের ২০এ এপ্রিল ১৯৬৫ তারিখের ২৩৮৭(১৪) এম, সি/পি নং বিজ্ঞপ্তি অনুসারে পশ্চিম দিনাজপুর বিদ্যালয়সমূহের পরিদর্শক মহাশয় ২৮এ এপ্রিল (১৯৬৫) তারিখের ১৯১৩(৬২) এম. নং চিঠির দ্বারা যে সমস্ত মাধ্যমিক বিদ্যালয় স্পেশাল কেডার শিক্ষক নিযুক্ত রহিয়াছেন সেই সমস্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সম্পাদকগণকে জানাইয়াছেন যে, যে সকল বিদ্যালয়ে অনুমোদিত সংখ্যক শিক্ষকগণের মধ্যে স্পেশাল কেডার শিক্ষক কার্য করিতেছেন তাহারা ১৯৬৫ সালের ১লা মার্চ হইতে নরম্যাল কেডার হিসাবে গণ্য হইবেন এবং অন্যান্য শিক্ষকগণের অনুরূপ বেতনের হার, প্রভিডেন্ড ফান্ড ইত্যাদির সুবিধা ভোগ করিবেন। আরও বলা হইয়াছে যে, যে সকল বিদ্যালয়ে স্পেশাল কেডার শিক্ষক 'অতিরিক্ত স্টাপ' হিসাবে কার্য করিতেছেন কেবল তাঁহাদের জন্য মাসিক গ্রান্ট-ইন-এইড হিসাবে টাকা দেওয়া হইবে।

এই বিজ্ঞপ্তির ফলে শত শত স্পেশাল কেডার শিক্ষকের মধ্যে চাঞ্চল্য এবং হতাশার সৃষ্টি হইয়াছে। কারণ পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকার হইতে ১৯৫৪ সালে সরাসরি স্পেশাল কেডার শিক্ষক নিযুক্তিকালে এমন কোন সর্ত ছিল না যে, কোন স্কুল কমিটির পক্ষ তাঁহাদের বেতন প্রদত্ত হইবে বরং তাঁহারা সরকারী কর্মচারী হিসাবে গণ্য হইয়া গত ১০ বৎসরকাল সরকারী তহবিল হইতে সরাসরী বেতন পাইতেছিলেন। এই বিজ্ঞপ্তি স্পেশাল কেডার শিক্ষকগণের নিয়মিত বেতন প্রাপ্তির এমন কি চাকরীর অনিশ্চয় অবস্থা সৃষ্টি করিয়াছে। বহু মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকগণের ৩/৪ মাসের বেতন অর্থাভাবে বাকী পড়িয়া থাকে। সুতরাং দরিদ্র স্পেশাল কেডার শিক্ষকগণকেও এই বিজ্ঞপ্তির দ্বারা আর্থিক সংকটের মধ্যে টানিয়া আনা হইতেছে এবং সরকারী কর্মচারী হিসাবে যে সকল সুযোগ সুবিধা তাঁহাদের ন্যায্যতঃ প্রাপ্য ছিল তাহা হইতে বঞ্চিত করা হইতেছে। অনুরূপ বিজ্ঞপ্তি পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় প্রেরিত হইয়াছে। সরকারের এই বিজ্ঞপ্তি প্রত্যাহার করিয়া লইয়া পূর্ব সর্ত ও পূর্ব ব্যবস্থা বহাল রাখা একান্ত ন্যায়সঙ্গত বলিয়া আমি মনে করি।

আজকে সমগ্র বাংলাদেশে সহস্র স্পেশ্যাল ক্যাডারের শিক্ষক আছে—তাদের সরকারী কর্মচারী হিসাবে তখন গ্রহণ করা হয়েছিল; হঠাৎ তাদের বলা হচ্ছে ১০ বছর পরে যে তারা নরম্যালি ক্যাডারে যাবেন। আমি সরকারের উদ্দেশ্য সম্বন্ধে সন্দেহ প্রকাশ না করে আমি বলতে চাচ্ছি যে শিক্ষার অগ্রগতির জন্য এই স্পেশ্যাল ক্যাডার হয়েছিল যদিও অনেকে সমালোচনা করেছিলেন এবং একে বলা হয়েছিল স্পেশ্যাল ইলেকসন ক্যাডার; অর্থাৎ কংগ্রেসীরা ইলেকসনের স্বার্থে এটা করেছিলেন। আমি সে কথা বাদ দিলাম -কিন্তু হঠাৎ এই বাংলাদেশে এখনও পর্যন্ত যেখানে শতকরা ৭১ জন নিরক্ষর রয়েছেন...........

মিঃ স্পীকার:

Either the adjournment motion should be read by the Chair or by the Honourable Member who intends to make the motion.

তবে এটা আপনাদের প্রিভিলেজ - আমি সেই রাইটটা আপনাদের দিয়েছি

But don't try to prolong it with against Mr. Mahapatra.

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আমি বলছি বাংলাদেশে লক্ষ লক্ষ নিরক্ষর রয়েছে—সেজন্য স্পেশ্যাল ক্যাডার রাখার দরকার রয়েছে এবং তাদের সরকারী হিসাবে গ্রহণ করা

হয়েছিল। তাই আমি অনুরোধ করছি শিক্ষা বিভাগের যে এই যে সার্কুলার দেওয়া হয়েছে এটা প্রত্যাহার করে নিয়ে স্পেশ্যাল কাডারকে যেভাবে মাসে মাসে বেতন দেওয়া হচ্ছিল সেইভাবে দেবেন। তা যদি না দেন তাহলে অনেকে দুঃখ-কষ্টের মধ্যে থাকবেন তাহলে স্কুল কমিটির উপর দিলে তাদের আরও অসুবিধা হবে—এখন তিন চার মাসের টাকা পায় না—অনাহারে থাকতে হয়—তাই শিক্ষা বিভাগকে অনুরোধ করছি যে তাঁরা যেন এই সার্কুলারটি প্রত্যাহার করে নেন।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Minister-in-charge of Health Department will please make a statement on the subject of precaution in sale of Folidol at Mograhat police-station, called attention by Shri Narayan Choubey on the 7th May, 1965.

Shrimati Purabi Mukhopadhyay:

মগরাহাট থানার বিভিন্ন গ্রামে ১লা জানুয়ারি ১৯৬৫ সাল হইতে আজ পর্যন্ত স্থানীয় পুলিশ মোট ২৫টি কেস ডায়মণ্ড হারবার হাসপাতালে পাঠাইয়াছেন এই ২৫টির মধ্যে ২৩টি আত্মহত্যার ঘটনা বলিয়া পুলিশ সন্দেহ করে। বাকী দুইটি অন্য অপরাধমূলক বলিয়া মনে হয়। এই ২৫টি ঘটনার সময় নিম্নরূপ:

জানুয়ারি ১৯৬৫—১, ফেব্রুয়ারি ১৯৬৫—৪, মার্চ ১৯৬৫—৮, এপ্রিল ১৯৬৫—৭, মে ১৯৬৫—৪।

উপরোক্ত ২৫টি ঘটনা ছাড়া আরও একটি আত্মহত্যার ঘটনা স্থানীয় পুলিশ তদন্ত করিয়াছেন। এই মোট ২৬টির কেসের নামধাম ইত্যাদি সম্বলিত বিবরণী নিম্নে স্থাপিত হইল:

উপরিলিখিত ২৫টি কেস যে যে গ্রামে ঘটিয়াছে সেই গ্রামগুলির নাম নিম্নরূপ:

(১) বিড়লিয়া, (২) মহম্মদপুর, (৩) ধনধনি, (৪) বড় মোখালি, (৫) মোখালি, (৬) মড়াঘরিয়া, (৭) উত্তর কৃষ্ণপুর, (৮) পাঁচপাড়া, (৯) কোরামজসরজ, (১০) বরহাট, (১১) ঘুঘুলিয়া, (১২) উত্তর চাঁদপুর, (১৩) উত্তর বাঘলে, (১৪) দেউলিয়া, (১৫) নারকেলডাঙ্গা, (১৬) গোরকনীর, (১৭) উস্তুর, (১৮) সালিখা, (১৯) হারাধনপুর, (২০) নায়নানপাড়া।

১নং হইতে ১৫নং পর্যন্ত প্রতি গ্রামে একটি করিয়া ঘটনা ঘটিয়াছে। বাকী গ্রামগুলির প্রত্যেকটিতে দুইটি করিয়া ঘটনা ঘটিয়াছে। ফলিডলজাতীয় কীটনাশক দ্রব্যগুলি পয়েজেন অ্যাক্টের অন্তর্ভুক্ত হইয়াছে। তদনুসারে ইহা পুলিশ বিভাগের শাসনাধীন। স্বাস্থ্য বিভাগে প্রাপ্ত তথ্যানুসারে জানা যায় যে এই কীটনাশক ঔষধগুলির বিক্রয় বিষয়ে লাইসেন্সে ব্যবস্থা প্রচলিত আছে এবং ঐগুলি ব্যবহার সংক্রান্ত বিধি নিষেধ কৃষি বিভাগ নিরূপন করিয়া থাকেন।

Mr. Speaker: The Minister-in-charge of Labour Department will please make a statement on the subject of fall in the cost of living index, called attention by Shri Rabindra Nath Mukhopadhyay on the 6th May, 1965.

Shri Bijoy Singh Nahar:

আমি একটু সময় চাই স্যার, তবে আজকেই বলে দেবো।

Mr. Speaker: He will make the statement in the course of the day.

[1-30—1-40 p.m.]

Mr. Speaker: I have received three notices of Calling Attention, namely, one from Shri Aswini Roy regarding rise in price of oil cakes; next from Shri Aswini Roy regarding non-availability of kerosene oil in West Bengal; and third from Shri Kashi Kanta Maitra and Shri Sailendra Nath Adhikary regarding non-availability of kerosene oil in West Bengal.

I have selected the notice of Shri Kashi Kanta Maitra and Shri Sailendra Nath Adhikary on the subject of non-availability of kerosene oil in West Bengal. The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for making it.

Shri Smarajit Bandopadhyay: In reply to the Calling Attention notice by Shri Kashi Kanta Maitra and Shri Sailendra Nath Adhikary on the subject of non-availability of kerosene oil in West Bengal, I beg to state as follows:

> Kerosene is sold at prices determined as per the Kerosene (Price Control) Order, 1963, issued by the Government of India. The position of kerosene oil was satisfactory so long throughout the State of West Bengal and it was adequately available. Kerosene was being sold at the rates fixed under the Kerosene (Price Control) Order, 1963. This department did not receive any report from any area about any black-marketing in kerosene previously. It is now gathered from some quarters that kerosene has become scarce and the position is perhaps due to the increase in the price of container of kerosene. The increase is 13 paise per tin and this increase does not affect the prevailing retail selling price. There may be some dislocation in transactions at different levels due to this increase. It is expected that the position will be adjusted soon and kerosene may be available, as usual.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:

মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি আজকালের মধ্যে কি কেরোসিন তেল পাওয়া যাবে?

শ্রীস্মরজিত বন্দ্যোপাধ্যায়: আমরা আশা করছি এটা ঠিক হয়ে যাবে। কেরোসিন কনটেনারের দাম বাড়াবার জন্য এই রকম হয়েছে।

Mr. Speaker: I am sorry, there is another Calling Attention matter to be answered today which I have overlooked, that is on the subject of purchase of a long unused litigated rice mill by the Burdwan Co-operative Rice Mill Society, called attention by Shri Syed Abul Mansur Habibullah on the 10th May, 1965. The Hon'ble Minister may please make a statement on the same.

Shri Ardhendu Shekhar Naskar: The State Government sanctioned in March, 1964 a sum of Rs. 80,000 towards share capital of the Burdwan Co-operative Rice Mill Society for the establishment of a rice mill, but this has not yet been disbursed to the above Society. Enquiries are being made by the R.C.S. into the various allegations made against the Society and instructions have been issued by him to the A.R.C.S. concerned not to release fund until the R.C.S. gives approval. The investigation has not yet been completed.

Point of Privilege

Shri Sudhir Chandra Das:

মিস্টার স্পীকার, স্যার, আমি পয়েণ্ট অব প্রিভিলেজ-এর একটি কোয়েশ্চেন আপনার কাছে তুলতে চাচ্ছি—বিশেষ্‌ করে যে যে প্রশ্নগুলি আমি করি, সেই প্রশ্নগুলির উত্তর এই বিধানসভায় দু-রকম করে দেওয়া হয়েছে। আমি শুধু একটি প্রশ্নের কথা এখানে তুলতে চাই—যদিও অনেক প্রশ্নের মধ্যে দু-তিনটি যা পেয়েছি, তা অসত্য এবং বিভ্রান্তিকর। তা সত্ত্বেও আমি যা কাগজে-কলমে দেখাতে পারবো সেটা সম্বন্ধে আমি প্রিভিলেজ কোয়েশ্চেন তুলতে চাই। গত ১৭ই আগস্ট ১৯৬৪ তারিখে আমার একটি প্রশ্নের, (৩০২ নম্বর প্রশ্নের) উত্তর পেয়েছি; একটি প্রতিষ্ঠানকে তেলের রিবেট দেওয়া হয়েছে কত? এর উত্তর দিচ্ছেন ৩,২০০ টাকা রিবেট দেওয়া হয়েছে। কি রকম হারে? না, ১০ হাজার মণ তেল বিক্রীর উপর এক হাজার টাকা এবং ২০ হাজার থেকে ৩০ হাজার তেল বিক্রির উপর দেড় হাজার টাকা রিবেট দেওয়া হবে। এই ডিক্লারেসন দেবার পর এই নিয়ে অ্যাপ্রোপ্রিয়েট বিলে যথেষ্ট সমালোচনা করেছি যে এই প্রতিষ্ঠানকে ঐ ৩,২০০ টাকা রিবেট দেওয়া হয়েছে কেন? এই রিবেট দিতে হলে ৬০/৬২ হাজার মণ তেল বিক্রী করা দরকার। এটা অবাস্তব জিনিষ সুতরাং চুরি হয়েছে, ধাপ্পা দেওয়া হয়েছে। এটা আপনি জানেন কেন এই প্রতিষ্ঠানকে রিবেট দেওয়া হয়েছে তেল বিক্রীর জন্য। এটা দেওয়ার পরে আর একটা প্রশ্ন এই সঙ্গে করলাম। তার উত্তর কাল পেলাম ১০ই মে ১৯৬৫ তারিখে আমার প্রশ্নের উত্তর দিচ্ছেন এই সেখানে। ঐ তৈলশিল্প বাবদ ঐ প্রশ্নে উল্লেখ করা হয়েছে রেফারেন্স দিয়ে যে ৩,২০০ টাকা রিবেট ১৯৬০-৬২ সালে দেওয়া হয়েছে, তা কত মণ তেলের উপর? ঐ তৈল সেবা সংঘের নিজস্ব ঘানিতে উৎপন্ন, না, আশেপাশের তেলিদের কাছ থেকে আনা হয়েছে? তার উত্তর দিচ্ছেন যে মণ ১৩৬৯।৴০ ছটাক তেলের উপর ২,৫৬০·৬৭ পয়সা রিবেট দেওয়া হয়েছে। যেখানে তার সর্ত ২০ হাজার থেকে ৩০ হাজার মণ তেল বিক্রী করলে পরে ১৫০০ টাকা রিবেট পাওয়া যাবে; তা হলে সেখানে ৩,২০০ টাকা রিবেট পেতে হলে ৬০ হাজার মণের বেশী তেল তাকে বিক্রী করতে হবে। সেক্ষেত্রে উত্তর দিতে পারবে, না বলে, ৬৪ হাজার মণ তেলের মিথ্যা ভাউচার সংগ্রহ করা অসম্ভব ভেবে এখন উত্তর দিচ্ছেন দশ/এগারজন তেলিদের হাত করে বললেন ১,৩৬৯ মণ ১৫ সের দু ছটাক তেলের উপর ১,৩০০ টাকা রিবেট দেওয়া হয়েছে। এই রকম বিভ্রান্তিকর উত্তর, একই বিভাগ থেকে দু-রকম উত্তর দেওয়া হয়েছে। এর দ্বারা হাউসকে বিভ্রান্ত করবার চেষ্টা করা হয়েছে, হাউসের অমর্যাদা করা হয়েছে। আশা করি এ বিষয়ে আপনি একটি রুলিং দেবেন।

Mr. Speaker: On this point I have given ruling on several occasions and rulings have also been given by the Lok Sabha followed by our House and many other Houses in India.

ঠিক এ পয়েন্টে প্রিভিলেজ লাই করেনা।

Of course, the member may write to me pointing out the discrepancies or the mistakes or errors and I can refer them to the Hon'ble Minister concerned for correcting or explaining the position or the member himself can write to the Minister concerned pointing out the discrepancies or the mistakes or the errors in his answers given on two occasions and I hope the Minister concerned will explain the position or correct it if any incorrect answer has been given on a previous occasion.

Shri Sailendra Nath Adhikary:

তা হলে স্পীকার মহাশয়, এই দুটো উত্তরের মধ্যে আমরা কোনটা বিশ্বাস করবো? সেটা আপনি যদি আমাদের বলে দেন, তা হলে ভাল হয়।

Mr. Speaker:

মিঃ অধিকারী, অ্যানসারটা যখন ক্লেরিফাইড হয়ে যাবে, তখন আপনি জানতে পারবেন যে এটা প্রিভিলেজ হয় না। এটা আমি বলতে প্যারি যে এর আগে আমার কোন রুলিং নাই। লোকসভায় এই রকম রুলিং এই পয়েন্ট সম্পর্কে দিয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

তাহলে ক্লারিফিকেসন আসবে! এর পরে আমরা নিশ্চয়ই ক্লারিফিকেসন এক্সপেক্ট করতে পারি।

Mr. Speaker:

Similar decisions have also been given by the House of Commons. So, there is no question of privilege. Of course, the members have the right and always they should expect that they will get the correct answers. But if two answers differ, that can be clarified, that can be explained by the Minister concerned, on his attention being drawn to the subject.

Food scarcity in Jalpaiguri district

Shri A. H. Besterwitch: I think it is the fourth time that I am on my legs to raise the question of food problem in Jalpaiguri district.

Mr. Speaker:

আপনি ফুড ডিবেট-এর সময় বলবেন।

Shri A. H. Besterwitch: Yes, the food debate is there, but unfortunately I am not speaking. That is why I want to raise this matter now.

Mr. Speaker: I will give you scope to speak on this matter.

Strike of students in Burdwan Shamsundar College

Shri Aswini Roy:

মাননীয় স্পীকার মহোদয়, শিক্ষা মন্ত্রী উপস্থিত নাই, মুখ্যমন্ত্রীও উপস্থিত নাই, কাজেই জগন্নাথবাবু যদি ঘটনাটা শোনেন, সেই জন্য আপনার মাধ্যমে জগন্নাথবাবুকে বলছি—আমার এই বক্তব্যটা আপনি যথাস্থানে রাখবেন। গত ৩০এ এপ্রিল থেকে বর্ধমান জেলায় শ্যামসুন্দর কলেজের ছাত্রদের ধর্মঘট হয়। ছাত্রদের যে সমস্ত অভিযোগ ছিল যে অধ্যাপকের সংখ্যা কম এবং বিজ্ঞান বিভাগের ডিমনস্ট্রেটার কম ইত্যাদি। তা ছাড়া ওখানে কোন লাইব্রেরীর ফেসিলিটিস নাই। সেই জন্য তারা ৩০এ এপ্রিল থেকে ধর্মঘট করছে। মুখ্যমন্ত্রী ঐ কলেজের গভর্নিং বডির একজন সদস্য, কাজেই উনি যাতে তাড়াতাড়ি ছাত্রদের অভিযোগগুলি মিটিয়ে দিয়ে অবিলম্বে ধর্মঘট তোলবার ব্যবস্থা করতে পারেন, সেই জন্য ধর্মঘটের মাধ্যমে শিক্ষা মন্ত্রী ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি এই দিকে আকর্ষণ করছি।

[1-40—1-50 p.m.]

Payment for enhanced wages and dearness allowance to the Tea Labours at Darjeeling and Dooars, on tune with this rise in price index there

Shri Nani Bhattacharjee:

স্পীকার মহাশয় আপনার মারফত, অবশ্য এখানে শ্রম মন্ত্রিমহাশয় নেই, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুতর ব্যাপারে। মুখ্য মন্ত্রিমহাশয় জলপাইগুড়ীতে গিয়ে চা শিল্পীদের

অভিনন্দন জানিয়ে এসেছেন। আমাদের এখানে আইন তৈরী হয় মিনিমাম ওয়েজেস চা শ্রমিকদের সম্বন্ধে এবং সেই আইন অনুসারে সর্বশেষ নোটিফিকেশানে বলা হয় যে ১৯৫৮ সালে কনজিউমারস প্রাইস ইনডেক্সএ—সেই প্রাইস ইনডেক্স-এর উপর যদি ২০ পয়েণ্ট কনজিউমারস প্রাইস ইনডেক্স বাড়ান হয়ে থাকে তাহলে প্রতি ২০ পয়েন্ট-এ বাড়ল ২ পয়সা করে মাগ্‌গীভাতা। লেবার মিনিস্টার এখানে নেই, সেই জন্য আমি জিনিসটা সমস্ত মন্ত্রীসভার গোচরে রাখছি। আশা করি ঐ সম্বন্ধে ও'রা শুনবেন। ১৯৫৮ সালের কনজিউমারস প্রাইস ইনডেক্স, তার উপর ডুয়ার্স—ইতিমধ্যে ১৯৬৪ সালের সেপ্টেম্বর মাসে প্রাইস ইনডেক্স বেড়ে হয়েছে ১৪২, তার মানে ২০ পয়েণ্টের উপর হয়েছে। সেই হিসাবে ডুয়ার্স এবং ডুয়ার্স-এ প্রতিটি চা-শ্রমিকদের দৈনন্দিন মজুরী এখন যা পাচ্ছে তার উপর অন্ততঃ ২০ পয়সা বেশী দিয়ে হিসাব পাওয়া উচিত। অন্য দিকে দার্জিলিং-এর চা-শ্রমিকদের যদি আমরা প্রাইস ইনডেক্স দেখি তাহলে দেখব যে ১৯৬৩ সালের অক্টোবর থেকে সেখানে ২০ পয়েণ্ট বেড়ে গেছে এবং ১৯৬৪ সালের অক্টোবরে সেটা ৪০ পয়েণ্ট বেড়ে গেছে। সেই হিসাবে এই নোটিফিকেশান অনুসারে দার্জিলিং-এর চা-শ্রমিকরা অন্ততঃপক্ষে ৮০ পয়সা মাগ্‌গীভাতা আইনসঙ্গতভাবে তারা পেতে পারে। অথচ দীর্ঘকাল ধরে মালিকরা শ্রমিকদের এই ন্যায়সঙ্গত, আইনসঙ্গত মাগ্‌গীভাতা থেকে বঞ্চিত করে চলেছেন। ইমার্জেন্সী আছে তেমন কোন ব্যবস্থা হয়নি হচ্ছে না। কিন্তু এর ফলে একটা ভীষণ অসন্তোষ বাংলা দেশের প্রায় ২ লক্ষ ২৫ হাজার চা-শ্রমিকদের মধ্যে দেখা দিয়েছে এবং তাদের এই আইন-সঙ্গত পাওনা থেকে বঞ্চিত করা হচ্ছে। ওয়েজ বোর্ড সেটা ফেয়ার ওয়েজ ব্যাপারে সামান্য কিছু হয়ত দুটো ইনস্টলমেণ্টের কিছু ইণ্টারিম রিলিফ দিয়েছে। কিন্তু তার সঙ্গে এই আইনের কোন সম্পর্ক নেই। এই আইনের যে নোটিফিকেশান পশ্চিমবঙ্গ সরকার বাতিল করে দেননি এবং সঙ্গে সঙ্গে যে সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন প্রতিষ্ঠান আছে, ভলানট্যারিলি এমন কোন এগ্রিমেণ্ট বা সিদ্ধান্ত করেননি যাতে করে এই নোটিফিকেশান-এর যে পাওনা—সে পাওনা ছেড়েই দিচ্ছে। এমন কোন অবস্থা নেই এবং বাংলা সরকার আশা করি এ বিষয়ে অবিলম্বে অনুসন্ধান করবেন এবং শ্রম বিভাগ থেকে যাতে অবিলম্বে এই ২ লক্ষ ২৫ হাজার চা শ্রমিকরা ন্যায়সঙ্গত আইনসঙ্গত পাওনা থেকে বঞ্চিত হতে চলেছে, সেই পুরানো পাওনা তাঁরা যাতে পান তার ব্যবস্থা করবেন এবং এখানে শ্রম মন্ত্রী যখন আছেন তখন তিনি এটা বলুন এই নোটিফিকেশানে তাদের যে পাওনা সেই পাওনা থেকে নিশ্চয়ই শ্রমিকরা যাতে বঞ্চিত না হয় সেটা তিনি দেখবেন।

শ্রীমনোরঞ্জন রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমার প্রশ্নটা গুরুতর। কিভাবে চা-শ্রমিকরা জঙ্গলে পড়ে আছে বলে ৮০ নঃ পঃ দৈনিক ডিয়ারনেস অ্যালাওন্সে পাওয়ার কথা, তা থেকে তারা বছরের পর বছর বঞ্চিত হয়ে যাচ্ছে এবং আমাদের শ্রমমন্ত্রী বসে আছেন তাঁর কাছে সমস্ত ব্যাপারটা দিয়েছি। কিন্তু তা সত্ত্বেও এ ব্যাপারে তিনি নীরব এবং চা-মালিকদের ব্যাপারে কি সুবিধা দেওয়া যাবে সেসব এখানে আলোচনা করুন মুখ্যমন্ত্রীর সাথে এবং তাদের সম্মেলনে গিয়ে বলুন আরও কি কি সুবিধা দেবেন। আর শ্রমিকরা ৮০ নয়া পয়সা দৈনিক তাদের যে কাটা যাচ্ছে, সেটা সরকারের ডি-এ এর নোটিফিকেশন অনুযায়ী ক্যাবিনেট এটা কেন চিন্তা করছেন না?

শ্রীবিজয় সিং নাহারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে মানীয় সদস্য শ্রীমনোরঞ্জন রায় মহাশয় এ বিষয়ে কয়েকদিন আগে একটি চিঠি লিখে হাতে দেন। আমি ঐটা পরীক্ষা করে দেখছি। আমি এটুকু বলতে পারি যে, সেটার খবর পেয়েছি যে, ওর হিসাব যেটা দিয়েছেন সেটা ঠিক নয়। আমি তবুও সমস্ত মানুষের বিশেষভাবে পরীক্ষা করছি, যদি এইরকম কর্মী ঠকিয়ে থাকে তাহলে আমরা নিশ্চয়ই আদায় করার ব্যবস্থা করে দেব। আমরা দার্জিলিং যাচ্ছি সেখানে শ্রমিকদের প্রতিনিধি যাঁরা আছেন তাঁদের ডাকব এবং মনোরঞ্জনবাবু সেখানে যাবেন এবং আমরা সকলে বসে এগুলি ।৺-ভূতভাবে আলোচনা করে কি করা যায়, কি হয়েছে সেটা দেখব।

শ্রীহরিদাস চক্রবর্তী: মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ের প্রতি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, মার্কিন সাম্রাজ্যবাদী ভিয়েৎনামে যে মারাত্মক আক্রমণ যুদ্ধের আয়োজন ইত্যাদি করে চলেছে তার বিরুদ্ধে ভারত সরকারের কি নীতি সে সম্পর্কে আমাদের প্রধান মন্ত্রী মারফৎ সেটা ঘোষণা করেছেন এবং সে কারণ তাঁদের আমেরিকা সফর বাতিল পর্যন্ত হয়েছে। অথচ আমাদের সরকারের অনুসৃত নীতি আমাদের পরিপন্থী কলকাতার বীণা এবং অন্যান্য কতকগুলি সিনেমা হলে এই মেট্রোপলিটান মেয়র একর্জন ডকুমেন্টারি ফিল্মে এই যুদ্ধ আয়োজন এবং ভিয়েৎনামে যে মার্কিনী আক্রমণ সেগুলি দেখানো হচ্ছে। আমি মনে করি যে আমাদের ভারত সরকারের যে নীতি ভিয়েৎনাম সম্পর্কে, সে নীতি বেসর্জন দিয়ে এবং আমাদের জাতির যে সার্বভৌমত্ব এবং আত্মসম্মান তার উপর একটা জঘন্য আক্রমণ হচ্ছে এবং অবিলম্বে ডকুমেন্টারি ফিল্ম বন্ধ হওয়া উচিত।

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংক্ষেপে দুটি বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একটি হচ্ছে রেশনড আর্টিকেল চাল এবং মডিফায়েড রেশনিং, রেশন দোকান থেকে কলকাতাতে এক টাকা দশ নয়া পয়সা করে চালের দাম নেওয়া হচ্ছে এবং আমাদের ধারণা এই নির্দিষ্ট মূল্যের বাহিরে মডিফায়েড রেশন দোকানে মফঃস্বলে চালের দাম বাড়িয়ে নেওয়া হচ্ছে। দ্বিতীয় হচ্ছে আমাদের এই হাউসে কথা ছিল যে, এই সেশনে প্রেমিসেস টেন্যান্সি বিল যেটা এসেছিল সেটা এবার শেষ করা হল না, অ্যামেন্ডমেন্ট বন্ধ হয়ে গেল। আমার মনে হয় ১৭ ধারা, ২১ ধারায় যে সংশোধন নিয়ে আসা হয়, তাতে কিছু বাড়িভাড়ার মালিক এবং ভাড়াটিয়াদের রক্ষা করবার চেষ্টা করেছেন। আমি বিশেষ করে এইজন্য বলছি যে, বাড়ির যারা ভাড়াটিয়া তাদের যাতে স্বার্থরক্ষা হয় তার জন্য বিলের মর্মে অর্ডিন্যান্স জারী করা হোক। আমি ত্রাণমন্ত্রীকে দেখতে পাচ্ছি না, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যদি অন্য মন্ত্রীরা বলেন তাহলে ভাল হয়। রামপুরহাটে সম্প্রতি বিভিন্ন গ্রামে আগুন লেগে অনেক ঘরবাড়ি পুড়ে গেছে। তার ফলে জয়চণ্ডীপুরে প্রায় ছয় হাজার লোক গৃহহীন হয়েছে এবং সেখানে তার যে রিলিফের ব্যবস্থা হয়েছে সেটা অত্যন্ত কম। সেখানকার যাঁরা বি ডি ওরা আছেন, তাঁরা বলেছেন যে, আমাদের যেটুকু আছে সেটা যথেষ্ট নয়। তাদের টেন্ট নেই, ত্রিপল নেই এবং সেদিক থেকে এস ডি ও গেছেন এবং তিনি বলেছেন, আমাদের হাতে ঐ সমস্ত জিনিস যথেষ্ট পরিমাণে নেই, আবার রাইটার্স বিল্ডিংসএর দিক হতে দেখছি যে আমাদের হাতে যথেষ্ট জিনিস নেই, কাজেই রাইটার্স বিল্ডিংসএ আপনারা এই কথা তুলুন। সেইজন্য আমি আজকে ত্রাণমন্ত্রীকে দেখতে পাচ্ছি না, মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি যে, রামপুরহাট, জয়চন্দ্রপুর ইত্যাদি গ্রামগুলি পুড়ে গিয়ে প্রায় ছয় হাজার লোক গৃহহীন হয়েছে, তাদের উপযুক্ত সাহায্যের ব্যবস্থা করা হোক।

আর একটা বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার একটি লোক ১৯৬৪ সালের জানুয়ারি মাসে ভূমি উন্নয়ন ঋণের জন্য দরখাস্ত করেন এবং সে বিষয় এনকোয়ারিও হয়। কিন্তু আশ্চর্যের বিষয়, এনকোয়ারি করবার পরও তার কোন ব্যবস্থা হয় নি। সেখানকার কমিশনার যখন সেখানে যান তখন তাঁকে বলা হয়েছিল, কিন্তু সেই বানেশ্বর রায়ের ঋণের ব্যবস্থা হয় নি।

শ্রীকানাই পাল: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। খাদ্য পরিস্থিতি যা উদ্ভব হয়েছে সেই পরিস্থিতির উপর দাঁড়িয়ে সরকার যে খয়রাতি সাহায্য দুঃস্থদের দেন এবং যে যে ক্যাটিগরির লোককে সাহায্য দেবেন বলে স্বীকার করেছিলেন এবং দিচ্ছেন বলে জানিয়েছেন তাতে দেখছি যারা ইনভ্যালিড হয়ে পড়েছে সেই এ বি সি ডি পর্যন্ত সাহায্য দেওয়া হচ্ছে। কিন্তু বাকি ই এফ জি ক্যাটিগরির যেসমস্ত লোক আছে, যাঁদের পরিবারের মাসিক রোজগার ২৫ টাকা নয় বা যাদের অসুস্থ ছেলের পাশে বসে থাকতে হয় বা যেসমস্ত ভদ্রমহিলাদের ভিক্ষা করবার উপায় নেই তাদের সাহায্য দিচ্ছেন না। তাদের লিস্ট-এ নাম আছে এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস ডি ও

জানিয়েছেন এই অবস্থায় যদি কোন লোক না খেয়ে মরে তাহলে আমরা দায়ী হব না। কিন্তু আশ্চর্যের বিষয় এসব সত্ত্বেও খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে না এবং তার ফলে মানুষ না খেয়ে মরছে।

শ্রীগিরিজাভূষণ মুখাজী: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি মন্ত্রি-মণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। বৈদ্যবাটিতে একটা খালের উপর যে পুল ছিল সেটা গত তিন মাস হয় ভেঙ্গে গেছে এবং বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটির ক্ষমতা নেই যে, সে পুল তারা মেরামত করে। এই ব্যাপারে গভর্নমেন্টের কাছে বারে বারে লেখা সত্ত্বেও কোন ব্যবস্থা হয় নি। তারকেশ্বরের মেলার সময় বৈদ্যবাটির ওখান থেকে লোকেরা জল নিয়ে তারকেশ্বরে যায়। সেই পুলের জায়গায় তক্তা পাতা আছে এবং তার উপর দিয়ে চলতে গিয়ে যে তিনজন লোক পড়ে গিয়েছিল তার মধ্যে দু'জন মারা গেছে এবং একজন বেঁচে রয়েছে। এই অবস্থায় সরকার যদি দৃষ্টি দিয়ে অর্থ দিয়ে এই পুলের মেরামত না করেন তাহলে এই অবস্থাই চলতে থাকবে, কারণ বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটির এই অবস্থা নেই যে, এই পুলটির মেরামতের ব্যবস্থা তাঁরা করেন।

[1-50—2 p.m.]

LAYING OF REPORT

Audit Report on the Accounts of the West Bengal Financial Corporation for the year 1963-64

Shri Jagannath Kolay: Sir, I beg to lay before the Assembly the Audit Report on the Accounts of the West Bengal Financial Corporation for the year 1963-64.

DEBATE OF FOOD SITUATION

Shri Jiban Krishna Dey:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি সরকারী খাদ্যনীতি এমন একটা পর্যায়ে এসেছে যাকে ব্যর্থতা বলা যায় না, এটা একটা চরম বিপর্যয়। আমরা হাউসে শুনলাম মন্ত্রিমহাশয় বললেন যেহেতু আমেরিকায় জাহাজে ধর্মঘট হচ্ছে সেহেতু আমাদের এখানে গম আসছে না। এই যে গম আসছে না তার ফলে আমাদের এখানে লোকেরা রেশনএ গম পাচ্ছে না মানুষ অনাহারে আছে। স্যার আজকে আমেরিকায় ধর্মঘটের জন্য আমাদের অনাহারে থাকতে হচ্ছে, কালকে হয়ত শুনব আমেরিকার সৈন্য ভিয়েৎনামে যুদ্ধ রত কাজেই আমাদের অনাহারে থাকতে হবে, পরশু হয়ত শুনব এমন এক অস্বাভাবিক কাণ্ড ঘটেছে যার জন্য আমাদের অনাহারে থাকতে হবে। স্যার, এরকম যে ঘটনা ঘটবে এটা অবধারিত, কারণ আমাদের এই খাদ্যনীতি এর ভিত্তি আমাদের দেশে নয়, এটা পরনির্ভরশীল। পরের উপর নির্ভর করে যে পরিকল্পনা, পরের দয়ায় এবং দানে নির্ভর করা যে পরিকল্পনা এবং তার যে পরিণতি আমরা সেটা পরিষ্কার আজকে দেখছি ও মর্মে মর্মে টেরও পাচ্ছি। আমাদের সরকার বহুদিন পর্যন্ত একথা আমাদের বললেন যে, এবার আর আমাদের প্রথায় হচ্ছে না, জাপানী প্রথায় তোমরা চাষ-আবাদ কর। জাপানী প্রথায় ধান, তামাক ইত্যাদি চাষ নিয়ে বছর দশেক ভীষণ মাথামাথি চলেছিল। আপাতত দেখা যাচ্ছে যে, জাপানী প্রথায় কুলাল না। আমেরিকার উপর ভিত্তি করে যেটা নির্ভর করা হয়েছিল সেটা কুলাল না বা নিজের দেশের কোন পদ্ধতি খুঁজে পাওয়া গেল না, জাপানী প্রথায় চেষ্টা হল তারও চরম ব্যর্থতা হয়ে গেছে। আমি জানি না মাননীয় মুখ্যমন্ত্রী জাপান থেকে ঘুরে এলে আবার কি বলবেন, এবার হয়ত বলবেন প্রথায় হবে না, জাপানী ভাষায় সব করা সুরু করে দাও। আমার মনে হচ্ছে এটাই হয়ত তিনি বলবেন, কারণ

কি যে বলবেন আর কি যে করবেন এবং বাস্তবে যে কি ঘটবে আমাদের মন্ত্রিসভার নীতি থেকে তা কিছুমাত্র বোঝার উপায় নেই। যা তাঁরা বলেন, বাস্তবে তা হয় না বা বাস্তবে তা ঘটে না বা যা ঘটে, তা তাঁরা বলেন না বা তা থেকে তাঁরা কোন শিক্ষা গ্রহণও করেন না। এই অদ্ভুত অবস্থাতে খাদ্যনীতি আগাগোড়া চলছে। যার কোন সামঞ্জস্যই নেই এই নীতিতে। প্রতি বছর সারা দেশ পড়ে পড়ে মার খাচ্ছে। আজকে সরিষার তেল যদি আমরা দেখি তাহলে এই দেখব। আমরা জানি অধিকাংশ সরিষার তেল ইউ পি থেকে আসে, আমাদের সরকার সেখানে বলছেন যে, ইউ পি যেহেতু আমাদের না অন্য প্রভিন্স তার সরষে কন্ট্রোল করার ক্ষমতা আমাদের নেই। সরষে কন্ট্রোল আজকে হবে না। কিংবা আমাদের দেশের মধ্যে যে সরষে রয়ে গেছে তাও আজকে কন্ট্রোল হব না, কিন্তু কোন তেল যখন কন্ট্রোল হচ্ছে না, সে অবস্থায় কি করে যে মুখ্যমন্ত্রী আশা করেন যে, কন্ট্রোল দরে বাংলাদেশে সরিষার তেল বিক্রি হবে এটার কোন ভিত্তি আমি খুঁজে পাই না এবং কোন সুস্থ মানুষ পাবে কিনা তাতে গভীর সন্দেহ আছে। আমরা বাস্তবে কি দেখি আমরা দেখি যেখানে ৫৫ কি ৫৬ টাকা সরিষার মণ চলছে সেখানে দেখা যায় ৩ মন সরিষাতে এক মন তেল হয়, তাহলে পরে ঐ প্রতি মণ বা সের হিসাবে দেখা যাবে ঐ ৫২ টাকা হারে থাকলে এক কেজি সরিষার তেলের দাম সেখানে ৩ টাকা ৭৫ পয়সা পড়তে বাধ্য তার নিচে হতে পারে না। কিন্তু আমাদের মন্ত্রিসভা সেখানে করছেন ২ টাকা ৫০ পয়সা বা ২ টাকা ২৫ পয়সা, সরিষাও তারা কন্ট্রোল দরে দেবেন না। সে কন্ট্রোল তাঁরা করবেন না। মিলগুলোকে সরবরাহ তাঁরা দেবেন না। কিন্তু তাঁরা দাবী করে বললেন ২ টাকা ২৫ পয়সা বা ২ টাকা ৫০ পয়সা ৩ টাকা আবোল-তাবোল যা খুশি তাই এবং আজকে যে কারণে সরিষার তেলের কোন ব্যবস্থা করতে পরেন নি বা পারবেনও না। গত বৎসর বাংলাদেশের বহু মানুষ ৮-১০ টাকায় সরিষার তেল খেয়েছে এবং এবার যা অবস্থা তাতে ঐ আগের অবস্থায় আবার নিয়ে গিয়ে ফেলবেন। যেমন সরিষার তেল তেমন অন্যান্য জিনিসের অবস্থা, আজকে মুড়ির অবস্থা দেখুন। আমরা এটা জানি ২৪ পরগনা জেলায় বিষ্ণুপুরে ১০।১২ হাজার পরিবার আছে তারা কলকাতার বাজারের উপর নির্ভরশীল। সেখানে এই অবস্থা সরকার থেকে বলা হল ১ টাকা ১২ পয়সা দরে তোমাদের মুড়ি দিতে হবে। এ দরে যদি মুডি দিতে হয় তাহলে কয় আনা দরে ঐ মুড়ির ধান সরবরাহ করা উচিত সে দায়িত্ব বা ব্যবস্থা কি সরকার করেছেন? সে ব্যবস্থা তাঁরা করেন নি বা দায়িত্ব নেন নি বা তার ধার দিয়েও ঘেঁষেন নি।

[2-10—2-20 p.m.]

ফল কি দাঁড়াল? ফলে হল মুড়ির সরবরাহ আজ বন্ধের মত। ঐ ১০-১২ হাজার পরিবারের মধ্যে অন্তত হাজার পঞ্চাশের মত লোক ঐ পরিবারের সাথে যুক্ত, সে লোকগুলি আজ অনাহারে মরছে এবং কলকাতার লোকেরা মুড়ি পাচ্ছে না বলে ভুগছে। দুদিন পরে হয়ত আমরা দেখব মুড়িওয়ালাদের সরকার ধরেছেন এবং কোর্টে দাঁড় করিয়ে দিয়েছেন কি হাজতে পচছে বা ডি আই আরএ ধরেছেন যার জামিনও হবে না। মুড়ি নিয়ন্ত্রণ নীতির এই হল পরিণতি, কিন্তু মুড়ি পাওয়া যাবে না। এবং এ অবস্থা আমরা কেরোসিন তেলের ব্যাপারেও দেখছি। মন্ত্রিমহাশয় বলছেন যে, অভিযোগ নেই। কলকাতার রাস্তা দিয়ে চলতে কে না জানে—আমি নিজেই চিৎপুরের মোড়ে দেখেছি যে, তিন-চার শত লোক দাঁড়িয়ে ঠেলাঠেলি মারামারি গুঁতোগুঁতি করছে ঐ কেরোসিন তেলের জন্য। আজকে কলকাতায় বিভিন্ন জায়গায় এ অবস্থা চলেছে। অপর ধারে বর্ষা এসে যচ্ছে সেখানে কয়লা থাকবে না যা নিয়ে নাকি অনেকদিন আলোচনাও হয়েছে, কাঠ পাওয়া যাবে না। ঘরে ঘরে স্টোভ আছে। সে কেরোসিন তেলে জ্বালিয়ে নিয়ে কোন প্রকারে যে খাবে তার কোন পথ সরকার খোলা রাখলেন না। এর ফলে আগামী বর্ষায় গ্রামদেশে যে কি ভয়াবহ অবস্থা হবে আমরা তা ধরে নিতে পারি। ধান-চাল সম্বন্ধে উত্তরবঙ্গের কঠিন অবস্থার কথা আমরা আলোচনা করেছি। আমি গত ৮ তারিখে উত্তরবঙ্গ থেকে আসছি। আমি দেখেছি এবং দেখার আগে ভারপ্রাপ্ত মন্ত্রী স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়এর সঙ্গে দেখা করি, তিনি বললেন ভয়ের কোন কারণ নেই, কোচবিহারে জিনিস শিলিগুড়ি গোডাউন

থেকে দেবার অর্ডার দিয়ে দিয়েছি। আমি গিয়ে কি দেখলাম। আমি দেখলাম কোচবিহার জলপাইগুড়ির সমস্ত হোলসেলার যারা তাদের পারমিট জমা দিয়েছেন তাদের হাজার হাজার টাকা জমা রেখেছেন এবং সে অর্ডার নিয়ে তাঁরা শিলিগুড়ি যাত্রা করেছেন। শিলিগুড়ি যাত্রা করার ফলে কি হল? তাজ্জব বানতে হয় সেই শিলিগুড়ি অফিস থেকে তাদের প্রথমেই ঘুষ চাওয়া হল, কারণ তারা জানে লোকগুলি কোচবিহার আলিপুরদুয়ার থেকে এসেছে। যদি শিলিগুড়িতে কয়েকদিন অপেক্ষা করতে হয় তাহলে লাভের ধন পিপড়ায় খেয়ে নেবে, অথচ এ লোকগুলো বাধ্য তাই মাল নেবার জন্য যে টাকা চাওয়া যায় দেব। অনেকে যাঁরা গেছেন তাঁরা বলেন গভর্নমেন্টএর ঘরে টাকা দিয়ে অর্ডার নিয়ে এখানে এলাম এরা টাকা তখন চায়—আমরা এই টাকা দেব না। তাদের কায়দা করে পাঠিয়ে দেওয়া হল শিলিগুড়ি থেকে ৪-৫ মাইল দূরের এক গোডাউনে তার নাম হল ডাকগ্রাম গোডাউন। কেউ ডকিগ্রাম গেলে, কেউ মাছ-গাড়া গেল, সেখানে গেলে বলা হল, কই আমাদের এখানে চাল, গম নেই তো। এভাবে আবার তারা শিলিগুড়ি অফিসে গেল, বললেন যে, ওখানে মাল নেই। তা বলাতে তারা বলল অপেক্ষা করুন, দেখছি কি করা যায়। মাটিগাড়া বা ডাকগ্রামে যে মাল নেই এটা কি নতুন কথা সরকারী কাগজপত্রে যদি তার হিসাব না থেকে থাকে, শিলিগুড়িতে সে যদি কোন প্রমাণ না থেকে থাকে, তাহলে সেটা কিসের অফিস—রেশনিং অফিস নাকি সেটা আমরা সরকারের কাছে প্রশ্ন করতে চাই। এখানে কেবল ঘুষ, টাকা আর দুর্নীতি নিয়ে সব বসে আছে। পরে বর্ষায় সব ভেসে যাবে খাদ্য মজুত করতে না পারলে। ভয়াবহ দুরবস্থা হবে, সে ভাবনা আপনাদের নেই। এখন সেখানে তারা এভাবে বসে আছে। আমি বলছি এটা দেখুন। কোচবিহার থেকে ডেপুটি কমিশনার তিনি হয়ত অর্ডার দিলেন যে একে হাজার কুইন্টাল মাল দিতে হবে। টাকা নিলেন নিয়ে অর্ডার দিয়ে চলে গেলেন পরে। অফিসার ইনচার্জ তিনি বললেন এত পাবেন না মাত্র ৩৭ পারসেন্ট পাবেন। যে লোক টাকা-পয়সা জমা দিয়ে চলে গেছে সে এরূপ শুনলে কি হবে। ২০০ কুইন্টালের জায়গায় ৩৭ পারসেন্ট। এর ফলে কি হবে অনেকে মাথায় হাত দিয়ে পড়ে। শিলিগুড়ির বর্ডারে এভাবে হওয়ার জন্য যেসমস্ত পাবলিক ভেহিকলস ছিল তা গভর্নমেন্ট থেকে সিজ করে নিচ্ছে এবং খালি গাড়ী যা থাকে তাও সীজ করে নিচ্ছে। ফলে কোচবিহারে যে মাল নিয়ে আসে তা আনার উপায় নেই। যদি বা গাড়ীর ব্যবস্থা করা যায় তার ভাড়া মণ প্রতি অনেক বেশি পড়ে যা কোনরকমে চলবে না। মুনফা হবে না উপযুক্ত দাম বাড়াতে হবে। এর একটা প্রতিকার দরকার। প্রথম দরকার হল কোন হোলসেলারকে শিলিগুড়িতে মাল নিতে না দেওয়া। গভর্নমেন্ট নিজের ব্যবস্থায় স্টেট বাস লরিতে কোচবিহারে মাল দিতে হবে। তাহলে পর আগামী বর্ষায় গ্রামগুলির কি ভয়াবহ অবস্থা হবে তা আমরা ধরে নিতে পারি—এই অবস্থার মধ্যে আমরা রয়ে গেছি। মাননীয় স্পীকার মহাশয়, উত্তরবঙ্গে ধানচালের ব্যাপারে সেখানে কঠিন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমি গেল ৮ তারিখে উত্তরবঙ্গ থেকে আসছি এবং আমি যাবার আগে ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় স্মরজিৎ ব্যানার্জির সঙ্গে দেখা করি। তিনি অনেক আশ্বাস দিয়ে বলেছিলেন ভয়ের কারণ নেই—কোচবিহারের শিলিগুড়ি গোডাউন থেকে গম এবং চাল দেবার অর্ডার দিয়েছি। আমি গিয়ে দেখলাম কোচবিহার এবং জলপাই-গুড়ির যারা হোলসেলার তারা ঠিকই পারমিট পেয়েছে—তারা সেখানে টাকা সরকারের কাছে ডিপোজিট দিয়ে অর্ডার নিয়ে শিলিগুড়ি যাত্রা করেছে। তার পর কি হল? তিনি হয়ত জানেন না তাজ্জব ব্যাপার—শিলিগুড়ি অফিস থেকে প্রথমেই তাদের কাছ থেকে ঘুষ চাওয়া হল। লোকগুলি কোচবিহার থেকে এসেছে, আলিপুরদুয়ার থেকে এসেছে—তাদের সেখানে যদি কিছুদিন অপেক্ষা করতে হয় তাহলে লাভের ধন পিপড়ায় খেয়ে নেবে। সেজন্য তাড়া-তাড়ি মাল ডেলিভারি নেবার জন্য ঐ টাকা দিয়ে তারা সেটা নেবে। আবার কেউ কেউ এটা যখন দিতে চাইল না তখন তাদের বলা হল যে তোমাদের মাটিগাড়া গোডাউন থেকে মাল দেওয়া হবে—আর কোথায়—ডাকগ্রামে—কেউ গেল ডাকগ্রামে, কেউ গেল মাটিগাড়াতে। সেখানে গিয়ে দেখা গেল তারা বলল যে, নানা, আমাদের এখানে গমও নেই, চালও নেই। আবার তারা শিলিগুড়ি অফিসে গেল, গিয়ে বলল যে সেখানে কোন মাল নেই—মাল নেই! এ কেমন কথা

হল? আচ্ছা, আমি দেখছি কি করা যায়। এখন যে মাল নেই এটা তো নূতন কথা নয়। সরকারী হিসাবপত্রে তাঁর কি হিসাব থাকে না? শিলিগুড়ি অফিসে তার যদি কোন হিসাব না থাকে তাহলে কিসের অফিস—ভূতের অফিস নাকি? যা হোক খাদ্য তাড়াতাড়ি মজুত করতে না পারলে ভয়াবহ অবস্থা ঘনিয়ে আসবে এবং তার ত্রিসীমানায় ঐ সমস্ত সরকারী কর্মচারী এবং আপনাদের ভাবনা নেই। তাদের ভবিষ্যত কি হবে এই চিন্তায়ই তারা বিভোর। তাঁরা ভালভাবে তদন্ত করুন যে কেন ডিলে হচ্ছে। কোচবিহারে যিনি ডি-সি, হয়ত অর্ডার দিলেন যে, একে এক কুইন্টাল মাল দিতে হবে। যারা নেবে তারা অর্ডার নিয়ে চলল শিলিগুড়িতে—যাবার পর গোডাউন ইনচার্জ বললেন যে, এত মাল আপনাকে দেওয়া যাবে না—মাত্র ৩৭ পারসেন্ট আপনি পাবেন। তাহলে বুঝুন যে লোক চলে গেল মাল নেবার জন্য, টাকা জমা দিয়ে ওখানে গিয়ে শুনল যে, মাত্র ৩৭ পারসেন্ট পাবেন—এত সামান্য মাল যদি কেউ নিয়ে আসে তাহলে দরে বিক্রি করতে হবে—কারণ তা না হলে তাদের পোষাবে কেন? অনেকে মাথায় হাত দিয়ে পড়ে যে কি করে কি হবে—কারণ বর্তমানে বর্ডারে গোলমালের জন্য যেসমস্ত পাবলিক ভেহিকলস ছিল সেগুলি গভর্নমেন্ট সীজ করে নিয়েছে খালি গাড়ি এখান থেকে যা যায় তারা তা সীজ করে নেয় তাতে যে মাল নিয়ে আসবে কোচবিহারে তার কোন উপায় নেই। কারণ গাড়ীর একান্ত অভাব—গাড়ী যেতে ভয় পায় সীজ হবে বলে। যদি বা কোনরকম গাড়ী যোগাড় হয় তাহলে তার ভাড়া এত বেশি যে তাতে মুনাফা হবে না। উপরন্তু দাম অনেক বাড়িয়ে নিতে হবে। সুতরাং শিলিগুড়ি থেকে মাল কোচবিহারে সাপ্লাই করার কাজ সংস্কার করা দরকার এবং প্রথমে যেটা করা দরকার সেটা হচ্ছে এই যে, কোন হোলসেলারকে কোচবিহার থেকে শিলিগুড়িতে মাল আনতে না দেওয়া। গভর্নমেন্টের নিজের ব্যবস্থায় সে স্টেট বাস দিয়ে পারুক লরি দিয়ে হোক যে-কোনরকমভাবে এই মাল কোচবিহারে এনে পেঁছে দেওয়া—কোচবিহারে যদি মাল ডেলিভারি দেওয়া হয় তাহলে খুব ভাল হবে। যদি তা না করা হয় তাহলে অবস্থা অত্যন্ত জটিল হয়ে দাঁড়াবে। আজকে সেখানে দেখছি যে, কোচবিহারের বিভিন্ন এলাকাতে চাল ১·২৫ দরে বিক্রি হচ্ছে। এই সময় যদি চালের দর এইরকম থাকে, তাহলে পরে কি হবে তা আমরা ভাবতেও পারি না। কারণ এখনও যোগাযোগ বিচ্ছিন্ন হয় নি—এখনও কলকাতার ডাক সাত দিনে যাবার সমস্যা আসে নি—বর্ষা মাত্র সুরু হয়েছে—প্রথম থেকে এ সম্বন্ধে সরকারকে নানারকমভাবে জানানো হয়েছে—কিন্তু দেখলাম কোন ব্যবস্থাই সেখানে হয় নি। এখনও সময় আছে অবশ্য যদি মনে করেন যে, এটা করা দরকার তাহলে পর এগুলি চেক করুন। যেটুকু মাল অছে সেটুকুর যাতে সুবন্টন হয় সেটা দেখা দরকার এবং দুর্নীতি যাতে না হয় সেটাও দেখা দরকার। মাননীয় স্পীকার মহাশয়, অদ্ভুত ব্যাপার—যারা নাকি চুরি করে সেই চোরকে কি করে মারবেন? এই অ্যাসেম্বলিতে নয় মাস আগে আমি একটা চিনির স্যাম্পেল দেখিয়েছিলাম। এবং সেই সিল করা স্যাম্পেল মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে দিয়েছিলাম। একজন ডিলার প্রকাশ্যে বসে ভাউচার দিয়ে ক্যাশমেমো দিয়ে মণ প্রতি পাঁচ টাকা বেশি দামে বিক্রি করেছে। ভাউচার ছাড়া তারা কি পরিমাণ চুরি এবং দুর্নীতি করে সে তো রেখে দেন, প্রফুল্লবাবুর ডিপার্টমেন্টে তার কোন চেক আপের বালাই নেই। আমরা তা জানি, সেইসব প্রতিকারের কথা বাদ দিন, আমরা তা আশা করি না। কিন্তু খাতাপত্রে চলছে, আমি ক্যাশমেমো পর্যন্ত প্রফুল্লবাবুকে দিয়েছিলাম চিনির স্যাম্পেলসহ যে চিনিতে মণ প্রতি পাঁচ টাকা বেশি করে নেওয়া হচ্ছে লোকের কাছ থেকে। টি পি সিং, ডেপুটি কমিশনার, কোচবিহার, তিনি সেটা তদন্ত করেছেন, করে সেই ডিলারকে সাসপেন্ড করে দিয়েছে এবং সাসপেন্ড করার পর আজকে যখন কোচবিহারে নতুন ডেপুটি কমিশনার গেছেন তখন জেলার সমস্ত কংগ্রেস নেতা, জেলা পরিষদের যিনি চেয়ারম্যান, কংগ্রেসের সবাই ভেঙ্গে পড়লেন যে, সর্বনাশের কথা, আমাদের রাজত্বে যদি আমাদেরই ডিলার, আমাদের কংগ্রেসী নেতার ডিলারশীপ চলে যায় তাহলে তো বামপন্থীদের জয় জয়কার। এটা তো ভয়ঙ্কর ব্যাপার, এটা হতে পারে না, যেমন করে হোক ও'কে নিতে হবে। টি পি সিং-এর সেই এনকোয়ারি রিপোর্ট আমার কাছে আছে, আমি সেটা দেখাতে পারি এবং সেটা থাকা সত্ত্বেও নির্লজ্জের মত ম্যাজিস্ট্রেট আবার সেই ডিলারকে ডিলারশীপ দিয়ে দিয়েছেন। ছয় মাস সাসপেন্ড হবার পর আবার সে যথারীতি মাল নিয়ে বিক্রি করছে

এবং লোককে বলছে কি করতে পারে তোমার এম-এলএ। ঠিকই তো, আমরা জানি এই চোরের রাজত্বে বিরোধীপক্ষের বা জনসাধারণের কোন কিছু করবার উপায় নেই। হাতে-নাতে ধরা পড়ল অফিসের সিল করা চিনি, সরকারী অর্ডার, এনকোয়ারি রিপোর্ট, সেই চিনির ক্যাশ মেমো সব রয়ে গেছে তা সত্ত্বেও তাকে ধরা যাবে না, তাকে সাসপেন্ড করা যাবে না। ফুড কন্ট্রোল অ্যাক্ট হয়ে গেছে, ডি-আই রুলে তাকে ধরা উচিত ছিল, তার নামে কেস করা উচিত ছিল, কিন্তু আপনারা কিছুই করেন নি। শাস্তির মধ্যে যা হয়েছিল সেটা হচ্ছে তার ডিলার-শীপ সাসপেন্ড করা হয়েছিল, সেটাও সহ্য হল না, আবার তাকে চালু করে দেওয়া হল। একদিকে বন্যা, এদিকে শিলিগুড়ির অফিস, হাতে মাল নেই, তার সাথে নেই গাড়ি, তার সথে আমেরিকায় হবে ধর্মঘট ভিয়েৎনামের যুদ্ধ, আজকে আমরা একটা চমৎকার রাজত্বে রয়ে গেছি। আজকে সামগ্রিক খাদ্যাবস্থায় দেখা যাবে সরকারের খাদ্যনীতি চরম ব্যর্থতা ছেড়ে চরম বিপর্যয়ের মধ্যে এসে গেছে।,আমাদের কোন বক্তব্য সরকার গ্রহণ করেন নি, ফলে সমস্ত দিক থেকে একটা ভয়াবহ আকার ধারণ করেছে। আমি বলব এর জন্য মন্ত্রিসভা এবং তাঁদের যে নীতি সেটাই আজকে দায়ী।

[2-10—2-20 p.m.]

Shri Girish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনগণের খাদ্য জীবনে যে যে বিষয়ে সরকারের গুরুতর দায়িত্ব রয়েছে তা এই যে খাদ্য পরিস্থিতি সম্পর্কে পরিপূর্ণ জ্ঞান ও সচেতন মনোভাব রাখা। জাতির খাদ্য-জীবন নির্বাহে উন্নত, সুষ্ঠু ব্যবস্থা ধারা রাখা। খাদ্য সরবরাহের পূর্ণ দায়িত্ব ও কর্মধারা রাখা। খাদ্যজীবনের বিঘ্নকারীদের কঠোরভাবে দমন করা ও বিঘ্ন না হতে পারে তার ব্যবস্থা রাখা। খাদ্য উৎপাদনের আপ্রাণ ও সর্বাঙ্গীণ ব্যবস্থা রাখা। কিন্তু বর্তমান পরিস্থিতি কি তা আমরা এখন বিচার করে দেখি—আমাদের জাতীয় সরকার খাদ্য পরিস্থিতি সম্পর্কে জ্ঞান বা সচেতন মনোভাব রাখা দূরে থাক—খাদ্য পরিস্থিতি জানাতে চাইলেও জানতে চান না। এবং অবিরত বাস্তব নগ্ন সত্যকে চাপা দিতে চান। দায়িত্ব এড়াতে গেলেই সত্যকে চাপা দিতে হয়, নিজের অক্ষমতা ঢাকবার জন্য বা নিজের দুরভিসন্ধি পূরণের জন্য ; সুতরাং সরকারও তাই করছেন। শুধু দায়িত্ব এড়ানো নয়, শুধু সত্য চাপা দেওয়া নয়, সমাজবিরোধীদের স্বার্থে দলীয় অবাঞ্ছিত রাজনীতির স্বার্থে—শোষণতান্ত্রিক শাসন ধারার স্বার্থে ইচ্ছা করেই খাদ্য-জীবনে সরকার এই শোষণধারা এবং সঙ্কট সৃষ্টি করছে। বিধানসভায় আজ খাদ্য আলোচনা একটা দুরূহ ব্যাপার কেন তাই ভাবুন। দেশে যে ভয়াবহ খাদ্য বিপর্যয় ঘটছে, নিদারুণ বিশৃঙ্খলা ঘটছে এই বিষয়ে আজ কেউ অস্বীকার করতে পারে না। সুতরাং বিধানসভা বসলেই এই বিষয়ে আলোচনা হবে, সরকার নিজের থেকে আলোচনা চাইবেন—এটাই স্বাভাবিক হওয়া উচিত। কিন্তু আমাদের সরকার কিম্ভুতকিমাকার সরকার বলে বিধানসভায় খাদ্য বিষয়ে একটা আলোচনা করার জন্য কত ব্যাপার করতে হচ্ছে। এই হচ্ছে আজ জাতীয় সরকারের স্বরূপ। মাসখানেক আগে আমরা যখন খাদ্য বিষয়ে আলোচনার দাবি করি তখন খাদ্য পরি-স্থিতি কি ছিল দেখুন। তখন এই কথা বলা হচ্ছিল যে, খাদ্য পরিস্থিতি ভালোর দিকে রয়েছে। ভাল অর্থে শেষ মুমূর্ষু অবস্থা থেকে একটু ক্ষীণ নাড়ির স্পন্দন দেখা দিল। আমরা সেই দাবিব সময়ে বলেছিলাম যে, এটাও উন্নতির চিহ্ন নয়, চাষীর ফসল সস্তায় মজুতদারদের কবলে যাবার জন্যই এই পরিস্থিতি—মজুত কাজ শেষ হবার পরই বাজার দর বাড়তে থাকবে এটা অবধারিত। এই কথাই আজ সত্য হয়েছে। এ বছরের খাদ্য পরিস্থিতি আলোচনা করতে গেলে দেখা যাবে যে, খাদ্যজীবনে গত বছর অত্যন্ত ভয়াবহ পরিস্থিতি গেল। খাদ্যমূল্য এবং অনটন প্রত্যহ বেড়ে যাচ্ছিল। এ বছরের প্রথম দিকে সেই ক্রমাগত বাড়তির গতিটা সাময়িক বন্ধ হওয়ার ফলে লোকে কিছু আশ্বস্ত হল। কিন্তু উচ্চমূল্য থেকেই গেল। কারণ, লোকে অভ্যস্ত হয়েছে। ক্রমাগত মূল্যবৃদ্ধি ও অনটন বাড়তির অবস্থায় লোকে ক্ষিপ্ত হয়ে উঠেছিল। সেজন্য সরকার এবং তাদের নাটের গুরুরা একটা কৌশল হিসাবে কর্মধারা সম্প্রতি স্থগিত রেখেছেন মাত্র। কিন্তু খাদ্য পরিস্থিতির জঘন্য কদর্য হিংস্র ভয়াবহ রূপ আজও তেমনি

অটুট আছে এবং পরবর্তী সুযোগে যে-কোন মুহূর্তে খাদ্য সঙ্কট হবে। এই অবস্থায় সরকার কি করছেন? তাঁদের নিজ দায়িত্ব পালনে কি হচ্ছে এটাই হচ্ছে আজ বড় প্রশ্ন। খাদ্যজীবন নির্বাহে কোন সুষ্ঠু ব্যবস্থাধারা দূরে থাক এই বিষয়ে যতদূর মস্তিষ্কহীনতা ও বিশৃঙ্খলার পরিচয় দিতে হয় সরকার তা দিয়েছেন। খাদ্যজীবনের বিঘ্নকারীদের দমনের কথা দূরে থাক—হিংস্র লোলুপ শোষণকারীর দলকে সরকার পালন, পোষণ ও অবাধ সুযোগ-সুবিধা দিয়েছে। অর্থাৎ এরাই সরকারকে পরিচালিত করছে। আর খাদ্য উৎপাদন ও খাদ্য সরবরাহের দায়িত্ব বলতে সরকারের কিছুই নাই। কারণ, গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থা আদৌ নেই। বরং গ্রামের শস্য শোষণ করে, গ্রামকে বিপন্ন করে শহরকে খাওয়ানো হচ্ছে। গ্রামসম্পদ লুঠ হচ্ছে গ্রামের জন্য ব্যবস্থা না রেখে কলকাতায় যে রেশন ব্যবস্থা হয়েছে তা আজও অসম্পূর্ণ ও বিশৃঙ্খলাপূর্ণ। রেশন সংগ্রহ ব্যবস্থা বহু ত্রুটিপূর্ণ, বরাদ্দও প্রয়োজনের তুলনায় কম। পশ্চিম বাংলার শহরাঞ্চলে যে রেশন দেওয়া হয় তা অবাধ এবং বিস্ময়কর দুর্নীতিপূর্ণ। গ্রামের মুখের গ্রাস শহরে মজুত করে যে তথাকথিত বণ্টন ব্যবস্থার বড়াই করা হয় তা নিন্দনীয়। বিবাহ, শ্রাদ্ধ অনুষ্ঠানাদিতেও গ্রামের জন্য বরাদ্দ নেই।

এবার উৎপাদন ব্যবস্থায় সরকারী অবদানের কথা বলি। দেশের কৃষি উৎপাদনে সরকারী অযোগ্যতার দৃষ্টান্ত বোধ করি সারা বিশ্বে বিরল। কৃষি উৎপাদনে সহায়তা দূরে থাক, কৃষি উন্নতিকে ব্যাহত করবার জন্য সরকারী আইনকানুনের উপদ্রব ও অবাঞ্ছিত ব্যবস্থাধারার ত্রুটি নেই। দরিদ্র চাষীর উপর কৃষি আয়কর, দরিদ্র চাষীর ঘরের ধানের উপর লাইসেন্স, হাল-জোয়াল ব্যবহারের কাজে বে-আইনী জুলুম। চাষীর উপর বিবিধ পঞ্চায়েতী কর প্রভৃতি উৎপাত চাষীকে নিত্য নিরুদ্যম করছে। চাষীকে ব্যাপক উপযুক্ত ঋণ দেওয়ারও ব্যবস্থা নেই। কংগ্রেস সরকারের ভোটের এজেন্ট মহাজনরা গরিব চাষীর রক্ত আজও শুষে খাচ্ছে।

এবার আমাদের জেলার খাদ্য পরিস্থিতির কথা বলি। দেশের কিছুসংখ্যক লোকও যদি ভয়াবহ অন্ন সঙ্কটের সম্মুখীন হয় আর প্রতিকারের প্রচেষ্টা না হয়, সেটাও সরকারের গুরুতর অপরাধ। পুরুলিয়া জেলায় বরাবাজার থানার একটা বড় অঞ্চলে ধানে রোগ রেগে গুরুতর-ভাবে শস্যহানি হয়েছে। ধানের রোগের প্রতিকারও হয় নি, বিপন্ন চাষীদের আজও পর্যন্ত কোন সহায়তার ব্যবস্থা হয় নি। যে বিভাগ করুণার প্রতিমূর্তি হওয়া উচিত, আমাদের সরকারের সেই রিলিফ বিভাগই সবচেয়ে নিষ্ঠুর এবং করুণাহীন। এই সমস্যাটির প্রতি জরুরী লক্ষ্য দেবার প্রয়োজন রয়েছে।

এবার উপসংহারে দু-একটা কথা বলব। মুখ্যমন্ত্রী জাপান থেকে যদি বাঁচবার শিক্ষা নিয়ে এসে থাকেন তাহলে তাই দিয়ে কাজে লাগুন। শুধু পরিসংখ্যানের ঝুড়ি দিয়ে জাপান সফরের দায়িত্ব পালন করবেন না এটা আশা করি। জাপানের পরামর্শ অনেক নিয়ে এসেছেন জানি, এদেশের লোকের পরামর্শ নেবার মনোভাব রেখে খাদ্য সঙ্কটের পথ করুন। আমরা বহুবার বহু অতি প্রয়োজনীয় পরামর্শ দিয়েছি, কিন্তু বধিরের কিবা বাঁশীর রব কিবা সমুদ্র গর্জন। সরকার দলীয় রাজনীতি ছাড়বেন না এটা সত্য। তারই মধ্যে মানবতার নিতান্ত জরুরী দায় পালন করুন এই হচ্ছে আমাদের দাবি। কিন্তু সরকার বধিরের মত চলেছেন। সেজন্য আমাদের শত চিৎকার সত্ত্বেও আমাদের পুরুলিয়া জেলায় ৩৫ টাকা মণ দরে চাল বিক্রি হচ্ছে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে খাদ্য বিতর্কে আমি কয়েকটি বিষয়ের প্রতি হাউসের সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি, সমস্যাটা কত জটিল হয়ে পড়ছে সেই দিকে তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে। এই হাউসে মুখ্য মন্ত্রিমহাশয় স্টেট ট্রেডিং (বা রাষ্ট্রীয়করণ) খাদ্য ব্যবসার রাষ্ট্রীয়করণ করবেন ঘোষণা করেছিলেন। এই রাজ্যসরকার (ক্যালকাটা ইনিসিয়্যাল এরীয়া)-তে স্ট্যাটুটরি রেশনিং ইন্ট্রডিউস্ করেছেন। আমি এর আগে কয়েকবার বলেছিলাম, আবারও নূতন করে বলছি যে বাংলাদেশে চাষের কোন ঘাটতি ছিল না, এটা সংখ্যাতত্ত্ব দিয়ে দেখিয়েছি

এবং মুখ্যমন্ত্রীও তা কোন দিন অস্বীকারও করতে পারেননি; পারবেন না আমি তা জানি। সেটা আমি ও'কে বলেছি। আমি হিসেব করে দেখিয়েছি যে বাংলাদেশে বিশেষ করে কলকাতা ইনিসিয়্যাল এরিয়ায় যে ৭০ লক্ষ লোকের যে ইউনিট ধরা হয়েছে সেই ৭০ লক্ষ ইউনিটের প্রত্যেককে বারশো গ্রাম চাল সপ্তাহে দিতে গেলে লাগে ৩ কোটি ৭০ লক্ষ টন চাল। এটা আজ বাংলাদেশের স্বীকৃত তথ্য, ৫৬ লক্ষ টন ক্লিন রাইস উৎপন্ন হয়েছে। এ ছাড়া তিন লক্ষ টন চাল কেন্দ্রীয় সরকার দিতে রাজী হয়েছেন এবং তিন লক্ষ টন উড়িষ্যা সরকার দিতে রাজী হয়েছেন, আর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৬০ হাজার টন চাল এসে গেছে। উড়িষ্যা সরকার থেকেও চাল আসতে আরম্ভ করেছে। আগেও বলেছি এখনো আবার নূতন করে বলছি যে আমাদের এখানে প্রকিওরমেণ্ট করে, লেভী করে যে চাল আসছে বা (কেন্দ্রীয় সরকার) থেকে যে চাল আসছে, তার প্রপার গোডাউন ফেসিলিটিস নাই, বাংলাদেশে এটা একটা খুব বড় সমস্যা। সরকার আবার বড় বড় কথা বলছেন, ওয়্যার হাউস ফেসিলিটিস এবং গোডাউন ফেসিলিটিস-এর কথা। আপনি স্যার, শুনলে অবাক হয়ে যাবেন যে, বাংলাদেশে কলকাতাতে এই যে সামান্য গোডাউন ফেসিলিটিস আছে, তার মধ্যে নয়টি সেণ্ট্রাল গোডাউন আছে; সেই সেণ্ট্রাল গোডাউন-এর টোটাল ক্যাপাসিটি হচ্ছে চার লক্ষ টন। কিন্তু বাংলাদেশে ও'রা যদি রেশনিং করতে চান তাহলে ও'রা যে চালের কথা বলছেন এবং যে চাল পাচ্ছেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তিন লক্ষ টন, বাংলাদেশে রাইস মিল-এর প্রডাকসন হচ্ছে আট লক্ষ টন, তার লেভী ৫০ পারসেণ্ট ধরে যদি পাই চার লক্ষ টন চাল, তাহলে তিন আর চার সাত লক্ষ টন এবং হার্সাকিং মিল থেকে যে ৫ লক্ষ টন পাবার কথা ছিল, সে পরিকল্পনা অবশ্য সরকার বর্জন করেছেন হঠাৎ তাহলে চার, তিন এবং পাঁচ বারো লক্ষ টন প্লাস এক লক্ষ টন গম প্রত্যেক মাসে কেন্দ্রীয় সরকার পাঠাচ্ছেন। এই ১৩ লক্ষ টন চাল-গম রক্ষণাবেক্ষনের উপযোগী গুদামঘর কলকাতায় নেই। রেশনিং ব্যবস্থা চালু রাখতে হলে চাই ভাল গুদামঘরের ব্যবস্থা। গোডাউন কোথায়? শিয়ালদহ এবং কালীঘাটে কয়েকটা। এখানে যে মাল এসেছে তার কোন ওয়েমেন্টের ব্যবস্থা নেই। কার রাজত্বে বাস করছেন ভেবে দেখুন, এখানকার নিয়মকানুন কি দেখুন—লক্ষ লক্ষ টন খাদ্য এসে হাওড়া, শিয়ালদহ, কালীঘাটের রেলওয়ে সাইডিং এ ওয়েমেন্টের অপেক্ষায় পড়ে থাকছে। সেখান থেকে যে চাল চুরি যাচ্ছে তার কোন হিসাব নেই এবং সেখান থেকে কনট্রাকটররা ট্রাকে করে মাল তুলে নিয়ে যান গভর্নমেন্টের যেখানে সেন্ট্রাল গোডাউন আছে। সেন্ট্রাল গোডাউনে যখন চাল-গম নিয়ে যাওয়া হয় তখন গোডাউন অথরিটিজস ট্রাক বাহিরে রেখে মাল ওজন করে দেন সেখান থেকে। কিন্তু প্রসিডিওর হচ্ছে সেন্ট্রাল গোডাউন, ক্যালকাটা রেশনিং অথরিটির বিভিন্ন সপে খাদ্যশস্য পাঠাবেন। সেই গোডাউন কনট্রাকটরকে মাল দেবেন। কিন্তু সেই গোডাউনের মাল কনট্রাকটর যখন ওজন করে নিয়ে বেরিয়ে এল এবং ক্যালকাটা রেশনিং অথরিটির গোডাউন যখন মাল ডেলিভারি দিচ্ছে তখন

There is arrangement for weighment of foodgrains.

এবং আমি বলছি তিন লক্ষ টন চাল যদি সহজে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসে সেই তিন লক্ষ টন চালেতে ১০ পারসেন্ট চুরি হচ্ছে সর্টেজ দেখা যাচ্ছে এবং এতে আমি হিসাব করে দেখেছি দেড কোটি টাকা মূল্যের খাদ্যশস্য চুরি যাচ্ছে এবং তিন লক্ষ টন খাদ্যশস্যে ৩০ হাজার টন খাদ্য-শস্য চুরি যাচ্ছে এ থেকে বোঝা যাবে কি প্রভূত লোকসান সরকারের হচ্ছে প্রতি বছর শুধু তাই নয়, আর একটা জিনিস দেখুন কিভাবে মাল লোপাট হচ্ছে। ক্যালকাটা রেশনিং অথরিটি ট্রাকে করে মাল নিয়ে ফেয়ার প্রাইস সপে ডেলিভারি দিতে যাচ্ছে অ্যাট দিস পয়েন্ট টু দেয়ার ইজ নো অ্যারেঞ্জমেন্ট ফর ওয়েমেন্ট ওজনের কোন ব্যবস্থা নেই। কোন হিসাব-নিকাশের ব্যবস্থা নেই। এবং সেখানে কি পরিমাণ চাল তারা তুলে দিলেন এবং ডেলিভারি নেওয়া হল কি পরিমাণ এবং রেশন সপে কি পরিমাণ চাল দিচ্ছে এর কোন এ্যারেঞ্জমেন্ট নেই এবং আমি হিসাব করে দেখেছি এই ন্যায্য মূল্যের দোকানে চাল সরবরাহ করার অমার্জনীয় ত্রুটির ফলে চালেতে গভর্নমেন্টের আড়াই পারসেন্ট লস হবে। স্যার, যদি এই চাল ডিরেক্টলি যেখানে গভর্নমেন্টের রেলওয়ে সাইডিং হচ্ছে সেখানে ওয়েমেন্ট করে সেখানে গভর্নমেন্ট যদি নিজেদের ডিপার্টমেণ্টাল ট্রান্স-পোর্টেশান এ্যারেঞ্জমেন্ট করে ডিরেক্ট ডিলিভারি অ্যাট দি সাইট, ভিজ, অ্যাট দি ফেয়ার প্রাইস

শপস্ দেন এবং আমি বিভিন্ন ট্রান্সপোর্ট এজেন্টদের সঙ্গে বিভিন্ন সোর্সে কথা বলেছি, তারা বলেছেন প্রত্যেক টনে ৪০ টাকা করে কমিয়ে দিতে পারবেন এবং এতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলা সরকারের খাদ্য দপ্তরের প্রায় ২০ হাজার-টন ১ কোটি ২০ লক্ষ টাকা সেভিং হবে অন দি ট্রানজাকসন অব তিন লক্ষ ২০ হাজার টনস কিন্তু ট্রানজাকসন ৩ লক্ষ টনের অনেক বেশী। কেন, না উড়িষ্যা থেকে ঐ চাল আসে শুধু ৩ লক্ষ টন তাহলে ভেবে দেখুন কিভাবে টাকাটা চুরি হয়ে যাচ্ছে এবং বাংলাদেশের লোক খাদ্য থাকা সত্বেও খাদ্য পাচ্ছে না প্রাচুর্যের মধ্যেও উপবাসে রয়েছে। আর একটা দিকে দেখুন উড়িষ্যা বলছে যে আমরা দুই লক্ষ টন মিহি চাল দেব। উড়িষ্যার মিহি চাল মানে নিকৃষ্ট চাল। আর এক লক্ষ টন দেবে অতি মিহি চাল। অথচ সরকারের এই দাম যেটুকু দেওয়া উচিত ছিল এবং কম দাম নেওয়ার কথা ছিল সেন্ট্রাল গভর্ণমেন্টের এ্যারেঞ্জমেন্টে—তাদের সাবভেনশান দেবেন, সাবসিডি দেবেন যাতে উড়িষ্যার ক্ষতি না হয়। কিন্তু উড়িষ্যা আজকে এই সবচেয়ে নিকৃষ্ট ধরনের চালকে সুপার ফাইন চাল বলে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য দপ্তর গচাচ্ছেন এবং বোধ হয় পশ্চিমবঙ্গ সরকার মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এটা মেনে নিচ্ছেন এবং এটা যদি মেনে নেওয়া হয় তাহলে শুধু পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য দপ্তরের দুই কোটি টাকা উড়িষ্যার তিন লক্ষ টন চালে লোকসান হবে। কিন্তু জানি না এর কোন প্রতিকার হবে কিনা। শুধু তাই নয়, স্যার, আমি আপনার মাধ্যমে আর একটি কথা বলতে চাই যে উনি যে কলকাতার বাহিরে সরকারের খাদ্য সববরাহ করা হবে। বাংলাদেশের মফঃস্বল অঞ্চলে আরবন পপুলেশানের সংখ্যা হচ্ছে প্রায় ৪৩ লক্ষ ৯১ হাজার। কলকাতার জন্য চালের দরকার আমাদের রাফলি ৩ লক্ষ ৭০ হাজার টন। বাংলাদেশের এই আরবন পপুলেশান এক্সক্লুডিং ক্যালকাটা এন্ড হাওড়া তারা পেয়েছে ৪৪ লক্ষ। এই ৪৪ লক্ষ আরবন পপুলেশান এর জন্য যদি ১,২০০ গ্রাম চাল গ্যারান্টিড সাপ্লাই পশ্চিমবঙ্গ সরকার করেন তার জন্য রাফলি তিন লক্ষ টন লাগবে। আমি জানতে চাই এই কাগজে দিনের পর দিন মুখ্যমন্ত্রী ষ্টান্ট-এর রাজা এই যে, একের পর এক বক্তৃতা দিয়ে যাচ্ছেন গ্রামে এবং মফঃস্বলে, আমরা এই লিষ্ট আদার এরিয়ায় মডিফায়েড রেশন দেব। আমি জিজ্ঞাসা করতে চাই এই তিন লক্ষ টন যে লাগবে তার সাপ্লাই কোথায় হয়েছে? উনি বললেন যে লেভি করে ৫০ পারসেন্ট রাইস মিল থেকে নেবেন। আমি জিজ্ঞাসা করছি মুখ্যমন্ত্রীকে যে আউট অব ৮ লক্ষ টন আজকে লেভি করেও প্রোকিওর হল না? কেন হল না আমি জানতে চাচ্ছি এবং যারা চাষী তাদের প্রয়োজনের প্রশ্নটা আমি স্বীকার করে নিচ্ছি যে তাদের সারা বছরের খাওয়া এবং বীজ ধান বাদ দিয়ে জোতদারদের যে ধান আছে সেটা হাস্কিং মিলে ভেঙে বাজারে আনবার চেষ্টা বন্ধ করা হল কেন? আপনার এই যে পরিকল্পনা এতো বানচাল হয়ে যাবে ফসল সরবরাহ অব্যাহত রাখার জন্য যথেষ্ট মজুত খাদ্যভাণ্ডার রইল কোথায়? খাদ্য ন্যায্য মূল্যে সরবরাহের দায়িত্ব গ্রহণ করার পর সরকার কোন আইন বা নীতির বলে গ্রাম এবং মফস্বল সহরের জন্য মডিফায়েড রেশান সপস এবং বড় শহরের জন্য ষ্ট্যাটুটরি রেশনিং-এর ব্যবস্থা এই দ্বৈত ব্যবস্থা করেন—আমি জানি না আইনের ছাত্র হিসাবে। সরকারের খুসীর ওপর নির্ভর করে। অথচ মুখ্যমন্ত্রী আমায় বললেন আইনের আদালতে আমি যাতায়াত করি, জানি না এতটুকু আইন যখন আমি জানি না তাহলে আমি মুখ্যমন্ত্রীকেই আইনটা দেখাতে অনুরোধ করছি। আমি এটা জানতে চাচ্ছি যে এই রকম ডিসক্রিমেনেশান আদৌ কোন সভ্য দেশে হতে পারে কিনা? আপনার শহরের লোককে গ্যারান্টিড সাপ্লাই অব রেশন দেবেন আর গ্রাম এবং মফস্বল শহরাঞ্চলকে ষ্ট্যাটুটরি রেশনিং-এর আওতা থেকে বাদ দিচ্ছেন। এটা কিছুতেই আমি মানতে পারব না। কেন এই দ্বিমুখী নীতি? গ্রাম ও সহরের মধ্যে সংঘাত সৃষ্টি আপনার অন্যতম খাদ্যনীতি? ন্যায্য মূল্যের দোকান মাধ্যমে গ্রামের মানুষকে প্রতি সপ্তাহে প্রতিটি প্রাপ্তবয়স্ককে কলকাতা শহরের মত ১২০০ গ্রাম চাল কোন যুক্তিতে দেবেন না? এটা আপনি দেবেন না কি করে হতে পারে? সেই জন্য আমি বলছি যে আজকে যদি এটা করতে হয় তাহলে ইমিডিয়েটলি গভর্নমেণ্টকে এই হাউসের কাছে জানাতে হবে যে গভর্নমেণ্টের খাদ্যের পজিশান সলিড কিনা, গভর্নমেণ্ট স্ট্রং গ্রাউণ্ডের উপর দাঁড়িয়ে আছেন কিনা—মুখ্যমন্ত্রী এই হাউসের কাছে ঘোষণা করবেন যে বাংলাদেশেরই কোন গ্রামের মানুষকে বর্ধিত দামে চাল কিনে খেতে হবে না। দ্বিতীয়তঃ, বাংলাদেশের শহর এবং মফস্বলের প্রতিটি মানুষকে মডিফায়েড রেশন সপের মাধ্যমে গ্যারাণ্টিড সাপ্লাই অব ১২০০ গ্রাম অব রাইস এভারি উইক প্রতি সপ্তাহে বাধ্যতামূলক ১২০০

গ্রাম কলকাতার মত চাল সরবরাহ গ্যারাণ্টি দিতে হবে, তা যদি না দিতে পারেন তাহলে তাঁর কোন কথার মূল্য নেই। উনি জাপান থেকে ঘুরে এসে অনেক বড় বড় কথা বলছেন। কিন্তু কি হবে? খাদ্য দপ্তর রি-অর্গানাইজ করেছেন, রেশনিং ডিপার্টমেণ্ট—আমি জানি দেবব্রত বন্দ্যোপাধ্যায় এ, কে, সৈন, এবং গণেশ ভট্টাচার্য ও আরো অনেক ভাল কর্মাপুটেণ্ট অফিসারস এসেছেন এই হাউসে পি, কে, সেনের বিরুদ্ধে আমি বলেছিলাম চিনির ব্যাপার নিয়ে। যাঁর কেলেঙ্কারীর ব্যাপার হাউসে অন্যান্য আরো অনেক সদস্যরা বললেন। স্পীকার মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে অভিযোগের পর অভিযোগ করবার পরেও সেই সব অপদার্থ অফিসারদের প্রমোশন হয়েছিল। প্রমোশন দিয়েই শুধু শেষ হয়নি। গণেশ ভট্টাচার্য যিনি রেশনিং-এর ডেপুটি ডাইরেক্টর ছিলেন দেবব্রত বন্দ্যোপাধ্যায়ের নীচে তিনি যেহেতু কলকাতায় প্রায় ১০০টি পাইকারের চিনির লাইসেন্স ক্যানসেল করে দিলেন এবং ড্রাসটিক অ্যাকশান নিতে আরম্ভ করলেন, সেহেতু সেখান থেকে তাঁকে ট্রান্সফার করে হাওড়ায় তার জন্য একটা স্পেশাল পোষ্ট ক্রিয়েট করা হল। হাওড়ার জন্য ডেপুটি ডাইরেক্টর অব রেশনিং-এর পদ তৈরী করা হল এবং এই ডেপুটি ডাইরেক্টর অব রেশনিং (ভিজিলেন্স)-এর জন্য নেওয়া হল এই পি, কে, সেনগুপ্তকে। যে ভদ্রলোকের নাম ভিজিলেন্স কমিশনে গেছে তাঁর দুর্নীতির তদন্তের জন্য যার দুর্নীতি এবং অনাচার সম্বন্ধে এই হাউসের প্রতিটি সদস্য মুখর হয়েছিলেন সেই ব্যক্তিকে আজকে ডেপুটি ডাইরেক্টর অব রেশনিং (ভিজিলেন্স) করে রেশনিং ডিপার্টমেন্ট-এ রেখেছেন। তাহলে আমি জিজ্ঞাসা করছি যে কি করে এই বিভাগ নিষ্ঠা ও সততার সঙ্গে কাজ করবে? অথচ মুখ্যমন্ত্রী জাপান থেকে এসে বড় বড় কথা বললেন। উনি জাপানের তথ্য দিয়ে দেখিয়েছেন যে জাপানের মতন একটি পুঁজিবাদী রাষ্ট্রে সমস্ত রাইস ট্রেড, খাদ্যশস্যর পাইকারী ব্যবসা ইত্যাদি গভর্নমেন্ট কন্ট্রোল করছেন এবং গভর্নমেন্ট অব জাপান কন্ট্রোল করার ফলে তারা প্রতি মণ চালে ৪·৭০ পয়সা সাবসিডি দিচ্ছে। আমি মুখ্যমন্ত্রীকে বলছি তাঁর সমাজতন্ত্রের প্রতি যদি বিন্দুমাত্র শ্রদ্ধা থাকে তাহলে এই হাউসে তিনি ঘোষণা করুন যে বাংলাদেশের যে চাল বাজারে আসে সেই চালটা সরকার কিনে নেবেন এবং নিয়ে প্রতি মণে ৫ টাকা করে সাবসিডি দেবেন। আমি স্যার, হিসাব করে দেখেছি যে বাংলাদেশে ৫৬ লক্ষ টন-এর উপর যদি মার্কেটেবল সারপ্লাস হয় অশোক মেহতা কমিটির রিপোর্ট অনুযায়ী এর মার্কেটেবল সারপ্লাস এর পরিমাণ শত করা ২৫ ভাগ—তাহলে ১৫ লাখ টনস—এই ১৫ লক্ষ টন চাল (মার্কেটেবল সার-প্লাস) খরিদ যদি পশ্চিমবঙ্গ সরকার সাবসিডাইস করেন মণ পিছু ৫ টাকা দিয়ে তাহলে বাংলা-দেশের প্রতিটি মানুষ ২২ টাকা মণ দামে চাল খেতে পারেন কেন না এইমাত্র আমি বিরোধী সদস্যর সঙ্গে আলোচনা করে দেখলাম যে ২৭ টাকা এখন পর্যন্ত মণ নিয়ন্ত্রিত দরে ন্যায্য মূল্যের দোকানে চাল বিক্রি হচ্ছে, এখন যদি সরকার মণ পিছু ৫ টাকা সাবসিডি দেন তাহলে ২২ টাকায় সমস্ত বাংলাদেশের লোক চাল পেতে পারেন। যদি জাপান করতে পারে তাহলে পশ্চিমবঙ্গ সরকার ১৫ লক্ষ টন চাল খোলা বাজার থেকে কিনে সাবসিডাইস করে বাংলাদেশের সমস্ত মানুষকে সেই চালটা যদি ন্যায্য মূল্যের দোকান মাধ্যমে বণ্টন করেন তাহলে আমি বলছি যে বাংলা সরকারের তার জন্য ২১ কোটি টাকা খরচ হবে। আমি হিসাব করে দেখলাম জাপান এর জন্য প্রতি বৎসর খরচ করছে, একটা ক্যাপিটালিস্ট কাণ্ট্রি, ৪২ কোটি টাকা। আর পশ্চিমবঙ্গ সরকার যদি ২১ কোটি টাকা খরচ করে খাদ্যের মতন একটা জরুরী সমস্যার স্থায়ী সমাধান করতে পারেন তাহলে আমি মনে করব সত্যিকারের সমাজতন্ত্রের পথে প্রথম পদক্ষেপ হবে। কিন্তু জাপান থেকে এসে কতকগুলি স্টাণ্ট দিলেন খবরের কাগজের প্রতিনিধিদের ডেকে, বড় বড় বক্তৃতা দিলেন আর জনসাধারণকে ধোঁকা দিলেন এ চলবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি তো আগেই বলেছি যে ও'র মতন নেচেকুঁদে দড়ির উপর খেলতে বোধ হয় আর কেউ পারে না। উনি জাপান থেকে এখানে পদার্পণ করবার আগেই ডেপুটি চীফ মিনিস্টার খগেন্দ্রনাথ দাশগুপ্ত মহাশয় একটা চিঠি লিখেছিলেন "দি স্টিং ওয়াজ ইন দি টেল। তাতে লিখলেন যে জাপানে অনেক ভাল জিনিস আছে। কিন্তু এখানে ভাল মাছের দাম প্রতি কেজি ২০ টাকা। আমি তো শিউরে উঠলাম যে এই বুঝি সেখান থেকে বলে বসলেন যে বাংলাদেশের লোক চীৎকার করছে যে কেন সস্তায় মাছ পাওয়া যাবে না? ঐ ভারতবর্ষ তো সোস্যালিজিমের দেশ! জাপান,—যেখানে এত

উন্নতি হয়েছে, সেখানেও মাছের দাম ২০ টাকা কে, জি. হয়েছে, আরও বলেছেন যে জাপানে নাকি পচা মাছ ৪ টাকা কে, জি, অতএব কলকাতার বাজারে ৪ টাকায় স্টেল ফিস যদি কেন তাহলে

You must be prepared to pay more at least Rs. 10 or 20 per kg. for good quality fish.

কেন না জাপানে এটা হয়েছে। উনি যখন জাপানে গেছেন তখনই আমার আশংকা ছিল যে ঝুলিতে কি নিয়ে ফিরলেন। ও'র যদি বিন্দুমাত্র সিনিয়ারিটি থাকে তাহলে জাপানে যে সাবসিডাইসড রেশন দেওয়ার ব্যবস্থা আছে সেটা এখানে প্রবর্তন করুন। সিংহলের মত একটা ছোট্ট দেশ—সেখানেও রিপোর্ট এ আমি দেখছিলাম যে ৩০ পারসেন্ট ফুড গ্রেইন্স গভর্নমেন্ট সাবসিডাইস করেন সাধারণ মানুষকে সস্তা দরে খাওয়াবার জন্য।

আমি সর্বশেষে মন্ত্রিমহাশয়ের কাছে কয়েকটি দাবী রাখছি। আমার বক্তব্য হচ্ছে আজকে হাউস থেকে যাবার আগে মুখ্যমন্ত্রীর কাছে এই গ্যারাণ্টি নিয়ে যেতে চাই যে, বাংলাদেশের উদ্বৃত্ত অঞ্চল থেকে ঘাটতি অঞ্চলে অবাধে চাল আসতে দিতে হবে। স্যার, নদীয়া একটা ঘাটতি অঞ্চল, সীমান্ত অঞ্চল, কিন্তু সেখানে দেখছি চাল নেই বর্ধমানের চাল নদীয়ায় আসতে দিতেই হবে নচেৎ নদীয়ার মানুষ অনাহারে থাকবে। আমাদের এস্, এস্, পি-র সাধারণ সম্পাদক সত্য দাশগুপ্ত যে টেলিগ্রাম পাঠিয়েছেন তাতে তিনি লিখেছেন,

Problems of the Border district need special attention. Ask Chief Minister to rush rice to the district and distribution of rice from M.R. shops must be guaranteed.

তাই আজকে তাঁর কাছে গ্যারাণ্টি চাচ্ছি যে, যে সমস্ত বাধানিষেধ কর্ডন আছে সেগুলি তিনি তুলে নেবেন এবং উদ্বৃত্ত অঞ্চল থেকে ঘাটতি অঞ্চলে চাল অবাধে আসিতে পারবে তার এ্যাসুরেন্স দেবেন। গ্যারাণ্টেড সাপ্লাই টু এম, আর, সপস্ ইন অল মফঃস্বল টাউনর্স এ্যাণ্ড ভিলেজেস যদি না দেন তাহলে ত'র কোন কথা আমরা শুনব না। তারপর, তিনি কয়েকটা এ্যাসুরেন্স এই হাউসে যা দিয়েছিলেন সে সম্বন্ধে আমি কিছু জানতে চাই। তিনি বলেছিলেন ব্ল্যাক মার্কেটিং বন্ধ করবার জন্য রাইস-এর কোয়ানটিটি ১,২০০ গ্রাম থেকে বাড়াবেন। আমি জানতে চাই কবে এটা বাড়াবেন? তাছাড়া তিনি বলেছিলেন স্টেট এনটারপ্রাইসরূপে একটা (সরকারী চাউল কল) ও বেকারী চালু করবেন। আমি জানতে চাই কবে করবেন এবং কোথায় করবেন? তারপর তিনি বলেছিলেন সমস্ত অঞ্চলের ফুড গ্রেইন্স-এর উপরে যাতে গভর্নমেন্ট-এর কন্ট্রোল হতে পারে তার জন্য চেষ্টা করবেন। আমি জানতে চাই কোথায় সেই চেষ্টা করেছেন? স্যার, ৪ তারিখে কেবিনেট ডিসিসন হয়েছে যে ডালের লাইসেন্স ছাড়া ব্যাপারীরা ডাল বিক্রি করতে পারবে না। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই সেই ডিসিসন মেনে চলছেন না কেন? স্যার, বাংলা দেশের সাতটি ফ্লাওয়ার মিলের মালিক তাঁদের চোখের সামনে ঘুরে বেড়াচ্ছে আর আমরা শুনছি একজন মিল মালিকের বিরুদ্ধে "দর্পণ" কাগজে লেখবার জন্য অশোক দত্ত তাদের বিরুদ্ধে লক্ষ লক্ষ টাকার খেসারত দাবী করে মামলা করেছে। আমি জানতে চাই কেন সেই সাতজন ময়দা কলের মালিকের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না?

(মাননীয় স্পীকারের নির্দেশে বক্তা এই সময় আসন গ্রহণ করেন।)

Shri Birendra Narayan Ray:

মাননীয় স্পীকার মহাশয়, আজকের খাদ্য বিতর্কে যোগ দিয়ে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই, বাংলাদেশে দুজন জবরদস্ত ম্যাজিসিয়ান আছেন, তারমধ্যে একজন হলেন পি. সি. সরকার এবং অপরজন পি. সি. সেন. পি: সি: সরকারকে দেখেছি তিনি আগুনকে জলে পরিণত করতে পারেন, ফুলকে জন্তু বা পক্ষীতে পরিণত করতে পারেন। অর্থাৎ তাঁর নানারকম অলৌকিক এবং আদিভৌতিক শক্তি আমরা দেখেছি। আমাদের "সেন পিসি"-ও মোটামুটি সেই রকম। তিনি মাঝে মাঝে বলেন গম খাও, গম খাও। স্যার, এর আগে আমরা

গম কিছু পেতাম, কিন্তু যে মুহূর্তে তিনি গমের কথা স্মরণ করলেন সেই মুহূর্তে গম উধাও হয়ে গেল। তারপর যখন তিনি সর্ষের তেলের কথা স্মরণ করলেন তখন দেখলাম সেই সর্ষের তেল উধাও হোল বা বাদাম তেলে বা নারিকেল তেলে পরিণত হোল। তারপর যখন তিনি মাছের কথা স্মরণ করলেন তখন দেখলাম সেই মাছ মেছুনির টুকরি থেকে লাফিয়ে উঠে গভীর জলে চলে গেল। এই হোল অবস্থা। স্যার, আমাদের হাউসে প্রত্যেক সেসন-এ এই খাদ্যবিতর্ক হয়। গতবারের বিতর্কে মুখ্যমন্ত্রিমহাশয় বলেছিলেন এবারে বাম্পার ক্রপ হয়েছে কাজেই ফসল উঠলে আর তণ্ডুল জাতীয় পদার্থের অভাব হবে না, তোমরা নাকে তেল দিয়ে ঘুমাও। আমরা গাঁয়ে গিয়ে লোকদের বললাম মুখ্যমন্ত্রী এরকম কথা বলেছেন। স্যার, উনি স্ট্যাটিসটিকস-এর বিশারদ এবং লক্ষ, হাজার টন থেকে প্রত্যেকটি কে জি-র হিসেব নাকি তাঁর নখদর্পণে আছে। কিন্তু আমরা দেখছি ফসল ওঠার পরই চাল প্রতি কে জি এক টাকা, এক টাকা দশ নয়া পয়সা, এক টাকা পনের নয়া পয়সা দরে বিক্রি হচ্ছে। এখন প্রশ্ন হোল তাহলে চালগুলি গেছে কোথায়? আমাদের মুখমন্ত্রী বলেছিলেন চাষীর হাতে কিছু কিছু চাল আছে। এটা তাঁর স্ট্যাটিস্টিকস অনুসারে ঠিক হতে পারে, কিন্তু আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতায় এটা ভুল কথা। আমরা সকলেই জানি চাষী যখন লাঙ্গল নিয়ে মাঠে যায় তখন থেকেই তার খাজনা এবং অন্যান্য বাবদ চুল মহাজনের কাছে বিকিয়ে থাকে এবং তার ফলে ফসল ওঠার পরই মহাজনের টাকা দিতে তার সব টাকা শেষ হয়ে যায়। জোতদারদের হাতে কিছু কিছু হয়ত আছে, কিন্তু তাঁরা সেগুলি বার করতে পারেন নি। এই যে বার করতে পারেন নি তার কারণ হচ্ছে দুর্গাপুর সেসন-এর সময় বর্ধমান, বীরভূম, বাঁকুড়া প্রভৃতি জেলায় ম্রেসমস্ত বড় বড় মিল-মালিকরা আছেন এবং যাঁরা বড় বড় ফসলের কারবার করেন তাঁদের কাছ থেকে লেভি আদায় করা হয়েছে এবং সেটা হচ্ছে অপ্রকাশ্য লেভি। ২৫-৩০ মণ করে তাদের চাল দিতে হয়েছিল—হয়েছিল ঐ আনন্দবাবু এবং তাঁদের যে এজেন্ট ছিল তাদের এবং তার সংগে কিছু কিছু অর্থও আদায় করেছেন। আজকে তারা উল্টে রিটার্ন চাচ্ছেন—ওপেনলি বলছেন যে এতদিন যে আমরা সেবা করলাম, তার জন্য কংগ্রেস আমাদের কি সেবা করছেন। ওপেন চ্যালেঞ্জ করছেন তারা। তাদের ধরবার ক্ষমতা এদের নেই। কিছুদিন আগে মুর্শিদাবাদে ঝড়ঝঞ্ঝা হয়। আমি এবং মাননীয় সদস্য সনৎ রায় এ নিয়ে অনেক কথা বলেছিলাম আপনারা যে তথ্য দিয়েছেন তা বিকৃত এবং অর্ধ সত্য হলেও আপনারা কিছুটা স্বীকার করেছেন। আপনারা বলেছিলেন এর জন্য আমরা মোটামুটি পর্যাপ্ত সাহায্য দেবো। আমরা বলেছিলাম কারণ এক মুর্শিদাবাদ জেলায় ১৬-১৭ হাজার গরুমোষ মারা গেছে এবং চাষীদের যদি এক্ষনি লোন বা সাহায্য না দেওয়া হয় তাহলে মুর্শিদাবাদ ও নদীয়ার চাষীরা অর্থ, গরুবাছুর ইত্যাদির অভাবে চাষ করতে পারবে না। অ্যাকশন কিছুটা হয়েছে, তবে সেটা এভাবে হয়েছে যে ওরা যে নোটিশ দিয়েছেন তাতে বলেছেন যে ঋণ দেওয়া হয়েছে তা সুদসমেত আদায় দিতে হবে। ঐ পেয়াদা ইত্যাদি নিয়ে গিয়ে তাদের বাড়িতে জোড়া গরু নিয়ে টানাটানি শুরু করেছে, অবশ্য আমি বিশ্বাস করি যে সরকার এরা চালাচ্ছেন ধনিক বণিকতন্ত্র। সে সরকারের হাতে যতদিন ক্ষমতা থাকবে ততদিন তারা আমাদের নিষ্পেষিত করবে ও আমাদের নিপীড়িত করবে, আমাদের উপর অত্যাচার করে এবং ধনিক-বণিক শ্রেণীর স্বার্থে তারা কাজ করে খাবেন। স্যার, আজকের কথা বলি। কিছুক্ষণ আগে মাড়োয়াড়ী হাসপাতালের কথা হল। তাতে অবাক হয়ে শুনলাম যে এখন টেকনিক্যাল ফ্লু নিয়ে সাধারণ মানুষের—পীড়িত মানুষের চিকিৎসার ব্যবস্থা একটা হাসপাতাল থেকে সরিয়েদেবার ব্যবস্থা তাকে পর্যন্ত মাননীয়া মন্ত্রিমহাশয়া সমর্থন করলেন। এটা একটা অদ্ভুত ব্যাপার। এভাবে ধানচাল থেকে সুরু করে প্রত্যেকটা জিনিসে আমাদের সরকার এভাবে কাজ করে যাচ্ছে। স্যার, এরা আবার বলেন যে, আমরা ত্যাগ করেছি। ৬০ বছর ধরে ত্যাগ করে নাকি স্বাধীনতা ও'রা এনেছেন এবং তার জন্যই গদীতে বসেছেন। ত্যাগের অনেক ফরমুলা দিয়েছেন, ৮০০ টাকা মাইনা কমিয়ে ত্যাগের পরাকাষ্ঠা দেখিয়েছেন। স্যার, আমি আর একটা কথা শেষকালে বলতে চাই, ও'রা বোধ হয় লজ্জা করে একটা কথা বলেন নি, সেটা হচ্ছে সকালে উঠে কিছু সার আর কিছু জল ত্যাগ করেন ত্যাগ হিসাবে আমরা ঘটিতে পাই। আমি বিরোধীপক্ষের হলেও অন্যান্য সদস্যরা বলেন নি, কিন্তু আমি তাদের হয়ে বলছি এ ত্যাগটুকু আমরা পাই। যা হোক, শেষকালে আমি বলছি, যদি কিছুমাত্র জনসাধারণের উপর দরদ থাকে, চিন্তা করবার বিন্দুমাত্র স্কোপ

থাকে বা চিন্তা করেন তাহলে এখনও সময় আছে। শুধুমাত্র কলকাতায় রেশনিং করে যে মনে করছেন সারা বাংলা দেশকে ঠান্ডা করবো তাতে হবে না। আমরা মহাপুরুষের বাণী পড়েছিলাম ছোটবেলায়, যে, "শুধুমাত্র মুখমন্ডলে রক্ত সঞ্চালন হইলে তাহাকে স্বাস্থ্যের লক্ষণ বলা যায় না বরং তা অস্বাস্থ্যের লক্ষণ", আপনারাও ঠিক তাই করছেন। সারা বাংলাদেশকে বঞ্চিত করে শুধুমাত্র কলকাতার রেশনিং-এর জন্য যে প্রচেষ্টা সারা বাংলাদেশকে সুখী করবে না, অসুখীই করবে এবং এখনও যদি আপনারা এদিকে দৃষ্টি না দেন তাহলে কয়েক মাসের মধ্যে বাংলাদেশ ভীষণ বিপর্যয়ে পড়বে। ১৮ বৎসর পরেও আজ শুনতে হয় যে, "আমেরিকায় গম হয় নি আমি গম দেবো কোথা থেকে", এটা সাধারণ বুদ্ধির কোন মানুষ বলতে পারে না আর স্বাধীন দেশের মুখ্যমন্ত্রী যখন একথা বলেন, তখন আমি খুবই হতাশা বোধ করি। আমার বেশী বলার নাই, শুধু এটুকু মন্ত্রীসভায় দৃষ্টি আকর্ষণ করছি ও আবেদন করছি যে, সাধারণ মানুষ যারা আপনাদের গদীতে বসিয়েছে তাদের নামে আবেদন করছি যে, তাদের দিকে তাকিয়ে আপনারা শুধু ফরমুলা বা সুষ্ঠু ব্যবস্থা করুন যাতে জনসাধারণ অন্তত নুনভাত খেয়ে বাঁচতে পারে।

[2-40—2-50 p.m.]

Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগে আমাদের রাষ্ট্রমন্ত্রী খাদ্য সম্বন্ধে একটি বিবৃতি দিয়েছেন। কিন্তু খাদ্যের যে চরম সংকট বা খাদ্যের যে এই অবস্থা এই সম্পর্কে কিছুই এ বিবৃতিতে নেই। এ বিবৃতি তিনি রাইটার্স বিল্ডিংস-এ শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে বসে আই সি এস অফিসার্সদের সাহায্যে বিধানসভায় বিরোধী সদস্যরা খাদ্য সম্পর্কে যে আলোচনা করবেন এবং তারা যে দাবি করবেন বা তারা এ সমাধানের জন্য সরকারের কাছে যেভাবে তুলে ধরবেন তার বিরুদ্ধে কি জবাব দেওয়া যায় সেদিকে বিশেষ দৃষ্টি না রেখে খাদ্যসংকট কিরূপে সমাধান করা যায় সেদিকে দৃষ্টি না দিয়ে কেবল কি করে বিরোধীদলের সদস্যদের মোকাবিলা করা যাবে সেদিকে দৃষ্টি রেখে কিছুটা অর্ধ সত্য এবং অসত্য বিবৃতি দিয়েছেন। এ ছাড়া এ বিবৃতিতে আমরা আর কিছু পাই নি। খাদ্যসমস্যার সমাধান করতে গেলে যেটা প্রয়োজন উৎপাদন সমস্যা, বণ্টন সমস্যা ইত্যাদি বিষয়ে যে নীতি থাকা উচিত ছিল সে নীতি ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। উৎপাদন ক্ষেত্রে আমূল পরিবর্তনের জন্য ভূমি সংস্কার করলে তবে উৎপাদন বাড়বে। আপনারা জমিদার এবং জোতদারদের মধ্যে যে ভূমিব্যবস্থা ছিল সে ব্যবস্থাকে সমাধান করে ভূমি তাদের কাছ থেকে গ্রহণ করতে পারেন নি। আর সংস্কার করার ক্ষেত্রে পাইকারী ব্যবসাদার এবং চোরাকারবারীদের স্বার্থে সংঘ ব্যবস্থা যেভাবে করা উচিত ছিল তা করেন নি, আর বণ্টন ব্যবস্থা ক্ষেত্রে শাসন-যন্ত্রের যেসব জায়গায়ই দুর্নীতি রয়েছে সে দুর্নীতিপূর্ণ যে শাসনব্যবস্থা তাকে এরা ঠিক করতে পারেন নি। সেজন্য তিনি এরূপ একটা বিভ্রান্তিমূলক স্টেটমেন্ট সভার সামনে পেশ করেছেন। এ বিবৃতির মধ্যে একটা বিশেষ জায়গার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বিরোধী-পক্ষের তরফ থেকে স্টেট ট্রেডিং-এর কথা যখন বলা হয়েছিল তখন এরা হেসে উড়িয়ে দিয়ে-ছিলেন। কিন্তু আমরা দেখেছি এই স্টেট ট্রেডিং যে যৌক্তিকতা সেটা তারা নীতিগতভাবে স্বীকার করেছেন এবং তার প্রতিফলন হিসাবে কলকাতায় এবং শিল্পাঞ্চলে স্ট্যাটুটরি রেশনিং চালু করার মারফত আমরা এটা পেয়েছি। গ্রামাঞ্চলের যে দুরবস্থা সে দুরবস্থা সম্পর্কে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল, রানীগঞ্জ, দুর্গাপুর ইত্যাদি যেসমস্ত বিরাট ইন্ডাস্ট্রিয়াল বেল্ট রয়েছে সেখানে খাদ্যসংকট চলছে। সে সম্বন্ধে একটা কথাও মন্ত্রিমহাশয় বললেন না। আমি একটা কথা মন্ত্রিমহাশয়ের সামনে রাখতে চাই সেটা হলো তিনি বিভিন্ন জেলার স্টক সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন সেটার সম্বন্ধে বলতে চাই। তিনি তার ৯নং ধারায় বলেছেন

all the districts have now sufficient stock to keep the M.R. shops going which will undoubtedly have a sobering effect on the general market.

গত সপ্তাহে আসানসোলের এস ডি ও বলেছেন তার কাছে ডেপুটেশন নিয়ে যাওয়ায় তিনি বলেছেন যে, বাঁকুড়ার ডি এম-এর সংগে কথা বলে তবে চাল আমদানী করবো। এরপর আসানসোল এলাকায় যে ধান সংগ্রহ হয় তাই রেশনিং দেবার ব্যবস্থা করা হচ্ছে এ কথাই তিনি বলেছিলেন, কিন্তু আগামী সপ্তাহের পর কি হবে সে দায়িত্ব তিনি নিতে পারবেন না একথা তিনি

বলেছেন, কারণ চাল নেই। প্রতি জেলায় জেলায় খাদ্যশস্য মজুত আছে—এই কথা তিনি যে বলেছেন। তিনি আরও বলেছেন যে তাতে করে এম আর সপগুলি চালু থাকবে। কিন্তু আমরা আসানসোল মহকুমার যে অবস্থা দেখছি তাতে এসব বিশ্বাস করতে পারি না। আসানসোল শহরে কিছুদিন আগে বললেন—জানুয়ারি মাসে ঘোষণা করলেন যার জন্য আমরা সাবডিভিশনাল অফিসার-এর সঙ্গে বিভিন্ন সময় দেখা করেছি যাতে নাকি আসানসোল শহরে নিয়মিত এসব পাওয়া যায়। কিন্তু আপনারা জানেন এই ইন্ডাস্ট্রিয়াল এলাকায় চাল, ময়দা, চিনি কিছুই সরবরাহ করতে পারছেন না। হয়ত মাসে একবার করে চিনি সরবরাহ করা হচ্ছে আবার কোন বারে ২-৩ মাস অন্তর একবার করে আটা বা চাল ঐ এম আর সপ-এর মাধ্যমে দিচ্ছেন। এই যে দুরবস্থা এই দুরবস্থা নিয়ে আমরা বারবার দাবি করেছি যে এখানের ব্যবস্থা করা হোক। তখন মন্ত্রিমহাশয় ঐ আসানসোলে বক্তৃতা করে বলেছিলেন যে, আসানসোল এলাকায়, চিত্তরঞ্জন এলাকা ও দুর্গাপুর এই তিনটি বিরাট শিল্পাঞ্চলে আমরা স্ট্যাটুটরি রেশনিং করবো। জানুয়ারী মাসে এ ঘোষণা করেছিলেন কিন্তু আজ মে মাস পর্যন্ত ঐ স্ট্যাটুটরি রেশনিং-এর ব্যবস্থা করতে পারেন নি, শুধু তাই নয় মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে, কিছুদিন আগে বাংলা দেশের সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে আসানসোলের এ ডি এম তিনি রাণীগঞ্জে একটা সভা করেছিলেন, সে সভায় বিভিন্ন সরকারী কর্মচারীরা উপস্থিত ছিলেন। সেখানে এই দাবি করা হয়েছিল যে, অবিলম্বে স্ট্যাটুটরি রেশনিং চালু করা হোক, কিন্তু তা আজ পর্যন্ত হয় নি। সেখানের ঐ শিল্পাঞ্চলের বেশীরভাগ জনসাধারণই কয়লার খনিতে কাজ করে, না হয় তারা কোন শিল্প কারখানায় করে। আজকে সেখানে ওপেন মার্কেট-এ চাল পাওয়া যাচ্ছে না, আর অপর দিকে মডিফায়েড রেশনিং-এর যে ব্যবস্থা সেটাও ঠিকমত হচ্ছে না। আমি বলতে চাই আপনরা হয়ত জানেন যে একটা শব্দ আছে ফুকা বলে। এর অর্থ হল বাছুর যখন সরে যায় সেই গরুকে যখন দোহন করতে হয় তখন তার সামনে যে নকল বাছুর তৈরি করা হয় তার সামনে রাখার জন্য তাকে ফুকা বলে। ঐ মডিফায়েড রেশনিং হচ্ছে ঐ ফুকা। সাধারণ গ্রামবাসীর জন্য ঐ বিস্তীর্ণ গ্রামাঞ্চলে এক একটা ফুকার সৃষ্টি করে ঐ ধরনের মডিফায়েড রেশনিং যার অস্তিত্ব শুধু সাইনবোর্ডের মধ্যে যেখানে চাল, গম পাওয়া যায় না ঐ ধরনের ফুকা মডিফায়েড রেশনিং সপ সৃষ্টি করে তারা সাধারণ গ্রামবাসীরা গ্রামাঞ্চলের মানুষকে ফুকা দেবার এক চক্র সৃষ্টি করেছেন। মডিফায়েড রেশনিং-এর অস্তিত্ব সাইন বোর্ড ছাড়া আর কিছুতে আছে বলে আমি মনে করি না। মাননীয় স্পীকার, স্যার, আমরা যখন এই কথা বলি তখন কিছুই হবে না। মুখ্যমন্ত্রী এর জবাব দেবেন, কিন্তু তিনি কি জবাব দেবেন। এখানে বক্তৃতা করার কোন স্বার্থকতা আছে বলে আমরা মনে করি না। মাননীয় স্পীকার মহাশয়, আপনার হয়ত স্মরণ আছে, গতকাল বিরোধীদলের দলপতি যখন ১৮৫ অনুসারে মোসান এনেছিলেন তার জবাব দিতে গিয়ে মুখ্যমন্ত্রী গণতন্ত্রের কথা বললেন। তিনি বললেন ভাল কি মন্দ আমি জানি না, তবে ভোটে আমরা অনেক বেশী হয়েছি এবং আমরা যেটা করছি সেটাই গণতান্ত্রিক কাজ। অর্থাৎ যেখানে আমরা প্রফুল্লবাবুর মুখ্যমন্ত্রীত্বে বাস করছি এবং এখানে যদি গ্রামের লোক অনাহারে মরে যায় তাহলে সেটা গণতান্ত্রিক অনাহার বলতে হবে কারণ ও'রা ভোট বেশী পেয়ে মানুষকে অনাহারে রাখছেন। সেই কারণে যেটা গণতান্ত্রিক অনাহার, আজকে যদি না খেতে পেয়ে মানুষ শুকিয়ে মরে যায় তাহলে তা হবে গণতান্ত্রিক মৃত্যু, কারণ বেশী ভোট পেয়ে ও'রা মন্ত্রীত্বে আসীন আছেন সুতরাং ওদের রাজ্যশাসনে যদি কেউ না খেয়ে মরে যায় সেটা গণতান্ত্রিক মৃত্যু হবে, শুধু এই কথাই আমি বলতে চাই, অত যদি আপনি গণতন্ত্রের দরদি, গণতন্ত্রের পথিক হিসাবে প্রচার করতে চান তবে আপনাদের একটা কথা জিজ্ঞাসা করি যে, আপনি যদি অনেক ভোটে জিতে—যদিও তা শতকরা ৫০টাও নয়, তাতে জিতে গদিতে আসীন আছেন, সেই হেতু হয়ত বলবেন ভোট বেশী পেয়েছি তাই তোমাদের ঘাড় থেকে মাথা কেটে নেব এবং সে মাথা কাটাটা গণতান্ত্রিক পদ্ধতিতে হবে এ যুক্তি হয়ত তিনি দেবেন। এই কথাই বলে খাদ্য সংকট সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করে শেষ করছি।

Shri A. H. Besterwitch: Sir, today we are in the midst of food discussion. The Hon'ble Chief Minister is not here. The food policy of the Government is such that daily in the market the prices are gradually going up. Sir, the Hon'ble Chief Minister said during the budget session that there was a bumper crop. Sir, in the month of May, we are seeing what the

bumper crop is. Sir, I am pointing out here about the price of paddy and rice in some places. In Kumargram paddy is selling at Rs. 22 and rice at Rs. 40 per maund. In Kalchini, paddy is selling at Rs. 22 and rice at Rs. 45 per maund. In Madarihat, the price of paddy is Rs. 20 and the price of rice is Rs. 45. In Birpara, paddy is selling at Rs. 22 and rice is being sold at Rs. 45. In Alipur Duars, paddy is selling at Rs. 23 and rice is selling at Rs. 48. In Falakata, the price of paddy is Rs. 20 and the price of rice is Rs. 40.

The price of dal has also gone up and sugar is not available. As regards mustard oil, the Hon'ble Chief Minister once said that the price would go down and would be going down further. But, Sir, what do we find? It is selling at Rs. 3.25 p. to Rs. 4 per Kg. There is no sale of Kerosene. It is not available even at a high price.

[2-50—3 p.m.]

In Calcutta, Sir, rice is selling at Rs. 1.50 per Kg. where rice is being supplied through statutory rationing. Now, Sir, this Government should clearly say that the food policy has failed. What is the reason? Because the Government did not start the levy in time. Paddy was sold on the field and taken away because in our area there was a "Rash Mela" and as the people have got to go to the "Rash Mela" they sold the paddy in advance at 5 rupees, 6 rupees, 8 rupees or utmost 10 rupees a maund and the hoarders and the mill owners took advantage of it and by December everything was sold, but the Government started procuring paddy in the month of January or February. Again, at Siliguri in the Darjeeling district you will find that all the paddy had been sold out before the month of December at Rs. 5 or Rs. 6 per maund. This is the state of affairs regarding the food policy. Sir, the hoarders in the districts of Darjeeling, Cooch Behar and Jalpaiguri, particularly in Jalpaiguri, have got shops in the tea gardens and they take all the rice and stock them in the tea gardens and from there they shift the rice to the north. Similarly, the same thing is happening in Siliguri and Cooch Behar but the Government is taking no action whatsoever to stop these hoarders from taking away the paddy and rice from West Bengal to somewhere else. Sir, still they talk of democracy but they are creating death of democracy.

So, I request through you that Government should take action immediately so that people in the border areas can live in peace.

Shri Nani Bhattacharjee:

স্পীকার স্যার, আপনি জানেন যে, এই হাউসে খাদ্যমন্ত্রি হিসাবে এবং মুখ্যমন্ত্রি হিসাবে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় ঘোষণা করেছিলেন যে তিনি স্টেট ট্রেডিং করবেন এবং আমি দেখলাম যে গভর্নমেন্টে খাদ্য সংগ্রহের ব্যাপারে যে পলেসি গ্রহণ করেছিলেন—যে নীতি তাঁরা ঘোষণা করেছিলেন সেটা তারা গ্রহণ করলেন না। সেখানে দেখলাম কলকাতার আসেপাশে শিল্পাঞ্চলে স্টাটুটরি রেশনিং-এর ব্যবস্থা করা হোল—কিন্তু বাংলার মফঃস্বল জেলাগুলিতে যে ব্যবস্থা গ্রহণ করলে—চালের যোগান এবং গমের যোগান পাওয়া যেতে পারে যাতে মফঃস্বলের লোকদের এবং শহরাঞ্চলের লোকদের খাদ্য সরবরাহ করার ব্যবস্থা করা যেতে পারে সেই ধরনের কোন ব্যবস্থা হচ্ছে না, যার ফলে ঠিক যখন এতো দর বাড়া উচিত নয়, সেখানে বিভিন্ন জায়গায় বিশেষ করে ঘাটতি এলাকায় খাদ্যদ্রব্যের দাম হু হু করে বেড়ে যাচ্ছে—৪০ টাকার উপরও অনেক জেলায় চালের দাম উঠে গেছে—ঠিক সেই অবস্থা হয়েছে। সেখানে একটি কথা আমি বলতে পারি যে যেসমস্ত চাল লেভি করে সংগ্রহ করা হয়ে থাকে চালকলগুলির উপর থেকে সরকার তা হিসাব রেখে দেন—কিন্তু আমরা দেখেছি যে সেখানে ঠিকমত সময়ে চাল সরকার আনেন না। আমি

এটা লক্ষ্য করেছি ধানের হিসাব নেওয়া হোল—চালের হিসাব নেওয়া হোল—কিন্তু সেগুলি ভেরিফাই করা তো হোলই না—অন্তত হিসাবমত বড় বড় জোতদারদের কাছ থেকে—চালকল মালিকদের কাছ থেকে তাদের যে ধান বা চাল আছে সেগুলি গভর্নমেন্টের নিজের তত্ত্বাবধানে আনবার কোন ব্যবস্থা করলেন না এবং তা না করার ফলে আজকে গত বছরের মত যে সমস্ত ব্যবসায়ীরা চাল-ধানের ব্যবসা করেন তারা যেমন গতবারে ইচ্ছাকৃতভাবে কৃত্রিম উপায়ে বাজার থেকে চাল ধান উধাও করে দিয়েছিল এবারও আমরা দেখতে পাচ্ছি যে তারা বিভিন্ন জেলায় পরিষ্কারভাবে বলছে যে আমরা প্রকাশ্যভাবে ধান-চালের ব্যবসা করবো না—সরকারী বাধা মানবো না। তারা এই সরকারের নির্ধারিত দরে চাল আনবেন না বাজারে এবং আমরা কি লক্ষ্য করছি—জলপাইগুড়ি থেকে আরম্ভ করে বিভিন্ন জেলার যে সরকারী কর্তৃপক্ষ তারা হতাশা বোধ করছে। কোথাও হতাশ হয়ে পড়েছে, কখনও তারা বলছে যে এইরকম ধরনের সেই ব্যবসায়ী-দের তোয়াজ করছে, কখনও দেখা যাচ্ছে সেই ব্যবসায়ীরা যাতে নির্ধারিত দরের উপরেও চাল বিক্রি করে এবং তার দরুন যাতে অশান্তি সৃষ্টি না হয় তার জন্য বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের ডেকে তাদের সংগে ঘরোয়া আলোচনা করছেন। ঠিক সেই জায়গাতে আজকে ধান চালের পরিস্থিতি চলে গেছে। ব্যবসায়ীরা আজকে ইচ্ছা করে ধান চাল গোপন করছেন এবং গ্রামাঞ্চলে কিছু ধনী অসাধু জোতদার যাদের মধ্যে ব্যবসায়ী স্বার্থ বড় হয়ে উঠেছে তারা বিভিন্ন জায়গায় ধান গোপন করে রেখেছে, ছাড়ছে না। তার ফলে আজকে এই খাদ্য পরিস্থিতি দাঁড়িয়েছে এবং সরকার এই অসাধু চোরাকারবারী এবং আড়তদারদের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা অবলম্বন করছেন না। এর ফলে আমরা লক্ষ্য করছি যে প্রকাশ্য বাজারে ধান চালের দর বেড়ে যাচ্ছে, সরকার নির্ধারিত দরে কোথাও ধান বিক্রি হচ্ছে না। সরকার অবশ্য কিছু লোককে ডি আই রুলে অ্যারেস্ট করেছেন। এটা লোক দেখান গোছের হয়ে দাঁড়িয়েছে, এটা একটা হাফ-হার্টেড হন্টিং পলিসিতে পরিণত হয়েছে। আজকে ব্যবসায়ীরা সরকারকে একটা মোচড় দেবার চেষ্টা করছে যে আমাদের কিছু লোককে আটক করে রেখেছ, দেখ কিভাবে তোমাদের উপর মোচড় দিয়ে বাজার থেকে ধান-চাল উধাও করে দিতে হয় দেখিয়ে দিচ্ছি। এইভাবে তারা সরকারের উপর একটা অসাধু চাপ সৃষ্টি করবার চেষ্টা করছে। আমরা সেজন্য বলতে চাই অবিলম্বে বাংলার মফঃস্বল জেলাগুলিতে বিশেষ করে যেখানে ধান-চাল গোপন করে রাখা হয়েছে বিশেষ করে আমি বলছি চা-বাগান এলাকার মধ্যে যেসমস্ত ব্যবসায়ী আছে তারা বহু চাল স্টক করে রেখেছে, গোপন করে রেখেছে, কালচিনি থানাতে এই সপ্তাহের আগের সপ্তাহে যখন বাজার থেকে ধান-চাল উধাও হয়ে গেছে তখন সেখানে দুটো জায়গায় লুঠের মত অবস্থা হয়েছিল, সেই লুঠ আমাদের ঠেকিয়ে রাখতে হয়েছে, সেই সমস্ত জায়গায় গোপন মজুত উদ্ধার করার ব্যবস্থা করতে হবে এবং যেভাবে হোক সেগুলি উদ্ধার করার ব্যবস্থা করতে হবে, সরকারী হাতে সেগুলি নিয়ে আসতে হবে এবং নিয়ে এসে যেসব জায়গায় মডিফায়েড রেশনিং এখনও খোলা হয় নি সেইসব জায়গায় মডিফায়েড রেশনিং খুলতে হবে এবং সেখানে চাল সরবরাহের যোগান যাতে ঠিক থাকে সেটা দেখতে হবে এবং সংগে সংগে মডিফায়েড রেসনিং থাকা সত্ত্বেও গ্রামাঞ্চলে ফেয়ার প্রাইস সপ খুলে ন্যায্যমূল্যে যাতে সাধারণ চাষীরা চাল পেতে পারে তার ব্যবস্থা করতে হবে। এই দুইটি অন্তত অবিলম্বে করা দরকার।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্যনীতি সম্পর্কে এই সরকারের সীমাহীন ব্যর্থতার কথা বলার আগে কয়েকটি বিশেষ বক্তব্য রাখতে চাই মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবার জন্য।

গত জানুয়ারি মাসে খাদ্যনীতি নূতন করে যখন গ্রহণ করলো সরকার ঠিক তার দুদিন আগে মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের সংগে আমি দেখা করেছিলাম, দেখা করে তাঁকে অনুরোধ জানিয়েছিলাম বাংলা দেশে ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ও গ্রেটার ক্যালকাটা এরিয়াতে যে ৬০-৬৫ লক্ষ লোকের জন্য যে স্ট্যাটুটরি রেসনিং-এর ব্যবস্থা হচ্ছে, তার বাইরে যে বিরাট অঞ্চল রয়েছে পশ্চিমবাংলায় যে আটটি ঘাটতি জেলা আছে, যেসমস্ত ইন্ডাস্ট্রিয়াল পকেট রয়েছে যেখানে চালের উৎপাদন কম হয় সেখানে যদি স্ট্যাটুটরি রেসনিং চালু না করেন, তাহলে অদূর ভবিষ্যতে সেখানে খাদ্যসংকট দেখা দেবে। তিনি তখন আশ্বাস দিয়েছিলেন—কলকাতায় কিভাবে স্ট্যাটুটরি

রেশনিং চাল্ হয়—দু-মাস সেটা দেখি, তারপর ঘাটতি জেলায় চালু করবো—যদি প্রয়োজন হয় স্ট্যাটুটারি রেসনিং এলাকাভুক্ত করে নেব। আমরা অপেক্ষা করে দেখলাম সে বিষয়ে সরকারী তরফ থেকে কোন ব্যবস্থা অদ্যাপি হয় নাই। সেখানে যে মডিফায়েড রেসনিং ব্যবস্থা আছে, যে ফেয়ার প্রাইস সপ-এর ব্যবস্থা আছে, তা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়।

[3—3-10 p.m.]

মডিফায়েড রেসনিং ব্যবস্থা আমরা জানি, মিসনোমার, ওটা কোন রেসনিং ব্যবস্থা নয়। উদাহরণস্বরূপ আমি বলতে পারি আমার এলাকা পাঁচলা, বাউরিয়া এবং হাওড়ার আশেপাশে যেসমস্ত অঞ্চল রয়েছে, যেমন পাঁচলায় ১০ হাজার ইউনিট দরকার, কিন্তু গত সপ্তাহে সেখানে মাত্র ৫০ কুইন্টাল চাল সরবরাহ করা হয়েছে। বেলডুবিতে ৩০ কুইন্ট্যাল চাল সরবরাহ করা হয়েছে, স্ট্যাটুটারি রেসনিং-এর মাধ্যমে। দেখা যায়, এইসব অঞ্চলে যেখানে প্রয়োজন সেখানে প্রয়োজনের তুলনায় কোথাও ২০ ভাগ কোথাও ২৫ বা ৩০ ভাগ সরবরাহ করা হয়। তাছাড়া গমের কথা ছেড়েই দিই। কারণ বললেই, গভর্নমেন্ট বলবেন যে, আমেরিকা থেকে গম এসে পৌঁছয়নি। গম তো কিছুকাল যাবৎ একদম ছিলই না। গত ২-১ সপ্তাহ থেকে কিছু কিছু গম পাঠানোর ব্যবস্থা হচ্ছে। ফেয়ার প্রাইস সপে কোন মাসে একবার কোন মাসে দুইবার, কোথাও চার কুইন্ট্যাল কোথায় পাঁচ কুইন্ট্যাল সরবরাহ করা হয়। অর্থাৎ প্রয়োজনের তুলনায় মডিফায়েড রেসনিং এবং ফেয়ার প্রাইস সপ-এর মাধ্যমে ডেফিসিট এরিয়ার গ্রামাঞ্চলের লোকেদের জন্য শতকরা ২০ ভাগ খাবার সপ্তাহে দেওয়া হয় বাকি ৮০ ভাগ ওপেন মার্কেট থেকে কিনে খেতে হয়। স্মরজিৎববাবুকে একটা কথা জিজ্ঞাসা করি। তিনি নিশ্চয়ই জানেন যে, জগাছা, বালী, বাউড়িয়া, পাঁচলা, সাঁকরাইল প্রভৃতি অঞ্চলে মাত্র কয়েক সপ্তাহের খাদ্য উৎপন্ন হয়। সেই বিস্তৃত অঞ্চলের খাদ্যের কি ব্যবস্থা তিনি করেছেন? কারণ ওপেন মার্কেট-এ বর্তমানে কোন চাল নেই। যদি পাওয়া যায় তাহলে কোন সময় এক টাকা কেজি, কোন সময় ১·২৫ বা ১.৩০ পয়সা দাম দিতে হয়। তারপর ফুড ডিপার্টমেন্ট-এর অদ্ভুত ব্যবস্থা সেখানে দেখতে পাই। ফুড ডিপার্টমেন্ট-এর এমন কোন নীতি নেই যাতে একটা নন রেশনিং এরিয়া থেকে আর একটা নন রেসনিং এরিয়ায় চাল সরবরাহ বাধা সৃষ্টি হতে পারে। কিন্তু আমাদের এখান থেকে যেসমস্ত হোলসেলার্স দপ্তরের কাছ থেকে পারমিট নিয়ে মেদিনীপুরে চাল আনতে যান, সেখানকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট—বেআইনিভাবে কিনা জানি না, সেটা ফুড ডিপার্টমেন্ট বলবেন, একটা জোনাল সিস্টেম করে দিয়ে, আইন না থাকা সত্ত্বেও কিভাবে জানি না নিজের আইন সৃষ্টি করে, পারমিট থাকা সত্ত্বেও সেইসমস্ত অঞ্চলের চাল ডেফিসিট এরিয়ায় আনতে দিচ্ছেন না। যেমন আমি উল্লেখ করতে পারি হোলসেল লাইসেন্সি "সাহা, হালদার অ্যান্ড কোং", হোলসেল লাইসেন্সি "শীতলপ্রসাদ সাহা, যুগলপ্রসাদ সাহা"—এঁরা পারমিট পেয়েছেন, পারমিট নিয়ে মেদিনীপুরে গিয়েছেন, হাজার হাজার টাকা জমা দিয়েছেন, ওয়াগান ইন্ডেন্ট করা হয়েছে ওয়াগান এসে স্টেশনে দাঁড়িয়ে আছে, অথচ চাল মিলার বলছে যে, "আমি চাল দিতে পারবো না" কেন পারবেন না? কারণ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফ মিদনাপুর—শুধু তিনি নন, বর্ধমানের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটও, নিজেরা আইন তৈরি করছেন। তাঁরা জানেন ফুড ডিপার্টমেন্ট-এর অ্যানোম্যালি সেখানে কিছু নেই। তার কোন ডাইরেকশন নেই, কোনরকম নীতি নেই। সেখানে তাঁরা মিলারদের নোটিশ দিচ্ছেন যে, তোমরা চাল সরবরাহ করবে না। যে ৫০ পার্সেন্ট লেভী হচ্ছে বিভিন্ন মিল থেকে সেটা গভর্নমেন্ট নিচ্ছেন, কিন্তু বাকি ৫০ পার্সেন্ট যেটা ওপেন মার্কেট এ বিক্রী করবার অধিকার মিলারদের আছে তার বিপক্ষে যাবার ক্ষমতা কেন সেইসব সারপ্লাস এরিয়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দিয়েছেন এটাই আমি জানতে চাই। এটাই কি আপনাদের ফুড পলিসি? যদি তাই হয় তাহলে বলব, এই হাউস চলাকালীন এটা শুনি নি। আমরা দেখছি সেখানে তাঁরা সারকুলার দিচ্ছেন প্রত্যেক মিলারকে যে, তোমরা কোন চাল চব্বিশপরগনা বা হাওড়ায় দিতে পারবে না। মেদিনীপুরের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সারকুলার দিয়েছেন যে, হাওড়া জেলায় চাল যাবে না, সেই চাল ফ্রি মার্কেট-এ তাঁরই জেলায় বিক্রী করতে হবে। মিলারদের প্রতি এই নির্দেশ দেখে হোলসেলাররা ফিরে এসে হাওড়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর কাছে অ্যাপ্রোচ করল এবং বলল যে, পারমিট-এ যে সময়ের মধ্যে চাল আনতে হবে সেই সময় পার হয়ে যাচ্ছে।

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আর কি করবেন? অসহায়ের মত তিনি পারমিট-এর টাইমটা একটু বাড়িয়ে দিলেন। কাজেই চাল এসে পৌঁছালো না। সুতরাং এইভাবে যদি জোন গড়ে উঠে এবং সারপ্লাস ডিস্ট্রিক্ট-এর ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি মনে করেন থাকেন, সংগে সংগে ফুড ডিপার্টমেন্টও যদি মনে করেন যে, ডেফিসিট এরিয়ায় তাঁরা চাল দেবেন না, তাহলে অবস্থা কি দাঁড়ায় সেটা ভেবে দেখুন। কারণ ওপেন মার্কেট-এ চাল নেই। আর গোপন পথে ব্ল্যাক মার্কেট-এ যে চাল আসে তাও এক টাকা থেকে ১·৪০ পয়সা, কেজি। আজকে সেখানে স্ট্যাটুটরি রেশনিং কেন হবে না সেটাও জানতে চাই। ডেফিসিট জেলাগুলো, যার দায়িত্ব সরকার যেখানে মডিফায়েড রেশনিং এবং ফেয়ার প্রাইস সপ-এর নাম করে এড়িয়ে যাচ্ছেন সেখানে আমি স্মরজিৎ বাবুকে ও শ্রীসেনকে বলতে চাই যে, যেসমস্ত ডেফিসিট এরিয়া আছে, ইন্ডাস্ট্রিয়াল পকেটস্ আছে গ্রেটার ক্যালকাটা-এর সীমানার বাইরে তাদের সম্পর্কে দ্বিধাহীনভাবে আপনাদের কি নীতি সেটা ঘোষণা করুন। আর তাতে সমস্ত দায়িত্ব শ্রী সেন বহন করবেন। তারপর প্রকিওরমেন্ট-এর ব্যাপারে বলতে গেলে বলতে হয় যে, এটা যেভাবে চলছে তাতে দেখতে পাচ্ছি এ বছর জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত যখন ছোট ছোট চাষীরা ধান উঠবার সংগে সংগে ওপেন মার্কেট-এ নিয়ে এল এবং সেলিং প্রাইস বা ফ্লোর প্রইস-এর চেয়ে কম দামে বিক্রি করতে বাধ্য হল তখন আমরা দেখিনি সরকারের তরফ থেকে সেই চাল কিনতে। সেই পিরিয়ড এখন ওভার হয়ে গিয়েছে। এখন আমরা হিসাব করে দেখছি অন্যান্যবার ওপেন মার্কেট-এ যত চাল আসে তার চেয়ে এবারে পশ্চিমবংগের বিভিন্ন এস্টাবলিসড ওপেন মার্কেট-এ চালের অ্যারাইভাল হল ফিফটিন পার্সেন্ট টু টুয়েন্টি পার্সেন্ট লেস অ্যারাইভাল। সেলিং প্রাইস-এ ওপেন মার্কেট-এ বিক্রি করতে বাধ্য হবেন। সেই জন্য এখন আমাদের দেশের বিগ প্রডিউসারসরা বা ট্রেডারসরা তাঁরা ট্র্যাপড হয়ে গিয়েছেন। আজকে মার্কেট হল জোতদারদের ঘরে ঘরে, গ্রামের পথে। গ্রামে বসে মার্কেটে চাল বা ধান না নিয়ে এসে তাঁদের নিজেদের বাড়িতে বসে ট্রাক-এ করে চাল নিয়ে আসছে যার ফলে ওপেন মার্কেট-এ চাল আসছে না। কাজেই ওপেন মার্কেট-এ চাল প্রকিওরমেন্ট করা বা চাল ক্রয় করার ক্ষেত্রে সরকার যেমন আগেও করেন নি, ভবিষ্যতেও তেমনি করার সম্ভাবনা নেই। কারণ এখন মার্কেটগুলি হয়ে গিয়েছে প্রাইভেট পকেটসদের এবং বিভিন্ন জোতদারদের বাড়িতে। আর সেই ট্রেডারস এবং প্রডিউসারসদের পকেট হয়ে জোতদারদের বাড়িতে মার্কেট হয়ে গিয়েছে। সেইজন্য আমি বলছিলাম, সেইভাবে যখন করা সম্ভবপর নয়, প্রকিওরমেন্ট-এর দিকে আপনারা দৃষ্টি দেন নি—কাজেই সেই চাল আপনাদের আওতার বাইরে চলে গিয়েছে। তাছাড়া যেসমস্ত মিল রয়েছে, তার ৫০ পার্সেন্ট যদি আপনারা প্রকিওরমেন্ট করতেন তাহলে ৪ লক্ষ টন চাল পশ্চিমবংগে পাওয়া যেত। কিন্তু সেই চাল আপনারা প্রকিওর করার ব্যবস্থা করেন নি এবং সেখানেও যথেষ্ট পরিমাণে চাল পশ্চিমবংগে প্রকিওরড হয় নি। আমি জানি হাওড়াতে শ্যামপুর অঞ্চলে যেসমস্ত মিল আছে, তাঁরা গভর্নমেন্টের কাছে প্রস্তাব দিয়েছিলেন, আমাদের ধান কেনবার অধিকার দিন। আমরা ধান নিয়ে এসে যে চাল উৎপাদন করবো তাতে মিলিং খরচ বাদে সেন্ট পার্সেন্ট—শতকরা ১০০ ভাগ চাল গভর্নমেন্ট প্রকিওর করুন। ফুড ডিপার্টমেন্ট-এর কাছে এ প্রস্তাব দেওয়া সত্ত্বেও তাঁরা তা স্বীকার করে নেন নি। তার কারণ কি? করণ এই, তাঁরা যে ফুড পলিসি বা খাদ্যনীতি প্রচার করছেন তার ফাঁকগুলি পরিষ্কার করে রেখে গ্রামের জোতদার এবং ট্রেডারদের ব্ল্যাক মার্কেট করার সুড়ংগ পথকে প্রশস্ত এবং বিস্তৃত করার জন্যই এইভাবে তাঁরা খাদ্যনীতি গ্রহণ করেছেন এবং তার মধ্যে দিয়ে বাংলা দেশের গরীব, সাধারণ মধ্যবিত্ত মানুষদের শোষণ করার পথকে প্রশস্ত করে দিয়েছেন। আর মিলারদের ঐ প্রস্তাব--মিলিং চার্জ দিয়ে ১০০ ভাগ উৎপাদন গ্রহণ করা, সেটা অস্বীকার করার আড়ালে বাংলা দেশের চোরাকারবারী এবং জোতদারদের স্বার্থ সম্পূর্ণরূপে বজায় রাখবার এক চক্রান্ত চলেছে। আমরা এই চক্রান্তের বিরুদ্ধে এই বিধানসভায় বার বার বলেছি। তাছাড়া ফুড ডিপার্টমেন্ট-এর ঐসব অসাধু কর্মচারী—ঐ পি কে সেন থেকে অন্যান্য অফিসারদের বিরুদ্ধে আমরা এবং অন্যান্য সদস্যরা অভিযোগ তুলেছি। আমরা দেখিয়ে দিয়েছি যে, ডালের দাম বেঁধে দেওয়া সত্ত্বেও তাঁরা রসিদ দিয়ে বেশী দামে বিক্রী করছে। আমরা গেজেটের কপি উপস্থিত করেছিলাম। কিন্তু পি সি সেন সেটা অস্বীকার করেছেন। এমনকি সেখানে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। তিনি এখানে দাঁড়িয়ে অস্বীকার করেন যে, ডালের সেলিং প্রাইস, পালসেস ঠিক করি নি। যেখানে নিজের স্বার্থ, চোরকারবারীর স্বার্থ, দলীয় স্বার্থ নিহিত, সে জায়গায় বাংলা দেশের মানুষ

মরে গেলেও কোন ব্যবস্থা অবলম্বন করছেন না। আমরা জানি কোলকাতা স্ট্যাটুটরি রেসনিং করেছেন রাজনৈতিক কারণে। সেখানে আপনাদের অভিজ্ঞতা আছে যে, কোলকাতার মানুষ এর আগে দুইবার এইসমস্ত জোতদার এবং চোরাকারবারীরা, যারা চাল মজুত করে রেখেছিল তাদের বাধ্য করেছিল কম দামে বিক্রী করতে।

স্যার, গ্রামের মানুষ যারা সংগঠিত নয়, তাদের রক্ত নিংরে নেবার জন্য, তাদের কাছ থেকে বেশী দাম নেবার জন্য চোরাকারবারীদের সাহায্য করছেন এবং সেইজন্যই স্ট্যাটুটরি রেসনিং গ্রামে প্রবর্তন করছেন না। আমি আশা করি মুখ্যমন্ত্রী একথা বলবেন যে, গ্রামের মানুষকেও ১,২০০ গ্রাম চাল এবং আটা বাধ্যতামূলকভাবে দেব। এই যদি করতে পারেন তাহলে অন্তত বুঝব যে, গ্রামের মানুষের প্রতি তাঁর দরদ আছে। যে নীতি নিয়ে বর্তমানে চলছেন তা দিয়ে বাংলাদেশের মানুষকে বিব্রত করবেন না।

[3-10—3-20 p.m.]

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয় এবারে বিধানসভায় যে খাদ্য বিতর্ক হল এটা ভালই হল। আমাদের বিরোধী দলের বন্ধুরা এখানে খাদ্য সম্বন্ধে, খাদ্যনীতি সম্বন্ধে, খাদ্যের মূল্য সম্বন্ধে এবং খাদ্যের সরবরাহ সম্বন্ধে অনেক কথা বলেছেন। তাঁরা সমালোচনা করেছেন এবং খাদ্যনীতি ব্যর্থ হয়েছে বলে বলেছেন। স্যার, আমাদের খাদ্যনীতি কি ছিল? আমাদের খাদ্যনীতি ছিল যে, আমরা স্টেট ট্রেডিং করব। তবে আমাদের বিরোধী দলের বন্ধুরা যে স্টেট ট্রেডিং-এর কথা ভাবছেন আমরা ঠিক সেইভাবে স্টেট ট্রেডিং করতে পারব না। আমরা স্টেট ট্রেডিং করব আংশিকভাবে আমরা যে স্টেট ট্রেডিং করেছি তাতে আমরা ব্যর্থ হই নি। (**শ্রীকাশীকান্ত মৈত্র:** এটা হচ্ছে ডেথ ট্রেডিং।) আমার এই বন্ধু এরকম অনেক কথা বলেন এবং তাঁর বক্তৃতায় অনেক আজগুবি কথা শুনি—এটা তাঁর অভ্যাস। এটা স্টেট ট্রেডিং, কি ডেথ ট্রেডিং সেটা উনি ভাল করে বোঝেন। যদি ডেথ ট্রেডিং হয় তাহলে তাই, আর যদি ডেথ ট্র্যাপ হয় তাহলে তাই, আর যদি ডেথ পলিসি হয় তাহলে তাই। স্যার, আমি কোন কথা বলে ওনাকে কনভিন্স করতে পারব না, আর উনিও কোন কথা বলে আমাকে যে কনভিন্স করতে পারবেন না সেটা বোঝাপড়া হয়ে গেছে। তবে শুধু উনিই নন, অপূর্ববাবুকে কোন কথা বলে আমি কনভিন্স করতে পারব না এবং আমি যদি কোন কথা বলি তাহলে আমি জানি এবং বিরোধী দলের বন্ধুরাও জানেন যে, আমি তাঁকে কোন কথা বলে কনভিন্স করতে পারব না। কাজেই পরস্পরের মধ্যে এই বোঝাপড়া হয়ে গেছে যে, কেউ কাউকে কনভিন্স করতে পারব না। এরকম লম্বা লম্বা বক্তৃতা দিয়ে যাদের কনভিন্স করতে হবে তারা বাইরে আছে এবং আমরা তাদের কনভিন্স করবার চেষ্টা করি। এখানে ও'রা আমাকে কনভিন্স করতে পারবেন না এবং আমিও যে কনভিন্স করতে পারব না এটা মেনে নেওয়াই ভাল। (**শ্রীঅপূর্বলাল মজুমদার:** ফ্রিভোলিটি) কে ফ্রিভোলাস এটা সকলেই বুঝতে পেরেছে এবং ফ্রিভোলিটি কোথায় গিয়ে যে পৌঁছেছে সেটা বিধানসভার সদস্যদের দেখেই বুঝতে পারছি। স্যার, মাননীয় সদস্যগণ যদি এরকমভাবে গোলমাল করেন তাহলে আমি বসে যাই। (**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমরা অ্যাসুরেন্স চাই।) মাননীয় সদস্যগণের মনের মত অ্যাসুরেন্স আমি দিতে পারব না। তাঁরা যদি গোলমাল করেন, তাঁরা যদি ফ্রিভোলিটি করেন তাহলে তাতে আমার কিছু এসে যায় না। আমি যে অ্যাসুরেন্স দেব সেটা আমি দেশবাসীকে দেব—এই পক্ষ বা ওই পক্ষকে খুশি করবার জন্য আমি কোন অ্যাসুরেন্স দিতে পারব না। আমি যেকথা বলছিলাম যে এবার আমরা আংশিক স্টেট ট্রেডিং করেছি। একজন ডেথ ট্রেডিং বললেন তাঁর ইংরেজী জ্ঞান খুব বেশি আছে যে স্টেট মানে ডেথ। আমরা বলেছিলাম যে, কলকাতা এবং শিল্পাঞ্চলে যার লোকসংখ্যা প্রায় ৭০ লক্ষ তাদের আমরা রেশন দেব—স্ট্যাটুটরি রেশনিং করব বিধিসম্মত ভাবে। আমরা তাদের কি পরিমাণ দেব তাও ঘোষণা করেছিলাম এবং বলেছিলাম যে কলকাতা এবং শিল্পাঞ্চলে রেশন করবার জন্য যে চালের প্রয়োজন সে চাল কেন্দ্রীয় সরকারকে

দিতে হবে। আমরা আর কি ঘোষণা করেছিলাম না এর জন্য যে গমের দরকার তা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। এবং রেশনিংএর জন্য চালের দরকার তাও কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। ইতিমধ্যে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এক লক্ষ টন চাল পেয়েছি। তারা আমাদের আরও অ্যালট করেছেন তবে সব এখনও আসে নি। আমরা আর বলেছিলাম আমাদের দেশে যেসমস্ত চালকল আছে সে চালকলগুলি থেকে অর্ধেকটা লেভি করব। এটুকুই এস্ টি সি-র কথা বলেছিলাম, আর আমরা বলেছিলাম যখন ধান উঠবে তখন সেই ধানকাটার সঙ্গে সঙ্গে আমাদের সমবায় বিভাগ থেকে ব্যবস্থা করব। ধান কাটার পর যারা ন্যায্য দাম পায় না তাদের ন্যায্য দাম দিতে। আর কি করব বলেছি? আমরা যা পারি নি মাননীয় সদস্যরা তা সবাই তাঁদের বক্তৃতায় বললেন। আমরা পারি নি যেটা সেটা অস্বীকার করছি না। এই ধানকাটার পর কৃষকদের কাছ থেকে প্রাইস সাপোর্ট হিসাবে যে পরিমাণ ধান পেয়েছি আমার মনে হয় ভালভাবে যদি সমবায়ের কাজ হত তাহলে আমরা বেশী পরিমাণ সংগ্রহ করতে পারতাম। এই সমবায়ের কাজে নির্ভর করে আমরা এ পর্যন্ত ১৭ হাজার টন ধান সংগ্রহ করতে পেরেছি। আমার মনে হয় এর চেয়ে বেশি হওয়া উচিত। আগামীবার আমাদের দেশে যদি সমবায় আন্দোলন আমরা আরও ভালভাবে চালাতে পারি তাহলে ১৭ হাজার টনের চেয়ে নিশ্চয় বেশি পাব। আর ২৪ হাজার টন চাল লেভি হিসাবে ধানকলগুলি থেকে পেয়েছি। একটা প্রশ্ন উঠেছে যে, ধানকলের মাধ্যমে যে লেভি সেটা ১৬ আনা সার্থক হয়েছে। আমরা এ পর্যন্ত ধানকলগুলি থেকে শতকরা ৫০ ভাগ লেভি চাল সম্পূর্ণ পেয়েছি। গতকাল পর্যন্ত আমরা ২ লক্ষ ২৪ হাজার টন চাল লেভি হিসাবে কলগুলি থেকে পেয়েছি। একটা প্রশ্ন উঠেছে যে লেভি বাদে যে ২ লক্ষ ২৪ হাজার টন চাল থাকল সেটা বাঁকুড়া জেলা, মেদিনীপুর, বর্ধমান, পশ্চিম দিনাজপুর ইত্যাদি জেলা থেকে নিয়ে বড় অনাসৃষ্টি হয়েছে, সেটা যেখানে সেখানে চলে গেছে, সেটা সম্বন্ধে খোঁজখবর রাখা হয় নি। আমরা প্রত্যেকটা জেলায় জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দিয়েছি যে, লেভি ফ্রি যে চাল সেগুলি তাঁরা ডেফিসিট ডিস্ট্রিক্টএ পাঠান এবং এক-একটা সারপ্লাস জেলার সঙ্গে কতকগুলি ডেফিসিট ডিস্ট্রিক্ট আমরা যোগ করে দিয়েছি এজন্য যে, যাতে ডি এম ডেফিসিট ডিস্ট্রিক্টএ ঠিক ঠিকমত চাল পাঠাতে পারে। আমাদের এখানে যে সমস্ত সারপ্লাস ডিস্ট্রিক্ট আছে মোটামুটি ভাবে সে সমস্ত জেলাতে আমাদের দরে চাল বিক্রি হচ্ছে—যেমন মেদিনীপুর, বীরভূম ইত্যাদি যে সমস্ত জেলা সারপ্লাস সেখানে আমাদের নির্ধারিত দরে চাল বিক্রি হচ্ছে।

(গোলমাল এবং তুমুল হট্টোগোল।)

কোচবিহার, হাওড়া, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি ইত্যাদি যে সমস্ত জেলাগুলি ঘাটতি জেলা সে জেলাগুলি সম্বন্ধে আমার কথা যা বলবার তা বললাম। মাননীয় সদস্যরা যখন বলছিলেন তখন আমরা যেমন শুনেছিলাম সেরূপ আমরা যখন বলবো তাঁদেরও আমাদের কথা শুনতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলবো এ খাদ্য বিতর্কের জন্য আপনি আর দিন ধার্য করবেন না। এই যে চিৎকার এর কোন মানে নেই। এভাবে চিৎকার করলে খাদ্য বিতর্ক তাঁরা যে চান না সেটাই প্রমাণ হয়। যদি তাঁরা খাদ্য বিতর্ক সত্যই চেয়ে থাকেন তাহলে সরকার পক্ষের কথাও শুনতে হবে। যদি তাঁরা সরকার পক্ষের কথা না শোনেন তাহলে ভবিষ্যতে আমরাও বলবো খাদ্য বিতর্কের দরকার নেই। বিতর্ক মানে উভয় পক্ষের কথাই শুনতে হবে—মন দিয়ে শুনতে হবে। যদি মাননীয় সদস্যরা বলেন যে, সরকার পক্ষের কথা শুনবো না তাহলে আমি বলবো সরকার পক্ষ থেকে একজনও খাদ্য বিতর্কে যোগ দেন নি, আমিই একমাত্র খাদ্য বিতর্কে যোগ দিয়েছি, এখন তাঁরা যদি আমাকে না বলতে দেন কেবল গোলমাল করেন তাহলে ভবিষ্যতে খাদ্য বিতর্ক দেবার কোন মানেই হয় না। খাদ্য বিতর্ক নিয়ে এক তরফা কথা বললেন আর আমরা শুনলাম আর আমাদের লোকেরা বললে তাদের কথা শুনবো না তা হয় না।

(এ ভয়েস: বাজে কথা বলছেন কেন?)

বাজে কথা এত মাননীয় সদস্যরা বলেছেন তার উত্তর শুনলেই বুঝতে পারবেন। আমি সে কথা বলছিলাম যে, ঘাটতি বা বাড়তি কি জেলা যাই হোক মাত্র আজ চার মাস কেটেছে ধান কাটার পর এপ্রিল মাস পর্যন্ত। এমন কোন জেলা নেই এমনকি হাওড়া জেলাও নয় সেখানে চার মাসের খোরাক হয় না। হাওড়া জেলার সাত লক্ষ লোক স্ট্যাটুটরি রেশনিংএর মধ্যে এসেছে। কাজেই হাওড়া জেলার বাকি যে লোক আছে স্ট্যাটুটরি রেশনিংএর বাইরে তাদের চার মাসের খোরাক হয়।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ বাউড়িয়া থানার কথা বলুন।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ বাউড়িয়া থানায় যে ধানের জমি আছে তাতে চার মাসের খোরাক হয় কি না তিনি কিছুই জানেন না—তিনি একেবারেই অজ্ঞ, তাঁর মত অজ্ঞ কেউ নেই—তাঁর অজ্ঞতার সীমা নেই। তিনি এতো অজ্ঞ যে একথা তিনি এখানে জোর গলায় বলতে সাহসী হচ্ছেন। শুধু অজ্ঞ নয়—এইভাবে তিনি অপরে যখন বক্তৃতা করছেন তখন কথাকাটাকাটি করছেন—ও'র যখন বক্তৃতা হবে তখন এই রকম কথাকাটাকাটি হলে কি রকম হবে?......

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ আমি শৈলবাবুকে রেফার করছি—ও'রই দলের লোক ওনার পাশে বসে আছ বলুন তিনি যে হাওড়া জেলায় যে জমি আছে তাতে চার মাসের খোরাক হয় কিনা? বলুন তিনি বাউড়িয়া থানায় কত ধানের জমি আছে—সেখানে চার মাসের খোরাক হয় কিনা—উনি জানেন না—ওনার পাশে যিনি বসে আছেন তাঁকে বলতে বলছি।

Mr. Speaker : I will again request you, Mr. Majumdar, not to interrupt.

শ্রীশৈলকুমার মুখার্জিঃ আপনার সমস্ত তথ্য ভুল।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ তাহলে উনি যাঁকে সাক্ষ্য মেনেছিলেন—সেই সাক্ষ্য বলছেন যে ও'র সমস্ত তথ্য ভুল।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ আমি বলছি যে বাউড়িয়া থানায় যে ধানের জমি আছে তাতে দু মাসের ফসল হয় না আর উনি বলে দিলেন যে চার মাসের খোরাক হয়।

শ্রীশৈলকুমার মুখার্জিঃ আপনি তো হাওড়া জেলার নূতন বাসিন্দা। যারা তিন পুরুষ ধরে আছে তারা হাওড়া জেলার খবর আপনার চেয়ে বেশী জানে।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ উনি বৃটিশের দালাল ছিলেন......

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ কে কার দালাল ছিলেন তা আমাদের জানা আছে, শ্রীঅপূর্ববাবু কার দালাল ছিলেন তা আমাদের জানা আছে—আমাদের অজানা কিছুই নাই। আমি এই কথা বলি যে আমি সেদিন জলপইগড়ি গিয়েছিলাম......

মিঃ স্পীকারঃ আমি একটু বলে দিই—...মিঃ মজুমদার, উনি একটা স্টেটমেন্ট করছেন। ওনার ভুল থাকতে পারে, রাইট হতে পারে, কিন্তু সেটা ইন্টারাপ্ট করে কোন মেম্বারকে এইভাবে ডিসটার্ব করা উচিত নয়। আপনি যখন বলছিলেন, বা কেউ কোন দিনই আজ পর্যন্ত, এইভাবে ডিসটার্ব করেন না—যখন একটা স্টেটমেন্ট করা হয় তখন তিনি ভুল বলছেন কি রাইট বলছেন সেটা ইন্টারাপ্ট করা হাউসের ডেকোরাম নয় প্লিজ অ্যালাউ হিম টু স্পিক।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ যখন সত্য কথা স্বীকার করতে তিনি রাজী নন তখন আমি হাওড়া জেলার কথা বাদ দিলাম। আমি জলপাইগুড়ি জেলার কথা বলি। জলপাইগুড়ি জেলায় লোক সংখ্যা আগে ছিল ৯ লক্ষ না কত। এখন ১৫ লক্ষের মত হয়েছে। জলপাইগুড়ি জেলায় এবার সবাই স্বীকার করেছেন যে ২ লক্ষ ৪০ হাজার টন চাল হয়েছে।

Shri A. H. Besterwitch : We will not accept that.

Shri Prafulla Chandra Sen: Will you sit down, will you sit down?

শ্রীকানাইলাল ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, আমি মনে করি মুখ্য মন্ত্রীর এইভাবে বলার কোন অধিকার নেই। আপনি যখন চেয়ারে বসে—আপনার প্রেজেন্সে তিনি এইভাবে আর একজন মাননীয় সদস্যকে বসতে বলার বা নির্দেশ দেবার কোন অধিকার তাঁর নেই। সভার নেতা হিসাবে উনি যদি নিজের টেম্পার বজায় রাখতে না পারেন তাহলে অত্যন্ত দুঃখের কথা।

Shri Kashi Kanta Maitra: He should express regret for behaving in this way.

Mr. Speaker: Can the Hon'ble members tell me how often and how many interruptions are there when the Chief Minister stands up to speak on the subject?

Shri Prafulla Chandra Sen: When I am on legs, they cannot interrupt me unless they take your permission.

[3-30—3-40 p.m.]

শ্রীননী ভট্টাচার্য: কিন্তু আমি মনে করি লিডার অব দি হাউস হিসাবে মুখ্য মন্ত্রী কোন মাননীয় সদস্যকে ধমক দিয়ে বসিয়ে দিতে পারেন কিনা? কোন অধিকার লিডার অব দি হাউসের নেই। লিডার অব দি হাউস প্রফুল্লচন্দ্র সেন মহাশয় অন্যায় কাজ করেছেন এবং সেটা তাঁর জানা উচিত।

শ্রীঅপূর্বলাল মজুমদার: মাননীয় স্পীকার মহাশয়, আপনি হাউসে উপস্থিত আছেন, ইউ আর দি কাস্টডিয়ান এবং সেই হিসাবে যদি কোন মাননীয় সদস্য অন্যায় কিছু করে থাকেন কিংবা ইন্টারাপসান করে থাকেন তাহলে আপনি সেটা দেখবেন।

মিঃ স্পীকার: আপনি আমাকে বলছেন কাস্টোডিয়ান কিন্তু আপনি আমাকে মানছেন কি? আমি আপনাকে এতবার রিকোয়েস্ট করেছি, বার বার আপনার কাছে অ্যাপিল করেছি কিন্তু আপনি তো মানেন নি!

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমি সব সময় মানছি, আপনাকে না মেনে এক মিনিট চলতে পারে না। আমি আপনার কাছে এইটুকু বলছি আপনি যদি মনে করে থাকেন যে কোন মাননীয় সদস্য হ্যাজ টেকেন অ্যান একসেপশনাল অ্যাটিচুড এবং তিনি যা করেছেন সেটা কোন রকম ইন্টারাপসান দিয়ে কোন বেআইনী কাজ করেছেন বা প্রিভিলেজ ভংগ করেছেন তাহলে আপনার আর্মে যথেষ্ট শক্তি আছে,

You can take any step against any one of the honourable members of this House.

কিন্তু লিডার অব দি হাউসের কোন অধিকার আছে কি কোন মাননীয় সদস্যকে এইরকমভাবে চোখ রাঙিয়ে নাস্তানাবুদ করার, এই রকমভাবে অশালীন আক্রমণ করার?

মিঃ স্পীকার: কারোর যেমন অধিকার নেই ঠিক তেমনি আমি যখন অনবরত অনুরোধ করছি যে আপনারা ইন্টারাপ্ট করবেন না তখন আপনি বা অন্য সব মেম্বাররা যদি এইরকমভাবে ইন্টারাপ্ট করেন তাহলে সেটা কি আপনাদের অধিকার আছে? এবং

I would request you all, including yourself particularly, to please patiently hear the Chief Minister.

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহোদয়, আপনার অনুমতি নিয়ে একটা কথা আমি বলব সেটা হচ্ছে মুখ্যমন্ত্রীর নিশ্চয়ই বলবার অধিকার আছে। কিন্তু এই যে ঘটনাটা এইমাত্র হল এটা আমি যতদূর বুঝলাম উনি উঠে একটা পরিসংখ্যান দিয়ে বললেন যে জলপাইগুড়িতে এত ধান চাল

হয়েছে এবং উনি একথা বললেন যে এটা প্রত্যেকেই মেনে নিয়েছে যে এত ধান চাল হয়েছে। তাতে শ্রী বেস্টারউইচ বললেন, না, আমরা মানি না। তবে উনি উঠে দাঁড়িয়ে বলেছেন বসে বলেন নি। তাতে উনি একেবারে এত ইন্টেরাপ্টেড হলেন যে ও'র মেজাজ খারাপ হয়ে গেল, উনি তক্ষুনি উঠে যেভাবে চিৎকার করে বললেন ইউ সিট ডাউন, জোরের সংগে বললেন, তাতে সেটাই হচ্ছে অবজেক্‌সান। কারণ, আপনি বললে বসে যাবে ঠিকই। কিন্তু উনি একথা বললেন যে প্রত্যেকে এটা মেনে নিয়েছে। তখন বেস্টারউইচ বললেন যে আমি মানি না বা আমরা মানি না, এই ব্যাপারটা হয়েছে। এটা কি ভাল হচ্ছে? আপনার অনুমতি নিয়ে আমি বলছি যে উনি যা বলতে চাইছেন নিশ্চয়ই উনি বলবেন। কারণ, আমরা তো চাল পাচ্ছি না, কেরোসিন নেই, সেগুলি কি করে পাব সেটা জানতে চাই, সেগুলি সম্বন্ধে নিশ্চয়ই শুনতে এসেছি। সেজন্য পার্লামেন্টারী ইন্টারজেক্‌সানস হয়েছে। যাই হোক, আমার কথা হচ্ছে সেটা আপনি কন্ট্রোল করুন, আমরা সবাই সেটা মেনে নেব।

মিঃ স্পীকার: মিঃ বোস, আপনি এখানে বসে সমস্ত দেখলেন। দু'-একটা ইন্টারাপসান সব সময় হয়, আমাকে ইন্টারভিন করতে হয় না, আপনা আপনি হয়, আপনা আপনি থেমে যায়। I am not supporting the conduct of the Chief Minister in the House today, but I had asked Mr. Majumdar to keep quiet. The Chief Minister may be right or he may be wrong, but a statement was being made and there were interruptions from this side of the House followed by those from the other side. I asked they repeatedly to sit down, but none obeyed me. Certainly, our Chief Minister should not have made a remark like that. But, after all, there are human limitations. I would request everyone to keep quiet while the Chief Minister is speaking. Let him finish first and then you say if you have got anything to say.

শ্রীকাশীকান্ত মৈত্র: আপনি তো স্যার বলতে দিচ্ছেন না।

Mr. Speaker: Mr. Mitra, please sit down and ask the members of your party to keep quite.

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি একটা কথা বলছি শুনুন।

মিঃ স্পীকার: আর, কিছু বলবার নাই। আপনি বসুন।

শ্রীকাশীকান্ত মৈত্র: না না, স্যার, আপনার কথা আমরা মেনে নিচ্ছি। আমার কথাটা আপনার শোনা দরকার আমি শুধু স্যার একটা কথা বলতে চাই—শুনুন—

মিঃ স্পীকার: আর শোনবার দরকার নাই।

শ্রীকাশীকান্ত মৈত্র: টএা আপনাকে বলছি—আপনি বললেন যে আপনাদের যদি ইন্টারজেকশান বা ইন্টারপোলেশান কিছু থাকে, আপনারা করতে পারবেন।

Mr. Speaker:

আপনারা করতে পারবেন—আমি বলিনি, আপনারা ভুল শুনেছেন। আমি বলেছি সময় সময় দু'-একটা ইন্টারাপশান হয়, আবার সেটা ইন্টারাপশানস থেমেও যায়। এদিক থেকেও হয়, ওদিক থেকেও হয়। কিন্তু আজকে চীফ মিনিস্টারের বলার প্রথম থেকে যে দু-একবার না হয়েছে তা নয়, বা ভেরি অফেন হয়েছে; সেজন্য আমি পারসন্যালি আপনাদের কাছে অ্যাপিল করেছি, রিকোয়েস্ট করেছি—আপনারা শান্ত হয়ে বসুন। কেন কোন সময় চীৎকার করেও বলেছি—আপনারা বসুন। কিন্ত তার পরেও যদি ইন্টারাপসন ঐ ভাবে হয়, হিউম্যান লিমিটেসন একটা থাকা উচিত।

Shri Kashikanta Maitra:

চীফ মিনিস্টার যদি ঐ রকম ব্যবহার করেন্ তাহলে কী হবে?

Shri A. H. Besterwitch: Sir, with your permission, I would like to explain my position. You know that I never interrupt. As a rule, I do not interrupt.

Mr. Speaker: But you have just now interrupted the Chief Minister.

Shri A. H. Besterwitch: I have just now interrupted the Chief Minister and I ~~will give~~ you the reason. Let the Chief Minister say whatever he likes. But when he expressed the opinion that everyone has accepted his statement, I interrupted because he said that everyone has accepted his statement. I know, for instance, that no rice has gone to Jalpaiguri barring about 500 tons of rice. But he says that everyone has accepted his statement. That is why I said I have not accepted. Certainly, I have got the right to say that I do not accept his statement. Let him say whatever he likes, but why should he behave like this? Why should he ask me in that tone to sit down? I have also got a commanding voice.

Mr. Speaker: As he has no right to say that, so you have also no right to take the floor of the House so long as another member is speaking.

Shri A. H. Besterwitch: But he said that the members of Jalpaiguri district have accepted his statement. That is why I said: "No, I do not accept that statement". I think I have got that right.

Shri Prafulla Chandra Sen: He may say "Question"—he may question my statement, but he cannot get up without the permission of the Chair and make a speech. The Speaker did not allow him to speak.

মাননীয় স্পীকার মহাশয়, একটি জিনিস এখানে পরিষ্কার করে বলা উচিত—কোন ব্যক্তি এ পক্ষের হোক বা ও পক্ষের হোক—যে কোন পক্ষেরই হোক, যখন বক্তৃতা দেবেন, তখন অন্য পক্ষ থেকে কেউ উঠে দাঁড়িয়ে আপনার অনুমতি ছাড়া বলতে পারবেন কী?

Mr. Speaker:

সেটা তো এইমাত্র বলে দিলাম।

Shri Prafulla Chandra Sen:

আপনার অনুমতি নিয়ে কি ও'রা দাঁড়িয়েছেন?

Mr. Speaker: Honourable members, I am much grateful to you that during this session—for the last three months—you have responded very nicely to the wishes of the Chair. As one of the respectable Houses in India I would request the honourable members of the House to remember that today is the last day of this session. So, let the Chief Minister finish without interruption. This will be adding grace to the proceedings of our West Bengal Legislative Assembly. After all, you must remember that today is the last day of this session and all through you have responded nicely to my appeals.

[3-40—3-50 p.m.]

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়ি জেলাতে ২ লক্ষ ৪০ হাজার টন চাল এ বছর হয় নি, আমাদের বিরোধী সদস্য শ্রীবেস্টারউইচ মহাশয় সেটা বলেছেন। তা এটা হতে পারে। আমি যখন বললাম সকলে মেনে নিয়েছেন তখন আমি এই কথা নিশ্চয়ই বলি নাই এবং বলতে পারি না যে জলপাইগুড়ি জেলাতে ১৫ লক্ষ লোক আছে বা পশ্চিম বাংলায় ৩॥ লক্ষ লোক আছে ইত্যাদি তারা সকলে মেনে নিয়েছেন। আমি এইটুকু বলেছি যে এ সম্বন্ধে

যারা ওয়াকিবহাল তারা সকলে জানেন যে জলপাইগুড়িতে ২ লক্ষ ৪০ হাজার টন এবার সব চেয়ে বেশী হয়েছিল। যদি কেউ না মেনে নেন তাহলে আমি আর কি করতে পারি? আমার বক্তব্য হচ্ছে তাই ২ লক্ষ ৪০ হাজার লোক আর ৩৯ হাজার হোক সেটা বড় কথা নয়। কথা হচ্ছে এই যে জলপাইগুড়ি একটি ঘাটতি জেলা। সে জেলাতে এবার ২ লক্ষ ৪০ হাজার টন চাল হয়েছে। ৪ মাসে তারা কত চাল খেতে পারে? জলপাইগুড়ির অনেক বিরোধী বন্ধু ছিলেন, এম এল এ নন, তাদের সামনে হিসাব করে খুব বেশী ধরা হল যে যদি অনেক খেয়েও থাকি তাহলে আমরা ৯০ হাজার টনের বেশী ৪ মাসে খাই না এবং তাহলে১ লক্ষ ৫০ হাজার টন চাল এবং ধান কৃষকদের বাড়ীতে আছে। সবাই স্বীকার করলেন যে আছে। কাজে কাজেই গোটা জেলার ঘাটতি এক কথা, দুই মাসের ঘাটতি আর এক কথা, আর চার মাসের ঘাটতি আর এক কথা। একজন বন্ধু চোরাকারবারীর কথা বললেন। বলতে পারেন যে চোরাকারবারী হয়ে থাকে, নিশ্চই চোরাকারবার হতে পারে। চোরাকারবারীর সঙ্গে ও'দের খুব বন্ধুত্ব আছে। নিশ্চয়ই ও'রা জানেন যে কত পরিমাণ হয়েছে। তো চোরাকারবারী যেটা হয়েছে সেটা কিসে হয়েছে? চোরাকারবারে সেটা হয়েছে,.........

শ্রীকমলকান্তি গুহ: মিঃ স্পীকার, স্যার, একটি কথা আপনাকে বলতে চাই, একজন বন্ধু বলেছেন যে এই চালটা চোরাকারবারীর ঘরে আছে। সেটা চোরাকারবারীর উপর উনি দোষারোপ করেছেন। অর উনি বলে দিলেন যে আপনি জানেন চোরাকারবারী আপনাদের বন্ধু। একটি সদস্য বলেছেন যে চোরাকারবারীর ঘরে চালটা আছে। তাতে আপনাদের গায়ে লাগল কেন? ও'নার গায়ে লাগল কেন? উনি বললেন চোরাকারবারী বন্ধু এই করে তিনি আজকে তাঁর বক্তব্য কিছু নেই, হাউসে গোলমাল সৃষ্টি করার চেষ্টা করছেন।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: যারা অন্য লোককে চোরাকারবারী বলে, আর তাদের যদি বলে যে তাদের সঙ্গে সম্পর্ক নিশ্চয়ই আছে, তা না হলে তাদের গায়ে এত লাগছে কেন? আমাদের গায়ে তো লাগছে না। কাজে কাজেই চোরাকারবারী যদি হয়ে থাকে তাহলে তার হিসাবটা করতে হবে যে চোরাকারবার কিসে হয়েছে? চোরাকারবার চালে হয়েছে না ধানে হয়েছে......

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: উনি প্রতি মুহূর্তেই প্রভোকেশান দেবার চেষ্টা করেছেন এবং যেই প্রভোকেশন আমরা অ্যাভয়েড করে চলতে যাচ্ছি—তার একটা লিমিট আছে। আমরা সেইগুলি পেসেন্স সহকারে শুনে যাচ্ছি এবং যদিও বলে চোরাকারবারীর ঘরে আছে, তাহলে উনি বলবেন যে চোরাকারবারীরা আপনাদের বন্ধু? এই সব লিমিটলেস কথা আমাদেরও আছে, অনেক আছে। সেটা বলা সম্ভব নয় এবং আমরা বসে আছি কথা বলিনি, চুপচাপ শুনছিলাম...

শ্রীনেপালচন্দ্র রায়: মিঃ স্পীকার, স্যার, চীফ মিনিস্টার যা বলেছেন ওদের সঙ্গে চোরাকারবারীর সম্পর্ক আছে, এতেই সুস্পষ্ট বোঝা যায়। ডি আই রুলে যেসমস্ত চোরা-কারবারীকে ধরা হয়েছে, তাদের কোন রকম কনডেমড এরা করেনি বরং তাদের আরো উৎসাহ-সহকারে সাহায্য করেছে এবং প্রশংসা দেবার চেষ্টা করেছে। চীফ মিনিস্টার যদি বলে থাকেন তাহলে ঠিকই করেছেন।

শ্রীকানাই পাল: মাননীয় স্পীকার মহাশয়, উনি একটা হিসাব দিতে গিয়ে বললেন যে কত চাল বাংলা দেশের লোক খেয়েছে, আর বাকিটা চাষীর গুদামে আছে, যে ভদ্রলোক এই উক্তি করতে পারেন তাঁরা ভালভাবে জানেন যে চাষীর গুদামে কত থাকে আর চোরাকারবারীর গুদামে কত থাকে। এটা থেকে পরিষ্কার হয়ে যাচ্ছে যে চোরাকারবারীর বন্ধু কে এবং কারা।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভাবে গোলমাল করলে আমি ওদের হুকুম মত বলতে পারি না। আমার যেরকম ভাবে বলবার সেইমত বলব। আমার বক্তব্য এই যে জেলায় যত ঘাটতি হোক না কেন চার মাসের মধ্যে সেই জেলার সমস্ত উৎপন্ন ফসল ধান খরচ হতে পারে না।

(গোলমাল)

কেউ কেউ বলেছেন যে মশাই ধান চাল গেছে ভূটানে। উত্তরবঙ্গের জিনিস যদি ভূটানে চলে গিয়ে থাকে, সেটা আমাদের জানা নেই। ভূটানের লোকসংখ্যা ৩ লক্ষ। তখন একজন বললেন ভূটান থেকে বোধ হয় তিব্বতে চলে গেছে।* বাংলা দেশের যত চাল যদি সব ভূটানে তিব্বতে চলে গিয়ে থাকে সেটা খুব দুঃখের বিষয়। আমি বলতে পারি যে ভূটানে সব ধান-চাল চলে যায় নি। তবে ভূটানের যেটুকু প্রয়োজন সেই পরিমাণ চাল তারা আমাদের কাছ থেকে নিয়ে যেতে পারে। কাজে কাজেই আমি যে কথা বলবার চেষ্টা করেছিলাম যে আমি জেলার নাম করব না, তবে যে সমস্ত জেলায় ঘাটতি হোক বা উদ্বৃত্ত হোক তাদের উৎপন্ন চাল, ধান চার মাসের মধ্যে ফুরিয়ে যেতে পারে না। কাজে কাজেই এই যে প্রশ্ন যদি ও'রা করেন যে গেল কোথায়? যদি সবই তিব্বতে চলে গিয়ে থাকে তাহলে ওরা কেন বলেছেন যে বর্ধমান, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এই সমস্ত জায়গার চাল সব ওখানে যাক এই কথা ওরা বলতে পারেন না। যদি ও'দের এই সমস্ত ধান-চাল বাহিরে চলে গিয়ে থাকে তো ও'রা দাবী করছেন যে উদ্বৃত্ত জেলায় যে চাল আছে সেগুলি ঘাটতি জেলায় দেওয়া হোক। কিন্তু ও'দের তো করবার কিছু নেই। মাননীয় সদস্যরা বলছেন যে সবই চলে গেছে। যদি সবই চলে গিয়ে থাকে তাহলে তো আর করবার কিছু নেই।

শ্রীকমলকান্তি গুহঃ মুখ্য মন্ত্রী অসত্য কথা বলছেন যে কোচবিহার জেলার সব ধান, চাল ভূটানে গেছে, তিব্বতে গেছে। সব জেলার কথা বলা হয়নি বা সব ধানের কথা বলা হয়নি। এই কথা বলেছি যে চোরাকারবারী এবং বড় বড় জোতদার তারা মজুত করে রেখেছে। কিন্তু উনি বলছেন যে সব চলে গেছে, এই কথা বলা হয়নি। এই ধরনের অসত্য কথা আর কত আপনি বলবেন?

(গোলমাল)

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ সব চলে যায়নি, তাহলে ঘাটতি জেলাও আছে? এখন এই যে উনি দাঁড়িয়ে বলছেন, ও'কে আপনি অনুমতি দিয়েছেন?

মিঃ স্পীকারঃ আপনি জানেন আমি অনুমতি কাউকে দিই নি এবং ও'দেরও নয় এবং নেপাল রায় যখন বললেন তখন তাঁকেও অনুমতি দিই নি। বাট দিস ইজ নট দি ডেকোরাম অব দি হাউস,

If the honourable members do not like to hear what the Hon'ble Chief Minister says, then it is better to have the debate closed.

(Noise and interruptions)

[3-50—4 p.m.]

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ উনি যেসব কথা বলছেন তা টু দি পয়েন্ট-এ বলছেন না।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ আমি কিরকমভাবে বলব সেটা আমি জানি—আমি কারুর হুকুমে বলব না। আমার বলার অধিকার আছে এবং আমি আমার মনের মত কথা বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু সদস্য উঠে উঠে দাঁড়াচ্ছেন, আপনার কথা শুনছেন না। আমাদের পক্ষের মাত্র একজন সদস্য নেপালবাবু আপনার কথা শোনেন নাই, কিন্তু ওই পক্ষের এত লোক উঠে উঠে দাঁড়াচ্ছেন। আপনি অসহায় তাই এরকম অবস্থা চলছে। (**জনৈক সদস্যঃ** স্যার, আপনার জাজমেন্ট-এর উপর উনি এরকম ধরনের কথা কেন বলছেন?) যাহোক, আমি বলছিলাম ঘাটতি জেলায় সমস্ত ধান এখনও খরচ হয়ে যায় নি, আরও আট মাস পর আমরা বলতে পারব যে ঘাটতি জেলার সমস্ত খরচ হয়ে গেছে। আমাদের মাননীয় সদস্যগণ যে রকম মনে করছেন সে রকম হয়ত যায় নি, কিন্তু উদ্ব[illegible]লা থেকে ঘাটতি জেলায় চাল গেছে। আমরা সরকারপক্ষ

থেকে ঘাটাত জেলায় মাডফাইড রেশানং করবার চেণ্টা করছি এবং মে মাসে ঠিক করেছি ঘাটাত জেলায় ২৫ হাজার টন চাল দেব, ১৫ হাজার টন গম দেব এবং ১২ হাজার টন আটা দেব।

(নয়েস অ্যান্ড ইন্টারাপসনস্)

স্যার, আমাদের পশ্চিম বাংলার লোকসংখ্যা ৩ কোটি ৮০ লক্ষ এবং এর মধ্যে কোলকাতা এবং শিল্পাঞ্চলে ৭০ লক্ষ লোক বাস করে। যেখানে ধানের দাম ন্যায্য হয়েছে তাকে উদ্বৃত্ত অঞ্চল বলে, যেমন পুরুলিয়া, বীরভূম ইত্যাদি জেলা। পুরুলিয়ায় আমাদের যে মূল্য তার চেয়ে কম দামে মোটা চাল, ঢেঁকী ছাঁটা চাল বিক্রি হচ্ছে। কাজে কাজেই এই সমস্ত জেলার লোকসংখ্যা যদি ধরা যায় এবং ঘাটতি জেলায় যে সমস্ত উদ্বৃত্ত কৃষক আছে তাদের যদি ধরা যায় তাহলে প্রায় তিন কোটি লোকের মত খাদ্য হয়। আর বাকী রইল ৮০ লক্ষ লোক—আমরা তাদের জন্য মডিফাইড রেশনিংএর ব্যবস্থা করেছি। আমি ইতিপূর্বে বলেছি মে মাসে ২৫ হাজার টন চাল, ১৫ হাজার টন গম এবং ১২ হাজার টন আটা দেব। স্যার, একজন সদস্য বললেন, তোমরা মাসে মাসে এক লক্ষ টন করে গম পাচ্ছ। তিনি কোন খবর রাখেন না, শুধু আজগুবী কথা বলেন। গড় মাসে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মোট ১ লক্ষ ৮০ হাজার টন গম পেয়েছে আর ওই পণ্ডিত বললেন মাসে মাসে এত লক্ষ টন পাওয়া যায়। এরকম যাঁর পাণ্ডিত্য তাঁর সঙ্গে কি হিসেব করব?

শ্রীকাশীকান্ত মৈত্র :

গমের বরাদ্দ হয় কেন্দ্র থেকে, কেউ এই হাউসে বলেন নি, মাসে ১ লক্ষ টাকার গমের কথা বলা হয়েছে যে স্টোরেজ ফেসিলিটি নেই বলে ১২ লাখ টন হুইট আমাদের ভারতবর্ষ থেকে আসা দরকার, সেজন্য স্টোরেজ ফেসিলিটি থাকা দরকার। কিন্তু উনি যদি হাউসকে এভাবে মিসলিড করেন তাহলেও আমরা বলবো, একতরফা হবে না অ্যাসিওরেন্স দিতে পারি।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন : আমরা ১ লক্ষ টন মাসে পাই নাই, গড়ে ঐ ৪ মাসে ৪৫ হাজার টন পেয়েছি, ১ লক্ষ ৮০ হাজার টন পাই নি। বছরের হিসাব হচ্ছে এরূপ............।

শ্রীকাশীকান্ত মৈত্র :

* * * *

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন : উনি আমাকে বললেন হোয়াট ইজ দিস?

শ্রীশৈলকুমার মুখার্জী : হি মাস্ট উইথড্র।

(প্রচণ্ড হট্টগোল ও গোলমাল)

[কংগ্রেস পক্ষ হইতে আগে ওকে উইথড্র করতে হবে]

Mr. Speaker: I take strong exception to the words that has been just now used by you, Mr. Maitra. I request you to withdraw and express your regret.

Shri Kashi Kanta Maitra: I am not going to withdraw because the Chief Minister is repeatedly making false statements. He is misleading not only the members of this House, but the people outside the House. I won't withdraw this time.

(Noise and interruption)

***Expungerd by order of the speaker.

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, আমি আপনাকে বলছিলাম আনপার্লামেন্টারি কথা, আপনি এক্সপাঞ্জ করে দিতে পারেন।

মিঃ স্পীকার: আম তো এক্সপাঞ্জ করেছি। এর আগে আমার ডিউটি হচ্ছে..............।

শ্রীজ্যোতি বসু: তার আগে আপনার বা কারো এ ক্ষমতা নেই বলা যে উইথড্র করো। আমি যদি উইথড্র না করি তাহলে আপনার কোন ক্ষমতা নেই আমাকে পানিসমেন্ট দিতে পারেন। আমি উইথড্র না করলে এক্সপাঞ্জ করতে বার করে দিতে পারেন।

Shri Saila Kumar Mukherjee: The Speaker has power to enforce discipline.

শ্রীজ্যোতি বসু: উনি স্পীকার ছিলেন, ওর জানা উচিত।

Shri Saila Kumar Mukherjee: The Speaker can enforce his order.

শ্রীজ্যোতি বসু: কখনও করতে পারেন না।

Unparliamentary words can be expunged. You can ask the member to withdraw. But if he does not withdraw, you cannot punish him.

Shri Saila Kumar Mukherjee: The Speaker requests the member to withdraw. It is not punishment, it is parliamentary decorum and decency.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: শৈলবাবু পার্লিয়ামেন্টারি ডিসেন্সি-র কথা বললেন। একটু আগে চিফ মিনিস্টার অত্যন্ত অশোভনভাবে আর একজন মাননীয় সভ্যকে বলতে বললেন সেটা কি ধরনের পার্লিয়ামেন্টারি এটিকেট আমি তা শৈলবাবুর কাছ থেকে জানতে চাই।

Mr. Speaker:

মিঃ জ্যোতি বসু বলেছেন আমার কাউকে উইথড্র করাবার ক্ষমতা থাকতে পারে না। তবে উইথড্র এক্সপাঞ্জ করবার রাইট আছে। কিন্তু এখানে একটি কথা মিঃ ভট্টাচার্য অ্যান্ড মিঃ বসু শুনুন।

After all, this is a respectable House. If the word is really unparliamentary, instead of compelling the Speaker to have it expunged, is it not more honourable for the honourable member who has uttered it to withdraw it? Therefore I appeal to the honourable member that before I exercise my power, if he feels that the word is really unparliamentary, it is more dignified for the honourable member to withdraw it. Again I ask Mr. Maitra and request him that he must withdraw the word. But if he says he will not, I cannot compel any respectable member to withdraw his utterances. Then the word will go for expunction. I again ask Mr. Maitra as an honourable member of this House that if you really feel that the word that you have used is unparliamentary, then as a member of this House I think that you should withdraw it. If you don't withdraw then of course I have to take action under what the parliamentary procedure provides; I will have to do that. But I feel, you should withdraw the word. If a member uses unparliamentary words, it is more dignified for the member to stand up and say, 'I withdraw them'. I feel it is more dignified.

[4—4-10 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মিঃ স্পীকার, স্যার, আমি একটু বলছি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি এই হাউসে যাঁরা পার্লায়িমেন্টারি ডিগনিটি অ্যান্ড ডিকোরাম-এর কথা বলেন আমি আপনাকে বলছি এবং এটা

আমাকে বলতে দিতে হবে। এই হাউসেই মাননীয় আনন্দগোপাল মুখোপাধ্যায় এখন দাঁড়িয়ে খুব গদা ঘোরাচ্ছেন, উনি এ হাউসে এমন কুৎসিৎ ভাষা ব্যবহার করছেন সান অব এ বিচ্, সোয়াইন এবং এই হাউসের মেম্বার হয়ে স্কাউন্ড্রেল শব্দ ব্যবহার করেছেন

But I have not seen a leader of the House saying something so that the whole house hang down its head in shame.

কিন্তু ঐ লিডার অফ দি অপজিসান দাঁড়িয়ে থেকে বলেছেন। আমি এখনও বলছি

The Statement he has made before the House as regards food is unmitigated lie, unmitigated, unmitigated lie.

মিঃ স্পীকার: আমি এক্সপাঞ্জ করবো। এক্সপাঞ্জ করার কেসে এটা ভাল নয়, উনি যদি বলেন আমি ডিগনিফায়েড কোর্স অ্যাডপ্ট করবো না তাহলে

May I take it that you are not going to withdraw it?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি তো বলছি আনমিটিগেটেড লাই আই উইল নট উইথড্র।

মিঃ স্পীকার:

Then let it be expunged.

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, আমি এটা বুঝতে পাচ্ছি না আপনি কোনটা এক্সপাঞ্জ করছেন, লায়ার কথাটা আনপার্লামেন্টারি সে বিষয়ে সন্দেহ নেই এএটা তাহলে এক্সপাঞ্জ করছেন? কিন্তু অ্যানমিটিগেটেড লাই যে কথাটা বলা হয় আমার মনে হয় সেটা এক্সপাঞ্জ করা যায় না।

শ্রীশৈলকুমার মুখার্জী: বলেছেন আবার এখন ঘোরাচ্ছেন কেন?

শ্রীজ্যোতি বসু: সেটা এক্সপাঞ্জ করেছেন?

Mr. Speaker: So far as I understand he used the word "downright liar."

Shri Sankardas Banerjee: He has got to listen to the Chair and unreseservedly withdraw the word unmitigated lie. It is a personal reflection against the honourable member concerned. There is no halfway house. This is the only one thing to be done, to unconditionally withdraw.

Shri Kashi Kanta Maitra: Those who live in a glass house should not throw stones at others. Mr. Banerjee should know this and the Chief Minister also should know this.

কাঁচের ঘরে থেকে রাস্তার লোককে ঢিল ছুঁড়বেন না, তাহলে এ জিনিসই হবে।

শ্রীজ্যোতি বসু: আমার কিছু বলার নেই, শ্রীশংকরদাস ব্যানার্জী যা বললেন সেটা যদি আপনি.....................।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: চীনের দালাল বসুন।

Mr. Speaker: Mr. Mukherji, as a respectable member of this House, I would request you to withdraw what you have said just now.

Shri Ananda Gopal Mukhopadhya: I withdraw it.

Mr. Speaker: Then let it be expunged.

[4-10—4-45 p.m.]

শ্রীজ্যোতি বসু: যেটা আমি বলছিলাম, শংকরদাসবাবু বলেছেন যে আপনি এটা কম্পেল করতে পারেন একজনকে উইথড্র করার জন্য। আমার মনে হয় আপনি কম্পেল করতে পারেন না লায়ার কথাটা যে আনপার্লিয়ামেন্টারি সে বিষয়ে সন্দেহ নেই। আমরা জানি যে এটা আন-পার্লিয়ামেন্টারি এবং এটা আপনি স্ট্রাইক অফ করেছেন, কিন্তু এই স্ট্রাইক অফ-এর চেয়ে বেশী ক্ষমতা যদি আপনি প্রয়োগ করেন তাহলে আমার মনে হয় আপনি ভুল করবেন।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: তাহলে মিঃ স্পীকার স্যার, এটা ঠিক হোল যে এখানে যে কেউ যা খুশী আনপার্লিয়ামেন্টারি কথা বলতে পারেন—কিন্তু সেটা এক্সপাঞ্জ হবে এই রুলিং-ই তো হোল? অনারেবল মেম্বাররা আনপার্লিয়ামেন্টারি কথা বলবেন এবং আপনি সেটা এক্সপাঞ্জ করবেন।

Mr. Speaker: Mr. Chief Minister, I understand that this is the practice which has been followed in the Lok Sabha and elsewhere and I have only followed it.

Shri Saila Kumar Mukherjee: But a request from the Speaker of the Lok Sabha asking an honourable member to withdraw a rank and most libellous and most unparliamentary expression is an order from the Chair and the honourable member's refusal to comply with the Speaker's request amounts to disobedience of the Speaker's order, and, as such, is a breach of the privilege of the House. So, I think I am entitled to move that action be taken against the member concerned.

শ্রীজ্যোতি বসু: সমস্ত অসত্য কথা এবং উনি যদি একটা দেখাতে পারেন যে স্পীকার এইভাবে কোন জায়গায় কোনদিন করেছেন তাহলে আমি ও'র কাছে নতি স্বীকার করবো।

মিঃ স্পীকার: যদি কেউ উইথড্র না করেন আই ক্যান টেক নেসেসারী অ্যাকসন।

Shri Saila Kumar Mukherjee: Sir, I have moved a motion.

মিঃ স্পীকার: এটা যখন উনি উইথড্র করেন নি তখন তো আমি এটা করেছি....................

Shri Saila Kumar Mukherjee: When he refuses to carry out your request which is an order of the Speaker, that amounts to a breach of privilege.

Mr. Speaker: Mr. Mukherjee, wherever there is an order for expunction, that has followed after an order is made or a request is made by the Speaker to withdraw a particular expression—when it is not withdrawn, then the order is made by the Speaker "Let it be expunged". This has been the practice not in one case but in every case where such a request is made to withdraw an unparliamentary expression but it is not withdrawn.

Shri Saila Kumar Mukherjee: If you give me permission, I will give you hundreds of such rulings.

Mr. Speaker: Yes, you give me and I will go by the precedent.

Shri Saila Kumar Mukherjee: An honourable member has disobeyed the request—the order—of the Speaker and, as such, I think, he is amenable to the disciplinary jurisdiction of the House.

Mr. Speaker: As I have explained, in every case of expunction, at first a request has been made to withdraw an unparliamentary expression and when that has not been obeyed by the member concerned, the expression has been expunged. Mr. Mukherjee, if you can give me a precedent to the contrary, I will follow it not for the day, but I will always go by the precedent.

Shri Saila Kumar Mukherjee: Sir, I have moved a motion that Shri Kashi Kanta Maitra, having refused to obey the request and the order of the Speaker, has committed a breach of privilege and, as such, the House be requested to take disciplinary action against the honourable member. Sir, that is the motion which I move for acceptance of the House.

Shri Ananda Gopal Mukhopadhyay: I second the motion.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I move that the Chief Minister be reprimanded for unnecessarily rebuking an honourable member.

Shri Jyoti Basu: Sir, Shri Saila Kumar Mukherjee is guilty of contempt of the House and of the Speaker.

কেন না উনি, আপনি এতো করে এক্সপ্লেন করবার পরেও এইভাবে একটা মোশন নিয়ে এলেন। আপনি বার বার ও'কে বোঝাবার চেষ্টা করলেন পার্লিয়ামেন্টারি প্রসিডিওর কি বলে এবং আপনি ও'কে বললেন যে আমি অনুরোধ করেছিলাম নিয়ম অনুযায়ী যে উনি যে কথা বলেছেন সেটা উনি উঠিয়ে নিন এটুকু ও'কে বলতেই হবে এটা রীতি এটা সমস্ত জায়গায় হচ্ছে। আপনি তো ও'কে বললেন যে আপনি আমাকে কোন রকম উদাহরণ দেখাতে পারেন কিনা—অন্য জায়গায় এছাড়া অন্য কিছু হয়েছে কিনা। এত কথা বললেন এবং শুধু তাই নয় আপনি এক্সপাঞ্জ করে দিয়েছেন এবং দেবার পরেও উনি আপনার রুলিং না মেনে আপনার বক্তব্য না মেনে আপনাকে অপমান করে এখানে এসে বলছেন যে আমি এখানে একটা প্রস্তাব আনছি, আপনি তার অনুমতি দিন। স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই তার অনুমোদন দেবেন না এবং ও'কে প্রিভিলেজ কমিটির কাছে খাড়া করে দিন।

[At this stage the House was adjourned for half an hour]

[After adjournment]

[4-45—4-55 p.m.]

Motion for suspension of a member

Shri Saila Kumar Mukherjee: Sir, when you adjourned the House it was in the midst of a question which was raised as to whether I am entitled to move a motion relating to the conduct of some members.

Sir, with your permission I beg to move that Shri Kashi Kanta Maitra be suspended from the service of the House for a period of three months for continued disobedience of the orders and request of the Speaker which amounts to gross breach of privilege of the House. My reasons are these, You are aware, Sir, that at the very fag end of the session today, the most important debate was taking place on food. At the request of the Opposition Government had agreed to give four hours' time for this debate. The Chief Minister, as Leader of the House, was entitled to reply to the debate. You yourself had frequently requested the members not to make interruptions. It is the established precedent in the House of Commons that the Leader of the House, when replying to a debate, is not at all disturbed by any member during the debate. But unfortunately we have not yet been able to establish that precedent in our infant democracy. In the midst of interruptions, Sir, Shri Kashi Kanta Maitra, addressing the Leader of the House, used the language—he is a downright liar. We at once protested en bloc, and you also, Sir, raised your voice of protest not once or twice but

several times. You requested the member not only to withdraw but to tender an unqualified apology. Sir, in view of the seriousness of the matter and in view of the fact that it is not in consonance with the dignity and decorum of the House and in view of the continued obstructions to the peaceful deliberations of this House, I think there should be drawn some limit to which members should go. Sir, the Speaker has certainly power suo motu—without interference by any member, without request by any member —to expunge the words from the proceedings if he, during the deliberations, finds that those words should not have been used. Sir, your power of expunging the words from the proceedings does not depend on the request of the members. Sir, if there is a wilful disobedience of a particular member to your request, you have the inherent right to expunge the expressions from the proceedings any time you find that the words used are unparliamentary and not in consonance with the dignity of the House. Sir, at that stage, repeated requests were made by you to the honourable member to tender an apology and to withdraw. Sir, he, on the floor of the House, openly said—I refuse to withdraw. You exercised your legal right and constitutional right to expunge the words from the proceedings. But we do feel, Sir, that the dignity and privilege of the House is not maintained properly by simply conceding to the position, viz., having the words expunged from the proceedings. The words used particularly addressed to the Leader of the House, are so serious that if no action is taken against using such words and if this precedent is created that a member will have the right to hurl any abuse, dirty abuse, filthy abuse and then refuse to withdraw the words, then that will not add to the dignity of the West Bengal Legislative Assembly. Therefore, Sir, I submit that the time has come when a serious decision has to be taken. Sir, I consider that repeated disobedience of the Speaker's request amounts to a breach of privilege and dignity of the House. Therefore, Sir, I beg to move this motion with all seriousness. I leave the matter entirely to you, Sir, to consider whether you admit this motion or not. I humbly submit that an opportune time has come to take action against the member. Sir, in view of the seriousness of the matter, I commend the motion to the House for its acceptance.

Shri Ananda Gopal Mukhopadhyay: Sir, I second this Motion.

Motion for reprimand

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে এখানে একটা মোশান মুভ করতে চাই। সেটা আমি পড়ছি, স্যার,

> Sir, I beg to move that the Chief Minister be reprimanded by the House for his deliberate misbehaving and rebuking Mr. Besterwitch, an honourable member of the House, and for his disorderly and unmannerly conduct in the House today.

স্যার, এই মোশন মুভ করতে গিয়ে আমার বক্তব্য হচ্ছে এই যে আমাদের মাননীয় চীফ মিনিস্টার যখন খাদ্য বিতর্কের জবাব দিচ্ছিলেন তখন জলপাইগুড়ির একটি তথ্য সম্বন্ধে বলতে গিয়ে এই কথা বললেন, সেই তথ্যটা সকলে গ্রহণ করেছেন, তার জবাবে বেস্টারউইচ বললেন যে এই তথ্য আমি স্বীকার করি না। কিন্তু অত্যন্ত অভদ্র এবং তার ক্ষমতার বাহিরে গিয়ে অশ্লীল ভাবে তিনি সেই মাননীয় সদস্য বেস্টারউইচকে ধমক দিয়েছেন। এবং শুধু তাই নয় সঙ্গে সঙ্গে নির্দেশের সুরে বলেছেন বসে পড়ুন, সিট ডাউন, সিট ডাউন, সেটা তাঁর বলার অধিকার নেই। স্যার, আমি মনে করি এর দ্বারা তিনি শুধু সেই সদস্যের অসম্মান করেছেন তা নয়, আপনি যে হাউস প্রিসাইড করছেন এবং আপনি যখন চেয়ারে রয়েছেন আপনার সামনে তাঁর অন্য কোন সদস্যকে এইভাবে বলার কোন অধিকার নেই এবং এর দ্বারা তিনি আপনার চেয়ারের প্রতি অবমাননা করেছেন। শুধু তাই নয়, তারপর আপনি যখন তাঁকে গুটিকতক কথা বলতে

গেলেন তখন অত্যন্ত ঝাঁঝের সঙ্গে এবং অসম্মানভাবে তিনি আপনার প্রতি গুটিকতক মন্তব্য করেছেন। আমি জানতে চাই যে উনি আপনার অনুমতি নিয়ে বলেছেন কিনা, ধমকের সুরে? একজন সাধারণ সদস্যের সঙ্গে এই সভার নেতার অনেক পার্থক্য আছে সেটা উনি ভুলে গেছেন এবং ভুলে যাচ্ছেন। কাজেই তাঁকে ঠিক মত পথে আনবার জন্য আমি মনে করি আজকে এই প্রস্তাব হাউসে গ্রহণ করবেন।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয় যে মোশান এনেছেন আমি তা সমর্থন করছি।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, শৈলবাবু যে মোশান এনেছেন সেটা একেবারে আউট অব অর্ডার এবং উনি কোন ধারায় এনেছেন এই মোশান সেটা বললেন না। কি যে বললেন আধ ঘণ্টা ধরে এবং অনেক সময় নষ্ট করলেন, কিন্তু উনি বললেন না কোন ধারায় মোশানটি এনেছেন। আধ ঘণ্টা ছুটি দেওয়ার পরে দেখলাম অনেকগুলি বই সঙ্গে করে নিয়ে এসেছেন, কিন্তু বললেন না, যে ধারায় আমরা সচরাচর উঠে বলি একটা মোশান আনা হয়। কিন্তু যে ধারায় মোশান এনেছেন সেটা উনি বলবেন তো, কি ব্যাপার, কি বিষয়ে এনেছেন সেটা বললেন না, উনি আবার এই হাউসের স্পীকার ছিলেন। তারপর ওনার আগের মোশান কি ছিল যখন আমাদের রিসেস হয়নি তখন উনি একটা বলেছিলেন যে ওকে সাজা দিন, পানিসমেন্ট দিন, আমি যতদূর শুনেছি এইটা। এখন আবার একটা মোশান বলছেন। কটা মোশান মুভ করবেন? মোশান তখন একটা মুভ করেছিলেন, আবার এসে যখন করেছেন। বক্তৃতা এখন যেটায় করেছেন সেটা কোন ধারায় কেউ জানে না। এখন আমি শুধু আপনাকে বলতে চাচ্ছি যে কেন এটা আউট অব অর্ডার আমি আগেই বলেছিলাম, সেটা তাঁর মাথায় ঢোকে নি। আর একবার বলে দিই ও'দের শুনবার জন্য, সেটা হচ্ছে এই যে অন্যান্য অনেকে এবং লিডার অব দি হাউস মুখ্যমন্ত্রী যখন বললেন তখন এখান থেকে একটা ইন্টার‍্যাপশান হল এবং ওতে একটা শব্দ ব্যবহার করা হল, সেটা আন-পার্লিয়ামেন্টারি এবং হওয়ার সঙ্গে সঙ্গে প্রতিবাদ হল এবং আপনি তখন নিয়ম অনুযায়ী বললেন সেই সদস্যকে যে এই কথাটা প্রত্যাহার করুন। তিনি বললেন আমি এটা প্রত্যাহার করতে পারব না। তখন আপনি কি করলেন, আপনি বললেন যে এটাকে এক্সপাঞ্জ করে দাও এবং সেটা হয়ে গেল নিশ্চয়ই। এখন আমি তাহলে ধরে নিচ্ছি দি ম্যাটার এনডেড দেয়ার, আপনার যা করার আপনি সেটা করলেন এবং আপনি এটা মনে করেন যে আপনাদের সুপ্রিম অথরিটি আছে এটা আমি মনে করতে পারতাম, আপনার কোন অর্ডার উনি চাইতে পারেন সেটাকে অর্ডার বলে আমি ধরে নেব। সেটা যদি একজন না মানে পার্লিয়ামেন্টারি প্রসিডিওর বিবেচনা করবেন কিনা সেটা আলাদা কথা। কিন্তু আপনার সে ক্ষমতা আছে যে আপনি একজন মেম্বারকে নেম করতে পারেন। তখন যদি কিছু না হয় আপনি তাকে সাসপেন্ড করতে পারেন, ঘর থেকে বেরিয়ে যেতে বলতে পারেন সে অধিকার আপনার আছে। সেটা আপনি করবেন কিনা সেটার উপর শৈলবাবুর অ্যাডভাইসের আপনার দরকার নেই, আমাদের অ্যাডভাইসেরও দরকার নেই, সেটা আপনি বলতে পারেন। কারণ, আপনি জানেন যে

> **Rules of Procedure and Conduct of Business, rule 348 at page 167: "The Speaker may, if he deems it necessary, name a member who disregards the authority of the Chair or abuses the rules of the House by persistently and wilfully obstructing the business thereof".**

দুটি কথা এখন মার্ক করবেন। একটি কথা হচ্ছে ডিসরিগার্ড দি অথরিটি অব দি চেয়ার আপনি কি মনে করেছেন, মিঃ মৈত্র হ্যাজ ডিসরিগার্ডেড দি অথরিটি অব দি চেয়ার যদি আপনি সেটা মনে করতেন, আপনি সেটা বলতে পারতেন তাকে যে আপনাকে আমি একটা অনুরোধ করছি আপনি শুনছেন না, আপনি এটা করছেন। কাজেই আপনার বিরুদ্ধে নেম করব বা অন্য কোন অ্যাকশান নেব, আপনি নিশ্চয়ই বলতে পারতেন। কিন্তু আপনি তা বলেন নি। আপনি বারে বারে শৈলবাবুকে বলবার চেষ্টা করছিলেন পরবর্তীকালে যে না এটা এইভাবে হয়, আমি উইথড্র করতে বলেছি, একটা আনপার্লিয়ামেন্টারি ওয়ার্ড; উনি উইথড্র করেন নি। কাজেই

আমি এক্সপাঞ্জ করে দিচ্ছি এটা বারে বারে বলছেন। একবারও আপনি এই কথা উচ্চারণ করেন নি যে

Your authority, the authority of the Chair has been abused by the honourable member.

দ্বনম্বর হচ্ছে এই যে ধরুন আপনি নিজে যখন অ্যাকশান নেবেন তার আগে আপনি কি দেখবেন, যে কোন ব্যাপারে তো অ্যাকশান নেয় না, আপনি দেখবেন পারসিস্টান্টলি অ্যান্ড উইলফুলি অবস্ট্রাকটিং দি বিজিনেস অফ দি হাউস, এটা হচ্ছে কিনা এটা আপনি দেখবেন এবং সেটা যদি শ্রী মৈত্র করে থাকেন বা যার বিরুদ্ধে এটা এসেছে তাহলে এটা হতে পারে এবং তখন ওকে বলবেন, যা করার আপনার ক্ষমতা আছে করবেন।

"If a member is so named by the Speaker, he shall forthwith put the question that the member (naming him) be suspended from the service of the House for a period not exceeding the remainder of the session".

এটা আপনি করতে পারেন। তারপর হাউস কি করতে পারে এটাকে রিসাইন্ড করবার জন্য সেটা এখানে লেখা আছে

A member suspended under this rule shall forthwith withdraw from the precincts of the House.

এই হচ্ছে এখানে যা বলে লেখা আছে। তাহলে এর কোনটাই আমাদের এখানে এ ব্যাপারে এর কোনটা এবং সেই হিসাবে আমি জানি না অর্থমন্ত্রী যে একটা মোশান আনলেন একেবারে তিন মাসের জন্য সাসপেন্ড করলেন তার থেকে আরও ভাল হয় বাহিরে গেলে প্রিভেন্টিভ ডিটেনশান ডিফেন্স অফ এন্ডিয়া রুলস আছে—কারণ ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস এখন ডিফেন্স অফ দি কংগ্রেস পার্টি। কাজেই তাকে ধরে নিলেই হয় যে কংগ্রেস পার্টির কাজকর্ম করার অসুবিধা হচ্ছে, একে জেলে পুরে দিলেই হয়। প্রায় সেইরকম বললেন উনি সে তিন মাসের জন্য করলাম। আর এটা লজ্জা করল না ভদ্রলোকের এটা বলতে এইরকম একটা মোশান এখানে আনলেন। এখান থেকে চীনের দালাল থেকে আরম্ভ করে সন অব এ বীচ ইত্যাদি কত কথা বলা হচ্ছে। কিন্তু তখন শৈলবাবুর শালীনতাবোধ জেগে ওঠেনি তখন একদিনও মনে হয়নি উনি এটা বন্ধ করেছেন এই সমস্ত কথা থেকে। অথচ আজকে হঠাৎ লায়ার, যা পার্লামেন্টেএ কতবার হয়েছে হাউস অফ কমন্স-এ যে কতবার এই জিনিস হয়েছে এবং সেখানে যখন হয়েছে উনি সেটাকে ধরে নিয়েছেন আনপার্লামেন্টোরি উনি সেটাকে এক্সপোজ করে দিয়েছেন এই জিনিস সেখানে হয়েছে। যাহোক আমি সেটা আপনাকে বললাম। যদি অ্যাকশান কারো বিরুদ্ধে নিতে হয় তাহলে শৈলবাবুর বিরুদ্ধে নিন। কারণ সাবসটেনটিভ মোশন-এর অ্যাকশান যদি কারো বিরুদ্ধে নিতে হয় সেটা হচ্ছে শৈলবাবুর বিরুদ্ধে নিন। কারণ, আপনি এত বলা সত্ত্বেও তিনি বারে বারে বলেছেন যে না এটা আমি মনে করছি না যে তিনি অথরিটি এইভাবে চ্যালেঞ্জ হয়েছেন বা অ্যাবিউজ হয়েছেন এটা বারে বারে বলা সত্ত্বেও তিনি পারসিস্ট করে কি করছেন, না, আমাদের হাউস যাতে না চলে তার ব্যবস্থা করেছেন। এখানে নন-অফিসিয়াল রিজলিউসান আছে, খাদ্যের ব্যাপারে একটা আলোচনা হচ্ছে সেটা যাতে না চলে সেই ব্যবস্থা করছেন। এই রিসেসের আগে উনি যে মোশন এনেছেন আপনি বোঝান সত্ত্বেও উনি পারসিস্ট করছেন যাতে এটা না চলে।

সেইজন্য অ্যাকশান যদি কারও বিরুদ্ধে নিতে হয় তাহলে আপনার রুলিং মেনে নিয়ে যিনি এই প্রস্তাব এনেছেন তাঁর বিরুদ্ধে নিতে হয়। আপনি অ্যাকশান নেবেন কিনা জানি না, তবে তাঁর মাথায় কিছু বুদ্ধি যদি দিতে পারেন তাহলে মনে করব অন্তত কিছু অ্যাকশান হোল। যদি তাঁর মগজে এটা ঢোকাতে পারেন তাহলে ভবিষ্যতে হাউসের কাজ ভালভাবে চলবে এবং আপনি আর যদি কিছু নাও করেন তাহলে অন্তত এটুকু করলেও খানিকটা ফল হবে। আমি বিজনেস অফ দি হাউস অবসট্রাক্ট করতে চাই না, ওটা রিজেক্ট করা সম্বন্ধে আপনি যা করবেন করুন। আর শৈলবাবুর মোশান সম্বন্ধে আমার বলার কিছু নেই।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, কেউ যদি হাউসে এইভাবে অশ্লীল ভাষা প্রয়োগ করেন এবং তারপর আপনি সেটা এক্সপাঞ্জ করেন তাহলে আমরাও সব সময় চেষ্টা করব অশ্লীল ভাষা প্রয়োগ করতে এবং আপনিও কেবল এক্সপাঞ্জ করতে থাকবেন। আমি জিজ্ঞাসা করি ডিকোরাম অফ দি হাউস কেন মেন্টেন্ড হবে না? বিরোধী দলের লোকেরা বারে বারে এই যে আনপার্লিয়ামেন্টারি ওয়ার্ডস হাউসে ব্যবহার করছেন এটা আমরা কিছুতেই বরদাস্ত করব না। এরকম আনপার্লিয়ামেন্টারি ওয়ার্ডস যদি হাউসে ব্যবহার করা হয় তাহলে বাইরের লোক আমাদের কি মনে করবে? বাইরের লোক মনে করবে আমরা অত্যন্ত নিম্ন স্তরের মানুষ এবং আমরা কেবল অবসিন ল্যাঙ্গোয়েজ ব্যবহার করি। কাজেই আপনার রুলিং চাই যে এইভাবে আর কতদিন চলবে? এইভাবে যদি চলতে থাকে তাহলে আমরাও বিরোধী দলের নেতার এবং অন্যান্য দলের নেতার বিরুদ্ধে বলে আর সেটা উইথড্র করব না। এই অবস্থা যদি চলে তাহলে হাউসের ডিগনিটি ডিকোরাম আপনি রক্ষা করতে পারবেন না, কাজেই আপনি রুলিং দিন যে ভবিষ্যতে আমরা কিভাবে চলব।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী দলের নেতা আপনার সামনে তাঁর বক্তব্য রাখতে গিয়ে একটা কথা বলতে ভুলে গেছেন যে, সন অফ এ বীচ কথাটা হাউসে ব্যবহৃত হবার আগেই তাঁর মুখ থেকে সোয়াইন কথটা বার হয়েছিল।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Sir, without wasting the time of the House I beg to submit that I endorse every word of what Shri Jyoti Basu has said. I am however surprised at the way in which Shri Nepal Roy has pleaded for action, as, amongst us, he is perhaps the champion of unparliamentary language.

Point of order

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা পয়েন্ট অফ অর্ডার তুলছি। আমাদের অর্থমন্ত্রী শৈলবাবু এখানে প্রস্তাব রেখে যে পানিশমেন্ট দিয়েছেন তাতে আমার বলবার কিছু নেই আমি সেই পানিশমেন্ট মেনে নিচ্ছি—কারণ হাউস ইজ দি সুপ্রিম বডি। কিন্তু আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এটা যদি অ্যাজ এ মোশান আসে তাহলে

As a motion it must come under rule 185. If it is a motion under rule 185 then there must be a notice in writing given or addressed to the Secretary for the information of the Speaker, and the Speaker must give his consent to move this motion as a substantive motion. I want to know, without obtaining the consent of the Speaker is it open to the honourable member concerned, regardless of his position in the treasury bench, to move such a substantive motion. The Hon'ble Finance Minister thought that there was implied consent given to his motion by the Speaker. My short point is this: firstly, without the consent of the Speaker obtained previously no motion can be moved; secondly, without prior notice in writing addressed to the Secretary, a motion cannot be moved. Thirdly, by way of moving this motion the honourable member concerned, the Finance Minister or for the matter of that any member of the Treasury Bench, cannot stiffle discussion of the matter. I leave the matter entirely at your discretion.

[5-5—5-15 p.m.]

Shri Sankardas Banerji: Sir, my honourable friend, Shri Jyoti Basu, has raised legal technicalities. I think, as leader of the Opposition, he should have thought better. He should not have supported the conduct of Shri Kashi Kanta Maitra. No matter what the law is, the gentlemanly attitude of an honourable member is something quite different and I sincere-

ly believe that every honourable member should conduct himself in this House in a manner befitting his position, not forgetting that he represents a very large section of the community. Mr. Kashi Kanta Maitra certainly knows that to call a person 'liar' without any adjective added on to it is not a proper thing. Can he do that in the High Court? Certainly not. We in this House are expected to do serious business. The tradition of a gentleman is the same whether it is in the High Court or in the Small Causes Court or in the street or in this House. The code of conduct of a gentleman is always the same. If I make a mistake in life, I will not hesitate immediately to apologise. In the heat of the moment one may say something. but I am surprised to find that a gentleman trained in law is hesitating and hedging all the time to make amends. He should have stood up immediately and said unreservedly "I am sorry". That would have been enough.

